The number of buses plying in Howrah and Hooghly districts, as compared to their sanctioned strength on different routes, is comparatively higher, but since most of them are extended to ply in the Calcutta region, they are not available to the travelling public in these districts.

It has been our experience that often operators of private buses do not ply, even where its seems possible, all the buses covered by permits in terms

of the sanctioned strengths of different routes. More and more buses are going off the road, and the operators are then approaching the Government to surrender their permits or to seek permission to convert their buses into trucks. In some cases, instead of plying buses on their designated routes, operators are taking out special or temporary permits to carry tourists, and marriage parties.

What is the Government doing to remedy the situation ?

In view of their budgetary constraints, the State Government has not been able to provide funds for increasing the fleet of State buses substantially, nor has it been able to compensate adequately the higher operational costs of private bus operators. An open-arm policy for invittng and issuing new permits for private buses has, however, been followed, but the response has been uniformly poor. In the Calcutta region, 3,500 applications were received in the last two years for about 2,500 vacancies in private bus routes, but only about 450 applicants ultimately turned up. In the last three years only 80 new private buses have been brought into this region. In the other districts too, the experience has been similar. The only category of private buses for which there has been no dearth of applicants is mini buses, where more than 25,000 applications were received as against about 350 vacancies in the Calcutta Region. The reason for this is obvious—the mini buses have always had a much higher fare-structure than ordinary private buses.

What are the basic reasons for the poor respons from the operators of private buses ?

We have repeatedly met and discussed the problems of existing and intending private bus operators and tried to persuade them to run more buses. They, in turn, have told us that they no longer consider this line of business to be attractive or remunerative. The primary problem, thus, seems to be an economic one; operators argue that in the last 5 years while their cost of operations has increased by more than 50% bus fares have increased in small doses by only about 20%. We have examined this plea of the

operators and feel that their entire claim for fare increase consequent on the increase in their operational costs may not be sustainable, particularly because of the increased number of commuters carried by them in the limited number of buses now plying. But there is a case for some increase in fares to attract more private buses to provide better service. Besides, taking our own experience in running State buses into consideration, there can be no doubt that there have been varying increases ranging between 15% and 75% in operational costs pertaining to fuel and lubricants, spares and equipment, tyres, chassis (single deck) etc.

We have no control over any of these elements of cost escalation, through we have to bear the consequences.

Our bus fares have always been lower than most other parts of India. Unlike in other States, we have tried to mainitain these low fare-structures as long as possible for both State and private buses. We feel, however, that it is no longer possible to maintain bus fares at the present low levels.

How do bus fares in our state compare with other places in India ? The chart below will give some idea of the differences :

| | 10 Km. | 15 Km. | 20 Km. |
|---|---|---|---|
| Madras | 70 p. | 85 p. | 95 p. |
| Bombay | 75 p. | 95 p. | Re. 1.15 p. |
| Calcutta | 40 p. | 50 p. | 50 p. |

It will be seen that the average bus fare here is almost half of what it is in Bombay and Madras. Even if we compare the fares charged in Bombay and Madras for distances shorter than 10 kms. with our exsisting bus fares in Calcutta, we find tho following situation :—

| | | |
|---|---|---|
| Madras | 0—2 Km. | 30 p. |
| | 2—4 Km. | 40 p. |
| | 4—6 Km. | 50 p. |
| | 6—8 Km. | 60 p. |
| | 8—10 Km. | 70 p. |

| | Ordinary | | Limited Stop | |
|---|---|---|---|---|
| Bombay | 0—3 Km. | 40 p. | 0—2 Km. | 50 p. |
| | 3—5 Km. | 50 p. | 2—4 Km. | 60 p. |
| | 5—8 Km. | 60 p. | 4—6 Km. | 75 p. |
| | 8—10 Km. | 75 p. | 6—8 Km. | 85 p. |
| | | | 8—10 Km. | 95 p. |

| | Ordinary | | Limited Stop | |
|---|---|---|---|---|
| Calcutta | 0—7 Km. | 30 p. | 0—7 Km. | 40 p. |
| | 7—12 Km. | 40 p. | 7—12 Km. | 50 p. |
| | 12– 16 Km. | 50 p. | 12—16 Km. | 60 p. |

The difference is almost the same as compared to other States, like U.P., Rajastan and Kerala. Only Delhi continues to have a fare-structure for buses which is comparable with ours. In Delhi. however. there are no private bus operations and the transport services are run entirely by the Delhi Transport Corporation which is incurring huge losses. Against a massive operation of about 4,200 buses of their own and 800 others operating under lease to them, the DTC incurred a cash loss of Rs. 20 crores in 1981-82 and this would mount to about Rs. 26 crores in 1982-83. But there the local Government does not bear any part of the resultant financial burden. The Delhi Transport Corporation is fully controlled and financed directly by the Government of India.

Traditionally, in this region bus fares compared quite favourably with with rail fares in the lowest class. In fact, bus fares were higher than the corresponding third class rail fares. Of late, there have been several rounds of increase in rail fares. On the other hand, we have consistently tried, as stated earlier, to limit the rise in bus fares to the barest minimum keeping in mind the economic hardship of the common man. The table below will show how bus and rails fares now compare :—

| | | Private bus fare | 2nd Class train fare |
|---|---|---|---|
| 1. | Calcutta to Diamond Harbour— | Rs. 1·50 p. | Rs. 3·00 p. |
| 2. | Calcutta to Barrackpore — | 60 p. | Rs. 1·30 p. |
| 3. | Calcutta to Bongaon — | Rs. 1·65 p. | Rs. 4·60 p. |
| 4. | Calcutta to Barasat — | 60 p. | Rs. 1·30 p. |
| 5. | Calcutta to Basirhat — | Rs. 1·65 p. | Rs. 4·10 p. |

It may be mentioned in this connection that the minimum railway fare is 70 paise.

Overcrowding in private buses especially in rural areas, has been a long-standing problem. The increasing gap between bus and rail fares has further aggravated the problem. But operators also have taken advantages of the situation and are overloading the smaller number of buses they ply, on the plea of their uneconomic operation. It is clear that without more private buses on the streets, no significant improvement in services is possible, and without a minimum hike in the fare-structure, private buses will continue to be scarce.

STATE BUSES

People in West Bengal have reason to feel unhappy about the level of services provided by our State Transport Corporations. It must be understood that since they also run buses, the same elements of increased costs and low fares also affect their operation and performance. Additionally, the State Government stands committed to extend to the workers of these corporations benefits, in terms of salaries, wages and other service conditions, comparable to those enjoyed by its own employees. Over the last 5 years, the cost of living index has gone up by over 60%, and the State Government employees have had to be compensated by increasing D. A. and other allowances several times. This means that for State buses progressively higher establishment costs have to be incurred leading to a much more rapidly growing gap between revenue and running costs than in the case of private buses. For example, in the case of the CSTC total revenue in

1981-82 was Rs. 15·80 crores, whereas their total salary bill alone in that year came to Rs. 15·15 crores. This in itself represented an increase of over 85 per cent over the base year of 1978-79. During this period, i.e., from 1978-79 to 1981-82, the cost of fuel for CSTC went up by 152%, and that of spares, stores, tyres etc., by nearly 78%. Revenue collections, on the other hand, rose by only 60%.

In spite of this, fares of State buses have been kept as low as possible. In fact, although the administered prices of fuel and lubricants were increased by the Central Government in July, 1982, by over 19%, there was no corresponding increase in bus fares. The average fare per Kilometer of State buses in West Bengal is the lowest in India between 3 and 6 paise, whereas the national average for State bus fares is around 8 paise per Kilometer.

The results of the mounting resource gap in running State buses are obvious. More and more buses are getting over-aged and unserviceable, and break-downs are getting more frequent and as such the standard of services in general is becoming worse. The Corporations cannot add to their fleet or replace old buses out of their own resources, or even meet their fixed costs. The level of subsidy that the State Government gives to them is also going up from year to year. The following table will show how these Subsidies have increased in recent years :

| | 1979-80 | 1980-81 | 1981-82 | 1982-83 |
|---|---|---|---|---|
| CSTC | Rs. 7·39 Cr. | Rs. 10·16 Cr. | Rs. 10·79 Cr. | Rs. 15 Cr. |
| Durgapur STC | Rs. 65·5 lakhs | Rs. 85·47 lakhs | Rs. 1·14 Cr. | Rs. 1·50 Cr. |
| North B.STC | Rs. 1·68 Cr. | Rs. 2·18 Cr. | Rs. 2·73 Cr. | Rs. 3·30 Cr. |

Even in the CSTC, where there is a World Bank assisted project in operation for acquiring 530 new buses, CSTC would, at the end of the

Project in 1983, only be replacing old and unserviceable buses, and not making any addition to the fleet. However, with the induction of these new buses, the frequency of services will hopefully increase and there would be less breakdowns. To remedy the overall state of affairs, it is clear that serious consideration has to be given for at least a minimum increase in fares.

TRAMWAYS

Trams are an integral part of city transport services in Calcutta and since this service too is provided by a State-run company, the effort until now has been to run tramways on a minimal fare-structure. The basic cost element in running trams, i.e., electricity rates, has increased by nearly 75% in the last five years, wages and salaries by over 58%, and the overall cost of operation by 52%, while tram fares have risen only marginally by 22%, and remain even lower than bus fares.

The State Government's subsidy to the Calcutta Tramways Company has increased from around Rs. 4·43 crores in 1979-80 to about Rs. 6·70 crores in 1981-82, and is likely to go beyond Rs. 7 crores during the current financial year. Here also the programme of acquiring 75 new trams, rebuilding 60, and renovating 105 others, under the Urban Transport Project would not mean any net addition to the fleet, but at least better services can be provided and breakdowns minimised.

What are the options before us ?

To keep the fares of the State buses and trams static and reduce the scale of operation to restrict losses or to ask the public to share at least a part of the increasing burden to maintain and improve the services.

We have always held the view that public transport services operated by the State are in the nature of a social service and pofit-taking cannot be the principal objective of such a service. All the same, it would be equally evident that if more and more has to be spent for a declining level of service

we would in effect be penalising not only those who make use of these facilities, but also those who do not use these facilities and contribute, nevertheless to the Exchequer. It must also be remembered that by subsidising the losses incurred by State buses and trams to the extent that we do, are in effect diverting funds which could be used for productive and developmental purposes elsewhere in the State. By asking the travelling public, therefore, to share a part of the growing burden for maintaining and running those transport facilities, we are not departing from our basic policy and only asking them to help themselves.

Besides, due to all the financial constraints under which we have to operate in the State, and the fresh restrictions imposed on the States by the Central Government and the State Government's budget, the State can no longer bear the increased burden. The travelling public must, therefore, share a portion of this increasing burden, and we regard a minimal upward revision of State bus and tram fares to be inevitable. By the same token, to induce operators of private buses to provide better services and bring more buses on the road, there seems to be no alternative to a similar revision of their fares also. No doubt there is scope for greater efficiency in running the State Transport Corporations and tramways even under the present conditions, with the support of the employees. The operation and management of the Corporations also need to be improved, which are being constantly kept in mind and efforts are being made in that direction.

**Dr. Zainal Abedin :** Sir, on a point of order I presume that the Hon'ble Transport Minister has not been allowed to make a statement under Rule 346. Let the Business Advisory Committee meet to fix a time schedule for a debate. Unless we are allowed Sir, we are unable to listen to the statement of the Hon'ble Minister. So, Sir, we demand a discussion on it.

**Mr. Speaker :** Any Minister can make a statement under rule 346. Rule 346 says : 'A statement may be made by a Minister on a matter of public importance with the consent of the Speaker but no question shall be

asked at the time the statement is made'. So, the Minister has the authority to make a statement on urgent public importance. Bus and tram fare structure is also an urgent public importance. I shall fix a date for one hour discussion on it,

## THIRTEENTH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

**Mr. Speaker :** I beg to present the thirteenth report of the Business Advisory Committee. The Committee met in my Chamber on the 21st February, 1983 and recommended the following Business and allocation of time order from the 23rd February to the 1st March, 1983.

| | | |
|---|---|---|
| Wednesday, 23.2.83 | — Laying of Ordinances, Rules, Reports, etc. | |
| Thursday, 24.2.83 | — Discussion on Governor's Address | ... 4 hours. |
| Friday, 25.2.83 | — Discussion on Governor's Address | . 4 hours. |
| Monday, 28.2.83 | — Discussion on Governor's Address | . 4 hours. |
| Tuesday, 1.3.83 | — Discussion on Governor's Address | ... 4 hours. |

Now the Minister of State-in-charge of Home (Parliamentary Affairs) Department may please move the motion for acceptance.

**Shri Patit Paban Pathak :** অধ্যক্ষ মহোদয়, কার্য উপদেষ্টা কমিটির ত্রয়োদশতম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহনের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

**Mr. Speaker :** I think the motion is adopted.

( The motion is adopted )

**Dr. Zainal Abedin :** আগে বিজনেস অ্যাডভাইসারী কমিটি বসুক। Let the Business Advisory Committee meet to fix a time schedule for a debate.

**Mr. Speaker :** আমি তো বলেছি যে এক ঘণ্টা সময় দেব।

## LAYING OF ORDINANCES

The D. N. De Homœopathic Medical College and Hospital (Taking over of Management) Ordinance, 1982.

**Dr. Ambarish Mukhopadhyay :** With your permission, Sir, I beg to lay the D. N. De Homoeopathic Medical College and Hospital (Taking over of Management) Ordinance, 1982 (West Bengal Ordinance No. XXIV of 1982), under article 213(2)(a) of the Constitution of India.

The Calcutta Homœopathic Medical College and Hospital (Taking over of Management) Ordinance, 1982

**Dr. Ambartsh Mukhopadhyay :** With your permission, Sir, I beg to lay the Calcutta Hoœopathic Medical College and Hospital (Taking over of Management) Ordinance, 1982 (West Bengal Ordinance No. XXV of 1982), under article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Electricity Duty (Amendment) Ordinance, 1982.

**Shri Santi Ranjan Ghatak :** With your permission on behalf of the Chief Minister, Sir, I beg to lay the Bengal Electricity Duty (Amendment) Ordinance, 1982 (West Bengal Ordinance No. XXVI of 1982), under article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Panchayat (Amendment) Ordinance, 1983.

**Shri Benoy Krishna Chowdhury :** I beg to lay the West Bengal Panchayat (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. I of 1983) under article 213(2)(a) of the Constitution of India.

Thg West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Ordinance, 1983.

**Shri Santi Ranjan Ghatak :** With your permission on behalf of the Chief Minister, Sir, I beg to lay the West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. II of 1983), under article 213(2)(a) of the Constitution of India.

The Rabindra Bharati (Amendment) Ordinanae. 1983.

**Shri Nirmal Kr. Base :** I beg to lay the Rabindra Bharati (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. III of 1983), under article 213(2)(a) of the Constitution of India.

The Jadavpur University (Amendment) Ordinance, 1983.

**Shri Nirmal Kr. Bose :** I beg to lay the Jadavpur University (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. IV of 1983), under article 213(2)(a) of the Constitution of India.

## LAYING OF RULES

Amendments to the West Bengal Panchayat (Election) Rules, 1974.

**Shri Benoy Krishna Chowdhury :** I beg to lay the amendments to the West Bengal Panchayat (Election) Rule, 1974, published under Panchayat Department Notification No. 2466/I/Panch., dated 7th February, 1983.

## LYING OF REPORT

Fifteenth annual Report and Accounts of the West Bengal Industrial Development Corporation Limited for the year 1981-82.

**Dr. Kanailal Bhattacharya :** I beg to lay the Fifteenth Annual Report and Accounts of the West Bengal Industrial Development Corporation Limited for the year 1981-82.

## Adjournment

The House was then adjourned at 3-29 P.M. till 1 P.M. on Thursday, the 24th February, 1983, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 24th February, 1983 at 1 p. m.

**Present**

Mr. Speaker ( SHRI HASHIM ABDUL HALIM ), in the Chair, 12 Ministers, 14 Ministers of State and 158 Members.

[ 1-00—1-10 P. M. ]

## STARRED QUESTIONS

**( To which oral answers were given )**

### পুলিশ বিভাগে সংবাদপত্রের প্রতিনিধি মারফত তথ্য সংগ্রহে নিষেধাজ্ঞা

*৭। ( অনুমোদিত প্রশ্ন নং *৮২। ) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** স্বরাষ্ট্র ( পুলিশ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার সাম্প্রতিককালে, "পুলিশ সুপারের অধস্তন অফিসারদের কাছ থেকে সংবাদপত্রের প্রতিনিধিরা কোন তথ্য সংগ্রহ করতে পারবেন না"—এই মর্মে এক সার্কুলার জারি করেছেন ; এবং

(খ) সত্য হলে, কোন্ তারিখে রাজ্য সরকার উক্ত সার্কুলার দিয়েছেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক)+(খ) গত ২২-৩-৮২ তারিখের এক নির্দেশনামায় এই বলা হয়েছে যে সংবাদপত্রের প্রতিনিধিদের কাছে কোন ঘটনার বিবরণ বা তথ্যাদি পরিবেশন করার দায়িত্ব উর্ধনত পুলিশ কর্মচারীরাই পালন করবেন। [ যথাযথ এবং তথ্যভিত্তিক সংবাদ পরিবেশনের স্বার্থেই এই আদেশ দেওয়া হয়েছে ]

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, প্রেস কাউনসিলের পক্ষ থেকে এই সার্কুলারের প্রতিবাদে রাজ্যসরকারের কাছে কোন অভিযোগ এসেছে কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** না, এরকম কোন অভিযোগ এসেছে বলে আমার জানা নেই।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** আপনারা সংবাদপত্রের স্বাধীনতায় নিশ্চয় খর্ব করতে চান না। তা যদি না চান তাহলে সংবাদ পরিবেশনের ক্ষেত্রে এই ধরনের নিয়ন্ত্রন আরোপ সংবাদপত্রের স্বাধীনতায় হস্তক্ষেপ করা হচ্ছে না কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** একেবারেই হচ্ছে না। পুলিশ অফিসারদের মধ্যে কারা প্রেস কনফারেন্স করবেন বলা হয়েছে। সেখানে প্রত্যেক পুলিশই যাতে না করেন সেটাই বলা হয়েছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** এমন অনেক ঘটনা হয় যেগুলি পুলিশ সুপার ছাড়াও অন্য কোন অফিসার যদি সংবাদ দেন তাহলেও জনসাধারণের স্বার্থ সিদ্ধ হয়। সেগুলিকে কি তারা দিতে পারবেন না ?

**শ্রীজ্যোতি বসু ঃ** "যদি" বলে তো কোন লাভ নেই। এটা নির্ভর করে সেই পুলিশ অফিসার কি বললেন, কোন ঘটনা নিয়ে ইত্যাদির উপর। এসব থিয়োরিটিক্যাল ডিসকাসান হয়ে যাচ্ছে।

**শ্রীআবদুল মান্নান ঃ** রাজ্যে যে সমস্ত ছোট সংবাদপত্র আছে তাদের পক্ষে পুলিশের উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছ থেকে সংবাদ সংগ্রহ করা দুরূহ ব্যাপার। এই নির্দেশের ফলে তাদের গণতান্ত্রিক অধিকার খর্ব করা হচ্ছে না কি ?

**মিঃ স্পীকার ঃ** এটা কোন প্রশ্ন নয়।

**শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, তাঁর কাছে এরকম কোন সংবাদ আছে কি যে আনন্দ বাজারের কিছু কিছু সাংবাদিক তারা কিছু কিছু নিম্নতম পুলিশ কর্মচারীদের কাছ থেকে সংবাদ নিয়ে নানান রকমের ডিসট্রটেড নিউজ মাঝে মাঝে ছাপাচ্ছেন ?

**মিঃ স্পীকার ঃ** এরকম প্রশ্ন হয়না।

## বাঁকুড়া খ্রীশ্চিয়ান কলেজের ছাত্রনেতা সুদেব ঘটকের হত্যা

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০১।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি নিহত বাঁকুড়া খ্রীশ্চিয়ান কলেজের ছাত্রনেতা সুদেব ঘটকের হত্যার অপরাধে কাহাকেও গ্রেপ্তার করা হইয়াছে কি ;

(খ) হইলে, কতজনকে গ্রেপ্তার করা হয়েছে ; এবং

(গ) উক্ত ঘটনার সহিত কোনো রাজনৈতিক দল যুক্ত আছে কিনা ?

**শ্রীজ্যোতি বসুঃ** (ক)+(খ) হঁ্যা, এপর্যন্ত ৪ (চার) জনকে গ্রেপ্তার করা হয়েছে। অপর একজন আদালতে আত্মসমর্পন করেছে।

(গ) না।

**শ্রীআবদুল মান্নানঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই ঘটনার সঙ্গে র‍্যাগিংয়ের কোন ঘটনা জড়িত আছে কি না ?

**শ্রীজ্যোতি বসুঃ** র‍্যাগিংয়ের ব্যাপারে আমি জানিনা, তবে ঘটনা হোষ্টেলে হয়েছিল, কলেজে নয়। আমার যা রিপোর্ট আছে তাতে এস. এফ. আই-এর ছেলেকে ছাত্র পরিষদের ছেলেরা একথা বলেছিল যে আপনি এখানে থাকবেন না, উপরে চলে যান। তাতে তাদের মধ্যে বচসা হয় এবং তার পরে নানা রকম গণ্ডগোল শুরু হয়, মারামারি হয়। এই সবের ফলে একটা দুর্ভাগ্যজনক ঘটনা সেখানে ঘটে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলীঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানাবেন যে প্রাক্তন মন্ত্রী শ্রীপার্থ দে মহাশয় এই ঘটনার সঙ্গে জড়িত আছেন কি না ?

**শ্রীজ্যোতি বসুঃ** না।

## রাজ্যে বিদ্যুতের দর বৃদ্ধি

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪।) **শ্রীদেবপ্রসাদ সরকারঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুলাই মাস থেকে ১৯৮১ সালের জানুয়ারি মাস পর্যন্ত সময়ে এই রাজ্যে কত বার বিদ্যুতের দর বৃদ্ধি করা হয়েছে ; এবং

(খ) ১৯৭৭-৭৮ সালে ও ১৯৮২-৮৩ সালে রাজ্য বিদ্যুৎ পর্ষদের লাভ বা লোকসানের পরিমাণ কত ছিল ?

**শ্রীপ্রবীর সেন গুপ্ত ঃ** (ক) ১৯৭৭ সালের জুলাই মাস থেকে ১৯৮১ সালের জানুয়ারী পর্যন্ত মোট দু'বার বিদ্যুতের দর বৃদ্ধি হয়েছে।

(খ) ১৯৭৭-৭৮ সালে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের আর্থিক ঘাটতির পরিমাণ ছিল ২০ কোটি ৪ লক্ষ ৪৬ হাজার ৬৬০ টাকা।

১৯৮২-৮৩ সালের বার্ষিক হিসাব এখনও তৈরী হয়নি। ফলে এই সালের উদ্বৃত্ত/ঘাটতির পরিমাণ নির্ধারণ করা সম্ভব হয়নি।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে প্রশ্নগুলি সম্পর্কে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি প্রশ্নে দিয়েছি আজ পর্যন্ত কতবার বিদ্যুতের দাম বৃদ্ধি পেয়েছে। আব এখানে উত্তরে বলা হয়েছে ১৯৮১ সাল পর্যন্ত।

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** আপনার প্রশ্নটা ছিল ১৯৭৭ সালের জুলাই মাস থেকে ১৯৮১ সালের জানুয়ারী পর্যন্ত সময়ে এই রাজ্যে কতবার বিদ্যুতের দর বৃদ্ধি করা হয়েছে। সেইভাবেই উত্তরটা দেওয়া হয়েছে।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ১৯৮১ সালের পরে আর কি বিদ্যুতের দাম বৃদ্ধি করেছেন এবং যদি করে থাকেন তাহলে কত ?

**শ্রীপ্রবীর সেন গুপ্ত ঃ** না।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** ১৯৭৭ সালে ২০ কোটি টাকা লোকসান হয়েছিল এবং তার পরে লোকসানের হার আরো অনেক বেড়েছে। '৭৭ সালের পরে বিদ্যুতের দাম দু'বার বাড়া সত্ত্বেও লোকসান বাড়ল কেন ?

**শ্রীপ্রবীর সেন গুপ্ত ঃ** কেন বেড়েছে জানতে হলে আলাদা নোটিশ দিতে হবে।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** বিদ্যুতের দাম বাড়া সত্ত্বেও লোকসানের মাত্রা ক্রমাগত বাড়ছে কেন ?

**শ্রীপ্রবীর সেন গুপ্ত ঃ** আমার মনে হয় মূল প্রশ্নের সঙ্গে এই প্রশ্নটির কোন সঙ্গতি নেই। এবিষয়ে জানতে হলে আলাদা নোটিশ দিতে হবে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মন্ত্রী মহাশয় বলেছেন লোকসান বেড়েছে, সেই বাড়ার কারণটা জানতে চাওয়া হয়েছে। মন্ত্রী মহাশয় কি কারণটা দয়া করে জানাবেন ?

**শ্রীপ্রবীর সেন গুপ্ত ঃ** এই প্রশ্ন মূল প্রশ্নের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়।

## রাজ্যে প্রমোদকর বাবদ অর্থের পরিমাণ

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, (ক) ১৯৮০-৮১ আর্থিক বছরে, (খ) ১৯৮১-৮২ আর্থিক বছরে ও (গ) ১৯৮২-২৩ আর্থিক বছরের জানুয়ারি মাস পর্যন্ত সময়ে প্রমোদকর বাবদ সংগৃহীত অর্থের পরিমাণ কত ?

**শ্রীজ্যোতি বসু ঃ** প্রমোদকর বাবদ সংগৃহীত অর্থের পরিমাণ নিম্নে দেওয়া হইলঃ—

(ক) ১৯৮০-৮১—১৭.১২ কোটি টাকা (প্রকৃত)

(খ) ১৯৮১-৮২—২১.১৭ কোটি টাকা (প্রকৃত)

(গ) ১৯৮২-৮৩ (জানুয়ারী মাস পর্য্যন্ত)—২২.০০ কোটি টাকা (বিভাগীয় হিসাব)

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমি জানতে চাইছি যে, ১৯৮০-৮১, '৮১-'৮২, এবং '৮২-'৮৩ সালের আর্থিক বছরগুলিতে কত পরিমাণ প্রমোদকর ছাড় দেওয়া হয়েছে।

**শ্রীজ্যোতি বসু ঃ** এটা তো অন্য প্রশ্ন হয়েগেল, এর জন্য আলাদা নোটিশ না দিলে বলতে পারব না, কারণ এ' হিসাব আমার কাছে নেই।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** আমরা, বিধান সভার সদস্যরা বিভিন্ন সময়ে উদ্যোগ নিয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানকে কর ছাড় দেবার জন্য অর্থ দপ্তরে আবেদন করেছিলাম এবং অর্থ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বিভিন্ন সময়ে সেগুলি এ্যালাউ করেছিলেন, কিন্তু অফিসাররা সেগুলি নাকচ করে দিয়েছিল। এর কারণ কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** কিসের জন্য, কি কারণে ট্যাক্স ছাড় দেওয়া হবে, সেটা আমি বুঝতে পারলাম না।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** বিদ্যায়ল গৃহ নির্মাণের জন্য বা এ' জাতীয় জনহিতকর কাজের জন্য আমরা বিভিন্ন প্রতিষ্ঠানের পক্ষ থেকে যখন চ্যারিটি শো-র জন্য প্রমোদকর ছাড়রে আবেদন করি তখন মাননীয় রাষ্ট্র মন্ত্রী মহোদয় সেগুলি এ্যালাউ করেন, কিন্তু পরবর্তীকালে অফিসাররা সেগুলি নাকচ করে দেয়; এটা কি আপনি জানেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এই জাতীয় কোন নির্দিষ্ট ঘটনার উল্লেখ করলে আমি খোঁজ নিয়ে দেখব। তবে সাধারণ-ভাবে বলতে পারি যে, অনেক ক্ষেত্রে ছাড় দেওয়া হয়, আবার অনেক ক্ষেত্রে ছাড় দেওয়া হয় না। কোন সাধারণ নিয়ম এবিষয়ে নেই।

## রাজ্যে সমবায় ঋণ আদায়

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে সমবায় ঋণ বাবদে ৩১এ জানুয়ারি ১৯৮৩ পর্যন্ত সময়ে কত টাকা আদায় করা সম্ভব হয়েছে, এবং

(খ) রাজ্যের খরা পরিস্থিতির প্রেক্ষাপটে প্রান্তিক ও ক্ষুদ্র চাষীদের ক্ষেত্রে ঐ ঋণ আদায়ের কড়াকড়ি কিছুটা শিথিল করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীনির্মল কুমার বোস ঃ** (ক) দীর্ঘমেয়াদী ঋণের ক্ষেত্রে মোট আদায়ীকৃত অর্থের পরিমাণ ১২১.৩৪ লক্ষ টাকা। স্বল্পমেয়াদী ঋণের ক্ষেত্রে আদায়ীকৃত অর্থের পরিমাণ ৬৪৫.৯০ লক্ষ টাকা।

(খ) যে সকল এলাকা জেলা কর্তৃপক্ষ খরা কবলিত বলে ঘোষণা করবেন, সে সমস্ত এলাকার সদস্যগণ স্বল্পমেয়াদী ঋণকে মধ্যমেয়াদী ঋণে পরিবর্তিতকরণের সুবিধা অর্জন করবেন এবং কৃষকগণ পুনরায় ঋণ গ্রহণ করার সুযোগ পাবেন। দীর্ঘমেয়াদী ঋণের ক্ষেত্রে সদস্যগণ হাল কিস্তির দেয় টাকা পরবর্তী বৎসরে পরিশোধ করার সুযোগ পাবেন। অবশ্য যে সকল সভ্য আয়কর দাতা বা যাঁদের স্থায়ী সেচব্যবস্থার সুযোগ আছে তারা এই সুযোগ পাইবেন না। বকেয়া কিস্তির দেয় টাকার ক্ষেত্রেও এই সুযোগ পাওয়া যাবে না।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই প্রশ্ন আমি গত বিধানসভায় করেছিলাম যে প্রান্তিক ও ক্ষুদ্র চাষীদের ক্ষেত্রে ঋণ আদায়ের কড়াকড়ি শিথিল করা হবে কিনা। তার উত্তরে আপনি বলেছিলেন, কড়াকডি করা হবে না। কিন্তু দেখা যাচ্ছে, যেসব এলাকায় খরা চলেছে সেইসব এলাকায় প্রান্তিক ও ক্ষুদ্র চাষীদের উপর প্রচণ্ড চাপ সৃষ্টি করা হচ্ছে—এই ঘটনা আপনার জানা আছে কি?

**শ্রীনির্মল কুমার বোস :** একথা মাননীয় সদস্যের জানা আছে এবং আমার উত্তরেও আমি বলেছি, যেসব জায়গায় খরা হয়েছে সেইসব জায়গায় যে সুযোগ আমরা দিয়ে থাকি সেই সুযোগ দেওয়া হয়েছে। তবে ঋণ আদায়ের ক্ষেত্রে আমরা চেষ্টা করি যারা বড় চাষী, যাদের জমি বেশী, যাদের কাছ থেকে বেশী টাকা পাওনা, তাদের উপর বেশী চাপ দিই। কম জমি যাদের বা যাদের কাছ থেকে কম টাকা পাওনা তাদের উপর জোর-জুলুম যাতে না হয় সেটা আমরা দেখছি। মাননীয় সদস্যের যদি এই রকম কোন তথ্য জানা থাকে যে সামান্য টাকা পাওনা আছে অথচ তার উপর জোর-জুলুম করা হচ্ছে সেটা দেবেন আমি দেখবো।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী থেকে আরম্ভ করে মাননীয় মুখ্যমন্ত্রীসহ বারবার আবেদন করছেন যে, প্রান্তিক ও ক্ষুদ্র চাষী এবং বড় চাষী কেউই সমবায় ঋণ দিচ্ছে না। এই যে অভিযোগ উঠেছে এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় কিছু বলবেন কি?

**শ্রীনির্মল কুমার বোস :** মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই, যেসব ঋণ পড়ে আছে আগে থেকে-বরাবরই দেখা যাচ্ছে, যাদের অবস্থা বড় চাষীদের তুলনায় খারাপ অর্থাৎ যাদের বেশী জমি নেই তারাই সাধারণতঃ দিয়ে থাকে, নানা অসুবিধা সত্বেও ঋণ শোধ করে থাকে। কিন্তু যাদের বেশী জমি, বেশী টাকা পাওনা তারা নানা রকম টাল-বাহানা করে দিচ্ছে না। গত বছর শস্য ঋণের যে নিয়ম সেটা শিথিল করে দেখা গেছে যারা বর্গাদার, ক্ষুদ্র চাষী তাদের মধ্যে শতকরা ৮০ ভাগ ঋণ শোধ করেছেন। কিন্তু যাদের জমির পরিমাণ বেশী তারা কম শোধ করেছেন।

**শ্রীশান্তি মোহন রায় :** পশ্চিমবাংলার কোন্ কোন্ জেলা অথবা কোন্ কোন্ এলাকা খরা-পীড়িত বলে ঘোষণা করা হয়েছে সেটা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রীনির্মল কুমার বোস :** নোটিশ দিলে বলে দেবো।

**শ্রীভুপাল পাণ্ডা :** যাদের ঋণের পরিমাণ কম কিম্বা কম জমির মালিক তাদের ক্ষেত্রে দেখা যাচ্ছে ঋণ আদায়ের জন্য প্রেসার চলছে, এমনকি তাদের জমি পর্যন্ত নিলাম হচ্ছে। সেক্ষেত্রে তারা যদি আপনার কাছে নির্দিষ্ট দরখাস্ত করে তাহলে আপনি সেই সম্পর্কে ব্যবস্থা নেবেন কি?

**শ্রীনির্মল কুমার বোস ঃ** মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই, ঋণ ঋণই, ঋণ শোধ সবাইকেই করতে হবে। সে বড় হোক, ছোট হোক। তবে খরা এলাকায় কি সুযোগ পাওয়া যাবে সেটা বলে দেওয়া হয়েছে। তবে আদায়ের ক্ষেত্রে আমরা লক্ষ্য রাখি যারা বড় চাষী, যাদের কাছ থেকে বেশী টাকা পাওনা তাদের ধরা হয়। যদি বেশী বকেয়া থাকে তাহলে তো নিশ্চয়ই আদায় করতে হবে। তাসত্ত্বেও যদি জোর-জুলুম হয়ে থাকে যেটা মাননীয় সদস্য নজরে এনেছেন—আমি আইনের মধ্যে থেকে দেখবো কতটুকু তাদের সুযোগ দিতে পারবো।

**শ্রীপ্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, সমবায় দপ্তরের যে ঋণ আদায় হচ্ছে না তার পিছনে বামফ্রন্ট সরকারের অন্তর্ভুক্ত দলের সদস্যরা কৃষকদের ঋণ না দেবার জন্য পরামর্শ দিচ্ছেন এবং এই ব্যাপারে একাধিকবার বিবৃতি দিয়েছেন—এই সম্পর্কে আপনার কাছে কোন অভিযোগ আছে কি ?

**শ্রীনির্মল কুমার বোস ঃ** ঋণ আদায় হচ্ছে। খরা হওয়া সত্ত্বেও পুরুলিয়া বাঁকুড়া জেলাতে ঋণ আদায় হচ্ছে। তবে ঋণ আদায়ের ক্ষেত্রে বাধা বামফ্রন্ট দলের অন্তর্ভুক্ত লোকেরা দিচ্ছেন এইকথা ঠিক নয়। বরং ঋণ আদায়ের ক্ষেত্রে বামফ্রন্ট সরকারের এম. এল. এ, এম. পি, পঞ্চায়েত সদস্যরা এবং কৃষক সংগঠনের লোকেরা এই ঋণ আদায়ের ক্ষেত্রে সাহায্য করছেন এবং তারা এই ব্যাপারে হ্যাণ্ড বিলও বিতরণ করছেন এবং সভা-সমিতি করছেন। যারফলে ঋণ আদায়ের ক্ষেত্রে সুবিধা হচ্ছে। এইভাবে ওনারা সহযোগিতা করছেন।

## MOTION OF PRIVILEGE

[1-20—1-30 P.M.]

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনাকে বলছিলাম প্রিভিলেজ মোশনের কথা। কারণ গত কাল সরকারপক্ষ থেকে বারংবার বলা হয়েছে যে বাস ট্রামের ভাড়া বৃদ্ধির প্রশ্নে বিধানসভায় সদস্যদের সঙ্গে আলাপ আলোচনার ভিত্তিতে প্রস্তাব এনে তার উপর সরকার তাঁর বক্তব্য রাখবেন। কিন্তু সংসদীয় গণতন্ত্রের সমস্ত রীতি নীতি লংঘন করে যেভাবে কালকে বিজনেসের মধ্যে লিষ্ট অফ বিজনেসে কোন রকম প্রায়ার ইনফরমেশন না দিয়ে এ্যাট দি ফ্যাগ এণ্ড অফ দি হাউস যেভাবে মাননীয় স্বরাষ্ট্র ( পরিবহন ) মন্ত্রী শ্রীরবীন মুখার্জী মহাশয় তাঁর বিবৃতি দিলেন এর দ্বারা সদস্যদের অধিকার ভঙ্গ করা হয়েছে বলে মনে করি। কোন রকম নোটিশ আমরা পাইনি, কাজেই বাস, ট্রামের ভাড়া বৃদ্ধির কোন রকম নোটিশ না দিয়েই উনি বাস, ট্রামের

ভাড়া বৃদ্ধি সম্বন্ধে ওঁর বক্তব্য বলে দিলেন। তাই আপনার অনুমতি নিয়ে আমি এটি পড়ে দিচ্ছি—আজকের অধিবেশনে নিম্নলিখিত ঘটনার উপর কার্য্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলীর ২২৬ নিয়ম মতে এই সভার অধিকার ভঙ্গের অভিযোগ সম্বলিত প্রস্তাব উত্থাপন করার জন্য এই নোটিশ দিচ্ছি।

সংবাদপত্রে বারংবার যেখানে বিবৃতি দিয়ে বামফ্রন্ট সরকার ঘোষণা করেছেন যে, বাস-ট্রাম ভাড়া বৃদ্ধির প্রশ্নে বিধানসভায় প্রস্তাব উত্থাপন করে এ সম্পর্কে বিস্তারিত ও পূর্ণ মাত্রায় আলাপ আলোচনার পর চূড়ান্ত সরকারী সিদ্ধান্ত, গৃহীত হবে সেখানে বিধানসভার দৈনিক কার্য্যসূচীর তালিকায় পূর্বাহ্নে কোন কিছু ঘোষণা না করে গত ২৩।২।৮৩ তারিখের অধিবেশন সমাপ্তির ঠিক পূর্ব মুহূর্তে স্বরাষ্ট্র (পরিবহণ) মন্ত্রী শ্রীরবীন মুখার্জী মহাশয় সরকারী প্রতিশ্রুতি ভঙ্গ করে এই সভার সদস্যদের আলাপ আলোচনার সুযোগ না দিয়ে যেভাবে এক তরফা এই রাজ্যে নতুন করে বাস-ট্রাম ভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত ঘোষণা করলেন তা শুধু অন্যায়, অযৌক্তিক এবং অগণতান্ত্রিক নয়, রবীন মুখার্জী মহাশয়ের উক্ত বিবৃতি এই সভার সদস্যদের অধিকার ভঙ্গের দোষে দুষ্ট। কারণ এই বিবৃতির দ্বারা সংবাদপত্রে পূর্বঘোষিত সরকারী প্রতিশ্রুতির ভিত্তিতে বাস-ট্রাম ভাড়া বৃদ্ধির প্রশ্নে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হওয়ার পূর্বে সে সম্পর্কে এই সভার সদস্যদের মতামত প্রকল্পের অধিকার ভাম করা হয়েছে এবং এইভাবে সমগ্র সভাকে বিভ্রান্ত করা হয়েছে সরকার পক্ষ এই সভায় বিপুল সংখ্যাগরিষ্ঠ হওয়া সত্ত্বেও সরাসরি সদস্যদের সামনে তাদের প্রস্তাব উত্থাপন করার সাহস না পেয়ে সমস্ত রকম গণতান্ত্রিক রীতি নীতি লংঘন করে যেভাবে এই সভার সদস্যদের অধিকার ভঙ্গ করার পথ বেছে নিয়েছেন সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে তা এক কলঙ্কজনক নজির এবং এই ঘটনা বাস ট্রাম ভাড়া বৃদ্ধির প্রশ্নে বিধান সভার অভ্যন্তরে সরকার পক্ষে নৈতিক পরাজয়েকে সূচিত করেছে। উল্লিখিত কারণে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের বিরুদ্ধে এই সভা অধিকার ভঙ্গের অভিযোগে অভিযুক্ত করে প্রস্তাব উত্থাপন করতে চাই।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় দেবপ্রসাদ বাবু আপনার কাছে যে প্রশ্নটা রেখেছেন, আমারও আপনার কাছে অনুরোধ যে আপনি মে'জ পার্লামেন্টারী প্র্যাকটিশ খুঁজলে বা অন্যান্য বইয়ের এদিক ওদিক খুঁজলে রুলিং অনেক পাবেন, কিন্তু তার মধ্যে না গিয়ে আমরা যেটা বলছি অর্থাৎ যতক্ষন না পর্য্যন্ত হাউসে এ ব্যাপারে কোন রকম আলাপ আলোচনা হচ্ছে ততক্ষন পর্য্যন্ত যেন মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্য উইথড্র করে নেন। বাস ট্রামের ভাড়া বৃদ্ধি হবে কি হবে না সেটা মেম্বারদের নিয়ে একটা সর্বদলীয় কমিটি করে সিদ্ধান্ত গ্রহণ করা হোক। এই কথাটা আপনি ওঁকে একটু বুঝিয়ে বলে দিন।

**মিঃ স্পীকার ঃ** এর উপরে আলোচনা করার সুযোগ আপনারা পাবেন।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** I have received three notices of adjournment motions to-day. The first is from Shri Suniti Chattaraj which deals with alleged illegal suspension of workers of the West Bengal State Electricity Bord, the second and third from Shri Kashinath Misra and Shri Abdul Mannan which deal with alleged outrage and murder of one Sm. Surama Nandy on the 23rd February, 1983 in Bankura.

On the subject of the first motion, the member can draw the attention of the Minister concerned by way of Calling Attention notice or question. The second and third motions relate to law and order situation in the State. The members will get ample opportunity to discuss the matter during discussion on Governor's Speech.

I, therefore, withhold my consent on all the motions.

One member of the party may, however, read the text of the motion as amended.

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পীকার স্যার, আপনি নিশ্চয়ই জানেন যে পশ্চিমবাংলার এই বামফ্রন্ট সরকার শ্রমিক দরদী সরকার, যেভাবে ১০।১২ বছর কাজ করবার পর ছাঁটাই করলেন উইদাউট এনি কজ। আর ওঁরা হয়তো বলবেন পূর্বে কংগ্রেসীরাও করেছে। আমরা তার শোধ নেবার জন্য করলাম। মাননীয় বিদ্যুৎ মন্ত্রী হাউসে আছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণের চেষ্টা করছি। ১৩ জনকে ছাঁটাইয়ের ব্যবস্থা করলেন। ওঁরা টাটা বিড়লার ঘরের ছেলে নয়। আপনার কাছে অনুরোধ এদিকটা ভেবে দেখুন।

**মিঃ স্পীকার ঃ** আপনি এইভাবে বলবেন না। আপনি এ্যাডজোরমেণ্ট মোশন পড়ুন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** যেভাবে অগনতান্ত্রিক পদ্ধতিতে ছাঁটাই করা হোল তার প্রতিকারের ব্যবস্থা করবার জন্য স্যার হাউসে বলবোই। আপনি রিজেক্ট করবেন, মন্ত্রী মহাশয় উত্তর দেবেন। আমি তা বলছি না। হিউম্যানটারিয়ান গ্রাউণ্ডে তাদের কেসটা বিবেচনা করে বলুন। যাঁরা সি. আই. টি. ইউ-র ইউনিয়নে যোগদান করেছেন তাঁরা ছাঁটাই হোল না। আই. এন. টি. ইউ. সি-তে আছেন বলেই ছাঁটাই হোল ব্যাপারটা বুঝতেই পারছেন।

ভাড়া বৃদ্ধি সম্বন্ধে ওঁর বক্তব্য বলে দিলেন। তাই আপনার অনুমতি নিয়ে আমি এটি পড়ে দিচ্ছি—আজকের অধিবেশনে নিম্নলিখিত ঘটনার উপর কার্য্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলীর ২২৬ নিয়ম মতে এই সভার অধিকার ভঙ্গের অভিযোগ সম্বলিত প্রস্তাব উত্থাপন করার জন্য এই নোটিশ দিচ্ছি।

সংবাদপত্রে বারংবার যেখানে বিবৃতি দিয়ে বামফ্রন্ট সরকার ঘোষণা করেছেন যে, বাস-ট্রাম ভাড়া বৃদ্ধির প্রশ্নে বিধানসভায় প্রস্তাব উত্থাপন করে এ সম্পর্কে বিস্তারিত ও পূর্ণ মাত্রায় আলাপ আলোচনার পর চূড়ান্ত সরকারী সিদ্ধান্ত, গৃহীত হবে সেখানে বিধানসভার দৈনিক কার্য্যসূচীর তালিকায় পূর্বাহ্নে কোন কিছু ঘোষণা না করে গত ২৩।২।৮৩ তারিখের অধিবেশন সমাপ্তির ঠিক পূর্ব মুহূর্তে স্বরাষ্ট্র ( পরিবহণ ) মন্ত্রী শ্রীরবীন মুখার্জী মহাশয় সরকারী প্রতিশ্রুতি ভঙ্গ করে এই সভার সদস্যদের আলাপ আলোচনার সুযোগ না দিয়ে যেভাবে এক তরফা এই রাজ্যে নতুন করে বাস-ট্রাম ভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত ঘোষণা করলেন তা শুধু অন্যায়, অযৌক্তিক এবং অগণতান্ত্রিক নয়, রবীন মুখার্জী মহাশয়ের উক্ত বিবৃতি এই সভার সদস্যদের অধিকার ভঙ্গের দোষে দুষ্ট। কারণ এই বিবৃতির দ্বারা সংবাদপত্রে পূবঘোষিত সরকারী প্রতিশ্রুতির ভিত্তিতে বাস-ট্রাম ভাড়া বৃদ্ধির প্রশ্নে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হওয়ার পূর্বে সে সম্পর্কে এই সভার সদস্যদের মতামত প্রকল্পের অধিকার ভাম করা হয়েছে এবং এইভাবে সমগ্র সভাকে বিভ্রান্ত করা হয়েছে সরকার পক্ষ এই সভায় বিপুল সংখ্যাগরিষ্ঠ হওয়া সত্ত্বেও সরাসরি সদস্যদের সামনে তাদের প্রস্তাব উত্থাপন করার সাহস না পেয়ে সমস্ত রকম গণতান্ত্রিক রীতি নীতি লংঘন করে যেভাবে এই সভার সদস্যদের অধিকার ভঙ্গ করার পথ বেছে নিয়েছেন সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে তা এক কলঙ্কজনক নজির এবং এই ঘটনা বাস ট্রাম ভাড়া বৃদ্ধির প্রশ্নে বিধান সভার অভ্যন্তরে সরকার পক্ষে নৈতিক পরাজয়েকে সূচিত করেছে। উল্লিখিত কারণে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের বিরুদ্ধে এই সভা অধিকার ভঙ্গের অভিযোগে অভিযুক্ত করে প্রস্তাব উত্থাপন করতে চাই।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় দেবপ্রসাদ বাবু আপনার কাছে যে প্রশ্নটা রেখেছেন, আমারও আপনার কাছে অনুরোধ যে আপনি মে'জ পার্লামেণ্টারী প্র্যাকটিশ খুঁজলে বা অন্যান্য বইয়ের এদিক ওদিক খুঁজলে রুলিং অনেক পাবেন, কিন্তু তার মধ্যে না গিয়ে আমরা যেটা বলছি অর্থাৎ যতক্ষন না পর্য্যন্ত হাউসে এ ব্যাপারে কোন রকম আলাপ আলোচনা হচ্ছে ততক্ষন পর্য্যন্ত যেন মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্য উইথড্র করে নেন। বাস ট্রামের ভাড়া বৃদ্ধি হবে কি হবে না সেটা মেম্বারদের নিয়ে একটা সর্বদলীয় কমিটি করে সিদ্ধান্ত গ্রহণ করা হোক। এই কথাটা আপনি ওঁকে একটু বুঝিয়ে বলে দিন।

**মিঃ স্পীকার ঃ** এর উপরে আলোচনা করার সুযোগ আপনারা পাবেন।

9) Putting of Tram to fire on Lenin Sarani on 23.2.83. —Shri Manohar Tirkey, M.L.A.

10) Influx of refugees from Assam and situation arisen at Jalpaiguri and Alipurduars —Shri Sushil Kujur, M.L.A. and Shri Anil Mukherjee, M.L.A.

11) Subversive activities of a group of workers at Purulia Ramkrishna Vidyapith —Shri Satya Ranjan Bapuli, M.L.A.

12) Reported water scarcity in Burdwan —Shri Anil Mukherjee, M.L A.

13) Present condition of the Medical instruments —Shri Anil Mukherjee, M.L.A.

14) Measures adopted by the Govt. of West Bengal for the Darkeswar Project —Shri Anil Mukherjee, M.L.A.

15) Distribution of waters from Kangsabati Project —Shri Anil Mukherjee, M.L.A.

16) Academic situation prevailing in Bankura Christian College —Shri Anil Mukherjee, M.L.A.

17) Mal-administration in the Govt. Departments in Writers' Buildings —Shri Abdul Mannan, M.L.A.

18) Sale of text books published by Board of Secondary Education in Black market —Shri Abdul Mannan, M.L.A.

19) Recognisation of Bankura Christian College as a sponsored College —Shri Kashinath Misra, M.L.A.

20) Strike at Ananda Bazar Patrika —Shri Satya Ranjan Bapuli, M.L.A.

21) Alleged murder of one Champarani at Sreedharpur —Shri Satya Ranjan Bapuli, M.L.A.

22) Increase in Bus and Tram fare —Shri Satya Ranjan Bapuli, M.L.A.

I have selected the notice of Shri Kashinath Mishra on the subject of Crisis of Diesel, Petrol and Kerosene in West Bengal.

The Minister in charge may please make a statement on the subject to-day, if possible, or give a date.

**Shri Patit Paban Pathak :** Sir, on the 2nd March, 1983.

[1-30—1-40 P.M.]

**শ্রীসুনীতি চট্টরাজ :** স্যার, বিরোধীপক্ষ থেকে আপনাকে ধন্যবাদ দিচ্ছি কারণ আপনি যখন কলিং য়্যাটেনসান পড়ছিলেন তখন একটা বাস্তব কথা বলেছিলেন ড্রিঙ্কিং ওয়াটার কোথায় ? আপনাকে ধন্যবাদ দিচ্ছি আপনি বুঝতে পেরেছেন এবং এখন বামফ্রন্ট সরকারকে বলুন এর প্রতিকার করতে।

## MENTION CASES

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** স্যার, আমি একটা ঘটনার কথা বলছি যেটা সকলের কাছে খুব গুরুত্বপূর্ণ। পুরুলিয়ার রামকৃষ্ণমিশন বিদ্যাপীঠের কয়েকজন কর্মচারীর ছাটাইয়ের ব্যাপার নিয়ে মন্ত্রী মহাশয় কয়েকবার বৈঠক করেছেন, আলোচনা করেছেন। অম্বরীশবাবুও সেখানে কিছুদিন আগে গিয়েছিলেন। তা সত্ত্বেও গতকাল সেখানে সি. পি. এমের মিছিল এবং মহারাজরা যেখান দিয়ে যাতায়াত করেন তার গতিরোধ করা হয় এবং তাদের শ্লোগান আশ্রমের পবিত্রতা নষ্ট করা হয়। দিনরাত সেখানে এ জিনিষ চলছে। যে কয়েকটি ভালো ভালো স্কুল আছে তার মধ্যে পুরুলিয়ার বিদ্যাপীঠ একটি। সেই স্কুলের ছেলেরা আজ কয়েক মাস যাবত পড়শুনা করতে পারছেনা। সেখানকার গেটে ঝাণ্ডা ঝুলছে। মুখ্যমন্ত্রী দেখবেন বলে বলেছিলেন। কিন্তু রামকৃষ্ণ মিশনের সমস্ত প্রতিষ্ঠানে পরিকল্পিতভাবে একটা আক্রমণ চলছে। আপনারা এ নিয়ে রাজনীতি করবেন না। সেখানকার স্থানীয় এম. এল. এ. এর সঙ্গে জড়িত। এতে রাজনৈতিক ফয়দা কার কি হবে জানিনা ? কিন্তু হাজার ছেলের ভবিষ্যত এতে নষ্ট হতে চলেছে। স্যার আপনি অনুরোধ করে মন্ত্রীদের, এবং পার্টি লেবেলে বলুন যে রামকৃষ্ণ মিশন নিয়ে যেন রাজনীতি না করেন এবং শিক্ষা প্রতিষ্ঠানে সুস্থ শান্তি শৃঙ্খলা বজায় রাখার যেন চেষ্টা করেন।

**শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল ঃ** স্যার, বীরভূম জেলার রামপুরহাট থানার তারাপীঠ একটি পবিত্র তীর্থস্থান বলে এ সম্পর্কে কিছু বলতে চাই। এখানে হাজার হাজার তীর্থযাত্রী এবং টুরিষ্ট আসে এবং এসে ২।৩ দিন থাকার প্রয়োজন হয়। কিন্তু বিভিন্ন পত্র পত্রিকায় দেখা যাচ্ছে এই স্থানের পবিত্রতা রক্ষার ব্যাপারে অনেক অঘটন ঘটছে। মহাশশ্মানে নানা রকমের পাশবিক অত্যাচারের কথা পত্র পত্রিকায় প্রকাশিত হচ্ছে। এর ফলে সেখানে হাজার হাজার লোক যারা আসে তারা নানাভাবে বিব্রত বোধ করছেন। সুতরাং তীর্থযাত্রীদের পবিত্রতা তীর্থস্থানের পবিত্রতা এবং মহাশ্মশানের পবিত্রতা যাতে রক্ষিত হয় সে ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি। আশাকরি সরকার একটা ব্যবস্থা সত্বর করবেন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে বামফ্রন্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছি। এই কথা আমি হাউসে এর আগে অনেকবার বলেছি আবার বলছি যে, কেন্দ্রীয় সরকার বা বামফ্রন্ট সরকারের তরফ থেকে যে ঋণ এবং অনুদানের যে টাকা বা সামর্থ অনুযায়ী যতটুকু টাকা পশ্চিমবাংলার মানুষের কাছে পৌঁছে দেওয়ার চেষ্টা করা হচ্ছে তা যোগ্য স্থানে গিয়ে পৌঁছুচ্ছে না এরকম বহু জায়গার খবর আমরা পেয়েছি। ঐ টাকার সবটুকুই সি. পি. এম. -এর ছাপমারা আছে এরকম মানুষের কাছে গিয়ে জমা পড়ছে। যাদের সি. পি. এম. পার্টির কোন ছাপ নেই, তারা কোন সাহায্য পাচ্ছে না। স্যার, বীরভূমের বিভিন্ন জায়গায় আমি লক্ষ্য করে দেখেছি এই রকম ঘটনা ঘটছে। আপনার কাছে এই রকম অভিযোগের কাগজ জমা দিয়েছি, আপনি তা বামফ্রন্ট সরকারের কাছে ফরোয়ার্ডও করেছেন ও তার প্রতি গুরুত্ব দিয়েছেন। গ্রামাঞ্চলের সমস্ত জায়গাতে জেলা-পরিষদে এবং পঞ্চায়েৎ অফিসগুলিতে যাঁরা সি. পি. এম. 'এর ছাপ নিয়ে বসে আছেন তাঁরা সমস্ত কর্মরত অফিসারদের নির্দেশ দিয়েছেন যে, আমাদের স্ট্যাম্প ছাড়া কাউকে কোন ঋণ দেবেন না। আমি ঐ জেলার বি. ডি. ও. অফিস, জেলা-পরিষদ ও অঞ্চল পঞ্চায়েত অফিসগুলিতে গিয়ে দেখে এসেছি যে প্রকৃত দুঃস্থ মানুষেরা কোন উপকার সরকারের কাছ থেকে পাচ্ছে না। উপরন্তু তারা যে টাকা লোন পেয়েয়ে তা অবিলম্বে শোধ দিতে বাধ্য করছে পক্ষান্তরে কোন সাহায্য তারা পাচ্ছে না। আমাদের অন্তরের ব্যথার কথা এই যে, গরীব মানুষ-হাড়ী, বাগ্‌দী-যারা সি. পি. এম. 'এর ছাপ মারা নয়, তারা সরকারের কাছ থেকে কোন লোন পাচ্ছে না। আপনি মাননীয় মন্ত্রীমহশয়কে বলুন, তিনি যেন এদিকে একটু দৃষ্টি দেন। কেননা, সরকারের এদিকে কোন দৃষ্টি নেই।

**শ্রীলক্ষ্মীকান্ত দে ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করতে চাইছি। আপনি জানেন, কলকাতা শহরে যে লক্ষ লক্ষ অফিস যাত্রী যাতায়াত করেন, তাঁদের শিয়ালদহ ষ্টেশন দিয়ে যাতায়াত করতে হয়। বর্তমানে শিয়ালদহ ষ্টেশনে ট্রেন চলাচল অনিয়মিত হয়ে দাঁড়িয়েছে, নিয়মিতকরণের কোন ব্যবস্থা কর্তৃপক্ষের তরফে নেই। কোন ট্রেন কখন আসে বা পৌছায় তার কোন ঠিক নেই বা তা কেউ জানেন না-শিয়ালদহ ষ্টেশনে এটাই নিয়মে

দাঁড়িয়েছে। এই অবস্থাকে স্বাভাবিক করার কোন ব্যবস্থাও নেই। এ অতি দুঃখের ব্যাপার। ব্যাপারটি গুরুত্ব দিয়ে বোঝার দরকার আছে। সেখানে যতগুলি ট্রেন আছে তারমধ্যে কোনটি যদি খারাপ হয়ে সারাবার জন্য যায় তো পরে কোন রেক ষ্টেশনে থাকে না। অর্থাৎ অবস্থা এমন একটা পর্যায়ে এসে দাঁড়িয়েছে যে আমাকে বিধানসভাতে উল্লেখ করতে বাধ্য হতে হয়েছে। এই অব্যবস্থার ফলে নিত্যযাত্রীদের এক নিদারুন অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। এই অবস্থার সঙ্গে সঙ্গে যুক্ত হয়েছে আর এক সমস্যা তাহল, সমাজবিরোধীদের দৌরাত্ম্য। বিভিন্ন প্রান্ত থেকে যেসমস্ত যাত্রীরা শিয়ালদহ ষ্টেশনে এসে পৌছুচ্ছেন তাঁদের কাছ থেকে এই সমাজবিরোধীরা তোলা তুলছে। যাত্রীসাধারণের মধ্যে থেকে এই তোলা বাবদ টাকা দিতে বাধ্য করা হচ্ছে ও তারজন্য গণ্ডগোল করছে। এই সমস্ত সমাজবিরোধীদের ষ্টেশনের আশপাশে আশ্রয় দেওয়া হচ্ছে।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী** : মাননীয় স্পীকার স্যার, আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কয়েকদিন আগে এই কলকাতা শহরের মধ্যে কাশীপুর অঞ্চলে যে গণ্ডগোল হয়ে গেল সেখানে আমি গিয়ে দেখেছি যে স্থানটি বর্তমানে সমাজবিরোধীদের একটা আড্ডাখানায় পরিণত হয়ে দাঁড়িয়েছে। সমাজবিরোধীরা সমস্ত বস্তি অঞ্চলকে ধ্বংস করে দিয়েছে এবং একটা কমিউন্যাল রায়ট সৃষ্টি করার চেষ্টা করেছে। এই ঘটনা পুলিশের সামনেই করার চেষ্টা তারা করেছিল। সেখানে এক অপদার্থ ও. সি. নিযুক্ত আছে, তারই সামনে এই সমস্ত ঘটনা ঘটেছিল। অথচ উক্ত ও. সি., সি. পি. এম. 'এর সাহায্যপুষ্ট হয়ে ওখানে বসে আছে এবং যারা এই সমস্ত কাজ করেছিল তারা এখন বহাল তবিয়তে রয়েছে। স্থানীয় জনগণ এই রকম একটা ঘটনা ঘটতে পারে বলে আগে থেকে সতর্ক করে দেওয়া সত্ত্বেও তিনি কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। আমাদের দাবী, এই ঘটনার পূর্ণ তদন্ত হোক এবং পুলিশের গুলিতে যারা আহত ও নিহত হয়েছে তাদের পরিবারবর্গকে যথাযোগ্য কমপেনসেসান দেওয়া হোক।

[1-40—1-50 P.M.]

**শ্রীআবদুর রৌফ আনসারি** : মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমাদের মিউনিসিপ্যাল মিনিষ্টারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনারা জানেন কবরস্থান বা শ্মশান এমন স্থান যেখানে মন্ত্রীই হোক বা বিধানসভার সদস্যই হোন কিংবা সাধারণ নাগরিক হোন একদিন সবাইকে সেখানে যেতে হবে। আমি যে কবর স্থান বা শ্মশানের কথা বলছি সেটা হচ্ছে বাগমারি এবং গোবরা কবর স্থান। আমি লাস্ট সেপ্টেম্বরে এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম। সেখানে একটা দেওয়ালের অংশ ভেঙ্গে গেছে, পুকুরটিও নষ্ট হয়ে গেছে। সেখানে যত এ্যান্টি সোস্যালের আড্ডাখানা হয়েছে। লক্ষ লক্ষ টাকা সরকার দেওয়া সত্ত্বেও কাজ কিছু এগোচ্ছে না। এটা একটি স্যাংকটিটিযুক্ত স্থান কিন্তু দুঃখের বিষয় তাসত্ত্বেও মন্ত্রী এই ব্যাপারে কোন নজর দিচ্ছেন না। আমরা অনেকবার বাগমারি এবং গোবরায় গিয়েছি। আমি মাননীয় মন্ত্রীকে রিকোয়েষ্ট

করছি তিনি যেন একবার ওই জায়গাগুলিতে গিয়ে দেখেন কি অবস্থা সেখানে। মানুষ সেখানে কান্নাকাটি করছে।

**শ্রীনীরোদ রায় চৌধুরী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। রেলের মাশুল আজ থেকে আবার বাড়ছে কিন্তু অবস্থা দিনকে দিন খারাপ হচ্ছে। এমন অবস্থায় এসে পৌছেছে যে রেলের নিত্যযাত্রীদের নিয়মিত লেট হচ্ছে। প্রতিদিন প্রায় ২ থেকে আড়াই ঘণ্টা ট্রেন লেট হচ্ছে। যাত্রীদের বসার জায়গা নেই, ফ্যান, লাইট ইত্যাদি নেই এবং বিরাট বিরাট গর্ত হয়ে রয়েছে। এই অবস্থা চলাকালীন যদি ট্রেনের ভাড়া বাড়ে তাহলে যাত্রী সাধারণ সিদ্ধান্ত নিয়েছেন ট্রেন চালাতে দেবেন না। এই ব্যাপার নিয়ে ডেলি প্যাসেঞ্জারস্ এ্যাসোসিয়েশান স্থির করেছেন তারা আন্দোলনে নামবেন। তারা সিদ্ধান্ত নিয়েছেন যদি ট্রেনের ভাড়া বাড়াতে হয় তাহলে ট্রেন নিয়মিত চালাতে হবে, লেট করা চলবে না এবং আরো সমস্ত ব্যবস্থা নিতে হবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Devki Nandan Poddar :** माननीय अध्यक्ष महोदय, मैं आपके माध्यम से माननीय पौरमंत्री का ध्यान आकर्षित करना चाहता हूँ। यों तो गैर कानूनी खटालों की वजह से कलकत्ते के नागरिकों का जीवन विपन्न हो गया है, किन्तु बड़े दुख के साथ कहना पड़ता है कि कलकत्ते में बड़ाबाजार एक धनी बस्ती इलाका है। ऐसे ही यहाँ पर लोगों का चलना मुश्किल हो जाता है, फिर गैर कानूनी खटालों की वजह से और भी तकलीफें बढ़ जाती है। ट्रेने जाम हो जाती है। सवारियों का चलना कठिन हो जाता है। आर्मेनियम स्ट्रीट में एक बहुत बड़ा अवैद्य खटाल है। उसकी वजह से आर्मेनियम स्ट्रीट, बड़ाबाजार और चितपुर रोड के ट्रेन जाम हो जाते है। यहाँ तक कि लोगों के घर का उटंग गंदगी से भर जाता है। सरकार की नजर उधर नहीं जाती है। पुलिस खटाल से पशुओं को पकड़कर ले जाती है और शाम को छोड़ देती है। इस से समस्या का समाधान नहीं हो पाता है। पौर मंत्री को इधर ध्यान देकर इन गैर कानूनी खटालों को तुरंत हटा देना चाहिए। साथ ही साथ फलपट्टी में अपने रिपोटरों को सूचना दिये बिना मंत्रीमहोदय को आना चाहिए। वहाँ की अवस्था कितनी दयनीय है, लोगों का चलना फिरना कठिन हो जाता है। इस ओर कार्यवाही करना बहुत ही जरुरी है। मैं रिपोटरों को खबर किए बिना इसलिए जाने को कहता हूँ ताकि फलपट्टी अंचल का सही चित्रण देखने को मिल जाये।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উত্তরবঙ্গের মন্ত্রী কমলবাবু এবং ননীবাবু এখানে আছেন। আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ননীবাবু নিজে দেখে এসেছেন আসাম থেকে আগত শরনার্থীর সংখ্যা ৪ হাজার অতিক্রম করে গেছে। আসামের এই গুরুতর সমস্যার জন্য এ সেকশন অফ পিপল আসতে বাধ্য হয়েছে।

I would appeal to all Ministers—Senior Minister Dr. Kanailal Bhattacharyya এখানে আছেন—তাকেও বলছি যে এই সমস্ত দূর্গত মানুষদের প্রতি সহানুভূতি প্রদর্শনের জন্য একটি সর্বদলীয় পথযাত্রা from one part of Calcutta to other part করা যায় কি না সেই বিষয়টি ভেবে দেখার জন্য আমি অনুরোধ করছি। স্যার, এই র‍্যালি সর্বদলীয় হবে। এতে অপোজিশনে যাঁরা আছেন—কংগ্রেস (আই), কংগ্রেস (এস), এস. ইউ. সি ও অন্যান্য যাঁরা আছেন তাঁরা এবং লেফ্‌ট ফ্রন্ট-এর সমস্ত সদস্যরা এতে অংশ গ্রহণ করবেন। মুখ্যমন্ত্রী অসুস্থ—তিনি শুধু ইনঅগারেট করেই চলে আসবেন। স্যার, এখানে চিফ হুইপ-পার্লামেন্টারী এ্যাফেয়ার মিনিষ্টার আছেন আমি তাঁকেও বিষয়টি ভেবে দেখার জন্য অনুরোধ করছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী সভার বিভাগীয় সদস্যের দৃষ্টি আকর্ষণ করছি। মেদনীপুর জেলার সবং কেন্দ্র চালিত খরা মরশুমের কথা আমি আপনার মাধ্যমে জানাচ্ছি। বর্তমান বামফ্রন্ট সরকারের নির্দেশ অনুযায়ী তফশীলীজাতি এবং উপজাতিদের জন্য ক্ষুদ্র সেচ প্রকল্পের মাধ্যমে প্রতি ব্লকে একটি করে স্যালো টিউব-ওয়েল বসানোর ব্যবস্থা করা হবে। কিন্তু আমি আপনার মাধ্যমে অত্যন্ত ক্ষোভের সঙ্গে জানাচ্ছি যে এই অঞ্চলে আজ অবধি কোন টিউব-ওয়েল বসানো হয় নি। এই কন্সটিটিউএনসির পঞ্চায়েত অফিস একটা হচপচে পরিণত হয়েছে। এখানে মেম্বারদের মধ্যে কিছু জনতা আছে, কিছু সি. পি. এম আছে। এই অবস্থার জন্য এখানে আজ অবধি কোন স্যালো টিউব-ওয়েল হয় নি। এই কন্সটিটিউএনসিতে প্রায় ৩৫ শতাংশ তফশীলীজাতি এবং উপজাতি বাস করে। যখন সরকারের নির্দেশ যাচ্ছে এবং সাধারন মানুষ কষ্ট পাচ্ছে, তথাপিও আজ অবধি কোন স্যালো টিউব-ওয়েলের ব্যবস্থা করা হলো না। আমি এই ব্যাপারে বিভাগীয় মন্ত্রী এবং বিশেষ করে শম্ভু মাণ্ডি মহাশয়কে অনুরোধ করবো যেন তাঁরা ব্যক্তিগত ভাবে এই জিনিষটা দেখেন। এখানকার সরকারী আমলারা বলেছেন যে ফাইল তৈরী হচ্ছে। কিন্তু প্রকৃতপক্ষে কাজ কিছুই হচ্ছে না। এদিকে সকলে খরা খরা বলে হৈ-চৈ করছেন। জ্যোতিবাবু বলেছেন খরা ত্রাণ তহবিলে প্রচুর টাকা আছে, আগামী মার্চ মাসের মধ্যে সব টাকা খরচ করা সম্ভব না হতেও পারে। অথচ আমাদের ব্লকে পঞ্চায়েত অফিসে দলবাজীর জন্য তফশীলী সম্প্রদায়ের জন্য একটাও স্যালো টিউব-ওয়েল হলো না। এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। তাই আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যেন অবিলম্বে এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা অবলম্বন করা হয়।

[1-50—2-00 P. M.]

**শ্রীবিজয় পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ ঘটনা সরকারকে জানতে চাই। আপনি জানেন যে হোমিওপ্যাথি সম্পর্কে সরকারের যে দৃষ্টিভঙ্গী সেটা

হচ্ছে হোমিওপ্যাথি চিকিৎসার যাতে উন্নতি করা যায় তারজন্য সরকার প্রচেষ্টা চালাচ্ছেন এবং ইতিমধ্যে ৪টি কলেজকে সরকার গ্রহণ করেছেন, তারজন্য নিশ্চয়ই সরকারের ধন্যবাদ প্রাপ্য। কিন্তু কাউন্সিলের ব্যাপারটা এমন একটা অবস্থায় এসে দাঁড়িয়েছে যার ফলে অনেকগুলি কলেজ নষ্ট হতে বসেছে। যেমন আসানসোল কলেজের প্রতি কাউন্সিলের দায়িত্ব রয়েছে, সেই দায়িত্ব পালিত হচ্ছে না, সেখানকার ছেলেরা পরীক্ষা দিতে পারছে না, ছাত্রদের মধ্যে অসন্তোষ দেখা দিচ্ছে, সেখানে গণ্ডগোলের সৃষ্টি হচ্ছে। সেজন্য অনুরোধ করছি ২॥ বছর আগে হোমিওপ্যাথি কাউন্সিলের ইলেকশান হয়েছে, কিন্তু ইনজাঙ্কসানের ফলে সেই ইলেকশান হেল্ড আপ হয়ে আছে। সেজন্য কাউন্সিল সেখানে যাতে ঠিকমত ফাঙ্কসান করতে পারে সেটা দেখা দরকার, তা না হলে হোমিওপ্যাথিকে এ্যালোপ্যাথিক স্তরে নিয়ে যাবার যে প্রচেষ্টা সরকার করছেন সেই প্রচেষ্টা ব্যর্থ হবে এই কথা সরকারকে জানাতে চাই।

**শ্রীআবদুল মান্নান ঃ** মিঃ স্পীকার, স্যার, গতকাল স্টেটসম্যান পেপারে ইনএ্যাকটিভিটি এ্যাট রাইটার্স বিল্ডিংস এই হেড লাইন দিয়ে যে নিউজ বেরিয়েছে আশাকরি মন্ত্রী সভার সদস্যবৃন্দ সেটা দেখেছেন। তাতে যেসমস্ত পয়েন্টগুলি উল্লেখ করা হয়েছে তার একটাও মিথ্যা নয়, এমনকি যেসমস্ত সরকারী অফিসাররা কাজ করতে চান তাঁদের নানা রকম চাপের কাছে নতী স্বীকার করে কাজ করা থেকে বিরত থাকতে হচ্ছে, এমনকি কো-অর্ডিনেশান কমিটির সহায়তায় বহু সরকারী কর্মচারী যাঁরা সরকার থেকে মাইনে পান কাজ করার জন্য তাঁদের একটা অংশ রাইটার্স বিল্ডিংসের বিভিন্ন অলিন্দে বিভিন্ন গলিতে স্টল করে বসে আছেন, ফলে সাধারণ মানুষ যাতায়াত করতে পারছেন না, এই অবস্থা সেখানে চলছে। রাইটার্স বিল্ডিংস প্রশাসনের মাথা, প্রশাসনের হেড কোয়ার্টার, তার যদি এই অবস্থা হয় তাহলে সারা পশ্চিমবঙ্গ কিভাবে চলছে সেটা অনুমান করুন। স্টেটসম্যানে শুধু রাইটার্স বিল্ডিংসের ঘটনা উল্লেখ করা হয়েছে, আমরা গ্রামাঞ্চল থেকে নির্বাচিত হয়েছি, গ্রামাঞ্চলের বিভিন্ন শহরে সরকারের যে বিভিন্ন অফিস রয়েছে সেখানেও ঐ একই অবস্থা। কোন সরকারী অফিসে গেলে কাজ পাওয়া যায় না, সাধারণ মানুষ কোন কাজ করাতে গেলে সরকারী কর্মচারীকে টাকা না দিলে কাজ হয় না। এই রকম বহু নজীর প্রশাসনের কাছে আনা হয়েছে। সরকারী অফিসগুলি কো-অর্ডিনেশান কমিটির নেতৃত্বে চলেছে। তাই মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানাই স্টেটসম্যান কাগজে গতকাল যে সংবাদ বেরিয়েছে সে সম্পর্কে বিবৃতি দিয়ে পশ্চিমবঙ্গের মানুষকে আশ্বস্ত করুন যে সরকারী কর্মচারীরা পশ্চিমবঙ্গের মানুষকে সেবা করতে এগিয়ে আসবে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের রাজ্যে ডাক ব্যবস্থা চূড়ান্তভাবে ভেঙ্গে পড়েছে। আমাদের মুর্শিদাবাদ জেলায় শেরশাহের আমলের ডাক ব্যবস্থা চলে আসছে। বহরমপুর থেকে ২০/২৫ মাইল দূরে বিভিন্ন গ্রামাঞ্চলে পায়ে হেঁটে ডাক

বিলি হয়, আবার কোথাও কোথাও সাইকেলে করে ডাক বিলি হয়। দীর্ঘদিন এই ব্যবস্থা চলে আসছে। এই ব্যাপারে আমরা পোষ্টমাষ্টার জেনারেল, জেলা সুপারিনটেনডেণ্টকে চিঠি লিখেছি, কিন্তু কোন বিহিত হচ্ছে না। সেজন্য আমার অনুরোধ এই বিষয় নিয়ে রাজ্য সরকারের তরফ থেকে বিশেষ করে পরিবহন মন্ত্রী যদি না পারেন তাহলে নিজের উদ্যোগে কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রীর কাছে লিখুন। কারণ, আমরা দেখেছি এখানে মেনশান আওয়ারে যেগুলি উল্লেখ করা হয় সেগুলির কেন্দ্রীয় সরকারের কাছে পাঠালে কিছু কিছু সুরাহা হয়। গোটা রাজ্যে একটা বিরাট পোষ্টাল বিভ্রাট চলছে বিশেষ করে মুর্শিদাবাদ জেলার এই পোষ্টাল বিভ্রাটকে রদ করার জন্য আপনি কেন্দ্রীয় সরকারকে লিখুন।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রীসভার তথা স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলায় বিশেষতঃ বাঁকুড়া শহরে যে অবস্থা চলছে তাতে কিছুদিন আগে একজন ছাত্রকে হত্যা করা হয়েছে, আবার গতকাল একজন ছাত্রী যে শহরের বুকে লোকালয়ের মধ্যে তার বাড়ীর তিনতলায় ছিল সন্ধ্যার সময় যখন লোড সেডিং হয়েছে তখন তার উপর নির্মমভাবে পাশবিক অত্যাচার করল, তাকে গলা টিপে মেরে দিল, তারপর তার কাপড-চোপড়ে আগুন লাগিয়ে দিল। এই ঘটনা আজকে বাঁকুড়া শহরের বুকে দেখছি।

আমাদের কয়েকজন কর্মী বাঁকুড়া শহর থেকে এসে এই ঘটনা সম্বন্ধে বিস্তারিতভাবে বলেছেন এবং একথাও বলেছেন যে, পুলিশ সেখানে দেড় ঘণ্টা পর গেছে। শহরের সঙ্গে যুক্ত থানা, সেখানে পুলিশ দপ্তর রয়েছে, হেড কোয়াটার রয়েছে, উচ্চপদস্থ অফিসাররা রয়েছেন অথচ সেখানেই ২৪ বছর বয়স্কা একজন ছাত্রীর উপর এরকম অত্যাচার হল। আমি মনে করি এটা একটা অদ্ভুত ব্যাপার। কাজেই আমি দাবী করছি এই ব্যাপারে অবিলম্বে সরকার সেখানকার প্রশাসনকে দিয়ে বা অন্য কোন উচ্চপদস্থ অফিসারের মাধ্যমে এই ঘটনা সম্পর্কে তদন্ত করান।

**শ্রীকামাখ্যানন্দন দাস মহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষের জাতীয় স্বার্থের পক্ষে ক্ষতিকারক এবং পশ্চিমবঙ্গের পক্ষে সরাসরি বিঘ্ন সৃষ্টিকারী কেন্দ্রীয় সরকারের এরকম একটি কাজের প্রতি আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি এবং এই ব্যাপারে একটু আলোচনা করছি। স্যার, আপনি জানেন আমাদের দেশের প্রতিরক্ষা খাতে যে সমস্ত অস্ত্রশস্ত্র তৈরী করা হয় সেটা যাতে আমাদের দেশের রাষ্ট্রায়ত্ব কারখানায়, অর্ডিন্যান্স ফ্যাক্টরিতে তৈরী করা যায় এবং এটা তৈরী করতে গিয়ে যাতে ব্যক্তিগত মালিকানার উপর নির্ভর করতে না হয় এই নীতি পণ্ডিত নেহেরুর আমল থেকেই চলে আসছে। কিন্তু ইদানিং দেখছি ইন্দিরা গান্ধী সেই নীতিকে নস্যাত করার প্রচেষ্টা চালিয়েছেন। স্যার, ম্যাগাজিন বক্সের মত একটা সাধারণ জিনিস যেটা আমাদের কাশীপুরে তৈরী করা যায় সেটা দেখছি মেটাল বক্সে তৈরী করা হয়েছে। শুধু তাই নয়,

মেটালার্জিক্যাল ল্যাবোরেটরি আমাদের এখান থেকে হায়দ্রাবাদে সিফ্‌ট করা হয়েছে, আলিপুর অডিন্যান্স ডিপো বন্ধ করে দেওয়া হয়েছে। এই সমস্ত কাজের মাধ্যমে আমরা লক্ষ্য করছি মাল্‌টি ন্যাশনাল কর্পোরেসনকে আমাদের দেশের ডিফেন্স আইটেমের মধ্যে ঢোকাবার প্রচেষ্টা চলেছে যেটা অত্যন্ত ক্ষতিকারক। স্টেট ওগু অর্ডিন্যান্স ফ্যাক্টরি কাশীপুরে ১৯৬৫ সালে যেখানে ২২ হাজার মানুষ কাজ করত আজ সেখানে ১৬ হাজার মানুষ কাজ করছে। এই ব্যাপারে ট্রেড ইউনিয়নের তরফ থেকেও অভিযোগ করা হয়েছে। প্রতি বছর ৩০০ থেকে ৪০০ জন লোককে এ্যাপ্রেনটিজ হিসেবে নেওয়ার যে ব্যবস্থা ছিল সেটাও দেখছি বন্ধ করে দেওয়া হয়েছে। আমি সমস্ত বিষয়টির উপরে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীযোখীলাল মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কেন্দ্রে ( মানিকচক ) গত ৮ই জানুয়ারী কালিকাচক ২ নং ব্লক কংগ্রেস কমিটির প্রেসিডেণ্ট শৈলেন মিশ্র নিহত হয়েছেন। তিনি পার্টির কাজ করে বাড়ী ফেরার সময় একটা চায়ের দোকানে যখন বসেছিলেন তখন একদল দুষ্কৃতকারী তাকে মার্ডার করে। হত্যাকারীদের অনেকের নাম জানা স্বত্ত্বেও পুলিশ তাদের এ্যারেস্ট করছে না। আজকে মার্ডার জিনিসটা জলের মত হয়েছে। কাজেই অনুরোধ করছি যারা এই খুনের অপরাধে অপরাধী তাদের বিরুদ্ধে যেন যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হয়।

[2-00—2-10 P. M.]

**শ্রীরাইচরণ মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হোল, বর্ধমান জেলার কেতুগ্রাম থানার মৌগ্রাম গ্রামপঞ্চায়েতের অধীন নারানপুর, রঘুপুর, কমলাবাড়ী এই তিন খানি গ্রাম ভাগীরথীর ভাঙ্গনে ভেঙ্গে পড়েছে। এবং এর ফলে প্রায় ২০ খানি বাড়ী অর্থাৎ ২০টি পরিবার জলের তলায় তলিয়ে গিয়েছে। ২০টি পরিবার একেবারে উদ্বাস্তু হয়ে পড়েছে। এদের সুব্যবস্থা করার জন্য আমি জলপথ ও সেচ বিভাগের মন্ত্রী মহাশয়কে বিশেষ অনুরোধ জানাচ্ছি। এর সঙ্গে আমি একটি গণদরখাস্ত আপনার মাধ্যমে বিভাগে পাঠিয়ে দেবার অনুরোধ জানাচ্ছি।

**শ্রীসমর মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ গুরুত্ব-পূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলার রতুয়া কেন্দ্রে ইউ. এন. আই. সি. ই. এফ-এর ফাণ্ড থেকে লক্ষ লক্ষ টাকা দেওয়া হয়েছে প্রাইমারী স্কুল ও ফীডিং সেণ্টার তৈরী করবার জন্য। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যে একটি স্কুল বা একটি ফীডিং সেণ্টারও করা হয় নি। এই ব্যাপারে বিভাগীয় মন্ত্রী শৈলেনবাবুর দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। এই বিদেশী সাহায্যপ্রাপ্ত টাকা

পঞ্চায়েত এবং জেলা পরিষদ আত্মসাত করেছে। তারা একটিও স্কুলবাড়ী বা ফীডিং সেণ্টার তৈরী করে নি। ভূয়া ভাউচার দেখিয়ে এ' পঞ্চায়েত এবং জেলা পরিষদ সমস্ত টাকা অত্মসাত করেছে। সরকারী টাকা মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টি তো আত্মসাত করছেই উপরন্তু তারা বিদেশী সাহায্যপ্রাপ্ত টাকাও আত্মসাত করেছে। দুস্থ শিশুদের জন্য বিদেশী সাহায্যপ্রাপ্ত টাকাও তারা আত্মসাত করছে। লজ্জার কথা। স্যার, এই ব্যাপারে বিশেষ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

**শ্রীসুরেশ সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পুলিশ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র করনদিঘী। এখানে প্রতিদিন বাংলাদেশ থেকে হামলাকারীরা এসে মানুষের সমস্ত জিনিসপত্র ও গরু বাছুর লুটপাট করে নিয়ে যাচ্ছে। এবং এটা বি. এস. এফ ক্যাম্পের সামনে, তাদের উপস্থিত থাকা সত্বেও এই জিনিস ঘটছে। এই ব্যাপারে মুখ্যমন্ত্রীর ও আই জি-র দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। এবং এখানে কয়েকটি কমিউনিটি কাউ সেড করার জন্যও অনুরোধ জানানো হয়েছে। এই কমিউনিটি কাউ সেড যদি করা হয়, অর্থাৎ ১০।১২টি গ্রাম নিয়ে একটি করে কমিউনিটি কাউ সেড করা হয় তাহলে আমার মনে হয় অনেকটা রক্ষা হয়। যাতে তাড়াতাড়ি এই কমিউনিটি কাউ সেডগুলি করা হয় তার জন্য আমি পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীহুমায়ুন চৌধুরী ঃ** মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা সবাই জানি সরকারী অর্থ ব্যয়ে বা সরকারী উদ্যোগে যখন কোন অনুষ্ঠান হয় সেই অনুষ্ঠানের উদ্বোধনী সঙ্গীতে ন্যাচার‍্যালি ন্যাশন্যাল এ্যানথেম খুঁজে পাওয়া যায়। কিন্তু গত ১৪ তারিখে কলকাতার ষ্টুডেন্টস হলে পশ্চিমবঙ্গ সরকারের ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর উপস্থিতিতে পশ্চিমবঙ্গ খাদি বোর্ড কর্তৃক একটি সেমিনারের আয়োজন করা হয়। উক্ত সেমিনারে আমাদের জাতীয় সঙ্গীত বা অন্য কোন সঙ্গীতের পরিবর্তে উদ্বোধনী সঙ্গীত হিসাবে "লাল ঝাণ্ডা, লাল সেলাম" গাওয়া হয়। তাই আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে সরকারী অর্থ ব্যয়ে এবং সরকারী আয়োজনে সি. পি. এম. পার্টির ব্যক্তিগত প্রচার যে চালানো হয়েছে তার প্রতি ধিক্কার জানাচ্ছি। শুধু তাই নয়, সরকারী আমন্ত্রণে বিভিন্ন ব্যক্তি ওখানে উপস্থিত হয়েছিলেন গ্রামীন ও কুটির শিল্প আলোচনচক্রে অংশ গ্রহণ করতে, তাদের মধ্যেও এই বিষয়ে অসন্তোষের সৃষ্টি হয়েছিল। তাই আমি মাননীয় মুখমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ভবিষ্যতে তাঁর মন্ত্রীসভার অন্যান্য সদস্যরা যাতে এই ধরণের কাজ থেকে বিরত থাকেন সেজন্য তিনি যেন তাদের একটা নির্দেশ দিয়ে দেন।

**শ্রীশীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি মুর্শিদাবাদ জেলার সুতি থানা থেকে নির্বাচিত হয়ে এসেছি। আমার এলাকায় মহশাই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নামে একটি হাসপাতাল

আছে। এই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি লোকালয় থেকে অনেক দূরে অবস্থিত। এই স্বাস্থ্যকেন্দ্রে স্থানীয় কালীপদ দাস নামে এক ব্যক্তি রোগীদের খাদ্য সরবরাহ করে। উক্ত ব্যক্তি নিয়মিত ভাবে সরকারী তালিকাভূক্ত খাদ্য সরবরাহ করে না। আলুর পরিবর্তে কচু, পুঁটি মাছ দিয়ে চারা পোনা লেখা থাকে। ভাল জাতের চাল দেয় না। তেলের পরিবর্তে সোয়াবিন ইত্যাদি দেয়। হাসপাতালের দায়িত্বে যেসব কর্মচারী আছেন তারা এই সব অখাদ্য, কুখাদ্য রোগীদের দিতে অস্বীকার করলে উক্ত কালীপদ দাসের ৬ ছেলের মধ্যে গোপাল দাস, পাগল দাস হাসপাতালের কর্মচারী, মহিলাদের উপর মাঝে মাঝে হামলা করছে। আমি সি. এম. ও. এইচ. এর কাছে চিঠি লিখেছি, ব্যক্তিগত ভাবে তাঁর সঙ্গে দেখাও করেছি। এই হাসপাতালের সকলেই বহিরাগত কর্মচারী এবং তাদের উপরই হামলা করছে। এমন কি অঞ্জু ঘোষ, জি. ডি. এ., তার উপর পাশবিক অত্যাচার করবার চেষ্টা করেছিল। ড্রাইভার, ক্লার্কদের মারবার চেষ্টা করেছিল। বহু চেষ্টা করেও এই বিষয়ে কোন প্রতিকার পাওয়া যায় নি। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যদি অবিলম্বে এই বিষয়ে প্রতিকারের কোন ব্যবস্থা করা না হয় তাহলে ঐ এলাকার জনসাধারণ নিজেরাই এগিয়ে এসে প্রতিকার করার চেষ্টা করবেন। তাতে কিন্তু আইন শৃঙ্খলা রক্ষার প্রশ্ন বিঘ্নিত হবে।

**শ্রীভুপেন্দ্রনাথ সেঠঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্য এবং স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৮/২ তারিখে ঘোষিত পশ্চিমবঙ্গ সরকারের নতুন খাদ্য নীতি অনুযায়ী মাথা পিছু রেশন কার্ড দেবার একটা প্রস্তুতি চলছিল এবং এই রেশন কার্ড দেবার জন্য কিছু জব এ্যাসিস্ট্যান্ট নিয়োগ জরুরী প্রয়োজন হয়ে পড়ে। এই জব এ্যাসিস্ট্যান্ট নিয়োগের ব্যাপারে ক্লিয়ার ডাইরেকসান আছে ফুড পলিসির সারকুলারে যে জব এ্যাসিস্ট্যান্ট স্থানীয় এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে নিতে হবে।

[2-10—3-30 P. M. including adjournment]

কিন্তু এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে জব এ্যাসিস্টেণ্ট না নিয়ে অন্য মহকুমার ২৫০ জন দলীয় ক্যাডারকে নিয়োগ করে ২ লক্ষ ১৫ হাজার টাকা পাইয়ে দেবার চক্রান্ত চলছে। স্যার, বনগাঁ মহকুমাতে যে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের অফিস আছে সেখানে ১৯৬৮ সাল থেকে যারা নাম লিখিয়ে বসে আছে তাদের বঞ্চিত করে এই সমস্ত কাজ করা হচ্ছে। এ ব্যাপারে স্থানীয় মহকুমা শাসকের অফিসে যখন এই সমস্ত ছেলেরা ডেপুটেশান দিতে যায় তখন মহকুমা শাসকের অফিসের মধ্যে তাদের দলীয় ক্যাডার দিয়ে পেটানো হয়। এ সম্বন্ধে বনগাঁ থানাতে একটি কেস দায়ের করা হয়েছে, তার নাম্বার হচ্ছে ৩৮, ডেটেড ১৮.২। স্যার, মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমি এ বিষয়ে একটি ক্লারিফিকেসান চেয়েছিলাম এবং সেখানে খাদ্যমন্ত্রীমহাশয় আমার সঙ্গে একমত হয়ে

বলেছিলেন যে জব এ্যাসিস্টেণ্ট নেওয়া হবে যারা রিলিফে, সেনসাসে কাজ করেছেন এবং যারা বেকারভাতা পান এবং এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম আছে তাদের মধ্যে থেকে। কিন্তু স্যার, এই সমস্ত নিয়মকে অগ্রাহ্য করে এইভাবে লোক নেওয়া হচ্ছে, ফলে সেখানে বিক্ষোভ দেখা দিয়েছে। এ বিষয়ে আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীবলাই বন্দোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হুগলী জেলার প্রত্যেকটি ব্লকে এবং পাশের বর্ধমানের অনেকগুলি ব্লকে প্রায় প্রতিটি টিউবওয়েলের জল নেমে গিয়েছে। সেখানে টিউবওয়েলগুলির যন্ত্রপাতি ঠিক আছে, ফিল্টার ঠিক আছে কিন্তু কল দিয়ে জল উঠছে না। গ্রীষ্মের সুরুতেই জলকষ্ট সুরু হয়ে গিয়েছে। এখনই যদি সরকার বিশেজ্ঞদের সাহায্য নিয়ে এ বিষয়ে দৃষ্টি না দেন এবং বিশেষ ব্যবস্থা না করেন তাহলে এ বৎসর পানীয় জলের সংকটে লক্ষ লক্ষ মানুষ পড়বেন। এ বিষয়ে দেরি না করে অবিলম্বে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীশিশির অধিকারীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি। স্যার, রাজ্যসরকারী কর্মচারীদের জন্য ফ্যামিলি পেনসন স্কীম চালু হয় ১.৪.৬৫ তারিখ থেকে যারা অবসর গ্রহন করেছে। সরকার দয়াপরবশ হয়ে যারা ১-৪-৬৫ তারিখের পূর্বে অবসর গ্রহন করেছেন তাদের বিধবা পত্নীকে ১০০ টাকা করে এ্যাডহক পেনসন ১-৪-৮১ তারিখ থেকে প্রদান করার আদেশ দেন এবং এ' মর্মে দরখাস্ত আহবান করেন। কিন্তু কয়েক মাস যেতে না যেতেই গত জুন মাসের শেষ সপ্তাহে এক আদেশ জারী করেন যে জুলাই মাসের মধ্যে দরখাস্ত না দিলে আর এ' পেনসন দেওয়া হবে না। সরকারী আদেশগুলি ইংরাজীতে লেখা এবং এর কোন বিশেষ প্রচার ব্যবস্থা হয়না ফলে যারা ইংরাজীতে শিক্ষিত এবং অফিস কাছারিতে কাজ করে বা তাদের আত্মীয় বন্ধু কাজ করে তারাই শুধু সরকারী আদেশের সুবিধা গ্রহন করতে পারল। অর্থাৎ যাদের কিছু আছে তারাই শুধু আরো কিছু পেল। আর অশিক্ষিত দুস্থ বিধবা যারা গ্রামে পড়ে রয়েছে তারা বঞ্চিত হ'ল। আশা করি সরকার এ' সকল দুস্থ বিধবাদেরও পেনশন পাবার সুযোগ উন্মুক্ত করবেন।

**শ্রীঅনিল মুখার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এবং মাননীয় সদস্যরা জানেন যে কলকাতা শহরে পরিবহন ব্যবস্থার যে সমস্যা এবং তার সঙ্গে ট্যাক্সির যে সমস্যা, সেই সমস্যা অত্যন্ত বিরাট এবং ব্যাপক ভাবে দেখা দিয়েছে। ট্যাক্সিওয়ালাদের যে রিফিউজাল কেস, যেখানে ডেলিভারি কেসের পেশেণ্টদের নিয়ে যাওয়ার প্রয়োজন দেখা দেয় সেসব ক্ষেত্রে ট্যাক্সি-ওয়ালারা রিফিউজ করছে। এখানে মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয় উপস্থিত আছেন, তাঁর কাছে

অনুরোধ করি যে ট্যাক্সিওয়ালাদের কাছ থেকে এই যে রিফিউজ হচ্ছে এই ব্যাপার নিয়ে আপনি একটা উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করুন। পুলিশকে কমপ্লেন করলে সেই ট্রাফিক পুলিশ কেস নেয়না। ডবলিউ. বি. টি. ২৩১১ এই রিফিউজাল কেস পুলিসকে দিয়েছি এবং আগেও আরো কেস দিয়েছি। কিন্তু পুলিশকে বললে কোন ব্যবস্থা হয়না। কাজেই এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা করা হোক। ভারতের অন্য কোন শহরে ট্যাক্সিওয়ালাদের এই রকম রিফিউজাল কেস হয়না। একমাত্র কলকাতা শহরে এই ধরণের ঘটনা ঘটছে। কাজেই মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যাতে এই ট্যাক্সিওয়ালাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়।

**শ্রীপ্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। অন্যান্যবারের মত এবারেও প্রাথমিক বিদ্যালয়গুলিতে সরকারী পাঠ্যপুস্তক যথাসময়ে বিতরণ করা হচ্ছে না এবং এই সম্পর্কে অত্যন্ত অব্যবস্থা দেখা দিয়েছে। আমরা দেখছি যে বিদ্যালয়গুলির ছাত্র সংখ্যার হিসাব অনুযায়ী বই সরবরাহ করা হচ্ছে না এবং অনেক জায়গায় এখনও করা হয়নি সেটা সকলেই জানেন। সে জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে বই বিতরণ করা হয় এবং যে পরিমান চাহিদা সেই পরিমান সরবরাহ করে লেখাপড়া যাতে সুনিশ্চিত করা যায় তার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীবারীন্দ্রনাথ কোলে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে আপনি জানেন যে পশ্চিম-বাংলায় দারুন খরা চলছে। এর থেকে হাওড়া বাদ যায়নি, কোথাও জল নেই। এই অবস্থার মধ্যে হুগলী নদী এবং দামোদর নদীর সংযোগস্থলে ১৮টি কপাট সমেত যে গেট তৈরী হয়েছে, এই গেট খুলে দিলে ৫টি থানার কয়েক লক্ষ মানুষের উপকার হবে। হুগলী নদীর জোয়ারের জল উঠে দামোদরের প্রায় ৮/৯ মাইল দুরে চলে যাবে। সে জন্য মাননীয় সেচ বিভাগের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যাতে তিনি এই গেট খুলে দেবার ব্যবস্থা করেন।

**শ্রীরাজ কুমার মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাসুদেবপুর ব্রিজ এটা রাজপুর ক্যানেলের উপর আছে। এই ব্রিজ-এর অবস্থা খুবই খারাপ। এটা যে কোন সময়ে ভেঙ্গে যেতে পারে। এই ব্রীজটি সমস্ত দিক থেকেই গুরুত্বপূর্ণ। এই ব্রিজের উপর দিয়ে প্রায় ১২/১৪টি গ্রামের লোক যাতায়াত করে। এই পথ ছাড়া তাদের আর দ্বিতীয় পথ নেই এবং পুলিশ প্রশাসনের দিক থেকেও এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ছাড়া ব্যবসা-বানিজ্য, রেশানের মালপত্র নিয়ে যাওয়ার দিক থেকেও এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সে জন্য আমি মাননীয় সেচ মন্ত্রীর কাছে আবেদন করছি যে এই গুরুত্বপূর্ণ পুলটি যাতে শিঘ্র ভালভাবে মেরামত করা হয় অথবা সেখানে আর একটা নুতন পুল তৈরী করে মানুষের যাতায়াতের উপযোগী করা যায় তার ব্যবস্থা করা হোক।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তৃতা দেবার সময়ে পুরুলিয়ার এম. এল. এ. বলেছিলাম, **I like to mean the M. L. A of Hura Constituency.**

[ At this Stage the House was adjourned till 3-30 P. M. ]

[3-30—3-40 P. M.]

( After adjournment )

## DISCCSSION ON GOVERNOR'S ADDRESS

**শ্রীআবদুস সাত্তার ঃ** স্যার, আমরা যে সমস্ত এ্যামেণ্ডমেণ্টস্ দিয়েছিলাম সে সমস্ত গুলি এখনো আসেনি।

**মিঃ স্পীকার ঃ** না, সব আসেনি, সাড়ে চারটের মধ্যে আসবে।

**শ্রীঅবদুস সাত্তার ঃ** আমরা এখন তাহলে কি করে অলোচনা আরম্ভ করি ?

**মিঃ স্পীকার ঃ** আরম্ভ করে দিন, এসে যাবে। কালকে বিকাল পাঁচটা পর্যন্ত এ্যামেণ্ডমেণ্ট পাওয়া গেছে, সে কারণে আজকে এখনো পর্যন্ত ছেপে আসেনি, সাড়ে চরেটের সময়ে এসে যাবে এবং ইন কোর্স অফ্ ডিবেট্ ডিষ্ট্রিবিউসন হবে। আপনি ডিবেট্ আরম্ভ করুন।

**শ্রীআবদুস সাত্তার ঃ** আমাদের কাছে এ্যামেণ্ডমেণ্ট এলো না, অথচ আপনি বিতর্কে অংশ গ্রহণ করবার জন্য ডাকছেন! নিয়ম হচ্ছে সমস্ত এ্যামেণ্ডমেণ্ট না এলে আলোচনা হয় না।

**মিঃ স্পীকার ঃ** সাড়ে চারটের মধ্যে এসে যাবে, আপনি আরম্ভ করুন। আপনারা এ্যামেণ্ডমেণ্ট জমা দেওয়ার জন্য এক দিন সময় বাড়াতে বলেছিলেন, আমি সময় বাড়িয়ে গত কাল বিকাল পাঁচটা পর্যন্ত আপনাদের সময় দিয়েছিলাম। কাল বিকাল পাঁচটা পর্যন্ত ৫০০ মত এ্যামেণ্ডমেণ্ট জমা পড়ছে, ফলে সেগুলি আজকের সকালের মধ্যে ছাপা সম্ভব হয়নি, আর কিছুক্ষণের মধ্যেই ছেপে আসছে, সুতরাং আপনি আলোচনা আরম্ভ করুন।

**শ্রীআবদুস সাত্তার ঃ** স্যার, প্রশ্ন হচ্ছে যখন বিতর্ক আরম্ভ করা হয় তখন এ্যামেণ্ডমেণ্টস টু বি টেকেন্ এ্যাজ্ মুভড্, এটা স্পীকারের চেয়ার থেকে ধরে নেওয়া হয় এবং ওটা ধরেই আমরা

প্রসিড্ করি। আমি জানি না এ্যামেণ্ডমেণ্ট হাউসের সামনে না রেখেই আলোচনা শুরু করা যায় কিনা। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন, তিনি এই হাউসের সব চেয়ে পুরানো মেম্বার, তিনি যদি এবিষয়ে কিছু বলেন, তাহলে ভাল হয়।

**শ্রীজ্যোতি বসু ঃ** অর্ডার কিভাবে চলবে, না চলবে তা আমি জানব কি করে!

**মিঃ স্পীকার ঃ** আপনারা আমার কাছে এক দিনের গ্যাপ্ চেয়েছিলেন, অসুবিধা সত্বেও আমি এক দিনের সময় দিয়েছি, যার ফলেই আজকে এই অসুবিধাটুকু হচ্ছে। সাড়ে চারটের সময়ে আসবে, তখন আপনারা পাবেন, এখন ডিবেট্ আরম্ভ করুন। এখানে এ্যামেণ্ডমেণ্টস টু বি টেকেন্ এ্যাজ্ মুভড।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** এরকম কোন নজীর আছে কি?

**মিঃ স্পীকার ঃ** এখানে নজীরের কোন প্রশ্নই উঠছে না, আপনাদের রিকোয়েষ্টই আমি সময় বাড়িয়েছিলাম, সুতরাং আপনারা চাপ সৃষ্টি করবেন না। আপনাদের এ্যাকোমোডেট্ করার জন্য এটা করা হয়েছিল। সুতরাং মিঃ সাত্তার, আপনি বক্তৃতা শুরু করুন।

**শ্রীআবদুস সাত্তার ঃ** প্রশ্নটা কোশ্চেন অফ্ এ্যাকোমোডেসন নয়, কোশ্চেন অফ্ রুলস। আপনি যদি মনে করেন রুলস-এ এরকম বিধান আছে তাহলে আলোচনা শুরু করা যেতে পারে। সুতরাং আপনি সেটা বলুন।

**মিঃ স্পীকার ঃ** আই হাভ্ টেকেন অল দি এ্যামেণ্ডমেন্টস এ্যাজ্ মুভড্। এখন আপনি আরম্ভ করুন।

(গোলমাল)

**মিঃ স্পীকার ঃ** আপনি আরম্ভ করুন, এটা কোন রুলস-এর ব্যাপার নয়।

**শ্রীশিশির অধিকারী ঃ** স্যার, আপনি যা বলছেন আমরা তাই করছি।

**মিঃ স্পীকার ঃ** যা বলছি তাই যদি করতেন তাহলে আপনি দাঁড়াতেন না। আমি বলছি এটা কোন রুলস-এর ব্যাপার নয়।

**শ্রীআবদুস সাত্তার ঃ** স্যার, তাহলে আপনি বলে দিন যে, এটা রুল অনুযায়ীই হচ্ছে।

**মিঃ স্পীকার ঃ** আমি তো বলছি এখানে রুলের কোন ব্যাপার নেই, ইট ইজ্ এ্যাকোর্ডিং টু রুল, এবিষয়ে আইনের কোন বাধা নেই, ইন কোর্স অফ্ ডিবেট্ ইউ উইল গেট দি এ্যামেণ্ডমেণ্টস। এখন আপনি ডিবেট্ আরম্ভ করুন।

**শ্রীআবদুস সাত্তার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণ পড়ে আমি এই কথাই বলতে পারি যে, ভাষণটি একটি অর্থহীন, মূল্যহীন ভাষণ। এই ভাষণের মধ্য দিয়ে সর্বক্ষেত্রে এই সরকারের ব্যর্থতা ঢাকবার একটা চেষ্টা করা হয়েছে। রাজ্যপালের ভাষণে এটাই পরিষ্কার যে, এই ফ্রন্ট সরকার হতাশায় ভুগছেন। পশ্চিমবাংলার অর্থনীতি আজ জরাজীর্ন, একেবারে ভেঙ্গে পড়েছে। এই সরকার গত ৬ বছরে পশ্চিমবাংলাকে একটা দেউলিয়া রাজ্যে পরিণত করেছে। এই ভাষণের মধ্যে পশ্চিমবাংলার মানুষের কোন আশার কথা নেই, কোন আলো নেই। এটা একটা মামুলি ভাষণ। পশ্চিমবাংলার রাজ্যপাল সাংবিধানিক একটা দায়িত্ব সেরেছেন মাত্র। এই ভাষণের বইটার শেষ পাতার ৩০ দফায় তিনি বলেছেন "রাজ্যসরকারের উপর ন্যস্ত সীমিত ক্ষমতা এবং যে তীব্র অর্থসঙ্কটের মধ্যে দিয়ে আমাদের যেতে হচ্ছে তা সত্ত্বেও জনগণ যে বিশ্বাস সরকারের উপর স্থাপন করেছেন তার মর্যদা রাখতে বিগত বছরে আমার সরকার নিষ্ঠাসহকারে প্রয়াসী হয়েছেন। রাজ্যের অর্থনৈতিক বিকাশকে গতিময় করে তুলতে এবং ন্যায়ভিত্তিক সমাজব্যবস্থা প্রবর্তন করতে সরকার আত্মনিয়োগ করেছেন।" এখানে বলেছেন ন্যায়-ভিত্তিক সমাজব্যবস্থা প্রবর্তন করার জন্য এই সরকার আত্মনিয়োগ করেছেন। আমি আমার ভাষণের মধ্য দিয়ে বোঝাবার চেষ্টা করবো যে এটা সম্পুর্ণ ভাঁওতা কথা। এঁরা ন্যায়ভিত্তিক সমাজ ব্যবস্থা প্রবর্তন করা তো দূরের কথা, আমি বলবো পুঁজিবাদ কায়েম করেছেন, পুঁজিবাদীদের শেকড় শক্ত করেছেন। এই সরকার সব সময়ে জনগণের কথা বলেন, সর্বহারার কথা বলেন কিন্তু সর্বহারারা এখন আরোও সর্বহারায় পরিণত হয়েছে। এখন যারা পুঁজিপতি, যারা চোরাকারবারি, যারা মজুতদার এই সমস্ত লোকেদের স্বর্গ-রাজ্যে পরিণত হয়েছে এই সরকারের আমলে। আমি উদাহরণ দিয়ে বলতে পারি, সিদ্ধার্থ শঙ্কর' রায়ের আমলে ভেজাল দেওয়ার অপরাধে এক ব্যক্তিকে মিসা করা হয়েছিল। তার মাথায় দড়ি-বাঁধা হয়েছিল। আর এখন এই সরকার তাকে শেরিফ করেছেন। তিনি হচ্ছেন শ্রীরঘুনাথ মোদী, একজন পুঁজিপতি, ডালডার কারবার। আজ তারই সঙ্গে এই সরকারের আজকে নিবিড় সম্পর্ক, তাই তাকে শেরিফ করা হয়েছে। এর চেয়ে জঘন্য আর কি হতে পারে? আমি আরোও কিছু সমস্যা তুলে ধরবো যাতে করে দেখা যাবে অর্থনৈতিক বিকাশ গতিময় করা দূরের কথা এই পশ্চিমবাংলাকে ২০ বছর পিছিয়ে দিয়েছেন। শুধু তাই নয়, আপনারা যে ন্যায়ভিত্তিক সমাজব্যবস্থা প্রবর্তন করার কথা বলেছেন তাতে আমি বলতে পারি ন্যায়-ভিত্তিক সমাজব্যবস্থা প্রবর্তন করা তো দূরের কথা আপনারা এই পশ্চিমবাংলাকে চোরা-কারবারীরদের একটা আখড়ায় পরিণত করেছেন।

[3-40—3-50 P. M.]

এই কিছুদিন আগে একজনকে ধরা হয়েছে, এক লক্ষ বস্তা সিমেন্টে ভেজাল মেশাতে গিয়ে ধরা পড়েছে, যে ওঁদের এ্যাপয়েনটেড এজেন্ট ছিল। তারপর ১৯৮৩-৮৪ সালের জন্য ৫৪০ কোটি টাকা পেয়েছেন। এ সম্বন্ধে গভর্ণর বলেছেন যে, ১৯৮৩-৮৪ সালের জন্য বর্তমানে নির্ধারিত ৫৪০ কোটি টাকার বার্ষিক যোজনায় রাজ্যের অর্থনৈতিক উন্নয়নে গুণগত পরিবর্তন সাধনের জন্য কৃষি, সেচ, শিক্ষা, বিদ্যুৎ ইত্যাদির উপর এবং অন্যান্য যেসব ক্ষেত্রে অগ্রাধিকার দান প্রয়োজন সেসব ক্ষেত্রে অগ্রাধিকার দান অব্যাহত থাকবে। আমি বলছি এই পশ্চিমবঙ্গের খুব কম। কিন্তু এ জন্য দায়ী কে, কেন্দ্র? আমি বলছি, আজকে এই ৫৪০ কোটি টাকা—গত বছর ৪৯০ কোটি ছিল—পাওয়ার হকদার আপনারা ছিলেন না, শ্রীমতী ইন্দিরা গান্ধী দয়া পরবশ হয়ে ১৪৪ কোটি টাকা দিয়েছিলেন, তাই সেখানে ৪৯০ কোটি টাকা হয়েছিল। আজকে ৫৪০ কোটি টাকার বার্ষিক যোজনায় ইন্টারন্যাল রিসোর্সের মবিলাইজেসন নিয়ে এসেছেন, তার মধ্যে গত বছরের চেয়ে মাত্র ১০ পারসেন্ট বৃদ্ধি পেয়েছে। সমগ্র ভারতবর্ষে ১৭ থেকে ২০ পারসেন্ট বৃদ্ধি পেয়েছে, আর এখানে বৃদ্ধি পেয়েছে মাত্র ১০ পারসেন্ট। তার কারণ এ ব্যাপারে এই সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। এই ৫৪০ কোটি টাকার মধ্যে ৩৮৩ কোটি টাকা পশ্চিমবঙ্গ সরকারের, আর কেন্দ্র দেবে ১৫৭ কোটি টাকা। ১৫৭ কোটি টাকার মধ্যে অনেক টাকা এ্যাডভান্স নিয়ে বসে আছেন। সুতরাং এই টাকা তার সঙ্গে এ্যাডজাস্ট করতে হবে। ৪৯০ কোটি টাকার মধ্যে কেন্দ্রের দেয় ২৫০ কোটি টাকা এবং রাজ্য সরকারের ২০০ কোটি টাকা, এবার ১৮৩ কোটি টাকা, তার উপর ট্যাক্স চাপাতে হবে, টাকা ওঠাতে হবে। সুতরাং পশ্চিমবঙ্গ একটা সঙ্কটময় মুহূর্ত চলছে, অবস্থা যখন খুব খারাপ। পশ্চিমবঙ্গের কিছু মন্ত্রী যেমন জরাজীর্ণ অবস্থা, তাঁরা কিছুই করতে পারছেন না, তেমন পশ্চিমবঙ্গের অবস্থাও জরাজীর্ণ। ৫৪০ কোটি টাকা দিয়ে কোন কাজ করতে পারবেন কিনা জানিনা। শুনছি, সংবাদপত্রে, বেরিয়েছে যে, গত বছরের ৪৯০ কোটি টাকা যা পেয়েছিলেন তারও অনেকটা নাকি তাঁরা খরচ করতে পারেন নি। আজকে আমি অন্যান্য জায়গার হিসাব থেকে দেখাচ্ছি, এবারের যোজানাতে মহারাষ্ট্র পেয়েছে ১৫০০ কোটি টাকা, উত্তরপ্রদেশ পেয়েছে ১২৯০ কোটি, গুজরাট ৯০০ কোটি, মধ্য প্রদেশ ৮৫৫ কোটি টাকা, তামিলনাড়ু—যেখানে কংগ্রেস সরকার নেই—সেখানে ৮৪৫ কোটি, অন্ধ্র—সেখানে কংগ্রেস সরকার নেই, সেখানেও ৮২৬ কোটি টাকা।

বিহারে কংগ্রেস, সেখানে কিন্তু ৬৮১ কোটি। তার কারণ হচ্ছে, পশ্চিম-বাংলা কেরল সেটা কংগ্রেস ছিল, এখন নেই। সেখানে ৫১৫ কোটি। পশ্চিমবাংলায় ৫৪০ কোটি। পাঞ্জাবে কংগ্রেস সরকার, ৪৪০ কোটি। হরিয়ানায় ৪০১ কোটি, রাজস্থানে ৪০১ কোটি (কংগ্রেস), ওরিষ্যা ৩৪৫ কোটি (কংগ্রেস), কেরলে কংগ্রেস ৩২৯ কোটি, আসাম ২৩৮ কোটি এখন কংগ্রেস হয়েছে। সুতরাং দেখা যাচ্ছে এই যে যোজনার টাকা দেওয়া হয়েছে তার কারণ হচ্ছে যোজনা কি হবে না হবে সেটা হচ্ছে ইন্টার্নাল রিসোর্স মবিলাইজেশনের ব্যাপার। আজকে ইন্টার্নাল রিসোর্স

মবিলাইজেশনের ব্যাপারে এই সরকার গত তিন বছরে ফেল করেছে। ইন ওয়েষ্ট বেঙ্গল হয়ার দি কোয়াণ্টাম অফ রিসোর্সেস ফর অ্যাডিশনাল মবিলাইজেশন হ্যাজ্ এ্যাকচুয়ালী গান ডাউন ইন দি লাষ্ট থ্রি ইয়ার্স। স্যার, এই টাকা থেকে ডেভেলপমেণ্ট হওয়া দূরের কথা, সমস্ত টাকা উইল বি ইটেন আপ্ বাই স্যালারিজ্ এ্যাণ্ড আদার কষ্টস্ হুইচ্ আর নট কনেকটেড উইথ দি ডেভেলপমেণ্ট ওয়ার্কস। সুতরাং স্যার, এই টাকা, আপনি শুনে আশ্চর্য হবেন, আমি ঐ ঘরে বসি। বিধানসভার সেক্রেটারী আছেন, স্পীকার আছেন,—আজ এক মাস থেকে সেখানে কালীর পয়সা নেই বলছে। লজ্জা করে না? কলমের নিব কিনবো—পয়সা নেই। বিরোধী দলের নেতা হিসাবে আমাকে পত্রিকা দেওয়া হয়। আমি টেলিগ্রাফ এবং আজকাল নিই। সেই কাগজের বিলও ডিসেম্বর পর্যন্ত বাকী আছে, দিতে পারছে না। সুতরাং একটা সঙ্কটময় অবস্থা, যেখানে বেতন দেবার জন্য চিন্তায় মাস গেছে, কি করে বেতন দিতে পারবো' ডিসেম্বরে ঠিক সময়মত বেতন দেওয়া হয়নি। ডিসেম্বরের বেতন জানুয়ারীতে দিতে পারছে না। এই অবস্থাতে এই রাজ্যে খরা চলছে যেটা দুই পাতার ৪ এবং ৬-তে বলা হয়েছে। কিন্তু এই খরা, আমি বলবো স্যার, এই খরার কথা মাননীয় গভর্ণর বলেছেন। কিন্তু খরার প্রতিকারের জন্য যে সমস্ত কথা বলেছেন সেই সমস্তই অসত্য এবং এই খরা, আমি বলছি, এটা ঠিক গত বছর সাংঘাতিক খরা হয়েছে। কিন্তু আজকের এই অর্থনৈতিক সঙ্কট তার মূলে কি এই খরা? অর্থ নৈতিক সঙ্কটের মূলে কিন্তু খরা নয়। আমি বলবো বামফ্রণ্ট সরকার -এর এই ছয় বছরের নীতির ফল। তার জন্যই এই সঙ্কটময় অবস্থার সৃষ্টি হয়েছে। আজকে আমি বলবো এই সঙ্কটের মূল কারণ হচ্ছে প্রাক্তন অর্থমন্ত্রী শ্রীঅশোক মিত্রর নীতি এই পশ্চিমবাংলাকে দেউলিয়া করে চলে গেছে। বর্তমানে আমাদের মুখ্যমন্ত্রী অর্থমন্ত্রী হয়েছেন। কিন্তু তাঁর মুখে আজ কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বিষোদ্গার নেই, তাঁর সুর নরম হয়ে গেছে। আগেকার অর্থমন্ত্রী কিছুই করতে পারেন নি, কেবল কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সমস্ত দোষ চাপিয়ে গেছেন। মাননীয় অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর সুবুদ্ধি আছে। তিনি জানেন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যদি বেশি কিছু পেতে হয়, সংঘর্ষ করে হবেনা—আপোষের মাধ্যমে ঐ টাকা আদায় করার দরকার আছে। সেই জন্য দরকার হলে মামনীয় মুখ্যমন্ত্রী যদি আমাদের সাহায্য চান আমরা সাহায্য করতে প্রস্তুত আছি।

[3-50—4-00 P. M.]

স্যার, আমি বলতে চাই যে এই সঙ্কটের জন্য দায়ী হলো এই সরকার। তার কারণ হচ্ছে গত ৪-৫ বছর যদি দেখেন, তাহলে দেখতে পাবেন সমস্ত উৎপাদনমুখী দপ্তরগুলিতে কম টাকা এ্যলটমেণ্ট করা হয়েছে। আর সেখানে উৎপাদন হয় না, সেই সব দপ্তরগুলিতে বেশী বেশী টাকা দেওয়া হয়েছে। স্যার, আপনি পুলিশ খাতে দেখুন, সেখানে দেখতে পাবেন কি ভাবে বাজেট বাড়ানো হয়েছে। পুলিশ বাজেটের হিসাব নিলেই বোঝা যাবে কি ভাবে টাকা বাড়ানো হয়েছে।

কিন্তু এগ্রিকালচারে কি ভাবে আস্তে আস্তে বাজেট কমানো হয়েছে। স্যার, আমরা সকলেই জানি যে এগ্রিকালচার হলো একটি উৎপাদনমুখী দপ্তর। সেখানে বাজেট কি ভাবে কমেছে তার একটা হিসাব আমি এখানে দিচ্ছি। ১৯৭৭-৭৮ সালে কৃষি দপ্তরে এ্যালটমেণ্ট ছিল ২৬ কোটি ৯৬ লক্ষ ৭ হাজার টাকা। সেখানে খরচ করা হয়েছে ২২ কোটি ৯৪ লক্ষ ৯ হাজার টাকা। তার মানে ২৬ কোটি টাকা থেকে ২২ কোটিতে নেবে এলো। ১৯৭৮-৭৯ সালে এই খাতে বাজেট বরাদ্দ ছিল ৩৬ কোটি ৭৩ লক্ষ ৬ হাজার টাকা। কিন্তু খরচ করা হয়েছে ২৮ কোটি ৮৬ লক্ষ ৭৫ হাজার টাকা। অর্থাৎ ৩৬ কোটি টাকা থেকে ২৮ কোটি টাকায় নেবে এলো। ১৯৭৯-৮০ সালে এই খাতে বাজেট বরাদ্দ ছিল ৪৬ কোটি ২২ লক্ষ ৪৯ হাজার টাকা, আর খরচ করা হলো ৩২ কোটি ৩ লক্ষ ৮ হাজার টাকা। অর্থাৎ ৪৬ কোটি থেকে ৩২ কোটিতে নেবে এলো। তার মানে হলো আপনারা টাকা খরচ করতে পারছেন না। ১৯৮০-৮১ সালে এই খাতে বাজেট বরাদ্দ ছিল ৫৫ কোটি ৫৬ লক্ষ ২ হাজার টাকা। আর আপনারা খরচ করেছেন ৩৩ কোটি ৩৩ লক্ষ ৬১ হাজার টাকা। অর্থাৎ সমস্ত টাকা খরচ করতে পারলেন না। ১৯৮১-৮২ সালে এই খাতে বাজেট বরাদ্দ ছিল ৪৮ কোটি ৯৬ লক্ষ ৩৪ হাজার টাকা। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন সেখানে খরচ হয়েছে ২৯ কোটি টাকা মাত্র। এই ভাবে প্রতি বছর যা বাজেট ছিল তার চেয়ে ১৫-২০-২৫ কোটি কম খরচ করেছে। কিন্তু এখানে পুলিশ খাতে দেখুন—যেটা উৎপাদনমুখী দপ্তর নয় সেখানে কি ভাবে টাকা খরচ করা হয়েছে। ১৯৭৮-৭৯ সালে পুলিশ খাতে বাজেট বরাদ্দ করা হয়েছিল ৫৬ কোটি ৩৫ লক্ষ ৮৮ হাজার টাকা। ১৯৭৯-৮০ সালে সেই টাকা বেড়ে দাঁড়ালো ৬৪ কোটি ৪৫ লক্ষ ১৯ হাজার টাকা। ১৯৮০-৮১ সালে সেই টাকা আরো বেড়ে হলো ৬৮ কোটি ৭১ লক্ষ ৯২ হাজার টাকা। এই টাকা একচুয়াল খরচ করা হয়েছে। ১৯৮১-৮২ সালে সেটা বেড়ে হলো ৮৯ কোটি ৭৭ লক্ষ ৬৬ হাজার টাকা। এই ভাবে বেড়ে বেড়ে ১৯৮২-৮৩ সালে পুলিশ খাতে বাজেট বরাদ্দ দাঁড়ালো ১০১ কোটি টাকা।

এই হচ্ছে বামফ্রন্ট সরকার। অথচ, এঁরাই একদিন ডাঃ বিধান চন্দ্র রায় পুলিশ খাতে মাত্র ৫ কোটি টাকা খরচ করেছিলেন বলে বলেছিলেন, কি দরকার আছে এই পুলিশ রাখার। আর এই বিধানসভার বিরোধীদলের যিনি সেই সময়ে নেতা ছিলেন তিনি আজ মুখ্যমন্ত্রী, পুলিশমন্ত্রী এবং অর্থমন্ত্রী—তিনি পুলিশ খাতে প্রতি বছর ১০।২০ কোটি টাকা বাড়িয়ে বরাদ্দ করে চলেছেন। গত বছরে এই খাতে বরাদ্দ ছিল ৭৭ কোটি টাকা সেই টাকা বাড়িয়ে ১৯৮১-৮২ সালে করেছিলেন ১০১ কোটি টাকা। সুতরাং আজকে এই সরকারের সামনে যে অর্থনৈতিক সঙ্কট দেখা দিয়েছে তার কারণ হচ্ছে উৎপাদনমুখী কোন খাতে সরকারের ব্যয় করার প্রবনতা নেই, এই সরকার উৎপাদনমুখী খাতে কোন টাকা ব্যয় করার চেষ্টা পর্যন্ত করেন নি। বরং উৎপাদনমুখী খাতে যে টাকা বরাদ্দ ছিল তার চাইতে অনেক কম পরিমাণ টাকা সেই সমস্ত খাতে ব্যয় করেছেন, বাকী টাকা ফেরৎ চলে গেছে। এমনকি মাইনর ইরিগেশান খাতে যে টাকা বরাদ্দ ছিল তাও তাঁরা খরচ করেন নি। অথচ পুলিশ খাতে প্রতি বছরেই ১০।২০ কোটি টাকা বাড়িয়ে চলেছেন। এর কারণ হচ্ছে,

গনতান্ত্রিক আন্দোলনকে দমন করতে হবে, পুলিশের মাধ্যমে এ রাজ্যে পুলিশী রাজ কায়েম করার ইচ্ছা পোষণ করে তাদের সকলকে লেঠেল হিসাবে ব্যবহার করে সমস্ত গনতান্ত্রিক আন্দোলনকে শেষ করার চেষ্টা করেছেন। গত পরশুদিন রানী রাসমনি পার্কে যে ঘটনা ঘটে গেছে—আমাদের তিন-জন এম. এল. এ. কে পুলিশ প্রহার করেছে—তার উপর মাননীয় মুখ্যমন্ত্রী একটা বিবৃতি দেবেন আশা করেছিলাম। প্রহৃত এম. এল. এ.-দের মধ্যে আমাদের চীফ হুইপও আছেন। মুখ্যমন্ত্রী কোন ষ্টেটমেণ্ট পর্যন্ত দিলেন না। কিন্তু পুলিশ হ্যাভ গট নো রাইট টু এ্যাসাণ্ট এনি সিটিজেন অফ দি কানট্রি নট টু স্পীক অফ দি এম. এল. এজ। রাসমনি পার্ক অঞ্চলে একটা জমায়েৎ হয়েছিল, তখন পুলিশ দিয়ে সেখানে চারিদিক ঘিরে ফেলে তাঁদের সকলকে পেটানো হয়েছিল। এটা পূর্ব পরিকল্পিত বলেই আমাদের ধারণা। আমাদের আরও ধারণা সেখানে চীফ হুইপকে মার্ডার করার উদ্দেশ্যেই পুলিশ এই কাজ করেছিল। রাজ্যপালের ভাষণে কলাই, গম, ছোলা প্রভৃতি শস্যের মিনিকীট দেওয়া হয়েছে বলে বলা হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী এগুলি পঞ্চায়েতের মাধ্যমে বণ্টনের জন্য দিয়েছিলেন। কিন্তু এর ডিষ্ট্রিবিউশান ঠিকমত হয় নি, প্রকৃত কোন চাষীকে এগুলি দেওয়া হয় নি। যার জমি-জমা, হাল-বলদ নেই, যাদের জমির সঙ্গে কোন সম্পর্ক নেই সেই সমস্ত মানুষকে লক্ষ লক্ষ টাকার মিনিকীট দেওয়া হয়েছে। এর কারণ হচ্ছে এই সমস্ত মানুষ হচ্ছে দলের ক্যাডার, তাদের সকলকে পাইয়ে দেওয়ার জন্য এই নীতি নেওয়া হয়েছে। এরপরে কূপ ও পুস্করিনী খননের কথা বলি। এই খননের নাম করে ১১ কোটি ২৫ লক্ষ টাকা খরচ করা হয়েছে। জয়ন্তবাবুর এলাকাতে ভাল কাজ হতে পারে, কিন্তু যেখানে জয়ন্তবাবু নেই, সেখানে পুকুর কাটার নাম করে পুকুর চুরি হয়েছে ও হচ্ছে। এই ব্যর্থতার মূল কারণ হচ্ছে যে সমস্ত সেকটার উৎপাদনমুখী, যে সমস্ত ইমর্পট্যাণ্ট সেকটার—এ্যাগ্রিকালচারাল এলাকাগুলিকে অবহেলাতে রাখা হয়েছে দীর্ঘদিন ধরে।

[4-00—4-10 P. M.]

স্যার, এই অর্থনীতির উপর সবচেয়ে বড় আঘাত হেনেছে বিদ্যুৎ। এই বিদ্যুৎ সম্পর্কেই গভর্ণর তাঁর ভাষণে ৫ পাতার ১৩ দফায় বলেছেন। স্যার, আমার মনে হয় যদি এই সরকার সত্যিকারের পাওয়ারের অভাব সম্পর্কে স্বীকার করতেন তাহলে তাদের ধন্যবাদ জানাতাম। বিদ্যুতের ক্ষেত্রে তাঁরা চুড়ান্ত ভাবে ব্যর্থ হয়েছেন। আমাদের সমস্ত উন্নতি বিদ্যুতের সঙ্গে জড়িত। আজকে কি কৃষি কি শিল্প সর্বক্ষেত্রেই বিদ্যুতের অভাবে এগোতে পারছে না। স্যার, গতকালই আপনার এ সম্পর্কে অভিজ্ঞতা হয়েছে, আপনি পর্যন্ত এর থেকে রেহাই পান নি। সুতরাং এই সরকার ৬ বছর পরেও যদি বলে আমারা কিছু করতে পারি নি তাহলে বলবো এই সরকার সরকার নয়। There is no existence of 'Sarkar' in West Bengal.

আমি মনে করি এই সরকারের অস্তিত্ব থাকা উচিত নয়। কয়েকদিন আগেই একজন বিদ্যুৎ মন্ত্রী মারা গেলেন। তিনি খুব অল্প বয়সেই মারা গেলেন এবং তারজন্য আমরা খুবই দুঃখিত। তারপরে আরেকজন মন্ত্রী ওই পদে এলেন। তিনি শ্রমমন্ত্রী এবং শ্রমবিভাগের যিনি বড় কর্তা তিনি যেদিন থেকে ওথ নিয়েছেন সেইদিন থেকেই মানসিক অসুস্থ। আজকে মন্ত্রীমণ্ডলির মধ্যে অর্থাৎ ৪৪ জন মন্ত্রীর মধ্যে সিকি ভাগ অর্থাৎ প্রায় ওথান ফোর্থ অফ দি টোটাল মিনিষ্টার জরাগ্রস্থ, শীর্ণ তাঁরা কাজে যোগ দিতে পারছেন না। আমি কামনা করছি তাঁরা যেন শীঘ্র আরোগ্য লাভ করেন। কিন্তু কতদিন স্যার এইভাবে চলতে পারে? এই সরকার জুন মাসে প্রতিষ্ঠিত হয়েছে তখন থেকেই কিছু মন্ত্রী কাজে যোগ দিতে পারছেন না। আমার মনে হয় এক্ষেত্রে উচিৎ ছিল যাঁরা কাজে যোগ দিতে পারছেন না তাঁরা পদত্যাগ করে যে সমস্ত ইয়ং বসে আছেন তাঁদের চ্যান্স দেওয়া উচিত। কিন্তু সেই জিনিস আপনারা করছেন না। আপনি জানেন স্যার, মুদ্রন শিল্প আমাদের একটা পথিকৃৎ। এই মুদ্রন শিল্পে আজকে বিদ্যুতের অভাবে হাজার হাজার কর্মী ছাঁটাই হতে চলেছে। আজকে শিল্পে হাজার হাজার কর্মী ছাঁটাই হচ্ছে। আজকে কৃষিক্ষেত্রে বিদ্যুৎ না পাওয়ার ফলে চাষীরা জল পাচ্ছে না। তারফলে তাদের চোখের সামনে ফসল নষ্ট হয়ে যাচ্ছে। সেখানে ফসল হলে গ্রামের লোকেরা কাজ করার সুযোগ পাবে। সুতরাং তারা এই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। কি গ্রামে কি গঞ্জে সর্বত্রই বিদ্যুতের বিভ্রাট দেখা যাচ্ছে। এরফলে সরকারের অর্থ-নৈতিক সঙ্কটময় পরিস্থিতি দেখা দিয়েছে। এর কারণে কি রেসপনসিবিল সরকার দায়ী নয়? জ্যোতিবাবু এবং বামফ্রন্টের মন্ত্রীরা বিশেষ করে বড় বড় শরিকদেরই আমরা দায়ী করবো। আজকে ব্যাণ্ডেলের পঞ্চম ইউনিট বন্ধ হতে চলেছে। আপনারা বলেছেন যে স্যাবোটেজ হচ্ছে। অথচ এই স্যাবোটেজের ফলে আপনারা কয়েকজন ব্যক্তিকে বরখাস্ত করেছেন। এই বরখাস্তের ফলে কি আপনাদের উৎপাদন বেড়েছে? আপনারা দলের লোকের কথামত দলের স্বার্থ রক্ষা করার জন্য এই কিছু কর্মচারীকে আপনারা বেছে বেছে ছাঁটাই করেছেন। বিদ্যুতের ক্ষেত্রে এই রকম অবস্থা চলছে। আজকে যেখানে বিদ্যুতের এই অবস্থা সেখানে আমাদের মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন যে এমন একটা অবস্থা কায়েম করবো যাতে ন্যায় ভিত্তিক সমাজ ব্যবস্থা প্রবর্ত্তন করতে পারি।

এই সরকারের মুরদ নেই কিছু করার অথচ বলা হচ্ছে ন্যায় ভিত্তিক সমাজ ব্যবস্থা। বিদ্যুত নেই, জল নেই, ছাঁটাই, লক আউট চলছে এবং যার ফলে সমস্ত জায়গায় একটা ভীষণ অবস্থা চলছে। এর উপর ল এণ্ড অর্ডার আছে। রাজ্যপাল হচ্ছে, হবে বলছেন, কিন্তু কি হচ্ছে তা বলছেন না। তিনি বলেছেন হওয়া উচিত, হওয়ার চেষ্টা করছি, আরও করার দরকার হবে—অর্থাৎ এই সব কথা বলে ভাষণ শেষ করেছেন। মনে হচ্ছে ক্লাস ফাইভের একটা ছেলে রচনা লিখে দিয়ে রাজ্যপালের হাতে তুলে দিয়েছেন। ল এণ্ড অর্ডার সম্বন্ধে বলা হয়েছে ১৯৮২ সালে এই রাজ্যের সামগ্রিক আইন শৃঙ্খলা পরিস্থিতি আগের মত মোটামুটি শান্তিপূর্ণ্য ছিল। কিন্তু আমাদের দলের চীফ হুইপের একটা প্রশ্ন ছিল—**Will the Minister-in-Charge of the**

Home Department be pleased to State how many murders have been committed in the State Since the installation of first Left Front Government ? In reply to that the Home Minister, Shri Jyoti Basu told that the total numbers of murders upto August 1982, is 6661. এটা রেকর্ড। আমি চ্যালেঞ্জ দিয়ে বলছি এই সরকারকে যে তাঁরা আসার আগে আমাদের সময়ে এর অর্ধেক মার্ডার যদি দেখাতে পারেন তাহলে আমরা এই হাউসে থাকবো না। ২৩-২-৮২ তারিখে জ্যোতিবাবু আরও বলেছেন শনিবার মহাকরণে সাংবাদিকদের কাছে যে এখানে খুন, ডাকাতি আমাদের আমলে খুব বেড়েছে, বিশেষ করে ব্যাঙ্ক ডাকাতি। রাজ্যের আই. জির হিসেবে ১৯৭৭ সালে খুন হয়েছে ৮৪৪ জন, ১৯৭৮ সালে ৯৩২ জন, ১৯৭৯ সালে ১০৯০ জন, ১৯৮০ সালে ১২৯০, এবং ১৯৮১ সালে ১৪৩৫ জন। ডাকাতি এই ৫ বছরে বেড়েছে আগের বছরগুলির তুলনায় ২০০। ১৯৭৭ সালে ডাকাতি ছিল ১০৪২, ১৯৮১ সালে সেটা হল ১২১৬। ব্যাঙ্ক ডাকাতি ১৯৭৯ সালে ১টি, ১৯৮১ সালে ৪০টি। ২৬শে জুন থেকে ২৫শে আগষ্ট পর্যন্ত খুন ৪৮৪, ধর্ষন ৪০,—এটা নূতনভাবে আমদানী হয়েছে এদের আমলে এবং আসামী প্রায় সি. পি. এমের লোক—ব্যাঙ্ক ডাকতি ২২, পুলিশের গুলি চালনার ঘটনা ৬৬। ৮ই জুন থেকে ৩০শে জুন পর্যন্ত ২৩ দিনে খুনের সংখ্যা ৭৯, ধর্ষণ ৯, ব্যাঙ্ক ডাকাতি ৩ এবং গুলি ৮ বার চলে। জুলাইয়ের প্রথম ১৪ দিনে খুন ৬৩, ব্যাঙ্ক ডাকাতি ৩, ধর্ষন ৩, গুলি চলে ৮ বার। ১৬ জুলাই থেকে ১৫ আগষ্ট পর্যন্ত ৩১ দিনে খুন ১০৪। অথচ রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন ১৯৮২ সালে এই রাজ্যের সামগ্রিক আইন শৃঙ্খলার পরিস্থিতি আগের মত মোটামুটি শান্তিপূর্ণ ছিল। হাজার মানুষ খুন হবার পর, এতগুলি ডাকাতি হবার পর যদি বলেন শান্তিপূর্ণ ছিল তাহলে সেটা কম্যুনিষ্টদের বিচারে শান্তিপূর্ণ হতে পারে, জনসাধারণ একে শান্তিপূর্ণ বলবেন না।

[4-10—4-20 P. M.]

জনগণ কখনও এটাকে শান্তিপূর্ণ বলতে পারেন না। আজকে মানুষের রক্তের দাম জীবনের দাম রুটির চেয়ে কমে গেছে। আজকে দিনের পর দিন মানুষ খুন হচ্ছে। সমস্ত এ্যাডমিনিষ্ট্রেশান কলাপ্স করেছে, তাঁরা এরজন্য কোন রকম ব্যবস্থা অবলম্বন করছেন না। আজকে তাঁরা বলছেন যে তাঁরা একক সংখ্যা গরিষ্ঠ, সি পি এম বামফ্রন্ট বিপুল মেজরিটি নিয়ে আছে। আজকে তাঁরা যেখানে হাত দিয়েছেন সেখান থেকে সমস্ত সম্পদ হাওয়া হয়ে উবে গেছে। পশ্চিমবঙ্গকে তাঁরা নিজের পায়ে দাঁড় করাবার চেষ্টা করেননি। কৃষি ক্ষেত্রে ১২ লক্ষ মেট্রিক টন গম আমাদের আমলে হয়েছে, সেই গম ওঁদের আমলে ৩॥ লক্ষ মেট্রিক টনে নেমেছে।

তারপর পরিবহনের ব্যাপারে মাননীয় রাজ্যপাল সম্পূর্ণ নিশ্চুপ। তিনি পরিবহন নিয়ে একটা কথাও বলেননি। সুতরাং পরিবহনের অবস্থা যে খারাপ সেকথা তিনি স্বীকার করেছেন।

পরিবহনের অবস্থা খারাপ কেন ? এতবড় জাঁতবেল যার চীফ মিনিষ্টার, এতবড় যাদের পার্টি, বাসের রঙ যারা লাল করে দিল সেই পরিবহনের অবস্থা খারাপ কেন ? আজকে একজন এম এল এ-কে চেয়ারম্যান করা হয়েছে অর্ডিন্যান্স করে। কর্পোরেশানের মাথায় পার্টির লোককে বসিয়ে দেওয়া হয়েছে, তা না হলে টাকা লুঠ করা যাচ্ছে না। শ্যামলবাবু শ্রদ্ধেয় ব্যক্তি, আমি তাঁকে দোষ দিচ্ছি না, আমি সিস্টেমের দোষ দিচ্ছি, তাঁকে চেয়ারম্যান করে দিয়েছেন। আবার শুনছি তিনি পাবলিক আণ্ডারটেকিং কমিটির মেম্বার। পাবলিক আণ্ডারটেকিং কমিটি যে কমিটি এই সমস্ত দেখবেন তাঁরা যদি আজকে চেয়ারম্যান হন আর সেখানে যদি চুরি বা অন্যায় কিছু হয় তাহলে সেগুলি তাঁরা দেখবেন কি করে ? আজকে রক্ষক হচ্ছেন ভক্ষক। আজকে সেই রক্ষক ভক্ষক হয়ে সেখানে শ্যামলবাবুকে বসিয়ে দেওয়া হয়েছে টাকা লুঠবার জন্য। ট্রান্সপোর্ট মিনিষ্টার রিভাইজড ভাড়ার একটা আচমকা স্টেটমেণ্ট করলেন। তিনি ভাড়া বাড়ান হবে এই কথা বলেছেন কিন্তু হার বলেননি। আজকে সংবাদপত্রে দেখা যাচ্ছে হার বেরিয়ে গেছে। পঞ্চাশ দশকে এক পয়সা ট্রামের ভাড়া বেড়েছিল বলে বর্তমানে এই সরকারে যাঁরা আছেন তাঁরা ট্রাম বাস পুড়িয়ে ছিলেন।

অথচ আজকে দেখছি সেখানে ১০/২০/৩০ পয়সা পর্যন্ত বেড়েছে। ১ পয়সা ভাড়া বৃদ্ধির জন্য যাঁরা ট্রাম, বাস পুড়িয়েছিলেন আজকে তাঁরা এই কাজ করছেন। আর ওদিকে দেখুন, কেরালায় বাস-এর ভাড়া বৃদ্ধির জন্য সি পি এম প্রতিবাদ করছেন। ভারত সরকার যখন ইণ্টার-ন্যাশনাল মনিটারি ফাণ্ড থেকে ধার নেন তখন এঁরা বলেন দেশের সার্বভৌমত্ব বিক্রি করে দিল। কিন্তু ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছ থেকে টাকা নিতে এঁদের কোন লজ্জা নেই। এঁরা আমেরিকা থেকে টাকা এনে এখানে বাস পরিচালনা করছেন, ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায় বাস কিনেছেন অথচ মুখে বলছেন আন্তর্জাতিক অর্থভাণ্ডার থেকে কেন্দ্রীয় সরকার টাকা এনে দেশের সার্বভৌমত্ব বিকিয়ে দিয়েছেন। স্যার, এঁদের নীতি হচ্ছে সুবিধাবাদী নীতি—অর্থাৎ যখন যেমন দরকার তখন তেমন কর। প্রয়োজনে এঁরা এক পা এগুবে, দু পা পেছুবে—অর্থাৎ ওয়ান স্টেপ ফরওয়ার্ড, টু স্টেপস্ ব্যাকওয়ার্ড এবং সেই জন্যই পরিবহনের ক্ষেত্রে এই ভাড়া বাড়ছে। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞেস করছি, তিনি কি বলতে পারবেন এইভাবে ভাড়া বাড়িয়ে তিনি কি ঘাটতি পূরণ করতে পারবেন ? ক্যান ইউ গিভ এনি গ্যারাণ্টি, ইউ ক্যান নট। যেখানে কর্মচারীদের মধ্যে বিশৃঙ্খলা রয়েছে, এক একটি বাস-এর পেছনে যেখানে ২৬/২৭ জন কর্মচারী রয়েছে এবং যাঁরা আইডেল হয়ে বসে আছেন সেখানে আপনি কি বলতে পারবেন এই অবস্থা চললে ঘাটতি কমবে ? আপনারা বেসরকারী বাস-এর হিসেব দিয়ে বলেছেন তাদের ক্ষতি হচ্ছে। অর্থাৎ আপনারা এখন বেসরকারী বাস-এর গার্জিয়ান হয়েছেন, বেসরকারী বাস-এর মালিকের পক্ষের দালাল আপনারা। কিন্তু মানুষ যে এখানে বাদুরঝোলা হয়ে যাচ্ছে সেদিকে আপনাদের খেয়াল কোথায় ? আপনারা বোম্বে, মাদ্রাজের উদাহরণ দিয়েছেন। কিন্তু সেখানে দেখেছি কেউ বাদুরঝোলা হয়ে বাস-এ যায় না, মানুষ সেখানে বাস-এ বসে যাতয়াত করে। আপনারা ছাগল, গরুর মত মানুষকে বাস-এ নিয়ে যাচ্ছেন। মানুষকে সুবিধা সুযোগ না দিয়ে এই যে ভাড়া বাড়ান হচ্ছে আমরা তার প্রতিবাদ করেছি।

এবারে আমি দমদম সেণ্ট্রাল জেলের ব্যাপার নিয়ে কিছু না বলে পারছিনা। এই ব্যাপারটা হাইকোর্টে জাষ্টিস্ বড়ুয়ার কোর্টে আছে। স্যার, আমি জানিনা এই সরকার অসভ্য সরকার, না সভ্য সরকার। এঁরা এই ব্যাপারটা এড়িয়ে যাচ্ছেন কিন্তু গতকালের "টেলিগ্রাফে" বেরিয়েছে, "সেমলেস্নেস্ অব দি ওয়েস্ট বেঙ্গল গভর্ণমেণ্ট"। দমদম জেলে লুনাটিক্স্-দের যেভাবে রাখা হয়েছে সেই ব্যবস্থা কোন সভ্য দেশে নেই। আমাদের ভূতপূর্ব কারামন্ত্রী দেবব্রতবাবু বাইরে থেকে কিছুটা ঘোরাফেরা করেছিলন, কিন্তু তেমন কোন ফল হয় নি। তাঁর হাত থেকে পঞ্চায়েত দপ্তর নিয়ে নেওয়া হয়েছে।

**মিঃ স্পীকার ঃ** মিঃ সাত্তার একটা ম্যাটার যদি সাবজুডিস থাকে তাহলে তার ফটোগ্রাফি বা পেপার কি অ্যাসেম্বলী প্রসিডিংস-এ আনা যায়? সে সম্বন্ধে কি আলোচনা করা যায়?

[4-20—4-30 P.M.]

**Shri Rajesh Khaitan :** I am to Inform that the Hon'ble High Court, Calcutta has been pleased to make the Rule absolute against the Authorities concerned and the Hon'ble Mr. Justice P. C. Barooah has been pleased to lift the ban on publication of the photographs in the public interest except for one photograph.

**Mr. Speaker :** I am on the question of contempt of Rule. The matter is still subjudice. If the matter is subjudice it cannot be discussed in the House.

( Noise and interruption )

Several members rose to speak.

**Shri Rajesh Khaitan :** I am not supposed to know whether contempt of Rule is pending or not as I am not a party to it.

( গোলমাল )

**শ্রীআবদুস সাত্তার ঃ** স্যার, পরশু খবরের কাগজে বেরিয়েছে এই দমদম জেলের ঘটনা নিয়ে......

**মিঃ স্পীকার ঃ** আপনি যেটা বলছেন এটা ছাপা হবে না—এটা কোনও রেকর্ড হবে না। এটা প্রেস ছাপবে না।

( গোলমাল )

**শ্রীজয়নাল আবেদিন :** On a point of Order.

( গোলমাল )

**শ্রীশ্যামল চক্রবর্তী :** মিঃ স্পীকার স্যার, এতক্ষণ ধরে আমি বিরোধী পক্ষের নেতা আবদুস সাত্তারের বক্তৃতা শুনছিলাম······

( গোলমাল )

**Shri Shyamal Chakraborty :** মাননীয় স্পীকার মহাশয়, আমি এতক্ষণ ধরে মাননীয় বিরোধী দলের নেতা আবদুস সাত্তারের বক্তৃতা শুনছিলাম।

( Noise )

**Mr. Speaker :** শ্যামলবাবু, আপনার বক্তব্য আপনি বলে যান।

**Shri Suniti Chattaraj :** স্যার লিডার অফ দি অপোজিসনের বক্তব্য রেকর্ড করতে হবে।

**Shri Abdus Sattar :** স্যার আজকেই জাজমেণ্ট বেরিয়েছে। কাজেই এই ব্যাপারে বলার কোন বাধা নেই।

**Mr. Speaker :** সাত্তার সাহেব আপনি একটু বসুন, আমাকে বলতে দিন। আমি আবার বলছি, ফটোগ্রাফ ছাপার ব্যাপার নিয়ে একটি কণ্টেম্পট রুল ইস্যু হয়েছে। The contempt rule is still pending according to my information. I specifically ask Mr. Rajesh Khaitan to enlighten me whether the contempt rule has been disposed off or not ?

**Shri Rajesh Khaitan :** Mr. Speaker, Sir, Hon'ble Mr. Justice P. C. Barua had passed an order of injunction that this photograph

( Noise )

**Shri Speaker :** My question is regarding the contempt of rule.

**Shri Rajesh Khaitan :** Sir, I am explaining the background. It is my duty. Sir, there was an order of injunction against the publication of this photographs. Inspite of that the photograph had been published and for violation of that injunction order the state government moved for contempt and contempt rule has been issued. Today the Hon'ble High Court has been pleased to vacate the contempt order permitting the publication of press photograph. Therefore the subject matter which is pending before the High Court as to why the order of the High Court not permitting the publication of the photograph was violated. It is only that issue. The photograph is not the issue.

**Mr. Speaker :** The question is on that date the photograph is published there was a ban on the publication of the photograph. On the violation of the ban a contempt rule has been issued. Has that rule been disposed off or not ? Say yes or no ?

**Shri Rajesh Khaitan :** Sir, I do not know the particulars.

( Noise )

**Shri Abdus Sattar :** স্যার আই রাইজ অন এ পয়েণ্ট অফ অর্ডার। আমার বক্তব্য হচ্ছে, আপনি ফটোগ্রাফটা বাদ দিয়ে দিন, কিন্তু সবটা এক্সপাঞ্জ করার কথা বলতে পারেন না। আমি দমদমের বিভীষিকাময় অবস্থার কথা আপনার সামনে তুলে ধরছি। আপনি তো এটা এক্সপাঞ্জ করার কথা বলে দিয়েছেন।

**Mr. Speaker :** Because the matter is subjudice even today.

**Shri Abdus Sattar :** Sir, I like to say something about the contempt rule. Mr. Justice Barooah observed at the end that he expects the condition would improve in future and the Govt. would take necessary steps for the purpose of improving the jail condition.

His lordship in the public interest lifted "the ban" which was imposed for publishing the photograph but specifically directed that the photograph

taken by Shri Tarun Gangully of a "political prisoner" should under no circumstances be published.

[4-30—4-40 P.M.]

**Dr. Zainal Abedin :** Sir, on a point of order. I accept with all humility your ruling that the matter is subjudice with regard to the contempt rule. The leader of the Opposition has referred to the contents of the writing and not referred the photograph.

( Noise )

**Mr. Speaker :** He has showed the photograph. I think you know Justice Barua has said that this should not be used. Yesterday you also said so.

( Noise )

**Dr. Zainal Abedin :** Sir, if the matter is subjudice even then there is no bar in the parliamentary convention to make a reference without any substantive discussion and the Leader of the Opposition has referred this. He has not made any substantive remark on it. He has referred the matter only......( noise )......He has demanded a substantive discussion. Discussion may be limited but reference cannot be denied. He has made a reference only. This cannot be denied under the rule. Reference is permissible even if the matter is subjudice. If you permit, I may bring a journal from the library and show you that there has been a provision for making reference. So it is clear that reference is permissible.

( Noise )

**Mr. Speaker :** When the matter is subjudice, I will not allow it.

( Noise )

**Shri Abdus Sattar :** Being a Speaker, you cannot be partial. You should be neutral. ( Noise )......I am reading from the patrika. In the Telegraph which has been published recently, there has been no contempt of rule against the press. Sir, you are saying something which I have not said.

( Noise )

**Mr. Speaker :** You have shown the photograph on which there is contempt of rule. So I will not allow this.

( Noise )

( At this stage several members rose to speak )

**Mr. Speaker :** এবার শ্যামলবাবু বলুন।

**শ্রীশ্যামল চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধরে বিরোধী পক্ষের নেতা সাত্তার সাহেবের বক্তৃতা শুনছিলাম।

( নয়েজ )

স্যার, সমস্ত বক্তৃতা শুনে আমার মনে হল...

( নয়েজ )

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** We are not your servents. You can't do this. আদার ছ্যান ফটোগ্রাফ যে সমস্ত বিষয়ে কোন সাবজুডিস নেই সে সেগুলি আপনি যে কোন সময়ে এক্সপাঞ্জ করবেন, এটা হয় না।

( এই সময়ে অনেক সদস্য এক সঙ্গে বলতে লাগলেন )

**মিঃ স্পীকার ঃ** নাউ শ্রীশ্যামল চক্রবর্তী।

**শ্রীশ্যামল চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিরোধী দলের নেতা সাত্তার সাহেবকে অনুরোধ করছি যে আমাকে যদি বলতে না দেওয়া হয় তাহলে আপনারাও কালকে বলতে পারবেন না। আজকে আমাকে যদি বলতে দেওয়া না হয় তাহলে কালকে এ' দিকের কোন বক্তাকে বক্তৃতা করতে দেবনা।

( গোলমাল এবং বাধাদান )

**শ্রীআবদুস সাত্তার ঃ** আমি আপনাকে বলছি, আপনি এটা এক্সপাঞ্জ করবেন না।

**শ্রীশ্যামল চক্রবর্ত্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিরোধী দলের নেতাকে অনুরোধ করছি যে আমাকে বলতে দিন। যদি আমাকে ওরা বলতে না দেন তাহলে আগামীকাল থেকে ওদেরও বলতে দেওয়া হবেনা।

( গোলমাল এবং বাধাদান )

( এ্যাট দিস ষ্টেজ সেভারেল মেম্বারস রোজ ইন দেয়ার সিটস )

**ডঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আই রাইজ অন এ পয়েন্ট অব প্রিভিলেজ। আই এ্যাপীল টু ইউ টু কনসিডার দি ম্যাটার এ্যাজ এ ডিসপুট হ্যাজ এ্যারাইজেন।

( নয়েজ এ্যাণ্ড ইন্টারাপশান )

[4-40—4-50 P. M.]

( গোলমাল )

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আই রেইজ্ অন এ পয়েন্ট অফ্ প্রিভিলেজ, আণ্ডার রুল ২২৯। আমি আপনার কাছে এ্যাপিল করছি—এ ডিসপুট হ্যাজ্ এ্যারাইজন,—স্যার, আপনাকে আমি নতি স্বীকার করতে বলতে পারি না, কিন্তু আপনার উইসডমের কাছে আমার এ্যাপিল, আপনি আধ ঘন্টার জন্য হাউস এ্যাডজোর্ন করে এবিষয়ে আলোচনা করুন এবং লেট্ দি ডেলিবারেসন্স কনটিনিউ ইন দি হাউস। স্যার, হাউস যাতে চলে সেরকম ব্যবস্থা আপনি করুন, ইউ কল দি লীডার অফ্ দি অপোজিসন। হাউস আধ ঘন্টার জন্য বন্ধ রেখে আপনি তাঁর সঙ্গে আলোচনা করুন।

**শ্রীশ্যামল চক্রবর্ত্তী ঃ** আমাকে বলতে না দিলে, কালকে আমি ওদেরও কাউকে বলতে দেব না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** সবাইকে বলতে দিতে হবে। Sir, people out side have the right to know the deliberations here we have also the right to continue the deliberations. স্যার, আমি আপনার কাছে নিবেদন করছি, আপনি হাউস এ্যাডজোর্ন করুন ফর হ্যাফ্ এ্যান আওয়ার। Call the leader of the opposition. Let there be calm deliberattions. I again appeal to you Sir.

**মিঃ স্পীকার ঃ** আমি আবার সমস্ত সদস্যদের বলছি যে, হাউসের একটা মান মর্যাদ আছে, হাউসের একটা রেসপেক্ট আছে এবং we are guided by certain rules an precedure. The matter is Sub-judice. যত দিন আমি স্পীকার থাকব তত দিন আমি কোন সাব-জুডিস ম্যাটার নিয়ে এখানে আলোচনা করবার সুযোগ দেব না বা উল্লেখ করতে এ্যালাউ করব না। মিঃ খৈতান has not been able to inform me anything as regard contempt of rule whether it has been disposed of for not. The contempt is pending and so it Sub-judice সুতরাং এ বিষয়ে আলোচনার কোন প্রশ্নই উঠতে পারে না এখন এখানে যদি আপনারা মনে করেন যে, আপনারা আপনাদের অপজিশনের শক্তি ব্যবহার করে হাউস চালাতে দেবেন না বা রাজ্যপালের ভাষণের ওপর আলোচনা করতে দেবেন না, তাহলে আমি গভর্ণর'স এ্যাড্রেস ওয়াইণ্ড্-আপ করে দেব। আপনারা যদি মনে করেন গভর্ণর'স এ্যাড্রেস নিয়ে আলোচনা করবেন না, তাহলে আমার কিছু বলবার নেই, আই উইল স্টার্ট দি নেকস্ট বিজনেস।

**শ্রীদীপক সেনগুপ্ত ঃ** স্পীকার স্যার, এটা ঠিকই যে, যে কোন সময়েই হাউসে যে কোন বিশেষ জরুরী বিষয় উত্থাপন হতে পারে, কিন্তু সেগুলি উত্থাপন করবার কতগুলি নির্দিষ্ট পদ্ধতি আছে। আজকে এখানে রাজ্যপালের ভাষণের ওপর আলোচনা হচ্ছে এবং বিরোধী পক্ষের নেতা সেই আলোচনার সুযোগ নিয়ে তাঁরা যা বলবার তা তিনি বলেছেন। আমরা মন দিয়ে তাঁর বক্তব্য শুনেছি। কিন্তু তারপরে আমাদের পক্ষের প্রথম বক্তাকে আপনি যখন বক্তৃতা দিতে ডাকলেন তখন ওঁরা তাঁকে বক্তৃতা রাখতে বাধা দিচ্ছেন। ওঁরা যে বিষয়টি নিয়ে এখানে গোলমাল করছেন সে বিষয়টির ওপরে আপনি ইতি পূর্বেই আপনার রুলিং দিয়েছেন। ( গোলমাল ) স্যার, আপনি আমাকে বলতে দিয়েছেন, অথচ ওঁরা এইভাবে বাধা দিচ্ছেন। আমি ওঁদের বলছি, গো অন হাউলিং এ্যাণ্ড আই স্যাল বি স্টাণ্ডিং হিয়ার। আমাদের যদি বলতে দেওয়া না হয়, তাহলে আমরাও ওদের বলতে দেব না। ওঁরাই শুধু এই সুযোগ নেবেন, তা হতে পারে না। যখন জয়নাল সাহেব বলবেন, সাত্তার সাহেব বলবেন, সুনীতি বাবু বলবেন, তখন তাঁরাও বলতে পারবেন না, তখন আমরাও চিৎকার করব। সুতরাং এই ভাবে হাউস চলতে পারে না। ওঁদের কোন একটা পয়েন্টে যদি কোন আপত্তি থাকেও সে সম্বন্ধে ইতিমধ্যেই স্পীকার রুলিং দিয়ে দিয়েছেন। তথাপি গোলমাল করার কোন অর্থ হতে পারে না। সব চেয়ে বড় কথা হচ্ছে ওঁরা ওঁদের বক্তব্য নিশ্চয়ই রাখতে পারেন, কিন্তু তা বলে 'স্পীকার বায়াস্ট' একথা কখনই বলতে পারেন না। এটা একটা অত্যন্ত বড় এ্যাসপারসন। কোন না কোন সময়ে কোন না কোন দলের লোকই স্পীকার হ'ন কিন্তু স্পীকার হবার পরে তাঁকে নিরপেক্ষ ধরে নেওয়া হয়। ( শ্রীসত্যরঞ্জন বাপুলী—জ্ঞান দিচ্ছে। ) হ্যাঁ জ্ঞান দিচ্ছি। জ্ঞান দিতে হবে কারণ মানুষ ভুল করে কিছু অর্বাচীনকে পাঠিয়েছে, সুতরাং তাঁদের জ্ঞান দিতেই হবে।

সুতরাং আমার কথা হচ্ছে যে, এইভাবে হাউস চলতে পারে না। অপোজিসান যখন বলছেন তখন আমরা ধৈর্য-সহকারে শুনছি। আমরাও শুনছি এবং রিপোর্টাররাও শুনতে পাচ্ছে।··· (গোলমাল) কিন্তু শ্যামলবাবু যখন বলতে চাচ্ছেন তখন তাঁকে বলতে দেওয়া হচ্ছে না। স্পীকারের রুলিং-এর পর আপনারা বলতে পারেন না। এই অবস্থায় হাউস চলতে পারে না। গভর্নর'স এ্যাড্রেস ইম্পর্টাণ্ট ব্যাপার। বিরোধিপক্ষ যখন আলোচনা করবেন তখন আমরা শুনবো এবং কিছু শিক্ষা নেবো। কিন্তু তার সাথে সাথে আমাদের কথাও শুনতে হবে। আমরা যখন বলবো তখন গণ্ডগোল হবে—এটা চলতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি রুলিং দিয়েছেন তারপর শ্যামলবাবুকে ডেকেছেন। কিন্তু শ্যামলবাবু বলতে পারেননি। আপনি পরবর্তী বক্তাকে ডাকুন, হাউস চলুক।

**শ্রীআবদুস সাত্তার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্ত এ্যাপ্রোচটা বোধ হয় রং হয়ে যাচ্ছে। অবশ্য আমি বলছি না যে আপনি পারপাসফুলি করছেন কিন্তু রং হয়ে যাচ্ছে। একটা পত্রিকা সানডে-তে কতকগুলি ফটো বেরিয়েছে ষ্টার্ক ন্যাকেড ফটো—এই কথা আমি বলেছি। কিন্তু প্রশ্ন হচ্ছে সেই ব্যাপারে কনটেম্পট্ রুল হয়েছিল। দ্যাট হ্যাজ বিন ডিসপোসড অফ টু-ডে।

**মিঃ স্পীকার ঃ** কনটেম্পট্ রুল ডিসপোসড অফ হয়নি।

**শ্রীআবদুস সাত্তার ঃ** আমি যেটা পড়েছিলাম ২০ তারিখে টু দমদম······

**মিঃ স্পীকার ঃ** এটা আপনি পড়তে পারেন না। সাবজুডিস ম্যাটার।

**শ্রীআবদুস সাত্তার ঃ** আপনি খুব রেষ্টলেস্ হয়ে যাচ্ছেন। আপনি খানিকটা ধৈর্য ধরে শুনুন। এখানে লেখা আছে, টু দমদম জেল ওয়ার্ডেন্স সাসপেনডেড, শেম্‌লেসনেস অফ ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেণ্ট বাই এম. জি. আকবর—এখানে আমি এইটা বলেছি। এইটা আমি পড়লাম, আপনি পড়তে অ্যালাউ করলেন না, এক্সপাঞ্জ করলেন।

**মিঃ স্পীকার ঃ** ডিবেটে আপনি পড়তে পারেন না। ইউ ক্যান অন্‌লি রেফার টু সার্টেন এক্সপার্টস।

(গোলমাল)

**শ্রীআবদুস সাত্তার ঃ** আপনি নতুন। আমি ১৯৬৫ সাল থেকে এই হাউসে আছি। কোনটা বলা যায় এবং কোনটা যায় না সেটা আমি জানি।

(গোলমাল)

২ জনকে সাসপেণ্ড করেছে। তার কারণ হচ্ছে সেখানকার জঘন্য অবস্থার কথা তারা রিপোর্ট করেছিল টেলিগ্রাফের রিপোর্টারকে।

**মিঃ স্পীকার ঃ** আপনি সাসপেনসানের কথা বলতে পারেন কিন্তু দমদম জেলের ব্যাপারে ডিটেল্সে যেতে পারেন না। এটা সাবজুডিস কেস।

**শ্রীআবদুস সাত্তার ঃ** দুজন জেল ওয়ার্ডেন্সকে সাসপেণ্ড করা হয়েছে দমদম জেলে। তাদের বিরুদ্ধে যে চার্জশীট দেওয়া হয়েছে তার ফটোগ্রাফ আছে।

**মিঃ স্পীকার ঃ** আপনি ফটোগ্রাফ দেবেন না।

**শ্রীআবদুস সাত্তার ঃ** ফটোগ্রাফ মানে জেরক্স কপি। ২ জনকে সাসপেণ্ড করা হয়েছে। এই ২ জন ওয়ার্ডেন্সকে সাসপেণ্ড করার ওন্‌লি কারণ হচ্ছে তারা সেখানকার বিভীষিকাময় অবস্থার কথা রিপোর্টারদের জানিয়ে দিয়েছেন। তাই এম. জি. আকবর লিখেছেন পশ্চিমবঙ্গ সরকারের নির্লজ্জতা।

**মিঃ স্পীকার ঃ** আপনি এম. জি. আকবরকে রেফার করতে পারেন না।

[ 4-50—5-00 P. M. ]

**শ্রীআবদুস সাত্তার ঃ** আমি বলছি, এম. জি. আকবর যাই বলুন না কেন ২ জন ওয়াডারসকে সাস্‌পেন্ড করা হয়েছে। সেখানে যে রকম খারাপ অবস্থা চলছে, তাতে সুপারিন্‌টেণ্ডেন্ট, জেলরের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়নি।

**মিঃ স্পীকার ঃ** আবার জেলখানার কথা উল্লেখ করছেন?

**শ্রীআবদুস সাত্তার ঃ** দমদম জেলের কথা বলতে পারা যাবে না, এটা ঠিক নয়। দমদম জেলের মধ্যে যে বিভীষিকাময় অবস্থা রিপোর্ট করার জন্য দুজনকে সাস্‌পেণ্ড করা হয়েছে, যারা টাকা আত্মসাৎ করেছে, রোগীদের পয়সা নিয়ে ছিনিমিনি খেলেছে সেই সমস্ত মানুষকে প্রোটেকসান দেওয়া হচ্ছে দুজনকে সাসপেণ্ড করে। আমার মনে হয় এই সরকার জেলের কোন উন্নতি করা তো দূরের কথা, সেখানে একটা অমানবিক আচরণ করেছেন। সুতরাং যাতে এই রকম আচরণ না হয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জেল মন্ত্রী এবং আমাদের হোম মিনিষ্টার মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। দুজনকে সাসপেণ্ড করা হয়েছে, তারা ভিতরের ঘটনা জানিয়ে দিয়েছে বলে। আমার মনে হয় এটা বে-আইনী হয়েছে। আসল কথা, এই সরকার অপকর্ম ঢাকবার চেষ্টা করছেন। এই কথা বলে আমি আপনার কাছে অনুরোধ করব যে আপনি আমার বক্তব্যটি এক্সপাঞ্জ করবেন না।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় স্পীকার মহাশয়, আজকে হাউসে জেলমন্ত্রী শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় মহাশয়, কয়েকটি কথা বলে গেলেন, উনি ধরেই নিয়েছেন যে প্রসঙ্গটি বিরোধীপক্ষ তুলতে পারেন। ব্যাপারটি সাবজুডিস আছে বলেই উনি কোন রকম বিবৃতি দিচ্ছেন না।

( গোলমাল )

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** মিঃ স্পীকার স্যার, একটা পয়েন্ট নিয়ে গণ্ডোগোলটা হয়েছে। আমরা বলছি এক্সপাঞ্জ করে দিন, ওঁরা বলছেন যে এক্সপাঞ্জ করলে অন্যায় করা হবে। দিস ইজ দি মেন পয়েন্ট অফ দি হোল্ কেস্। আমি আপনার কাছে বলতে চাইছি যে আপনি রুল ৩২৮টা দেখুন, রুলটা নিশ্চয় আপনি জানেন। ওটা পড়ার দরকার নেই। সাবজুডিস কেস হলে সেটা এখানে উল্লেখ করা যাবে না। ইট ইজ ট্রু ছাট দি ম্যাটার ইজ ষ্টীল সাবজুডিস। **Mr. Khaitan or any other member could not show any document that the matter is not still subjudice.**

আপনি যে অর্ডারটা পাশ করেছেন, ইউ হ্যাভ রাইটলি ডান ইট। আপনিও জানেন এবং যাঁরা জুডিসিয়াল প্র্যাকটিশ করেন তাঁরাও জানেন যে সাবজুডিস কেস এখানে উল্লেখ করা যায় না। **They can refer the matter after taking the certified copy of the court and then only you may consider the matter.**

**শ্রীশ্যামল চক্রবর্তী :** মিষ্টার স্পীকার স্যার, এতক্ষণ ধরে, দীর্ঘ সময় ধরে, প্রায় ৪৫ মিনিট কাল বিরোধী পক্ষের নেতা সাত্তার সাহেব খুব সুন্দর বক্তৃতা দিয়েছেন। আমি মন্ত্রমুগ্ধের মত তাঁর বক্তৃতা শুনলাম। যতক্ষণ তিনি বক্তৃতা করছিলেন তাঁর দিকে তাকিয়ে আমার মনে হচ্ছিল রবীন্দ্রনাথের সেই কবিতার বিখ্যাত লাইনটি—'বড় বিস্ময় লাগে হেরি তোমারে।' সাত্তার সাহেব নিজে ব্যক্তিজীবনে বিখ্যাত আইনজীবী, কিন্তু দেখলাম তিনি ডাক্তারও বটে! ভারতবর্ষের মত বিরাট দেশে পশ্চিমবাংলা একটি অঙ্গরাজ্য। এই বিরাট শরীরের মধ্যে এই অঙ্গরাজ্যে একটি বিশেষ অঙ্গে, একটি পোড়া দগদগে ঘা তিনি দেখিয়েছেন এবং তার দিকে দৃষ্টি আকর্ষণ করেছেন এবং সমালোচনা করেছেন, যে সমালোচনা হোল পশ্চিম-বাংলার বামপন্থী সরকার প্রায় সব দিক থেকেই ব্যর্থ এবং রাজ্যপালের ভাষণে সেই হতাশা এবং ব্যর্থতার সুর ফুটে উঠেছে। সাত্তার সাহেবের মত এমন অনেক মানুষ আছেন যাঁরা এই সমালোচনা বামফ্রন্টের উপর করেন যে ছয় বছর পার হয়ে গেল কিন্তু এই সরকার তো পশ্চিমবাংলা থেকে দারিদ্র দূর করতে পারলেন না, বেকারী দূর করতে পারলেন না, অশিক্ষাকে নির্মূল করতে পারলো না, আইনশৃঙ্খলা তো পূর্ণ নিয়ন্ত্রণের মধ্যে আনতে পারলো না। এই যে বক্তব্য, যে এই বক্তব্য কিছু মানুষের, এই বক্তব্য সাত্তার সাহেবের কথা থেকে প্রতিধ্বনিত হয়েছে। কিন্তু আবার যদি বিধানসভা ভবনের বাইরে যাই তাহলে আমরা দেখবো যে পশ্চিমবাংলা যে দেশের

অঙ্গরাজ্য সেই দেশটা ভারতবর্ষ—বড় বিশাল দেশ। হিমালয় থেকে কন্যাকুমারী, রাজস্থান থেকে অরুণাচল-মেঘালয় পর্যন্ত বিস্তৃত। ৭০ কোটি মানুষের বাসভূমি এই ভারতবর্ষ। এখানে রয়েছে নানা ভাষা, নানা মত, নানা পরিধান। এই দেশের বুকের উপর দিয়ে প্রবাহিত হচ্ছে গঙ্গা, ব্রহ্মপুত্র, গোদাবরী, কৃষ্ণা, কাবেরীর মত নদী। তার জলে বিধৌত আমাদের দেশ—সুজলা সুফলা শস্য শ্যামলা। আর যে দেশের মাটির নীচে রয়েছে খনিজ সম্পদের অফুরন্ত ভাণ্ডার সেই একই মানুষ যাঁরা পশ্চিমবঙ্গ সরকারের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন, তাঁরা একটি দেশের দিকে দেখিয়ে ভাবেন এত সহায় থাকা সত্ত্বেও এবং এত সম্পদ থাকা সত্ত্বেও আমাদের দেশ এত দারিদ্র কেন, এত অনাহার কেন, এত বঞ্চনা কেন, এত শোষণ কেন, এত বেকারত্ব কেন ? সাত্তার সাহেব চিকিৎসকের মত একটি অঙ্গের পোড়া ঘায়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন কিন্তু ভাল চিকিৎসকের নিয়ম হোল গোটা শরীরটাকে তন্ন তন্ন দেখা। সেই চিকিৎসকের মত সাত্তার সাহেব যদি দেখতেন তাহলে দেখতে পেতেন গোটা শরীরটার মধ্যে পোড়া পুতিগন্ধময় দগদগে ঘাটা দুর্গন্ধ ছড়াচ্ছে। আর তা যদি না দেখেন, তাকে দেশের জনগণ হাতুড়ে ডাক্তারই বলবে।

সাত্তার সাহেব পশ্চিমবাংলার অর্থনীতিকে বলেছেন যে একে নাকি দেউলিয়া অর্থনীতিতে পরিণত করা হয়েছে। অনেকগুলো পরিসংখ্যান দিয়ে তিনি অভিযোগ করেছেন যে কৃষিতে বরাদ্দর চেয়ে খরচ কম করা হচ্ছে, সুতরাং কৃষিখাতে ব্যয় কমেছে—পুলিশ খাতে ব্যয় বেড়েছে। তিনি শিল্পের সঙ্কট চলছে, কৃষির সঙ্কট বেড়েছে বলেছেন। আমি শুধু আপনার মাধ্যমে সাত্তার সাহেবের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে তিনি আমাদের পুঁজিবাদের পথিক বলে গালাগালি দিয়েছেন। আমরা পুঁজিবাদকে এখানে পরিচালনা করছি, পুঁজিবাদী অর্থনীতি কায়েম করেছি এই কথা তিনি বলেছেন। আমি তাঁর এই কথা স্বীকার করতে রাজি আছি, তবে একটু সংযোজন চাই। সেটা হচ্ছে সাত্তার সাহেব কিংবা আপনার নেত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধীকে বলে সংবিধানটা একটু পরিবর্তন করুন যাতে ভারতবর্ষের যে কোন অঙ্গ রাজ্যের সরকার একচেটিয়া পুঁজি বাজেয়াপ্ত করতে পারে।

[5-00—5-10 P. M.]

জমিদারীকে বাজেয়াপ্ত করতে পারে, সাম্রাজ্যবাদী পুঁজীকে বাজেয়াপ্ত করতে পারে। তা না করে গোটা সংবিধানটাকে আপনারা এমনভাবে করে রেখে দিয়েছেন যে সংবিধানের খোল-নোলচে পাল্টানো যাচ্ছে না। আপনারা চাইছেন একচেটিয়া পুঁজিপতি বিকশিত হয়ে উঠুক। সারা ভারতবর্ষ এই সংবিধানের মধ্যে দিয়ে চলবে, আর শুধু পশ্চিমবাংলায় আমরা পুঁজিবাদ নির্মূল করবো—এমন সোনার পাথরবাটী একজন আইনজ্ঞ হয়ে কি করে কল্পনা করতে পারেন ? পশ্চিমবাংলার এই বামপন্থী দল, যারা এখানকার সরকার পরিচালনা করেন তারা যখন কেন্দ্রীয় সরকারের কাছে দাবী উত্থাপিত করে বলেন যে আমরা যদি গোটা সমাজের আমূল পরিবর্তন করতে

চাই, যদি দারিদ্র দূর করতে চাই, শোষণ দূর করতে চাই, বঞ্চনা দূর করতে চাই তাহলে তো আমাদের জমিদারীতন্ত্র বাজেয়াপ্ত করতে হবে। তার মানে জমিদারদের জমি বিনা ক্ষতিপূরণে বাজেয়াপ্ত করতে হবে এবং সেটা গরীব কৃষক ও ক্ষেতমজুরদের মধ্যে বণ্টন করতে হবে, একচেটিয়া পুঁজিপতি বাজেয়াপ্ত করতে হবে বিদেশী সাম্রাজ্যবাদী পুঁজি বাজেয়াপ্ত করতে হবে। এই তিনটি কাজ যদি না করা যায়, সংবিধানের দিকে যদি লক্ষ্য না দেওয়া হয়, তাহলে তো আমূল পরিবর্তন করা সম্ভব নয়। আর এই আমূল পরিবর্তন সম্ভব না হলে সাত্তার সাহেব বারে বারে এই বিধান-সভায় চেঁচাবেন যে পশ্চিমবাংলায় এই পরিস্থিতির পরিবর্তন করা হলো না, আমূল পরিবর্তন হলো না। মিষ্টার স্পীকার স্যার, উনি খাদ্য উৎপাদনের কথা বলেছেন। এখন সারা ভারতবর্ষের খাদ্য পরিস্থিতিটা কি? আমি বলতে চাই ওদের যে নেতা, কেন্দ্রীয় মন্ত্রীসভার সদস্য রাও বীরেন্দ্র সিং—তিনি এখন আছেন কিনা জানিনা—বলেছেন যে গত বছর এই সময় খাদ্য উৎপাদন হয়েছিল ১৩ কোটি ৩০ লক্ষ টন। আর এবার ১১ কোটি টনের বেশী হবে না। অর্থাৎ সারা ভারতবর্ষে গত বছরের তুলনায় এই বছর খাদ্য উৎপাদন কম হ'ল। কিন্তু সাত্তার সাহেব চান পশ্চিমবাংলার সরকারের কাছে এমন একটা যাদু কাঠি আছে যা দিয়ে সারা ভারতবর্ষের খাদ্য উৎপাদন কম হলেও পশ্চিমবাংলার খাদ্য উৎপাদন বৃদ্ধি পাবে। শিল্প উন্নয়নের ব্যাপারে সারা ভারতবর্ষের অবস্থাটা কি? সারা ভারতবর্ষের অবস্থাটা হচ্ছে, ১৯৮১ সালে শিল্প উন্নয়নের হার ছিল সাড়ে নয় শতাংশ। আর ১৯৮২ সাল, যেটা ওরা অনেকেই বলেছেন যে এটা শিল্প উন্নয়নের বছর সেই ১৯৮২ সালে সেটা নেমে গিয়েছে প্রায় অর্ধেক। এমন কি যাদু মন্ত্র জানা আছে এই বামফ্রন্ট সরকারের যা দিয়ে সারা ভারতবর্ষের শিল্প উৎপাদন কমবে আর পশ্চিমবাংলার বাড়বে? জিনিষপত্রের দাম ওদের নীতির জন্যই বেড়ে যাচ্ছে। সারা ভারতবর্ষে ১৯৮১ সালে পাইকারী মূল্য ছিল ২২ শতাংশ। আর তার পরের বছর সেটা বেড়ে গিয়ে দাঁড়ালো ২৬ শতাংশ। এমন কি যাদু মন্ত্র আছে, যে মন্ত্র দিয়ে সারা ভারতবর্ষের জিনিষপত্রের দাম বাড়বে, মুদ্রাস্ফিতি হবে আর পশ্চিমবাংলা তার থেকে বাইরে থাকবে? সাত্তার সাহেব শ্রমিকদের জন্য চোখ দিয়ে জল বার করে দিয়েছেন। শ্রমিকদের দুঃখে সাত্তার সাহেবের চোখে এতো জল আছে জানা থাকলে তাহলে ফারাক্কায় ৪০ হাজার কিউসেক জলের জন্য বাংলাদেশের সঙ্গে আমাদের এত লড়াই করতে হতো না। তাঁরা নাকি বলেছেন পশ্চিমবাংলার শ্রমিকদের উপর অত্যাচার হচ্ছে। অংকের হিসাব কি বলে? ১৯৮২ সাল, উৎপাদনের বছরে সারা ভারতবর্ষে শুধু শ্রম দিবসে নষ্ট হয়েছে ৮ কোটি। আর পশ্চিমবাংলায় কি হয়েছে? পশ্চিমবাংলায় গত এক বছরে লে-অফ হয়েছে মাত্র ৫,৫০০ শ্রমিক। পশ্চিমবঙ্গ সরকারের প্রকাশ্য পুস্তক থেকে এটা জানা যায়। এই বিষয়ে যদি কারো দ্বিমত থাকে তাহলে নিশ্চই আপনারা বলতে পারেন।

গত ৫ বছরে ওদের আমলে যে শিল্প রুগ্ন বলে ঘোষিত হয়েছিল তারমধ্যে একমাত্র মারুতি কারখানা ছাড়া সারা ভারতবর্ষে অন্য কোন কারখানা দেখাতে পারবেন কি যাকে পুনরুজ্জীবিত করা হয়েছে? গত ৬ বছরে বামফ্রন্ট সরকারের আমলে পশ্চিমবাংলার রক্তশূন্য করা কারখানা-

গুলিতে নতুন করে রক্ত সঞ্চালন করা হয়েছে। এবং এরফলে পশ্চিমবাংলাতে ৫০,০০০ হাজা শ্রমিক তাঁদের কাজ ফিরে পেয়েছেন। ওরা বলছে পুলিশ খাতে ব্যয় বাড়ে কেন? পুলিশ খাতে ব্যয় যে বেড়েছে তার হিসাবও ওরা দিয়েছে। মিঃ স্পীকার স্যার, আমি আপনার কাছে বিনীত কণ্ঠে নিবেদন করতে চাই যে, গত ৩০ বছর ধরে যখন ওরা ক্ষমতায় ছিল অনেক রাজ্যে, তখন আমরা দেখেছি কি ভাবে ওরা পুলিশকে সাধারন মানুষকে দমন করার জন্য যন্ত্র হিসাবে ব্যবহার করেছিল। অতীতে আমরা বলেছি, আসলে পুলিশ হচ্ছে উর্দ্দিপরা দুর্দ্দশা। আমরা—বামফ্রন্ট সরকার তাদের মানুষের মত মর্যাদা দেবার চেষ্টা করেছি। এবং মানুষের মর্যদা দেবার জন্য তাদের রাজনৈতিক এবং অর্থনৈতিক অধিকার দিয়েছি। অতীতে আমরা দেখেছি, পুলিশকে নিজেদের কাজে ব্যবহার করেছে, তাদের জীবনকে কলঙ্কিত করে, তাদের বঞ্চনার মধ্যে রেখে দেওয়া হয়েছিল। বামফ্রন্ট সরকার তাদের সেই বঞ্চনা থেকে মুক্তি দিয়েছে। ওরা চায় আমরা মহারাষ্ট্রের মত আচরণ করি, সেখানকার মুখ্যমন্ত্রী বাবাসাহেব ভোঁসলে যেমন করেছিলেন, তেমন করি। সেখানে পুলিশকে ডেকে নিয়ে নিরস্ত্র করা হয়েছিল। ওরা চান পুলিশকে যন্ত্র হিসাবে ওদের কাজে লাগাই আবার সেই পুলিশের উপর নির্মম দমন নীতি প্রয়োগ করি। পশ্চিমবাংলার সরকার এ ব্যাপারে কিঞ্চিৎ পৃথক। আমরা মানবিক মূল্যবোধকে প্রাধান্য দিয়ে পুলিশ বাহিনীর উপর দৃষ্টি দিয়েছি মাত্র। সারা ভারতবর্ষে আমরা কি অবস্থা দেখছি? ওঁরা বলছেন আমাদের পশ্চিমবাংলা সরকার দেউলে হয়ে গিয়েছেন আমি জিজ্ঞাসা করতে চাই, একই পরিবারভুক্ত যে পরিবার, সেই পরিবারের এই অবস্থার জন্য দায়ী কে? আসলে এই পরিবারকে দেউলে করবার চেষ্টা হচ্ছে। দেশের বড় কর্ত্তা যেখানে দেউলে, সেখানে কেমন করে একটা রাজ্যে সুস্থ অর্থনীতি চালু করা সম্ভব? আমি বেশী হিসাবের মধ্যে যাচ্ছি না শুধু বলতে চাই, গত কয়েক বছর ধরে গোটা দেশের মধ্যে নতুন একটা অর্থনীতি চালু হয়েছে, একটা সমান্তরাল অর্থনীতি। তার নাম হচ্ছে কালো টাকা। যারফলে এখানে ভেজাল সিমেন্ট ধরা পড়েছে। শোনাযাচ্ছে, পার্লামেন্টের সংসদীয় উপদেষ্টা কমিটি বিদেশ থেকে তেল আমদানীর ব্যাপারে একটা ফাইল চেয়ে পাঠিয়েছিল যারমধ্যে ৯ কোটি টাকার হিসাব ছিল। সেই ফাইলটি প্রধানমন্ত্রীর বাড়ীতে নিয়ে গিয়ে কেন বেপাত্তা করে দেওয়া হল বলুন তো? গত ৩৫ বছর ধরেই এই দুর্নীতি ওরা রন্ধ্রে রন্ধ্রে ঢুকিয়ে গিয়েছেন। আজ ভারতবর্ষ ধারের উপরে দাঁড়িয়ে আছে, শুধু মাত্র ধারের উপরেই গোটা ভারতবর্ষ' এর অর্থনীতি দাঁড়িয়ে আছে। আজ এমন অবস্থায় এসে দাঁড়িয়েছে যে, ধার দেওয়ার আর কোন লোক নেই, সব দরজাই বন্ধ করে দেওয়া হচ্ছে। তাই আজ ওদের যেতে হচ্ছে আন্তর্জাতিক অর্থভাণ্ডারের কাছে। ওরা বলছে আমরা ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছ থেকে ধার নিচ্ছি কেন? এটা তো ওরাই করে গিয়েছিলেন, ওদেরই নেতা। তিনি বলেছিলেন তিন ভাগের দুভাগ দেব আমরা আর ওরা দেবে এক ভাগ। সেজন্যই তো ধার। সেই ধারটা কি? ধারটা হচ্ছে ওরা কেন্দ্রীয় সরকারকে ধার দেয় শতকরা এক ভাগের কম সুদে। আমাদের মাননীয়া প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী বলেছেন, সেই ধার করা টাকার উপর কেন্দ্রকে ৭ ভাগ সুদ দিতে হচ্ছে। ফলে পশ্চিমবাংলাকে ৬ ভাগ সুদ দিতে হচ্ছে। মিঃ স্পীকার স্যার, গত কয়েক বছরই আমরা কেন্দ্রীয়

সরকারের ঘাটতি বাজেট হতে দেখছি, দিনের পর দিন তা বেড়েই যাচ্ছে। অথচ আমাদের বেলাতে ঘাটতি টাকা নিতে দেওয়া হচ্ছে না। ওদের ঘাটতি হলে ২॥ পয়সা দামের কাগজে ৫০, ১০০, ১০০০ টাকা মূল্যের নোট ছাপিয়ে পূরণ করতে পারেন।

[5-10 5-20 P. M.]

ওঁরা বিদেশ থেকে টাকা ধার করে নিতে পারেন কিন্তু গত এক বছরে প্রায় আড়াই কোটি টাকা ঘাটতি হয়েছে। ইকনমিক রিভিয়ুতে এই ঘাটতির পরিমাণ ১০০ কোটি টাকা হবে। রাজ্যসভার প্রশ্নোত্তরের সময় কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেছেন এই ঘাটতির পরিমাণ প্রায় আড়াইশো কোটি টাকায় গিয়ে দাঁড়াবে। তাহলে আমরা কোথা থেকে টাকা পাব ? এর ফলে ট্যাক্স বাড়ানো হবে এবং পশ্চিমবঙ্গের মানুষকে সেই ট্যাক্স বহন করতে হবে। এইভাবে পশ্চিমবঙ্গে কর বসানো হচ্ছে এবং পরোক্ষ কর আজকে বাড়তে বাড়তে ৮০ ভাগে গিয়ে দাঁড়িয়েছে। এইভাবে একটার পর একটা কর বসিয়ে আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার থেকে সাহায্য নিয়ে গোটা দেশটাকে দেউলিয়ায় পরিণত করা হচ্ছে। ওঁরা আজকে আইন শৃঙ্খলার কথা বলছেন। আমি মাননীয় সাত্তার সাহেবকে জিজ্ঞাসা করছি তিনি কি অস্বীকার করতে পারবেন যে গোটা পুঁজিবাদী ব্যবস্থা আজকের সমাজতন্ত্রের মধ্যে প্রবেশ করে গোটা সমাজতন্ত্রকে কায়েম করেছে। এবং এটা অপরিহার্য যে এই পুঁজিবাদী ব্যবস্থা দেশের মধ্যে বিরাজ করলে সেখানে খুন, দাঙ্গা, এবং আইন-শৃঙ্খলার অবনতি অবধারিত। এবং এই জিনিষ আপনারাই তৈরী করেছেন। আজকে আপনারা পুঁজিবাদী ব্যবস্থাকে অপ্রতিহত করে রাখতে চান এবং পুঁজিবাদী সমাজ ব্যবস্থাকে দেশে টিকিয়ে রাখতে চান অথচ আপনারা পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলার কথা তুলবেন তা কি করে হয় ? আজকে আপনারা বলছেন যে এখানে কোন নিয়ন্ত্রণ নেই। আমি স্যার, আপনার মাধ্যমে বিরোধীদলের নেতাকে প্রশ্ন করতে চাই উনি যে পশ্চিমবঙ্গের আইন শৃঙ্খলার জন্য এত চিন্তিত, উনি দয়া করে অন্য রাজ্যগুলির দিকে তাকান। তাহলে দেখতে পাবেন সেখানে আরো খারাপ অবস্থা। উজ্জয়নী আজকে পশ্চিমবঙ্গের মধ্যে অবস্থিত নয়—সেখানে ইন্দিরা কংগ্রেস শাসিত। এই কয়েকদিন আগে যখন ইন্দিরা কংগ্রেস শাসিত ছিল তখনই সংঘর্ষ ঘটেছে পরের সরকারের শাসনকালে নয়। অন্ধ্রে কয়েকদিন আগে সাম্প্রদায়িক দাঙ্গা হল সেটাও পশ্চিমবঙ্গের মধ্য পড়েনা। ত্রিবান্দ্রমে কয়েকদিন আগে দাঙ্গা হল সেটাও পশ্চিমবঙ্গের মধ্যে আসে না। পাঞ্জাবের খালিস্তানে নিয়ে যে সংগঠিত হয়েছে সেটাও কি পশ্চিমবঙ্গের মধ্যে পড়ে ? অবশ্যি আমি বেশী কথা বাড়াতে চাইনা, কারণ সাত্তার সাহেব ভরসা করে এই পরিস্থিতিগুলি বিধানসভায় আনতে পারেন নি। আপনারা আসামের দিকে তাকান তাহলে দেখতে পাবেন সেখানে কি ঘটনা ঘটছে ? গত কয়েকদিনের মধ্যে আসামের ১০টি জেলার মধ্যে ৭টি জেলায় সংঘর্ষ হয়েছে এবং ১৫০০ মানুষ এতে খুন হয়েছে। কয়েকদিন আগে আনন্দ-বাজার পত্রিকায় যে ছবিটা বেরিয়েছে সেটি কি পশ্চিমবাংলার কোন ছবি ? আসামে আজ কি বামফ্রন্ট সরকার রাজত্ব করছেন ? গত ৪ বছর ধরে সারা ভারতবর্ষের আইন-শৃঙ্খলার পরিস্থিতি

অবনতি করে ওঁরা আজকে পশ্চিমবাংলার দিকে অঙ্গুলি নির্দেশ করেছেন? পাড়ায় পাড়ায় যে সংঘর্ষ হয় তা কংগ্রেসীদের নিজেদের মধ্যে বিরোধ। সেদিন যে শান্তিপূর্ণ মিছিল বেরিয়েছিল পকেটে বোমা নিয়ে তাকে কি শান্তিপূর্ণ মিছিল বলা চলে? পাড়ায় পাড়ায় যে কংগ্রেসীদের সংঘর্ষ হচ্ছে—এই কিছুদিন আগে যে আপনাদের কংগ্রেসী নেতা ডাঃ হৈমী বসুকে রাতের অন্ধকারে তুলে নিয়ে গিয়েছিল তারা কারা? কারা তার পেটে ছোরা মেরে ছিল? আজকে এই জিনিষ মানুষের কাছে অজানা নয়।

যোজনা খাত সম্বন্ধে বলে সাত্তার সাহেব একটু সুবিধে করে নিয়েছেন। ওরা বলেছেন এ বছরে আমাদের ৫৪০ কোটি টাকা দেয়া হয়েছে, যেখানে গত বছর ৪৯০ কোটি টাকা দেয়া হয়েছিল। অর্থাৎ ৪৯০ কোটি টাকা থেকে বেড়ে ৫৪০ কোটি টাকা দেয়া হয়েছে। কিন্তু সমস্ত ভারতবর্ষের দেবার পরিমাণ যেখানে শতকরা ১৭ ভাগ বৃদ্ধি হল সেখানে সেটা পশ্চিমবাংলায় কমে গিয়ে হল শতকরা ১০ ভাগ। কিন্তু কেন? গত বছরের ৪৯০ থেকে নিশ্চয় বেশি। ৫৪০ এর মধ্যে আবার বলছেন ১৫৭ কোটি টাকা। গত বছর কেন্দ্রীয় সরকার দিয়েছিলেন ২৯০ কোটি টাকা। সাত্তার সাহেব ভালো আইনজীবি, কিন্তু অঙ্কটা বোধহয় আগের মত সড়গড় নেই। যে কোন ক্লাস ওয়ানের ছাত্রকে জিজ্ঞাসা করলেই বলবে ২৯০ কোটি টাকা বেশি, ১৫৭ কোটি টাকা বেশি? বাংলা দেশে সিরাজদৌল্লা ছিল, মিরজাফর ছিল যারা নিজের দেশের মানুষের জন্য সংগ্রাম করেছেন, আবার বিশ্বাসঘাতকতাও করেছেন। কিন্তু কেন্দ্রীয় সরকার যদি পশ্চিমবাংলার প্রতি অকৃপণ হন, ন্যায্য পাওয়া থেকে বঞ্চিত করেন তাহলে ওদের মুখে কেন হাঁসি ফুটে ওঠে তা বুঝতে পারিনা। যদি বলা হয় জাহাজ মেরামতি কারখানা, ইলেকট্রনিক কারখানা এখানে করার জন্য কেন্দ্রীয় সরকার অনুমতি দিচ্ছেন না বলে আসুন আমরা তার বিরুদ্ধে দাঁড়াই তখন কিন্তু তাঁদের দর্শন পাওয়া যাবে না, বরং না হওয়ায় তাঁরা খুশী হন। উনি বাস, ট্রাম ভাড়া বাড়ানোর কথা বলেছেন। কিন্তু এটা ঠিক যে যেটুকু ভাড়া বেড়েছে তাতে ঘাটতি পূরণ হবেনা। বাস, ট্রাম ভাড়া বৃদ্ধির প্রতিবাদে তাঁরা ওয়াক আউট করেছিলেন। বাস, ট্রাম ভাড়া বাড়ানোর জন্য জনসাধারণের কষ্ট হবে তাতে ওরা যদি ওয়াক করেন তা অভিনন্দন যোগ্য। কিন্তু আমি প্রশ্ন করি গত ৩ বছরে ৪ বার যখন রেলের ভাড়া বাড়লো তখন ওরা কোথায় ছিলেন? গত কয়েক বছরে ডিজেলের দাম ৪ বার বেড়েছে। পশ্চিম বাংলার বামফ্রন্ট সরকারকে অভিনন্দন জানাচ্ছি যে তাঁদের হিম্মত আছে যখন বিধানসভা চলছে তখন বিধানসভার মধ্যেই এই ভাড়া বৃদ্ধির কথা ঘোষনা করলেন। কিন্তু পেছনের দরজা দিয়ে পার্লামেন্টের অধিবেশন থাকা সত্ত্বেও দাম বাড়ানো হল। ডিজেলের দাম বাড়াবেন ইন্দিরা গান্ধী, আর দায়ী হবেন জ্যোতি বাবু? ওরা বলছেন আন্দোলন করবেন, কিন্তু ওদের আন্দোলনের নমুনা তো আমরা জানি। কয়েকদিন আগে দেখলাম বাসের লাল রঙকে ওরা সবুজ করে দিচ্ছেন। সবুজের ওরা পরিচালনা করেন বলে ঠিক করলেন লালকে সবুজ করবেন। আমি তাঁদের বিনীতভাবে বলি এত পরিশ্রম করে লালকে সবুজ করার দরকার কি? আপনারা দয়া করে আন্দোলন করুন ভারতবর্ষের যা কিছু লাল আছে সমস্ত কেটে সবুজ করা হোক। অর্থাৎ

লাল কেল্লাকে সবুজ কেল্লা করা হোক, জহরলাল নেহেরুকে জংলী সবুজ নেহেরু করা হোক আমরা সেই প্রস্তাবে রাজী হব।

[5-20—5-30 P. M.]

ওঁরা বলছেন যে বাস মালিকরা স্ট্রাইক করলেন। পশ্চিমবঙ্গ সরকার বাস মালিকদের স্ট্রাইকরে মোকাবেলা করলেন যার ফলে বাস মালিকরা ধর্মঘট পিছিয়ে দিতে বাধ্য হল, প্রত্যাহার করতে বাধ্য হল। বাস মালিকরা যদি আমাদের লোক হন তাহলে সাত্তার সাহেবদের তো আগেই প্রতিবাদ করা উচিত ছিল। কিন্তু সেই রকম তো কোন প্রতিবাদ তাঁদের পক্ষ থেকে দেখলাম না। তাহলে কি তাদের সঙ্গে ওঁদের ভাব ভালবাসা আছে? ট্রাম বাসের ভাডা বৃদ্ধির জন্য যদি ট্রাম বাস পুড়িয়ে আপনারা কি আন্দোলন করতে চান? আমি বলি ট্রাম বাসের ভাডা বেড়েছে বলে যদি ট্রাম বাস পোড়াতে চান তাহলে নিজেরা একবার হিম্মত থাকে তো এই যে রেলের ভাডা বেড়েছে, শুধু বেড়েছে নয় চার বার বেড়েছে তারজন্য শিয়ালদহ স্টেশনে গিয়ে ট্রেন পুড়িয়ে প্রমাণ করুন যে আপনারা মানুষের স্বার্থে কাজ করছেন। মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবাংলার দুর্ভাগ্য ১৯৭৮ সালে যে প্রলয়ংকরী বণ্যা হয়েছিল সেই বণ্যায় ১৬টি জেলার মধ্যে ১২টি জেলা প্লাবিত হয়েছিল এবং পশ্চিমবাংলার এক তৃতীয়াংশ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছিল। স্যার, সেদিনের বণ্যায় ক্ষয়ক্ষতি মেটাতে না মেটাতে সারা পশ্চিমবাংলার আকাশে দেখা দিল খরার প্রাদুর্ভাব। ১৯৮০ সালে অল্প, ১৯৮১ সালে আর একটু বেশী এবং ১৯৮২ সালে একটা সর্বগ্রাসী খরা পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে দাবাগ্নীর মত ছড়িয়ে পড়ল। তার ফলে শুধু সি পি এম পরিচালিত কৃষক সমিতি নয় সমগ্র রাজ্যে সকল দলের যে কৃষক সংগঠন আছে এবং এমনকি যারা কোন রাজনৈতিক দল করেন না তাঁরা সকলেই এই খরার তাণ্ডবের মুখোমুখি হল। বণ্যার ক্ষয়ক্ষতি অতি সহজেই মানুষের চোখে পড়ে কিন্তু খরার ক্ষয়ক্ষতি অত সহজে চোখে পড়ে না। খরার দাবানলে যে ক্ষতি হয় সেটা বুঝতে একটু দেরি লাগে। সারা পশ্চিমবাংলা দাউ দাউ করে খরার আগুনে জলল এবং প্রকৃতির রুদ্র রোষ এবং নির্মম পরিহাস আমরা দেখলাম। গত জুলাই মাসে সামান্য কিছু মেঘের ছায়া যখন আকাশে দেখা দিল তখন কৃষক সেই মেঘের ছায়া দেখে একটু আশান্বিত হল এই বুঝি মেঘ থেকে জল ঝরবে। অনেক আশায় বুক বেঁধে তার ঘরে যে সামান্য বীজ ধান ছিল দুর্দিনের জন্য সেই বীজ ধান সে বপন করল এবং ভাবল এবার হয়ত বৃষ্টি আসবে, এবার জল পড়বে, মাঠ সিক্ত হবে, মাটি উর্বরা হবে, মাটির বুক ফুঁড়ে অঙ্কুর বেরুবে, সোনার ধানে আবার নবান্ন হবে। পশ্চিমবাংলার মানুষ এটা মনে করেছিল বটে কিন্তু আসলে দেখা গেল সেই পুঞ্জ পুঞ্জ মেঘ বেগে ধেয়ে চলে গেল, গ্রামাঞ্চলে নিরাঞ্জন ছায়া সঞ্চার করে বৃষ্টি ধারা আনল না, ফলে কৃষক যে বীজ ধান পুতে ছিল তা ছারখার হয়ে গেল। সমস্ত রাজ্যে প্রচণ্ড খাদ্যাভাব দেখা দিল, পশ্চিমবঙ্গের শতকরা ৪০ ভাগ ক্ষেত মজুর কাজ পেল না। স্যার, এই পরিস্থিতিতে প্রয়োজন ছিল অফুরন্ত সাহায্য। আজ ৩৫ বছর দেশ স্বাধীন হয়েছে, কিন্তু আমাদের এমনই দুর্ভাগ্য যে সমগ্র রাজ্যে এখন পর্যন্ত সেচ ব্যবস্থা করা গেল

না, এখনও পর্যন্ত বৃষ্টির অপেক্ষায় আমাদের দেশের কৃষকরা আকাশের দিকে তাকিয়ে থাকে এবং আর্তনাদ করে বলে আল্লা মেঘ দে, পাণি দে। এই আকুল আর্তনাদের সময় পশ্চিমবঙ্গ সরকার যখন সাহায্যের হাত বাড়িয়ে দেয় তখন প্রয়োজন ছিল কেন্দ্রীয় সরকারের উদার হস্তে সাহায্য দেওয়া। যখন উড়িষ্যায় প্রচণ্ড ঘূর্ণিবর্ত হয়ে ছিল, যখন উড়িষ্যার মানুষ বিপর্যয়ের মুখে পড়ল তখন শ্রীমতী ইন্দিরা গান্ধীর উড়িষ্যায় যেতে বিন্দুমাত্র বিলম্ব হল না, ১০০ কোটি টাকা সঙ্গে সঙ্গে তাদের জন্য বরাদ্দ করা হল।

আমি বলি তিনি ঠিকই করেছেন। অন্ধ্রে যখন ঘুর্নিঝড় হল তখন প্রধানমন্ত্রী বললেন যত টাকা লাগে আমি দেব। আমি বলি ভারতবর্ষের প্রধানমন্ত্রী হিসেবে তিনি ঠিক কাজ, যুক্তিসঙ্গত কাজই করেছেন। আমার বক্তব্য হচ্ছে অন্ধ্রে এবং উড়িষ্যায় যা হল আমাদের পশ্চিমবাংলার ক্ষেত্রে তাঁকে কৃপণ কেন দেখি? এই খরায় পশ্চিমবাংলার ১ হাজার কোটি টাকা শুধুমাত্র খাদ্যশস্যে ক্ষতি হয়েছে এবং সেটা হয়েছে শুধুমাত্র আমনধানে। আমরা অবশ্য এত টাকা চাইনি। আমরা দুটি খেপে চেয়েছিলাম ২৭৯ কোটি টাকা, কিন্তু আমাদের বরাদ্দ করা হল ৭৭ কোটি টাকা। তবে আশ্চর্যের কথা যেটাও বরদ্দ করা হল সেটাও কিন্তু দেওয়া হলনা, দেওয়া হল মাত্র ৫৪ কোটি টাকা। স্যার, এত বঞ্চনা সত্তেও, পশ্চিমবাংলাকে এত বঞ্চিত করা সত্তেও পশ্চিমবাংলার মানুষ কিন্তু পিছু হটেনি। পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের মানুষ কিন্তু পরাজয় বরণ করেনি। এতদিন তারা যেমন রাজনৈতিক দুর্যোগের বিরুদ্ধে সংগ্রাম করেছে, প্রকৃতির তাণ্ডবের বিরুদ্ধে সংগ্রাম করেছে ঠিক তেমনি পশ্চিমবাংলার মানুষ, পশ্চিমবাংলার কৃষক সিদ্ধান্ত করেছে তারা তাদের নিজের বুকের পাঁজর দিয়ে পশ্চিমবাংলাকে গড়ে তুলবে। স্যার, আপনি নিশ্চয়ই জানেন পশ্চিমবাংলার মানুষ মুখ্যমন্ত্রীর খরাত্রাণ তহবিলকে সামান্য সামান্য অর্থ দিয়ে ভরিয়ে তুলেছে। আমি রাজ্যপালের ভাষণকে অভিনন্দন জানাচ্ছি। আমরা দেখেছি খরা প্রপীড়িত মানুষের সাহায্যের জন্য আমাদের মুখ্যমন্ত্রী গোটা পশ্চিমবাংলার মানুষকে সমবেত করে পশ্চিমবাংলার অগনিত মানুষের মধ্যে সাহায্য পৌঁছে দেবার চেষ্টা করেছেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি বিশ্বকবি রবীন্দ্রনাথের একটি কবিতার কথা এখানে বলতে চাই। শ্রাবস্তিপুরে যখন দুর্ভিক্ষ হচ্ছিল তখন গৌতম বুদ্ধ তাঁর ভক্তদের ডেকে বললেন, শ্রাবস্তিপুরে ভয়াবহ দুর্ভিক্ষ, ক্ষুধিতের অন্নদান সেবা তোমরা কে গ্রহণ করবে? তাঁর একথা শুনে রত্নাকর শেঠের মত বড় বড় ব্যবসায়ীরা মাথা নিচু করে বসে থাকল, কেউ দায়িত্ব নিতে রাজী হলনা। তখন একজন ভিখারী মেয়েকে উঠতে দেখে সকলে তাকে উপহাস করে বললেন, তুই এর দায়িত্ব নিবি, তোর আছে কি? তখন সেই ভিখারী মেয়েটি বলল, আমি জানি আমি নিঃস্ব, আমি রিক্ত, তবে আমার এই ভিক্ষাপাত্রটি আছে এবং আমি জানি আমার ভাণ্ডার আছে ভরে তোমার সবাকার ঘরে ঘরে। ঠিক তেমনি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী জ্যোতিবসু বলেছেন, আমি জানি কেন্দ্রীয় সরকারের সাহায্য আমি পাচ্ছি না, আমি বঞ্চিত হচ্ছি, আমি জানি আমার ভাণ্ডার প্রায় শূণ্য, আমি জানি আমি রিক্ত, নিঃস্ব। কিন্তু এটা জানি আমার সাহায্য ভাণ্ডার আছে এবং সেই সাহায্য ভাণ্ডার আছে ভরে পশ্চিমবাংলার সবাকার ঘরে ঘরে। তাই আমরা

দেখছি শত প্ররোচনা উপেক্ষা করে, কেন্দ্রীয় সাহায্য প্রত্যাখ্যান করা সত্বেও পশ্চিমবাংলার অগনিত মানুষ তার সমুচিত জবাব দিয়েছে, পশ্চিমবাংলার মানুষ সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে এবং মানুষ সাহায্য পাচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, ওঁরা বলেছেন রাজ্যপালের ভাষণ হতাশায় ভরা। কিন্তু আমি বলব গত ৬ বছর ধরে এই বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলার মানুষকে হতাশার বাণী শোনায়নি। বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলার মানুষকে শুনিয়েছে আশার বাণী এবং তারজন্য আমরা দেখছি গত ৬ বছর ধরে পশ্চিমবাংলার মানুষ ফুটপাতের ধারে হাতে ভর রেখে আবার উঠে দাঁড়িয়েছে। পশ্চিমবাংলার মানুষ ঘোষণা করেছে যে, ভারতবর্ষের এই দেউলিয়া অর্থনীতি, সারা ভারতবর্ষের দারিদ্র, শোষণ এবং বঞ্চনার বিরুদ্ধে যদি কেউ দাঁড়াতে পারে বিকল্প বক্তব্য নিয়ে তাহলে তাঁরা হলেন পশ্চিমবাংলার এই বামফ্রন্ট সরকার। আজ আমরা দেখছি বামফ্রন্ট সরকারের নীতির পেছনে সারা ভারতবর্ষের মানুষের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। স্যার, আমার বক্তব্য শেষ করার আগে আমি রবীন্দ্রনাথের একটি কবিতার অনুকরণে কিছু বলতে চাই। আমার এই কথা বলবার সময় এখানে যে পরিস্থিতির উদ্ভব হল এবং গত কয়েক মাস ধরে বিধানসভায় যা দেখছি তাতে আপনার মাধ্যমে আমি প্রধানমন্ত্রীর কাছে নিবেদন করতে চাই যদি আমার কথা তাঁর কাছে গিয়ে পৌছায়। আমি রবীন্দ্রনাথের কবিতার অনুকরণে বলছি, :—

৪৯ জন এম এল এ তব হে মুগ্ধ জননী
রেখেছ কংগ্রেস (ই) করে মানুষ করোনি।

[ 5-30—5-40 P.M. ]

**শ্রীরাজেশ খৈতান ঃ** মিঃ স্পীকার স্যার,...

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব অর্ডার, শ্যামলবাবু লাষ্টে রবীন্দ্রনাথের কথা বলেছেন......

**শ্যামল চক্রবর্তী ঃ** আমি বলেছি অনুকরণ করে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** রবীন্দ্রনাথের কবিতা উনি বলেছেন। স্যার, এটা এক্সপাঞ্জ করে দিন। কারণ রবীন্দ্রনাথকে অপমান করার অধিকার বা ক্ষমতা ওনার নেই।

**Shri Rajesh Khaitan :** Mr. Speaker, Sir, before I start to place my views to the House I wish to fulfil a duty which the Treasury Bench have forgotten to fulfil and, I am sure, the Treasury Bench will not mind if I take upon myself the task to fulfil it on their part to welcome the Hon'ble Chief Minister in this House after his protracted illness. Sir, nobody welcomed

him when he first came to this House in this Session. I, on behalf myself and on behalf of the Opposition Party welcome him. I am very happy to see him again in this House. I pray to God—although they do not believe in God politically but I think that they do believe in God personally in whatever form—may be Christ, may be Allah or may be Bhagawan—that our Chief Minister is made strong and bold enough to face the inhuman conditions prevailing in West Bengal to-day. We are to believe these things. Sir, what the newspapers say in Bengal to-day that there is inactivity in every sphere of life. Sir, my colleague, Shri Mannan quoted from The Statesman that there is total inactivity in the Administeration which is collapsing.

But Sir, coming to this House and taking this seat I feel that West Bengal is improving. Look at the conditions here. There is power, there is light, there is congenial atmosphere, there is drinking water, there are Beautiful bath-rooms and latrines here. But when you go out of the Assembly House you will see what West Bengal is ! Sir, I heard Shri Shyamal Chakraborty saying from his seat in this House that West Bengal is progressing. Certainly, Sir, standing in this House I also feel that West Bengal is progressing. The Governor reads an Address in this House and he will only read it in this House. Sir, the next day, when I came to Raj Bhaban to bring to the notice of the Governor the saddest of the sad thing, i.e. the incident which took place the other day, he said, 'What can I do ? You speak in the House'. Sir, here I can state what the fact is but unless you allow me to speak in this House how can I speak ?

Nevertheless, Sir, coming to the Address of the Governor, I want to classify his speech into three categories. From his speech I can say that certain portions of his speech are true. Certain portions of his speech reflect conditions nearest to the truth, and lastly certain portions of his speech are hiding and avoiding the truth regarding the performance of the Left Front Goverment. Coming to the first category of the speech I rely on paragraphs 8 and 14. Regarding paragraph 8 of his Address I wish to invite the attention of the Treasury Bench and of Shri Shyamal Chakraborty in particular. Kindly look at this paragraph. Possibly, it is for the first

দেখছি শত প্ররোচনা উপেক্ষা করে, কেন্দ্রীয় সাহায্য প্রত্যাখ্যান করা সত্বেও পশ্চিমবাংলার অগনিত মানুষ তার সমুচিত জবাব দিয়েছে, পশ্চিমবাংলার মানুষ সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে এবং মানুষ সাহায্য পাচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, ওঁরা বলেছেন রাজ্যপালের ভাষণ হতাশায় ভরা। কিন্তু আমি বলব গত ৬ বছর ধরে এই বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলার মানুষকে হতাশার বাণী শোনায়নি। বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলার মানুষকে শুনিয়েছে আশার বাণী এবং তারজন্য আমরা দেখছি গত ৬ বছর ধরে পশ্চিমবাংলার মানুষ ফুটপাতের ধারে হাতে ভর রেখে আবার উঠে দাঁড়িয়েছে। পশ্চিমবাংলার মানুষ ঘোষণা করেছে যে, ভারতবর্ষের এই দেউলিয়া অর্থনীতি, সারা ভারতবর্ষের দারিদ্র, শোষণ এবং বঞ্চনার বিরুদ্ধে যদি কেউ দাঁড়াতে পারে বিকল্প বক্তব্য নিয়ে তাহলে তাঁরা হলেন পশ্চিমবাংলার এই বামফ্রন্ট সরকার। আজ আমরা দেখছি বামফ্রন্ট সরকারের নীতির পেছনে সারা ভারতবর্ষের মানুষের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। স্যার, আমার বক্তব্য শেষ করার আগে আমি রবীন্দ্রনাথের একটি কবিতার অনুকরণে কিছু বলতে চাই। আমার এই কথা বলবার সময় এখানে যে পরিস্থিতির উদ্ভব হল এবং গত কয়েক মাস ধরে বিধানসভায় যা দেখছি তাতে আপনার মাধ্যমে আমি প্রধানমন্ত্রীর কাছে নিবেদন করতে চাই যদি আমার কথা তাঁর কাছে গিয়ে পৌঁছায়। আমি রবীন্দ্রনাথের কবিতার অনুকরণে বলছি, :—

৪৯ জন এম এল এ তব হে মুগ্ধ জননী
রেখেছ কংগ্রেস ( ই ) করে মানুষ করোনি।

[ 5-30—5-40 P.M. ]

**শ্রীরাজেশ খৈতান** ঃ মিঃ স্পীকার স্যার,...

**শ্রীসত্যরঞ্জন বাপুলী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব অর্ডার, শ্যামলবাবু লাষ্টে রবীন্দ্রনাথের কথা বলেছেন......

**শ্যামল চক্রবর্তী** ঃ আমি বলেছি অনুকরণ করে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী** ঃ রবীন্দ্রনাথের কবিতা উনি বলেছেন। স্যার, এটা এক্সপাঞ্জ করে দিন। কারণ রবীন্দ্রনাথকে অপমান করার অধিকার বা ক্ষমতা ওনার নেই।

**Shri Rajesh Khaitan** : Mr. Speaker, Sir, before I start to place my views to the House I wish to fulfil a duty which the Treasury Bench have forgotten to fulfil and, I am sure, the Treasury Bench will not mind if I take upon myself the task to fulfil it on their part to welcome the Hon'ble Chief Minister in this House after his protracted illness. Sir, nobody welcomed

by the private owners." Tomorrow he will say in regard to the jute industry and the tea industry "because they are in private hand." I challenge the ruling party. Nationalise the jute industry. Why do you allow the jute industry to remain in the private owner's hand, when there is so many lock-outs and so many closures. They can take and nationalise it. No they cannot take it under IDRA. They had taken so many other industrial undertakings. You do not know that you are ignorant of that. Go to Uttar Pradesh. There you can learn from the government headed by the Congress (I) that the sugar industries have been nationalised by the State Government. So cannot you also nationalise the jute industry ? Why would the poor people suffer. The poor workers are suffering. They are not getting the Provident Fund, Sales Tax are in arrears. The revenues are raising. You are in link with the jute industries. I say so. Why do you hesitate ? You are only speaking for the poor people but you cannot do that. As regards the tea industry you imposed cess. It is important from the point of view of collecting taxes by the State Government to take one industry or the other. But I would only request the Hon'ble Chief Minister, who is the Finance Minister to be more realistic. He said it is too much a burden on the tea industries and because of that the Assam tea gardens are prospering whereas West Bengal tea gardens are not prospering and because of this the workers of the tea industries are suffering. Look at the Darjeeling tea gardens. Most of them have closed down. The Central Government has promised to give Rs. 42 crores. They are coming forward to help the Darjeeling tea industries. Darjeeling tea is world famous, and West Bengal is proud of it. In West Bengal what is the State Government doing in regard to those gardens situated in Darjeeling. I say nothing. They are concerned with only tea cess.

[5-40—5-50 P.M.]

Next I come to para 22. It is nearest to the truth. Preparations are being made for the second Panchayat election. Preparation are also being made to hold election of the Calcutta and Howrah Municipal Corporations.

What preparations ? Why are you not bold to come and say in the House ? You are shouting that you are democratic, but actually you are not. You are taking time for holding the Panchayat and Municipal elections because you are busy with the rigging of voter list.

Next I come to Para 28 Eastern Regional Wing of the National Institute of Sports in the Salt Lake area. You have spent 16 crores for the city of Calcutta. But we do not have water, we do not have light, and we do not have good roads. You are constructing a stadium worth Rs. 16 crores. What for ? Sir, Asiad was necessary for the image of our country. Why was this stadium nccessary at the cost of 10 million people living in Calcutta ? And what is the State Governmens doing. May I ask with all humility about these sportsmen of Bengal ? They have always been treated as Orphans compared to the rest of the country. Recently in announcing Indian Cricket Team Mr. Dilip Doshi was dropped. But there is no hue and cry from the State Government. Why he has been victimised ? Now, I can tell the Chief Minister, Mr. Jyoti Basu that this is the time to come forward and to protest the sportsmen of West Bengal. We will extend our hands of co-operation. To-day, Shri Siddhartha Shankar Ray is the President of West Bengal Cricket Association of Bengal, Mr. Pranab Mukherjee is the Finance Minister, Mr. Ghani Khan Choudhury is the Railway Minister and you are the Chief Minister. You have to lift the image of the sportsmen of West Bengal. They have been treated as orphans. They always remain as second class sportsmen as far as the cricket is concerned. So, I would most humbly request that something should be done in this direction rather than building a stadium. Next point—and this is my last point—is under the category of hiding and avoiding the truth. Para 3, 4, 13, 20 and 22. In para 3, I am only relying on Governor's Address. We can rely upon so many things but I am afraid I do not accept the Governor's Address. In para 3 it is referred that there is no communal disharmony or regional frenzy. I agree to these issues like Assam issue, Andhra issue or the Khalisthan issue. As Mr. Syamal Chakraborty has already said we in Bengal are proud that there is no

casteism, there is no communalism, there is no racialism—we are free from that. But the situation is different in some of the spheres. Why do you refer to only Assam and Khalisthan when there are political murders taking place here but not taking place anywhere in India. Earlier it was in Kerala, but not now. Nor did it witnessed to any instance of organised atrocities. There I say with utmost humility that this is hiding and avoiding of truths. The Killings and murders of innocent Congress workers is nothing but atrocities. The condition of the inmates of Jail is nothing but atrocities. The beating of the M.L.A.s is nothing but atrocities. This is the point I wish to make from Paragraph 3.

The causes of unemployment are mentioned in paragraph 4. Mr. Speaker, Sir, there is severe unemployment. The causes of this severe unemployment mentioned in paragraph 4 are agriculture hit by drought. He mentioned it to avoid and suppress the facts. The unemployment is caused due to not only to drought but because of the closure and lock-outs in the industrial sector. There is not a single sentence of this mentioned in the Governor's address.

In paragraph 20, priority will continue to be given to agriculture, irrigation, education power and other priority sectors. But nowhere in the Governor's address it is mentioned what the left front Government is thinking about the city of Calcutta and its suburbs. Not a single whisper is there with regard to the power position, with regard to the water supply, with regard to the civic condition, etc. I do not want to see the day when Mr. Prasanta Sur walks through one lane and the other in the city of Calcutta with a broom stick in his hand. I will be ashamed to belong to a state where a Minister walks with a broom stick from morning till evening cleaning and sweeping lanes and streets of our city. But Governor's address did not mention as to what is being thought to be done about the city of Calcutta or its suburbs. It is so because the left front has not been voted by the people of Calcutta, and that is why the Calcutta people are going to be suppressed, avoided and neglected. This is

my submission. I say with utmost humility that the face is the index of the mind and body. So, unless you improve the city of Calcutta and its suburbs the mind and the body of West Bengal will be reflected in the eyes of the other parts of the country. Thank you, Sir.

## FOURTEENTH REPORT OF THE BUSINESS ADVISSORY COMMITTEE

**Mr. Speaker :** I beg to present the 14th report of the Business Advisory Committe. The Committee met to-day in my chamber and recommended revision of programme of business and allocation of time order for the 25th February, 1982 and programme of business and allocation of time order from the 25th February, 1983 to the 2nd March, 1983.

| | | | |
|---|---|---|---|
| Friday, 25-2-83 | (i) | Discussion on the revision of fare structure of buses and trams | ...1½ hours. |
| | (ii) | Government resolution regarding the growing exodus of people from Assam to West Bengal—Notice given by Shri Jyoti Basu | ...1½ hours. |
| | (iii) | Resolution regarding shifting of locomotive diesel engine repairing workshop from Siliguri—Notice given by Shri Biren Bose & others. | ...1 hour. |
| Monday, 28-2-83 | | Discussion on Governor's Address | 4 hours. |
| Tuesday, 1-3-83 | | Discussion on Governor's Address | 4 hours. |
| Wednesday, 2-3-83 | | Discussion on Governor's Address | 4 hours. |

Now the Minister of State-in-Charge of Home (Parliamentary Affairs) Department may please move the Motion for acceptance.

**শ্রীপতিতপাবন পাঠক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কার্য উপদেষ্টা কমিটির চতুর্দশ প্রতিবেদনে যা সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

**মিঃ স্পীকার ঃ** আশাকরি আপনাদের সকলের এতে মত আছে।

# DISCUSSION ON GOVERNOR ADDRESS

**শ্রীভক্তিভূষণ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গভর্ণরের স্পীচ সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমি আপনার কাছে কয়েকটি কথা বলতে চাই। গভর্ণর স্পীচে সাধারণতঃ সমস্ত জিনিস ইন ডিটেলস থাকেনা। কারণ এতে মাত্র কতকগুলি পয়েন্ট দেওয়া থাকে সেই পয়েন্ট অনুযায়ী তিনি বলেন কাজেই গভর্ণর স্পীচে ইন ডিটেলস থাকলে মনে হয় বাজেট সেসানের প্রয়োজনীয়তা থাকেনা। এটা হচ্ছে একটা ওপেনিং স্পীচ। এটা একটু শর্ট আকারে থাকে। এটাতে কতক-গুলি পয়েন্ট আউট করা হয় এবং সেই পয়েন্ট অনুযায়ী মোটামুটি থাকে। সেদিক থেকে যদি হিসাব করে দেখা যায় তাহলে আণ্ডার দি সারকামস্ট্যান্সেস এটাকে বেষ্ট বলা যায়।

[5-50—6-00 P. M.]

আমি আণ্ডার দি সারকামস্ট্যান্স এই জন্য বলছি যে, আমাদের যে দৃষ্টিভঙ্গী সে দৃষ্টিভঙ্গী অনুযায়ী রাজ্যপালের স্পীচ হতে পারে না যতক্ষণ পর্যন্ত সেণ্ট্রাল গভর্ণমেণ্টে ধনতান্ত্রিক গভর্ণমেণ্ট থাকবে, পুঁজিবাদী গভর্ণমেণ্ট থাকবে। কারণ আমরা অনেক কিছু ভাবতে পারি, কিন্তু ইমপ্লিমেনটেসন কিভাবে করব? সব চেয়ে বড় কথা হচ্ছে যে—কনষ্টিটিউসন আছে সেই কনষ্টিটিউসন হচ্ছে হ্যাবসদের ইণ্টারেষ্টের জন্য এবং সেই হ্যাবসদের ইণ্টারেষ্ট রক্ষা করার জন্য কনষ্টিটিউসন লেখা হয়েছিল। যখন এই কনষ্টিটিউসন লেখা হয়েছিল তখন যে কারণে এ'ভাবে কনষ্টিটিউসন লেখা হয়েছিল এখন সে কারণেই এর পরিবর্তত ঘটানো হচ্ছে না। যদিও মুখে ইন্দিরা অনেক বড় বড় বুলি বলেন।

দেশের এই যে সর্ব্বোচ্চ আইন (সংবিধান), এই আইন অনুযায়ী আমাদের রাজ্যগুলির আইনও তৈরী করতে হয়। আর তা যদি না হয় তাহলেই সেটা আল্ট্রা-ভাইরীজ্ হয়ে যায় এবং সেটা দিয়ে কোন কাজ করা যায় না। সুতরাং আমরা জানি যেভাবে কনষ্টিটিউসন তৈরী করা হয়েছে এবং তার মধ্যে দিয়ে যে সিস্টেম তৈরী করা হয়েছে ভারতবর্ষে তাতে সেই সিস্টেম অনুযায়ী একটা অঙ্গ-রাজ্য যদি মানুষের ভাল করতে চায় তাহলেও তারা ভাল করতে পারে না এবং সমাজ-তান্ত্রিক দৃষ্টিভঙ্গী দিয়ে যেটুকু করা যায় সেটুকু করব বলেও করতে পারে না যদি তাকে সংবিধান মেনে চলতে হয়। আমরা যখন এখানে ভোটের মাধ্যমে এসেছি তখন আমাদের কনষ্টিটিউসন মেনে চলতে হবেই, কারণ আমরা বিপ্লব করে আসিনি। কাজেই আমরা অনেক কথা ভাবলেও তা কার্যে রূপায়িত করতে পারছি না। কিন্তু আমরা বিটুইন দি টু লাইনস একটা চুস্ করতে পারি। আমি বিটুইন দি টু লাইনস এই কারণে বলছি যে, আজকে প্রতিটি মানুষের মনে একটা প্রশ্ন জেগেছে যে, ভারতবর্ষের মুক্তি কিভাবে হবে? পার্লামেন্টের ভেতর দিয়ে হবে, না যেসব লোকেরা যেটা বলছে সেটা করছে না, সেসব লোকেদের উৎখাত করে দেশের ভাল করা যাবে? এই একটা মস্ত বড় কথা আজকে প্রত্যেকের মনের মধ্যে জেগেছে এবং এটা আমাদেরও মনের মধ্যে আছে।

কিন্তু আমরা সরকারের ভেতর দিয়ে, পার্লামেণ্টারি প্রসেসে সব কিছু রূপায়িত করতে পারছি না। তার কারণ হচ্ছে কত গুলি ক্ষেত্রে কনষ্টিটিউসন গ্যারাণ্টি দিচ্ছে, কত গুলি ক্ষেত্রে বুরোক্রেসি বাধা হয়ে দাঁড়াচ্ছে। নানারকম ব্যাপার আছে, যার ফলে ইচ্ছা থাকলেও আমরা কিছু করতে পারছি না। যেমন ধরুন জিনিষ-পত্রের দাম বাড়ছে, অথচ আমাদের বিরোধী পক্ষের ভাইরা বলছেন, "জিনিষ-পত্রের দাম বাড়ছে কেন রামফ্রণ্ট সরকার জবাব দাও"। ওঁরা ইকনমিক্স-এর 'অ-আ-ক-খ' ও পড়েননি বোধ হয়। কারণ হচ্ছে তা যদি পড়তেন তাহলে এ'কথা বলতেন না। জিনিষ-পত্রের দাম বাড়ার ইকনমিক্যাল কতগুলি ইঙ্গিত আছে। আমরা যদি সে ইঙ্গিতগুলি দেখি তাহলে দেখব যে, এই সমস্ত ব্যাপারটা কারা কণ্ট্রোল করছে, সম্পূর্ণ কণ্ট্রোল করছে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট। মাত্র ২০% এর কাছাকাছি আমাদের কণ্ট্রোলে এবং সেটাও সব সময়ে ঠিক নয়, সময় সময় তার চেয়েও কিছু কম। আর ৮০% এবং তার চেয়ে বেশী কেন্দ্রীয় সরকারের কণ্ট্রোলে। কেন্দ্রীয় সরকার এগুলি কণ্ট্রোল করে থ্রু ডেফিসিট বাজেট, **through finance, through open market, operation of the banking system and others** এবং আর একটা জিনিষ হচ্ছে যে-কালো টাকার কথা বলা হয় সেই কালো টাকা। কালো টাকা যে আছে এটা সরকার জানে না তা নয়, সরকার জানে, কেন্দ্রীয় সরকার জানে কারা এই কালো টাকা রোজগার করছে এবং জেনে তারা তাদের কাছ থেকে কালো টাকার ভাগ নিচ্ছে, তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করছে না। এই সব নানারকম কারণ মিলিয়ে জিনিষ-পত্রের দাম বাড়ছে।

তবুও আমরা বলছি যে, পশ্চিমবঙ্গ সরকারের কণ্ট্রোলের কমোডিটিস যদি হোর্ড হয়ে যায় তাহলে জিনিষ-পত্রের দামের কিছু হেরফের হতে পারে।

কিন্তু তা যদি না হয় তাহলে সমস্ত দায়িত্ব থাকবে সেন্ট্রাল গভর্নমেণ্টের উপর। আমি দেখলাম আজকে যারা বক্তৃতা করেছেন তাঁরা এই সমস্ত ব্যাপারে কেউই খুঁটি-নাটি করে বলার চেষ্টা করেন নি। আমার মনে হয় তাঁরা তা করতে পারতেন। যাই হোক, আমি আপনাদের কাছে বলছি, আণ্ডার দি সারকামষ্টানসেস এই সরকারের কি কি করা উচিৎ ছিল এবং কি কি করতে পারেন নি সেটা বলতে হবে। আমি এই জন্য বলতে চাইছি, যেমন ধরুন, সবচেয়ে ওয়ার্ষ্ট থিং হচ্ছে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এর কাজ। এটা অস্বীকার করি না। ফ্যাক্টই বলছে, এটা ঘটনা। এই ঘটনা সাট্-আউট করার মানে হয় না। কিন্তু কেন এই জিনিষ হচ্ছে সেটা এ্যানালাইসিস করে দেখতে হবে। যদি এ্যানালাইসিস করে দেখি তাহলে আমরা চেষ্টা করা সত্ত্বেও পারছি না কেন সেটা ভাবতে হবে। আজকে এটা একটা উদাহরণ-স্বরূপ বললাম। আজকে পশ্চিমবাংলায় ইলেকট্রিসিটি সবচেয়ে বেশী কোন কোন জায়গায় লাগছে সেটা আমাদের দেখতে হবে। আমাদের কোল এরিয়া আছে, জুট এরিয়া আছে, টি-এরিয়া আছে, পোর্ট এরিয়া আছে এবং আরোও অনেক বড় বড় ইনডাষ্ট্রিগুলি যে ইলেকট্রিসিটি কনজিউম করছে—এই ইলেকট্রিসিটি আজ বললেই একদিনের মধ্যে হয়ে যাবে না। কারণ সারা ভারতবর্ষের মধ্যে এত ইনডাষ্ট্রি, এত হেভী ইনডাষ্ট্রি এবং অন্যান্য জিনিষ পশ্চিমবাংলার মত আর কোথাও নেই। তাই যদি হয় এর

জন্য যে টাকার দরকার ছিল সেই টাকা স্টেট গভর্নমেণ্টের নেই। কেন নেই, ঐ কনষ্টিটিউসন। আমাদের উপর ভার দেওয়া হয়েছে সেল্‌স ট্যাক্স। এর থেকে আমরা সবচেয়ে বেশী টাকা পাই। আপনারা জানেন, অন্যান্য যে ডায়রেক্ট ট্যাক্স আছে সেই ডায়রেক্ট ট্যাক্স সমস্ত কিন্তু সেন্ট্রাল গভর্নমেণ্টের হাতে আছে, আমাদের হাতে নেই। এই যে ইন-ডায়রেক্ট ট্যাক্স অর্থাৎ সেলস ট্যাক্স সেইটার উপর সবটাই নির্ভরশীল। সেই ইনডায়রেক্ট ট্যাক্স থেকে কি করে একটা রিসোর্স করা যায় সেটা আমাদের দেখতে হবে। শুধু করলেই হবে না, ইন-ডায়রেক্ট ট্যাক্স গরীব লোকেদের উপর সবচেয়ে বেশী আঘাত করে। মারজিন্যাল ইউটিলিটি অফ মানি গরীবের যা থাকে বড় লোকের মারজিন্যাল ইউটিলিটি অফ মানি তার চাইতে বেশী। অর্থাৎ একজন বড় লোক যার ৫০০ টাকা মারজিন্যাল ইউটিলিটি অফ মানি আর যার ৫ টাকা আয় তার মারজিন্যাল ইউটিলিটি অফ মানি এক হবে না। সুতরাং এই দৃষ্টিভঙ্গী দিয়ে আমাদের ভেবে দেখতে হবে যে কি করে আমরা রিসোর্স মবিলাইজ করবো। অন্যান্য জায়গায় হয়তো বলতে পারেন, দেশলাইয়ের উপর ট্যাক্স চাপিয়ে দাও, লবণের উপর চাপিয়ে দাও। কিন্তু আমাদের পঁচিশবার ভাবতে হবে যে কি করে করবো। ঐ গ্রামের চাষী যে দেশলাই ৬ পয়সা দিয়ে কিনতো তাতে ট্যাক্স বসিয়ে দিলে ১৫ পয়সা দিয়ে কিনতে হবে অর্থাৎ তাকে ১০ পয়সা বেশী দিয়ে কিনতে হবে। এই যে ইনহেরেণ্ট ডিফিক্যালটিজ এই ইনহেরেণ্ট ডিফিক্যালটিজ আমরা ভোগ করছি—এটা অস্বীকার করা যায় না। আমি আর একটি কথা বলছি, ইণ্টারন্যাল রিসোর্স অফ মবিলাইজেশান মুখে বলা যেতে পারে কিন্তু ফর্ম দি স্টাণ্ড পয়েণ্ট অফ প্রোলিটারিয়াট আউটলুক—আমাদের আজ পর্যন্ত যে আইন আছে, যা কনষ্টিটিউশানে ভাগ করে দেওয়া আছে তা করা খুবই কঠিন এবং করা সম্ভবও নয়।

[6-00—6-10 P. M.]

আমরা তো বড়লোকদের ধরতে পারছি না। সে ক্ষমতা স্টেট গভর্নমেণ্টের নেই। আজকে যারা লক্ষপতি বা কোটিপতি তাদের সে টাকা কনফিস্‌টিকেইট করার ক্ষমতা আমাদের নেই। আমি আপনাদের এগুলি একটু ভেবে-চিন্তে দেখতে বলছি। মিঃ খৈতান কতকগুলি কথা বললেন, এগুলি যদি স্ক্রুটিনি করে দেখা যায় তাহলে দেখা যাবে যে সমস্ত কথাগুলি বললেন সে সমস্তগুলির ভেতরে ঢুকতে পারেন নি। আমি একটি উদাহরণ দিচ্ছি, জুটের কথায় আসুন, এই জুট কারা কন্‌ট্রোল করে? জুটে গরীব চাষীদের মারা হচ্ছে, লেবারদের মারা হচ্ছে, কিন্তু মারছেটা কে? কাজেই যারা মারছে তাদের কন্‌ট্রোল করার ক্ষমতা আছে কি ওয়েস্ট বেঙ্গল গভর্নমেণ্টের? এ্যাকর্ডিং টু দি ল এই যে ডিফিকাল্‌টি রয়েছে, এ জন্যই আমি বলছি যে একটু ভেবে দেখবেন। ওয়েস্ট বেঙ্গল গভর্নমেণ্টের হাতে যে পাওয়ার আছে, লিগ্যাল পাওয়ার যাকে বলে, সেই লিগ্যাল পাওয়ার অনুযায়ী তারা কি জুট মিল ওনার্সদের কন্‌ট্রোল করতে পারে? পারে না। কিছু পারে, তবে উল্টোভাবে তা করতে হবে। এখনো পর্যন্ত তা করা হচ্ছে না, তা করলে ঐ ক্ষেপা

কুকুর লেলিয়ে দেবার মত অবস্থা হবে। আমি বলছি, যে আমাদের সারা ভারতবর্ষে মোট ৬১ লাখ বেল পাট হয়। গত বছর কিছু কম হয়েছিল কিন্তু এর মধ্যে অধিকাংশই হয় ওয়েস্ট বেঙ্গলে। কিছু হয় উড়িষ্যায়, অন্ধ্রে কিছু হয়, তাও সেগুলি মেস্তা। আমি বলতে চাই এই যে, ৪১'৪৫ লাখ বেল যা হয় সেটা এ বছর যদি কিছুটা মাড় দিয়ে দিই তাহলে চাষীরা লাভ করতে পারে কিন্তু তাতেই বা কি হবে? লক আউট করে কিংবা আর একটা কিছু করে ক্লোজড করে দিচ্ছে। মারা গেল চাষীরা, আর মুনাফা করল ওরা। কিন্তু এদের কনট্রোল করার ক্ষমতা নেই। এই রকম ব্যবস্থাগুলো যদি ভেবে দেখা যায় তাহলে উই আর ইন গ্রেট ডিফিকালটিজ, ইণ্টারন্যাল রিসোর্সের এক্সপ্লয়েট করার ব্যবস্থার জন্য খুবই মুশকিল এবং যদি করি তাহলে **to the detriment of the interest of the proletariat and common people.**

আর একটির সম্বন্ধে বলছি, যেটা এখানে সবচেয়ে বেশী আছে সেটি হচ্ছে কোল। কোল ফিল্ডে যাঁরা বাস করেন তাঁরা নিশ্চয় জানেন, সিদ্ধার্থ রায় মহাশয় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তিনি বলেছিলেন, "দেখেছেন আমরা কেমন এগিয়ে যাচ্ছি সোস্যালিজমের দিকে, আমরা কোল ন্যাশনালাইজেশন করছি।" মানে টা কি? ব্যুরোক্র্যাটাইজেশন, আজকে কি দাঁড়িয়েছে? যে কয়লা ১০ টাকা ছিল সেটা এখন ৪০/৫০টাকায় দাঁড়িয়েছে। কি অবস্থা দাঁড়িয়েছে? অর্থাৎ একটা ব্যুরোক্রেটিক জিনিষকে ন্যাশনালাইজ করার কথা বলা যেতে পারে, করতে গেলে ওটা স্টেট ক্যাপিটালিজম ছাড়া আর কিছু হয় না। সেসব ক্ষেত্রে সাধারণ মানুষের কোন ভাল হতে পারে না। কিছু লোক লাখ-লাখ, কোটি-কোটি টাকা কামাতে পারে এ্যাডমিনিষ্টার্ড বাই দি ব্যুরোক্রেটিক, তাদের ব্ল্যাক মানি আসতে পারে কিন্তু সাধারণ মানুষের ভাল করা যায় না।

আমি আপনার কাছে বলছি যে তাঁরা বক্তৃতা করছেন, সমস্ত জিনিষগুলো এ্যানালিসিস করে কোনটায় ভুলত্রুটি হচ্ছে নিশ্চয়ই আপনারা বলবেন কিন্তু যদি আপনারা সুপারফিসিয়ালী বলেন, আপনারা হচ্ছেন সমাজের হাইয়েষ্ট ইণ্টেলেকচুয়ালস, সেটা ঠিক হচ্ছে না। পিপলস্ রিপ্রেজেনটেটিভ হিসাবে আমি বলছি এ সম্বন্ধে আপনাদের থরোলি চিন্তা করার প্রয়োজন আছে। সুপারফিসিয়ালী না বলে গো ডীপ ইনটু দি ম্যাটার। আমাদের যদি ভুল থাকে ইট ইজ ইওর ডিউটি টু পয়েণ্ট ইট আউট এ্যাণ্ড ইট ইজ অলসো আওয়ার ডিউটি টু এ্যাক্সেপ্ট দি পোজিসন। এর জন্যই পার্লামেণ্টারী ডেমোক্র্যাসি। আর যদি তা না হয়ে দু'পক্ষ মারামারি করি, এটা চলবেনা বেশিদিন। এরপর দেখবেন ঘরের ভেতর যেমন মারামারি হয় তেমনি মারামারি বাইরে হলে শেষ পর্যন্ত কাঁরা টিকবেন? শেষ পর্যন্ত জনগণই টিকে যাবে। পার্লামেণ্টারী ডেমোক্র্যাসিতে ক্রিটিসিজিম থাকবেই। অনেস্ট ক্রিটিসিজিমকে আমরা স্বাগত জানাবো। পার্লামেণ্টারী ডেমোক্র্যাসিতে অপোজিশনের অন্যতম প্রধান দায়িত্বই হচ্ছে সরকারের গঠনমূলক সমালোচনা করা। এ ব্যাপারে উই মাষ্ট ট্রাই টু এ্যাকোমোডেট ইউ। এটাই হচ্ছে পার্লামেণ্টারিয়ানিজম্। সে জন্য আপনার কাছে এটুকু বলে শেষ করছি যে মাননীয় গভর্নরের ভাষণে যে হিণ্ট আছে তা আমি সাপোর্ট করছি।

**Shri Rajesh Khaitan :** Mr. Speaker, Sir, we had been asked to inform you about the contempt rule. I have since verified it from my office. The contempt rule has been issued by the Calcutta High Court and it is pending and the subject-matter of the contempt rule is the photograph, not the articles published in the newspapers.

**Mr. Speaker :** You file a certified copy and then I will consider it.

**Shri Rajesh Khaitan :** You had asked me to verify it.

**Mr. Speaker :** You submit a copy and I will then consider that.

**Shri Rajesh Khaitan :** I am not a party to it.

**Mr. Speaker :** Then drop it. Now, Shri Deba Prosad Sarkar.

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি মাননীয় রাজ্যপালের ভাষণ পড়েছি। এই ভাষণে পশ্চিমবাংলার জনজীবনের যে বাস্তব জ্বলন্ত সমস্যা রয়েছে সেই সমস্যা সমাধানের উপায় বা তার কোন ইঙ্গিত এই ভাষণের মধ্যে পাওয়া যাচ্ছেনা। এবং এই ভাষণ সম্পর্কে আমি প্রথমে বলতে পারি যে পশ্চিমবাংলার সাধারণ মানুষের মূল সমস্যা সমাধানে বামফ্রণ্ট সরকার যেভাবে ব্যর্থ হয়েছে তার কোন উল্লেখ এই ভাষণের মধ্যে নেই। আজকে পশ্চিমবাংলার মত ব্যাঙ্কক্রপ্ট দেউলিয়া সরকারের নজির গোটা ভারতবর্ষ খুঁজলেও আর দ্বিতীয়টি পাওয়া যাবেনা। ব্যাঙ্কক্রপসিতে বর্তমান সরকার অতীতের সমস্ত রেকর্ড ছাড়িয়ে গেছে। কেননা অর্থের অভাবে সরকারী কর্মচারীদের নির্দিষ্ট দিনে বেতন দিতে পারেনা এমন নজির গোটা ভারতবর্ষ খুঁজে একটিও মিলবে কি? সো এ্যাকিউট ইজ দি ব্যাঙ্কক্রাপসি যে আজকে সমস্ত উন্নয়নমূলক কাটেল করে দেয়া হচ্ছে। এই রাজ্যে উন্নয়নমূলক যেসমস্ত স্কীম আছে সেগুলো এই সরকার গ্রহণ করতে পারছে না।

[6-10—6-20 P. M.]

এমন কি ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে বিভিন্ন দপ্তরে যে কাজ-কর্ম গুলি হচ্ছে তার জন্য ম্যাচিং ফাণ্ডে যেটুকু দেওয়া দরকার, অর্থাভাবে তা দেওয়া যাচ্ছে না। তাহলে এই রকম একটা ক্রাইসিস, এই রকম মারাত্মক আর্থিক সঙ্কট এখানে রয়েছে। অথচ এই সমস্যার কথা রজ্যপালের ভাষণের মধ্যে তুলে ধরা হয় নি। এই বামফ্রণ্ট সরকার নিজেদের জনমুখী সরকার বলে দাবী করে থাকেন। তাঁরা জনগণের সমস্যা নিয়ে নাকি উদ্বিগ্ন। আমি অল্প সময়ের মধ্যে সব কিছু বলতে পারবো না, তবে কয়েকটা কথা এখানে বলতে চাই। পশ্চিমবাংলার সমস্যা যেখানে এতো বড়, এতো বড় একটা খরা গেল, যে খরায় গোটা পশ্চিমবাংলা বিপর্যস্ত, ১৩টা জেলার মানুষ বিপর্যস্ত, সেই খরা

মোকাবেলার প্রশ্নে এই বামফ্রন্ট সরকার আদৌ সিরিয়াস নয়। সিরিয়াস কি বলুন? মন্ত্রী মহাশয়তো উপস্থিত আছেন। আমি প্রথমেই বলতে চাই যে এতো বড় একটা খরা হবে পশ্চিমবাংলায় সেটা ১ বছর আগে আবহাওয়া দপ্তরের বিজ্ঞানীরা হুঁশিয়ার করে দিয়েছিলেন। এই রকম মারাত্মক খরার হুঁশিয়ারী পাওয়া সত্ত্বেও ১ বছর ধরে এই রাজ্য সরকার তার কোন প্রিকসানারী মেজার নেন নি। জন-জীবনের সমস্যা নিয়ে তাঁরা নাকি খুব সচেতন, এই নাকি তার লক্ষন! শুধু তাই নয় এই রকম একটা প্রচণ্ড খরার মূহুর্তে, যখন পশ্চিমবাংলার জনসাধারণ অনাহারে অর্ধাহারে দিন কাটাচ্ছে, যখন খরায় মানুষ বিপন্ন তখন এই বামফ্রন্ট সরকার সেই খরাগ্রস্ত মানুষের প্রতি অত্যন্ত বাজে আচরণ করেছেন। এই খরাকে যুদ্ধকালীন ভিত্তিতে মোকাবেলা করা দূরে থাক কিছু বাজে অর্থ অপব্যয় করেছেন এই সরকার। যে অর্থ দিয়ে এই খরাগ্রস্ত মানুষের কোন উপকার হয় নি, তাদের কোন উন্নতি হয় নি। এদের উন্নতির কোন নজীর দেখতে পাওয়া যায় নি। যখন মানুষ এই রকম খরা কবলিত, সেই সময় খরার ব্যাপারে আলোচনা করতে গিয়ে এম. এল. এ-রা চা চপের জন্য ৬৭ হাজার টাকা খরচ করে দিলেন। তাঁরা মানুষের দুঃখ দুর্দ্দশার কথা উপলব্ধি করতে পারেন নি। খরাগ্রস্ত মানুষ যখন খরায় জলছে, সেই সময় বামফ্রন্ট সরকারের বড় শরিক দল সি. পি. এম-এর নেতৃত্বে মেদিনীপুর জেলায় কৃষক সংগঠনের এক কৃষক সম্মেলন হয়ে গেল। সেই সম্মেলনে প্রতিনিধিদের জন্য মাংস, দুধ, ঘির জন্য লক্ষ লক্ষ টাকা ব্যয় হয়ে গেল। এই তো খরাগ্রস্ত মানুষের প্রতি, জনগণের প্রতি আচরণ। শুধু তাই নয়, খরা ত্রাণে সুষ্ঠ বণ্টনের যদি এই রাজ্য সরকারের সদিচ্ছা থাকত তাহলে খরাত্রাণ বণ্টনের ক্ষেত্রে নিশ্চই তাঁরা একটা সর্ব্বদলীয় কমিটি গঠন করতেন। কিন্তু তা না করে তাঁরা ত্রাণ কার্যের দায়িত্ব পঞ্চায়েতের হাতে দিলেন। যে পঞ্চায়েতগুলি দূর্নীতিগ্রস্ত, যে পঞ্চায়েতের বিরুদ্ধে সারা পশ্চিমবাংলার মানুষের দূর্নীতির অভিযোগ আছে এমন কি বামফ্রন্ট সরকারের শরিক দলের মধ্যে পঞ্চায়েতের বিরুদ্ধে দূর্নীতি অভিযোগ শোনা গেছে, সেই সমস্ত পঞ্চায়েতের মাধ্যমে খরার ত্রাণে বিলি-বণ্টন করার ব্যবস্থা করা হয়েছে। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে খরাপ্রবন এলাকার একটা জায়গায় দেখলাম এই বামফ্রন্ট সরকার সেই দুর্নীতিগ্রস্ত পঞ্চায়েতের হাত দিয়ে খরাত্রাণে বিলি-বণ্টন করলেন।

শুধু তাই নয়, এই খরার মুহূর্তে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে যে বরাদ্দ ঘোষণা তাঁরা করেছিলেন আমরা দেখলাম তাকে কাকতালীয় বিষয়ে পরিণত করে বামফ্রন্ট সরকার এখানে পঞ্চায়েত নির্বাচন করার জন্য তৎপর হয়ে উঠলেন। এর দ্বারা আমাদের কি আশঙ্কা সৃষ্টি হচ্ছে? এই ঘটনা আমাদের ১৯৭৮ সালের বন্যার কথা মনে করিয়ে দেয়। ১৯৭৮ সালের বন্যার টাকা ১৯৮০ লোকসভা নির্বাচনের জন্য ব্যয়িত হয়েছিল। আজ এই অবস্থাতে পশ্চিমবাংলার মানুষ যদি মনে করেন যে, এই খরাত্রাণের টাকা পঞ্চায়েত নির্বাচনের জন্য ব্যয় করবেন, তাঁদের দলীয় স্বার্থে ব্যয় করবেন, তাহলে সেই আশঙ্কা কি অমূলক বলে মনে করতে হবে? আসন্ন পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে খরাত্রাণে

বরাদ্দ করছেন বলে যদি সাধারণ মানুষ ধারণা করে থাকেন বা তাঁদের সামনে সেই চিন্তা এসে যায়, তাহলে কি তা অমূলক কিছু ? আমরা সরকারের কাছে প্রস্তাব রেখেছিলাম, এই রকম অবস্থায় সমস্ত মানুষকে সাথে নিয়ে দলমত নির্বিশেষে সমস্ত মানুষকে ঐক্যবদ্ধ হয়ে যাতে খরার হাত থেকে মানুষকে মুক্ত করা যায় তার ব্যবস্থা করতে। তার জন্য সর্বদলের মানুষের সহযোগীতা নিন, সর্বদলীয় কমিটি গঠন করুন। আমরা প্রস্তাব করেছিলাম, খরা-ত্রাণ বাবদ কেন্দ্রীয় সরকারের দেয় সাহায্য যেহেতু অপ্রতুল সেইহেতু খরাত্রাণের বিলিবণ্টন ব্যবস্থা সুষ্ঠু করতে হবে। তাহলেই রাজ্যের অর্দ্ধাহার ও অনাহারক্লিষ্ট মানুষকে বাঁচাতে পারা যাবে। সেজন্য প্রশাসনিক খাতে তথা পুলিশ খাতে ব্যয় সংকোচ করুন এবং সমস্ত দিক থেকে উদ্বৃত্ত পয়সা উদ্ধার করে এনে আশু ও দীর্ঘমেয়াদী দুপ্রকার ব্যবস্থা গ্রহণ করুন। দীর্ঘমেয়াদী ব্যবস্থা হিসাবে বলেছিলাম, খরাপ্রবন এলাকাগুলিতে খাল কাটার ব্যবস্থা নিন এবং আশু ব্যবস্থা হিসাবে, খরাক্রান্ত এলাকার অক্ষম, যারা শিশু ও প্রতিবন্ধী তাদের খাওয়াবার ব্যবস্থা নিন গরীব চাষীদের ঋণ মকুব করুন এবং স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে পুস্তক সরবরাহ করার ব্যবস্থা করুন। কলেজের ছাত্রছাত্রীদের বেতন মকুব করুন। দুঃখের কথা, সমস্ত দাবী তাঁরা অগ্রাহ্য করেছেন। এর দ্বারা এটাই বোঝা যায় যে মুখে পশ্চিমবাংলার সাধারণ মানুষের সরকার ও জনদরদী সরকার বলে দাবী করলেও আসলে তাঁরা জনস্বার্থ বিরোধী সরকার। পরিবহন সমস্যা এখানে একটা জলন্ত সমস্যা। অথচ রাজ্যপালের ভাষণে সে সম্পর্কে কতটুকু লেখা আছে ? বিগত ৫॥-৬ বছরের বামফ্রণ্ট সরকারের আমলে পরিবহন সমস্যার কোন সুরাহা পশ্চিমবাংলার মানুষের জন্য হয় নি। বরং সেই সঙ্কট তীব্র থেকে তীব্রতর হয়ে দেখা দিয়েছে। সাধারণ মানুষের উপরে এই সরকার ১।২।৩ করে বার বার মাশুল বৃদ্ধির আঘাত হেনেছেন। গতকাল রবীনবাবু সম্পূর্ণ অবৈধভাবে ভাড়া বৃদ্ধি হল বলে বিবৃতি দিয়েছেন। এর কি কোন যৌক্তিকতা থাকতে পারে? পশ্চিমবাংলার মানুষ বিধানসভায় ঘোষিত এই সরকারী নির্দ্দেশ মেনে নেবেন কোন যুক্তিতে? ১।২।৩।৪ করে তাঁরা ভাড়া বৃদ্ধি করলেন। আমরা লক্ষ্য করছি, সরকারের অপদার্থতার বোঝা পশ্চিমবাংলার মানুষের উপর চাপাতে চাইছেন। পরিবহনে আমরা দেখছি, ৩৫টি ষ্টেট বাস দুবছরে কেনা হয়েছে, ডিপোতে পড়ে থেকে তা ওয়েষ্টেজ হয়ে গেছে, পুরানো লোহাতে পরিণত হয়েছে। এক দিনের জন্যও ঐ বাসগুলো রাস্তায় বের করা হয় নি। কমকরে ২ লক্ষ টাকা হলেও ৩৫টি বাস কেনার জন্য ৭০ লক্ষ টাকা খরচ হয়েছিল। ৬ কোটি টাকার স্পেয়ার পার্টস্ যা কেনা হয়েছিল তার মধ্যে ২ কোটি টাকা স্ক্রাপ ভ্যালুতে বিক্রি করতে হয়েছে। এগুলির ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয় কিছু করতে পারেন নি। এগুলি রোধ করতে পারেন নি, বরং যে শ্রমশক্তি অপচয় হচ্ছে তাও ভাববার। বাস প্রতি ২৭ জন, এক একটি ট্রাম প্রতি ৩৩ জন কর্মচারী নিযুক্ত আছে। এইভাবে একসেস্ স্টাফ দিনের পর দিন বেড়ে চলেছে। এই সমস্ত কলোজ্যাল ওয়েষ্টেজ রোধ করতে তো পারছেনই না সেই সঙ্গে একসেস্ স্টাফ নিয়োগ করায় শ্রমশক্তি ক্রমশঃ হীন হয়ে পড়ছে।

[6-20—6-30 P. M.]

ট্রাম কোম্পানী প্রতি বছর ২ কোটি টাকা ওভার টাইম দিচ্ছে ইনস্পাইট অফ এক্সেস স্টাফ। ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট ২০ লক্ষ টাকা মাসে ওভার টাইম দেয়। যদিও ওদের এক্সেস স্টাফ রয়েছে। কি ধরনের ওয়েষ্টজ চিন্তা করা যায় না। পাবলিক এই বাড়তি ভাড়া মেনে নেবেন কি ভাবে? এর আপনারা কি জবাব দেবেন? আজকে রবীনবাবু নিজে মন্ত্রী হয়ে বললেন যে আজকে ষ্টেট বাসের কর্মচারীদের ডিউটি থেকে তুলে নিয়ে আসা এবং বাড়ী ফেরৎ দেওয়া এই কাজের জন্য ৭০টি করে ষ্টেট বাস দিনে লাগে। এবং তাতে কষ্টিং পাবলিক এক্সচেকার থেকে ৪ কোটি টাকা ব্যয় হচ্ছে। এই ব্যয় ক্রমে বেড়েই যাচ্ছে। এই ওয়েষ্টেজের ফলে লোকসান বাড়বে না? কিভাবে টাকার নয় ছয় হচ্ছে এবং কিভাবে দুর্নীতি হচ্ছে তা না দেখলে বুঝতে পারা যাবে না। অফিসাররা টাকা তছনছ করে বেরাচ্ছেন। এই ব্যাপারে এ্যাকাউন্ট জেনারেল, ওয়েষ্টবেঙ্গল একটি অডিট রিপোর্ট দিয়েছেন তাতে সমস্ত বড় বড় অফিসাররা কিভাবে টাকা নিয়ে নয় ছয় করছেন তার একটা বর্ণনা দিয়েছেন। এই ব্যাপারে একজন অনেষ্ট অফিসার প্রতিবাদ করতে গিয়ে বিপদে পড়তে হয়েছে। সেই অনেষ্ট অফিসারকে এরফলে বামফ্রন্ট সরকারের আক্রমণের বলি হতে হয়েছে। এবং একজন অডিটরকে সাসপেণ্ড করা হয়েছে। যেহেতু খবরের কাগজ তার ফাইলের রিপোর্টের ভিত্তিতে খবর বার করেছিলেন সেইহেতু তাঁর এই শাস্তি। This is the **attitude.** ষ্টেট ট্রান্সপোর্ট এবং ট্রাম কোম্পানীর পরিমাণ বাড়াতে না পারায় সরকার ব্যর্থতার পরিচয় দিয়েছেন। প্রাইভেট বাসের সংখ্যা বাড়বে না। অথচ তাদের ভাড়া না বাড়ালে লোকসান হচ্ছে। আমি মনে করি রবীনবাবুর এই যুক্তি হাস্যকর কি নয়? রবীনবাবু যে বুকলেট বিলি করেছেন তাতে তিনি নিজে স্বীকার করেছেন যে তিনি মনে করেন যে প্রাইভেট বাসের ভাড়া বাড়ানো যুক্তিযুক্ত নয় কারণ যেহেতু এই বাসগুলি আসন সংখ্যা অনুপাতে অনেকবেশী যাত্রী বহন করে থাকেন। তাহলে এই ভাড়া বাড়ানোর কি কারণ থাকতে পারে? এতে প্রাইভেট বাস ওনারদের আপনারা সুযোগ করে দিচ্ছেন। Why you are financing কেন এই বাস ফেয়ার বাড়াচ্ছেন। এর থেকে কি বোঝা যায় না যে আপনারা বাস মালিকদের কাছে নিজেদের আত্ম-সমর্পন করছেন অথবা তাদের সঙ্গে গোপন আতাঁত সৃষ্টি করছেন! বাস ফেয়ার বাড়লে কি প্রাইভেট বাস রাস্তায় বেশী নামবে? ইজ ইট এ ফ্যাক্ট? এর আগেও তো বাসের ভাড়া বেড়েছে তাতে কি প্রাইভেট বাস বেড়েছে? বরং দিনে দিনে বাসের সংখ্যা আরো কমে যাচ্ছে। রবীনবাবু আমাদের স্টেটমেন্ট দিয়েছিলেন যে বাসের ভাড়া বাড়লে প্রাইভেট বাস বেশী করে রাস্তায় নামবে। এই যুক্তি কোনদিনও টিঁকবে না বরং প্রাইভেট বাস ওনাররা যেভাবে তাদের মতের মত ভাড়ার তালিকা সাবমিট করবে সেইভাবে ভাড়া বাড়বে। স্টেট ট্রান্সপোর্ট রাস্তায় ক্রমশ কমে আসছে ফলে প্রাইভেট বাস মালিকরা মোনোপলি মার্কেট শুরু করেছে। তারা ভাবছে আমরা যদি ১০টি বাস খাটিয়ে যাত্রীদের তুলে নিয়ে যেতে পারি তাহলে শুধু শুধু কেন ১৫টি বাস বাড়াবো? ১০ টা বাসেই আমাদের চলে যাবে। এর উপর আবার বিশ্বব্যাঙ্ক প্রেশার দিচ্ছে। তাদের টার্মস এ্যাণ্ড কণ্ডিশান

অনুযায়ী বাসের ব্যাপারে সরকার কিছু তাদের সাবমিট করছে না। ফলে বিশ্বব্যাঙ্ক প্রেশার দিচ্ছে কিন্তু তাই বলে তারা তো বাসের ভাড়া বাড়াতে বলেন নি।

বাসের টিকিট কত বিক্রি হয়, কি আয়, কি ব্যয় তার সব হিসাব বিশ্ব ব্যাঙ্ককে দিতে হবে। এমন কি কোথা থেকে বাস কেনা হবে, তার টেণ্ডার কোথায় হবে, তার বডি কোথায় তৈরী হবে এসবও তাদের জানাতে হবে। তাই বলছি এইভাবে ভাড়া বৃদ্ধির কোন যুক্তি নেই। শিক্ষা সম্বন্ধে খুব বেশী বলতে চাই না। শিক্ষাক্ষেত্রে যে অবস্থা পশ্চিমবাংলায় হয়েছে তা সকলেই জানেন। ভাষা শিক্ষানীতি সম্বন্ধে অনেক আলোচনা হয়েছে। ভাষাকে সংকোচন করার ব্যাপারে তাঁরা জনসাধারণের আন্দোলনের কাছে নতি স্বীকার করেছেন। তাঁরা বলেন শিক্ষাকে অবৈতনিক করেছেন, কিন্তু আদার চার্জেস বলে মধ্যশিক্ষা প্রায় দ্বিগুণ করলেন। পাঠ্য পুস্তকের দাম প্রায় দ্বিগুণ করলেন ৫০ ভাগ বাড়িয়ে দিয়ে। তাও আবার ব্ল্যাকে কিনতে হবে। এইভাবেই শিক্ষা ব্যবস্থা দিনের পর দিন চরম অবনতির দিকে যাচ্ছে। রাজ্যপালের ভাষণে দাবী করা হয়েছে আমরা বিনামূল্যে টিফিন, পোষাক দিচ্ছি। কিন্তু শিশুরা দীর্ঘদিন ধরে কোন টিফিন, পোষাক পরিচ্ছদ পাচ্ছে না। এইভাবে একেবারে নির্জলা মিথ্যা কথা বলা হল। ১০০ দিনের মধ্যে ফল বেরুবে বলা হল, কিন্তু তার কি হল? ক্যালকাটা ইউনিভার্সিটি ৮ বছর ধরে ডিগ্রি, ডিপ্লোমা দিচ্ছে না। অথচ অতিরিক্ত পেমেণ্ট দিয়ে ডুপ্লিকেট সার্টিফিকেট দেয়া হচ্ছে। অর্থাৎ পাটোয়ারী বুদ্ধি খুব আছে। ফিডার স্কুলের ছাত্ররা সব কোথায় যাবে? মাধ্যমিক স্কুল বাড়ছে না, ফলে যা আছে সেখানে আবার সিট রেষ্ট্রিকসান। উদ্বাস্তু সম্বন্ধে বলি যে এই সরকার বলেন যে তাঁরা তাদের খুব বন্ধু। কিন্তু কি আচরণ উদ্বাস্তুরা এই সরকারের কাছ থেকে পেল? প্রথম বামফ্রণ্ট সরকারের আমলে মরিঝাঁপিতে উদ্বাস্তুদের উপর আক্রমণের কথা সকলেই জানেন। তাদের দীর্ঘদিনের দাবী ছিল তাদের কলোণীর জমির উপর মালিকানা দেবার। বামফ্রণ্টের ৩৬ দফা কর্মসূচীর মধ্যেও ছিল যে তাদের জমির উপর মালিকানা শর্ত দেয়া হবে। এটা তাঁদের ইলেকশান প্লেজ ছিল। কিন্তু তাঁরা জমির মালিকানা শর্ত না দিয়ে শর্ত কণ্টকিত লীজ দলিল দিলেন। ৯৯ বছরের লীজ, বিক্রি করতে পারবেনা সরকারের বিনা অনুমতি ছাড়া, সরকার যে কোন মুহূর্তে জমি অধিগ্রহণ করতে পারবেন, সেখানে কোন ব্যবসা চলবে না। আরও শর্ত আছে যে যদি প্রতিবেশীর উপর কোনরকম বিরক্তিকর আচরণ হয় তাহলে রাজ্য সরকার তাকে উৎখাত করবেন। সিদ্ধার্থ সরকার যখন এই রকম ধরণের শর্ত কণ্টকিত করেছিলেন তখন সি. পি. এম.-এর প্রতিবাদ করেছিলেন। অথচ আজ তাঁরা এ জিনিষ করলেন। এইভাবে তাঁরা তাদের বঞ্চনা করছেন। ১৯৫১ সালের পর ৭৬৬টা কলোণীকে, জবর দখল কলোণীকে আইন সিদ্ধ করার কোন ব্যবস্থা নেই। রাধিকাবাবু মন্ত্রী হয়ে বলেছিলেন যে তিনি তাদের সমস্যার সমাধান করবেন। কিন্তু তাদের কোন সমস্যার সমাধান হয়নি।

[6-30—6-40 P.M.]

তাঁরা বলেছেন যে তাঁরা ভূমি সংস্কার করেছেন, তাঁরা ৭'৩৯ লক্ষ একর কৃষি জমি বণ্টন করেছেন। অদ্ভুত কথা। ইজ ইট দি কন্‌ট্রিবিউসান অব দি লেফ্‌ট ফ্রন্ট গভর্নমেণ্ট? যেভাবে প্রশ্ন রাখা হয়েছে এ্যাজ দি লেফ্‌ট ফ্রন্ট গভর্নমেণ্ট এই জমিটা বিলি করেছেন। কিন্তু তাঁরা ১ লক্ষ একর জমিও বিলি করেন নি যদিও পৌনে ৪ লক্ষ একর খাস জমি তাঁদের হাতে রয়েছে। সেই জমি হাতে রেখে বিলি করেননি কার স্বার্থে—না, বেনামদারদের স্বার্থে যারা খাস জমি থেকে বছরে ১৪ কোটি টাকা আয় করছে। এখন পর্যন্ত ৬৬ পারসেণ্ট বর্গা চাষী রেকর্ডেড হয়নি, কেন বেনামদের ধরতে পারেননি এই সম্পর্কে কোন রিপোর্ট নেই। অর্থাৎ কংগ্রেস আমলে যে জোতদার-পুলিশ প্রশাসনের দুষ্ট চক্রকে অবলম্বন করে কংগ্রেস গ্রামাঞ্চলে তাদের রাজনীতিকে রক্ষা করার চেষ্টা করেছিল আজকে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সেই দুষ্ট চক্রের মোকাবেলা না করে সেই পথ অবলম্বন করে পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে তাদের সংগঠনকে রক্ষা করার চেষ্টা করছেন। আজকে উদ্বাস্তুদের ক্ষেত্রে বলুন, পরিবহনের ক্ষেত্রে বলুন, বস্তি উন্নয়নের নামে যেভাবে বস্তি উচ্ছেদ করা হচ্ছে সর্বক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি ওয়ার্লড ব্যাঙ্কের কাছে তাঁরা দেশটাকে মর্টগেজ দিতে চলেছেন। তাঁরা কেন্দ্রীয় সরকারের সমালোচনা করেন যে কেন্দ্রীয় সরকার আই এম এফ'র কাছে লোন নিয়ে দেশকে বিকিয়ে দিচ্ছে মার্কিন সাম্রাজ্যবাদের শোষণের কাছে। আজকে তারা যদি মার্কিন সাম্রাজ্যবাদের দালাল হয় তাহলে তোমরা কি? উদ্বাস্তুদের এই লিজ দলিল দেওয়া, তাদের জমির মালিকানা না দেওয়া, বস্তি উন্নয়নের নামে বস্তি উচ্ছেদ করা, স্টেট ট্রান্সপোর্ট এবং প্রাইভেট বাস ওনারদের স্বার্থে ট্রাম বাসের ভাড়া বাড়ান এই সমস্ত জিনিস করা হচ্ছে এ্যাট দি ইন্সট্রাকসান অব দি ওয়ার্লড ব্যাঙ্ক। একদিকে তাঁরা মুখে জনগণতান্ত্রিক বিপ্লবের কথা বলছেন, বিপ্লবের যারা শত্রু তাদের বিরুদ্ধে সংগ্রামের কথা বলছেন অপরদিকে তাঁরা তাঁদের মূল শত্রুর সাথে হাত মেলাচ্ছেন, তাঁরা বিশ্ব ব্যাঙ্কের সাথে আঁতাত করছেন। এইভাবে তাঁরা তাঁদের প্রতিশ্রুতি থেকে সরে যাচ্ছেন। ফলে এই ভাষণের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর আমার বন্ধুবর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করছি। এই প্রস্তাবের বিরোধিতা করে কংগ্রেস দলের নেতা এবং বিরোধী দলের নেতা যে সমস্ত কথা বলেছেন তার ২।১টির জবাব দেওয়া অবশ্যই দরকার। আমি এখানে মাননীয় সদস্য খৈতানজীকে দেখছিনা, কোথায় গেলেন তাও জানিনা। বিরোধীদলের নেতার কথার জবাব দেওয়ার আগে খৈতানজী যেসব কথা বলেছেন তার জবাব একটু দেওয়া দরকার। উনি হাউসে নূতন এসেছেন তাই ঘটনাটা জানেন না। আমাদের এই বিধানসভায় জুট ইনডাসট্রি ন্যাশনালাইজ করবার জন্য প্রস্তাব গ্রহণ করা হয়েছে এবং যথারীতি সেটি ভারত সরকারের কাছে প্রেরিত হয়েছে। উনি নিশ্চয়ই জানেন বর্তমানে আমাদের দেশে যে আইন আছে সেই আইন মোতাবেক অর্থাৎ ইনপ্রাসট্রিস্ ডেভলপমেণ্ট

এ্যাণ্ড রেগুলেসন এ্যাক্ট, ১৯৫১ এই অনুসারে কোন ইনডাসট্রি ন্যাশনালাইজ করা তো দূরের কথা, তার ম্যানেজমেণ্ট হাতে নেবার ক্ষমতা রাজ্য সরকারের নেই। "পশ্চিমবঙ্গ সরকারের যদি ক্ষমতা থাকে তাহলে জুট ইনডাসট্রি ন্যাশনালাইজ করুন" এই কথাগুলি হাত-পা ছুঁড়ে খৈতানজী যা বললেন সেটা এখানে না বলে যদি ইন্দিরা গান্ধীর ঘরে ঢুকে ঐভাবে হাত-পা ছুঁড়ে বলতে পারেন তাহলে আমরা এখান থেকে রেজিলিউশন করে পাঠিয়ে দেব। তারপর, সাত্তার সাহেবের চোখের চশমাটা সাদা দেখালেও আসলে ওটা রঙ্গীন চশমা। উনি বললেন এখানে পুলিশ রাজ কায়েম হয়েছে। কেন ? উনি বললেন সব টাকা নাকি পুলিশ খাতে খরচ হচ্ছে এবং যাবতীয় উন্নয়নমূলক খাতে খরচ শুধু কমিয়ে দেওয়া নয়, খরচই হয়নি। এসব কথা উনি কোথায় পেলেন ? আপনি লেটেস্ট ইকনমিক রিভিউর ৩০ পৃষ্ঠা খুলে দেখুন তো কোথায় আছে যে, পুলিশ খাতে সবচেয়ে বেশী খরচ করেছে এই বামফ্রন্ট সরকার ? এখানে ৪টি আইটেমের মধ্যে পুলিশের পেছনে যে খরচ ১৯৮২।৮৩ সালের রিভাইজড এ্যানুয়াল প্ল্যানে ধরা হয়েছে সেটা ২৪ দফার পেছনে ঠাঁই পেয়েছে। এর আগে ২৪ দফা অন্যান্য কাজের তালিকা দেওয়া হয়েছে এবং বলা হয়েছে কোন্ আইটেমে কত বরাদ্দ। আমরা এতে দেখছি সবচেয়ে বেশী খরচ করা হচ্ছে পাওয়ারে। এরপরই দেখছি ইরিগেসন এণ্ড ওয়াটার ওয়েজ এবং এই ইরিগেসন এ্যাণ্ড ওয়াটারওয়েজের পরই রয়েছে এডুকেশন যেখানে টাকা খরচ করা হচ্ছে। তারপর, ৪ নম্বরে দেখছি হোম (ট্রান্সপোর্ট), ৫ নম্বরে দেখছি মেট্রোপলিটন ডেভেলপমেণ্ট। এগুলি কি ডেভেলপমেণ্টের কাজ নয় ? সাত্তার সাহেব কোথায় অর্থনীতি শিখেছেন ? এইভাবে একের পর এক ২৪ দফা এখানে রয়েছে। আমার হাতে বই রয়েছে, আপনি এই দফাগুলো দেখুন এবং এগুলিকে উন্নয়নমূলক দফা বলবেন কিনা সেটা বলুন। স্যার, সাত্তার সাহেবের মোদ্দা কথা হচ্ছে আমরা পুলিশের পেছনে সমস্ত টাকা খরচ করছি, উন্নয়নমূলক কাজে খরচ করা হচ্ছে না। এগ্রিকালচারসহ সমস্ত ডেভেলপমেণ্টাল প্রোজেক্টে টাকা খরচ করা হচ্ছে এবং ইরিগেশন এ্যাণ্ড ওয়াটারওয়েজকে আমরা দিয়েছি ষষ্ঠ স্থান। কাজেই এটা কখনই বলা যাবে না যে উন্নয়নমূলক কাজে আমরা টাকা দেইনি। বিরোধী দলের নেতা তথ্যের ভিত্তিতে বক্তব্য রাখবেন এটা আমরা আশা করি। রাজ্যপালের ভাষণে শান্তি শৃঙ্খলা সম্বন্ধে যা বলা হয়েছে সেটা সাত্তার সাহেব উল্লেখ করেছেন। রাজ্যপালের ভাষণের তৃতীয় প্যারাতে বলা হয়েছে, "১৯৮২ সালে এ রাজ্যের সামগ্রিক আইন শৃঙ্খলা পরিস্থিতি আগের মতোই মোটামুটি শান্তিপূর্ণ ছিল। আগেকার বছরগুলির তুলনায় জমি নিয়ে সংঘর্ষ কম হয়েছে। অবশ্য, কোনও কোনও অঞ্চলে অপরাধমূলক ও হিংসাত্মক কিছু কিছু বিক্ষিপ্ত ঘটনা ঘটেছে। যেখানেই এধরনের ঘটনা ঘটবে সেখানেই তা দমন করার জন্য জোরালো ব্যবস্থা গ্রহণ করতে হবে। এসব ক্ষেত্রে পুলিশ তৎপরতার সঙ্গে ব্যবস্থা গ্রহণ করে চলেছেন এবং প্রয়োজনীয় বিবিধ নিবর্তনমূলক কর্মপন্থা অনুসরণ করেছেন। আলোচ্য বছরে যেমন বড় রকমের কোন সাম্প্রদায়িক হাঙ্গামা বা আঞ্চলিক উত্তেজনা পরিলক্ষিত হয়নি, তেমনই তফসিলভুক্ত জাতি ও তফসিলভুক্ত আদিবাসী কিংবা সমাজের দুর্বলতর শ্রেণীর

মানুষের বিরুদ্ধে সংগঠিত কোন নৃশংসতার ঘটনা ঘটেনি। দেশের কোনও কোনও অংশে যে সংকীর্ণ আঞ্চলিকতা ও প্রাদেশিকতার মনোবৃত্তি এখনও লক্ষ্য করা যায়, পশ্চিমবঙ্গ রাজ্য যে তা থেকে মুক্ত থাকতে পেরেছে এটা পরিতৃপ্তির বিষয়।"

[6-40—6-50 P.M.]

সাত্তার সাহেবের ভয়ঙ্কর আপত্তি যে রাজ্যপাল একথা কেন বললেন? উনি বললেন আইনশৃঙ্খলা ভেঙ্গে পড়েছে। খৈতান সাহেব বললেন administration is collapsing. উনি কি বললেন? উনি বললেন এ্যাডমিনিস্ট্রেশন is collapsed পশ্চিমবাংলায়। সাত্তার সাহেবের ছায়া বলতে কোন পদার্থ আছে বলে কি জানা আছে? তাহলে আজকে জ্যাসটাপোজ করে দেখতে হবে। আমাদের বিচারের মাপকাঠি দুটি। আমরা চাই সামগ্রিক যে অর্থ নৈতিক অবস্থা সেই সামগ্রিক সমস্যাকে বিচার করে দেখতে হবে। কোয়ালিটেটিভলি আমরা কি করতে পেরেছি—কোয়ালিটেটিভ এ্যাসপেক্টটা দেখতে হবে। একথা সঠিক যে কোয়ালিটেটিভ প্রোগ্রাম আমাদের আছে এবং তার যতটা হওয়া দরকার, ততটা আমরা করতে পারি নি। এতে লোকানোর কিছু নেই। চাপা দেবার কিছু নেই। আমরা জানি সত্যি কথা বলতে। আমরা মার্কসবাদ লেলিনবাদে বিশ্বাসী—আমরা রেভিলিউশনারী সোস্যালিস্ট, কমিউনিস্ট—because we proceded from the fact of reality. আমি বলতে চাচ্ছি আমাদের বিচারের মাপকাঠি যখন দেখি এবং বিচার করি যে আমরা কোথায় আছি। আমরা চোখ বন্ধ করে বসে নেই। সামগ্রিক বিচার করে আমরা বলি আমরা যা করেছি তা যথেষ্ট নয়। কারণ আমরা জানি একথা বলা চলে না। আপনারা আমাদের থেকে কি বলবেন? আমাদের থেকে আপনাদের কিছুই বেশী বলার নেই। আমরা জানি আমরা যা করতে চাই তার কতটুকু করতে পেরেছি। আমাদের পরিষ্কার ধ্যান ধারণা আছে। আমরা মাপকাঠি বিচার করে এখানেও যা বলি আর মাঠে ময়দানেও তাই বলি। আমরা জনগণের কাছে সঠিক ছবিই তুলে ধরতে চাই। আপনারা তো এখানে ৩০।৩৫ বছর রাজত্ব চালিয়েছেন। আজকে তার সঙ্গে তুলনা করে দেখতে হবে। আজকে তো আপনারা পশ্চিমবাংলায় গতিচ্যুত হয়েছেন। কিন্তু অন্য দিকে, আপনারা তো ভারতবর্ষের অন্যান্য বিভিন্ন রাজ্যে তো গতিচ্যুত হন নি। আজকে জাষ্টাপোজ করে দেখতে হবে। আমাদের যে কর্মসূচী এবং আমাদের যে রেকর্ড সেটা বিচার করে দেখতে হবে। আজকে কম্পিটিশন মার্কেটে আমরা যে কম্পিটিশন করছি সেটা দেখতে হবে। প্রতিটি আইটেম বিচার করে দেখতে হবে। আজকে বিচার করা হোক, ডিবেট করা হোক, দেখা হোক যে কোথায় কোন ব্যাপারে আমরা এগিয়ে আছি—কোন্ ব্যাপারে আমরা পিছিয়ে আছি। এ বিষয়ে বিরোধী দলের জাষ্টাপোজ দরকার আছে। আমরা ঠিক কথাই বলেছি। আপনারা বলছেন এ্যাডমিনিস্ট্রেশন কোল্যাপসড। আসামের কথা বলছেন। আপনারা আগেও আসামে রাজত্ব করছেন এবং এখনও করছেন। কিন্তু সেখানে কি অবস্থা? একদিকে লেলিহান শিখায় গ্রামের পর গ্রাম জ্বলে যাচ্ছে, আর একদিকে লক্ষ লক্ষ মানুষ ছিন্নমূল

হয়ে যাচ্ছে। কি ব্যর্থতা জানেন না। কি পাপের প্রায়শ্চিত্ত হচ্ছে? **Administration is completely collapsed.** অনাথ মহিলা, দুর্বল মহিলা রেহাই পাচ্ছে না দেব শিশু, অসহায় শিশু তারা আজকে কোথায়? আজকে সে কথা চাপা রেখে দিয়ে এই পশ্চিমবাংলার জন্য আপনাদের চোখে পড়ছে। আজকে এখানে প্রগতিশীল আন্দোলন, বাম আন্দোলন একটা দুর্বার গতিতে একটা ঐতিহ্য নিয়ে এগিয়ে চলেছে।

আসামে যখন এইভাবে আগুন জলছে, হরিয়ানা' পাঞ্জাবে খালিস্থানের দাবী উঠে গেছে এবং চরম পন্থীরা যখন রাস্তায় নেমে পড়েছে তখন পশ্চিমবাংলার এই জমানার চিত্রটা একটু দেখুন। আজকে পশ্চিমবাংলার প্রতিটি মেজর এবং ট্রাডিশন্যাল ইণ্ডাষ্ট্রিতে ৬০ থেকে ৭০/৮০ ভাগ অবাঙালী কর্মরত অবস্থায় রয়েছে। তারা এখানে সুখে শান্তিতে স্বচ্ছন্দে কাজ করে চলেছে। প্রতিটি মেজর এবং ট্রাডিশন্যাল ইণ্ডাষ্ট্রিতে বহু চেষ্টা করা হয়েছে এই ব্যালান্স টাল-মাটাল করে দেওয়ার, কিন্তু তা করা যায় নি। এটা অতীতের কথা নয়, আজও কলকাতা শহরের সমীক্ষা হয়নি, হিসাব কেউ রাখে না। ইন্দিরা গান্ধীর নেতৃত্বে যেখানে সরকার আছে সেখানে এইভাবে যখন আগুন জলছে তখন ঠিক তারই পাশাপাশি এই পশ্চিমবাংলায় জলস্রোতের মত আজও বিভিন্ন ভাষাভাষি এলাকা থেকে, বিভিন্ন রাজ্য থেকে দলে দলে মানুষ এসে করে খাচ্ছে। এই চিত্র আজকে আমাদের সকলের সামনে ফুটে উঠেছে। সাত্তার সাহেব এটা দেখতে পান না? ফুটপাতে যারা ব্যবসা করে সেটা একটু সমীক্ষা করে দেখুন। সঠিক হিসাব আমি জানি না, তবে আমার মনে হয় এখানে যারা করে খাচ্ছেন তাদের শতকরা ৯০ জনই হচ্ছে বাংলার বাইরের লোক। রিক্সাওয়ালা ভাই, যারা রিক্সা টানছেন, তারা জলস্রোতের মত এখানে এসে করে খাচ্ছেন। কলকাতা করপোরেশনের নীচের তলার শ্রমিক ভাইরা, সমস্ত ষ্টেশনের কুলি ভাইরা ইত্যাদি সমাজের বিভিন্ন স্তরের মানুষ এখানে এসে করে খাচ্ছেন। ন্যাশনাল ইন্টিগ্রেসন কাকে বলে সাত্তার সাহেব সেটা একটু শিখে নিন, ন্যাশনাল কনসোলিডেসন কাকে বলে শিখে নিন। আজকে পশ্চিমবাংলায় আইন শৃঙ্খলা যদি না থাকতো, যদি ঐসব এলাকার মত আগুন জলতো তাহলে এই চিত্র এখানে থাকতো না, এটা ভুলে যাবেন না। এটা যে কত বড় একটা কনট্রিবিউসন পশ্চিমবাংলার, সেটা ভুলে যাবেন না এবং ভারতবর্ষ যাতে টুকরো টুকরো হয়ে খণ্ড বিচ্ছিন্ন হয়ে না যায় তার জন্য এই যে অভিজ্ঞতা—এই অভিজ্ঞতাকে আপনারা যদি আজকে কাজে লাগাতে পারতেন তাহলে কখনই এই জিনিস হত না। আসামে এই রকম হল কেন? পণ্ডিতজী তো একদিন বলেছিলেন 'দি আসামীজ আর এ ফাইন পিপল'। শুধু ফাইন পিপল নয়, এমন সুন্দর দেশ ইডিলিক এবং পিকচারেস—এই রকম দেশ ও পিপলদের নিয়ে হেম বড়ুয়া কাব্যিক ভাষায় বলেছিলেন, 'দি ল্যাণ্ড অব দি রেড রিভারস এ্যাণ্ড দি ব্লু হিলস' সেই ফাইন পিপলদের ভিতরে আপনাদের ৩৬ বছর শাসনের মধ্যে কিভাবে একটা দুষ্ট চক্র ঘাঁটি গড়লো? মুষ্টিমেয় কিছু প্রতিক্রিয়াশীল, সমাজবিরোধী ভারতবর্ষের সমস্ত ঐতিহ্যকে, সমস্ত ইতিহাসকে, সমস্ত আদর্শকে, সমস্ত সংস্কৃতিকে আজকে বিপথে চালিত করার চেষ্টা করছে। কার নেতৃত্বে হয়েছে? ইন্দিরা

গান্ধীর নেতৃত্বে নয়, কংগ্রেসের নেতৃত্বে নয় ? এই কথা ভুলে গিয়ে আসামের জন্য যা কিছু করণীয় সেটা না করে আজকে উল্টো চাপ দিচ্ছেন। সারা ভারতবর্ষের মধ্যে বামফ্রন্টই একমাত্র আশার আলো জ্বালিয়ে রেখেছে। এখানকার ঐক্য যদি থাকে তাহলে সারা ভারতবর্ষে থাকবে এবং বামফ্রন্ট একটা বিরাট আদর্শের পতাকা উর্দ্ধে তুলে ধরেছে। সেই পতাকা যদি উর্দ্ধে তুলে রাখা যায় তাহলে ভারতবর্ষের একতা অটুট হয়ে থাকবে, নতুবা আপনাদের নেত্রী যতদিন দিল্লীতে বসে আছেন, থাকবেন, তারপর ভবিষ্যৎ অন্ধকার। এটা শুধু আসামের কথা নয়, পাঞ্জাবে কি হচ্ছে ? সেখানে খালিস্থানের দাবী নিয়ে চরম পন্থীরা পথে বেরিয়ে পড়েছে। সেখানে আপনাদের সরকার কি করেছেন ?

[6-50—7-00 P.M.]

ধর্মসংস্থানের ভেতরে চরমপন্থীরা এবং খুনীরা আশ্রয় নিচ্ছে। নিরংকারী-বাবাকে খুন করা হয়েছে। এই যেখানে অবস্থা সেখানে আবার আপনারা এখানের আইন-শৃঙ্খলার দোহাই দিচ্ছেন, বলছেন পশ্চিমবাংলায় এ্যাডমিনিষ্ট্রেশন কোলাপস করেছে। কোথায় সেই নিরংকারীবাবার হত্যাকারী ? কতজন সন্তের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন পাঞ্জাবে ? কি ব্যবস্থা নিয়েছিলেন যখন চরমপন্থীরা প্লেন হাইজ্যাক করে নিয়ে চলে গেল ? নিতে পারেন নি। কি করে নেবেন ? ডবল ষ্টাণ্ডার্ড নিয়ে চলেছেন যে আপনাদের নেতৃ। ইউ. পি. তে জনতা রাজত্বের সময় যখন প্লেন হাইজ্যাকিং হয়েছিল তখন তার সঙ্গে জড়িত ছিল, আমরা জানি জাতির কনিষ্ঠ সন্তানের দুজন সাগরেদ। এই কনিষ্ঠ সন্তান বলতে কাকে বোঝাচ্ছি আশা করি সেটা সকলেই বুঝতে পারছেন, আমি আর নামটা করছি না। তার সেই দুজন সাগরেদের কিন্তু এরজন্য কোন সাজাই হয়নি বরং আমরা দেখলাম পরবর্তীকালে নির্বাচনের সময় ইউ. পি. তে সেই দুজনকে নির্বাচনের টিকিট দেওয়া হ'ল। কাজেই এই অবস্থায় আইনশৃঙ্খলার বড়াই যখন সাত্তার সাহেব করেন তখন বড়ই দুঃখ হয়। আমার মনে হয় তার আইনশৃঙ্খলার কথা এখানে না বলাই ভালো। হায়া থাকলে অবশ্য নিশ্চয় এসব কথা বলতেন না। পশ্চিমবঙ্গ সরকারের সবচেয়ে বড় যেটা গর্বের জিনিষ হায়া থাকলে নিশ্চয় সেটাকে এইভাবে আঘাত করতেন না। তারপর স্যার, আর একটা কথা বলি। সাত্তার সাহেবদের 'বি' টিমের ক্যাপটেন বলে গেলেন এই যে সব টাকা খরার জন্য কেন্দ্র থেকে আসছে এগুলি পঞ্চায়েতের মাধ্যমে খরচ করা হবে এবং ১৯৭৮ সালে বন্যার সময় যেমন খরচ হয়নি এবারেও সেই রকম অবস্থা হবে। আমি ওদের বলি, ইলেকসানে তো দেখেছেন আপনাদের কি অবস্থা হয়েছে। সেখানে বিরোধী দল কমেছে না বেড়েছে সেটা দেখতেই পাচ্ছেন। আমি স্যার, ওঁদের বলছি, যদি ক্ষমতা থাকে এই ঘরের ভেতরে নয়, বাইরে গিয়ে বলুন এদের টাকা দিও না। যদি সে সাহস থাকে তাহলে সেকথা বলুন আর তা যদি না থাকে তাহলে বাংলাদেশের মানুষকে পেছন থেকে ছুরি মারবেন না, বাংলাদেশের দরিদ্র দিনমজুর, চাষীভাইদের মুখের গ্রাস কেড়ে নেবোর জন্য চক্রান্ত করবেন না। যদি সাহস থাকে বাইরে গিয়ে বলুন এদের

এক পয়সাও দেওয়া চলবে না, যদি দেওয়া হয় তাহলে আমরা আন্দোলন করবো। আমরা জানি সেকথা বলার সাহস আপনাদের নেই। তারপর স্যার, সাত্তার সাহেব দয়া করে স্বীকার করেছেন পশ্চিমবাংলায় খরা হয়েছে, অবশ্য উনি বলতে পারতেন এখানে খরা হয়নি, যাই হোক, দয়া করে সেটা আর বলেন নি। এই খরার জন্য দু' বারে মাত্র ২৮০ কোটি টাকা চাওয়া হয়েছে কেন্দ্রের কাছ থেকে। সাত্তার সাহেব দীর্ঘদিন মন্ত্রী ছিলেন, তিনি জানেন কীভাবে এই টাকা চাইতে হয়। তিনি জানেন, এটা কোন অনুমানের উপর ভিত্তি করে চাওয়া হয় না। সেনট্রাল থেকে স্টাডি টিম এসে বিভিন্ন এলাকা ঘুরে দেখে এখানের অফিসারদের সঙ্গে বসে প্রতিটি খাতে খরচ খরচা সমস্ত খতিয়ে দেখে তারপর তারা এখান থেকে যান এবং সেই ভিত্তিতে কেন্দ্রীয় সরকার টাকা মঞ্জুর করে থাকেন সেটা আশা করি তিনি জানেন। এত পরীক্ষার ভেতর দিয়ে যাবার পর আমরা দুবারে মাত্র ২৮০ কোটি টাকা চেয়েছি এবং দু দফায় ৭৭ কোটি টাকার কিছু বেশী দেওয়া হয়েছে। সাত্তার সাহেব খরা হয়েছে স্বীকার করলেন কিন্তু তিনি বললেন না, এই ২৮০ কোটি টাকা চাওয়াটা ঠিক হয়েছে।

অর্থাৎ মঞ্জুর করা হয়েছে। সাত্তার সাহেব বোধহয় জানেন যে 'মঞ্জুর' এবং 'আসল দেওয়ার' মধ্যে অনেক গ্যাপ থাকে। ৫৫ কোটি টাকা আমাদের খরা খাতে দেওয়া হয়েছে এবং এখনও ২২ কোটি টাকার উপর তাঁরা আমাদের দিলেন না। আর এদিকে গ্রামের লোক খেতে পারছেনা। আমি সাত্তার সাহেবকে বলছি, আপনার নেতৃ একবার জনসাধারণের সামনে দাঁড়িয়ে বলুন না যে, এই যে কবে থেকে চেষ্টা করা হচ্ছে সেই হলদিয়ায় পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স হবেনা, একবার তিনি বলুন না, জাহাজ মেরামতের কারখানা হবে না, সল্ট লেকে ইলেকট্রনিকের সেকেণ্ড ইউনিট আমি হতে দেবনা, আমি হতে দেবনা। হ্যাভ ইউ দি গাটস্ টু সে ছাট? অথচ এগুলি হলে আমাদের দেশের হাজার হাজার ছেলের চাকুরী হোত। মাননীয় সদস্য শৈতানজী ক্লোজার, লকআউট ইত্যাদি নানা কথা এখানে বললেন। তাঁকে জিজ্ঞেস করতে ইচ্ছে হচ্ছে, কোথায় আপনি ক্লোজার, লকআউট বলছেন? ওই মহারাষ্ট্র যেটা ইন্দিরা গান্ধীর একটি স্বর্গরাজ্য সেখানে আড়াই লক্ষ কটন টেক্সটাইল শ্রমিক কি দেখিয়ে দিয়েছে? তারা দেখিয়ে দিয়েছে হোয়াট ইজ ডিটারমিনেসন, হোয়াট ইজ কনসাস্নেস্। কিন্তু আপনারা কি করলেন? আপনারা শুধু মন্ত্রী হবার জন্য মারামারি, খেয়োখেয়ি করেছেন। আপনাদের তো বছরে ১৪ বার মন্ত্রী পাল্টায়। তবে জেনে রাখুন আপনারা সেই শ্রমিকদের মারতে পারবেন না, তারা মেরুদণ্ড সোজা করে লড়ছে। ইন্দিরা গান্ধীর কোন ক্ষমতা নেই এবং হাজার চেষ্টা করলেও তাদের কিছু করতে তিনি পারবেন না। আপনারা ওখানে একটি ইনডাসট্রির শ্রমিকদের ক্রাইসিস্-এর মুখে ঠেলে দিয়েছেন, তাদের সর্বনাসের মুখে দাঁড় করিয়েছেন, আর আমরা এখানে দেখছি তার বিপরীত চিত্র। আমরা এখানে চটকলের ১ লক্ষ ২৭ হাজার শ্রমিক এবং কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে নিশ্চয়তা আনার চেষ্টা করছি। ইতি-মধ্যেই ১৩টি কলকে লকআউট তুলতে হয়েছে এবং ৪০ হাজার লোক সেখানে কাজ পেয়েছে।

স্মল সেকটরে ৩২ হাজার লোক কাজ পেয়েছে। কাজেই যে কোন আইটেমে যদি তুলনা করেন তাহলে দেখবেন একটু ভাল কাজ প্রতি আইটেমে, প্রতি সেকটরে আমরা করেছি।

**শ্রীআবদুস সাত্তার** ঃ কিছুই হয়নি।

**শ্রীঅমলেন্দ্র রায়** ঃ আপনি যদি প্রমান করতে পারেন কিছুই হয়নি তাহলে আই স্ট্যাণ্ড টু বি করেকটেড। একথা বলে এই ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-00—7-10 P. M.]

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir, I have gone through the speech delivered by Shri Bhairab Datt Pande. Sir, it is the most disappointing and discouraging speech ever made by any Governor in this House in West Bengal since independence. সাত্তার সাহেব বলেছেন এ্যডমিনিষ্ট্রেসন ভেঙে গেছে। ভাঙার মানে এই নয় যে, রাইটারস বিল্ডিংসটা বসে গেছে বা লালবাজার ভেঙে পড়েছে। ভাঙার মানে হচ্ছে এই যে, যদি চন্দন বসুর পার্স চুরি যায় তাহলে উইদিন হাফ্ এ্যান আওয়ার পার্স পুলিশ উদ্ধার করে এনে দেয়। অথচ প্রতিদিন সারা রাজ্যে সাধারণ মানুষের ওপর অত্যাচার হচ্ছে, বস্তির গরীব মানুষদের ওপর অত্যাচার হচ্ছে, মানুষ খুন হচ্ছে, ডাকাতি হচ্ছে, চুরি হচ্ছে, মানুষ থানায় বার বার যাচ্ছে, দিনের পর দিন যাচ্ছে, কিন্তু তাদের ডাইরি পর্যন্ত নেওয়া হচ্ছে না। এই জিনিষ ঘটেছে বলেই আজকে বলা হচ্ছে প্রশাসন ভেঙে পড়েছে।

Sir, the administration on has gone to rack and ruin. If you want to see what is the administration it would be clear from the front page photograph published in to-day's Statesman. There is no bus and the double decker bus is precariously over-crowded. এই ভাবে মানুষ দাঁড়িয়ে আছে। শহরের চারিদিকে মানুষ লাইন দিয়ে দাঁড়িয়ে আছে, কোথাও বাস নেই। যে বাস চলছে সে বাসেতে মানুষ জীবন বিপন্ন করে ঝুলতে ঝুলতে যাচ্ছে, পায়ের তলায় চাকা লাগছে।

The picture will show how people are taking risk of their lives for their journey to attend office because this Government has to tally failed to provide sufficient number of transport for the common men. Here the Government has to tally failed. Where it has not failed ? In every sector of life it has failed; it has failed in the urban areas; it has failed in the rural

areas; it has failed in the field of law and order; it has failed in the field of production. There is failure everywhere.

Sir, the Governor is lamenting over the drought. Who is responsible for this drought ? Of course, I admit that there might be natural calamities. But, for this drought, more responsibility lies with the Left Front Government. Sir, the General Election was held on the 19th May and the result was out within a day or two. But since then the parties went on quarrelling over the share of ministerial portfolios. কে বড় মন্ত্রী হবে, কে বড় পোর্ট-ফোলিও পাবে এই নিয়ে মাসের পর মাস দিনের পর দিন ঝগড়া করে গেছেন, গ্রামে যাননি। যে মাসে বৃষ্টি হওয়া উচিত ছিল, কিন্তু যখন হলো না তখন আপনারা এবিষয়ে কিছুই করলেন না।

There was Previous warning that there might be drought when the rains did not set in after the month of May. But the Government did not take any measure in that regard. Sir, there is a proverb in Hindi—KISIKI DIWALA KISIKI DIWALI. স্যার, হিন্দীতে একটা কথা আছে "কিসিকা দিওয়াল, কিসিকী দিওয়ালী"। সারা রাজ্যে খরা হলো, মানুষ দিওয়ালা হয়ে যচ্ছে, আর সি. পি. এম-এর দিওয়ালী হচ্ছে। ফসল হচ্ছে না মানুষ দিওয়ালা হয়ে যাচ্ছে, আর রিলিফের টাকা নিয়ে সি. পি. এম.-এর দিওয়ালী হচ্ছে।

Sir, The Left Front Government did not take any measure to tackle the drought. সি. পি. আই. নেতা বিশ্বনাথ মুখার্জী গতবার তাঁর বক্তৃতায় বলেছিলেন, আপনারা নাম্বার অফ্ পাম্প-সেট বাড়ান।

Sir, the advice of the C. P. I. leader Shri Biswanath Mukherjee to increase the number of pumpsets was not heeded to. The suggestion of Shri Biswanath Mukherjee to install a number of pump sets was one of the most important measures and could be of great help to the poor farmers and villagers. But the Left Front Government turned a deaf ear to the suggestion of one of their partners. They did not care to take any steps according to Shri Mukherjee's suggestion.

এই জন্য আজকে বিরাটভাবে লক্ষ লক্ষ মানুষ ইনভল্ভ হয়ে গেল ন্যাচারাল ক্যালামিটির ভেতরে পড়ে।

Sir, this calamity is because of the total inefficiency and inactiveness of the part of the Government. They did not think for the drought but they

were only quarrelling over the share of ministerial portfolios for which the Left Front Government could do nothing to help the poor farmers in the drought.

আপনারা সমস্ত কিছু পঞ্চায়েতকে দিলেন, অথচ পঞ্চায়েত কি করছে ? পঞ্চায়েতগুলি দুর্নীতি, স্বজন পোষণ এবং ঘুষের আখড়ায় পরিণত হয়েছে। পঞ্চায়েত কি দেখবে ? না, কারা কারা সি. পি. এম-কে ভোট দিয়েছে, আর কারা কারা দেয়নি তাই দেখে তারা রিলিফ্ দেবে।

Sir, the Government left the entire matter to the Panchayat. But how the Panchayats are functioning. There is corruption and nepotism in the Panchayats.

What the Panchayats will do ? They will see who are loyal to the Marxists and those who are loyal to the Marxists would get the relief and consequently thousands and thousands of poor people will suffer.

Naturally those people suffer. Thousands and thousands of people are suffering. They suffered because of the wrong doing due to maldistribution of money. For the sake of your party you have multiplied the money. The government says that the law and order situation in respect of communal riots in the State have improved. This is not the credit of your government. This is the credit of the previous government when Shri Sattar was the minister. The credit and the congratulations should go to the people of West Bengal—to the conscious people of West Bengal. They have spoken that the situation has improved. The credit is not yours. When Shri Sattar was the minister no such occurrances happened in the State. But recently during your regime in Murshidabad, in Alinagar, in Malda, in Bhadreswar, in 24 Parganas, in Burdwan disturbences occurred. Recently in Cossipur, from where the C. M's residence is only five to ten minutes distance by a private car disturbances occurred. These are the happenings during your regime. You people cannot speak about Assam. Your partner is doing all sorts of such things that foreigners should go out of Assam. Who are they to tell the that foreigners should go out. Previously, with A.B. Vajpayee and R.S.S.—all bad elements in the country—you have made an agreement in the 1977 Parliamentary Lok Sabha Election. You made

agreement and you delivered a speech in the same mike and gave them chances to sit in the Centre to control the whole of India. The moment they came into power with the help of C.P.M.—Numbudripad and Jyoti Basu all are equal—tried to help them bringing Jan Sangh and R.S.S. in Delhi. The same elements are creating troubles in Assam. They are your good frieuds. Assam is a sovereign part of India where election is going on. Your party has only one point in its programme, that is, to oppose Indira Gandhi but you have no interest for the cause of the country, no interest for the cause of the people.

আপনারা বলছেন যে হগ্‌ মার্কেট ভেঙে নতুন করে তৈরী হবে, কনস্ট্রাকশান ইজ গোয়িং অন। আপনারা বলেন যে আপনারা সর্বহারা গরীব মানুষের দরদী। এইসব এ্যালটমেণ্ট যখন কর্পোরেশনের কাউন্সিলারদের হাতে ছিল তখন কত ঘর আমরা এ্যালট করেছি। আর আজকে মাননীয় মন্ত্রীমহাশয় বলছেন একটা ফর্ম নিতে গেলে ৫০ টাকা লাগবে। তারপর ইনিসিয়ালি টু লাক অফ রুপিস যদি কেউ দেয় তাহলে একটা ঘর পাবেন ফর দি ইউজ অফ ওয়ান এ্যাণ্ড এ হাফ লাক অফ পিউপিল। আপনারা যে এত ঘর ভাঙছেন—আপনারা কি চাইছেন? টু ষ্টপ দি বিজনেস অফ দি পুওর পিউপিল। আপনারা বলছেন যে কন্সট্রাকসান করছেন কিন্তু এই গরীব মানুষগুলোর আজ কি অবস্থা? টু হুম ইউ আর গোয়িং টু রিহ্যাবিলিটেট? আপনারা বলছেন যে ইউ আর দি ফ্রেণ্ডস অফ দি পুওর পিউপিল। কিন্তু এই গরীবগুলোর কি হবে? হাউ ডু ইউ রিহ্যাবিলিটেড দেম?

How do you rehabilitate them? On the other hand, you are making very close friendship with Raghu Mode, S.K. Birla, Jit Pal, Goenka, Mr. Jalan, N.K. Sapru, Khaitan, P. Singhania, Rusi Modi, P.C. Goenka etc.

তোমরা গোপনে এইসব লোকদের হিন্দুস্থান পার্কে যেখানে চিফ মিনিষ্টারের রেসিডেন্স সেখানে মিট্ করছো এবং গোপনে আরও অনেক জায়গায় নিমন্ত্রণ করছো।

They have contributed a good amount for holding and implementing your programmes.

এ ব্যাপারে আপানারা ডকুমেণ্ট বের করেছেন।

You speak about jute, but I say that it is not jute but jhoot. It is not my document, it is your document.

[7-10—7-20]

Here you have formed the committee. The Congress (I) did not form this committee. One of my friends has said regarding the budget that a small amount has been spent for the pump set in Jalpaiguri. Sir, if you go there you will find that all the jungles have been started cutting. This government have announced a programme of plantation like 'Vanmahotsava' আরে বাবা plantation করবে কি করে to grow more trees ? What is being done by your men ? Your cadre, your people and your children are helping cutting off trees in Jalpaiguri area. Naturally the drought is there and the production cannot go up. So, you are responsible for what is happening in production. While Sattar Saheb was the Agriculture Minister—during his regime—production of wheat went upto 12 lakh metric tons. It is your performance. How do you deserve credit for that ? Your Food Minister stated that there are 1 crore of bogus ration cards. If one kilogram of cereal is allotted per card then one crore kg. of it go to wrong channel. So, the people must suffer. But you are saying that the people are suffering due to drought. Tons and tons of rice are smuggled to Tripura and Bangladesh where as the people of West Bengal are suffering for the paucity of food. It proves that this government has totally failed to check the smugglers—rather the adminstration is helping them by taking bribes, handful of money, extra money and additional money. You are the good partners of the black-marketeers and the smugglers, and the people of West Bengal are suffering for want of food—for want of rice. The 'piyaz' which we produce here is sometimes sold at Rs. 4·50 p. per kg, but the apples produced at Simla, Kulu and Manali are being sold at Rs. 3·00 a kg. in the Calcutta market. Is Indira Gandhi responsible for the high price ? You and your friends of the Janata Party most of whom were in Jana Sangh are responsible for this. For the last thirty years you have been slogans. You were the agitators It is a proverb that the agitators cannot be good administrators. কিছুদিন পূর্বে একটা advertisement দেখেছিলাম। একটা commercial advertisement. What for ? Local Self মন্ত্রী Ward No. 17 এ জানতে চাইলেন কাদের, কি দরকার ইত্যাদি। তিনি শুনলেন যে water নেই drain পরিষ্কার হয় না। ঝাড়ু নেই, বালতি নেই তারা কাজ করবে কি করে? তাহলে এই commercial advertisement কেন ? What for ? Just to

erase your unpopularity, to make people misunderstood that you have become unpopular. If anybody goes to the Corporation office he will find lots of commercial advertisement that আমাদের মন্ত্রী ওমুক word দেখবেন তাতে কত টাকা খরচ হবে ইত্যাদি ইত্যাদি। Is it proper use of money ? This is only for personal and party propaganda. It is misuse of money where as the people are suffering. Day after day the Calcutta people are not getting water. Did it happen during the Congress regime for the last 30 years ? Was there any break down of supply ? When there is break down at Tala Palta Pumping Station there are break downs of roads, and bridges—there is total break down. It proves that you are totally failure. In other departments there are corruptions. In rhe Panchayats there is corruption. Here you have no economic plan. In the Government of West Bengal there are two types of Secretaries—one is Chief Secretary of government and the other is the district area committee secretary in the Alimuddin Street. How the administration will run. They cannot run the administration. It is failure. They cannot solve the problems of the common man. So, I oppose the motion of thanks to the Governor's Address in the interest of common people of West Bengal. Thank you, Sir.

**ডাঃ ওমর আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব সমর্থন করে আমি তুই একটি কথা বলতে চাই। অনেকক্ষণ এই হাউসে আলোচনা হয়েছে। বিরোধী দলের নেতা এবং বিরোধীদলের অন্যান্য সদস্যবৃন্দ রাজ্যপালের ভাষণে সমালোচনা করতে গিয়ে একতরফাভাবে অনেক কথা বলেছেন। আমার যা মনে হয়েছে এঁরা রাজ্যপালের ভাষণের মূল যে স্বর সেটা এঁরা গ্রহণ করতে পারেন নি। যেহেতু বিরোধী দলে আছেন, সরকার পক্ষের কোন ব্যাপার হলেই তার বিরোধীতা করতে হবে কেবলমাত্র এই দৃষ্টিভঙ্গি থেকেই এঁরা বিরোধীতা করছেন অর্থাৎ বিরোধীতার জন্যই বিরোধীতা করছেন। স্যার, আপনি জানেন যে রাজ্যপালের ভাষণ একটি রাজ্যসরকারের নীতি এবং কর্মসূচী। সেই নীতি এবং কর্মসূচী রূপায়ণ করবার জন্যই এই বাজেট করা হয়। এই নীতি এবং কর্মসূচী প্রণয়ন করতে গেলে অতীতকালের কাজকর্মের একটি মূল্যায়ণ করা দরকার হয়। এবং ভবিষ্যতের একটি কর্মসূচী তার মধ্যে রাখতে হয়। অতীতে বামফ্রন্ট সরকার যে সমস্ত কাজ করেছে রাজ্যপালের ভাষণের মধ্যে তার সংক্ষিপ্ত মূল্যায়ন আছে এবং ভবিষ্যতে যে কাজগুলো করা হবে তার মোটামুটি একটি কর্মসূচীও এতে আছে। রাজ্যপালের ভাষণের যা মূল কথা যে কথা বলতে গিয়ে রাজ্যপাল মহোদয় বলেছেন যে যদিও আমাদের সমস্যা আছে, সঙ্কট আছে, আমাদের রাজ্যের উন্নয়নের জন্য প্রয়োজনীয়

অর্থের অভাব আছে, তা সত্বেও বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলার উন্নয়নের জন্য কৃষি, শিল্প প্রভৃতির ক্ষেত্রে উৎপাদনের ধারা অব্যাহত রাখতে পারে তার জন্য নীতিনিষ্ঠ এবং আন্তরিক প্রয়াস চালিয়ে যাচ্ছে এবং যাবে।

আর একটি কথা বলছি, এই সরকারের হাজারো আর্থিক সমস্যা থাকা সত্বেও '৭৮ সালের বিধ্বংসী বন্যা যেভাবে মোকাবিলা করেছে ঠিক সেইভাবে ভয়াবহ খরা পরিস্থিতির মোকাবিলা করেছে এবং করে চলেছে। কিন্তু একটি রাজ্য সরকারের পক্ষে এই ধরণের খরা পরিস্থিতি মোকাবিলা করতে হলে কেন্দ্রীয় সরকারেরও যে একটা দায়িত্ব থাকে, সেই দায়-দায়িত্ব কেন্দ্রীয় সরকার পালন করেনি—একথা অনেকেই বলেছেন—শুধু আর্থিক দিক থেকেই নয়, খাদ্যের দিক থেকেও। আর্থিক দিক থেকে আমরা চেয়েছিলাম ২৭৯ কোটি টাকা যা না হলে পশ্চিমবাংলার মানুষকে খরার হাত থেকে বাঁচান যাবে না, যা না হলে খরার মোকাবিলায় সুষ্ঠুভাবে রাজ্যসরকারের পক্ষে কাজ করা সম্ভব হবে না কিন্তু কেন্দ্র দুই দফায় মাত্র ৭৭ কোটি টাকা মঞ্জুর করেছেন কিন্তু তার মধ্যেও এ পর্যন্ত পাওয়া গেছে মাত্র ৫৪ কোটি টাকা। কিন্তু অপর দিকে তাঁরাই আবার বলছেন খরার মোকাবিলা করতে পশ্চিমবঙ্গ সরকার ব্যর্থ হয়েছে। খরার মোকাবিলায় বামফ্রন্ট সরকার ন্যায্য প্রাপ্য চেয়েছিল কিন্তু দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে সেই প্রাপ্যটুকুও দেওয়া হয়নি, বঞ্চিত করা হয়েছে পশ্চিমবাংলার জনসাধারণকে।

খাদ্যের ব্যাপারে—ভয়াবহ খরার জন্য খাদ্যের উৎপাদন কম হয়েছে। এটা বামফ্রন্ট সরকারের অসাফল্য নয়। এমনিতে monsoon ভাল হোলেও খাদ্যের ব্যাপারে পশ্চিমবাংলা ঘাটতি রাজ্য। কেন্দ্রের উপর নির্ভর করতেই হয় খাদ্যের ব্যাপারে। সুতরাং এবারে খরা পরিস্থিতি দেখা দেওয়ার ফলে উৎপাদন এমনিতে কম হয়েছে। কত পরিমাণ খাদ্যশস্য নাহলে পশ্চিমবাংলার র‍্যাশন-ব্যবস্থা চালু রাখা সম্ভব নয় এবং তা চালু না রাখতে পারলে খাদ্যশস্যের মূল্য বৃদ্ধি হতে পারে সেটা উপলব্ধি করেই আমরা দাবী করেছিলাম যে আমাদের মাসে ৩ লক্ষ ৪৫ হাজার টন খাদ্যশস্য দিতে হবে। কিন্তু কেন্দ্রীয় সরকার বললেন, "না, তোমাদের চাহিদা এত হবেনা। তোমাদের চাহিদা হবে ২ লক্ষ ৪৫ হাজার টন।" কিন্তু তারও কম সরবরাহ করা হয়। এখন যদি পশ্চিমবাংলার মানুষ অনাহারে মারা যান সেজন্য কি বামফ্রন্ট সরকার দায়ী হবেন ?

[7-20—7-30 P.M.]

না, দায়ী হবেন কেন্দ্রের কংগ্রেস সরকার। যা খাদ্য শস্য তাঁরা দিলেন না তা পূরণ করবার জন্য আমরা যখন কেন্দ্রীয় সরকারকে বললাম যে, যে রাজ্যগুলিতে খাদ্যশস্য উদ্বৃত্ত হয় সেই রাজ্যগুলি থেকে আমাদের খাদ্য শস্য কিনতে দেওয়া হোক। আমাদের কিংবা ব্যবসাদারদের খাদ্য শস্য কেনার অনুমতি দেওয়া হোক, এই দাবী আমরা করেছিলাম। আমরা বলেছিলাম যে আমরা ৩ লক্ষ টন খাদ্য শস্য কিনবো। কিন্তু কেন্দ্রীয় সরকার আমাদের অনুমতি দিলেন না।

ব্যবসাদাররা যদি কিনতে চায় তাহলে তার অনুমতি দিতে তাঁরা রাজি আছেন। এই রাজ্য সরকারের মাধ্যমে যে খাদ্য শস্য সুষ্ঠু বন্টন করা যায়, তাদের তাঁরা কিনতে দিলেন না। তাই বলি এই বামফ্রন্ট সরকারের প্রতি রাগ থাকতে পারে, ক্ষোভ থাকতে পারে তাই বলে পশ্চিমবাংলার জনসাধারণ তো কোন দোষ করেনি। সেখানে তো সব দলেরই লোক আছে। তাদের ন্যায্য দাবী যেটা সেটাতো আমাদের দেখতে হবে। সুতরাং পশ্চিমবাংলাকে বাঁচিয়ে রাখতে গেলে অন্ততঃ তাদের ন্যায্য দাবী পূরণ করা উচিত। আমাদের যা ন্যায্য দাবী, আমাদের যা প্রাপ্য তা কেন্দ্রীয় সরকার কেন পূরণ করে না সেই ব্যাপারে আপনারা বলুন। এই ন্যায্য দাবী যদি পূরণ করতে না পারা যায় তাহলে পশ্চিমবাংলাকে বাঁচানো যাবে না। স্যার, বিরোধী দলের নেতা মাননীয় আবদুস সাত্তার সাহেব তথ্য দিয়ে আলোচনা করবার চেষ্টা করেছেন। মাননীয় সদস্যের জানা উচিত যে পশ্চিমবাংলা ভারতবর্ষের একটি অঙ্গ রাজ্য। সমস্ত ভারতবর্ষে যদি সংকট থাকে তাহলে সেই সংকট থেকে পশ্চিমবাংলা একটা অঙ্গ রাজ্য হিসাবে বাইরে থাকতে পারে না। উৎপাদনের ক্ষেত্রে ভারতবর্ষ আজ কোথায় গিয়ে দাঁড়িয়েছে? শ্রীমতী ইন্দিরা গান্ধী ক্ষমতায় আসার পর থেকে উৎপাদনের হার সমস্ত দিকে কমেছে। এই বছর শিল্প উৎপাদন কমেছে, কৃষি উৎপাদন কমেছে, বিদ্যুৎ উৎপাদন কমেছে। এখানে উৎপাদন কমার জন্য এই বামফ্রন্ট সরকারকে দায়ী করা হয়েছে এবং তাঁরা বলেছেন যে কোন উৎপাদনমুখী কাজে অর্থ ব্যয় করা হয় নি। এমন ব্যয় করা হয়েছে যেখানে উৎপাদনের কোন সম্পর্ক নেই। এই ধরণের একটা নজীর আমি এখানে তুলে ধরতে চাই। কেরলে কংগ্রেস গভর্ণমেন্ট ছিল। এই কেরলের কংগ্রেস সরকার ২৭ কোটি টাকা এমন একটা কাজে ব্যয় করেছেন যার সঙ্গে উৎপাদনের কোন সম্পর্ক নেই। আপনারা সকলেই জানেন যে কিছু দিন আগে দিল্লীতে এশিয়ান গেমস হয়ে গেল। সেই এশিয়ান গেমসে কেরল থেকে হাতি পাঠানো হয়েছিল। এই হাতি পাঠাতে গিয়ে খরচ হয়েছে ১ কোটি টাকা। মন্ত্রীদের অফিসে খাওয়া-দাওয়া বাবদ খরচা হয়েছে ১২ লক্ষ ৬৩ হাজার টাকা। এই সব ব্যাপারে যোগাযোগের জন্য টেলিফোন বাবদ খরচ হয়েছে ২৩ লক্ষ ৫০ হাজার টাকা, মন্ত্রী এবং চীফ হুইপে খরচা হয়েছে ৭০ লক্ষ টাকা, ভি. আই. পি.-দের জন্য খরচ হয়েছে ৬০ লক্ষ টাকা, স্পীকারের অফিস সংস্কারের জন্য খরচ হয়েছে ১০ লক্ষ টাকা। এইভাবে সব মিলিয়ে খরচ হয়েছে প্রায় ২৭ কোটি টাকা। এটা কি করে উৎপাদনমুখী ব্যয় হতে পারে তা আমি জানি না। আর সাত্তার সাহেবরা বলেন পশ্চিমবাংলার ব্যয় নাকি উৎপাদনমুখী হয় নি। আমার সময় বেশী নেই, আর কোন বিষয়ের অবতারণা আমি করতে চাই না। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীব্রজগোপাল নিয়োগী ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদ জ্ঞাপন করতে উঠে দু-চার কথা বলতে চাই। বিরোধীদলের নেতা সাত্তার সাহেব যখন বলছিলেন তখন তাঁর কথা শুনে মনে হচ্ছিল, উনি কেবল বিরোধীতা করার জন্যই বিরোধীতা করছেন। কেননা, উনি খরার কথা বলতে গিয়ে বললেন যে বামফ্রন্ট সরকারের গত ৬ বছরের অর্থনীতির ফলেই এই খরা হয়েছে। সারা ভারতবর্ষের একটা ব্যাপক এলাকা জুড়ে কয়েকটি

রাজ্যে এক বছর বৃষ্টি হল না, প্রাকৃতিক বিপর্যয় ঘটল, তার জন্য দায়ী হয়ে গেল বামফ্রন্ট সরকার। খরার মোকাবিলার জন্য কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের যে ব্যবস্থা নেওয়ার দরকার ছিল, তা নিয়ে তিনি একবারও বললেন না। তার সঙ্গে খরার মোকাবিলার জন্য যে সমস্ত ত্রুটি বিচ্যুতি বা সমস্যা আছে, সে সম্পর্কেও তিনি কিছু বলেন নি। আমরা দেখলাম, কেন্দ্র থেকে বারে বারে সমীক্ষক দল পাঠানো হল। তাঁরা গ্রাম এলাকার কাজকর্ম সরেজমিনে তদন্ত করে দেখেছেন। জেলায় জেলায় কর্মকর্তাদের সঙ্গে মিটিং করে তাঁদের রিপোর্ট পেশ করেছেন। রিপোর্টে যে চাহিদার কথা উল্লেখ ছিল তার মধ্যে মঞ্জুর করা হয়েছিল মাত্র এক পঞ্চমাংশ। যে টাকা মঞ্জুর হয়েছিল আসল সাহায্যকৃত টাকার পরিমাণ তার চাইতে অনেক কম। অন্ধ্রপ্রদেশে নির্বাচন ঘোষণা করার সঙ্গে সঙ্গে সেখানে বন্যা ও খরা বাবদ টাকা দেওয়া হল। ওঁরা বলছেন, বন্যা ও খরা মানে নাকি পশ্চিমবাংলা সরকারের কাছে দেওয়ালী উৎসব শুরু হওয়া। অথচ, আমরা দেখলাম অন্ধ্রপ্রদেশে নির্বাচন ঘোষণা হওয়ার সঙ্গে সঙ্গেই সেখানে বন্যা ও খরা বাবদে টাকা ঢেলে দেওয়া হল, সেখানে ভোটও হয়ে গেল। কিন্তু ওই ভাবে কিছু হয় না। কংগ্রেস সেখানে হেরে গেল। এতেও ওঁদের শিক্ষা হল না। পশ্চিমবাংলার মানুষ ওকথা বিশ্বাস করেনা। বন্যা ও খরার মোকাবিলার জন্য ১৯৭৮ সালে বন্যার পরে পশ্চিমবাংলার বর্তমান সরকারই বিপুল ভোটে জয়ী হয়েছিল। এখানকার মানুষ পঞ্চায়েতের নীতিকে সমর্থন করেছিল, তারা বামফ্রন্ট সরকারকে সেজন্য সমর্থন জানিয়েছিল। এবারে খরা দেখে বিগত ৫০ সালের মন্বন্তরের অবস্থার কথা স্মরণ করিয়ে দেয়। কয়েকজন সদস্য এখানে বলেছেন, বন্যার দৃশ্য দেখে বহু বে-সরকারী প্রতিষ্ঠান সাহায্যের জন্য সেখানে ছুটে যায়, কিন্তু খরার দুর্গতি আরও ভয়াবহ ও ধ্বংসাত্মক। খরা ফলাফল চলতে থাকে সারা বছর ধরে যা বন্যার অবস্থার মত চোখে দেখা যায় না। এই অবস্থাতে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে যেটুকু সামর্থ্য আছে তাই দিয়ে পঞ্চায়েত উৎপাদনমুখী কাজ চালিয়ে যাচ্ছে। নিকাশী ব্যবস্থার জন্য খাল, পুকুর খনন করছে, যেখানে যতটুকু সম্ভব তা করছে। ফার্স্ট লেয়ারে ৪০ ফুট পর্যন্ত নীচে কূয়ো খনন করছে। শ্যালো বসিয়ে যতখানি সম্ভব সেচের ব্যবস্থা করেছে। এছাড়া, নদীর জল দিয়ে নিকাশী ব্যবস্থা ও মজা পুকুর সংস্কার করে যতখানি সম্ভব করা হচ্ছে। এই সমস্ত পরিকল্পনা হচ্ছে পঞ্চায়েতের। পঞ্চায়েতের পক্ষে যতখানি সম্ভব তা তারা করছে। তাদের যে গণমুখী উদ্যোগ ও পরিকল্পনা সারা ভারতবর্ষের আর কোথাও নেই। কিছুদিন আগে এস. কে. দে মহাশয়, যিনি পণ্ডিত জহরলাল নেহেরুর আমলে ছিলেন, তিনি বিভিন্ন জেলা ঘুরে কাজকর্ম দেখে রিপোর্ট পেশ করেছেন। তিনি আমাদের লোক নন, অথচ তিনি বামফ্রন্ট সরকারের বিভিন্ন গ্রামোন্নয়ন প্রকল্পের সাফ লাভের কথা তাঁর দেয় রিপোর্টে উল্লেখ করেছেন। অপরদিকে এঁরা বলছেন উল্টো কথা তাহলে কোনটা ঠিক আর কোনটা বে-ঠিক তা প্রমাণিত হয়। মাননীয় স্পীকার স্যার, এই স সত্ত্বেও পঞ্চায়েতের নির্বাচন হচ্ছে। আপনার হয়ত মনে আছে, পঞ্চায়েতমন্ত্রী গত বছর ঘোষ করেছিলেন যে পঞ্চায়েতের নির্বাচন তিনি করবেন। সেজন্য এই প্রতিশ্রুতি রক্ষার জন্য এ সমস্যা থাকা সত্ত্বেও এই নির্বাচন হতে চলেছে। এটা প্রকৃতপক্ষে একটা দুঃসাহসিক কা

কারণ পঞ্চায়েতের নির্বাচনের সময়ে সমস্ত অফিসারকেই এবং পঞ্চায়েতের কর্মীগণকে অন্ততঃপক্ষে ১৫ দিন থেকে এক মাসকাল ব্যস্ত থাকতে হবে। খরার মোকাবিলা এবং একই সঙ্গে নির্বাচনী প্রস্তুতী যে কি অবস্থাতে করা সম্ভব তা বিবেচনা করা যেতে পারে। আসলে এ হচ্ছে গণতন্ত্রের প্রতি নিষ্ঠারই পরিচায়ক। আজকে যাঁরা এই নির্বাচন নিয়ে সমালোচনা করছেন তাঁরা কি বলতে পারেন তাঁদের আমলে ১৮ বছরেও কেন নির্বাচন করতে পারেন নি? ১৯৫৮ সালে পশ্চিমবাংলাতে পঞ্চায়েত প্রতিষ্ঠা হয়েছিল।

[7-30—7-40 P.M.]

আপনারা এখানে পঞ্চায়েত গঠনের কথা বলছেন কিন্তু আপনাদের কংগ্রেসী সরকারের আমলে পঞ্চায়েতের অবস্থা কি ছিল? আপনারা তাদের কোন ক্ষমতা দেন নি। সেই তুলনায় আমরা সরকারে এসেই তাদের হাতে ক্ষমতা দিয়েছি। নির্বাচিত পঞ্চায়েতের হাতে আরো ক্ষমতা দেওয়া হয়েছে। আপনারা আজকে দুর্নীতির কথা বলছেন পঞ্চায়েত সম্বন্ধে। আপনারা কোনদিন দেখেছেন যে পঞ্চায়েতের প্রধান সভাপতি হিসাবে যিনি থাকেন তাঁর হাতে পূর্ণ ক্ষমতা দেওয়া হয়। আগে আপনারা সভাপতিকে এত ক্ষমতা কোনদিন দিয়েছেন? কোন রাস্তার কাজ হবে তা প্রতিটি মানুষের কাছে, প্রতিটি বাড়ীতে গিয়ে বলা হচ্ছে এবং কতদিন লাগবে তাও জানানো হচ্ছে। এই ব্যাপারে একটা সাইনবোর্ড টাঙান হয় রাস্তা তৈরীর আগে যাতে গ্রামের লোক বুঝতে পারে। এই জিনিষ গ্রামাঞ্চলে কোনদিন ঘটেছে না ভারতবর্ষের অন্য কোন জায়গায় আছে? এই কথা তো বিরোধী পক্ষের ওঁরা কেউ বলেন না। এস. ইউ. সি.-র সদস্যও তো একই কথা বলে গেলেন যে দুর্নীতি হচ্ছে ইত্যাদি কিন্তু একবারও তো তিনি বললেন না যে পঞ্চায়েতের কাজ অনেক এগিয়েছে। চাহিদার তুলনায় যোগান কম কিন্তু তা সত্ত্বেও সরকার যথেষ্ট উদ্যোগী হয়ে এই কাজে সাহায্য করছেন। আমরা জানি এই কাজের ৩ ভাগের ১ ভাগ কাজ এগিয়েছে। এইকথা আমরা জনসাধারণকে পরিষ্কার ভাবে বুঝিয়েছি এবং তাতে ভালোভাবে বোঝাতে চেষ্টা করেছি। আজকে মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু আমাদের যে পাঠাচ্ছেন আমরা সেইভাবে খরচ করছি। কিন্তু এই কথা উঠেছে যে আমরা নাকি টাকা ঠিকমত খরচ করছি না। আমি বিশ্বাস করি মানুষ যদি থাকে তারা আমাদের বুঝবে। আমরা এর মোকাবিলা করবো। আপনারা যদি অর্থনৈতিক কাঠামোর দিকে তাকান তাহলে দেখতে পাবেন সারা ভারতবর্ষের অর্থনৈতিক কাঠামো কোনদিকে যাচ্ছে। ইন্দিরা কংগ্রেস (আই) স্থির করেছেন গোটা দেশটাকে তাঁরা দেউলিয়া করে তুলবেন। এইজন্য পার্লামেন্ট খোলার আগে তাঁরা তেলের দাম বাড়িয়ে দিলেন। আই এম এফ থেকে যে লোন পাওয়া যায় তার অবশ্যম্ভাবী ফল হিসাবে এই তেলের দাম বাড়ছে। দেশটাকে আজ তাদের জন্য প্রাণ দিতে হচ্ছে, এই ইন্দিরা সরকার দেশটাকে বিদেশীদের কাছে দেশটাকে বাধা দিয়ে রাখছেন। এর ফলস্বরূপ জিনিষপত্রের দাম বাড়তে বাধ্য এবং পশ্চিমবঙ্গও এর থেকে রেহাই পাবে না। সারা ভারতবর্ষের অর্থনৈতিক কাঠামো

যদি ভেঙ্গে যায় পশ্চিমবঙ্গকে তার থেকে বাঁচিয়ে রাখা যাবে না। গত নির্বাচনের আগে যে আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম এবং কিছু কর্মসুচী যা ঘোষণা করেছিলাম তা গত ৫ বছরে পালন করার চেষ্টা করেছি। বেশীরভাগই আমরা পালন করতে সক্ষম হয়েছি। এই বছরও নির্বাচনের সময় জনসাধারণের কাছে যেকথা বলেছিলাম সেটা রাখবার চেষ্টা করছি। তার জন্য ১৮ দফা কর্মসুচী নিয়েছি এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তা আমাদের আদায় করতে হবে। আমরা এই কথা জনগণকে বলেছি। জনগণ আমাদের বুঝতে পেরেছে। তারই ফলস্বরূপ আমরা বিরাট সংখ্যা নিয়ে জয়লাভ করে পুনরায় এসেছি। সেইজন্য আজকে যত তারা হেরে যাচ্ছেন ততই তাঁরা হতাশ হয়ে পড়ছে। আজকে তাঁরা নিজেদের মধ্যে দলাদলিতে ব্যস্ত। সেইজন্য আজকে দেখছি তাঁরা নিজেদের নির্বাচনের দিন ঘোষণা করা সত্ত্বেও আবার পিছিয়ে যাচ্ছেন কারণ তারা নিজেদের মধ্যে এত মারামারিতে ব্যস্ত এবং সংঘর্ষে লিপ্ত রয়েছেন যে কিছু করতে পারছেন না। অথচ তারাই আবার আমাদের সমালোচনা করছেন। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীযোখীলাল মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণ সম্বন্ধে ২/১টি কথা বলতে চাই। সরকার পক্ষ থেকে বলেছেন যে এই ভাষণ শর্ট-টাইমের মধ্যে সমস্ত বক্তব্য রেখেছে। কিন্তু আমার মনে হয় কিছু জিনিষ বাদ গেছে—সেগুলি এর মধ্যে রাখা যেত। যেমন রাস্তাঘাট সম্পর্কে এই ভাষণে কোন উল্লেখ নেই। এই বছর বা আগামী বছর হাসপাতাল বা স্কুল-কলেজ কতগুলি করা হয়েছে বা করা যাবে তারও কোন উল্লেখ নেই। এইগুলি থাকা উচিত ছিল। এই সম্বন্ধে দু একটি সেন্টেন্স যুক্ত থাকলে ভালো হোত। এইটা আপনারা যদি পরিষ্কারভাবে বলে দিতেন যে টাকার অভাব আছে এবং টাকার অভাবে আপনারা কাজ করতে পারছেন না তাহলে জনসাধারণের সমবেদনা পেতেন এবং সমালোচনা হাত থেকেও রেহাই পেতেন।

কংগ্রেস আমলে যেসব জিনিষ ৩০ বছরে হয়নি আপনারা তা করতে পারবেন না কেন ? আমাদের সঙ্গতি কম, কেন্দ্রীয় সরকার কম দিচ্ছে, সীমাবদ্ধ ক্ষমতার জন্য আপনারা কাজ করতে পারছেন না ইত্যাদি সব কথা যদি ভোটের সময় জনসাধারণের কাছে বলতেন তাহলে তারা চিন্তা করতো। আইন শৃঙ্খলার কথায় বলবো যে প্রকাশ্যে চুরি, ডাকাতি হচ্ছে। আমাদের ওখানে প্রকাশ্যে কংগ্রেস কর্মী মারা গেলেন। আমাদের ওখানে প্রকাশ্যে বিস্তীর্ণ এলাকা থেকে লক্ষ লক্ষ মণ কলাই লুঠ ও চুরি হয়ে গেল। পুলিশ ক্যাম্প আগে থেকে ব্যবস্থা করলে চুরি ও লুঠ হোত না। পঞ্চায়েত সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে, কিন্তু পঞ্চায়েতের উপর যেভাবে দায়িত্ব দেওয়া হয়েছে তাতে কাজ সেভাবে হচ্ছে না। পঞ্চায়েতের মধ্যে কিছু দুর্নীতি ঢুকে গেছে। কংগ্রেস আমলে এত টাকা ঠিকই বরাদ্দ করা হোত না। কিন্তু এখন যে টাকা বরাদ্দ করা হচ্ছে সেই টাকার যদি সদ্ব্যবহার করা হোত তাহলে অনেক কাজ হোত। হুগলী জেলার একজন সদস্য বললেন নোটিশ

কারণ পঞ্চায়েতের নির্বাচনের সময়ে সমস্ত অফিসারকেই এবং পঞ্চায়েতের কর্মীগণকে অন্তত:পক্ষে ১৫ দিন থেকে এক মাসকাল ব্যস্ত থাকতে হবে। খরার মোকাবিলা এবং একই সঙ্গে নির্বাচনী প্রস্তুতী যে কি অবস্থাতে করা সম্ভব তা বিবেচনা করা যেতে পারে। আসলে এ হচ্ছে গণতন্ত্রের প্রতি নিষ্ঠারই পরিচায়ক। আজকে যাঁরা এই নির্বাচন নিয়ে সমালোচনা করছেন তাঁরা কি বলতে পারেন তাঁদের আমলে ১৮ বছরেও কেন নির্বাচন করতে পারেন নি? ১৯৫৮ সালে পশ্চিমবাংলাতে পঞ্চায়েত প্রতিষ্ঠা হয়েছিল।

[7-30—7-40 P.M.]

আপনারা এখানে পঞ্চায়েত গঠনের কথা বলছেন কিন্তু আপনাদের কংগ্রেসী সরকারের আমলে পঞ্চায়েতের অবস্থা কি ছিল? আপনারা তাদের কোন ক্ষমতা দেন নি। সেই তুলনায় আমরা সরকারে এসেই তাদের হাতে ক্ষমতা দিয়েছি। নির্বাচিত পঞ্চায়েতের হাতে আরো ক্ষমতা দেওয়া হয়েছে। আপনারা আজকে দুর্নীতির কথা বলছেন পঞ্চায়েত সম্বন্ধে। আপনারা কোনদিন দেখেছেন যে পঞ্চায়েতের প্রধান সভাপতি হিসাবে যিনি থাকেন তাঁর হাতে পূর্ণ ক্ষমতা দেওয়া হয়। আগে আপনারা সভাপতিকে এত ক্ষমতা কোনদিন দিয়েছেন? কোন রাস্তার কাজ হবে তা প্রতিটি মানুষের কাছে, প্রতিটি বাড়ীতে গিয়ে বলা হচ্ছে এবং কতদিন লাগবে তাও জানানো হচ্ছে। এই ব্যাপারে একটা সাইনবোর্ড টাঙান হয় রাস্তা তৈরীর আগে যাতে গ্রামের লোক বুঝতে পারে। এই জিনিষ গ্রামাঞ্চলে কোনদিন ঘটেছে না ভারতবর্ষের অন্য কোন জায়গায় আছে? এই কথা তো বিরোধী পক্ষের ওঁরা কেউ বলেন না। এস. ইউ. সি.-র সদস্যও তো একই কথা বলে গেলেন যে দুর্নীতি হচ্ছে ইত্যাদি কিন্তু একবারও তো তিনি বললেন না যে পঞ্চায়েতের কাজ অনেক এগিয়েছে। চাহিদার তুলনায় যোগান কম কিন্তু তা সত্ত্বেও সরকার যথেষ্ট উদ্যোগী হয়ে এই কাজে সাহায্য করছেন। আমরা জানি এই কাজের ৩ ভাগের ১ ভাগ কাজ এগিয়েছে। এইকথা আমরা জনসাধারণকে পরিষ্কার ভাবে বুঝিয়েছি এবং তাতে ভালোভাবে বোঝাতে চেষ্টা করেছি। আজকে মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু আমাদের যে পাঠাচ্ছেন আমরা সেইভাবে খরচ করছি। কিন্তু এই কথা উঠেছে যে আমরা নাকি টাকা ঠিকমত খরচ করছি না। আমি বিশ্বাস করি মানুষ যদি থাকে তারা আমাদের বুঝবে। আমরা এর মোকাবিলা করবো। আপনারা যদি অর্থনৈতিক কাঠামোর দিকে তাকান তাহলে দেখতে পাবেন সারা ভারতবর্ষের অর্থনৈতিক কাঠামো কোনদিকে যাচ্ছে। ইন্দিরা কংগ্রেস (আই) স্থির করেছেন গোটা দেশটাকে তাঁরা দেউলিয়া করে তুলবেন। এইজন্য পার্লামেন্ট খোলার আগে তাঁরা তেলের দাম বাড়িয়ে দিলেন। আই এম এফ থেকে যে লোন পাওয়া যায় তার অবশ্যম্ভাবী ফল হিসাবে এই তেলের দাম বাড়ছে। দেশটাকে আজ তাদের জন্য প্রাণ দিতে হচ্ছে, এই ইন্দিরা সরকার দেশটাকে বিদেশীদের কাছে দেশটাকে বাধা দিয়ে রাখছেন। এর ফলস্বরূপ জিনিষপত্রের দাম বাড়তে বাধ্য এবং পশ্চিমবঙ্গও এর থেকে রেহাই পাবে না। সারা ভারতবর্ষের অর্থনৈতিক কাঠামো

রোপন করার আগে খাদ্য শস্যের মোকাবেলা করা কঠিন হবে, কিন্তু আমাদের সরকার কিছু দাদন দেওয়ার ভর্তুকী দেওয়ায় গ্রামের লোক পাম্প সেট কিনে নতুন স্যালো টিউবওয়েল বসিয়ে ধান চাষ শুরু করেছে, খারিফ শস্য তুলবার আগেই আমাদের দুটো ফসল উঠবে, সুতরাং পশ্চিমবঙ্গে খাদ্যাভাব হবে না। গ্রামে ইরিগেশান ডিপার্টমেণ্ট, পি ডব্লু ডি এবং অন্যান্য ডিপার্টমেণ্ট থেকে কাজ কর্ম দেওয়া হচ্ছে, এতে মানুষের অনেক এমপ্লয়মেণ্ট হবে। সেজন্য যেটা ভেবেছিলাম যে সমস্যা আসবে সেটা আসবে না। এই যে পুকুর কাটা হচ্ছে, বাঁধ বাঁধা হচ্ছে, অন্যান্য কাজ হচ্ছে এতে চাষের যেমন অনেক সুবিধা হবে তেমনি মানুষ কাজও পাবে। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমার সংক্ষিপ্ত বক্তব্য সুরু করার আগে গতকাল স্টেটস্‌ম্যান পত্রিকায় যে সংবাদ বেরিয়েছে সেটা একটু পড়ে শোনাতে চাই। খবরটা আনন্দবাজার বা যুগান্তর পত্রিকায় বের হয়নি এবং এটা ইন্দিরা গান্ধীর মন্তব্য নয়। স্টেটস্‌ম্যান একটি সর্বভারতীয় কাগজ এবং এই কাগজ আপনাদের বিরোধী নয়। যে সংবাদটি বেরিয়েছে তার একটি প্যারা আমি আপনাদের পড়ে শোনাচ্ছি ······Plauged by the financial difficulties, bureaucratic lethargy and ill health of some Ministers, the pace of work at Writers' Buildings has of late slowed down considerably. A state of inactivity appears to have settled over large areas of the administration, and there seems often to be a drift because of a lack of policy direction. এই যে খবর বেরিয়েছে এর সত্যতা সম্বন্ধে যদি কেউ কোন রকম অবজেকসন না দেন তাহলে আমি বলব রাজ্যপাল তাঁর ভাষণে পশ্চিমবাংলার প্রকৃত রূপ তুলে ধরতে পারেন নি এবং সেইজন্যই এর ভাষণের বিরোধিতা করে আমি কয়েকটি পয়েণ্ট আপনার সামনে তুলে ধরছি। মাননীয় স্পীকার মহাশয়, আমরা জানি পশ্চিমবঙ্গ সরকার নানারকম অসুবিধার মধ্যে চলেছে এবং বিশেষ করে তাঁদের ফাইনান্সিয়াল ডিফিকালটিস্-এর কথা আমরা জানি। কিন্তু আশ্চর্যের বিষয় এই সব অসুবিধা থাকা সত্বেও দেখছি তাঁরা দিনের পর দিন খরচ বাড়িয়েই চলেছেন এবং পাইয়ে দেওয়ার রাজনীতি করে সরকারী কর্মচারীদের দিনের পর দিন মাইনে বাড়িয়ে চলেছেন। সরকারী কর্মচারীরা পরিশ্রম করছেন কাজেই তাঁদের মাইনে বাড়ানোর ব্যাপারে আমার বলার কিছু নেই, কিন্তু এর আগে তো দেখেছি আপনারা তাঁদের অনেকের মাস মাইনে দিতে পারেন নি। কাজেই সরকারের আগে থেকেই চিন্তা করা উচিত ছিল এই মানুষগুলোকে আমরা যা প্রমিস্ করেছি সেই মাইনের টাকা জোগাতে পারব কিনা। এর সঙ্গে সঙ্গে আমার আর একটা কথা যা মনে পড়ছে সেটা হল, আপনারা তেলা মাথায় তেল দিচ্ছেন। যাদের চাকুরী রয়েছে তারা দুবেলা খেতে পারছে, কিন্তু আরও বহু মানুষ আছে যাদের কর্মসংস্থান হওয়া দরকার, যারা কোয়ালিফাইড, যাদের কাজ পাবার যোগ্যতা আছে তারা কোথায় যাবে? আমার প্রশ্ন হচ্ছে যে

সমস্ত মানুষ একেবারে খেতে পারছে না তাদের কর্মসংস্থানের ব্যবস্থা এই সরকার কি করেছেন? শিল্পে কোন প্রপার প্ল্যানিং নেই এবং সেইজন্য সরকার সস্তা জনপ্রিয়তা অর্জনের জন্য কেবল কর্মচারীদের মাইনে এবং ভাতা বৃদ্ধি করছেন। কিন্তু সঙ্গে সঙ্গে অন্যান্য ক্ষেত্রে সেরকম কোন উদ্যোগ নেননি এবং তার ফলে যাদের যোগ্যতা আছে তারা চাকুরী পাচ্ছে না এবং যারা না খেয়ে রয়েছে তাদের খাবার ব্যবস্থা করতে পারছে না। বহু শিল্পে এখনও লকআউট রয়েছে। অবশ্য কতগুলি চটকল তাঁরা খুলিয়েছেন এবং সেইজন্য আমি তাদের অভিনন্দন জানাচ্ছি। কিন্তু হাজার হাজার কলকারখানা এখন বন্ধ অবস্থায় রয়েছে এবং সেই ব্যাপারে তাঁরা কোন স্ট্যাটিসটিক্স আমাদের সামনে তুলে ধরতে পারেন নি। স্যার, আজকে আমাদের দেশে বিদ্যুৎ একটা চরম অবস্থা সৃষ্টি করেছে। আমরা সকলেই জানি ছোট হোক, বড় হোক ইনডাষ্ট্রির মেইন জুস্ হচ্ছে ইলেকট্রিসিটি। পাওয়ার না থাকলে কোন কিছুই চলতে পারেনা এমন কি আগে কটেজ ইনডাষ্ট্রিতে আমরা হাতে চড়কা কাটতাম, কিন্তু এখন সেখানে বিদ্যুতের প্রয়োজন দেখা দিয়েছে। তারপর, আমাদের ষ্টীল প্ল্যানটের ক্যাপাসিটি বাড়াবার জন্য আমরা কি চেষ্টা করছি সেটাও আমাদের সামনে ফুটে ওঠেনি

[ 7-50—7-55 P.M. ]

আমরা জানি এটাকে আপনারা জোড়াতালি দিয়ে চালাচ্ছেন। কিন্তু এমন টাইম আসবে তখন এটা বিধ্বস্ত হয়ে যাবে। **It will be a disaster to the state of West Bengal.**

আজকে আমাদের শিল্পে কোন অগ্রগতি সম্ভব হয় নি। সেই অগ্রগতি ব্যাহত হয়েছে বিশেষ করে পাওয়ার প্রবলেমের জন্য। বহু শিল্প আজকে দুরবস্থার মধ্যে রয়েছে। হাওড়াকে শেফিল্ড বলা হোত। হাওড়ার সহরের আমি একজন অধিবাসী—সেখানে আমি দেখতে পাচ্ছি স্মল স্কেল ইনডাষ্ট্রিগুলি, ইঞ্জিনীয়ারিং ইনডাষ্ট্রি যেগুলি বলা হয়, সেগুলি প্রায় বন্ধের মুখে। আজ ৩০ ভাগ শিল্প বন্ধ হতে চলেছে। এবং তার জন্য হাজার হাজার লোক বেকার হয়ে যাচ্ছে। ছোট ছোট শিল্পপতি ধ্বংসের মুখে চলে যাচ্ছে। তার জন্য কোন পরিকল্পনা দেখতে পাচ্ছি না। ল অ্যাণ্ড অর্ডার সিচুয়েসনের ব্যাপারে আপনারা বলেছেন সারা ভারতবর্ষেই ল এণ্ড অর্ডারের সিচুয়েসন ভাল নয়। সুতরাং আমাদেরও সিচুয়েসনও যে ভাল হবে না এমন কোন কথা নয়। সব সময়ই আপনারা সারা ভারতবর্ষের সঙ্গে নিজেদের তুলনা করে নিজেদের দোষ ঢাকবার চেষ্টা করছেন। আজকে হাওড়ার ল এণ্ড অর্ডার প্রবলেম-এর কি রকম অবস্থা পশ্চিম দিনাজপুর, পুরুলিয়া নদীয়া জেলায় প্রশাসন কিভাবে চলছে? পুলিশ প্রশাসনের দুরবস্থার জন্য সেখানে সমাজবিরোধীরা বেশ মাথা চাড়া দিয়ে উঠেছে। রাহাজানি, সম্পত্তি লুট আজকে পূর্ব প্রথায় দিনের পর দিন বেড়েই চলেছে। তার কোনই প্রতিকার হয় নি। আজকে রাহাজানির সংখ্যা সমস্ত রেকর্ডকে ম্লান করে দিয়েছে। অমি পুলিশ মন্ত্রীকে বলতে চাই, তিনি জবাব দেবেন সংখ্যাতত্ব দিয়ে। আমরা এর জবাব যেন পাই। আজকে আমি পশ্চিমবাংলার সমস্ত সচেতন বিধেয়কদের একটি সাবধান বাণী স্মরণ করিয়ে

দিতে চাই, যেটা আমার কথা নয় এই পশ্চিমবাংলার একজন মহামানব শ্রীসুভাস চন্দ্রের উক্তি যে "Cry hard your mad desire along the path of lie, injustice and wrong-cryhard" পশ্চিমবাংলার মানুষের কাছে সত্য তুলে ধরুন। কারণ সত্য কখনও চাপা থাকে না।

## Adjournment

The House was then adjourned at 7-54 till 1 P.M on Friday 25th February, 1983 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 25th February, 1983 at 1 P.M.

**Present**

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 13 Ministers, 11 Ministers of State and 121 Members.

[1-00—1-10 P.M.]

# STARRED QUESTIONS

**(To which oral answers were given)**

### কর্মচ্যুত পাটকল শ্রমিক

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩।) **শ্রীতারকবন্ধু রায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

বর্তমানে রাজ্যের পাটশিল্পে ক্লোজার, লক-আউট জনিত কারণে কর্মচ্যুত পাটকল শ্রমিকের সংখ্যা কত ?

**শ্রীপ্রবীর সেনগুপ্তঃ** এতদ্‌সম্পর্কে পরিসংখ্যান নিম্নরূপ :—

| | কর্মচ্যুত শ্রমিক সংখ্যা |
|---|---|
| ক্লোজার (চিরস্থায়ীভাবে) | ৫৪১৫ |
| লক-আউট | ২৪২০০ |

এই পরিসংখ্যান ২২-২-৮৩ তারিখের এবং ইহা চূড়ান্ত নয়।

**শ্রীমনোহর তিরকেঃ** আপনি বললেন অনেকগুলি পাটকল খুলেছে। এই চটকলগুলি খোলার পরে কত লোককে কাজ দেওয়া হয়েছে বলবেন কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** এই কয়েক মাসের মধ্যে ১৬টি কারখানা খুলেছে এবং এতে প্রায় ৬৬ হাজার ৭০০ জন শ্রমিককে কাজ দেওয়া হয়েছে।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** আপনি বললেন ১৬টি কারখানা খুলেছে। কিন্তু কতগুলি কারখানা খোলেনি সেটা বলবেন কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** ৮টি কারখানায় এখনো লক-আউট আছে, আর ৩টি কারখানা ক্লোজার হয়ে বন্ধ রয়েছে।

**শ্রীঅশোক ঘোষ ঃ** ক্লোজার এবং লক আউটের সংখ্যা তো আপনি দিলেন—কিন্তু কত তাড়াতাড়ি এই কারখানাগুলি খোলা যায় সেই বিষয়ে সরকার কি চিন্তা করছেন ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** যেসমস্ত কারখানায় লক আউট হয়েছে সেখানে দ্বিপাক্ষিক, ত্রিপাক্ষিক আলোচনা হয়েছে এবং সেই ভাবেই ১৬টি কারখানা খোলা সম্ভব হয়েছে। ৮টি কারখানা এখনো খোলা সম্ভব হয়নি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** ৮টি লক আউট এবং ৩টি ক্লোজারের যে হিসাব আপনি দিলেন তাতে কত শ্রমিক জড়িত আছে এবং এদের পাস্র্ য়েড্ করার জন্য সরকার কি ব্যবস্থা করছেন ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** ক্লোজারের শ্রমিক সংখ্যা হল ৫ হাজার ৪১৫ জন, আর লক অউটের শ্রমিক সংখ্যা হল ২৪ হাজার ২০০ জন। এই বিষয় নিয়ে কোন কোন জায়গায় দ্বিপাক্ষিক আলোচনা হচ্ছে, আবার কোথাও ত্রিপাক্ষিক আলোচনা হচ্ছে।

**শ্রীকমল সরকার ঃ** আপনি আগেও বিবৃতিতে বলেছেন, আজও বলছেন যে ৮টি চটকল খোলার সম্ভাবনা নেই। এই চটকলগুলি সম্পর্কে আপনারা ভারত সরকারের সঙ্গে কোন আলোচনা করছেন কিনা বা সেগুলি যাতে ভারত সরকার নিয়ে নেয় সেই রকম কোন প্রস্তাব তাদের কাছে দিয়েছেন কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** মাননীয় সদস্যরা জানেন এই বিষয়ে আমরা হাউসে ২ বার প্রস্তাব পাশ করেছি সর্বসম্মতিক্রমে এবং এই চটকল শিল্প পশ্চিমবঙ্গের অর্থনীতিতে একটি গুরুত্বপূর্ণ স্থান

অধিকার করে আছে। এই চটকল শিল্প জাতীয়করণ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত নিয়ে আমাদের সুপারিশ কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছি। যে সমস্ত শিল্প ক্লোজার হয়েছে সেগুলি ভারত সরকার নিয়ে চালাক, এই প্রস্তাব আমাদের পক্ষ থেকে গেছে।

## সরকারী হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তার

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮।) **শ্রীদেবপ্রসাদ সরকারঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন সরকারী হাসপাতাল, প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলির জন্য মোট কতজন ডাক্তারের প্রয়োজন ;

(খ) বর্তমানে মোট কতজন ডাক্তার স্বাস্থ্য দপ্তরের অধীনে কর্মরত আছেন ; এবং

(গ) বিভিন্ন হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তারদের শূন্য পদগুলি পূরণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**ডাঃ অম্বরিশ মুখোপাধ্যায়ঃ** (ক) ৭৭৪৭ জন।

(খ) ৭৩০১ জন।

(গ) ডাক্তারের শূন্য পদগুলি পূরনার্থে পাবলিক্ সার্ভিস কমিশন কর্তৃক মনোনীত প্রার্থীদের নিয়োগপত্র দেওয়া হইয়াছে।

**শ্রীদেবপ্রসাদ সরকারঃ** আপনার প্রদত্ত হিসাব অনুযায়ী পাবলিক সার্ভিস কমিশনের মনোনীত প্রর্থীদের নিয়োগপত্র দিয়ে শূন্য পদ পূরণ করা হচ্ছে। কিন্তু তা সত্বেও দেখা যাচ্ছে আপনারাই হিসাব অনুযায়ী ৪৪৬টি পদ শূন্য আছে। এই শূন্য থাকার কারণ কি ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** আমরা যে ৪০০ জনকে নিয়োগপত্র দিয়েছি তারা যে জয়েন করেছেন সে সম্বন্ধে এখনও খবর আসে নি। আমরা ৬ সপ্তাহ সময় দিয়ে থাকি। লাষ্ট লিষ্ট পেয়েছি, সেখানেও অনেক ডাক্তার এমপ্যানেল্ড হয়ে আছেন।

**শ্রীদেবপ্রসাদ সরকারঃ** এই যে নিয়োগপত্র দেওয়া হয়েছে এটা কতদিন আগে দেওয়া হয়েছে জানাবেন কি ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** মোটামুটি ১২৫ জনকে আগে দেওয়া হয়েছে, বাকিগুলি এক মাসের মধ্যে দেওয়া হয়েছে।

**ডাঃ মানস ভুঁইঞাঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, যে সমস্ত ডাক্তারদের নিয়োগপত্র দিয়েছেন পি. এস. সির মাধ্যমে, তাদের নিয়োগপত্র দেবার পর কিছু কিছু ডাক্তারকে এ্যাডহক বেসিসে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে কি?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** এখনও কোন এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়নি।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় স্বাস্থ্যমন্ত্রী জানেন, হেল্‌থ সেণ্টারে ডাক্তারদের যোগদান না করাটা একটা ক্রনিক সমস্যা। আপনি যে নিয়োগপত্র দিয়েছেন তাতে আপনি এ্যাসিওর করতে পারছেন না যে সবাই যোগদান করবেন। এদের সার্ভিস কনডিসান এবং রিজন ফর নট জয়েনিং—একদিকে ডাক্তাররা বেকার অন্যদিকে ডাক্তাররা জয়েন করছেন না। এই যে অবস্থা এর কারণ বর্ণনা করবেন কি এবং এর প্রতিকার কি সেটা জানাবেন কি?

[1-10—1-20 P. M.]

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** মাননীয় সদস্যকে জানাচ্ছি হাওয়া এখন উল্টো দিকে বইছে। এখন বেশী বেশী করে ডাক্তার জয়েন করেছেন এবং বহু ডাক্তার আমার কাছে আবেদনপত্র দাখিল করেছেন। কাজেই বলা যায় দি ম্যাটার হ্যাজ অলরেডি বিন ইমপ্রুভ্‌ড।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ** এ্যাডহক ভিত্তিতে যে সমস্ত ডাক্তারদের নিয়োগ করা হয়েছে তাঁদের রেগুলারাইজ করবার কোন ব্যবস্থা করছেন কি?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** আমাকে পি এস সি থেকে যে লিষ্ট দিয়েছে তা থেকে এ্যাপয়েন্টমেন্ট পাচ্ছে। সেখান থেকে যদি না পাই তাহলে আমাকে অ্যাডহক করতে হবে। আমি সবগুলি ক্যাবিনেটে নিয়ে গিয়ে রেগুলারাইজ করাব।

### কলিকাতা মেডিকেল কলেজ হাসপাতালে খাদ্য সরবরাহ

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** স্বাস্থ ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলিকাতা মেডিকেল কলেজ হাসপাতালে নিম্ন মানের খাদ্য সরবরাহ সম্পর্কে কোন অভিযোগ সম্প্রতি সরকারের নিকট আসিয়াছে কি; এবং

(খ) আসিয়া থাকিলে ইহার প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** (ক) হ্যাঁ।

(খ) এ সম্বন্ধে সরেজমিনে তদন্ত করিয়া যথাযথ মানের খাদ্য সরবরাহের জন্য নির্দেশ দেওয়া হইয়াছে এবং নির্দেশ যাহাতে পালিত হয় সে বিষয়ে দৃষ্টি রাখা হইতেছে।

**ডাঃ শ্রীমানস ভুঁইয়াঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, কোলকাতার বিভিন্ন হাসপাতালে এবং জেলা হাসপাতালগুলোতে সরকারের তরফ থেকে প্রতি বছর বিভিন্ন সরবরাহকারী মানুষ এবং প্রতিষ্ঠানের মাধ্যমে খাদ্য সরবরাহের ব্যবস্থা যা করা হয় তার প্রিন্সিপল-টা কি ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** আমরা টেণ্ডার কল করি এবং তার জন্য কমিটি আছে। এই কমিটি টেণ্ডারগুলো প্রসেস্ করে এবং লোয়েস্ট টেণ্ডারকে দিতে হয়। আপনার আশংকা আমি বুঝতে পারছি এবং ওটা অনেকদিন থেকেই চলে আসছে। যাহোক, আমরা হাসপাতালে ম্যানেজমেণ্ট বোর্ড একটা করেছি এবং আশা করছি এতে ভালভাবে সুপারভিসন হবে, অবস্থার ইমপ্রুভমেণ্ট হবে। তাঁরা প্রতিদিন দেখতে পারবে এবং আমরাও ভিজিলেন্স স্টাফ বাড়িয়েছি। আমরা এই ব্যাপারে দ্রুত ফল লাভ করতে না পারলেও একটা ব্যবস্থা নিচ্ছি।

**ডাঃ মানস ভুঁইয়াঃ** ম্যানেজমেণ্ট বোর্ড যেটা তৈরী করেছেন সেখানে কাকে কাকে সদস্য হিসেবে নিযুক্ত করবার কথা ভাবছেন ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** ম্যানেজমেণ্ট বোর্ড এখনও তৈরী হয়নি, তৈরী করতে যাচ্ছি, অর্ডার হয়েছে। যখন সেই বোর্ড করতে পারব তখন ডিটেল্‌স সব বলব। তবে যত ওয়াইড কালার দেওয়া যায় সেই চেষ্টা করব।

**শ্রীদেবপ্রসাদ সরকারঃ** নিম্ন মানের খাদ্য সরবরাহ করার অভিযোগ শুধু মেডিকেল কলেজ থেকেই নয়, বিভিন্ন হাসপাতাল থেকেই আসছে। আমার প্রশ্ন হচ্ছে, এই ধরনের অভিযোগ আপনার দপ্তরে কতগুলি এসেছে এবং তার প্রতিকারের ব্যবস্থা আপনি কি করেছেন ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** আমি মাননীয় সদস্যকে জানাতে চাই, কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী প্রনব মুখার্জী নিজে অভিযোগ করেছেন। যতগুলি অভিযোগ এসেছে সেগুলি আমরা যাচাই করবার চেষ্টা করছি। আমরা একটা সিস্টেম করবার চেষ্টা করছি এবং ইন্সপেকসন করার চেষ্টাও করছি। তবে আপনার যদি কোন নির্দিষ্ট অভিযোগ থাকে তাহলে আমাকে জানাবেন, আমি দেখব।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মন্ত্রীমহাশয় যে পদ্ধতির কথা বললেন সেই পদ্ধতি কি আগে থেকেই চালু ছিল, না বামফ্রন্ট সরকার সেই পদ্ধতি চালু করলেন? আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, আগের সরকারের পদ্ধতি যদি বামফ্রন্ট সরকার পরিবর্তন করে থাকেন তাহলে সেটা কি?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** পরম্পরা বলে একটা কথা আছে আশাকরি জানেন। আমাদের হাতে এমন কোন যাদুমন্ত্র নেই যে ৫ বছরে সব পাল্টে দেব। এগুলো হচ্ছে লেগ্যাসি অব দি পাস্ট—অর্থাৎ উত্তরাধিকারসূত্রে আমরা এগুলি কংগ্রেস রাজত্ব থেকে পেয়েছি। কাজেই একদিনে পাল্টে দেওয়া যাবেনা।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** নিম্ন মানের খাদ্য সরবরাহ করলে তার বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করবেন?

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন হয়না।

## গ্রামাঞ্চলে ব্যক্তিগত রেশনকার্ড বিতরণ

***১৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬০।) **শ্রীকৃষ্ণধন হালদার ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গ্রামাঞ্চলে ব্যক্তিগত রেশনকার্ড বিতরণ করার কার্য অবিলম্বে শুরু হইবে;

(খ) সত্য হইলে বিতরণ কার্যে স্থানীয় গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির পরামর্শ লইবার কোন ব্যবস্থা আছে কিনা; এবং

(গ) ইতিমধ্যে পশ্চিমবঙ্গের কতগুলি ব্লকে অংশতঃ ও সম্পূর্ণভাবে ব্যক্তিগত রেশনকার্ড বিতরণ করা হইয়াছে?

**শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় ঃ** (ক) মহামান্য হাইকোর্টের ১৩।১।৮৩ তারিখের আদেশে সংশোধিত রেশন এলাকায় ব্যক্তিগত রেশনকার্ড প্রবর্তনের বিষয়ে পূর্বের সমস্ত স্থগিতাদেশ বাতিল ও এই মামলার রিট আবেদন খারিজ হওয়ার পর গ্রামাঞ্চলে ব্যক্তিগত রেশন কার্ড চালু করার নির্দেশ ২১।১।৮৩ তারিখে দেওয়া হয়।

(খ) এই কাজে একই সঙ্গে পৌরসভা; পঞ্চায়েত; নোটিফায়েড এরিয়া অথরিটি প্রভৃতি সাহায্য নেওয়ার নির্দেশ দেওয়া হয়।

(গ) এ ব্যাপারে তথ্য সংগ্রহ করা হচ্ছে।

**শ্রীকৃষ্ণধন হালদার** ঃ ব্যক্তিগত রেশন কার্ড চালু করার জন্য গ্রাম-পঞ্চায়েত থেকে বাড়ি বাড়ি ঘুরে লোক গণনার কাজ শুরু হয়েছে কি ?

**শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায়** ঃ এবিষয়ে একটা নির্দেশ দেওয়া হয়েছে এবং বিভিন্ন রকমের কাজ চলছে।

## হাসপাতালে অ্যাম্বুল্যান্সের জন্য তেলের কোটা

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী** ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একটি সদর ও সাবডিভিসান হাসপাতালে অ্যাম্বুল্যান্সের জন্য মাসিক তেল ক্রয় বাবদ কত কোটা আছে ; এবং

(খ) এই কোটা বৃদ্ধি করার কোন পরিকল্পনা আছে কি ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়** ঃ (ক) প্রতি এ্যাম্বুলেন্সের জন্য বৎসরে ত্রিশ হাজার টাকা।

(খ) বর্তমানে নেই।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস** ঃ মাননীয় মন্ত্রী মহোদয় কি জানেন, যে-পরিমান তেলের বরাদ্দ দেওয়া হচ্ছে তাতে কোন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র বা উপস্বাস্থ্য কেন্দ্র বা সাব-ডিভিশনাল হাসপাতালের এ্যাম্বুলেন্স গুলিকে অত্যন্ত জরুরী প্রয়োজনেও ব্যবহার করা যাচ্ছে না এবং হাসপাতাল কর্তৃপক্ষ বলছে তেলের জন্য রোগীকে টাকা দিতে হবে ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়** ঃ কনস্ট্যান্ট অফ্ দি ফিনান্স-এর মধ্যে আমরা কাজ করছি, অথচ ডিজেল পেট্রোলের দাম রোজ বাড়ছে, সুতরাং এর সঙ্গে তাল রেখে চলতে গেলে আরো কিছু টাকার প্রয়োজন। তবু আমরা চেষ্টা করছি হাউ দিস উই ক্যান ডু।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস** ঃ মন্ত্রী মহাশয় যে সংকটের কথা বললেন সেটা মেনে নিয়েও আমি বলছি যে, আপনি কি এমন কোন নির্দেশ দিতে পারেন যাতে অত্যন্ত দরিদ্র যেসমস্ত রোগীরা আছেন তাদের অন্তত এ্যাম্বুলেন্সে করে বিনা খরচে নিয়ে যাওয়া যায় ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়** ঃ এরকম ব্যবস্থা আছে। যদি কোথাও এই কাজ না করা হয়ে থাকে তাহলে তা আমাকে জানালে আমি লক্ষ্য করে দেখব।

**ডাঃ হৈমী বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে, বহু এ্যাম্বুলেন্স অকেজো হয়ে পড়ে থাকা সত্বেও তেলের মোট বরাদ্দ খরচ হয়ে যাছে ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** গাড়ি না চললে তেল খরচ হয় না।

**শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় ঃ** মন্ত্রী মহাশয় বললেন যে, তাঁরা প্রতিটি এ্যাম্বুলেন্সের জন্য বৎসরে ৩০,০০০ টাকা বরাদ্দ করেন, কিন্তু আমি যত দূর জানি অতীতে ১০,০০০ টাকা করে প্রতি বছর দেওয়া হ'ত। বর্তমানে যদি ৩০,০০০ টাকা করা হয়ে থাকে তাহলে সেটা কবে থেকে করা হয়েছে ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** নির্দিষ্ট তারিখটা আমি বলতে পারছি না, তবে ১ বছর আগে, বোধ হয় জুলাই '৮১ থেকে এটা বাড়ানো হয়েছে।

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ ঃ** বর্তমানে একজন রোগীকে এ্যাম্বুলেন্সের তেলের দাম হিসাবে কত টাকা দিতে হয় ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** মাননীয় সদস্য এবিষয়ে আলাদা নোটিশ দিলে বলতে পারব।

## মশার ব্যাপক বৃদ্ধি

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবহিত আছেন যে গ্রামাঞ্চলে মশার ব্যাপক বংশবৃদ্ধি হয়েছে ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, ইহা নিবারণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

[1-20—1-30 P. M.]

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** (ক) হ্যাঁ।

(খ) গ্রামাঞ্চলে মশার উপদ্রব বন্ধ করার জন্য ম্যালেরিয়া ও ফাইলেরিয়া নিবারনী প্রকল্প ও এনকেফেলাইটিস্ রোগপ্রতিরোধক প্রক্রিয়ার মধ্যে মশা দমনের কর্মসূচী অন্তর্ভূক্ত।

যে সমস্ত মশা রোগ জীবাণু বহন করে না বা বহন করার উপযুক্ত প্রমানাদি নেই, সেখানে এইরূপ উপদ্রবকারী মশা দমন করার ব্যাপারে স্বাস্থ্য দপ্তরের কোন বিশেষ ও ব্যাপক পরিকল্পনা নেই।

**শ্রীপ্রবোধ চন্দ্র সিংহ ঃ** মশা নিবারণ করার জন্য যে তেল বা ডি. ডি. টি. স্প্রে করা হয় তা কি উপযুক্ত পরিমানে গ্রামাঞ্চলে সরবরাহ করা হচ্ছে ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** ডি. ডি. টি. দীর্ঘ দিন ধরে ব্যবহার করার ফলে রেজিস্ট্যান্স হয়ে গেছে। সেই জন্য অন্যান্য ওষুধ সরবরাহ করছি। তবে অন্যান্য কীট-নাশকের রেজিস্ট্যান্সের খবরও পাচ্ছি। তা ছাড়া সমস্ত মশা আমরা দমন করতে পারি না। খানিকটা ইঞ্জিনীয়ারিং বিভাগেরও দায়িত্ব আছে এবং পরিবেশ পরিচ্ছন্ন রাখার ব্যাপার আছে, ড্রেনেজ ইত্যাদির ব্যাপার আছে। তবুও আমরা যেখান থেকে এপিডেমিক্-এর খবর পাচ্ছি সেখানেই এপিডেমিক্ রোধ করবার জন্য আমাদের শক্তিকে কনসেনটেড্ করছি, নানারকম ব্যবস্থা গ্রহণ করছি।

**শ্রীপ্রবোধ চন্দ্র সিংহ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি মশার জন্য জনসাধারণের রোগের কথা উল্লেখ করলেন, যেমন, ফাইলেরিয়া এবং ম্যালেরিয়া। মশা নিবারণ করার জন্য ব্যবস্থা গ্রহন করার ফলে কি কমের দিকে যাচ্ছে না একই রকম অবস্থায় আছে ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** আমরা এইটুকু বলতে পারি কমেছে। তবে দিল্লী এই ব্যাপারে একটা পরিকল্পনা নিয়েছে।

**শ্রীআবদুল মান্নান ঃ** এখানে সবাই তো বলেন সীমিত ক্ষমতা। আমার প্রশ্ন হচ্ছে মশা মারার জন্য কি কামান কেনার পরিকল্পনা নিয়েছেন ?

**মিঃ স্পীকার ঃ** এটা হয় না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই অবগত আছেন এটা এ্যালারমিং। মশক বাহিনী যে রোগগুলি ছাড়াচ্ছে যেমন ম্যালেরিয়া এবং কালাজ্বর-এই রোগগুলি কোন কোন এলাকায় এপিডেমিক আকার ধারন করেছে। ইন ওয়ান হসপিটাল এ্যালোন, আই নো ১১৪ কেসেস অফ কালাজ্বর-এটা আপনি জানেন। সেইসব জায়গায় গুরুত্ব দিয়ে মশক নিবারণ করার চেষ্টা করেছেন কিনা ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** এপিডেমিক যেখানে হয়েছে সেখানে আমরা নিবারণ করার জন্য কিছু রুটিন মেজার নিয়েছি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ** এক সময়ে ম্যালেরিয়া কালাজ্বর প্রভৃতি রোগের জন্য বাড়ীতে বাড়ীতে ডি. ডি. টি. স্প্রে করা হতো। সেই ধরনের কোন কর্মসূচী নেওয়া হয়েছে কি ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** এই মশক নিবারণের জন্য সারা বিশ্ব চিন্তিত। দিল্লী এই ব্যাপারে একটা পরিকল্পনা নিয়েছে, নির্বীজকরণ। পুরুষ মশাকে নির্বীজ করে ছেড়ে দিচ্ছে যাতে না আর বংশ বৃদ্ধি করতে পারে। তবে সব মশাকে বিলুপ্ত করা যাবে এটা আমরা আশা করিনা।

## বারাসাত মহকুমা স্বাস্থ্যকেন্দ্রে ব্লাড ব্যাংক স্থাপন

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *২৩২)। **শ্রীসরল দেবঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বারাসাত মহকুমা স্বাস্থ্যকেন্দ্রে ব্লাড ব্যাংক স্থাপনের কোন পরিকল্পনা আছে কি , এবং

(খ) থাকলে কবে নাগাত তাহা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** (ক) আপাততঃ নাই।
(খ) প্রশ্ন ওঠে না।

## ইনস্টিটিউট অব পোস্ট গ্রাজুয়েট এণ্ড রিসার্চ

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৫০।) **শ্রীবিশ্বনাথ চৌধুরীঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ইনস্টিটিউট অব পোস্ট গ্রাজুয়েট এণ্ড রিসার্চকে একটি স্বয়ংশাসিত স্নাতকোত্তর শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলার ক্ষেত্রে বর্তমান পরিস্থিতি কি ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** বিষয়টি এখনও সরকারের বিবেচনাধীন।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** এঁর আগে স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন নিউক্লিয়াস অফ এ মেডিক্যাল ইউনির্ভাসিটি হেয়ার—এইরকম আশ্বাস দিয়েছিলেন। আর আজকে এখানে বলছেন বিবেচনাধীন। আমার প্রশ্ন হচ্ছে কি পর্যায়ে আছে এবং এই ব্যাপারে কি কি ভাবছেন ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** আমরা এখানে একটা পোষ্ট গ্রাজুয়েট ইন্সটিটিউট ফর ষ্টাডি ট্রেনিং এণ্ড রিসার্চ করতে চাই। আমি এখন মনে করি কলকাতা ইউনির্ভাসিটির পক্ষে এখন পোষ্ট গ্র্যাজুয়েট কোর্স ক্যাটার করা সম্ভব নয়। এই ব্যাপারে আলোচনা চালিয়ে যাচ্ছি। এর মধ্যে বিরোধিতা আছে, ভিন্ন মত আছে। লেটেষ্ট একটা ষ্টাডি করেছি এবং টাস্ক ফোর্স করেছি। এতে ডি. এইচ. এস. কে রাখা হয়েছে এবং ইউনির্ভাসিটির প্রফেসরদের রেখে টাস্ক ফোর্স করেছি। এর আগে কমিটির রিপোর্ট নিয়েছি, সকলেই সমর্থন করেছে। আমরা ইউনির্ভাসিটি এবং দিল্লীকে নিয়ে সব মিলিয়ে করতে চাই এবং যত তাড়াতাড়ি সম্ভব করবো।

**ডঃ মানস ভুঁইয়াঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে, ইনষ্টিটিউট অফ পোষ্ট গ্রাজুয়েট এণ্ড রিসার্চ কে নিয়ে যে ধরণের প্রশ্ন উঠেছে, আলোচনা চলছে, তাকে পাশে রেখে আপনারা দিল্লীর অল ইণ্ডিয়া ইনষ্টিটিউট অফ মেডিকেল সায়েন্সের মত অথবা চণ্ডীগড়ের পোষ্ট গ্রাজুয়েট ইনষ্টিটিউটের মত একটা আলাদা ধরণের ইনষ্টিটিউট, সল্টলেক অথবা অন্য কোথাও করার সিদ্ধান্ত নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠাবেন কি ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** আমাদের যে ইনফ্রাষ্ট্রাকচার ফেসেলিটিস এখানে আছে, আই. জি. এম. আর. এস. এস. কে. এম. ইউনির্ভারসিটি আছে, আমরা আছি এই সব গুলি মিলিয়ে যদি সুরু করতে পারি তাহলে যত তাড়াতাড়ি সম্ভব সম্পূর্ণ হবে। তাতে সময় এবং টাকার ব্যাপার আছে। তা ছাড়া ইনফ্রাষ্ট্রাকচার ফেসিলিটিস পোষ্ট গ্রাজুয়েট লেভেলে রিসার্চ ষ্টাডির বাপারে ইউনির্ভারসিটি রয়েছেন, এবং ইউনির্ভারসিটি গ্রাণ্ট কমিশনের কথাও আছে। এ ব্যাপারে আমরা অলরেডি খুবই জড়িয়ে পড়েছি, বেরোবার পথ নেই।

## কাঁথি মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাংক

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *২১৪।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের মন্ত্রিমহায়শ অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাংক স্থাপনের কোন প্রস্তাব সরকার অনুমোদন করেছেন কি ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কোন্ বছর উক্ত প্রস্তাব অনুমোদন করা হয়েছে ; এবং

(গ) উক্ত সিদ্ধান্ত কার্যকরী করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** (ক) হ্যাঁ।

(খ) ১৯৮০ সালে।

(গ) বর্ত্তমান হাসপাতাল গৃহে ব্লাড ব্যাংকের জন্য স্থান সঙ্কুলান না হওয়ায় নতুন গৃহাদি নির্মানের জন্য পূর্ত বিভাগের নিকট হইতে একটি নক্সা ও প্রাক্কলন আনা হয়েছে। ঐ প্রাক্কলনটি পরীক্ষা করে দেখা হচ্ছে এবং ব্লাড ব্যাংকগুলির পূনঃবিন্যাস ও বিস্তৃততর ব্যবস্থাদির সঙ্গে এটি সম্পর্কযুক্ত।

**শ্রীপ্রবোধ চন্দ্র সিংহঃ** মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন যে পূর্ত্ত দপ্তরের সাথে এই ব্যবস্থা গ্রহণের জন্য দীর্ঘদিন ধরে কথা বার্ত্তা চলছে। এটা ত্বরান্বিত করার কিছু ব্যবস্থা হয়েছে কি?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** সমস্ত ব্লাড ব্যাংক আমাদের নতুন করে ঢেলে সাজাতে হচ্ছে। অনেক ভলাণ্টারী অর্গানাইজেসন এগিলে আসচেন এবং অনেকে রক্ত দিতে চাইচেন। চাহিদা বেশী আছে। এই সব মিলিয়ে আমরা আলোচনা করছি যে কিভাবে এটাকে ঢেলে সাজাতে পারি। সেজন্য আমরা ব্যাপারটা নিয়ে চিন্তা ভাবনা করছি। উই উইল সর্ট ইট আউট। ত্বরান্বিত করার চেষ্টা করছি।

## বারাসাত হাসপাতালে জেনারেটর

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৩।) **শ্রীসরল দেবঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বারাসাত হাসপাতালে জেনারেটর স্থাপন করার কোন পরিকল্পনা আছে কি, এবং

(খ) থাকলে, কবে নাগাত তাহা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** (ক) হ্যাঁ।

(খ) ইহা সরকারের সক্রিয় বিবেচনাধীন আছে এবং ব্যবস্থা অবলম্বিত হচ্ছে।

**শ্রীসরল দেবঃ** মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি—যত শীঘ্র মানে কত দিনের মধ্যে সম্ভব হবে?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ** মাননীয় সদস্য মহাশয়ের অবগতির জন্য জানাচ্ছি যে, এজ আর্লি এ্যাজ পসিব্‌ল, এর উপর আর প্রেস করবেন না।

## শিক্ষক ও অ-শিক্ষক ডাক্তারদের নিয়োগ

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) ইহা কি সত্য যে ১৯৮২ সালের জুন মাসে থেকে বিভিন্ন মেডিক্যাল কলেজ ও হাসপাতালসমূহে শিক্ষক ডাক্তার ও অ-শিক্ষক ডাক্তাদের এ্যাড হক ভিত্তিতে নিয়োগ করা হইতেছে ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে তাহার সংখ্যা কত ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়:** (ক) সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস:** মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি—বর্ধমান, উত্তরবঙ্গ মেডিকেল কলেজে শিক্ষিত ডাক্তার না যাওয়ার ফলে অনুমোদন ব্যাহত হতে পারে এই রকম খবর মাঝে মাঝে দেখি। আমি জানতে চাইছি যে ঐসব ক্ষেত্রে ডাক্তার পাঠান হয়েছে কি ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়:** নর্থ বেঙ্গল ইউনিভার্সিটিতে আমরা ডাক্তার পাঠিয়ে দিয়েছি, এম. সি. আই. যে ধরণের ডাক্তার বলেছে, শিক্ষিত ডাক্তার প্রফেসর বা এ্যাসোসিয়েট প্রফেসর এখনো পাওয়া যায় নি। সেজন্য অল ইণ্ডিয়া এ্যাডভারটাইজ করা হয়েছে। নিজেদের যোগাযোগের মধ্যে চেষ্টা করা হয়েছে তাতে পাওয়া যায় নি। এইগুলি নিয়ে এম. সি. আইয়ের সঙ্গে একটা প্ল্যানিং করতে হবে। দিস ইজ এ ফেনোমেনন থ্রু আউট ইণ্ডিয়া।

**ডঃ মানস ভুঁইয়া:** মন্ত্রী মহাশয় জানাবেন কি ঐ মেডিক্যাল কাউন্সিল পরিদর্শনের সময় আপনি উদ্যোগ নিয়েছেন বাঁকুড়া, বর্ধমান এবং নর্থ বেঙ্গলে পাঠাবার ? আমরা কিছু কিছু জায়গা থেকে জানতে পারছি প্রফেসরদের বলা হচ্ছে—'আপনারা পরিদর্শন-এর সময় পর্যন্ত থাকুন, তারপর দুই মাসের মধ্যে ফেরৎ আনবো।'

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়:** এই ব্যাপারে আশঙ্কার কিছু নেই। তবে কোন জায়গায় প্রফেসর পাঠিয়ে যদি তাঁকে ফেরৎ আনবার দরকার হয় সেক্ষেত্রে তাঁর বদলে প্রফেসর পাঠান হবে।

## এগরা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫।) **শ্রীপ্রবোধ চন্দ্র সিংহ:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুহগ্রপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরকরণের কোন সিদ্ধান্ত গৃহীত হইয়াছে কি ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে উক্ত গ্রামীণ হাসপাতালের গৃহ নির্মাণের কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(গ) (১) উক্ত হাসপাতালে এক্স-রে-র সুযোগ সৃষ্টির জন্য সরকার কোন্ সময়ে সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন এবং (২) তাহা কার্যকরী করার জন্য এ পর্যন্ত কি ব্যবস্থা গৃহীত হয়েছে ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** (ক) হ্যাঁ, নীতিগত ভাবে স্থিরিকৃত হয়েছে।

(খ) অনুমোদনের পরই এ সম্পর্কে নির্দিষ্টভাবে কিছু বলা যাইতে পারে।

(গ) (১) ও (২)—
স্বাস্থ্যকেন্দ্রটি গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত হলে নিয়মানুযায়ী একটি এক্স-রে যন্ত্র দেওয়া হবে।

**শ্রীপ্রবোধ চন্দ্র সিংহ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় 'ক' প্রশ্নের উত্তরে জানালেন যে নীতিগত ভাবে স্থির হয়েছে। একথা কি ঠিক যে একদম সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং তার ভিত্তিতে গ্রামীণ হাসপাতাল তৈরী করবার জন্য ঘরবাড়ী, নকশা ইত্যাদি তৈরী করা হচ্ছে ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** নীতি এবং কাজের মধ্যে তো আমাদের কোন ফারাক নেই। কাজেই নীতিগতভাবে সিদ্ধান্ত হয়েছে মানেই আমরা করবো।

## সরকারী ডাক্তারদের প্রাইভেট প্রাকটিস

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪।) **শ্রীসরল দেব ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী ডাক্তারদের প্রাইভেট প্রাকটিস বন্ধ করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে সে সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** (ক) হ্যাঁ।

(খ) ১৯৮২ সালের জুন মাসে এই ব্যাপারে দুইটি সরকারী আদেশনামা জারি করা হয় এবং বিরোধী বিষয়সমূহ আই. এম. এ. ও এইচ. এস. এ. প্রভৃতি ডাক্তারদের প্রতিনিধি

মূলক সংস্থার সঙ্গে আলোচনান্তে মিটিয়ে ফেলার প্রচেষ্টা করা হয়। পরবর্তীকালে বিষয়টি আদালতের এক্তিয়ারভুক্ত হওয়ায় এই বিষয়ে আর কিছু করা যায় নি।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি আদালতে প্রতিদ্বন্দ্বিতা করবার জন্য রাজ্যসরকারের পক্ষ থেকে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়েছে কি না ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** আমরা আদালতের কাছে আবেদন করতে পারি, এর বেশি কিছু করার থাকে না।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে বাই ওয়ে অফ পার্সোনাল এক্সপ্লানেশন হিসাবে বলছি যে শ্রী কাশীনাথ মহাশয়ের বক্তৃতাকে কেন্দ্র করে আনন্দবাজার খবরের কাগজ আমার সম্পর্কে একটি রিপোর্ট বেরিয়েছে। কিন্তু আপনি জানেন স্যার, প্রথম আওয়ারে আমি হাউসে ছিলাম না। তা সত্ত্বেও আনন্দবাজার পত্রিকা উদ্দেশ্য প্রণোদিতভাবে আমার নামে যা তা লিখেছে এবং আমাকে ড্যামেজ করবার জন্যই ইচ্ছাকৃতভাবে এই খবর প্রকাশ করেছে। অতএব স্যার, আপনার মাধ্যমে এটা জানাতে চাই, এর দ্বারা সদস্যদের অধিকার ভঙ্গ করা হয়েছে।

**মিঃ স্পীকার ঃ** লিখিত দেবেন, দেখবো।

## RULING

[1-30—1-40 P. M.]

**Mr. Speaker :** Shri Debaprasad Sarkar, M.L.A. by his notice has alleged that Shri Rabin Mukherjee, Hon'ble Minister-in-charge of Home (Transport) Department made a statement in the House on 23.2.83 declaring the decision of the Government to increase bus and tram fares in this State although it was not included in the day's List of Business of the House. Shri Sarkar has also alleged that the above statement was made by the Minister without giving the members any opportunity to discuss the issue although the Left Front proclaimed that the decision in this regard would be taken after a detailed discussion in the House.

I may mention here that the Hon'ble Minister-in-charge of Home (Transport) Department made the statement with my permission under rule 346. That being so there is no question of the Minister-in-charge, Home (Transport) committing any breach of privilege of rules or of parliamentary convention of the privilege of any member or of the House. I therefore disallow the notice of Shri Debaprasad Sarkar.

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** I have received three notices of adjournment motion today. The first is from Shri Kashi Nath Misra which deals with plight of people of Bankura and Purulia districts due to drought, the second is from Shri Deba Prasad Sarkar which deals with rise in Railway fares and freight and the last from Shri Abdul Mannan which deals with irregularities in the Nilratan Sarkar Hospital especially in the X-ray department.

As regards the first and third adjournment motions, the members will get ample opportunity to discuss the matter during the discussion on Governor's Address. The second motion deals with a central subject and thus in view of clause (ix) of rule 61 of the rules of procedure of the House, cannot form the basis of the adjournment motion.

I, therefore, withhold my consent to all the motions.

Members, may, however, read the text of the motions as amended.

**শ্রীআবদুল মান্নান ঃ** মিঃ স্পীকার স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতবী রাখছেন। বিষয়টি হ'ল—

কলকাতায় নীলরতন সরকার হাসপাতালে চরম অব্যবস্থার ফলে কলকাতা শহরতলী ও মফঃসল জেলায় হাজার হাজার বিপন্ন রুগী আজ অসহায় অবস্থার মধ্যে রয়েছেন। এক্সরে বিভাগের অব্যবস্থার জন্য হাসপাতালের রুগীরা দেহের এক্সরে করাতে পারছেন না। এই বিভাগে প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী থাকা সত্ত্বেও তাদের একটা বিরাট অংশ প্রায়ই অনুপস্থিত থাকে, এই হাসপাতালের

মজুত এক্সরে ভাণ্ডারের হিসাবের কারচুপি করা হয়। হাসপাতালের দামী পজিটিভ ফিল্ম সরিয়ে নিয়ে বাজারে বিক্রী করে দিয়ে পরিবর্তে কম দামী ফিল্ম রাখা হয়। রুগীর অবিলম্বে দেহের এক্সরে করতে হলে ছয়, সাত মাস পরে তার এক্সরের দিন পড়ে।

**শ্রীদেব প্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনারা সকলেই একমত হবেন যে, রেলের বাজেট যতবারই পেশ করা হচ্ছে ততবারই রেলের ভাড়া বাড়ছে, মাসুল বাড়ছে। যার ফলে সাধারণ মানুষ আরো খারাপ অবস্থার দিকে যাচ্ছে। সেই ব্যাপারে আমি এখানে একটি প্রস্তাব পাঠ করছি।

জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হ'ল—

গতকাল রেল বাজেট পেশ করে যাত্রী ভাড়া এবং মাসুল বৃদ্ধি করে দেশের মানুষের উপর বাড়তি ৪৮৮ কোটি ৯০ লক্ষ টাকার বোঝা চাপিয়ে দিয়েছেন। ১৯৮০ সালে জুন মাস থেকে এ পর্যন্ত ভারত সরকার পাঁচ বার রেলের ভাড়া ও মাসুল বৃদ্ধি করলেন। ক্রমবর্দ্ধমান মুদ্রাস্ফীতি, ছাঁটাই, লে-অফ, লক আউটের আঘাতে এবং সমস্ত নিত্য প্রয়োজনীয় দ্রব্যের আকাশ ছোঁয়া মূল্যবৃদ্ধির চাপ ও করের বোঝায় সাধারণ মানুষের জীবন যখন বিপর্যস্ত এমতবস্থায় রেলের এই নূতন করে ভাড়া ও মাসুল বৃদ্ধি জন জীবনের উপর চরম আঘাত নিয়ে আসবে এবং এর অনিবার্য পরিণতি হিসাবে জিনিষপত্রের দাম আরও বৃদ্ধি করে জনজীবনকে দুর্বিসহ করে তুলবে। আমি এর প্রতিবাদে নিন্দাসূচক প্রস্তাব এই সভায় করছি।

## CALLING ATTENTION
## To Matter of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received 25 notices of Calling Attention namely :

1. Circuit session Court in Islampur —Shri Anil Mukherjee
2. Alleged repeated rute in load-shedding —Shri Anil Mukherjee
3. Problem in Student's admission in Primary Schools —Shri Jayanta Kumar Biswas
4. Reported allegation of in human behaviour with lumatic prisoners in Dum Dum Central Jail —Shri Jayanta Kumar Biswas

5. Alleged death of Sudeb Ghatak, President of Students Union of Bankura Christian College —Shri Kashinath Misra

6. Alleged mal-practice in distribution of text books published by Govt. in Primary and Secondary Schools —Shri Kasinath Misra

7. Scarcity of life-saving drugs in the Hospitals —Shri Kashinath Misra

8. Alleged failure in supply of milk in Calcutta and its neighbouring areas —Shri Kashinath Misra

9. Alleged police attack on Shri Puranjay Pramanik, ex-R. T. A. in the Burdwan Medical College and Hospital --Kashinath Misra

10. Dead lock in Bankura Christian College —Shri Kashinath Misra

11. Alleged outrage on and murder of one Suresh Mandy on 23-2-83, in Bankura —Shri Kashinath Mishra

12. Scarcity of drinking water —Shri Kasinath Misra

13. Miseries of the urban people in want of drinking water —Shri Kashinath Misra

14. Non-availability of Govt. published text books —Shri Abdul Mannan

15. Seperate mathematics book substituted in cllass VIII in many school due to non-supply of Govt. Book —Shri Abdul Mannan

16. Activity of Anti-Socials in Bally Railway Station area —Shri Abdul Mannan

17. Alleged Attack on the Chhatra Parishad Workers in Lalbaba College, Bally on 12th January, 1983 —Shri Abdul Mannan

18. Break in supply of Free Tiffin in Primary Schools —Shri Abdul Mannan

19. Agiltation of workers in the Lady Duffrin Hospital —Shri Abdul Mannan

20. Serious power crisis and trouble of the candidates of Madhyamik and Higher Secondary examination —Shri Abdul Mannan

21. Serious problem in transport system of North Bengal —Shri Abdul Mannan

22. Irregularities in X-ray department of N. R. S. Medical College and Hospital —Shri Abdul Mannan

23. Alleged attack on Head Office of Indian Gilby Union led by C.P.I.(M) —Shri Abdul Mannan

24. Damage of Boroau crops in Arembagh in want of water —Shri Abdul Mannan

25. Attack on Burdwan Medical College —Shri Birendra Narayan Roy and Dr. Haramohan Sinha

I have selected the notices of Shri Birendra Narayan Roy and Dr. Haramohan Sinha on the subject of Attack on Burdwan Medical College

Miniator-in-charge may please make a statement today, if possible, or give a date

[1-40—1-50 P. M.]

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** সোমবার দিন উত্তর দেব।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পক্ষ থেকে শ্রীদীপক সেনগুপ্ত যে কলিং এ্যাটেনশান দিয়েছিলেন, সেটা আমরা উইথড্র করছি। The Minister-in-charge of Refugee Relief and Rehabilitation Department to make a statement on the subject of influx of refugees in West Bengal from Assam and relief measures taken for them. কারণ এ বিষয়ে পরবর্তী সময়ে আলোচনার সুযোগ পাওয়া যাবে। এজন্য এটাকে উইথড্র করে নিচ্ছি।

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ ঃ** আমাদের তরফ থেকে যে কলিং এ্যাটেনশান দেওয়া হয়েছিল তা উইথড্র করে নিচ্ছি।

**শ্রীপতিত পাবন পাঠক ঃ** এ্যাসেম্বলিতে জ্যোতিবাবু বলেছেন বলে আজকের স্টেটস্ম্যান কাগজে একটা খবর বেরিয়েছে। আসলে ওটা হবে—'এ্যাসেম্বলি লবিতে বলেছেন।' স্টেটস্ম্যানের পক্ষ থেকে এরকম খবর ছাপা হওয়ার জন্য দুঃখ প্রকাশ করেছেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** কলিং এ্যাটেনশান উইথড্র করে সদস্যরা যা দেখালেন তা ভেরি গুড্। এর ভিত্তিতে অর্ডার অফ বিজনেস্ যা আছে তা থেকে আসাম টাকে আগে করে দিতে পারেন। The Government should come forward and discuss on revision of bus and train fares.

**মিঃ স্পীকার ঃ** এটা তো নির্ভর করবে চীফ মিনিষ্টারের সময়ের উপর। কারণ উনিই এটা মুভ করবেন।

## MENTION CASES

**ডাঃ হরমোহন সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৩।২।৮৩ তারিখে বেলা ৩টার সময় বর্ধমান শহরে বর্ধমান মেডিক্যাল কলেজের মধ্যে মনোরঞ্জন প্রামাণিক, পুরঞ্জয় প্রামাণিক এবং সাধন ঘোষ—এই তিনজনের নেতৃত্বে একদল গুণ্ডা হাসপাতাল চত্বরে প্রবেশ করে ও জিনিষপত্র তছনছ করে। তারা হাসপাতালের সুপারিনটেণ্ডেণ্টকে এমনভাবে মারধোর করে যে তার ফলে তাঁর শোল্ডারের হাড় ডিসলোকেশান হয়ে গেছে। তাঁর ঘরের মধ্যে প্রবেশ করে জিনিষপত্র তছনছ করেছে। এই ঘটনার পেছনে একটা রাজনৈতিক উদ্দেশ্য আছে। সেই উদ্দেশ্য হচ্ছে যে, বর্ধমান মেডিকেল কলেজে শীঘ্রই এম. সি. আই-এর পক্ষ থেকে রেকমেণ্ডেশানের জন্য তাঁরা ইন্সপেকশানে আসবেন। তারা ওখানে এসে যাতে এই রকম একটা অব্যবস্থা চলছে দেখতে পান, সেজন্য এই রকম করা হয়েছে। কারণ এই অব্যবস্থা চলছে দেখলে তাঁরা রেকমেণ্ডেশান দিতে নাও পারেন। স্যার, আমি আপনার সামনে এই ব্যাপারে কয়েকটা ফটো দিচ্ছি। আপনি এর পরিপ্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাবেন আশা করি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** অন এ পয়েণ্ট অফ অর্ডার স্যার, উনি যে পুরঞ্জয় প্রামাণিকের নাম করলেন মিঃ প্রামাণিক The Government should come forward and discuss on revision of bus and tram fares. ওনার জানা উচিত যে লোক হাউসের সদস্য থাকেন না তার বিরুদ্ধে নাম করে বলা উচিত নয়। এটা একটা অপরাধ।

**মিঃ স্পীকার ঃ** রুলস্ অনুযায়ী যদি কোন লোক হাউসের মেম্বার না হন তাহলে ডিবেটের সময় তার নাম উল্লেখ করা উচিত নয়। আমি মেম্বারদের অনুরোধ করছি সেক্ষেত্রে মেম্বাররা

বলবেন যে অমুক পার্টির লিডার অর্থাৎ এইভাবে উল্লেখ করতে পারবেন কিন্তু নাম বলবেন না। সুতরাং ওই নামটি এ্যাক্সপাঞ্জ করে দেওয়া হোক।

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের খাদ্যমন্ত্রী তথা খাদ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের সৌভাগ্য যে তিনি হাউসে আছেন। যদিও তিনি হাওড়া অঞ্চলে অখাদ্যমন্ত্রী হিসাবে পরিচিত। গোটা হাওড়া শহরে রেশন দোকানে চাল নেই, গম যে মানের পাওয়া যাচ্ছে তা অতি নিম্নমানের। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে রেশন দোকানটির নাম দিচ্ছি। বাজারে চালের এবং গমের দাম হু হু করে বেড়ে যাচ্ছে এবং গমের সরবরাহ অতি নিম্নমানের এই ব্যাপারে অবিলম্বে খাদ্যমন্ত্রীকে দৃষ্টি দিতে অনুরোধ করছি।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর দৃষ্টি আকর্ষণ করতে চাই রানাঘাট কলেজ সম্বন্ধে। রানাঘাট কলেজে কিছু ছেলের চাকুরী হয়েছিল তারা নাকি কংগ্রেস গ্রুপের। আরেকটি কংগ্রেস গ্রুপ সেদিন কলেজের মধ্যে ঢুকে চেয়ার, টেবিল ভেঙ্গে দিলেন এই ব্যাপার নিয়ে। তারা ল্যাবরেটরিও ভেঙ্গেছেন। গোটা রানাঘাট কলেজটি তারা বন্ধ করে দিয়েছিলেন। আজকে ২ দিন হল কলেজটি খুলেছে। রানাঘাট অত্যন্ত গুরুত্বপূর্ণ কলেজ। এই কলেজটি যারা বন্ধ করেছিলেন সেই গ্রুপকে যেখানে গেলে শাস্তির ব্যবস্থা হয় সেখানে পাঠান। আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এই ব্যাপারে দৃষ্টি দেবেন।

**শ্রীসত্য রঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই পুরুলিয়া রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠ সম্বন্ধে। আজকে সংবাদপত্রে নিশ্চয় দেখেছেন যে পুরুলিয়া রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠের মহারাজ আবেদন জানিয়েছেন। আমি এই ব্যাপারে গতকাল বিধানসভায় বলেছিলাম। এই বিদ্যাপীঠের অবস্থা চরম পর্যায়ে পৌঁছেছে। সেখানে বিনয় চৌধুরী মহাশয়, অম্বরীশ মুখার্জী মহাশয় এবং মুখ্যমন্ত্রী মহাশয় এই ব্যাপারে হস্তক্ষেপ করা সত্ত্বেও কোন সমস্যার সমাধান করতে পারেন নি। একটি নাম করা শিক্ষা প্রতিষ্ঠান সারা পশ্চিমবঙ্গে শুধু নয় সারা ভারতবর্ষের মধ্যে আজ সেটা বন্ধ হতে চলেছে। সেখানে আজ এমন পরিস্থিতির উদ্ভব হয়েছে যে সাধুরা আর থাকতে পারছেন না। ছাত্ররা সেখানে থাকতে পারছে না। মাননীয় মুখ্যমন্ত্রী এবং অম্বরীশবাবু ৩।৪ জন মিলেও একটি ছোট সমস্যার সমাধান করতে পারছেন না। সেখানে কয়েকজন কর্মচারীর ছাঁটাই নিয়ে যত সমস্যার সৃষ্টি হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গের একটি গণ্যমান্য ব্যক্তি সন্দেহ নেই অথচ তিনি ৭-৮ মাস ধরে ছোট সমস্যার সমাধান করতে পারছেন না তাহলে ৫-৬ বছরেও কোন সমস্যার সমাধান করতে পারবেন বলে আমার মনে হয় না।

আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে কঠোর ভাষায় বলছি যে আমি কংগ্রেসের মেম্বার হিসাবে বলছি না, আমি ব্যক্তিগতভাবে রামকৃষ্ণ মিশনের শিষ্য সুতরাং তাঁকে পরিষ্কার জানিয়ে দিচ্ছি বিধানসভায় তিনি যদি আজকের মধ্যে এই সমস্যার সমাধান করতে না পারেন তাহলে সোমবার থেকে আমি তার ঘরের দরজার সামনে অনশন করতে বাধ্য হব। সুতরাং আমি আশা করি তিনি ব্যবস্থা নেবেন।

[1-50—2-00 P.M.]

আমি আমার কঠোর মনোভাবের কথা বললাম। আমরা এজন্য ঠাট্টা, বিদ্রূপ করতে পারেন, করুন রামকৃষ্ণ মিশন নিয়ে ঠাট্টা, বিদ্রূপ করতে আপনাদের কুণ্ঠা হয় না। আপনাদের কোন শালীনতা বোধ নেই অথচ বিধানসভার সদস্য হয়ে বসে আছেন। আপনি আমার কথাটা মুখ্যমন্ত্রীকে জানিয়ে দেবেন।

**শ্রীমসলিউদ্দিন আমেদ ঃ** স্যার পশ্চিম দিনাজপুর জেলার আইন শৃঙ্খলার যে চরম অবনতি হয়েছে সে কথা আপনার মাধ্যমে বলতে চাই এবং স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এখানে বিশেষ করে বংশীহারী থানায় এমন রাত্রি নেই যেখানে চুরি ডাকাতি হয় না। গরু চুরি একটা নিত্য ব্যাপার। বালুরঘাট থেকে চোপরা পযন্ত এমন জায়গা নেই যেখানে গরু চুরি হয় না। মুখ্যমন্ত্রী এবং জেলা সমাহর্তাকে জানিয়েও কিছু হয় না। জেলার ছোট ছোট গ্রামগুলির লোকেরা দুবৃত্তের দ্বারা অত্যাচারিত হয়ে বড় গ্রামে সব চলে যাচ্ছে। বংশীহারী মহাবাড়ী অঞ্চলে খানাকুড়ি গ্রামে ৪।৫ বার ডাকাতি হয়। কিন্তু এসব বন্ধ করার জন্য কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে না।

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir. Through you I want to draw the attention of the Hon'ble Chief Minister. Sir, on the 21st February, last the police party made a most barbarour attack at the residance of Shri Nazrul Chowdhury of Barasat, causing serious injury to Smt. Nasiba Khatun, Sajahan Bibi and Ashora Khatoon, Shri Ismail mosque (Moazim) and Magsood Ali. Sir, the matter has already been brought to the notice of the Hon'ble Chief Minister but still insecurity is prevailing in that area. Sir, the two wings of people of the Left Front Government are suffering from the internal quarrels. I would request the Hon'ble Chief Minister to look into the matter and take immediate steps to stop this. Thank you, Sir.

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মধ্য শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে মধ্য শিক্ষা পর্ষদ থেকে সমস্ত মাধ্যমিক ছাত্র-ছাত্রীদের জন্য ৬ থেকে ৮ শ্রেণী পর্যন্ত এবং অন্যান্য প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের কম দামে বই দিয়ে থাকেন। ১৯৮১ সালে মধ্য শিক্ষা পর্ষদ থেকে যে বই ছাপান হয়েছিল তার মধ্যে পাঠ সংকলন বইটি ৩ লক্ষ এখনও মজুত আছে। সরকারের কাছ থেকে কম দরে কাগজ নেওয়া হয়েছিল তারজন্য বই-এর দর কম ছিল। কিন্তু হঠাৎ দেখা যাচ্ছে ১৯৮৩ সালে সেই পুরাতন স্টকের পিছনে একটা লেবেল সিঁটিয়ে সেই বই-এর দর বৃদ্ধি করা হয়েছে। সরকারের যদি ওল্ড স্টক থাকে তাহলে তা পুরাতন দরে বিক্রি করা উচিত। কিন্তু পুরাতন স্টকের উপর লেবেল সিঁটিয়ে বেশী দর নিচ্ছে। এ ব্যাপারটা ভিজিল্যান্স কমিশনে দেওয়া হোক এবং এই ব্যাপারে তদন্ত হওয়ার দরকার আছে। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে মধ্য শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীভূপাল পাণ্ডা ঃ** মাননীয় স্পীকার মহাশয়, একটি বিষয় কেন্দ্রীয় সরকারের পুনর্বিবেচনার জন্য আমি আপনার সামনে উপস্থিত করছি। কেন্দ্রীয় সরকার খরচ বাঁচানর নামে যে আর. এম. এস. ডাক সরবরাহের ব্যবস্থা ছিল তা তুলে দিচ্ছেন এবং এর ফলে চিঠিপত্র পাবার ব্যাপারে বিলম্ব এবং অনিশ্চয়তা সৃষ্টি হয়েছে। আগে প্রতি স্টেশনে স্টেশনে যে সর্টিং হত সেই সর্টিং বন্ধ হয়েগেছে। নতুন নিয়ম অনুযায়ী সমস্ত চিঠিপত্র ডিভিসন্যাল সেন্টারে পাঠান হবে, সেখান থেকে যাবে আঞ্চলিক অফিসে, সেখান থেকে যাবে গ্রামের পোষ্ট অফিসে, এইভাবে একটা চিঠি পৌছাতে কম পক্ষে ৭ দিনের বেশী টাইম লেগে যাচ্ছে। শুধু তাই নয় এই পরিস্থিতিতে যেসমস্ত মেল সর্টারদের চাকরি ছিল তাও তুলে দেওয়ার ব্যবস্থা হয়েছে। এই রকম একটা বিলম্বিত ব্যবস্থা এবং অনিশ্চিত অবস্থার মধ্যে সমস্ত চিঠিপত্র বিলি ব্যবস্থা এসে দাঁড়িয়েছে। এটাকে খুই গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের এই বিষয়ে পুনর্বিবেচনার জন্য বলছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ প্রসঙ্গ এই সভায় উত্থাপন করছি। অত্যন্ত দুঃখের বিষয় যে পি ডব্লু ডি-র মিনিষ্টারকে কোনদিন আমরা এই সভার মধ্যে পাইনি, তাই আমার এই বক্তব্য যেন তাঁর কাছে পাঠান হয়। বিগত বিধান সভায় আমি এই প্রসঙ্গ তুলেছিলাম। স্যার, আপনি জানেন যে মেদিনীপুর জেলায় বালিচক থেকে সবং এবং বালিচক থেকে দেহাট পর্যন্ত এই ১৪ কি. মি. রাস্তার ১৯৭৮ সাল থেকে এক দিনের জন্যও কোন রিপেয়ারের ব্যবস্থা করা হয়নি। এর ফলে এই রুটে যে ১৫ খানা বাস চলত তা এখন কমে ৫ খানা বাসে এসে দাঁড়িয়েছে। হাজার হাজার যাত্রীকে প্রতিদিন খুব কষ্টের মধ্যে যাতায়াত করতে হচ্ছে। কোর্ট, কাছারি, হাসপাতাল, স্কুল-কলেজ, পরীক্ষা সমস্ত কিছু অত্যন্ত কষ্টের মধ্যে করতে হচ্ছে। আমি বিনীতভাবে আবেদন করছি এটা কোন পার্টি ব্যাপার নয়, এতে কংগ্রেসের অসুবিধা হচ্ছে, সি পি এম-র অসুবিধা হচ্ছে, সাধারণ মানুষের অসুবিধা হচ্ছে, আপনি পি ডব্লু ডি

মিনিষ্টারকে বলুন যে এই দীর্ঘ রাস্তায় সমস্ত বাস বন্ধ হবার উপক্রম হয়েছে, ১৫টা বাসের জায়গায় এখন মাত্র ৫টি বাস চলছে। ১৯৩৯ সালে মানুষ যেভাবে হেঁটে হেঁটে পৌছাত আজকে ১৯৮৩ সালে সেইভাবে মানুষকে হেঁটে হেঁটে কোর্ট কাছারি অফিস করতে হচ্ছে। পি ডব্লু ডি-র মিনিষ্টারের কাছে যাতে আমার বক্তব্য পৌছায় তার ব্যবস্থা করার জন্য আমি আপনাকে অনুরোধ করছি।

[2-00—2-10 P.M.]

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ হাওড়ায় শিবপুর অঞ্চলে কলেজ মাঠ রোডে বহু লক্ষ টাকা ব্যয় করে একটা হাসপাতাল তৈরী করা হয়েছে। হাসপাতালের বিল্ডিং হয়ে গেছে, স্টাফ কোয়াটার্স হয়ে গেছে, অথচ ১ বছর পার হওয়া সত্ত্বেও সেই হাসপাতালের উদ্বোধন হচ্ছে না। সাধারণ মানুষের জন্য হাসপাতাল প্রয়োজন এটা মন্ত্রীমহাশয় নিশ্চয়ই স্বীকার করেন। কিন্তু এক্ষেত্রে এত টাকা খরচ হওয়া সত্ত্বেও কেন সেই হাসপাতালটি খোলা হচ্ছে না সে বিষয়ে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীরামপদ মাণ্ডি ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। রাণীবাঁধ থানার ছেন্দাপাথর মৌজায় একটি কারখানায় ৩৯০ জন শ্রমিক কাজ করে এবং তাদের মধ্যে বেশীর ভাগ শ্রমিকই হচ্ছে আদিবাসী। কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি, ওখানকার মালিক আজ ৩ মাস ধরে তাদের মজুরী এবং বোনাস বন্ধ করে রেখেছে এবং তার ফলে শ্রমিকরা অনাহারে দিন কাটাচ্ছে। এই ব্যাপারে শ্রমিকরা বলা সত্ত্বেও কোন প্রতিকার পায়নি। আমি এই ব্যাপারে আদিবাসী কল্যাণ দপ্তরের মন্ত্রী, শ্রমমন্ত্রী এবং অর্থ দপ্তরের রাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ রাখছি অবিলম্বে ঐ সমস্ত শ্রমিকদের মজুরী এবং বোনাসের ব্যবস্থা যেন করা হয়।

**শ্রীঅবন্তি মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার ভয়াবহ খরা পরিস্থিতিকে যুদ্ধকালীন পরিস্থিতি হিসাবে গ্রহণ করার সিদ্ধান্ত বিগত বিধানসভার অধিবেশনে নেওয়া হয়েছিল। মেদিনীপুর জেলার রামনগর বিধানসভা এলাকার উভয় ব্লকে শতাধিক অগভীর নলকূপ বসিয়ে দীর্ঘদিন ধরে চাষীরা চাষ আবাদ করে আসছে। বর্তমান বছরে মহকুমা কো-অর্ডিনেশন কমিটির মিটিং-এ ঐ উভয় ব্লকে ২০০টি অগভীর নলকূপ বসানোর কথা হয়েছে এবং সেই অনুসারে ব্লক লেভেল থেকে দরখাস্ত আহ্বান করা হয়। উভয় ব্লকের মনিটরিং কমিটির মিটিং-এ গত ২৯.১১.৮২ তারিখে ৫২টি অগভীর

নলকূপ বসানোর জন্য ৫ লক্ষ ৫২ হাজার টাকার প্রোপোজাল সরকারের কাছে পাঠান হয়। কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি এই ব্যাপারে কোন টাকা মঞ্জুর করা হয়নি। আমি মনে করি মেদিনীপুর জেলা পরিষদের সভাধিপতি রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করবার জন্য এই টাকা মঞ্জুর করা হয়নি। আমি এই বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমাধবেন্দু মোহান্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রাইমারি সেক্সনে বই বিলিতে অসুবিধা সম্পর্কে আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর এবং পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২১.২.৮৩ তারিখে তেহট্ট থানার বেতাই সিভিলগঞ্জ প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রীর জন্য গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষ যখন বই বিলি করতে যান তখন কংগ্রেস (ই) অনুগামী কিছু লোক এবং শিক্ষকদের একাংশ সেই বই বিলি করতে বাধা দিয়েছেন এবং তাঁদের দাবী সব ছাত্রের জন্য বই সরবরাহ চাই। তা না হলে সমস্ত বই ফেরত নিয়ে যেতে হবে। নচেৎ বই লুঠ করা হবে। এই ব্যাপারে পঞ্চায়েত প্রধান একটা রিপোর্ট দিয়েছেন। ঐ ঘটনা ঘটায় শেষ পর্যন্ত ঐ স্কুলে বই বিলি বন্ধ হয়ে যায়। বামফ্রন্ট সরকারের শিক্ষা প্রসারের কর্মসূচী বানচাল, গ্রামের গরীব ছাত্রছাত্রীদের পড়াশুনায় বাধা এবং শিক্ষাক্ষেত্রে অরাজকতা সৃষ্টি উদ্দেশ্যে এই বাধা এবং হাঙ্গামা করা হয়েছিল। আমি মনে করি উদ্দেশ্যপ্রণোদিত হয়ে বই বিতরণে বাধা সৃষ্টি করা হয়েছিল। মাননীয় স্পীকার স্যার, আমার ধারণা, গত বছরের পুরান বই এবং এবছরের নূতন বই মিলিয়ে অধিকাংশ ছাত্রর বইয়ের সংকুলান হোত। আমি এই ব্যাপারে প্রাথমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং ঐ পুস্তক বিতরণে বাধাদানকারীদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বনের জন্য এবং অবিলম্বে পুস্তক বিতরণের ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

**শ্রীহুমায়ুন চৌধুরী ঃ** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ১৮ তারিখে মালদার কালিয়াচক থানার বাঙ্গিটোলা হাসপাতালের ডাক্তারের বাড়ীতে কতকগুলি লোক বন্দুক ও মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে ডাকাতি করে। থানায় খবর দেওয়া হলেও পুলিশ উপস্থিত হয় না। থানা বলে গত ২০ দিন যাবত তাদের পেট্রোল নেই বলে জীপ যেতে পারছে না। আমি খুব দুঃখের সঙ্গে জানাচ্ছি যে এর প্রতিবাদস্বরূপ স্থানীয় লোক বিক্ষোভ জানাতে সেই হাসপাতালের সমস্ত কাজকর্ম বন্ধ হয়ে আছে। ঐ এলাকার সাধারণ মানুষ অদ্যাবধি কোনরকম চিকিৎসা পাচ্ছে না। তাই যাতে সেখানে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীমহম্মদ বাচা মুন্সী ঃ** মিঃ স্পীকার স্যার, পশ্চিম দিনাজপুর জেলার চোপরা থানার জিবাকাটা মৌজায় ডেরসা নদীতে বাঁধ দিতে হবে বলে টাকা সরকার থেকে মঞ্জুর হয়ে গেছে। কিন্তু রায়গঞ্জে ডাক করতে গিয়ে দেখা গেল প্রচুর ঠিকাদার গোলমাল শুরু করে দিয়েছে এবং

যার ফলে ডাক আর হচ্ছে না। ইরিগেসনের এস. ডি. ও. বলেছেন যে এই জন্য কাজটা শুরু করা যাচ্ছে না। যদি এভাবে গোলমাল হতে থাকে তাহলে কাজ হতে পারে না। তাই আমি বলছি যে এই কাজ বি. ডি. ও.-র বা এম. এল. এ.-র থ্রু দিয়ে হতে পারে। তাই আমি এই বিষয়ে বিশেষ সেচ মন্ত্রীর বিশেষ অনুরোধ করছি যাতে এর একটা ব্যবস্থা করেন। কারণ চাষীরা পাট ধান বুনে দিলে সেখানে আর মাটি কাটা যাবে না।

**শ্রীযখীলাল মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। কয়েকদিন আগে আমার কেন্দ্রের বাঙ্গিটোলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে একটা ডাকাতি হয়ে যায়। সেখানকার ডাক্তার ডাঃ বাগচী খুব ভাল মানুষ। তিনি গত ৮/১০ বছর ওখানে আছেন। তার কোন শত্রু আছে বলে মনে হয় না। সেখানে ঐ রকম ডাকাতি হওয়ার ফলে সেখানকার ডাক্তার ও অন্যান্য কর্মীদের খুবই ভয়ের সঞ্চার হয়েছে। এই বিষয়ে একটা ব্যবস্থা অবলম্বন করার প্রয়োজন আছে। যাতে বিভিন্ন হাসপাতালে এর প্রতিক্রিয়া না হয় সেই দিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হাসপাতালের চারিদিকে যাতে দেওয়াল দিয়ে হাসপাতালের নিরাপত্তা রক্ষা করা যায় এবং পুলিশী ব্যবস্থা যাতে জোরদার করা যায় তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

[2-10—2-20 P.M.]

**শ্রীসুভাষ বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া এবং পুরুলিয়ার বেশ কিছু ব্লকে এখন যে হারে ত্রাণের কাজ চলছে তা প্রয়োজনের তুলনায় খুব নগণ্য। ফলে গ্রাম থেকে বেশ কিছু মানুষ কাজের সন্ধানে দুর্গাপুর, আসানসোল, রাণীগঞ্জের শিল্পাঞ্চলে পাড়ি দিচ্ছে। যে সমস্ত শ্রমিক সম্পূর্ণরূপে ত্রাণ কাজের উপর নির্ভরশীল, এখন যেটুকু কাজ হচ্ছে তাতে করে তারা মাসে দু তিন দিনের বেশী কাজ পাচ্ছে না। গত ডিসেম্বর মাসে ২'৬০/৭০ পয়সায় চালের দাম নেমে ছিল, এখন আসতে আসতে আবার সেটা বেড়ে ৩'৫০ টাকায় উঠে গেছে। আবার সেটা কোথায় গিয়ে দাঁড়াবে কেউ বলতে পারে না। তাই আমার প্রস্তাব রাজ্য সরকারের তরফ থেকে ঐ সমস্ত এলাকায় একটি সমীক্ষকদল পাঠানো হোক এবং তারা সমস্ত কিছু সমীক্ষা করে দেখুন। কিভাবে কাজ চলছে, সেটা যথেষ্ট কিনা বা এই সমস্ত বেকার মানুষদের কাজ দেবার জন্য, তাদের বাঁচাবার জন্য তাঁরা যা সুপারিশ করবেন সেই সুপারিশ অনুসারে রাজ্যসরকার উপযুক্ত ব্যবস্থা গ্রহন করুন।

**শ্রীআবদুল মান্নান ঃ** মাননীয় স্পীকার, স্যার, বেশ কিছু দিন ধরে আমাদের মুখ্যমন্ত্রী বলছেন এবং মন্ত্রীসভার অন্যান্য সদস্যরাও বলছেন যে আমাদের সরকারকে খুব আর্থিক সংকটের মধ্য দিয়ে কাটাতে হচ্ছে এবং সীমিত ক্ষমতার মধ্য দিয়ে কাজ করতে হচ্ছে। বিরোধীদলের সদস্য

হিসাবে আমরা তাঁর প্রতি খুব সহানুভূতিশীল হতে চাই। রাজ্য সরকার যদি আর্থিক সংকটে পড়েন তাহলে দেশের অমঙ্গল হয় এবং দেশের উন্নয়নমূলক কোন কাজ হতে পারে না। কিন্তু সহানুভূতিশীল হয়েও যখন আমরা দেখতে পাই এই দলেরই পরিচালিত মিউনিসিপ্যাল বডি সরকারী কোটি কোটি টাকা তছরূপ করছে তখন আমাদের সন্দেহ হয় যে মুখ্যমন্ত্রীর বক্তব্য আদৌ সত্য কিনা। সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটির দুর্নীতি সম্বন্ধে আমাদের কাছে বিস্তারিত অভিযোগ এসেছে। এখানে কোটি কোটি টাকা তছরূপ করা হয়েছে। ১৭ লক্ষ টাকার একটি টেণ্ডার একজন কনট্রাক্টরকে দেওয়া হয়েছিল কমিউনিটি হল নির্মাণের জন্য। জাষ্ট বিফোর ইলেকসান রাজ্যসরকার এই সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটিকে ৩০ লক্ষ টাকা দেন। এই ৩০ লক্ষ টাকা অন্যায়ভাবে খরচ করা হয়েছে। মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ার দক্ষিণারঞ্জন দে, এই টাকা তছরূপের বিরুদ্ধে আপত্তি জানানোর ফলে তার কাছ থেকে সমস্ত ক্ষমতা কেড়ে নেওয়া হয়। তাকে বিল, ভাউচার ইত্যাদি কোন কিছুতেই সই করতে দেওয়া হয়নি। মিউনিসিপ্যালিটির এই দুর্নীতির বিরুদ্ধে বার বার অভিযোগ জানানোর ফলে মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ার শ্রীদে-কে ১৯৭৯ সালে সাসপেণ্ড করা হয়েছিল। কোর্টের নির্দেশ নিয়ে ২॥ বছর পরে আবার তিনি জয়েন করেছেন। এই মিউনিসিপ্যালিটিতে যেভাবে টাকা তছরূপ হচ্ছে তার জন্য অবিলম্বে তদন্ত কমিশন গঠন করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রীসুরেশ সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন সারা পশ্চিমবাংলায় বিভিন্ন স্কুলে ছাত্র ভর্তির বিরাট সমস্যা দেখা দিয়েছে। ক্লাস ৫ থেকে শুরু করে ক্লাস ১০ পর্যন্ত কোথাও ছাত্র ভর্তি হতে পারছে না। আমার বিধানসভা কেন্দ্র করণদীঘি উচ্চ বিদ্যালয়ে আজ পর্যন্ত কোন সরকারী অনুদান, ক্যাপিটাল গ্রাণ্ট দেওয়া হয়নি। ফলে পঞ্চম শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত ছাত্র ছাত্রীদের পুস্তক ইত্যাদি ব্যাপারে কোন সুবিধা দেওয়া সম্ভব হচ্ছে না। এই ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমরা বহু আবেদন নিবেদন করেছি। ঐ স্কুলে আদিবাসী এবং তফসিলী ছাত্র সংখ্যা বেশী। ক্লাস ফাইভ-এ ৮০ জন, সিক্সে ৯০ জন, সেভেন টু নাইনে প্রচুর ছাত্র আছে। স্কুল ঘর মেরামত করা হচ্ছে না। এখুনি মেরামত যদি না করা হয় তাহলে আগামী দিনে এই করণদীঘি থানার ১৫ লক্ষেরও বেশী লোকের প্রয়োজন মেটানো সম্ভব হবে না। স্কুল ঘর মেরামত এবং সিডিউল্ড কাষ্টস ছেলেরা যাতে হষ্টেল গ্রাণ্ট-এর টাকা পায় তার ব্যবস্থা করবেন।

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। খরার জন্য পানীয় জলের বিরাট অভাব দেখা দিয়েছে। এই কথা আমি বাজেট সেসানের আগেই মাননীয় মুখ্যমন্ত্রীর পাশে বসে বলেছিলাম এই বাবদ ১০০ কোটি টাকা আলাদা করে রেখে দেওয়া হোক। তিনি তখন বলেছিলেন আমাদের

যা টাকা আছে সেটাই খরচ করতে পারছি না, মন্ত্রী মহোদয়ের যখন প্রয়োজন পড়বে তখন দেওয়া যাবে। গ্রাম প্রধান হিসাবে আমার এলাকায় আমি ৫০টি টিউব ওয়েল গত বছর মাটি কেটে পাতালে প্রবেশ করিয়ে দিয়ে জল তোলার ব্যবস্থা করেছিলাম। কিন্তু এই বছর দেখা যাচ্ছে পাতালে প্রবেশ করিয়ে দিয়েও সেই জল পাওয়া যাচ্ছে না।

সুতরাং টেণ্ডার কল করার জন্য প্রত্যেক গ্রাম পঞ্চায়েতকে ৫০ হাজার টাকা থেকে ১ লক্ষ টাকা করে দেওয়া প্রয়োজন। এখনই যদি যুদ্ধকালীন ভিত্তিতে এই কাজ করা না যায় তাহলে আগামী গ্রীষ্মকালে পানীয়জলের জন্য গ্রামের অধিকাংশ জায়গায় মারামারি হানাহানি সুরু হয়ে যাবে। বাজেট সেশানে যেকথা বলেছিলাম সেকথাই আবার বলে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, অবিলম্বে যুদ্ধকালীন জরুরী অবস্থার ভিত্তিতে এই সংকটের মোকাবিলা করা হোক।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হুগলী জেলার পাণ্ডুয়া, দাদপুর, পোলবা, এদিকে খানাকুল, পুরশুডা, আরমবাগ, গোঘাট এই সমস্ত এলাকায় এক ব্যাপক খরা চলেছে এবং এইসব জায়গায় পানীয় জলের সংকট দেখা দিয়েছে। নলকূপগুলি থেকে জল উঠছে না। পুকুর যেগুলি সাধারণ মানুষ স্নানের জন্য এবং গবাদি পশুর পানীয় জলের জন্য ব্যবহার করা হয় সেই সমস্ত পুকুর শুকিয়ে গিয়েছে। সেই সমস্ত পুকুরে যেটুকু জল আছে তাও এত ঘোলা যে সেই জল খেয়ে গবাদি পশুর অসুখ করছে। এই অবস্থায় নদী থেকে বা ডিপ টিউবওয়েল থেকে জল যোগানোর ব্যবস্থা করা দরকার। তা ছাড়া অন্ততঃ প্রতিটি এলাকায় একটি করে পুকুরের জল যাতে ঠিক ভাবে রাখা যায় গবাদি পশুদের পানের জন্য এবং সাধারণ মানুষের ব্যবহারের জন্য সে ব্যবস্থা করা দরকার। এদিকে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি।

## STATEMENT UNDER RULE 346

**Shri Rabin Mukherjee :** Mr. Speaker, Sir, I have to report to the House a tragic incident which occurred on the mid-night of 21/22-2-83 near Plassey, district Nadia, at around 12-30 a.m. on 22-2-83. A private bus bearing registration No. WGP 3135 carrying about 30 to 35 passengers, which was going from Calcutta in the direction of Raigunj, West Dinajpur, caught fire and stopped near Phulbagan More, Plassey, under Kaligunj,

district Nadia. The local villages ran to the spot and seven/eight passengers were brought out of the blazing bus with their help. The driver and conductor reportedly escape and fled from the place of occurrence. The remaining passengers were caught in the burning bus, and several of them were burnt to death instantaneously. The bus was also completely gutted.

According to the police reports, the Officer-in-Charge, Kaligunj P. S. received information about the incident over the telephone around 1 a. m. and rushed there with the force available with him, after informing his district headquarters. The D.M., S.P., and S.D.O. Sadar (North), also reached the place of occurrence at 2-45 a.m. The fire brigade reached the spot from Krishnagar along with them. A preliminary investigation of the bus indicated that the fire might have been caused because of accidental combustion of inflammable material carried inside the bus. The D.I.G., Presidency Range and a team of CID officials and forensic experts, have been sent to investigate further into the likely cause of the accident.

First reports suggested that 28 passengers had been killed on the spot and two others were critically injured. Police reports further indicated that one injured passenger was treated at the Plassey Health Centre, and thereafter left for Calcutta. Two other injured passengers left for Berhampore Hospital. The final death toll is put at 34, including three women. There are nine survivors. Field arrangements have been made at the place of occurence to render necessary help to the relatives of the victims of this incident. Investigation into the incident has been taken up formally to the Officer-in-Charge, Kaligunj Police Station. A magisterial enquiry by the S. D. O., Sadar (North) Sub-Division of Nadia district, has been ordered by the District Magistrate, Nadia, and the report of this enquiry is to be submitted by the first week of March, 1983.

Enquiries conducted by the Calcutta Police reveal that the bus involved in the accident belongs to a company named 'North Bengal Deluxe Bus Service' of 94, Lower Chitpur Road, Calcutta. The proprietors of the company were apprehended in Calcutta on 23-2-83, and a Sub-Inspector of

Police from Kaligunj P. S. has taken them to the place of occurence along with a manifest of the passengers supposed to have been carried by the ill-fated bus. It has been ascertained that the bus in question did not have any permit issued by the Stare Transport Authority, West Bengal. Since the driver and conductor have not yet been traced, it has not yet been possible to recover and examine relevant papers, if any, of the bus. Amessage has been sent to the district authorities at Balurghat, West Dinajpur, to find out whether any temporary or substantive permit was issued for the bus to ply between Calcutta and Raigunj. On receipt of this report, suitable deterrent action will be taken.

An interim relief of Rs. 2,000/- for the families of each of the victims of the accident will be given by the State Government. Further compensation as may be necessary will be given after the investigations are over.

[2-20—2-30 P.M.]

এই মর্মান্তিক দুঃখজনক ঘটনা প্রসঙ্গে আমার দু' একটি কথা বলার আছে। এই বাসটি এবং এই রকম আর একটি বাস বেআইনীভাবে চালু রাখার জন্য বালুরঘাটে ১৪।১২।৮২ তারিখে অর্থাৎ ২ মাস, ২।। মাস আগে, তাকে ধরা, হয়েছিল এবং তার সম্পর্কে একটা কেস রুজু করা হয়েছিল। আমাকে একথা দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, আমরা এখান থেকে পারমিট ইত্যাদি না দিলেও বিভিন্ন আর. টি. এ অন্যান্য জায়গা থেকে মাঝে মাঝে কনট্রাক্ট পারমিট দিয়ে দেন এবং সেটার ক্ষেত্রে তার নিয়ম মানেন না এবং অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় যে, ইন বিটুইন আপ এ্যাণ্ড ডাউন, পারমিট দেওয়া হয় এবং ষ্টেজ ক্যারেজের মত তারা নিয়ে যায়। আমরা কয়েকটি ক্ষেত্রে রেইড করেছি এবং কলকাতাও রেইড করা হয়েছে এবং তারপরে কিছু কিছু ধরা হয়েছে এবং তাদের সম্পর্কে কেস রুজু করা হয়েছে। দুর্ভাগ্যজনক ব্যাপার হচ্ছে, এই বাসটির ক্ষেত্রে ২-২।। মাস আগে কেস থাকা সত্বেও এই ধরণের ন্যক্কারজনক ভয়ংকর ঘটনা সেই ব্যক্তিরা ঘটিয়েছেন। (এ ভয়েস: ঠিকানা দেবেন) হঁ্যা, যতদূর সম্ভব ঠিকা কালেক্ট করা হচ্ছে। তবে এমন ঘটনা ঘটেছে যে কাউকে চিহ্নিত করা যাচ্ছে না। এখন পর্যন্ত অফিস রিপোর্ট থেকে অনেকগুলি পাওয়া গেছে। ৩৪ জন মারা গেছে বলে ধরা হয়েছে। সকলকে ট্রেস করা যায় নি। দেহগুলি পুড়ে এমন অবস্থা হয়েছে যাতে ট্রেস করা যাচ্ছে না। এখনও ড্রাইভার, কণ্ডাক্টরদের সন্ধান পাওয়া যায় নি। তারা পালিয়ে গেছে বা মারা গেছে, সেটা বোঝা যাচ্ছে না, এগুলি আমাদের দেখতে হবে। এই হচ্ছে বাস্তব অবস্থা এবং এই সম্পর্কে যেটুকু করা দরকার আমাদের করতে

হবে। এই ধরণের বেআইনী কাজকর্ম চলছে, রেইড করাও হচ্ছে কিন্তু তা সত্ত্বেও এই জিনিষ হচ্ছে। এই সম্পর্কে কি ভাবে কি ব্যবস্থা নেওয়া যায় বা কি করা যায়, সেটা আমরা দেখছি। এই হচ্ছে অবস্থা।

**শ্রীদেব প্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহনমন্ত্রী মহাশয় বাস দুর্ঘটনা সম্পর্কে যে বিবৃতি রাখলেন সে সম্বন্ধে আমি তাঁর কাছ থেকে একটা জিনিষ জেনে নিতে চাই। একটা বাসের বিরুদ্ধে কেস রয়েছে তথাপি সে কেস নিয়েও রুট পারমিট নিয়ে যাত্রী পরিবহন করছে, অথচ তাকে ধরবার কোন মেশিনারী নেই! মন্ত্রী মহাশয় যদি দয়া করে এই বিষয়টির প্রতি একটু আলোকপাত করেন, তাহলে ভাল হয়। এ্যাকচ্যুয়াল ঘটনার ডিটেলস্ জানতে চাইছি।

**শ্রীসত্য রঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, ডায়মণ্ড হারবার থেকে কুকড়াহাটি পর্যন্ত একটা লঞ্চ সার্ভিস আছে, ঐ অঞ্চলের বহু লোক তার মাধ্যমে যাতায়াত করে। সেই সার্ভিসের বিষয়ে ঐ অঞ্চলের আই. এন. টি. ইউ. সি. কর্মী শ্রীদিবাকর ঘোষ আপনাকে দেবার জন্য আমার কাছে একটি পত্র দিয়েছেন, আমি সেটি আপনার কাছে দিচ্ছি।

ওখানে মালিকরা যোগসাজস করে লঞ্চ সার্ভিস বন্ধ করে দিয়েছে। আই. এন. টি. ইউ. সি-র ইউনিয়ন এস. ডি. ও. এবং এস. ডি. পি. ও-র সঙ্গে কথাবার্তা বলে সার্ভিস চালু করার জন্য যখন অস্থায়ী কর্মচারী নিয়োগ করলো তখন ওখানকার স্থানীয় এম. এল. এ. সমস্ত লঞ্চগুলিকে নিয়ে গিয়ে একটা খালের মধ্যে ঢুকিয়ে রাখল। ফলে ঐ সার্ভিস চালু করা সম্ভব হয়নি। যারা এসব করেছে তাদের সমস্ত নাম-টাম অভিযোগপত্রে দেওয়া আছে, সেগুলি আমি আর এখানে উল্লেখ করছি না, আপনি বিষয়টি একটু দেখুন। ঐ লঞ্চগুলিতে করে ডায়মণ্ড হারবার থেকে কুকড়াহাটি পর্যন্ত প্রতিদিন হাজার হাজার মানুষ যাতায়াত করে। এখন ঝড়-জলের সময়ে নৌকায় করে যাতায়াত করলে যে কোন সময়ে ওখানে দুর্ঘটনা ঘটতে পারে। তাই পরিবহন মন্ত্রীমহাশয় যাতে বিষয়টির ওপর একটু গুরুত্ব দেন, সেজন্য আপনি একটু দেখুন।

[2-30—2-40 P. M.]

**শ্রীলক্ষ্মণ শেঠ ঃ** মাননীয় স্পীকার মহাশয়, যে ব্যাপারটি মাননীয় সদস্য শ্রীসত্য রঞ্জন বাপুলি এখানে বললেন, সে ব্যাপারে আমি একটু বলতে চাই। ঐ লঞ্চ সার্ভিসের সঙ্গে যে সমস্ত শ্রমিকরা যুক্ত আছে তাদের সি. আই. টি. ইউ-র নেতৃত্বে একটি ইউনিয়ন আছে, সেই ইউনিয়নের পক্ষ থেকে মালিকদের কাছে একটা দাবী-পত্র দেওয়া হয়েছিল। তারই ভিত্তিতে ২৬শে

ডিসেম্বর থেকে লাগাতার ধর্মঘট শুরু হয়। সেই ধর্মঘট চলাকালীন এ্যাসিস্টেন্ট লেবার কমিশনারের ঘরে একটা ত্রিপাক্ষিক মিটিং হয় এবং ৮ই জানুয়ারী একটা চুক্তি হয়। সেই চুক্তি অনুযায়ী ওখানে ইতিমধ্যে কাজ চালু হবার কথা, কিন্তু মালিকরা বিভিন্ন ভাবে চক্রান্ত করে এখনো পর্যন্ত কাজ চালু করেনি। আমরা জানি এই কাজ চালু না করার পিছনে আই. এন. টি. ইউ. সি-র ইউনিয়নের মদত আছে। যেহেতু সিটুর সঙ্গে চুক্তি হয়েছে সেহেতু তারা এই জিনিষ করছে।

## DISCUSSION ON THE REVISION OF FARE STRUCTURE OF BUSES AND TRAMS

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পরিবহণ মন্ত্রী মহোদয় বাস ট্রামের ভাড়া কাঠামোর পুনর্বিন্যাস সম্পর্কে যে প্রস্তাব রেখেছেন তার আমি বিরোধিতা করছি।

( সরকার পক্ষ থেকে জনৈক সদস্য : রেলের ভাড়ার কি হবে ? )

রেলের ভাড়া সম্বন্ধে আলোচনা করার এটা জায়গা নয়, উপযুক্ত জায়গায় নিশ্চয়ই সে বিষয়ে আলোচনা হবে।

বর্তমানে এখানে যে সমস্যা দেখা দিয়েছে সে সমস্যা হচ্ছে বাস ট্রামের ভাড়া সম্পর্কে। তবুও একটু আগেই মাননীয় মন্ত্রী মহাশয় নদীয়া জেলার পলাশীর কাছে দু'দিন আগে যে মর্মান্তিক বাস দুর্ঘটনা ঘটে গেছে সে সম্পর্কে বিবৃতি দিলেন এবং সে সম্বন্ধে মাননীয় সদস্যরাও উদ্বেগ প্রকাশ করলেন। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, এই দপ্তর থাকা সত্ত্বেও বেআইনীভাবে বাস চলছে, বেআইনী কাজকর্ম চলছে এবং দুর্ঘটনা ঘটছে কেন ?

যদিও আমরা জানি নমস্ত জিনিষপত্রের দাম বেড়েছে, স্পেয়ার পার্ট্স-এর দাম বেড়েছে, ডিজেল অয়েলের দাম বেড়েছে, তবুও ট্রাম কোম্পানী এবং বিভিন্ন স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের সি. এস. টি. সি. দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন ইত্যাদির খরচের বহর দিনের পর দিন ভীষণ ভাবে বাড়ছে। এই খরচ বাড়ার সঙ্গে সঙ্গে যদি প্রশাসনিক দক্ষতা বাড়ত, দক্ষতার সঙ্গে এই সংস্থাগুলি পরিচালনা করা যেত, ক্ষয় ক্ষতি যদি বন্ধ করা যেত তাহলে সরকারকে এদের জন্য বছরে প্রায় ১৯/২০ কোটি টাকা ব্যয় করার দরকার হ'ত না। এটা হচ্ছে আমার প্রথম বক্তব্য।

প্রশাসনিক দিক থেকে ভালভাবে যদি কর্পোরেশনগুলিকে দেখা হতো তাহলে নিশ্চয়ই আজকে যে বিরাট পরিমান করভার অর্থাৎ ১০ পয়সা ভাড়া বৃদ্ধির যে প্রস্তাব এনেছেন এটা হয়তো করতে হতো না। ভাড়া বাড়ালেও ১০ পয়সা বৃদ্ধিকরতে আদৌ হতো না—এই কথা আমি আপনার

মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন, কর্মচারীদের বেতন বৃদ্ধি হয়েছে। কর্মচারীদের বেতন বৃদ্ধির হয়তো প্রয়োজন আছে সেইজন্য বাড়াতে হয়েছে কিন্তু দেখতে হবে এই বেতন বৃদ্ধির মুষ্টিমেয় ১০।১৫ হাজার কর্মীর জন্য বেতন বেশী দিতে গিয়ে হাজার হাজার, লক্ষ লক্ষ জনসাধারণ যারা বাস, ট্রাম ব্যবহার করে তাদেরকে খেসারত দিতে হচ্ছে। সুতরাং আজকে চিন্তা করতে হবে কিভাবে জনসাধারণকে এইভাবে বিপদের মধ্যে ফেলে দিয়েছেন। একে দৈনন্দিন দ্রব্য-মূল্য বৃদ্ধি পাচ্ছে, ট্রাম বাসের ভাড়া বৃদ্ধি না করে কি করে জনসাধারণকে রেহাই দেওয়া যায় সেটা চিন্তা করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সম্পর্কে একটা বিবৃতি মাননীয় মন্ত্রী মহাশয় দিয়েছেন। সেই বিবৃতি আমি পড়েছি। বিবৃতিটি পড়ে আমার মনে হয় অত্যন্ত নির্লজ্জভাবে মন্ত্রীমহাশয় এবং তার দল বেসরকারী বাসের যারা মালিক তাদের হয়ে তদ্বির-তদারক করেছেন। আপনি জানেন ডিজেলের দাম যখন বাড়ে—এর আগে যিনি এই দপ্তরের মন্ত্রী ছিলেন, মহঃ আমিন—তিনি বেসরকারী বাস মালিকদের প্রতিশ্রুতি দিয়েছিলেন যে আপনারা বাসের ভাড়া বাড়াবেন না, যতটা বেশী খরচ হবে তা ভরতুকি দেওয়া হবে। কিন্তু সেই ভরতুকি মাত্র কয়েক লক্ষ টাকা দেওয়া হয়েছে। বেশীর ভাগ বাসের মালিকেরা পাননি। সেই প্রতিশ্রুতি দিয়ে তা রাখতে পারেন নি। সরকারী তরফ থেকে ভরতুকি দিতে পারছেন না সেইজন্য এই ক্রটিটিকে শুধরে নেবার জন্য আজকে জনসাধারণের উপর ১০ পয়সা ভাড়া বৃদ্ধি করার একটা অযাচিত প্রস্তাব করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি কথা আমি এখানে রাখতে চাই, এই বামপন্থী দল কিছুদিন আগে যখন ভারত সরকার আই. এম. এফ থেকে লোন নিয়েছিলেন তখন এরা জোর গলায় চীৎকার করেছিলেন এবং বলেছিলেন বিদেশী মার্কিনী সাম্রাজ্যবাদীদের কাছে আমাদের সমস্ত পলিসি বিকিয়ে দেওয়া হয়েছে, আমরা মাথা বিকিয়ে দিয়েছি। আমার স্পষ্ট ধারণা যে ওয়াল্ড´ ব্যাঙ্ক থেকে লোন নিয়ে ৫৩০টি বাস কেনার পরিকল্পনা করা হয়েছে—ওয়াল্ড´ ব্যাঙ্কের কাছ থেকে টাকা নেবার সর্ত হিসাবে আজকে সরকার এইভাবে ১০ পয়সা ভাড়া বৃদ্ধি করে জনসাধারণের উপর চাপ সৃষ্টি করছেন। আজকে আমি বলবো এই ওয়াল্ড´ ব্যাঙ্কের কাছ থেকে ৫৩০টি বাস কেনার যে টাকা নেওয়া হয়েছে—আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন—আমি পাবলিক আণ্ডার টেকিংস কমিটির সদস্য—বর্তমানে পাবলিক আণ্ডার টেকিংস কমিটিতে স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন নিয়ে আলোচনা করছি—৫৩০টি বাস নেবার পর কলকাতায় একটিও বাসের সংখ্যা বৃদ্ধি পাবে না। যে কটা বাস চালু আছে—এই ৫৩০টি আসার পর দেখা যাবে তার পরেও একটি বাসও বৃদ্ধি পাবে না। যে বাসগুলি বর্তমানে আছে তা থেকে ক্রমশঃ কিছু কিছু কমছে। আমরা দেখবো, বাসের সংখ্যা সমান থাকবে। আগেকার যে বাস সেগুলি আর চলছে না, কণ্ডেমড হয়ে যাবে। এই ৫৩০টি বাস হয়তো থাকবে। যে বাসগুলি দৈনন্দিন খারাপ হয়ে যাচ্ছে—ভগবান সহায় থাকলে হয়তো সেগুলি আর হবে না। এর থেকে আর বেশী কিছু হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন, প্রাইভেট বাসের মালিক এক একটি বাস পিছু যেখানে ৪ জন করে কর্মী রেখেছেন সেখানে স্টেট ট্রান্সপোর্ট এক-একটি বাস পিছু ২০ জনের বেশী কর্মী লাগে। সুতরাং এই অবস্থায় বাসের ভাড়া

বৃদ্ধি করলে এই সমস্যার সমাধান হবে না। এর একটি মাত্র পথ আছে সেটা হচ্ছে, বাসের সংখ্যা বৃদ্ধি করে যে উদ্বৃত্ত কর্মী আছে সেই উদ্বৃত্ত কর্মীগুলিকে ঐ নতুন বাসের পিছনে যদি লাগাতে পারেন—নতুন লোক নিয়োগ না করে যদি কর্মী বণ্টন করা যায় তাহলে আমার মনে হয় খরচ কমে যায়।

কিন্তু এই সরকারের সেই চিন্তাধারা নেই। মোট বাসের সংখ্যা বাড়বে না। পুরণোগুলিকে বাদ দেওয়া হবে। নূতন যে ৫৩০টা বাস নেওয়া হবে তাতেও বাড়বে না। স্থতরাং ট্রান্সপোর্টের ইফেকটিভ ষ্ট্রেংথ বাড়বে না। কিছুদিন আগে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, কোটি কোটি টাকা সরকার খরচ করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই, এই কথা আমরা বার বার বলেছি টাকা খরচ করবার যে পলিশি এই সরকার গ্রহণ করেছেন সেটা সম্পূর্ণ ভুল। তাঁরা সিনেমা তুলছেন, বিভিন্ন জায়গায় থিয়েটার করাচ্ছেন, বেকার ভাতা দিচ্ছেন, কৃষক ভাতা দিচ্ছেন, তাতে করে কি উপকার হচ্ছে? কয়েকটি দলের—এখানে যাঁরা বসে আছেন—কয়েকটি লোক মাসে মাসে ৫০/৬০ টাকা করে পাচ্ছে। এতে সামগ্রিক সমাজের কোন উন্নতি হয়নি। এটা আমরা আপনার মাধ্যমে বার বার করে হাউসে তুলে ধরেছি। আজকে এই কোটি কোটি টাকায় যদি ২০০টি বাস কিনতেন তাহলে আজকে জনসাধারণের উপর এই ১০ পয়সা করে ট্রাম, বাসের ভাড়া বৃদ্ধি করতে হতো না। পশ্চিমবঙ্গের জনসাধারণের দুঃখ দুর্দশা নিশ্চয়ই লাঘব করতে পারতেন। কিন্তু দুঃখের বিষয় সেদিকে মন্ত্রী মহাশয়ের চিন্তা নেই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে কয়েকটি পরিসংখ্যান দিচ্ছি, আপনি দেখলে আশ্চর্য্য হয়ে যাবেন। এখানে বার বার কংগ্রেস সরকারকে গালাগালি করা হয়। যত দোষ পশ্চিমবঙ্গে সবই কংগ্রেস সরকারের। ১৯৭৭ সালের নির্বাচনের পর আমরা যখন এলাম, আপনিও তখন মন্ত্রী ছিলেন, আপনিও জানেন যে তখন বিদ্যুতের কথা উঠলে বলা হোতো যে, কংগ্রেস সব মেশিনগুলিকে খারাপ করে দিয়ে গেছে। আজকে ৬ বছর পরে আর ও কথা বলা হয় না, অন্য কথা বলার চেষ্টা করা হচ্ছে। কিন্তু এই পরিসংখ্যান সি. এস. টি. সি. থেকে আমাদের কাছে সাপ্লাই করা হয়েছে, ওঁরা বলেছেন, সার্ভিসেবল ফলটি ষ্ট্রেংথে ১৯৭২-৭৩ সালে আমরা যখন ছিলাম তখন ছিল ৮২৭টি—আপনাদের দপ্তর থেকেই দেওয়া হয়েছে—সেটা ১৯৭৬-৭৭ সালে বেড়ে প্রায় দাঁড়িয়েছিল ৯৮৩টি, অর্থাৎ ৫ বছরে ১০০টি সার্ভিসেবল বাসের সংখ্যা বেড়েছে। ১৯৭৭-৭৮ সালে ৯৩৮ ছিল, সেটা ১৯৮১-৮২ সালে হল ৮৯৮টি, অর্থাৎ ৪০টি কমে গেল। আপনি বুঝে দেখুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যদি অবস্থা হয় দৈনন্দিন মানুষের অবস্থা কি হবে? শ্রমিকের সংখ্যা বাড়ছে, স্বীকার করি স্পেয়ার পার্টসের দাম বাড়ছে, ডিজেলের দাম বাড়ছে, ভাড়া বৃদ্ধি করার কয়েকটি কারণ আছে, কিন্তু তার সঙ্গে এটাও নিশ্চয়ই চিন্তা করতে হবে বাস ভাড়া বৃদ্ধি না করে অন্যান্য দিকগুলিকে কতখানি কনট্রোল করা যায়। সেটা যদি কনট্রোল না করতে পারেন তাহলে আমার দৃঢ় ধারণা এই প্রচণ্ড রকম ভাড়া বৃদ্ধি করেও এ্যাডজাষ্ট করতে

পারবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বেশী বক্তৃতা দিচ্ছি না, আর একটি পরিসংখ্যান আপনার সামনে দিচ্ছি। এটা পাবলিক আণ্ডারটেকিং কমিটি আমাদের সরবরাহ করেছেন, সি. এস. টি. সি. থেকে। সেখানে টোটাল নাম্বার অফ বাসেস হেল্ড এ্যাট দি এণ্ড অফ দি ইয়ার কি হয়েছে ? ১৯৭৪-৭৫ সালে বলছেন ১৪৩৬টি ছিল, সেটা ১৯৭৮-৭৯ তে কমে দাঁড়িয়েছে ১১৮৮টি, প্রায় ২৫০টি থেকে ৩০০টি টোটাল বাসের সংখ্যা—সার্ভিসেবল এবং ননসার্ভিসেবল বাসের সংখ্যা—কমে গেল। কাজেই দিনের পর দিন বাসের সংখ্যা কমে যাচ্ছে। ওয়ার্ল্ড ব্যাংকের কাছে ধার নিয়েও কিছু করতে পারা গেল না। এই অবস্থায় এই প্রস্তাবের তীব্র বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীননী কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিবহন মন্ত্রী মহাশয় যে প্রস্তাব রেখেছেন এবং সেই প্রস্তাবের ব্যাখ্যা করে যে ইস্তাহার আমাদের কাছে দিয়েছেন তার উপর অতীশ বাবুর বক্তব্য শুনলাম। উনি বলেছেন ভাড়া বৃদ্ধির একটা কারণ আছে, কিন্তু উনি তার বিরোধিতা করছেন। করে কি বলছেন ? উনি বলছেন যে অনেকগুলি বাজে খরচ হচ্ছে। সেখানে খরচ বন্ধ করে এই বাড়ানোর টাকা কমান যায় কিনা ?

[2-40—2-50 P. M.]

কি কি বাজে খরচ ? না কৃষকদের ভাতা দেওয়া। আমি সেই জন্য স্পীকার মহাশয়, আপনাকে বলবো যে কৃষকদের ভাতার বিরোধীতা—এটা বিধানসভার বাইরে করুন। ঐ পক্ষের কাগজওয়ালারা কি লিখছে জানিনা। উনি বেকারদের ভাতা কেন দেওয়া হবে বলছেন। শুধু সেখানেই থেমে থাকেননি, উনি বলছেন যে ষ্টেট বাসের শ্রমিক-কর্মচারীদের বেতন বাড়ানো হবে কেন ? তাহলে আমি বলি—আর এক নেতা, ট্রেড ইউনিয়ন নেতা শ্রীসুব্রত মুখার্জী এখানে নেই। ওঁরা ওখানে গিয়ে অন্য কথা বলেন। এঁরা একেবারে বহুরূপী হয়ে যাচ্ছেন। এখানে এসে বলছেন শ্রমিক কর্মচারীদের বেতন বাড়ানোর দরকার নেই। কিন্তু এখানে বেতন বাড়ালেও খুশি হচ্ছেন না। বাইরে আরও কেন বাড়ানো হচ্ছে না বলে অফিসে গিয়ে ভাঙ্গচুর করছে। আমি আজকে এই কথা বলি ভাড়া বাড়াবার কোন উদ্দেশ্যই আমাদের মন্ত্রী মহাশয়ের ছিল না যে কথা তিনি পরিস্কার করে বলেছেন। শুধু উনিই বলেছেন তাই নয় এত দিন যিনি বামফ্রন্ট সরকারের মন্ত্রী ছিলেন তিনি বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গী অনুযায়ী চেষ্টা করেছেন যাতে ভাড়া না বাড়িয়ে চালিয়ে নেওয়া যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু লক্ষ্য করুন আপনি। গত কয়েক বছরের মধ্যে বাসের জন্য প্রয়োজনীয় জিনিষ বা তার স্পেয়ার পার্টস-এর দাম কত গুণ বাড়িয়েছে কেন্দ্রীয় সরকার ? তার ডিজেল, তার পেট্রোলের, দাম ৮০ সাল থেকে শ্রীমতী গান্ধী আসবার পর চারবার

দাম বাড়িয়েছেন। চেসিসের দাম কত বাড়িয়েছেন? এইসব জিনিষের দাম বৃদ্ধির ফলেই বাস পরিচালনার খরচ অনেক বেড়েছে, কিন্তু তা সত্বেও বাসের ভাড়া বাড়ানোর চেষ্টা করা হয়নি, বরং উল্টোটাই হয়েছে। যখন পেট্রোল এবং ডিজেলের দাম বাড়লো তখন সরকারের পক্ষ থেকে ষ্টেট বাসে ভর্তুকী দেওয়া হোল। যখন বিদ্যুতের দাম বাড়ালেন তখন ট্রামে ভর্তুকী বেশি দেওয়া হোল। এটা আপনারা জানেন আজকে শুধু সরকারী ট্রাম এবং সরকারী বাস পরিচালনা করার জন্য আমাদের বাজেট থেকে ২৬ কোটি টাকা দিতে হয়। বাস কেনার জন্য নয়, বাস বাড়াবার জন্য নয়—শুধু চালাবার জন্য এই টাকা দিতে হয়। এটা কথনও কল্পনা করা যায় না যে সরকারী কর্মচারীদের বেতন বাড়বে, মাষ্টারমশাইদের বেতন বাড়বে, সকলের বেতন বাড়বে কেবলমাত্র ষ্টেট বাসের শ্রমিক-কর্মচারীদের বেতন বাড়বে না। কাজেই বেতন বাড়াতে হচ্ছে। সেই কারণেই, এত সব বেড়েছে, বেসরকারী বাসের অবস্থা কি দাঁড়িয়েছে এই সময়ে? বেসরকারী বাসের সংখ্যা ক্রমশঃ কমে যাচ্ছে। একথা ঠিক যে বেসরকারী বাস-মালিকদের লোকশান হচ্ছে না। কিন্তু এটা হচ্ছে ঘটনা যে এই বাস পরিচালনা করতে যা ব্যয় করতে হচ্ছে সেই টাকা ব্যাঙ্কে রাখলে যে সুদ আসতো তারা মনে করছেন সেটা আসছে না। লাভ কমে গেছে। এটাই বাস্তব ঘটনা। বেসরকারী বাস কি কলকাতা শহরে কি মফস্বল শহরে সংখ্যা কমে যাচ্ছে। বেসরকারী বাস মালিকদের কথা নয় সংগঠনের নেতাদের কথা। ষ্ট্রাইক করে, তারা আজকে বাস পাল্টে ট্রাক করছে এবং সেই দিকেই এরা যাচ্ছে। এর ফলে সাংঘাতিক অসুবিধা হচ্ছে। এই বাস মালিকরা যাতে এটা না করেন; মালিকদের খাতির করবার জন্য নয়। কলকাতা শহরে ৫০ ভাগ এবং কলকাতার বাইরে শতকরা ৮০ ভাগ মানুষ বেসরকারী বাসে যাতায়াত করে। সেই বাস যাতে বাড়ে সেই কারণে এবং শ্রীমতী গান্ধী যে দাম বাড়ালেন পেট্রোল এবং ডিজেলের আজকে তার জন্য বেসরকারী বাসের ক্ষেত্রেও ভাড়া বাড়াতে দিতে রাজি হতে হচ্ছে রাজ্য সরকারকে। ইন্দিরা গান্ধীর যে পাপ সেই পাপের বোঝা ঘাড়ে নিয়ে টাকা দিতে রাজী হয়েছি তাতেও সমস্যা সমাধান হয়নি এবং সেই কারণে আজকে বাস ভাড়া না বাড়িয়ে কোন উপায় নেই। শুধু কি বাস খরচা বেড়েছে এই কথা বলছিনা যে হতে পারে ২৬ কোটি টাকার জায়গায় ৩৬ কোটি টাকা দিয়েছিলাম এটা হতে পারে। কিন্তু টাকা দেবার ক্ষমতা ক্রমশঃ কমে যাচ্ছে। এটা আমরা সকলেই জানি কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের আর্থিক ক্ষমতা ক্রমশঃ খর্ব করবার চেষ্টা করছে। আমাদের নতুন কোন আয়ের সুযোগ নেই। সেলস ট্যাক্স থেকে যে আয় বাড়বে আজকে তাও কমিয়ে দেওয়া হচ্ছে। এমন কি ওভার ড্রাফট কিছুই নেওয়া যাচ্ছে না। উন্নয়নমূলক কোন কাজ এর ফলে করা যাচ্ছে না—এই হচ্ছে বাস্তব ঘটনা। কাজেই সেই কারণেই এটা নিশ্চিত ঠিক করতে হবে যাতে আর বেশী ঘাটতির টাকা না দিতে হয় সেই জন্য বাস ট্রামে যাঁরা চাপেন তাঁরা আরও কিছু সামান্য পয়সা দিয়ে এই ঘাটতি কমাবার সুযোগ দেবেন।

আপনি লক্ষ করে দেখবেন স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিবৃতি দিয়েছেন তাতে পরিষ্কার ভাবে বলা আছে, হিসাব দিয়ে বলা আছে যে পশ্চিমবাংলায় সব থেকে বাস ভাড়া কম। সাত্তার সাহেব বলেছেন যে না, অন্য স্টেটেও আছে যেখানে বাস ভাড়া কম। এই কথা আমি স্বীকার করি। একমাত্র দিল্লীতে বাস ভাড়া কম এবং সেখানকার বাস ভাড়ার সঙ্গে কলিকাতার বাস ভাড়ায় সঙ্গে তুলনা করা যায়। সেখানে বাস ভাড়া কমার একটা কারণ আছে। সেখানে এই বছর ট্রান্সর্পোটে ঘাটতির পরিমান হলো ২৬ কোটি টাকা। আর সেই ঘাটতি পূরণ করা হয় নোট ছাপিয়ে। দিল্লীর স্টেট ট্রান্সপোর্টকে প্রচুর পরিমানে টাকা ভরতুকি দেওয়া হয়, কেন্দ্রীয় সরকার সেখানে প্রচুর টাকা দিচ্ছে। আপনারা দিদিমনিকে গিয়ে বলুন না কলিকাতা স্টেট বাসের জন্য কিছু টাকা ভরতুকি দিতে। সে কথা আপনারা বলতে পারবেন না। আমাদের এই পশ্চিম-বাংলায় যতটা সম্ভব কম করে ভাড়া বাড়ানো হয়েছে। অন্যান্য জায়গায়, যেমন বম্বেতে কিলোমিটার প্রতি গড় ভাড়ার পরিমান ৭.৫ পয়সা। আর সেই তুলনায় কলকাতায় কিলোমিটার প্রতি গড় ভাড়ার পরিমান হচ্ছে মাত্র ৪ পয়সা। এই হচ্ছে প্রকৃত অবস্থা। আমি আর বেশী তুলনা মূলক ব্যাপারে যেতে চাই না। এতো কাল ধরে যে জিনিষ চলে আসছে সেটা হলো বাসের ভাড়ার চেয়ে ট্রেনের ভাড়া কম। আমি হাবড়ায় বাস করি। সেখানে বাসে করে যেতে ভাড়া লাগে ১.১৫ পয়সা আর ট্রেনে করে যেতে লাগে ২.৮০ পয়সা। আবার স্যার, আজকের কাগজে রেল বাজেট সম্পর্কে যেটা বেরিয়েছে সেই অনুযায়ী ভাড়া বাড়লে আমাদের ঐখানকার ভাড়া দাঁড়াবে ৫ টাকা। এই সব দেখেও ওঁরা বলছেন যে বাস ভাড়া বাড়লো কেন! আজকে বাস ভাড়া বাড়লো বলে ওঁরা কয়েকটা বাস পুড়িয়ে দিলেন। আমি ট্রেনে যাতায়াত করি। সেই ট্রেনের মধ্যে এক ভদ্রলোককে বলতে শুনলাম যে বাস ভাড়া বেড়েছে বলে বাস পুড়িয়ে দিল, ট্রেনের ভাড়া বেড়েছে বলে কবে আবার কংগ্রেস (আই) ট্রেন পোড়াতে আসবে? ওরা হয়ত সত্যই কোন দিন ট্রেন পোড়াতে যাবেন। ডাক মাসুল বৃদ্ধি হওয়ার জন্য ওরা হয়ত কোন দিন পোষ্ট অফিস পোড়াতে যাবেন। আমাদের এখানে যে বাসের ভাড়া বৃদ্ধি করা হয়েছে সেটা অনিবার্য কারণ বসতই বৃদ্ধি করতে হয়েছে। এ ছাড়া অন্য কোন রাস্তা নেই। আমার পরে হয়ত বিরোধী দলের কোন বক্তা বক্তব্য রাখতে উঠবেন। তখন হয়ত তিনি ১ পয়সা ভাড়া বৃদ্ধি করার জন্য বাস পোড়ানোর কথা তুলবেন, আমাদের সেই আন্দোলনের কথা তুলবেন। তখন আমাদের সঙ্গে বামপন্থী দল হিসাবে এস. ইউ. সিও ছিলেন, এখন ওঁরা বিরোধী দলে বসে আছেন এবং প্রায় কংগ্রেস হয়ে গেছেন। তখন এক পয়সা ভাড়া বৃদ্ধি নিয়ে যে আন্দোলন হয়েছিল তার অনেক কারণ আছে এবং সেই সময় অনেক সমস্যা ছিল। সেই সময়কার আন্দোলন ছিল একচেটিয়া পুঁজীপতিদের বিরুদ্ধে, সাম্রাজ্য-বাদীদের বিরুদ্ধে মুনাফাখোরীদের বিরুদ্ধে। সেই সময় বাসে লোকসান না হওয়া সত্বেও তারা বাসের ভাড়া বৃদ্ধি করেছিল। আমাদের দাবী ছিল পরিষ্কার এবং স্পষ্ট। আমাদের দাবী বাস জাতীয়করণ করা হোক, টাকা যেন বিদেশে চলে না যায়। সেই আন্দোলনে অংশ গ্রহণ করেছিলেন সাধারণ মানুষ। কিন্তু আজকে অনেক সমস্যা বেড়েছে, ফুয়েলের দাম বেড়েছে, এই

কথা আমি ওদের স্মরণ করিয়ে দিতে চাই। এই কথা বলে ট্রান্সপোর্ট মিনিষ্টার যে প্রস্তাব এনেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি।

[2-50—3-00 P. M.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষমহোদয়, ইতিহাস বড় নির্মম, ইতিহাস পরিহাস করে। ঐ ট্রান্সপোর্ট মিনিষ্টার আজ থেকে ২০ বছর আগে এককালে এখানে বসতেন। সে সময়ে, ২০ বছর আগে এক পয়সা ট্রাম-বাসের ভাড়া বৃদ্ধির জন্য ওঁরাই ৪০টা বাস পুড়িয়েছিলেন। অস্বীকার করতে পারেন এই ভণ্ডের দল, অপদার্থের দল? আজ থেকে ২০ বছর আগে এক পয়সা ভাড়া বৃদ্ধির জন্য ৪০টা বাস যদি পোড়ান হয়ে থাকে তবে আজ ১০ পয়সার জন্য কত ট্রাম পোড়ানো উচিত এই কলকাতা শহরে? কংগ্রেস কিছু পোড়ায় না, কংগ্রেস অহিংসায় বিশ্বাস করে। ইতিহাস কি বলে? তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে। ননীবাবু একটু আগে ভারতবর্ষের যে তথ্য এখানে দিয়েছেন, তা অসত্য। I had the privilege to travel all over India along with some if my learned friends here. দেখাতে পারবেন কোথায় বাসের মধ্যে এরকম ভীড়ে মানুষকে দাঁড়িয়ে চলতে হচ্ছে? এই অবস্থা ভারতের আর কোথাও নেই যে বাসের ক্যাপাসিটির বাইরে বাড়তি ৩০ পারসেণ্ট আর এ্যাকোমোডেটেড্। এ অবস্থা আর কোথাও নেই, নোহোয়্যার ইন ইনডিয়া। বাসের মধ্যে এমন ভীড় আর কোথাও নেই, আই চ্যালেঞ্জ the Hon'ble Transport Minister তিনি এ দৃশ্য কোথাও দেখাতে পারবেন না। আমি রিসেণ্টলি পণ্ডিচেরীতে ছিলাম, সেখানে এমন অবস্থা দেখিনি। ইউ হ্যাভ মেড clever comparision of Delhi আমি তাঁকে সরাসরি জিজ্ঞাসা করি, হ্যাভ ইউ সিন in some other states এই প্রস্তাবে যে বৃদ্ধির কথা বলা হয়েছে তাকে নিয়ে ৩ দফা অর্থাৎ ৬ বছরের মধ্যে তিনবার প্রায় সালওয়ারী—ভাড়া বৃদ্ধি করেছেন। কি জবাব এই অসাধুদের? সাধু হয়ে দাঁড়িয়েছে। দিস ইজ দি থার্ড অকেশান। আমি আজ জিজ্ঞাসা করি, অশোক লেল্যাণ্ড থেকে কতগুলি বাস কেনা হয়েছে এ যাবৎ? কাদের স্বার্থে বাসগুলির বডি বাংলার বাইরে তৈরী করতে দেওয়া হয়েছে? যে টাকা দিয়ে বাসগুলি কিনেছেন তার বয়স কত এবং সম্প্রতি যে বাসগুলি কিনেছেন তারমধ্যে কতগুলি বিকল হয়ে পড়েছে? তার হিসাব বা পরিসংখ্যান কি আছে আপনার কাছে? এবারে আমি জিজ্ঞাসা করি, কলকাতার মত রাস্তায় যেখানে রোড প্রোপোরশান ৬ পারসেণ্ট, যে জায়গায় মেয়েদের কাজের তাগিদে বাইরে আসতে হচ্ছে, এমন অবস্থার পরিপ্রেক্ষিতে হ্যাভ ইউ এভার কনটেমপ্লেটেড, চিন্তা আছে কি মেয়েদের জন্য স্পেশ্যাল ফিমেল বাস রুটের? ভিড়ের মধ্যে দিয়ে গাদাগাদি করে মেয়েদের যাতায়াত করতে হয়। অথচ তাদের জন্য বিশেষ কোন বাস দেওয়ার চিন্তা এদের নেই। মেয়েদের যে নির্লজ্জতার মধ্যে দিয়ে যেতে হয়, সে ব্যাপারে চিন্তা নেই। একথা এখানে একটু আগে অতীশবাবু বলে গেছেন যে বাস অফিস, কমপোনেণ্ট এবং বাস

ফ্লিট কেনা হচ্ছে, সারপ্লাস মানুষকে এনগেজ করা হচ্ছে, মিনি বাসের জন্য পলিসি নেওয়া হচ্ছে। কিন্তু হোয়াট ইজ your policy ? এই সরকার ৬ বছর এখানে আছে। আমরা জানি প্রগ্রেস ইটসেলফ্ ইস স্ট্যাবিলিটি, কিন্তু অস্বীকার করতে পারেন কি এখানে রাজনৈতিক অস্থিরতা নেই ? এই সরকার রিগিং করেই হোক বা জোচ্চুরি করেই হোক মানুষের আশীর্বাদ পেয়েছে। আপনারা কি দাবী করতে পারেন যে কোন পাবলিক ট্রান্সপোর্ট নীতি জনসাধারণের সামনে উত্থাপিত করতে পেরেছেন ? এই ব্যর্থতার জন্য দায়ী কে ? অবস্থাটা দাঁড়াচ্ছে—তুমি মহারাজ সাধু হলে আজ সবাই আজ চোর বটে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ওদের জিজ্ঞাসা করি, রেল ট্রান্সপোর্ট স্যাচুরেটেড হয়েছে, টাইম কনজিউমিং rail transport has become much costlier. আমরা জানি দিস ইজ নট the forum to discuss. এবং এও জানি পার্লামেন্টে এ নিয়ে ডিস্কাস হবে। সুতরাং লেট আস ওয়েট for the discussion in Parliament. কিন্তু তা বলে রেলভাড়া আজকে বাড়িয়ে দিলেন এটা ডিস্কম্পিচার। অ্যাক্সিডেন্ট এবং নন মেনটেন্নেনসের উন্নতি না করে এ্যাকসিডেন্টের উন্নতি না করে, মেনটেন্নেনসের উন্নতি না করে, আজকে যাত্রী-সাধারণের উন্নতি না করে তাদের সুখ-সাচ্ছন্দ বিচার না করে রেলভাড়া বৃদ্ধি করা হল এটা অন্যায় এবং এটা একটা ঘোরতর অপরাধ বলে আমি মনে করি—এ্যাস সাচ I oppose it, my party oppose it along with my other friends here. আরেকটি কথা বলি—ওঁদের হিসাব নেই, মস্তিষ্কে থাকলে তবে তো হবে। ওঁরা যে কত ট্রাম, কত বাস পুড়িয়েছিলেন আজ থেকে ২০ বছর আগে তার কোন কি হিসাব তাদের কাছে আছে ? ওঁরাই আজকে সদস্য হয়ে এখানে এসেছেন। হোয়াই do you not calculate the whole project কোন প্ল্যানিং নেই। আজকে কত ফ্লিট বাড়িয়েছেন ? আজ থেকে ৫ বছর পরে হোয়াট উইল বি দি পপুলেশান ? হিয়ার in my learned friends এই যে জলস্রোতের মত লোক আসছে এই লোকগুলির পরিবহণের কি ব্যবস্থা নিয়েছেন ? হোয়াট is your projection for the future transport, ইজ দি Mini bus only solution. আজকে বিকল্প কি ব্যবস্থা করেছেন ? ঋণ নেওয়া অপরাধ ভারতসরকারের কিন্তু ওয়ার্ল্ড ব্যাংক থেকে আপনাদের ঋণ নেওয়া অপরাধ মনে করেন না ? ইউটিলাইজেশানের ব্যাপারে কি করছেন ? হোয়্যার ইজ the certificate for utilisation. How have you utilised the loan given by the World Bank towards the transport system and what were the conditions ? আজকে এইকথা মাননীয় মন্ত্রীকে বলতে অনুরোধ করবো এবং তাঁকে জিজ্ঞাসা করছি এরসঙ্গে লিংক যেসমস্ত অপ্রতুল পরিবহণ ব্যবস্থা আছে Have you explored it ? আপনারা অলটারনেটিভ যে সমস্ত এ্যরিয়া অর্থাৎ সুন্দরবন, মেদিনীপুর এবং হুগলী এই সমস্ত এ্যরিয়া এবং ২৪ পরগণা এ্যক্সসেপ্ট সাউথ এ্যাণ্ড নর্থ-এর জল পরিবহণের জন্য কি কোন চিন্তা করেছেন ? আজকে এখানে স্টেট ট্রান্সপোর্ট এবং রোড ট্রান্সপোর্টের কথা ভেবেছেন কি ? It is least costilier than the road transport system. Without streamling the administration for having proper attention to the maintenance of the vehicles. আজকে এইকথা ভেবেছেন কি ? এইকথা না ভেবে

উইদাউট having proper care for theft and pilferage আজকে বলতে পারেন কত টাকা আপনারা ইনভেস্ট করেছেন? আজকে এই যে থেফ্ট এ্যাণ্ড দি পিলফেরেজের জন্য কত টাকার ক্ষতি হচ্ছে তার কি কোন হিসাব রাখেন? আজকে এই প্রবণতা রোধ করার কোন চেষ্টা করেছেন কি? এ্যাডমিনিষ্ট্রেশান এখন সব জায়াগাতেই ফেলিয়োর। পাবলিক ট্রান্সপোর্ট সিস্টেম যেখানে ভেঙ্গে পড়েছে এবং Calcutta happens to be an unplanned city. সেখানে আপনারা এই দিকে দৃষ্টি না দিয়ে ভাড়া বৃদ্ধি করছেন। এক্ষেত্রে ধিক্কার আর নিন্দা ছাড়া আর কিছু করার নেই। এ্যাস সাচ I beg to oppose it. আপনারা একটা ভোট করুন এই বিষয়ে যে বাসের ভাড়া বৃদ্ধি করবো এবং ইফ ইউ wish, I promise, I will resign. আপনাদের হিম্মৎ আছে? চুরির ব্যবস্থা পাকা রেখে দিতে হবে, দলবাজির টাকা রেখে দিতে হবে। এটা একটা অপচয়, পরিপূর্ণভাবে অপচয় করতে হবে। আজকে এই অবস্থা চলতে পারেনা। উইদাউট improving the servisce এই ব্যবস্থা যদি গ্রহণ করা হয় দিস ইজ the third instance of increasing the bus fare. As such I oppose at. এই কথা বলে আজকে এই অপদার্থ, অযৌক্তিক এবং ব্যর্থতায় পরিপূর্ণ যে প্রস্তাব করা হয়েছে এর তীব্র বিরোধীতা করছি এবং সর্বশক্তি দিয়ে এর বিরোধীতা করছি। এই বিরোধ নিয়ে যাবেন না দেশের সর্বপ্রান্তে নানা রকম সমস্যা রয়েছে সুতরাং এই বিরোধের রাস্তায় যাবেন না। এর পরিণাম ভয়াবহ হবে। এবং এরজন্য দায়ী থাকবেন আপনারা। আপনারা সাধু নয় অসাধু। সুতরাং এই অসভ্য অপদার্থ প্রশাসন দিয়ে রাজত্ব চলতে পারে না। এই কথা বলে এর বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-00—3-10 P. M.]

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য**: মিঃ স্পীকার, স্যার, আজকে পরিবহন মন্ত্রী বাসভাড়া বৃদ্ধির যে প্রস্তাব এনেছেন তা সমর্থন করতে উঠে আমি দু' চারটা কথা বলতে চাই। বিরোধী পক্ষের মাননীয় সদস্যদের বিশেষতঃ ডাঃ জয়নাল আবেদিন মহাশয়ের কুম্ভীরাশ্রু বর্ষণ এতক্ষণ দেখছিলাম। বিগত ২০ বছর আগে ১ পয়সা ট্রাম ভাড়া বৃদ্ধির যে আন্দোলন আমরা করেছিলাম সে সম্পর্কে তিনি তাঁর বক্তব্য রেখেছেন। আই ওয়াজ ওয়ান অব দি এম এল এজ এ্যাট দ্যাট টাইম, আমরা তখন তার জন্য জেলে গিয়েছি। আমরা যে আন্দোলন করেছিলাম তার একটা যুক্তি ছিল, সেই যুক্তি হচ্ছে বৃটিশ সাম্রাজ্যবাদের যে অংশ এখানে ছিল যারা শোষণ করছিল তাদের বিরুদ্ধে আমাদের আন্দোলন ছিল এবং সেটাই সবচেয়ে বড় কথা ছিল। সেই সময় সত্য বাপুলি মহাশয় কোথায় ছিলেন আমি জানি না কিন্তু জয়নাল আবেদিন সাহেব তখন প্রত্যক্ষ রাজনীতিতে ছিলেন, তিনি তখন বৃটিশ সাম্রাজ্যবাদীদের সমর্থন করেছিলেন। আজকে তিনি সাধারণ মানুষের জন্য কুম্ভীরাশ্রু বর্ষণ করছেন। এটাকে ভণ্ডামী না বললে ভণ্ডামী আর কাকে বলব জানি না। জয়নাল আবেদিন সাহেব বলছেন যে পাবলিকের কাছে চলুন, পাবলিকের ওপিনিয়ান নিন। আমি জয়নাল আবেদিন সাহেবকে জিজ্ঞাসা করি রেলের ভাড়া বৃদ্ধি, পেট্রোলের দাম বৃদ্ধি, ডাক এবং

তারের মাশুল বৃদ্ধি এরজন্য কি আপনারা পাবলিকের কাছে যেতে রাজী আছেন? কাজেই এই সম্পর্কে পাবলিকের কাছে আমরা গিয়েছি, ১৯৮১ সালে ৫ পয়সা বাস ভাড়া বৃদ্ধি করা হয়েছে, তারপর ১৯৮২ সালে নির্বাচন হয়েছে, সেই নির্বাচনে তাঁরা আমাদের সমর্থন করেছেন। সুতরাং পাবলিক ওপিনিয়ান আমরা নিয়েছি। আজকে ৪ বার পেট্রোলের দাম কারা বাড়াল? রিসেণ্টলি তাঁরা ডিজেলের দাম বাড়ালেন। আপনারা যে জিনিসটা বলতে চাইছেন সেটা হচ্ছে কেন আমরা বাস ভাড়া বৃদ্ধি করছি, সেটা শুধু যেন আমাদের স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশানের সুবিধার জন্য করছি। আমাদের ২২ কোটি টাকা লোকসান দিতে হচ্ছে না? আরো না হয় ৩ কোটি টাকা লোকসান হবে, সেজন্য ভাড়া বাড়ান হয়নি। আজকে যারা ফ্লিট অব ট্রান্সপোর্ট সার্ভিস দিচ্ছে তার ৭৫ ভাগ হচ্ছে প্রাইভেট সেক্টর। এটা ভুলে যাবেন না যে প্রায় ২॥ হাজার বাস প্রাইভেট সেক্টরে চলে এবং তাদের পক্ষ থেকে যদি ভাড়া বাড়ান না হয় তাহলে তারা বাস যেভাবে কমিয়ে দিয়েছে তাতে আজকে ট্রান্সপোর্ট সিস্টেম একেবারে ভেঙ্গে পড়বার মুখে। আপনারা দেখতে পাচ্ছেন যেখানে ২॥ হাজার বাস চলার কথা। সেখানে আজকে কলকাতায় নামে মাত্র হাজার থেকে ১২ শো বাস। তাদের একমাত্র দাবী বাসের ভাড়া বাড়াতে হবে। সত্যিই জিনিসপত্রের দাম, স্পেয়ার পার্টস, পেট্রোলের দাম বেড়েছে, ডিজেলের দাম ৪ বার বাড়ল, তাদেরও তো ব্যবসা করতে হবে, তারা তো খতিয়ে দেখাচ্ছে যে আমাদের লোকসান হচ্ছে, সেদিকে দৃষ্টি দিতে হবে। আজকে আমরা ৫০০ মত পার্মিটের দরখাস্ত চেয়েছি, কেউ বাসের পার্মিট নিতে আসছে না, আসকে সমস্ত রোড ট্রান্সপোর্ট হোল অব ওয়েস্ট বেঙ্গল ভেঙ্গে পড়তে চলেছে।

আজকে সমস্ত জিনিসের দাম বেড়েছে। বাসের ভাড়া না বাড়ালে আজকে ট্রান্সপোর্ট সিস্টেম বিধ্বস্ত হবে। তাই অত্যন্ত অনিচ্ছা সত্ত্বেও এবং এই অবস্থার মধ্যে থেকেও বাসের ভাডা বাড়াতে হচ্ছে। এরজন্য আমরা জানি যে সাধারণ মানুষের কষ্ট হবে। কিন্তু আজকে যে ট্রেনে পা দিলেই এক টাকা ভাড়া দিতে হবে একথা তো জয়নাল সাহেব বললেন না। আপনি তো কংগ্রেস-ই নন, আপনি তো কংগ্রেস এস---এখনও তো কংগ্রেস-আই-এর সঙ্গে মিলে যান নি। দিল্লীর শাসন ক্ষমতায় তো আপনারা নাই। কই একথা তো শুনলাম না—এর বিরুদ্ধাচার তো করলেন না। আমি বলছি এই ভাড়া বাড়ানোর পিছনে যথেষ্ট যুক্তি আছে। কাজেই মিঃ স্পীকার স্যার, পাবলিক ট্রান্সপোর্ট সিস্টেমকে বজায় রাখতে গেলে এটা করতে হবে। এবং আমাদের অনিচ্ছা সত্ত্বেও আজকে আমাদের সরকারকে বাসের ভাড়া ১০ পয়সা বৃদ্ধি করতে হচ্ছে। আমরা জানি এর জন্য সাধারণ মানুষের কষ্ট হবে। তাই আমরা অত্যন্ত দুঃখিত। এই কথা বলে পরিবহন মন্ত্রী মহাশয় যে প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার** ঃ মিঃ স্পীকার স্যার, বামফ্রণ্ট সরকারের পক্ষ থেকে যে বাস ও ট্রামের ভাড়া বৃদ্ধির যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে তার পরিপ্রেক্ষিতে আমি বলবো কেন্দ্রে ইন্দিরা কংগ্রেস যে ভূমিকা গ্রহণ করেছে, আমাদের এই পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকারও সেই ভূমিকা

গ্রহণ করেছে। এবং এই কথা আজকে পশ্চিমবাংলার মানুষ মর্মে মর্মে উপলব্ধি করছে। কেন্দ্রে ইন্দিরা কংগ্রেস রেলের ভাড়া বৃদ্ধি করেছেন। কিন্তু পশ্চিমবঙ্গ সরকারও তা থেকে পিছিয়ে যাননি। আজকে এই পশ্চিমবাংলায় ভাড়া বৃদ্ধির সপক্ষে দুজন প্রবীণ সদস্য ননীবাবু এবং কানাইবাবু একটা অদ্ভুত প্রত্নতাত্ত্বিক গবেষণার কথা বললেন। এক পয়সা ভাড়া বৃদ্ধির ব্যাপারে টাকা বিদেশী পুঁজি বৃদ্ধি হবে বলে প্রতিবাদ জানানো হয়েছিল। তিনি এই প্রত্নতাত্ত্বিক তথ্য কোথা থেকে পেলেন? ওঁরা প্রাইভেট বাসের উপর নির্ভরশীল। বাসের ভাড়া বাড়াতে চাচ্ছেন কারণ তাদের আয় কমে যাবে। আজকে প্রাইভেট বাস যেভাবে চলে এবং যেভাবে লোক নিয়ে যায় তা সকলেই জানেন। আর তারা যে হিসাব দেয় এবং কিভাবে যে লাভ করে তা দেশের মানুষের আজকে অজানা নেই। দীর্ঘদিন সমালোচনা হয়েছে এবং এর আগেও অনেক বার বাসের ভাড়া বাড়ানো হয়েছে। কিন্তু তাতে কি প্রাইভেট বাসের সংখ্যা বেড়েছে? ওঁরা যে বলছেন যে বাসের ভাড়া বৃদ্ধি না করলে তারা রাস্তায় বাস নামাবেন না। কিন্তু ভাড়া বৃদ্ধি করে কি প্রাইভেট বাসের সংখ্যা বেড়েছে?

[3-10—3-20 P.M.]

আপনার রিপোর্টে আপনি বলেছেন প্রাইভেট বাস ক্রমাগত কমে যাচ্ছে। তাহলে তৃতীয়বার বাসের ভাড়া বাড়ালে প্রাইভেট বাস রাস্তায় নামবে তার গ্যারান্টি পশ্চিমবাংলার মানুষের কাছে দিচ্ছেন কোথায়? এই যুক্তির সারবত্তা হল প্রাইভেট বাসের মালিকদের সঙ্গে আপনাদের একটা গোপন আঁতাত হয়েছে, তাদের স্যাটিসফাই করার জন্য এটা করেছেন। তারপর যুক্তি দেখাচ্ছেন পারমিট দিতে চাইছেন, অথচ কেউ নিতে আসছে না। পারমিটের ব্যাপারটা কিছু নয়। আসলে বাসের মালিকরা দেখছেন এটা তাদের একচেটিয়া ব্যবসা। ১০টা বাসের বদলে ৫টা বাস চালালে ১০টা বাসের আয়ই হবে, মাঝখানে ৫টি বাস বসে থাকবে। কারণ তারা তো দেখছেন লোকেরা কষ্ট করে যাবে। অতএব এটা কোন যুক্তি নয়। মাননীয় মন্ত্রী ষ্টেট ট্রান্সপোর্টের কথা তুলে দাবি করেছেন পশ্চিমবাংলা ছাড়া কোথাও ষ্টেট ট্রান্সপোর্টের এত কম ভাড়া নেই। আমি তাকে চ্যালেঞ্জ করে বলছি আন্দামানে লোয়েষ্ট ভাড়া হচ্ছে ১০ পয়সা। যুগান্তরে তার ফটোষ্ট্যাট্ কপি বেরিয়েছে। আমি চ্যালেঞ্জ করে বলছি এটা মিথ্যা হলে আপনি না করবেন। কাজেই পশ্চিম-বাংলার ভাড়া লোয়েষ্ট এটা বলা ঠিক নয়। তিনি কতকগুলি তথ্য পরিবেশন করেছেন, মাদ্রাজ ইত্যাদি রাজ্যের ডাটা তুলে ধরেছেন। আমিও মাননীয় রবীনবাবুর জন্য একটি তথ্য পরিবেশন করছি, এটা নিশ্চয় মন্দ হবে না। প্রতি কিলোমিটারে বাস চালাবার একটা খরচের হিসাব তুলে ধরছি। বম্বেতে প্রতি কিলোমিটার বাস চালাতে খরচ হয় ২.৩৬ টাকা, দিল্লীতে ২.২০ টাকা, মাদ্রাজে ১.৫৮ টাকা, আর কলকাতায় ৪.৩৬ টাকা। কেন এই বাড়তি ব্যয় হচ্ছে? এই ব্যয় হ্রাস করুন। আজকে শ্রম শক্তির যে অপচয় হচ্ছে সেটা বন্ধ করুন। ব্রিস্ক সেল, যথেষ্ট আয় বৃদ্ধি যদি করতে পারতেন তাহলে এই রকম ভরতুকি পশ্চিমবঙ্গ সরকারকে কখনই দিতে হত না।

এবং জনগণের উপর বাড়তি বোঝা চাপাতে হত না। আজকে যে ওয়েষ্টেজ হচ্ছে, দুর্নীতি হচ্ছে সেটা বন্ধ করুন। আপনি নিজে বলেছেন মন্ত্রী হয়ে কলকাতা ষ্টেট ট্রান্সপোর্টের জন্য ৩৫টি বাস কেনা হয়েছিল। কেনার পরে সেগুলি একটি দিনের জন্যও ব্যবহার করা করা হল না, ডিপোতে পড়ে পড়ে নষ্ট হয়ে গেল। সবচেয়ে কম দামে পুরানো লোহার দামে হিন্দুস্থান মোটরকে বিক্রী করে দেওয়া হল। এই ভাবে ২ কোটি টাকার উপর স্পেয়ার পার্টস আইডল পড়ে থেকে নষ্ট হয়ে গেল এবং বিক্রী করে দেওয়া হল। সর্বত্রই অপচয় দুর্নীতি চলছে। ট্রাম কোম্পানীতেও দুর্নীতি চলছে। সর্বত্রই এক্সেসেস ষ্টাফ ইন কমপেয়ারিজন্ টু ফ্লিট ষ্ট্রেন্থ। যার দেখার কথা যেখানে দেখা যাচ্ছে তিনি দেখছেন না। ফলে ইন এ্যাডিসন টু দি কলোস্যাল মানি ওয়েষ্টেজ হচ্ছে সেখানে ওভারটাইম দিয়ে। ট্রাম কোম্পানীতে ২ লক্ষ টাকার মত ওভারটাইম দিতে হত। ১৯৮২ সালের জুন মাস থেকে সেখানে ইনসেনটিভ চালু করেছেন। প্রতি মাসে ২০ লক্ষ টাকা সি. এস. টি. সি.-তে ওভারটাইম বাবদ দিতে হয়। এইভাবে ২ কোটি ৪০ লক্ষ টাকা ক্যালকাটা ষ্টেট ট্রান্সপোর্টের কর্মচারীদের ওভারটাইম বাবদ দেওয়া হয়েছে। এই ওয়েষ্টেজগুলি নিশ্চয় বন্ধ করা যায়। এটা শুধু আমার কথা নয়, অডিটর জেনারেল অব ওয়েষ্ট বেঙ্গল তাদের অডিট রিপোর্টে বলেছেন টাকার দারুন অপচয় হচ্ছে। অডিট রিপোর্টটা একটু ভাল করে দেখবেন, সেখানে কি বলা হয়েছে। যেসমস্ত কর্মচারী দুর্নীতি করছেন, অপচয় করছেন তাদের ধরবেন। অডিটর যাদের বিরুদ্ধে রিপোর্ট দিয়েছেন, তাদের একজনকেও সাসপেণ্ড করেছেন? ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রস্তাবে আপনারা আনকনডিশন্যাল সারেণ্ডার করেছেন। ষ্টেট ট্রান্সপোর্টের ক্ষেত্রে আপনারা ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে সারেণ্ডার করেছেন। কত টিকিট বিক্রী হবে তার হিসাব নিকাশ করার জন্য অডিটর সেখানে থাকবে, অবজারভার থাকবে কোথায় বাসের জন্য টেণ্ডার দিচ্ছেন, কটা বডি কিনবেন ইত্যাদি সমস্ত কিছুই ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে পাঠাতে হবে। অর্থাৎ পায়ের নখ থেকে চুল পর্যন্ত বিক্রী হয়ে আছে। বিদেশী পুঁজির হাতিয়ার মার্কিন সাম্রাজ্যবাদ ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে ষ্টেট ট্রান্সপোর্ট একেবারে সারেণ্ডার করে বসে আছে। হোয়াট ইজ দি ডিফারেন্স between your Government and the Central Government ? আই. এম. এফের কাছে তারা যে শর্তাধীনে ঋণ নিচ্ছেন সেটা যদি সাম্রাজ্যবাদের দালালি হয় তাহলে এই যে ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছ থেকে শর্তাধীনে ঋণ নিচ্ছেন এটা কি? কাজেই স্যার, আমি বলব, ট্রাম বাসের ভাড়া বৃদ্ধির কোন যুক্তি নেই। এ সম্পর্কে একটা প্রব কমিটি করা হোক এবং সেই কমিটির তদন্ত রিপোর্টের ভিত্তিতে ভাড়ার প্রশ্নটি বিবেচনা করা হোক।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহণ মন্ত্রী মহাশয় বাস, ট্রামের ভাড়া কাঠামোর পুনর্বিন্যাস সম্পর্কে যে বক্তব্য রেখেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। সরকার পক্ষের যে বক্তব্য তা অত্যন্ত যুক্তিসহকারে উপস্থিত করেছেন আমাদের মাননীয় পরিবহণ মন্ত্রী এবং আমাদের প্রবীন মন্ত্রী ডঃ কানাই লাল ভট্টাচার্য্য মহাশয়। আমি আর

সে প্রসঙ্গে যাচ্ছি না, আমি শুধু একটি বিষয়ের প্রতি মাননীয় পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় মন্ত্রীমহাশয় যে ভাড়া ধার্যের তালিকা উপস্থিত করেছেন সে ক্ষেত্রে একটি জিনিষ আমার চোখে পড়েছে, আমি সেই বিষয়টিই এখানে উপস্থিত করছি। স্যার, আমরা যারা মফঃস্বল থেকে দূর-পাল্লার বাসে যাতায়াত করি, আমরা একটা জিনিষ দেখছি যে সাধারণ সিটি সার্ভিসের ক্ষেত্রে ১৭ থেকে ২২ কিলোমিটারে ৭০ পয়সা ধার্য করা হয়েছে, অর্থাৎ এ ক্ষেত্রে কিলোমিটার প্রতি ৩॥ পয়সার মতন হয়েছে। আবার ১৭ থেকে ২২ কিলোমিটার পর্যন্ত সীমিত ষ্টপ সার্ভিসের ক্ষেত্রে ৮০ পয়সা অর্থাৎ কিলোমিটার প্রতি ৪ পয়সা হয়েছে। সে ক্ষেত্রে দূরপাল্লার বাসের ক্ষেত্রে প্রথমেই ধার্য করা হয়েছে ৮ পয়সা করে কিলোমিটার প্রতি। আর বাসে চাপলেই এক টাকা দিতে হবে। আজকে এর ফলে হবে কি—দূরপাল্লার যে সমস্ত বাসে আমরা ১৪/১৫ টাকা ভাড়া দিচ্ছি পরবর্তী সময়ে বেলডাঙ্গা বা বহরমপুর শহর থেকে যখন কোলাকাতায় আসবো তখন তার ভাড়া দাঁড়াবে ১৯ থেকে ২১ টাকা। স্বভাবতঃই সাধারণ নিম্নমধ্যবিত্ত বা নিম্নবিত্ত লোকের পক্ষে এটা একটা দুর্বিষহ ব্যাপার হয়ে দাঁড়াবে। স্যার, আমরা জানি, আজকে কংগ্রেস পক্ষের এ নিয়ে বলার কিছু নেই কারণ আজকেই রেল ভাডা বৃদ্ধির ঘোষণা হয়েছে। অতীশবাবুকে দেখলাম অত্যন্ত শুষ্ক কণ্ঠে তাঁর বক্তব্য রাখলেন। এইসব প্রসঙ্গে ওঁদের বড় গলায় বলার কিছু নেই সেটা আমরা জানি। আমি স্যার, এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রীমহাশয়কে আর একটা কথা বলব। এখানে শর্ট ডিসটেন্স—কলকাতা-ডায়মণ্ডহারবার, কোলকাতা-বনগাঁ ইত্যাদি রেলভাড়ার দৃষ্টান্ত তিনি দিয়েছেন এবং এ ক্ষেত্রে বাসের ভাডা যে রেলের ভাড়ার চেয়ে কম সেটা উল্লেখ করেছেন কিন্তু লং ডিসটেন্সের ক্ষেত্রে আমি তাঁর দৃষ্টি আকর্ষন করছি। এ ক্ষেত্রে বহরমপুর—শিয়ালদহের মধ্যে যাতায়াতের জন্য যদি রেলের ভাড়া এবং বাসের ভাড়া তুলনা করা যায় তাহলে দেখা যাবে ট্রেনের ভাড়া কম, সি. এস. টি. সি-র বাসের ভাড়া বেশী। আজকে যে ভাড়া বৃদ্ধি রেলের তরফ থেকে করা হচ্ছে সেই বৃদ্ধির ফলেও যা বাড়ছে তার চেয়ে দূর-পাল্লার ষ্টেট বাসের ভাড়া অনেক গুন বেশী হচ্ছে। পরিবহণের মতন একটা অত্যাবশ্যক বিষয়, যে ক্ষেত্রে লাভলোকসানের প্রশ্নটাকে আপনি বিবেচনা করছেন না সে ক্ষেত্রে কিন্তু লোকসানকে তরান্বিত করার জন্য একটা ব্যবস্থা হয়ে যাচ্ছে। কারণ এ' ২০/২১ টাকা বা তার চেয়ে বেশী দূরের জায়গা হ'লে বেশী ভাড়া দিয়ে বাসে আসার প্রবণতা সাধারণ মানুষের কমে যাবে। বাসে যাতায়াত কেন বাড়ছে? এর কারণ হ'ল, আজকে গণিখান চৌধুরী মহাশয়ের নেতৃত্বে পশ্চিমবাংলায় রেলের ক্ষেত্রে এমন একটা পরিবেশ সৃষ্টি হয়েছে যাতে কোথাও রেল ঠিকমত চলে না। যখন তখন রেল চলাচল ব্যবস্থা ভেঙ্গে পড়ে। এই কারণেই আজকে এখানে রেলের থেকে বাসে যাবার প্রবণতা বেড়েছে। স্বভাবতঃই দূর-পাল্লার বাসের ক্ষেত্রে এই অবস্থা হলে তাতে যাত্রীদের যাতায়াত করার প্রবণতা ভবিষ্যতে কমে যাবে। এই বিষয়টি বিবেচনা করা দরকার। তারপর সি. এস. টি. সি-র বাস যে ভাবে চলাচল করে সেটা সকলেই জানেন। বিশেষ করে কোলকাতা-বহরমপুরের বাসের ক্ষেত্রে আমরা দেখেছি তাতে অনেক বেশী ষ্টপেজ দেওয়া হয়। এটা অবশ্য যাত্রীদের সুবিধার্থেই দেওয়া হয়। কাজেই এ ক্ষেত্রে যদি উঠলেই এক টাকা ভাড়া হয় তাহলে সেটা মুশকিলের কথা হবে। বামফ্রন্ট এই

সিদ্ধান্ত নিয়েছেন, আমরা জানি, আমাদের নেতৃবৃন্দ অনন্যোপায় হয়েই এই সিদ্ধান্ত গ্রহন করতে চেয়েছেন। কিন্তু আপনি যে ভাবে শহরের দিকে দৃষ্টি দিয়েছেন—কোলকাতার নাগরিকদের, কোলকাতা শহরের উপকণ্ঠের নাগরিকদের ক্ষেত্রে কিছু বৃদ্ধি হলেও সেখানে যে ভাবে দৃষ্টি দিয়েছেন তাতে সেখানে সেই চাপের দিকটা কিছুটা কমানোর চেষ্টা করেছেন।

[3-20—3-30 P. M.]

কিন্তু দূরপাল্লার বাসে মফঃস্বল থেকে কলকাতায় যারা যাতায়াত করে সে ক্ষেত্রে চাপ বেশী বাড়ছে। অন্যদিকে সি. এস. টি. সি-র বাসের অবস্থা কি হয়েছে? সি. এস. টি. সি-র বাসে যেখানে পিঠে ঠেস দিয়ে বসতে হয়, সেখানে দূরপাল্লার যাত্রীদের কোন স্বাচ্ছন্দ নেই। কাজেই পরবর্ত্তীকালে এই স্বাচ্ছন্দের দিকটা দেখবেন। আপনার এই যে একটা দূর্ঘটনা ঘটে গেল—লাক্সারি বাসে লোকে কেন যায়? প্রথমতঃ লাক্সারী বাসগুলিতে যাত্রীদের অনেক কমফর্ট আছে এবং ভাড়াও কম। সি. এস. টি. সি-কেও আরো যাত্রী স্বাচ্ছন্দের ব্যবস্থা করতে হবে। কাজেই এই সব দিক থেকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে যে পুনর্বিন্যাস আপনি করেছেন, পরবর্ত্তীকালে আপনাকে এগুলি বিবেচনা করতে হবে। তা যদি না হয় তাহলে রেল যে ভাবে চলে রেলের সঙ্গে প্রতিযোগিতার ক্ষেত্রে দূরপাল্লার বাসের ক্ষতি হবে। এই কথা বলে আপনি যে বক্তব্য এখানে উত্থাপন করেছেন সেটা সমর্থন করছি।

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir I stand to oppose the rise in fare of trams and buses. This Government is the so-called Left Front Government and the Chief Minister is the so-called Marxist. In money transaction there is some kind of notes moving in our country as counterfeit notes. In West Bengal there is a counterfeit Government. They claim that they stand for the poor. About 20 years back they opposed against the one paisa fare rise because it would affect the pockets and the coffer of the poor. Even today the same poor people are there. Dose this rise not affect them? তাঁরা যুক্তি দিচ্ছেন যে সারা ভারতের থেকে আমাদের এখানে নাকি ভাড়া কম আছে। আমি বলি আগেও তো কম ছিল। যখন এক পয়সা ভাডা বাড়ান হল তখনও তো সারা ভারতের থেকে এখানে কম ছিল। তখন কেন তাঁরা এই ৩০/৪০ খানা বাসকে পুড়িয়ে দিলেন?

They say that they are bound to do that. Why are they bound to increase the fare-because of the failure of their administration, because of corruption and nepotism prevailing from the very garage where the maintenance is very poor.

আজকে কেন প্রাইভেট ওনারদের সম্পর্কে বলা হয় যে একটা বাস যদি হয় তাহলে এক বছরে একটা বাড়ী হয়ে যায় ?

It has become a profitable trade. But what is happening in the case of State Buses and why so many State buses are lying idle ? Sir, if you go to Mallick Bazar you will find that most of the good parts of the State buses are being sold there. So, they cannot stop corruption. In private buses 10 persons per bus are quite sufficient to maintain-from cleaners upto drivers and conductors for the whole journey whereas the Government has appointed more than 20 persons per bus, and again they are going to tncrease just to engage their own cadres. So, they have increased tremendously on the expenditure side which is most uneconomic per bus and they are facing crisis, troubles financially, and so they say that they have got to raise the fare. Hence it is their failure. They cannot check their own people, cannot stop corruption, nepetism and murder. এই সরকার চারিদিক থেকে ফেইলর হয়ে পড়েছেন। এই মার্কসবাদী যারা তারা বলেছেন, যারা ঘুষ নেয়—আমরা যেদিন ক্ষমতায় আসবো—তাদের শেষ করবো।

This Government is not standing against corruption, and nepotism. Sri, if you look at tomorrow's Statesman, in the front prge there is a picture. People are moving, a big crowd of people is moving. But actually it is a double decker bus which is moving. মনে হয় ডাবল ডেকার বাস চলছে না। মানুষগুলির তলায় টায়ার লাগানো আছে। Why the people are taking so much risk ? Why there is shortage of trams and buses. When Mr. Macnamara came to Calcutta he had to halt at the Airport, and their people started burning of dozens and dozens of buses and trams. He could not come to the city and pay money for these buses and trams. At that time they said that he was a CIA agent.

But when this Marxist Chief Minister came in power তখন তাঁরা তাঁর পায়ের ধুলো নিতে গেলেন। এ' ম্যাকনামারা তখন আর সি. আই. এ. এজেণ্ট থাকলো না, এই গণতন্ত্রে সে কমিউনিষ্ট হয়ে গেল। ২০ বছর আগে যদি আমরা কোটি কোটি টাকা পেতাম তাহলে কলকাতার মানুষের কত উপকার হতো, যানবাহনের কত সুবিধা হত। অথচ ওঁরা তখন সক্রিয় হয়েছিলেন শুধু লাল পতাকা আর মার্কসের নাম নিয়ে। এই জাল কাউণ্টার ফিট কমিউনিজিমের নাম নিয়ে ওঁরা বেশী দিন আর চালাতে পারবেন না। People have realised that they

are cheating in the name of this communism and in the name of Karl Marx. So, I will request them to just throw it, sit together and make an enquiry—thorough enquiry what are the processes and how to economise the expenditure. If they can really do that I am sure they will come down. What they have done just yesterday in giving so much harrassment ? Their cadres are there who are taking money right and left-but they cannot check it.

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় স্পীকার স্যার, আপনি আমাকে বক্তব্য রাখতে বলবার সঙ্গে সঙ্গে পাঁচ মিনিট সময়ও নির্দিষ্ট করে দিয়েছেন। আমি পাঁচ মিনিটের বেশী সময় নেব না। কারণ আমার অর্ধেক বক্তব্য জয়ন্তবাবু বলে গেছেন। পরিবহণ মন্ত্রী মহাশয় বাস ট্রামের ভাড়া বাড়াবার পিছনে যেসমস্ত যুক্তিগুলি দেখিয়েছেন, জয়ন্তবাবু সুন্দর সুরে সেগুলির প্রতিবাদ করে গেছেন। তবে যেহেতু সি. পি. এম. মন্ত্রী ভাড়া বাড়িয়েছেন সেহেতু তিনি খুবই স্বাভাবিক কারণে প্রতিবাদ করে গেছেন। এর ফলে ওঁর বলার মধ্যে দিয়েই আমার অর্ধেক বক্তব্য বলা হয়েগেছে।

তথাপি আমি বলতে চাইছি যে, বর্তমানে কলকাতা ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের চেয়ারম্যান করা হয়েছে আমাদের বিধান সভার সদস্য এবং সরকার পক্ষের তুর্কী নেতা শ্যামল চক্রবর্তী মহাশয়কে। কলকাতার মানুষের যাতে বাসে কষ্ট না হয় তা নাকি শ্যামল বাবু দেখবেন। কিন্তু আমরা জানি তাঁকে মন্ত্রী করা যায়নি, সে কারণে পার্টির মধ্যে বিক্ষোভ আছে, স্বভাবতই তাঁকে নতুন একটা পোষ্ট দিয়ে সন্তুষ্ট করা হয়েছে।

আমরা জানি এক পয়সা ভাড়া বৃদ্ধির কথা। আমার আগে আমাদের পক্ষের অন্য বক্তারা বলেগেছেন, আমি আর সে প্রসঙ্গে যাচ্ছি না। কত ট্রাম বাস পুড়েছে বিধান রায়ের আমল থেকে প্রফুল্ল সেনের আমল পর্যন্ত, তা আমরা জানি। সেবিষয়ে কলকাতায় একটা একজিবিশন করলে মানুষ নতুন করে আবার এদের জানতে পারত। যাই হোক আমি আর সেসব কথা এখানে বলব না। কিন্তু আমরা যখনই বাস ট্রামের ভাড়া বৃদ্ধির সম্বন্ধে বলতে উঠছি তখনই ওরা রেলের ভাড়া বৃদ্ধির ব্যাপার নিয়ে চিৎকার করেছেন। কিন্তু আমি ওঁদের বলব যে, রেলের ভাড়া বৃদ্ধির ব্যাপারে আলোচনা করবার এটা জায়গা নয়, তার জন্য অন্য জায়গা আছে। তা সত্ত্বেও আমি বলতে চাই রেলের ভাড়া বৃদ্ধির সঙ্গে সঙ্গে রেলের যাত্রীদের বাড়তি সুযোগ সুবিধা দেওয়া হয়, নতুন নতুন পরিকল্পনা করে নতুন নতুন লাইন বসানো হয় এবং তার দ্বারা সাধারন মানুষকে সুযোগ সুবিধা দেওয়া হয়। বাসের ক্ষেত্রে মাননীয় পরিবহণ মন্ত্রী সেকথা বলতে পারেন কি ? আর রেলের ভাড়া বাড়াবার ব্যাপারই যদি বলেন তাহলে আমি বলব যে, যখন জনতা সরকারের প্রধান মন্ত্রী মোরারজী দেশাই দিল্লীতে ছিলেন তখন তিনি ট্রেনের ভাড়া বাড়িয়েছিলেন। অথচ তখন এখানে

বামফ্রন্টের পক্ষ থেকে পশ্চিমবঙ্গ বিধান সভার একটুও প্রতিবাদ পর্যন্ত করেননি। আর আজকে চিৎকার করেছেন, রেলের ভাড়া বাড়ছে কেন ?

পশ্চিমবঙ্গ সরকার বছরের পর বছর ভরতুকি দিয়ে বাস এবং ট্রাম চালাচ্ছে। অথচ অতীশবাবু বলেগেছেন, এক একটা বাসের জন্য ২৬ থেকে ২৮ জন করে কর্মচারী রয়েছে। কি কারণে এত কর্মচারী বাড়ানো হয়েছে ? শুধু তাই নয়, এত কর্মচারী থাকা সত্ত্বেও কর্মচারীদের আবার ওভার টাইম দেওয়া হয়! পরিবহণ মন্ত্রী মহাশয়ের নিজস্ব পরিসংখ্যান থেকেই দেখছি যে, ১৯৮১-৮২ সালে কলকাতা ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের আয় হয়েছে ১৫ কোটি ৮০ লক্ষ টাকা, আর ১৯৮১-৮২ সালে শুধু কর্মচারীদের বেতন দিতে ব্যয় হয়েছে ১৫ কোটি ১৫ লক্ষ টাকা। তাই আমি আজকে পরিবহণ মন্ত্রীকে বলছি যে, এই মাথা-ভারি প্রশাসনকে কমিয়ে আনুন, তানাহলে কোন সমস্যার সমাধান হবে না। বাসের ভাড়া বাড়িয়ে সমস্যার সমাধা হবে না। পরিবহণ মন্ত্রী এবং সরকার পক্ষের সদস্যরা দেখাবার চেষ্টা করেছেন যে, অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিম বাংলায় বাস ভাড়া কম। কিন্তু মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার এখানে আন্দামানের কথা বলে গেছেন। আমি সে প্রসঙ্গে আর কিছু বলতে চাই না। আমি শুধু বলছি যে, এখানে যাত্রী অনুপাতে বাসের সংখ্যা কত এবং যাত্রী সাধারণকে কি পরিমান সুযোগ সুবিধা দেওয়া হয় সে সম্বন্ধে পরিবহণ মন্ত্রী রবিনবাবু কোন কথা বলছেন না।

[3-30—3-40 P. M.]

উনি ভাড়ার কথা তুলেছেন কিন্তু ওখানকার জনসাধারনের সুযোগ-সুবিধার কথা পশ্চিম-বাংলার মানুষকে জানাতে ভুলে গেছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীকে বলবো, বিশ্ব ব্যাঙ্ক থেকে প্রাপ্ত যে ৫৩০টি বাসের কথা বলছেন সেইসব বাসগুলিকে অচল বাসের পরিবর্তে সচল অবস্থায় চালানো হবে। নতুন কোন বাস চলবে না। জনসাধারন যে তিমিরে ছিল সেই তিমিরেই থাকবে। স্পেয়ার পার্টস কেনা হয়েছিল প্রায় ৪ কোটি টাকা। আমি আগের বাজেটে বলেছিলাম সেই ৪ কোটি টাকার মূল্যের স্পেয়ার পার্টস বিভিন্ন গ্যারেজে স্ক্র্যাব অবস্থায় বিক্রি হয়েছে। এই সম্বন্ধে কিছু তো বললেন না ? আমি এর তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরবীন মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যবৃন্দরা অনেকেই অনেক কথা বলেছেন। সবগুলি জবাব দেবার প্রয়োজন নেই। আমাদের পক্ষের সদস্যবৃন্দরা তাঁর কিছু কিছু জবাব দিয়েছেন। কিন্তু সর্বাপেক্ষা আশ্চর্যের বিষয় হচ্ছে, অতীশবাবু তিনি বিশ্বব্যাঙ্কের কথা এখানে এনে হাজির করেছেন এবং সামাজ্যবাদের কথাও উচ্চারণ করেছেন। ওনার অন্ততঃ জানা উচিৎ বিশ্বব্যাঙ্কের কাছ থেকে টাকা নেবার ব্যাপারটা পশ্চিমবাংলার ব্যাপার নয়। এটা কেন্দ্রীয়

সরকার নিয়ে থাকেন, ইণ্টারেষ্ট ফ্রি লোন নিয়ে থাকেন। আমাদের কাছ থেকে ৬০ পারসেণ্ট করে ইণ্টারেষ্ট নেন। দ্বিতীয় নম্বর কথা হচ্ছে দেবপ্রসাদ বাবুর সম্পর্কে। উনি বর্তমানে কংগ্রেস-আইকে চিনে নিয়েছেন, বুঝে নিয়েছেন মানুষের পক্ষে। কিন্তু ইন্দিরা গান্ধীর গোপন মানুষ হিসাবে যারা বামফ্রণ্ট সরকারের ডিসরাপসানের কাজে নেমেছেন তাদের কথা বুঝতে অসুবিধা হয়। জয়নাল সাহেব অবশ্য জোরের সঙ্গে বলেছেন। বাঁশের চেয়ে কঞ্চি দড়, অনেকরদ্ এগিয়ে বসে আছেন, কবে নেবে তাই বসে আছেন। আর সারা ভারতবর্ষের মধ্যে এস. ইউ. সির যিনি রিপ্রেজেনটেটিভ, দেবপ্রসাদ বাবু, তিনি আর কোথাও কোন সংবাদ পেলেন না, খালি খুঁজে পেলেন আন্দামান। উনি মেট্রোপলিট্যান সিটি আর কোথাও পান নি। আমাকে অবশ্য গোয়ার কথা বলেছিলেন। কিন্তু গোয়াতেও ৫ কিঃ মিঃ ৪০ পয়সা, আমাদের থেকেও বেশী। উনি অবশ্য পরে জেনেছেন সেইজন্য আর গোয়ার কথা তোলেন নি। সুতরাং এইসব কথার আর কি জবাব দেবো। অন্য কথা আর না বলাই ভাল। বিভিন্ন জায়গায় আই. এন. টি. ইউ. সির ইউনিয়ন আছে, যেমন, সি. এস. টি. সি., ট্রাম কোম্পানীতে ঐ সংগঠনের ইউনিয়ন আছে। অতীশবাবু তাদের ইউনিয়নকে বলেন না কেন? তারা তো তিন বেলা চিৎকার করছে জিনিবপত্রের দাম বাড়ছে বলে তাদের মাহিনা বাড়াতে হবে। এখানে একরকম বলবেন আর ইউনিয়নকে অন্য কথা বলবেন তা তো হতে পারে না। এটা রাজনৈতিক দলের কাজ নয়। ওনারা বলেছেন তাঁদের সঙ্গে কোন কনসাণ্ট করা হয়নি। এই এ্যাসেম্বলী ডাকার আগে আমি ওদের ডেকেছিলাম। সাত্তার সাহেবের জন্য আমি প্রায় আড়াই ঘণ্টা বসেছিলাম তিনি আসবেন বলে। তিনি কথা দিলেন অথচ এলেন না। পরে কংগ্রেস-আইয়ের তরফ থেকে একজনকে পাঠিয়েছিলেন। তিনি শুনে বলেন পরে জানাবো। এস. ইউ. সি. অবশ্য ছিলেন। সুতরাং আমি তাদের ডেকেছিলাম এবং আলোচনা করেছিলাম।

ওয়ার্ল্ড ব্যাঙ্কের কথা অতীশবাবু বললেন, তাঁর জানা উচিত যে প্ল্যানিং কমিশন কি বলছে? আমাদের তো টাকার জন্য সেখানে যেতে হয়। কালকে তো বক্তৃতা করার সময় বললেন, ইণ্টারন্যাল রিসোর্স না বাড়ানোর জন্য বেশী টাকা পাচ্ছি না। প্ল্যানিং কমিশন বলেছেন অন্যান্য জায়গায় (সংক্ষেপে বলতে হচ্ছে) ন্যাশন্যাল এ্যাভারেজ হচ্ছে ১০ পয়সা, আর আমার এখানে হচ্ছে—পশ্চিমবঙ্গে-৬ পয়সা, সিটির ক্ষেত্রে সাড়ে তিন পয়সা, চার পয়সা। ওঁরা বলছেন এত পরিমাণ ভর্তুকী আপনারা দেবেন কেন? কেন আপনারা ভাড়া বাড়াবেন না? প্ল্যানিং কমিশন বারবার এই কথা বলছেন। সে কথা তো উচ্চারণ করছেন না? সেটার সম্বন্ধে কথা বললেই অন্য কথার অবতারণা করছেন। এ বিষয়ে কোন সন্দেহই নেই যে, আমাদের পরিবহন ব্যবস্থা খুব ভাল নয়, তার উন্নতি করতে হবে, তার জন্য অন্যান্য পরিকল্পনাও গ্রহণ করা হচ্ছে। কিন্তু আমি একটা হিসাবের কথা বলছি। উনি বললেন এ্যাডমিনিষ্ট্রেটিভ উন্নতি করার কথা, কিন্তু কিভাবে করব, ওয়েলথ জেনারেট করে? এখানে আমাদের শুধু অপারেশন্যাল একস্পেনডিচার যা হচ্ছে তাতে লোকসান হচ্ছে। আমাদের প্রতি মাসে ২ কোটি ৪০ লক্ষ টাকা শুধু কলকাতার সি. এস.

টি. সি.-র জন্য খরচ হচ্ছে, আর রেভিনিউ ইনকাম হচ্ছে ১ কোটি ১৪ লক্ষ টাকা, তাও যদি তাদের ডিয়ারনেস ইত্যাদি না দিই। এক কোটি ১৬ লক্ষ টাকার মত ঘাটতি প্রতি মাসে। ডিয়ারনেস, পে-কমিশন, ইত্যাদির কথা বাদ। পে-কমিশনের সুপারিশ অনুযায়ী বেতন না দিলেও ১ কোটি ৩৫ লক্ষ টাকার মত ঘাটতি থাকে। কংগ্রেসীদের মত তো সবাই যুধিষ্ঠির হয়ে যায় নি, সমস্ত রকম ব্যবস্থা করলেও এক কোটি ঘাটতি থাকবে। আমি কলকাতায় কি ওয়েলথ জেনারেট করছি, যে নতুন নতুন বাস আনব? সেজন্য বলি, এটা হচ্ছে ষ্টিল কনটিনিউ টু বি এ সোস্যাল সার্ভিস। সেই দৃষ্টিভঙ্গী নিয়ে এটাকে চালাতে হবে এবং জনসাধারণের কাছে বলতে হবে যে, তাদেরও কিছু দায় ভার বহন করতে হবে। প্রাইভেট বাসের কথা বললেন, ঠিক কথা, শতকরা একান্ন ভাগ ষ্টেট বাস আমরা যদি বাইরে চালাবার চেষ্টা করি সেখানে পরিস্থিতিটা কি হবে? এই যে বইটা সরকার পক্ষ থেকে দেওয়া হয়েছে এটা একটু বিবেচনা করে দেখতে হবে। কত ভেকেনসি হল, আড়াই হাজার দরখাস্ত চেয়ে পাওয়া গেল সাড়ে তিন হাজার, ইন্টারভিউ ডাকা হল, ইন্টারভিউ ডেকে পাওয়া গেল মাত্র ৪০০ জন। বললাম সব পারমিট নাও, মাত্র ৮০ টার বেশী লোক পারমিট নিতে এল না। কাজেই এটা হচ্ছে কমনসেন্সের ব্যাপার। কাজেই কাণ্ডজ্ঞান যদি না হয় তাহলে এই কথা বাড়িয়ে কি লাভ? দিস ইজ দি কমনইকনমি। অত্যন্ত অসুবিধায় পড়ে গেছেন ওঁরা, প্রকৃতির নির্মম পরিহাসের কথা বলছিলেন, এখন দেখুন ইতিহাসের কি নির্মম পরিহাস, ট্রেনে পা দিলেই এখন এক টাকা রেট হয়ে গেল। এককালে বাসের ভাড়া ট্রেনের থেকে কিছু কম ছিল, ৮/১০ বছর আগেও কম ছিল। এখন প্রায় তিন গুণ বেড়ে গেছে। কাজেই বাসের উপর চাপ আসছে, একজন ডায়মণ্ড হারবার থেকে এলে কেন শিয়ালদা হয়ে আসবে? কাজেই একটু শেয়ার করতে হবে। এটা বাড়াতে হবে, যারা বাসে চাপে না তারা ভর্তুকীর শেয়ার নেবে, আর যারা দৈনন্দিন রুজি রোজগারের জন্য বাসে চাপবে তার শেয়ার নেবে না?

[3-40—4-15 P. M. including adjournment]

যাঁরা জীবনেও বাসে কোন দিন চাপেন নি, ভবিষ্যতেও বহু লোক এমন রয়েছেন যারা বাসে চাপবেন না তাঁরা ক্রমাগত ভর্তুকির টাকা গুনে যাবেন? যাঁরা বাসে চাপেন নি, চাপবেন না তাদের কাছ থেকে টাকা নিতে হবে? যাঁরা যাত্রীসাধারণ দিনের পর দিন রুজি রোজগারের জন্য যাতায়াত করেন তাঁরা শেয়ার নেবেন না? যাঁরা কোনদিন বাসে উঠলো না তাঁদের ঘাড়ে সব চাপাতে হবে? ভর্তুকী মানেটা কি? কাজেই মিলিয়ে নিতে বলুন। অন্যান্য রাজ্য থেকে আপনারা মিলিয়ে নিন। আমি এখানে ক্লেম করছি, এই বই-তে আছে। আপনারা আরও যদি ইনফর্মেশন চান দেবো। দিল্লীর কথা বলছেন? দিল্লীতে ৪ কিঃ মিঃ ৪০ পয়সা অর্থাৎ ১০ পয়সা করে পরে। আমাদের এখানে এ্যাভারেজ হচ্ছে ৩।, ৪, ৫ পয়সা করে—সেখানে দিল্লীতে ৪০ পয়সা। এ্যাভারেজ ৪ কিলো মিটারে কত ভাড়া? অনেকেই বললেন মাদ্রাজ এবং দিল্লী সহরে ২ কিঃ মিঃ ষ্টেজ আছে। ২ কিঃ মিঃ ষ্টেজ চলবে কলকাতা সহরে? কি করে কলকাতার ইতিহাস

গড়ে উঠেছিল ? দেশবিভাগের পরিকল্পনার মধ্যে দিয়ে পশ্চিমবাংলাকে কিভাবে সর্বনাশের পথে নিয়ে যাওয়া হোল ? এই ইতিহাস কি উল্লেখ করবার সময় এখনও আসেনি ?

কাজেই এটা বুঝতে হবে ২ কিঃ মিঃ-তে ৩০ পয়সা যদি হয় তাহলে ১৫ পয়সা করে পার কিলো মিটার পড়ে। আর এখানে হচ্ছে ৩॥, ৪, ৫ পয়সা পার কিলো মিটার। গত ৪।৫ বছরের মধ্যে ৪ বার দাম বেড়েছে। আমি শুধু হিসেবগুলি দিচ্ছি। আমার বক্তব্য ওঁরা পড়তে দিচ্ছেন না, যাঁরা শুনবেন না তাঁদের আর বলে লাভ নেই।

এখন জানিনা ওঁরা বলবেন কি না। আমার কাছে ওঁরা চিঠি লিখেছিলেন সুব্রতবাবুরা। বর্ধমানে ওঁদের একটি ইউনিয়ন আছে। তাঁরা সম্মিলিতভাবে একটি প্রস্তাব লিখে পাঠিয়েছিলেন, অবিলম্বে ভাড়া বৃদ্ধির প্রস্তাব করে সেই চিঠি আসে। আর এখানে এসে অন্য রকম বক্তৃতা করেন। সেই জন্য বলছি ১০ পয়সা বাড়ানো সত্ত্বেও সারা ভারতবর্ষের মধ্যে, অবশ্য আন্দামানের ব্যাপারটা বলতে পারছিনা, আমাদের রাজ্যেই কম। গোয়ার কথা উড়ে গেছে। এটা জেনে নেবেন পরে। জিনিষপত্রের দাম বৃদ্ধি তাদের বেতন বাড়াতেই হবে, কি করা যাবে ? ওরা বেতন বৃদ্ধি করতে মানা করছেন। সারা দেশের মানুষের জন্য ওঁদের দায়িত্ব গ্রহণ করতে হবে কিন্তু ওঁদের বেতন বাড়ান চলবেনা। আমি একথা বলতে পারিনা। এটা ওখানে গিয়ে বলুন। ৫৬১ পারসেন্ট পে এ্যাণ্ড এ্যালাউন্স খাতে বেড়েছে সিন্স ১৯৬২। কিন্তু কত পরিমাণ আপনারা বাড়িয়েছেন সেটা ভেবে দেখুন। কত পারসেন্ট ফুয়েল এ্যাণ্ড লুব্রিকেন্টের দাম বাড়িয়েছেন ? ৫৬৭.৫ পারসেন্ট লুব্রিকেন্টস এ্যাণ্ড ফুয়েলের দাম বাড়িয়েছেন। কষ্ট অফ টায়ার ৬০৭.৩ পারসেন্ট বাড়িয়েছেন। ৬১।৬২ সালে একটি সিঙ্গল ডেকারের দাম ছিল ৬৭ হাজার টাকা সেখানে বেড়ে হয়েছে ২ লক্ষ ৫৫ হাজার টাকা। আর ডাবল ডেকার ৬১।৬২ সালে ছিল ৭৮ হাজার টাকা, এখন হয়েছে এ্যারাউণ্ড ৮ লক্ষ টাকা। এগুলো আমরা বাড়াইনি, এটা কমন সেন্সের ব্যাপার। ফুয়েলের দাম আমরা বাড়াইনি। টায়ারের দাম আমরা বাড়াইনি এই গুলো কি আমরা বাড়িয়েছি ? বাসের চেসিসের দাম কি আমরা বাড়িয়েছি ? স্পেয়ার পার্টসের দাম কি আমরা বাড়িয়েছি ? ফুয়েলের দাম কি আমরা বাড়িয়েছি ? সমস্ত ভারতবর্ষের সমগ্র নিত্যপ্রয়োজনীয় জিনিষ পত্রের দাম কি আমরা বাড়িয়েছি ? আজকে এই যে রেলের ভাড়া বাড়লো, এর ফলে একটা চেন রিএ্যাকশান হবে এবং এর ফলে অনেক জিনিষ পত্রের দাম আরো বাড়বে। এর জন্য দায়ী কি আমরা হবো ? এর জন্য দায়ী হবেন ঐদিকে যাঁরা বসে আছেন ওঁরা আবার জনসাধারণের কথা বলতে আসেন। কনজিউমার প্রাইস ইনডেক্স বেড়ে যাওয়ার ফলে দ্রব্য মূল্য বৃদ্ধি হওয়ার ফলে আমাদেরও সেই অনুপাতে ডি. এ. ও মাইনে বাড়াতে হচ্ছে। কেন্দ্রের সংগ্রহ নীতির বিরুদ্ধে আমাদের সরকার ফাইট করে যাচ্ছে এবং করবে। পশ্চিমবাংলার এই সরকার এই ষড়যন্ত্রকে বরদাস্ত করবে না। আমাদের এই সরকার সমস্ত মানুষকে একমত করে এই কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে—যারা প্রতি বছর জিনিষপত্রের দাম বাড়িয়ে দিচ্ছে—তাদের বিরুদ্ধে সাংগঠনিক আন্দোলন গড়ে তুলবে। এই কথা বলে আমি অমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পীকার ঃ** এখন বিরতি, আবার হাউস শুরু হবে ৪টা ১৫ মিনিটে।

[ 4-15—4-25 P.M. ]

After Adjournment

## GOVERNMENT RESOLUTION

## Regarding the Growing Exodus of People from Assam to West Bengal

**Mr. Speaker .** Now the Chief Minister may move his resolution.

**শ্রীজ্যোতি বসু ঃ** মিঃ স্পীকার, আমি রুল ৬৯ এর এই প্রস্তাবটা উত্থাপন করছি। আমি আশা করব যে, মাননীয় সদস্যরা সবাই এক মত হয়ে প্রস্তাবটা গ্রহণ করতে পারব। এই প্রসঙ্গে বলি, প্রস্তাবটার ইংরাজীতে যে কপি দেওয়া হয়েছিল তার মধ্যে প্রিন্টিং এর মধ্যে কিছু এদিক ওদিক ভুল আছে। আমি সেটাকে কারেক্ট করে বলছি।

"Whereas this House notes with serious concern—

That there is a growing exodus of people from Assam to West Bengal ;

That there is a feeling of insecurity among a large number of people of Assam about their lives anb property ;

That reports of killing of hundreds of innocent men, weman and children of Assam and burning and loot of hundreds of villages have been continuously pouring in ;

That in many cases the police had to resort to firing resulting in many deaths ; and

That the administration of Assam Government has been put under unbearable strains ;

Therefore, this House urges upon the State Government to take up the matter with the Central Government for immediate and suitable steps to stop such inhuman killings and tortures in Assam and exodus of people from Assam into West Bengal ;

This House hopes that peace will prevail soon in Assam and Assam will continue to contribute to the progress of the nation as it has done in the past ; and

This House conveys its shock and heart felt sorrow to all bereaved families."

আমার খুববেশী কিছু বলার নেই। তবু এটুকু শুধু পুনরুল্লেখ করতে চাই যে, আসামে প্রায় ৩ বৎসর ধরে একটা বিচ্ছিন্নতাবাদ আন্দোলন চলছে এবং একটা অনৈক্যের আন্দোলন চলছে। এজন্য আমরা খুবই শংকিত। কারণ এসবের প্রতিফলন বিভিন্ন জায়গায় বিভিন্ন সময়ে দেখা দেয়। আমাদের মধ্যে রাজনৈতিক মতভেদ যাই থাকুক না কেন আমরা নিশ্চয়ই এটা মনে করি যে ভারতবর্ষকে এক রাখার প্রয়োজন আছে। যে প্রয়োজনের কথা বারেবারে কতকগুলি জায়গার মানুষ ভুলে যাচ্ছে। আমরা বিভিন্ন ভাষায় কথা বলি। এই বিভিন্নতার মধ্যেও আমরা হাজার বছর ধরে ঐক্যের কথা বলে এসেছি এবং আজও সেকথা বলি। আমরা ভুলে যাই যে আমরা সর্বোপরি ভারতীয়। আমরা বাঙালী, আসামবাসী, বিহারী, উত্তরপ্রদেশী বিভিন্ন জায়গায় বাস করতে ও বিভিন্ন ভাষায় কথা বলতে পারি, তথাপি মনে রাখতে হবে আমরা ভারতীয়। একথাটা অনেক সময় আমরা ভুলে যাই। আমরা যে ভারতীয়, এই বোধটা প্রতি নিয়তঃ আমাদের মধ্যে যদি না থাকে তাহলে এই ধরণের আন্দোলন স্থায়ী ভাবে সংগঠিত হতে পারে। একথা আমি সঠিক ভাবে বলতে পারি না, শুধু অনুমান করতে পারি, তবুও বলতে হয় যে, এরকম ঘটনাগুলির পেছনে বহির্শক্তির হস্তক্ষেপ আছে। আমি অবশ্য সে কথার মধ্যে যাচ্ছি না! কিন্তু আসামের ব্যাপারে বলব, ওখানে এটা নতুন কোন ঘটনা নয় , এটা আগেও হয়েছে, ৫০ ও ৬০ এর দশকেও আমরা এ ঘটনা দেখেছি। সে সময়ে এই ধরণের আন্দোলনের জন্য আজকে যেমন বলা হচ্ছে— বহিরাগত, ফরেনার ও বিদেশী শক্তি—আগেও সেকথা বলে সেখানে এমন আন্দোলন হতে দেখেছি। এই বিধানসভায় সেই সময়ে আমরা এবং সরকার পক্ষ একই সঙ্গে আন্দোলন করেছি এবং বক্তব্য রাখবার সুযোগ পেয়েছি এইটাই হচ্ছে আমার প্রথম কথা। আমার দ্বিতীয় কথা হচ্ছে আসামে নির্বাচন করা ছাড়া আর কোন উপায় ছিল না। অবশ্য উপায় ছিল রাষ্ট্রপতি শাসন করা যেত সেখানে। কিন্তু আমি জানি বলেই বলছি বহুবার বিভিন্ন দল নিয়ে আলোচনা হয়েছে এই ব্যাপার নিয়ে। অমরা এ ওকে দোষারোপ করতে পারি এবং আমাদের মতের পার্থক্য থাকতে পারে কিন্তু আমরা সকলেই জানি আমাদের সামনে ২টি মাত্র পথ আছে—এক হচ্ছে সংবিধানে যা আছে তাকে মানতে হবে এবং দ্বিতীয় হচ্ছে তা যদি না মানি তাহলে সংবিধানকে বদলাতে হবে। বিভিন্ন পার্টির সঙ্গে এই নিয়ে আলোচনা হয়েছে। অবশ্য তারমধ্যে কিছু পার্টি এই আন্দোলনকে মদত দিচ্ছেন এবং তারা বিচ্ছিন্নতাবাদীদের নির্বাচনে প্রতিবন্ধকতা সৃষ্টি করার জন্য তাদের উৎসাহিত করছেন। তারা কিন্তু এই ব্যাপারে সকলেই একমত যে সংবিধান বদলানো চলবে না। তাহলে এক্ষেত্রে কি করা যাবে ? কিছুই করা যাবে না। ৩ বছর এইভাবে চললো আর তো চলতে

দেওয়া সম্ভব নয়। আমরা তাই বামপন্থী দল ইন্দিরা কংগ্রেসী দলের সঙ্গে একমত হয়ে নির্বাচনের সিদ্ধান্ত নিয়েছিলাম কারণ আমরা মনে করি এ জিনিষ বেশীদিন চলতে দেওয়া যায় না। সেখানে কোন প্রতিনিধি থাকবে না, সেখানে কোন প্রতিনিধিত্ব মূলক সরকার থাকবে না এ হতে পারে না। এ জিনিষ যদি এখানে চলে তাহলে পরবর্তী কালে অন্যান্য জায়গায়ও চলতে পারে। সুতরাং নির্বাচন করতে দিতে হবে। ইলেকটোরেটদের ডেমোক্রেসিক প্রসেসে ভোট দেওয়ার অধিকার দিতে হবে। আমরা ঠিক করেছি নির্বাচন করতে দিতে হবে এবং তাদেরও অধিকার আছে নির্বাচন করতে দেবেন না। এক্ষেত্রে আমরা মানুষের কাছে আবেদন করেছি যে আপনারা ভোট দেবেন এবং এটা বলার আমাদের অধিকার আছে এবং তাঁদের অধিকার আছে নির্বাচন বন্ধ করার। কিন্তু তাই বলে যারা ভোট দিতে যাবেন তাদের বাধা দেবার অধিকার তাদের নেই। সে রকম কোন ডেমোক্রেটিক রাইট তাদের নেই। আমিও ভোট দেব না এবং আপনাকেও ভোট দিতে দেবনা এ জিনিষ হতে পারেনা। কিন্তু ওই খানে সেই জিনিষই চলছে। আন্দোলনকারীরা সেখানে বলছে যে আমরা ভোটে অংশগ্রহণ করবো না এবং ভোট দিতেও দেব না। দুঃভার্গ্যবশতঃ কিছু সর্বভারতীয় পার্টিও এই আন্দোলনকে সমর্থন করেছেন। তার ফল স্বরূপ যে নারকীয় ঘটনা হল তা কল্পনা করা যায় না। সেই ১৯৪৬ সালকে স্মরণ করিয়ে দেয়। যখন নারী-পুরুষ-শিশু কেউ বাদ যায় নি। সেখানে সেইরকম হত্যালীলা চলছে—ঘরকে ঘর, গ্রামকে গ্রাম, পুড়িয়ে দেওয়া হচ্ছে। সংবাদ পত্রে সব রিপোর্ট বেরুচ্ছে। আমরা জানি যে এতে পুলিশের একটা অংশ এই আন্দোলনের সঙ্গে জড়িত। কেন্দ্র থেকে সি. আর. পি. পাঠানো হয়েছিল। সেই পুলিশের উপর গুলি চালানো হয়েছে। তাদের গুলি করা হয়েছে। এইসব খবর বেরিয়েছে এগুলি তাদের এই আন্দোলন বেশ কিছু অঞ্চল জুড়ে সংগঠিত হচ্ছে। এখানে আইন শৃঙ্খলা বলে কিছু নেই। নাগরিকদের রক্ষা করার কোন ব্যবস্থা ছিল না। যা আমরা শুনেছি তাতে বেশ কিছু মানুষ ভোট দিতে গিয়েছিল এবং ভোট দিয়েওছেন। তবে ভোটের ব্যাপার নিয়ে আমি কিছু বলতে চাইছি না। কিন্তু এই ভোটের ফল হিসাবে যা ঘটলো তা অবর্ণনীয় এবং আমার কোন ভাষা নেই তা প্রকাশ করার। এই যদি সেখানে চলতে থাকে তাহলে ভারতবর্ষকে রুখবার কোন উপায় নেই।

[4-25—4-35 P.M.]

কাজেই এটা আমাদের একটা পবিত্র কর্তব্য। এটা আবেদন করি আসামবাসীর কাছে প্রত্যেকের কাছে যে ভাষাতেই আপনারা বলুন আপনাদের আবার এই সমস্ত ভুলে গিয়ে এক হয়ে দাঁড়াতে হবে। বিভিন্ন রাজনৈতিক মত থাকতে পারে, বিভিন্ন রকমের মতাবলম্বী মানুষ থাকতে পারে কিন্তু সেখানে বিচ্ছিন্নতা চলবে না, আমরা সবাই ভারতীয়। আমি ওর মধ্যে যাচ্ছি না কে নাগরিক, কে নাগরিক নয়, কার ভোট দেওয়ার অধিকার আছে। এগুলি সংবিধানের মধ্যে আছে, শুধু সংবিধান নয় আমরা প্রতিশ্রুতিবদ্ধ যারা পূর্ব পাকিস্তানে আছে তাদের যদি চলে আসতে হয়

তাহলে আমরা তাদের দেখব এবং ১৯৭১ সাল অবধি সেজন্য সার্কুলার ইত্যাদি আছে, সেটা আইনের কথা, সেটা তাঁরা ব্যাখ্যা করতে পারেন। সেজন্য প্রথম থেকে বলে এসেছি ১৯৭১ সালের পরে যাঁরা এসেছেন তাঁদের দেখুন, ট্রাইব্যুন্যাল করন, তাঁদের কে কোথায় থাকবেন কোথায় নেবেন তার ব্যবস্থা করুন। আড়াই বছর ধরে যখনই শ্রীমতী ইন্দিরা গান্ধী মিটিং ডেকেছেন তখনই আমরা এইসব কথা বলেছি। এটা এই প্রস্তাবের সঙ্গে সম্পর্কিত নয়, কিন্তু ঘটনা হিসাবে এটা বললাম। এখন আসামে নির্বাচন হয়ে গেছে, আমরা আশা করছি একটা সরকার নিশ্চয়ই হবে। কিন্তু মুস্কিল হচ্ছে আমাদের কাছে যেটুকু খবর এসেছে তাতে প্রায় ৪॥ হাজারের উপর আমাদের এখানে চলে এসেছে—আলিপুরদুয়ারে কিছু এসেছে, কুচবিহারে কিছু এসেছে। আমাদের কাছে খবর এসেছে যে বিভিন্ন স্টেশনে স্টেশনে হাজার হাজার মানুষ যাদের ঘর-বাড়ী পুড়ে গেছে আক্রান্ত হয়েছে তারা এসে আশ্রয় নিয়েছে। আমরা ইতিমধ্যে দিল্লীতে হোম ডিপার্টমেন্টের সঙ্গে যোগাযোগ করেছি, তাঁদের কাছে চিঠি পাঠিয়েছি, মেসেজ পাঠিয়েছি। আমরা আসামের সঙ্গে যোগাযোগ করেছি, সেখানকার এ্যাডভাইজার, চীফ সেক্রেটারির সঙ্গে যোগাযোগ করেছি আমাদের অফিসারদের দিয়ে। আমরা বলেছি এটা আপনারা বন্ধ করুন যাতে আমাদের কাছে না আসে। আমাদের ঘর-বাড়ী নেই, ওখানে ক্যাম্প করুন, এইসব করুন, তা না হলে অন্যান্য জায়গায় এইসব হবে। ভয়াবহ কাণ্ড সেখানে ঘটছে যার ভিত্তিতে এই প্রস্তাব গ্রহণ করতে হবে। আমরা আশা করব নির্বাচন হয়ে গেছে, অল্প দিনের মধ্যে ওখানে শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে আনা হবে, নাগরিকদের রক্ষা করা হবে। বিভিন্ন অংশের মানুষ বিভিন্ন অংশের মানুষের বিরুদ্ধে দাঁড়িয়ে গেছে, তাই সমস্যা জটিল। একদিনে সেই সমস্যার সমাধান হবে না আমি জানি কিন্তু শান্তি ফিরিয়ে আনতে হবে। এ্যাডমিনিষ্ট্রেসান যেটাকে বলে সেটাকে এমনভাবে করতে হবে যাতে নাগরিকরা রক্ষা পায়। পুলিশ বাহিনী যাতে ব্যবহৃত হয় তারজন্য ব্যবস্থা করতে হবে। আজ পশ্চিমবাংলায় এসেছে বলে এই প্রস্তাব আনছি না, এর সঙ্গে আমরা জড়িয়ে গেছি। আগে ১০/১১ হাজার এসেছিল তার মধ্যে ২/৩ হাজার থেকে গেছে, ক্যাম্প করে আমরা ওদের ওখানে রেখেছি। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে বলেছি যে ১॥ কোটি টাকা আমরা তাদের জন্য খরচ করেছি ; কিন্তু অল্প টাকা আমরা পেয়েছি। সেজন্য আগে থেকে আমরা বলেছি যে আমরা ডাক্তার, ওষুধ, শিশুদের জন্য দুধ পাঠাচ্ছি। আমাদের মন্ত্রী ননী বাবু সেখানে গিয়েছিলেন, ওঁর এলাকাও বটে, ঐ অঞ্চলটা ওঁর পরিচিত, উনি সেখানে ব্যবস্থা করছেন। সেখানে ক্যাম্প বোধ হয় আজকালের মধ্যে হয়ে যাবে। আমরা তাদের স্টেশন থেকে দূরে নিয়ে যেতে চাচ্ছি। কিন্তু হাজার হাজার ফ্যামিলি যদি আসতে থাকে তাহলে কি করে সামলাব ? সমস্ত মানুষ রোগের মধ্যে পড়বে। অনেকে ছেলে-পুলে নিয়ে এসেছে, কিছু আহত লোক এসেছে, আমরা তাদের চিকিৎসা করাচ্ছি। পশ্চিমবঙ্গ আর যাই হোক কখনও এইসব বিচ্ছিন্নতার দাঙ্গায় হাত দেয়নি, হিন্দু মুসলমান বিভিন্ন ভাষাভাষির মধ্যে এই রকম বিচ্ছিন্নতার লড়াই-এ হাত দেয়নি। সকলে যদি সাহায্য না করতেন তাহলে পশ্চিমবঙ্গকে এইভাবে রাখা যেত না। এখনও আমরা এই বিষয়ে মাথা উঁচু করে চলেছি। আমরা কয়েকজন

আলোচনা করে এই প্রস্তাব লিখেছি, আমরা আশা করব আসামবাসী এই ব্যাপারে সাহায্য করবেন এবং সেখানে শান্তি ফিরে আসবে। তাঁরাও প্রগতির জন্য আন্দোলন করেছেন স্বাধীনতার জন্য আন্দোলন করেছেন, আবার তাঁরা একই সারিতে আমাদের সঙ্গে এসে দাঁড়াবেন এটা শেষে বলেছি।

আজ সকালে অন্য আর একটা কারণে ভারতের অর্থমন্ত্রী শ্রীপ্রণব মুখার্জি ফোন করেছিলেন। আমি সেই সুযোগ নিয়ে তাঁকে বলেছিলাম যে আমরা তো আপনাকে পাচ্ছি না আর প্রধান মন্ত্রীকেও পাচ্ছি না। আমরা যে আসামের ব্যাপারে আপনাদের এবং আসাম সরকারকে মেসেজ দিয়েছিলাম, আপনি সে সম্বন্ধে কিছু জানেন কি ? তিনি বল্লেন হ্যাঁ, আমরা মেসেজ পেয়েছি। আমরা চেষ্টা করছি আর যাতে না যায় এবং এ ব্যাপারে আমরা আসামে কনট্যাক্ট করেছি'। শুধু তাই নয়, রেল ষ্টেশনে সব জমায়েত হয়েছে। তার ফলে রেলের চালক গার্ড সব কোথায় পালিয়ে গেছে। এইভাবে সব চলছে—এবং আর যাতে না আসে তার জন্য আমরা বলেছি। এই কাজগুলি আমরা করেছি। শ্রীমতী ইন্দিরা গান্ধী তিনি নিজে গিয়েছেন। কি ভয়াবহ অবস্থা তিনি দেখে এসেছেন। আমি আশা করবো কেন্দ্রই এই সমস্যার সমাধান করবেন। এবং আগামী দিনে যে সব সমস্যার কথা হয়ে আসছে তার সমাধান হয়ে যাবে। তাঁরা সেখানকার আইন শৃঙ্খলা ফিরিয়ে আনবেন। তার পর আলোচনা চলবে যে সব জিনিষ সমাধান হয় নি সেগুলি সমাধান হবে। এই কথা বলে আমি যে প্রস্তাব এখানে উত্থাপন করেছি সেটা সকলেই গ্রহণ করবেন।

**শ্রীআবদুস সাত্তার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখ্য মন্ত্রী যে প্রস্তাব এই হাউসে নিয়ে এসেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। এবং এই প্রস্তাবের পরে তিনি যে বক্তব্য পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। তিনি এই বক্তব্য আন্তরিকতার সঙ্গেই রেখেছেন। এই অবস্থা চলছে, এতে বিচ্ছিন্নতাবাদী প্রকটভাবে দেখা দিতে পারে। আমরা সকলেই সে যে দলই হোক না কেন, যে বিভিন্ন ধরণেরই হোক না কেন—কিন্তু আমরা সকলেই ভারতবাসী একথা আমাদের মনে রাখতে হবে। আসামে যে ঘটনা ঘটলো তার পিছনে কিছু আসামবাসী আছে, সকল আসামবাসী এর মধ্যে জড়িত নয়। আর উনি যে কথা বলেছেন যে এর পিছনে যে বাইরের শক্তি আছে সে কথা ঠিক। তা নাহলে তারা ঐসব সফিসটিকেটেড আর্মস কোথা থেকে পাবে। আরও মনে হয় একটা সর্বদলীয় দলও এর মধ্যে আছে। যে ঘটনা ঘটেছে তা ভারতের ইতিহাসে একটা কলঙ্কময় অধ্যায়। আমাদের সংবিধানকে মানতে হবে। সংবিধানে আছে ভারতের যে কোন মানুষ যে কোন জায়গায় গিয়ে বসবাস করতে পারে এবং সেই অধিকার প্রত্যেকের আছে। সুতরাং সেটা যদি হয় তাহলে আমি বুঝতে পারছি না আসামের কিছু মানুষ এই সংবিধানের বিরুদ্ধে কাজে কেন লিপ্ত আছে। এটা আজকে আমাদের পশ্চিম-বাংলাবাসীর গর্ব যে এখানে শাসনে যেই থাকুক না কেন সে সি পি এম হোক আর কংগ্রেস হোক,

এ জিনিস কখনও ঘটে নি। কলকাতায় আজকে শতকরা ৬০।৭০ ভাগ লোক বাস করে যারা এদেশের লোক নন এবং যুগ যুগ ধরে বাস করছে। আমরা আজকে তাদের সঙ্গে এক হয়ে পড়েছি। হয়তো কোন কোন সময় কিছু কিছু সাম্প্রদায়িক হাঙ্গামা—কোরবানীর সময়—বা কোন সময় হয়। কিন্তু সেটা কিছুই নয়। আজকে আসামে যে জিনিস ঘটছে তা চিন্তাও করা যায়। পুলিশ মিলিটারী দিয়ে এই সমস্ত জিনিস সমাধান করা যায় না।

[4-35—4-45 P.M.]

আমার মনে হয় এই জিনিস করা হয়েছে। পুলিশ, সি. আর. পি., মিলিটারি পর্যন্ত সেখানে গেছে। মানুষ যদি শান্তি রক্ষায় এগিয়ে না আসে, মানুষের মনোভাবের পরিবর্তন যদি না হয়, কিছু বিচ্ছিন্নতাবাদী মানুষ সেখানে যে আছে তাদের মনের পরিবর্তন যদি না হয় তাহলে এই শান্তি ফিরে আসতে পারে না। আজকে আসামবসীদের কাছে আমাদের অনুরোধ আপনাদের মধ্যে যে অংশ আগুন নিয়ে খেলা করছেন তাতে কেবল আসামই পুড়বে না, ভারতবর্ষের অন্যান্য রাজ্যেও এই আগুন ছড়িয়ে পড়তে পারে। এতে ভারতেরই ক্ষতি হবে। কারণ প্রত্যেক প্রদেশ যদি আজকে বিচ্ছিন্ন হয়ে যায় তাহলে আমরা সকলেই দুর্বল হয়ে পড়ব। তাই আমাদের প্রধানমন্ত্রী বারে বারে এই বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে বলছেন। আজ পাঞ্জাবে আকালি দল খালিস্থান প্রতিষ্ঠা করবার জন্য আওয়াজ তুলছেন। এই আওয়াজকে যদি আজ প্রশ্রয় দেওয়া হয় কিম্বা এর কাছে যদি আত্মসমর্পণ করা হয় তাহলে আমার মনে হয় এটা চারিদিকে ছড়িয়ে পড়বে। আজকে আমাদের অখণ্ড ভারত দরকার এবং আমাদের পরিচয় আমরা ভারতীয়। এই ভারতকে শক্তিশালী করতে হবে। কখন কি হয় বলা যায় না, সেই জন্য আমরা বাহিরের অন্যান্য দেশের সঙ্গে বন্ধুত্ব রাখার চেষ্টা করছি তবে বাহিরের থেকে বিশেষ করে যেভাবে আমেরিকা থেকে অস্ত্র সংগ্রহ করা হচ্ছে তার ফলে আমাদের অনেক বিপদের কারণ হয়ে দাঁড়িয়েছে। চারিদিকে এখন বিপদ, তারই মাঝখানে আমরা রয়েছি। আমি জানি না ওরা কোথা থেকে আর্মস পাচ্ছে। এই সব ফরেন আর্মস কোথা থেকে পাচ্ছে সেটা আমরা জানি না। আসামের লোকেরা চাঁদা দিয়ে এই সব সংগ্রহ করেছে, তা কখন হতে পারে না। সফিসটিকেটেড আর্মস, টাকা পয়সা ইত্যাদি এত পাচ্ছে আন্দোলন করার জন্য—এমন কি কিছু কিছু কর্মচারী এর মধ্যে জড়িয়ে পড়েছে এবং তারা চাকরি ছেড়ে দিচ্ছে। মানুষের চাকরির প্রশ্নে সে আর কিছু করে না, কিন্তু আসামে আমরা দেখছি চাকরি পর্যন্ত ছেড়ে দিচ্ছে। কেন ছাড়ছে? নিশ্চয় এমন কোন জায়গা থেকে কিছু একটা পাচ্ছে, যার ফলে চাকরি পর্যন্ত ছেড়ে দিতেও দ্বিধাবোধ করছে না। আজকে তাই যে রেজলিউসান নিয়ে আসা হয়েছে একে আমরা সকলেই সর্বান্তঃকরণে সমর্থন করছি। কেন্দ্রীয় সরকার ব্যবস্থা অবলম্বন করেছেন, কিন্তু তবুও আমরা পশ্চিমবাংলার তরফ থেকে তাদের কাছে অনুরোধ করছি—কারণ এই ব্যাপারে আলোচনা করার আমাদের কোন অধিকার নেই। কিন্তু আসামের সঙ্গে আমরা জড়িয়ে পড়েছি বলেই এই প্রস্তাব নিয়ে আসতে হয়েছে। এই এক্সডাসের

ব্যাপারে মুখ্যমন্ত্রীর সঙ্গে আমরা একমত। মুখ্যমন্ত্রীর কাছে জানতে পারলাম ৫ হাজারের মত মানুষ এখানে চলে এসেছেন। ওদের খাওয়ানো, থাকার দায়িত্ব নিশ্চয় আমাদের আছে। আমাদের দায়িত্ব কেন্দ্রেরও বহন নিশ্চয় করতে হবে। আমরা মুখ্যমন্ত্রীর সঙ্গে একমত যে এই দায়িত্ব কেন্দ্রের বহন করা উচিত। আমাদের উপর অনেক বোঝা চেপে বসে আছে। সেই বোঝাই আমরা সামলাতে পারছি না। পশ্চিমবাংলায় এমনিতেই আমাদের অর্থনৈতিক সংকট চলছে। তার ফলে ডেভেলাপমেণ্টের কাজ কিছু করতে পারছি না। এর পরেও আবার এই এক্সডাস এলে মানবিকতার দিক থেকে নিশ্চয় থাকা খাওয়ার ব্যবস্থা করতে হবে। কিন্তু আমি আশা করব এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার নিশ্চয় এগিয়ে আসবেন। গতকাল আমাদের ডাঃ জয়নাল আবেদিন দলমত নির্বিশেষে পিস মার্চের কথা বলেছেন। সেটা আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বিবেচনা করার জন্য বলছি। দরকার হয় সমস্ত পার্টি মিলে আমরা পিস মার্চ করব যাতে আসামে শান্তি ফিরে আসে। দুষ্কৃতকারীরা এমন একটা পর্যায়ে নেমে এসেছে যে শিশু এবং তার মাকে পর্যন্ত ছাড়ছে না। শিশু এবং তার মা একসঙ্গে মরে পড়ে আছে। ফটো দেখে আমরা ভাবছিলাম মানুষ যে কত নিষ্ঠুর হতে পারে সেটা কল্পনাও করা যায় না। আমরা এই রকম অনেক দৃশ্য দেখেছি। সত্যিকারে এর একটা কিছু হওয়া দরকার আছে, তা নাহলে দেশ ধ্বংস হয়ে যাবে। এতে কেবল শুধু আসামই ধ্বংস হবে না, ভারতবর্ষের অন্যান্য জায়গায়ও এই জিনিস মাথা চাড়া দিয়ে উঠবে। মাননীয় মুখ্যমন্ত্রী ঠিকই বলেছেন ১৯৪৭ সালের পর এই জিনিস পাঞ্জাবে হয়েছে, কলকাতার বুকে হয়েছিল, আরো অনেক জায়গায় হয়েছিল। কাজেই সেই সিন, সেই ষ্টেজ, সেই ঘটনার পুনরাবৃত্তি যাতে আর কোথাও না ঘটে সেদিকে আমাদের সকলকে সজাগ দৃষ্টি দিতে হবে। এই কথা বলে মাননীয় মুখ্যমন্ত্রীর প্রস্তাবকে সর্বান্তঃকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিমলানন্দ মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে প্রস্তাব রেখেছেন তাকে পরিপূর্ণভাবে সমর্থন করছি। আমাদের প্রস্তাবের মুখ্য লক্ষ হচ্ছে, যে অমানুষিক অত্যাচার হয়েছে, শত শত মানুষ, শিশু, বৃদ্ধ, বৃদ্ধা মারা গিয়েছেন, ঘরবাড়িতে আগুন লাগানো হয়েছে, সম্পত্তি নষ্ট হয়েছে সেটা যে কোন মানুষের কাছেই দুঃখজনক। এর যাতে পুনরাবৃত্তি না ঘটে সেটা সকল মানুষই চাইবেন। এখন আমরা নিশ্চয় চাইবো যে আসামে যে ঘটনা ঘটলো তার জের অন্যত্র গিয়ে যেন না পড়ে। দুদিক থেকে এটা দেখতে হবে। একটা দিক হ'ল, এই ধরনের ঘটনার প্রতিক্রিয়ায় অন্য জায়গায় যেন এই ধরনের ঘটনা না ঘটে সে সম্পর্কে সতর্ক থাকা দরকার। পশ্চিমবাংলায় এই চেষ্টা হতে পারে। আমরা আগেও দেখেছি এই চেষ্টা হয়েছে এবং সেটা ব্যর্থ করা সম্ভব হয়েছে। পশ্চিমবাংলার গনতান্ত্রিক আন্দোলনের ফলে এবং এখানকার ঐতিহ্যের জন্য সেই সংকীর্নতাবাদ ও সাম্প্রদায়িক উস্কানি ব্যর্থ করে দেওয়া সম্ভব হয়েছে। অন্য দিক হ'ল, হাজার হাজার উদ্বাস্তু যদি এই ভাবে আসতে থাকে তাহলে সে দিকটাও আমাদের

চিন্তা করতে হবে। এর আগে আমরা দেখেছি, ভারত ভাগের সময় থেকে আরম্ভ করে যখনই কোন জায়গায় কোন আন্দোলন বা সাম্প্রদায়িকতা বা প্রাদেশিকতার প্রভাব দেখা গিয়েছে তখনই তার চাপ এসে পড়েছে পশ্চিমবাংলার উপর। এখানে মানুষরা এসেছেন নিরুপায় হয়ে। অনেক সময় পশ্চিমবাংলা সরকারবাধ্য হয়েছেন মানবিকতার দিক থেকে তাদের আশ্রয় দিতে এবং সাহায্য দিতে। এটার পুনরাবৃত্তি যাতে না ঘটে এই প্রস্তাবে সেকথা বলা হয়েছে এবং কেন্দ্রীয় সরকারকে এই দায়িত্ব নিতে বলা হয়েছে। একটা কথা আমাদের ভাবা দরকার যে উত্তর পূর্ব সীমান্তের ঠিক এই জায়গায় ঘটনাগুলি ঘটছে কেন। ভারতবর্ষের উত্তর পূর্বে এবং আসামের পশ্চিম দিকে অন্য দেশ রয়েছে এবং এরকম একটা জায়গায় যে গণ্ডোগোল তৈরী করা হচ্ছে এরকম খবরও আছে। এই বিধানসভায় এর আগেও এ নিয়ে আলোচনা হয়েছে এবং তখন নানান রকমের উস্কানিমূলক ইস্তাহার এখানে আমরা হাজির করেছি। এখন এরজন্য কে বা কারা দায়ী সেটা খুঁজে বার করা দরকার। এই দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। এক আসামই আমরা দেখছি কয়েকটি রাজ্যে ভাগ হয়ে গিয়েছে—মিজোরাম, মেঘালয়, অরুনাচল। এই করতে করতে আসাম টুকরো টুকরো হয়ে যাচ্ছে। বর্তমানে আসামে অহমতাই, উদয়াচল, পশ্চিমবঙ্গে উত্তর খণ্ডের দাবী এবং আরো কিছু কিছু ছোটখাট রাজ্যের দাবী নানান সময় উঠছে। প্রশ্নটা সারা ভারতবর্ষের মানুষের কাছে একদিক দিয়ে দেখা দিয়েছে এবং অন্য দিক দিয়ে আসাম-বাসীর কাছেও প্রশ্নটা দেখা দিয়েছে। আসাম ভাগ হতে হতে আজকে এই রাজ্যটা কোথায় গিয়ে দাঁড়াবে? দেশ ভাগের সময় সিলেট টা এ দেশ থেকে চলে গেল যেটা আসামে থাকতে পারতো। এর জের কোথায় নিয়ে যাবে? টুকরো টুকরো হতে হতে আসাম কোথায় গিয়ে দাঁড়াবে এটা আসামবাসীদের ভাবা দরকার।

আসামবাসী বলতে আমি শুধু অসমিয়া ভাষাভাষিদের কথা ভাবিনা। সেখানে বাংলাভাষীর বাঙ্গালীরা আছেন, মুসলমান আছেন, ভিন্ন ধর্মের নানান উপজাতি আছেন, নেপালী ভাষী আছেন, গারো, মিশর, বোরো, কাছাড়ী ইত্যাদি এই ধরণের অনেক জাতি, উপজাতি আছেন, পার্বত্য জাতি, সমতলকূলের উপজাতি এবং আরো নানান ধরণের জাতি আছেন এবং তারা এক সময়ে মিলেমিশে সেখানে থাকতেন। কিন্তু নানা সমস্যা তাদের ছিল। নাগাল্যাণ্ড যখন আলাদা হল তখন আমরা বলতে শুনেছি, তারা একথা বলতো যে তোমরা, সভ্য মানুষরা আমাদের মানুষ হিসাবে গ্রহণ করেনা, আমাদের ঘৃণা করে। আমরা নাগা বলে আমাদের তোমরা নাঙ্গা বল। আমাদের এখানে ভারতবাসী বলতে আমরা দেখি কিছু ব্যবসায়ীকুল যারা আমাদের ঠকিয়ে নিয়ে যায়। আর দেখি সামরিক বাহিনী যারা আমাদের উপর অত্যাচার করে। আর যারা প্রশাসনিক অফিসার আছেন তারা আমাদের অবহেলা করেন, আমাদের সঙ্গে কোন সম্পর্ক রাখেন না। সুতরাং আমাদের সঙ্গে তোমাদের সম্পর্ক কি? এ থেকে একটা মনোভাব তৈরী হয় যে আমাদের তোমরা ছোট করে রাখছো। অতএব আমরা এখানে স্বতন্ত্র থাকবো, আমরা এখানে আলাদা থাকবো—এই প্ররনতার সৃষ্টি হয়ে যায় এবং সেখানে এই ঘটনা হতে হতে আসাম নানা ভাবে টুকরো টুকরো হয়ে গেল। সেখানে সকলে ভাবছে যে আমরা আলাদা ভাবে থাকলে

বুঝি আমাদের সমস্যা সমাধান হবে এবং এর পিছনে চক্রান্ততো রয়েছেই এবং বিশেষ করে ভৌগলিক দিক থেকে এই জায়গাটা সাম্রাজ্যবাদীদের পক্ষে সুবিধাজনক। এখানে যদি গণ্ডগোল পাকিয়ে রাখতে পারে তাহলে ভারতবর্ষের স্বাধীনতা ও সার্বভৌমত্ব বিপন্ন হতে পারে। সে কারণে এই সমস্ত কুচক্রীরা সেখানে রয়েছে। কাজেই এই সময়ে এই সব চিন্তা করে আমাদের শান্ত ভাবে ভাবা দরকার এবং আসামবাসীদের সাহায্য করা দরকার। সেখানে প্রাদেশিকতা, সাম্প্রদায়িকতা ক্রমাগত বাড়তে থাকলে সেটা আসামবাসীদের ক্ষেত্রে মঙ্গল নয়। সেখানে বাঙ্গালী হোক, অসমিয়া হোক, নেপালি হোক, বিভিন্ন উপজাতি হোক না কেন, তাদের সকলের পক্ষে মঙ্গল হচ্ছে ঐক্যবদ্ধ থাকা। আমরা আসামের দীর্ঘ ইতিহাস জানি, সেখানের সংগ্রামের ঐতিহ্য জানি। সেখানে স্বাধীনতা সংগ্রামের অনেক বীর সন্তান জন্ম গ্রহণ করেছেন। আমরা আশা করবো যে সেই আসাম, যে আসাম ঐক্যবদ্ধ ভাবে চলেছে, ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সঙ্গে একসাথে চলেছে, প্রতিটি সম্প্রদায়ের বিভিন্ন ভাষাভাষী একসঙ্গে চলেছে, তাদের উন্নতি কামনা করবো এবং আমরা চাইবো যে তারা সকলকে প্রতিবেশী হিসাবে গ্রহন করে এবং সেই ভাবে চলেন। আজকে সেখানে যে অবস্থার সৃষ্টি হয়েছে, এই তিক্ততা দূর করার জন্য কেন্দ্রর সতর্ক থাকা প্রয়োজন। জোর করে কিছু না করা। নির্বাচনের সময়ে যে তিক্ততার সৃষ্টি হল, অত্যন্ত ধীর পদক্ষেপে যদি অগ্রসর না হওয়া যায়, মানুষকে যদি শান্তি ঐক্যের প্রয়োজনীয়তা না বোঝান যায় তাহলে ক্ষতি হয়ে যাবে। সুতরাং এটা আশা করবো যে কেন্দ্রীয় সরকার সেখানকার মানুষের সাহায্য এবং সহযোগিতা গ্রহণ করবেন এবং নূতন যে সরকারই হোন না কেন তারা খুব শান্ত ভাবে চলবেন, সেখানকার মানুষের মনের অবস্থা ফিরিয়ে আনার চেষ্টা করবেন। গনতান্ত্রিক দলগুলি আশা করবো সেই দিকের পা বাড়াবেন অবশ্য তারা সেই ভাবেই কাজ করে থাকেন। ভারতবর্ষের গনতান্ত্রিক মানুষের সঙ্গে সম্পর্ক রেখে তারা চলবেন। সারা ভারতবর্ষের গনতান্ত্রিক মানুষের সাহায্য এবং সহযোগিতা তারা পাবেন। এই কথা বলে প্রস্তাবকে আর একবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-45—4-55 P.M.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় জ্যোতি বসু বিধান সভায় মুখ্যমন্ত্রী হিসাবে যে প্রস্তাব উত্থাপন করেছেন এবং যে বক্তব্য রেখেছেন, আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখতে চাই। বিধান সভার বিরোধী দলের নেতা এই প্রস্তাবকে সমর্থন করেছেন। কারণ প্রস্তাবটি হাউসের নেতা সকলের সঙ্গে পরামর্শ করে রচনা করেছেন। কাজেই তার এই ঔদার্য্যতা নিশ্চয়ই স্বীকার্য। এই প্রসঙ্গে আমি এই কথা বলতে চাই যে স্বাধীনতার পরে ভারতবর্ষে আমার মৌলিক ৩টি বিষয়ে সফল হতে পেরেছি।

এক নং হচ্ছে, আমরা স্বাধীনতার পর গণতন্ত্রের ব্যাপকতর ঐক্যকে এবং সহযোগিতার ভিত্তিকে সফল করতে পেরেছি। দু' নং হচ্ছে, জাতীয় সংহতি এবং রাষ্ট্রের ঐক্যভাবকে প্ররোচনা, অনেক রকম প্ররোচনার বিরুদ্ধে শক্তিশালী করতে পেরেছি। তিন নং হচ্ছে, সাম্প্রদায়িক সম্প্রীতি এবং চেতনাকে দৃঢ় ও বৃহৎ রূপ দিতে পেরেছি। এই তিনটি জিনিষ সফল হয়েছে। এক কথায় প্রগতিশীল ও ব্যাপক শক্তিশালী বোঝাপড়ার ভিত্তিতেই এই তিনটি কাজ সম্পূর্ণ হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু আসাম বিভীষিকাময় হয়েছে, তাই নয়। সমগ্র দেশে আজকে জাত-পাত সাম্প্রদায়িক সংঘাত, বিভিন্ন রকমের সমস্যা, উপদ্রব অত্যাচার মাথা-চাড়া দিয়েছে। আজকে আমাদের জাতীয় ঐক্য, জাতীয় মূল্যবোধ—আমরা যে প্রথমে ভারতীয়, ফার্ষ্ট উই আর ইণ্ডিয়ান এ্যাণ্ড সেকেণ্ড উই আর এর্ভিথিং, এই বোধ-কে আঘাত করেছে। সুতরাং আজকে এটা ঠাণ্ডা মাথায় বিবেচনা করার সময় এসেছে।

আজকে সব চেয়ে বড় বেদনার দিক হচ্ছে আসামের মর্মান্তিক ঘটনা সারা দেশে অন্ধকার নামিয়ে এনেছে। অন্ধকার নামিয়ে এনেছে সভ্য জগতের ওপর, সভ্য জাতির ওপর, সভ্য সমাজের ওপর। আজকে আমরা বুঝতে পারছি না, যে আসাম হ্যাজ্ কনট্রিবিউটেড ইকুয়ালি টু দি স্ট্রাগেল ফর ফ্রিডম অফ্ ইণ্ডিয়া, আজকে সেই একই জাতি, একই মানুষ, অন্য ভাষা বললেও আজকে সামান্য কিছু প্ররোচনার জন্য নিধন যজ্ঞে মেতে উঠেছে! আজকে তারা সমগ্র ভারতের সংহতি এবং ঐক্যকে আঘাত করেছে। এবিষয়ে এখানে মাননীয় মুখ্যমন্ত্রী আলোকপাত করেছেন। আমি এবিষয়ে তার সঙ্গে এক মত। তিনি গহপুর এবং নেলির ঘটনার প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করেছেন। ঐসমস্ত ঘটনার কথা শুধু ঘৃণার কথা বা দুঃখের কথা নয়, তার চেয়েও বেশী কিছু, ঐ মর্মান্তিক ঘটনা ব্যক্ত করবার কোন ভাষা নেই। মাননীয় মুখ্যমন্ত্রী '৪৬ সালের কথা বললেন। আমি সেই সঙ্গে বলব যে, আমাদের ১৯৭১ সালের বাংলা দেশের ঘটনাবলি দেখবার কিছু সুযোগ হয়েছিল। কিন্তু আজকে আসামে তার চেয়েও মর্মান্তিক ঘটনা, তার চেয়েও বড় ঘটনা সংঘটিত হতে চলেছে। ঠাণ্ডা মাথায় প্ররোচনা এবং উত্তেজনার বাইরে গিয়ে সমস্ত কিছু বিবেচনা করতে হবে। আমরা মনে করি সংবিধান মেনে, আইন মেনে নিয়মের মধ্যে দিয়েই আসাম সমস্যার সমাধান করতে হবে। আসাম ভারতের অবিচ্ছেদ্দ অঙ্গ, তাকে কোন ভাষাভাষী বা জাতি ধর্মের আড়ালে রাখা চলবে না। দেশের স্বাধীনতা সংগ্রামে ওদের যে গৌরবের ভূমিকা তা স্বীকার করতেই হবে। রেষ্ট অফ্ ইণ্ডিয়ার সঙ্গে, অবশিষ্ট ভারতের সঙ্গে বৃটিশ নিধনে—স্বাধীনতা সংগ্রামে—তাদেরও যে গৌরবের ভূমিকা রয়েছে তাকে স্বীকার করে নিতে হবে। আমরা গর্বের সঙ্গে, শ্রদ্ধার সঙ্গে তাদের সেই আবেদন স্বীকার করি।

আজকে বিমলানন্দ-বাবু যেকথা বললেন যে, ওদের অর্থনৈতিক অনগ্রসরতা আছে বা ওদের মধ্যে কালচার বা সংস্কৃতি অবলুপ্তির ভয় দেখা দিয়েছে। নিশ্চয়ই আজকে সে সম্বন্ধে সমগ্র জাতিকে ঠাণ্ডা মাথায় ওদের এ্যাসিউরেন্স দেবার সময় এসেছে। তাদের বোঝাতে হবে যে, কোন

ভাবেই তোমাদের সংস্কৃতি বিলুপ্ত হবে না এবং অর্থনৈতিক অনগ্রসরতা শুধু আসামেই নেই—বোধ করি কেন্দ্রীয় সরকারের নীতির ফলে শুধু আসামেই নয় এন্টায়ার ইষ্টার্ন রিজিওনে পিছিয়ে আছে, এই অনগ্রসরতা দূর করতে হবে এবং আমরা সকলেই এবিষয়ে এক মত। এর ফলেই হিন্দু মুসলমানের ব্যপকতর ঐক্য হতে পারে। বিশ্ব কবি বলেগেছেন,

"হিন্দু বৌদ্ধ শিখ জৈন পারসিক মুসলমান খৃষ্টানী
পূরব পশ্চিম আসে তব সিংহাসন পাশে,
প্রেমহার হয় গাঁথা।"

আজকে ঐক্যকে ব্যাপকতর করবার জন্য, যাতে ঐক্য কোনভাবে দুর্বল না হয়ে যায় তার জন্য সকলকে সজাগ এবং সচেতন হতে হবে। একে যারা আঘাত করবে তারা শুধু দেশের শত্রু নয়, সমগ্র মানব জাতির শত্রু।

মাননীয় মুখ্যমন্ত্রী এখানে বিদেশীদের সম্বন্ধে একটা ইঙ্গিত দিয়েছেন এবং বিরোধী দলের নেতাও সে সম্বন্ধে কিছু বললেন। এবিষয়ে খুঁজে বার করতে হবে। বিদেশীই হোক আর দেশীই হোক কোন্ রিসোর্স, কোন উস্কানির ইনসপিরেসন এই আন্দোলনকে তিন বছর জিইয়ে রেখেছে সেটা উদ্ঘাটন করতে হবে। যারা স্বাধীনতা আন্দোলনের বিরোধিতা করেছিল তাদের চেয়েও ঘৃণ্য এরা যারা স্বাধীন দেশকে নষ্ট করতে চলেছে। তাই আজকে এদের অধিকতর ঘৃণা করতে চাইছি।

[4-55—5-05 P.M.]

এ বিষয়ে ভারতের প্রধানমন্ত্রী নির্বাচন ঘোষণা করে যে দৃঢ়তর পরিচয় দিয়েছেন—কারণ তার কোন অলটারনেটিভ ছিল না—এবং শ্রীজ্যোতি বসু পলিট ব্যুরোর সদস্য হিসাবে বামপন্থীদের সঙ্গে নিয়ে এই নির্বাচনে যে অবতীর্ণ হয়েছেন—ফল যাই হোক—ইলেকসানে যে অংশ গ্রহন করেছেন তারজন্য আন্তরিকভাবে অভিনন্দন জানাচ্ছি। যারা এই নির্বাচনকে বয়কট করেছেন মূলতঃ তাঁরা বৃহত ক্ষতি করেছেন। আজকে সামান্য কিছু মানুষ যারা বয়কট করেছে তারা ভারত সরকারের সঙ্গে একই টেবিলে আলোচনা করেছে এবং নিজেদের ভেবেছে যে তারা সমান সমান এবং তাদের এই চেতনাকে প্রশ্রয় দিয়েছেন যে সমস্ত জাতীয় দলগুলি তাদের প্রশংসা করতে পারি না। বিজ্ঞচিত কাজ করেনি। আজকে আমি তাদের আঘাত আনতে চাই না, শুধু সবিনয়ে নিবেদন করতে চাই, এই সময়ে বয়কটের যে সিদ্ধান্ত এটা প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে এই ভ্রমকে উৎসাহিত করেছে। এটা বোধ হয় কোন ন্যাশনাল পার্টির বিজ্ঞচিত কাজ হয়নি। এই নির্বাচনে আমরা পরাজিত হয়েছি, বামপন্থী দলও পরাজিত হয়েছে। তবু ও বামপন্থী পলিট ব্যুরো এই নির্বাচনে অংশ গ্রহন করেছে। সেইজন্য আমি আন্তরিকভাবে সকলকে অভিনন্দন জানাচ্ছি এবং আশা করছি সাংবিধানিক ক্ষমতায়, আইনের পথে এবং সকলের সহযোগিতায়

তাদের শুভবুদ্ধি ফিরে আসবে। আমি কালকে মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে এই ব্যাপারে ব্যক্তিগত-ভাবে দেখা করি এবং বিরোধী দলের শ্রদ্ধেয় নেতা যে কথাগুলি উল্লেখ করলেন সেটা সম্ভব হবে কিনা—আপনি এই হাউসের নেতা তথা পশ্চিমবাংলার নেতা—ভারতবর্ষের সবাইকে নিয়ে যারা দাঙ্গায় লিপ্ত আছে তাদের কন্‌সেন্স, বিবেকের শুভবুদ্ধি উদ্রেকের জন্য পিস্ মার্চ করা যায় কিনা এই কথাটা ভাববার জন্য অনুরোধ করছি। আমাদের অন্যান্য বিষয়ে ভয়ঙ্কর মত-বিরোধ থাকলেও এ বিষয়ে আমরা একমত। আজকে যারা দুর্গত তার আজ সহানুভূতি চায়। তাদের এই ত্রাণ ব্যবস্থার জন্য সকলে মিলে বসে কিভাবে এই দুর্গত মানুষদের হেল্প করা যায়, ত্রাণ এবং পুর্নবাসন ব্যবস্থা যাতে ত্বরান্বিত হয় তারজন্য মাননীয় মুখ্যমন্ত্রীর সহযোগিতা আহ্বান করবো এবং আমরাও সেই সহযোগিতার হাত সম্প্রসারিত করবো। উই আর in the readiness with all alacrity. এই কথা বলে এই প্রতিশ্রুতি দিয়ে আজকে যে প্রস্তাব উত্থাপন করেছেন সেই প্রস্তাবকে সমর্থন জানাই এবং আবার বলি সারা ভারতবর্ষে শান্তি ফিরে আসুক—এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনিল মুখার্জীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আসামের উপর যে প্রস্তাব এনেছেন, সেটাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে দু-একটি কথা নিবেদন করতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে আসামের এই ঘটনা নূতন নয়। ৫০-এর দশকে, ৬০-এর দশকে এই ঘটনা ঘটেছে। আবার আজকে ১৯৮২-৮৩ তে এই ঘটনা ঘটেছে। ভারতবর্ষকে শক্তিশালী করতে হবে। সাত্তারসাহেব বলেছেন এই যে বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের বীজ ভারতবর্ষে বপন করা রয়েছে। ডাঃ বিধান চন্দ্র রায় যখন এখানে মুখ্যমন্ত্রী ছিলেন তখন তিনিও সেকথা উল্লেখ করেছেন। ২২ বছর পরে, ১৯৬০ সালের পরেও ঐ কথা আলোচনা করতে হচ্ছে, শরণার্থীদের জন্য ব্যবস্থা করতে হচ্ছে, শান্তি মার্চের কথা বলতে হচ্ছে। জানিনা আরও কতদিন যাবে, আবার হয়ত ৩০ বছর পরেও এই হাউসে এই রকম প্রস্তাব আসবে কিনা। কারণ ভারতবর্ষ থেকে বিচ্ছিন্নতাবাদীতা সাম্প্রদায়িকতা দূর করার জন্য সারা ভারতবর্ষে যে ব্যবস্থা করা উচিত ছিল আমরা তা করিনি। আজকে আসামের একটা অংশের মানুষ দীর্ঘদিন ধরে এমন একটা অবস্থায় এসে দাঁড়িয়েছে এমন শিক্ষা তাদের আমরা দিয়েছি যে তারা নিজেদের ভারতবাসী বলে ভাবতে পারছে না। আজকে আসামের মঙ্গলদই থেকে হাজার হাজার শরণার্থী পশ্চিমবঙ্গে আসছে, আরও অনেকে আসবার জন্য অপেক্ষা করছে। বিদেশী বিতাড়নের নামে আসাম থেকে অ-অসমীয়ারা সবাইকে বিশেষ করে বাঙ্গালীদের তাড়াবার চেষ্টা করছে। বিচ্ছিন্নতাবাদী, সাম্প্রদায়িকতাবাদী অ-অসমীয়ারা হিন্দু মুসলমান বঙ্গালীদের হত্যা করেছে। বিশেষ করে নেলী সাবডিভিসনের হত্যাকাণ্ডের কথা এখানে অনেক সদস্যই বলেছেন, বহু শিশুকে আজকে সেখানে হত্যা করা হয়েছে, গণহত্যার কবরের ছবি খবরের কাগজে দেখেছি। জয়নাল সাহেব বলেছেন সংহতি ভারতবর্ষে নাকি অনেক এগিয়ে গেছে। আমি তাঁকে জিজ্ঞাসা

করি আজকে আসামের বিভিন্ন জায়গায় যে সংহিতর অভাব দেখা দিচ্ছে সেখানে বিচ্ছিন্নতাবাদ মাথা চাড়া দিয়ে চাঙ্গা হয়ে উঠেছে, এগুলি রোখবার জন্য, কি বন্দোবস্ত করা হয়েছে? একে যদি রোখা না যায়, আজকে সমস্ত ধর্মাবলম্বী মানুষ, সমস্ত ভাষার মানুষ যদি ভারতবর্ষে স্বাধীনভাবে বাস করতে না পারে তাহলে ভারতের নিরাপত্তা, ভারতের অখণ্ডতা রক্ষা করা সম্ভব হবে না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর জন্য আসামের যে মূল সমস্যা সেই মূল সমস্যার মধ্যে আজকে ঢুকতে হবে। নির্বাচন হয়েছে ঠিকই, নির্বাচন ছাড়া আর কোন উপায় ছিল না। কিন্তু একথা ঠিক নির্বাচন করতে গেলে সেখানে যে ধরণের প্রশাসন রাখা উচিত ছিল তা রাখা হয়নি। পুলিশ সেখানে আন্দোলনকারীদের সঙ্গে একসঙ্গে গণহত্যায় নেমে গেছে। এ ঘটনা নিশ্চয় জানা ছিল, কর্তৃপক্ষ নিশ্চয়ই অবহিত ছিলেন যে পুলিশ সেখানে কি করবে। কোবরা সাপ নিয়ে খেলান হচ্ছে, আমি যদি কোবরা সাপ নিয়ে খেলাতে যাই তাহলে যে কোন সময় সে ছোবল মারতে পারে।

[5-05—5-15 P. M.]

হাজার হাজার মানুষের নিরাপত্তা রক্ষার ব্যবস্থা না করে, প্রশাসনকে চাঙ্গা না করে, অবাধ নির্বাচনের ব্যবস্থা না করে যদি ভোট করা হয়—সেখানে নিরাপত্তা কি করে রক্ষিত হতে পারে? সেই প্রশ্নটি আছে। আজকে আমরা জানি, ভোট করা ছাড়া সেখানে কোন উপায় নেই, কিন্তু ভোট যেখানে করতে হবে সেখানে প্রশাসনকে চাঙ্গা করে রাখতে হবে। শুধু সি. আর. পি. নামালেই ফল হবে না, কয়েক ব্যাটেলিয়ান বি. এস. এফ. নামালেই ফল হবে না—প্রশাসনের মধ্যে যে জার্ম আছে সেই জার্মকে প্রিভেণ্ট করতে হবে, যাতে কোন হত্যা না হোতে পারে। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আসাম সমস্যার মূল হচ্ছে তার অর্থনৈতিক অনগ্রসরতা। আজকে ভোট হয়েছে ঠিকই হয়েছে। নির্বাচন হয়েছে, একটা সরকার হচ্ছে—আমরা আশা করছি, প্রস্তাব গ্রহণ করে নয়, শান্তি মিছিল করে নয়, আসামের অর্থনৈতিক অবস্থার উন্নতি ঘটাতে হবে। তাঁদের নিজেদের সংস্কৃতির বিকাশ করবার জন্য চেষ্টা করতে হবে। আসামের সাধারণ মানুষের যে সমস্ত স্বাতন্ত্র আছে সেই স্বাতন্ত্র রক্ষা করবার ব্যবস্থা করতে হবে। শরণার্থীদের আসাম ছেড়ে চলে আসা বন্ধ করতে হবে, ভাষাগত ও ধর্মগত সংখ্যালঘুদের নিরাপত্তার ব্যবস্থা করতে হবে, আজকে অলিপুরদুয়ার এবং কুচবিহারে যে সমস্ত শরণার্থী এসেছে এবং নতুন করে যাঁরা আসছে তাঁদের জন্য পশ্চিমবঙ্গ সরকারের যা ব্যয় হচ্ছে বা হবে তা কেন্দ্রীয় সরকারকে দিতে হবে এবং অবিলম্বে তা দিতে হবে। সুতরাং মূল কথাটি হচ্ছে এই সমস্ত শরণার্থী এবং সংখ্যালঘুদের কথা বিচার করে আগামী দিনে যে নব নির্বাচিত সরকার আসামের দায়িত্বভার গ্রহণ করতে চলেছেন তাঁদের সর্বপ্রথম কর্তব্য হবে এই সমস্ত ধর্মনিরপেক্ষ মানুষদের আসামে বসবাসের ব্যাপারটা সুনিশ্চিত করা। যেসব শরণার্থী পশ্চিমবাংলায় আসবে তাঁদের জন্য খরচীকৃত সমুদয় অর্থ কেন্দ্রীয়

সরকারকে বহন করতে হবে এবং সর্বশেষে ৭১ সালকে ভিত্তিবর্ষ ধরে সেখানে বিদেশী-সংজ্ঞা নির্ধারণ করতে হবে। বাধা-নিষেধ ভঙ্গ করে ৭১ সালের পরও যাঁরা পূর্ব বাংলা থেকে চলে এসেছেন তাঁদের জন্যও কোন ব্যবস্থা করতে হবে কারণ তা নাহলে এইসব ছিন্নমূল মানুষগুলো যাবে কোথায় ? এঁদের অন্যান্য রাজ্যে পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে কেন্দ্রীয় সরকারকে। এই কথা বলে মাননীয় মুখ্যমন্ত্রীর এই প্রস্তাবকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে লিডার অফ দি হাউস যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন আমি তা সমর্থন করে বলছি, আজকে আসামে যে ঘটনা ঘটছে, যে জিনিষ চলছে তা অত্যন্ত মর্মান্তিক। গনহত্যা এবং অগ্নিসংযোগের ফলে সেখানে আজ ১ লক্ষ মানুষ আশ্রয়হীন। সেখানে বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের পরিণতি ভ্রাতৃঘাতী সংঘাত। এই ব্যাপারে আজকে শুধু পশ্চিমবঙ্গই নয়, সারা ভারতবর্ষের শুভবুদ্ধিসম্পন্ন গণতন্ত্র-প্রিয় মানুষ উদ্বিগ্ন। অবিলম্বে যাতে এই সংঘাত বন্ধ হয় এটা সকলের কাছেই কাম্য। আজকে আমরা এখানে সর্বদলীয় প্রস্তাব গ্রহণ করতে চলেছি। অত্যন্ত ভাল কথা। কিন্তু দিনের পর দিন এই বিচ্ছিন্নতাবাদী আন্দোলন কেন সংগঠিত হচ্ছে ? কি তার কারণ ? এই বিচ্ছিন্নতাবাদী আন্দোলন যে জাতীয় সংহতির পক্ষে অত্যন্ত ক্ষতিকর সেকথা মাননীয় আবেদিন সাহেব বলেছেন। গণতন্ত্রের পথ বেয়ে যে সব মূল্যবোধ গড়ে উঠেছিল তার দ্বারা বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে মানুষ লড়ছে। কিন্তু বর্তমান ভারতের সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক অবস্থা যেখানে গিয়ে পৌছেছে—পুঁজিপতি শ্রেণী যারা রক্ষকের ভূমিকা পালন করছে তারা আমাদের গণতান্ত্রিক মূল্যবোধ যা এতদিন গড়ে উঠেছিল তা ধ্বংস করে নিজেদের শোষণ কায়েম রাখতে চাইছে।

এই সমস্ত বিচ্ছিন্নতাবাদী শক্তিগুলি পেছনে ইন্ধন জোগাচ্ছে। ফলে এই বাস্তব সত্যটা ভুলে গেলে চলবে না। এটা খুব পেনফুল যে আসামে যে বিচ্ছিন্নতাবাদী শক্তি, তাদের সঙ্গে সঙ্গে আমরা দেখলাম যে সেখানে নির্বাচনে প্রশাসনকে যে ভাবে ব্যবহার করা হয়েছে, এই নির্বাচন পরিচালনার ক্ষেত্রে যারা প্রশাসনিক ক্ষমতায় ছিল—তারা প্রাগমাটি আউটলুক থেকে যেনতেন প্রকারেন নির্বাচনে জয়যুক্ত হওয়ার প্রয়োজন বোধে তারা বয়কট আন্দোলনের সুযোগ নিয়েছে। এটা আমার কাছে খুব পেনফুল বলে মনে হচ্ছে। এমনকি মিটিং-এ পর্যন্ত রেসপনসিবল লিডার অফ দিস কানট্রি এড্রেস করেছেন যে যদি সেখানে মুসলিমদের বাস করতে হয় তাহলে আমাদের ভোট দিতে হবে। তা না হলে সংখ্যালঘুদের সঙ্গে থাকতে পারবে না। এই ভাবে থ্রেট করা হয়েছে। একদিকে বিচ্ছিন্নতাবাদীদের বিরুদ্ধে বলবেন, পিসের কথা বলবেন আর একদিকে প্রাগমাটিক আউটলুক থেকে এই সমস্ত ইন্ধন জোগাবে এই ধরনের সুপারফিসিয়াল এ্যাপ্রোচ তো পারপাস সার্ভ করে না। ফলে এই জিনিষ দেখা দরকার। তাহলে আজকে আসামে এতো বড়ো জেনোসাইড হতে পারতো না, এতো বড় সর্বনাশ হতে পারতো না যদি লেফ্ট এ্যণ্ড

ডেমক্রেটিক এ্যালায়েন্স-এর গুরুত্ব দিতেন। কিন্তু যথার্থই সেখানে যদি জোরদার বামপন্থী গণতান্ত্রিক আন্দোলন গড়ে তুলতে পারতেন তাহলে সেখানে বিচ্ছিন্নতাবাদী শক্তি এবং সমস্ত ষড়যন্ত্রকারী, চক্রান্তকারী এবং ক্ষমতা লোভীদের পরাস্ত করতে পারতেন। তাই আমি বলবো এখানে সেই আন্দোলনকে বন্ধ করবার জন্য, সঠিক ভাবে মোকাবেলা করবার জন্য শক্তিশালী গণতান্ত্রিক আন্দোলন মোটেই গড়ে তুলতে পারেন নি। আজকে এই বিচ্ছিন্নতাবাদী আন্দোলন যাতে দেশের অন্যান্য জায়গায় ছড়িয়ে পড়তে না পারে বা আসামে যাতে বন্ধ করা যায় তার একমাত্র পথ হচ্ছে গণতান্ত্রিক আন্দোলনকে জোরদার করা। এই পয়েন্টটা অত্যন্ত কারেক্ট, যেটা জয়নাল আবেদিন সাহেব বলেছেন এবং আমিও বলি যে অসমিয়া পিপলদের যে ভাষা, শিক্ষা, সংস্কৃতি যে আক্রান্ত—যেটা তারা আশঙ্কা করছে, আজকে সংবিধানে সেই গ্যারেন্টি সেন্ট্রাল গর্ভমেন্টের পক্ষ থেকে দেওয়া দরকার। আসামে যে ব্যাকোয়াড ইকনমি সেই ব্যাকোয়াড ইকনমির উন্নতি করার জন্য একটা গ্যারেন্টি সেন্ট্রাল গর্ভমেন্টকে দিতে হবে। আজকে আমি অসমিয়া পিপলদের বলবো এবং সমস্ত শুভবুদ্ধি সম্পন্ন মানুষকে বলবো এই আসাম সমস্যার সমাধানের জন্য এই ভীত সন্ত্রস্ত আত্মক্ষয়ী সংঘাত থেকে সরে আসতে। সমস্ত ভাষা-ভাষী, দল-মত নির্বিশেষে সমস্ত স্তরের মানুষ ইউনাইটেড হয়ে সেখানে গিয়ে যদি দাঁড়াই তাহলে অসমিয়া পিপলদের সমস্যার সমাধান হবে। এই কথা বলে আবার এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-15—5-25 P. M.]

**শ্রীননী ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী যে প্রস্তাব এখানে রেখেছেন তার সমর্থনে দু একটা কথা আপনার উদ্দেশ্যে নিবেদন করতে চাই। এক নম্বর কথা হল যে, আসামে যে ধরণের গনহত্যা, নানা ধরণের নৃশংস আচরণ চলছে, গ্রামকে গ্রাম পুড়িয়ে দেওয়া হচ্ছে, একটা উগ্র, ক্ষিপ্ত উন্মত্ততা সেখানে চলছে। তার কারণ হচ্ছে অসমীয়াদের একটা অংশকে ভুল বুঝিয়ে বা ভয় দেখিয়ে তা করা হচ্ছে। এর পরিণতি আজকে আমরা লক্ষ্য করছি। আমরা দেখছি সেখানে অসমীয়া যাঁরা আছেন, তাঁদের নিরাপত্তা, তাঁদের সম্পত্তি, প্রান সমস্ত কিছুই একটা ভীষণ সংকটের মধ্যে দিয়ে অতিবাহিত হচ্ছে। এই সঙ্গে আমরা লক্ষ্য করছি, ইতিমধ্যেই পশ্চিমবাংলার বুকে কয়েক হাজার—৪॥ হাজারের মত—লোক এখানে চলে এসেছে। আমি প্রথমেই যে কথা বলতে চাই তা হল, অবিলম্বে আসামে শান্তি ফিরিয়ে আনার ব্যবস্থা করতে হবে। হাজার হাজার অসমীয়া যাঁরা আত্মরক্ষার জন্য এখানে ওখানে জড়ো হয়ে আছেন ও পশ্চিমবাংলায় আসার জন্য উন্মুখ হয়ে আছেন, তাঁদের নিরাপত্তার গ্যারান্টির ব্যবস্থা করতে হবে। অন্ততঃপক্ষে অনতিবিলম্বে বিভিন্ন জায়গায় ক্যাম্প খুলে যাতে তারা আশ্রয় পেতে পারেন তার ব্যবস্থ করতে হবে। তাঁদের মধ্যে নিরাপত্তা দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারকে বিশেষ করে বলতে চাই। কেন্দ্রীয় সরকার এবং আসাম সরকার সম্মিলিতভাবে পরস্পরের সহযোগিতা নিয়ে যতখানি সম্ভব করা যায় তা করতে হবে। কয়েকদিন আগে সেখানে যা ঘটে গেল তার পরিপ্রেক্ষিতে সেখানকার সাধারণ মানুষের

মধ্যে যাতে আস্থা ফিরে আসে তা করতে হবে। সেখানে গর্ভণমেন্টের বহু অফিসার, পুলিশ বাহিনীর একাংশকে এই বিচ্ছিন্নতাবাদী শক্তিকে মদত যোগাতে দেখেছি। সেখানে যা কিছু ঘটে গেছে তার পেছনে তাদের প্রত্যক্ষ এবং পরোক্ষ হাত আছে আমরা দেখেছি। সেজন্য কেন্দ্রীয় সরকারকে পরিস্কার করে বলতে চাই, এই সমস্ত কথা মনে রেখে অবিলম্বে সেখানে শান্তি প্রতিষ্ঠা করতে হবে যার ফলে আসামের সাধারণ মানুষের মধ্যে উন্মত্ততা বন্ধ হয়ে শান্তি ও নিরাপত্তা ফিরে আসতে পারে। বিভিন্ন জায়গায় শিবির খুলে আশ্রয়চ্যুত মানুষ যাতে আশ্রয় পেতে পারেন, আসাম সরকার ও কেন্দ্রীর সরকারকে তার গ্যারান্টি দিতে হবে এবং করণীয় কাজ তাঁদের করতে হবে। ২ নম্বর কথা হচ্ছে, এখানে ৪॥ হাজার মানুষ যাঁরা আশ্রয়প্রার্থী হয়ে এসেছেন তাঁরা ছাড়া আর মানুষ যেন এখানে না আসেন। এ ব্যাপারে তাঁদের সঙ্গে আমাদের সরকারের যেসমস্ত আলাপ আলোচনা হয়েছে, তাতে তাঁরা ভরসা দিয়েছেন যে, আগত উদ্বাস্তুদের জন্য রিলিফ ও খরচ খরচা দেবেন। কিন্তু একটা কথা এই প্রসঙ্গে না বলে পারছি না যে, ১৯৭৮-৭৯ সাল থেকে যে রিফিউজি এখানে এখনও আছেন তাঁদের সংখ্যাও কম নয়। তাঁরা প্রায় ১১ হাজারের মত। এঁদের জন্য পশ্চিমবাংলা সরকারের যথেষ্ট .খরচ করতে হচ্ছে। ইতিমধ্যে প্রায় ১॥ কোটি টাকা খরচ করা হয়েছে। অবিলম্বে এঁদের ওখানে আশ্রয় দেওয়ার জন্য বিভিন্ন স্থানে শিবির খুলে রিলিফ দেওয়ার ব্যবস্থা করতে হবে। ৩ নম্বর হচ্ছে, এটা খুব একটা উত্তেজনার মধ্যে বলার মত নয়, তবুও বলতে হয় যে ভারতবর্ষের বিভিন্ন জায়গাতে এইজাতীয় বিচ্ছিন্নতাবাদী আন্দোলন ঘটছে। আমি অবশ্য তার মধ্যে যেতে চাই না। তবে এর মূল কারণ কি ? আমরা সকলেই জাতীয় সংহতির কথা, গণতান্ত্রিক আন্দোলনের কথা বলি, তৎসত্ত্বেও বিচ্ছিন্নতাবাদী আন্দোলন কেন আজ মাথাচাড়া দিচ্ছে বিভিন্ন জায়গাতে ? মূল কারণ হচ্ছে, আজকে দেশ একটা প্রচণ্ড অর্থনৈতিক ও অন্যান্য সংকটের মধ্যে দিয়ে চলেছে। আজ আসাম বা অন্যান্য স্থানে—ভারতবর্ষের প্রায় সর্বত্রই—এই অবস্থার সুযোগ নিয়ে এক প্রতিক্রীয়াশীল চক্র যারা সংখ্যায় মুষ্টিমেয়, তারা আসামে বসে আছে, তারাই আসামবাসীদের এই সমস্ত সংকটের কথা তুলে এই প্রচেষ্টাকে দানা বাধতে সক্রিয় হচ্ছে। তারাই আজ আসামবাসীদের সহযোগিতা নেবার চেষ্টা করছে ও আন্দোলন চালাতে চেষ্টা করছে।

অর্থনৈতিক অবস্থার সুযোগ নিয়ে তাদের উস্কানি দেবার চেষ্টা করছে। চেতনা যেহেতু নিম্নস্তরের তাদের থেকে গেছে তার সুযোগ নিয়ে তাদের খোঁচাবার চেষ্টা করছে যাতে বিচ্ছিন্নতাবাদের আগুন তাদের মধ্যে বেশী করে দেখা দেয়। এরফলে বারেবারে অসমীয়ারা বিভিন্ন আক্রমণের স্বীকার হয়েছে এবং তাতে প্রকৃত অসমীয়ারাও শেষ হয়ে যাচ্ছেন। এইরকম অবস্থার মধ্যে দিয়ে সেখানে চলছে। আজকে অসমীয়াদের উদ্দেশ্যে এইকথা আমরা বারে বারে বলেছিলাম যে তাদের বুঝতে হবে যে এই প্রতিক্রিয়াশীল শক্তি নানাভাবে এ ঐক্য গুড়ো করে দিচ্ছে, জাতীয় সংহতি বিনষ্ট করছে এবং সাধারণের স্বার্থ রক্ষার সুযোগ নিয়ে তাদের বঞ্চিত করছে। অর্থনৈতিক অনগ্রসরতার সুযোগ নিয়ে নানাভাবে তাদের নাচাবার চেষ্টা করছে। সেইজন্য আজকে

অসমীয়াদের সতর্ক হতে হবে, সজাগ হতে হবে, সংঘবদ্ধ হতে হবে এবং একমত হতে হবে। সেই সঙ্গে তাদের এটাও মনে রাখতে হবে এরসঙ্গে গোটা ভারতবর্ষ জড়িত। আসামে অন্যান্য যে শক্তি আছে তার একমাত্র বিকল্প দিতে পারে বামফ্রন্ট দল। এই বামপন্থী দলের কাছে কোন প্রতিক্রিয়াশীল শক্তি মাথা চাড়া দিয়ে উঠতে পারবে না। এই বিকল্প দল ছাড়া সেখানে চলবে না। এই সংবিধানের আওতার মধ্যে যে পাওয়ার পলিটিকস্‌ আছে সেই পাওয়ার পলিটিকস্‌কে ঠিকমত কাজে লাগানোর জন্য আজকে বামপন্থী দলের প্রয়োজন। আজকে এইকথা ভেবে দেখা দরকার। এই সংবিধানিক কাঠামোর মধ্যে কিভাবে সমস্যার সমাধান করবে এবং কোথায় কিভাবে সমস্যার সমাধান হবে সেটা ভেবে দেখা দরকার। মানুষ সংবিধানের এবং সব কিছুর উপরে। এই সংবিধানের বাইরে গিয়ে কিভাবে ভাবা যায় সেটা দেখতে হবে। এই নিয়ে বহু আলাপ-আলোচনা হয়েছে এবং এখনো এই নিয়ে বহু চিন্তা-ভাবনা করতে হবে তবে যদি এর সমস্যার সমাধান করা যায়। এই কথা বলে এই প্রস্তাবকে সর্বান্তঃকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। এবং এর সাথে সাথে এই আশা করছি যাতে আসামে শান্তি ফিরে আসে এবং সঙ্গে সঙ্গে এই দাবীও করছি যেসব উদ্বাস্তু এখানে আসতে আরম্ভ করেছে তাদের জন্য খরচ-খরচা হচ্ছে তার দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে নিতে হবে এবং আগে যারা এসেছিল তাদেরও দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে নিতে হবে কারণ দায়িত্ব কেন্দ্রীয় সরকারের বেশী।

[5-25—5-35 P. M.]

**শ্রীসৌমেন্দ্রনাথ মিত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আসামে কিছু মদত পুষ্ট হয়ে, যে গণহত্যা, গণলুণ্ঠন, গণ অগ্নিসংযোগ চলছে সেই অভূতপূর্ব পরিস্থিতির বিরুদ্ধে আজকে মুখ্যমন্ত্রী যে প্রস্তাব পেশ করেছেন আমি সেই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করছি। আজকে অনেক মানুষের মনে প্রশ্ন জেগেছে যে আসামে এই ভয়াবহ পরিস্থিতি সত্বেও নির্বাচন কেন হল? মাননীয় মুখ্যমন্ত্রী প্রস্তাবের সময়ে তাঁর বক্তৃতার মধ্যে দিয়ে পরিষ্কার করে বলেছেন কেন এই নির্বাচনের প্রয়োজনীয়তা। আমাদের বিরোধিতা থাকা সত্বেও এই ব্যাপারে আমরা সকলে একমত। সংবিধানের কিছু বাধানিষেধ আমাদের সামনে থাকলেও সংবিধানের মর্যাদা অক্ষুন্ন রাখবার জন্য এই নির্বাচন ঘোষণা করা হয়েছিল। নির্বাচন ঘোষণা করার পরে আমরা দেখেছি যে বিদেশী শক্তির মদতপুষ্ট হয়ে জাতীয় বিরোধীদলের নেতৃবৃন্দ বারবার করে চিৎকার করে বলতে থাকে আমরা নির্বাচন বন্ধ করে দেব। আজকে আসামের এই নাটকীয় ঘটনার যে শক্তি দায়ী সেই শক্তি চিৎকার করে বলতে থাকে আসামে নির্বাচন বন্ধ করতে হবে। এই হাউসের একজন সদস্য তিনি বললেন যে আসামের কোন জাতীয় স্তরের নেতা তার বক্তব্যের মধ্যে সাম্প্রদায়িক উস্কানিকে সমর্থন করে বক্তব্য রেখেছেন। আমি এই হাউসের একজন সদস্য হিসাবে বলছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আসামের নির্বাচনে গিয়েছিলাম। মাননীয় সদস্যের নাম উল্লেখ না করলেও আমি জানি যাঁর কথা তিনি বলছেন আমি তাঁর সাথে বহুবার একসাথে সভা করেছি।

আমার একথা বলতে লজ্জা নেই যে একজন বাঙালী হিসাবে সেখানে বাঙালী হিন্দু এবং মুসলমানদের উপর যে অত্যাচারের ঘটনা আমি দেখেছিলান নিঃসন্দেহে সেই অত্যাচারের বিরুদ্ধে বক্তব্য ছিল, কিন্তু কোন সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে বা কোন সাম্প্রদায়িক শক্তিকে উস্কানি দেওয়ার জন্য কোন বক্তব্য রাখা হয়নি। আসামের মানুষ নির্বাচনে অংশ গ্রহণ করে যাঁদের সমর্থন করেছেন সে সম্বন্ধে আমাদের কিছু বলার নেই এবং সেই সমর্থনের সাথে কোন সাম্প্রদায়িক উস্কানির কোন সম্পর্ক নেই। গতকাল রাজ্যপালের ভাষণকে সমর্থন করার স্বপক্ষে একজন সরকারী দলের সদস্য বলেছিলেন যে শরীরের কোন অঙ্গ যদি রুগ্ন হয় তাহলে সেই রোগগ্রস্ত অঙ্গকে যেমন শরীর থেকে আলাদা করে রাখা যায় না ঠিক তেমনি সারা ভারতবর্ষের বিভিন্ন প্রান্ত যখন এই ধরণের মহামারী রোগে আক্রান্ত হচ্ছে সেই সময় ভারতের প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী বার বার গণতান্ত্রিক মূল্যবোধ সম্পন্ন মানুষকে সচেতন করার চেষ্টা করে ছিলেন। ভারতের বিভিন্ন প্রদেশে যখন বিচ্ছিন্নতাবাদী অন্দোলন দানা বেঁধে উঠেছিল, ভারতবর্ষের বুকে যখন বিচ্ছিন্নতাবাদী শক্তি কলো মেঘ পুঞ্জীভুত হয়ে উঠছিল সেই সময় শ্রীমতী ইন্দিরা গান্ধী সমস্ত গণতন্ত্রপ্রিয় গণতান্ত্রিক মূল্যবোধ সম্পন্ন মানুষকে সতর্ক করেছিলেন। কিন্তু সেদিন কিছু নেতা দক্ষ বাজিগরের মত পুতুলের নাচ দেখালেন, সেদিন তাঁরা এর বিরোধিতা করেননি, সেদিন নিশ্চুপ থেকে পরোক্ষে সেই আন্দোলনকে সমর্থন করেছেন। কাজেই সেদিন যে বীজ ভারতবর্ষের বুকে পোতা হয়েছিল আজকে সেই বীজ মহীরুহরূপে দেখা দিয়েছে। আজকে অত্যন্ত আনন্দের কথা দেরীতে হলেও এই সরকারের শুভ বুদ্ধির উদয় হয়েছে। আজকে সারা ভারতবর্ষ ব্যাপী এই ধরণের বিচ্ছিন্নতাবাদী শক্তি নতুন করে মাথা চাড়া দিয়ে উঠছে, আজকে তার বিরুদ্ধে ভাববার দিন এসেছে। আজকে সেই আতঙ্কের কথা ভেবে মাননীয় মুখমন্ত্রী যে প্রস্তাব গ্রহণ করেছেন বিচ্ছিন্নতাবাদী শক্তির বিরুদ্ধে আমি সেই প্রস্তাবকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। আমি সাথে সাথে মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করব শুধুমাত্র এই প্রস্তাব প্রস্তাবাকারে না রেখে আজকে ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে যে বিচ্ছিন্নতাবাদী শক্তি রয়েছে সেই শক্তির বিরুদ্ধে যেন এইভাবে প্রতিবাদ জানান হয় এবং সাথে সাথে আসাম থেকে যেসব মানুষ সর্বস্বান্ত হয়ে সারা পশ্চিমবাংলার বুকে আশ্রয় গ্রহণ করেছে, মাননীয় মুখ্যমন্ত্রী যে মানবিকতা দেখিয়ে আজকে এই সমস্ত উদ্বাস্তুদের আশ্রয় দান করেছেন, আমি জানি কেন্দ্রীয় সরকারের যে সাহায্য সেই সাহায্য পর্যাপ্ত নয়, কিন্তু তা সত্ত্বেও মানবিকতার দাবি নিয়ে মুখ্যমন্ত্রী যে প্রস্তাব পেশ করেছেন সেই মানবিক অধিকার মন নিয়ে মুখ্যমন্ত্রী তাদের অর্থনৈতিক সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করবেন এই কথা বলে মুখ্যমন্ত্রীকে আন্তরিক অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রবোধ চন্দ্র সিংহঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আসামের সাম্প্রতিক পরিস্থিতির বিষয়ে আমাদের মুখ্যমন্ত্রী আজকে সভায় যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি সেই প্রস্তাবকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। আসামে যে ঘটনা ঘটে চলেছে, যে কোন সভ্য দেশের পক্ষে এই

ধরণের ঘটনা একটা লজ্জা এবং কলঙ্কের বিষয়। বিংশ শতাব্দীর সত্তর দশকের শেষ ভাগে যেখানে আমরা যুদ্ধের বিরুদ্ধে, হিংসার বিরুদ্ধে বিদ্বেষের বিরুদ্ধে বলছি এবং মানুষের মধ্যে সম্প্রীতি ও সৌহার্দ্দর পবিবেশ প্রতিষ্ঠা করার কথা বলছি এবং তার জন্য আন্দলোন করছি, পারস্পরিক সহযোগিতা গ্রহণ করে সামাজিক এবং অর্থনৈতিক সমস্যা সমাধানের জন্য যে সময় চেষ্টা করছি। ঠিক সেই সময় আজকে আসামে যে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন সুরু হয়েছে এবং সেই বিচ্ছিন্নতাবাদী আন্দোলনই নয়, আজকে যেভাবে হাজার হাজার মানুষ প্রাণ বলি দিতে বাধ্য হচ্ছে, গ্রামের পর গ্রামকে পুড়িয়ে দেওয়া হচ্ছে এর চেয়ে দুঃখের কথা, লজ্জার কথা কিছু হতে পারে না। যদি যুক্তির খাতিরে ধরে নেওয়া যায় যে আসামে বিদেশীদের বিকল্প ব্যবস্থা করার প্রয়োজনীয়তা রয়েছে তাহলে এ কথা নিশ্চয় স্বীকার করতে হবে যে সেই বিকল্প ব্যবস্থা করার জন্য আমাদের দেশের যে সংবিধান রয়েছে, নাগরিকত্ব নিয়ন্ত্রণ করার জন্য যে সমস্ত আইন আমাদের দেশে স্বাধীনতার পর লিখিত রয়েছে, সেই সংবিধানের কাঠামোর মাধ্যমে, সেই আইনের গণ্ডির মধ্যে শান্তির পরিবেশে বোঝাপড়ার মাধ্যমে এই সমস্যা সমাধান করার চেষ্টা করতে হবে। এই সমস্যা সমাধান করার জন্য যে পথ গ্রহণ করা হয়েছে, যুক্তি যতই যুক্তিশালী হোক না কেন সেই যুক্তি গ্রাহ্য নয়। সেই পথ উপনীত হবার জন্য যে পথ গ্রহণ করা হয়েছে সেই পথ অতি জঘন্ন এবং নারকীয়। তাকে কখনও বরদাস্ত করা যায় না। একথা ঠিক যে আজকে এখানে দিনের পর দিন যে ঘটনা ঘটে চলেছে, তাতে সেখানে সরকারের অস্তিত্ব সম্পর্কে সাধারণ মনে প্রশ্ন জাগে। ৪।৫ দিন আগে সেখানে সামরিক বাহিনীকে নামানো হয়েছে। কিন্তু তা সত্বেও আজকে দেখা গেল খবরের কাগজে যে সেখানে গত কাল ২৪।২৫টি গ্রাম, আসামের একটা এলাকায় পুড়িয়ে দেওয়া হয়েছে। এবং অনেক মানুষকে সেখানে নিহত করা হয়েছে। সুতরাং আজকে যারা শাসন ব্যবস্থা পরিচালনা করেছেন, যাঁরা বিচ্ছিন্নতাবাদীকে নিন্দা করেছেন, ঠিক তখনই আজকে এই সব ঘটনা ঘটছে। যারা শাসন ব্যবস্থা পরিচালনা করছেন তাদের উচিত ছিল তাঁদের গোয়েন্দা সূত্রের মাধ্যমে এই সমস্ত তথ্য সংগ্রহ করে যথোপযুক্ত প্রিভেন্টিভ এ্যাকসন নেওয়ার প্রয়োজন ছিল। কিন্তু সেই জিনিস হতে পারে নি। সংবাদপত্রের রিপোর্টের মাধ্যমে আমরা দেখি যে নির্বাচন পরিচালনার কাজে পুলিশ বাহিনীকে নিযুক্ত রাখা হয়েছিল। সাধারণ নাগরিকের জীবন যাত্রা এবং তাদের নিরাপত্তা বিধানের জন্য পুলিশ বাহিনীকে ঠিক মত মোতায়েন করা যায় নি। এবং সেই দিকে লক্ষ্য দেওয়া হয় নি। আমার মনে হয় এই জায়গাটাতে সরকারের ভুল করা হয়েছে। কারণ যারা গত সাড়ে তিন বছর ধরে বিভিন্ন রকম আন্দোলনের মাধ্যমে দেশের এক সময় তেল কারখানা দীর্ঘ দিন বন্ধ রেখে যেখানে সারা ভারতবর্ষের অর্থনৈতিক জীবনকে যারা বিপর্যস্ত করে দিতে চেয়েছিল, যারা নির্বাচন বয়কটের ডাক দিয়ে, যোগাযোগ বিচ্ছিন্ন করে দিয়ে, সমস্ত এলাকাটাকে স্বাভাবিক যোগাযোগ থেকে বিচ্ছিন্ন করে রাখার চেষ্টা করেছিল, তাদের সেই হুঙ্কারকে এতো সহজ ও সরলভাবে গ্রহণ করা অনুচিত হয়েছে বলে আমার মনে হয়। যা হোক আজকে আসামে যে ঘটনা ঘটেছে তার প্রতিক্রিয়া যাতে অন্যান্য রাজ্যে ছড়িয়ে পড়তে না পারে, পুনরাবৃত্তি ঘটতে না পারে তার চেষ্টা করা উচিত। এই বিচ্ছিন্নতাবারী আন্দোলনকে বিভিন্ন ক্ষেত্রে মদত দেওয়া

হয়েছে। ত্রিপুরার নির্বাচনের ক্ষেত্রে পশ্চিমবাংলার নির্বাচনের ক্ষেত্রে দেখা গেছে যে এই বিচ্ছিন্নতাবাদী আন্দোলনকে মদত দেওয়া হয়েছে। আবার পাঞ্জাবের খালিস্তান আন্দোলনের মাধ্যমে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন আত্ম প্রকাশ করেছে। সে যে কি রূপ নেবে আগামী দিনে তা বলতে পারি না। সুতরাং সময় থাকতে সমস্ত দলমত নির্বিশেষে আজকে সাধারণ মানুষের মধ্যে তাদের শুভবুদ্ধিকে জাগ্রত করতে হবে। এবং তা যদি করতে না পারি তাহলে ভারতবর্ষের জাতীয় সংহতি এবং ঐক্য বিনষ্ট হবে। এই কথা বলে যাতে আসামের এই অবস্থা পরিত্রার করার জন্য কেন্দ্রীয় সরকার ক্ষিপ্রগতিতে সমস্ত রকম প্রয়োজনীয় ব্যবস্থা করেন তার দাবী জানিয়ে, পুনরায় মাননীয় মুখ্যমন্ত্রীর প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-35—5-45 P.M.]

**ডাঃ হৈমী বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী হাউসের সামনে যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। আমি দু একটি কথা এখানে উল্লেখ করছি। কিছুদিন আগে এই নির্বাচনের ব্যাপারে আমি আসামে ছিলাম এবং ওখানকার কয়েকটি ঘটনা আপনাদের সামনে তুলে ধরছি, সেটা শুনলে আপনারা আশ্চর্য্য হয়ে যাবেন। বিভিন্ন জায়গায় শ্লোগান লেখা হয়েছে, ইণ্ডিয়ান ডগস গো ব্যাক। তারপরের শ্লোগান হল 'ম্যান ইটার ইন্দিরা গান্ধী গো ব্যাক'। তারপরের শ্লোগান হল, 'নো সলিউসান, 'নো ইলেকসান'। আমি এক্সটেনসিভলি ঘুরেছি, এছাড়া অন্য কোন শ্লোগান দেখতে পাইনি। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে একমত হয়ে বলছি এই বিচ্ছিন্নতাবাদী শক্তি শুধুমাত্র আসাম নয়, গোটা ভারতবর্ষকে টুকরো টুকরো করার চক্রান্তে লিপ্ত হয়েছে। কেন লিপ্ত হয়েছে? আজকে এটা আমাদের দেখতে হবে, বুঝতে হবে যে পৃথিবীর আন্তর্জাতিক ক্ষেত্রে জোট নিরপেক্ষ শক্তি, নন-এ্যালায়েণ্ড ফোর্সেস শান্তির দূত হিসাবে সংগ্রামে এগিয়ে যাচ্ছে এবং সেই সংগ্রামের নেতৃত্ব নিশ্চয় ভারতবর্ষ দিচ্ছে। তাই আজ সাম্রাজ্যবাদী শক্তি গোটা ভারতবর্ষকে দুবল করে দিতে চায়, ছিন্ন ভিন্ন করে দিতে চায়। যার জন্য তারা এই বিচ্ছিন্নতাবাদী শক্তিকে প্রশ্রয় দিচ্ছে। মাননীয় স্পীকার, স্যার, আমি এই প্রস্তাবকে সম্পূর্ণরূপে সমর্থন করে, আমার একটি ঠিক এ্যামেণ্ডমেণ্ট বলব না, সাজেসান মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে বিনীতভাবে রাখছি। এই প্রস্তাবের মধ্যে যা কিছু লেখা আছে সমস্তটাই সমর্থন করে বলছি প্রত্যেকটি সদস্য, মাননীয় মুখ্যমন্ত্রী নিজেও এই বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে সোচ্চার হয়েছেন, আমরাও এর বিরুদ্ধে সোচ্চার হয়ে উঠেছি। কিন্তু এই প্রস্তাবের মধ্যে সেই কথা উল্লেখ নেই। আমি জানি না, উনি আমার থেকে ভাষাটা ভাল বুঝবেন—সেই জন্য আমি এই প্রস্তাবের সঙ্গে এই কথাগুলি যোগ করতে বলছি—**This House notes with great concern that as a result of conspiracy of cessarssionist forces the people of Assam as a whole are in great distress.** এই সেসেসনিষ্ট ফোর্সেস বিচ্ছিন্নতাবাদী

শক্তি যে চক্রান্ত করছে সেই কথা আমরা সকলেই বললাম। কিন্তু প্রস্তাবে এই কথাগুলি উল্লেখ থাকলে আমার মনে হয় ভাল হয়। মাননীয় মুখ্যমন্ত্রী যাতে এটা এগ্রি করেন সেই জন্যই কথাগুলি উল্লেখ করলাম। এই কথা বলে মাননীয় মুখ্যমন্ত্রীকে আন্তরিক অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ভাষণ দেবার কিছু নেই, আমি সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। বিরোধী পক্ষ থেকে এখানে দুটি প্রস্তাব এসেছে। কালকে ডাঃ আবেদিন বলেছিলেন, আজকে লিডার অব দি অপোজিশন বলেছেন যে আসামের এই ঘটনা নিয়ে সবাই মিলে আমরা একটা শান্তি মিছিল করতে পারি কিনা। কালকে আমি ডাঃ আবেদিনকে বলেছিলাম এটা নিয়ে সবার সঙ্গে আলোচনা না করে আপনাকে কিছু বলতে পারছি না, তবে আলোচনা করে পরে জানাব। আর কি পরিস্থিতি দাঁড়ায় সেটা আর একটু দেখে নিই, এই মুহূর্তে কিছু বলতে পারছি না। দ্বিতীয় কথা হচ্ছে, ডাঃ হৈমী বসু যেটা বললেন সেটাতে এমনি কোন আপত্তি নেই। এখানে আবার একটি সাধারণ কথা বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে আনতে গেলে সেখানে অন্য আর একটি কথা আসে তা না হলে একটা ভুল বোঝাবুঝি হতে পারে। কারণ এখানে অনেক সদস্যই বলেছেন আসাম ভাষাভাষীদের একটা বিরাট ঐতিহ্য ছিল, সেই ঐতিহ্য যেন ম্লান না হয়, আবার যেন তারা দেশের সব মানুষের সঙ্গে ঐক্যবদ্ধ হয়ে দেশকে এক রাখবার চেষ্টা করেন। কিন্তু এটা ঠিক এখানে অনেকেই দু একটি কথা বলেছেন যে ওদের একটা ভয় আছে। আমাদের যে সেনসাস, আমি যতটুকু জানি শতকরা ৪৫ ভাগই হচ্ছে মাইনরিটিজ। এটা সম্প্রতিকালে তো হয়নি, মে বি মোর আই থিংক—সেই ভয়ের দরুন অসমীয়াদের অনেকেই যারা হয়ত ওদের সঙ্গে যেতেন না, আজকে যারা আন্দোলন করছেন তারা হয়ত একটা ভুল পথে গেছেন, তাদের ওরা প্রতিক্রিয়ার পথে নিয়ে যেতে পেরেছেন এ বিষয়ে কোন সন্দেহ নেই। কাজেই সেখানে আশ্বাস দিতে হবে, বলতে হবে। কেউ কেউ বলেছেন ওদের এই ভয় আছে, আমরা সেটা বুঝি। কাজেই এই কথার মধ্যে না যাওয়াই ভাল। আমি এটার সঙ্গে একমত, দ্বিমতের কিছু নেই। প্রস্তাব যেভাবে রাখা হয়েছে সবাই একে সমর্থন জানিয়েছেন, আমি সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। এটা একসঙ্গেই আমরা গ্রহণ করি। আর ইতিমধ্যে কিছু পদক্ষেপ আমরা নিয়েছি, সেটা আপনাদের আগেই আমি বলেছি। আর এটা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে আর একবার আপনাদের সবার পক্ষ থেকে যোগাযোগ করার চেষ্টা করছি।

**The motion of Shri Jyoti Basu that**

**Whereas this House notes with serious concern—**

**That there is a growing exodus of people from Assam to West Bengal ;**

**That there is a feeling of insecurity among a large number of people in Assam about their lives and property ;**

That reports of killing of hundreds of innocent men, women and children of Assam and burning and loot of hundreds of villages have been continuously pouring in ;

That in many cases the police had to resort to firing resulting in many deaths ; and

That the administration of Assam Government has been put under unbearable strains ;

Therefore, this House urges upon the State Government to take up the matter with the Central Government for immediate and suitable steps to stop such inhuman killings and tortures in Assam and exodus of people from Assam into West Bengal ;

This House hopes that peace will prevail soon in Assam and Assam will continue to contribute to the progress of the nation as it has done in the past ; and

This House conveys its shock and heartfelt sorrow to all bereaved families ;

was then put and agreed to.

**শ্রীবীরেন বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এবং মাননীয় সদস্য শ্রীদীপক সেনগুপ্ত এবং মাননীয় সদস্য শ্রীমনোহর তিরকে যে প্রস্তাব আজকে এই সভায় এনেছি সেটা প্রথমেই পড়ে দিচ্ছি। আমাদের প্রস্তাবটি হ'ল্ ঃ—"এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে শিলিগুড়ি জংশন এলাকায় রেলওয়ের মিটার গেজ ডিজেল ইঞ্জিন মেরামতের কারখানা আজমীড়ে স্থানান্তরিত করার প্রচেষ্টা গত ১৯৮০ সন থেকে ধাপে ধাপে কার্যকরী করার চেষ্টা চলছে। যেহেতু উক্ত কারখানা স্থানান্তরিত হলে বেকার সমস্যা জর্জরিত পশ্চিমবাংলায় কর্মসংস্থানের সম্ভাবনা হ্রাস পাবে সেইহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকার তথা রেলওয়ে কর্তৃপক্ষের কাছে দাবী জানাচ্ছে যে শিলিগুড়ি জংশনস্থিত ডিজেল লোকো পিরিওডিক্যাল ওভারহলিং সেক্শান চালু রেখে একে পূর্ব ভারতের একটি স্বয়ংসম্পূর্ণ ডিজেল ইঞ্জিন মেরামত কারখানায় রূপান্তরিত করা হোক।"

স্যার, এই কারখানাটি উত্তরবাংলায় অবস্থিত এবং এই ধরনের কারখানা পশ্চিমবাংলায় আর দ্বিতীয়টি নেই। স্যার, আমি আশা করবো বিরোধীপক্ষের সকলে আমার এই প্রস্তাবের পক্ষে

থাকবেন। এবারে স্যার, আমি এই কারখানা সম্বন্ধে কয়েকটি কথা বলছি। স্যার, ১৯৮০ সালে যখন এই ডিজেল পিরিওডিক্যাল ওভারহলিং ফ্যাকটরি শিলিগুড়ি থেকে আজমীড়ে সরিয়ে নিয়ে যাবার চেষ্টা হয়েছিল তখন স্বভাবতঃই ঐ কারখানার শ্রমিকরা ঐক্যবদ্ধভাবে এর বিরুদ্ধে আন্দোলন স্বুরু করেন এবং আমরাও তাতে হস্তক্ষেপ করি। আমাদের মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসু মহাশয় এ ব্যাপারে প্রধানমন্ত্রী এবং রেলমন্ত্রীর কাছে প্রতিবাদ করে চিঠি পাঠান। লোকসভার সদস্য শ্রী সমর মুখার্জী এবং আনন্দ পাঠক মহাশয় এই ব্যাপারটি নিয়ে রেলমন্ত্রীর সঙ্গে দেখা করেন এবং পার্লামেণ্টের যে কনসালটেটিভ কমিটি আছে সেখানে এটা নিয়ে আলোচনা হয়। সেই সময় কেন্দ্রীয় মন্ত্রী আশ্বাস দেন যে তিনি এই কারখানা স্থানান্তরিত করবেন না। কিন্তু স্যার, দুঃখের সঙ্গে আমরা দেখলাম ১৯৮৩ সালের জানুয়ারী মাসে আবার রেলবোর্ড থেকে নির্দেশ এল যে এখানে যে মেরামতের কাজ হচ্ছে সেগুলি বন্ধ হোক। ৬.১.৮৩ তারিখে এই নির্দেশের বিরুদ্ধে শ্রমিকরা আন্দোলন করছেন। তারা গায়ের জোরে একটি ইঞ্জিন—তার নং হচ্ছে ৬০৪৭ জোর করে আজমীড়ে পাঠিয়ে দিয়েছে। স্যার, শিলিগুড়ির এই কারখানায় কোন ডিজেল ইঞ্জিন পাঠানো হচ্ছে না। স্যার, এখানে উল্লেখ করা দরকার যে এই কারখানা চীন-ভারত সংঘর্ষের সময় ১৯৬২ সালে শিলিগুড়ির যে ভৌগোলিক অবস্থান সেটাকে মাথায় রেখে যুদ্ধের প্রয়োজনে প্রথমে ছোট আকারে এখানে তৈরী করা হয়। সংঘর্ষের সময় এই কারখানায় শ্রমিকরা ডিজেল ইঞ্জিনগুলি দিনরাত পরিশ্রম করে চালু রেখেছিল। ১৯৬৫ সালে পাকিস্থান-ভারতের যুদ্ধের সময় এবং ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তি যুদ্ধের সময় এই কারখানা একটি বিরাট ভূমিকা পালন করেছিল। ডিজেল ইঞ্জিন মেরামত করার ক্ষেত্রে এবং যুদ্ধ সামগ্রী স্থানান্তর করার ক্ষেত্রে এই কারখানার শ্রমিকরা একটি বিরাট ভূমিকা পালন করেছিল।

[5-45—5-55 P.M.]

এবং এখানে এটা উল্লেখ করা দরকার যে সেই সময়ে এরা রেলওয়ে বোর্ডের পক্ষ থেকে ১৯৭৮-৭৯ সালে প্রশংসাপত্র পান। ভারতবর্ষে সর্বভারতীয় ক্ষেত্রে যে প্রতিযোগিতা হয় তাতে এই ডিজেল ইঞ্জিনের ক্ষেত্রে শিলিগুড়ি দুইবার প্রথম পুরস্কার লাভ করে ১৯৭৮ সালে এবং ১৯৭৯ সালে। আমার বক্তব্য হচ্ছে যে আজমীড়ে একটা ডিজেল ইঞ্জিন নিয়ে গিয়ে ওভারহলিং করিয়ে সেটা ফিরিয়ে আনতে ৩ মাস সময় লাগে। কিন্তু সেটা শিলিগুড়িতে করলে সময় লাগে মাত্র ১ মাস এবং আজমীরে নিয়ে যেতে যে বাড়তি খরচ হয় সেটা অনেক বেশী খরচ হয়। কিন্তু শিলিগুড়িতে তার থেকে অনেক কম খরচে রিপেয়ার করা যায়। সম্প্রতি রেলওয়ে বোর্ড সিদ্ধান্ত নিয়েছেন যে তারা ৩টি ডিজেল ইঞ্জিন মেরামতি কারখানা স্থাপন করবেন। একটা আজমীড়ে, আর একটা গোল্ডেন রকে এবং তৃতীয়টির স্থান এখনও নির্বাচিত হয়নি। কাজেই আমরা এটা বলতে পারি যে যেহেতু শিলিগুড়িতে সর্বাঙ্গসুন্দর একটা ফ্যাক্টরী আছে স্বভাবতঃই তৃতীয় কারখানাটি এখানে

স্থাপন করা হোক। আমি আর বিশেষ কিছু না বলে প্রস্তাবটি আলোচনার জন্য এবং গ্রহণের জন্য সভার সামনে রাখছি।

**শ্রীকাশীনাথ মিশ্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বীরেন বোস, এম. এল. এ সহ আরো কয়েকজন মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবটি যদি সত্যিকারের বাস্তব দৃষ্টিভঙ্গীতে ঘটনাটি ঘটে থাকে তাহলে প্রস্তাবটিতে আমার সমর্থন আছে এবং পূর্ণ সমর্থন অনুযায়ী আমি এখানে দু' একটি কথা বলতে চাই। এই প্রস্তাবের ভাষার মধ্যে আমি দেখছি যে আজমীডে স্থানান্তর করার চেষ্টা চলছে এবং ১৯৮০ সাল থেকে ধাপে ধাপে কার্যকরী করার প্রচেষ্টা চলছে। এটা অনুমান সাপেক্ষে বলা হয়েছে। আজকে বিভিন্ন ভাবে আমরা দেখছি যে লোকসভায় মাননীয় সদস্যরা আলোচনা করেছেন বা রেলমন্ত্রী মহাশয় এই ব্যাপারে কোন নির্দেশ জারী করেছেন বা রেলওয়ে বোর্ড এই ব্যাপারে নির্দেশ জারী করেছেন। আজকে যেখানে পশ্চিমবাংলায় বেকার সমস্যা তীব্র, লক্ষ লক্ষ বেকার যুবক চাকরী পাচ্ছে না সেখানে একটা প্রতিষ্ঠিত কারখানা উঠে চলে যাবে বা সেই কারখানার আংশিক কাজ অন্য রাজ্যে স্থানান্তরিত হবে সেটা কিন্তু আজকের দিনে আমরা কেউ চাই না। এই সরকার যেমন চিন্তা করছেন বেকার সমস্যাকে সমাধান করার জন্য, বিভিন্নভাবে যারা প্রচেষ্টা নিচ্ছেন, কেন্দ্রীয় সরকারও অনুরূপভাবে বিভিন্ন রাজ্যের সমস্যা সমাধানের জন্য চেষ্টা করছেন। এখানে স্বয়ংসম্পূর্ণ ডিজেল ইঞ্জিন মেরামতের কারখানা যেটা আছে তাকে রূপায়িত করা হোক আমরা সমর্থন করবো।

আমরা নিশ্চয়ই সমর্থন করব। যেখানে যে সরকারই থাকনা কেন—কেন্দ্রে ইন্দিরা সরকার থাকতে পারে, এই রাজ্যে বামফ্রন্ট সরকার থাকতে পারে—আমরা আমাদের দাবী সব সময়ে রাখব। কেন্দ্রে ইন্দিরা সরকার আছে বলেই যে আমাদের দাবী রাখা চলবে না বা আমাদের দাবী গ্রহণ-যোগ্য হবে না, এটা মনে করা ঠিক নয়। সৌভাগ্যের বিষয় আমাদের এই পশ্চিম-বাংলারই একজন, এই বিধান সভার প্রাক্তন সদস্য, এই রাজ্যের প্রাক্তন মন্ত্রী এবং বর্তমান কেন্দ্রীয় রেল মন্ত্রী বিভিন্ন রাজ্যের বিভিন্ন এলাকার সাথে পশ্চিম বাংলার অনগ্রসর এলাকায় রেল পথ স্থাপনের জন্য চেষ্টা করছেন। আমরা যে দলের লোক হই না কেন, যে মনোভাবের লোক হই না কেন, এটা আমরা সকলেই দেখতে পাচ্ছি। সুতরাং রেলের ভাড়া বৃদ্ধির মধ্যে দিয়ে বরকত সাহেব তাঁর কার্য্যকলাপের পরিবর্তন ঘটাতে চলেছেন, এটা অনুমান করা ঠিক নয়। আমরা কেউ সেই অনুমান করতে পারি না। আজকে এখানে যে প্রস্তাবটা মাননীয় সদস্যরা এনেছেন সেটাতে যে কারখানাটি সম্বন্ধে আশংকা প্রকাশ করা হয়েছে সেটা একটা সম্পূর্ণ কারখানা নয়, একটা কারখানার একটা সেকসন। এই সেকসনটি স্থানান্তরিত করার জন্য কোন রকম সরকারী নির্দেশ এখনো পর্যন্ত দেওয়া হয়েছে কিনা সে সম্বন্ধে কোন কিছু আমরা এই প্রস্তাবের মধ্যে পাচ্ছি না। শুধু মাত্র আশংকা করে মাননীয় সদস্যরা প্রস্তাবটি রেখেছেন। যেহেতু প্রস্তাবটির মধ্যে পশ্চিম

বঙ্গের স্বার্থ জড়িয়ে রয়েছে সেহেতু আমি প্রস্তাবটিকে সমর্থন করছি। প্রয়োজন হলে এই বিধান সভার পক্ষ থেকে মাননীয় রেল মন্ত্রীর কাছে এবিষয়ে আবেদন করবার জন্য আপনাদের সঙ্গে আমরাও যেতে রাজি আছি। যাতে ঐ কারখানার ঐ সেকসনটি স্থানান্তরিত না হয় তার জন্য আমরা সকলে মিলে যেতে পারি, আপনারা সে ব্যবস্থা করুন। সেই সঙ্গে আমরা এই দাবীও করতে পারি যে, এখানে একটা পূর্ণাঙ্গ কারখানা স্থাপন করতে হবে। এই সেকসনটিকে সম্পূর্ণ পূর্ণাঙ্গ কারখানায় রূপায়িত করার জন্য প্রচেষ্টা গ্রহণ করা একান্ত প্রয়োজন। এই প্রয়োজনীয় দিকটির দিকে নজর দেবার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি সকলের কাছে আবেদন রাখছি। সঙ্গে সঙ্গে আজকের এই প্রস্তাবকেও সমর্থন করছি। যদিও অনুমানের ভিত্তিতে প্রস্তাবটি এসেছে, তবে বাস্তবে যদি এটা সত্য হয় তাহলেও আমি নিশ্চয়ই এই প্রস্তাবকে সমর্থন করে যাব। আপনারা চান না এই রাজ্যে বেকারত্ব বাড়ুক, আমরাও চাই না। সুতরাং তাকে রোধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা একান্ত প্রয়োজন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের দিনে আমরা কেউ চাই না যে, পশ্চিম বাংলার কোন একটা ছোটখাট কারখানা বন্ধ হোক, কোথাও ক্লোজার হোক, লক্ আউট হোক, নতুন করে বেকারত্ব সৃষ্টি হোক। এটা যেমন আমরা কেউ চাই না, তেমনি আমরা কেউ চাইনা যে, কেন্দ্রীয় সরকারের কোন কারখানা পশ্চিম বাংলা থেকে স্থানান্তরিত হোক। যদি সে রকম কোন সম্ভাবনা দেখা দেয় তাহলে নিশ্চয়ই আমরা সে প্রচেষ্টাকে সকলে মিলে বাধা দেব। আমরা নিশ্চয়ই তার বিরোধিতা করব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমি আপনার মাধ্যমে সরকারের কাছে আবেদন রাখব যে, আজকে দরিদ্র নিপীড়িত পশ্চিম বাংলার ক্ষুদ্র, মাঝারী এবং বৃহৎ কারখানা গুলি বিভিন্ন সময়ে বিভিন্ন কারণে তাদের উৎপাদনের লক্ষ্য সীমাকে ক্ষতিগ্রস্ত করছে, বিভিন্নভাবে বেকার সৃষ্টি করছে, এর ফলে বিভিন্ন সমস্যা দেখা দিচ্ছে, সরকার এবিষয়ে প্রতিকারের চেষ্টা করুন। আমরা আশা করব এই সরকার সে চেষ্টা করবেন।

[5-55—6-05 P.M.]

এবং এর সাথে সাথে আজকে পশ্চিমবাংলায় আরোও বৃহৎ, ক্ষুদ্র এবং মাঝারি শিল্প ও কুটির শিল্প আরোও স্থাপন করবেন। এবং তার সাথে কেন্দ্রীয় প্রতিষ্ঠানগুলি যাতে কোন রকমভাবে পশ্চিমবাংলা থেকে স্থানান্তরিত না হয় তারজন্য আমরা যেভাবে আজ সোচ্চার হচ্ছি সেটা আগামী দিনেও হবো। আমি এই প্রস্তাবকে অনুমান সাপেক্ষে হলেও সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীবীরেন বোস, শ্রীদীপক সেনগুপ্ত এবং শ্রীমনোহর তিরকি মহাশয় যে প্রস্তাব এখানে উথাপন করেছেন সেই প্রস্তাবের ভিত্তি যদি থেকে

থাকে তাহলে পশ্চিমবাংলা তো বটেই সাধারনভাবে উত্তররাংলার মানুষের কাছে উদ্বেগের কারণ হয়ে দাঁড়াবে। আমি মনে করি প্রকৃত তথ্য সংগ্রহ করা হোক। যদি এই জাতীয় উদ্যোগ রেলওয়ে বোর্ডের হয় যে এটাকে সরিয়ে নিয়ে যাবে তাহলে আমরা সকলে মিলিতভাবে মাননীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো। তিনি বাংলার লোক, বিশেষ করে উত্তরবঙ্গের লোক। আমার মনে কোন সন্দেহই নেই—যেখানে কর্মসংস্থান সঙ্কুচিত হচ্ছে, সম্প্রসারিত হচ্ছে না সেখানে আর কর্মসংস্থান সংকোচন করার জন্য মাননীয় রেলমন্ত্রী নিশ্চয়ই সায় দেবেন না। আমি শুধু একটি বিষয়ের প্রতি রাজ্য সরকারের কাছে নিবেদন রাখবো, ইনফ্রাষ্ট্রাকচার-সাপ্লাইস উইথ রিগার্ড টু দি পাওয়ার এ্যাণ্ড ওয়াটার—এটা যেন কনস্ট্রেন্ট না হয়। শিল্প দপ্তর, ক্ষুদ্র শিল্প দপ্তর যেন এ ব্যাপারে তৎপর থাকেন। ওদের তরফ থেকে নানা রকম অজুহাত আসতে পারে, কারণ বাংলাকে বঞ্চিত করার চেষ্টায় অজুহাত দেবার জন্য রেলওয়ে বোর্ড পিছিয়ে যাবে না। সেইজন্য আমি অনুরোধ করবো, বিদ্যুৎ দপ্তর, শিল্প দপ্তর, বৃহৎ শিল্প দপ্তর, ক্ষুদ্র কুটির শিল্প দপ্তর বিশেষ করে এ্যানসিলারি ইনডাসট্রিগুলি যেন প্রডাকসানের দিকে এগিয়ে যায়। ওদের অজুহাত থেকে যাতে রক্ষা পায় তারজন্য অনুরোধ করবো। আমাদের তরফ থেকে অল কনডিসান যেন ফুল-ফিল করি। রাজ্যসরকার উইথ অল্ আরনেষ্টনেস্ যেন ফলো-আপ্ করতে পারে। বাংলার কারখানা আজমীড়ে চলে যাবে এটা আমরা কিছুতেই হতে দেবো না। কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য অধিকতর কারখানা তৈরী করতে হবে। এ ছাড়া ইলেকট্রিক ট্রাকসান, কোল-ট্রান্সপোর্ট এগুলি যেন কনষ্ট্রেন্ট না হয়। মাননীয় রেলমন্ত্রী মহাশয় পশ্চিমবাংলার প্রতিনিধিত্ব করছেন, তিনি সারা ভারতবর্ষের রেলমন্ত্রী। বাংলার প্রতি অবিচার যাতে না হয় সেইজন্য তাঁর কাছে আমাদের দাবী জানাবো এবং রাজ্য সরকারের কাছে অনুরোধ করবো, ইনফ্রাষ্ট্রাকচার অর সাপ্লাই অফ পাওয়ার অর এ্যানসিলারি ইনডাসট্রি-এগুলো যেন কোন কনষ্ট্রেন্ট না থাকে। এ ব্যাপারে আমরা সবাই একমত স্থানান্তরিত কখনই সম্ভব নয়। আমি এর বিরোধিতা করি। এই প্রস্তাবকে আমি পরিপূর্ণভাবে সমর্থন করি এবং পরবর্তীকার্যক্রম গ্রহন করার জন্য সকলকে একমত হতে আহ্বান করি। থ্যাং ইউ স্যার।

**শ্রীমনোহর তিরকি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীধীরেন বসু মহাশয় যে প্রস্তাব এনেছেন তা সমর্থন করে আমি কিছু বলতে চাই। প্রস্তাবের মধ্যে মাননীয় সদস্য সুন্দরভাবে উল্লেখ করেছেন যে, রেল দপ্তর কিভাবে রাজনৈতিক এবং অন্য কারণে মিটার গেজ ডিজেলের ইঞ্জিন এবং ডিজেল অপারেটিং সেচ মেরামতের কারখানাটি উত্তরবঙ্গ থেকে সরিয়ে—উত্তরবঙ্গকে বঞ্চিত করে—সুদূর রাজস্থানে নিয়ে যাচ্ছে। কেন্দ্রীয় সরকারের এই প্রচেষ্টার বিরুদ্ধে উত্তরবঙ্গের শ্রমিক এবং সাধারণ মানুষ দীর্ঘদিন ধরে লড়াই করে চলেছে।

আমরা বিধানসভার পক্ষ থেকে দলমত নির্বিশেষে কেন্দ্রীয় সরকারের কাছে আজকে অনুরোধ জানাচ্ছি যে, রেলওয়ের উত্তরবঙ্গের ঐ কারখানাটিকে একটি স্বয়ংসম্পূর্ণ ডিজেল ইঞ্জিন মেরামত কারখানায় রূপান্তরিত করা হোক।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ, বিহার, উত্তরপ্রদেশ, আসাম, প্রভৃতি সমগ্র পূর্বাঞ্চলের জন্য মিটার গেজের ডিজেল লোকো ওভার হাউলিংয়ের এটিই একমাত্র কারখানা। এখানে বহু লোক চাকুরি করে এবং এই কারখানাটিকে কেন্দ্র করে ঐ অঞ্চলে কিছু শিল্প এবং ব্যবসা বাণিজ্য গড়ে উঠেছে। এই অবস্থায় ঐ কারখানাটিকে কেন এখান থেকে সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে তা আমরা বুঝতে পারছি না। রেল দপ্তরের এম/১৭৫/৪/আর. এস. চিঠিতে জানতে পারলাম যে ওখানে ইতিমধ্যেই সেকসন চালু হয়ে গেছে। এখান থেকে ২০০/২৫০ জন শ্রমিক রাজস্থানে যেতে রাজী হচ্ছে না। শুধু তারাই নয়, ঐ কারখানাকে ইনফ্রাসট্রাকচার করে ঐ অঞ্চলে যে সমস্ত ব্যবসা বাণিজ্য চলছিল সব বন্ধ হয়ে যাবে এবং বহু লোক বেকার হয়ে যাবে। একটা বিরাট অর্থ নৈতিক সমস্যা দেখা দেবে। ঐ অঞ্চলে এই কারখানাটি ছাড়া আর কোন বড় শিল্প নাই এবং এখন পর্যন্ত কোন বড় শিল্প গড়ার চেষ্টাও করা হয়নি। একটু আগে এখানে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন নিয়ে আলোচনা হয়েছে। ঐ অঞ্চলেও আমরা দেখছি একটির পর একটি ইস্যু নিয়ে নানা রকম মুভমেণ্ট হচ্ছে। এখন ওখানে উত্তরখণ্ড আন্দোলন হচ্ছে। আমরা বামফ্রন্ট সরকারের তরফ থেকে চেষ্টা করছি ঐ আন্দোলন বন্ধ করার জন্য। কাশীনাথ বাবু, জয়নাল আবেদিন সাহেব এবং অন্যান্য যে সমস্ত বিরোধী বক্তারা এ প্রস্তাবকে সমর্থন করে বক্তব্য রেখেছেন তাঁদের আমি ধন্যবাদ জানাচ্ছি। দলমত নির্বিশেষে আমরা সকলে কামনা করি—ওখানকার রেলের ঐ সংস্থাটি পূর্ণাঙ্গভাবে বিকশিত হোক। মিটারগেজ সেকসনের জন্য এটাই একমাত্র ডিজেল ওভারহাউলিং কারখানা। ওখানকার অর্থ নৈতিক পরিবেশটা বাড়ুক, ওয়ার্কিং ক্যাপাসিটি বাড়ুক, বেকার যুবকদের অধিক কাজকর্ম হোক, এই আশা করে, এই প্রস্তাবকে পূর্ণ সমর্থন করে, সবাইকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-05—6-12 P.M.]

**শ্রীসুরেশ সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভার মাননীয় সদস্যত্রয়—শ্রীবীরেন বোস, শ্রীদীপক সেনগুপ্ত এবং শ্রীমনোহর তীরকি যে প্রস্তাব এনেছেন তাকে আমি আন্তরিকভাবে

সমর্থন জানাচ্ছি এই কারণে ব্যাপারটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সারা উত্তর বাংলা গোটা ভারতবর্ষের মধ্যে অবহেলিত—অর্থনৈতিক দিক দিয়ে এবং সমস্ত দিক থেকেই। এখানে ডিজেল ইঞ্জিন মেরামতির কারখানা ১৯৬১ সাল থেকে স্থাপিত হয়েছে এবং সুদীর্ঘ দুই যুগ ধরে চলছে। এখানে কয়েক হাজার শ্রমিক কাজ করছে। এই কারখানা বিহার, উত্তর প্রদেশ, আসাম এবং সারা পশ্চিমবাংলার প্রয়োজন মেটাচ্ছে। হঠাৎ রেলওয়ে বোর্ড থেকে আদেশ হল এই কারখানাটি সরিয়ে নেওয়া হবে। আজকে শিলিগুড়ি থেকে সরিয়ে যদি নিউ-জলপাইগুড়ি অথবা রায়গঞ্জে নেবার কথা হোত কথা ছিল না কিন্তু সুদূর আজমীড়ে সরিয়ে নেবার কি যুক্তি থাকতে পারে? এই কি কেন্দ্রের গণতান্ত্রিক চিন্তাধারা? আমার কাছে রিপোর্ট আছে ঐ কারখানার কয়েক হাজার শ্রমিক এই আদেশের বিরুদ্ধে সেখানে আন্দোলন চালাচ্ছে, বাধা দেবার চেষ্টা করছে। যদি কারখানাটি সরিয়ে নেওয়া হয় তাহলে যে সব শ্রমিক সেখানে কাজ করছে তাদের জীবনে এক ভয়ঙ্কর অর্থনৈতিক বিপর্যয় দেখা দিতে বাধ্য। তাদের মধ্যে হয়তো অনেকেই শেষ পর্যন্ত সুদূর আজমীড়ে যেতে পারবে না। জানিনা, কেন্দ্রীয় সরকার হয়তো ভেবেছে এর ফলে অন্য রাজ্যের লোকের চাকুরী পাওয়ার পথ সুগম হবে। কিন্তু সমস্যা জর্জরিত উত্তর বাংলার এই কারখানাটি যদি সম্প্রসারিত এবং সয়ংসম্পূর্ণ করা যেত তাহলে কয়েক হাজার বেকার ছেলের জীবিকার সংস্থান করে দেওয়া যেতে পারতো। কিছুদিন ধরেই রেলওয়ে বোর্ডের সঙ্গে রেলওয়ে মন্ত্রীর বিরোধ চলছিল এবং সেই বিরোধের ফলেই কারখানাটি সরিয়ে নেওয়া হচ্ছে কিনা সেটা বোঝা যাচ্ছে না। এর বিরুদ্ধে আমাদের তীব্র প্রতিবাদ জানান দরকার যে কারখানাটি সুদীর্ঘ দুই যুগ ধরে চলছে সেটাকে স্বয়ং-সম্পূর্ণ না করে হাজার মাইল দূরে একটি অন্য রাজ্যে নিয়ে যাওয়া হচ্ছে কেন?

স্যার, আমি এখানে একটি ঘটনার কথা বলি। কেন্দ্র অনেক সময়েই এই ধরণের কার্যকলাপ দ্বারা চমক সৃষ্টি করে থাকে। কিছু দিন আগে, আপনারা জানেন, জয়নাল আবেদিন সাহেব জানেন, উত্তরবঙ্গের ডালখোলাতে একটি থার্মাল প্ল্যান্ট হবার কথা ছিল যার জন্য ১০০ একর জমি এ্যাকয়ার করা হয়েছিল। তারপর হঠাৎ কেন্দ্রীয় সরকারের মাথায় কি চাপলো—সেই কারখানাটি বিহারে নিয়ে যাওয়া হয়েছে। তার পরিবর্তে ডালখোলাতে এন. এস. টি. সি.-র একটি ছোট অফিস খোলা হয়েছে এবং বলা হচ্ছে উত্তর বাংলার বিদ্যুৎ চাহিদা সাঁওতালদি, জলঢাকা ও ফরাক্কার বিদ্যুত এখানে কেন্দ্রীভূত করে বিভিন্ন জায়গায় সাপ্লাই দেওয়া হবে। এই কারখানাটির কাজ চালু হবার আগেই কেন্দ্রীয় সরকারের নির্দেশমত ওখানে উত্তরবাংলা থেকে লোক নিয়োগের সুযোগ না দিয়ে বিহার, দ্বারভাঙ্গা, ছাপরা প্রভৃতি স্থান থেকে নিয়োগ করা হয়েছে। আমাদের

এতে কি সুবিধা হবে ? এ সম্বন্ধে একটি ডেপুটেশন ওঁদের কাছে গিয়েছিল। ওঁরা বলেছেন— "তোমাদের ব্যাপারটা দেখছি।" এ. বি. গনি খান সাহেব, যাঁকে জয়নালবাবুরা বলেন উন্নয়নের খনি, সেখানে আজ উত্তরবাংলার মানুষ তথা শিলিগুড়ির কথা চিন্তা না করে আজমীড়ের কথা চিন্তা করছেন কেন ? আর এই জন্যই এই যে প্রস্তাব এসেছে, এটা অত্যন্ত যুক্তিসঙ্গত প্রস্তাব, এর জন্য আপ্রাণ আমাদের চেষ্টা করতে হবে। আশা করি কংগ্রেস পক্ষ তথা বিরোধী দলের নেতারা হয়তো এ ব্যাপারে সহযোগিতা করবেন।

যে প্রস্তাব মাননীয় সদস্যরা নিয়ে এসেছেন এটাকে আমি আন্তরিকভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবীরেন বোস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাব সম্পর্কে সকলে যেভাবে তাঁদের মত প্রকাশ করেছেন, বিশেষতঃ বিরোধী দলের সদস্য কাশীনাথ মিশ্র এবং জয়নাল সাহেব মহাশয় যেভাবে তাঁদের মতবাদ ব্যক্ত করেছেন তার জন্য আমি তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। একটা প্রশ্ন এখানে উঠেছে যে, এটা নিয়ে যাওয়া হয়েছে কিনা। মাননীয় মুখ্যমন্ত্রী ১৯৮১ সালের জুন মাসে একটি চিঠি কেদার পাণ্ডেকে দিয়েছিলেন। তার জবাবে রেলমন্ত্রী যে চিঠি দিয়েছিলেন তার কয়েকটা লাইন আমি এখানে পড়ে শোনাচ্ছি। এটা শুনলে বুঝতে পারবেন তাঁদের উদ্দেশ্য কি। POH facilities for diesel locos have been set up on an all India basis and not for a particular zonal railway or State. With large scale infrastructure available, Ajmer shop have been developed to cater to the meter gauge POH requirements for the whole of the northern and western India including north eastern railway. POH at Siliguri which was in any case on a temporary activity therefore has to be discontinued. এখানে পরিষ্কার বলেছেন তাঁরা এটা তুলে দেবেন। রেলের সিদ্ধান্ত অনুযায়ী ৩টি ডিজেল কারখানা করার কথা আছে। সেগুলি আজমীড়, গোল্ডেন রক ও শিলিগুড়িতে করার কথা আছে। সেখানে শেড করা হবে না, বিরাট কারখানা করা হবে। সুতরাং এই ব্যাপারে শুধু প্রস্তাব নিলেই চলবে না। এটাকে কার্যকরী করতে হলে আমাদের সকলকে ঐক্যবদ্ধ হয়ে কেন্দ্রকে জানাতে হবে। আমি আশা করবো সকলে এটাকে সমর্থন করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Biren Bose that

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, শিলিগুড়ী জংশন এলাকায় রেলওয়ের মিটার গেজ ডিজেল ইঞ্জিন মেরামতের কারখানা আজমীড়ে স্থানান্তরিত করার প্রচেষ্টা গত ১৯৮০ সন থেকে ধাপে ধাপে কার্যকরী করার চেষ্টা চলছে ;

যেহেতু উক্ত কারখানা স্থানান্তরিত হলে বেকার সমস্যা জর্জরিত পশ্চিমবাংলায় কর্মসংস্থাপনের সম্ভাবনা হ্রাস পাবে ;

সেইহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকার তথা রেলওয়ে কর্তৃপক্ষের কাছে দাবী জানাচ্ছে যে, শিলিগুড়ি জংসনস্থিত ডিজেল লোকো পিরিওডিক্যাল ওভারহলিং সেকসান চালু রেখে একে পূর্ব ভারতে একটি স্বয়ংসম্পূর্ণ ডিজেল ইঞ্জিন মেরামত কারখানায় রূপান্তরিত করা হোক।

was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 6-12 P.M. till 1 P.M. on Monday, the 28th February, 1983, at the Assembly House, Calcutta-1.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 28th February, 1983 at 1 p. m.

**Present**

Mr. Speaker ( SHRI HASHIM ABDUL HALIM ) in the Chair, 13 Ministers, 14 Ministers of State and 144 Members.

[ 1-00—1-10 P. M. ]

## STARRED QUESTIONS

**( To which oral answers were given )**

### ন্যাশনাল স্কলারশিপ

*২৮। ( অনুমোদিত প্রশ্ন নং *৪৮। ) **শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** শিক্ষা ( প্রাথমিক ও মাধ্যমিক ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বছরে কতজন ছাত্রছাত্রীদের ন্যাশনাল স্কলারশিপ দেওয়া হচ্ছে ; এবং

(খ) গত বৎসর ঐ সংখ্যা কত ছিল ?

**শ্রীকান্তি বিশ্বাস :** (ক) বর্তমান বছরে ১৯৮০ জন ছাত্রছাত্রীকে ন্যাশনাল স্কলারশিপ দেওয়া হচ্ছে।

(খ) গত বৎসর ঐ সংখ্যা ছিল ২০০৩।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে স্কলারশিপের টাকা ছাত্র-ছাত্রীরা নিয়মিত ভাবে পাচ্ছে না ?

**শ্রীকান্তি বিশ্বাস ঃ** পদ্ধতিগত কিছু জটিলতা থাকার জন্য কখনও কখনও ছাত্র-ছাত্রীরা টাকা ঠিকমত ভাবে পাচ্ছে না, যাতে তারা সময় মত পায় তার জন্য আমরা চিন্তাভাবনা করছি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** শিক্ষকদের ছেলেমেয়েরা প্রথম বিভাগে উত্তীর্ণ হলে ন্যাশনাল স্কলারশিপের টাকা পাওয়ার নিয়ম ছিল, বর্তমানে সেই নিয়ম চালু আছে কিনা ও সেইভাবে টাকা পাচ্ছে কিনা মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

**শ্রীকান্তি বিশ্বাস ঃ** মাননীয় সদস্য এখানে লিখিত প্রশ্ন করলে সঠিকভাবে উত্তর দেওয়া সম্ভব হত। তবুও তাঁর অবগতির জন্য জানাই যে, শিক্ষকদের সন্তান-সন্ততিদের সরকারের কাছ থেকে টাকা পাওয়ার জন্য আলাদা একটা স্কীম আছে। তবে তার সুযোগ-সুবিধার পরিমাণ অপেক্ষাকৃত কম।

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** মন্ত্রীমহাশয় এখানে তাঁর লিখিত উত্তরে জানিয়েছেন যে, বর্তমান বৎসরে মোট ১,৯৮০ জন ছাত্র-ছাত্রীকে ন্যাশান্যাল স্কলারশিপ দেওয়া হয়েছে। মোট কতজন এই স্কলারশিপ পাওয়ার জন্য দরখাস্ত করেছিলেন ?

**শ্রীকান্তি বিশ্বাস ঃ** এই টাকা পাওয়ার জন্য দরখাস্ত করার কোন সুযোগ নেই। কেন্দ্রীয় সরকার এর হিসাব করেন। সারা ভারতবর্ষে মোট যত ছাত্র-ছাত্রী পরীক্ষায় বসে এবং যত ছাত্র-ছাত্রী প্রথম দিকে আছে তার উপর ভিত্তি করে এই টাকা দেওয়া হয়ে থাকে বা সংখ্যা নির্ধারণ করা হয়ে থাকে। অর্থাৎ যারা যে পরিমাণ নম্বর পেয়েছে তার উপর ভিত্তি করে কে কে ন্যাশানাল স্কলারশিপ পাবে তা ঠিক করে দেওয়া হয়।

## প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বিনামূল্যে পাঠ্য পুস্তক সরবরাহ

***২৯।** ( অনুমোদিত প্রশ্ন নং *৬৬। ) **শ্রীতারকবন্ধু রায় ঃ** শিক্ষা ( প্রাথমিক ও মাধ্যমিক ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের শিক্ষাবর্ষে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্যে সরকার কর্তৃক বিনা-মূল্যে পাঠ্য পুস্তক সরবরাহ বাবদ কত টাকা ব্যয় করা হয়েছে ;

(খ) ১৯৮৩ সালের শিক্ষাবর্ষে প্রাথমিক বিদ্যালয়ের কত সংখ্যক শিক্ষার্থীকে সরকার কর্তৃক বিনামূল্যে পাঠ্য পুস্তক সরবরাহের ব্যবস্থা নেওয়া হয়েছে ; এবং

(গ) ঐ বাবদে আনুমানিক ব্যয়ের পরিমাণ কত ( টাকায় ) ?

**শ্রী মহঃ আবদুল বারি ঃ** (ক) মোট টাকা ১,৬৫,৭২,৪০৩'০০।

(খ) ৭৩,৭১,৮০১ জন।

(গ) প্রায় তিন কোটি টাকা।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** আমাদের গতবারের অভিজ্ঞতায় দেখেছি, গতবারে সেসান শেষ হয়ে যাবার সময় পর্যন্ত সব প্রাথমিক বিদ্যালয়গুলিতে পাঠ্যপুস্তক পৌছয় নি। এবারে প্রতিটি বিদ্যালয়ে পুস্তক পাঠানো হয়েছে কি ?

**শ্রী মহঃ আবদুল বারি ঃ** ইতিমধ্যে আমরা যে ব্যবস্থা গ্রহণ করেছি তাতে প্রত্যেক জেলার বিদ্যালয়গুলিতে শতকরা ৭০ ভাগ বই পৌছে গেছে বলে জানি। এবারে আমরা ব্যবস্থা করেছিলাম একদিনেই বইগুলি যাতে বিদ্যালয়গুলিতে বই পৌছুতে পারে সেজন্য ১৬টি জেলাতে একটা নির্দিষ্ট দিন ধার্য করা হয়েছিল, সেই দিনেই বিতরণ করা হয়েছে। তবে ৪ খানা নতুন বই দেরীতে পৌছিয়েছে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি প্রাথমিক বিদ্যালয়গুলিতে যে বই সরবরাহ করা হয়েছে এই সম্পর্কে কি কোন সরকারী নির্দেশ আছে ?

**শ্রী মহঃ আবদুল বারি ঃ** এই সম্পর্কে আমরা সুনির্দিষ্ট নির্দেশ দিয়েছি। নির্দেশে বলেছি যে প্রত্যেকটি জেলায় জেলা পরিষদের চেয়ারম্যান, বিভিন্ন শিক্ষা সংগঠন নিয়ে যে স্তর এবং জেলা ম্যাজিষ্ট্রেট, জেলার সামাজিক আধিকারক এবং তাদের প্রতিনিধি এবং শিক্ষা কমিটির সদস্যদের নিয়ে একটি সেল করা হয়েছে। ঐ সেলের একজন জেলা ম্যাজিষ্ট্রেট, ডি. আই. এবং স্কুল বোর্ডের প্রেসিডেণ্ট এবং সামাজিক আধিকারিক এই সেলে যুক্ত আছেন। এঁদের নির্দেশ অনুসারেই পঞ্চায়েতের মাধ্যমে বই সরবরাহের ব্যবস্থা করা হয়েছে।

**শ্রীদেব প্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে আপনাদের নির্দেশ অনুসারে ৭০ পারসেণ্ট বই পৌছেছে কিন্তু এখনও বাকী আছে ৩০ পারসেণ্ট। ফেব্রুয়ারী মাস শেষ হতে চললো কবে নাগাদ বই পৌছাবে বলে আশা করা যায় ?

**মিঃ স্পীকার ঃ** অনুমানে কোন প্রশ্ন হয় না।

**শ্রীসরল দেব ঃ** বাকী ৩০ পারসেণ্ট বই ছাত্র-ছাত্রীরা কবে নাগাদ পাবেন ?

**শ্রী মহঃ আবদুল বারি ঃ** এই ব্যাপারে তরান্বিত করার জন্য রাইটার্স বিল্ডিংসে একটি সেল তৈরী করেছি যাতে মার্চ মাসের মধ্যে বই পৌঁছায় এবং এই ব্যাপারে আপ্রাণ আমরা চেষ্টা করছি এবং আশা করছি পারবো।

**শ্রীআবদুল করিম চৌধুরী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই বইগুলির সঙ্গে উর্দু বইও পাওয়া গেছে কিনা ?

**শ্রী মহঃ আবদুল বারি ঃ** উর্দু ছাত্র-ছাত্রীদের জন্য যে দুখানা বই ছেপেছি সেগুলি গেছে।

## উদ্বাস্তুদের বসত জমি ভোগ দখলের স্বীকৃতি দিয়ে দলিল অর্পণ

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৭১।) **শ্রীদেব প্রসাদ সরকার ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি বামফ্রন্ট সরকার এই রাজ্যের উদ্বাস্তুদের বসত জমি ভোগ-দখলের স্বীকৃতি দিয়ে দলিল অর্পন করার সিদ্ধান্ত নিয়েছেন এবং তা কার্যকরী করতে শুরু করেছেন ; এবং

(খ) সত্য হলে,—

(১) এই দলিলে উদ্বাস্তুদের অধিকৃত জমিতে স্থায়ী মালিকানা স্বত্ব দেওয়া হচ্ছে, কিংবা লীজের ভিত্তিতে এই দলিল অর্পণ করা হচ্ছে, ও

(২) ১৯৫১ সালের পর যেসমস্ত উদ্বাস্তু এই রাজ্যে এসে বসবাস করছেন তাঁদের অধিকৃত বসত জমির ক্ষেত্রে এই দলিল অর্পণ করা হচ্ছে কিনা ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) গ্রামাঞ্চলে বসবাসকারী উদ্বাস্তুদের অধিকৃত জমিতে স্থায়ী মালিকানা স্বত্ব দেওয়া হচ্ছে। শহরাঞ্চলের ক্ষেত্রে ৯৯ বছরের লীজের ভিত্তিতে দলিল দেওয়া হচ্ছে।

(২) কোন কোন ক্ষেত্রে ১৯৫০ সালের পরে আগত উদ্বাস্তুদেরও তাঁদের অধিকৃত বসত জমির জন্য দলিল অর্পণ করা হচ্ছে।

**শ্রীদেব প্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই রাজ্য সরকারের তরফ থেকে যে দলিল দেওয়া হয়েছে উদ্বাস্তুদের এই দলিলগুলি গ্রহণের ক্ষেত্রে কোন সর্ত আরোপ করা হয়েছে কি ? এবং হয়ে থাকলে সেই সর্তগুলি কি কি ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** কোন দলিল—গ্রামাঞ্চল না শহরাঞ্চল সেটা না বুঝলে বলা যাবে না।

**শ্রীদেব প্রসাদ সরকার ঃ** শহরাঞ্চলের দলিল।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** শহরাঞ্চলের ক্ষেত্রে ৯৯ বছর লীজ দেওয়া হয়েছে। এইটা ভারত সরকারের সঙ্গে আলোচনা করেই করা হয়েছে। ভারত সরকার শেষ পর্যন্ত ৯৯ বছরের বেশী উদ্বাস্তুদের লীজ দিতে ইচ্ছুক না হওয়ায় এই ব্যবস্থা। শ্রীমতী ইন্দিরা গান্ধী ভারতের প্রধানমন্ত্রী আমাদের মুখ্যমন্ত্রীকে জানিয়ে দেন এবং সেই সর্ত আমরা মেনে নিতে বাধ্য হয়েছি। তবে সম্মানজনক সর্তেই এই লীজ দেওয়া হচ্ছে।

**শ্রীদেব প্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি আপনাদের ৩৬ দফা কর্মসূচীর মধ্যে ৩৫ দফায় ছিল যে—যে সকল উদ্বাস্তু রাজ্যের বিভিন্ন এলাকায় জমি দখল করেছেন, লীজ এর পরিবর্তে মালিকানা সত্ত্বের মাধ্যমে তাদের আইনগত স্বীকৃতি দান। ১৯৭৪ সালে সিদ্ধার্থ রায় যখন এই লীজের দলিল দিয়েছিলেন আপনারা তখন তার বিরোধিতা করেছিলেন অথচ আপনারা এখন সেই সর্ত সাপেক্ষে ৯৯ বছর দিতে চাইছেন এর কারণ কি ?

[1-10—1-20 P.M.]

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** পশ্চিমবঙ্গ সরকারের নিজস্ব খাস জমিতে গ্রামাঞ্চলে পূর্ণ স্বত্ব দেওয়া হয়েছে। তার মানে সেখানে কায়েমী স্বত্ব দেওয়া হয়েছে। শহরাঞ্চলে কতকগুলি জায়গায় যেখানে রাজ্য সরকারের নিজস্ব খাসজমি আছে যেমন সল্ট লেক ও কল্যাণীতে সেখানে ৯৯৯ বছরের লীজে রাজ্য সরকার জমি দিচ্ছেন। কিন্তু যেসব জমি কেন্দ্রীয় সরকারের টাকায় অধিগ্রহণ করা হয়েছে সেখানে তাঁদের স্বত্ব হচ্ছে ৯৯ বছরের। কিন্তু লীজ প্রাপকের বংশধরেরা লীজ মেয়াদের শেষে যদি দাবী করেন যে এই লীজ পুনঃ নবীকরণ করা হোক তাহলে তা করা হবে ? সিদ্ধার্থ সরকারের আমলে হরিদাস মিত্র যে কমিটি হয়েছিল তাঁরা একটা স্বত্ব রাখলেন যে সরকারের বিরুদ্ধে নাশকতামূলক কাজের জন্য উদ্বাস্তুদের জমি থেকে উচ্ছেদ করার অধিকার সরকারের থাকবে।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** এটা অসত্য কথা। কারণ আমি সেই সময় মন্ত্রী ছিলাম। এই রকম একটা সর্তের মধ্যে রাজনৈতিক উদ্দেশ্যে একটা সরকার যেতে পারেন না।

**মিঃ স্পীকার ঃ** যে রিপোর্টের কথা আপনি বললেন সিদ্ধার্থ সরকারের আমলে হয়েছিল তার একটা কপি টেবিলে রেখে দেবেন।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** দিয়ে দেবো।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** এটা হতে পারে না।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** আপনার নির্দেশ মেনে নিয়ে সেই হরিদাস মিত্র কমিটির রিপোর্ট হাউসে লে করবো।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** যদি সত্যি হয় তাহলে আমি পদত্যাগ করবো।

**শ্রীজয়ন্ত বিশ্বাস ঃ** যেসব জমিতে স্থায়ী মালিকানা স্বত্ব দেয়া হয়েছে সেগুলি কি বিক্রি করতে দেয়া হবে ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** নোটিশ চাই।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** ৯৯ বছরের লীজ মানে এটা কি মালিকানার মধ্যে পড়ে ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** ৯৯ বছরের লীজ অতিক্রান্ত হয়ে গেলে দরখাস্ত করলে লীজ নবীকরণ করা যাবে। এই জমি মর্টগেজ বন্ধক দেবার অধিকার আছে। সুতরাং মর্টগেজ দেবার অধিকার ও উত্তরাধিকারের সুযোগ থাকায় এটা প্রায় স্থায়ী স্বত্ব হয়ে দাঁড়ায়।

**শ্রীহাজারী বিশ্বাস ঃ** শহরে যেসব উদ্বাস্তুদের জমি অর্পণ করা হয়েছে এক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের পূর্বে যে সর্ত ছিল বর্তমান সরকারের প্রচেষ্টায় সে সর্ত কি লাঘব করা হয়েছে ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** হ্যাঁ এবং তাতে কতকগুলি সম্মানজনক সর্ত লেখা হয়েছে।

**মিঃ স্পীকার ঃ** সিদ্ধার্থ সরকারের আমলে যে ড্রাফট য়্যাপ্রুভ হয়েছিল সেটা এবং আপনাদের সময়ে যেটা হয়েছে সেটাও হাউসে লে করবেন।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** হ্যাঁ।

## রাজ্যে মঞ্জুরীকৃত স্টেডিয়ামের সংখ্যা

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৬।) **শ্রীসরল দেব ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১ সালের এপ্রিল হইতে ১৯৮৩ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত রাজ্য সরকার কতগুলি স্টেডিয়াম মঞ্জুর করিয়াছেন ; এবং

(খ) তন্মধ্যে কতগুলি স্টেডিয়ামের-এর কাজ এ পর্যন্ত সম্পন্ন হইয়াছে ?

**শ্রীসুভাষ চক্রবর্তী ঃ** (ক) দুইটি স্টেডিয়াম নির্মাণের প্রকল্প মঞ্জুর করা হইয়াছে।

(খ) কাজ সম্পন্ন হয় নাই।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কোন কোন ৩টি স্টেডিয়াম, তার নাম বলবেন কি ?

**শ্রীসুভাষ চক্রবর্তী ঃ** ২টো স্টেডিয়াম বলেছি—একটা কাটোয়া, আর একটা কুচবিহার।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই প্রকল্পের ভেতরে বারাসত স্টেডিয়াম তৈরী করবার জন্য প্রাক্তন ক্রীড়ামন্ত্রী কোন এ্যাসিওরেন্স এই হাউসে দিয়েছিলেন কিনা ?

**শ্রীসুভাষ চক্রবর্তী ঃ** বারাসত স্টেডিয়াম নির্মাণের প্রকল্প আমাদের প্রত্যক্ষ বিবেচনায় আছে।

**শ্রীসরল দেব ঃ** বারাসত স্টেডিয়ামের কাজ কবে নাগাদ শুরু হবে জানাবেন কি ?

**শ্রীসুভাষ চক্রবর্তী ঃ** এটা এই মুহূর্তে বলা যাচ্ছে না। কয়েকটি স্টেডিয়াম একসাথে করার চেষ্টা করব, সেগুলি আমাদের বিবেচনার মধ্যে আছে।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** হাওড়া ময়দানে স্টেডিয়াম করার প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং বলেছিলেন টাকাও স্যাংকসান করেছি, কিন্তু এখনও পর্যন্ত সেখানে কোন কাজ আরম্ভ হয়নি। কবে থেকে সেখানে কাজ শুরু হবে জানাবেন কি ?

**শ্রীসুভাষ চক্রবর্তী ঃ** হাওড়া বিশেষ বিবেচনার মধ্যে আছে, এখন পুরোপুরি কাজ শুরু করার মত অবস্থা সৃষ্টি হয়নি।

**শ্রীহাজারি বিশ্বাস ঃ** বহরমপুরে যে স্টেডিয়ামের কাজ শুরু হয়েছে সেটা কবে শেষ হবে ?

**শ্রীসুভাষ চক্রবর্তী ঃ** এটা বলা সম্ভব নয়।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন বারাসতের ব্যাপারে সেখানকার কালেক্টর যে জমি দিতে চেয়েছিলেন হস্তান্তর করার জন্য সেটা সরকার গ্রহণ করার কথা ভেবেছেন কি ?

**শ্রীসুভাষ চক্রবর্তী ঃ** সমস্ত প্রক্রিয়া শেষ হয়ে গেছে, এখন জমি হস্তান্তরিত হবে।

**শরণার্থীদের বাড়ি করা বাবদ ঋণ মকুব**

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৪।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালের ১লা এপ্রিল থেকে ১৯৭১ সালের ২৫শে মার্চ-এর মধ্যে যেসমস্ত শরণার্থী ভারতে এসেছেন তাঁরা রাজ্য সরকারের কাছ থেকে বাড়ি করা বাবদ যে ঋণ নিয়েছেন তা মকুব হয়েছে কি ,

(খ) হয়ে থাকলে, এই নির্দেশনামা বিভিন্ন জেলা অফিসে দেওয়া আছে কি ; এবং

(গ) "ক" প্রশ্নের উত্তর "না" হলে, মকুব করার অসুবিধা কি ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ১৯৬৪ সালের ১লা এপ্রিল থেকে ১৯৭১ সালের ২৫শে মার্চ যেসকল শরণার্থী ভারতে এসেছেন তাঁদের জন্য কেন্দ্রীয় সরকার কোন গৃহনির্মাণ ঋণ মঞ্জুর করেননি এবং তাঁদেরকে পশ্চিমবঙ্গে পুনর্বাসন দেওয়া হয়নি। সুতরাং এঁদের গৃহ-নির্মাণ ঋণ মকুবের প্রশ্ন ওঠে না।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** ১৯৬৪ সালে ভারত সরকার যে নন-কন্ট্রিবিউটরী লোন দিয়েছিলেন সেগুলি কি মকুব করা হয়েছে ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী :** ১৯৬৪ সালের ৩১শে মার্চ পর্যন্ত যত নন-কন্ট্রিবিউটরী গৃহ নির্মাণ ঋণ মঞ্জুর করা হয়েছিল তার সমস্তটাই মকুব করার প্রক্রিয়ার এই রাজ্য সরকারকে দেওয়া হয়েছে এবং সেইমত জেলা শাসকদের ঐ নির্দেশ পাঠান হয়েছে। ঐ সমস্ত ঋণ মকুবের কাজও প্রায় সমাপ্তির মুখে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** ঐ নন-কন্ট্রিবিউটরী লোনের টাকার অংকটা বলতে পারবেন কি ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী :** নোটিশ দেবেন।

**শ্রীহাজারি বিশ্বাস :** বসত-বাটির ক্ষেত্রে ঋণ মকুবের টাকার অংকটা এস. টি. লোনে আছে কিনা ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী :** নোটিশ দেবেন, উত্তর দেব।

## প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণী খোলার সিদ্ধান্ত

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২৭।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যের প্রত্যেক প্রাথমিক বিদ্যালয়ে চলতি বছরে পঞ্চম শ্রেণী খোলা হবে বলে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্য হলে—

(১) কি কারণে ও উদ্দেশ্যে ঐ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ;

(২) আজ পর্যন্ত ঐ সিদ্ধান্তের কি উন্নতি হয়েছে ; ও

(৩) কত টাকা ঐ উদ্দেশ্যে অতিরিক্ত ব্যয় হবার সম্ভাবনা আছে ?

## প্রাথমিক বিদ্যালয়ের সঙ্গে পঞ্চম শ্রেণীকে যুক্ত করার পরিকল্পনা

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬২।) **শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের প্রাথমিক বিদ্যালয়গুলির সঙ্গে পঞ্চম শ্রেণীকে যুক্ত করার কর্মসূচী কিভাবে কার্যকর করা হচ্ছে ; এবং

(খ) বর্তমান শিক্ষাবর্ষে উক্ত কর্মসূচী বাস্তবায়িত হওয়ার সম্ভাবনা আছে কি ?

৩৩ নং প্রশ্নের উত্তর—

**শ্রী মহঃ আবদুল বারি ঃ** (ক) প্রয়োজনীয় ক্ষেত্রে প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণী খোলার নির্দেশ দেওয়া হয়েছে।

(খ) (১) চতুর্থ শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের একই শ্রেণীতে আটকে রাখা চলবে না—এই সরকারী নীতির পরিপ্রেক্ষিতে ছাত্রদের পঞ্চম শ্রেণীতে ভর্তির সুযোগ দেবার জন্য এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

(২) বিষয়টি এখনো রূপায়ণের স্তরে আছে।

(৩) এখনো পর্যন্ত এজন্য অতিরিক্ত কোন দায়ভার নেওয়া হয়নি। সম্ভাব্য অতিরিক্ত দায়ভারের পরিমাণ এখনই বলা সম্ভব নয়।

৩৪ নং প্রশ্নের উত্তর—

**শ্রী মহঃ আবদুল বারি ঃ** (ক) প্রয়োজনীয় ক্ষেত্রে প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণী খোলার নির্দেশ দেওয়া হয়েছে।

(খ) আছে।

[1-20—1-30 P.M.]

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, "প্রয়োজনীয় ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে" এই কথা বলে আপনি কি বোঝাতে চেয়েছেন ?

**শ্রী মহঃ আবদুল বারি ঃ** এ ব্যাপারে আমরা একটা নির্দেশ দিয়ে বলেছি যে এলাকায় ছাত্রসংখ্যা বেশী এবং ভর্তি হতে পারছে না তার একটা মূল্যায়ন করুন এবং জেলা পরিদর্শক ও স্থানীয় স্বায়ত্ত শাসন বিভাগ যদি বোঝেন ছাত্রসংখ্যা বাড়ছে তাহলে যেখানে ঘর আছে, যেখানে ছাত্রদের সংকুলান হবে সেখানে তাঁরা পঞ্চম শ্রেণী খুলবেন।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, মাধ্যমিক স্তরে পঞ্চম শ্রেণীতে ঠিকমত পড়াশুনা হয় না তা সত্বেও প্রাথমিক স্তরে পঞ্চম শ্রেণী খোলা হচ্ছে এটা ঠিক কিনা ?

**শ্রী মহঃ আবদুল বারি ঃ** পঞ্চম শ্রেণী যেখানে মাধ্যমিকের সংগে যুক্ত আছে সেখানে ভালভাবেই পড়াশুনা হয়।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মন্ত্রীমহাশয় প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র ভর্তির সমস্যার পটভূমিতে যেকথা বলেছিলাম তাতে আমরা আশান্বিত হয়েছিলাম। কিন্তু দেখা যাচ্ছে আপনি নির্দেশ দেওয়া সত্বেও এ্যাকোমোডেশন নেই বাড়তি শিক্ষক নেই। কাজেই পঞ্চম শ্রেণীকে প্রাথমিকের সংগে যুক্ত করার পরিকল্পনা বানচাল হয়ে যাচ্ছে নাকি ?

**শ্রী মহঃ আবদুল বারি ঃ** এবছর এইভাবেই নিয়েছি, পরের বছর অবস্থা বুঝে চিন্তা করা যাবে কি করা যায়।

**শ্রীপ্রবোধ পুরকাইত ঃ** আপনি বললেন যেখানে ছাত্রসংখ্যা বেশী সেখানে পঞ্চম শ্রেণী খোলার জন্য নির্দেশ দিয়েছি। এরকম স্কুল সারারাজ্যে কয়টা খোলা হয়েছে জানাবেন কি ?

**শ্রী মহঃ আবদুল বারি ঃ** নোটিশ চাই।

## প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের টিফিন সরবরাহ বন্ধ

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬।) **শ্রীদেবপ্রসাদ সরকার**ঃ শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রাজ্যের প্রাথমিক বিদ্যালয়সমূহের ছাত্রছাত্রীদের মধ্যাহ্নকালীন টিফিন সরবরাহের ব্যবস্থা প্রায় এক বৎসরকাল যাবৎ বহু ক্ষেত্রেই বন্ধ হয়ে আছে ; এবং

(খ) অবগত থাকলে, বন্ধ হয়ে যাওয়ার কারণ কি ?

**শ্রীমহম্মদ আবদুল বারি**ঃ (ক) কেবলমাত্র কলিকাতা কর্পোরেশন এলাকা ছাড়া অন্য কোন স্থানে এরূপ পরিস্থিতির কথা জানা নেই।

(খ) কেয়ার সংস্থা কলিকাতার জন্য খাদ্যদ্রব্য সরবরাহ করতেন। গত ১-৪-৮২ হতে ওঁরা সেটা বন্ধ করে দিয়েছেন। সরকার নিজস্ব ব্যবস্থায় মধ্যাহ্নকালীন টিফিন সরবরাহ চালু রাখার সিদ্ধান্ত নিয়েছেন ও অচিরেই সে ব্যবস্থা কার্যকর হবে।

**শ্রীদেবপ্রসাদ সরকার**ঃ বামফ্রন্টের চেয়ারম্যান শ্রীসরোজ মুখার্জী সম্প্রতি জানিয়েছেন সরকারী ভাষা নীতি কার্যকরী করবার ক্ষেত্রে সরকার যতটা তৎপর তার চেয়েও বেশী দরকার ছিল ছাত্রদের টিফিন সরবরাহ এবং পাঠ্যপুস্তক সরবরাহের উপর জোর দেওয়া। আমরা দেখছি ১লা এপ্রিল থেকে প্রায় ১০ মাস এই টিফিন সরবরাহ বন্ধ আছে। আমার প্রশ্ন হচ্ছে, এই টিফিনের ব্যবস্থা করা গেলনা কেন ?

**শ্রীমহম্মদ আবদুল বারি**ঃ ছাত্রদের টিফিন দেবার ব্যবস্থা কর্যাকরী করার জন্য যে নীতি গ্রহণ করা হয়েছে সেটা চালিয়ে যাচ্ছি। রুটির দাম বাড়ায় এবং টেণ্ডার দেবার ব্যাপারে একটু দেরী হয়েছে—তবে ব্যবস্থা করছি। এবছর ৩৮ লক্ষ ছাত্রছাত্রীকে এই প্রকল্পে নিয়ে আসা হয়েছে এবং তাদের টিফিন দেওয়া হচ্ছে।

**শ্রীদেবপ্রসাদ সরকার**ঃ বর্তমান খরায় পশ্চিমবাংলা দারুণ দুরবস্থার মধ্যে পড়েছে সেটা সকলেই জানেন। বিশেষ করে খরা পরিস্থিতির উপর ভিত্তি করে বিভিন্ন এলাকায় যে টিফিনের ব্যবস্থা চালু করা হয়নি সেখানে অতি দ্রুত টিফিন সরবরাহের ব্যবস্থা চালু করার কথা চিন্তা করছেন কি ?

**শ্রীমহম্মদ আবদুল বারি ঃ** আপনার প্রশ্নটা অনেক বেশী হয়ে যাচ্ছে। আপনার প্রশ্নের উত্তরে জানাচ্ছি এই ব্যাপারে আমরা গুরুত্ব দিয়েছি এবং টাকা পয়সার সীমিত ক্ষমতার মধ্যেও আমরা সমস্ত জেলার খরা এলাকায় বাড়তি টিফিনের টাকা এই বারে দিয়েছি।

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ ঃ** এই টিফিনের কি কি দেবার পরিকল্পনা সরকার করছেন ?

**শ্রীমহম্মদ আবদুল বারি ঃ** টিফিনের জন্য কেয়ার কিছু খাবার দেয়, সেটা রান্না করে খাওয়ানোর জন্য আমাদের একটা পরিকল্পনা আছে। আমাদের পরিকল্পনার মধ্যে আছে, পাউরুটি দেওয়া হয়। গত বছর আমরা একটা নৃতন পরিকল্পনা গ্রহন করেছি, সেটা হচ্ছে এই, প্রত্যেক জেলার একটি করে ব্লক বেছে নিয়ে সেখানে কিছু কেয়ারের খাবার এবং সরকারী পরিকল্পনা যা আছে তা নিয়ে খিচুড়ি রান্না করে ছেলেদের কাছে পৌছে দেব। এই রকম কিছু পরিকল্পনা আমাদের চলছে।

**শ্রীপ্রবোধ পুরকাইত ঃ** বিদ্যালয়গুলিতে কেয়ারের যে খাদ্য দেওয়া হয় সেই খাদ্য রান্না করে দেওয়ার জন্য যে খরচ পড়ে স্কুলগুলিতে সেই খরচ ঠিকমত না দেওয়ার জন্য শুকনো খাবার সরবরাহ করে—এই রকম কোন খবর আপনার জানা আছে কি ?

**শ্রীমহম্মদ অবদুল বারি ঃ** এই রকম ঘটনা কিছু কিছু ঘটেছে। সেই জন্য আমরা একটা পরিকল্পনা করেছি যে এবারে কেয়ারের খাবার সমস্ত স্কুল বোর্ডের মাধ্যমে দেবার ব্যবস্থা হবে, যাতে করে এই ত্রুটিগুলি মুক্ত হয়।

## ২৪-পরগনা জেলা স্কুল বোর্ডে শিক্ষক নিয়োগের জন্য প্যানেল তৈরী

***৩৭।** (অনুমোদিত প্রশ্ন নং *২৩০।) **শ্রীসরল দেব ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮ সালে ২৪-পরগনা জেলা স্কুল বোর্ডে শিক্ষক নিয়োগের জন্য কোন প্যানেল তৈয়ারি হইয়াছিল কি ;

(খ) হইয়া থাকিলে, উক্ত প্যানেলভুক্ত শিক্ষক ও শিক্ষিকাদের সংখ্যা কত ;

(গ) উক্ত প্যানেলভুক্ত শিক্ষক নিয়োগের ব্যাপারে কোন অসুবিধা দেখা দিয়াছিল কি ; এবং

(ঘ) "গ" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, তাহা কি ?

**শ্রীমহম্মদ আবদুল বারি ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

**শ্রীসরল দেব ঃ** ১৯৭৮ সালে ২৪ পরগনা জেলার প্রাথমিক শিক্ষকদের জন্য এক প্যানেল তৈরী হয়েছিল। আমি সেই ইণ্টারভিউ বোর্ডে ছিলাম, প্যানেল তৈরী হয়েছিল আমার প্রশ্ন হচ্ছে ২৪ পরগনা জেলার প্রাথমিক শিক্ষকদের জন্য কোন প্যানেল তৈরী হয়েছি কিনা, হয়ে থাকলে এম্প্যানেল্ড টিচারের সংখ্যা কত ?

**শ্রীমহম্মদ আবদুল বারি ঃ** ১৯৭৮ সালে শিক্ষক নিয়োগের জন্য কোন প্যানেল তৈ হয়নি। ১৯৭৯ সালে শিক্ষক নিয়োগের জন্য ৫ হাজার ৬০০ জন শিক্ষকের একটি প্যানেল তৈ হয়েছিল। কিন্তু মহামান্য আদালতের অন্তবর্তী আদেশের জন্য কোন শিক্ষক নিয়োগ ক যায় নি।

**শ্রীসরল দেব ঃ** ১৯৭৯ সাল থেকে মামলা চলছে। এই মামলা মেটাবার জন্য রা সরকারেরর পক্ষ থেকে উদ্যোগ গ্রহন করবেন কি ?

**শ্রীমহম্মদ আবদুল বারি ঃ** হঁ্যা, আমরা সেই উদ্যোগ গ্রহন করবার চেষ্টা করেছি।

**শ্রীসরল দেব ঃ** মননীয় মন্ত্রী মহাশয় জানেন, মামলা যারা করেছে তাদের সংখ্যা সম্ভবতঃ ১২৭ জনের মত হবে। এটা মীমাংসা করলেই তো মামলা উঠে যেতে পারে।

**মিঃ স্পীকার ঃ** সরলবাবু, আপনি তো জানেন, এইভাবে কোশ্চেন হয় না।

## প্রাথমিক শিক্ষকদের প্রভিডেণ্ট ফাণ্ডের হিসাব

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** শিক্ষা (প্রাথমিক মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় প্রাথমিক শিক্ষকদের "প্রভিডেণ্ট ফাণ্ড"-এর হি ঐসমস্ত জেলা বোর্ডের অফিসে রাখা হয় কি ; এবং

(খ) না রাখা হইলে, তাহার কারণ কি ?

**শ্রীমহম্মদ আবদুল বারি ঃ** (ক) হ্যাঁ॥

(খ) প্রশ্ন ওঠে না॥

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** আজকে যুগান্তরে প্রভিডেন্ট ফাণ্ড সংক্রান্ত একটা প্রতিবেদনে দেখলাম একমাত্র পশ্চিমদিনাজপুর ছাড়া বিভিন্ন জেলায় কোথাও ২ কোটি কোথাও ৩/৪ কোটি টাকা শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ডের ব্যাপারে জড়িত আছে এবং এই টাকার কোন হিসাব নিয়মিত ভাবে রক্ষা করা হচ্ছে না—এই ব্যাপারে আপনি কিছু জানেন কি ?

**শ্রীমহম্মদ আবদুল বারি ঃ** যুগান্তরে কি খবর বেরিয়েছে, তার কতটা কি সত্য, না সত্য সেটা আমি কি করে বলব ? তবে এটুকু বলতে পারি প্রতিটি জেলায় শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ডের ব্যাপারটা নিয়মিত করার জন্য উদ্যোগ নিয়েছি।

[1-30—1-40 P. M.]

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** প্রভিডেন্ট ফাণ্ডের টাকা স্কুলবোর্ডের বিভিন্ন কাজে ব্যয় হয় বলে যে অভিযোগ আছে সেটা কতদূর সত্য মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

**শ্রীমহম্মদ আবদুল বারি ঃ** এ সম্পর্কে একটা নোটিশ দিলে হয়ত একটা সঠিক উত্তর দিতে পারি। তবে এ ব্যাপারে যাতে কিছু না হয় মাঝে মাঝে মিটিং করে সেটা দেখাশুনা করা হয়।

**শ্রীআবদুর রউফ আনসারি ঃ** 'যুগান্তরে' যে খবর বেরিয়েছে সেটা মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয় পড়েছেন। 'যুগান্তরে' যেটা বেরিয়েছে আমার প্রশ্ন, মাননীয় মন্ত্রীমহাশয় সেটা সত্য কিনা সে সম্পর্কে হ্যাঁ বা না বলবেন কি ?

**মিঃ স্পীকার ঃ** এটা কোন প্রশ্ন নয়।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** প্রভিডেন্ট ফাণ্ডের যে সমস্ত ইরেগুলার ব্যাপার হয়েছে এবং আপনাকে যেটা চেষ্টা করে রেগুলার করতে হচ্ছে, আমার প্রশ্ন, ১৯৭২/৭৭ সাল পর্যন্ত টাকা জমা পড়েনি বলে কি এই অবস্থা দাঁড়িয়েছে ?

**মিঃ স্পীকার ঃ** এটা কোন প্রশ্ন নয়।

## মাদার ডেয়ারীর উৎপাদকদের দুধের দাম হ্রাস

*৪০। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৩। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** দুগ্ধ উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, সরকার মাদার ডেয়ারী উৎপাদকদের দুধের দাম লিটার-প্রতি ৫৫ পয়সা ( ১লা ফেব্রুয়ারি, ১৯৮৩ থেকে ) কমিয়ে দিয়েছেন ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** মাদার ডেয়ারী, ডানকুনি যে দুধ সংগ্রহ করে মাদার ডেয়ারীর ম্যানেজিং কমিটি তার দাম স্থির করেন, পশ্চিমবঙ্গ রাজ্য সরকার করেন না। সুতরাং পশ্চিমবঙ্গ রাজ্য সরকার মাদার ডেয়ারী উৎপাদকদের দুধের দাম কমিয়ে দিয়েছেন একথা সত্য নয়।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** আমার প্রশ্নে পশ্চিমবঙ্গ সরকারকে অভিযুক্ত করা হয়নি। মাদার ডেয়ারী দুগ্ধ উৎপাদকদের ৪৫ পয়সা করে কম দিচ্ছেন। রাজ্যে দুগ্ধ উৎপাদকদের স্বার্থে মাদার ডেয়ারীর সাথে রাজ্য সরকারের প্রত্যক্ষ না হলেও পরোক্ষ সম্পর্ক আছে—নায্য দাম বাঁধার চেষ্টা করবেন কি ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** আপনি যে প্রশ্ন করেছিলেন তার জবাব আমি দিয়েছি। আপনি প্রশ্ন করেছিলেন, সরকারের সম্মতিক্রমে দুধের দাম কমানো হয়েছে কিনা ? আমি জবাবে বলেছি, মাদার ডেয়ারী যে দুধ সংগ্রহ করে উৎপাদকদের কাছ থেকে মাদার ডেয়ারীই তার দাম ঠিক করে, সরকারে করেন না। সুতরাং সরকার দাম কমিয়েছেন একথা সত্য নয়। আপনি নির্দিষ্ট প্রশ্ন করবেন, আমি উত্তর দিয়ে দেব।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** এই যে দুধের দাম ৪৫ পয়সা করে কমানো হয়েছে এতে যে পশ্চিমবাংলার ২০ হাজার দুগ্ধ উৎপাদক ক্ষতিগ্রস্ত হচ্ছে এ দিকে দৃষ্টি দিয়ে সরকার এটা বাড়াবেন কিনা ?

**মিঃ স্পীকার ঃ** সরকার তো কমায়নি। যদি এ সম্পর্কে ফারদার কোশ্চেন থাকে দেবেন।

## হাডকোর সহযোগিতায় আবাসন প্রকল্প

*৪১। ( অনুমোদিত প্রশ্ন নং *১২৮। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** আবাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এরাজ্যে বর্তমানে হাডকোর সহযোগিতায় কটি আবাসন প্রকল্পের কাজ চলছে ; এবং

(খ) মফঃস্বল জেলাগুলিতে "হাডকো"-এর কর্মসূচী সম্প্রসারিত করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** (ক) ৭টি।

(খ) হ্যাঁ।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই ৭টি আবাসন প্রকল্পে কত লোকের গৃহ সংস্থান হবে ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** আমাদের ৪টি প্রকল্পের কাজ শেষ হয়ে গিয়েছে। প্রথমটি হচ্ছে, গলফ-গ্রীন দক্ষিণ কোলকাতায়। সল্ট লেকের ফেজ টু এ্যাণ্ড থ্রি-করুনাময়ী, সেখানকার কাজ শেষ হয়ে গিয়েছে। দেওয়া হচ্ছে, এরা দখল নিচ্ছেন। আর সল্ট লেক সেকটার থ্রি তে ২॥ হাজারের মতন ফ্ল্যাট তৈরী হয়েছে এবং সেগুলি এই মার্চ মাসের মধ্যে দখল নিচ্ছে, ডিড অপ কনভেয়েন্স। দূর্গাপুরে আমাদের বাড়ী তৈরী কম্পলিট কিন্তু ইলেকট্রিক কানেকসান স্টেট ইলেকট্রিসিটি বোর্ড দেয়নি। বেহালার সরসুনায় কাজ চলছে, আগামী বছর কাজ শেষ হবে। ডানকুনিতে জমির ব্যাপারটি হাইকোর্টে যাবার ফলে আমরা করে উঠতে পারছি না।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে আপনাদের তৎপরতার অভাবের জন্য হাডকো অন্যান্য রাজ্যে যে ভাবে টাকা বরাদ্দ করছে পশ্চিম বাংলা তার থেকে বঞ্চিত হচ্ছে কি না ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** এটা সম্পূর্ণ অসত্য কথা এবং কোন খবরই প্রশ্নকর্তা রাখেন না।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহশয়, আপনি বললেন যে ৭টি কলকাতা শহরে আবাস তৈরী করছি এবং মফঃস্বলে একটি হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে যে মফঃস্বলের সংখ্যা কম এবং কলকাতার সংখ্যা বেশীর কারণ কি এবং মফঃস্বল সম্পর্কে আর কোন পরিকল্পনা আছে কি না জানাবেন কি ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** মফঃস্বলে আমরা করছি যেমন দার্জিলিংয়ের ডাকগ্রামে ৬ কোটি টাকা ব্যয়ে ৩৫০টি বাড়ী তৈরী করছি এবং এর জন্য ১৭৫ বিঘা জমি পেয়েছি। এই বাড়ীগুলি নিম্নবিত্ত এবং দুর্বলশ্রেণীর জন্য করা হচ্ছে। নদীয়া জেলার কল্যাণীতে ৫ বিঘার একটা ছোট

প্রকল্প নেওয়া হয়েছে। সেখানে নিম্নবিত্তদের জন্য ৭৭টি ফ্লাট করছি ১৭ লক্ষ টাকা ব্যয়ে। হুগলী জেলার রিষড়ায় চুঁচড়া প্রকল্প নেওয়া হয়েছে। সে জন্য ৪২ বিঘা জমি পেয়েছি। টেগুার ডেকেছি, ৮০০ বাড়ী তৈরী হবে নিম্নবিত্ত এবং দুর্বল শ্রেণীর জন্য এবং তার জন্য খরচ হবে ৬ কোটি টাকা। সোদপুরের পানীহাটিতে জমির ব্যাপারে কথাবার্তা হয়ে গেছে। ওখানে ১ কোটি ১০ লক্ষ টাকা জমির দাম, ১০৪ বিঘা জমি এবং ১০ কোটি টাকার প্রকল্প নিয়েছি এবং হাডকো থেকে সাহায্য পেয়েছি। জোকাতে ৩০০ বিঘা জমি নিয়েছি এবং ৮ কোটি টাকা খরচ হবে। সেটা বেহালার আর একটু দূরে, সেখানেও আমরা কাজ করছি। ঠাকুরপুকুরে ৬ শত বিঘা জমি পেয়েছি। সেখানে ২০ কোটি টাকা দিয়ে আমরা প্রকল্প তৈরী করছি এবং কাজ শুরু হচ্ছে কয়েক মাসের মধ্যে। এছাড়া মাননীয় সদস্যরা যেখান থেকে নির্বাচিত হয়েছেন, আমরা জমি পাইনা, জমির খবর যদি তারা দেন তাহলে আমরা হাউসিং বোর্ডের পক্ষ থেকে ইঞ্জিনীয়ার পাঠিয়ে দেব, তারা সেখানে গিয়ে দেখবেন এবং নিশ্চয়ই প্রকল্প গ্রহণ করবো।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, জমির খবর আছে। রেস কোর্সের যেখানে ঘোড়া দৌড় হয় সেখানে ৫০০ একরের মত জায়গায় বন হয়ে পড়ে আছে। এটা এখনই আপনি পজেশান নিতে পারেন যদি ইন্টারেষ্টেড হন।

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** আমি খুবই ইন্টারেষ্টেড। রেস কোর্স অধিগ্রহণ সম্পর্কে যদি মাননীয় সদস্য সুব্রত মুখার্জী কেন্দ্রীয় সরকারকে বলে সুযোগ-সুবিধা করে দিতে পারেন তাহলে নিশ্চয়ই নেব।

**শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে হাউজিং-এর জন্য পানীহাটির পিঞ্জরা পোলে জায়গা নেওয়া হচ্ছে। এটা কি পাকাপাকী বন্দোবস্ত হয়েছে ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** সেই জমি নিয়ে কথাবার্তা হয়ে, নেগোসিয়েশান হয়ে দলিল হতে চলেছে।

## প্রাথমিক শিক্ষা স্তরে দ্বিতীয় ভাষা শিক্ষা নিষিদ্ধ

*৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭।) **শ্রীতারকবন্ধু রায় ঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ রাজ্যে প্রাথমিক শিক্ষা স্তরে দ্বিতীয় ভাষা শিক্ষা নিষিদ্ধ করা হয়েছে কি ; এবং

(খ) করা হয়ে থাকলে, দ্বিতীয় ভাষা শিক্ষার ব্যবস্থা যেসকল বিদ্যালয়ে এখনও পর্যন্ত চালু আছে সেইসকল বিদ্যালয় সম্পর্কে কি কোন ব্যবস্থা গ্রহণ করার কথা সরকার বিবেচনা করছেন ?

[1-40—1-50 P. M.]

**শ্রীমহম্মদ আবদুল বারি ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রীননী কর ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে দ্বিতীয় ভাষা শিক্ষা সম্পর্কে এক্সপার্টদের নিয়ে যে-সিলেবাস কমিটি তৈরী হয়েছিল তাঁরা সরকারকে কি ডাইরেকসন দিয়েছেন ?

**শ্রীমহম্মদ আবদুল বারি ঃ** প্রাথমিক শিক্ষা পাঠক্রম পুনর্বিন্যাসের জন্য সরকার সিলেবাস কমিটি গঠন করেছিল, তারা তাঁদের সুপারিশ করেছেন। তাঁদের সুপারিশের মধ্যে অন্যতম সুপারিশ হচ্ছে প্রাথমিক স্তরে ভাষা শিক্ষা পাঠ্য হিসাবে একটি মাত্র ভাষা থাকবে, অর্থাৎ মাতৃ-ভাষা পাঠ্য হওয়া উচিত। সরকার সিলেবাস কমিটির সুপারিশ গ্রহণ করেছে এবং সমস্ত প্রাথমিক বিদ্যালয়গুলিকে এক মাত্র মাতৃ-ভাষা চালু করার নির্দেশ দেওয়া হয়েছে।

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, বর্তমানে প্রাথমিক বিদ্যালয়গুলির কাছে সরকারের পক্ষে এমন কোন নতুন নির্দেশ গেছে কি যাতে বলা হয়েছে, কোন বিদ্যালয় প্রাথমিক স্তরে ইংরাজী শিক্ষা দিলেও তার বিরুদ্ধে কোন স্টেপ নেওয়া হবে না ?

**শ্রীমহম্মদ আবদুল বারি ঃ** আগে থাকতে যে নির্দেশ দেওয়া আছে তাতে এরকম কোন কথা ছিল না এবং এখন নতুন করে কোন নির্দেশ দেওয়া হয়নি।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সরকারী বিদ্যালয়গুলিতে সরকারী শিক্ষা নীতি কর্যকরী হচ্ছে কিনা ?

**শ্রীমহম্মদ আবদুল বারি ঃ** সরকারি বিদ্যালয়গুলিতে সরকারি শিক্ষা নীতি কার্যকরী হচ্ছে।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, ইংরাজী পড়ানোর ব্যাপারে কোন নিষেধাজ্ঞা নেই। কিন্তু শাখাওয়াৎ মেমোরিয়াল স্কুলের প্রধান শিক্ষিকাকে ইংরাজী পড়ানোর জন্য কি ঐ-পদ থেকে সরিয়ে অন্য জায়গায় নিয়ে যাওয়া হয়েছে ?

**শ্রীমহম্মদ আবদুল বারি ঃ** মাননীয় সদস্য যে ঘটনাটি উল্লেখ করলেন সেটি সম্পূর্ণ অসত্য ঘটনা, এরকম কিছু হয়নি।

**Mr. Speaker :** Hon'ble Members, I have received a communication from the office of the Commissioner of Police, Calcutta to the effect that Shri Subrata Mukherjee, M. L. A. who was arrested on 21.2.83 and deemed to be in P. C. signed the P. R. Bond on 25.2.83 evening and released accordingly.

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** I have received on notice of adjournment motion to-day. It has come from Shri Kashinath Misra, which deals with outrage on and murder of one Surama Nandy on 23-2-83 in Bankura.

Shri Misra tabled on 24-2-83 a notice on the same subject to which I withheld my consent. Moreover, the member will get ample opportunity to raise the matter during discussion on Governos's Address.

I, therefore, withhold my consent to the above motion. The member may, however, read cut the text of the motion as amended.

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষ গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হ'ল—

গত ২৩শে ফেব্রুয়ারী ২২ বৎসর বয়স্কা সুরমা নন্দীকে অমানুষিকভাবে ধর্ষণ, হত্যা ও পোড়ান হয়েছে। বর্তমান যুগে এরকম মর্মান্তিক ঘটনা বিরল।

## CALLING ATTENTION
## TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker :** I have received 22 notices of Calling Attentions, on the following subjects, namely :

1. Alleged running of coal mine by Mafia gang —Shri Bijoy Pal
2. Outrage on and murder of one Surama Nandy in Bankura —Shri Kasinath Misra

3. Alleged deprivation of youths from having unemployment allowance —Shri Kasinath Misra

4. Deplorable condition of Bidi workers in Bankura —Shri Kasinath Misra

5. Alleged failure of administration of the dairy farms in supplying of milk —Shri Kasinath Misra

6. Damage of Aush, Aman and Boro in want of water —Shri Kashinath Misra

7. Alleged inadequate relief measure in the draught affected areas —Shri Kasinath Misra

8. Alleged damage of food grains in Howrah Railway shade —Shri Kashinath Misra

9. Men-supply of rice and wheat in full and modified rationing areas —Shri Kashinath Misra

10. Non-availability of drugs in the Hospitals and Health Centres --Shri Kashinath Misra

11. Dead lock in Bankura Sammilani College and Hospital —Shri Kashinath Misra

12. Outbreak of waterborne diseases in rural areas due to scarsity of drinking water —Shri Kashinath Misra

13. Alleged failure of C.M.D.A. and Corporation in supplying of drinking water —Shri Kashinath Misra

14. Dead-lock in Bankura Chirstian College and Ranaghat College of Nadia —Shri Kasinath Misra

15. Removal of deadlock prevailing in Bankura Christian College —Shri Kashinath Mishra

16. Alleged acute problem of students' admission in Primary Schools —Shri Jayanta Kr. Biswas

17. Scarsity of drinking water in Calcutta and Suburbs —Shri Jayanta Kr. Biswas

18. State Bus Accident near Gandhi Statue —Shri Choudhury Md. Abdul Karim and Shri Anil Mukherjee

19. Mobile Traffic Magistrate in Calcutta —Shri Anil Mukherjee

20. Darakeswar Project in Bankura District —Shri Anil Mukherjee

21. Agitation of People against District Medical Officer at Howrah —Shri Md. Chaudhury Abdul Karim, Dr. Haramohan Sinha and Shri Anil Mukherjee

22. Alleged attack on an employee of the United Commercial Bank, Baranagar Branch —Shri Md. Choudhury Abdul Karim

23. Bus accident at Karandighi under Islampur P.S. causing death of 2 and 30 injured on 28-2-83 --Shri Md. Choudhury Abdul Karim and Shri Dipendra Barman

24. Delay in Rural Electrification in Onda —Shri Anil Mukherjee

I have selected the notice of Shri Kashinath Misra on the subject of alleged failure of C.M.D.A. and Corporation in supply of drinking water. The Minister-in-charge may please make a statement on the subject today if possible or give a date.

**Shri Patit Paban Pathak :** The Reply will be given on 10th March, next.

## MENTION CASES

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী, পরিবহন মন্ত্রী এবং মন্ত্রীসভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টি যেহেতু খুবই গুরুত্বপূর্ণ সেহেতু বিষয়টি আমি সভায় যাতে যথাযথ উপস্থিত করতে পারি তারজন্য আমি আপনার কাছ থেকে পূর্বাহ্নেই সময় চেয়ে

নিচ্ছি। আপনি নিশ্চয়ই দেখে থাকবেন, ষ্টেটস্ম্যান পত্রিকায় ট্রাম কোম্পানীর চূড়ান্ত দুর্নীতি সম্পর্কে একটি খবর বেরিয়েছে। যেহেতু এটা পড়া আপনি এ্যালাউ করবেন না সেহেতু আমি শুধু হেডিংটা পড়ে দিচ্ছি। "সেল টু প্রোব সি. টি. সি. ইরিগুলারিটিস"। সাবজেকট্‌টা হচ্ছে, The A. G. of West Bengal has recently farmed a special review cell for further investigations into the staggering number of financial irregularities in the Calcutta Tramways. ট্রাম কোম্পানী সম্পর্কে ফিনানসিয়াল ইরিগুলারিটি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিজে অত্যন্ত হতবাক হয়ে যাবেন কি মারত্মক ইরিগুলারিটিস। এ. জি. ( অডিট ) সেখানে অবজেকসান দিচ্ছে। তারা বলছেন, সরকারি সমস্ত খরচ-খরচার হিসাব বিধানসভার কাছে উপস্থিত করা, বিধানসভার গোচরে আনা বাধ্যতামূলক। অথচ সরকারী নিয়ন্ত্রনাধীন এই ট্রাম কোম্পানীতে আপত্তি সত্বেও পুরানো নিয়ম অনুযায়ী কনফিডেনসিয়াল পেমেন্টের ব্যবস্থা রয়েছে। আন-অথরাইস্‌ড পেমেণ্ট, ইরিগুলারিটিস পেমেণ্টের ব্যবস্থা রাখা হয়েছে। আপনি জানেন, চীফ্ সেক্রেটারীর নিষেধাজ্ঞা সত্বেও ২৫ লক্ষ টাকার ইউনিফর্ম এক বেসরকারী সংস্থার কাছে অর্ডার দেওয়া হয়েছে ১৯৮২-৮৩ সালে। উক্ত সংস্থার একজন সরকারী অফিসার তার দক্ষিণ কলকাতায় একটা ভাড়া-মুক্ত সরকারী ফ্ল্যাট রয়েছে অথচ সেই ফ্ল্যাট থাকা সত্বেও তিনি মাসের পর মাস সি. টি. সি-র কাছ থেকে হাউস রেণ্ট এ্যালাউন্স নিয়ে যাচ্ছেন। এ ছাড়া ট্রাম কোম্পানীর নিজস্ব ব্যবস্থা থাকা সত্বেও বাইরে থেকে চড়া দরে কনট্রাক্ট দিয়ে কাজ করাচ্ছে। যেমন ট্রাম কোম্পানী রেল ড্রিল করার ব্যবস্থা আছে অথচ চড়া হারে কনট্রাক্ট দিয়ে বাইরে থেকে কাজ করানো হচ্ছে। আমার বক্তব্য, যেখানে এ. জি. ( অডিট ) মারাত্মক অপচয়ের কথা তুলেছেন সেখানে বামফ্রন্ট সরকার ট্রামের ভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত ঘোষণা করে জনসাধারণের উপর বাড়তি করের বোঝা চাপানোর কোন নৈতিক অধিকার নেই। আমার বক্তব্য হচ্ছে, এর উপর সিরিয়াস প্রোব হোক এবং তদন্তের জন্য হাই-পাওয়ার কমিশন গঠন করা হোক।

[1-50—2-00 P. M.]

এই সমস্ত দুর্নীতি এবং অপচয় রোধ করার আশ্বাস তিনি সমস্ত বিধানসভার সদস্যকে এবং জনসাধারণকে দিন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীননী কর :** মিঃ স্পীকার স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে আজ সকালে রাজাবাজারে দুপক্ষের একটি গোলমাল হয়, আমি আসার সময়ে দেখেছি। সেটি গুণ্ডাদের মধ্যে একটি গোলমাল। একজন মারা গেছে, এবং পুলিশ সে ব্যাপারে হস্তক্ষেপ করেছে। কিন্তু অনেকে সেটিকে রং চড়িয়ে সাম্প্রদায়িক হাঙ্গামা বলে চালাবার চেষ্টা করছেন। সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার জন্য আমরা চেষ্টা করছি, আমি

সুনীতি বাবুদের কাছে অনুরোধ জানাব যে ওঁরাও একটু চেষ্টা করুন যাতে গুণ্ডারা প্রশ্রয় না পায়। কাশীপুর এবং রাজাবাজারে চেষ্টা হচ্ছে একটা গোলমালের। এ ব্যাপারে সকলেরই চেষ্টা করা দরকার, যাতে এই ধরণের গুণ্ডারা প্রশ্রয় না পায়। এই ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করে ঘটনাটি উল্লেখ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুব্রত মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ দিচ্ছি সময় দেওয়ার জন্য। সাধারণ মেনসন এটা নয়, ব্যাপারটার প্রতি অনেকেরই এর আগে দৃষ্টি আকৃষ্ট হয়েছে, কারণ একটি সংবাদপত্র দি উইক, এর হেড লাইনে এটা প্রকাশিত হয়েছিল। পরবর্তীকালে আমরা সেটা তদন্ত করে আরও কিছু তথ্য সংগ্রহ করি। সেই তথ্যগুলি আপনার কাছে পেশ করলে স্যার, আপনিও আতঙ্কিত হয়ে উঠবেন এটা আমি নিশ্চিত জানি। আমি আপনাকে, তুলে ধরে দেখাব যে আপনার ক্ষমতা আছে। অপনি উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করতে পারেন। এগুলি নর্মাল প্যাকটিশ। একটা ভাল আবহাওয়া, সদস্যদের মধ্যে এবং হাউসের মধ্যে তৈরী করতে পারেন। এটা গুরুত্বপূর্ণ এই কারণে যে, দুঃখের বিষয় আমি যাদের বিরুদ্ধে অভিযোগ করতে যাচ্ছি তারা এই হাউসে উপস্থিত নেই। কারণ মুখ্যমন্ত্রী সম্পর্কেই আমার বক্তব্য ছিল। আর যিনি নাটের গুরু ভক্তি বাবু তিনি তো রয়েছেন। ওনার দপ্তরের, হ্যাণ্ডলুম কর্পোরেশনের যিনি সবচেয়ে বড় তারই দ্বিতীয় জন মিঃ মাজি, এতবড় ইল্লিগ্যাল, এতবড় কোরাপসান এবং এতবড় স্বজনপোষণ করেছেন সেসব ঘটনা যদি আপনি জানতে পারেন তাহলে চমকে উঠবেন। আমি আপনার কাছে যে তথ্যগুলি পেশ করব, সেগুলি উইকলি পত্রিকার তথ্য নয়, রিপোর্টগুলি পিরিওডিক্যালে প্রকাশিত হয়। যদি কেউ ব্যঙ্গ করেন এগুলি সংবাদপত্রের তথ্য বলে, তাহলে স্বভাবতই আমি বলব যে ব্যঙ্গ করার কারণ নেই। কিন্তু পরবর্তীকালে আপনাকে পেশ করার আগে সমস্ত তথ্য যেটা—ভক্তি বাবু এখানে আছেন, যিনি এই দুর্নীতির সঙ্গে যুক্ত তিনি নিজেই তদন্তের আদেশ দিয়েছিলেন এবং ৫৬ পৃষ্ঠার একটা তদন্তের রিপোর্ট, বাংলাদেশের বুকে, চেপে দেওয়া হয়েছে এবং চেপে দেওয়ার পিছনে যে দুজন মহৎ লোক কাজ করেছেন তার একজন জ্যোতিবাবু এবং আর একজন হচ্ছে নির্মলবাবু যিনি সবচেয়ে বড় কোরাপসান করেছেন এবং কোরাপসান যে করেছেন এ তথ্য প্রমাণিত হয়েছে। শ্রীপান্নালাল মাজি, যিনি এই হ্যাণ্ডলুম কর্পোরেশনের চেয়ারম্যান, আমরা একের পর এক তথ্য তুলে ধরছি। আপনি যে পারেন, আমি সেই নজির দিচ্ছি, কারণ আমি মনে করি আপনিই পারেন, আপনার কিছু করার আছে, একটা বই আগে থেকে আপনাকে পড়ে শোনাচ্ছি যেখানে স্পীকার পারেন, ২৬০ পাতায় বলছে··· "Conduct of members involving corruption in the execution of their office as members is treated by the House as a breach of privilege."

আর এক জায়গায় বলছে···An adhoc Committee of the House was appointed by the Provisional Parliament in 1951 to investigate the conduct an activities

of members. এর মধ্যে আছে, হাউসের থেকে কমিটি তৈরী করে তদন্ত করা হয়েছে এবং শাস্তি দেওয়া হয়েছে, ১৯৫১ সালে এমন ঘটনা আছে যাতে পদত্যাগ করতে বাধ্য করা হয়েছে।

**মিঃ স্পীকার ঃ** আপনার বইটা কোন সালের পাবলিকেশন ?

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** ১৯৭৭-৭৮ সালের।

**মিঃ স্পীকার ঃ** বইটা আমাকে পাঠিয়ে দেবেন।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মিষ্টার স্পীকার স্যার, এটা ৭৮।৭৯ সালের ঘটনা। মজার ব্যাপার হোল এই যে রিপোর্টে মিঃ মাজিকে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হোল as a Chairman of the Handloom Corporation.

**মিঃ স্পীকার ঃ** সুব্রতবাবু, সংক্ষেপে বলুন।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** ৮ কোটি টাকা চুরির ঘটনা আছে। এটা সহ্য হতে পারে না, ইট ইজ এ কোয়েশ্চেন অফ এইট ক্রোরর্স অফ রুপিজ। স্যার, আপনি জানেন যে গরীব তন্তুবায়ীদের সাহায্যের নাম করে কেন্দ্রীয় সরকার প্রতি বছর নূন্যতম ২ হাজার টাকা করে দেয়। আজকে সেই টাকা বেআইনী চেয়ারম্যান নিযুক্ত হয়ে মিষ্টার মাজি নয়-ছয় লাগিয়ে দিয়েছেন। আপনি স্যার হাইকোর্টের আইনজীবী ছিলেন, একের পর এক এই নজির আমি দিচ্ছি। মিঃ ভক্তিভূষণ মণ্ডলকে বলতে বলুন দিজ রিপোর্ট ইজ ফলস, অনেকেই বলতে পারেন যে উনি রেজিষ্ট্রার অফ দি কোঅপারেটিভ সোসাইটিজকে দিয়ে উনি তদন্ত করিয়াছেন কিনা ?

মিঃ স্পীকার স্যার, আপনার কাছে আমি প্রথমেই তুলে ধরছি—যখন ওনাকে চেয়ারম্যান করা হোল তখন, এই রিপোর্টে বলছে যে Registrar of the Co-operative Society's order No. 10646 dated 28/6/80 the Registrar of Co-operative Society, West Bengal issued under section 82/1 the West Bengal Co-operative Society Act, 1973. তাঁদের তদন্ত করতে দেওয়া হয়। তদন্ত করার পর বলা হয়েছে হাইকোর্টের নিষেধ থাকা সত্ত্বেও, তাঁকে 'না' করা সত্ত্বেও জবরদস্ত ফ্যাসিষ্ট কায়দায় তিনজনের একটি কমিটি করে তাঁকে চেয়ারম্যান করে বসিয়ে দেওয়া হোল। বসিয়ে দেবার পর তিনি কি কাজ করেছেন ? কাজ করেছেন—প্রথমে নিজের ভাগ্নে কাশীনাথ সামন্তকে চাকরী দিয়েছেন। রিপোর্টে বলছে, কোর্টও বলে দিয়েছে যে তিনি চাকরী দিতে পারেন না। সেক্ষেত্রে ভাগ্নের বয়স কমিয়ে চাকরী দিয়েছেন। শুধু তাই নয়, চাকরীর ক্ষেত্রে, আপনার কাছে আমি আর একটি রিপোর্ট থেকে পড়ছি।

(গোলমাল)

"Subsequently under notification No. 7663 dated 25/4/79 Shri P. L. Majhi has been appointed as Special Officer by the Registrar of the Co-operative Society, West Bengal. Shri Majhi took over charge as Special Officer on 25/4/79. C B I enquiry.

**মিঃ স্পীকারঃ** সুব্রতবাবু, আপনি বসুন। আর টাইম দিতে পারছি না। এখন লক্ষ্মীকান্ত দে বলবেন। আপনি আমাকে কাগজ পত্র দিন, আমি দেখবো।

**শ্রীলক্ষ্মীকান্ত দেঃ** মিঃ স্পীকার স্যার, রাজাবাজারে দুঃখজনক ঘটনা ঘটেছে। আমি সভার কাছে সে বিষয়ে উল্লেখ করছি। আমি অনুরোধ করছি, যাঁরা সভায় আছেন, এই ব্যাপারটা ধৈর্য্য সহকারে শুনবেন।

আজকে সকালবেলায় রাজাবাজারে দুই দল গুণ্ডা দাঙ্গা লাগাবার চেষ্টা করেছিল। এই দুই দল গুণ্ডা কয়েক দিন ধরেই দাঙ্গা লাগাবার চেষ্টা করছে। কয়েক দিন আগে গুণ্ডা বাবর হাবিবি রাজাবাজারে একজনকে ছুরি মারে। যাকে ছুরি মারা হয় সে একটি বিশেষ দলের লোক। পরে আজকের সকালবেলা দুই দলের দুই গুণ্ডা দাঙ্গা করবার চেষ্টা করেছে। আমি সেখানে গিয়েছিলাম। গিয়ে হিন্দু মুসলমান এবং সিডিউল্ড কাষ্ট সকলের সঙ্গে দেখা হয়েছে। তারা সকলেই একই কথা বলেছে। পুলিশ সেখানে দাঁড়িয়ে ছিল। পুলিশের গুলিতে সেখানে একজন সিডিউল্ড কাষ্টের লোক মারা গেছে। লোকটি কর্পোরেশনের একজন শ্রমিক। কিন্তু পুলিশের হস্তক্ষেপের ফলে দাঙ্গা লাগাবার প্রচেষ্টা বন্ধ হয়েছে সেখানে। হিন্দু মুসলমান এবং সিডিউল্ড কাষ্টের সকলেই এই ব্যাপারে ঐ দুই গুণ্ডার নাম করেছে।

[2-00—2-10 P.M.]

এই শঙ্কু সিং এ্যণ্ড আদার্স এবং বাবর হামিদী এ্যণ্ড আদার্স কংগ্রেস ( আই )-র গুণ্ডা। সমস্ত মানুষ এমন কি যারা ওই পক্ষের যারা ভদ্রলোক আছেন তাঁরাও চাইছেন এই গুণ্ডাদের এ্যারেষ্ট করা হোক। অনেক কংগ্রেস ( আই )-এর লোক পুলিশের কাছে দাবী করেছে যে ওই গুণ্ডাদের গ্রেপ্তার করা হোক। এরা এখানে দাঙ্গা লাগাবার চেষ্টা করছে। আমি এই হাউসের কাছে আবেদন করছি, সমস্ত দলের কাছে আবেদন করছি যেন এই দাঙ্গা বন্ধ করা হয়। এখানে এরা বিভিন্ন ভাবে প্রচেষ্টা করছে কি ভাবে দাঙ্গা লাগানো যায়। এখানকার সমস্ত লোক এদের এ্যারেষ্ট করার ব্যাপারে একমত। আমি আপনার মাধ্যমে জানাচ্ছি অবিলম্বে যেন এই গুণ্ডাদের যেন গ্রেপ্তার করা হয়।

**Mr. Speaker :** Now, Dr. Ambarish Mukherjee, Minister of State for Health & Family Welfare Department will make a statement on the Calling Attention notice tabled by Shri Birendra Narayan Roy and Dr. Haramohan Sinha on the 25th Februaary, 1983.

**Dr. Ambarish Mukhopadhyay :** Mr. Speaker, Sir, in response to the Calling Attention Motion tabled by Shri Birendra Narayan Ray and Dr. Haramohan Sinha and your directive thereon on 25th February, 1983, I like to make the following statement :

Information reached the Directorate late in the night of 23rd February, 1983 to the effect that a violent mob which included some Hospital employes had attached the office of the Superintendent of Burdwan Medical College Hospital and ransacked the office and assaulted Shri Tushar Kanti Roy, the Secretary of the said Hospital causing dislocation of the right shoulder joint and chip fracture of the humerus. The matter was reported to the Police by the Superintendent of the said Hospital and two persons were arrested and the rest surrendered before the Court. It is reported that they have been released on 'Bail' on execution of P. R. Bond.

The Police is keeping close watch on the situation and the situation is reported to be under control. Two officers of the rank of Joint Director and Assistant Director of the Department of Health and Family Welfare were deputed for on the spot study who met the C.M.O.H., Superintendent and the Secretary and the D.M. From perusal of the report submitted by the Officers concerned it is found that the office chamber of the Superintendent and the General Hospital Office were ransacked, wooden furniture broken, and one telephone was smashed and they collected a few photographs in support of that. There is a motive behind it and the whole idea was to frustrate the preparation in connection with the ensuing inspection of the M.C.I. to Burdwan Medical College and College Hospital for continuation of the recognition of the said College. The reports as available suggests that the trouble began on the issue of removing a few photographs preparatory to cleaning and white-

washing the Hospital for face lift prior to M.C.I. inspection. On the day of incidence also a photograph was to be hanged on the wall even before white-washing which was an alibi for this calculated vandalism in the Hospital and to create chaos and pandemonium detrimental to the dischar-ging of day to day work of the Hospital itself. This is resented by people of Burdwan as the Medical College Hospital is the only referral Hospital for the whole district and even for the districts close by. It is also a part of aggression with calculated motive to frustrate the move by the Department in furtherance of our endeavour for optimum utilisation of the installed capacity.

The Health and Family Welfare Department is determined to main peace and discipline in the interest of the ailing public at all costs and proposed to suspend a few employees on the basis of the preliminary reports available.

**শ্রীভক্তি ভূষণ মণ্ডল :** প্রথমতঃ সুব্রতবাবুর অভিযোগ সম্বন্ধে রিপ্লাই দেওয়া খুবই মুশকিল ব্যাপার, কারণ এটা একটা মেনসান আকারে বলা হয়েছে। সেজন্য আইনের দিক দিয়ে বলা যায় না। দ্বিতীয়তঃ, যে বিষয়টি নিয়ে তিনি মেনসান করেছেন তা একটা ইমপর্ট্যাণ্ট ব্যাপার। এর মধ্যে কোরাপশান চার্জ করা হয়েছে। কিন্তু আমি এখন মিনিষ্টার নই, I am no longer a Minister now. When the concerned minister and the Chief Minister will come then only I can explain what has happened. আমি সুব্রতবাবুকে জিজ্ঞাসা করেছি, আপনি গ্যাং অফ ফোর বলে যে পলিটিক্যাল রেফারেন্স দিয়েছেন, তার উয়িং নিয়ে যা বলেছেন তার সবটা কি আপনি জানেন? তবে তাঁর উত্তরে খুব হাম্বলি তাঁকে বলছি যে, আমি যখন মিনিষ্টার ছিলাম তখন আমার কাছে একটা এ্যালিগেশান এসেছিল এবং এ্যাজ ইউজ্যাল তা পাঠানো হয়েছিল ফর এনকোয়ারী এ্যাণ্ড রিপোর্ট। এনকোয়ারীতে যা পাঠানো হয়েছিল তা ছিল এ্যালেজড্ রিপোর্ট এবং এ্যালেজড্ কোরাপশান, তা I have sent the report to the Chief Minister. আমার সম্বন্ধে যা বলার ছিল তা আপনাকে বললাম।

**শ্রীসুব্রত মুখার্জী :** This is the fact. You can call for the report. আমাদের সেই রিপোর্ট জানবার অধিকার আছে। I want to know whether the report would be submitted before the House. Let the people know the matter.

**শ্রীভক্তি ভূষণ মণ্ডল ঃ** আমি যথারীতি চীফ মিনিষ্টারের কাছে পাঠিয়ে দিয়েছিলাম। Sir, I am no longer in the Ministry. কিন্তু প্রশ্ন হচ্ছে এই রকম কিছু একটা যদি রেজ্ করতে হয় বা তাঁরা যদি তা করেন তাহলে I think the government is also ready to face this, but there is a procedure. We should follow the procedure before we proceed further in this matter. কিন্তু আমি বলছি, ওঁরা যদি সত্যিই এ সম্বন্ধে এখানে জানতে চান, তাহলে সমস্ত কাগজপত্র আগে আপনার কাছে দিতে হবে, দিস ইজ দি প্রসিডিওর।

The procedure which Shri Mukherjee is following is not the procedure according to me and my legal concept. I can only say that we cannot discuss the matter just now. It is upto you decide whether the papers would be circulated to the members for a discussion on the matter. So my submission before you is that at least we should follow the correct procedure before we proceed further. তারা যেন তা করেন। I can only say that I have received the report on the alleged allegation and I sent to the Chief Minister. I could not do anything more because you know that a Minister is at the pleasure of the Chief Minister.

**Mr. Speaker :** I have heard both of you and I will go through the recorded proceedings. I shall give my rulings afterwards.

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** Sir, I am legally bound to submit the paper to you. আমি আপনার কাছে দাবী করছি, যেহেতু প্রাক্তন মন্ত্রী সব স্বীকার করেছেন, সেজন্য এরজন্য আমাদের অন্ততঃ এক ঘণ্টা সময় এ্যালট করুন যাতে আমরা এ সম্বন্ধে আলোচনা করার সুযোগ পাই।

[2-10—2-20 P.M.]

( নয়েজ )

**ডাঃ হরমোহন সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে যারা বিরোধী পক্ষে রয়েছেন তারা গণ্ডগোল করার জন্যই হাউসে আসেন। শুধু এখানে নয় বাইরেও তারা গণ্ডগোল করেন। গতকাল তাদের অফিসের মধ্যে অর্থাৎ ২৭.২.৮৩ তারিখে সকল ৯-৩০ মিনিটে কংগ্রেস (আই)-এর কার্যালয়ের নিজেদের মধ্যে গণ্ডগোল করে। এরফলে এক কংগ্রেস (আই) দ্বারা আরেক কংগ্রেস (আই) আহত হল। তারা সর্বত্র এইভাবে অরাজকতার সৃষ্টি করেছেন এবং আইন-শৃঙ্খলাকে

বিপন্ন করার চেষ্টা করছেন। তারা নিজেদের মধ্যে কামড়া-কামড়ি করে চলেছেন এবং নিজেরা অন্তর্দ্বন্দ্বে লিপ্ত আছেন। অথচ তারা সি. পি. এম-কে জড়িত করার চেষ্টা করছেন। এই কথা বলে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে যথাযোগ্য ব্যবস্থা নিতে বলছি এবং যারা গণ্ডগোল করছেন তাদের এ্যারেষ্ট করার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রীঅশোক ঘোষঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আনন্দবাজার পত্রিকায় একটা খবর বেরিয়েছে হাওড়াগামী বাসগুলি এসপ্ল্যানেডের বদলে বাবুঘাটে দাঁড়াবে। এটা খুবই ক্ষতিকারক হবে হাওড়াগামী যাত্রীদের কাছে। শিবপুর, বোটানিক্যাল গার্ডেন এবং কদমতলা থেকে যে বাসগুলি আসে সেগুলির রুট পরিবর্তন করা হচ্ছে আগামীকাল থেকে। এতে বলা হয়েছে যে বেব্রোন রোডের বদলে স্ট্রাণ্ড রোড দিয়ে বাসগুলির যাবার কথা। মাননীয় মন্ত্রীকে জানাতে চাই যে অধিকাংশ অফিসই ডালহৌসি স্কোয়ারে রয়েছে। সুতরাং বাসগুলি এসপ্ল্যানেডে এলে ভালো হবে। স্ট্রাণ্ড রোড দিয়ে এলে স্লো মোশানে আসবে এবং জ্যামে পড়বে। সেইজন্য মাননীয় মন্ত্রীকে সাধারণের কথা চিন্তা করে এই ব্যাপারে পুর্নবিবেচনা করতে বলছি যাতে রুটটি ব্র্যাবোর্ন রোড দিয়ে এসপ্ল্যানেডে আসে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুভাষ বসুঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের জেলায় টেলিফোন ব্যবস্থা সম্পুর্ণভাবে ভেঙ্গে পড়েছে। আমাদের জেলায় শুধু নয় পশ্চিমবঙ্গের সর্বত্রই এই অবস্থা চলছে। এক জায়গায় টেলিফোন করলে আরেক জায়গায় চলে যাচ্ছে এতে তারা গালাগালি করছে। ফোন তুলতে কোন আওয়াজ হচ্ছে না। আমরা বহুবার রিপোর্ট করেছি। এখানে একটা অচল অবস্থার সৃষ্টি হয়েছে। আমাদের যারা ফোন করছেন তারা বিভিন্ন আবেদন নিয়ে ফোন করছেন কিন্তু না পেয়ে তারা দেখা হলে বলছেন যে আপনারা কি বাড়ী থাকেন না যে ফোন বেজে যাচ্ছে। জেলার সাব-ডিভিশান অফিসের ফোন অকেজো হয়ে গেছে। সেইজন্য আপনার মাধ্যমে অনুরোধ করছি যাতে সরাসরি ফোনে কল্যাণী থেকে সাব-ডিভিশন জেলা দপ্তরে যোগাযোগ করা যায় তার ব্যবস্থা করুন।

**ডাঃ মানস ভুঁইয়াঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিসয়ে স্বাস্থ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিছুক্ষণ আগে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী অম্বরীশ মুখোপাধ্যায় বর্ধমান মেডিকেল কলেজ সম্পর্কে যে বিবৃতি দিয়ে গেলেন সেটা উল্লেখ না করেই আমি আমার বক্তব্য বলি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্ধমান মেডিকেল কলেজে যে অচলাবস্থার সৃষ্টি হয়েছে তার পিছনের ইতিহাস আপনার বিশেষ করে মাননীয় সদস্যদের জানা দরকার। নতুন

সুপারিণ্টেডেন্ট যাঁকে নিযুক্ত করা হল তিনি সুপারিণ্টেডেন্টের অফিস ঘরে ঢুকেই বললেন জাতীয় নেতাদের এমনকি মহাত্মা গান্ধীর যে ছবি অফিস ঘরে ছিল সমস্ত ছবি নামিয়ে দাও, আমার ঘরে কোন রকম ছবি থাকবে না। তাঁর এই কথার প্রতিবাদ করেছিলেন ঐ হাসপাতালের একজন কর্মচারী। তিনি বলেছিলেন ঘর পরিষ্কার নিশ্চয়ই করে দেওয়া হবে কিন্তু আমাদের জাতীয় নেতাদের যে ছবি আছে সেগুলি ঘরের মধ্যে রাখতে হবে। যখন সুপারিণ্টেডেন্ট জোর করে অর্ডার দিয়েছিলেন, তখন সেই কর্মচারী বাধা দিয়েছিলেন, তখন সুপারিণ্টেডেন্ট তাঁর বুকে আঘাত করেন। তখন সেই কর্মচারী অচৈতন্য হয়ে মাটিতে লুটিয়ে পড়েন এবং তাঁর সহকর্মীরা তাঁকে হাসপাতালে নিয়ে যান। এই হচ্ছে এই ঘটনার ব্যাকগ্রাউণ্ড। কাজেই যে ঘটনা পড়লেন যে মেডিকেল কলেজের সমস্ত কর্মচারীরা এবং ডাক্তারবাবুরা বাইরে থেকে সুপরিকল্পিতভাবে আক্রমণ করছে এটা ঘটনা নয়। আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি……

( নির্দিষ্ট সময় অতিক্রান্ত হওয়ায় বক্তা বাধ্য হইয়া আসন গ্রহণ করিলেন )

**শ্রীনীরোদ রায় চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন আগে হাবড়া থানায় সপ্তপল্লী উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকাকে স্কুল কমিটি বোর্ডের কাছে অনুমতি না নিয়ে অন্যায়ভাবে সাসপেণ্ড করেন এবং সাসপেণ্ড করার পর ঐ স্কুলের মধ্যে ছাত্রীদের বিক্ষোভ চলতে থাকে এবং বিক্ষোভের সময় ঐ স্কুলের একজন সহকারী শিক্ষিকা তিনি যে বাড়ীতে থাকেন সেই বাড়ীতে একদল সশস্ত্র গুণ্ডা গভীর রাত্রিতে তাঁর ঘরে গিয়ে রিভলবার দেখান এবং জোর করে একটা সাদা কাগজে সই করে নিয়ে আসে। সেই ঘটনার পর ঐ শিক্ষিকা যখন বিদ্যালয়ে যান তখন কমিটির লোক বলেন যে আপনার চাকরি চলে গেছে, আপনি স্কুল থেকে চলে যান। এই ঘটনাকে কেন্দ্র করে প্রায় ২০০ ছাত্রী কমিটির বিরোধিতা করে এবং থানায় ডেপুটেশান দেয়। থানাতে ডেপুটেশান দেওয়ার পর শিক্ষিকারা সিদ্ধান্ত করেন, এ বি টি এ সিদ্ধান্ত করেন যে আগামীকাল থেকে তাঁরা কর্মবিরতি করবেন এবং এর প্রতিবাদ জানাবেন। সমস্ত শিক্ষিকারা মিলে একটা লিফ্‌লেট করেছেন, এটা আমি আপনার সামনে দেব। আমি একথা বলতে চাই শিক্ষা জগতে নৈরাজ্য সৃষ্টিকারী একদল গুণ্ডা মহিলা শিক্ষিকাদের উপর অত্যাচার করছে, তাঁদের মারধোর করছে, এই বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রী যেন হস্তক্ষেপ করেন।

**মিঃ স্পিকার ঃ** আমি এটুকু মাননীয় সদস্যদের কাছে জানাচ্ছি যখনই অন্য সদস্যদের নাম ডাকা হবে তখনই যে সদস্য বলছেন তাঁকে বসে যেতে হবে। তিনি যদি না বসেন তাহলে তাঁকে হাউসে আর মেনশান করতে দেওয়া হবে না। কারণ, এভরি বডি হ্যাজ দি ইকোয়াল রাইট। একজন মেম্বার ৫ মিনিট ধরে বলে যাবেন আর অন্য মেম্বারা বলতে পারবেন না এটা হতে পারে না।

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir, I want to draw the attention of the Land and Land Revenue Minister regarding Calcutta Thika Tenancy Act, 1981. Due to this Act it is apprehended that millions of people of Calcutta and Howrah will be displaced and economically ruined. I would request the Minister-in-charge to bring immediate amendment so that thika tenants can sell property and construct residence at least upto third floor. Bank loans should also be given to them.

[2-20—2-30 P.M.]

**শ্রী মহম্মদ বাচ্চা মুন্সী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম দিনাজপুর জেলায় সেচের জন্য নানা রকম গঠনমূলক কাজ করা হয়েছে, পানি আটকে রাখার জন্য বাঁধ করা হয়েছে এবং ক্যানেলও করা হয়েছে। কিন্তু এগুলি যদি কখনও মেরামতের প্রয়োজন হয় তাহলে প্রয়োজনীয় সিমেন্ট পাওয়া যায় না এবং সিমেন্ট না পাবার ফলে সেচের কাজ ব্যাহত হচ্ছে। সেচ ব্যবস্থা যদি ভালভাবে না থাকে তাহলে অনাবৃষ্টির সময় চাষের ক্ষতি হয়। কাজেই আমি অনুরোধ করছি, পশ্চিম দিনাজপুর জেলায় এই সমস্ত ক্যানেল এবং স্লুইস গেটের ক্ষেত্রে সবাগ্রে সিমেন্ট দেওয়া হোক, অন্য জায়গায় পরে দেওয়া হবে।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকার দ্বাদশ শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থা প্রবতন করার ফলে, দেশের গরীব মানুষরা পড়বার ইচ্ছে প্রকাশ করেছে এবং তার ফলে আমাদের বারাসতে দেখছি ক্লাস ফাইভ এবং ক্লাস নাইনে ভর্তি হবার ক্ষেত্রে দারুন সমস্যা দেখা দিয়েছে। আমি শুনেছি ক্লাস ফাইভে ১২০০ জন ভর্তি হতে পারেনি এবং ক্লাস নাইনে ১০০০ জন ভর্তি হতে পারেননি। এই পরিস্থিতিতে আমাদের সরকারের আর্থিক ক্ষমতা সীমিত থাকা সত্বেও আমি আবেদন করছি, যেখানে ডে স্কুল হয় সেখানে ২/১ জন টিচার দিয়ে মর্নিং ক্লাস খুলে এই সমস্ত বার্ড়তি ছাত্রদের ভর্তির ব্যবস্থা করে পড়ার সুযোগ দেওয়া হোক। এই ব্যাপারে বারাসত জেলা শাসকের তরফ থেকে শিক্ষামন্ত্রীর কাছে একটা স্মারকলিপি দেওয়া হয়েছে আমি আশা করি এই সমস্ত বাড়তি ছাত্ররা যাতে ভর্তির ব্যাপারে বিমুখ না হয় সরকার সেদিকে দৃষ্টি দেবেন।

**Shri Abdul Karim Choudhury :** माननीय अध्यक्ष महोदय, मैं आपके माध्यम से माननीय चीफ मिनिस्टार का ध्यान आकर्षित करना चाहता हूँ। बड़े दुख के साथ कहना पड़ता हैं

कि जब भी उनका ध्यान आकृष्ट किया जाता हैं वे सदन में नहीं रहते हैं। हो सकता हैं, वे अपने चेम्बर में बैठ कर सुनते होगें। हमारे यँह सी० पी० एम० पार्टी अपनी पार्टी को मजबूत करने के लिए वँह के किसानों पर तरह-तरह के अत्याचार कर रहे हैं। किसानों को धान नहीं काटने देते हैं। उनको डराते-धमकाते हैं और कहते है कि यदि तुम लोग सी० पी० एम० पार्टी नहीं ज्वाइन करोगे तो धान काटने नहीं दिया जायगा। इससे किसान वर्ग बहुत डरा हुआ हैं। लाचार हो कर किसानों ने पमूफ्लेट छपताया हैं कि हम लोग कांग्रेस छोड़ देते हैं और सी० पी० एम० पार्टी ज्वाइन करते हैं। ऐसा करने पर किसानों को राहत मिली है। मैं चीफ मिनिस्टर से अनुरोध करूंगा कि अपनी पार्टी के लोगों को ऐसी हरकत करने से रोकें।

**শ্রীসুরেশচন্দ্র সিংহ ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি একটা অত্যন্ত জরুরী বিষয় বিভাগীয় মন্ত্রী, কমলবাবুর দৃষ্টি আকর্ষণ করছি। খবরের কাগজে খরার সময় আমন ফসল উৎপাদন সম্বন্ধে একটা বিভ্রান্তিকর সংবাদ বের হয়েছে। কৃষি দপ্তর থেকে বলা হচ্ছে চালের উৎপাদন হয়েছে ৪০ লক্ষ টন, খবরের কাগজ বলছে, ৭৪ লক্ষ টন। কৃষি দপ্তর, বুরো অফ এ্যাপ্লায়েড ইকনমিকস্ থেকে এ বিষয়ে সঠিক চিত্র দেওয়া উচিত যাতে খবরের কাগজে বিভ্রান্তিকর সংবাদ না প্রকাশিত হতে পারে এবং তাহলে আমাদেরও কোন আশংকার কারণ থাকবে না।

**শ্রীসুকুমার রায় ঃ** স্যার, আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, পুরুলিয়া পৌরসভায় গত ২৬।২।৮৩ তারিখে অবৈধভাবে একটি বাজেট প্লেস করা হয়েছে। নিয়ম হচ্ছে, বাজেট প্লেস করার ২ মাস আগে নোটিফিকেশন করতে হয়, এবং নোটিশটি সাধারণভাবে ট্যাক্স পেয়ারদের বলতে দেওয়া হয় তাদের যদি কোন সাজেস্‌সান থাকে তাঁরা বলবেন। কিন্তু কিসের জন্য এবার ডাইরেক্ট বাজেট বোর্ডে প্লেস করা হল, বিরোধী সদস্যদের আপত্তি সত্ত্বেও তা জানি না। অথচ এটা সংখ্যাগরিষ্ঠতার জোরে পাশও করা হল। আশা করি, মন্ত্রীমহাশয় তদন্ত করে দেখবেন।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** স্যার এখানে আসাম প্রসঙ্গে আলোচনা হয়ে গেলেও একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সকলের দৃষ্টি আকষণ করছি যাতে করে আপনি বর্তমান আসাম সরকার এবং কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করতে পারেন। আসাম আন্দোলনের পেছনে বহু কারণের মধ্যে অন্যতম কারণ হচ্ছে, বুদ্ধিজীবী, সাহিত্যিক ইত্যাদিরা উগ্র সংকীর্ণতাবাদ সেখানে ছড়াচ্ছে এবং এর ফলে সেখানকার যুব সমাজও তাতে প্রচণ্ডভাবে প্রভাবিত হচ্ছে। এখানকার একজন জনপ্রিয় শিল্পী বিভিন্ন রেকর্ড এবং সঙ্গীতের মাধ্যমে যুব সমাজকে এমনভাবে প্রভাবিত করছেন যারফলে সেখানকার তরুণ ছাত্র সমাজ এই রকম আন্দোলনের মধ্যে জড়িয়ে পড়েছেন। আপনি নিজে উদ্যোগ নিয়ে এই দিকে আসাম সরকার ও কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করবেন এবং তাঁদের

অনুরোধ করবেন যেন আসামী ভাষায় ভূপেন হাজারিকার যে সমস্ত গান রেকর্ড করা হয়েছে সেগুলি যেন সব বাজেয়াপ্ত করা হয়।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্যার, গত শনিবারদিন বিধানসভা বন্ধ থাকায় আমি বাঁকুড়ায় গিয়েছিলাম। যে পরিবারের মেয়েটিকে নির্মম ভাবে ধর্ষণ করা হল, হত্যা করা হল এবং পোড়ানো হল, তার বাবা মা এবং আত্মীয়-স্বজনরা যে কথা বললেন, তাতে জানতে পারলাম দুষ্কৃতকারীরা কি ভাবে ঐ ঘটনা ঘটালেন এবং কি ভাবে কৌশলে সমস্ত কিছু সাজিয়ে গুজিয়ে মেয়েটিকে ধর্ষণ করে তার শরীরের উর্দ্ধাঙ্গ এবং নিম্নাঙ্গ পুড়িয়ে দেওয়া হল।

[2-30—2-40 P.M.]

এবং পুড়িয়ে দেবার পরে স্থানান্তরিত করা হচ্ছে। এই ঘটনায় সরকার সেখানে বিভিন্ন ভাবে সাহায্য করছেন। কুকুর পাঠিয়েছেন ফরেনসিক ল্যাবরেটরি থেকে লোক গেছে। দুষ্কৃতকারীদের খুঁজে বের করার জন্য প্রশাসন যাতে দ্রুত কাজ করে সেদিকে একটু লক্ষ্য রাখতে সরকারকে আমি অনুরোধ জানাচ্ছি। এই ঘটনা আমাদের জাতির কলঙ্ক বহন করছে। এই রকম ঘটনা ভবিষ্যতে যাতে আর না ঘটে সেই জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রীসভার অন্যান্য সদস্যদের দৃষ্টি দিতে অনুরোধ করছি।

**শ্রীঅনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গ্রামীন বৈদ্যুতিকরণের কাজ ঠিকমত হচ্ছে না বাঁকুড়া জেলার ওঁনদা থানার ৮টি গ্রামে ৪ বছর আগে বিদ্যুতের পোষ্ট, পোল পোঁতা হয়েছে, ওয়্যারিং করা হয়েছে, ট্রানফরমারও বসানো হয়েছে। কিন্তু রুর‍্যাল ইলেকট্রিক্যাল ডিপার্টমেণ্ট ডিষ্ট্রিবিউসন ডিপার্টমেণ্টকে এইগুলি ৪ বছর ধরে হ্যাণ্ডওভার করছেন না। ফলে এই হ্যাণ্ডওভার না করার জন্য এই দারুণ খরার সময়ও স্যালো টিউবওয়েলে বিদ্যুত কানেকসান না দিতে পারায় সেগুলি চালানো যাচ্ছে না। এর ফলে চাষীরা সাংঘাতিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। শুধু কিছু সরকারী কর্মচারীর গাফিলতির ফলে এই চার্জ হ্যাণ্ডওভার হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীর্ঘ ৪ বছর ধরে এই বৈদ্যুতিকরণের কাজ পড়ে আছে। ফলে ট্রানসফরমার, তার, পোল চুরি হচ্ছে, জনসাধারণ তার জন্য কোন ইণ্টারেষ্ট নিচ্ছে না। গ্রামীন বৈদ্যুতিকরণের ব্যাপারে কর্মচারীদের অবহেলা এখুনি দূর করার ব্যবস্থা করা হোক এবং অবিলম্বে যাতে ওখানে বিদ্যুতের ব্যবস্থা করা যায় তার জন্য আমি সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে যে কথাটি হাউসে রাখতে চাচ্ছি সেটা একটু আগেই আমাদের দলের মাননীয় সুব্রত মুখার্জি আপনার কাছে রেখেছেন। পান্নালাল মাজী, এম. এল. এ.র বিরুদ্ধে তিনি দুর্নীতির অভিযোগ তুলেছেন। শুধু দুর্নীতি নয় একটি গভর্নমেণ্ট রিপোর্ট'ও এসেছিল এবং সেই রিপোর্টে পরিষ্কার বলা হয়েছে, হি হ্যাজ ভায়োলেটেড্ অল দি রুলস।

**মিঃ স্পীকার ঃ** আমি সুব্রতবাবুকে বলেছি এই সমস্ত পেপার আমাকে দেবেন, আমি রুলিং দেব।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, তিনি যখন বলেছেন দেবেন, নিশ্চয় দেবেন। স্যার, আপনি এই ব্যাপারে মুখ্যমন্ত্রীকে বলুন, তিনি বিষয়টি দেখুন। কেন না, হি হ্যাজ ভায়োলেটেড্ ইভেন দি ডাইরেকসন অব দি চীফ মিনিষ্টার—আপনি সমবায়ের উপর এক ঘণ্টা আলোচনার ব্যবস্থা করে দিন। আপনি এই সময় এ্যালট করে দিন, আমরা আলোচনা করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোটি কোটি টাকার দুর্নীতির অভিযোগ আছে এবং ৭৩ নং পেয়েছে তাকে চাকরি না দিয়ে যে ২২ নং পেয়েছে তাকে চাকরি দেওয়া হয়েছে। আরো গ্রস ইররেগুলারিটিজ হয়েছে। তাই এই বিষয়ে আমাদের হাউসে আলোচনা করার সুযোগ দিন। এই ব্যাপারে হাউসে একটা প্রসিডিংস তৈরী হোক এবং ওখানে যে চুরি হয়েছে সেটা লিপিবদ্ধ করা থাক। স্যার, আপনি আমাকে যে বলার সুযোগ দিলেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রীরামপদ মাণ্ডি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন কলকাতা ময়দানে স্বাধীনতা সংগ্রামী, জাতীয় এবং আন্তর্জাতিক ক্ষেত্রে প্রতিষ্ঠিত বিশিষ্ট ব্যক্তিদের মূর্তি বসানো হচ্ছে। সাঁওতাল বিদ্রোহের নেতা সিধুকানু, বিরসা মুণ্ডার মূর্তি বসানো হোক। আর সেই সংগে সাঁওতালি ভাষার আবিষ্কারক পণ্ডিত রঘুনাথ মুর্মুর মূর্তি ময়দানে বসানোর জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হাওড়া বিধানসভা কেন্দ্রে অবস্থিত গ্যানজেস রোপ কম্পানীটি আজ প্রায় ৫ মাস ধরে বন্ধ রয়েছে। সেখানে প্রায় ৮শো লোক কাজ করেন। কারখানাটি বন্ধ হবার আগে সেখানে একশো লোককে ফোরসর্ড রিটায়ারমেণ্ট করানো হয় কিন্তু তারা আজ পর্য্যন্ত একটি পয়সাও পান নি। স্যার, এই কারখানাটিতে সি. পি. এম-এর ইউনিয়ান আছে এবং সেই ইউনিয়ানের সভাপতি হচ্ছেন সেখানকার বিধানসভার

সদস্য এবং মন্ত্রী শ্রীপ্রলয় তালুকদার মহাশয়। তিনি তাঁর রাইটার্স বিলডিং-এর অফিসে বসে এই কারখানার ম্যালিকের সংগে কথা বলেছেন এবং সেখানে মালিক বলছেন, প্রলয়বাবু যেটা বলে দেবেন সেটা তিনি মেনে নেবেন। কিন্তু এখনও পর্যন্ত তিনি প্রস্তাব দিতে পারেন নি অথচ তাঁর নিজের হাতেই জিনিষটি রেখে দিয়েছেন। স্যার আমি এই বিষয়টির প্রতি মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করে বলছি, তিনি এই ব্যাপারটি প্রলয়বাবুর হাত থেকে নিয়ে নিন কারণ প্রলয়বাবু প্রস্তাব দিচ্ছেন না। স্যার, অবস্থা এমন দাঁড়িয়েছে যে গতকাল সেখানকার একজন শ্রমিক সুইসাইড করেছেন। প্রলয়বাবু এখনও এই জিনিষটা নিজের হাতে রেখে যাতে শ্রমিকদের মৃত্যুর দিকে ঠেলে না দেন সেজন্য স্যার, আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি এই ব্যাপারটির প্রতি আকৃষ্ট করছি।

**শ্রীননী কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষন করছি। স্যার, বিধানসভায় আসা-যাওয়াটা আমাদের কাছে অস্বস্তিকর ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। ২৫ তারিখে আপনি ছুটি দেবার পর শিয়ালদহ ষ্টেশনে গিয়ে শুনলাম, অশোকনগর ষ্টেশনের উপর ইলেকট্রিক কারেন্ট নেই, অতএব ট্রেন সবটা যাবে না, যাবে অশোকনগর পর্য্যন্ত। স্যার, যেখানে ১ ঘণ্টা ১৫ মিনিট সময় লাগার কথা সেখানে ৪।। ঘণ্টা লাগলো সেই ট্রেনের অশোকনগরে যেতে। অশোকনগরে গিয়ে শুনলাম, রেক খারাপ হয়ে গিয়েছিল। এই যেখানে অবস্থা, সেখানে কেন জানি না শিয়ালদহ ষ্টেশন থেকে বলা হ'ল বিদ্যুত নেই তাই ট্রেন যাবে না। তারপরের দিন, শনিবার আমাদের শিয়ালদহ আসতে ২।। ঘণ্টা সময় লাগলো যেখানে ১ ঘণ্টা ১৫ মিনিট লাগার কথা। আজকে আসতে সময় লাগলো দুঘণ্টা। স্যার, আমি জানি না আপনি বলতে পারেন কিনা রেলবোর্ডকে বা রেল মন্ত্রীকে ট্রেন ঠিক মত চালানোর জন্য। স্যার, এই প্রসংগে আপনাকে জানাই, শিয়ালদহে মাত্র ৪৬ টি রেক দিয়ে ৫৬২ টি ট্রেন চালানো হয় এবং তার ফলেই যে কোন সময় রেক খারাপ হয়ে যায়। আপনি জানেন স্যার, শিয়ালদহে রেলে প্রচণ্ড ভীড় হয়। রেলের ভাড়া বাড়ছে কিন্তু যাত্রীদের ভালোভাবে যাতায়াত করার কোন ব্যবস্থাই হচ্ছে না। স্যার, রেল যদি ঠিকমত চলাচল না করে তাহলে আমরা বিধানসভায় আসা-যাওয়া করবো কি করে? আমি স্যার, সেইজন্য আপনার দৃষ্টি আকর্ষন করছি এবং বলছি, যদি কোন আইনের ব্যবস্থা থাকে তাহলে সেই আইন মোতাবেক আপনি রেলমন্ত্রীকে এখানে হাজির করুন, দেখা যাক, তিনি কি বলেন। তিনি স্যার শুধু বিবৃতির পর বিবৃতিই দিয়ে যাচ্ছেন কিন্তু রেল ঠিকমত চালাতে পারছেন না। স্যার, এ ব্যাপারে একটা ব্যবস্থা করার জন্য আপনার দৃষ্টি আকর্ষন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করে আমার নির্বাচনীকেন্দ্র আরামবাগের একটি পরিবারের প্রাণ

রক্ষার জন্য আবেদন জানাচ্ছি। স্যার, আরামবাগ থানার তিরল গ্রামের তারাপদ মণ্ডল নামে একজন অসহায় লোকের মাত্র তিন চার বিঘা জমি আছে। তার একটা জমির ব্যাপারে তাকে সি. পি. এম.এর কৃষক সমিতির নেতারা গত তিন দিন আগে বলেছেন, 'তোমাকে এটা দিয়ে দিতে হবে।' স্যার, সেখানে বলা হয়েছে, যদি না দেয় তাহলে তার প্রাণ নেওয়া হবে বা তাকে হত্যা করা হবে। আমি স্যার, গতকাল সেখানে গিয়ে দেখলাম, এসম্পর্কে বহু পোষ্টার লেখা হয়েছে। সেইসব পোষ্টারে আরামবাগের তিরল গ্রামের তারাপদ মণ্ডলকে হুঁশিয়ার করে বলা হয়েছে, এক সপ্তাহের মধ্যে যদি জমি দেওয়া না হয়, তাহলে তাকে হত্যা করা হবে। স্যার, আইনগত কারণে যদি দরকার থাকে তাহলে নিশ্চয় তারাপদ মণ্ডল-এর জমি নেওয়া হোক, আমার আপত্তি নেই কিন্তু সি.পি. এম-এর কৃষক সমিতির নির্দেশ যদি কোন মানুষকে হত্যা করা হয় তাহলে আমি বলব, পশ্চিমবংগের বুকে গনতন্ত্রকে যে ভাবে আপনারা হত্যা করার প্রচেষ্টা চালাচ্ছেন, এখানে এই কাণ্ড হলে সেই গনতন্ত্র কে সমূলে হত্যা করা হবে। স্যার, এই অবস্থার প্রতি আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং যেসব পোষ্টার দেওয়া হয়েছে তার একটি আপনার কাছে পেশ করছি।

[2-40—2-50 P. M.]

**শ্রীমতি অঞ্জু ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় বিদ্যুত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটা হচ্ছে, কালনা ইলেট্রিক সাপলাইয়ের যে অফিস আছে, সেই অফিসে বর্তমানে একটা দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে। কয়েকদিন আগে ঐ অফিসের একজন কর্মচারী ইলেকট্রিকের কিছু যন্ত্রপাতি প্রায় ২৫ হাজার টাকার মত হবে চুরী করে তার বাড়ীতে রেখেছিল। সেই চুরীর মাল বিক্রয় করার আগে আমরা খবর পেয়ে তার বাড়ীতে পুলিশ পাঠাই। পুলিশ পাঠালে যখন সেখানে এস. ডি. পি. ও যান তখন সেখানকার ষ্টেশান সুপারিনটেনডেন্ট বলেন যে ঐ কর্মচারীর বাড়ীতে আমি ষ্টোর রুম করেছি। আমরা দেখছি যে এই সব ষ্টেশান সুপারিনটেনডেন্টরা এবং এই সব কর্মচারীরা আমার এলাকায় যে সব কংগ্রেসী সমাজবিরোধী বাহিনী রয়েছে, সেই সমস্ত বাহিনীর সংগে যোগ-সাজসে দীর্ঘদিন ধরে এই রকম নানা দুর্নীতি মূলক কাজকর্ম চালিয়ে যাচ্ছে। আমি সে জন্য বিভাগীয় মন্ত্রী মহাশয়কে এই বিষয়ে তদন্ত করার জন্য অনুরোধ করছি।

**শ্রীমনিন্দ্র নাথ বর্মা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তথা বিধানসভার মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, আসামের ঘটনার পরে কিছুদিন যাবত আসামের নির্বাচনের আগে এবং পরে থেকে উদ্বাস্তু আসছে। আমার কনষ্টিটিউয়েনসিটা হচ্ছে আসামের লাগোয়া এলাকায়। সেখানে হাজার

হাজার উদ্বাস্তু আসছে। যদিও সরকারী হিসাব হচ্ছে প্রায় ৪/৫ হাজার কিন্তু তুফানগঞ্জ সাবডিভি-শনের বহু গ্রামে কয়েক হাজার উদ্বাস্তু পরিবার যারা নিজেদের আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, নিজেদের পরিচিত লোকেদের বাড়ীতে আছে, তাদের সঠিক হিসাব নেই। এছাড়াও ৩ বছর ধরে প্রায় ৩৩ শত উদ্বাস্তু পরিবার রামপুরে একটা ক্যাম্প করে আছে এবং সেখানে ঐ উদ্বাস্তু পরিবারদের সংগে স্থানীয় লোকেদের সংঘর্ষ হচ্ছে। কারণ সেখানে এরা খুব সস্তায় দিনমজুরী খাটছে। সরকারী ডোল ক্যাশ যা তারা পায়, যেখানে ৭ টাকা মজুরী সেখানে তারা ৩ টাকা, ৪ টাকায় মজুর খাটতে যায় এবং মানুষের বাগানে কাঠ কাটা ইত্যাদি কাজগুলি তারা সস্তায় করছে। এর ফলে স্থানীয় লোকেদের মধ্যে একটা আতঙ্ক দেখা দিয়েছে এবং তাদের সঙ্গে সংঘর্ষ হচ্ছে। স্থানীয় লোকেরা আমাদের কাছে এসে বলছে যে এর একটা ব্যবস্থা করুন। এরা যদি এই রকম ভাবে ৩।৪ টাকায় কাজ করে তাহলে আমরা যারা স্থানীয় লেবার তারা কাজ পাবোনা। আমাদের কাছে এসে তারা বলছে যে আমরা থাকতে পারছি না, আসামের লোক আমাদের গ্রাম ছেয়ে গেছে, আমাদের এর থেকে বাঁচান। আমি সে জন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের এই বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং একটা নির্দিষ্ট ব্যবস্থা নেবার জন্য অনুরোধ করছি।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। পশ্চিম দিনাজপুর জেলায় বর্তমানে একটা অস্বাভাবিক অবস্থা দেখা দিয়েছে। সেখানে দিনে এবং রাতে চুরী, ডাকাতি বেড়েই চলেছে এবং চুরী ও ডাকাতি এমন পর্যায়ে গিয়ে দাঁড়িয়েছে যে এর আর শেষ নেই। কোজগরি পূর্ণিমাতে যেমন প্রাত রাত্রে গান বাজনা করে ঘুরে বেড়ায় তেমনি প্রতি রাত্রে মানুষের ঘরে ডাকাত গিয়ে হানা দিচ্ছে এবং তাদের যথা সর্বস্ব লুঠ করে নিয়ে যাচ্ছে। আর সাধারণত দেখা যাচ্ছে যে ঐ ডাকাতরা নিম্নবিত্ত মানুষের ঘরে গিয়ে হামলা করছে এবং যে সমস্ত পরিবারের দলজা শিথিল এবং যাদের আয় অতি সামান্য তাদেরই ঘরে এরা হামলা করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেখানে প্রশাসন একেবারে শিথিল হয়ে পড়েছে, আইন শৃঙ্খলা বলতে কিছু নেই। কুশমণ্ডি থানা এবং বিশেষকরে তার পাশে বর্ডার এলাকা আছে সেই বর্ডার এলাকায় আর একটি উল্লেখযোগ্য ঘটনা দিনের পর দিন বেড়ে চলেছে। সেখানে সমাজবিরোধীরা ঘুরে বেড়াচ্ছে এবং স্থানীয় সি. পি. আই. এম-এর লোকেরা তাদের মদত দিচ্ছে। সেখানে থানায় গিয়ে সাধারণ মানুষ ডাইরী করতে পারছে না, তারা হেনস্থা হচ্ছে। এই অবস্থার মধ্যে কুশমণ্ডী থানার অধিবাসীরা কাটাচ্ছে। কাজেই যাতে চুরী, ডাকাতি কম হয়, সাধারণ মানুষ দিনে কাজ করে রাতে একটু আরামে ঘুমাতে পারে তার ব্যবস্থা করার জন্য দাবী করছি।

চুরি ডাকাতি যাতে বন্ধ হয়, সাধারণ মানুষ যাতে দিনের বেলা কাজ করে রাতে ঘুমতে পারে তার জন্য ব্যবস্থা গ্রহণ করবার জন্য আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি।

**শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ প্রকল্পজনিত একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে প্রকল্পটির কথা উল্লেখ করছি সেটি যদিও সিকিমের অন্তর্ভুক্ত তথাপি এর সঙ্গে পশ্চিমবাংলা তথা উত্তর বাংলার স্বার্থ জড়িত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সিকিমে রঙ্গিৎ জলবিদ্যুৎ প্রকল্প আছে। এটা কেন্দ্রীয় সরকারের প্রকল্প। কেন্দ্রীয় সরকারের জাতীয় জল বিদ্যুৎ কর্পোরেশন নামে একটা কর্পোরেশন আছে এবং তাদেরই দায়িত্বে সিকিমের প্রকল্পটিও রূপায়িত হওয়ার কথা। কিন্তু আমরা কিছু দিন আগে জানতে পারলাম যে, কেন্দ্রীয় সরকার বর্তমানে প্রচুর পরিমানে এবং সাংঘাতিক ভাবে টাকা কেটে দিয়েছে, ফলে সারা ভারতবর্ষে জাতীয় জল বিদ্যুৎ কর্পোরেশনের জন্য মাত্র সাড়ে ৬১ কোটি টাকা মঞ্জুর করেছে এবং এই কারণে সারা ভারতবর্ষে পাঁচটি বড় বড় পরিকল্পনা পরিত্যাগ করেছে। তার মধ্যে সিকিমের রঙ্গিত পরিকল্পনাটি আছে। আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারকে অনুরোধ করছি যে, তাঁরা অবিলম্বে দিল্লীতে কেন্দ্রীয় সরকারের কাছে রঙ্গিত পরিকল্পনাটি চালু রাখার জন্য দাবী জানান। এর দ্বারা তাঁরা পশ্চিম বাংলা তথা উত্তর বাংলার স্বার্থ রক্ষার চেষ্টা করুন।

**শ্রীশৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শ্রম-মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, হুগলী জেলার বৈদ্যবাটীতে 'প্রীতি পেপার বোর্ড' নামে একটি কারখানা আজকে প্রায় ৪ মাস ধরে মালিকরা বেআইনীভাবে লক্-আউট করে রেখেছে। ওটি একটি উদ্বাস্তু অধ্যুষিত অঞ্চল। ঐ কারখানার শ্রমিকরা ঘটি-বাটি বিক্রি করে এত দিন চালিয়েছে, কিন্তু আজকে তাদের আর সে অবস্থাও নেই। ঐ কারখানার শ্রমিকদের বাঁচাবার জন্য ঐ কারখানাটি খোলা ছাড়া আর দ্বিতীয় কোন পথ নেই। সেই জন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি, তিনি অবিলম্বে একটা ত্রিপাক্ষিক আলোচনার ব্যবস্থা করুন। যাতে এই কারখানাটি খুলতে পারে, শ্রমিকরা বাঁচতে পারে তার ব্যবস্থা করুন, এই আবেদন আমি তাঁর কাছে রাখছি।

**শ্রীলক্ষ্মীকান্ত দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

ঘটনাটি হচ্ছে, ২/৩ দিন আগে রাজাবাজার অঞ্চলের সাধারণ মানুষ গুণ্ডা বিরোধী একটি সভায় জমায়েত হয় এবং সেখানে গুণ্ডাদের বিরুদ্ধে বিভিন্ন কথা-বার্তা শুরু হয় এবং গুণ্ডা বিরোধী আলেচনা হয়। সেখানে সাধারণ মানুষ দাবী করে গুণ্ডাদের গ্রেপ্তার করতে হবে। তার পরে আমরা দেখি যে, গুণ্ডাদের পুলিশ এ্যারেষ্ট করে, কিন্তু তার পরেই তারা বেলে বাইরে এসে একজন সাধারণ মানুষকে ছুরি মারে, সেই লোকটি এখনো এন. আর. এস. হাসপাতালে ভর্তি হয়ে আছে।

স্বভাবতই এর ফলশ্রুতি হিসাবে আমরা আজকে দেখলাম যে, রাজাবাজার অঞ্চলে দু'পক্ষের দু'দল গুণ্ডা সাম্প্রদায়িক দাঙ্গা লাগাবার প্রচেষ্টা শুরু করেছে। এই দু'পক্ষের এক পক্ষে রয়েছে বাবর হামিদী এবং তার দল-বল, আগের দিনের ছুরি মারার ঘটনায় তার দলের লোক জড়িত ছিল। সে নিয়মিত-ভাবে রাজাবাজার অঞ্চলে সন্ত্রাস সৃষ্টি করে চলেছে। আজকের অপর পক্ষ এসে ঐ পক্ষের দু'জনকে তুলে নিয়ে গেছে এবং কেশব সেন ষ্ট্রীটে এসে জড়ো হয়েছে। অপর পক্ষ হচ্ছে শঙ্কু সিং এবং তার দলবল। এই দু' পক্ষ আজকে ঐ অঞ্চলে সাম্প্রদায়িক দাঙ্গা লাগাবার চেষ্টা করেছে। এই দু' পক্ষকেই যদি না ধরা হয় তাহলে ওখানে সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা বন্ধ করা যাবে না এবং বিভিন্ন জায়গায়-ও এই জিনিষ শুরু হবে। অবশ্য আমি আজকে সেখানে গিয়ে শুনে এসেছি যে, ইতি মধ্যেই পুলিশ সেখানে সাম্প্রদায়িক দাঙ্গা বন্ধ করার জন্য গুলি চালিয়েছে। যদিও সেই গুলিতে কলকাতা কর্পোরেশনের একজন সিডিউল কাষ্ট কর্মী মারাগেছে, তবুও গুলি চালানো সঠিক কাজই হয়েছে। বস্তির মধ্যে গুলি চালাতে হয়েছে এবং ঐ দুর্ঘটনাটি ঘটে-গেছে। বর্তমাতে পুলিশ অবস্থা আয়ত্বে এনেছে। আজকে সেখানে সাধারণ মানুষ, হিন্দু, মুসলমান, সিডিউল কাষ্ট এমন কি যার ছেলে মারা গেছে সে পর্যন্ত এক বাক্যে দাবী করছে, ঐ দুই মাস্তান—শঙ্কু সিং ইত্যাদি এবং বাবর হামিদী ইত্যাদিকে ধরা হোক।

[2-50—3-30 P.M. (including adjournment)]

সব চেয়ে সুবিধার ব্যাপার হলো এখানে কোন হিন্দু, মুসলমান, সিডিউল কাষ্ট নয় সমগ্র দলের লোকেরা মিলিতভাবে দাবী করছে এই দুই মস্তান যাদের মধ্যে এক পক্ষ মাননীয় সুব্রতবাবুর পক্ষের লোক অবলম্বন করে আর একপক্ষ মাননীয় সোমেনবাবুর পক্ষের লোক, তাদেরকে গ্রেপ্তার করা হোক। সাধারণ মানুষ তারা যে দলকেই সমর্থন করুন না কেন তাঁরাও সম্মিলিতভাবে এই দুই মস্তান-বাহিনীর বিরুদ্ধে আছে এবং শান্তি স্থাপনের জন্য দাবী করছে। সুতরাং আমার অনুরোধ অবিলম্বে ব্যবস্থা গ্রহন করে ঐ এলাকায় যাতে শান্তি ফিরে আসে তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা উচিৎ।

**মিঃ স্পীকার ঃ** এখন বিরতি। আবার আমরা সাড়ে তিনটার সময়ে মিলিত হবো।

[3-30—3-40 P.M.]

( After recess )

## LAYING OF REPORT

**Eighth Annual Report and Accounts of the West Bengal Sugar Industries Development Corporation Ltd. for the year 1980-81.**

AP—37

**Dr. Kanai Lal Bhattacharya :** Sir, I beg to lay the Annual Report and Accounts of the West Bengal Sugar Industries Development Corporation Limited for the year 1980-81.

**Presentation of Report of Committee on Estimates, 1982-83.**

তাঁদের গণশক্তিতেও লেখা আছে বিদ্যুৎ ব্যবস্থা ভেঙে পড়েছে। বাংলাদেশ, আজকাল ইত্যাদিতেও আপনারা লক্ষ্য করবেন। বিদ্যুৎ বিভাগ নিয়ে একটা তছনছ অবস্থা চলছে। এর কারণ কি? আজ যাঁরা নভিস ম্যান, প্রোডাকসান ওরিয়েন্টেড ম্যান নন তাঁদের এই বিভাগে বসান হয়েছে লাল রুমাল পেতে দিয়ে। আর যারা সত্যিকারে কাজ করতো তাদের সব সরিয়ে দেওয়া হয়েছে। সম্প্রতি যেটা ঘটে গেল তা অতি দুঃখজনক ঘটনা। এর ফলে কর্মীদের মনোবল ভেঙে যাচ্ছে। আপনারা দেখেছেন ১৩ জন এস. ই. বি. কর্মী যারা রেগুলার হয়েছিল তাদের ছাটাই করা হল। তাদের অপরাধ কি—আমি অপরাধ দেখেছি ইন দি ইন্টারেস্ট অব দি পাবলিক, স্পেসিফিক কিছু লেখা নেই। স্যার, আমি একটা ঘটনা এখানে উল্লেখ করব। বীরভূমের ৩ জন রিট্রেঞ্চড হয়েছে। এই ৩ জনের মধ্যে একজন হচ্ছে সেবাপ্রিয় দাস, আর একজন হচ্ছে মানিক কয়াল, এই সঙ্গে রঙ্গনাথ বলে একজন। এই ৩ জন নকসাল আমলে মার্ডার কেসের আসামী। ১৯৭১ সালে বহরমপুর সেসান কোর্ট থেকে এরা খালাস পেয়ে গেল। এই ৩ জনের মধ্যে ১ জন সিটু-তে জয়েন করেছে, আর ২ জন জাতীয় পতাকাকে ভালবাসে, বন্দে মাতরম মন্ত্রে দীক্ষিত তারা, তাই সিটুতে তারা জয়েন করল না। বীরভূমের সেই ২ জন ছাঁটাই হল। অথচ একই কেসের আসামী যিনি সিটু-তে জয়েন করলেন তিনি ছাঁটাই হলেন না। এটা কিসের নমুনা স্যার? মাননীয় সদস্যরা হয়ত বলবেন যে কংগ্রেস আমলে আমাদের কো-অর্ডিনেশান এর নেতারা ছাঁটাই হয়েছিলেন।

**শ্রীআবদুল কায়েম মোল্লা ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। সুনীতিবাবু আমাদের মাননীয়া সদস্যাকে বারে বারে দিদিমা, কাকিমা বলছেন, এটা কেমন করে উনি বলতে পারেন?

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** দিস ইজ নট এ পয়েন্ট অব অর্ডার।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** আমি মাননীয় সদস্যর কথার উত্তর দেব না, আপনি উত্তর দিয়েছেন। আমি যেকথা বলছিলাম সেটা হচ্ছে ওঁরা বিদ্যুতের সুরাহা করবার কোন চেষ্টা করেননি। স্যার, রাজ্যপালের ভাষণের ৬ পাতায় আপনি দেখতে পাবেন ওঁরা বলছেন আমরা ৮ শো গ্রামে বিদ্যুৎ পৌছে দিয়েছি। আমি অত্যন্ত বিণয়ের সংগে জানাচ্ছি আপনি কনষ্টিটিউয়েন্সিতে গিয়ে লক্ষ্য করে দেখবেন কয়টি ডিপ টিউবওয়েল, রিভার লিফ্‌ট ইরিগেশান চলছে। আমার এলাকায় বিদ্যুতের অভাবে সমস্ত ডিপ টিউবওয়েল, রিভার লিফ্‌ট ইরিগেশান বন্ধ হয়ে আছে। আমি পঞ্চায়েতের চুরি, এগ্রিকালচারের কথায়, অন্য কথায় যাচ্ছি না, কলকাতায় রাস্তা খোঁড়া বাদ দিয়ে আপনি যদি গ্রামবাংলা ঘুরে ঘুরে দেখেন তাহলে দেখতে পাবেন গ্রামের পিচের রাস্তার দু'ধারে এঁটেল মাটি তুলছে আর ফেলে দিচ্ছে।

[ 5-10-5-20-P.M. ]

এঁদের এই কাজ দেখে আমার রিয়্যাল দিদিমার কাছে শোনা একটা গল্প আমার মনে পড়ে গেল এবং সেই গল্পটা আমি আপনাদের কাছে বলছি। একজন ব্রাহ্মণ অনেকদিন তপস্যা করে ঈশ্বর বা আল্লার কাছে একটি বর প্রার্থনা করলেন এবং ঈশ্বর তাঁকে বর দিলেন— "তোকে আমি একটা ভূত দিচ্ছি" এবং এই ভূত তোর সব কাজ করে দেবে, তোর সব অভাব দূর করে দেবে। ব্রাহ্মণ ভূতকে বললেন, আমাকে বাড়ী করে দে, টাকা এনে দে। ভূত ব্রাহ্মণকে বাড়ী করে দিল, টাকা এনে দিল এবং এইভাবে সমস্ত চাহিদা তাঁর মেটাল। তখন ভূত বলল এবারে আমি কি করব? তখন সেই ব্রাহ্মণ ব্রাহ্মণীকে গিয়ে জিজ্ঞেস করল, ভূত তো আমার সব কাজই করে দিয়েছে, এবারে আর কি করতে বলব? তখন ব্রাহ্মণী তাঁর মাথার একগাছা বাঁকা চুল ছিড়ে দিয়ে বলল, ভূতকে বল এই চুলটাকে সোজা করে দিতে। ভূত সেই বাঁকা চুলকে একবার সোজা করছে কিন্তু চুল আবার বাঁকা হয়ে যাচ্ছে, একবার সোজা করছে, আবার বাঁকা হয়ে যাচ্ছে। বামফ্রন্ট সরকারের সেই অবস্থা—টাকা চুরি করে বাড়ী করল, গাড়ী করল, এগ্রিকালচার, স্বাস্থ্য এবং বিভিন্ন দিকে চুরি করে একেবারে শেষ করেদিল এবং এখন চুরি করার আর কিছু নেই। ভূত যেমন ব্রাহ্মণের সব কাজ করে ফেলেছিল ঠিক তেমনি এঁরাও সব চুরি করে এখন শুধু পাকা রাস্তার ধারে মাটি তুলছে, আবার ফেলছে, তুলছে আবার ফেলছে। ভূত যেমন বাঁকা চুল আর সোজা করতে পারেনি, এঁদেরও তেমনি মাটি তোলা আর ফেলাশেষ হচ্ছেনা। কাজেই আমি রাজ্যপালের এই ভাষণ সমর্থন করতে পারছিনা।

**শ্রীঅনিল মুখার্জী:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিরোধীদলের সদস্যরা বিগত ৫ বছরধরে যেভাবে বিরোধিতা করেছেন এই সেসনে দেখছি বিরোধিতার কায়দাটা একটু বদলেছেন। আগে এঁরা বলতেন দেশে আইন শৃঙ্খলা নেই, হাউসের মধ্যে রক্তমাখা কাপড় দেখিয়ে বলতেন বামপন্থীরা এই খুন করেছে। কিন্তু এবারে দেখছি তাঁরা তাদের স্ট্যাটেজি একটু পালটেছেন। এবারে দেখছি কতগুলি কাগজপত্র হাউসে নিয়ে এসে সেগুলি পড়ে হাওয়া হয়ে যাচ্ছেন, কতগুলি অভিযোগ তুলে খানিকক্ষণ বক্তৃতা করে হাউস থেকে হাওয়া হয়ে যাচ্ছেন। স্যার, এদের অবস্থা দেখে আমার বাদুরের কথা মনে পড়ে যায়। বাদুর দিনে কিছু দেখেনা, রাত্রে দেখে। এঁরাও ঠিক তেমনি পশ্চিমবাংলার উন্নতি হয়েছে, বামফ্রন্ট সরকার কি করেছে সেদিকে এঁদের চোখ পড়ছেনা। কংগ্রেস (আই) এখন বলতে সুরু করেছেন রাজ্যপালের এইভাষণের মধ্যে নাকি কিছু নেই, সমস্ত জিনিস নাকি রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত।

সুনীতিবাবু বলেছেন আর. এস. পি., ফরোয়ার্ড ব্লক এদের নাকি কিছু বক্তব্য নেই। অবশ্য উনি গভর্নর এ্যাড্রেস, রাজ্যেপালের ভাষণ পড়েছেন কিনা জানি না—ভাল করে পড়লে নিশ্চয় দেখতে পেতেন কৃষি বিভাগের জন্য আগামী বছর কি করা হবে সেই সম্পর্কে তথ্য দেওয়া

আছে, শিল্প বিভাগে কি করা হবে সেই কথাও বলা আছে, শিক্ষা বিভাগে কি চেষ্টা করা হবে, সেই কথাও বলা আচ্ছে। সুতরাং এই সব দপ্তরগুলি বিভিন্ন শরিক দলের মন্ত্রীদের দ্বারা পরিচালিত এবং তারা সবাই মিলে রাজ্যপালের ভাষণ তৈরী করেছেন এবং রাজ্যপাল সেটা পড়েছেন। কাজেই এই সাধারণ জ্ঞানটুকু তাদের থাকা দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধিতা করতে এসে তারা সেই সাধারণ জ্ঞানটুকু পর্যন্ত হারিয়ে ফেলেছেন। স্যার, ডাঃ শিশির বোসের মত মানুষেরও আজকে এই সাধারণ জ্ঞানটুকু লোপ পেয়েছে। তাঁকে আমরা ঐ বিপ্লবী বোস পরিবারের লোক হিসাবে এতদিন জানতাম। তিনিও এটা ভুলে গেলেন। আজকে আমরা কি দেখলাম? ডাঃ বোস সীতারামাইয়ার কথা ভুলে গেছেন? নেতাজীকে যেদিন কংগ্রেস থেকে বিতাড়িত করেছিল, সেদিনকার কথা তিনি ভুলে গেলেন? গান্ধীজী নেতাজীর উপর যে কথা ব্যবহার করেছিলেন সেই কথা ভুলে গিয়ে ডাঃ বসু ইন্দিরার কোলের শিশু হয়ে নাচতে নাচতে পশ্চিমবাংলায় বিধানসভায়ই ন্দিরা মাইকি জয়, ইন্দিরা মাইকি জয়, এই শ্লোগান দিচ্ছেন। এটা একটা অদ্ভূত ব্যাপার। ফেডারালিজম সম্পর্কে বলছেন—তিনি একজন লেখা পড়া জানা মানুষ। সেন্টার ষ্টেট রিলেসান কংগ্রেসের কথা। বিকৃত কংগ্রেসের ইতিহাস তিনি একটা বলে গেলেন। কংগ্রেস যখন ছিল তখন এই ফেডারালিজম সম্পর্কে কংগ্রেসের একটা স্পেসিফিক রেজলিউসান ছিল এবং আছে। উনি অবশ্য সেই কংগ্রেসী কিনা আমি জানি না, যে কংগ্রেস এই ফেডারালিজমের উপর একটা রেজলিউসান করেছিল এবং যারা ক্ষমতার বিকেন্দ্রীকরণ করেছিল তারা তো মরে গেছে। আজকে তার উপদেবতারা নৃত্য করে ঘুরে বেড়াচ্ছে। তিনি ডাঃ আম্বেদকরের কথা উল্লেখ করেছেন। তাঁর সেই টাইপ অব দি কনষ্টিটিউএন্ট এ্যাসেম্বলীর ব্যাপারটা যদি দেখেন তাহলে দেখবেন সেখানে ফেডারালিজম চাওয়া হয়েছিল। কিন্তু আজকে দেখা যাচ্ছে ইট ইজ এ ইউনিটারি দ্যান ফেডারাল। ৩৫৬ ধারায় যখন ইমার্জেন্সী প্রোক্লামেসান হয় তখন কোন ষ্টেটের কোন ক্ষমতা থাকে না, এই কথা উনি জানেন না? রাজ্যের হাতে কোন ক্ষমতা নেই। বাম ফ্রন্ট সরকার তো এই কথা বলা না যে শুধু পশ্চিমবঙ্গের হাতে ক্ষমতা দাও—বামফ্রন্ট সরকার এই কথা বলছেন যে ভারতবর্ষের সমস্ত রাজ্যের হাতে ক্ষমতা দিতে হবে, সেটা পাঞ্জাব, আসাম, উড়িষ্যাই হোক, আর পশ্চিমবংগই হোক। অর্থাৎ তাদের নীতি হল ফেডারাল নীতি। ডাঃ বোস একজন পণ্ডিত ব্যক্তি। তিনি সংবিধানটা ভাল করে উল্টে পাল্টে একটু দেখলেই দেখতে পেতেন যে তিনটি লিষ্ট সেখানে আছে। একটি ষ্টেট লিষ্ট, একটি সেন্ট্রাল লিষ্ট এবং আর একটি কারেন্ট লিষ্ট। এই তিনটি লিষ্ট আলোচনা করলে দেখা যায় রাজ্যের হাতে যেটুকু ক্ষমতা আছে সেটা হল একটা মিউনিসিপ্যালিটির উপর সামান্য কিছু ক্ষমতা, ক'টা মাত্র ট্যাক্স ইমপোজ করতে পারে। সুতরাং এই কনষ্টিটিউসন পরিবর্তন করে রাজ্যের হাতে আরো ক্ষমতা তুলে দিতে হবে। পশ্চিমবাংলায় বামপন্থী দল ক্ষমতায় আছে বলে নয়, গুজরাটে যে সরকার আছে তাদের হাতেও ক্ষমতা দিতে হবে। সেই ক্ষমতা উড়িষ্যা পাবে, ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলিও পাবে। উনি জানেন ৪টি পাওয়ার ছাড়া আমেরিকায় সমস্ত রাজ্যগুলিকে ক্ষমতা দেওয়া হয়েছে। আমেরিকা ক্যাপিটালিষ্ট কান্ট্রি হয়েও সেখানে

ফেডারালিজম অটুট আছে, সোসালিষ্ট কান্ট্রি সোভিয়েত রাশিয়ায় সমস্ত ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডাঃ বোস পড়াশুনা করেছেন বটে, কিন্তু রাজনৈতিক দিক দিয়ে তাঁর অপমৃত্যু ঘটেছে। লেখাপড়ার মধ্য দিয়ে তাঁর অনেক পাণ্ডিত্য আছে এবং তিনি সংবিধানটা একটু উল্টে পাল্টে দেখবেন। আজকে বামফ্রন্ট সরকার সারা ভারতবর্ষের জন্য কি চেয়েছেন? স্যার, উনি মনে করলেন কতকগুলি ইন্দিরা শব্দের ম্যাজিক দিয়ে তাঁর বক্তব্য শেষ করে যাবেন। সেখানে প্যারোকিয়ালিজমের কথা বললেন। প্যারোকিয়ালিজমের ডেফিনিসান, ফেডারালিজমের ডেফিনিসানটা ওঁর ভাল করেই জানা আছে। কিন্তু তাসত্বেও উনি ডিস্টার্টড করে বলে গেলেন পঞ্চায়েতী রাজ—আগেকার পঞ্চায়েতী রাজের সময় উনি তখন কংগ্রেসে ছিলেন কিনা আমি জানি না—১৯৬৪ সালে পঞ্চায়েতী রাজ যখন ছিল সেই সময় উনি কংগ্রেসে ছিলেন কিনা আমি জানি না।

[5-20—5-30-P.M.]

তখন যে পঞ্চায়েত ছিল তার ৪টি স্তর ছিল, তিনটি স্তর ছিল না এবং তখন পঞ্চায়েতের হাতে কোন ক্ষমতাও ছিল না। আজকে পঞ্চায়েতের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে এবং এতে গ্রামের সাধারণ মানুষের মনে আস্থা ফিরে এসেছে। গ্রামের মানুষরা আজ গ্রামে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকার সম্পত্তি তৈরী করছে। আজকে প্রতিটি গ্রামপঞ্চায়েত এলাকায় যান দেখবেন পঞ্চায়েতের মাধ্যমে সেখানে রাস্তাঘাট, স্কুলঘর, ব্রীজ ইত্যাদি নানান উন্নয়নমূলক কাজকর্ম হচ্ছে। ডাঃ বসু কোলকাতার নার্সিংহোম আর মেডিক্যাল কলেজ ছাড়া অন্য কোথাও যান না, তাঁকে বলি, তিনি পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে যান দেখবেন পঞ্চায়েতের মাধ্যমে গ্রামে কি ব্যাপক কাজ হচ্ছে এবং মানুষের মধ্যে কি ব্যাপক গনচেতনা ও সচেতনতা এসেছে। গ্রামের মানুষরা নিজেরা ক্ষমতা প্রয়োগ করছে এবং এইভাবে তারা সম্পদ সৃষ্টি করছে। দোষত্রুটি সেখানে কিছু নিশ্চয় থাকতে পারে—যারা কাজ করেন তাদের দোষ ত্রুটি হয়ই, যারা কাজ করেন না তাঁদের দোষত্রুটি হয়না, তবে সেখানে যে কাজ হচ্ছে সেটা সেখানে গেলেই দেখতে পাবেন। আজকে আপনারা বলুন, পঞ্চায়েতের হাত থেকে যদি ক্ষমতা নিয়ে নেওয়া হয় তাহলে সেই ক্ষমতা নিয়ে কাদের হাতে দেওয়া হবে? আমলাদের হাতে কি? আমরা জানি ওঁরা তাই চান কারন তা হলে টাকা ভাগাভাগি করতে সুবিধা হয়। কয়েকজন অফিসারের হাতে যদি ক্ষমতা থাকে তাহলে তাদের সংগে ষড়যন্ত্র করে টাকা ভাগবাটোয়ারা করার সুবিধা হবে, সেইজন্যই তাঁরা এইসব কথা বলছেন। আমরা কিন্তু চাই, ক্ষমতা গ্রামের সাধারণ মানুষের হাতে থাক। আমরা চাই, নির্বাচনের মাধ্যমে তাঁরা আসুন এবং ক্ষমতা হাতে নিন। সেখানে কোন লোকের সম্বন্ধে যদি দুর্নীতির অভিযোগ থাকে তাহলে নির্বাচনের মধ্য দিয়ে সেটা প্রমানিত হয়ে যাবে। বিধানসভার ক্ষেত্রে যেমন হয় যে ৫ বছরের জন্য একটি সরকার প্রতিষ্ঠিত হয় এবং তারপর তার কাজ বিশ্লেষণ করে মানুষ ভোট দেন এবং

যারা সরকারে থাকেন তাদের মানুষের কাছে জবাবদিহি করতে হয় এ ক্ষেত্রেও ঠিক সেই জিনিষই করা দরকার। আমরা কখনও বলিনা যে বিধানসভা, পার্লামেণ্ট ইত্যাদি তুলে দিয়ে ডিক্টেটর বসানো হোক। আজকে এরা মাঝে মাঝে চন্দন বোসের কথা বলেন। আমরা জানি স্বাভাবিক ভীতি থেকেই ওঁরা এইসব কথা বলেন। ওঁদের এই স্বাভাবিক ভীতিটা এসেছে ইন্দিরা মায়ের কাছ থেকে। ওঁরা সঞ্জয় গান্ধীকে দেখেছিলেন এবং মায়ে-পোয়ে তখন কি করেছিলেন সেটা জানেন এবং রাজীব গান্ধীকে দেখছেন এবং কি রাজত্ব তৈরী হয়েছে সেটা জানেন। আজকে রাজীব গান্ধীকে দেখে ওঁরা ভাবিত হচ্ছেন এবং সেইজন্যই বারবার চন্দন বোসের কথা বলছেন। চন্দন বোস তো এ্যাডমিনিষ্ট্রেশানের কোন ব্যাপারেই নেই কিন্তু ওখানে যে রাজীবকে কোলে নিয়ে ইন্দিরা নাচ্ছেন সেটা কি ওঁরা জানেন না? তাকে ক্ষমতা দেওয়া হয়েছে, দলের সাধারণ সম্পাদক করা হয়েছে, এম. পি. করা হয়েছে, আবার পরে সিংহাসনে বসিয়ে দিয়ে নেহেরু ডাইনেষ্টি কম্পলিট করা হবে। চিন্তা নেই, নেহেরু ডাইনেষ্টি করা হবে, রাজতন্ত্র কায়েম করা হবে এবং তাতে যারা সাহায্য করবে তাদের দলে রাখা হবে, প্রতিবাদ করলে কান ধরে বার করে দেওয়া হবে। এই তো ১৪ জন মন্ত্রীকে বার করে দিয়েছে, সুতরাং চিৎকার করবেন না, মাকে স্যালুট করুন, মায়ের পো রাজীব গান্ধীকে স্যালুট করুন, লং লিভ রাজীব গান্ধী বলুন।

**শ্রীসত্য রঞ্জন বাপুলী ঃ** অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার, মাননীয় সদস্য অনিল মুখার্জী মহাশয়, তিনি বক্তৃতা দিতে গিয়ে ইন্দিরা গান্ধী, রাজীব গান্ধী বলে হাত পা নাচালেন। আমার প্রশ্ন, এটা প্রসিডিংসের মধ্যে থাকা উচিত কিনা বা রাজ্যপালের ভাষণের অঙ্গ এটা হতে পারে কিনা সেটাই আমি জানতে চাই।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** এটা কোন পয়েণ্ট অব অর্ডার নয়।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা পুলিশের কথা বললেন যে পুলিশ মারা গেছে। আপনি জানেন যে, খোদ দিল্লীতে যখন খেলা চলছিল তখন মিলিটারী পুলিশের ধাক্কা লেগে পুলিশ মারা গেছে। আসামে কয়েকজন এস.আই., ও.সি এবং আরো অনেক পুলিশ মারা গেছে। পুলিশের মৃত্যু যদি সেই রাজ্যের ফেইলর হয় তাহলে প্রত্যেক রাজ্যের হিসাব নীতিগত ভাবে এখানে বলতে হবে। প্রত্যেক রাজ্যেই পুলিশ মরছে। আসামে পুলিশ প্রচুর মরেছে এবং সেখানে পুলিশ যুদ্ধ করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশ মানুষ মেরেছে। আসামে পুলিশ মানুষ মেরেছে, এটা ওরা জানেন এবং সেখানের অবস্থা তারা তৈরী করেছে। ওরা আবার সীমিত ক্ষমতার কথা বলছেন। সীমিত ক্ষমতার অর্থ, লিমিটেড পাওয়ার, এসব ভাষার কথা ওরা বোঝেনা এবং এই ভাষার কোন অর্থ ওরা জানেনা। মানীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা কথা ওরা বারেবারে বলেন এবং সেই কথাটা হচ্ছে, কোন মেজর ইণ্ডাষ্ট্রিতে কোন পাওয়ারের কিছু হয়নি। মাননীয়

উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে কতকগুলি উদাহরণ দিচ্ছি। আজকে পাওয়ার ক্রাইসিস বলে ওরা যে চিৎকার করছে, এই ক্রাইসিস কিন্তু নেই। সেটা যদি থাকতো তাহলে দেশের শিল্পগুলি আজকে বেঁচে আছে কি করে? মনেনীয় উপাধ্যক্ষ মহাশয়, বিগত ৪ বছরে এই বামফ্রন্ট সরকার কি ভাবে বিভিন্ন শিল্পে, বিভিন্ন জায়গায় কিভাবে তাদের উৎপাদন বৃদ্ধি করেছে, বিভিন্ন চাকুরীর ক্ষেত্রে কি ভাবে কর্মসংস্থান বেড়েছে, কি ভাবে বিভিন্ন জায়গায় রেজিষ্টারড ফারম বেড়েছে আমি তার তথ্য আপনার কাছে রাখছি। ১৯৭৬-৭৭ সালকে ভিত্তি বছর হিসাবে ধরে নিচ্ছি। ১৯৭৬-৭৭ সালকে ভিত্তি বছর ধরে যদি হিসাব করি তাহলে দেখা যাবে যে ওদের সময়ে রেজিষ্টারড কারখানার সংখ্যা ছিল ৫,৭০৭। আর বামফ্রন্ট সরকারের ৪ বছরের শাসনে সেই কারখানার সংখ্যা বেড়ে ৬,৪২১ টিতে পরিণত হয়েছে। আর এইসব কারখানায় দৈনিক কর্মসংস্থানের গড় সংখ্যা ওদের আমলে ছিল ৮৩৫ লক্ষ, সেটা বেড়ে হয়েছে ৮৭৫ লক্ষ অর্থাৎ দৈনিক কর্মসংস্থানের গড় সংখ্যা ৪০ লক্ষ-তে এসে পৌচেছে। ১৯৭২-৭৭ সালে জরুরী অবস্থার সময়ে দেশের কর্মচারীদের ছাঁটাই করে সংস্থার যে অবস্থা এনেছিল সেটা একটু দেখুন। ওরা ঐ সময়ে ৪৬ হাজার শ্রমিককে ছঁাটাই করেছিল। আজকে এসব কথা বলতে ওদের লজ্জা করে না। আজকে ওরা শ্রমিকের সম্পর্কে দরদের কথা বলছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওরা ৪৬ হাজার শ্রমিককে রিট্রেন্সড করেছিল। এই বামফ্রন্ট সরকার সিক এ্যাণ্ড ক্লোজ ইউনিটগুলিকে খুলবার জন্য অবিরাম প্রায়াস চালিয়ে সেখানে কর্মসংস্থানের জন্য সেই কারখানাগুলিকে খোলার চেষ্টা করেছে পশ্চিমবাংলা শিল্প উন্নয়ন কর্পোরেশান কর্তৃক নুতন শিল্প ইউনিট স্থাপনের জন্য বিশেষ সুবিধা দানের ফলে আমরা দেখছি যে ঐ ৪৬ হাজার রিট্রেন্সড ওয়ার্কার আবার তাদের কাজ ফিরে পায়। এছাড়া অতিরিক্ত কাজ ৩৮, ৩৩৫ রিট্রেন্সড শ্রমিককে দেবার ব্যবস্থা করা হয়। ১৯৭৭-৭৮ সালে ঐ ভিত্তি বছর থেকে আমরা দেখেছি যে ব্যবসায়ের ক্ষেত্রে যে ইনসেনটিভ দেওয়া হয় সেই ইনসেনটিভের পরিমাণ ২৯৭.৯৭ লক্ষ থেকে ১৯৮০-৮১ সালে ১৪৬২.৯২ লক্ষতে পরিণত হয়েছে।

[5-30 - 5-40 P.M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি লক্ষ্য করুন ১৯৭৬-৭৭ সালে ২৯৭ লক্ষ, আর সেটা ১৯৮০-৮১ সালে বেড়ে হলো ১৪৬২ লক্ষ, অর্থাত ৭ গুণ বেশী। সুতরাং বামফ্রন্ট সরকারের আমলেই এই কাজ হয়েছে। বামফ্রন্ট সরকারের আমলে যদি কোন কাজ না হ'ত তাহলে এজিনিষ হতে পারত না। শ্রমিকরা উৎপাদন বাড়িয়েছে, বিভিন্ন কলকারখানায় এবং সমবায় সংস্থা গুলিতে উৎপাদন রেকর্ড পরিমাণ বৃদ্ধি পেয়েছে। আমরা লক্ষ্য করেছি শ্রমিকদের প্রকৃত আয় বৃদ্ধি পেয়েছে, লে-অফ এবং লক্-আউট হ্রাস পেয়েছে। ওঁরা বলেছেন সর্বভারতীয় ক্ষেত্রে নাকি অনেক আয় বেড়েছে। কিন্তু ওঁদের একথা কি সত্য? পার্লামেণ্টে ইন্দিরা কংগ্রেস যেকথা বলেন সেকথা রাজ্য গুলির চিত্রে প্রতিফলিত হয় না। সারা-ভারতের অর্থনৈতিক চিত্রের সঙ্গে যদি আমরা পশ্চিম বাংলার চিত্রকে মিলিয়ে দেখি, তাহলে কি দেখব? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,

আমি এবিষয়ে আপনার মাধ্যমে কত্‌গুলি তথ্য এখানে উত্থাপন করছি। আমি এখানে বিশেষ করে উল্লেখ করতে চাই সমস্ত দ্রব্যের মূল্যের সূচক সংখ্যা। ১৯৭৭-৭৮ সালে সর্বভারতীয় দ্রব্য মূল্যের সূচক সংখ্যা ছিল ৪২১, আর আমাদের রাজ্যের ছিল ৩৮৯, ১৯৭৮-৭৯ সালে সর্বভারতীয় সূচক হচ্ছে ৪৬১, আর আমাদের রাজ্যের সূচক হচ্ছে ৩৯৮, ১৯৭৯-৮০ সালে সর্বভারতীয় সূচক ছিল ৪৯১, আর আমাদের রাজ্যের ছিল ৪২১, ১৯৮০-৮১ সালে সর্বভারতীয় মূল্য সূচক বেড়ে হয়েছিল ৫৮২, আর আমাদের হয়েছিল ৫০০। ১৯৫২-৫৩ সালকে বেস ইয়ার ধরে এই মূল্য সূচক ঘোষণা করা হয়েছে। এর থেকেই দেখা যাচ্ছে যে, সবভারতীয় ক্ষেত্রের তুলনায় আমাদের এখানে জিনিষের দাম অনেক কম বেড়েছে। সর্বভারতীয় মূল্য সূচকের চেয়ে পশ্চিম বাংলার মূল্য সূচক অনেক কম। এই তথ্যের ভিত্তিতেই দেখা যাচ্ছে যে, পশ্চিম বাংলায় বামফ্রন্ট সরকার অনেক কাজ করেছে। অন্যান্য জায়গার চেয়ে এখানে জিনিষের দাম কম। এখানে কর্মসংস্থানের সুযোগ বেড়েছে। অন্যান্য রাজ্যের মত এখানে লে-অফ্‌ হয়নি, শ্রমিক ছাটাই হয়নি। যে কর্ম যজ্ঞের মাধ্যমে এখানে উন্নয়নমূলক কাজ হয়েছে এবং হচ্ছে, সেই কর্মযজ্ঞ কংগ্রেসীরা দেখাতে পাচ্ছেন না। কারণ ওঁদের অবস্থা বাদুড়ের মত। বাদুড় যেমন রাতে দেখতে পায়, দিনে কিছু দেখতে পায়না, ওঁরাও বাদুড়ের মত রাতের পাখী, রাত ছাড়া কিছু বোঝেন না। তবুও আমি ওঁদের বলছি যে, দিনের আলোয় পশ্চিম বাংলার বামফ্রন্ট সরকার যে ব্যাপক উন্নয়ন-মূলক কাজ করেছে সেটা একটু দেখবার চেষ্টা করুন। (এই সময়ে লাল আলো জ্বলে ওঠে বক্তা আসন গ্রহণ করেন।)

**শ্রীসুব্রত মুখার্জী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা গুরুতর সংবাদ আপনার মাধ্যমে আমি হাউসের নজরে আনছি। স্যার, আমি এই মাত্র সংবাদ পেলাম রাজাবাজারের ঘটনা প্রায় রায়টের দিকে টার্ন নিয়েছে এবং এক দল সি.পি.এম-এর লোক লাল-ঝাণ্ডা নিয়ে মস্‌জিদ আক্রমণ করেছে, so that we should take serious action.

**মিঃ ডেপুটি স্পীকার:** সুব্রতবাবু, আপনি বসুন। I shall look into that matter. It has already been mentioned in the House.

**শ্রীসুব্রত মুখার্জী:** লাল-ঝাণ্ডা নিয়ে সি. পি. এম-এর লোকেরা মস্‌জিদ আক্রমন করেছে। এটা অত্যন্ত সাংঘাতিক ব্যাপার, আপনি হাউস বন্ধ করে দিন।

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পীকার:** Mr. Mukherjee, please take your seat.

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** স্যার, যদি লাল-ঝাণ্ডা নিয়ে মসজিদের ওপর আক্রমণ হয় তাহলে সারা বাংলাদেশে সাম্প্রদায়িক দাঙ্গা বেঁধে যাবে এবং তার জন্য এই সরকার দায়ী হবে।

**শ্রীরাম চ্যাটার্জী ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, রাজ্যপালের ভাষণকে আমি পুরোপুরি সমর্থন করছি। তবুও আমাকে আজকে কতগুলি কথা বলতে হচ্ছে। আমি কোন ব্যাপারে বিরোধীদের সঙ্গে কমপিটিশন করতে চাই না, কারণ আমি জানি কমপিটিশনে আমরা হেরে যাব।

আজকে আইন-শৃঙ্খলার ব্যাপারে ওদের কাছ আমরা পরাজিত। কারন আজ গোটা ভারতবর্ষে আইন-শৃঙ্খলা যে অবস্থায় চলেছে তাতে ভারতবর্ষ ভেঙে চুরমার হতে চলেছে। এর জন্য দায়ী কে এবং কারা ? দীর্ঘদিন ধরে ওরা গরীব মানুষকে অবহেলিত করেছে। গোটা আসামের গরীব মানুষের চোখের ঘুম কেড়ে নিয়েছে। আসামের গরীব মানুষগুলি কলা বাসনা পুড়িয়ে যে চাই হয় তাই দিয়ে ভাত খেত। এইজন্য তারা কংগ্রেসের মনোপলি বিসনেস ম্যানদের বিরুদ্ধে, ধনতান্ত্রিক কংগ্রেসের বিরুদ্ধে সোচ্চার হবার মুহুর্তে কংগ্রেসের সৃষ্ট জীব আসুকে তখনই ডায়র্ভাটেড করলো বাঙালী নিধন যোগ্যে। যখন দেশ বিভাগ হলো তখন অন্যান্য লোকেদের পাঞ্জাব, হরিয়ানা দিল্লী প্রভৃতি ভাল ভাল জায়গায় রাখলো। আর আমাদের ঠেলে দেওয়া হলো অনুর্বর জায়গায় যেখানে কোন ফসল ফলে না। সুতরাং সেই সমস্ত মানুষগুলি আজ জেগে উঠছে। সেই সমস্ত লোকগুলি আজ সেই সমস্ত জায়গা থেকে বিচ্যুৎ হতে চলেছে, দিকে দিকে বিচ্যুতির স্ফুরন হচ্ছে—এর জন্য দায়ী কে ? ঐ কংগ্রেস। ভারতবর্ষকে ভেঙ্গে চুরমার করতে চাচ্ছে। কিন্তু আমরা তো আছি। পশ্চিমবাংলার মানুষ ভারতবর্ষকে বিচ্ছিন্ন হতে দেবে না। এই বিচ্ছিন্নতার জন্য যারা আজ দায়ী তারা ঐ পাশে ঐ চেঞ্চে বসে আছে। প্রথমেই আমাদের মুখ্যমন্ত্রী সোচ্চার হয়েছিলেন যে বিচ্ছিন্নতাবাদীদের আমরা প্রশ্রয় দেবো না। তাই আমরা কাধে কাঁধ মিলিয়ে নির্বাচনে অংশ গ্রহন করেছি আর তোমরা নির্বাচনকে প্রহসনে পরিণত করেছো। তোমরা আসামের গরীব মানুষদের নিধন করেছো। তাই পশ্চিমবাংলা কমপিটিসানে যাচ্ছে না, ল-এ্যাণ্ড অর্ডারের কমপিটিসানে যাচ্ছে না। কারন তোমরা গোটা ভারতবর্ষকে ল্‌-লেসনেশ করে দিয়েছো। একমাত্র পশ্চিমবাংলা যেখানে নিয়ম আছে তাইজন্য কমপিটিসানে হেরে গেছে। তোমাদের সঙ্গে আর কমপিটিসান করবে না। তোমাদের মুখে ল-এ্যাণ্ড অডারের কথা শোভা পায় না। কারণ দীর্ঘদিন ধরে তোমরা নিয়ম ভেঙেছো, দীর্ঘদিন ধরে তোমরা যা ইচ্ছা তাই করেছো। কিন্তু আমরা লাগাম ধরেছি। তাই জন্য...

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** অন এ পয়েণ্ট অফ অর্ডার,...তাই জন্য কথাটার মানে কি ?

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** এটা কোন পয়েণ্ট অফ অর্ডার নয়।

**শ্রীরাম চ্যাটার্জী ঃ** তাইজন্য আমি বলছি ল-এ্যাণ্ড অর্ডারের যে কথা আপনারা বলছেন তারজন্য আমরা কমপিটিসান করবো না। বহুদিন ধরে ল-এ্যাণ্ড অর্ডার হাতে রেখেছিলেন আর তাইজন্য সৃষ্ট হয়েছে ঐ ধরনের জীব। ঐসব জীবগুলো রাতের অন্ধকারে খুন করে, জেনারেশনে স্যাবোটাজ করে সেইজন্য আলো জলে না। এর জন্য দায়ী কারা? আপনারা পুরানো জিনিষ নতুন বলে আমদানী করলেন কিন্তু সেগুলো তো আর বেশী দিন চলবে না।

[5-40—5-50 P. M.]

নতুন জিনিষ বলে সমস্ত পুরণো জিনিষ দেওয়ার জন্য খারাপ হয়েছিল, আপনারাই সমস্ত পুরণো জিনিষ আমদানী করেছিলেন। সেজন্য আমি আপনাদের বলি আপনারা ঐ রকম করে গেছেন বলেই আমাদের আজকে ভুগতে হচ্ছে। আজকে পঞ্চায়েতে কি রকম রাস্তা হচ্ছে দেখুন, আপনারা রাস্তা এমন দুর্গম রেখেছিলেন যে সেখানে মানুষ যেতে পারত না, আমরা আপনাদের গাড়ী যাওয়ার জন্য রাস্তা করে দিয়েছি। সামনে পঞ্চায়েত নির্বাচনের সময়ে দেখা যাবে কারা হারে, আর কারা জেতে? মানুষ তাঁদের রায় দিয়ে দিয়েছেন। আপনারা অনেক উঁচু দরের মানুষ, মানুষের অনেক ভাল আপনারা করেছেন। আজকে আপনারা প্রাদেশিকতা বাদ, সাম্প্রদায়িকতা বাদ আমদানী করছেন, দেশ বিভাগ করেছেন, আবার দেশকে টুকরো টুকরো করতে চাইছেন। আপনাদের নিজের ঘরেই আগুন লেগেছে, আপনারা পরের ঘর ভাঙ্গতে চাইছেন। পাঞ্জাবে দেখুন কি হচ্ছে আপনাদের রাজত্ব ভাঙ্গছে, সেই ভাঙ্গা রাজত্বকে জোড়া লাগাবার চেষ্টা করুন, আমাদের অঙ্গুলী হেলন করে কোন লাভ নেই। সুব্রতবাবুতো ৪ বার এসেছেন, শুনেছি তিনি খুব ভাল বলতে পারেন, সেজন্য বলছি নিজেদের জোড়া লাগান, সোমেন, সুব্রত এক হয়ে কাজ করুন। এক হয়ে আমাদের আঘাত করুণ, আমরা তা প্রতিরোধ করব, আপনারা যখন এক ছিলেন তখন আমরা আপনাদের প্রতিরোধ করেছি। আমি মাননীয় রাজ্যপালের ভাষণকে স্বাগত জানাতে চাই এই জন্য যে তিনি বলেছেন এখানে মানুষে শান্তিতে বাস করছে। একটা মনোপলি, টাটা, বিড়লার হাতে যে রাজত্ব চলে যেত বামফ্রন্ট সরকার তার হাত থেকে রাজত্বকে রক্ষা করেছেন। ওরা যে গরীব মানুষদের মানুষ বলে মনে করতে না সেই মানুষরা আজ প্রতিবাদ করতে শিখেছে। আগে গরীব মানুষ অত্যাচারিত হলে প্রতিবাদ করতে পারত না, এখন করছে। আমরা গর্বিত যে এখানে আসামের মত অবস্থা হয়নি। আজকে আলীগড়ের দিকে চেয়ে দেখুন সেখানে সাম্প্রদায়িকতা চলছে। সেজন্য আবার বলছি আপনারা সাবধান হোন, নিজেদের ঘরের দিকে তাকান, পরের দিকে তাকিয়ে লাভ নেই। আমরা সর্বদা গরীব মানুষের পাশে থাকব। আমার এ প্রসঙ্গে একটা গল্প মনে পড়ল, গল্পটা এই যে একজন সাধক সাধনা করতে গিয়ে সাধনা করতে করতে কিছুই পেলনা, তখন শুনল বাজারে একজন অমুক লোক মাংস কাটে সেখানে গেল, গিয়ে বসে আছে, (কংগ্রেস সাধক রেগে যাচ্ছে) ভাবছে, তাইতো লোকটা আমার সঙ্গে কথাবার্তা বলছে না, আমায় দেখছে না এই রকম ভাবতে ভাবতে আবার সাধনায় বসল।

সাধনা করবার সময়ে উপর থেকে হঠাৎ একটি কাক তার মাথার উপর বিষ্ঠা ত্যাগ করলো। ঐ সময়ে একটি বকও ঠিক তাঁর উপর দিয়ে উড়ে যাচ্ছিল। ঋষি যেই উপর দিকে তাকালো, তার সঙ্গে সঙ্গে কাক ও বক ভস্ম হয়ে গেল। ঋষি ভাবলো যে সে নিশ্চয়ই সাধনায় সিদ্ধি লাভ করেছে। তখন সে এক গৃহস্থের বাড়ীতে ভিক্ষা চাইতে গেল। সে সময় গৃহবধু রান্না করছিল। সে বললো আমি রান্না করছি, একটু অপেক্ষা করুন। ঋষি বললো—জানো আমি কে, এখনই আমার কোপে ভস্ম হয়ে যাবে। গৃহবধু বললো—"ঋষিমশাই, আমি কাক বক নই। রোষবহ্নীতে আমার কিছুই হবে না।" ঠিক তেমনি বলছি যে আপনাদের রোষবহ্নীতে আমাদেরও কিছুই হবে না। কিছুই করতে পারবেন না আমাদের। এই বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা সাধারণতঃ রাজ্যের অগ্রগতির একটি সার্বিক চিত্র পেয়ে থাকি। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি তাঁর ভাষণ আমরা যা পেয়েছি তাতে পশ্চিমবঙ্গের আজকে যে চিত্র, ঠিক তার বিপরীত চিত্র তুলে ধরা হয়েছে।

আমার আগে সরকার পক্ষের কয়েকজন মাননীয় সদস্য, এমনকি একজন মাননীয় মন্ত্রী এই ভাষণের পক্ষে বক্তৃতা রাখলেন। অনেক জনগনের কথা বললেন। আমি জানিনা এঁরা কোন জনগনের প্রতিনিধিত্ব করেন। কারণ পশ্চিমবঙ্গে আজকে সবচেয়ে ভয়াবহ সমস্যা হচ্ছে বেকার সমস্যা। রাজ্যপাল মহাশয়ের ভাষণের মধ্যে সেই বেকার-সমস্যা সমাধানের কোন কথা দেখতে পেলাম না। যাঁরা কংগ্রেসকে গালাগালি দিয়ে বক্তৃতা দিচ্ছেন, ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে বক্তৃতা দিচ্ছেন, বলছেন এত বছর ধরে কংগ্রেস কিছুই করতে পারেনি—তাঁদের অবগতির জন্য ইকোনোমিক রিভিউ থেকে তথ্য দিয়ে বলছি, ১৯৮১।৮২ সালে যে রিপোর্ট দিয়েছে সেই রিপোর্ট থেকে তথ্য দিয়ে বলছি বেকার-সমস্যা আজকে কোথায় গেছে। ১৯৭২ সাল পর্যন্ত ২৩,৫৪০০০ বেকার যুবকের চাকুরী হয়েছিল কিন্তু ১৯৭৫ সালে তার সংখ্যা গিয়ে দাঁড়ায় ২৫,১০,০০০ অর্থাৎ বেড়েছিল ৬.৮১ শতাংশ। বামফ্রন্ট কৃতিত্ব দাবী করেছেন! কিন্তু দেখা যাচ্ছে ১৯৭৭ সালের ডিসেম্বরে এই সংখ্যা ছিল ২৫.০৮ লক্ষ কিন্তু ১৯৮০ সালের ডিসেম্বরে সেই সংখ্যা গিয়ে দাঁড়ায় ২৬.২৩ লক্ষ্যে। অর্থাৎ বাড়লো মাত্র ৪.৫৯ শতাংশ। কংগ্রেস আমলে বাড়লো ৬.৮১ শতাংশ, আর বামফ্রন্টের আমলে বাড়লো ৪.৫৯ শতাংশ। কিন্তু এঁরাই কংগ্রেস থেকে বেশি কৃতিত্বের দাবী করে।

আমরা যদি পাবলিক সেকটারের দিকে তাকাই তাহলে কি দেখতে পাবো? ১৯৭২ থেকে ১৯৭৫ পর্যন্ত চাকুরী পাওয়ার সংখ্যা দাঁড়িয়েছিল ২১.৯৭ শতাংশ কিন্তু বামফ্রন্ট আমলের সুরুতে এই সেকটারে চাকরি হয়েছিল ১৪৪০.৬ হাজার, সেখানে ৮০ সালের শেষে সেই সংখ্যা গিয়ে

দাঁড়ালো ১৪৯৪.১ হাজারে। অর্থাৎ এঁদের আমলে বাড়লো মাত্র ৩.৭১ শতাংশ। এই হোল বামফ্রন্ট সরকারের কৃতিত্ব।

এঁরা সর্বদাই বলেন যে কংগ্রেস আমলে কিছুই হয়নি। আজকে তাঁদের কাছে জানতে চাই এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে তাঁরা কত চাকুরী দিতে পেরেছেন? কংগ্রেস আমলে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকুরী হয়েছিল ২৫.৮৩ শতাংশ। কিন্তু বামফ্রন্ট আমলে আমরা দেখছি সেই সংখ্যা কমে গিয়ে দাঁড়িয়েছে ২৫.৫৩ শতাংশে।

শিল্পক্ষেত্রে বামফ্রণ্ট সরকার যে চিত্র তুলে ধরেছেন রাজ্যপালের ভাষণের মধ্যে, ইকোনোমিক রিভিউর মধ্যে ঠিক তার বিপরীত চিত্র আমরা দেখতে পাচ্ছি। এ ক্ষেত্রে বেস্ যদি ধরি ১৯৭০=১০০ তাহলে ১৯৭৭ সালে ১২১.৯ শতাংশ ইন ওয়েষ্ট বেঙ্গল। সেখানে ভারতে ১৯৭৭ সালে ছিল ১৩৮.৩ শতাংশ।

[5-50—6-00 P. M.]

১৯৮০ সালে ওয়েষ্ট বেঙ্গলে হয়েছে ১১৭.৪ আর সেখানে ইণ্ডিয়ায় হয়েছে ১৫০.৬। অর্থাৎ ওয়েষ্ট বেঙ্গলে যেখানে কমলো ৩.৬৯ পারসেণ্ট সেখানে অল ইণ্ডিয়াতে বাড়লো ৮.৮৯ পারসেণ্ট। আজকে শিল্পের ক্ষেত্রে এই অবস্থা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলাতে। অথচ রাজ্যপালের ভাষণে বলা আছে এই রাজ্যে সব কিছুতে উন্নতি হয়েছে, অগ্রগতি হয়েছে। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের সাফাই গাইতে গিয়ে রাজ্যপাল তাঁর ভাষণে এই কথা বলেছেন। রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন যে পশ্চিমবাংলায় একটি প্রশাসন সংস্কার কমিটি করা হবে। এর দ্বারা একটা সার্বিক সুনাম কুড়োতে চাইছেন। পশ্চিমবাংলার প্রশাসন একেবারেই ভেঙ্গে পড়েছে। এই কমিটির নাম যদি প্রশাসন সংহার কমিটি দেওয়া হতো তাহলে বুঝতাম রাজ্যপাল সত্যি কথা বলেছেন। আজকে পশ্চিমবাংলায় প্রশাসন বলতে কিচ্ছু নেই। আজকে পশ্চিমবাংলায় প্রশাসন যদি ভালো থাকতো তাহলে পশ্চিমবাংলার অনেক উন্নতি হতো। সব জায়গায় ওঁরা বলছেন যে কেন্দ্রের চক্রান্তের জন্য আমরা কিছু কাজ করতে পারছি না। ১০ই সেপ্টেম্বর ১৯৮২ তারিখে সাধারণ বাজেটের সময় মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু মহাশয় বলেছিলেন যে আমাদের সৌভাগ্য যে বেশীর ভাগ কর্মচারী আমাদের সমর্থন করেন, বেশীর ভাগ সরকারী কর্মচারী আমাদের সমর্থন করেন। ভাল কথা, তাঁদের যদি সমর্থন করেন সেটা তাঁদের সৌভাগ্য। আমি বলি যদি তাঁদের সত্যিই সমর্থন করে থাকে তাহলে তারা পশ্চিমবাংলার স্বার্থ নিশ্চই রক্ষা করতো। আমি জ্যোতি বাবুর কাছে জানতে চাই, বামফ্রন্ট সরকারের সদস্যদের প্রশ্ন করতে চাই যে, এমন কোন অফিস আছে যে অফিসে ঘুষ ছাড়া কাজ হয়? আজকে যদি তারা সত্যই সমর্থন করতো তাহলে ঘুষ নিত না, ঘুষ ছাড়া কোন কাজ হয় না। আজকে রাইটার্স বিল্ডিংস-এ প্রতিটি ডিপার্টমেণ্টে একটা ফাইল একটা টেবিল থেকে আর একটা টেবিলে যেতে যেখানে পাঁচ মিনিট লাগে সেখানে লেগে যায় ৫-৬

মাস। আমি তাঁদের জিজ্ঞাসা করি এর জন্য দায়ী কি কেন্দ্রীয় সরকার? সমর্থক যদি হয় তাহলে কেন কাজ করছে না? আমি আর একটা জিনিষ লক্ষ্য করলাম যে পশ্চিমবাংলার মন্ত্রীদের দুর্নীতির কথা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। গত অধিবেশনে একজন মন্ত্রীর বিরুদ্ধে কতকগুলি ডেফিনিট প্রস্তাব আনা হয়েছিল এই হাউসে। কিন্তু তাঁর বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয় নি, মন্ত্রী বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছেন। আমি আর একটা কথা বলছি যাতে পশ্চিমবাংলার সকলের এবং আমাদের মাথা হেঁট হয়ে যায়। সেটা হচ্ছে লবন হ্রদে সরকারী জমি বিলি-বণ্টনের ব্যাপার। মাননীয় মন্ত্রী সুভাষ চক্রবর্ত্তী মহাশয় এই লবন হ্রদের জমি বিলির ব্যাপারে নিযুক্ত ছিলেন। তিনি বলেছিলেন যে যারা জমি পাওয়ার ব্যাপারে লটারীতে টিকিট পেয়েছেন অথচ জমি পান নি এই রকম কোন লোক থাকলে আমি পদত্যাগ করবো। তিনি বলেছিলেন যে জমি পায় নি এমন অভিযোগ তাঁর কাছে নেই। এই কথার পরেই আর একজন মন্ত্রী বললেন যে না, এমন অনেক লোক আছে যারা জমি পায় নি। সরকারী অফিসারের কাছ থেকে জানতে পারলাম ১৫৭টি লোককে জমি দেওয়া হয় নি। বলা হলো লবন হ্রদে জমি বিলির ব্যাপারে যতগুলি নাম ছিল ততগুলি জমি ছিল না। আপনারা যে লটারী করেছিলেন সেই লটারীতে যতগুলি জমি ছিল কেন আপনারা ততগুলি টিকিট তোলেন নি? তাহলে তো সকলেই জমি পেতো। তা না করে আপনারা দেশের অবাঙ্গালীদের থেকে, ব্যবসাদারদের থেকে টাকা নিয়ে জমি বণ্টন করেছেন। এই সব করেও আজ সুভাষ চক্রবর্ত্তী পদত্যাগ করলেন না। মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু আসাম প্রস্তাবের উপর আলোচনার সময় খুব আনন্দের সঙ্গে বললেন আমাদের এই রাজ্যে কোন সাম্প্রদায়িক হাঙ্গামা হয় নি পশ্চিমবাংলার মানুষের একটা ট্রাডিসন আছে। জ্যোতিবাবু সেই দিন সত্যি কথাই বলেছেন। এই কথা ঠিক যে পশ্চিমবাংলার মানুষের মনে যে ট্রাডিসন আছে সেটা হলো সাম্প্রদায়িক সম্প্রতি রক্ষা করা। এই নিয়ে জ্যোতিবাবু কৃতিত্বের দাবী করেছেন যে এই রাজ্যে সাম্প্রদায়িক হাঙ্গামা হয় নি। যে রাজ্যের মানুষ চায় সাম্প্রদায়িক সম্প্রতি রক্ষা করতে সেই রাজ্যে আজকে সাম্প্রদায়িক হাঙ্গামা হয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনি অল ইণ্ডিয়া মুসলিম কনফারেন্সের সঙ্গে যুক্ত, আপনি জানেন যে এই কনফারেন্সের তরফ থেকে বলা হয়েছে পশ্চিমবাংলায় সব থেকে বেশী সাম্প্রদায়িক হাঙ্গামা হয়েছে।

আজকে আপনি তার প্রত্যক্ষদর্শী। পশ্চিমবাংলায় সব থেকে বেশী সাম্প্রদায়িক হাঙ্গামা হয়েছে। এখানে অল ইণ্ডিয়া মুসলিম কনফারেন্স হয়েছে, আপনি তার সঙ্গে জড়িত, আপনি এ সম্বন্ধে সম্পূর্ণ ওয়াকিবহাল আছেন। আমি জ্যোতিবাবুকে জিজ্ঞাসা করতে চাই, আপনি মুর্শিদাবাদের কথা কি ভুলে গিয়েছেন? মুর্শিদাবাদের শক্তিপুরে সাম্প্রদায়িক হাঙ্গামায় ৫ জন মারা গিয়েছেন। এঁদের রাজত্বে নদীয়া জেলার চাপড়ায় আমি এবং বিধানসভার কয়েকজন মাননীয় সদস্য গিয়েছিলাম। সেখানে ঘোষ বাগানে গত ১৯শে জানুয়ারী টুটুল বিশ্বাসকে রেফ করেছে। ৫ই ফেব্রুয়ারী পর্যন্ত সেখানে চরম উত্তেজনা লক্ষ্য করেছি। আসামীদের গ্রেপ্তার করার জন্য ঐ এলাকার মানুষ দাবী জানায়। এই ঘটনার জের হিসাবে সেখানে সুনীতি দত্ত ও

অসীম মাঝী যারা পুলিশি অত্যাচারে আঘাত পেয়েছিল তারা পরে মারা গেছেন। প্রতিবাদ জানাতে গিয়ে মানুষ মারা গেল, অথচ প্রকৃত সমাজবিরোধীরা কেউ মারা গেল না। জ্যোতিবাবু সাম্প্রদায়িক হাঙ্গামা বন্ধ করতে গিয়ে গৃহবধুকে খুন করলেন, তার বিচার পর্যন্ত হল না। এই তো হল জ্যোতিবাবুর রাজত্ব। এঁরাই আবার কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বলেন। এঁরাই আবার পশ্চিমবাংলায় গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে বলেন। এঁদেরই রাজত্বে পুলিশের এস. আই. গঙ্গাধর ভট্টাচার্য খুন হলেন। তাঁরাই আবার বলেছেন, এখানে গণতন্ত্র সুপ্রতিষ্ঠিত। পশ্চিমবাংলার মানুষের কাছে নিরাপত্তা নেই, নিরাপত্তা রক্ষা করতে গিয়ে পুলিশ নিজেরাই খুন হয়ে যান। আপনারাই বলুন না, কোন গণতন্ত্রে বাস করছি আমরা? আপনারা ইন্দিরা গান্ধীর আমলে জরুরী অবস্থা নিয়ে বলেন। দমদম সেণ্ট্রাল জেলে আপনারা কি করেছেন? দমদম সেণ্ট্রাল জেলে আপনারা যে নারকীয় ঘটনা ঘটিয়েছেন তা সমগ্র বিশ্ব মানবতাকে আঘাত করেছে, বিশ্বের মানুষ আপনাদের ধিক্কার জানায়। দমদম জেলের ঘটনা নিয়ে বিধান সভার মাননীয় সদস্য রাজেশ খৈতান কোর্টে আবেদন জানিয়েছিলেন বলে আপনারা বলেছেন, এটা নাকি পলিটিক্যাল স্ট্যাণ্ট দেওয়ার জন্য তিনি এমনটি করেছেন। কিন্তু জেলের মধ্যে যে নির্মম ভাবে অত্যাচার আপনারা চালিয়েছেন তার সঙ্গে কোন তুলনা চলে না। এই রকম একটা নির্মম ঘটনাকে তুলে ধরা যদি পলিটিক্যাল স্ট্যাণ্ট হয় তাহলে আমরা তা হাজার বার করতে তৈরী আছি। টেলিগ্রাফ পত্রিকার সাংবাদিককে এই ঘটনা তুলে ধরার জন্য গ্রেপ্তারের চেষ্টা হচ্ছে। কেননা, ঐ পত্রিকাতে ঘটনার বিবরণ ছাপান হয়েছে। সেজন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই গর্ভণরের এ্যাড্রেস-এর মধ্যে পশ্চিমবাংলার সাধারণ মানুষের অভাব অভিযোগের কোন চিত্র যেহেতু নেই, পুলিশের দ্বারা নিপীড়িত মানুষের চিত্র নেই, এই ভাষণের মধ্যে শুধু মাত্র সি. পি. এম. পার্টির স্বার্থের কথাই আছে, সেজন্য আপনার মাধ্যমে এই ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6-00—6-10 P.M.]

**শ্রীশীশ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং তার উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব উত্থাপিত হয়েছে তাকে পুরোপুরি সমর্থন করে আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। আমি এতক্ষণ ধরে কংগ্রেস (আই)-এর বক্তব্য শুনলাম, আমাদের সরকার পক্ষে বক্তব্য শুনলাম। সুনীতিবাবু যে বক্তব্য রাখলেন এবং তার পরেই মান্নান সাহেব যে বক্তব্য রাখলেন তাতে আমরা দেখলাম যে তাঁরা বলেছেন যে সব বক্তব্যই নাকি আমাদের আলিমুদ্দিন স্ট্রীট থেকে রাখা হয়েছে। এক্ষেত্রে আমার প্রশ্ন সুনীতি বাবু এবং মান্নান সাহেব যে বক্তব্য রাখলেন এটা কোন জায়গা থেকে শিক্ষা দেওয়া হয়েছে সেটা কি তাঁরা একটু ভেবে দেখবেন? মান্নান সাহেব নবাগত সদস্য, তিনি এখনো হাউসের ধাঁচ-ধাঁচ কিছুই জানেন না। তাকে লীডার যা শিক্ষা দেবেন আবোল-তাবোল বকতে তাই বলবেন। যেমন বললেন পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা নেই, বিশৃঙ্খলা চলছে এবং পশ্চিমবাংলার কোন উন্নতি হয় নি

ইত্যাদি এই কথা তিনি বারেবারে উচ্চারণ করে গেলেন। সুনীতিবাবু আবার বললেন রাজ্যপাল কি ভাষণ দিলেন তিনি বুঝতে পারলেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত দুঃখের কথা যে সুনীতিবাবু ল পাশ করেছেন এবং ওকালতি করেন কিন্তু সামান্য বাংলা কথাটি তিনি যদি বুঝতে না পারেন তাহলে কোন মান পর্যন্ত তিনি পড়েছেন সেটা ভাবতে আমাদের লজ্জা করে। আজকে মান্নান সাহেব বললেন যে পশ্চিমবঙ্গের সর্বত্রই নাকি গণ্ডগোল চলছে—শুধু কি পশ্চিমবঙ্গে গণ্ডগোল চলছে—ভারতবর্ষে ইন্দিরা কংগ্রেসী রাজত্বগুলিতে কি শান্তি রয়েছে? আমরা যখন জলবণ্টনের ব্যাপার নিয়ে দিল্লী গিয়েছিলাম তখন আমরা পার্লামেন্টের আলোচনা শুনেছিলাম এবং সেখানেও আইন-শৃঙ্খলার ব্যাপার নিয়ে কিরকম গণ্ডগোল হচ্ছিল আমরা দেখেছিলাম। সাম্প্রদায়িকতা সম্বন্ধে তাঁরা বলছেন অথচ সাম্প্রদায়িকতা তাঁদের দলের মধ্যেই বেঁচে আছে। আমাদের পশ্চিমবঙ্গে শুধু নয় সেখানেও সর্বত্র পুলিশী অত্যাচার চলছে—পার্লামেন্টের বাইরে কেন পাঞ্জাবীকে হত্যা করা হল? আর আপনারাই বলছেন যে পশ্চিমবাংলায় শান্তি-শৃঙ্খলা নেই। তাঁদের দুঃখ যে শান্তিপূর্ণ মিছিলের উপর পুলিশ লাঠি চালিয়েছে। এটা খুবই দুঃখের বিষয় যারা জনসাধারণের প্রতিনিধি, এবং মিছিল শেষ করে যখন তাঁরা এই হাউসে আসছেন হাউস চলাকালীন পুলিশ সেই মিছিলের উপর আক্রমন করলেন—কেন পুলিশ এম. এল. এ.-দের আক্রমন করলেন? এম. এল. এ. হয়ে রাজ্যে বিশৃঙ্খলার সৃষ্টি করবেন, দেশে অরাজকতার সৃষ্টি করবেন অথচ তাদের প্রতি দরদ থাকবে এ কিরকম কথা? কেবল নিরীহ জনসাধারণকে পুলিশ পেটাবে আর তাঁরা আলালের ঘরের দুলাল হয়ে বসে থাকবেন তা তো আর হয় না। আজকে জনসাধারণ তাঁদের নির্বাচিত করে পাঠিয়েছেন। জনসাধারণের প্রতিনিধি হয়ে আপনারা যা দেশের অবস্থা করছেন সেটা বলার নয়। আপনাদের যেভাবে ভাগ্য বিপর্যয় হচ্ছে যেমন বিচার মঞ্চ, সঞ্জয় মঞ্চ ইত্যাদি তৈরী হচ্ছে শেষ পর্যন্ত দেখবেন সব মঞ্চই বন্ধ হয়ে গেছে। সেখানে দেখবেন সারা ভারতবর্ষে কোন সবুজ বিপ্লব বলে আর কিছু নেই লাল বিপ্লবে ভরে গেছে। এই কথা আপনাদের স্মরণ করে রেখে বলবেন যে পশ্চিমবঙ্গে কোন উন্নতি হয়নি।

সংবিধানের ডাইরেকটিভ প্রিন্সিপলসের ষ্টেট পলিসিতে বলা হয়েছিল যে খুব অল্প সময়ের মধ্যে ১৪ বছর বয়স্ক ছেলে মেয়েদের অবৈতনিক শিক্ষা ব্যবস্থা করা হবে। ৩০ বছর ধরে শাসন কার্য পরিচালনা করে তাঁরা এ কাজ করতে পারেন নি। কিন্তু পশ্চিম বাংলায় এই সরকার সামান্য ৫ বছরের মধ্যে ১২ ক্লাস পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থা করে দিয়েছেন। পশ্চিমবাংলায় যারা অবহেলিত, লাঞ্ছিত মানুষ ছিল তারা আজ গ্রাম পঞ্চায়েত অধিকার করেছে। গ্রামের গরিব মানুষের হাতে আজ শাসন ক্ষমতা তুলে দেওয়া হয়েছে। এরা সব আলালের ঘরের দুলাল। যারা লক্ষ লক্ষ টাকার মালিকের প্লাহারাদার, দারোয়ান তাঁরা কি দাবী করতে পারেন যে গত ৩০ বছরে তাঁরা কিছু করতে পেরেছেন? পঞ্চায়েতী রাজ প্রতিষ্ঠিত হবার পর যে কৃষক তার মাল নিয়ে গাড়ী করে শহরে যেতে পারতো না সেখানে রাস্তায় মাটি, মোরাম, পীচ হবার জন্য সে মাল নিয়ে শহরে যেতে পারছে। পঞ্চায়েত সমিতির কাছে গ্রামের উন্নয়নের জন্য টাকা

যাচ্ছে। তাঁদের যুগেও টাকা যেত, কিন্তু সকাল থেকে সন্ধে পর্যন্ত হিসেব করে সন্ধের পর তা ভাগ হোত। কিন্তু আজ আর তা হচ্ছে না। বরং পঞ্চায়েতে একটা যুগান্তকারী পরিবর্তন এসেছে। সরকার থেকে প্রচুর টাকা যাচ্ছে গ্রামের উন্নয়নের জন্য। সেই টাকা যথাযথভাবে খরচ হচ্ছে কিনা সে বিষয়ে আমরা সরকারী পক্ষের লোক হয়ে যদি সরকারের সঙ্গে সহযোগিতা না করি, গ্রামের প্রকৃত চিত্র যদি তুলে না ধরি তাহলে অন্যায় হবে। সুতরাং সরকারকে দীর্ঘস্থায়ী করতে গেলে বাস্তব সত্য কথা বলতে হবে। টাকা পয়সা যেখানে গ্রামের উন্নয়নের জন্য যাচ্ছে সেখানে তার সঠিক হিসাব যাতে ভালোভাবে কর্তৃপক্ষ নেন সেদিকে দৃষ্টি রাখার জন্য বলছি।

[6-10—6-20 P.M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিগত খরায় পশ্চিমবঙ্গে ধান উৎপাদন হয়নি, খরার মধ্যে পড়ে পশ্চিমবঙ্গ হাবুডুবু খাচ্ছে। পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের কাছে তাঁদের ন্যায্য পাওনা ২০৫ কোটি টাকা চেয়েছেন, কিন্তু ৭০ কি ৭৫ কোটি টাকা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন, তার মধ্যে ৫২ কোটি টাকা দিয়েছেন, এখনও বাকিটা দেননি। স্যার, ৩০ বছর কংগ্রেস পশ্চিমবঙ্গে ছিল, প্রথম, দ্বিতীয়, তৃতীয়, অনেকগুলি পঞ্চবার্ষিকী পরিকল্পনা তাঁরা করে গেছেন কিন্তু কৃষি উন্নয়নের ক্ষেত্রে সবুজ বিপ্লব ঘটানোর ক্ষেত্রে যেখানে ডিপ টিউবওয়েল পোঁতার দরকার ছিল, যেখানে রিভার লিফট দেওয়ার প্রয়োজন ছিল যাতে পশ্চিমবঙ্গকে ভারতের জন্য কোন অঙ্গরাজ্যের উপর নির্ভর করতে না হয়, দিল্লীর দিকে চাতক পাখীর মত চেয়ে থাকতে না হয় তার কোন ব্যবস্থা করেননি। দিল্লীতে স্বনামধন্য তাঁদের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ছিলেন, এখানে তাঁর তলপিবাহক দল ছিল, সুতরাং তাঁর কাছ থেকে টাকা নিয়ে তাঁরা পশ্চিমবঙ্গের উন্নতি করতে পারতেন, পশ্চিমবঙ্গকে খাদ্যের দিক থেকে স্বয়ংসম্পূর্ণ করতে পারতেন, কিন্তু তা তাঁরা করেননি। শ্রীমতী ইন্দিরা গান্ধীর কাছে তাঁরা টাকার বায়না করতে পারেন নি, কারণ, টাকার বায়না করতে গেলে ছুঁড়ে ফেলে দেবেন। যেমন স্বর্ণ সিংকে ধরলেন ছুঁড়ে ফেলে দিলেন, দীনেশ সিংকে ধরলেন ছুঁড়ে ফেলে দিলেন, বরকত সাহেব আর প্রণব মুখোপাধ্যায়ের মধ্যে দুটো পক্ষ করে দিয়েছেন, একবার এদিকে হেলছে, আর একবার ওদিকে হেলছে। সুতরাং টাকার বায়না করতে গেলে আর নোমিনেশান হবে না। সেজন্য পশ্চিমবঙ্গের দুর্গত জনসাধারণের প্রতিনিধি হয়ে এসেও এঁরা পশ্চিমবঙ্গের জন্য চোখের জল ফেলছেন না, শ্রীমতী ইন্দিরা গান্ধীর উচ্চ প্রশংসায় এঁরা মুখরিত, ইন্দিরা গান্ধীর স্তব-স্তুতিতে এঁরা ব্যস্ত। স্যার, আজকে পশ্চিমবঙ্গের যে চিত্র এঁরা করে রেখেছেন আবার বলছেন কি, না, বিশ্বের কাছে আমাদের মুখ দেখাতে লজ্জা হয়। আপনারা যদি মুখ আপনার মাধ্যমে দেখাতে না চান তো মুখ দেখাবেন না, পিছন দেখাবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বিনীতভাবে মন্ত্রীসভার কাছে আবেদন রাখব কংগ্রেস যা করে গেছে তাতে পশ্চিমবঙ্গের মাটিকে কামড়ে খেয়ে নিয়েছেন, পশ্চিমবঙ্গের কিছু রাখেনি, মাংস বিহীন কংকালের উপর পশ্চিমবঙ্গের শাসনভার দাঁড়িয়ে রয়েছে।

স্যার, আমি বিনীতভাবে মন্ত্রীসভার দৃষ্টি আর্কষণ করে জানাচ্ছি যে, কোলকাতা থেকে বেলডাঙ্গা পর্যন্ত অনেক ডিপ টিউবওয়েল, রিভার লিফ্‌ট হয়েছে, কিন্তু তারপর ওইদিকে বিশেষ কিছু উন্নয়ন হয়নি। তাই আমি মন্ত্রীসভার কাছে অনুরোধ করব তাঁরা যেন ওইদিকে একটু নজর দেন এবং সেখানেও যাতে ডিপ টিউবওয়েল, রিভার লিফট ইত্যাদি হয় তার ব্যবস্থা করেন। তারপর, কংগ্রেসীদের দৌলতে আজ জঙ্গীপুর সাব-ডিভিসন জর্জরিত। ফরাক্কা ক্যানেল যেখান থেকে পাশ করেছে সেখানকার ৫৪টি মৌজার ২২ বর্গ মাইল জমি আজ জলের তলায় চলে গেছে। আগে যেখানে মনুষ সোনার ফসল ফলাত আজ তা জলের তলায় চলেগেছে এবং সেই সমস্ত মানুষদের খেটে খাবার কোন পথ নেই। তদান্নিতন পাকিস্তানের সঙ্গে জল বণ্টনের ব্যাপার নিয়ে তাঁরা এমনভাবে ফরাক্কা ব্যারেজ তৈরী করলেন যে, আজ জঙ্গীপুর সাব-ডিভিসন দিনের পর দিন অবক্ষয়ের দিকে চলে যাচ্ছে, হাজার হাজার মানুষ পথের ভিখিরীতে পরিণত হয়েছে। দুঃখের সঙ্গে জানাচ্ছি এই ব্যাপারে কংগ্রেসীরা শুধু ভাঁওতা দিয়েছেন এবং ইন্দিরা গান্ধীকে কিছু বলেননি। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার কাছে আবেদন রাখছি, তাঁরা যেন এই ব্যাপার নিয়ে কেন্দ্রীয় সরকারকে লেখেন যে, জঙ্গীপুর সাব-ডিভিসন একদিকে অবক্ষয়ের দিকে যাচ্ছে এবং অপর দিকে ১লক্ষ ১৫ হাজার মানুষ আজ নিরাশ্রয় হয়ে পড়েছে। আমি আশা করি মন্ত্রীসভা যখন এই ব্যাপার নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে মুভ করবেন তখন কংগ্রেস পক্ষ তাঁদের সঙ্গে সহযোগিতা করবেন। আমি কংগ্রেস দলের কাছে আবেদন রাখছি, জনসাধারণের সঙ্গে বেইমানি করবেননা। একথা বলে রাজপোলের ভাষণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ হৈমি বসু ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গভর্ণরের এ্যাড্রেস্ পড়ে আমার একটি বাচ্চা ছেলের স্কুলের রেজালটের কথা মনে পড়ে গেল। ছেলেটি তার রেজাণ্ট পেয়ে বাড়ী এসে বলল, মা, আমি ফাস্ট হয়েছি। তার মা রেজাণ্ট দেখে বলল, ফার্স্ট হয়েছিস কি বলছিস, তুই তো ফেল করেছিস। তখন ছেলেটি বলল আমি শেষের দিকে ফার্স্ট হয়েছি। রাজ্যপালের ভাষণও দেখলাম শেষের দিকে ফাস্ট হয়েছে। বিদ্যুত—না, খাদ্য—না, চাকুরী—না, স্বাস্থ্য—না। এঁরা সব ক্ষেত্রেই ওই তারশঙ্করের 'না' গ্রহণ করেছেন এবং সেইজন্যই বলছিলাম রাজ্যপালের ভাষণ শেষের দিকে ফাস্ট হয়েছে।

**[6-20—6-30 P. M.]**

আইন শৃঙ্খলার অবস্থা কি, সেটা এর আগের দিন সাত্তার সাহেব বলে গেছেন। আমি সেই সবের মধ্যে আর যাচ্ছি না, শুধু একটি ঘটনা এখানে উল্লেখ করছি। একটু আগে সুনীতিবাবু গঙ্গাধরবাবুর হত্যার কথা বলে গেলেন। গঙ্গাধরবাবুর হত্যা কোন এ্যাকসিডেন্টর ব্যাপার নয়। সুপরিকল্পিত ভাবে এটা করা হয়েছে। তার কারণ এই সরকার মরিচঝাঁপিতে এক কলঙ্কজনক ঘটনা ঘটিয়েছেন এবং তারপর কসবা ব্রীজের উপর কয়েকজনকে যে খুন করা হল, এই ব্যক্তি সেই

জিনিসের প্রত্যক্ষদর্শী। কাজেই গঙ্গাধরবাবু যাতে কমিশনের সামনে না আসতে পারেন তার জন্য প্রকাশ্য দিবালোকে পুলিশের সামনে তাকে হত্যা করা হয়েছে ফ্যাসিস্ট কায়দায়। এর পরে আসুন বাগনানের মানস সেনের হত্যার ঘটনায়। খুন ভারতবর্ষে হচ্ছে এটা স্বীকার করি এবং সেখানে বিচারও হচ্ছে। কিন্তু আপনাদের মত ফ্যাসিস্ট কায়দায় সেখানে খুনের প্রমাণ লোপ করা হচ্ছে না, খুনীকে ছেড়ে দেওয়া হচ্ছে না। আপনাদের সংগে এই হচ্ছে তফাৎ। আমি দায়িত্ব নিয়ে বলছি মানস সেনের ব্যাপারে হাওড়া ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট আর. কে. প্রসন্ন একটি রিপোর্ট দিয়েছিলেন হোম ডিপার্টমেন্টকে এবং সেই রিপোর্টে তিনি পরিষ্কার ভাবে বলেছেন মানস সেনের খুনের জন্য প্রত্যক্ষভাবে সি. পি. এম. দায়ী। কিন্তু সেই রিপোর্ট রাজ্যপালের ভাষণে নেই। সেই রিপোর্ট হাউসের কাছে চেপে যাওয়া হয়েছে, হাউসে দেওয়া হয়নি। বিভিন্ন জায়গায় কংগ্রেস কর্মী খুন হচ্ছে, বিধানসভার সদস্যদের পর্যন্ত আক্রমণ করা হচ্ছে, ভীতি প্রদর্শন করা হচ্ছে। এই হচ্ছে রাজ্যের গণতন্ত্র! অবশ্য ওরা তো এখানে গণতন্ত্রের কথা বলেন, নির্বাচনের কথা বলেন। কিন্তু বাঁকুড়া খ্রীশ্চিয়ান কলেজের কংগ্রেসের নির্বাচিত ছাত্রপরিষদের নেতা সুদেব ঘটককে দিনের বেলায় আপনাদেরই একজন প্রাক্তন মন্ত্রীর প্ররোচনায় পুলিশের সামনে নৃশংসভাবে হত্যা করা হল। এটা বাস্তব ঘটনা একে অস্বীকার করবেন কি করে? চীৎকার করে একে অস্বীকার করতে পারবেন না। তার কোন বিচার হল না, অদ্ভূত ব্যাপার। শ্যামলবাবু এখানে নেই, আমি তাঁর কাছে কৃতজ্ঞ যে, তিনি, ব্যক্তিগত ভাবে আমার রক্ষণাবেক্ষণের জন্য খুব উদ্বেগ প্রকাশ করেছেন, এ জন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। কিন্তু শ্যামলবাবু বোধ হয় ভুলে গেছেন—আমি হাউসের কাছে বলেছি, পুলিশের কাছে বলেছি, সংবাদপত্রে বিবৃতিও দিয়েছি, আমার পাড়ায় সি. পি. এম এর দুজন ছেলে, তাদের নামও দিয়েছি, তারা রিভলবার নিয়ে আক্রমণ করে। তারা এখনো বহাল-তবিয়তে ঘুরে বেড়াচ্ছে, এ্যারেষ্টেড হয়নি এফ. আই. আর. দেওয়া সত্ত্বেও। কেন হল না? তাদের কোন বিচার হল না, কোন তদন্ত হল না। প্যারাগ্রাফ ২২ রাজ্যপাল সুসংহত পঞ্চায়েতী ব্যবস্থার কথা বলেছেন। স্যার, ৪০০গ্রাম পঞ্চায়েতের অডিট রিপোর্ট পর্যালোচনা করে দেখা গেছে ১৬০ টিতে গুরুতর ত্রুটি ধরা পড়েছে। সেই ঘটনার কথা তো রাজ্যপালের ভাষণে দেখলাম না। প্যারাগ্রাফ ৪ এবং ৮ খরা ত্রাণের কথা বলা হয়েছে। ঐ তারাশঙ্করের 'না' এর মত বলে বেড়াচ্ছেন কেন্দ্রীয় সরকার টাকা দেননি—অদ্ভূত কথা। কেন্দ্রীয় সরকার প্রথম থেকে ২৪ কিস্তি টাকা দিয়েছেন। কেন্দ্রীয় সরকার বার বার বলা সত্ত্বেও আজ পর্যন্ত সেই টাকার হিসাব দিতে পারেন নি। এই কথা বলতে আপনাদের লজ্জা করে না? খরা ত্রাণের টাকা নিয়ে ক্যাডার পুষছেন, পার্টিবাজী করছেন, এই কথা বলেন কোন্ মুখে? প্যারাগ্রাফ ১৪তে ট্রানসপোর্টের কথা বলেছেন। ওয়ার্ল্ড ব্যাঙ্কের দাক্ষিণ্য চেয়ে নিয়ে আজকে ট্রানসপোর্ট নিয়ে খুব মাতামাতি করছেন। এখানে ফোর মেম্বার্ড কমিটি ১৯৮২ সালে এসে বলে গেছেন ক্যালকাটা ষ্টেট ট্রান্সপোর্ট করপোরেশন, ক্যালকাটা ট্রামওয়ে কোম্পানী ক্রমাগত খারাপ হয়ে যাচ্ছে এবং তার জন্য তারা ব্যবস্থা গ্রহণ করতে বলেছেন। এই কথা কিন্তু রাজ্যপালের ভাষণে লেখা নেই। ট্রাম কোম্পানী এবং সি. এস. টি. সি.র অপারেশনাল পারফরমেন্স সম্পর্কে অডিটর জেনারেল প্রচুর ত্রুটি বিচ্যুতির কথা বলেছেন

সেই কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই। সরকার পরিচালিত একটি কোম্পানীর যে রিপোর্ট বেরিয়েছে, সেটা সভায় কেন পেশ করলেন না? তারপর প্যারাগ্রাফ ১০/১১ তে বলা হয়েছে ইনডাষ্ট্রিতে নাকি বিরাট উন্নতি হয়েছে। রাজ্যের শিল্পে সন্তোষজনক পরিস্থিতি প্রমান করার জন্য বহু তথ্য দিয়েছেন। রাজ্যপালের ভাষণে লেখা আছে গত বছর ৮৪টি শিল্প প্রকল্প অনুমোদন লাভ করেছিল।

কিন্তু কটা রূপায়িত হয়েছে জানেন? মাত্র ২৭টি। বাকি মূলধন রাজ্য ছেড়েচলে গেল, তারা থাকলো না। কারণ তারা জানে, এখানে শিল্প মার খাবে বিদ্যুৎ নেই বলে, ল এ্যাণ্ড অর্ডার নেই বলে এবং শ্রমিক অসন্তোষ আছে বলে। এইসব কারনে তারা দেখলো এখানে তাদের পক্ষে শিল্প স্থাপন করা সম্ভব নয় তাই তারা পশ্চিমবঙ্গ ছেড়ে চলে গেল। এর ফলে ক্ষতি হ'ল কিন্তু গরিব বেকার ছেলেমেয়েদের, যাদের চাকরি হতে পারতো। বিদ্যুতের কথা এখানে অনেকেই বলেছেন, আপনি স্যার, নিজেও জানেন, মাননীয় সদস্যরা সকলেই ভুক্তভোগী কাজেই আমি আর সেটা নিয়ে বিশেষ কিছু বলছি না। এখন স্যার, অবস্থাটা যা দাঁড়িয়েছে তাতে 'বিদ্যুৎ না থাকাটাই' স্বাভাবিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। আগে শীতকালে ছুটির দিনে আমরা জানতাম বিদ্যুৎ থাকবে কিন্তু এখন দেখছি লাগাতার ১০/১২ ঘন্টা ধরে লোড-শেডিং। এর ফলে শিল্প মার খাচ্ছে মূলধন পশ্চিমবংগ ছেড়ে চলে যাচ্ছে, পানীয়জলের হা হা কার দেখা দিচ্ছে ছেলেমেয়েদের লেখাপড়া নষ্ট হচ্ছে, হাসপাতাল, নার্সিং হোমের কাজ বন্ধ হয়ে যাচ্ছে। এক কথায় বলা যায় গোটা জনজীবন বিপর্য্যস্ত হয়ে পড়ছে। স্যার, একটু আগে ফরোয়ার্ড ব্লকের একজন মাননীয় সদস্য বলছিলেন, এখানে নাকি ল এ্যাণ্ড অর্ডার খুব ভালোভাবে আছে। আমি সেকথায় পরে আসছি, তার আগে শিক্ষার ব্যাপার নিয়ে কয়েকটা কথা বলে নিই। এরা প্রাথমিক শিক্ষা নিয়ে কি চরম অরাজকতা চালাচ্ছেন সেটা সকলেই জানেন। সেখানে ইংরাজীকে অন্যায়ভাবে সরিয়ে দিয়ে এই রাজ্যে দুরকম ছেলেমেয়ে তৈরী করা হচ্ছে। এখানে এরা এই ভাবে টুটায়ার সিস্টেম চালু করছেন। স্যার, এর ফলে কিছু লোকের ছেলেমেয়ে সারা ভারতবর্ষের মধ্যে কমপিটিসানে অগ্রাধিকার পাবে আর বাদবাকি ছেলেমেয়েরা এখানে বসে বসে পচবে যেহেতু তারা ইংরাজীতে দুর্বল। আমি এই প্রসংগে স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীজ্যোতিবসু মহাশয়কে একটি ব্যাপারের জন্য অভিনন্দন জানাচ্ছি সরস্বতী পূজার পর বিড়লার যতগুলি ইংলিশ মিডিয়াম স্কুল আছে তার সমস্ত স্কুলের ছেলেমেয়েদের ফাংসান হয়েছিল নেতাজী ইনডোর ষ্টেডিয়ামে। মুখ্যমন্ত্রী মহাশয় অসুস্থ শরীর নিয়ে সেখানে এক ঘন্টার উপর বসে তাদের ইংরাজী প্রোগ্রাম দেখেছেন এবং সেখানে একটি সারগর্ভ বক্তৃতা রেখেছেন এবং সেটা ইংরাজীভাষায় রেখেছেন। এরপর স্যার, আর একটি বিষয় নিয়ে বলব। ওঁরা বলেন, পুলিশ নাকি মানুষের সেবা করছে এবং এখানে ল এ্যাণ্ড অর্ডার রয়েছে। আমি এই প্রসংগে ফরোয়ার্ড ব্লকের বন্ধুদের জিজ্ঞাসা করি, তারা কি ভুলে গিয়েছেন কুচবিহারের ঘটনার কথা? সেখানে প্রাথমিক শিক্ষক নিয়োগ নিয়ে যে কেলেংকারি হ'ল এবং তারপর যে হাজার হাজার ফরোয়ার্ড ব্লক কর্মীর উপর পুলিশ লাঠিচার্জ করলো এবং গ্রেপ্তার করলো সেটা কি ভুলে গেছেন? পুলিশের

ভূমিকা নিয়ে আর.এস. পি'র একজন মাননীয় সদস্য বললেন, আমি তাঁকে জিজ্ঞাসা করি, ১৯৮২ সালের আগষ্ট মাসে দক্ষিন ২৪ পরগণার বাসন্তিতে আর. এস. পি.-র কর্মী জসিমুদ্দিন সর্দারকে কারা খুন করেছিল এবং পুলিশের সে সম্পর্কে ভূমিকা কি ছিল সেটা কি তাঁরা ভুলে গেছেন? তারপর বলা হয়, সংবাদপত্রের স্বাধীনতা নাকি পশ্চিমবংগে ভীষণভাবে আছে। ফ্যাসিষ্ট হিটলার যে কায়দায় সংবাদপত্রের টুঁটি চেপে ধরতেন এরাও সেই কায়দা নিয়েছেন। বিশেষ করে পঞ্চায়েত নির্বাচনের পূর্বে তাঁদের কেলেংকারিগুলি যাতে প্রকাশিত না হয় সেইজন্য তারা এইসব করছেন। আনন্দবাজার পত্রিকার উপর আক্রমনের ঘটনা কোন বিচ্ছিন্ন ঘটনা নয়। পালেকর এ্যায়োয়ার্ড আনন্দবাজার পুরোপুরি মেনে নেওয়া সত্বেও এই আক্রমণ হয়েছে এইজন্য যে জাতীয়তাবাদী পত্রিকাগুলি যাতে সন্ত্রস্ত হয়ে পড়ে এবং বামফ্রন্টের বিরুদ্ধে কোন কথা না বলে। এইভাবে এখানে চক্রান্ত করে সংবাদপত্রের টুঁটি চেপে ধরার চেষ্টা করা হচ্ছে। স্যার, পরিশেষে বলি, ফেল করার দিক থেকে ফাষ্ট হওয়া এই সরকারের সমর্থনে রাজ্যপালের যে ভাষণ তাকে প্রত্যাখান করছি এবং তার বিরোধিতা করছি।

[6-30—6-40 P. M.]

**শ্রীভূপাল পাণ্ডা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব ঘাবড়ে যাচ্ছি। এই কারণে ঘাবড়ে যাচ্ছি যে আমাদের বিরোধী পক্ষের বক্তারা, এমন কি বিরোধী দলের নেতা সহ যে ভাবে রাজ্যপালের ভাষণের উপর বক্তব্য রাখতে গিয়ে ধান ভাংতে শিবের গীতের মত এমন কতকগুলি বিষয়বস্তু স্থাপন করলেন যার ফলে পরবর্ত্তী ধারাটা মনে হচ্ছে অন্য দিকে চলে যাচ্ছে অর্থাৎ রাজ্যপালের ভাষণের মূল বিষয়বস্তু ছেড়ে দিয়ে অন্য দিকে এরা চলে গেছেন। প্রথম কথা হচ্ছে, ওরা এই ফ্রন্ট সরকারের কোন কিছুতে উন্নতি হয়েছে বলে মানতে রাজী নয় এবং যা কিছু ফ্রন্ট সরকার করেছেন বা করছেন সব নাকি জলের তলায় চলে যাচ্ছে, কোন কিছুতেই দেশের কল্যাণ দেখতে পাচ্ছে না। এক কথায় বলতে গেলে তাদের বক্তব্য হচ্ছে এবং বিরোধী পক্ষের নেতাও বলেছেন যে এই ভাষণের নাকি কোন মূল্য নাই, এটা মূল্যহীন। কারণ কি? কারণ সমস্ত অর্থনীতি যে ভাবে ভেংগে পড়েছে তাতে এই ভাষণ দিয়ে লাভ নেই। এখন এখানে আমাদের সংকট নিশ্চয়ই আছে, সমস্যাও আছে এবং এই সমস্যা সমাধানের ব্যবস্থাও আমাদের করতে হবে। রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা যে প্রচেষ্টা নিয়েছি তার কিছু সংক্ষিপ্ত বিবরণ আছে এবং আগামীদিনে আমরা কি করতে চাই তার একটা ধারা সংক্ষিপ্ত ভাবে দেওয়া হয়েছে। আমি বিরোধী পক্ষকে জিজ্ঞাসা করবো যে, ওরাতো আমাদের রাজ্যের অবস্থা দেখে বিক্ষোভ করছেন, ওদের কেন্দ্রীয় সরকারের অবস্থা কি? সম্প্রতি একটা ত্রৈমাসিক রিপোর্ট বেরিয়েছে এন.সি.এ. ই. আর-তে অর্থাৎ ন্যাশান্যাল কউন্সিল অব এ্যাপ্লায়েড ইকোনমিক এ্যাণ্ড রিসার্চ তাতে বলা হয়েছে যে খরা, বন্যার দরুন খারিপ ফসলের ভিষণ ক্ষতি হয়েছে বিশেষ করে ধানের। রবি শস্যের ফলন বাড়লেও সামাল দিতে পারবে না। শিল্প উৎপাদন প্রসংগে তারা বলছেন যে গত ৭ মাসের হিসাবে

দেখা যাচ্ছে যে শিল্প উৎপাদন গত বছর যা ছিল তার থেকে নীচে নেমে গেছে। বানিজ্যিক লেনদেনের অবস্থা খুবই খারাপ এবং হিসাব করে দেখা গেছে যে বৈদেশিক মুদ্রার পরিমাণ ৩ হাজার ৩৫৪ কোটি টাকা ছিল, সেটা ডিসেম্বরে এসে দাঁড়িয়েছে ৩ হাজার ৩৩৪ কোটি টাকায় অর্থাৎ ২০ কোটি টাকা কমে গেছে কিন্তু আসলে ঘটনা তা নয়। ইতিমধ্যে আই. এম. এফ-এর লোন এসে জমা না পড়লেও ঘাটতির পরিমাণ দাঁড়াবে ৯৯১ কোটি টাকা। সুতরাং অবস্থাটা পরিষ্কার বোঝা যায়। কেন্দ্রীয় সরকার এই অর্থনীতির মধ্যে হাবুডুবু খাচ্ছেন, তাদের এই রকম দুরবস্থা চলছে। আর রাজ্যের যেখানে এই রকম অবস্থা, তার মধ্যে স্বর্গ রাজ্য হয়ে যাবে এবং সেটা কেন হলনা, এটাই তাদের বক্তব্যের বিষয় বস্তু। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা বিদ্যুৎ ঘাটতির কথা বলেছেন। আমাদের এখানে বিদ্যুতের অভাব আছে, ঘাটতিও আছে এবং সেটা বাড়াবার জন্য চেষ্টা করা হচ্ছে। কেন্দ্রীয় সরকারের ষষ্ঠ পরিকল্পনায় বিদ্যুৎতের অবস্থা কি? ১৯৮০-৮১ সালে ২,৬৭৮ মেগাওয়াট লক্ষ্য আর উৎপাদিত হয়েছে ১,৮২০ মেগাওয়াট। ১৯৮১-৮২ সালে ৩,২১২ মেগাওয়াট, আর উৎপাদিত হয়েছে ২,১৭৫ মেগাওয়াট। ১৯৮২-৮৩ সালে ৩,৪৮২ মেগা-ওয়াট, আর উৎপাদিত হয়েছে, ১,৯৩০ মেগাওয়াট।

এই ঘাটতি আরো বাড়ছে, তথাপি আমাদের ৮০০ গ্রামে নতুন করে বিদ্যুৎ নিয়ে যেতে হচ্ছে। ১৬০টি গভীর নলকূপে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। ১২০টি রিভার লিফ্‌টে বিদ্যুৎ সংযোগ করা হয়েছে। ৮০০টি পাম্প সেটে বিদ্যুৎ সংযোগ করা হয়েছে। এই সমস্ত কারণে নিশ্চয়ই শহরে কিছুটা বিদ্যুৎ ঘাটতি বাড়ছে, লোড সেডিং হচ্ছে, আমাদের ভুগতে হচ্ছে। কিন্তু উপায় নেই। যেখানে মানুষের খাদ্যের জন্য হয় সেখানকে অবহেলিত করে কেবল শহরকে বাঁচানো এখন আর সম্ভব হবে না। সুতরাং আজকে গ্রামের দিকে গুরুত্ব দিতে হবে। তবে বিদ্যুৎ বাড়াবার চেষ্টা নিশ্চয়ই আমাদের করতে হবে। সারা ভারতবর্ষের মোট ভূমির মাত্র ৩ শতাংশ এই রাজ্যে অবস্থিত। অপরদিকে জনসংখ্যার দিক দিয়ে বিচার করলে সারা ভারতবর্ষের ৮ শতাংশ মানুষ এই রাজ্য বাস করে। অর্থাৎ ৮ শতাংশ জনসংখ্যা ৩ শতাংশ ভূমির ওপর নির্ভর করে বেঁচে আছে। এই ৮ শতাংশের শতকরা ৮০ ভাগ আবার কৃষিজীবী বা কৃষির ওপর নির্ভরশীল। সুতরাং এখানে কৃষি উৎপাদন না বাড়ালে চলবে না কৃষি উৎপাদন না বাড়ালে চলবে না। কৃষি উৎপাদন না বাড়িয়ে আমরা কি চিরকাল অপরের মুখাপেক্ষী হয়ে থাকব? অবশ্যই আমাদের নিজেদের উৎপাদন বাড়াবার চেষ্টা করতে হবে। যত দূর সম্ভব সাধ্যমত আমাদের সেই কাজ নিশ্চয়ই করতে হবে।

এই রাজ্যে শিল্প উৎপাদন ঘাটতি আছে। কিন্তু এর কারণ হচ্ছে, এখানে শিল্পগুলি যারা কণ্ট্রোল করে তারা অধিকাংশই ধনী গোষ্ঠী। এরা অধিক মুনাফার জন্য কখনই পূর্ণ উৎপাদন ক্ষমতাকে কাজে লাগায় না। আমি একথা শুধু একজন কমিউনিষ্ট হিসাবে বা বামপন্থী হিসাবে বলছি না, কয়েকদিন আগেই একটা সমীক্ষা রিপোর্ট বেরিয়েছে তাতেই এটা প্রকাশিত হয়েছে। সুতরাং এটা প্রমাণ হয়ে গেছে।

তবুও রাজ্যপালের ভাষনের মধ্যে উল্লেখ করা হয়েছে, "শিল্প সম্পর্কের ক্ষেত্রে পশ্চিমবংগে পরিস্থিতি সন্তোষজনক ছিল, আর ধর্মঘট ও ক্লোজারের ঘটনাও ছিল কমের দিকে। অবশ্য, শ্রমদিবস নষ্ট হওয়ার পরিমান ৫০ শতাংশ বৃদ্ধির মূলে রয়েছে পাটশিল্পে ব্যাপক সংখ্যায় লক-আউট। তা সত্ত্বেও ১৩টি চটকলে কাজ শুরু হয়েছে, ৫৫,০০০ শ্রমিক কাজ ফিরে পেয়েছেন। কর্মবিনিয়োগ কেন্দ্র গুলির মাধ্যমে ১৪,০০০ নতুন লোকের কর্মসংস্থান হয়েছে। এ ছাড়া ক্ষুদ্র ও কুটির শিল্পর মাধ্যমেও বহু মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। বামফ্রন্ট সরকার সব চেয়ে বড় যে জিনিষটি করেছে সেটা হচ্ছে, বেকারভাতা। যে মানুষ নিরুপায় হয়ে আত্ম হত্যা করছিল, সেই মানুষদের আজকে বেকার ভাতা দেওয়া হচ্ছে। ২ লক্ষ মানুষকে আজকে বেকার ভাতা স্কীমের মধ্যে আনা হয়েছে।

এই অবস্থাতেও এ রাজ্যের কত গুলি শিল্প কেন্দ্রীয় সরকারের অনুমোদনের অপেক্ষায় পড়ে আছে। বিদেশী সহযোগিতায় হলদীয়াতে পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স গড়ে ওঠার সুযোগ হচ্ছেনা, সমগ্র ব্যাপারটা আজও কেন্দ্রীয় সরকারের মুখাপেক্ষী হয়ে পড়ে আছে। হলদীয়ার বৃহত জাহাজ মেরামতি কারখানা এবং সল্ট লেকের ইলেকট্রনিক ইউনিট স্থাপনের সমস্ত পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের অসহযোগিতায় বাস্তব রূপলাভ করতে পারছে না। আজকে আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা যদি রাজ্যপালের ভাষনের ওপর আলোচনা করতে উঠে ঐ সমস্ত বিষয়ে আলোচনা করতেন তাহলে আমরা খুশী হতাম। আজকে কি করে আমাদের রাজ্যে বিভিন্ন নতুন নতুন শিল্প গড়ে উঠতে পারে ইত্যাদি বিষয়ে যদি তাঁরা আলোচনা করতেন তাহলে আমরাও সেই আলোচনায় অংশগ্রহণ করতে পারতাম এবং আমাদের আলোচনা সর্বাঙ্গীন হতো। কিন্তু ঐসব না করে ওঁরা যা করছেন তাতে কার কি লাভ হচ্ছে! এর পরিনতিই বা কি? (এই সময়ে লাল আলো জ্বলে ওঠে।) আলো যখন জ্বলে উঠেছে তখন আমি আমার বক্তব্য আর বাড়াব না। রাজ্যপালের ভাষনকে স্বাগত জানিয়ে এবং রাজ্যপালকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-40—6-50 P.M.]

**শ্রীলক্ষ্মণ চন্দ্র শেঠ ঃ** মাননীয় স্পীকার স্যার, রাজ্যপালের যে ভাষণ বিধানসভায় উপস্থাপিত হয়েছে তাঁকে আমি পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। বিধানসভায় আমি নবাগত। আমার আশা ছিল বিরোধীরা গঠনমূলক বক্তব্য রেখে বিধানসভায় একটি নজীর সৃষ্টি করবেন এবং তাঁদের অভিজ্ঞতার মধ্য দিয়ে আমি কিছু শিখবো এবং সেই অভিজ্ঞতার মধ্য দিয়ে পশ্চিমবাংলাকে গড়ে তোলার চেষ্টা করবো। কিন্তু তাঁরা গঠনমূলক বক্তৃতা না দিয়ে আক্রমণাত্মক ভঙ্গিতে কিভাবে সরকারীকে হেয় করা যায় তার চেষ্টা করেছেন। বিরোধীদলের নেতা সাত্তার সাহেব বলেছেন পশ্চিমবাংলায় যে খরা চলেছে সেই খরার জন্য নাকি দায়ী পশ্চিম-

বাংলার বামফ্রন্ট সরকার। খুবই পরিহাসের ব্যাপার এটা একটা প্রাকৃতিক বিপর্যয় এবং এই বিপর্যয়ের অনিবার্য কারণ হলো দীর্ঘ ৩৫ বছরের কংগ্রেসী অপশাসন। তারই জন্য এই পরিণতি কারণ আপনারা জানেন, আমাদের পাশেই কয়েকটি সমাজতান্ত্রিক দেশ যেমন, রাশিয়া, চীন তারা এই প্রাকৃতিক বিপর্যয়কে রুখতে সমর্থ হয়েছে। তার একটি মাত্র কারণ, বৈজ্ঞানিক উপায়ে সুষ্ঠু পরিকল্পনার মধ্য দিয়ে সেই দেশের খাল, নদী-নালা প্রভৃতি বিভিন্নভাবে সংস্কারের মাধ্যমে কাজ করে চলেছে। কিন্তু আমাদের দেশে ৩৪ বছরের কংগ্রেসী শাসনে কোন কাজ করা হয়নি। যার জন্য তারই অনিবার্য পরিণতি খরা এবং বন্যা নিত্য সহযাত্রী হিসাবে আমরা দেখছি। শুধু পশ্চিমবাংলার ব্যাপার নয়, অন্য রাজ্যের দিকেও তাকিয়ে দেখুন, খরা এবং বন্যা প্রাকৃতিক বিপর্যয় ঘটছে। কংগ্রেসের ব্যর্থতা এবং দুর্নীতির ফলেই এই ঘটনাগুলি ঘটছে। কিন্তু এই প্রাকৃতিক বিপর্যয়কে মোকাবিলা করার ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করেছে যা অতীতে কখনও দেখিনি। ১৯৭৮ সালে ভয়ানক বন্যার যেভাবে বামফ্রন্ট সরকার মোকাবিলা করেছে তার নজির ইতিপূর্বে দেখিনি। অতীতে কোন একটি জায়গায় বন্যা হলে হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ গ্রাম থেকে শহরে ধর্ণা দিতেন। উড়িষ্যায় মাত্র ২ জেলা বন্যা-বিধ্বস্ত হলো কিন্তু দেখা গেল কেন্দ্রীয় সরকার সাহায্য করার জন্য এগিয়ে গেল। আজকে পশ্চিমবাংলা বন্যার হাত থেকে রেহাই পাবার কিছু দিনের মধ্যেই যখন খরায় কবলিত হলো তখন কিন্তু সাহায্য করার জন্য কেন্দ্রীয় সরকার তেমনভাবে এগিয়ে আসছেন না। আপনারা এখানে বিরোধিতা করছেন কিন্তু পশ্চিমবাংলাকে খরার হাত থেকে মুক্ত করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে যে রকম চাপ সৃষ্টি করা উচিৎ সেই রকম প্রচেষ্টা আপনাদের দেখতে পাচ্ছি না। সাত্তার সাহেব আরোও বলেছেন, আমাদের যে ১৫৩ কোটি টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছেন তা নাকি দয়া করে। এটা শুনে আমি অবাক হয়ে যাচ্ছি যে, পশ্চিম-বাংলার জনগণের প্রতিনিধি হিসাবে নির্বাচিত হয়েছেন অথচ পশ্চিমবাংলার মানুষের উন্নতির জন্য আমাদের যে ন্যায্য অধিকারের কথা তা তুলে ধরছেন না। ওঁরা পশ্চিমবাংলার জনগণের কলঙ্ক, কুলাঙ্গার হিসাবে চিহ্নিত হতে পারে। পশ্চিমবাংলায় চা শিল্প, কয়লা, লোহা ইস্পাত প্রভৃতির মাধ্যমে কেন্দ্রীয় সরকার রাজস্ব পায় কিন্তু তার বিনিময়ে আমরা সামান্য পাই। এই পাওয়ার যে অধিকার সেই অধিকারের কথা তাঁরা বলেন না। অথচ বলছেন কেন্দ্রীয় সরকার দয়া করে দিয়েছেন। তারা শিল্পনীতির কথা বলেছেন, শিল্প নীতি সম্প্রসারণের কথা বলেছেন। ওনারা বলেছেন বামফ্রন্ট সরকার নাকি শিল্পের বিকাশ ঘটাতে পারেনি। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসবার পর থেকে প্রতি নিয়ত চেষ্টা করেছেন কিভাবে পশ্চিমবাংলায় শিল্পের বিকাশ করা যায়। ষাট দশকের পর থেকে পশ্চিমবাংলায় কেন্দ্রীয় সরকার রাষ্ট্রায়ত্ব শিল্পে অর্থ বিনিয়োগের চেষ্টা করেনি। হলদিয়ায় যে শিল্পের বিকাশ ঘটেছে সেটা পশ্চিমবাংলার প্রয়োজনে নয়। ভারতবর্ষের যারা বড বড় শিল্পপতি তাদের মাল আদান-প্রদান করার জন্য হলদিয়া বন্দর গড়ে উঠেছে। কারণ কলকাতা বন্দরেব নাব্যতা যখন কমে যেতে শুরু করলো তখন এই সমস্ত শিল্পপতিদের প্রয়োজনের স্বার্থেই হলদিয়ায় হলদিয়া বন্দর গড়ে উঠেছে।

কিন্তু হলদিয়াকে সামনে রেখে তার আশেপাশে যে বিরাট শিল্প নগরী গড়ে ওঠা সম্ভব হয় সেদিকে তাঁরা নজর দিচ্ছেন না। কোনভাবেই চেষ্টা করেন না। শিল্প এলাকা গড়ে তুলতে গেলে তার কতকগুলি স্বার্থ পরিপূর্ণ করতে হয়। জলের, রাস্তাঘাটের, বিদ্যুতের ব্যবস্থা করতে হয়, কিন্তু এ সব কোন্ কিছুর ব্যবস্থাই কেন্দ্রীয় সরকার করেন নি। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আসার পর এগুলি পূরণ করার জন্য শিল্পে ঐক্য গড়ে তোলার জন্য ১৯৭৭ সাল থেকে চেষ্টা শুরু করেছেন। কই, ওঁরা তো কেন্দ্রীয় সরকারের কাছে দাবী করছেন না ঐ হলদিয়াকে আজকে দ্বিতীয় শিল্প নগরী গড়ে তোলা হোক এবং সেজন্য পেট্রো কেমিকেলস, জাহাজ মেরামতির কারখানা এগুলি করা হোক। এই প্রয়োজনে বামফ্রন্ট সরকার ইতিমধ্যে ৫ কোটি টাকা খরচ করেছেন, এক হাজার একর জমি অধিগ্রহণ করেছেন, ৫০০ একর জমিতে মাটি ভরাট করিয়েছেন। অন্যদিকে কেন্দ্রীয় সরকার লাইসেন্স দিচ্ছেন না, কই ওঁরা তো ওঁদের নেত্রী, ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর কাছে বলছেন না যে হলদিয়ার উন্নতি করতে গেলে পেট্রোকেমিক্যালস এবং জাহাজ মেরামতির কারখানা করা প্রয়োজন। তার জন্য কোন চাপ ওঁরা সৃষ্টি করছেন না। আজকে পশ্চিমবঙ্গে যে ভয়াবহভাবে বেকার বৃদ্ধি হচ্ছে তার সমাধান করতে গেলে শিল্পের বিকাশের যে প্রয়োজন আছে, লাইসেন্সের প্রয়োজন আছে এ বিষয়ে তাঁরা তো বলছেন না। কি বিধানসভায়, কি বিধানসভার বাইরে তাঁদের মুখ থেকে শুনিনি যে পেট্রোকেমিকেলস, জাহাজ মেরামতির কারখানা দরকার। সল্ট লেকে কারখানা স্থাপনের জন্য কোন রকম আন্দোলন করতে তো দেখিনি। অথচ বিধানসভার বাইরে তাঁরা বলেন পশ্চিমবঙ্গে শিল্পের বিকাশ ঘটছে না। আইন শৃঙ্খলার কথা তাঁরা বলেন, অনেকেই এ কথা স্বীকার করবেন যে পশ্চিমবঙ্গের তুলনায় সারা ভারতবর্ষের আইন শৃঙ্খলার পরিণতি অনেক ভয়াবহ। আজকে বিহারের গ্রামে, গঞ্জে বোমা, পিস্তল নিয়ে ডাকাতি হচ্ছে। এই হচ্ছে সেখানকার আইন শৃঙ্খলার পরিণতি। উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রীকে পদত্যাগ করতে হল ডাকাত দমন করতে না পারার জন্য। এ অবস্থা আমরা দেখছি। হরিয়ানা, পাঞ্জাবে হরিজন নারীকে নির্যাতিত করা হয়, তার উপর পাশবিক অত্যাচার করা হয়। হরিয়ানার গ্রামে, গঞ্জে সেখানকার হরিজন আদিবাসী মানুষকে ক্রীতদাসের মত জীবন যাপন করতে হয়। পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলার যেটুকু অবনতি ঘটে সেটা কংগ্রেসীদের হামলার জন্য। ১৯৮০ সালের ৩০শে মার্চের ঘটনা ভোলা যায় না। আইন অমান্য করার নাম করে লরী বোঝাই ইট, পাটকেল, বোমা নিয়ে আইন অমান্য করতে এসেছিলেন। বন্ধ ডাকা হয়েছিল। বন্ধকে কেন্দ্র করে যে তাণ্ডব নৃত্য পশ্চিমবঙ্গে শুরু করেছিলেন তাতে অনেক মানুষ নির্যাতিত হয়েছিল। গত ২১ তারিখে আমরা দেখেছিলাম বিধানসভা অভিযানের নামে কি বোমা, পিস্তল নিয়ে এসেছিলেন। সুতরাং অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলা অনেক সুষ্ঠুভাবে চলছে। ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থার কাঠামোর মধ্যে থেকে কি করে দুর্নীতি দমন করা যাবে? একথা অস্বীকার করে লাভ নেই, প্রশাসনের মধ্যে কিছু কিছু পুরণো পুঁজিপতি, জমিদার প্রভৃতির সঙ্গে সম্পর্ক আছে এই রকম কিছু কিছু বিরোধী দলের সদস্যের নেতৃত্বে এবং তাদের যোগ সাজসে প্রশাসনের একটা অংশ সরকারের ভাব মূর্ত্তিকে পিছিয়ে দেবার চেষ্টা করছেন। বামফ্রন্ট সরকারের

অগ্রণীর ভূমিকা নষ্ট করার চেষ্টা করছেন। রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে দিয়ে এসব তুলে ধরবার চেষ্টা করেছেন বলে আমি মনে করি। সেজন্য আমি তাঁর ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6-50—7-00 P.M.]

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছে আমি সেই প্রস্তাবকে সমর্থন করতে পারছিনা। রাজ্যপাল মহাশয় এখানে যে ভাষণ দিয়েছেন তাতে নিজেকে একজন সরকার বলে পরিচিত করবার প্রয়াশ রেখেছেন। তিনি এখানে যে ফিরিস্তি দিয়েছেন এবং কয়েক পৃষ্ঠার বক্তৃতা দিয়েছেন তাতে মনে হয়েছে সরকারের গুন প্রকাশের দায়িত্ব যেন তাঁর। সংসদীয় ব্যবস্থায় তা হতে পারেনা। তা শোভাও পায়না। তিনি নিরপেক্ষভাবে সমতার ভিত্তিতে বলবেন এটাই হওয়া উচিৎ। কিন্তু এটা হয়নি কারণ এখন সবকিছুই আলিমুদ্দীন ষ্ট্রীট থেকে নিয়ন্ত্রণ করা হয়। এটার বিরোধীতা করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যেও রাজ্যের ভয়াবহ বেকার সমস্যার কথারও কোন উল্লেখ দেখতে পেলাম না। একথা আমি পরিষ্কারভাবে বলতে চাই সারা পশ্চিমবঙ্গে বিশেষ করে পশ্চিম দিনাজপুর জেলায় রাহাজানি যেভাবে চলছে তা নজিরবিহীন। ২।১ বছরের মধ্যে পশ্চিম দিনাজপুর জেলায় ৬।৭টি ব্যাঙ্ক লুট করা হয়েছে। চুরির সংখ্যা এত বেড়েছে যে প্রশাসন আছে বলে মনে হয়না। এই সরকারের পুলিশ তাদের গ্রেফতার করতে পারছেনা ফলে সেই সমস্ত চোর ডাকাতেরা ফিরে এসে ব্যঙ্ক লুটের কারবার সুরু করেছে। এই মাসে কুশুমণ্ডি থানার একটি ব্যাঙ্ক লুট করা হয়েছে এবং একজনকে তারা খুন পর্যন্ত করেছে। দিনের পর দিন এইভাবে চলছে। সেই এলাকার শাসক দল তাদের মদত দিয়ে যাচ্ছে। আমার এলাকার গ্রামের লোকেদের কিভাবে দিন যাপন করতে হচ্ছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেখলে বুঝতে পারতেন। আমার এলাকার ১৫০টি মৌজা কুক্ষাত নকশালদের এলাকা বলে পরিচিত। স্বভাবতঃই তারা এখন নকশালী কাজ অবাধে করে যাচ্ছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর যে সমস্ত সংশোধনী প্রস্তাব এসেছে সেগুলো গ্রহণ করার জন্য অনুরোধ জানাই এবং আমার মৌজায় অতিরিক্ত পুলিশ ফাঁড়ির ব্যবস্থার করবার জন্য দাবী জানাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে বেকারদের কথা কি বলবো? বেকার হচ্ছে দুই প্রকার—শিক্ষিত বেকার এবং অশিক্ষিত বেকার। আপনি জানলে আশ্চর্য হয়ে যাবেন। এই শিক্ষিত বেকার আবার এখন তিন শ্রেণীতে ভাগ হয়ে গেছে, যথা—এক, ভাতাপ্রাপ্ত বেকার, দুই—অভাতা প্রাপ্ত বেকার এবং তিন—প্রাক্তন ভাতাপ্রাপ্ত বেকার কারণ এরা ৩ বছর বেকার-ভাতা পাবার পর আর পাচ্ছে না। এখন দাঁড়িয়েছে এই যে এই প্রাক্তন ভাতাপ্রাপ্ত বেকাররা

বেকার হয়ে রয়েছে। অবস্থা এমন পর্যায়ে গিয়ে পৌঁছেছে যে বেকার ছেলেরা কোন রকম চাকরীই পাচ্ছে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে রাজ্যের তফশীলি জাতির অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। তফশীলি সমাজের লোকেরা চিরদিন অবহেলিত হয়ে রয়েছে কিন্তু মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে এ সম্পর্কে কোন উল্লেখই করেন নি, উল্লেখ করা উচিত ছিল বলে মনে করি। এই মানুষেরা যে পিছিয়ে পড়ছে তারও কোন উল্লেখ দেখতে পেলাম না। তাই আমি বলতে চাই—এদের জন্য এমনভাবে বিপুলভাবে টাকা রাখা দরকার যার ফলে এরা স্বয়ংভর হয়ে উঠতে পারে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সময় অত্যন্ত কম, আমার মনের বেদনা সেই সঙ্গে সঙ্গে সমগ্র জনসাধারনের মনের বেদনা প্রকাশ করবার সুযোগ দেওয়া হ'ল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পঞ্চায়েতের কি অবস্থা দেখুন। দূর্নীতির দায়ে কৈই মাছের মতো সব পঞ্চায়েত প্রধান ধরা পড়েছে। বিশেষ করে এই বামফ্রন্ট সরকারের প্রধান শরিক সি. পি. এম-এর গ্রাম পঞ্চায়েত প্রধানরা ধরা পড়েছে। এই ধরনের ঘটনা কোন দিন পশ্চিমবাংলার ইতিহাসে তথা ভারতবর্ষের ইতিহাসে ঘটেনি। কৈই মাছের মতো যারা ধরা পড়েছে তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয় নি। এখানে আরো যে সমস্ত রাঘোববোয়াল আছে তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া সম্ভব হয় নি। দূর্নীতি সমস্ত জায়গায় চলছে। এই দূর্নীতি বন্ধ করার কোন প্রয়াস এই সরকারের নেই, দায়িত্ব বলে কিছু নেই। প্রশাসন বলতে এই রাজ্যে কিছু নেই। আমাদের এলাকায় ধনকৈল হইতে রাধিকাপুর ভায়া ডালিমগা পর্যন্ত রাস্তাটি ভাঙ্গা ইটের তৈরী। এই রাস্তাটি এখনো এই অবস্থায় পড়ে আছে। এই রাস্তা দিয়ে অগনিত মানুষ যাতায়াত করে। এই রাস্তাটি তৈরী করার ব্যাপারে এখনো কিছু করা হয় নি। সুতরাং রাজ্যপালের ভাষনের তীব্র বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনটবর বাগদী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই রাজ্যপালের ভাষণকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এই জন্য যে এই ভাষণে বলা আছে পশ্চিমবাংলার প্রায় ১ কোটির মতো আদিবাসী ও হরিজন উপকৃত হয়েছে, তারা অন্ততঃ আশ্রয় পেয়েছে। যারা এতো দিন কংগ্রেস আমল থেকে মুখ তুলে কথা বলতে পারেনি এবং এমন একটা দিন ছিল যে দিনে তারা শোষিত হয়ে এসেছে, আজ তারা তাদের সম্মান পাচ্ছে। এই শোষিত এবং নিপীড়িত মানুষদের জন্য এই সরকার সংগ্রাম করছে এবং তাদের জীবন যাপনের সুযোগ সুবিধা বাড়িয়ে দিচ্ছে। তার প্রতিফলন এই ভাষনের মধ্যে সুস্পষ্ট ভাবে তুলে ধরা হয়েছে। এই জন্য আমি এই ভাষণকে অভিনন্দন জানাই। এই সরকার আদিবাসী এবং তফশীলি জাতি এবং উপজাতিদের জন্য যে সমস্ত উন্নয়ন মূলক কাজগুলি করেছেন, তার ফল স্বরূপ আজ আর জমিদার এবং জোতদাররা তাদের

উপর অত্যাচার করতে পারছে না, তাদের রুখে দিয়েছেন। সেই তথ্য গুলি আমি এখানে দেবার চেষ্টা করছি। স্যার, আপনি জানেন যে ১৯৭৭ সালের আগে আদিবাসী ছেলেমেয়েদের লেখাপড়া করার জন্য খুব কম সংখ্যক হোষ্টেল ছিল। এই সংখ্যা ছিল মাত্র ২৪টি। এখন আদিবাসী এবং তফশীলি জাতি এবং উপজাতি ছাত্র-ছাত্রীদের জন্য হোষ্টেল সংখ্যা হয়েছে ৩৪টি। এই সরকার আসার পর এই সব জিনিষ হয়েছে। এতো আর্থিক সংকট থাকা সত্বেও তফশীলিজাতি এবং উপজাতির জন্য এই বছর টাকা খরচ করা হয়েছে ৮ কোটি ৭০ লক্ষ টাকা। কিন্তু আগে ১৯৭৬-৭৭ সালে এই ব্যাপারে ব্যয় করা হয়েছে ৪ কোটি ৪১ লক্ষ টাকা। বিরোধী পক্ষের সদস্যরা বলেছেন যে বেকারদের কেন বেকার ভাতা দেওয়া হয়। ২-৩ দিন আগে মাননীয় সদস্য অতীশ চন্দ্র সিন্‌হা বলেছিলেন যে এই কৃষকদের কৃষকভাতা দিয়ে কি হচ্ছে। আমি বিরোধী পক্ষের নেতাদের বা সদস্যদের বলি আপনারা তো এই কৃষকদের নিয়ে অনেক চোখের জল ফেলেছেন। এই অর্থ-নৈতিক সংকটের মুখে পড়ে গ্রামের কৃষকদের কি অবস্থা সেটা গ্রামে গেলে দেখতে পাবেন। সেখানে বড় কৃষকদের আজ কি পরিণতি হয়েছে গ্রামে গেলে দেখতে পাবেন। আজ বড় কৃষকরা মাঝারি কৃষকে পরিণত হয়েছে, মাঝারি কৃষকরা ছোট কৃষকে পরিণত হয়েছে, ছোট কৃষকরা আজ নিঃসম্বল হতে বসেছে। তারা আজ কোদাল কাটারি নিয়ে দিন মজুর খাটতে যাচ্ছে। তাদের জীবন আজ বিপন্ন। এই সরকার তার সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে তাদের ৫০ টাকা করে যদি দিয়ে থাকে তাহলে অপরাধটা কিসের? আপনারা কি চান যে তারা একটা ভাঙ্গা টিনের পাত্র নিয়ে ভিক্ষ্যা করুক? আমরা তাদের সংগঠিত করে এই সমাজ ব্যবস্থার মুখে দাঁড়িয়ে সংগ্রাম করতে চাই। এই বামফ্রন্ট সরকার সব সময় এই সংগ্রামের সামনে থাকবে। মাননীয় সদস্য কাশিনাথ মিশ্র মহাশয় বলেছেন যে আমাদের পশ্চিমবাংলার সৌভাগ্য গনিখান সাহেব আমাদের রেল মন্ত্রী। আমরা পুরুলিয়া থেকে পায়ে হেঁটে একটা দাবী জানাবার জন্য তাঁর কাছে গিয়েছিলাম। আমাদের দাবী ছিল অত্যন্ত সামান্য। সেটা হলো আমরা যাতে কলকাতায় আসতে পারি তার জন্য একটি এক্সপ্রেস ট্রেনের ব্যবস্থা করা হয়। কিন্তু আমাদের এই দাবী পূরণ হয় নি।

[7-00—7-10 P.M.]

ওখানে তাঁরা অঙ্গীকার করেছিলেন, আজ পর্যন্ত তাঁরা তা পালন করেন নি। জানিনা, তাঁরা সেই প্রতিশ্রুতি রক্ষা করবেন কিনা। পরিশেষে আর একটা কথা বলতে চাই, যা রাজ্যপালের ভাষণের ২ নং পাতায় বলা হয়েছে, অনুন্নত এলাকার উন্নয়নের কথা, পার্বত্য এলাকার—ঝাড়গ্রাম এলাকার—উন্নয়নের কথা। আপনার মাধ্যমে অধ্যক্ষ মহাশয় বলতে চাই যে, সেন্ট্রাল গর্ভণমেণ্ট ইতিমধ্যেই ৩০টি জেলাকে খরাপ্রবন এলাকা বলে ঘোষণা করেছেন ও সহযোগীতা করেছেন। আমি অনুরোধ করব, যাতে আমাদের এলাকাকেও খরা কবলিত এলাকা বলে ঘোষণা করা হয়

এবং সেখানে খরার যাবতীয় সাহায্য পাওয়া যায় তার ব্যবস্থা করবেন। এই বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Sri Abdul Karim Chowdhury :** मिस्टर स्पीकर सर, आज इस गवर्नर अड्रेस पर जो धन्यवाद प्रस्ताव रखा गया है, उस पर मैं एक बात कहना चाहता हूँ कि ये गवर्नर एड्रेस जो चीफ मिनिस्टर के घर से आया है, यह बिलकुल गलत बातों से भरी हुई है। इट इज फुल अफ अन ट्रूथ एंड बलफ। इस लिए हम इस अड्रेस को असमर्थन देते हैं और असमर्थन करते हुए कुछ कहना चाहते हैं। मिस्टर स्पीकर सर हम यह कहना चाहते हैं कि इस अड्रेस में कहा गया है पूरे बंगाल में खून अत्याचार में कमी आयी है। एक सफेद झूठ आपने दिखाया है।

हमारे इलाके में जाकर देखिये वहाँ की क्या हालत है। सी॰ पी॰ एम॰ पार्टी के लोग तरह-तरह के जुल्म गाँववालों पर करते हैं। रामगंज अलीपुर पंचायत में एक व्यक्ति का नाम है फूलावारी। उस आदमी की उम्र अस्सी वर्ष है। उस आदमी को घर से बाहर निकालकर पंचायत मेम्बरों के आर्डर पर पीटा गया। और बड़ी बेदर्दी के साथ पीटा गया। पेड़ से बाँदाकर मारा गया, बेहोश हो गया। वहाँ के लोगों ने उसकी जान बचायी। ये बातें आज हमारे इलाके में हो रही हैं।

हारवेस्टिंग टाईम में चासियों को उनकी जमीन पर सी॰ पी॰ एम॰ के लोग जाकर कहते हैं कि धान कटने नहीं देंगे। सी॰ पी॰ एम॰ के लोगों का कहना है कि पार्टी ज्वाईन करो तो धान मिलेगा। उन किसानों से विज्ञप्ति ली गई है। जब किसानों ने कहा कि हम सी॰ पी॰ एम॰ पार्टी ज्वाईन करते हैं तब धान काटने दिया गया। ये जुल्म नहीं है क्या ?

मिस्टर स्पीकर सर सी॰ पी॰ एम॰ पार्टी के लोग यह कहते है कि यह गरीबों की सरकार है। गरीबों की मलाई कर रही है, मगर ये सरकार झूठ है। ये सरकार दंगाबाज, मतलबी है। हमारे इलाके के लोगों को कोई फैसिलिटी नहीं है। आपकी पार्टी ने जो वादा किया था कि उर्दू जवान को आफिसियल लैंगवेज का दर्जा देंगे। अंसारी साहब ने इसके बारे में क्वेश्चन भी किया था। आपकी सरकार ने जबाब दिया था कि उर्दू जी नौंट :रिकगनाइज्ड एज एन आफिसियल लैंगव्येज। उर्दू एकाडमी बोलकर आपने मोहम्मद मोहसिन स्क्वार में उसकी बिल्डिंग के लिए फाउन्डेशन स्टोन भी रखा था लेकिन आजतक उर्दू एकाडमी की अपनी बिल्डिंग नहीं बन सकी। वह जमीन खाली पड़ी हें और वहाँ पर गंदगी फैली हुई है। उसको पायखाना घर बनाकर रखे हुए हैं।

सरकार का कहना था कि जहाँ-जहाँ पर प्राईमरी स्कूलों में उर्दू भाषा-भाषी है वहाँ पर उर्दू में पढ़ाई होगी। लेकिन आप अच्छी तरह से जानते हैं कि इस्लामपुर इलाका जो बिहार से ट्रांसफर होकर बंगाल में आया है वहाँ के लोग उर्दू बोलते हैं। बहुत से लोग उर्दू जानते भी हैं और बोलते

भी हैं लेकिन आजतक उनके लिए स्कूलों में उर्दू को मंजूरी नहीं दी गई। यो तो हजारों स्कूलों को मंजूरी दी जाती है फिर भी उर्दू भाषा-भाषियों के लिए उर्दू स्कूलों को मंजूरी नहीं दी जाती।

आपने कहा था कि जहाँ-जहाँ पर सरकारी आफिसे हैं और उन इलाकों में उर्दू बोलनेवाले हैं तो उन आफिसों में उर्दू में एप्लिकेशन लिए जायेंगे। लेकिन आजतक उन आफिसों में उर्दू नोईंग वलर्क एप्वाइंटेड हुआ और न तो उर्दू नोइंग आफिसर ही एप्वाइंट हुआ। यह बलक नहीं है तो और क्या है? इसलिए इस सरकार को हम बलक मास्टर कहते हैं।

मिस्टर स्पीकर सर हमारे इलाके के लोग ड्रॉट में फंसे हैं और बड़ी मुश्किल से अपना दिन गुजार रहे हैं। श्रीमती इंदिरा गांधी ने सेंटर से ३८ करोड़ रुपये इनकी मदद के लिए भेजा है लेकिन आप लोगों ने इसे ठीक से खर्चा नहीं किया है। ये रुपये पार्टी के मेम्बरों के पाकिट में चले गये पंचायत के मेम्बरों की पाकेट में चला गया। और हमारे गरीब जो ड्राट में फंसे हैं वे भूखे के भूखे ही रह गये। और वे पैसे कहाँ चले गए। उस रुपये से आप सरकारी कर्मचारियों के बेतन दे रहे हैं और गरीबों को भूखा रख रहे हैं। आप कहते हैं कि हमारी सरकार जनदर्दी सरकार है। हमारे भूखे लोगों के लिए सेंटर ने जो रुपया भेजा है, उसे आप सरकारी कर्मचारियों को दे रहे है।

इन शब्दों के साथ गवर्नर ने जो भाषण दिया है और उस पर जो धन्यवाद प्रस्ताव रखा गया है उसका मैं विरोध करता हूँ।

**শ্রীলালবিহারী ভট্টাচার্য্য:** মাননীয় স্পীকার স্যার, আমি রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে এবং তার উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখতে চাই। আমি প্রথমেই এই বামফ্রণ্ট সরকারকে তথা জনপ্রিয় বামফ্রণ্ট সরকারকে অভিনন্দন জানাচ্ছি এইজন্য যে সারা ভারতবর্ষে যখন সাম্প্রদায়িকতার শক্তি, বিচ্ছিন্নতাবাদী শক্তি এবং প্রাদেশিকতার শক্তি মাথা চাড়া দিয়ে উঠেছে এবং আমাদের সঙ্গতিকে টুকরো টুকরো করে গুড়িয়ে দিচ্ছে তখন পশ্চিমবঙ্গের বামফ্রণ্ট সরকার কৃতিত্বের সাথে বলতে পারে যে এই ঘটনা এখানে আমরা ঘটতে দিই নি। আজকে বিচ্ছিন্নতাবাদ, সাম্প্রদায়িকতা এবং প্রাদেশিকতা সম্বন্ধে বড় বড় যে কথা বলেছেন বিরোধী পক্ষের নেতারা বিশেষ করে কংগ্রেস (আই)-এর নেতারা তাদেরই এই ব্যাপারে প্রত্যক্ষ মদত আছে। আমরা দেখতে পাচ্ছি হাজার হাজার মানুষ কিভাবে খুন হচ্ছে এবং এর পিছনে কংগ্রেস (আই)-এর মদত আছে বলে আমি মনে করি। আমরা দেখতে পাচ্ছি বিহারে এবং পাঞ্জাবে কিভাবে হরিজনদের উপর অত্যাচার হচ্ছে। সেখানে কিভাবে গরীব মানুষের উপর অত্যাচার হচ্ছে—এতে পরোক্ষভাবে কংগ্রেস (আই)-এর হাত আছে।

[7-10—7-22 P.M.]

এবং এসমস্তের মূলে রয়েছে কংগ্রেস আই। পশ্চিমবাংলার আইন শৃঙ্খলা নিয়ে কিছুক্ষণ আগে ডাঃ হৈমী বসু চিৎকার করছিলেন। তিনি কি ভুলে গেছেন আইন শৃঙ্খলা যদি না থাকতো

তাহলে দলীয় কোন্দল থেকে তাঁর প্রাণ রক্ষা করা যেত না। তিনি থাকলে তাঁকে অনুরোধ করতাম তাঁর গায়ের জামাটা একবার খুলে দেখাতে তাহলে আপনারা দেখতেন কত জায়গায় সিগারেটের ছেঁকার দাগ। কারা এ কাজ করলো। বিরোধী পক্ষের নেতা সাত্তার সাহেব পুলিশ খাত সম্বন্ধে বলে ডাঃ রায়ের কথা বলে বললেন তখন ২০ কোটি টাকার জন্য আমরা হৈ চৈ করেছিলাম। সে সময়ের ২০ কোটি এখন কত টাকা হতে পারে? এ সব তাঁর জানা উচিত ছিল। পঞ্চায়েতের কথায় তাঁদের গায়ে জ্বালা ধরে। পঞ্চায়েতের কৃতিত্ব আজ পশ্চিম বাংলার সমস্ত মানুষের মন জয় করেছে। ইতিপূর্বে বন্যায় পঞ্চায়েত কিভাবে বন্যার মোকাবিলা করেছে তা সকলেই জানে। আজকে যে খরার দাপট চলছে তাতে সরকার চেষ্টা করছেন কিভাবে মানুষকে বাঁচান যায়। অথচ অতি লজ্জার কথা যে পশ্চিমবাংলার মানুষ হয়ে বিরোধীপক্ষের সদস্যরা দিল্লীতে গিয়ে বলে আসছেন পশ্চিমবাংলার টাকার দরকার নেই। পশ্চিমবাংলার মা বোনেরা যখন খরার জন্য খেতে পাচ্ছে না তখন তাঁরা এসব কাজ করছেন। সংবিধান অনুসারে ভারতীয় যুক্তরাষ্ট্রের কোন অংগ রাজ্যে যদি প্রাকৃতিক দুর্যোগ হয় তাহলে তার দায়িত্ব গ্রহণ করবে কেন্দ্রীয় সরকার। আমরা মিনিমাম হিসেব দিয়ে বলেছি ২৫০ কোটি টাকা দিতে হবে, তার পরিবর্তে তাঁরা মাত্র ৫২ কোটি টাকা দিয়েছেন। এখন চেষ্টা করছেন কিভাবে পশ্চিমবাংলার মানুষকে না খাইয়ে মারা যায়। আমরা একথা ঘোষণা করতে পারি এই সরকারের পাশে পশ্চিমবাংলার মানুষ আছে। যেভাবে আমরা বন্যার মোকাবিলা করেছিলাম সেভাবে সরকারী ও বেসরকারী সাহায্য নিয়ে আমরা খরার মোকাবিলা করতে পারবো। আমাদের মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন পশ্চিমবাংলার একজন মানুষকে না খেতে দিয়ে মরতে দেওয়া হবে না। রাজ্যপালের ভাষণে তাঁরা নাকি অব্যবস্থা দেখেছেন। তাঁরা তো সব হতাশায় ভুগছেন। কিন্তু রাজ্যপালের ভাষণে সঠিক চিত্র তুলে ধরা হয়েছে। রাজ্যপালের ভাষণে আশার আলো তুলে ধরা হয়েছে বলে এই ভাষণ সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রীবঙ্কিম বিহারী মাইতি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে বক্তব্য আমাদের সভায় রেখেছেন এবং সেই বক্তব্যের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। বিরোধী পক্ষের সদস্য যাঁরা এসেছেন তাঁরা বুদ্ধিমান এবং একদিন মন্ত্রীও তাঁরা ছিলেন, এই রাজ্য তাঁরা পরিচালনা করেছেন। তাঁরা নিজেদের দিকে তাকিয়ে দেখুন সেদিন তাঁরা কি অন্যায় করেছেন দেশের মানুষের উপর। দেশের উন্নয়নের জন্য তাঁরা কতটা কাজ করতে পেরেছেন। সেই দিকে তাকালে আজকে তাঁদের বক্তব্য সমালোচনামূলক না হয়ে সমর্থনসূচক হওয়া উচিত ছিল। রাজ্যপালের ভাষণে এবারে বিরোধী পক্ষের উপর কোন কটাক্ষ করেননি, কেন্দ্রীয় সবকারের উপর কোন দোষারোপ দেননি, কেন্দ্রীয় সরকারের উপর সেইভাবে কটাক্ষ হানেননি। যদি কেন্দ্রীয় সরকারের উপর কটাক্ষ হানতেন তাহলে তাঁদের সমালোচনা যুক্তিসঙ্গত হত। আজকে আইন-শৃঙ্খলার কথা বলেছেন। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল

পর্যন্ত কিভাবে তাঁরা আইন-শৃঙ্খলা বজায় রেখেছিলেন। কত জায়গায় কত লুঠ-পাট হয়েছে, কত গৃহ জলেছে তার যদি পর্যালোচনা করেন তাহলে দেখবেন বামফ্রন্টের আমলে সেই পরিমাণ কোন কিছু হয়নি, শান্তি শৃঙ্খলার সাথে সব কিছু আছে। যেসমস্ত কংগ্রেস শাসিত প্রদেশগুলি আছে সেখানে কিভাবে দুর্নীতি, হিংস্রতা চলেছে, দরিদ্র জনসাধারণ হরিজনদের উপর কিভাবে অত্যাচার চলেছে সেটা সকলেই জানেন। উত্তরপ্রদেশ, হরিয়ানা, পাঞ্জাব, আসামের দিকে যদি তাকিয়ে দেখেন তাহলে আপনাদের মাথা নত হয়ে যাবে। আজকে খবরের কাগজে বেরিয়েছে পাঞ্জাবের যা কিছু দাবি-দাওয়া তার বেশীর ভাগ প্রধানমন্ত্রী মেনে নিয়েছেন। আজকে পাঞ্জাবের দাবীকে মেনে নিয়ে প্রধানমন্ত্রী কি সারা ভারতবর্ষের অখণ্ডতাকে নষ্ট করেননি? আজকে সারা ভারতবর্ষকে খান খান করে দেওয়ার জন্য প্রধানমন্ত্রী যে ভূমিকা নিয়েছেন সেটা আসামে দেখেছেন। আসামে যে ১১/১২ শো মানুষ খুন হল তা তাঁর বক্তব্যের মধ্যে রাখতে পারলেন না। আসামে শ্রীমতী ইন্দিরা গান্ধী পরিচালিত গভর্নর শাসনে কিভাবে এতগুলি লোককে খুন করা সম্ভব হল সেটা যদি দেখেন তাহলে দেখবেন পশ্চিমবঙ্গে সে তুলনায় খুনের সংখ্যা অত্যন্ত কম। সেজন্য আমি মনে করি পশ্চিমবঙ্গে শান্তি শৃঙ্খলা ঠিকই আছে। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে শিক্ষা ব্যবস্থা ব্যাহত হয়েছিল, সমাজ ব্যবস্থা ব্যাহত হয়েছিল, অর্থনৈতিক বিপর্যয় ঘটেছিল। ওঁরা এসে ব্যাঙ্ক ডাকাতি সমর্থন করেছিলেন। ওঁরা যে মস্তান তৈরী করেছিলেন সেই মস্তানরা আজো বিরাজ করছে, তারা খুন, ডাকাতি, রাহাজানি করছে। মেদিনীপুরের কাঁথিতে পঞ্চায়েত নির্বাচন আসছে, ওরা প্রকাশ্যে বোমা রিভলভার নিয়ে লড়াই করার ভূমিকা নিয়েছেন। স্যার, ওরা পঞ্চায়েতের হাতে কোন ক্ষমতা দেননি বলে আজকে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক দিক থেকে এত অবনতি চলেছে। গুজরাট, হরিয়ানায় গিয়ে দেখুন, সেখানে পঞ্চায়েতের হাতে ক্ষমতা গিয়েছিল বলে সেখানকার সাধারণ মানুষ, কৃষক, মজুরদের অর্থ-নৈতিক অবস্থার অনেক উন্নতি হয়েছে। আপনারা পঞ্চায়েতের হাতে ক্ষমতা না দিয়ে নিজেদের হাতে ক্ষমতা নিয়ে নিজেদের ঘর-বাড়ী সম্পদ বানিয়ে নিয়েছেন। গত মন্ত্রী সভায় আমরা যখন ছিলাম তখন আমরা পঞ্চায়েতের হাতে ক্ষমতা দেওয়াটা সমর্থন জানিয়েছি। নিশ্চয়ই এই অধিকার দিয়ে তাঁরা দেশের মানুষের জন্য একটা কাজের মত কাজ করেছিলেন।

সেইজন্য বলছি পঞ্চায়েতের মাধ্যমে যে কাজ হচ্ছে সেটা গরীব মানুষের জন্য, গ্রামের মানুষের জন্য হচ্ছে। আজকে গ্রামের মানুষ দেখতে পাচ্ছে পঞ্চায়েতের ম্যাধমে তাদের সামাজিক উন্নতি হয়েছে, রাস্তাঘাট হয়েছে, পানীয় জলের ব্যবস্থা হয়েছে। মাননীয় রাজ্যপাল বলেছেন, অনেক

উন্নতি হবে। আমিও মনে করি সেই উন্নতি নিশ্চয়ই হবে। এই যে পঞ্চায়েতের নির্বাচন আসছে সেখানে যদি ভাল ভাল লোক দাঁড় করান যায়, ভাল পঞ্চায়েত যদি তৈরী হয় তাহলে নিশ্চয়ই ভাল কাজ হবে। আসুন, আমরা সেই প্রত্যাশা নিয়ে, বিভিন্ন কর্মপন্থা নিয়ে সকলে মিলে ঝাঁপিয়ে পড়ি। গ্রামের মানুষ ভাল লোক চায়, খাঁটি লোক চায়। আমাদের এখানে অনেক বুদ্ধিজীবী আছেন কাজেই আমরা যদি সমবেত হয়ে কাজ করতে চাই তাহলে নিশ্চয়ই ভাল কাজ হবে। রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

জয়হিন্দ।

**Adjournment**

The House was then adjourned at 7-22 P.M. till 1 P.M. on Tuesday, the 1st March, 1983, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 1st March, 1983 at 1 p. m.

**Present**

Mr. Speaker ( SHRI HASHIM ABDUL HALIM ) in the Chair, 15 Ministers, 12 Ministers of State and 159 Members.

[ 1-00—1-10 P. M. ]

**মিঃ স্পীকার ঃ** এখন প্রশ্নোত্তর।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, প্রশ্নোত্তর হওয়ার আগে আমি একটি বিষয় এখানে রাখতে চাই।

**মিঃ স্পীকার ঃ** এটা হয় না। আগে প্রশ্নোত্তর হয়ে যাক তার পর বলবেন। Starred question no. 44 & 45.

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার পুরুলিয়া রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠের গত ৮ মাস ধরে অরাজকতা চলছে। তার বিরুদ্ধে আমরা কয়েকদিন আগে বিধানসভায় বলেছিলাম যে, মুখ্য মন্ত্রীকে ২৮।২।৮৩ তারিখের মধ্যে সেখানে শান্তিশৃঙ্খলা ফিরিয়ে আনতে হবে, স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে হবে। কিন্তু আজ পর্যন্ত তার বিরুদ্ধে কোন কার্যকরী ব্যবস্থা নেওয়া হয় নি। তাই পূর্বঘোষিত সিদ্ধান্ত অনুযায়ী মুখ্যমন্ত্রীর দরজার সামনে অবস্থান ধর্মঘট করতে বাধ্য হচ্ছি। আপনার অনুমতি নিয়ে এই বিধানসভা যতক্ষণ চলবে ততক্ষণ মুখ্যমন্ত্রীর দরজার সামনে টোকেন অনশন ধর্মঘট করছি।

( এই সময় কংগ্রেস আই-এর বেশ কিছু সদস্য পুরুলিয়া রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠের অরাজকতা দূর করতে হবে, মিসনের মধ্যে দলবাজী করতে দেওয়া চলবে না, এই স্লোগান দিতে দিতে সভাকক্ষ ত্যাগ করেন )

# STARRED QUESTIONS

**( To which oral answers were given )**

## পশ্চিমবঙ্গে খরাত্রাণে কেন্দ্রীয় সহায়তা

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪২।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে খরাত্রাণে এ পর্যন্ত (৩১এ জানুয়ারি, ১৯৮৩ পর্যন্ত) কত টাকা কেন্দ্রীয় সহায়তা হিসাবে পাওয়া গেছে ?

## খরাত্রাণে ব্যয়িত টাকার পরিমাণ

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, ১৯৮২-৮৩ সনের ৩১এ জানুয়ারি, ১৯৮৩ পর্যন্ত রাজ্য সরকার খরাত্রাণ বাবদ কত টাকা ব্যয় করিয়াছেন ?

Answer to starred question No. 44.

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ** ৩৯ কোটি টাকা।

Answer to starred quistion no. 45.

৩৫ কোটি ১৯ লক্ষ ৮১ হাজার ৭৩৭ টাকা।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** কেন্দ্রীয় সরকারের কাছে কত টাকা চাওয়া হয়েছিল এবং কি কি পরিকল্পনার মাধ্যমে এই টাকা ব্যয় করা হয়েছে ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** আমরা প্রথম খরা পরিস্থিতি সম্বন্ধে চিন্তা করে ৭৪ কোটি ১৮ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকারের কাছে চাই। কিন্তু খরা পরিস্থিতি আরও ভয়াবহ হওয়ায় আমরা পরে ১১৫ কোটি ৯০ লক্ষ টাকা চেয়েছিলাম।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** কি কি পরিকল্পনার মাধ্যমে খরা ত্রাণের টাকা খরচ করা হচ্ছে ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** ক্ষয়রাতি সাহায্য, পানীয় জল, পুষ্টি প্রকল্প, বীজ সরবরাহ, পশু খাদ্য, কর্ম সংস্থান ইত্যাদিতে ব্যবহার করা হচ্ছে।

**শ্রীসুব্রত মুখার্জি ঃ** খরা ত্রাণের জন্য কেন্দ্রীয় সরকার টোটাল কত টাকা দিয়েছে ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** আপনার প্রশ্নের উত্তরে জানাচ্ছি ইতিমধ্যে আমরা ৩৫ কোটি ১৯ লক্ষ ৮১ হাজার ৭৩৭ টাকা ব্যয় করেছি ।

**শ্রীসুব্রত মুখার্জি ঃ** খরা ত্রাণের জন্য কেন্দ্র খেপে খেপে টাকা দিয়েছে। টোটাল কত টাকা দিয়েছে ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** কেন্দ্র ভাগ ভাগ করে টাকা দিয়েছে। কেন্দ্র ইতিমধ্যে আমাদের অনুদান বাবদ ১২ কোটি ৯০ লক্ষ টাকা দিয়েছে। আর একটা টাকা দিয়েছে, সেটা হচ্ছে ২২ কোটি ৮০ লক্ষ।

**শ্রীসুব্রত মুখার্জি ঃ** মাননীয়া মন্ত্রীমহোদয়া নিশ্চয় ভালভাবেই জানেন এবং আমরাও সকলে সংবাদপত্রের মাধ্যমে বিস্তারিতভাবে জানি যে নিয়ার এ্যাবাউট ৫০ কোটি টাকা খেপে খেপে কেন্দ্র দিয়েছে। আর আপনি যে হিসাবটা দিলেন তাতে দুটো যোগ করলে দেখা যাচ্ছে ৩৭ কোটি টাকার মত হচ্ছে। স্যার, এটা কি রকম হিসাব হচ্ছে ?

**মিঃ স্পীকার ঃ** উনি যা পেয়েছেন সেটা বলে দিয়েছেন।

**শ্রীসুব্রত মুখার্জি ঃ** আপনি খেপে খেপে টাকা পেয়েছেন। আমার পরিষ্কার প্রশ্ন হল আপনি কত টাকা কেন্দ্রের কাছ থেকে পেয়েছেন এবং কত পাবার প্রতিশ্রুতি পেয়েছেন ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** আমরা টোটাল ১১৫ কোটি ৯০ লক্ষ টাকা চেয়েছিলাম এবং ৮৯ কোটি ৬৮ লক্ষ টাকা মূল্যের গম সরবরাহ করতে বলেছিলাম। ১৯৮২ সালের নভেম্বর মাসে আর একটি কেন্দ্রীয় সমীক্ষক-দল এখানে এসে বিভিন্ন জায়গা পরিদর্শন করে কেন্দ্রের কাছে একটা আবেদন পত্র রাখেন। সেই অনুসারে ১৯৮৩ সালে অতিরিক্ত ৩৯ কোটি ৩৫ লক্ষ টাকার অনুদান ঋণ বাবদ দিয়েছেন। কেন্দ্র দফায় দফায় টাকা দিয়েছেন। তারা বিভিন্ন খরা ত্রাণে সাহায্য করেছেন। আমরা চেয়েছিলাম ১১৫ কোটি ৯০ লক্ষ টাকা, আর নির্দিষ্ট হয়েছে ৭৭ কোটি ২৭ লক্ষ টাকা।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনি পেয়েছেন কত ?

**মিঃ স্পীকার ঃ** উনি তো বলেছেন ৩৯ কোটি ৩৫ লক্ষ টাকা পেয়েছেন। এগ্রিকালচার, রিলিফ বা অন্যান্য খাতে কত পেয়েছেন সেটা ওঁর পক্ষে বলা সম্ভব নয়।

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জিঃ** ১১ কোটি ২১ লক্ষ টাকা নির্দ্ধারিত হয়েছে। এগ্রিকালচার, রিলিফ, ক্ষয়রাতি সাহায্য, পানীয় জল, বীজ, পুষ্টি প্রকল্প, গবাদি পশু এবং কর্মসংস্থান ইত্যাদি ব্যাপারেও টাকা পেয়েছি।

[1-10—1-20 P.M.]

**ডাঃ জয়নাল আবেদিনঃ** আমরা সেদিন শুনেছিলাম দুশো কোটি টাকার উপর চাওয়া হয়েছে অথচ উনি আজকে ক্যাটিগরিক্যালি বলছেন ১১৫ কোটি টাকা চেয়েছি। এই যে বিরাট ফারাক ষ্টেটমেণ্ট অব ফ্যাক্টস-এ, এ সম্বন্ধে Let the wholes Cabinet or the Council of Ministers Comeforward and answer this question.

**মিঃ স্পীকারঃ** জয়নাল সাহেব, আপনি তো মন্ত্রী ছিলেন অনেকদিন, আপনি জানেন একটা ডিপার্টমেণ্টের ৪/৫ টা হেড থাকে। উনি রিলিফের ব্যাপারে আছেন। একটা হেডে ১০ কোটি হতে পারে, ২০ কোটি হতে পারে। She is concerned with her department only, not the whole department.

**ডাঃ জয়নাল আবেদিনঃ** I have not put any question to the Chair, I seek your protection whether the entire Council of Ministers would come forward to answer this question. এখানে একাধিকবার বলা হয়েছে যে এই রাজ্যের খরা ত্রাণের ব্যাপারে ২শো কোটি টাকা চাওয়া হয়েছে অথচ উনি বলছেন, ১১৫ কোটি টাকা চেয়েছি। স্যার, আই রাইজ অন এ পয়েণ্ট অব অর্ডার।

**মিঃ স্পীকারঃ** This is not a question of point of order.

**ডাঃ জয়নাল আবেদিনঃ** I am putting this question.

**মিঃ স্পীকারঃ** The question is irrelevant. She is not talking of the whole department. Only she can talk about her department. She has giving her reply. She is not concerned with other departments.

**ডাঃ জয়নাল আবেদিনঃ** আমি জিজ্ঞাসা করছি, খরার এফেক্টটা লিং মান্থসে আরো ব্যাপক ভাবে এসে যাবে। আপনাদের এই দেওয়া নেওয়াটার মধ্যে যদি ৩১শে মার্চের মধ্যে কোন

সীমাবদ্ধতা থেকে থাকে তাহলে এই দুটির মধ্যে কো-অর্ডিনেশান করার কথা কি ভাবে আপনারা চিন্তা করছেন। How you coordinate your effort to fight against distress in lean months ?

**মিঃ স্পীকার:** No need to reply this question. This question does not relate to the original question.

**শ্রীদেবপ্রসাদ সরকার:** মাননীয় মন্ত্রীমহোদয়া জানাবেন কি, খরা ত্রাণের টাকা অন্য কোন ব্যাপারে ডাইভার্টেড হচ্ছে কিনা ? আমরা শুনছি, সরকারী কর্মচারীদের বেতন দেবার জন্য খরার ত্রাণের টাকা নেওয়া হচ্ছে—মাননীয়া মন্ত্রীমহোদয়া জানাবেন কি, একথা সত্য কি না ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী:** অন্য কোন বাবদে ডাইভার্টেড হয়নি।

**শ্রীকাশীনাথ মিশ্র:** প্রবলেম ভিলেজ হিসাবে যেগুলি চিহ্নিত হয়েছে সেখানে পানীয় জলের ব্যবস্থার জন্য কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছেন, আমার জিজ্ঞাস্য, সেই টাকাটা এর সঙ্গে যুক্ত আছে কি ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী:** এ প্রশ্ন ওঠে-না। খরাপীড়িত এলাকা যেগুলি সেগুলির টাকা সেইভাবে বণ্টন করে দিয়েছি।

**শ্রীকাশীনাথ মিশ্র:** প্রবলেম ভিলেজ হিসাবে কতকগুলি গ্রাম চিহ্নিত হয়েছে সেটা জানেন কি ?

### পশ্চিমবঙ্গে আলু চাষ

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭০।) **শ্রীতারকবন্ধু রায়:** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালে পশ্চিমবঙ্গে মোট কত একর জমিতে আলু চাষ হয়েছে ;

(খ) উক্ত সালে মোট আলু উৎপাদনের পরিমাণ কত ; এবং

(গ) ইহা কি সত্য যে, প্রয়োজনীয় সংখ্যক "হিমঘর"-এর অভাবে পশ্চিমবঙ্গের আলু অন্য রাজ্যের হিমঘরে রাখা হয় ও পরে ঐ আলু বাড়তি দামে বিক্রয়ের জন্য এ রাজ্যে ফিরিয়ে আনা হয় ?

**শ্রীকমলকান্তি গুহ :** (ক) পশ্চিমবঙ্গে ১৯৮২-৮৩ সালে আনুমানিক ১ লক্ষ ৪৪ হাজার হেক্টর জমিতে আলু চাষ হইয়াছে।

(খ) আলুর উৎপাদনের পরিমাণ আনুমানিক ২২ লক্ষ টন হইবে বলিয়া আশা করা যাইতেছে।

(গ) না ; ইহা সত্য নয়।

**শ্রীতারকবন্ধু রায় :** মাননীয় মন্ত্রীমহোদয় দয়া করে জানাবেন কি, পশ্চিমবঙ্গে আরো কয়েকটি হিমঘর চালু করার যে প্রস্তাব আছে তা কবে নাগাদ কার্যকরী হবে ?

**শ্রীকমলকান্তি গুহ :** হিমঘরের জন্য দু' ধরনের প্রস্তাব থাকে। একটা হচ্ছে, বেসরকারী ভাবে হিমঘর স্থাপন, আর একটা হচ্ছে, সমবায় সমিতির মাধ্যমে হিমঘর স্থাপন। বর্তমানে সমবায় সমিতির মাধ্যমে ২৪টি হিমঘর করার প্রস্তাব আছে, তার মধ্যে ১৮টির কাজ শুরু হয়ে গেছে, বাকি ৬টির কাজও শীঘ্র শুরু হবে বলে আশা করছি।

**শ্রীতারকবন্ধু রায় :** মাননীয় মন্ত্রীমহোদয় দয়া করে জানাবেন কি, জলপাইগুড়ি এবং কুচবিহার জেলায় হিমঘর করার যে প্রস্তাব আছে তা বাস্তবায়িত হতে কত দিন সময় লাগবে ?

**শ্রীকমলকান্তি গুহ :** জলপাইগুড়ি এবং কুচবিহারে সমবায়ের মাধ্যমে হিমঘর করার কোন প্রস্তাব আমাদের কাছে নেই, কুচবিহারে দুটি বেসরকারী হিমঘর করার প্রস্তাব এসেছে, আমরা সেগুলি অনুমোদন করে দিয়েছি।

**শ্রীকাশীনাথ মিশ্র :** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, বাঁকুড়া জেলার সিমলাপাল থানার বিক্রমপুরের হিমঘরটি দীর্ঘদিন বন্ধ আছে, সেটি খোলার কোন বন্দোবস্ত করেছেন কি ?

**শ্রীকমলকান্তি গুহ :** মাননীয় সদস্য এটা আমাকে আলাদাভাবে জানাবেন, আমি খোঁজ-খবর নিয়ে বলব।

**ডাঃ ওমর আলী :** মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয়ই জানেন যে, যখন আলু চাষীরা আলু তোলে তখন আলুর দাম কম থাকে, পরে দাম বেড়ে যায়। আলু চাষীদের এই ক্ষতিপূরণ করবার জন্য পরিপোষক মূল্য নির্ধারণ করে সরকারের পক্ষ থেকে আলু কেনবার কোন পরিকল্পনা গ্রহণ করেছেন কি ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** আমরা পরিকল্পনা নিয়েছি সমবায় সমিতির মাধ্যমে ১২,৭৭,৮২ টাকা মূল্যে আলু কেনা হবে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** এই রাজ্যের আলুর ঘাটতি পূরণের জন্য আপনারা অন্য রাজ্য থেকে আলু কেনার জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করছেন কি ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** এই রাজ্যে আলুর কোন ঘাটতি নেই। আমাদের রাজ্যে মাসে দেড় লক্ষ টন আলু লাগে। মাননীয় সদস্য বোধ হয় জানেন যে, এবারে আমরা ২২ লক্ষ টন আলু হবে বলে আশা করছি।

## পশ্চিমবঙ্গের কারাগারগুলিতে দুর্নীতি, অব্যবস্থা ইত্যাদি দূর করার ব্যবস্থা

*৪৭। ( অনুমোদিত প্রশ্ন নং *৮১। ) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের কারাগারগুলিতে দীর্ঘদিনের দুর্নীতি, অব্যবস্থা ও কয়েদীদের সাথে অমানবিক আচরণ ইত্যাদি দূর করার বিষয়ে সরকার চিন্তা করছেন ; এবং

(খ) সত্য হ'লে, প্রথম বামফ্রণ্ট সরকার এই রাজ্যে ক্ষমতায় আসার পর থেকে অদ্যাবধি এই উদ্দেশ্যে কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** (ক)+(খ) সম্পর্কে—

বর্তমান সরকার ক্ষমতাসীন হওয়ার পর কারাগারগুলির উন্নতি বিধানার্থে অনেক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(১) কারাপ্রশাসনে অধিকতর অংশগ্রহণের সুবিধার জন্য বিভিন্ন কেন্দ্রীয়, জেলা এবং বিশেষ কারাগার সমূহে কয়েদীদের দ্বারা নির্বাচিত পঞ্চায়েত প্রথা চালু করা হয়েছে।

(২) বন্দী ও কারাকর্মীদের জন্য প্রয়োজনীয় বিভিন্ন দ্রব্যাদির অধিকাংশই সরকারী অথবা সরকার নিয়ন্ত্রিত সমবায় সমূহের কাছ থেকে ক্রয় করা হচ্ছে।

(৩) চিকিৎসার সুবিধার্থে জলপাইগুড়ি জেলা কারাগার এবং প্রেসিডেন্সী কেন্দ্রীয় কারাগারে নূতন হাসপাতাল নির্মাণ করা হয়েছে।

(৪) কয়েদীদের মজুরী বৃদ্ধি ও বিচারাধীন বন্দীদের জন্য কাজের বিনিময়ে পারিশ্রমিকের ব্যবস্থা করা হয়েছে।

(৫) বন্দীদের দেখাসাক্ষাতের জন্য অধিকতর সুবিধা দেওয়া হয়।

(৬) অল্পমেয়াদী ছুটি ( Short leave ) এবং অস্থায়ী মুক্তি ( Temporary Release ) উদারভাবে মঞ্জুর করা হচ্ছে।

(৭) বারাসতের সংশোধনী ভবনে নিরাশ্রয় শিশুদের রাখা হচ্ছে এবং তাদের শিক্ষা ও মনোরঞ্জনের সুবিধাদি উদারভাবে দেওয়া হচ্ছে।

(৮) মহিলা বন্দীদের জন্য একটি পৃথক কারাগারের পরিকল্পনা নেওয়া হয়েছে।

(৯) কলকাতার কারাগার সমূহে দূরদর্শন যন্ত্র স্থাপন করা হয়েছে।

ইহা ব্যতিরেকে, কারাগারগুলির ব্যবস্থা মৌলিকভাবে পরিবর্তনের জন্য 'কারাবিধি সংস্কার কমিটি' গঠন করা হয়েছে। এই কমিটির সুপারিশগুলি এখন বিবেচনাধীন আছে।

[1-20—1-30 P. M.]

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, সম্প্রতি মহামান্য হাইকোর্টের বিচারপতি পি. সি. বড়ুয়া পশ্চিমবাংলার কারাগারগুলির দুরবস্থার উদ্বেগ প্রকাশ করে কোন রায় দিয়েছেন কিনা ?

**মিঃ স্পীকার ঃ** This question will not be allowed. Because it is sub-judice matter. So this cannot be discussed here.

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মন্ত্রীমহাশয় কারাগারের ফিরিস্তি দিয়ে বললেন যে, উন্নতি হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, যদি এতই উন্নতি হয়ে থাকে তাহলে দমদম সেন্ট্রাল জেলে গত ৮ই জানুয়ারী সন্তোষ বাগ এবং আরও দুজনের মৃত্যুর কারণ কি ? কয়েদীদের অবস্থা যদি ভালই হয়ে থাকে তাহলে তাদের মৃত্যুর কারণ কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** দমদম জেলে মারা যাওয়া সম্বন্ধে আপনারা জানেন মাননীয় বিচারপতি কোন রকম মন্তব্য করেননি। কাজেই ধরে নেওয়া যেতে পারে এটা সম্পূর্ণ অসত্য।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মন্ত্রীমহাশয় অবগত আছেন কি, বামফ্রন্ট সরকারের আমলে রাজ্যের কারাগারগুলিতে কয়েদীদের সঙ্গে আচার আচরণ, ব্যবহার এবং তাদের অবস্থার অবনতি হয়েছে বলেই এই চুরি, চামারি বেড়েছে ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত জেলে কয়েকবার গুলি চলেছে, লাঠি চলেছে, কিন্তু বামফ্রন্ট সরকারের আমলে কোন জেলে গুলি, লাঠি চলেনি এবং কোন রকম অমানুষিক ব্যবহার করা হয়নি।

**শ্রীদেবপ্রসাদ সরকারঃ** মন্ত্রীমহাশয় জেলের উন্নতির ব্যাপারে বক্তব্য রাখলেন। আমার প্রশ্ন হচ্ছে, ইতিপূর্বে দুজন এম এল এ জেল ভিজিটিং কমিটিতে ছিলেন, সেটা এখনও আছে কি?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** আপনারা বোধহয় জানেন মৌলিকভাবে কারাবিধি সংস্কারের জন্য তারাপদ লাহিড়ীর নেতৃত্বে একটা কমিটি হয়েছিল এবং তাঁরা রায় দিয়েছেন। আমরা এখন নন-অফিসিয়াল ভিজিটর আনার চেষ্টা করছি এবং নূতন করে ক্ষমতা দিয়ে জেইল ভিজিটিং কমিটি নিয়োগ করব।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ** ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত পশ্চিমবাংলার কারাগার-গুলিতে উন্মাদ বন্দীদের মৃত্যু সংখ্যা বলতে পারবেন কি?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** নোটিশ চাই।

## কলিকাতায় পরিশোধিত পানীয় জল সরবরাহ

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩।) **শ্রীমনোহর তিরকীঃ** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা মহানগরীর জন্য বর্তমানে গড়ে দৈনিক কি পরিমাণ (প্ল্যাণ্ট ক্যাপাসিটি) পরিশোধিত পানীয় জল সরবরাহের ব্যবস্থা আছে এবং বর্তমানে বাস্তবে গড়ে কত জল সরবরাহ করা হচ্ছে (৩ মাসের গড়); এবং

(খ) বর্তমান ব্যবস্থার উন্নতি সাধনের জন্য কোন প্রকল্প সরকারের আছে কি?

**শ্রীপ্রশান্ত কুমার শূরঃ** বর্তমানে কলকাতা মহানগরীতে পলতার মাধ্যমে গড়ে দৈনিক ১৫০ (একশ পঞ্চাশ) মিলিয়ন গ্যালন পরিশোধিত পানীয় জল সরবরাহের ব্যবস্থা আছে। এখন গড়ে প্রতিদিন ১৪০ (একশ চল্লিশ) মিলিয়ন গ্যালন পরিশোধিত জল টালা ও পলতার মাধ্যমে সরবরাহ করা হচ্ছে। এছাড়া বৃহৎ ও ছোট নলকূপের মাধ্যমেও পানীয় জল সরবরাহের পরিমাণ দিনে প্রায় ৩০ (তিরিশ) মিলিয়ন গ্যালন। সুতরাং শহরে মোট পানীয় জল সরবরাহের পরিমাণ দিনে প্রায় ১৭০ (একশ সত্তর) মিলিয়ন গ্যালন।

শহরে জল সরবরাহের পরিমাণ বাড়ানোর জন্য গার্ডেনরিচ জল প্রকল্প চালু করা হয়েছে গত ডিসেম্বরে। এখান থেকে আরও ১০ (দশ) মিলিয়ন গ্যালন জল সরবরাহ করা হচ্ছে শহরে ৩৫ মিলিয়ন গ্যালন জল সরবরাহ করা হবে। এছাড়া জল সরবরাহের উন্নতির জন্য আরও অতিরিক্ত কয়েকটি প্রকল্পে হাত দেওয়া হয়েছে। এই প্রকল্পগুলির কাজ পৌরসংস্থা সি. এম. ডি. এ., সি. এম. ডব্লু. এম. এ. যুক্তভাবে রূপায়ণ করছে এবং করবে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** যেসব জায়গায় ডিপ টিউবওয়েল থেকে সরাসরি জল সরবরাহ করা হচ্ছে সেই সমস্ত পানীয় জল অধিকাংশ ক্ষেত্রে অপরিশ্রুত যার জন্য বিপদজনক অবস্থার সৃষ্টি হচ্ছে এ রকম অভিযোগ কি আছে?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** গঙ্গা থেকে যে জল দেয়া হয় তা ক্লোরিন দিয়ে সরবরাহ করা হয় সেটা পানীয় জল হিসেবে ব্যবহার হয় না। গভীর নলকূপের জল স্বাস্থ্যের পক্ষে হানিকর নয়।

**শ্রীআবদুর রউফ আনসারী ঃ** রাজা সুবোধ মল্লিক স্কোয়ারে যে রিজারভার তৈরী করা হয়েছিল তাতে মধ্য কোলকাতার লোক আশা করেছিল প্রচুর জল পাবে, কিন্তু তাদের তা না পাবার কারণ কি?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** আমার মনে হয় ৩।৪ মাসের মধ্যে কাজ শেষ হয়ে গেলে তারা অনেক বেশি জল পাবে।

## ৯২, ৯২/এ রুটে বাস চলাচলের সংখ্যা

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭।) **শ্রীকমলাক্ষ্মী বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বনগাঁ-বাগদা দত্তফুলিয়া ৯২, ৯২/এ বাসরুট কোন সালে মঞ্জুর করা হয়েছিল এবং ঐ সময়ে মোট কতগুলি বাস চলাচল করত ;

(খ) বর্তমানে উক্ত রুটে মোট কতগুলি বাস চলাচল করে ;

(গ) বর্তমানে উক্ত রুটে বাস বাড়াবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(ঘ) থাকলে, কটা বাস বাড়ানো হবে এবং কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**শ্রীরবীন মুখার্জী ঃ** (ক) ৯২, ৯২/এ বাস রুট ১৯৬৭ সালে মঞ্জুর করা হয়। ঐ সময়ে ১৬টি গাড়ীর অনুমতি দেওয়া হয় কিন্তু ১৫টি গাড়ী চালু ছিল।

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত জেলে কয়েকবার গুলি চলেছে, লাঠি চলেছে, কিন্তু বামফ্রন্ট সরকারের আমলে কোন জেলে গুলি, লাঠি চলেনি এবং কোন রকম অমানুষিক ব্যবহার করা হয়নি।

**শ্রীদেবপ্রসাদ সরকারঃ** মন্ত্রীমহাশয় জেলের উন্নতির ব্যাপাবে বক্তব্য রাখলেন। আমার প্রশ্ন হচ্ছে, ইতিপূর্বে দুজন এম এল এ জেল ভিজিটিং কমিটিতে ছিলেন, সেটা এখনও আছে কি?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** আপনারা বোধহয় জানেন মৌলিকভাবে কারাবিধি সংস্কারের জন্য তারাপদ লাহিড়ীর নেতৃত্বে একটা কমিটি হয়েছিল এবং তাঁরা রায় দিয়েছেন। আমরা এখন নন-অফিসিয়াল ভিজিটর আনার চেষ্টা করছি এবং নূতন করে ক্ষমতা দিয়ে জেইল ভিজিটিং কমিটি নিয়োগ করব।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ** ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত পশ্চিমবাংলার কারাগার-গুলিতে উন্মাদ বন্দীদের মৃত্যু সংখ্যা বলতে পারবেন কি?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** নোটিশ চাই।

## কলিকাতায় পরিশোধিত পানীয় জল সরবরাহ

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩।) **শ্রীমনোহর তিরকীঃ** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা মহানগরীর জন্য বর্তমানে গড়ে দৈনিক কি পরিমাণ (প্ল্যাণ্ট ক্যাপাসিটি) পরিশোধিত পানীয় জল সরবরাহের ব্যবস্থা আছে এবং বর্তমানে বাস্তবে গড়ে কত জল সরবরাহ করা হচ্ছে (৩ মাসের গড়); এবং

(খ) বর্তমান ব্যবস্থার উন্নতি সাধনের জন্য কোন প্রকল্প সরকারের আছে কি?

**শ্রীপ্রশান্ত কুমার শূরঃ** বর্তমানে কলকাতা মহানগরীতে পলতার মাধ্যমে গড়ে দৈনিক ১৫০ (একশ পঞ্চাশ) মিলিয়ন গ্যালন পরিশোধিত পানীয় জল সরবরাহের ব্যবস্থা আছে। এখন গড়ে প্রতিদিন ১৪০ (একশ চল্লিশ) মিলিয়ন গ্যালন পরিশোধিত জল টালা ও পলতার মাধ্যমে সরবরাহ করা হচ্ছে। এছাড়া বৃহৎ ও ছোট নলকূপের মাধ্যমেও পানীয় জল সরবরাহের পরিমাণ দিনে প্রায় ৩০ (তিরিশ) মিলিয়ন গ্যালন। সুতরাং শহরে মোট পানীয় জল সরবরাহের পরিমাণ দিনে প্রায় ১৭০ (একশ সত্তর) মিলিয়ন গ্যালন।

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** স্পেসিফিক অভিযোগ পেলে ব্যবস্থা গ্রহন করবো। ইতিমধ্যে কয়েকটা জয়গা থেকে অভিযোগ পেয়েছি।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকারঃ** সরকারী অনাথ আশ্রমে ভর্তির ব্যাপারে কি কি বিষয়ের উপর দৃষ্টি দেয়া হয়?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** দুরকমের শিশু নিবাস আছে। একটা সরকারী নিয়ন্ত্রনে হয়—এর সংখ্যা ২০। আর এক রকম সরকারি অনুদান প্রাপ্ত—তার সংখ্যা ৪০।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকারঃ** এখানে ভর্তির কি নিয়ম আছে?

**মিঃ স্পীকারঃ** ফ্রেস প্রশ্ন করুন।

[1-30—1-40 P.M.]

**শ্রীসরল দেবঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই সমস্ত অনাথ আশ্রমগুলিকে সুষ্ঠু পরিচালনা করার জন্য তদারকি কমিটি গঠন করার কোন পরিকল্পনা আছে কি?

**মিঃ স্পীকারঃ** এটা প্রশ্ন হয় না।

### মেদিনীপুর জেলার কশবা এগরা গ্রামীণ নলবাহী জলসরবরাহ প্রকল্প

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *২০৭।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কশবা এগরা গ্রামীণ নলবাহী জলসরবরাহ প্রকল্পটি চালু করার জন্য কোন নির্দিষ্ট সময় সীমা ছিল কি;

(খ) '(ক)' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে কোন্ বছর উক্ত প্রকল্প চালু করার জন্য লক্ষ্য মাত্রা স্থির ছিল;

(গ) বর্তমান প্রকল্প রূপায়ণের কাজ কবে নাগাদ সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়; এবং

(ঘ) প্রকল্প রূপায়ণের কাজ বিলম্বিত হওয়ার জন্য অতিরিক্ত কি পরিমাণ টাকা খরচ হইবে বলিয়া অনুমান করা যায়?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ১৯৮৩ সালের ডিসেম্বর মাস নাগদ। তবে আগামী এপ্রিল মাস নাগাদ ঐ প্রকল্প থেকে পরীক্ষামূলক ভাবে জল সরবরাহ করা হবে।

(ঘ) এখনই বলা সম্ভব নহে। "রিভাইজড্ এষ্টিমেট" প্রস্তুত হইলে সঠিক হিসাব পাওয়া যাবে।

## দ্বিতীয় হুগলী সেতুর কাজ

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪।) **শ্রীসরল দেব ঃ** পূর্ত (মহানগর উন্নয়ন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দ্বিতীয় হুগলী সেতুর কাজ সম্পন্ন করিতে কত সময় লাগিবে ; এবং

(খ) উক্ত কাজ সম্পন্ন করিতে দীর্ঘ সময় লাগার কারণ কি ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** (ক) ১৯৮৬ সালের মধ্যে সেতুর কাজ সম্পন্ন করিতে হইলে বর্তমান হিসাব অনুযায়ী সেতুর জন্য ১৫৮.৮০ কোটি টাকা প্রয়োজন হইবে। এই অর্থের যোগান নিয়মিত পাওয়া গেলে, সিমেন্ট ও ইস্পাতের সরবরাহ অব্যাহত থাকিলে এবং ঘনবসতিপূর্ণ হাওড়ার শিল্পাঞ্চলে সময়মত জমির দখল পাওয়া গেলে সেতুর কাজ ১৯৮৬ সালের ডিসেম্বর নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায়।

(খ) গোড়ার দিকে দুই বিদেশী পরামর্শদাতার কারিগরি বিষয়ে মতানৈক্য দূর করিতে দীর্ঘ সময় অতিবাহিত হয়। ১৯৭৯ সালে মূল সেতু নির্মাণের কাজ শুরু করার পরও বিদেশ হইতে আমদানীকৃত যন্ত্রপাতি সময়মত না পাওয়ায় কাজের গতি বাধাপ্রাপ্ত হয়। সিমেন্ট ও ইস্পাতের অনিয়মিত সরবরাহ ও কাজের গতিকে বহুলাংশে ব্যাহত করে। কেন্দ্রীয় সরকারের নিকট হইতে অতিরিক্ত ঋণ বরাদ্দের আশ্বাস না পাওয়ায় কাজের সুষ্ঠু পরিকল্পনা করা সম্ভব হইতেছে না এবং এই পরিপ্রেক্ষিতে কাজে গতি স্বাভাবিক ভাবেই মন্থর হইয়া পড়িয়াছে।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে টাকার অঙ্কটা বললেন এটা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই বরাদ্দটা পাওয়ার কথা, না রাজ্য সরকারের বাজেট থেকে অনুমোদিত হবে—এটা জানাবেন কি?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** সমস্ত পরিকল্পনাটাই হলো কেন্দ্রীয় সরকারের ঋণ নিয়ে কাজ করা।

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই কাজ কতটুক্ এ পর্যন্ত শেষ হয়েছে।

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** এই কাজ কলিকাতার দিকের পার্শ্ব-পথ ৪৯ শতাংশ শেষ হয়েছে আর হাওড়ার দিকের পার্শ্বপথ ২২ শতাংশ শেষ হয়েছে। সব মিলিয়ে ৩৩ শতাংশ শেষ হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ১৫৮ কোটি টাকার মতন লাগবে। অরিজিন্যাল প্ল্যানে গর্ভণমেন্ট অফ ইণ্ডিয়া হ্যাড এ্যাগ্রিড টু এ্যাডভান্স লোন্ টু দি একস্টেন্ট অফ ৫৮ কোর্‌স। সংবাদপত্রে দেখছি এর চেয়ে বেশী টাকা কেন্দ্রীয় সরকার ঋণ দিতে সম্মত নয়। এটা কি সত্য ? যদি সত্য হয় তাহলে বিকল্প অর্থ সংস্থানের ব্যবস্থা কি ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** মাননীয় সদস্য ঠিকই বলেছেন। ১৯৭২ সালে যখন প্রকল্পটি প্রস্তুত হয় তখন কেন্দ্রীয় সরকার যা এসটিমেট হয়েছিল ৫৭.১৩ লক্ষ টাকা এটা দিতে প্রস্তুত ছিলেন। কিন্তু আপনারা জানেন, ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত বিশেষ কোন কাজ হয়নি।

আমরা আসার পর ১৯৭৯ সালে মূল সেতুর উন্নতি দেখা যায়। প্রথমে শুনেছিলাম ১৫ কোটি ৮০ লক্ষ টাকা লাগবে, কিন্তু আমাদের সময়ে জিনিষপত্রের দাম এসকেলেসনের জন্য আমরা ১৪১ কোটি ১০ লক্ষ টাকা চেয়েছিলাম। কেন্দ্র ৫৭ কোটি ১৬ লক্ষ টাকা দিতে রাজী আছেন। আমরা ৮৩ কোটি ৯৭ লক্ষ অতিরিক্ত টাকা চেয়েছি। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় কেন্দ্রের অর্থমন্ত্রী মহাশয়ের সাথে এই নিয়ে কথা বলেছেন তাঁরা আমাদের একেবারে নিরাশ করেন নি। আমার মনে হয় এবার সেতুটির উন্নতি হতে পারে।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এই মাত্র বললেন যে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্য্যন্ত ৫৭ কোটি টাকার প্রকল্প ছিল এবং আজকে সেটা এসে দাঁড়িয়েছে ১৫৮ কোটিতে। অর্থ না পাওয়ার জন্য, এই যে ১৯৭২ থেকে ১৯৭৭ বা তার পরের সময়ে কি কি কারণ প্রকল্পটি চালু হল না ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** সে কথা আমি বলতে পারব না। ১৯৭২ সালে শ্রীমতী ইন্দিরা গান্ধী প্রধানমন্ত্রী শিলান্যাস করেন। তারপর থেকে—যে দুজন বিদেশী বিশেষজ্ঞ, একজন ওয়েষ্ট

জার্মানীর এবং একজন গ্রেট বৃটেনের—এসেছিলেন তাঁদের মধ্যে মতানৈক্য হয় এবং সেজন্য কোন কাজই এগোয় নি।

## পশ্চিমবঙ্গে খরার জন্য কৃষি উৎপাদনে ক্ষতির পরিমাণ

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭১।) **শ্রীতারকবন্ধু রায়ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে খরার জন্য কৃষি উৎপাদনের ক্ষতির পরিমাণ কত টাকা ; এবং

(খ) ঐ ক্ষতি পূরণের জন্য এবং ক্ষতিগ্রস্ত কৃষকগণের ত্রাণের উদ্দেশ্যে কি কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে ?

**শ্রী কমলকান্তি গুহঃ** (ক) ১৯৮২-৮৩ সালে খরার দরুন টাকার মূল্যে শস্যক্ষতির মোট পরিমাণ ৬৮১ কোটি টাকা।

(খ) খরায় ক্ষতিপূরণের জন্য এবং ক্ষতিগ্রস্ত কৃষকগণের ত্রাণের উদ্দেশ্যে রাজ্য কৃষি দপ্তর নানাবিধ নিম্নলিখিত প্রকল্প গ্রহণ করেছেন, যেমন—

(১) মোট ৭ লক্ষ ৮ হাজার সংখ্যক বিভিন্ন শস্যের মিনিকিট দেওয়া হয়েছে যার আর্থিক মূল্য ৪ কোটী ৭৪ লক্ষ ৫ হাজার ৬ শত টাকা।

(২) ১৫ কোটী টাকা স্বল্পমেয়াদী কৃষি উপকরণ ক্রয় ঋণ দেওয়া হয়েছে।

(৩) ধানের যৌথ বীজতলা তৈরী করে তার থেকে বীজতলা বিতরণের জন্য মোট ৩৭ লক্ষ ৫০ হাজার টাকা বিভিন্ন জেলায় দেওয়া হয়েছে।

(৪) পঞ্চায়েত সমিতিগুলির মাধ্যমে বিভিন্ন শস্যের বীজ ও চারা বিলির জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে এবং এই জন্য মোট ১ কোটী ২৪ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

(৫) আগামী প্রাক-খরিফ ও খরিফখন্দে যাতে কৃষকদের বীজের অভাব না হয় তার জন্য ইতিমধ্যে ধান ও বিভিন্ন বীজ সংগ্রহ করা হচ্ছে। এর জন্য ইতিমধ্যে ৪ কোটী টাকা বরাদ্দ করা হয়েছে।

(৬) এছাড়া ক্ষুদ্র সেচের নানা ব্যবস্থা নেওয়া হয়েছে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন কৃষকদের ক্ষতিপূরণ দেবার জন্য তিনি কি ব্যবস্থা করছেন ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** এজন্য তো আলাদা কোয়েশ্চেন আছে। আমি আগামী সপ্তাহে জানাব, তবু এখন বলতে পারি যে চাষীদের ক্ষতিপূরণের জন্য কিছু টাকা দেওয়া হয়েছে।

**Shri Ramzan Ali :** Will the Honourable Minister be pleased to state whether minikit is being supplied to the peasants in time ? If not, what steps are being taken by Government to improve the system ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** মিনিকীট ঠিক সময়ে দেওয়া হয়েছে। তবে ঠিক সময়ে না পাওয়ার জন্য ১২০০টি মিনিকীট বিলি করা হয়নি।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন কৃষকদের খরাত্রাণে সাহায্য বাবদ আপনাদের পরিমাণ কত এবং কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছেন তার পরিমাণ কত ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** যে হিসাবগুলি দিয়েছি তার মধ্যে ১৫ কোটি টাকা এসেছে কেন্দ্র থেকে বাকীটা রাজ্য সরকারের।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি—আপনি যে এই ৬১৯ কোটি টাকার কথা বললেন এর ভিত্তিটা কি ? খরার খাতে যে খরচা হয়েছে সেটার ক্যালকুলেট যেটা আছে ক্রপ ওয়াইজ অর এরিয়া ওয়াইজ, ক্রপ ওয়াইজ ব্রেক ডাউনের জন্য টোটাল যা খরচা হয়েছে, টোটাল রিলিফ ১৫ কোটি টাকার আপনারা যে ব্যবস্থাটা নিয়েছেন টু কমব্যাট দি ড্রট, এবং টু ফাইট ডিসট্রেস এতে রাজ্য সরকার কত কোটি টাকা খরচ করেছেন ?

[1-40—1-50 P. M.]

**শ্রীকমলকান্তি গুহ ঃ** আমাদের ক্ষুদ্র সেচ এবং কৃষি দপ্তরের অন্যান্য ব্যাপার নিয়ে খরচ হয়েছে ৪০ কোটি টাকার মত। তার মধ্যে ১৫ কোটি টাকা কেন্দ্রের কাছ থেকে পেয়েছি। ৬৮১ কোটি টাকা হচ্ছে মোট শস্যের ক্ষতি। সবটাই 'বুরো'-র কাছে রয়েছে। নোটিশ দেবেন—আমি বলে দেবো।

## জোরাবাগান এলাকায় পানীয় জল সরবরাহ

৫৭*। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭।) **শ্রীসুব্রত মুখার্জী ঃ** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতার জোড়াবাগান এলাকায় গত কয়েক বছর ধরে পানীয় জল সরবরাহ প্রায়ই বিঘ্নিত হচ্ছে ; এবং

(খ) সত্য হ'লে উক্ত এলাকায় পানীয় জল ঠিকমত সরবরাহের কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বা হচ্ছে কি ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর** : (ক) জোড়াবাগান এলাকায় অতীতে শুধু পলতার জল সরবরাহ করা হত। কিন্তু লোকসংখ্যা বেড়ে যাওয়ার ফলে অতিরিক্ত চাহিদা যোগানোর জন্য এই এলাকাতে বৃহৎ নলকূপ বসিয়ে বাড়তি চাহিদা মেটানো হচ্ছে। যান্ত্রিক গোলযোগের জন্য কিংবা মেরামতির দরুন জল সরবরাহ সাময়িকভাবে বিঘ্নিত হলেও হতে পারে। তবে এটি নিশ্চয়ই সারা বছরের চিত্র নয়।

(খ) চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে পরীক্ষা-নিরীক্ষা, পরিকল্পনা ও তার রূপায়ণও চলেছে সমান তালে। ইতিমধ্যে টালা থেকে একটি ২১" (একুশ ইঞ্চি) নূতন জলের পাইপ বসিয়ে বড়বাজার মহর্ষি দেবেন্দ্র রোডের পুরানো জলের মেন পাইপের সঙ্গে সংযোগ করা হয়েছে এর ফলে শহরের উত্তরে বাগবাজার, শোভাবাজার প্রভৃতি অঞ্চলেরও জল সরবরাহের বেশ উন্নতি হয়েছে। সম্প্রতি জোড়াবাগান ও বড়বাজার এলাকাও এই সংযোজনে বেশ উপকৃত হচ্ছে। আশা করা যাচ্ছে অদূর ভবিষ্যতে আরও বাড়তি জল সরবরাহ করা যাবে এই সব এলাকাতে।

**শ্রীসুব্রত মুখার্জী** : মাননীয় মন্ত্রীমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি কলের ব্যাপারে যা বললেন যে কিছু করবেন, এর আগে আমি বলছি কিছুই করেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি জানেন যে প্রতি বালতি জল ১। ২। ৩ টাকায় কিনতে হচ্ছে। উনি কি এ্যাসিওরেন্স দিতে পারেন যে ঐ অঞ্চলে ডিপ টিউবওয়েল করবেন যাতে টেম্পোরারীলি কিছুটা রিলিফ হতে পারে ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর** : আমি বলছি, মাননীয় সদস্য বলবেন কি কোন জায়গায় দুই তিন টাকায় এক বালতি জল বিক্রী হচ্ছে ? আমি নিজে গিয়ে দেখে আসবো এবং প্রয়োজনে ব্যবস্থা নেবো।

**শ্রীসুব্রত মুখার্জী** : আমি খুশি উনি নিজে গিয়ে দেখতে চাইছেন এবং প্রয়োজনে ব্যবস্থা গ্রহণ করবেন বলে বলেছেন বলে।

## প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকদের মধ্যে মিনিকিট বিতরণ

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *২০৫।) **শ্রীপ্রবোধ চন্দ্র সিংহ** : কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খরা পরিস্থিতির মোকাবিলা করার জন্য রবি মরশুমে রবিশস্য উৎপাদনের জন্য প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকদের মধ্যে কৃষি দপ্তর বিভিন্ন শস্যের মিনিকট বিতরণ করেছেন কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, এই খাতে মোট কত টাকা রাজ্য সরকার ব্যয় করেছেন ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** (ক) হ্যাঁ।

(খ) রবি মরশুমে মিনিকিট খাতে মোট ৪ কোটি ৭৪ লক্ষ ৫ হাজার ৬ শত টাকা রাজ্য সরকার ব্যয় করেছেন।

**শ্রীতারকবন্ধু রায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন এই মিনিকট বিলি করার মাধ্যমটা কি ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** এই মিনিকিট পঞ্চায়েতের মাধ্যমে বিলি করা হয়। মিনিকিট পেতে পারে এমন সব চাষীর নামের লিষ্ট তারা পাঠায় এবং সেই অনুযায়ী কৃষকদের মিনিকিট বিলি করা হয়।

**শ্রীতারকবন্ধু রায় ঃ** এই পঞ্চায়েত মাধ্যম ছাড়া যদি আর কোন মাধ্যমে এই মিনিকট বিলি হয়েছে প্রমাণ করা যায় তাহলে আপনি কি করবেন ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** অনেক সময় দেখা যায় এই পঞ্চায়েত-এর মাধ্যমে বিলি করা যাচ্ছে না বা ঠিকমত হচ্ছে না। তখন এই দপ্তর থেকে সোজাসুজি কৃষি অফিসে মিনিকিট দেওয়া হয় এবং সেখানকার অফিসার নিজেই সেইগুলি বিলি করে দেয়।

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি এই মিনিকিট সাধারণ চাষীকে বিতরণ না করে যারা মিনিকিট পাওয়ার যোগ্য নয় তাদের যদি বিলি করেন তাহলে তার বিরুদ্ধে কি ব্যবস্থা নেবেন এবং তাদের নাম দিলে কি ব্যবস্থা নেবেন ? তার প্রতিকারের জন্য কি ব্যবস্থা নেবেন ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** এই ধরনের কিছু কিছু অভিযোগ আমার কাছে এসেছে। আমি এই নিয়ে তদন্ত করছি। যদি কৃষক ছাড়া অকৃষকদের এই মিনিকিট দেওয়া হয় বা কৃষকদের না দেওয়া হয় তাহলে তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে পঞ্চায়েতের মাধ্যমে এই মিনিকট বিলি করা হয়। কিন্তু ব্লকে যে সমস্ত কৃষি আধিকারিক আছে তাদের রোলটা কি ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** পঞ্চায়েত যে লিষ্ট দেয় এই কৃষি আধিকারিকরা সেইগুলি দেখে। কোথায় এই মিনিকট দেওয়া যেতে পারে, সেচ এলাকায় কতটা দিতে হবে, কোথায় দিতে হবে না এইগুলি দেখে নেন। এবং সেই অনুযায়ী এই মিনিকট বিলি করা হয়।

## বৃহত্তর কলিকাতার বিভিন্ন অঞ্চল কলিকাতা কর্পোরেশনের সহিত যুক্ত করার পরিকল্পনা

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১।) **শ্রীকৃষ্ণধন হালধার ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বৃহত্তর কলিকাতার কোন্ কোন্ অঞ্চল কলিকাতা কর্পোরেশনের সহিত যুক্ত করিবার পরিকল্পনা সরকারের আছে ; এবং

(খ) কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীপ্রশান্ত শূর ঃ** (ক) বৃহত্তর কলিকাতার যাদবপুর সাউথ সুবার্বন ও গার্ডেন রীচ পৌর এলাকা এবং সল্ট লেক টাউনশিপ এলাকা কলিকাতা কর্পোরেশনের সহিত যুক্ত করিবার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

(খ) বঙ্গীয় পৌর আইন ১৯৩২-এর ৬ (১) (খ) ধারা অনুসারে যাদবপুর, সাউথ সুবার্বন ও গার্ডেনরীচ পৌর এলাকা সম্পর্কে যে বিজ্ঞপ্তি তিনটি প্রচারিত হইয়াছে, তদনুযায়ী ১৭-৪-৮৩ তারিখ পর্যন্ত অপেক্ষা করা বাধ্যতামূলক। অতঃপর উক্ত তারিখের মধ্যে প্রাপ্ত আপত্তি সকল বিবেচিত হইবার পর পরিকল্পনাটি কার্যকর করা সম্ভব। এই হিসাব অনুযায়ী ১৭-৪-৮৩ তারিখের পর যথাশীঘ্র পরিকল্পনাটি বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়।

**শ্রীকৃষ্ণধন হালদার ঃ** এই প্রস্তাবে যে খুব ভাল প্রস্তাব এই বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু এই অন্তরভুক্তির ব্যাপারে কোন রাজনৈতিক দল কোন অভিযোগ বা আপত্তি এনেছেন কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** আমি খবরের কাগজে এই ধরনের অনেক আপত্তি আমি দেখেছি। কিন্তু আমার কাছে কোন আপত্তি আসে নি।

**শ্রীঅনিল কুমার মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে যুক্ত করবার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে। কিন্তু কিসের ভিত্তিতে একটি অঞ্চলের সঙ্গে আর একটি অঞ্চল যুক্ত করা হচ্ছে ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** এর কারণ হচ্ছে আপনারা সকলেই জানেন যে কোলকাতা শহরে বর্ত্তমানে যে অবস্থা—প্রায় ৫০ লক্ষ মানুষ বসবাস করে। ৩৫ লক্ষ লোক এই শহরে বাস করে এবং বাকি ১৫ লক্ষ বাইরে থেকে এসে বসবাস করছে। সেই জন্য এই সব অঞ্চলে যে সমস্ত খালি জমি পড়ে আছে সেই গুলি যাতে উন্নতি সাধন করা যায় তার ব্যবস্থা করা হচ্ছে। সেখানে যাতে বাসস্থানের ব্যবস্থা করতে পারা যায়, ব্যবসা-বাণিজ্যের ব্যবস্থা করা যায় এবং অফিস কাছারিগুলি সেখানে যাতে তুলে আনা যায় তার ব্যবস্থা করা হচ্ছে। এই সমস্ত করলে আমার মনে হয় কিছুটা স্বাস্থকর পরিবেশ গোড়ে তোলা যাবে। আবার কিছুটা ঘন বসতি দূর করা যাবে। আর একটা কারণ হলো এর সাথে সাথে এই সমস্ত এলাকা গুলির উন্নতি সাধন করা যাবে।

## জয়নগর-মজিলপুর পৌর এলাকায় জল সরবরাহ প্রকল্প

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩।) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জয়নগর-মজিলপুর পৌর এলাকার জল সরবরাহ (ওয়াটার সাপ্লাই) প্রকল্পটি কোন্ সালে স্যাংশান্ হয়েছে এবং বর্তমানে প্রকল্পটি সম্পূর্ণ হয়েছে কি না (৩১-১-৮৩);

(খ) এই প্রকল্পের জন্য অদ্যাবধি (৩১-১-৮৩) সরকারী অর্থ ব্যয়ের পরিমাণ কত, এবং

(গ) উল্লিখিত কাজ সম্পূর্ণ না হলে কোন্ সালের মধ্যে এই প্রকল্পের কাজ সমাপ্ত করে জনসাধারণের মধ্যে জল বিতরণ করা সম্ভব বলে সরকার মনে করেন?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** (ক) ১৯৭২ সালে। প্রকল্পটির কাজ প্রায় সমাপ্ত হইয়া আসিয়াছে।

(খ) ২১,৬১,১৬৫ টাকা।

(গ) ১৯৮৩ সালে অক্টোবর মাসের মধ্যেই প্রকল্পটি চালু করা যাইবে বলিয়া আশা করা যায়।

[1-50—2-00 P.M.]

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, পৌরসভার জলসরবরাহের কাজে এতবেশী সময়—১১ বছর—লেগে যাবার কারণ কি?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** আমি দেখেছি ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত প্রায় ১১ লক্ষ টাকা খরচ করা হয়েছে। আমি আসার পরে কিছু কিছু টাকা খরচ যে হয়েছে তা আপনারা জানেন। আমি অবশ্য আগে এই দপ্তরের সঙ্গে যুক্ত ছিলাম না, তবে আরবান ওয়াটার সাপ্লাইতে আসার পর

আমি ইদানিং কাজ দেখতে শুরু করেছি। অবস্থা যা ছিল তা দেখে আমি খুব দুশ্চিন্তাগ্রস্ত। এই কাজে এতবেশী সময় যে লাগছে তার জন্য মাননীয় সদস্যের সঙ্গে আমিও একমত।

**শ্রীদেবপ্রসাদ সরকার:** রাজ্যের অন্যান্য ক্ষেত্রে নির্মিয়মান যে সমস্ত জলসরবরাহ প্রকল্প আছে, সেগুলির অবস্থাও যদি এই রকম হয়ে থাকে তাহলে তার প্রতিবিধান কি?

**শ্রীপ্রশান্ত কুমার শূর:** রাজ্যসরকারের আর্থিক সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও পাবলিক হেল্থ ইঞ্জিনিয়ারিং-এর জন্য ১৯৭৭ সালে আমি এসে দেখলাম এ বাবদ মাত্র ৬ কোটি টাকার প্রকল্প আছে। ঐ বছরে বরাদ্দকৃত ১ কোটি টাকার মধ্যে ৫০ লক্ষ টাকা রক্ষণা-বেক্ষণের জন্য। সেই জন্যই ৬ কোটি টাকার প্রকল্প শেষ করতে ১২ বছর লেগে যায়। সেজন্য বলা যায় যে অর্থনৈতিক সংকট একটা গুরুত্বপূর্ণ দিক।

## পশ্চিমবঙ্গের খরা কবলিত জেলা

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায়:** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের কোনো জেলা কি এ পর্যন্ত খরা কবলিত বলিয়া ঘোষিত হইয়াছে?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী:** না, প্রচলিত রিলিফ ম্যানুয়ালের বিধি অনুযায়ী এরূপ ঘোষনা করা হয় না।

**শ্রীসুব্রত মুখার্জী:** এরকম কোন দাবী বিভিন্ন জেলার পক্ষ থেকে উঠেছিল কিনা? ২ নং প্রশ্ন হচ্ছে, জেলা ছাড়া উপজাতি অথবা সেই ধরণের অঞ্চলের ভিত্তিতে কোন ঘোষণা করা হয়েছে কিনা মন্ত্রীমহাশয় জানাবেন কি?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী:** আমরা এই ধরণের খরাগ্রস্ত এলাকা বলে ঘোষণা করি না। আমরা সঙ্গে সঙ্গেই যেহেতু কার্যকরী ব্যবস্থা গ্রহণ করি সেজন্য বিভিন্ন জেলাতে যে খরা হয়েছে সেই সমস্ত এলাকাগুলিতে বিভিন্ন ভাগে সাহায্যও করেছি ও করছি। ইতিমধ্যেই ১৫টি জেলাতে খরা হয়েছে। সেখানে যে সমস্ত ব্যবস্থা নেওয়া দরকার তা আমরা নিয়েছি। যারফলে এই ধরণের কোন দাবীও নেই।

**শ্রীঅনিল মুখার্জী:** কোন জেলাকে খরা হিসাবে বা অ-ঘোষিত এলাকা হিসাবে ধরে নিয়ে কাজ করলে তার সুবিধা বা অসুবিধা কি কি?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ** বৃটিশ সরকারের আমলে তারা বিশেষ এলাকাকে খরা হিসাবে ঘোষণা করত। তারফলে একটা এলাকার লোকের মধ্যে ভয় বা আতংকের সৃষ্টি হত। আমরা সরকারে আসার পর সাহায্যকৃত টাকা দিয়ে কাজ করি, সেজন্য আমাদের বিশেষ এলাকাকে খরা পীড়িত এলাকা বলে ঘোষণা করার প্রয়োজন মনে করি না।

**শ্রীপ্রবোধ পুরকাইত ঃ** রিলিফ ম্যানুয়াল অনুসারে কোন এলাকাকে খরা হিসাবে ঘোষণা করার যে রীতি আছে তাকে সংশোধন করার কোন ইচ্ছা আপনার আছে কি ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ** রিলিফ ম্যানুয়াল সংশোধন করার জন্য একটা মিটিং আমাদের হয়েছে। তার বিবরণ সরকারের বিবেচনার জন্য পাঠানোও হয়েছে, বর্তমানে তা ফিন্যান্-সে পড়ে আছে। সেটা তাড়াতাড়ি ফিরে আসার জন্য আমরা চেষ্টা করছি।

**শ্রীসরল দেব ঃ** খরা পীড়িত ১৫টি জেলার মধ্যে ২৪ পরগণার নাম আছে কি ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ** ২৪ পরগণা জেলার নাম আছে। মাননীয় সদস্যকে বলব, তাঁর ভীত হওয়ার কোন কারণ নেই।

### পশ্চিমবঙ্গে শস্যবীমা চালু করার ক্ষেত্রে রাজ্যসরকারের ব্যয়

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০৬।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে শস্যবীমা প্রকল্প চালু হওয়ার পর থেকে ১৯৮২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত এই প্রকল্প কার্যকরী করার ক্ষেত্রে রাজ্য সরকারকে কোন আর্থিক দায়িত্ব বহন করতে হয়েছে কি ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত সময়ের মধ্যে মোট কত টাকা রাজ্য সরকার এই খাতে খরচ করেছেন ;

(গ) উক্ত সময়ের মধ্যে মোট কতটি কৃষক পরিবার এই প্রকল্পের সুযোগ লাভ করেছেন ; এবং

(ঘ) বিভিন্ন সময় প্রাকৃতিক বিপর্যয়ের জন্য প্রকল্পভুক্ত কৃষক পরিবারগুলি উক্ত সময়ের মধ্যে মোট কত টাকা ক্ষতিপূরণ পেয়েছেন ?

**শ্রীকমল কান্তি গুহ :** (ক) হ্যাঁ, হয়েছে।

(খ) উক্ত সময়ের মধ্যে রাজ্য সবকার মোট এক কোটি ছত্রিশ লক্ষ টাকা এই খাতে খরচ করেছেন।

(গ) উক্ত সময়ের মধ্যে মোট তেতাল্লিশ হাজার নয়শত পঁয়ত্রিশটি কৃষক পরিবার (প্রতি কৃষক পিছু একটি পরিবার হিসাবে) এই প্রকল্পের সুযোগ লাভ করেছেন।

(ঘ) বিভিন্ন সময় প্রাকৃতিক বিপর্যয়ের জন্য প্রকল্প ভুক্ত কৃষক পরিবারগুলি উক্ত সময়ের মধ্যে মোট ছয় লক্ষ বিরাশি হাজার আটশত ষোল টাকা ক্ষতিপূরণ পেয়েছেন।

**ডাঃ ওমর আলি :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, আপনার এই শস্যবীমা প্রকল্পের মধ্যে কটি ব্লক অন্তর্ভুক্ত এবং কি কি ফসল কেনা হয়েছে ?

**শ্রীকমল কান্তি গুহ :** আমাদের ওটা ব্লক হিসাবে হয় না থানা হিসাবে হয়। আমাদের থানার হিসাব দিয়েছি। আমাদের পশ্চিমবঙ্গে যতগুলি থানা আছে তার প্রায় ৪২ পার্শেণ্ট আমরা কভার করেছি।

**ডাঃ ওমর আলি :** নতুন কোন থানা ওই শস্যবীমার আওতায় আনছেন কিনা ?

**শ্রীকমল কান্তি গুহ :** আমাদের রাজ্যসরকারের ইচ্ছা সব কটি থানাই এর অন্তর্ভুক্ত করার কিন্তু এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের অনুমোদন দরকার।

**শ্রীতারাপদ সাধুখান :** আপনারা ১ কোটি টাকা খরচ করে মাত্র ৬ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিয়েছেন তার কারণ কি ?

**শ্রীকমল কান্তি গুহ :** আমরা প্রিমিয়াম দিয়েছি। কেন্দ্রীয় সরকারের জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানির কতকগুলি মাপকাঠি আছে। আমরা প্রিমিয়াম দিয়েছি ১ কোটি ৩৬ লক্ষ টাকা। এর মধ্যে খরচের টাকাও ধরা হয়েছে। এতে ৪৩ হাজার ৯৩৫টি পরিবারকে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। এবং জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি যে প্রিমিয়াম দিয়েছে তার পরিমান ১ কোটির কিছু বেশী।

**শ্রীসুরেশ সিংহ :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, পশ্চিম দিনাজপুর জেলার এই প্রকল্পের অন্তর্ভুক্ত কতকগুলি জেলার পরিবার উপকৃত হবেন ?

**মিঃ স্পীকার ঃ** নোটিশ দিতে হবে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই ৩৩১টি থানা বা ৩২৩টি থানার on what basis you have preferred the selection in certain areas only.

**শ্রীকমল কান্তি গুহ ঃ** কেন্দ্রীয় সরকারের সাথে মিলিত হয়ে ঠিক হয়ে যায় কোন কোন ফসল এই শস্যবীমার আওতায় আসবে। ফসল ধরার পর থানাগুলি ঠিক করা হয়। আমরা নিজেদের ইচ্ছামত থানা অন্তর্ভুক্ত করতে পারিনা। এই ব্যাপারে আমাদের সুপারিশ থাকে। সেগুলি দেখে কেন্দ্রীয় সরকারের জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি ঠিক করে। কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের মিলিত বৈঠকে এটা ঠিক হয়।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** I have received two notices of adjournment motions today.

The first is from Shri Subrata Mukherjee which deals with alleged charges of nepotism and malpractices against Shri Pannalal Majhi, Chairman of West Bengal State Handloom Weavers' Co-operative Society Ltd. The second is from Shri Kashinath Misra which deals with alleged taking away of Constitutional rights of Bankura Christian College by State Government and the situation therein.

Regarding the first motion. the member will have ample opportunity to discuss the matter during the discussion on the Governor's Address. Moreover, Shri Mukherjee has already tabled a notice under rule 194 on the same subject which is being examined by me.

Regarding the second motion also, the member will get the opportunity to discuss the matter during discussion on the Governor's Address.

I, therefore, withhold my consent to both the motions but the members may read out the text of the motion as amended.

[2-00—2-10 P. M.]

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** স্যার, এটা কি হয়েছে ? ৫৬ পাতার একটা রিপোর্ট ৫৬টা শব্দে শেষ করে দিলেন ? আপনি তো মুসোলিনি থেকে সাংঘাতিক হয়ে গেছেন ?

**মিঃ স্পীকার ঃ** আপনি যদি ওটা না পড়েন তাহলে আমি অপর বিজনেসে চলে যাব। আপনার মোশানটা ৫৬ পাতার ছিল না, আপনার মোশানকে এডিট করে দেওয়া হয়েছে, আপনি সেটা পড়ুন।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

শ্রীপান্নালাল মাঝি কর্তৃক পশ্চিমবঙ্গ তন্তুবায় সমবায় সমিতির (তন্তুজ) চেয়ারম্যানের পদাধিকারবলে দুর্নীতি। স্বজনপোষণ। এবং এই দুর্নীতির যে রিপোর্ট……

**মিঃ স্পীকার ঃ** মোশানের বাইরে উনি যা বলেছেন তা এক্সপাঞ্জ করা হ'ল।

এবার আমি কলিং এ্যাটেনশান নিয়ে আলোচনা করছি। আজকে ৫১টি কলিং এ্যাটেনশান পেয়েছি, এক একজন মেম্বার ১২ টা, ১৬টা, ২০টা করে কলিং এ্যাটেনশান দিয়েছেন। কলিং এ্যাটেনশানের যে রুল আছে সেটা না পড়েই মেম্বাররা কলিং এ্যাটেনশান দিয়েছেন, পুরান কথাগুলি আবার কলিং এ্যাটেনশানের মধ্যে চলে আসছে। সমস্ত পার্টির সঙ্গে বসে এই ব্যাপারে একটা পলিসি ঠিক করতে হবে। আজকে যা আছে আমি সেগুলি পড়ে দিচ্ছি।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** স্যার, আমি একটা প্রিভিলেজ মোশান দিয়েছিলাম, তার কি হল ?

**মিঃ স্পীকার ঃ** আমি আমার রুলিং দিয়েছি যে প্রিভিলেজ হয় না।

## CALLING ATTENTION
### To Matter of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received 51 notices of Calling Attention namely :

1. Non-receiving of relief money by Cinema Workers of Birbhum, —Shri Jyotsna Kumar Gupta, M.L.A.

2. Delay in construction of Stadium at Bolepur —Shri Jyotsna Kumar Gupta, M.L.A.

3. Alleged clash between two political parties on appointment of Primary teacher in Coach-Behar —Shri Subrata Mukhopadhyay, M.L.A.

4. Postponement of appointment of Principal, Lecturers and Teachers in Calcutta Madrassa Arabic Deptt. and Anglo Persian Deptt. —Shri Abdur Rauf Ansari, M.L.A

5. Strike of the road transport workers —Shri Abdur Rauf Ansari, M.L.A

6. Alleged failure in supply of filtered water from water Reserveir of Raja Subodh Mullick Square —Shri Abdur Rauf Ansari, M.L.A.

7. Preservation of monument and ancient temples of Bankura —Shri Anil Mukherjee, M.L.A.

8. Discontinuation of mobile traffic court in Calcutta —Shri Anil Mukherjee, M.L.A

9. Reported mal-administration of traffic police in Bankura town —Shri Anil Mukherjee M.L.A.

10. Distribution of water from Kangshabati Project —Shri Anil Mukherjee, M.L.A.

11. Measures adopted by State Govt. for rural electrification in Bankura —Shri Anil Mukherjee, M.L.A.

12. Clash between two groups in the office of the Vice-Chanceller of the Jadavpur University —Shri Chowdhury Md. Abdul Karim, M.L.A.

13. Reported incidents at Howrah Rail shed on 27.2.83 —Shri Anil Mukherjee, M.L.A and Shri Dhirendra Nath Sarkar, M.L.A.

14. Death of B.D.O. at Digha —Shri Chowdhury Md. Abdul Karim, M.L.A.

15. Public demand for a Hospital at Panjipara in West Dinajpur Dist. —Shri Chowdhury Md. Abdul Karim, M.L.A.

16. Wooden Bridge over Ratua river at Thukrabari in Islampur P.S. for public interest. —Shri Chowdhury Md. Abdul Karim.

17. Snatching of Rs. 23000·00 by the anti social elements near of Kidherpore Post office —Shri Dhirendra Nath Sarkar, M.L.A,

18. Alleged misappropriation of P.F. Money of Primary Teachers —Shri Suresh Sinha, M.L.A.

19. Reported forgery of Tickets of National Football match —Shri Suresh Sinha, M.L.A.

20. Pecuniary condition of Central Library of Calcutta University and Asiatic Society —Shri Suresh Sinha, M.L.A.

21. Alleged mal-administration in Dr. B. C. Roy Children's Hospital, Calcutta —Shri Suresh Sinha, M.L.A.

22. Difficulties of weavers' in Bankura District —Shri Kashinath Misra, M.L.A.

23. Scarcity of Drinking water in Bishnupur Municipal Area —Shri Kashinath Misra, M.L.A.

24. Reign of terror in Rajabazar area —Shri Kashinath Misra, Jayanta Kumar Biswas, Shri Abdul Mannan, Shri Anil Mukherjee and Shri Saral Deb, M.L.As.

25. Rehabilitation of Hawkers —Shri Kashinath Misra, M.L.A.

26. Closure of Bidi factories in Bankura —Shri Kashinath Mishra, M.L.A.

27. Non-availability of essential commodities in Ration shops —Shri Kashinath Misra, M.L.A.

28. Reign of Terror in Bankura Town —Shri Kashinath Mishra, M.L.A.

29. Indicial Enquary of the murder of Sudeb Ghatak and Surama Nandy —Shri Kashinath Misra, M.L.A.

30. Deadlock in Bankura Christian College —Shri Kashinath Misra, M.L.A.

31. Dismissal of 13 employees of W.B.S.E.B. —Shri Kashinath Misra, M.L.A.

32. Relief measures for Agriculture Labourers in Bankura —Shri Kashinath Misra, M.L.A.

33. Relief measures for drought affected districts —Shri Kashinath Misra, M.L.A.

34. Deprivation of voting right of 7 lakhs students of Burdwan University in the ensuing election of senate and syndicate —Shri Kashinath Misra, M.L.A.

35. Alleged assault of D.N.O. in Howrah Dist. General Hospital —Dr. Manas Bhunia, M.L.A.

36. Abandon the project of Keleghai river in Midnapore Dist. —Dr. Manas Bhunia, M.L.A.

37. Alleged lathicharge on a nob of cultivators in Chinsurah —Dr. Manas Bhunia, M.L.A.

38. Misterious death of B.D.O. (Khejuria Block) in Midnapore —Dr. Manas Bhunia, M.L.A.

39. Alleged corruption in Handloom Co-operative Societies —Dr. Manas Bhunia, M.L.A.

40. Scarcity of drinking water in rural areas of Midnapore Dist. Dr. Manas Bhunia, M.L.A.

41. Anarchy prevails in Jadavpur University —Dr. Manas Bhunia, M.L.A.

42. Negligence of the State Govt. install of Shallow Tubewell —Dr. Manas Bhunia, M.L.A.

43. Non-availability of Life saving drugs in Calcutta Hospital —Dr. Manas Bhunia, M.L.A.

44. Alleged death of adequate X-Ray machines in N.R.S. Medical College and Hospital —Dr. Manas Bhunia, M.L.A.

45. Alleged tardy move by State Govt. to install shallow tubewells in Sabang for S.C. & S.T. —Dr. Manas Bhunia, M.L.A.

46. Alleged reluctant attitude of State Govt. towards implementation of I.R.D.P. and I.T.D.P. in Midnapur —Dr. Manas Bhunia, M,L.A.

47. Unemployment of agricultural workers in West Dinajpur —Shri Dhirendra Nath Sarkar, M.L.A.

48. Suicide of a B.D.O. of Khejuri Block, Midnapore —Shri Dhirendra Nath Sarkar, M.L.A.

49. Reconstruction of Wooden Bridge on Chhiramati, West Dinajpur Shri Dhirendranath Sarkar, M.L.A.

50. Clash between two groups of students in the Vice-Chancelor's room of Jadavpur University —Shri Dhirendranath Sarkar, M.L.A.

51. Deprivation of students belonging to S.C. and S.T. of West Dinajpore from having stipend and other financial benifits —Shri Dhirendra Nath Sarkar, M.L.A.

**Mr. Speaker :** I have selected the notice of Shri Chowdhury Md. Abdul Karim, M.L.A., on the subject of Clash between two groups in the office of the Vice-Chancellor of Jadavpur University.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

Shri Patit Paban Pathak : Sir, on 10th March, 1983.

**শ্রীনীরোদ বরণ চৌধুরী ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজকে সভার সুরুতে বিরোধী দলের মধ্যে একটি দল হাউস থেকে বেরিয়ে গেলেন এবং যাবার সময় বলে গেলেন আমরা ওয়াক আউট করছি। ওঁদের আর একদল হাউস থেকে বেরিয়ে যাননি এবং আমি মনে করি তাঁরা ভাল কাজই করেছেন। তাদের কাছে আমার অনুরোধ, ওঁরা বাইরে গিয়ে দুই দলে মারামারি করে আইন শৃংখলা যেন ব্যাহত না করেন। ওঁদের মধ্যে যে কোন্দল এবং বিরোধ আছে এটা আমরা ভালভাবেই দেখলাম।

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় স্পীকার মহাশয়, একটু আগে মাননীয় সদস্য নীরোদবাবু যে কথা বললেন তার উত্তরে জানাচ্ছি আমাদের মধ্যে কোন বিরোধ বা কোন্দল নেই। সভা সুরু হবার আগে সত্য বাপুলি মহাশয় আপনাকে একটা কথা বলবার চেষ্টা করছিলেন কিন্তু সেটা বলতে না পারার জন্য তিনি আমাদের আরও কয়েকজন সদস্যকে নিয়ে মুখ্যমন্ত্রীর ঘরের সামনে অবস্থান ধর্মঘট করছেন। কুচবিহারে আর. এস. পি এবং ফরওয়ার্ড ব্লকে, মারামারি হচ্ছে, অন্যান্য

জায়গায় সি. পি. এম—আর. এস. পি মারামারি করছে তাই আমাদের ক্ষেত্রেও ওঁরা সেই রকম মনে করেছেন। আমাদের মধ্যে কোন বিরোধ নেই। মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় আরও কয়েকজন সদস্যকে নিয়ে মুখ্যমন্ত্রীর ঘরের সামনে বসে আছেন।

[2-10—2-20 P. M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩।৪ দিন আগে হাওড়া……

**মিঃ স্পীকার ঃ** Please sit down. You have abused your time. I cannot help. Now, Shri Kashinath Misra.

## MENTION CASES

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যদিও বার বার এই ব্যাপারে বলছি বার বার রিপিট করছি বটে কিন্তু এখনও কোন বিচার হয় নি বলে এই বিধানসভা যখন চলে তখন আবার সেই কথা বলি। বিচার পাবার জন্যই এই কথা বার বার অবতারণা করছি। আজকে ঐ খৃশ্চান কলেজের কথা বলি বিচারার্থে। এতে যদি আমার কোন অপরাধ হয়ে থাকে তাহলে আপনি আমাকে শাস্তি দেবেন। বাঁকুড়া জেলার খৃশ্চান কলেজটি কি কারণে গত ৮ মাস যাবত বন্ধ হয়ে আছে। সেই বন্ধ হয়ে থাকাটা সরকার বাহাদুর ৩০।১ ধারা অনুসারে সংখ্যালঘু সম্প্রদায় হিসাবে খোলার ব্যবস্থা করতে পারেন। সরকারকে বার বার বলায় তাঁরা বলছেন যে আমরা ব্যবস্থা করছি। আমাদের শিক্ষামন্ত্রী বিধানসভা খোলা থাকা সত্ত্বেও বাইরের লবিতে ষ্টেটমেন্ট দিচ্ছেন। এর একটা বিহিত করুন এই অনুরোধ আমি জানাচ্ছি।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই কলকাতার বুকে গোখেল মেমোরিয়াল কলেজ নামে একটি কলেজ আছে। এই কলেজটি দীর্ঘ দিন ধরে অতি সুনামের সঙ্গে চলছিল। বর্তমানে সেখানে পুঁতি দুর্গন্ধময় অবস্থার সৃষ্টি হয়েছে। সেখানে যে ম্যানেজিং কমিটি আছে সেটা সরকার দ্বারা পরিচালিত নয়। এর প্রেসিডেন্ট হলেন শঙ্কর প্রসাদ মিত্র। সেখানে প্রিন্সিপালের সমস্ত ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে। ম্যানেজিং কমিটির সদস্য যিনি তাঁর কাছ থেকে সমস্ত খাতাপত্র নিয়ে নেওয়া হয়েছে, সমস্ত কিছু কেড়ে নেওয়া হয়েছে। কারণ আমরা জানি সেখানে যে রেকর্ড আছে তাতে অনেক অর্থনৈতিক কারচুপি আছে। যাতে নূতন প্রিন্সিপাল সব কিছু

ফাঁস করে দেয় তাই এই ব্যবস্থা করা হয়েছে। আমি অনুরোধ করবো সরকারের কাছে অবিলম্বে এই ব্যাপারে সরকারের তরফ থেকে হস্তক্ষেপ করা হোক।

**শ্রীশান্তিমোহন রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হুগলী জেলার মগরাতে একটি সমবায় হিমঘর আছে। সেই হিমঘর কয়েক মাস যাবত বন্ধ হয়ে আছে। কি কারণে বন্ধ হয়ে আছে তা জানি না। ফলে সেখানকার কর্মীরা বেকার হয়ে আছে এবং তারা অনাহারে অর্ধাহারে কর্মচ্যুত অবস্থায় রয়েছে। এখানে আলু উঠছে, কিন্তু সেই আলু রাখবার কোন ব্যবস্থা থাকছে না। তাই আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি হস্তক্ষেপ করে যাতে এই হিমঘরটি চালু হয় তার যেন ব্যবস্থা করেন। অন্যথায় ওখানকার চাষীরা ক্ষতিগ্রস্ত হবে এবং কর্মীরাও আরও দুরবস্থার মধ্যে পড়বে।

**শ্রীবনমালী দাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নানুর পঞ্চায়েত সমিতিতে ১১টি গ্রাম পঞ্চায়েত আছে। ১৩৮টি মৌজায় ১৬৩টি গ্রাম আছে। লোক সংখ্যা হল ১ লক্ষ ৪২ হাজার ৮১৫ জন, আর জমির সংখ্যা হল ৭৮ হাজার ৪৮১.১৬ একর আবাদী, অনাবাদী, বসৎ ইত্যাদি সব মিলিয়ে। নানুর এলাকাটি স্বাভাবিক অবস্থায় ময়ুরাক্ষী ক্যানেলের জল ঠিকমত পায় না যেহেতু এই অঞ্চলটি ময়ুরাক্ষী ক্যানেলের একেবারে শেষ প্রান্তে অবস্থিত। ওখানে ৪টি রিভার লিফ্‌ট ইরিগেসান প্রকল্প আছে, কিছু বেসরকারী অগভীর নলকূপ আছে। এই ময়ুরাক্ষী ক্যানেলের জল ঠিকমত না পাওয়ার জন্য এবং সরকারী ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল, লিফ্‌ট ইরিগেসান আরো না বাড়ানোর ফলে এই খরা অবস্থায় রবি মরশুমে কোন চাষাবাদ করা যায় নি এবং অন্য সময় স্বাভাবিক অবস্থায় যে ফসল হয় এবারে তার দুই তৃতীয়াংশ ফসল নষ্ট হয়ে গেছে। ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড, ব্যাঙ্ক এবং নানুর বি. ডি. ও. এই পঞ্চায়েত সমিতির সঙ্গে যদি সহযোগিতা করেন তাহলে অনেক ভাল ফল পাওয়া যাবে। এই বিষয়ে আমি সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ হৈমী বসুঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন সরকারী কলেজগুলিতে নতুন বেতনক্রম চালু হবার ফলে এক অদ্ভুত অবস্থার সৃষ্টি হয়েছে। ১০০ উপর পদ খালি পড়ে রয়েছে। প্রতি সাবজেক্টে ২ জন করে অধ্যাপক নেই, প্রচুর জায়গায় অধ্যক্ষের পদও খালি পড়ে রয়েছে। ১৯৭৩ সালে ইউ. জি. সি.র রেকমণ্ডেসানের ফলে নতুন বেতনক্রম চালু করার সুপারিশ করা হয়। তাতে দেখা যাচ্ছে সরকারী কলেজের অধ্যাপকদের মাইনে কমে গেছে ইউনিভার্সিটির তুলনায়

এবং সরকারী কলেজ, বেসরকারী কলেজের অধ্যাপকদের মাইনে একই আছে। আর একটি জিনিস হচ্ছে সরকারী কলেজের অধ্যাপকদের বদলির ধাক্কা আছে, বেসরকারী কলেজের অধ্যাপকদের সেটা নেই। ফলে ভাল ভাল নামী দামী অধ্যাপকরা হয় বিশ্ববিদ্যালয়, না হয় বেসরকারী কলেজে চলে যাচ্ছেন। এর ফলে সরকারী কলেজগুলিতে ছাত্রছাত্রীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে। এই ব্যাপারে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি সংশ্লিষ্ট বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মিঃ স্পীকার স্যার, মাঝখানে আমরা সংবাদপত্রে দেখলাম মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যেসব সরকারী কর্মচারীর বয়স সীমা অতিক্রম করে গেছে তাদের আর এক্সটেনসন দেওয়া হবে না। কিন্তু আমাদের তরুন মৎস্য মন্ত্রী সম্ভবত ঃ সেটা লক্ষ্য করেন নি। ফলে অবসর প্রাপ্ত ব্যক্তিদের তার দপ্তর ষ্টেট ফিসারিজ করপোরেশনে যেভাবে নিয়োগ করা হয়েছে সেই বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। অবসরপ্রাপ্ত এ.কে. ঘোষকে মেরিন কনসালট্যান্ট হিসাবে নিয়োগ করা হল, অবসরপ্রাপ্ত পার্বতী কর্মকারকে আবার এ্যাপয়েন্টমেণ্ট দেওয়া হল, ডঃ লাহিড়ীকে কনসালট্যান্ট হিসাবে নিয়োগ করা হল, উনিও অবসরপ্রাপ্ত। তারপর অমলেন্দু দাশগুপ্তকে প্রজেক্ট এ্যানালিষ্ট হিসাবে নিয়োগ করা হল, অবসরপ্রাপ্ত আর. সি. ঘোষকে ইঞ্জিনিয়ারিং এ্যাডভাইসার হিসাবে নিয়োগ করা হল, অবসরপ্রাপ্ত এস, কে. আচার্য্যকে ষ্টেটে ফিসারিজ করপোরেশনের ডাইরেকটর বোর্ডে নিয়োগ করা হল। তাছাড়া ৬০ জনকে ট্রেনি হিসাবে এ্যাপয়েন্টমেণ্ট দেওয়া হল, তারা ১০০ টাকা থেকে ৪০০ টাকা পর্যন্ত ভাতা পাবেন। এই ব্যাপারে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ অথবা কোন রকম বিজ্ঞাপন কাগজে দেওয়া হল না। এই বিষয়ে একদিকে যেমন এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জকে লঙ্ঘন করা হয়েছে তেমনি অন্যদিকে আবার অবসরপ্রাপ্ত লোকদের নিয়োগ করার একটা প্রবণতা দেখা গেছে। এটা কখনই বাঞ্ছনীয় নয়, কাম্য নয়। তাই আমি এই বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-20—2-30 P.M.]

**শ্রীধীরেন্দ্র নাথ সরকার ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আলোচনা করছি। পশ্চিম দিনাজপুর জেলায় কুশমণ্ডী বি ডি ও অফিস তৈরী করার জন্য জমি অধিগ্রহণ করা হয়েছিল এবং এক সময় সেই অফিস ঘর তৈরীর কাজও সুরু হয়েছিল। কিন্তু কিছুদিন পর দেখা গেল অর্ধ সমাপ্ত অবস্থায় সেই অফিস ঘর তৈরীর কাজ বন্ধ হয়ে যায়। এই যে অফিস ঘর তৈরীর কাজ বন্ধ হয়ে গেল তার কারণ হিসেবে সেখানকার মানুষ জানেন যে, ১২ই জুলাই কমিটি নামে যে কমিটিটি আছে সেই কমিটির কতগুলি গুণ্ডা গুণ্ডামি করে এই কাজ বন্ধ করে দেয়। তারা কতগুলি লোকজন নিয়ে বি ডি ও—কে গিয়ে ধমকায় এবং তাঁকে এই কাজ বন্ধ করে দেবার জন্য দাবী জানায়। তাদের বক্তব্য হচ্ছে এই কাজ কংগ্রেস

সরকারের দ্বারা সুরু হয়েছিল কাজেই এটা হলে কংগ্রেস সরকারেরই বাহবা হবে। অর্থাৎ রাজনৈতিক দিক থেকে তারা ঈর্ষাকাতর হয়ে এই কাজ করেছে। আমি সেই অফিস ঘর তৈরী করার জন্য দাবী জানাচ্ছি।

**শ্রীদেবনারায়ন চক্রবর্তী ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুতর বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার ধনিয়াখালি থানার অন্তর্গত পশ্চিম নারায়নপুর গ্রামের রবীন্দ্রনাথ মাইতি নামক একজন যুবককে গত ৫ই ফেব্রুয়ারী কতিপয় লোক জোর করে ধরে নিয়ে যায়। তাকে তারকেশ্বর রেল ষ্টেশনের কাছ থেকে বেপাত্তা করেছে। কংগ্রেসী গ্রাম প্রধান বাণী সিংহ রায় এই ঘটনার সংগে জড়িত এবং তারই প্ররোচনায় এই ঘটনা ঘটেছে। পুলিশ যাতে ছেলেটিকে উদ্ধার করে তারজন্য আমি আপনার মাধ্যমে স্বারষ্ট্রমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী এবং এই সভার সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করছি কারণ এটি একটি মানবিক প্রশ্ন। পশ্চিমবাংলার হাসপাতালগুলিতে এক্সরে ডিপার্টমেন্টে যে সমস্ত রেডিওগ্রাফাররা কাজ করেন তাঁদের সাপ্তাহিক, পাক্ষিক বা মাসিক ভিত্তিতে রেডিএসন হ্যাজার্ডস্ চেকআপ করবার কোন ব্যবস্থা নেই। এর ফলে যে সমস্ত রেডিওগ্রাফার এবং টেকনিসিয়ানরা কাজ করছেন তার মধ্যে ৫ জনের রেডিএসন হ্যাজার্ডস্ দেখা দিয়েছে। ১জন ক্যানসার রোগে আক্রান্ত হয়েছে, ২জনের ইমপোটেনসী ডেভলপ করেছে এবং ২জনের স্কিন ম্যালফর্মেসন ডেভলপ করেছে। ভারতবর্ষের মধ্যে মহারাষ্ট্র, তামিলনাড়ু, উত্তরপ্রদেশ, দিল্লী এবং চণ্ডীগড়ে রেডিএসন হ্যাজার্ডস্ চেকআপ করার ব্যবস্থা আছে। আমি মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি এই ব্যাপারে আমাদের এখানেও অবিলম্বে একটা পদক্ষেপ নেওয়া দরকার যাতে রেডিওগ্রাফাররা এবং টেকনিসিয়ানরা মৃত্যুর হাত থেকে বাঁচতে পারে।

**শ্রীশচীন্দ্রনাথ হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটি বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। রূপনারায়ন এবং মুণ্ডেশ্বরী নদীর তীরে যে সমস্ত আর এল আই এবং ডিপ টিউবয়েল আছে সেগুলি যাতে অবিলম্বে ইলেকট্রিফাইড হয় তার প্রতি আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসুধাংশু মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে সেচ দপ্তর এবং ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গোটা সুন্দরবন অঞ্চলে নূতন নূতন

মেছোঘেরী গড়ে উঠেছে। হাসনাবাদ অঞ্চলে মেছোঘরির মালিকরা টাকার জোরে সেচ বিভাগ এবং ভূমিরাজস্ব বিভাগের যে স্থানীয় অফিস আছে তাঁরা যাতে হস্তক্ষেপ না করেন তারজন্য ব্যবস্থা করেছে।

নতুবা সেখানে ইতিমধ্যেই স্থানীয় কৃষকদের সংগে মেছোঘেরীর মালিকরা যেসমস্ত গুণ্ডাদের নিয়ে যাচ্ছে তাদের মধ্যে সংঘর্ষ হবার সম্ভাবনা দেখা দিয়েছে। ওখানে নদীর বাঁধ কেটে দিয়ে স্লুইস বক্স বসানো হয়েছে। সেচ দপ্তর বা এস. ডি. ও. এবিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করছে না এবং পুলিশ নিষ্ক্রিয়। অথচ ১৯৭৭ সালে যখন বন্যা হয়েছিল তখন গ্রামের ভিতরের জল সরাবার জন্য গ্রামের কৃষকরা বাঁধ কেটে দিয়েছিল বলে হাজার হাজার কৃষকের নামে মামলা করা হয়েছিল। আজকে মেছোঘেরীর মালিকরা নোনা-জল ঢুকিয়ে দিয়ে হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট করে দিচ্ছে, তাদের বিরুদ্ধে সেচ বিভাগ এবং স্থানীয় পুলিশ প্রশাসন কোন ব্যবস্থা গ্রহণ করছে না। এই জিনিষ যদি বন্ধ না করা হয় তাহলে সমস্ত সুন্দরবন অঞ্চলের সব জমিতে নোনাজল ঢুকিয়ে জমিগুলি নষ্ট করে ফেলবে, চাষীরা মারা যাবে। আমি আপনার মাধ্যমে অবিলম্বে এর প্রতিকারের দাবী জানাচ্ছি।

**শ্রীসুরেশচন্দ্র সিংহ :** শ্রদ্ধেয় চেয়ারম্যান মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক সমস্যার প্রতি বিভাগীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রতিকারের দাবী জানাচ্ছি।

স্যার, গোটা পশ্চিম দিনাজপুর জেলায় কয়েক হাজার "ধোকড়া" শিল্পী রয়েছে। গ্রামের সাধারণ গরীব মহিলারা ধোকড়া শিল্পের সংগে যুক্ত। তারা পাট এবং রঙ নিয়ে এই কাজ করে। বর্ষার সময়ে বা অন্যান্য সময়ে যখন তাদের হাতে অন্য কাজ-কর্ম থাকে না তখন তারা এগুলি বিক্রি করে অর্থ উপার্জন করে। পশ্চিম দিনাজপুর জেলার শুধু আমার বিধানসভা কেন্দ্রের মধ্যেই কয়েক হাজার মহিলা শিল্পী আছে। অথচ এই শিল্পের প্রতি ডি. আই. সি. বা জেলা শিল্প কেন্দ্রের অফিসারদের কোন মনোযোগ নেই। তারা যদি এব্যাপারে একটু মনোযোগ দেয় তাহলে আমার মনে হয় সারা পশ্চিম দিনাজপুর জেলার ঐ শিল্পের সঙ্গে যুক্ত কয়েক হাজার মহিলার অর্থনৈতিক সমস্যার কিছুটা সমাধান হয়। তাই আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে বিষয়টির প্রতি নজর দেবার জন্য অনুরোধ করছি।

**শ্রীসোমেন্দ্র নাথ মিত্র :** মাননীয় চেয়ারম্যান মহাশয়, গতকাল রাজাবাজারে যে-ঘটনা ঘটেছে সে ঘটনাকে কেন্দ্র করে গতকাল একজন মাননীয় সদস্য এই হাউসে একটা স্টেটমেন্ট করেছেন এবং তাতে তিনি উল্লেখ করেছেন যে, ঐ ঘটনা হচ্ছে কংগ্রেসের উপদলীয় কোন্দল। তিনি ঐ অঞ্চলের স্থানীয় বিধানসভা সদস্য, তিনি ঐ অঞ্চল পরিদর্শন করে এসে হাউসে ঐ

কথা বলেছেন। এর থেকেই বোঝা যাচ্ছে, তাঁর ঐ—কথার পিছনে নিশ্চয়ই কোন কারণ আছে। তিনি জানেন যে, দীর্ঘ দিন ধরে ঐ অঞ্চলে হিন্দু মুসলমানের মিলিত বসতি রয়েছে এবং দীর্ঘ দিন ধরে সমাজবিরোধী কার্যকলাপ চলছে এবং বার বার বলা সত্ত্বেও সমাজবিরোধী কার্যকলাপ বন্ধ হয়নি। আর আজকে তিনি বলছেন, ঐ ঘটনা কংগ্রেসী উপদলীয় কোন্দলের ফলে ঘটেছে। তাঁর একথা বলার কারণ হচ্ছে, তিনি আসল সত্যকে লুকাতে চাইছেন। আমরা জানি ঐ অঞ্চলের সমাজবিরোধী কার্যকলাপে তাঁর মদত আছে, তাই তিনি ওকথা বলছেন।

**ডাঃ ওমর আলী ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় আমাদের সভার নেতা, বিরোধী দলের নেতা এবং সভার মাননীয় সদস্যদের কাছে উত্থাপন করছি।

স্যার, আপনি দেখেছেন যে, কেন্দ্রীয় সরকার গতকাল সংসদে যে বাজেট হাজির করেছে, সে বাজেটে আবার নতুন করে ৭১৬ কোটি টাকা ট্যাক্স ধার্যের প্রস্তাব রেখেছে এবং সেই সংগে এমন একটা ধাপ্পা দিয়েছে যাতে লোক বুঝতে পারে যে, কিছু কিছু ক্ষেত্রে ছাড় দেওয়া হচ্ছে। কিন্তু আসল ব্যাপার দাঁড়াচ্ছে এই যে, এর আগে গত নভেম্বর ডিসেম্বর মাসে বাজেট বহির্ভূত প্রায় ১১০০ কোটি টাকার ট্যাক্স ধার্য করেছে। তার পরে রেল বাজেটে ৫০০ কোটি টাকা এবং এবারের মূল বাজেটে ৭০০ কোটি টাকা অর্থাৎ ১২০০ কোটি টাকা ট্যাক্স ধার্য করছে।

[2-30—2-40 P. M.]

এর অনিবার্য পরিণতি হ'ল মূল্যবৃদ্ধি হবে এবং মুদ্রাস্ফীতি হবে এবং তার ফলে নিম্নবিত্ত লোকেরা খুবই দুর্দশায় পড়বেন। স্যার, আমরা মনে করি এই বাজেট জনবিরোধী। আমি তাই প্রস্তাব করছি, এই জনবিরোধী বাজেটের বিরুদ্ধে প্রতিবাদ জানানোর জন্য এই বিধানসভা থেকে প্রস্তাব গ্রহণ করা হোক এবং জনসাধারণকে এর প্রতিরোধে সামিল হবার জন্য আহ্বান জানানো হোক।

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir, yesterday in Keshab Sen Street there was some disturbances done by the antisocial elements. But the incident which I strongly condemn is the police firing which was uncalled for and unprovoked, killing an innocent person named Bijoy Das an employee of Calcutta Corporation. He was killed by the police firing inside a bustee. I demand judicial enquiry for this firing and adequate com-

pensation to be given to this poor fellow who died due to this firing. The police is taking free hand. Sir, here is a copy of today's 'Telegraph' where it is appeared that one Reporter of the Telegraph went to the police station of Gariahata to collect the information. He was assaulted, his newsman was assaulted and his photographer was also assaulted. Is this democracy? This is the performance of the police appeared in today's Telegraph. Sir, similarly in Raja Bazar the police fired unprovokedly and killed a poor fellow. There should be judicial enquiry and adequate compensation be gievn to the Corporation employee. The C.P.M. people says এটা সাম্প্রদায়িকতা হতে যাচ্ছিল আমরা ছাপা দিয়েছি" । Sir, there is no সাম্প্রদায়িকতা rather they are creating lot of সাম্প্রদায়িকতা । Sir, through you I request the Hon'ble Minister in charge to stop this practice of creating this situation সাম্প্রদায়িকতা in this State.

**শ্রীলক্ষ্মণ চন্দ্র শেঠ** ঃ মাননীয় চেয়ারম্যান মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হলদিয়ার সংগে কোলকাতার যোগাযোগ সহজতর এবং সংক্ষিপ্ততর করার জন্য ১৯৮১ সালের সেপ্টেম্বর মাসে একটি নতুন রুট চালু হয়। এই নতুন রুটটিতে ইউনাইটেড ট্রান্সপোর্ট কোম্পানীর বাস এবং লঞ্চ চলাচল করছে। যাত্রীসাধারণের কাছে এই রুটটি খুবই জনপ্রিয় হয়ে উঠেছে কিন্তু স্যার, তাদের দুর্ভোগও বাড়ছে লঞ্চ ও বাস সংখ্যায় কম থাকার জন্য। স্যার, এই রুটটি আরো জনপ্রিয় করার জন্য এবং যাত্রীসাধারণের স্বাচ্ছন্দ আরো বাড়ানোর জন্য অবিলম্বে বাসের ও লঞ্চ-এর সংখ্যা বাড়ানো দরকার, লঞ্চ সার্ভিস নিয়মিত করা দরকার এবং জেটির রক্ষণা-বেক্ষণ যাতে ঠিকভাবে হয় সে দিকে দৃষ্টি দেওয়া দরকার। আমি এ ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমনীন্দ্র নাথ বর্মা** ঃ মাননীয় চেয়ারম্যান মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রী এবং মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ৪ঠা ফেব্রুয়ারী '৮৩, আমাদের ওখানে জোড়াই বলে একটি বাজার যা রিলিফ এ্যাণ্ড রিহ্যাবিলিটেশান দপ্তরের জমির উপর অবস্থিত তা আগুনে পুড়ে ধ্বংস হয়ে গিয়েছে। এই বাজারে ৭০/৮০ টি পরিবার যারা ব্যবসা করতেন তারা আজ পথে বসেছেন। স্যার, সেখানে ছোট ছোট পান বিড়ির সে সব দোকান ছিল তার মালিকরা আজ অত্যন্ত শোচনীয় অবস্থার মধ্যে পড়েছেন। এই পরিবারগুলিকে যাতে যে কোন ভাবে সরকারী সাহায্য দেওয়া হয় সেজন্য আমি মাননীয় ত্রাণ

মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তা ছাড়া স্যার, ঐ বিরাট এলাকায় ঐ নামে যে রেলষ্টেশনটি আছে তার কাছাকাছি লোকজনের জিনিষপত্র কেনাকেটা করার ব্যাপারেও অসুবিধা হচ্ছে। আমি মনে করি অবিলম্বে এই বিষয়টির প্রতি সরকারের নজর দেওয়া দরকার। এ ব্যাপারে আমি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীরবীন্দ্র ঘোষ:** মাননীয় চেয়ারম্যান মহাশয়, উলুবেড়িয়াতে দুশো বেডের যে সাব-ডিভিশন্যাল হসপিট্যালটি রয়েছে সেটি আজ একটি কঠিন অবস্থায় গিয়ে পড়েছে। শয্যা নেই, রোগীদের কোন ঔষধ নেই, কারেন্ট চলে গেলে অপারেশন থিয়েটার থেকে রোগীকে বার করে আনতে হয়। হাসপাতালের এই রকম অবস্থায় দুশো বেডে প্রায় ৩।। শো রোগী এ্যাডমিশান নিয়ে আছে—ফিমেল এবং মেল নিয়ে।

প্রায় সাড়ে ৩০০ থেকে ৪০০ রোগী আউট-ডোরে ট্রিটমেন্ট হয়। দারুন শীতে কম্বল নেই, বেডশীট নেই, রোগীরা মেঝেতে শুয়ে থাকে। হাসপাতালের চারিদিকে ফাঁকা। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি, ঐ হাসপাতাল সম্পর্কে এখনই সরেজমীনে তদন্ত করা হোক। ওষুধ নেই, জেনারেটর নেই, বেড নেই, ডাক্তার নেই। এ ছাড়া সাউথ ইষ্টার্ন রেলওয়ের হাওড়া থেকে মেদিনীপুর পর্যন্ত যত এ্যাকসিডেন্ট হয় এই সাব-ডিবিশন্যাল হাসপাতালে আনা হয়। স্থানীয় জনসাধারনের মধ্যে একটা বিক্ষোভের সৃষ্টি হয়েছে। এই হাসপাতালের অব্যবস্থার দরুন বামফ্রন্টের ভাব-মূর্তি নষ্ট হতে চলেছে। তাই আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি, সরেজমীনে তদন্ত করা হোক এবং অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক।

**Shri Mohammad Ramjan Ali:** Mr. Chairman, Sir, I want to draw attention of the Hon'ble the Chief Minister over the demand of the unfortunate linguistic minorities. You are aware, Sir, that in 1981 in the month of October an executive order was published by the Government in the name of Chief Secretary's Circular in which it was stated that Urdu would be introduced in greater Calcutta, Islampur Sub-Division and Asansol Sub-Division. Applications in Urdu would be received by the Department and reply also would be given in Urdu. But it is a matter of deep concern that even in our Assembly we have no such Urdu staff to record our Urdu speeches. How funny it is that 3 years have passed but no step has been taken for implementation of the Government order though it was released in October, 1981.

Therefore, I request to take steps for the recruitment of Urdu staff in the offices where Urdu language has been given as official status.

**শ্রীমতি অপরাজিতা গোপ্পী :** মিঃ চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কুচবিহারে এম. জে. এন হাসপাতালের মেল মেডিক্যাল ওয়ার্ডটি অত্যন্ত বিপদজনক অবস্থায় আছে এবং পি. ডব্লু. ডি এই ওয়ার্ডটিকে কনডেমণ্ড করেছে ৪ বছর আগে। ইতিপূর্বে আমি এই বিধানসভায় এই সম্পর্কে উল্লেখ করেছিলাম। কিন্তু আজ পর্যন্ত ঐ ওয়ার্ডটি সম্পর্কে কোন ব্যবস্থা গ্রহণ হয়নি। ঐ ওয়ার্ডটি যে কোন মুহূর্তে ভেঙে পড়তে পারে। ঐ ওয়ার্ডে ১৫০ জন রোগী আছে এবং ২৫ জন ষ্টাফ কাজ করেন। অত্যন্ত ভগ্ন অবস্থায় ঐ ওয়ার্ডটি রয়েছে। সামনে বর্ষা, আমি অত্যন্ত উদ্বিগ্ন যে বর্ষা সুরু হলেই ঐ মেল ওয়ার্ডটি ভেঙে পড়তে পারে। এ ব্যাপারে ৪ বছর ধরে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিন্তু আজ পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। একবার মাত্র এনকোয়ারী হয়েছে এবং সেই এনকোয়ারীতে আশ্বাস দেওয়া হয়েছিল যে ঐ ওয়ার্ডটি ভেঙে অন্যত্র ব্যবস্থা করা হবে। কিন্তু তা করা হয়নি। তাই আমি আবার মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, সামনে বর্ষা, ঐ মেল ওয়ার্ডটি সম্পর্কে ব্যবস্থা গ্রহন করা হোক এবং যে ১৫০ জন রোগী আছে তাদেরকে অন্যত্র সরিয়ে নেবার ব্যবস্থা গ্রহন করা হোক। এই অনুরোধ আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে রাখছি।

[2-40—2-50 P.M.]

**শ্রীনীহার কুমার বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সমবায় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং উল্লেখ করছি। পশ্চিমবংগে সমবায় সমিতিগুলির হাজার হাজার শ্রমিক কর্মচারী তাঁদের বেতন কাঠামো চালু করার জন্য, চাকুরির স্থায়ীত্বের জন্য এবং অন্যান্য দাবী দাওয়া পূরণের জন্য দীর্ঘদিন ধরে আন্দোলন করে এসেছেন। সরকারও এই বিষয়ে তাঁদের প্রতি সহানুভূতিশীল। কিছুদিন পূর্বে এঁদের জন্য সরকার একটি পে-কমিটি নিয়োগ করেন। পে-কমিটি তাঁদের রিপোর্ট পেশ করেছেন। কিন্তু সরকার পে-কমিটির রিপোর্টটি এখনো প্রকাশ করেছেন না বা তার সুপারিশগুলি কার্য্যকরী করছেন না। যাতে সরকার অবিলম্বে পে-কমিটির রিপোর্টটি প্রকাশ এবং তাদের সুপারিশগুলি কার্য্যকরী করার ব্যবস্থা করেন সেজন্য আমি আপনার মাধ্যমে সমবায় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি।

**Shri Rajesh Khaitan :** Not only the human being in West Bengal is in danger but God is also in danger. Yesterday night in my constituency at

Barabazar, the police force went there and dismantled the Mandir. Mr. Subrata Mukherjee mentioned about the attack on masjid. Mr. Somen Mitra also mentioned what has been happeing there. I think God should be protected. I request the Hon'ble Chief Minister to stop this destruction. If it is continued, the situation will go out of control.

**শ্রীধীরেন্দ্রনাথ চ্যাটার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্রসেচ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। রায়নার খরা পীড়িত এলাকাগুলিতে বিগত ৩ বছর ধরে কতকগুলি ডিপ টিউবওয়েল তৈরী হয়েছে কিন্তু সেখানে আজ পর্যন্ত ডিপটিউবওয়েলে কোন মোটর বসান হয়নি বা মাইনর ইরিগেসনের জন্য কোন ব্যবস্থা করা হয়নি, যদিও সরকার সেখানে ইলেকট্রিফিকেসনের অনুমতি দিয়েছেন। আমি অবিলম্বে মোটর দেওয়ার জন্য এবং ইলেকট্রিফিকেসনের কাজ সুরু করার জন্য ক্ষুদ্রসেচ দপ্তরের মন্ত্রী মহাশয়ের নিকট আবেদন জানাচ্ছি।

**শ্রীব্রজগোপাল নিয়োগী:** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ এখানে করতে চাই। বর্ধমান, হুগলী, হাওড়া জেলার উপর দিয়ে দুর্গাপুর হাই ওয়ে রাস্তা তৈরী হয়েছিল। এই রাস্তাটি বহু কৃষকের কৃষি জমি নিয়ে আগেকার কংগ্রেস সরকারের আমলে তৈরী হয়েছিল। হঠাৎ কেন্দ্রীয় সরকারের নির্দেশে রাস্তা তৈরীর কাজটি বন্ধ হয়ে যায় এবং বন্ধ হয়ে যাওয়ার ফলে ঐ এলাকায় যান বাহন চলাচল এবং অন্যান্য বহু প্রকার অসুবিধা হয়। তাই আমি দাবী করছি সংশিলিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে যাতে এই রাস্তা তৈরীর কাজটি অবিলম্বে চালু হয়।

**শ্রীপ্রভঞ্জন মণ্ডল:** মিঃ স্পীকার স্যার, তীব্র খরার পর কয়েক দিন ধরে ২২.২.৮৩, ২৩.২.৮৩ এবং ২৬.২.৮৩ সুন্দরবনে প্রচণ্ড বৃষ্টি হয়েছে। খরায় তো ফসল নষ্ট হয়েই ছিল, তার পর বিস্তীর্ণ অঞ্চল জুড়ে এই প্রচণ্ড বৃষ্টির ফলে এখানকার চাষ নষ্ট হয়ে গেছে। এখানকার চাষীরা বোরো মরশুমে লঙ্কা এবং তরমুজের চাষ করে থাকেন এটা সকলেই জানেন। এর ফলে চাষীরা আতঙ্কিত হয়ে সাহায্যের জন্য এগ্রিকালচার ডিপার্টমেণ্টে গিয়ে জানিয়েছে কিন্তু এগ্রিকালচার ডিপার্টমেণ্ট এই সম্পর্কে কিছুই বলতে পারেনি যে বর্তমান অবস্থায় কোন ফসল বা কি ধানের চাষ করলে তারা বাঁচবে। এই ব্যাপারে এগ্রিকালচার ডিপার্টমেণ্টের ডাইরেকটরের কাছেও মুভ করা হয়েছে কিন্তু তিনিও বলতে পারেন নি যে কোন ধান চাষ করলে বর্তমান অবস্থায় এখানকার চাষীরা রক্ষা পেতে পারে। এই ব্যাপারটা আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি

মন্ত্রী মহাশয়ের নিকট অনুরোধ জানাচ্ছি যাতে করে এখানকার চাষীদের এই অবস্থা থেকে বাঁচাবার ব্যবস্থা গ্রহণ করা হয়। এখানে আরও একটি বিষয়ের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হোল সাগর ব্লকের বি. ডি. ও. আমন ধানের জন্য বরাদ্দকৃত লোন এখন পর্যন্ত বিতরণ করেন নি। এক দিকে চাষীরা লোন পাচ্ছে না, অন্য দিকে বৃষ্টির জন্য এখানকার চাষ লঙ্কা এবং তরমুজ নষ্ট হচ্ছে, অন্যদিকে কৃষি বিভাগ কি ধরণের চাষ করতে হবে তা বলতে পারছেনা। সমগ্র ব্যাপারটার প্রতি কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পিকার:** Now the Hon'ble Chief Minister will offer his personal Explanations.

**শ্রীজ্যোতি বসু:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল আমি এখানে ছিলাম না, ঘরে বসে কাজ করছিলাম। শুনলাম একটি কাগজ থেকে পড়ছেন। আমার নাম করে একটি দুর্নীতির বিষয়ে বলা হচ্ছে। কংগ্রেসের নেতা সুব্রত মুখার্জী বলছেন এবং এটা আমি যা বুঝলাম দক্ষিণ ভারতের কেরালায় একটি নতুন সাপ্তাহিক বেরিয়েছে ইংরেজীতে, তাতে সম্ভবতঃ আনন্দ-বাজারে কাজ করতেন এমন একজন রিপোর্টার সেখানে এই খবর পাঠিয়েছেন। আমার নাম যেহেতু জড়িত হয়ে রয়েছে, সেইজন্য আপনার মাধ্যমে একটি বিবৃতি দিতে চাই।

প্রথম কথা হচ্ছে, এটা ৮.৬.৮২ তারিখে প্রায় দুই আড়াই বছর আগে একটি এ্যানএনিউমাস পিটিশনের ভিত্তিতে কো-অপারেটিভ ডিপার্টমেন্টের জয়েন্ট ডাইরেকটর শ্রীপান্নালাল মাঝির সম্বন্ধে, যিনি তখন চেয়ারম্যান ছিলেন, তদন্ত করেন। কো-অপারেটিভ ডিপার্টমেন্টের তদানিন্তন মন্ত্রী সেই তদন্ত রিপোর্ট পাবার পর এর মধ্যে একজন এম. এল. এ জড়িত থাকায় এবং আমি চিফ মিনিষ্টার বলে আমার কাছে পাঠিয়ে দেন। আমি কিছু দিনের মধ্যে তদন্ত করে ২৩.৩.৮১ তারিখে আমার রিপোর্ট এবং ঐ রিপোর্টের উপর ভিত্তি করে আমার যে মন্তব্য সেটা ডিপার্টমেন্টে পাঠিয়ে দিই। কিন্তু সেটা এখানে পড়লেন না। কোথা থেকে কেমন করে জোগাড় করে কাগজ এনেছেন কিন্তু আমি যে রিপোর্ট দিয়েছিলাম তার উপর বা রেজিষ্ট্রারের রিপোর্টের উপর মন্তব্য করে কিছু করলেন না কিন্তু এখানে বলা হয়েছে দুর্নীতিকে আমি নাকি চেপে দেবার চেষ্টা করছি ইত্যাদি। আমি এটা আপনার কাছে রাখছি কারণ এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সেই সঙ্গে এই সম্পর্কিত কাগজপত্র আপনার কাছে দিচ্ছি।

[2-50—3-00 P.M.]

I have made my own Enquiries on the report made by the joint Registrar of Co-operative Society.

এই যে চিঠিটা, আমি লিখেছি শ্রীভক্তি ভূষণ মণ্ডলকে। On an anonymous letter dated 8.6.80 and another anonymous petition. I was surprised that a brief version of the report found its way to the press even before you or I could give our views on it.

যতদূর আমার মনে আছে এটা আনন্দবাজার পত্রিকায় ছোট করে বেরিয়েছিল। It seems that the objective was to slander some persons without giving them an opportunity to reply in writing to the charges. I adduce below my brief comments on the report. "The findings are generally subjective, prejudiced and not based on facts. The report goes beyond the scope of the enquiry."

যা অভিযোগ ছিল না তাও এনকোয়ারী করা হয়েছে এখানে। "In regard to the nomination of three members, including the Chairman Shri Pannalal Majhi, by the Cooperation department and their status and functions, the Court's opinion could have been sought, if necessary"

ওরা বলতে চাচ্ছেন যে কোর্টের অর্ডার ছিল যাতে ওরা নমিনেটেড হতে না পারেন ঐ ডিপার্টমেণ্টের দ্বারা। তাহলে তো কনটেম্পট অফ কোর্ট হয় কোর্টে যদি এই রকম কোন অর্ডার থাকে। কনটেম্পট অফ কোর্ট, কেউ কিছু করেনি। এই আইন তো ঠিক নয়। রিক্রুটমেণ্ট সম্বন্ধে একটা অভিযোগ ছিল। "A serious point made in the report is that the procedure was in violation of the Cabinet decision of 22.9.79. It is true that the Cabinet has decided that recruitment was to be made through Employment Exchange. I have however, been informed that the Cabinet decision was not communicated to the authorities concerned before advertisement was given"

আর ওদের আইনে আছে, যে তারা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে নয় তারা বিজ্ঞাপনের মাধ্যমে তাঁরা লোক নেবেন। এই ছিল ওদের আইন। এই আইনটা যতদিন না বদলায়—এর পরে যা বুঝেছি যে, এই আইনে ওদের চলতে হবে। এটা বদলাতে ওদের ১ বছরেরও বেশী সময় লেগে যাবে ইন্সপাইট অফ cabinet ডিসিশান—তখন ১ বছর লেগেছে। 'The Cooperation department has not changed its rules in regard to recruitment. In order to prove corrupt practice it has been stated in the report that the conditions of recruitment were altered through another advertisement. That was published in an English newspaper inconspicuously, which are found from the evidence is not true''

আমার কাছে কিছু কাটিং ওরা দিয়েছিলেন যেটা বাংলা কাগজে এবং ইংরাজী কাগজে বিজ্ঞাপন বেরিয়েছিল। এমন নয় যে ইংরাজী কাগজের এমন একটা জায়গায় গুঁজে দেওয়া হলো যাতে বিজ্ঞাপন বুঝতে না পারে। কিন্তু যে অফিসার এটা এনকয়ারী করেছে, কত বড় অসত্য কথা তিনি রির্পোটের মধ্যে লিখেছেন। "The assortion in the report that marks were not recorded in the viva-voce test is also not true."

পরীক্ষা দু রকমের একটা লিখিত, একটা ভাইবাভোসী। এই দুটি মিলিয়ে যা নম্বর পায় তার ভিত্তিতে লোক রিক্রুট করা হয়, এই হচ্ছে নিয়ম। কাজেই রির্পোটে এই অফিসার বলেছেন—"Some applicants who secured higher marks in the written cxamination were not selected. This is not tenable because viva-voce is also a part of the test."

হয়ত ২-৪ নম্বর লিখিত পরীক্ষায় বেশী পেল কিন্তু ভাইবাভোসীতে কম পেল টোটাল নিয়ে মার্কস দেয় এবং এই মার্কস রেকর্ডেড হয়। এই নয় যে মার্কস রেকর্ডেড ছিল না। "Then I go on to say that the corruption was the objective. The examiner could have manipulated the marks in the written examination. As an evidence of corruption the recruitment of two relatives of the Chairman and Executive Officer has been cited. If these two have to sit for the examinations how could they be barred from being recruited if they qualified. I believe the Executive Officer stayed away from the Interview Board".

উনি ইণ্টারভিউ বোর্ডে ছিলেন, জানিনা ওনার আত্মীয় না কে হয়—যখন তাঁকে ডাকা হয় তিনি সেই দিন বোর্ড এ্যটেণ্ড করেন নি। "No proof has been adduced that marks were manipulated in their case. Moreover, it is a fact that an officer of the Cooperation Department, Shri A. Masud, Joint Registrar, was all along associated with the Board, had also been suppressed".

যিনি একজন রেজিস্টার তিনি একটি রিপোর্ট দিয়েছেন অথচ আর একজন রেজিস্টার, তিনি সেই কমিটির মধ্যে ছিলেন যখন রিক্রুটমেণ্টে হয় এই কথাটা তিনি বেমালুম চেপে দিয়েছেন। এটা ইচ্ছাকৃতভাবে, ডেলিবারেটলি এটা করা হয়েছে। এটা বুঝতে পারছেন যে অসৎ অফিসার না হলে কেউ এই জিনিষ করে না। এটা আমি সংবাদপত্রের কথা বললাম, বিজ্ঞাপনের কথা বললাম। "we have no evidence that this offiicer made any Complaint."

আর একটা গুরুত্বপূর্ণ অভিযোগ ছিল renting of premises of carrying on and extending business : no proof of corruption and underhand dealings has been adduced. Inquiring offiicer does not suggest how on better terms accommodation could be arranged for carrying on and expanding business." কলকাতার উপরে বা শিল্পাঞ্চলে বিভিন্ন জনবসতিপূর্ণ এলাকায় দোকান বা বাড়ী বেশী দাম নিয়ে ভাড়া দেওয়া হয়েছিল বলে বলেছেন। তিনি বললেন না, কি করে বেশী হল। Advances are to be adjusted against rent. There was working underhand. অনেক সময় বেশী করে টাকা কেটে নেওয়া হয়, তারপরে মাসে মাসে বাদ দেওয়া হয়। About the Chairman a serious instution has been made in the Report. I have ascertained that he has been living in a flat in the building by paying rent. If later on another part of the building is rented out to the Society why should it be considered irregular ?

আমি একজনের বাড়ীতে রেন্টের বিনিময়ে থাকি, সেখান থেকে আর একটা অংশ যদি কাউকে ভাড়া দিয়ে থাকি তাহলে এর মধ্যে কোরাপশান করার সুযোগ কোথায় ? ভাড়াটিয়া তো ভাড়া দিয়ে সেখানে আছেন। চেয়ারম্যান সেখানে কি করবেন ? In order to raise suspicion the enquiring officer states. তিনি কতটা মিথ্যা বলেছেন দেখুন। The enquiring officer states in the report that Shri Majhi is a member of the Board of Directors of the HPDC. এইচ. পি. ডি. সি. তে যেহেতু তিনি ডিরেক্টর ছিলেন সেজন্য ম্যানিপুলেট করে আর একটা পোরশান ভাড়া দিয়েছিলেন। আনফরচুনেটলি তিনি তখন ডিরেকটর ছিলেন না। Unfortunately for the Enquiring officer of shri Majhi not a Director in the HPDC.

এই হচ্ছে কো-অপারেটিভ ডিপার্টমেন্টের অফিসার। The Report has lost all its credibility because of such gross wrong statement and his motives are not above suspicion.

এই অবধি আমি বললাম। the inquiry has been made in a suspicious, prejudicial manner. The last part is, I note that the Inquiring officer being confronted with the reality on significant improvement in the operation of the Society comments that the exception may lead to a bad consequence in the future.

ব্যবসা বাড়িয়েছেন, উন্নতি হয়েছে, অনেক দোকান খুলেছে ইত্যাদি নিয়ে ওঁদের কোন অভিযোগ ছিল না। অভিযোগ ছিল না বলেই তিনি নিজে থেকে এটা ঢাকলেন।

এটা কিন্তু লুকিয়ে রাখা যায় না। উনি বললেন, আপনারা তাড়াতাড়ি করে যা করেছেন তাতে বিপদে পড়ে যাবেন। কেন এত গাত্রদাহ, আমি তা বুঝতে পারছি। দক্ষিণ ভারতের কোন প্রতিষ্ঠান উন্নতি করলে—দুর্ভাগ্যবশতঃ তাঁরা প্রতিযোগীতা করতে পারেন নি, ১০।১২টা যাও ছিল তা বন্ধ হয়ে গেছে—এমন করতেন না। কিন্তু আমি বলছি, পঃ বাংলায় এমন হয় না। আনন্দবাজার করতে পারে, কারণ তাদের রিপোর্টার-এর ব্যাপার। কিন্তু সুব্রতবাবু এর পেছনে কেন? একটু উন্নতি হচ্ছে বলে? নাহলে তো এর পেছনে যাবার কথা নয়। সেজন্য No actions, therefore, need be taken on the report. এটা ২৩।৩।৮১ সালে পাঠিয়েছিলাম, শ্রীমাঝির কাছেও তার কপি আছে। এছাড়া ব্যাংক থেকে যারা ওভারড্রাফট নেয় তারা আছে, কংগ্রেসের লোকজনও আছেন, তাঁরা চেষ্টা করেছিলেন টাকাটা কি ভাবে বন্ধ করা যায়। এই আনঅ্যানিমাস রিপোর্ট বে-আইনী। শেষ অবধি একটা মাস লেটারও লিখেছিলেন। কিন্তু এটা কেন? আপনারা আর একটু বুঝবেন। ১৯৭৬-৭৭ সালে এখানে টার্নওভার ছিল ২ কোটি ৩৫ লক্ষ টাকা আর লাভ হয়েছিল ১ লক্ষ ১৬ হাজার টাকা। ১৯৮০-৮১ সালে ২ কোটি ৩৫ লক্ষ টাকার জায়গায় টার্নওভার হয়েছিল ১৮ কোটি টাকা।

[3-00—3-45 P. M.]

লাভ হচ্ছে ৪৬ লক্ষ টাকার মত। ১৯৮১-৮২ সালে ২১ কোটি ১০.৩০ টার্নওভার হচ্ছে। সেখানে মনে হচ্ছে প্রায় ৭৬ লক্ষ টাকা মত লাভ হবে। এই হিসাবপত্র ওঁরা দেখতে পারেন। সরকারী শেয়ার হোল্ডাররা শতকরা ৫ ভাগ ডিভিডেণ্ড ডিক্লেয়ার করেছেন। অথচ ওঁরা কোথা থেকে কি শুনে এসে বলতে লাগলেন। ওঁদের এই ব্যাপারে কোন নলেজ নেই। এত উন্নতি এই কয় বছরের মধ্যে হয়েছে, আগে কখনো এরকম হয়েছে? ব্যবসাদার কিংবা দোকানদারদের গাত্রদাহ হতে পারে। তারা ঈর্ষান্বিত হতে পারেন। কিন্তু আমরা দেখছি কংগ্রেসীরা আমাদের পশ্চিমবঙ্গে কোন উন্নতি সহ্য করতে পারছেন না। সুব্রতবাবু কিছুই জানলেন না, অথচ বলতে লাগলেন। আমাদের গাফিলতি বা আমাদের যা দুর্বলতা আছে সেগুলি আপানারা বলুন। তা না বলে যেটুকু অগ্রগতি হচ্ছে তার বিরোধিতা করছেন। এই অগ্রগতি যাতে আরো ভালোভাবে হয়, তারজন্য আপনারা চেষ্টা করুন। গ্রামবাসীরা যাতে এই সবের মধ্যে জড়িত হয়ে লাভবান হন তার চেষ্টা করুন। আমি বুঝতে পারছি না সেইসব না করে কেন আপনারা মিথ্যা বলে, চরম অসত্য কথা বলে বস্তাপচা জিনিষ এখানে হাজির করছেন।

**শ্রীসুব্রত মুখার্জী:** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আমরা জ্যোতিবাবুর বক্তব্য খুব মন দিয়ে শুনলাম এবং সহনশীলতার সঙ্গে শুনলাম। আমার মনে হয় ওঁর আনন্দবাজার কাগজ

সম্বন্ধে ফোবিয়া আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে বক্তব্য রাখলেন তার অর্ধাংশ সত্য এবং বহু অংশে অসত্যে ভরা। যে খবরটি বেরিয়েছে এটি কোন আনন্দবাজারের খবর নয় বা কোন পত্রিকার খবর নয় এবং কংগ্রেসীদের রিপোর্ট নয়। এটি সম্পূর্ণভাবে সরকারী রিপোর্ট। সেই রিপোর্টকে ভিত্তি করে উনি যেকথাগুলি বলে গেলেন তাতে আমার মনে হয় উনি একটি পাতাও পড়েছেন কিনা আমার জানা নেই।

**মিঃ স্পীকার :** এটা ডিবেট হচ্ছে আপনার পয়েণ্ট অব অর্ডার কি সেটা বলুন।

**শ্রীসুব্রত মুখার্জী :** আমি ১৭টি চার্জ সাবমিট করেছি। স্যার আমি বলছি আপনি শুনুন......

**মিঃ স্পীকার :** I am reconsidering that.

**শ্রীসুব্রত মুখার্জী :** আমরা ১৭টি চার্জ করেছি। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে সেই সম্পর্কে একটি অভিযোগ করেছিলাম তিনি সেটা সাপ্রেস করে গেলেন। আমরা ১৭টি চার্জের কথা বলেছি। আপনি যদি সততার প্রশ্নে আসেন তাহলে দেখবেন অনেক অসত্য প্রকাশ হয়ে পড়ছে। এ্যার্কোডিং টু রুলস্ আপনি আমাদের এই ব্যাপারে ডিবেট করার জন্য ২ ঘণ্টা সময় দিন। উনি এখানে কতকগুলি বিভ্রান্তিকর কথা বলেছেন। এটি একটি গবর্ণমেণ্ট রিপোর্ট সম্বন্ধে বলছেন।

**মিঃ স্পীকার :** I will consider that. What is your point of order.

**শ্রীসুব্রত মুখার্জী :** আমার পারসোন্যাল এক্সপ্লানেশান হচ্ছে যে উনি একটি ফল্স স্টেটমেণ্ট দিয়েছেন। ওই রিপোর্ট ভুল হতে পারে না।

**মিঃ স্পীকার :** I will not allow you just now to go into any debate in regard to the report.

**শ্রীসুব্রত মুখার্জি :** ১৭টা অভিযোগ করেছি।

(গোলমাল)

**মিঃ স্পীকার :** মাননীয় অনেক সদস্য চীফ মিনিষ্টারের ঘরের সামনে বসে আছেন। আমি আমার সিকিউরিটি ষ্টাফকে নির্দেশ দিয়েছি যদি তাঁকে কেউ বাঁধা দেন তাহলে তাকে বিমুভ করবেন এবং প্রয়োজন হলে পুলিশের সাহায্য নেবেন।

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

[3-45—3-55 P. M.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বিধান সভায় আমার এলাকার মানুষ এই সুযোগ আমাকে করে দিয়েছে যে একাধিকক্রমে ২২ বার রাজ্যপালের ভাষণ শোনার সুযোগ আমার হয়েছে এবং এবারে মাননীয় ভৈরব দত্ত পাণ্ডে মহাশয় যিনি বাংলা দমন পাণ্ডে নামে অভিহিত হয়েছিলেন তিনি যে ভাষণ দিয়েছেন এই রকম অন্তঃসারশূন্য অযুক্ত অসত্য এবং উইদাউট এনি সাবস্ট্যান্স মর্মহীন ভাষণ আমার শোনার সুযোগ আগে হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা ঠিক এই ভাষণের যে বিষয় মানুষের কাছে এবং বিধানসভার সদস্যদের কাছে প্রতীয়মান হয়েছে দ্যাট ইজ ওনলি ওয়ান—The state of West Bengal to gradually being pauperised by the leadership of the Left Front Government.

কি আছে সাবস্ট্যান্স এতে এক এক করে আসা যাক। এঁরা বড় জন দরদী। এখনই মুখ্যমন্ত্রী দম্ভভরে বলে গেলেন এই রাজ্যের উন্নয়ন নাকি কংগ্রেসের কাছে সয় না। সেজন্য সুব্রত মুখোপাধ্যায় এই অভিযোগ তুলেছেন। তিনি গোটা কংগ্রেসকে আক্রমণ করতে কসুর করেননি। তাকে জিজ্ঞাসা করি মাননীয় জ্যোতি বসু মহাশয়, মহারাষ্ট্রের পপুলেশান যদি বাংলার ১০ পার্সেন্টের বেশী হয়ে থাকে তাহলে মহারাষ্ট্রের বার্ষিক পরিকল্পনা যদি ১৫ শো কোটি টাকা হয় তাহলে পশ্চিমবাংলার বার্ষিক পরিকল্পনা ১২ শো কোটি টাকা হল না কেন ? এই কৈফিয়ত দেবে কে ? এই কৈফিয়ত দেবে কি কংগ্রেসের সুব্রত মুখার্জী সাত্তার সাহেব, না ওখানে আসন অলংকার করে যিনি বসে আছেন জ্যোতি বসু, না তাঁর চেলা-চামুণ্ডা শচীন সেন ? আজকে জিজ্ঞাসা করি ভারতবর্ষের যদি পার ক্যাপিটা ইনকাম এ্যাট দি প্রাইস লেভেল পার এ্যানাম ১৩৭৯ হয় এবং বাংলার যদি পার ক্যাপিটা ইনকাম পার এনাম ১ হাজার টাকা হয় তাহলে ভারতবর্ষের কনষ্টিটিউসানের বাইরে কি মহারাষ্ট্র, ভারতবর্ষের কনষ্টিটিউসানের বাইরে কি কেরালা যেখানে পার্সেন্টেজ অব লিটারেসী ইজ ৭৬ পার্সেন্ট, আর এদের ৬ বছরের কার্যকালে পার্সেন্টেজ অব লিটারেসী ইজ নট মোর দ্যান ৩৪ পার্সেন্ট। ৪ জন এডুকেশান মিনিষ্টার থাকা সত্ত্বেও ? I sympathise the loss sustained by the death of Sankar Gupta, Power Minister, but at the same time may I say, can you not place the responsibility of your critical power situation to a member of your Council of Ministers consisting of as many as 43 than one already overburdened with the problem of labour—Shri Prabir Sengupta.

পশ্চিমবাংলার কোন ইনফ্রাসট্রাকচার আছে ? নেই। আমি পক্ষান্তরে প্রশ্ন করতে চাই, এই ভাষণে কোথায় বলা হয়েছে যে, পশ্চিমবাংলা কোন কোন ক্ষেত্রে এগিয়ে গেছে ? পশ্চিমবাংলার রূপকার হিসেবে ডাঃ বিধান চন্দ্র রায়ের নাম স্বর্ণাক্ষরে লেখা থাকবে। মাননীয় অধ্যক্ষ

মহাশয়, অবস্থা যা দেখছি তাতে বলতে পারি সর্বক্ষেত্রে ব্যর্থতা। It is a statement that Bengal has become bankrrepts. It is a statement that Bengal has become bagger. It is a statement that Bengal has become pareper to the extreme extent in the account. স্যার, এটা আমার কথা নয়, এটা ওঁদের কথা নয়। জাতীয় সমীক্ষা বলে একটা কথা আছে। প্ল্যানিং কমিশনে এঁরা যে বক্তব্য রেখেছিল তাতে দেখছি অন্যত্র টুয়ান্টি পারসেণ্ট বেড়ে গেল এবং আমাদের কমে গেল। আমি জিজ্ঞাসা করি কোথাও কোন ক্ষেত্রে এঁরা অগ্রগতি করেছে কি? মুখ্যমন্ত্রী এখানে বলেছেন তাঁরা নাকি বিরাট কাজ করেছেন এবং পশ্চিমবাংলার সেই অগ্রগতি কংগ্রেসীদের নাকি সহ্য হচ্ছে না। আমি জিজ্ঞাসা করি এই পশ্চিমবাংলায় ১৯৬৯ সালে আজকের এই লেফ্‌ট ফ্রন্টের বেনামদার যুক্ত ফ্রন্ট নামে কোন শাসন ব্যবস্থা ছিল কি? আজকে জিজ্ঞাসা করি, তখনকার ফাইনান্স মিনিস্টার জ্যোতি বসু আজকের এই অর্থনৈতিক বিপর্যয়ের জন্য কি কোন অংশে দায়ী? এঁরা যখন চতুর্থ পরিকল্পনার খসড়া তৈরী করে তখন বাংলার দাবী ছিল ৬০০ কোটি টাকার পরিকল্পনা। কিন্তু তাঁরা ৩১৭ কোটি টাকায় সেই পরিকল্পনা সীমাবদ্ধ করতে বাধ্য হলেন। স্যার, তাঁদের এই ৬ বছরের রুলে বেঙ্গল হ্যাজ বিকাম এগেন টুয়ান্টি ইয়ার্স ব্যাক দ্যান দি রেস্ট অব ইণ্ডিয়া। আজকে সমগ্র পূর্বাঞ্চলের কি অবস্থা একবার দেখুন। বাঙ্গালীরা অসীম সহিষ্ণু, অসীম ধৈর্যশীল, বিশিষ্ট বাঙ্গালী সাংবাদিকরা সংযত সেইজন্য এখানে দাবানল জ্বলে উঠতে পারেনি। যাহোক, আজকে দেশের সামগ্রিক অবস্থা যা পরিলক্ষিত হচ্ছে তাতে দেখছি বেঙ্গল হ্যাজ বিকাম পুয়োরার। বেঙ্গল হ্যাজ বিকাম পুয়োরার ইন এভরি ওয়ে। মাননীয় সদস্য কমলবাবু পাট নিয়ে রাজনীতি করেন। আপনি কি একবারও ভেবেছেন পাটকলে মালিকদের সঙ্গে হাত মিলিয়ে আপনারা কি সর্বনাশ করেছেন?

[3-55—4-05 P.M.]

কি সর্বনাশ করেছেন? আপনারা সহায়ক মূল্যে কতটা পাট কিনেছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে একটা ফাংশন করে গোষ্ট পালের মূর্তি উন্মোচন করা হোল। কারণ খেলোয়াড়দের সম্মানিত করতে হবে। আর এদিকে বর্ধমান হাসপাতালে নেতাজী, বিধান চন্দ্র রায়, রামমোহন রায়, আচার্য জগদীশ বসু এদের মূর্তি সরিয়ে নেওয়া হোল—জঞ্জাল সরিয়ে নেওয়া হোল। On 12th Decemer এ কে চক্রবর্তী সুপারিনটেণ্ডেণ্ট অব দি হাসপাতাল বললেন জঞ্জাল সরিয়ে নাও। ২৩শে ডিসেম্বর এই সমস্ত জাতীয় নেতাদের মূর্তি থানায় পাঠিয়ে দেওয়া হোল। পূর্ত দপ্তরের দায়িত্বে যিনি আছেন তাঁকে জিজ্ঞাসা করি বর্ধমান হাসপাতালের জাতীয় মনীষীদের মূর্তি থানায় কি বন্দী হয়ে আছে? আজকে যোগাযোগ নাকি এগিয়ে গেছে। আমি এর কনট্রাডিকসন করি। I want a specific answer on this. কত কিলোমিটার রাস্তা করেছেন। অতীতের একটা কথা মনে আছে। মিস মেয়ো একজন আমেরিকান। তিনি Sutter Inspector of

**India.** *যাকে ভারতবর্ষের লোক ধিক্কার দিতো।* আমাদের মুখ্যমন্ত্রীর কোন যোগাযোগ ব্যবস্থা নাই, কোন ইনফ্রাস্ট্রাকচার নাই। দেখা হচ্ছে মুখ্যমন্ত্রীর টয়লেট ঠিক আছে কিনা। **He has became the toilet Inspector of the Chief Minister.** তিনি জাতীয় নেতাদের মূর্তি ময়দানে সংস্থাপিত করবেন? আমি অভিযোগ করেছিলাম যে বিরোধীদের এলাকায় কোন কাজ করা হয়নি। সংবিধানে একথা কি আছে? শপথ নেবার সময় একথা কি বলেছিলেন? আপনাদের ইলেকসন ম্যানিফ্যাষ্টোতে কি এই কথা বলা ছিল? আপনারা ক্ষমতায় আসীন হয়ে বিরোধীদের এলাকায় কোন কাজ করবেন না? **Can you cite a single example?** ওঁরা চীৎকার করছেন ষ্ট্যাটুটারী অবলিগেশন। আজকে একটা জাজমেণ্ট আমার হাতে আছে। মেডিক্যাল কলেজে ভর্তির ব্যাপারে। মিঃ পরিতোষ মল্লিক এ্যাপ্লিকেশন করেছিলেন। তাতে গভর্ণমেণ্টের উপর রুল জারী হয়েছে। ম্যাণ্ডেমাস পিটিসনে মহিলা আবেদন করছে যে তার ন্যায্য দাবী অগ্রাহ্য করে তাকে মেডিক্যাল কলেজে ভর্তি হতে দেওয়া হয়নি। কোর্ট রুল জারী করেছে। হাইকোর্ট রায় দিয়েছে। কেউ চ্যালেঞ্জ করবেন—**Let a Writ in the nature of Mandamus issue directing the respondents to admit the petitioners to the First Year M.B.B.S. course for the session 1981-82 at any Medical College at Calcutta or elsewhere without any other formality or procedure and the petitioners shall be deemed to have been admitted on that basis and that the petitioners shall also be treated to have attended all the lectures.** উনি নর্থ বেঙ্গলকে রিপ্রেজেণ্ট করছেন। একাধিক বার বলা হয়েছে মিউনিসিপ্যালিটি পঞ্চায়েত সম্বন্ধে। এখানে কেউ না কি বলেছেন যে হায়া বলে কোন পদার্থ নাকি তিনি এখানে দেখতে পান না।

সেই কথা বিরোধী দলের নেতা বলে গেছেন, ওদের বাজেট উৎপাদন মুখী নয়। এই প্রশ্ন আমরা দিয়েছি বই ছাপিয়ে, ৩০ পাতায় আছে। আমাদের অনেক প্রশ্ন চেপে গেছেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অফিস থেকে এটা জিজ্ঞাসা করবেন, ৩০ পাতায় বলা হয়েছে এটা। ১৯৮১/৮২ সালে এগ্রিকালচারে ব্যয় হয় ২৯ কোটি টাকা এবং অরিজিন্যাল এ্যানুয়্যাল ১৯৮২/৮৩ তে ধরা হয় ৫৮ কোটি টাকা তারপর রিভাইজড হয়ে সেটা যদি ৩২ কোটি টাকা হয় তাহলে এটা উন্নতি হল, না অবনতি হল? একজন মাননীয় সদস্য অঙ্কের হিসাবে এটা হায়ার, এই প্রশ্ন তুলেছিলেন। তিনি এখানে এখন নেই দেখতে পাচ্ছি। এগ্রিকালচারের প্রায়র নেসেসিটি কি? প্রাইম নিড হচ্ছে ফুড। সেখানে ইউ হ্যাভ ফেল্ড মিজারেবলি। এটা উৎপাদনমুখী কোন ব্যয় নয়। উৎপাদন মুখী ব্যয় কোথায়? আপনারা বেশ করেছেন, মনে করেছেন কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দেবেন। হোয়াই দি কলজেস আর দেয়ার? মাননীয় মন্ত্রী মহোদয় যখন ভিক্ষাপাত্র নিয়ে সরকারী কর্মচারীদের কাছে এ্যাপিল করেন তোমরা সরকারী হারে ডিয়ারনেস এ্যালাওয়েন্স নিও না, ওটা কম্পালসারি ডিপোজিট, স্মল সেভিংসে জমা দাও এবং এটা যখন ওরা কেউ শোনেনি তখনই বোঝা গেছে বাংলার অর্থনীতি আজকে কোথায় এসে

দাঁড়িয়েছে। দে হ্যাভ নো মিনস টু পে দেয়ার স্যালারি, ত্রাণের টাকা দিয়ে স্যালারি দেওয়া হচ্ছে। আর অন্য দিকে বলা হচ্ছে সরকারী কর্মচারীদের প্রতি আমরা অত্যন্ত সহানুভূতিশীল। এই কনট্রাডিকসান ওদের দেখতে পাচ্ছি। মাননীয় পরিবহন মন্ত্রী মহোদয় এখানে উপস্থিত আছেন। পরিবহনের কথা সেদিন আমরা বলেছিলাম, উনি কর্ণপাত করেন নি। আজকে আমি তাঁর কাছে বলতে চাই এককালে সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটি আপনাদের পরিচালনাধীনে ছিল। কমিউনিটি হল নির্মাণের জন্য ১৭ লক্ষ টাকা নিয়মিত ভাবে স্যাংসান্ড হয়। সেখানকার অফিসিয়্যাল ইঞ্জিনিয়ার অব দি মিউনিসিপ্যালিটি সেখানে আপত্তি করায় তার কাছ থেকে ফাইল কেড়ে নেওয়ার অর্ডার দেওয়া হল। This is to inform you that the supervision of the construction work for alletment of super market shall be made to Sibabratananda as he was doing befere. This is the decision of the Board of Members.

আজকের তাড়াবার কোন প্রশ্ন নয়—দুর্নীতি ধরতে গিয়ে অফিসারের সাজা দেন—মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় উষ্মা প্রকাশ করে গেলেন জয়েন্ট রেজিষ্ট্রারের বিরুদ্ধে। আজকে ওদের বিরুদ্ধে যদি বলা হয় তাহলে সেই অফিসারকে বরখাস্ত হতে হয়, নতুবা তাড়াতে হয়। ওদের কার্যকালে সৎ ভাবে কাজকরার কোন ব্যবস্থা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মিউনসিপ্যালিটির লোন মকুব করে দিয়েছেন বলে খুব বলেছেন। আমি জিজ্ঞাসা করেছিলাম কোন্ মিউনিসিপ্যালিটির লোন মকুব করেছেন, ইনক্লুডিং দোজ যেগুলি আপনাদের লেফ্‌ট ফ্রন্টের পরিচালনাধীনে নেই তাদের কতখানি ঋণ মকুব করেছেন—এটা কি আমাদের জানাবেন, না এটা সাবজেকটিভ? বিকজ দে বিলং টু লেফ্‌ট ফ্রন্টে, তাদের ঋণ মকুব হবে? তাদের বড় অঙ্ক পাওনা ছিল, লুঠেরা ভাগ করে নিয়েছে বড় অঙ্ক, নাকি সার্বজনীন ভাবে সকলের ক্ষেত্রে এটা প্রযোজ্য হবে? এর উত্তর আজও পাই নি। ইকোয়ালি পঞ্চায়েতের ক্ষেত্রে এক মালদহ জেলায় আপনাদেরই দলের ২৭ জন অঞ্চল প্রধানকে আপনারা সাসপেণ্ড করেছেন। আপনাদের দলে বসতো মীর ফকির মহম্মদ রিজাইন করেছেন। এখানে বিশ্বনাথবাবু নেই, কাগজে দেখলাম মীর ফকির মহম্মদ বলেছেন উই একস্পেক্ট দেম বিকজ দে বিলিভ ইন কমিউনিষ্ট। আর. এস. পি. বোধ হয় কমিউনিষ্ট সমর্থক নয়। অমলবাবু চীৎকার করে বলেছিলেন আমরা কমিউনিষ্ট। পৃথিবীর কোথাও কমিউ-নিজম প্রতিষ্ঠিত হয়নি। কমিউনিজম প্রতিষ্ঠিত পৃথিবী কোথায়? আমরা মার্কসিজম্ পড়িনি বলে মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় আমাদের বলেছিলেন "জীবে দয়া কর"—রবীন মুখার্জি মহাশয় আমাদের ব্যঙ্গ করতে ছাড়েন না। আপনারা নিজেরা পড়েছেন কি, যদি পড়ে থাকেন বুঝেছেন কি? আজকে কমিউনিজমে কি এই কথা বলা আছে The Legitimate election of the Panchayat and the Corporation will be deferredill legitimately presiding officer মাননীয় বিনয় চৌধুরী মহাশয় পঞ্চায়েতের ব্যাপারে এ্যামেণ্ডমেন্ট আনলেন যাতে ভোটার বাক্স নিয়ে কারচুপি করা যায়। প্রিসাইডিং অফিসাররা ওখানে গুনতে পারবেন না কারণ

সি. পি. এম. অফিসে আর একটা ব্যালট বাক্স তৈরী হবে, জাল তালিকা তৈরী হবে, সেটা গুনবেন তাদের অফিসে গিয়ে। এখন কমপিউটারের যুগ। ইলেকট্রনিক্স মেশিনে ভোট হচ্ছে।

[4-05 – 4-15 P.M.]

আজকে এই কমপিউটারের যুগে যেখানে ইলেকট্রনিক ভোটিং মেশিন ভোটের কাজে নিযুক্ত হচ্ছে সেখানে এরা তাকে বিদ্রুপ করছেন কারণ কারচুপির পথটা পরিষ্কার করতে হবে। বিধানসভার আসন অলংকৃত করেছেন কারচুপির পথে, আজকে এখানেও তাই করতে চাইছেন। বলছেন, প্রিসাইডিং অফিসার পঞ্চায়েতের ভোট গণনা করতে পারবেন না। হবে কোথায়? সি.পি.এম-এর অফিসে বাক্স বদল করে, কারচুপি করে। স্যার, আমি যে সমস্ত এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি সেগুলি আমি মুভ করছি I moved all my amendments ঐ এ্যামেণ্ডমেণ্টের মধ্যে একটি স্পর্শকাতর বিষয় আছে যেটা নিয়ে এখন আমি বলছি। উনি বলেছেন, এখানে বড় রকমের দাঙ্গা হয়নি। স্যার, বিধানসভা বসছে, এম.এল.এরা এখানে জনসাধারনের ক্ষোভ, রোষ অভিযোগের কথা আনছেন, আর সেই এম. এল. এ.-দেরই পুলিশ দিয়ে পিটিয়ে হাসপাতালে প্রেরণ করা হচ্ছে। এখানে কাশীনাথ মিশ্র মহাশয় নেই, মানসবাবু আছে-এঁদের পুলিশ দিয়ে পিটিয়ে ইনজিওর্ড করা হয়েছে। কোন সভ্য সমাজে এটা হয় কি? নির্বাচিত বিধায়কদের পুলিশ দিয়ে পেটানো হচ্ছে যাতে তাঁরা জনসাধারণের অভিযোগ বিধানসভায় উৎথাপন করতে না পারেন—কোন সভ্য সমাজে এটা হয় বলুন? স্যার, আমি যে সমস্ত সংশোধনী দিয়েছি তারমধ্যে এখন যে বিষয়টি নিয়ে বলছি আমার অনুরোধ, বিনয়বাবু সেটা একটু বোঝার চেষ্টা করুন। আজকে সারা ভারতবর্ষে জাত, পাত, ভাষা, দেশ, কাল নিয়ে রায়ট বাঁধছে। সবচেয়ে বড় যেটা জাতীয় প্রায়রিটি সেটা আজকে বদলে গিয়েছে। ভারতবর্ষ দরিদ্র দেশ, এখানে ৫০ পারসেণ্ট বিলো দি প্রভার্টি লাইন, লেটেষ্ট সমীক্ষায় বলছে, বাই দেয়ার এফোর্ট অব টু এ্যাণ্ড হাফ ইয়ার্স এটা ৪৮ পারসেণ্টে নেমেছে, সেই দারিদ্র্য দূর করা আজকে সবচেয়ে বড় প্রায়রিটি নয় আজকে সারা ভারতবর্ষের সংহতি রক্ষা করাই সবচেয়ে বড় প্রায়রিটি। আপনারা বলেছেন, এখানে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় আছে। গ্লোরি গোস টু ইউ এ্যাণ্ড টু দি গ্রেট পিপল অব বেংগল। কিন্তু আপনারা কি জানেন না বেলডাঙ্গা, ঘোষবাগানে কি হয়েছিল? আপনারা কি জানেন না দেশেযে ১৪২ টি ডিসট্রিক্ট আইডেনটিফায়েড এ্যাজ কমিউন্যালি ভালনারেবল বাংলার ৬টি জেলাও তার মধ্যে আছে, দোজ আর ভালনারেবল উইথ দি কমিউন্যাল প্যাসন। আমরা বারবার আপনাদের কাছে এ্যাপিল করেছি টু হোয়াট একসটেণ্ড ইউ হ্যাভ বিন এ্যাবল। আপনাদের ইনটালিজেন্স কেন ফেল করছে? বাংলার মানুষ সহিষ্ণু, সংযত এবং সাম্প্রদায়িক সম্প্রীতির সপক্ষে। কিন্তু যে আগুন ভারতবর্ষের চারিদিকে জলে তারমাঝেই এই রাজ্যটি আছে। আপনাদের পুলিশ বাজেট ১০১ কোটি টাকা, এবারে কত প্রস্তাব করবেন আমার জানা নেই, বাড়বে নিশ্চয়, আমি সেখানে আপত্তি করছি না, সব জিনিষের দাম বাড়ছে, আপনাদের

দৌরাত্ম্য বাড়ছে সেখানে পুলিশের বাজেট বাড়বে এতে আপত্তি করছি না। কিন্তু আমার কথা হচ্ছে আপনাদের ইনটালিজেন্সের এফিসিয়েন্সি ফেল করছে কেন? ইসলামপুরে যে রায়ট হয়েছে এবং সে সম্পর্কে অজয় বসু কমিশনের যে রির্পোট সেটা নিয়ে কি করেছেন? নো ফারদার মেমোরানডাম অব এ্যাকসান হ্যজ বিন প্রেজেনটেড টু দি এ্যাসেম্বলী। আমরা সংবাদপত্রে দেখেছি ডিসট্রিক্টগুলিকে আপনারা এ্যালার্ট করেছেন কিন্তু আমার প্রশ্ন, আজকে ইণ্টালিজেন্স কেন ফেল করছে? বাংলার মতন এরকম একটা সংযত প্রদেশে যেখানে সম্প্রীতি নিয়ে বিভিন্ন ভাষাভাষী মানুষ বাস করেন সেখানে কেন আগুন জ্বলবে? আজকে জিজ্ঞাসা করি, জ্যোতি বসু মহাশয়ের নেতৃত্বে বাংলার ৩৩৫ টি ব্লকের মধ্যে মাইনরিটিজ রিপ্রেজেনটেসান কোথায়, বাংলার ৩২১ টি থানার মধ্যে মাইনরিটিজ রিপ্রেজেনটেসান কোথায়?

আপনাদের কার্যকালে এমপ্লয়মেণ্ট একচেঞ্জের মাধ্যমে যে এ্যাপয়েণ্টমেণ্ট হয়েছে সেখানে মাইনরিটিস্ রিপ্রেজেনটেসনের পারসেনটেজ কত? আপনাদের কার্যকালে বাংলার গ্রাম এবং শহরাঞ্চলে যে গৃহ নির্মাণ হয়েছে তাতে মাইনরিটিস্ এ্যালটমেণ্ট কত? ইট এ্যামাউন্টস্ টু জিরো। আজকে মাইনরিটিস্দের সমস্যা বড় রহস্যের কথা। Unfortunately I happen to be Muslim and your also happen to be a Muslim. Unless I do positive harm to my community I must not become secular, unless Shri Nani Bhattacharya to positive harm to Hindu Community he cannot be secular. এই যদি কনসেপ্ট হয় তাহলে তার ফল কিন্তু মারাত্মক। তবে একটা কথা বলে রাখি মাইনরিটিস্দের সমস্যা কিন্তু আপনারা উপেক্ষা করতে পারবেন না। আমি জিজ্ঞেস করি কয়টা মস্ক এঁদের দখলে আছে? এঁদের একটা নিজস্ব প্রতিষ্ঠান আছে যার নাম হচ্ছে ওয়াকফ। কতটা ওয়াকফ প্রপার্টির মিস্ইউজ এ্যাণ্ড এ্যাবিউস্ হয়েছে, কয়টা কবরস্থান এনক্রোস্ড হয়েছে এবং তার জন্য কয়টা কমিশন আপনারা বসিয়েছেন সেটা জানতে পারি কি? কেন্দ্র হ্যাজ বিকাম লিটল এ্যালার্ট নাউ। রাজ্য সরকার এই ব্যাপারে কি করেছেন, কতখানি তৎপর হয়েছেন সেটা আমি জানতে চাই। স্যার, আমার কাছে একটা কাগজ আছে। আনফরচুনেটলী আই রিপ্রেজেণ্ট মাই কনষ্টিটুএন্সী ফর দি লাস্ট টুয়ান্টি ওয়ান ইয়ার্স। এই কাগজটাতে লিখেছে, "বিজয়া উপলক্ষে হিন্দু একতা সম্মেলন"। শুধু তাই নয়, এখানে যে বক্তব্য রয়েছে সেটা বলতে আমি বাধ্য হচ্ছি, আমি আশা করি আপনারা কিছু মনে করবেন না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় এখন এখানে থাকলে ভাল হোত। এখানে কাকে গ্রেপ্তার করার কথা বলা হয়েছে? তিনি নাকি লক্ষ্ণৌ না উত্তরপ্রদেশের কোন সভায় বলেছেন এই কনষ্টিটিউসন জ্বালিয়ে দাও। স্যার, এই সভায় মিঃ কলিমুদ্দীন সামস্ ডেপুটি স্পীকার এবং আমারই এলাকায় তাঁকে গ্রেপ্তার করার দাবী জানান হোল। Are these not communal passion? Is your Govt. alert to the problem? No. I have got the papers. You can get the copy. If you want I can refer. I am forced to refer it. These are sensitive zones sensitive areas. I do not like to dislat on the minorities.

স্যার, আমি শুধু আবেদন করব, মাইনরিটিদের যে অধিকার, ব্যাকওয়ার্ড কমিউনিটি এবং উইকার সেকসনের যে অধিকার তা তাদের ফিরিয়ে দিতে হবে। এখানে কিন্তু ব্লাফ, ভণ্ডামি বা ভাঁওতার কোন অবকাশ নেই। আজকে যে সমস্ত ভেস্টেড ল্যাণ্ড এ্যালটেড হয়েছে তার মধ্যে কয়জন নন—ফার্মার মাইনরিটির লোক সেই জমি পেয়েছে। আমি দেখেছি আপনাদের কার্যকালে পঞ্চায়েতের স্থায়ী সমিতির দৌরাত্মে সেই জমি মাইনরিটির কাছ থেকে কেড়ে নেওয়া হয়েছে। আর দিস্ নট ইন ওয়েস্ট বেঙ্গল ? আমি আপনাদের হুঁসিয়ারী দিচ্ছি মাইনরিটির সমস্যা আপনারা উপেক্ষা করতে পারবেন না। বাংলার ধৈর্য, বাংলার সহিষ্ণুতা, বাংলার সাহিত্য এই দোহাই দিয়ে আপনারা এই সমস্যাকে এড়িয়ে যেতে পারবেন না। মাননীয় স্পীকার মহাশয়, এখানেই এর শেষ নয়। আপনি জানেন রাইটার্স বিল্ডিংস্ একটা বিরাট ইতিহাসের উপর দাঁড়িয়ে আছে। আমি জানতে চাই কয়জন মাইনরিটি অফিসার ওখানে আছেন যাঁরা ডিষ্ট্রিক্টকে রিপ্রেজেন্ট করে এসেছেন ? এই ব্যাপারে I like to know from Shri Benoy Krishna Chowdhury to what extent you have recruited Minority Officer. You have relaxed the West Bengal Civil Services Rules. আমি আশা করি মুখ্যমন্ত্রী উত্তর দেবার সময় বলবেন ইফ ইউ গেট সাবস্ট্যান্স। ইলেকসনের সময় আপনারা আপনাদের ইলেকসন ম্যানিফেস্টোতে বলেছিলেন, ইউ উইল মেক উর্দু অ্যাস্ সেকেণ্ড ল্যাংগোয়েজ, নাউ দে সে নো। স্যার, আমি উর্দু ভাষাভাষি নই। বাংলা ভাষার জন্য পূর্ব পাকিস্তানে বরকত, ইয়াসিন, সালাম প্রাণ দিয়েছেন। বাংলার উন্নতির জন্য যদি আমার তুচ্ছ জীবন লাগে আমি স্বচ্ছন্দে বলিদান দিতে প্রস্তুত আছি। আজকে এই ল্যাংগোয়েজকে ইস্যু করে তপ্ত আগুন জলে উঠতে পারে কাজেই সরকারের ব্যবস্থা গ্রহণ করা দরকার। আমি জানতে চাই হোয়াট ইজ দি ফেট অব দি উর্দু একাডেমি ? আই লাইক টু নো ছাট। কিছু স্কলারশিপ, কিছু প্রমোশন দিলেই একটা ভাষান উন্নতি হয়না। আজকে in certain areas of Bihar you have appointed some under knowing teachers on adhoc basis by adhoc School Board. Adhocism is the principal means of appointment of this Government. আজকে এই অবস্থায় আমি তাঁদের অনেক ব্যাপারে সতর্ক করে দিলাম, আর বেশী কিছু বলব না। স্যার, আজকে বাংলার আর একটা বড় সমস্যা হচ্ছে বেকার সমস্যা। মুখ্যমন্ত্রী কালকে তাঁর উত্তরে বলবেন এটা সত্যি কিনা যে, আমরা যখন ক্ষমতা থেকে চলে গেলাম তখন খাতায় রেজিস্টার্ড বেকারের সংখ্যা ছিল ১২ লক্ষ এবং আজকে সেই বেকারের সংখ্যা হল মোর ছান থ্রি মিলিয়ন ?

[4-15—4-25 P.M.]

৩০ লক্ষের ওপর নাম সন্নিবেশিত হয়েছে। আজকে এই বিরাট বেকার সমস্যাকে আপনারা শুধু ডোল দিয়েই সমাধান করতে চান ? What is your aim ? What is your promise and what is your measure towards solving this unemployment problem ?

ক্ষুদ্র শিল্পের মাধ্যমে কোন উদ্যোগ নেওয়া হচ্ছে না, কারণ বিদ্যুৎ নেই। বিদ্যুৎ ব্যবস্থা ভেঙে পড়েছে। আমাদের সময়ে এত অন্ধকার ছিল না। আজকে বিদ্যুৎ নেই, ইনফ্রাস্ট্রাকচার নেই, জল নেই, পরিবহন নেই, কোন কিছুই নেই। আছে শুধু দলবাজী। আইন-শৃংখলা নেই, আছে দলীয় আইন। মানুষকে দলের কাছে ডিক্লারেসন দিতে হবে, তবে দলীয় আইনের আশ্রয় পাবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এদের যদি হায়া বলে কোন বস্তু থাকত, তাহলেও না হয় একটা কথা ছিল। আপনি একজন ক্রিমিনাল ল'ইয়ার ছিলেন, আপনি আমার চেয়ে কোর্ট কাছারি বেশী দেখেছেন। তবে আমিও কোর্টের সামনের গাছতলা দেখেছি। কোথাও কোথাও বটগাছও আছে এবং উকিলরা তার তলায় বসে। সেদিন এখানে সরকার পক্ষ থেকে বলা হলো বটতলার উকিল দিয়ে বিরোধী পক্ষ আলোচনা চালাচ্ছে। আমি সরকার পক্ষকে বলব যে, বিরোধী পক্ষ তো তবুও উকিল দিয়ে আলোচনা চালাচ্ছে, আর আপনারা আলোচনার নামে অভিনয় করছেন। আপনাদের অভিনয় নট্ট কোম্পানীর প্রখ্যাত অভিনেতাদেরও লজ্জা দেবে। নট্ট কোম্পানীর অভিনয় দিয়ে লোক মাতান যায়, মানুষের চিত্তবিনোদন করা চলে, কিন্তু প্রশাসন চলে না। প্রশাসন আজকে সর্বক্ষেত্রে ব্যর্থতায় পর্যবসিত। যার ফলে **Bengal is not only bankrupt lent Bengalees are beggars to-day.**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই সরকার এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্মস কমিটি করেছে। ডঃ অশোক মিত্র মহাশয়কে সেই কমিটির চেয়ারম্যান করা হয়েছে। স্যার, আপনি জানেন তৎকালীন মুখ্যমন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায়ের আমলে শ্রী প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় যখন নির্বাচনে পরাজিত হয়েছিলেন তখন তাঁকে আপার হাউসের মাধ্যমে, অর্থাৎ কাউন্সিলে নমিনেশন দিয়ে মন্ত্রীসভায় নিয়ে আসা হয়েছিল। এঁরা তখন আপত্তি করেছিলেন এবং বলেছিলেন ব্যাকডোর দিয়ে আনা হয়েছে। আর এখন এঁরা কি করছেন? এঁদেরই বিগত অর্থমন্ত্রী গত নির্বাচনে পরাজিত হয়েছেন, তাকে ব্যাকডোর মিনিষ্টারের মত এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্মস কমিটির চেয়ারম্যান করলেন। যে এ্যাডমিনিষ্ট্রেসনকে ধ্বংস করে গেল, অর্থনীতিকে পঙ্গু করে দিয়ে গেল, তাকেই করা হলো এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্মস কমিটির চেয়ারম্যান।

তাহলে আজকে **what is your differance** আজকে আপনারা জাতির কাছে ক্ষমা চান। সেদিন প্রফুল্ল চন্দ্র সেন সম্পর্কে ডাঃ বিধান চন্দ্র রায়ের বিরুদ্ধে যে অভিযোগ করেছিলেন সে জন্য আজকে **apologise to the nation for your remarks.** তানাহলে বলুন যে, আপনারা ভণ্ডামী করেছিলেন, আপনারাও ঐ পথে যেতে বাধ্য।

এক পয়সা ট্রামের ভাড়া বেড়েছিল বলে, আপনারা ৪০টা ট্রাম পুড়িয়েছিলেন, আজকে ৪০ পয়সা ভাড়া বাড়াচ্ছেন। সুতরাং এ্যাপোলোজাইস টু দি নেসন। সেদিন যে অপকর্ম করেছিলেন তার জন্য ক্ষমা চান। বলুন তার জন্য আমরা লজ্জিত, দুঃখিত, আমরা অন্যায় কাজ করেছিলাম। আজকে জাতির কাছে একথা আপনাদের স্বীকার করতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে দুটো কথা জানা দরকার যে, ফিনান্স, ব্যাঙ্ক ফিনান্স এবং ইনসটিটিউসনাল ফিনান্সের হেড অফিসগুলি এখানে নয়, আদার স্থান আই. আর. সি. আই. (ইণ্ডাষ্ট্রিয়াল রিকনসট্রাকসন ডেভলপমেন্ট কর্পোরেশন)। আই. আর. সি. আই. ছাড়া বাকি সব কটির হেড অফিস বাংলার বাইরে। তাই এখানে শিল্পের জন্য অধিকতর ঋণ পাওয়া যায় না। এগ্রিকালচার রিফাইনান্স কর্পোরেশনের হেড অফিসও বাংলার বাইরে, ফলে কৃষি উন্নয়নের জন্যও আমরা অধিকতর ঋণ পাচ্ছি না। কি ক্ষুদ্র উদ্যোগ, কি মাঝারী উদ্যোগ, কি কৃষি ক্ষেত্রের উদ্যোগ, কোন উদ্যোগের ক্ষেত্রেই আমরা অধিকতর ঋণ পাচ্ছি না। আমি বড়দের কথা বলছি না। তাদের সঙ্গে এই সরকারের একটা আঁতাত হয়ে গেছে। বিড়লা বা টাটা এদের বিরুদ্ধে কোন কমপ্লেন করে না, এদের বিরোধিতা করেনা। কারণ বিড়লা বা গোয়েঙ্কার কারখানায় কখনো লোড-সেডিং হয় না। আজকে পার্ক স্ট্রীটে কখনো লোড-সেডিং হয় না। লোডসেডিং কোথায় হচ্ছে? স্লাম এরিয়ায় লোডসেডিং হচ্ছে, যেখানে সাত্তার সাহেব থাকেন। লোডসেডিং হবে সেখানে যেখানে জয়নাল আবেদিন থাকে। লোডসেডিং হবে সেখানে যেখানে রাজেশ খৈতান থাকে। এঁদের এই চরিত্র আমরা দেখছি। তথাপি আমরা আপত্তি করছি না। enjoy the cake, you have plenty of cakes. এবিষয়ে আমরা কোন অভিযোগ করছি না। কিন্তু যেকথা বলছি সেটা হচ্ছে, ব্যাঙ্ক ফিনান্স এবং ইনসটিটিউসনাল ফিনান্সের অফিস গুলির রেশিও এখানে অত্যন্ত দুর্বল। যদিও বর্তমানে কেন্দ্রীয় নীতির ফলে কিছু কিছু পরিবর্তন ঘটছে। তথাপি এখানে ১০০ টাকা যদি ডিপোজিট হয়, তাহলে refinanced to the public for development to the tune of Rs. 60/- আর অন্য জায়গায় ১০০ টাকা যদি ডিপোজিট হয়, তাহলে refinanced from bank to the public sector to the tune of Rs. 162/- অর্থাৎ অবস্থাটা হচ্ছে জাষ্ট দি রিভার্স। এবিষয়ে এঁরা কি কোন উদ্যোগ নিয়েছেন? আজকে বাংলার হাতে কোন ক্যাপিটল নেই। আজকে এখানে শিল্প আধুনিকীকরণ, নতুন শিল্প বসানো, ফ্রিট্রেড জোন বা কৃষি আধুনিকীকরণের কোন ব্যবস্থা নেই।

এই যে ইনষ্টিটিউশন্যাল ফিনান্স আজকে এরা পাচ্ছেন না এবং আর একটি গ্রেট সেকটর সেটা হচ্ছে কো-অপারেটিভ সেকটর। সেদিন সমবায় মন্ত্রী মহাশয় প্রসঙ্গক্রমে বলেছেন, এখানে নাকি ১৫৭ কোটি টাকা ওভারডিউ। রিজার্ভ ব্যাঙ্কের ১৯৭১-৭২ রিপোর্টে স্মল ক্রেডিট and small formers marginal formers to the extant of price level of 1971-72, 302 by the price level of 1982-83, it amounts to 900 crores. এগ্রিকালচারাল ইনপুটস-এর দাম বেড়েছে। ১৫৭ কোটি টাকা দিয়ে বন্ধ করে দিয়েছে। আজকে সেইজন্য আমি এদের কাছে বলতে চাই, এই যে সিভিয়ার ড্রট—এই ড্রট সম্পর্কে আমাদের দল এবং পার্শ্ববর্তী যে বৃহৎ অপোজিসান তারা অভিযোগ করেছে যে এই ব্যাপারে দলবাজি করছে, দাঙ্গাবাজি করছে, দুর্নীতি করছে—সুতরাং তদন্ত করে দেখুন। আর যদি আপনারা দুর্নীতি চালিয়ে যেতে চান, যাবেন। আমি শুধু সতর্ক করে দিতে চাই কবরে ঢোকার আগে দেখে নেবেন যে আপনাদের

কবর নিজেরা খুঁড়ছেন। সুতরাং আমার অনুরোধ এটা খুঁড়বেন না। Power corrupts itself. An absolute power corrupts absoletely. আমি শুধু এটা বলবো দুঃখী-দুঃখীই আর খুনী-খুনীই। আজকে এর জাত বিচার করবেন না কে কোন অংশের। আমরা আহত হই যেদিন আমরা দেখি ঐ ড্রুট রিলিফে জি. আর-এর গম নিতে গেলে আপনারা বলেছেন কংগ্রেসকে তোমরা ভোট দিয়েছো, অতএব পালিয়ে যাও। তুমি কম্বল পাবে না প্রচণ্ড শীতে। সেদিন ধিক্কার লাগে এদের মানবতা পর্যন্ত নেই। They lack in human feeling and human sentiment. আপনাদের তো কথা you will bring into existence as a first seep the nationalism, socialised humanity, is this manifestation on socialised humanity. আপনাদের কেন এই পার্টিশান আউট-লুক ? Possibly not, we have seen it. আজকে এ্যাডমিনিষ্ট্রেশান থেকে নিউট্রালিটি হারিয়ে ফেলেছেন। এখন যে বিষ উদ্‌গীরন করলেন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়-এর পরে কি কোন অফিসার কোন এনকোয়ারী করবেন ? কোনদিন কোন তদন্ত করতে যাবেন ? আমরা দেখেছি, থানায় অভিযোগ করতে গেলে ডায়েরী লিপিবদ্ধ হয় না। আজকে সাত্তার সাহেব বলেছেন, If you condemn, you prosecute the officer. According the rules you have got even the proposition of section 212 of the constitution. আপনারা সেই অনুসারে নিন। আজকে এই হাউসে দম্ভ ভরে যদি আপনার বিরুদ্ধে রিপোর্ট দিয়েছি বলে এই দম্ভ দেখিয়ে যান যে ঐ অফিসার মিথ্যা রিপোর্ট দিয়েছে—why don't you take action against the officer. মিথ্যা রিপোর্ট দেওয়ার জন্য অফিসারের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন ? এতে করে কি এ্যডমিনিষ্ট্রেশানের ব্যাকবোন্ থাকবে ? সেকথা আপনারা বলেননি। অফিসার যদি আপনাদের পদসেবা না করে, দলসেবা না করে, সহযোগিতা না করে, দলবাজি না করে, তাহলে আপনাদের এ্যডমিনিষ্ট্রেশানের মর‍্যাল কি থাকবে ? এ্যডমিনিষ্ট্রেশানের মর‍্যাল থাকবে না। আজকে এ্যডমিনিষ্ট্রেটিভ নিউট্রালিটি রেসটোর করুন, তানাহলে ফাঁদে পড়বেন। এই বিধানসভা একবার পুলিশ দ্বারা আক্রান্ত হয়েছিল। তার আগুনে আপনারাও বাঁচবেন না। Do not spoil the fundemental principle of the administration neutrality becouse you are bound ley the allegiance, ley the oath of the constitution. আপনারা এই দম্ভ দেখাতে পারেন না। এখানে কিছু জ্যুডিসিয়াল এনকোয়ারী হয়েছে। আপনারা জানেন, আমরা আসার সঙ্গে সঙ্গেই ৫ টা এনকোয়ারী কমিশন বসে গেল কারণ আমরা নাকি দূর্নীতিগ্রস্ত। এখানে আইনমন্ত্রী মহাশয় নেই, আমি কি জিজ্ঞাসা করতে পারি ঐ এনকোয়ারী কমিশনগুলোর মধ্যে কি একটাও ফলপ্রসু ব্যবস্থা হয়েছে ? হয়নি। ওনাদেরই কমিটেড ল-ইয়ারস, ওনাদেরই কমিটেড কাউনসিলরস। কত লক্ষ টাকা পাইয়ে দেওয়া হয়েছে ? Who are related to whome ? আমি অভিযোগ করেছি এবং সাত্তার সাহেবও অভিযোগ করেছিলেন, বেসরকারী পদে এবং আধা-সরকারী পদে নিয়োগ করেছেন যিনি মিসার আসামী ছিল। আর ল্যাণ্ড

রিফর্মস-এর ব্যাপারে আপনাদের অনেক অভিযোগ পেনডিং আছে। কটার নিষ্পত্তি হয়েছে সেটা বিনয়বাবু বলুন ?

কতটাকা তাদের জন্য ব্যয় করেছেন ? আপনাদের কমিটেড লইয়ারস নিয়ে কমিশন হয়েছিল, কত টাকা ইনডিভিজুয়াল বিল ড্র করেছেন ? একথা কি ঠিক আপনাদের কমিশনে লক্ষ লক্ষ আত্মীয় স্বজন হাজিরা দিয়েছেন ? সরকার ফল পায় না, পাবলিক ফল পায়না।

[4-25—4-35 P. M.]

স্যার, আজকে আমি এদের কাছে শেষ দুটো কথা জানতে চাই, আমাদের ডিরেকশন কি ? কি আপনাদের প্রশাসন ? এই প্রশাসন কোন রাজ্য নিতে চলেছে ? এটা সমাজবাদ, ইগালেটেরিয়ান সোসাইটি অর্থাৎ সাম্যবাদ, না পুঁজিবাদ, আজকে পরিষ্কার ভাষায় তা স্পেল আউট করুন। রাজ্যপালের ভাষণ থেকে, আপনাদের বাজেট থেকে তা বুঝতে পারছি না। আমি অভিযোগ করছি যে, রাজ্যপালের ভাষণ কোন ইংগিত বহন করছে, কোন দিকে যাচ্ছে ? রাজ্যপালের ভাষণ যে ইংগিতই বহন করুক না কেন, নেকস্ট আমি আপনাদের কাছে জিজ্ঞাসা করছি, আপনারা বলেছিলেন, ডাঃ বিধান চন্দ্র রায়ের আমলে, শ্রীপ্রফুল্ল চন্দ্র সেনের আমলে যখন গুলী চলেছিল ২২ বছরে ১৪০ বার, টোটাল ডিউরিং দি পিরিয়ড অফ শ্রীসিদ্ধার্থ শংকর রায় ২২০ বার, আর এদের আমলে এই ৬ বছরে গুলী চলেছে ২৬০ টাইমস। আমরা নাকি তখন পরিগণিত হতাম পুলিশ সরকার বলে, আর এই সরকার কি গুলীর সরকার ? এই রাজ্য কি পুলিশের রাজ্য ? তাই আমি আজকে রাজ্যপালের প্রস্তাবকে সমর্থন করতে পারছি না। রাজ্যপালের ভাষণকে সমর্থন না করে যে এ্যামেণ্ডমেণ্ট মুভ করেছি সেই সংশোধনী গ্রহণ করার জন্য বিনয়ের সংগে আবেদন করছি আপনাদের কাছে। আপনাদের কাছে বলছি মানুষ আমাদের প্রত্যাখ্যান করে আপনাদের বসিয়েছে, আপনারা বাংলাকে গরীব ভিখারীর বাংলা তৈরী করবেন না, বাংলা ভারতবর্ষের মধ্যে মর্য্যাদার সংগে মাথা উঁচু করে দাঁড়াবে, সমৃদ্ধিশালী বাংলা হবে, প্রগতিশীল বাংলা হবে এবং আপনাদের শুভ বুদ্ধির উদয় হবে, দে শুড হ্যাভ দিস জেণ্টলম্যানলি বিহেভিয়ার এই কথা বলে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সময় দিয়েছেন, সেজন্য আপনাকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি। থ্যাংক ইউ স্যার।

**মিঃ স্পীকারঃ** সংবিধান সংশোধন না করে মাইনরিটির জন্য এটা কি করা যায় ?

**ডাঃ জয়নাল আবেদিনঃ** আমার মনে হয় যায়। কেরালায় হয়েছে। Sir, I had the privilege to serve in the Council of Ministers under late Dr.

B.C. Roy and Shri Siddhartha Shankar Ray. I had the privilege of selecting so me of them in some of the posts. The claim that they are equally competent cannot be denied.

**মিঃ স্পীকার ঃ** এটা এক জিনিষ নয়, সংবিধান সংশোধন না করে এটা কি করে করা যাবে ?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** Set up a Tribunal, Sir where there is a will there is a way.

**মিঃ স্পীকার ঃ** you have not been able to enlighten me.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আজকে একটা দৃষ্টিভংগীর পার্থক্য রয়েছে। আমি আমার এলাকায় একটি রাস্তার ব্যাপারে দেখেছি। এখানে ৩ মাইল, ওখানে ৩ মাইল মাঝখানে ৩ মাইল নেই। ঐ এলাকায় মাইনরিটি সংখ্যালঘুরা বাস করে,.সেজন্য ঐ রাস্তাটার কোন উন্নতি নেই। আজকে রাজ্য সরকার হাজার ফ্ল্যাট করছেন, পূর্ত মন্ত্রী মহাশয় বলেছেন, কিন্তু সংখ্যালঘুরা যখন একটাও পাচ্ছে না তখন ওদের সততার সম্বন্ধে সন্দেহ হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুভাষ বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উপস্থিত বিরোধী দলের সদস্যবৃন্দ, শ্রদ্ধেয় মন্ত্রীগন এবং সদস্যবৃন্দ, আমি প্রথমে রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে ২।১ টি কথা বলবো। রাজ্যপাল সঠিকভাবেই বিগত বছরের যে সাফল্য এবং আগামী দিনের রূপরেখা সেটা তাঁর ভাষণের মধ্যে তুলে ধরেছেন। আমি আশা করেছিলাম যে বিরোধী দলের যাঁরা সদস্য আছেন, এই সরকারের বিগত দিনের যে কার্যকলাপ, যে সাফল্য তার জন্য এঁরা আজকে এই সরকারকে ধন্য বাদ জানাবেন। আশা করেছিলাম কারণ আজকে বুর্জোয়া রাষ্ট্রের অর্থনৈতিক অবস্থার মধ্যে, যখন কেন্দ্রীয় সরকার বিদেশ থেকে অপমানজনক স্বর্তে ৫০০০ কোটি টাকা ধার করেছেন এবং আজকে ৩৬ বছর স্বাধীনতার পর মানুষ যখন গরীব-সীমার নীচে নেমে যাচ্ছে সেই অবস্থায় আজকে সীমিত ক্ষমতা নিয়ে বামফ্রন্ট সরকার যে কাজগুলো করছে সেই সময়ে অযথা বিদ্বেষ পোষণ না করে তাঁরা এই সরকারের প্রসংশা করবে। আজকে শিক্ষা জগতে আলোড়ণ সৃষ্টি করেছে বামফ্রন্ট সরকার। কারণ দুর্ভাগ্যের বিষয় ৭৭ সাল পর্যন্ত কংগ্রেস রাজত্বে মাত্র ৫৭ লক্ষ ছেলেমেয়ে প্রাইমারী স্কুলে পড়াশুনা করতো। কিন্তু আজ মাত্র ৫ বছরের বামফ্রন্ট সরকারের আমলে প্রাইমারী স্কুলে ৬৭ লক্ষ ছেলেমেয়ে পড়বার সুযোগ পেয়েছে এবং পাচ্ছে। এই যে ৫০ শতাংশ ছাত্র ৫ বছরের মধ্যে বেড়ে গেল এটা আকস্মিক ঘটনা নয়।

বিগত দিনে কংগ্রেস সরকার পরিকল্পিতভাবেই এইসব ছেলেমেয়েদের পড়ার সুযোগ দেয়নি। এই ছাত্রছাত্রীরা হচ্ছে গ্রামের পিছিয়ে পড়া সেকশনের ছেলেমেয়ে। কারণ কংগ্রেস সরকার জানতেন এরা যদি লেখাপড়া শেখে তাহলে এরা তাদের শোষণ বঞ্চনার বিরুদ্ধে সংগ্রাম করবে এবং চিরদিনের মত মুক্ত হবার চেষ্টা করবে। তাই সংবিধানে লেখা থাকা সত্ত্বেও কংগ্রেস সরকার ঘোষণাই করেছেন কিন্তু গ্রামের পিছিয়ে পড়া ছেলেমেয়েদের শিক্ষার ব্যবস্থা করার উদ্যোগ গ্রহণ করেনি। যুগ যুগ ধরে এইসব ছেলেমেয়েদের পিতারা এই কংগ্রেস জোতদার জমিদারদের বাড়িয়ে দেয়া সাদা কাগজে বুড়ো আঙ্গুল বাড়িয়ে দিত। এইভাবে নেয়া টাকার সুদ কিন্তু তাদের জীবদ্দশায় পরিশোধ হোতনা, পরিনামে তারা ভূমিহীন ভিক্ষারীতে পরিণত হোত। কিন্তু বামফ্রন্ট সরকার আজ তাদের অজ্ঞানতার অন্ধকার থেকে টেনে এনে স্কুলে প্রবেশ করাতে পেরেছে। হয়তো কিছুদিনের মধ্যেই দেখবেন গ্রামের সবাই সাক্ষর জ্ঞান লাভ করেছে। এরা আর কোনদিন তখন এই সাদা কাগজে বুড়ো আঙ্গুল বাড়িয়ে দেবেনা, জমিদারদের কাছ থেকে হিসাব-নিকাশ বুঝে নেবে লেখাপড়ার মাধ্যমে—এটাই আমরা জানি।

আজ যদি আমরা মিউনিসিপ্যালিটিগুলির দিকে তাকাই তাহলে কি দেখতে পাবো, মানোনিয় অধ্যক্ষ মহাশয়? আপনারা জানেন কংগ্রেস সরকার মিউনিসিপ্যালিটির দিকটা একেবারেই দেখেনি। ১০০টি মিউনিসিপ্যালিটির উন্নয়নের জন্য মাত্র ২০ লক্ষ টাকা কংগ্রেস সরকার দিতেন। কিন্তু বামফ্রন্ট সরকার জানেন যে এইসব স্বায়ত্বশাসিত অঞ্চলের জনগনের পকেট থেকে ট্যাক্স নিয়ে উন্নয়ন সম্ভব নয়। সেইজন্য আজকে ২০ লক্ষ টাকার জায়গায় ৬০ কোটি টাকা মিউনিসিপ্যালিটিগুলির উন্নয়নের জন্য বামফ্রন্ট সরকার ব্যবস্থা করেছেন।

[4-35—4-45 P.M.]

শুধু তাই নয় আজকে আপনারা যদি শিল্পের দিকে দেখেন তাহলে দেখবেন ৩৩ কোটি ৭৯ লক্ষ টাকা খরচ করে ২৭ টি শিল্প এখানে গোড়ে তোলা হয়েছে। তার মধ্যে কল্যানীতে ফিলামেণ্ট তৈরীর কারখানা আছে, বাঁকুড়া, মেদিনীপুরে নূতন স্পীনিং মিলের আজকে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এতে কি সব একটা পার্টির ছেলেরই কাজ করবে? আজকে এই শিল্প গুলি গড়ে উঠলে এই জেলা গুলির মানুষ উপকৃত হবে না? এটারও কি আপনারা বিরোধীতা করবেন? শুধু তাই নয়, ক্ষুদ্র শিল্পের মাধ্যমে প্রায় ৩২ হাজার ৭ শো ছেলে কাজ পেয়েছে। তা ছাড়া আগামী দিনে আরো কর্মসংস্থানের ব্যবস্থা করা সম্ভব হবে বলে আমরা আশা করি। আজকে বিদ্যুতের কথা ওরা বলেছেন। কারণ একটা পোষ্টারে আমি দেখলাম যে বিদ্যুৎ নেই, জল নেই, থাবার নেই, আইন-শৃঙ্খলা নেই—এই রাজ্যে নাকি কিছুই নেই। আজকে মাননীয় সদস্য বন্ধুদের বলতে চাই কেন এই রাজ্যে এমন বিদ্যুতে শোচনীয় অবস্থা ধারন করেছে? কারন হচ্ছে বিদ্যুতে এই খারাপ অবস্থার জন্য দায়ী এই কেন্দ্রীয় সরকার। যে অনুপাতে বিদ্যুত লাগবে

সেই অনুপাতে এখানে পরিকল্পনা গ্রহণ করা উচিত ছিল। যে অনুপাতে এখানে কারখানা তৈরী করবে সেই অনুপাতে এখানে বিদ্যুতে যোগানের ব্যবস্থা করতে হবে। এই জিনিষটা তাঁদের মাথায় আসা উচিত ছিল। অনভিজ্ঞতার জন্য আগামী দিনে লোক বাড়বে, কারখানা বাড়বে সেই অনুপাতে বিদ্যুতেরও যোগানও বাড়াতে হবে। যাই হোক আবার রেলের ভাড়া বাড়ানো হলো, টিকিটের দাম বাড়ানো হলো কিন্তু ইনকাম কিছু বাড়েনি। এই অর্থনৈতিক অবস্থার কথা চিন্তা করে এই দিকে নজর দেওয়া উচিত। আজকে আপনারা বিদ্যুৎ ছাঁটাইয়ের কথা বলছেন। আমরা দেখেছি হরিয়ানায় ৭০ শতাংশ বিদ্যুৎ ছাঁটাই করা হচ্ছে। আর সেই জায়গায় এখানে ১৫ শতাংশ ছাঁটাই হচ্ছে। বিভিন্ন রাজ্যে বিদ্যুৎ ছাঁটাই চলেছে। খোদ দিল্লী অন্ধকার নগরীতে পরিনত হয়েছিল। স্যার, আপনি জানেন যে পাশাপাশি ওরা খরার কথা বলেছেন, খাদ্যের কথা বলেছেন। তাঁরা বলেছেন এখানে নাকি খাদ্যের অবস্থা শোচনীয় এখানে নাকি মানুষ না খেয়ে মরছে। আজকে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার আপ্রান চেষ্টা চালিয়ে যাচ্ছে কি ভাবে মানুষকে পেট ভোরে খেতে দেওয়া যায়। সংবিধানে আছে জোতদাররা চোরাকারবারীরা চাল কিনতে পারাব আর এই সরকার অন্য রাজ্য থেকে চাল কিনতে পারবে না। এটা কিরকম নিয়ম? অন্ধ্র থেকে বা অন্য রাজ্য থেকে চাল কিনে এনে এই রাজ্যের মানুষের মুখে তুলে দিতে চায়। কিন্তু সেই পারমিসান এই সরকার পাচ্ছে না। আজকে যদি বলেন খাদ্যের এই অবস্থার কথা তাহলে আমি কাশি নাথ মিশ্র মহাশয়ের ১৯৭৫ সালের বক্তৃতা এখানে তুলে ধরে দেখিয়ে দেব তখন খাদ্যের অবস্থা কি ছিল। ১৯৭৫ সালের কাশি নাথ মিশ্রের একটি ভাষণ আমি এখানে তুলে ধরছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার আপনি জানেন, গত ৫ সপ্তাহ ধরে কোলকাতা সহ পশ্চিমবাংলার বিভিন্ন গ্রামাঞ্চলে রেশন ব্যবস্থা বিপর্যস্ত। স্যার এর ফলে গ্রামবাংলার মানুষের মধ্যে হাহাকার উঠে গিয়েছে। গ্রামে গম, চিনি এমন কি যে সকল আংশিক রেশন এলাকায় চাল সরবরাহ করা হয়, তা করা হচ্ছে না ফলে গ্রামের মানুষের মধ্যে হাহকার উঠেছে।

এই ভাষন তিনি সেই সময় দিয়েছেন। সেই জায়গায় আজকে এই সরকার অন্য জায়গা থেকে চাল এনে মানুষের ক্ষুধা নিবৃত্ত করার চেষ্টা করেছে। এই চাল আনতে হচ্ছে তার কারণ আমাদের যা পাওয়ার কথা সেটা পাচ্ছি না। এই ভাবে এই সরকার মানুষকে বাঁচিয়ে রাখার চেষ্টা করছে। এই ব্যাপারে সকলের প্রসংশা করা উচিত। কিন্তু তা না করে বিরোধীরা কেবল এই সরকারের বিরোধীতা করে যাচ্ছেন। যখন গ্রাম জলছে তখন দিল্লী থেকে খরা পরিস্থিতি দেখার জন্য সমীক্ষক দল পাঠানো হলো। খরায় সমস্ত শস্য পুড়ে গেছে, জলের লেয়ার আজকে ২৫ ফুটের বেশী নিচে নেবে গেছে। দিল্লী থেকে যে সমীক্ষক দল এলো তারা একটা রিপোর্ট দিলেন। কিন্তু এতে কেন্দ্রীয় সরকারের করুনা হলো না। তারা মাত্র এই খরার জন্য ৫২ কোটি টাকা পাঠিয়েছে। তাই আমি বলি এই স্বাধীনতার জন্য কি এই

*পশ্চিমবাংলার কোন ছেলে জীবন দেয় নি? তারা কি স্বাধীনতার জন্য সংগ্রাম করে নি?* সেই জায়গায় এই সরকার তাদের জন্য অনেক কিছু করেছে। এই খরার জন্য মানুষ ছটফট করেছে, গৃহহীন অবস্থায় পড়ে গিয়েছে।

সেই মুহূর্তে কেন্দ্রীয় সরকার থেকে আশা করেছিলাম ২০৫ কোটি টাকা দেবেন। এই ভাবে একটা অঙ্গরাজ্যকে সাহায্য করবেন। কিন্তু তাঁরা তা করলেন না। তাঁরা ভেবেছিলেন যে গ্রামের মানুষ না খেতে পেয়ে এ্যালুমিনিয়ামের থালা নিয়ে কলকাতার শহরে এসে দাঁড়াবে। কিন্তু আমাদের বিচক্ষন মন্ত্রী তা হতে দেন নি। তিনি ঘোষণা করলেন যে যতক্ষণ রাজকোষে টাকা আছে ততক্ষণ একটি লোককেও না খেয়ে মরতে দেব না তাতে যদি উন্নতি স্তব্ধ থাকে থাকুক। আগে মানুষ বাঁচবে তারপর অন্য কিছু। সুতরাং বিরোধীবন্ধুদের সেই আশা পুরণ হয় নি। একটি থালা নিয়েও কোন মানুষ কলকাতার মুখে আসেন নি। আজকে তাদের মধ্যে শ্রম দিবস তৈরী করে তাদের নিজেদের খাল পুকুর নিজেদের ঘর তৈরী করার ব্যবস্থা করেছেন। আজকে এই কাজ বামফ্রণ্ট সরকারই করতে পেরেছেন। আজকে তাঁরা আইন-শৃঙ্খলার কথা বলছেন জেলার ক্ষেত্রে বলছেন—আজকে রাণাঘাটে দু বছর যাবৎ যে সন্ত্রাসের রাজত্ব চলছে তাতে কোন বড় মহলের যোগ সাজস আছে? আজকে অনুসন্ধান করে দেখুন তাহলে দেখতে পাবেন এই খুনোখুনি, মারামারির সঙ্গে আপনারাই জড়িত আছেন। আজকে আপনারা আইন শৃঙ্খলার অবনতির কথা বলে আমাদের চাপ দেবার চেষ্টা করছেন এবং বলছেন যে এখানে আইন শৃঙ্খলা শেষ হয়ে গেছে। আমি যেকথা বলতে চাই সেটা হচ্ছে শ্রেণীবিভক্ত সমাজে অর্থনৈতিক অবস্থা একটা চরম পর্যায়ে গিয়ে দাঁড়িয়েছে। বেকারে ছেয়ে গেছে—আমেরিকার মত দেশে ১১ মিলিয়ন বেকার হয়ে গেছে—ভারতবর্ষে কোটি কোটি বেকার রয়ে গেছে। এই অর্থনৈতিক অবস্থার মধ্যে আজকে সমাজে অপরাধ বেড়ে যাবেই এবং এটা বাড়তে বাধ্য। বিগত ৩০ বছরে পশ্চিমবাংলার কি উন্নতি আপনারা করেছেন? আজকে আপনারা বলছেন যে আইন-শৃঙ্খলার জন্য আমাদের পদত্যাগ করা উচিত এবং জঙ্গলের রাজত্ব এখানে কায়েম হচ্ছে। আমি তাদের শুধু বলি দিল্লীর দিকে আপানারা তাকান তাহলে দেখবেন সেখানে বড় বড় সেনা পতিরা থাকা সত্ত্বেও রাষ্ট্রপতি, প্রাইম মিনিষ্টার রয়েছেন তথাপি সেখানে কি অবস্থা পালামেণ্টের ষ্ট্রীটের উপরে বিড়লা-রঙ্গারা একটি কিশোর-কিশোরীকে গাড়ীতে তুলে নিয়ে গিয়ে জোড় করে বলৎকার করে তাদের খুন করেছিলেন। অথচ সেখানে আপনারই আমাদের পদত্যাগ করতে বলছেন। আমার মনে হয় পদত্যাগ যদি করতে হয় তাহলে দিল্লী থেকেই শুরু করা উচিত। তারপরে অন্য রাজ্যগুলিতে বলা উচিত বলে আমরা মনে করি। মাননীয় সদস্যবৃন্দ জানেন যে ইউ. পি.তে, বাগপেট বলে একটি জায়গা আছে যেখান থেকে ইন্দিরা গান্ধী দাঁড়িয়ে থাকেন এবং যেখান থেকে জওহরলাল নেহেরু দাঁড়াতেন সেখানে আজ আইন-শৃঙ্খলার কি অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে। বাগপেটে এক মহিলাকে সকলের সামনে সম্পূর্ণ উলঙ্গ অবস্থায় মারতে মারতে নিয়ে গেছে। আজকে এর থেকে কি প্রমানিত হয় না যে ভারতবর্ষের

মধ্যে আর কোন রাজ্যে আইন-শৃঙ্খলা বলে কিছু নেই। এরফল স্বরূপ আজকে ফুলনদেবী এবং মানসিং সিংহের মত লোকেরা জন্মাচ্ছে। এই তো অর্থনৈতিক অবস্থা এবং সেখানে কংগ্রেসী শাসন কায়েম করছে। শুধু তাই নয় অন্ধ্রে প্রাক্তন মুখ্যমন্ত্রীর ভাইপো এবং দাদাকে সকলের সামনে মেরে ফেলা হল।

[4-45—4-55 P.M.]

আজ আমরা পরিষ্কার বুঝতে পারছি দ্বন্দ্ব শুরু হয়েছে শ্রেণী বিভক্ত সমাজে। সেজন্য আইন শৃঙ্খলা অন্যান্য রাজ্যে নেই। জেলের কথায় বলা হয়েছে যে সেখানে অত্যাচার হচ্ছে। কিন্তু ভুলে গেছেন কি ১৯৪৮ সালে দমদম জেলে বন্দীদের উপরে হোস পাইপ দিয়ে গরম জল দেওয়া হয় এবং সেখানে গুলি করে ২ জনকে হত্যা করা হয়েছিল। আজকে খাদ্য, শিক্ষা, মিউনিসিপ্যালিটিতে যে উন্নয়নের দৃষ্টান্ত স্থাপন করেছেন এই সরকার তা ভারতবর্ষের মানুষ দেখছে। ট্যাক্স না বাড়িয়ে ঋন, খাজনা মকুব করা যায় তা কংগ্রেস রাজত্ব নিয়ে গিয়ে বাজেটের কপি দেখছে। তাই আমি বিরোধীদলের বন্ধুদের বলবো এই ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করে একটা দৃষ্টান্ত স্থাপন করুন। আবার এখান থেকে উচ্চারিত হোক West Bengal thinks to day, the rest of India Thinks to morrow. এই কথা বলে আমি শেষ করছি।

**ডাঃ মানস ভুঁইয়াঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিধান সভায় রাজ্যপালের ভাষনের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব গ্রহণ করা হয়েছে তাকে কেন সমর্থন করতে পারছিনা সেই সমর্থনে আমি আমার বক্তব্য রাখছি। সরকারী পক্ষের সদস্য, তাঁদের মতবাদ এবং তাঁদের কথা যা পেছনের দরজা দিয়ে লেখা হয়েছে রাজ্যপালের ভাষনে। সংবিধানের রীতি মেনে নিয়ে রাজ্যপাল অনিচ্ছা স্বত্বেও ভাষনে সই করেছেন এবং পড়েছেন। কিন্তু এর পেছনে যে কত মিথ্যা কত প্রবঞ্চনা আছে সে সম্বন্ধে বলতে চাই। রাজ্যপাল বলেছেন এই রাজ্যের আইন শৃঙ্খলার পরিস্থিতি এবং সাম্প্রদায়িক সম্প্রীতি অন্তত ভালো এবং তা অন্যান্য রাজ্যের তুলনায় স্মরণ-যোগ্য। গত ২৫শে ফেব্রুয়ারী পশ্চিম বাংলায় বহুল প্রচারিত আনন্দবাজার পত্রিকায় কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র দপ্তর থেকে বিভিন্ন রাজ্যে কত খুন হয়েছে, সাম্প্রদায়িক দাংগা কত হয়েছে তার একটা তথ্য বের হয়েছে। পশ্চিম বাংলায় ১৯৮২ সালে ৩৩বার সাম্প্রদায়িক দাংগা হয় তার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে চিতপুর, নারকেলডাঙ্গার মসজিদে গুলি করা, গত বছর পূজার সময়ে টিটাগড়ে দাংগা হয়ে গেছে, মুর্শিদাবাদের বেলডাংগার চরে দাংগা হয়ে গেছে। এবং একবালপুর থানা তার মধ্যে অন্যতম। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি এই হাউসে অত্যন্ত গুরুত্বপূর্ণ পদে সমাসীন। আপনি বক্তিগত জীবনে মুসলিম কনফারেন্স,

ন্যাশান্যাল কন্‌ফারেন্সের সংগে জড়িত। মিরাটের দাংগা হাংগামার পরে আপনি নিজে দিল্লীতে গিয়েছিলেন এবং গিয়ে আপনি সেখানে যে পরিস্থিতির সম্মুখীন হয়েছিলেন এবং তার পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রী শ্রী পি সি শেঠির উদ্দেশ্যে যে বক্তব্য রেখেছিলেন সেটা টেলিগ্রাফ পত্রিকাতে দেখেছি। আপনার বক্তব্য ছিল হি ইজ এ লায়ার। এই উক্তি যদি সত্য হয় তাহলে একটা প্রদেশের সরকার পক্ষে অত্যন্ত রেসপন্সিবল পজিসানে থেকে খোদ রাজধানী দিল্লীতে বসে ভারতবর্ষের স্বরাষ্ট্র মন্ত্রী সম্বন্ধে এই যে তাঁর মন্তব্য এটা সাধারণ মানুষের মধ্যে কনফিউসান সৃষ্টি করেছে, আমরাও কনফিউজড। একটা প্রদেশের ডেপুটি স্পীকার পদাধিকার বলে খোদ রাজধানীর বুকে দাঁড়িয়ে সেই দেশের স্বরাষ্ট্র মন্ত্রী সম্বন্ধে এই সমস্ত যে মন্তব্য করেন এগুলি সাম্প্রদায়িক উস্কানি বলে আমার ব্যক্তিগত ধারণা। আইন-শৃঙ্খলা পরিস্থিতি আপনারা জানেন। আমার সহকর্মী এবং ছোট ভাইয়ের মত সুদেব ঘটক ছাত্র পরিষদের ছেলে। আপনাদের প্রাক্তন মন্ত্রী পার্থ দে নির্বাচনে হেরে যাওয়ার জন্য পাগল হয়ে গেছেন। তিনি ইংরাজীর অধ্যাপক, ক্লাস নিতে গিয়েছেন, ছাত্ররা বলছে স্যার, আপনি ইংরাজী হঠিয়েছেন, আপনি ইংরাজীর ক্লাসটা বাংলায় পড়ান, আমরা ইংরাজী শুনব না। স্যার, কলেজ ইলেকশানে ছাত্র পরিষদ ২৪টা সিটের মধ্যে ২৩ টা সিট জিতে নিয়েছে। পার্থ বাবুর চক্রান্তে এবং উস্কানিতে সুদেবের মৃত্যু ঘটল। অথচ পার্থ বাবু কলকাতায় এসে বললেন সুদেব আমার ভাগনে হয়, আত্মীয় হয়, র‍্যাগিংএর ফলে মারা গেছে। আপনাদের মুখ্যমন্ত্রী বলেছিলেন র‍্যাগিং-এর সংগে সুদেবের মৃত্যু জড়িত নয়। আমাদের সন্দেহ হয় সুদেবের মৃত্যু সম্পর্কে, তাই আমরা তদন্তের দাবি করেছি। স্যার, মেদিনীপুর জেলার সবং থানার সুদর্শন পূর্তি একজন হরিজন। গত আগস্ট মাসে একদিন সে অন্য একজনের মাঠে কাজ করছিল। ৯ নম্বর অঞ্চলের শংখডিহী গ্রামের বিজয় সামন্ত যখন তার জমিতে কাজ করছিল তখন কিছু লাল ঝাণ্ডাধারী বিজয় সামন্তকে আক্রমণ করে। সেই সময় সুদর্শন পূর্তি অন্য লোকের জমিতে জন মজুরের কাজ করছিল, সে ছুটে এসে বলল একে তোমরা মারছ কেন? তখন সেই সুদর্শন পূর্তিকে টাংগির আঘাতে মেরে ফেলা হয়। এই ব্যাপারে আমরা মুখ্যমন্ত্রীর সংগে দেখা করেছিলাম রাইটার্স বিলডিংসে। সেই অপরাধের সংগে যারা জড়িত তারা কারা, না, তারা সবং থানা পঞ্চায়েত সমিতির সদস্য, সি পি এম-এর দলভুক্ত। আমরা যখন এই ঘটনার পরিপ্রেক্ষিত ৭২ ঘণ্টা থানা ঘেরাও করে রেখেছিলাম তারপর এই ঘটনার পরিসমাপ্তি ঘটেছিল। স্যার, কিরকম আইন-শৃঙ্খলা চলছে দেখুন—মেদিনীপুরে টাউনের ভেতরে সারা ভারত কৃষক সম্মেলন হচ্ছে, কি দেখলাম—একটি থানার এক প্রান্তে গৌরাংগ সামন্তের বাড়ীতে জোর করে দাঙ্গা বাধিয়ে তার বাড়ী লুঠ করে বন্দুক ছিনতাই করা হল। ১৪ জন ক্যাবিনেট কলিগদের নিয়ে মুখ্যমন্ত্রী মেদিনীপুর টাউনে মিটিং করছেন। আই. জি., ডি. আই. জি., সি. আই. ডি., অল অফিসারস সেখানে গিয়েছেন। আমরা থানাতে গেলাম, বি. ডি. ও'র কাছে গেলাম। তাঁরা বললেন এখন আমাদের করার কিছু নেই, সমস্ত সিকিউরিটি ওখানে রয়ে গেছে, এখন মেদিনীপুরে

মুখ্যমন্ত্রী এসেছেন, আমরা কোন কিছু করতে পারব না। আপনারা দয়া করে ২/৩ দিন পরে আসুন, আমরা একটা ব্যবস্থা করব।

[4-45—5-05 P.M.]

আমি সেখানে পুলিশ অফিসারকে জিজ্ঞাসা করেছিলাম যে, এটাই কি মুখ্যমন্ত্রীর নির্দেশ যে, মুখ্যমন্ত্রী এবং তাঁর সহকর্মীরা মেদিনীপুর জেলায় উপস্থিত থাকার জন্য জেলার সমস্ত পুলিশ ফোর্সকে তাঁদের সিকিউরিটির জন্য নিযুক্ত করা হোক এবং সেই মত কি হয়েছে? এ প্রশ্নের আমি কোন উত্তর পাইনি। যার ফলে আমরা ২৪ ঘণ্টা থানা ঘেরাও করে রেখেছিলাম। জনসাধারণের চাপে এবং আমাদের চাপে বাধ্য হয়ে একজন পদস্থ পুলিশ অফিসার ওখানে এসে আমাদের কাছ থেকে মাইক্ নিয়ে ঘোষণা করেছিলেন যে, ২৪ ঘণ্টার মধ্যে আসামীদের ধরার চেষ্টা করবেন। এই ঘোষণাটুকু অন্তত আমাদের সৌভাগ্যে জুটেছিল। কিন্তু তার পরে আমরা কি দেখলাম? মাঠের ধারে চৌকিদারের জমিতে বন্দুকটি ফেলে দেওয়া হয়েছে। এই অবস্থায়ও যে তিন জনকে ওখানে এ্যারেষ্ট করা হয়েছে তারা তিন জনেই সি. পি. এম দলভুক্ত। এসব জিনিষ কি আজকে সরকার পক্ষ অস্বীকার করতে পারেন? এই তো হলো আইন-শৃঙ্খলার অবস্থা! কোথায় আছে আইন-শৃঙ্খলা? আমরা তো দেখছি কমল বাবু আর সরল-বাবু মাথা ঠোকাঠুকি করছেন সি. পি. এম-এর সঙ্গে একটা বৈঠক করবার জন্য— ফরোয়ার্ড ব্লক আর সি. পি এম-এর মধ্যে একটা বৈঠক করারার জন্য—কুচবিহারের ব্যাপার নিয়ে। সরকার পক্ষেরই দুই অংশীদারের মধ্যে শিক্ষক নিয়োগের ব্যাপার নিয়ে লড়াই হচ্ছে। তিন বিঘা নিয়ে ফরোয়ার্ড ব্লক বলছে বিধান সভার রিজলিউসন আমরা মানিনা। এই তো অবস্থা চলছে! এক মন্ত্রী এক বিবৃতি দিচ্ছে, আর এক মন্ত্রী বলছে না ওকথা ঠিক নয়। সরোজ মুখার্জী আপনাদের গার্জেন, তিনি আলীমুদ্দিন ষ্ট্রীটে বসেন, তিনি হঠাৎ বলে বসলেন 'আনন্দমঠ' কম্যুনাল বই। শম্ভু-বাবু অধ্যাপক, অধ্যাপনা করেন, তিনি ঐ উক্তি মেনে নিতে পারলেন না, হাজার বাধা সত্বেও এটা হয়ত তাঁর বিবেকে বেধেছে, তিনি পাবলিক মিটিং-এ বলেছেন, আমি ওকথা মানতে পারছি না। আনন্দমঠ কমিউনাল বই, একথা তিনি মানতে পারননি। ১০০ বছর আগেকার সামাজিক বিবর্তনের মধ্যে ঐ বই লেখা হয়েছিল, সুতরাং আজকে সামাজিক বিবর্তনে ঐ বই কখনই কমিউনাল বই হতে পারে না। সুতরাং শম্ভুবাবু ঠিকই করেছিলেন। তখন সরোজ-বাবু একটু ডানা নাড়লেন। এই হচ্ছে সরকারের অবস্থা। এঁদের নিজেদের মধ্যে কোন কোহিসান নেই, দেয়ার ইজ নো কোহিসিভ্ ফোর্স ইন দিস গভর্ণমেন্ট। আমি সরোজ-বাবুর বিরুদ্ধে একটা কথা বলতে চাই যে, পঞ্চায়েত নির্বাচনের আগে "আনন্দমঠের" মত পবিত্র গ্রন্থকে—যে গ্রন্থে লক্ষ লক্ষ জাতীয়তাবাদী নেতাকে সঞ্জিবনী মন্ত্র জুগিয়েছিল—কিছু লোকের ভোট পাওয়ার জন্য কমিউনাল আখ্যা দিচ্ছেন। কমিউনাল উস্কানি দিচ্ছেন।

রাজ্যপাল আইন-শৃঙ্খলার প্রশংসা করে গেছেন। তিনি রাজভবনে থেকে শুধু লাল ফিতে কেটে উদ্বোধনী উৎসবই করেন। সেই জন্য তিনি আইন শৃংখলার প্রকৃত চেহারাটা দেখতে পান না। তিনি যদি গ্রামে-গঞ্জে ঘুরে দেখতেন তাহলে দেখতে পেতেন যে, এই রাজত্বে কত মা তাঁর সন্তান হারিয়েছেন, কত মানুষ খুন হয়েছে, কত কৃষকের মাঠের ধান মাঠেই লুট হয়েছে। রাজ্যপাল যদি আজকে নিজের চোখ দিয়ে দেখতেন তাহলে এসব নিশ্চয়ই দেখতে পেতেন। রাজ্যপাল যদি নিজস্ব স্ট্যাটিসটিক নিয়ে, নিজস্ব ইনফর্মেসন নিয়ে তার উপরে ভাষণ রাখতেন তাহলে তিনি যা পড়েছেন তা পড়তেন না।

আমি বামফ্রন্ট সরকারের শিক্ষা ব্যবস্থা নিয়ে বিশেষ কিছু বলতে চাই না। উচ্চ শিক্ষা-মন্ত্রীর মাথায় একটা টুপি পরিয়ে মাঝখানে তিন জন মন্ত্রীকে বসিয়ে শিক্ষা দপ্তরকে দলীয় স্বার্থে কুক্ষিগত করা হয়েছে। ভগবানের কাছে প্রার্থনা করি শম্ভুবাবু সুস্থ হয়ে উঠুন। কিন্তু তিনি এই মানসিক চাপের জন্য অসুস্থ হয়ে পড়েছেন। শুধু শম্ভুবাবুই নয়, এটা একটা ডিস্‌এবল মন্ত্রীসভা। গত বছর ইণ্টারন্যাসনাল ডিস্‌এবল ইয়ার গেছে—আমি ক্ষমা চেয়ে নিয়ে বলছি, এই মন্ত্রীসভা একটা ডিস্‌এবল মন্ত্রীসভা। শ্রমমন্ত্রী অসুস্থ, প্রভাস-বাবু পি. জি. হাসপাতাল থেকে মন্ত্রীত্ব চালাচ্ছেন। মাননীয় মুখ্যমন্ত্রী—প্রধান ত্রাণ কর্তা—অসুস্থ হয়ে পড়েছেন। শোনা যাচ্ছে আরো অনেক সিনিয়র মন্ত্রী সপ্তাহে তিন দিন করে পি. জি. হাসপাতালে কার্ডিওলজি ডিপার্টমেণ্টে হার্ট চেক্ করাতে যাচ্ছেন। এটা হচ্ছে একটা ডিস্‌এবল মিনিষ্ট্রি। এর দ্বারা রাজ্য কিভাবে চলতে পারে! এখনো যতটুকু চলছে তা শুধু মাত্র কয়েকজন ভাল অফিসারের জন্য চলছে, উই আর লিভিং এ্যাট দি মার্সি অফ্ সাম অফিসার।

এই অবস্থা চলছে—যে এখানে এ্যাডমিনিষ্ট্রেসন বলে কিছু নেই, কোন প্ল্যান নেই। আজকে কিছুক্ষণ আগে প্রশ্নোত্তরের সময় ত্রাণ মন্ত্রী বল্লেন যে ৭৭ কোটি টাকা ত্রাণের জন্য দেওয়া হয়েছে। কিন্তু এই ত্রাণের জন্য কোন স্কীম নেই, অথচ টাকার অভাব নেই। দুর্ভাগ্যের কথা যে ৩১শে মার্চের মধ্যে কি করে টাকা খরচ করবেন তা আপনারা ভেবে পাচ্ছেন না।

**শ্রীসরল দেব ঃ** মিঃ স্পীকার স্যার, দু দিন ধরে বিরোধী দলের নেতাদের বক্তৃতা শুনলাম। সবচেয়ে দুঃখজনক মনে হোল জয়নাল আবেদিন সাহেবের বক্তৃতা শুনে। তিনি সাম্প্রদায়িকতার সুড়সুড়ি দিলেন। এইভাবে তিনি বিরোধী দলের নেতা হিসাবে একজন দায়িত্ব-জ্ঞানহীন সদস্যের ভূমিকা পালন করলেন। শুনে অবাক লাগলো। আজকে পশ্চিমবাংলার এই যে পরিস্থিতি বিগত পাঁচ বছরে কি তাই হয়েছে ? আমি ঘটনার পর ঘটনা উল্লেখ করে যাবো। আমি বলতে চাই যে আন্দোলন কংগ্রেস রাজত্বে হয়েছে এবং বর্তমানে যেসব কংগ্রেস শাসিত রাজ্য রয়েছে সেখানেও লালবাজ ছিল এবং আছে। ইন্দিরা গান্ধী যেখানে রাজত্ব করছেন সেই দিল্লীতে নূন্যতম বাসের ভাড়া হচ্ছে ৪০ পয়সা। আর এখানে যেই মাত্র ৪০ পয়সা করা হোল অমনি সব

বাস পোড়াতে আরম্ভ করে দিলেন। একথা ভাবার দরকার ছিল। ডাঃ বিধান চন্দ্র রায় একজন রূপকার ছিলেন, আমরাও সেটা স্বীকার করি। কিন্তু তার সময়ে যে আইন তিনি করেছিলেন আপনারা তার রূপ দিতে পারেন নি। আমরা তার রূপ দিয়েছি। আমরা ১১.৯৮ লক্ষ বর্গাদারকে রেকর্ডভুক্ত করেছি। ১৩.৯২ লক্ষ একর জমি সরকারী আওতায় এনেছি। বার বার পেট্রোল ডিজেলের দাম বাড়ছে। সম্প্রতি রেলওয়ে মন্ত্রী রেল বাজেট পেশ করেছেন। তাতে যাত্রী ভাড়া বেড়েছে ১১ শতাংশ, মাশুল বৃদ্ধি হয়েছে ৯ শতাংশ, আর সমস্ত কিছু মিলিয়ে মোট ৩৫ শতাংশ মূল্য বৃদ্ধি হয়েছে। এর ফলে সমস্ত কিছুরই মূল্য বৃদ্ধি হয়েছে। ইতিমধ্যে ডাক তার ও রেলের মাশুল বৃদ্ধি করেছেন অর্ডিন্যান্স করে। রেলওয়েতে দেখা যাচ্ছে ৪৮৯২ কোটি টাকা বেড়েছে। তাতে সমস্ত দেশের মূল্যমান ৩-৫% বেড়েছে। আমাদের পশ্চিমবাংলার কথা আপনারা বলছেন। আর গোটা ভারতবর্ষের চেহারাটা কি সেটা তো বলছেন না। আজকে দক্ষিণ ভারতের কি অবস্থা? অন্ধ্র প্রদেশে রামা রাও আপনাদের তো একেবারে সরিয়ে দিয়েছে। আজকে আসামে কি হচ্ছে? সে কথা তো একবারও বল্লেন না। সম্প্রতি উত্তর প্রদেশে কি অবস্থা দাঁড়িয়েছে? আজকে মিরাট ও বিভিন্ন অঞ্চলে দাঙ্গা বিধ্বস্ত হয়েছে। কেন্দ্রীয় সরকার ১৯৮৩-৮৪ সালের যে বাজেট পেশ করেছেন, তাতে ১৫৫৫২ কোটি টাকা ঘাটতি দেখানো হয়েছে। অথচ সেই ঘাটতি পূরণের কোন ব্যবস্থা নেই।

[5-05—5-15 P. M.]

ইণ্টারন্যাশনাল মানিটারি ফাণ্ড থেকে ৫ হাজার কোটি টাকার মত ঋণ নেবার পরে এবং অর্ডিন্যান্স করে পেট্রোল, কেরোসিনের দাম বাড়ানোর পরে, ডাক ও তার বিভাগে ৭০ কোটি টাকা বাড়ানোর পরেও ১৫৫৫ কোটি টাকার ঘাটতি বাজেটে থেকে গেল। শেষে এটা ২২৫০ কোটি থেকে ২৫০০ কোটি টাকায় গিয়ে দাঁড়াবে বলে মনে হয়। সেই কথা তো একবারও বললেন না? এটা মহারানীর ব্যাপার কিনা, তাই তাঁর বিরুদ্ধে কথা বলার কিছু নেই। জয়নাল সাহেব অনেক দিনের পুরানো সদস্য এবং তিনি মন্ত্রীও ছিলেন। তিনিও কিন্তু এই কথাটা একবারও বললেন না পশ্চিমবাংলার প্রতি দীর্ঘদিন ধরে উপেক্ষা করা হচ্ছে। সেই উপেক্ষা, বঞ্চনার কথা তো একটি বারও জয়নাল সাহেব বললেন না। উনি ৫০ কোটি টাকার কথা বললেন। ইতিমধ্যে খরা ত্রাণ বাবদে আমাদের রাজ্য সরকার ৫৪.৮৮ কোটি টাকা পেয়েছেন এবং বরাদ্দ ছিল ৭৭.২৭ কোটি টাকা। পশ্চিমবাংলায় যে এত বড় একটা খরা হয়ে গেল সেই খরা দেখার জন্য মহারাণী ইন্দিরা গান্ধী একবারও পশ্চিমবঙ্গে আসার সময় পেলেন না, এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক ব্যাপার। তিনি গুজরাট এবং অন্যান্য রাজ্যে গেলেন। ইউটিলাইজেসন সার্টিফিকেট না দিলে টাকা আসবে না, এই কথা জয়নাল সাহেব জানেন। কিন্তু তাসত্ত্বেও উনি বলে গেলেন খরা ত্রাণের টাকায় নাকি সরকারী কর্মচারীদের মাইনে দেওয়া হয়েছে। এই টাকা দিয়ে ওদের বেতন দেওয়া হয়নি। ওদের বেতন দিতে গেলে ৬৭ কোটি টাকা লাগে। পশ্চিমবাংলার শিল্পের হাল এমন কেন?

বিগত ৩৫ বছরে আমরা পশ্চিমবাংলার ক্ষেত্রে কত টাকা পেয়েছি ? ৪/৫ ভাগ মাত্র পশ্চিমবাংলার বরাতে জুটেছে। হলদিয়ায় পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স, বৈদ্যুতিক সাজসরঞ্জাম, ভেষজ শিল্প, রসায়ন শিল্পে বরাদ্দ একেবারে শূণ্য বলা চলে বা একেবারে কম বলা চলে। সর্বভারতীয় ক্ষেত্রে ভারতবর্ষের অন্যান্য রাজ্য যা পেয়েছে তাতে পশ্চিমবাংলার ক্ষেত্রে মাত্র ৮.০৮ ভাগ জুটেছে। অথচ ভারতবর্ষের অন্যান্য রাজ্য থেকে এখানে লোক এসে করে খাচ্ছে। কারণ এখানে কোন প্রাদেশিকতা, সাম্প্রদায়িকতা, তফসিলী, হরিজনদের লড়াই নেই। সারা ভারতবর্ষের রেজিষ্ট্রিকৃত বেকারের মধ্যে ২০ ভাগের উপর বেকার এই পশ্চিমবাংলায় আছে। ওরা যখন ক্ষমতায় ছিলেন তখন কেন্দ্রীয় ঋণ বার বার বাড়াবার কথা বলেছেন। কারণ দেশ ভাগ হওয়ার সময় এটা ঠিক হয়েছিল ওপার বাংলা থেকে যেসব ছিন্ন মূল মানুষ এপার বাংলায় আসবেন তাদের সমস্ত দায় দায়িত্ব কেন্দ্রীয় সরকার গ্রহণ করবেন। কিন্তু কোথায় সেই দায়িত্ব গ্রহন করেছেন ? আমি আপনাকে তথ্য দিয়ে বলতে পারি কেন্দ্রীয় সরকারের অসহযোগিতার ফলে দুর্গাপুর ইস্পাত কারখানার সম্প্রসারণ, হলদিয়ায় তৈল শোধনাগার নির্মাণ, হলদিয়ায় জাহাজ মেরামত কারখানা স্থাপন করার সিদ্ধান্ত রাজ্য সরকার গ্রহণ করা সত্ত্বেও আজও বাস্তবায়িত হল না। সল্ট লেকে ১০০ একর জমি দেওয়া হয়েছে ইলেকট্রনিক্স ইনডাষ্ট্রি গড়ে তোলার জন্য। তার ইনডাষ্ট্রিয়্যাল লাইসেন্স আজও পাওয়া যায় নি। পেট্রোকেমিক্যাল কমপ্লেক্সের সবুজ সংকেতের অভাবে কেন্দ্রীয় সরকারের ডিলে-ডালা ট্যাকটিসের জন্য ৪২৮ কোটি টাকার প্রকল্প আজকে ৬৫০ কোটি টাকায় এসে দাঁড়িয়েছে। ষষ্ঠ পরিকল্পনায় পশ্চিমবাংলার জন্য মাথাপিছু বরাদ্দ হল ১১৫.৩৬ টাকা, ঠিক একই সময়ে গুজরাটের জন্য বরাদ্দ হল ২৯৬.১২ টাকা, মহারাষ্ট্রের জন্য ২৭৫.৫৮ টাকা, কর্ণাটকের জন্য ১৭৫.৭৬ টাকা, পাঞ্জাবের জন্য ১৪০.১৯ টাকা। এর পরেও বলছেন কেন্দ্রীয় বরাদ্দের সিংহ ভাগ পশ্চিমবাংলাকে দেওয়া হচ্ছে ? পশ্চিমবঙ্গের শিল্প পরিস্থিতি নাকি খারাপ, এই কথা ওরা বলেছেন। আমি স্যার, তথ্য দিয়ে এই কথা বলতে চাই শ্রীমতী গান্ধীর জরুরী অবস্থার সময় ১৯৭৫ সালে পশ্চিমবাংলায় ৬ হাজার ৫৫২টি ডিসপিউট রেজ্‌ড হয়েছিল। ১৯৮০ সালে দেখা গেল সেটা কমে গিয়ে ৬ হাজার ২২৩ হল এবং ৫০% ডিসপোজ অব্‌ হয়েছে। ১৯৭৫ সালে লে অফ-এর ঘটনা ৭২৭টি ক্ষেত্রে ঘটেছিল এবং তাতে প্রায় ২ লক্ষ ২০ হাজার শ্রমিক জড়িত ছিল। ১৯৭৬ সালে ৪২৮টি ক্ষেত্রে লে অফ্‌ হয়েছিল, এতে প্রায় ৮৪ হাজার ৮১৩ জন শ্রমিক জড়িত ছিল।

ওরা বলেছেন, পশ্চিমবাংলায় শিল্পের বিকাশ হচ্ছে না তার কারণ পশ্চিমবাংলায় শিল্প শ্রমিক এবং মালিকদের সম্পর্ক উন্নত নয়। স্যার, এই রকম সব বিকৃত তথ্য বিরোধীদলের তরফ থেকে দেওয়া হচ্ছে। বিরোধীদলের পক্ষ থেকে আমরা গঠনমূলক এবং দায়িত্বশীল ভূমিকা আশা করেছিলাম কিন্তু আমরা তা পেলাম না, আমরা দেখলাম তারা একটির পর একটি কুতসা প্রচার করে যাচ্ছেন। স্যার, ওদের আমলে ১৯৭৬-৭৭ যখন ডাঃ জয়নাল আবেদিন সাহেবরা মন্ত্রী ছিলেন তখন আমরা দেখছি এখানে মাত্র ১৭ হাজার লোকের কর্মসংস্থান করতে পেরেছিলেন আর

সেখানে আমাদের আমলে ১৯৮১ সালে আমরা এক লক্ষ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পেরেছি। সর্বভারতীয় অর্থনৈতিক প্রতিষ্ঠান থেকে স্যার, পশ্চিমবাংলার জন্য ১৯৭৭ সাল থেকে ১৯৮১ সাল পর্য্যন্ত আমরা ২৮০.৫৯ কোটি টাকা বিনিয়োগ করতে পেরেছি সেখানে ওরা ১৯৬৯ থেকে ১৯৭৭ সাল পর্য্যন্ত মাত্র ১৭৫.৭৩ কোটি টাকা বিনিয়োগ করাতে পেরেছেন। সেখানে ৫৯.৬৭ কোটি টাকা বেশী আমরা বিনিয়োগ করাতে পেরেছি। তা সত্বেও বলা হচ্ছে পশ্চিম-বাংলার এই অবস্থার জন্য বামফ্রন্ট সরকার মূলতঃ দায়ী। আজকে চারিদিকে যে বিশৃঙ্খলা, যে বিচ্ছিন্নতাবাদ এরজন্য কেন্দ্রীয় সরকারের কি কোন দায়দায়িত্ব নেই? স্যার, শিশিরবাবুর কথা শুনে আমার দুঃখ হ'ল। শিশিরবাবু যে পরিবার থেকে এসেছেন সেই পরিবারেই জন্মগ্রহন করেছিলেন বিশ্বের শ্রেষ্ঠ বিপ্লবী শ্রীসুভাষ চন্দ্র বসু। সেই পরিবারের লোক শিশিরবাবুর এককালে স্বাধীনতা সংগ্রামে অবদান ছিল আর আজকে তিনি এখানে এইসব কথা বলে যাচ্ছেন। স্যার, ইন্দিরা গান্ধী আজকে সারা ভারতবর্ষে একটা স্বৈরতান্ত্রিক শাসনব্যবস্থা প্রতিষ্ঠিত করতে চলেছেন এবং ভারতবর্ষে তিনিই একমেবাদ্বিতীয়ম হতে চলেছেন। তাঁর এক পুত্রকে বসাতে গিয়ে তিনি একবার ভারতবর্ষে জরুরী অবস্থা জারি করেছিলেন, আবার সেই পুত্রের মৃত্যুর পর দ্বিতীয় পাইলট পুত্রকে ভারতবর্ষের ভাবি প্রধানমন্ত্রী করবার জন্য আজ সারা ভারতবর্ষ জুড়ে একটা স্বৈরতান্ত্রিক শাসনব্যবস্থা কায়েম করতে চলেছেন। আজকে আমরা দেখতে পাচ্ছি খালিস্থান, আসাম সমস্যা, দক্ষিণ ভারতের অবস্থা, অন্ধ্রে টি. রামারাও, মাদ্রাজে জি. রামচন্দন—এইভাবে একটা বিচ্ছিন্নতাবাদ মাথাচাড়া দিয়ে উঠেছে ইন্দিরা গান্ধী একনায়কতন্ত্রী শাসনব্যবস্থার জন্য। স্যার, বিদ্যুতের কথা এখানে বলা হয়েছে। আমি ওদের জিজ্ঞাসা করি, ডাঃ বিধানচন্দ্র রায় মারা যাবার পর পশ্চিমবঙ্গে বিদ্যুতের উন্নয়নের জন্য কোন সার্বিক পরিকল্পনা কি জয়নাল সাহেবরা গ্রহণ করেছিলেন? বিদ্যুতের জন্য পশ্চিমবাংলায় শিল্প মার খাচ্ছে, ছাত্রদের পড়াশুনার অসুবিধা হচ্ছে সেটা আমরা জানি এবং সেইজন্যই তো আমরা একটা সার্বিক প্রচেষ্টা নিয়েছি, সময় সেখানে কিছু লাগবে সেটা জানা দরকার। স্যার, এইকথা বলে মাননীয় রাজ্যপালের ভাষনকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Kiran Chawdhury :** Mr. Speaker, Sir, constitutionally, also conventionally, the Address of the Governor is supposed to be the policy statement of the Government. From that point of view the Address of the Governor running into thirty one paragraph, under discussion, suffers from many infirmities which have been sought to be cameuflaged. It is replete with half truths and it sidetracks many major issues and problems that plague the State of West Bengal. In paragrph 3 much has been said on the law and order situation and it has been claimed that the overall situation is generally peaceful. But with Nadia District converted into a paradise of

anti-socials, Midnapore District having intermittent clashes attended with arsons, rapes and murders—with these affairs to the credit of the Government where a Poilce Officer was done to death as also another Police Officer Ashim Bannerjee almost killed by C.P.I.(M) marauders, the killing of a student leader in Bagnan for no fault of his own than his belonging to Chhatra Parishad and then the very recent murder of one Sudeb Ghatak in the college hostel at Bankura—all these require a massive dose of credulity to take assertion of the Government in its face value.

[5-15—5-25 P.M.]

Sir, about the communal situation, I do not see much hope. Recently I had been to Ghosh Bagan. There also the whole area has been held to ransom by anti-socials and the people there are still very panicky and the police, as it has happened in many cases, are passive onlookers. I feel anti-socials are anti-socials having no political creed. If I am to believe the word of our Chief Minister that the anti-socials, whatever may be their party affiliation, are to be treated likewise. But is the government very weak to deal with the anti-socials ? Another point is that the anti-socials are not fools. They are always on the side where the police is, not on the side of the opposition, the police is on the side of the government and the anti-socials are by and large always on the side of the government, that is, your side. That is the position. Now there is another thing Sir. The address does not give us any politieal direction. The devisive forces are threatening the integrity of India and the whole of the North Eastern India is being threatened with Balkanisation. Integrity of India is at stake. The other day I was listening to the Chief Minister with much attention and if that is the intention of the Chief Minister and of the House why was not there any political direction ? On the contrary here you find the thirty one--paragraphs the burden of the song of the Left-Front Government is that they are labouring under limited powers. Sir, in a federal structure where the founding fathers had the intention of making the Centre sufficiently strong--they knew it. There is no need

crying over spilt milk and repeating the same song that they are working under the limited powers. That limit applies to every other state. This is encouraging the devisive forces. This is the thin end of the edge and if you say that you are working udder limited powers then that is indirectly just helping the growth of regionalism and fissiperous tendencies which we must be very careful to avoid.

Let us now pass on to the next one—the drought situation. The government cannot divest itself of its partial responsibility for the intensity of the drought situation. The government neglected the minor irrigation schemes. They did not care just to encourage the traditional small irrigation systems. They did not supply power to those shallow tubewells which were being run with power. The result was, the yield was not sufficient. But even then I am afraid that the drought situation has been a bit too much over played here because if you go by statistics, of course the agricultural department of West Bengal Government has put the yield at 3.5 million tons, but the West Bengal Bureau of Applied Economics & Statistics has put it to 4.4 million tons, this year there had been 10 million acres of paddy land which were brought under cultivation of which 4 million acres were practically not cultivated. They did not produce any yield. They fell under the drought situation. But 60% has yielded crop of which 30% that means 3 million acres produced bumper crop which resulted in much better yield, even compared to 1980-81 yield. So, it has been over-played. I do not mind if we can have more money from the Centre—I will be very glad if more money can be brought in for distribution amongst the poor. But one thing, the poor has no class. The poverty does not know any politics or class. But unfotunately there had been complaints, and the complaints come not from this side of the Opposition but the complaints come even from our friends belonging to R.S.P. and Forward Block that there has been much discrimination in distribution of relief. Next, there was also a maldistribution of relief materials districtwise. This thing—we do not want. We know that the Marxist government particularly the Marxist parties are the friends of the poor. Let them prove it without making any politics

with regard to the poor people. Let them prove that they are real friends of the poor. This is what I want. Now, Sir, the government has assured the people that efforts would be made to improve and augment the installed capacity of the power plants. For the last six years the Government has been doing that. But the result has been that West Bengal has been landed on sea. Today even the domestic life has become unbearable. 8 to 12 hours power cut makes life impossible ; and you say that there has been increase in industries. If I am right my predecessor was saying that industries were just growing up. If there is the infrastructure, but the mother of infrastructure for industrial growth which is electricity, that electricity is not there. How do you say that there is vast growth of industries ? There were 84 new projects cleared by the Centre. But this was something fantastic those 84 new projects will not be running unless there will be any arrangements of electricity of their own. So, what is the good of having increased number of firms only on the paper. In real practice it will be a gigantic failure unless you can adequately solve the problem of electricity. Sir, public memories are proverbially short. But it is not so short as it is believed to be. This reminds me one thing.

This reminds me one thing when Shri Jyoti Basu was on the Opposition he once told Dr. B. C. Ray ( এত ইলেকট্রিসিটি দিয়ে হবে কি ? ). To-day nemesis is pursuing him. You know the whole Power Ministry is being pursued by nemesis. I would suggest that there should be a 'Shastyan' and that 'Shastyan' would be made for Power Ministry or just bring some exorcists so that the evil spirit might be exercised so that the generation of electricity might be improved a little. Here is another thing. It has been claimed that the Panchayati Raj in West Bengal has come to a position of an integrated and well knit system. Every Raj has its ideals. It would have been honest on the part of the Governor to say that the ideals of the Panchayati Raj in West Bengal are partisanship, nepotism, corruption and misuse of public fund. Then it should have been completed. I am glad that 15000 huts are going to be completed by the end of the financial year 1982-83. This is very good. As a project this is very much commendable

that 15000 huts will be completed. But if the work is to be done by the Panchayats I am very much afraid that these huts will not last beyond the next rainy season. After that there will be no trace of the huts. Now comes the expansion of primary teaching. There are many schools which have been developed on private donations—I mean the primary schools—by the free labour of number of men and women. But the moment these are inspected for assumption by the Government as Government schools, pressure is brought to bear on those teachers for resigning. There are many such cases that have come to my notice. I shall raise this at the appropriate moment with names of the teachers and the names of the schools, etc. They are being asked to vacate so that some interested people might be put in their places. I do not want to pin point the Left Front Government. Let it be the Government of all the people of West Bengal so that I also

[5-25—5-35 P.M.]

can claim that this is my Government and every body can claim that this is his Government an then it can justify its existence. Now let us come to the University education. What University education is coming up. University cannot publish its result in time. It cannot publish its result in one year. The B. A. examination was held almost a year back but the result has not yet come out. University education is going down and down every year. It is coming down and down. What is the situation at the moment ? If the situation is going like this a time will come when the diploma issued by the Universities in West Bengal will not be the worth of the paper on which it is written. That is going to be the situation.

Now they are at once stand up from the other side to speak in favour of bus and tram fare increase. You will recall that at the time of Dr. B. C. Ray Ministry there was increase of one paise only. As a result, sixteen trams were burnt between Hatibagan and Shyambazar. I do not propose anyone should do that. That is not at all a method of protestation or demonstration. We should discuss it. The method has been discussed here but that cannot be dragged on and said that since the Railway Ministry has increased the fare

we cannot consider the situation, arising out of bus fare increase, in the House. That was said by one of our friends the other side, the speaker so spoke immediately before me. I have practically finished my part of the job and I think the whole Address is an address which does not highlight the things which should have been induded and mentioned by the Government in such Address. It is a document which does not give any political direction. It is a document which does not give any economic direction. It does not show any way how the Government is going to proceed towards building a socio-economic society. It does not show any sign of future growth of the country. That is the document. I propose should be rejected by the House.

Thank you very much.

**শ্রীতারকবন্ধু রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে তাকে আমি সম্পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। রাজ্যপালের ভাষণের মধ্যে—কেন্দ্রীয় সরকারের একটা অনমনীয় মনোভাব ফুটে উঠেছে এটাই প্রমাণিত হচ্ছে। প্রসঙ্গত বলা যায় পশ্চিমবঙ্গের এই যে খরা পরিস্থিতি এবং রাজ্যসরকার সেই পরিস্থিতি মোকাবিলা করার জন্য ২০৫ কোটি টাকা চেয়েছিলেন। সেখানে কেন্দ্রীয় সরকার খাতে খাতে দিয়েছেন এবং সেটা দেওয়ার পরিণতিতে দেখা যাচ্ছে ৫৪ কোটি টাকার বেশী হচ্ছে না। তারপর পশ্চিমবঙ্গের রেশন ব্যবস্থার যাতে উন্নতি হয়, গ্রামে এবং শহরে ব্যবস্থা যাতে সঠিকভাবে চলে এবং এফ. সি. আই. এর কাছ থেকে যে পরিমাণ খাদ্যশস্য সরবরাহ হবার কথা আছে, সেটা যাতে ঠিকমত পাওয়া যায়। রাজ্য সরকারের চাহিদার স্বার্থে অন্য রাজ্য থেকে ৩ লক্ষ টন চাল কেনার অনুমতি চাওয়া হয়েছিল কেন্দ্রীয় সরকার সে ক্ষেত্রে মাত্র ১৫ হাজার টন চাল কেনার অনুমতি দিয়েছেন। এতেই প্রমাণিত হয় কেন্দ্রের কি মনোভাব। বিরোধী দলের সদস্যরা অনেক কথা বলে গেলেন কেন্দ্রীয় সরকার কি চাইছেন, না এই রাজ্যের সমস্ত ব্যবস্থা যাতে ভেঙ্গে পড়ে তাই চাইছেন। মাননীয় বিরোধীদলের সদস্যরা বলেছেন যে শিল্পে আধুনিকী করণ করার কথা। আমরা দেখছি শিল্পে বিনিয়োগ করণের জন্য এবং কিছু কর্মসংস্থান করার স্বার্থে ৮৪টি প্রকল্পের কথা বামফ্রন্ট সরকার এই রাজ্যের ক্ষেত্রে বলেছিলেন এবং তার জন্য ৮৩ কোটি ১৫ লক্ষ টাকা চাওয়া হয়েছিল। আপনারা জানেন সেই টাকা চেয়ে তার অনুমতি আজ পর্যন্ত মেলেনি। কেন্দ্রীয় সরকারের কাছে হলদিয়ায় পেট্রোকেমিকেল তৈরীর যে প্রকল্প সেটা আজকে টালবাহানার মধ্যে চলেছে। একটু মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব বললেন টাকার অভাব নেই, এক্ষেত্রে কি প্রমাণিত হয়? বৃহৎ শিল্প তৈরীর ক্ষেত্রে কি হচ্ছে? জাহাজ তৈরীর কারখানা, মেরামতির যে কারখানা তৈরী করার কথা সেখানে আমরা কি দেখতে পাচ্ছি? সেসব কাজের অনুমতি আজ পর্য্যন্ত মেলেনি।

[5-35—5-45 P. M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সল্ট লেকের ক্ষেত্রে তাকিয়ে দেখলে আমরা কি দেখবো? সেখানে ইলেকট্রনিকস্ ইউনিট-এর জন্য অনুমতি চাওয়া হয়েছিল। সেখানে যদি ইলেকট্রনিকস্ ইউনিট স্থাপিত হতে পারতো তাহলে পশ্চিমবাংলার চেহারা পাল্টে যেতে পারতো, কর্মসংস্থানের ব্যবস্থা হতে পারতো কিন্তু তার অনুমতি আজও মিললো না।

কলকাতা বন্দরকে রক্ষা করবার জন্য ৪০,০০০ হাজার কিউসেক জলের প্রয়োজন কিন্তু কেন্দ্রীয় সরকারের গরিমসিতে এই ক্ষেত্রে কত পরিমান পাওয়া যাচ্ছে? কেন্দ্রীয় সরকার চায় কলকাতা বন্দর ধ্বংস হয়ে যাক এটাই প্রমাণিত হয়ে যাচ্ছে।

তারপর আমরা যদি দেখি পশ্চিমবাংলার অর্থনীতির ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার ইচ্ছাকৃতভাবে একটা সঙ্কট সৃষ্টি করবার চেষ্টা চালিয়ে যাচ্ছে এবং প্রতি নিয়তই চেষ্টা চালাচ্ছে। অর্থনৈতিক ক্ষেত্রে রাজ্যসরকারের সীমাবদ্ধ ক্ষমতার কথা সকলেই জানেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই ক্ষেত্রে সীমাবদ্ধ ক্ষমতা থাকা সত্বেও আমাদের নিজেদের সম্পদ বাড়াবার জন্য কেন্দ্রীয় সরকার বারবার চেষ্টা করছে। এতে এটাই প্রমাণিত হচ্ছে যে আমরা যাতে গরীব জনসাধারণের উপর, পশ্চিমবঙ্গবাসীদের উপর করের বোঝা চাপাই এটাই তারা চায়।

তারপর রেলপথের কথা বলি। আজকে রেলপথের কি অবস্থা? আমাকে জনস্বার্থে উত্তর-বঙ্গের দার্জিলিং, কুচবিহার থেকে হামেশাই যাতায়াত করতে হয়। আমি দেখতে পাচ্ছি রেলপথে কোন নিরাপত্তা-ব্যবস্থা নেই। এমন কোন দিন যায়না যেদিন ট্রেনে ডাকাতি হচ্ছে না। আর সময়ের কথা আর কি বলবো মাননীয় অধ্যক্ষ মহাশয়! যদি দেখা যায় তিন তারিখ ১ টার সময় একটি ট্রেন আসবে, স্বাভাবিকভাবেই সেটা দেখা যায় পরদিন ৪ তারিখ ১০ টার সময় আসছে। এই হচ্ছে রেলের সময়ানুবর্তিতা। অপরদিকে কি দেখতে পাচ্ছি? এই রেল-ব্যবস্থায় কোন সময়ের হিসেব থাকছে না, নিরাপত্তার কোন ব্যবস্থা নেই, যাত্রীসাধারণের সুযোগ-সুবিধার কোন ব্যবস্থা নেই—এই অবস্থাতে ভাড়া বৃদ্ধি করা হচ্ছে, সর্বসাধারণ পশ্চিমবঙ্গবাসীর ক্ষতি করা হচ্ছে।

পরিবহনের কথা বলছেন? পরিবহন-ব্যবস্থায় ওঁরা ভাড়া বাড়ানোর বিরুদ্ধে বলছেন। তাঁরা আজ এটা চিন্তা করুন পরিবহন-ব্যবস্থায় যা কিছু অসুবিধা সৃষ্টি হয়েছে তার কারণ কি। তার কারণ হচ্ছে ডিজেল ও পেট্রোল। এর দাম ক্রমাগত বেড়েই যাচ্ছে। এইভাবে দাম বাড়লে পর যান-বাহন ব্যবস্থায় নিশ্চয়ই অসুবিধার সৃষ্টি হবে। এই ডিজেল ও পেট্রোলের দাম বাড়াবার ফলে কৃষির কাজ পশ্চিমবঙ্গে বিপর্যস্ত হোতে চলেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকারের এই সব আচরণের পরিণতিতে রাজ্যসরকারের বাজেটে যে বরাদ্দ এটা নিশ্চিতভাবে কমে আসছে এবং কমাতেই হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে সেচের কথা বলি। মাননীয় বিরোধী দলের সদস্যদের উদ্দেশ্য করে এই কথা বলি যে রাজ্যের সেচ ব্যবস্থা চরম সঙ্কটের দিকে এগিয়ে চলেছে। বৃহৎ সেচ প্রকল্পগুলির দিকে তাকালে দেখতে পাই ডি. ভি. সি-র যে সমস্ত ক্যানেল রয়েছে এই মুহূর্তে প্রতিটি ক্যানেলের সংস্কার অনিবার্য হয়ে পড়েছে, এর সংস্কার করা প্রয়োজন। তা নাহলে যে উদ্দেশ্যে এগুলো করা হয়েছিল তা ব্যর্থতার পর্যবসিত হবে।

তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মৌরাক্ষি, কংসাবতী নদীর উপর যে স্লুইচ গেটগুলি রয়েছে তার দিকে তাকিয়ে দেখলে দেখা যাবে এই মুহূর্তে এই গুলি সংস্কার করা দরকার। সংস্কার না করলে এর উদ্দেশ্য ব্যাহত হবে। তারপর দেখুন স্যার, এই সুন্দরবন এলাকায় কি হচ্ছে। এই সুন্দরবন এলাকায় আমরা দেখতে পাচ্ছি লোনা জল কৃষিক্ষেত্রে ঢুকে বিপর্যয়ের সৃষ্টি করেছে। সেখানকার বাঁধগুলি সংস্কার করা দরকার। সেখানে যদি নূতন করে বাঁধ তৈরী করা না যায় তাহলে লোনা জল একদিকে কৃষিক্ষেত্রের বিপর্যয় সাধন করবে অন্যদিকে সমুদ্রের প্লাবনে এই সব এলাকা তলিয়ে নিয়ে যাবে। এই সব অঞ্চলে যে সমস্ত নদী আছে যেমন ক্যানিং, মাতলা, বিদ্যাধরী তার যে বাঁধগুলি আছে সেই বাঁধগুলি পরিকল্পনা অনুযায়ী সুরক্ষিত করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সুন্দরবন এলাকায় কতকগুলি দ্বীপ রয়েছে, সেই দ্বীপগুলিকে রক্ষা করা দরকার। আমার মনে হয় এই দ্বীপগুলিকে রক্ষা করার জন্য বাঁধ দেওয়া প্রয়োজন। তা না হলে সমুদ্রের প্লাবনে সব কিছু চুরমার হয়ে যাবে। টাকার অভাবে এই সব কাজ করা যাচ্ছে না। টাকার অভাবে সেচ খাতে বরাদ্দ কমাতে হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা পশ্চিমবাংলায় স্টেট হাইওয়ের কি অবস্থা। শহরের রাস্তা এবং গ্রামের রাস্তা এই মুহূর্তে সংস্কার করা প্রয়োজন। এই রাস্তা সংস্কারের ব্যাপারে তাদের কোন নজর নেই। অথচ পশ্চিমবাংলায় ডেভলপমেণ্ট কেন হলো না এই কথা ওরা বলছেন। এই মুহূর্তে পশ্চিমবাংলার ১০০টি ভিলেজে পাকা রাস্তা করা দরকার। আমি বিরোধী সদস্যদের উদ্দেশ্যে বলতে চাই যে এমন এক থানা পশ্চিমবাংলায় আছে যেখানে সমস্ত পাকা রাস্তা মাত্র ৬ মাইল। এই ব্যাপারে আজকে এখানে বলা হয়েছে। এই কথা তো তাদের মুখ দিয়ে বের হয় না। আমি এই প্রসঙ্গে মেদিনীপুরের নন্দী গ্রামের কথা বলছি যেখানে একটি থানা অঞ্চলে ৬ মাইলের বেশী পাকা রাস্তা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতির দরুন দ্রব্য মূল্য বৃদ্ধি পাচ্ছে। এই দ্রব্য মূল্য বৃদ্ধির ফলে আমাদের শিক্ষক কর্মচারীদের মহার্ঘ ভাতা বাড়াতে হচ্ছে। এর জন্য দায়ী কি কেন্দ্রীয় সরকার নয়? ওঁরা বলছেন শিক্ষার কথা। আমি তাঁদের স্মরন করে দিতে চাই যে আজ পশ্চিমবাংলায় ৬৫ লক্ষ শিশু বিনা পয়সায় বই দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এটা একটা যুগান্তকারী ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। আমি বিরোধী সদস্যদের উদ্দেশ্যে বলি তাঁরা এই জিনিষটা কল্পনাও করতে পারেন নি। প্রায় ৪ কোটি টাকা খরচ করে এই বই দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। তাঁদের আমি আরো স্মরন করিয়ে দিতে চাই এই বামফ্রণ্ট সরকার ১১ ক্লাস পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থা চালু করেছে। বিরোধীরা বলছেন যে শিক্ষার অবনতি ঘটেছে।

এই বামফ্রন্ট সরকার নীতি নিয়েছিল যে প্রত্যেক ভিলেজে একটি করে প্রাইমারী স্কুল স্থাপন করা হবে এবং তা স্থাপনও করেছে। বিরোধী সদস্যরা পঞ্চায়েতে বিপর্যয়ের কথা বলেছেন এবং অনেক পঞ্চায়েতকে এ্যারেষ্ট করা হয়েছে সে কথাও বলেছেন। আমি তাঁদের উদ্দেশ্যে বলি কেন আপনারা ১৮ বছর ধরে পঞ্চায়েত ইলেকসান করেন নি? আপনারা সাহস পান নি। যদি সেই পঞ্চায়েত ইলেকসান করতেন তাহলে আপনাদের হাজার হাজার লোক ধরা পড়তো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলে রাজ্যপালের ভাষনের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-45—5-55 P. M.]

১৮ বছরের মধ্যে ৪ বছরের মেয়াদ থাকা সত্বেও আপনারা নির্বাচন করতে পারেন নি। এইকথা বলে এই রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি আরো ২।১টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি। আমার বাড়ী জলপাইগুড়ি জেলায়। আজকে সেখানে দেখা যায় কেন্দ্রীয় সরকারের কিছু পেটোয়া লোক এবং আমাদের পুলিশের একাংশ চেষ্টা করছে যাতে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা ব্যাহত হয়। আসামে যে অমানবিক অত্যাচারে বলি হয়ে ৯-১০ হাজার পরিবার আজ আলিপুরদুয়ারে এসে উপস্থিত হয়েছে। কনষ্টিটিউশান অনুযায়ী কেন্দ্রীয় সরকারের উচিত এই উদ্বাস্তুদের ব্যাপারে মোকাবিলা করার কিন্তু আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার কোন অর্থসংস্থানের ব্যবস্থা করেন নি। সুতরাং তাদের মুখে বড় বড় কথা শোভা পায় না। সুতরাং এই কথা বলে তাঁর ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটি পয়েন্ট অব অর্ডার তুলতে চাইছি সভা শেষ হওয়ার আগে। আজকে কয়েকজন মাননীয় সদস্য এই বিধানসভায় যে আচরণ দেখিয়েছেন সেই ব্যাপারে আমি আপনার রুলিং চাইছি restriction an use of chamber of House. আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে ৩৫৮ ধারার ২ উপধারায় বলা হয়েছে যে (2) Any other portion of the Legislative building or any building within the precincts of the House shall not be used for any purpose other than business connected with the Legislature except with the permission of the Speaker.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি লোকসভার ৩টি-৪টি নজির আপনার কাছে হাজির করতে চাই। তারপরে এই ব্যাপারে আপনার কাছ থেকে রুলিং চাইবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আজকে কয়েকটি দাবীর ভিত্তিতে এই বিধানসভার কয়েকজন মাননীয় সদস্য

এই বিধানসভার প্রিসিংকস্‌-এর ভেতরে ধর্না বা সত্যগ্রহ আরম্ভ করেছেন এবং মুখ্যমন্ত্রীর ঘরের একেবারে সামনে। যে বিধিবর্হিভূ´ত আচরন হয়েছে এবং এই সম্পর্কে রেকর্ডস্‌ চেক করার জন্য আপনার রুলিংয়ের প্রয়োজন আছে। এই ব্যাপারে আমি একটি কোট করছি সেটা আপনি শুনুন—A member is not to resort to hunger strike, dharna or any demonstration or perform any religious function in the precincts of the Parliament House and Parliament House State. A member can remain within the precincts of the House only for an houn after the House is adjourned for the day. After that the cannot remain in any part of the Parliament House State unless specific permission from the Speaker is obtained.

আমরা জানিনা যারা এখানে ধর্না দিয়েছেন তারা আপনার কাছ থেকে অনুমতি নিয়েছেন কিনা। কারণ অনুমতি না নিয়ে তারা ধর্না দিতে পারেন না। আমি এই বিষয়ে আপনার কাছে উথাপন করছি এবং আগামীকাল এই ব্যাপারেই অন্যভাবে প্রচারিত হবে সেটা আমরা জানি। সেইজন্য এই বিধিবর্হিভূত আচরণের ব্যাপারে আপনি আপনার সুস্পষ্ট রুলিং দিলে আমরা বাধিত হব।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বন্ধুবর আজ যেভাবে বিধানসভাতে প্রশ্ন তুললেন আমি সেই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি from the records you will find that the precincts have been used. আইনের ৩৫৮(২) This House and the precincts have been used by a member to avoid police arrest.

Sir, this is the second occasion. In the past while the Janata had been in the Opposition, if I remember aright, while Shri Habubullah had been in the Chair, after a reference in the House, we had resorted to hunger strike for 24 hours. No action was proposed or initiated them. Equally, we have seen that my honourable friends now sitting on the ruling side while they were on this side of the House years ago have demonstrated in a similar way within the precincts of the House on mor than one occasion. Sir, Rule 358(2) states that any building within the precincts of the House shall not be used for any purpose other then business of the House except with the permission of the Speaker. Sir, we have been elected by the people and the honourable members resorting to this Dharna represent the people and they have mentioned in the house the cause for which they are taking

recourse to this method or Dharna and I also think that it is a part of the duty of the elected lagislators to stage such demonstrations. Previously it was practised by these howlers who are now in the ruling front. As such I think that no breach or no dishonour has been made as it has been mentioned in the House.

( Noise )

বটতলার উকিল যদি হতে পারতাম তাহলে গৌরব মনে করতাম, কিন্তু নষ্ট কোম্পানীর ভাঁড় হওয়া অগৌরবের যেটা তোমরা হয়েছ। As they have made a declaration within the floor of the House, I presume no action need be taken and I think that you gracious self will permit them to stage the demonstration which is absolutely peaceful till now. So, Sir, I contradict my honourable friend Shri Amalendra Roy with regard to the precedents and practices cited by him. They also demonstrated while they were in the Opposition. Sir, I again remind you that during your regimi as Minister and Shri Habibullah's regime as a Speaker such demonstrations had been resorted to. As such, it is presumed that no action is necessary on this issue.

**শ্রীযামিনী ভূষন সাহা ঃ** স্যার, এখানে অমলবাবু যে বিষয়ের উপর আপনার রুলিং চেয়েছেন তার উপর জয়নাল সাহেব যে সব নজির দেখালেন তাতে একটি কথা সেখানে আছে স্পীকারের অনুমতি নিয়ে কিছু করা যায়। এ্যারেষ্ট এ্যাভয়েড করার জন্য—যে কথা বললেন—বিধানসভার ভেতরে থাকার ব্যাপারে স্পীকারের অনুমতি ছাড়া সে সময় থাকা যায়নি। সুতরাং তিনি যে দৃষ্টান্ত দিলেন সেটার সঙ্গে আজকের এটা মেলে না। দ্বিতীয় কথা আপনি যখন হাউস বন্ধ করে টিফিন দিলেন তখন আপনি ঘোষনা করেছিলেন চীফ মিনিষ্টারের ঘরের কাছে কিছু মেম্বার ধর্না দিচ্ছেন সেটা আমাকে দেখাতে হবে কেন করছেন। সুতরাং পার্লামেন্টের যে প্র্যাকটিশ এবং স্পীকারের অনুমতি যদি থাকে তাহলে নিশ্চয় ধর্না, অনশন ধর্মঘট ইত্যাদি যা কিছু মেম্বাররা করিতে পারেন। কিন্তু প্রশ্ন হচ্ছে স্পীকারের অনুমতি নেওয়া হয়েছিল কিনা? আর যদি অনুমতি না নেওয়া হয় তাহলে সে সম্পর্কে আপনার রুলিং চাইছি।

[5-55—6-05 P. M.]

**মিঃ স্পীকার ঃ** আমি মাননীয় সদস্যদের এটুকু বলতে চাই গত পরশু দিন মাননীয় সদস্য সত্যরঞ্জন বাপুলি হাউসে বলেছিলেন কি একটা ব্যাপারে মুখ্যমন্ত্রীর ঘরের সামনে ধর্ণা দেবেন

ডেপুটেপান দেবেন। আজকেও বলছেন, এবং কয়েকজন মাননীয় সদস্য ওখানে গিয়ে বসেছিলেন। আমি মনে করি প্রেসিংকটস অব দি এ্যাসেম্বলী হোক, এ্যাসেম্বলী হল হোক কিংবা আশে-পাশে যে জায়গা আছে সেখানে প্রত্যেকটি মন্ত্রী, মাননীয় সদস্যদের অধিকার আছে ফ্রি মুভমেণ্ট করার। মুখ্যমন্ত্রী হন বা কোন রাজ্যমন্ত্রী হন তাঁরা যখন বিধান সভায় আসেন তখন কাজের জন্যই বিধান সভায় আসেন। তখন কেউ যদি তাঁদের অবরোধ করেন তাহলে সেটা ঠিক নয়। এখানে পার্লামেণ্টারী পরিবেশ আছে, এই পরিবেশ সকলেরই মেনটেন করা উচিত। আজকে যে ঘটনা ঘটেছে এটা নজীর বিহীন। আমি পুরান রেকর্ড খুঁজে দেখব আগে এই রকম কোন ঘটনা ঘটেছে কিনা। হাউস আরম্ভ হবার আগে আমি সমস্ত বিরোধী দলের নেতাদের ডেকে ছিলাম, সেখানে রুলিং পার্টিও ছিলেন। আমাদের সকলের এমন চেষ্টা করা উচিত যাতে হাউসের মান মর্যাদা বাড়ে। কারণ, কয়েকবার দেখেছি যেসমস্ত ঘটনা ঘটেছে এগুলি হাউসের সম্মানের পক্ষে ক্ষতিকারক এবং মাননীয় সদস্যদের পক্ষেও ক্ষতিকারক। রুলিং পার্টি হোন, যে পার্টিই হোক আমাদের এ্যাসেম্বলীর একটা ঐতিহ্য আছে, অনেক নজীর সৃষ্টি করেছে পার্লামেণ্টারী ডেমোক্রাসির ব্যাপারে। আজকে যে ঘটনা ঘটছে এটা আমার মতে, আমি নিশ্চয়ই বিশ্বাস করি যাঁরা পার্লামেণ্টারী ডেমোক্রাসি সমর্থন করেন তাঁদের কাছে এটা ওয়ার্থ কনডেমনেসান। আমার মনে হয় এটা হওয়া উচিত হয়নি। যদি কেউ করে থাকেন তাহলে এটা করা উচিত নয়। আমি আপাতত এই কথা বলছি আগেকার নজীরগুলি আমি দেখব, তারপর বিস্তারিত রুলিং দেওয়ার প্রয়োজন যদি মনে করি তাহলে দেব। আজকে আপাতত এই রুলিং রাখছি।

**শ্রীআবদুস সাত্তার ঃ** মিঃ স্পীকার, স্যার, আপনি যেকথা বলেছেন নিশ্চয়ই হাউসের মর্যাদা রক্ষা করা উচিত। মর্যাদার প্রশ্ন যেটা আছে আমার মনে হয় রুলিং পার্টির দিক থেকেও এই প্রশ্ন থাকা উচিত। স্যার, রামকৃষ্ণ মিশন, পুরুলিয়ার ব্যাপারে বার বার দৃষ্টি আকর্ষণ চেষ্টা করা হয়েছে, কিন্তু সেই ব্যাপারে কোন রকম কর্ণপাত করেননি। স্বাভাবিক কারণে বিরোধী দল হিসাবে আগে কিংবা দিল্লীতেও দেখা গেছে ধর্ণা অনেক সময় দেওয়া হয়েছে। আমরা জানি এর আগে ধরমবীরা যখন গভর্নর ছিলেন তখন এখানে শুয়ে পড়ে তাঁকে আটকে ছিলেন। নজীর সৃষ্টি আপনারা করেছিলেন। আজকে মাননীয় মুখ্যমন্ত্রী যখন তাঁর ঘরে যাচ্ছিলেন তখন ধর্ণা থাকার জন্য আপনি আমাকে ডেকে বললেন, আমি সেখানে গিয়েছিলাম। কিন্তু মুখ্যমন্ত্রীর যাবার সময় উক্তি হচ্ছে 'কারোর বাবার ক্ষমতা নেই যে আটকায়'। আমাদের ডাঃ সুকুমার রায় যখন বললেন যে মুখ্যমন্ত্রী মহাশয়, আপনি উত্তেজিত হবেন না, ইউ আর সিক, ডোণ্ট বি এক্সাইটেড, তখন তাঁকে ইউ সোয়াইন বলা হয়েছে। এই ধরণের উক্তি করার পর আপনি আমাকে যে অনুরোধ করতে বলেছিলেন তাঁদের আমি সেই অনুরোধ তাঁদের করতে পারিনি। একজন মুখ্যমন্ত্রী হিসাবে তিনি মুখ্যমন্ত্রীর দায়িত্ব পালন করতে পারেন নি। ইউ সোয়াইন মুখ্যমন্ত্রী এই কথা বলার পর হাউসের মর্যাদা শেষ হয়ে গেছে।

[6-00—6-10 P.M.]

**মিঃ স্পীকার ঃ** মুখ্যমন্ত্রী মহাশয় কি বলেছেন না বলেছেন আমি জানিনা। আপনারা সকলেই জানেন আমাদের হাউসের একটা রুলস্ আছে। কংগ্রেস (আই) যা করেছে সেটা আমি আগেও বলেছি It is worth condemnation. এটা করা উচিত হয় নি। এর আগে কোন মুখ্যমন্ত্রীর ঘর প্রতিরোধ করা হয়েছে কিনা আমি জানিনা, আমি সেটা দেখব। তবে এটুকু বলতে পারি আজকে যা ঘটেছে সেটা নজীর বিহীন, এটা হওয়া উচিত নয়।

**শ্রীশান্তি মোহন রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ইতিপূর্বে মহামান্য রাজ্যপালের ভাষণ শুনেছি এবং সেই ভাষণে তিনি আমাদের কাছে পশ্চিমবাংলার কতগুলি উজ্জ্বল দিকের কথা বলেছেন। আমি আপনার মাধ্যমে বর্তমানে পশ্চিমবাংলায় যে অন্ধকারময় অবস্থা চলছে তার প্রতি মাননীয় সদস্যের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা সকলেই জানি পশ্চিমবাংলায় ভয়াবহ খরা চলছে এবং এই খরাকে মোকাবিলা করার জন্য সরকার পক্ষ এবং আমরা উভয়েই ব্যস্ত। কিন্তু দুঃখের সংগে বলছি আমন ধান যখন গ্রামের মাঠে মাঠে ছিল, আরামবাগ মহকুমার গোঘাটে ছিল সেই আমন ধানকে বাঁচাবার জন্য কংসাবতীর জল এবং আরামবাগ মহকুমার অন্যান্য জায়গায় ধানকে বাঁচাবার জন্য নিম্ন দামোদরের জল বারবার নিবেদন করা সত্বেও, সরকারী কর্মীদের দৃষ্টি আকর্ষণ করা সত্বেও, সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা সত্বেও, চিঠি দেওয়া সত্বেও, ব্যক্তিগতভাবে দরবার এবং টেলিগ্রাম করা সত্বেও দেওয়া হয়নি। এর কারণ হচ্ছে, বাঁকুড়া জেলায় সি. পি. এম. বাহিনী ইঞ্জিনিয়ার থেকে সুরু করে সেচমন্ত্রী পর্যন্ত সকলকে জুলুম করে বাধ্য করেছে যাতে আমাদের আরামবাগে জল না যায়। ওখানে ৪ জন এম. এল. এ-র মধ্যে দুজন কংগ্রেস সদস্য এবং ১ জন ফরওয়ার্ড ব্লক সদস্য এবং সেইজন্যই গোঘাট এবং আরামবাগকে শুকিয়ে মারার চেষ্টা করা হয়েছে। আমন ধানের পর যখন আলু এবং অন্যান্য রবি ফসল হচ্ছে তখন আমি ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি, ১৯৮২ সালের ১লা ডিসেম্বর থেকে গোটা ডিসেম্বর মাস নীচের অফিসার থেকে সুরু করে সেচমন্ত্রী পর্যন্ত সকলের কাছে দিনের পর দিন দাবী জানিয়ে আলুর জন্য সেচের জল পাইনি।

[6-05—6-15 P.M.]

এখানে আমরা কি দেখতে পাচ্ছি? এখানে আমরা দেখতে পাচ্ছি যে যেসব জায়গায় একটু-আধটু বোরো চাষ হয়েছে, আজকে সেই বোরো চাষের জন্য ডিপ টিলবওয়েল থেকে জল দেওয়া হচ্ছে না। যেমন পুরসুড়ো থানার ফতেপুর, শোধপুর, হরিহর, আঁকড়া এবং পশ্চিমপাড়া প্রভৃতি এলাকায় কৃষকদের আবেদন নিবেদন সত্বেও—সরকারী নির্দেশ আছে কিনা জানিনা—ডিপ টিউবওয়েল থেকে জল সরবরাহ করা হচ্ছে না। যেমন আমন ধানকে শুকিয়ে মারা হয়েছে, ঠিক তেমনি এই বোরো ধানকেও শুকিয়ে মারার চেষ্টা করা হচ্ছে। আলু ফসল নূতন করে দেখা

দিয়েছে। আজকে পশ্চিমবাংলার কৃষকদের ঘরে ঘরে আলু আসছে। একদিকে জলের অভাব আর একদিকে ফসল নষ্টও হয়েছে। কিন্তু যেটুকু আলু আজকে কৃষকদের ঘরে উঠেছে বিভিন্ন হিমঘর বন্ধ থাকার জন্য এবং সরকার যে দামে আলু কিনতে চাচ্ছেন তা অতি অন্যায্য দর হওয়ায় কৃষকরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। কিভাবে এই আলুর দর ঠিক হোল তা বুঝতে পারছি না। ৪০ টাকায় যদি চাষীকে আলু বিক্রি করতে হয় তাহলে এই জলকর দিয়ে সারের টাকা দিয়ে তাদের কিছুই থাকবে না। বরং লোকসান হবে। এটা অতি অন্যায্য দর। আবার সরকারী নিয়ন্ত্রিত দরে কেনবার জন্য কোথায়ও পারচেজিং সেণ্টার হয়েছে বলে আমার জানা নেই। এই হিমঘরগুলি টেকওভার করার কোন পরিকল্পনা সরকারের নেই। এইসব হিমঘরগুলি এখনও ব্যক্তিগত মালিকানায় আছে। এই ব্যক্তিগত মালিকানার উপর নির্ভর করে সরকার যে আলুর দাম ঠিক করেছেন তাতে আপনারা সাকসেসফুল হতে পারবেন না। আজকে পাট চাষের উৎপাদকরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। পাটের ভাল ফলন হয়নি। জল পাওয়া যাচ্ছে না—বিদ্যুৎ সঙ্কট দেখা দিয়েছে। বিদ্যুৎ দ্বারা পরিচালিত ডিপ টিউবওয়েলগুলি স্যালো টিউবওয়েলগুলি এবং নদীর ধারের পাম্পসেট-গুলি দিনের পর দিন অব্যবহৃত থাকার জন্য সেগুলি নষ্ট হয়ে যাচ্ছে এবং তাতে ফসলের উৎপাদন ব্যাহত হচ্ছে। আর একদিকে দেখতে পাচ্ছি পাট কলের মালিকরা সি. পি. এম. সরকারের সঙ্গে সমঝোতা করে চক্রান্ত করছে। আমরা বার বার দৃষ্টি আকর্ষণ করেছি। আমাদের জেলায় ১৪টি পাট কল আছে। এখানে দেখতে পাচ্ছি দিনের পর দিন, মাসের পর মাস সি. পি. এম. সরকারের সঙ্গে যোগাযোগ করে চক্রান্ত করে চলেছে। এবং তারা ঐসব পাটকলগুলি বন্ধ করে রেখেছে। এতে মানুষকে বেকার অবস্থায় ফেলেছে এবং পাটের যে দাম কৃষকদের পাওয়া উচিত সেই দাম থেকে তাদের বঞ্চিত করা হয়েছে। মালিকদের আয় স্ফীত করবার জন্য এই সরকার চেষ্টা করে চলেছে।

আপনারা মাথার চুল ছিঁড়ে গরীবের সরকার, গরীবের পার্টি বলে প্রতিপন্ন করবার চেষ্টা করেন। কিন্তু আমরা কি দেখলাম? একদিকে পাট চাষীদের বেকার করে দেওয়া হচ্ছে, অনাহারের মুখে ঠেলে দেওয়া হচ্ছে এবং অন্যদিকে পাটকল বন্ধ করা হচ্ছে মালিকদের সঙ্গে ষড়যন্ত্র করে। ফলে সেখানেও শ্রমিকরা বেকার হয়ে পড়েছে। পাট চাষীরা তাদের পাটের ন্যায্য দাম পাচ্ছে না, ফলে তারা পাট চাষ কম করতে বাধ্য হচ্ছে। সুতরাং পাট উৎপাদন কমে যাচ্ছে। তাছাড়া আমরা দেখতে পাচ্ছি জল নেই, বিদ্যুৎ নেই। খরা নিয়ে দিল্লীতে কেবল ওকালতি করছেন, সত্যিকারের খরা মোকাবিলা করার জন্য আপনাদের কোন পরিকল্পনা নেই। নতুন কোন ডিপ টিউবওয়েল করেছেন বলে আমার জানা নেই, নদীর ধারে নতুন কোন পাম্প বাসছে বলে আমি শুনিনি। নতুন কোন স্যালো টিউবওয়েল বসিয়েছেন কিনা তাও আমি জানি না, নদী, খাল কাটা তো দূরের কথা। কৃষি ব্যবস্থা আজকে দারুণভাবে অবহেলিত হচ্ছে এবং কৃষকদের সর্বনাশ করার ব্যবস্থা করা হচ্ছে। আজকে সেচ ব্যবস্থাকে ক্রমশঃ অবনতির দিকে নিয়ে যাওয়া হচ্ছে। এই বিষয়ে গুরুত্ব দেবার জন্য আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আইন শৃঙ্খলার ব্যাপার নিয়ে আমরা বারে বারে প্রশ্ন তুলেছি, সেদিকে আপনারা

কর্ণপাত করেননি। আজকে আমরা শুনছি দিল্লীতে নাকি ভয়ানক আইন শৃঙ্খলার অভাব দেখা দিয়েছে। আমরা শুনেছি ইউ. পি-তে আইন শৃঙ্খলার অবনতি দেখা দিয়েছে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই কথা কি বামফ্রন্ট সরকারকে জিজ্ঞাসা করতে পারি যে দিল্লীতে কোন বি. জে. পি-র লোককে খুন করা হয়েছে, লোকদলের কোন প্রার্থীকে গোপনভাবে হত্যা করার ষড়যন্ত্র করা হয়েছে ? ওখানে কংগ্রেসের হাতে ক্ষমতা থাকা সত্ত্বেও কংগ্রেস বিরোধী কোন রাজনৈতিক দলের লোককে মারধোর করা হয়নি। অথচ পশ্চিমবাংলায় দেখা যাচ্ছে সি. পি. এম-এর হাতে ক্ষমতা থাকায় এখানে প্রশাসন বলে কিছু নেই, আইন শৃঙ্খলা বলে কিছু নেই। পশ্চিমবাংলায় পুলিশের চোখের সামনে, প্রশাসনের চোখের সামনে শান্তিপ্রিয়, গণতন্ত্রপ্রিয় মানুষদের রাস্তায় মারধোর করা হচ্ছে, তাদের বাড়ীঘর লুঠপাঠ করা হচ্ছে এবং স্ত্রীপুরুষ নির্বিশেষে মারধোর করা হচ্ছে। আনন্দবাজার পত্রিকায় এইসব ঘটনা দিনের পর দিন বেরিয়েছে হলধর পটলের লেখা কলমে। আরামবাগ মহকুমার গোঘাট থানার কথা কাগজে যে লেখা হয়েছিল, তার প্রতিটি কথা বর্ণে বর্ণে সত্য। আরামবাগ মহকুমার ২।৩টি পরিবার আজও ঘরছাড়া রয়েছে। তারা দেশ ছেড়ে অন্যত্র চলে যেতে বাধ্য হয়েছে। এই জিনিসের প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6-15—6-25 P.M.]

**শ্রীসেখ আনোয়ার আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রীভৈরব দত্ত পাণ্ডে মহাশয় গত ২১ তারিখে এই বিধানসভায় যে ভাষণ রেখেছেন সে সম্বন্ধে আমি কয়েকটি কথা বলছি। স্যার, প্রথা অনুসারে সরকার যে ভাষণ লিখে দেন তিনি সেটাই পড়েন, কাজেই আমি মনে করি না তিনি নিজের কথা বলেছেন। স্যার, এখানে কয়েকজন মন্ত্রী আছেন, সরকার পক্ষ এবং বিরোধীপক্ষের অনেক এম. এল. এ. আছেন, তাঁরা যদি সকলে গ্রামবাংলার চিত্রটি নিজেদের মনে মনে চিন্তা করে দেখেন তাহলে কেউই রাজ্যপাল মহাশয়ের ভাষণকে মিথ্যা ছাড়া সত্য বলবেন না।

**মিঃ স্পীকার ঃ** 'মিথ্যা' বলা যায় না, অসত্য বলতে হয়।

**শ্রীসেখ আনোয়ার আলি ঃ** 'স্যার, আমি 'মিথ্যা' কথাটা প্রত্যাহার করছি, আমি বলছি, অসত্য ছাড়া কেউ এই ভাষণকে সত্য বলবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে দেখছি সরকার পক্ষের সদস্যরা বসে বসে বিদ্রূপ করছেন, আমি আপনার মাধ্যমে তাঁদের কয়েকটি কথা বলি। স্যার, আমি পশ্চিমবাংলার গ্রামাঞ্চল থেকে ১৯৭২ সালে নির্বাচিত হয়ে এসেছিলাম। সেই সময় আমার নির্বাচন কেন্দ্রে কি ধরনের উন্নয়নমূলক কাজকর্ম হয়েছিল এবং ১৯৭৭ সালের

পর বামফ্রন্ট সরকারের আমলে ঐ এলাকায় কি উন্নয়নমূলক কাজ হয়েছে সেটা একটু খতিয়ে দেখতে বলি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তাই ওঁদের বলি, মাননীয় রাজ্যপাল মহাশয় যে অসত্য ভাষণটা এখানে পাঠ করেছেন তা আপনারা নিশ্চয় সমর্থন করবেন কিন্তু আমি এই ভাষণকে সমর্থন করতে পারছি না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীনিখিলানন্দ সর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ রেখেছেন এবং সেই ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা বলছি। স্যার, মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে এই রাজ্যের সামগ্রিক একটি চিত্র ফুটে উঠেছে। আমাদের বিরোধী দলের বন্ধুরা সব জিনিষটা না দেখে বিরোধিতা করার জন্যই বিকৃত সব তথ্য এখানে পরিবেশন করে যাচ্ছেন। মাননীয় সাত্তার সাহেব, জয়নাল সাহেবের দৃষ্টি কমে এসেছে, আমি স্যার, আনন্দিত হ'ব যদি আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী মহাশয় এবারের বাজেটে এঁদের আই স্পান বাড়াবার জন্য বিশেষ একটি মেডিক্যাল এ্যালাউন্সের ব্যবস্থা করেন। জয়নাল সাহেব দীর্ঘদিন ধরে এই সভার সদস্য আছেন। ওঁর মাঝে মাঝে দরদ উথলে ওঠে। আজকে দেখলাম পাটচাষীদের জন্য ওঁর দরদ উথলে ওঠলো। শান্তিবাবুরও তাই। এঁদের দীর্ঘদিন ধরে দেখছি, এঁদের সম্বন্ধে বলার কিছু নেই কিন্তু স্যার, আমাদের দুঃখ হয় কিরণবাবু, শিশিরবাবুদের জন্য। পরিণত বয়সে একটা মরা ডাল ধরে ঝুলতে আরম্ভ করেছেন—এটা খুবই দুঃখজনক ব্যাপার। ওঁরা বললেন কেন্দ্রে শক্তিশালী সরকার চাই।

দুজনেরই একমত। কেউ একথা অস্বীকার করে না। কিন্তু সেটা রাজ্যগুলিকে পঙ্গু করে দিয়ে নয়। এঁরা ফেডারেল স্ট্রাকচারের কথা বলেন অথচ অঙ্গ রাজ্যগুলি ধ্বংস হয়ে যাচ্ছে। আপনারা দেখতে পাচ্ছেন না গোটা ভারতবর্ষ জুড়ে কি অবস্থা চলছে? এগুলো কোন নীতির প্রতিফলন? কেন্দ্রীয় সরকার প্রতিটি রাজ্যের অধিকার কেড়ে নিতে বদ্ধপরিকর। এইভাবে চললে ভারতবর্ষ কখনও কল্যাণকামী রাষ্ট্র হবে না। মাননীয় সদস্য শিশিরবাবু অনেক সময় ভাল ভাল কথা বলেন। কিন্তু কখনও দেখি বলতে বলতে কথার থৈ হারিয়ে ফেলে ঐ একই সুরে বক্তৃতা করেন যেমন জয়নাল আবেদিন এবং সাত্তার সাহেব বক্তৃতা করেন। হঠাৎ শিশিরবাবু পঞ্চায়েতের ব্যাপারে খুব চিন্তিত হয়ে পড়েছেন এবং কিরণবাবুর অবস্থাও দেখলাম তাই। কেন পশ্চিমবাংলার গ্রামগুলি ধ্বংস হয়ে যাচ্ছে সেকথা কি চিন্তা করছেন? আমি স্বীকার করি তাঁদের পাণ্ডিত্যের খ্যাতি আছে। আমি জিজ্ঞেস করি ১৯৪৭ সালে দেশ স্বাধীন হবার পর গ্রামের একজন চাষী যদি চাষের জন্য ১০০ টাকা খরচ করত তাহলে সেই টাকা কিভাবে খরচ হোত? ১৯৪৭ সালের রিপোর্ট আমি যতটুকু পেয়েছি তাতে দেখছি ১০০ টাকা চাষীর খরচ হলে তার মধ্যে ৫৪ টাকা মজুরী খাতে ব্যয় হোত এবং ৪৬ টাকা খরচ হোত বৈষয়িক খাতে। কিন্তু আজকে ৩৩ বছর পর একজন চাষী যদি ১০০ টাকা খরচ করে তাহলে তার

মাত্র ১৩ টাকা খরচ হয় মজুরী খাতে এবং ৮৬ টাকা খরচ হয় বৈষয়িক খাতে। সারের দাম কত বেড়েছে, কীটনাশক ঔষধের দাম কত বেড়েছে, ডিজেলের দাম কত বেড়েছে সেকথা কি পণ্ডিতেরা জানেন না? কাজেই ওই সমস্ত কথা বলে মানুষকে শুধু ধাপ্পা দিচ্ছেন। পঞ্চায়েতের দুর্নীতির কথা বলছেন। দুর্নীতির মধ্যে ওঁদের জন্ম, দুর্নীতি না করলে ওখানে স্থান হয় না। কিন্তু আমাদের এখানে দুর্নীতি ধরা পড়লে দল থেকে তাড়িয়ে দেওয়া হয়। এথেকেই দুয়ের মধ্যে পার্থক্য বোঝা যায়। পঞ্চায়েতে যদি দুর্নীতিপরায়ন মানুষ প্রবেশ করে থাকে তাহলে আগামী ২/৩ মাসের মধ্যেই বোঝা যাবে মানুষগুলো তাঁদের কথায় চলছে কিনা। স্যার, দিল্লীশ্বরীর মত আমরা সমস্ত ক্ষমতা নিজেদের হাতে নিতে চাইনা। বামফ্রণ্ট সরকার চেয়েছেন ক্ষমতা বিকেন্দ্রীকরণ করতে এবং সেটা তাঁরা করেছেন। আগামীদিনে এই পঞ্চায়েতের হাতে আরও ক্ষমতা বাড়বে এবং আমরা সেই নীতিতে বিশ্বাস করি। স্যার, একটা কথা ওঁরা বলেন যে, আমরা বলতে উঠলেই নাকিওঁদের রাজত্বের ৩০ বছরের কথা বলি, কেবলই কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে কথা বলি। এটা কি আমরা অন্যায় বলি? যতদিন পশ্চিমবাংলায় কংগ্রেস সরকার ছিল আমরা তাদের বিরুদ্ধে কথা বলেছি, কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধেও কথা বলেছি। কিন্তু আজকে পশ্চিমবাংলার পট পরিবর্তন হয়েছে, পশ্চিমবঙ্গের মানুষ একটা ধাপ এগিয়ে গেছে, পশ্চিমবাংলার মানুষের আস্থাভাজন সরকার এখানে প্রতিষ্ঠিত হয়েছে এবং সাধারণ মানুষকে সঙ্গে নিয়ে সরকার এগিয়ে যাচ্ছে। কাজেই কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আমাদের কিছু কথা বলতেই হয় এবং তাদের গত ৩০ বছরের অপশাসন এবং দুর্নীতির কথা আমাদের বার বার উল্লেখ করতে হয়। স্যার, ওঁরা বলেন পশ্চিমবাংলায় নাকি আইনের রাজত্ব নেই। কিন্তু আমরা জানি ওঁরা এমন একটা সময় পশ্চিমবাংলায় এসেছিলেন যখন বাজার থেকে সমাজবিরোধীদের ধরে এনে তাদের গায়ে রাজনীতির লেবেল লাগিয়ে গোটা পশ্চিমবাংলায় ওই সমাজবিরোধীদের নিয়ে দল করেছেন, গোলমাল সৃষ্টি করার চেষ্টা করেছেন। আমরা জানি কংগ্রেস (আই)-র নেতা ব্যাঙ্ক ডাকাতিতে ধরা পড়েছে। বর্ধমান শহরে লরি ছিনতাই করতে গিয়ে ধরা পড়েছে কংগ্রেস (আই)-র লোক। নকশালদের নাম দিচ্ছে তারা নাকি লরি ছিনতাই করেছে। কিন্তু আসলে দেখা গেল ধরা পড়েছে যুব কংগ্রেসের লোক। কাজেই এইসব কথাগুলি মানুষের সামনে আমাদের খুলে বলতে হয়। এখানে আইনের রাজত্ব নেই একথা ওঁরা বলছেন। কিন্তু দিল্লীশ্বরী সংসদকে এড়িয়ে যেসব কাণ্ড করছেন সেটা কি ওঁরা দেখছেন না? যাতে কোন রকম সমালোচনার সম্মুখীন হতে না হয় সেই ব্যবস্থাও করেছেন। কৈ সেসব কথা তো একবারও শুনিনা? আজকে বিচারপতিদের ব্যাপারে কি করছেন? কোন রুল অব ল আছে? আজকে তীব্র খরায় যখন পশ্চিমবাংলা জ্বলছে তখন তাঁরা বাস ভাড়া বৃদ্ধির ব্যাপার নিয়ে আন্দোলন করছেন, এখানে ধর্না দিচ্ছেন। কোলকাতায় যেন সার্কাসের তাঁবু পড়েছে। তারপর, সেচের জল নিয়ে এখানে কথা উঠেছে। সুনীতিবাবু সেচের জল নিয়ে কাঁদলেন, কিন্তু আমি জিজ্ঞাসা করি ওই সেচের জল আসবে কি করে? ডি ভি সি-র খাল আমি দেখেছি যাতে মাঠে জল না যায় সেইভাবেই এগুলো তৈরী করা হয়েছে।

পশ্চিমবঙ্গ সরকার যাতে সেচ ব্যবস্থা হয় তার জন্য ১৯৭৮ সালের বিধ্বংসী বণ্যার পর প্রস্তাব রেখেছিলেন মাইথন বাঁধ এবং অজয় বাঁধকে উচু করাবার জন্য এবং সেই জল যাতে মাঠে যায় তার ব্যবস্থা করার জন্য। কিন্তু বিহার সরকার এবং কেন্দ্রীয় সরকার তাতে আপত্তি করলেন। এগুলি করলে আরও বেশী বেশী জল পাওয়া যেত। সুনীতিবাবু ডিপ টিউবওয়েলের কথা বললেন। আগেকার টিউবওয়েল যেভাবে বসত এখন আর সেভাবে বসছে না। স্যার, আমরা জানি বন্যা, প্রাকৃতিক বিপর্যয় মানুষের কাছে অভিশাপ, কিন্তু ওঁদের এক নেতার মুখে শুনেছি বন্যা নাকি তাঁদের কাছে আশীর্বাদ। আমাদের এখানে যে খরা হয়েছে সেটা নিয়ে ওঁদের নেতৃ কি কাণ্ড করেছেন সেটা আমরা সকলেই দেখছি। এখানে খরা হয়েছে কিনা এবং আবহাওয়া কি রকম সেটা দেখতে লক্ষ লক্ষ টাকা খরচ করে দিল্লী থেকে অফিসাররা এখানে আসছেন। এখানে একটা রাজ্য সরকার রয়েছে এবং তাঁদের যে রিপোর্ট রয়েছে তার উপর কি বিশ্বাস করা যায় না? যে সমস্ত বিশেষজ্ঞরা এসেছিলেন তাঁদের সঙ্গে আমরা কথা বলেছি এবং একথাও বলেছি যে, হানড্রেড পারসেন্ট ক্ষতি হয়েছে। কিন্তু তাঁদের মধ্যে একজন অফিসার বললেন, না ২০০ ভাগ ক্ষতি হয়েছে। স্যার, আমাদের এখানকার এই প্রচণ্ড খরা সম্বন্ধে এই হচ্ছে দিল্লীর অফিসারদের উক্তি এবং বড়ই দুঃখের কথা এই খরা ত্রাণের ক্ষেত্রে তাঁদের সাহায্যের হাত আমরা দেখছি না।

আপনারা আজকে পানীয় জল নিয়ে, খাবার নিয়ে যে রাজনীতি খেলতে সুরু করেছেন এবং যে আগুন জ্বালাবার চেষ্টা করছেন, তাতে পশ্চিমবাংলার মানুষ অনেক বেশী সচেতন। ১৯৭৮ সালের বন্যার পর কিভাবে এই সরকার জনসাধারনের পাশে এসে দাঁড়িয়েছে তা সবাই জানেন। বামফ্রন্ট সরকার এইভাবেই চেষ্টা করে যাবেন। এইরকম ভাবেই খরার মোকাবিলা করবেন। আমরা আপনাদের সহযোগিতা চাই এবং আশা করি আপনারা সেইভাবেই এগুবেন। যদি আগুন জ্বালাবার চেষ্টা করেন তাহলে সেই আগুনে আপনারা পতঙ্গের মতন পুড়ে মরবেন। পশ্চিমবাংলার কোন ক্ষতি হবে না। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীতারাপদ সাধুখাঁ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উপস্থিত সদস্যবৃন্দ আজকে রাজ্যপালের ভাষণের উপর বিরোধিতা করতে উঠে আমি দু-একটি কথা বলবো। আপনারা যারা উপস্থিত আছেন—যদিও খুবই কম সদস্য উপস্থিত আছেন—আমার কথাগুলি শুনুন কেন আমি বিরোধিতা করতে চাচ্ছি। আমার প্রথম প্রশ্ন হচ্ছে, রাজ্যপালের ভাষণ জনসাধারণের কাছে একটা এমন কিছু উপস্থাপিত করতে পারেন নি। একটা জিনিষ দেখুন, যদি স্থির মস্তিষ্কে চিন্তা করি তখন মনে পড়বে গত ৫ বছরে যে ভয়াবহ প্রাকৃতিক বন্যা এবং খরা হলো—এটা কেন হয়েছে? ১৯৭৮ সালে বন্যা, ১৯৭৯ সালে খরা, ১৯৮০ সালে অল্প বৃষ্টি, ১৯৮১ সালে অসময়ে বৃষ্টি এবং ১৯৮২ সালে অতি খরা—এটা চিন্তা করলেই বোঝা যায় যে এই অপয়া সরকারের জন্য এই জিনিষ হয়েছে এবং তারই দুর্ভোগ জনসাধারণকে ভোগ করতে হচ্ছে। এই অপয়া সরকার গত ৫ বছর ধরে এই রাজত্বে

বসে আছেন তারই জন্য এই বিভীষিকা তাদের ঘাড়ের উপর দিয়ে যাচ্ছে এবং তারই ফল ভোগ করতে হচ্ছে জনসাধারণকে। এখানে একটি কথা বার বার বিভিন্ন সদস্যরা বলছেন যে কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে না। আর একটি কথা এই সরকার চাচ্ছে ২০৫ কোটি টাকা। আমার প্রশ্ন হচ্ছে, টাকা কে না চায়। টাকা পেলে সোনার রাজত্ব গড়ে তোলা যায়। কিন্তু টাকাটা কার হাতে দিতে বলছেন সেটাই সব চেয়ে বড় প্রশ্ন। আমি এই ব্যাপারে দু-একটি উদাহরণ দেবো তাহলেই বুঝতে পারবেন টাকাগুলি দূর্নীতি এবং অপচয়ের জন্য নষ্ট হয়ে যাচ্ছে। আসল কাজ হচ্ছে না। আমি পঞ্চায়েতের দূর্নীতি সম্পর্কে দু-একটি উদাহরন দেবো, ভাষা-ভাষা কমপ্লেন নয়। আমি এই সম্পর্কে আগেও বলেছি। আমি গ্রাম পঞ্চায়েত প্রধান। আমার এলাকায় ১১ জন পঞ্চায়েত সদস্যের মধ্যে ১১ জনই হচ্ছে কংগ্রেস সদস্য। আমার জেলায় এই বিধানসভার ২।১ জন বিধায়ক আছেন।

শ্রীদেব নারায়ণ চক্রবর্তী আমার জেলার লোক। তাদের জিজ্ঞাসা করবেন, আমার বিরুদ্ধে কোন দুর্নীতির কথা তারা বলতে পারবে না। যেদিন আমার বিরুদ্ধে দুর্নীতির কোন প্রমাণ দেখাতে পারবেন সেদিন আমি নত মস্তকে তা মেনে নেবো। যাইহোক, আমি পঞ্চায়েত সম্পর্কে দু-একটি উদাহরণ দিচ্ছি, বেড়াবেড়ি গ্রাম পঞ্চায়েত এলাকায় বেনেযমুনা স্কুলে বিল্ডিংস-এর জন্য ২৮ হাজার টাকা সাংশান হয়েছিল। তার মধ্যে ২১ হাজার টাকা তুলেছিল। কিন্তু ১২ হাজার টাকা খরচ করেছিল, বাকিটা গায়েব করে বসেছিল। ইলেকসানের পর বি. ডি. ও-কে জিজ্ঞাসা করাতে উনি বললেন বারবার চিঠি দিচ্ছি কিন্তু কোন উত্তর পাচ্ছি না। তারপর বিধানসভায় এই ব্যাপারে তোলার পর উনি তাগাদা করে ৪ হাজার টাকা আদায় করেন। কিন্তু দুঃখের কথা, আবার সেই কাজটার দায়িত্ব দেওয়া হয় বেড়াবেড়ির প্রধানকে। এনার বিরুদ্ধে ইতিমধ্যেই অর্থ তছরুপের কেস দায়ের আছে। এখানকার যিনি এম. এল. এ. হলেন যেহেতু তিনি কংগ্রেসের লোক সেইজন্য তাঁর সঙ্গে কোন আলোচনা করা হলো না। টাকাটা কিভাবে বণ্টন করা যেতে পারে সেই ব্যাপরে আলোচনা করতে পারতো কিন্তু তা করলো না, কেননা সেখানে রাজনীতি আছে।

[6-35—6-45 P. M.]

এই রকম অনেক কেস আছে। এইসব যদি চলতে থাকে তাহলে আমার বিশ্বাস লাখ, লাখ, কোটি, কোটি টাকা দিলেও দেশের কিছু হবে না। সেজন্য আমি আপনাদের অনুরোধ করব যে আপনারা ঠাণ্ডা মাথায় চিন্তা করুন, রংগ করবেন না। আমার মূল লক্ষ্য সমাজসেবা, আমি কংগ্রেসের সিটে বসেছি, কংগ্রেসী নীতিতে আমি বিশ্বাস করি, তাই আমি বলছি আপনারা কাজ করুন, ভাল কাজ যদি করেন, তাহলে আমরা আপনাদের সঙ্গে সহযোগিতা করব এবং আমরাও আপনাদের সঙ্গে একসঙ্গে বলব ২২০ কোটি টাকা দিন, দেশের উন্নতির জন্য টাকার দরকার। পঞ্চায়েতের কথা বলছিলেন, পঞ্চায়েতের মধ্যে কত রকম দুর্নীতি, দলবাজী হয়,

তা নিশ্চয় জানেন। যেখানে পঞ্চায়েতে কংগ্রেসী প্রধান আছেন সেখানে টিউবওয়েলের সাইট সিলেকসনের কথায় বলা হয় সিইট সিলেকসন পঞ্চায়েত সমিতি করবে, তার ফল ভাল হল না। একটা টিউবওয়েল করতে হলে ঐ সাইট সিলেকসনের অজুহাতে রাজনীতি করা হয়, সেখানেও পঞ্চায়েত সমিতি ইণ্টারফিয়ার করে। ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট বলা সত্ত্বেও পঞ্চায়েতে সেটা গ্রাহ্য হল না। স্বভাবতঃই এটা হতে পারে না। তারপর রিসেণ্টলি একটা ব্যাপার হয়েছে, এন. আর. ই. পি. স্কীমের মধ্যে কতকগুলি স্পেশাল স্কীম রয়েছে যেখানে বেনিফিসিয়ারী কমিটির মধ্যে এম. এল. এ-কে নেওয়ার কথা ডি. এম. বলেছেন এবং বি. ডি. ও. সেই মর্মে অর্ডারও দিয়েছেন। অথচ নেওয়া হলো না সি. পি. এম. প্রধান ছিল বলে। এম. এল. এ-রা তো জনসাধারণের প্রতিনিধি তা সত্ত্বেও এ নিয়ম কেন মানা হলো না বুঝলাম না। তারপর ডি. ভি. সি-র কথা বলছেন, ডি. ভি. সি-তে সময় মত জল পাওয়া গেল না, ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে বললাম যে সময় মত জল পাওয়া না গেলে ফসল বাঁচানো যাবে না, ডি. ভি. সি. জল না দিলে আমি আগুনে আত্মাহুতি দেব। আমি আগুনে পুড়তে রাজী আছি কিন্তু ফসল না হলে গরীব চাষী সাধারণ মানুষ মারা যাবে। ডি. এম. বললেন আপনিই বা আগুনে পুড়ে মরবেন কেন? সে সম্বন্ধে আমি তো দু দুবার চিঠি দিয়েছি। ডি. এম. নিয়ম করলেন জল বণ্টনের, অথচ পঞ্চায়েত প্রধানরা ও সি. পি. এম. ক্যাডাররা সব প্রকল্প বানচাল করছেন, নিজেরা আড়ালে থেকে ক্যাডারদের পাঠিয়ে দিচ্ছেন, গেট জোর করে বন্ধ করছেন। এইভাবে জল বণ্টনের ব্যাপারেও দলবাজী হচ্ছে। তারপর ষ্টেটবাসের ব্যাখ্যা করা হয়েছে, তৈরী নতুন বাস রাস্তায় নামাবার পর কিছুদিন পরেই তা অচল হয়ে যায়, কেন যে অচল হয়ে যায় কেউ তার কারণ বলতে পারে না। আশ্চর্য্য। তারপর ইলেকট্রিক ডিপার্টমেণ্টের ব্যাপার। লোডশেডিং লেগেই আছে, এবং সেটা যখন তখন হচ্ছে। তারও একটা যদি নিয়ম থাকে তাহলেও সেটা জানা থাকলে মানুষের পক্ষে সুবিধা হয়।

এই সময় থেকে এই সময়ের মধ্যে লোড শেডিং হবে জানা থাকলে মানুষ তার বিকল্প ব্যবস্থা করতে পারে। কাজেই সব দিক দিয়েই দেশের মধ্যে একটা অচল অবস্থার সৃষ্টি হতে চলেছে। মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে সেসব কোন কথার উল্লেখ নেই। সেজন্য আমি রাজ্যপালের এই ভাষণকে সমর্থন জানাতে পারছি না, আমি এর তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিমলানন্দ মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে আমি তাকে সমর্থন করি। অবশ্য, ভাষণ দেবার সময় যেভাবে বিরোধীপক্ষ বাধার সৃষ্টি করলেন, এখনই দেখছি বসে বাধা না দিয়ে, অনুপস্থিত থেকে সেই বাধা তাঁরা প্রকাশ করলেন। আমরা একটু কৌতুক অনুভব করছিলাম যে, যাঁরা সমালোচনা করলেন, বিরোধিতা করলেন, তাঁরা মার্কসবাদী কম্যুনিষ্ট মতবাদীদের উল্লেখ করলেন। কৌতুকের

কথা, তাঁদের দৃষ্টিভঙ্গী কি? বামফ্রন্ট সরকারের ভিতরে মার্কসবাদী কমিউনিষ্ট আছেন। বিরোধীদের দৃষ্টিভঙ্গী কি বুঝতে পারি না। তাঁরা একথা বললেন, এটা যদি তাঁরা পড়ে থাকেন নিশ্চয় বুঝতে পেরেছেন। এখন সেখান থেকে প্রশ্ন তুলেছেন, বেকার সমস্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে, জিনিষের দাম ক্রমাগত বাড়ছে, বামফ্রন্ট সরকার তাহলে কি করছে?

তাঁরা নিজেদের গরীবদের প্রতিনিধি বলেন। কিন্তু তাঁদের আমলে আজ এই সব ঘটছে কেন? আমি তর্কে আসছি না—মালিকানার প্রশ্নে আসছি। কম্যুনিজমপূর্ণ শোষণহীন সমাজ ব্যবস্থা। শুধু তাই নয়, সেখানে ব্যক্তিগত মালিকানা থাকবেনা। আমি তিন ব্যবস্থাপনার কথা বলছি। সামন্ততান্ত্রিক ব্যবস্থা—তাতে ব্যক্তিগত মালিকানা থাকে, ব্যক্তিগত ভোগ থাকে, ব্যক্তিগত উৎপাদন থাকে। ধনতন্ত্রে এসে ব্যক্তিগত মালিকানা, সামাজিক উৎপাদন এবং ব্যক্তিগত ভোগ থাকে। সমাজতন্ত্রে গিয়ে সামাজিক মালিকানা, সামাজিক উৎপাদন এবং সামাজিক ভোগ অর্থাৎ সমস্ত কিছুই সমাজের কল্যানে এবং সমাজের উন্নতির স্বার্থে নিয়োজিত। এখানে এসেছে কি? এসেছে ফিউডালিজম্, এসেছে পুঁজিবাদী ব্যবস্থা, ব্যক্তিগত লাভ—এটাই একমাত্র কথা। এসেছে মনোপলি ক্যাপিটালিজিমে ম্যাকসিমাম প্রফিট—সর্বোচ্চ মুনাফা। এর ফলটা কি দাঁড়াচ্ছে? যে ক্যাপিটালিজমকে প্রগতিশীল বলা হোত সামন্ততন্ত্রের তুলনায়, সেটা আজকে দেউলিয়া হয়ে গেছে এবং দেউলিয়া হয়ে গেছে বলেই তাঁদের নেতৃ ইন্দিরা গান্ধীর মুখ থেকে সমাজতন্ত্রের কথা আসছে। তাঁরা পুঁজিবাদের কথা বলছেন না মুখে। বলছেন—'আমরা সমাজতন্ত্র চাই'। অথচ বুর্জোয়া ব্যক্তিগত মালিকানা, ব্যক্তিগত মুনাফার ব্যবস্থা। আরও বেশি মুনাফার সুযোগ তাঁরা সৃষ্টি করতে চাইছেন। সেই ব্যবস্থার মধ্যে আমরা সিকি পয়সার ক্ষমতায় এসেছি। আমাদের উদ্দেশ্যটা কি? আমরা মনে করি বর্তমান অর্থনৈতিক অবস্থায় বেকার সমস্যা বাড়বে, জিনিষের দাম ক্রমাগত বাড়বে এবং আমরা যারা কম্যুনিষ্ট তারা এর বিরুদ্ধে লড়বো। কিন্তু এটা আমরা জানি আমাদের দেশের জন্য নয়, একটি সামাজিক অর্থনৈতিক অবস্থার জন্যই এটা ঘটে। সর্বোচ্চ মুনাফা করতে গিয়ে শ্রমিকদের শোষণ করবার ফলে ক্রয়ক্ষমতা মানুষের কমছে। সুতরাং বিক্রী কম হবার ফলে উৎপাদন হ্রাস হচ্ছে এবং তার ফলে লকআউট ক্লোজার ইত্যাদি। সুতরাং উৎপাদন কম হবার ফলে রোজগার কমছে, বিক্রী কমছে—দাম বাড়ছে। আর এই অবস্থায় কম উৎপাদন করে দাম বাড়িয়ে মুনাফা বজায় রাখবার চেষ্টা করছে। এটাই পুঁজিবাদী ব্যবস্থার নিয়ম এবং প্রতিটি ব্যাপারেই কেন্দ্রই পুঁজিবাদী ব্যবস্থার বাহক। তাঁরা তাহলে করছেন কি? মুখে কিছু কিছু সমাজতন্ত্রের কথা বলছেন, প্রতি মূহূর্তেই এটা করছেন—ইণ্টারন্যাশনাল মনিটারী ফাণ্ড অর্থাৎ আন্তর্জাতিক পুঁজিবাদের সঙ্গে সামঞ্জস্য করে পুঁজিবাদকে চালাতে চাইছেন। ২০০০ কোটি টাকা সুদ দিতে হবে বছরে ঐ লোনের জন্য। তাদের নির্দেশ সম্পদ সৃষ্টি কর—কাজেই নোট ছাপিয়ে দাও, রেলের ভাড়া বাড়াও, ডিজেল মবিলের দাম বাড়াও। সুতরাং ঘাটতি বাজেট করে, টাকার দাম কমিয়ে জিনিষের দাম বাড়িয়ে দিচ্ছে। ডিজেল পেট্রোলের দাম প্রতি বছর ১২ বার বাড়ছেই। তার ফলে পেট্রোল ডিজেল চালিত পরিবহনের

খরচ বাড়ছে। ফলে ট্রাক ইত্যাদির ক্যারিং-কষ্ট বাড়ছে। সুতরাং সে যে জিনিষ বহন করে আনছে তার দামও বাড়ছে।

[6-45—6-55 P.M.]

তাহলে পশ্চিমবাংলা করবেটা কি ? এই ব্যবস্থার জন্য দায়ী কে ? আমাদের যে ত্রুটি কিছু নেই, সেকথা বলছি না। আমরা যারা কমিউনিষ্ট—তাদের মূল লক্ষ্যই হচ্ছে পুঁজিবাদী ও ব্যক্তিগত মালিকানাকে খর্ব করা। এই সামাজিক ও অর্থনৈতিক কাঠামোকে বজায় রেখে সমাজতন্ত্র কখনই প্রতিষ্ঠা করা যাবে না। কিন্তু আমাদের স্বীকার করতেই হবে যে সমাজতান্ত্রিকতার পথই হল মুক্তির পথ। তা যুক্তিযুক্তও বটে। ওঁরা বলেন, গরীবদের দিকে নাকি আমরা তাকাই না। তা কিন্তু ঠিক নয়, ছোট ছোট কাজের ভেতর দিয়ে যতখানি সম্ভব তা আমরা গরীবদেরও জন্য করছি। আমি মনে করি যে, ব্যাকওয়ার্ড মাস আজকে রিলিজড্ ফোর্স হয়ে সামনে আসছে বলেই মালিক-শ্রেণীর মধ্যে ভয় দেখা দিয়েছে। আমরা দেখছি, পশ্চাৎপদ জনগণের মধ্যে অধিকার বোধ বাড়ছে, সাহস বাড়ছে, তারা সচেতন হয়ে উঠেছে এবং সংগঠিত হচ্ছে। তারফলে ভয় দেখা দিয়েছে, গ্রামের জোতদার ও শহরের বড় বড় ব্যবসায়ীদের মধ্যে। অর্থাৎ পুরানো যুগের চেহারা ক্রমান্বয়ে পাল্টে যাচ্ছে। দীর্ঘদিন বেকার থাকার যন্ত্রণায় পড়ে থাকা বেকারদের ওয়াগন ব্রেকারে কাজে, চুরি, ছিনতাই ইত্যাদি কাজে ব্যবহার করা হচ্ছে। তাদের নিয়ে এই সমস্ত অপরাধমূলক কাজ করিয়ে নিয়েও নিজেদের উদ্দেশ্য সিদ্ধি করে সাধারণ মানুষের সামনে বিপজ্জনক অবস্থার সৃষ্টি করেছে। তারা জানে এই অবস্থা বজায় রাখতে পারলেই তাদের উদ্দেশ্য সব সময় সিদ্ধি হবে। এই প্রসঙ্গে বিচ্ছিন্নতাবাদ সম্বন্ধে দুমিনিট বলে নিই। ওঁদের বক্তব্যে সেন্ট্রাল এবং স্টেটের রিলেশানের কথা শুনলাম। মনে রাখা দরকার, সেন্ট্রাল স্ট্রং তখনই হয় যখন স্টেটগুলিকে অধিক শক্তিশালী করা যায়। অর্থাৎ হাত, পা শক্ত হলে সবকিছু শক্ত হয়। আমাদের ভেবে দেখতে হবে আসামে, পাঞ্জাবে কেন আসামীরা ও আকালীরা আন্দোলন করছে। অন্ধ্র কেন পৃথক রাজ্য গঠন করতে চায় ? কেন দাক্ষিণাত্য বলছে আমাদের আলাদা দাবিড়, কাজাগাম ইত্যাদি চাই ? এর একটা মাত্র কারণ সেখানকার পশ্চাৎপদ জনসাধারণ যে দাবি গুলি করছে, যে গুলি তাদের নিতান্তই প্রয়োজন সেই দাবি গুলি দীর্ঘদিন ধরে উপেক্ষিত এবং অবহেলিত হয়ে আসছে। সুতরাং তারা আজকে ভাবছে এদের সঙ্গে থেকে লাভ কি ? তা ছাড়া এর মধ্যে আবার দেশের প্রতিক্রিয়াশীলদের এবং বিদেশীদের উসকানি আছে। তারা ভেবেছে যে এই পথে গিয়ে তাদের সমস্যার সমাধান হবে। ব্যর্থতাটা তাদের এইখানেই। আজকে লাভ অতি লাভ করতে গিয়ে বিচ্ছিন্নতাবাদী শক্তি, সাম্প্রদায়িকতার শক্তি এবং প্রাদেশিকতা শক্তিকে, যারা পুঁজিবাদী দৃষ্টিভঙ্গি নিয়ে চলে—এই কেন্দ্রীয় সরকার সেটা উসকে দিচ্ছে টিকে থাকবার জন্য। এই জন্য এই সব ঘটনা ঘটছে। আমরা ছোট ছোট কাজ করছি এই উদ্দেশ্যে যাতে শিক্ষাটা গ্রামাঞ্চলে পৌছে দেওয়া যায়। এই বাংলাদেশের বিধানসভায়

ইংরাজী বক্তব্য আমরা শুনেছি, তাদের শিক্ষার জন্য আমরা করি নি। কিন্তু গ্রামের গরীব মানুষকে "ক" এর সন্ধান তাঁরা দেন নি। তাদের একটু লেখাপড়া শেখালে যে তারা বুঝতে পারবে প্রকৃত অবস্থাটা কি। কিন্তু সেই দিক দিয়ে আমরা গ্রামাঞ্চলে প্রাথমিক স্কুলের সংখ্যা বাড়াবার চেষ্টা করেছি। ছোট ছোট কাজের ভেতর দিয়ে আমরা এগিয়ে যাবার চেষ্টা করছি। যেমন একটু জল সেচের ব্যবস্থা, স্মল ইরিগেসানের ব্যবস্থা আমরা করেছি। খরাকে কেন্দ্র করে যে কাজের ব্যবস্থা করা হলো তা থেকে চাষীরা উপকার পাচ্ছে। যার ফলস্বরূপ এই খরার সময়ও দেখবেন কিছু সবুজ শস্য শ্যামল ক্ষেত্র দেখা যাচ্ছে। বন্যার সময় আমরা মানুষের পাশে গিয়ে দাঁড়িয়েছি, তাদের একটু সুস্থ থাকতে দিয়েছি। সেই সময় যতখানি বিপদ আশঙ্কা করা গিয়েছিল ততটা আমরা হতে দিয় নি। এই ছোট ছোট কাজের ভিতর দিয়ে আমরা শক্তি সৃষ্টি করেছি। এই অবহেলিত, পশ্চাৎপদ, ছোটলোক বলা মানুষ গুলোকে আমরা সামনে নিয়ে আসার চেষ্টা করছি। এই শক্তি দিয়েই তো পরিবর্ত্তন ঘটবে। এই শক্তি দিয়েই তো রাসিয়ায়, চীনে এবং ভিয়েতনামে পরিবর্ত্তন ঘটেছে। শক্তি বৃদ্ধি করাটাই তো আমাদের কাজ। এই জনজাগরনের ফলে আজকে কায়েমী সার্থবাদীরা ভয় পাচ্ছে। রাজ্যপালের ভাষণে বিরাট কাজের কথা তো কিছু নেই, ছোট ছোট কাজের কথা কিছু আছে। রিলিফ অফ সাপপ্রেসড ফোর্সেস দিয়ে জনগনের শক্তি বাড়িয়ে দিয়ে এই পরিবর্ত্তন ঘটাবো। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগোপাল কৃষ্ণ ভট্টাচার্য ঃ** মানীয় অধ্যক্ষ মহাশয়, পৃথিবীতে অনেক নজিরবিহীন ঘটনা ঘটে। আমাদের পশ্চিমবঙ্গেও একটা নজিরবিহীন ঘটনা ঘটেছে। একটি পুঁজিবাদী আধা সামন্ততান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার মধ্যে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ৫ বছরের শাসন করছে তার জলন্ত প্রমাণ হিসাবে দেখিয়েছে। পৃথিবীর ইতিহাসে কোথাও এই ঘটনা ঘটেছে বলে আমার মনে হয় না। রাজ্যপালের ভাষণের বক্তব্যের সমর্থনে বক্তব্য রাখতে গিয়ে প্রথমেই আমি মনে করি যে বিরোধীপক্ষ বা দেশবাসীকে এটা বুঝতে হবে যে ১৯৪৭ সাল থেকে যে নীতি, উদ্দেশ্য ভারতবর্ষের রাষ্ট্র এবং বিভিন্ন রাজ্যগুলিতে যে কেন্দ্রীয় সরকারের নীতি পরিচালিত হয়েছে আমরা পশ্চিমবঙ্গের সরকার তার থেকে একটি পৃথক নতুন নীতি এবং নতুন আদর্শকে চালানোর চেষ্টা করেছি—সেটা হচ্ছে কংগ্রেসী একচেটিয়া পুঁজিবাদী ব্যবস্থার বিরুদ্ধে। আমরা গ্রামের গরীব মানুষকে, সাধারণ মানুষকে জীবনযাত্রা উন্নত করার জন্য একটি পরিকল্পনার ভিত্তিতে কাজের অংশ হাতে নেবার চেষ্টা করেছি। আজকে রাজ্যপালের ভাষণে বিরোধীপক্ষের পক্ষ থেকে শুধুমাত্র আইন-শৃঙ্খলার প্রশ্ন তুলে এবং বিদ্যুৎ ইত্যাদির প্রশ্ন ২।১টি কথা বলেছেন, কোন নতুন কিছু ঘটনার কথা বলতে পারলেন না। আইন-শৃঙ্খলার প্রশ্নে আমি বেশী কিছু বলতে যাব না। কিন্তু ১৯৭৫ সালে ডঃ জয়নাল আবেদিন সাহেব যখন মন্ত্রী ছিলেন এবং পঙ্কজ ব্যানার্জী একজন কংগ্রেসী নেতা এবং এম. এল. এ. ছিলেন। এখন তিনি এম. এল. এ. নন—তাঁর ১৯৭৫ সালের বক্তৃতায় বলেছেন—

সেদিন মহামতি রাজ্যপাল বলে গেছেন আমাদের দেশে শান্তি শৃঙ্খলার উন্নতি হচ্ছে এবং মাননীয় মুখ্যমন্ত্রীও বারে বারে সে কথা বলেছেন। তিনি এই শান্তি-শৃঙ্খলাকে এমন এক জায়গায় নিয়ে এসেছেন যে তার ২১১টি ঘটনার নজির আপনার কাছে দিতে বাধ্য হচ্ছি। মাননীয় মুখ্যমন্ত্রী ওয়াংচু কমিশনের সামনে সাক্ষ্য দেবার জন্য বাংলাদেশের সবাইকে আহ্বান জানিয়েছিলেন। এরই পরিপ্রেক্ষিতে সন্তোষ রায়ের বিরুদ্ধে সাক্ষ্য দিতে এসেছিলেন কোচবিহারের এক সহকারী স্কুল শিক্ষক চন্দন রায়, তার এই অপরাধের শাস্তি স্বরূপ চন্দন রায়কে কুপিয়ে কুপিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে টুকরো টুকরো করে কেটে মেরে ফেলা হয়েছে। আরেকজন রামকৃষ্ণ পাল এই সাক্ষ্য দেবার অপরাধে গতকাল রাত্রে ছুটোর সময়ে তার বাড়ী জ্বালিয়ে পুড়িয়ে ভস্মীভূত করা হয়েছে। ওয়াংচু কমিশনে সাক্ষ্য দিতে এলে খুন হতে হয়, ঘর-বাড়ী পুড়ে যায়—এর দায়-দায়িত্ব কে নেবে? আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এই প্রশ্নটি তুলে ধরতে চাই। দূর গ্রামাঞ্চলে এসে সত্যিকথা বলবার অপরাধে যদি খুন হয়ে যেতে হয় বাড়ী-ঘর জ্বালিয়ে দেওয়া হয়, তাহলে আমরা কোন রাজত্বে বাস করছি? এই কথাটা আরেকবার জিজ্ঞাসা করতে চাই। আমরা আতঙ্কিত হচ্ছি। এই বিষয়ে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী অবিলম্বে যথাযথ ব্যবস্থা অবলম্বন না করেন, তাহলে আমরা নীরব দর্শক হয়ে চুপ করে বসে থাকবো না। আমরা এইসব নিপীড়িত অত্যাচারিত মানুষদের রক্ষা করবার জন্য লক্ষ লক্ষ মেহনতি মানুষকে সঙ্গে নিয়ে গিয়ে কোচ-বিহারের গ্রামাঞ্চলে ঝাঁপিয়ে পড়বো। একমাত্র উপার্জনশীল নিরীহ একজন সরকারী স্কুল শিক্ষক সত্য কথা বলার জন্য খুন হয়ে গেল। আমি এই চরম পত্র দিয়ে জানাচ্ছি যে ২৪ ঘণ্টা সময় দেওয়া হচ্ছে এর মধ্যে যদি প্রকৃত অপরাধীকে খুঁজে বের করা না হয়, তাহলে আমরা বর্তমান অগণতান্ত্রিক বিধানসভায় আসা বর্জন করবো। কোচবিহারে গ্রামে গ্রামে গিয়ে এর বিচারের ভার আমরা হাতে নেব। সেদিন যেন আপনার পুলিশবাহিনী গিয়ে আমার উপর ঝাঁপিয়ে না পড়ে। এটা অত্যন্ত দুঃখের কথা, লজ্জার কথা—একজন নিরীহ মাধ্যমিক স্কুলের শিক্ষক সাক্ষ্য দেবার ফলে অকালে জীবন হারালো। এইজন্য আমাদের গভর্ণমেন্টের কোন ক্ষোভ নাই। আর রামকৃষ্ণ পাল তাকে সহায়তা করেছিলেন—এই অপরাধে তার বাড়ীঘর জ্বালিয়ে দেওয়া হয়েছে, ১৭ জন লোক এর প্রতিবাদ করেছেন। মুখ্যমন্ত্রী শত চেষ্টা করেও সন্তোষবাবুকে বাঁচাতে পারেন নি। এই হচ্ছে ১৯৭২ সাল থেকে ১৯৭৫ সালের ঘটনা। কিন্তু আজকে মুখ্যমন্ত্রী একটি নজিরবিহীন ঘটনা উপস্থিত করছেন। একজন মাননীয় সদস্যের বিরুদ্ধে অভিযোগ করা হলে মুখ্যমন্ত্রী তদন্ত করে রিপোর্ট পেশ করেছেন, আর এই ওয়াংচু কমিশনে উত্থাপিত অভিযোগ সম্পর্ক কি সিদ্ধার্থশংকর রায় বলেছিলেন। সেই মন্ত্রীসভার মন্ত্রী এখন সদস্য জয়নাল সাহেব এখানে আছেন—ওই ওয়াংচু কমিশনে ওঁদের মোট ১৩০টি অভিযোগ ছিল। আমি সেই ব্যাপারে যাচ্ছি না। ঐ ১৩০টি রিপোর্টের মধ্যে কয়েকজনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছিল। অজিত পাঁজা, সন্তোষ রায়, সীতারাম মাহাতো এবং সুনীতি চট্টরাজ এঁদের নাম ওয়াংচু কমিশনে দেওয়া হয়েছিল এবং লজ্জাকর বিষয় হল যে ঐ জয়নাল সাহেবের বিরুদ্ধেও

অভিযোগ ছিল কিন্তু জয়নাল সাহেবের বিরুদ্ধে অভিযোগ কমিশনে পাঠান হল না। তার বিষয়ে সিদ্ধার্থ রায়ের বক্তব্য—

"তারপর ডাঃ জয়নাল আবেদিন-এর বিরুদ্ধে অভিযোগ। সেখানে দেখা গেল বি. আর. মহান্তি, বালুরঘাট, তিনি অভিযোগ করেছেন। এখন তাঁকে তো ডাকতে হবে খবর দিয়ে, তাই সেখানে খোঁজ নেয়া হল। তিনজন বি. আর. মহান্তি হোল বালুরঘাট সাব ডিভিসান থেকে বেরুল। তাঁদের বলা হল, আসুন, অভিযোগ দিন আপনারা তো পাঠিয়েছিলেন। তাঁরা বললেন সে কি মহাশয়, অভিযোগ কি, আমরা কেউ অভিযোগ করিনি। আমি বললাম, সে হবে না, আপনারা লিখে দিন, তাঁরা লিখে দিলেন আমরা কেউ অভিযোগ করিনি এটা মিথ্যা। কাজেই দেখা গেল জয়নাল আবেদিনের বিরুদ্ধে কেউ অভিযোগ করেন নি, সুতরাং এটাও বাতিল করা হল।" তাঁদের নেতা পঙ্কজ ব্যানার্জী বলছেন ওয়াংচু কমিশনের সামনে রিপোর্ট দিতে এসে খুন হল, বাড়ী পুড়ে গেল। জয়নাল সাহেব সিদ্ধার্থ রায়ের গ্রুপে ছিলেন বলে জবরদস্তি করে কমিশনের সামনে রিপোর্ট দিতে কেউ আসতে পারলো না। অথচ আমাদের মুখ্যমন্ত্রী একটা বেনামী চিঠির উপর ভিত্তি করে একটা রিপোর্ট তৈরী করলেন। এই সমস্ত অপদার্থ লোক আমাদের এতদিন দেশ শাসন করেছে। এই কংগ্রেসের নতুন করে জন্ম হয় ১৯৪৭ সালে। "ডাঃ ঘোষের মন্ত্রীসভার এক অন্যতম সদস্যকে তিনি দুর্নীতির অভিযোগে মন্ত্রী সভা থেকে বরখাস্ত করেন। ঐ মন্ত্রী তখনকার কংগ্রেস সংগঠনের প্রভাবশালী হুগলী গোষ্ঠীর একজন নেতা ছিলেন। ডাঃ ঘোষের এই সিদ্ধান্তে হুগলী গোষ্ঠী অত্যন্ত ক্ষুব্ধ হন। তাঁরা ডাঃ ঘোষের কাছে একদল প্রতিনিধি পাঠিয়ে ঐ বরখাস্ত মন্ত্রীকে পুনর্বহালের দাবী জানান। ডাঃ ঘোষ সরাসরি তাঁদের প্রত্যাখ্যান করেন। পর দিনই কংগ্রেস পরিষদীয় দলের জরুরী সভা ডাকা হয় এবং ডাঃ ঘোষের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব পাশ হয়।" দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার অপরাধে তিনি বিতাড়িত হলেন। এই হচ্ছে কংগ্রেস। ৩২ বছর কংগ্রেসী ব্যবস্থা এদেশে ছিল।

আমরা এখানে একটা নজির সৃষ্টি করেছি। গত ৫ বছরে এই সরকারের কোন মন্ত্রীকে পদত্যাগ করতে হয় নি, কাউকে বরখাস্ত করা হয় নি। এটা একটা নজির বিহীন, ভারতবর্ষে কোথাও হওনি। সুতরাং একটা নুতন দৃষ্টি নিয়ে যে সরকার চলছে তাকে স্বাগত জানানো উচিত। আমাদের মূল নীতি কি? আমাদের মূল নীতি হচ্ছে গ্রামের কৃষক, ক্ষেত মজুর গরিব চাষী, বর্গাদারদের উচ্ছেদ না করা। আমাদের সময়ে একটি কৃষকও জমি থেকে উচ্ছেদ হন নি, (গোলমাল) এই হচ্ছে এই সরকারের নীতি। দিন না একটা অভিযোগ মুখ্যমন্ত্রীও বলছেন এবং আমরাও দায়িত্ব নিয়ে বলছি কংগ্রেসীরা যদি কোন অভিযোগ দেন এবং তা প্রমানিত হলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। আমরা যে উচ্ছেদ বন্ধ করেছি এটাই আমাদের বিরাট কৃতিত্ব। ১৫ বিঘা পর্যন্ত জমির খাজনা মকুব করা হয়েছে। গ্রামের কৃষকদের জমির উপর নির্ভরশীল হলে হবে না, তাদের জন্য ক্ষুদ্রশিল্পের ব্যবস্থা করতে হবে। তাঁত শিল্পের দ্বারা গ্রামাঞ্চলের কিছু মানুষের উপার্জনের ব্যবস্থা আমাদের এই সরকার করেছেন। ওদের আমলে

১৯৭৬ সাল পর্যন্ত ৫ বছরে মাত্র ১ কোটি টাকা খরচ করা হয়েছে পশ্চিমবংগের ৫ লক্ষ তাঁতিদের জন্য, আর বামফ্রন্ট সরকার বিগত ৫ বছরে ৫ কোটি ২ লক্ষ ৪০ হাজার টাকা তাঁতিদের জন্য খরচ করেছেন। তারজন্য আজকে গ্রামাঞ্চলে তাঁত শিল্প পুনরুজ্জীবিত হয়েছে। ৪৬ হাজার নতুন ক্ষুদ্র শিল্প গ্রামাঞ্চলে গড়ে উঠেছে এবং সেখানে প্রায় ৩ লক্ষ ২৫ হাজার মানুষ নতুন করে কাজ পেয়েছেন, এটা অস্বীকার করার উপায় নেই। পশ্চিমবংগের গ্রামাঞ্চলে আজকে নতুন করে যে কাজের ব্যবস্থা হচ্ছে তাতে সেখানে ২০ কোটি ৫২ লক্ষ ৫৪ হাজার শ্রম দিবস সৃষ্টি করেছেন বামফ্রন্ট সরকার। গ্রামের যে কৃষক ১।২।৩ মাসের বেশী কাজ পেত না আজকে সেই কৃষকের কাজের ব্যবস্থা এই সরকার করেছেন। একটা নতুন নজীর বিহীন ঘটনা পশ্চিমবংগের বামফ্রন্ট সরকার করেছেন। শুধু গ্রামাঞ্চল নয় শহরের রিপোর্ট'ও নিশ্চয়ই দেব। ইণ্ডিয়া—১৯৮০-৮১, সেণ্ট্রাল গভর্নমেণ্টের পাবলিকেশান, সেখানে দেখবেন ১৯৭৮ সালে ১০০০ টাকা মাসিক আয়ের পশ্চিমবংগের গড় আয় ছিল ৬ হাজার ৩১২ টাকা, আর মহারাষ্ট্রে ছিল ৬ হাজার ৬৮৪ টাকা, গোয়ার ছিল ৬ হাজার ৪১৯ টাকা আর অল ইণ্ডিয়া এ্যাভারেজ ছিল ৫ হাজার ৬১৪ টাকা। ১৯৮১ সালে পশ্চিমবংগের গড় আয় ছিল ৭ হাজার ৭৭২ টাকা, মহারাষ্ট্রর ১ টাকা কমে গেছে ৬ হাজার ৬৮৩ টাকা এবং গোয়ার ৬ হাজার ৮০ টাকা এবং অল ইণ্ডিয়া এ্যাভারেজ হিসাব হচ্ছে ৫ হাজার ৫১৬ টাকা। সুতরাং গ্রামের ছোট ছোট কৃষিজীবীদের যেমন উন্নতির ব্যবস্থা করা হয়েছে তেমনি শহরের যারা অসংগঠিত শ্রমিক যেমন তাঁত, পাওয়ারলুম্, বিড়ি শ্রমিক, চা-বাগিচার শ্রমিক তাদের মজুরী বৃদ্ধি করেছেন যা কংগ্রেস সরকার করতে পারেননি। কেন্দ্রীয় সরকারের পাবলিকেশানে এটা পরিষ্কার বলে দিয়েছে। সুতরাং আমরা যেমন পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের মানুষের কিছুটা উপকার করতে পেরেছি, তেমনি শহরের শ্রমজীবী মানুষের জন্য একটা নতুন ব্যবস্থা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রিজার্ভ ব্যাংকের হিসাব বলছে যে ১৯৭৯ সালে গোটা ভারতবর্ষে ৩৪৫ টি বৃহৎ শিল্প সমেত ২০ হাজার ৩২৬ টি ক্ষুদ্র এবং মাঝারি শিল্প কারখানা রুগ্ন হয়ে গেছে। এই সমস্ত শিল্পে মোট ২ হাজার ৬৪ কোটি ২৭ লক্ষ টাকা আটকে আছে। এটার জন্য দায়ী ভারত সরকারের পুঁজিবাদী অর্থনীতি। ভারতবর্ষের অর্থনীতি একটা ভংগুর অবস্থার মধ্যে আছে। সেখানে কি করে টিকে থাকবে পশ্চিমবংগ সরকারের অর্থনীতি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখবেন পেট্রোল, ডিজেল এবং কেরোসিন তেলের দাম বাজেটের আগে বাড়িয়ে কেন্দ্রীয় সরকার আয় করেছেন ৮ শো কোটি টাকা, রেল বাজেটে যাত্রী ভাড়া বাড়িয়ে মাশুল বৃদ্ধি করে ৪৮৯ কোটি টাকা আয় কয়েছেন এবং সাধারণ বাজেটে কর বসিয়ে ৭১৬ কোটি মোট ২ হাজার ৫ কোটি টাকা ভারতবর্ষের ৭০ কোটি মানুষের ঘাড়ে চাপিয়ে ইন্দিরা গান্ধীর সরকার পুঁজিবাদী ব্যবস্থা কায়েম করেছেন একচেটিয়া পুঁজিবাদীদের সাহায্য করার জন্য।

[7-05—7-15 P. M.]

সেইভাবেই কেন্দ্রীয় সরকার তাঁদের বাজেট করেছেন এবং দেশের মানুষের উপর সারা বছরে ২ হাজার ৫ কোটি টাকা ট্যাক্স ধার্য করেছেন। অথচ আনন্দবাজার পত্রিকায় প্রথম পৃষ্ঠায় বেশ ফলাও করে লেখা হল, গরীব মানুষের খুব সাশ্রয় হয়েছে। স্যার, আই এম এফ প্রনববাবুকে যেভাবে নির্দেশ দিয়েছে তিনি সেইভাবে বাজেট তৈরী করেছেন এবং বিদেশী পুঁজিপতিদের কাছে দেশকে বিকিয়ে দিয়েছেন। আমাদের ওখানে ইন্দোজাপান কোলাবরেসনে একটা কারখানা তৈরী হয়েছে এবং মাত্র ৪০টি লোক সেখানে কাজ করে। এখানে কোটি টাকার মাল উৎপন্ন হয়। এই কারখানার পুরো কাঁচামাল আসে জাপান থেকে এবং যে মাল তৈরী হয় তার সেন্ট পারসেন্ট চলে যায় ওই জাপানে। এই হল আমাদের দেশে পুঁজিবাদী ব্যবস্থা এবং এর হাত থেকে রেহাই পাবার কোন উপায় আমাদের নেই এবং ইন্দিরা গান্ধীর হাতেও নেই। সেইজন্যই আজকে নুতন একটা অবস্থার সৃষ্টি হচ্ছে। বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলার গ্রামের মানুষকে বাঁচাবার জন্য নুতন একটা সমাজ ব্যবস্থা তৈরী করছেন। মধ্যপ্রদেশ যেখানে তাঁদের সরকার চলছে সেখানকার একটা রিপোর্ট আমরা দেখেছিলাম এবং তাতে দেখলাম ৪ ভাগের ৩ভাগ শিশু নিরক্ষর অবস্থাতেই বড় হয় এবং সেকথা সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। কিন্তু আমরা গ্রামের মানুষকে শিক্ষা দেবার জন্য একটা নীতি গ্রহণ করেছি এবং সেটা হচ্ছে, প্রত্যেকটি গ্রামে একটি করে স্কুল তৈরী হবে এবং এইভাবে ৪ হাজার ৪০০ স্কুল আমরা তৈরী করেছি এবং সেখানে ১৩ হাজার শিক্ষক নিযুক্ত হয়েছেন। আরও ৫ হাজার স্কুল হবে এবং সেখানে ১৫ হাজার শিক্ষককে নিযুক্ত করা হবে। আগে গ্রামের গরীব ও নিরক্ষর কৃষকরা সাদা কাগজে নাম সহি করে দিত এবং জমিদার জোতদাররা সেই সাদা কাগজে নিজেদের ইচ্ছামত টাকার অংক বসিয়ে তাদের ঘটি, বাটি, জমি দখল করে নিত। কিন্তু আজকে আর সেসব জিনিস করা সম্ভব হচ্ছেনা এবং সেইজন্যই জয়নাল আবেদিন এবং কংগ্রেস দলের লোকেরা আমাদের আক্রমন করছেন, জমিদার জোতদাররা সরকারকে আক্রমন করছেন। এঁরা হচ্ছেন পুঁজিপতিদের ধারক এবং বাহক। কিন্তু আমরা জানি এঁদের দিন শেষ হয়ে গেছে। ইন্দিরা গান্ধীর কোন ক্ষমতা নেই বামফ্রন্ট সরকারকে উচ্ছেদ করা। নির্বাচনের আগে আমরা কতবার হুমকী শুনেছি, সরকার ভেংগে দেব। যাননা, ভেংগে দিননা। রাজ্যপালকে এখন আপনারা বাংলা দমন পাণ্ডে বলছেন। তিনি যখন পশ্চিমবাংলায় এলেন তখন ওঁরা ভেবেছিলেন তিনি একটার পর একটা রিপোর্ট দিয়ে এই সরকারকে বেআইনীভাবে উচ্ছেদ করবেন। তা হ'ল না বলেই এতো আক্রোশ। ক্ষমতা থাকে তো এই সরকারকে উচ্ছেদ করুন না। মনে রাখবেন ওই পথে গেলে পশ্চিমবাংলার মানুষ আপনাদের চামরা তুলে নেবে। কাজেই ওই পথে যাবেননা। একথা বলে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রীজয়নাল আবেদিন ঃ** স্যার, অন এ পয়েন্ট অব পারসোন্যাল এক্সপ্ল্যানেসন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে মাননীয় সদস্য শ্রীগোপাল ভট্টাচার্য মহাশয় আমার নাম উল্লেখ করেছেন। তিনি নুতন মানুষ, মাত্রা জ্ঞান কম বিড়লার দালাল। তিনি বললেন যে আমি নাকি সিদ্ধার্থ শঙ্কর রায়ের দলে ছিলাম বলে বেঁচে গেছি। আমি বলি তাঁরা তো পাঁচটি কমিশন করেছেন। ওঁদের যদি হিম্মত থাকে তাহলে আর একটা কমিশন বসিয়ে প্রমান করুন না। I want the opportunity to Cross the examine these peoples. I want it Sir I accept the challenge. I want to Cross-examine them.

**শ্রীকিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের মাধ্যমে বামফ্রন্ট সরকারের কর্মসূচী তুলে ধরেছেন। সেই সম্পর্কে আমি দু একটি কথা বলতে চাই। মাননীয় রাজ্যপাল তাঁর তিন নং অনুচ্ছেদে বলেছেন নিরাপত্তার প্রশ্ন সবচেয়ে বড় করে দেখা দিয়েছে। পশ্চিমবাংলা একটা রাজ্যে যেখানে সর্বস্তরের মানুষের মধ্যে নিরাপত্তা আছে। নিরাপত্তা না থাকলে একটা গণতন্ত্র থাকতে পারে না। বিরোধী দলের সদস্যরা বার বারই যাচ্ছেন যে এই রাজ্যে নিরাপত্তা নেই। আর আমাদের পাশ্ববর্তী রাজ্য আসাম যেখানে কংগ্রেস সরকার রাজ্য পরিচালনা করে আসছেন সেখানে হাজার হাজার মানুষকে হত্যা করা হয়েছে, বহু মানুষ গৃহহীন হয়েছে। কেন্দ্রীয় সরকারের প্রচেষ্টা সত্ত্বেও সেখানকার মানুষের মধ্যে নিরাপত্তা বোধ ফিরিয়ে আনতে পারে নি। বিহার উড়িষ্যা মধ্য প্রদেশ এই সব জায়গায় হাজার হাজার সংখ্যালঘুদের প্রতি অত্যাচার করা হয়েছে, বহু সংখ্যালঘু সম্প্রদায় গৃহহীন হয়েছে। আজকে সেখানে সংখ্যালঘু সম্প্রদায় ও হরিজনদের মধ্যে একটা অসন্তোষ দানা বেঁধে উঠেছে। সেই জায়গায় সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে বা হরিজনদের মধ্যে কোন অসন্তোষ এই পশ্চিমবাংলায় নাই। ঐ জায়গার মত এদের প্রতি অত্যাচারের একটি ঘটনাও এই পশ্চিমবাংলায় ঘটে নি। মাননীয় রাজ্যপাল তাঁর বক্তব্যের মধ্যে এই কথাটি রেখেছেন। বিরোধী দলের সদস্যরা এখানে আইন শৃঙ্খলার কথা তুললেন। আমি উদাহরণ দিয়ে বলতে পারি যে একটি ঘটনাও এই রাজ্যে ঘটে নি হরিজন, নিরীহ ব্যক্তি নির্যাতিত হয়েছে। এই রাজ্যের মানুষের মধ্যে আমরা নিরাপত্তা বোধ আনতে পেরেছি। এখানে এমন একটা সরকার আছে যে সরকার গরীবের দরদী সরকার। সততার কথা বলছেন—বহু অভিযোগ তুলেছেন। কিন্তু বিহারের মুখ্য মন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ এসেছে এবং সেই অভিযোগ করেছে কংগ্রেসের বিধান সভার সদস্যরা যে মুখ্যমন্ত্রী দুর্নীতিগ্রস্ত। মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে এসেছে এবং সেই অভিযোগ করেছে, কংগ্রেস দলের বিধানসভার সদস্যরা যে মুখ্যমন্ত্রী দুর্নীতিগ্রস্ত। গুজরাটে কংগ্রেসের সদস্যরা অভিযোগ তুলেছে যে মুখ্যমন্ত্রী দুনীতিগ্রস্ত। প্রধান মন্ত্রী বার বার বিভিন্ন রাষ্ট্রের মন্ত্রীদের কাছে বলছেন আপনারা সাবধান হয়ে চলুন, দুর্নীতিমূলক কাজকর্ম করবেন না। আজকে এই রকম আহ্বানের প্রয়োজন হয়েছে বলেই তিনি এই কথা বলছেন। আমরা

সকলে ভাল করেই জানি যে কংগ্রেস বিড়লার দ্বারা পরিচালিত হয়। এইখানে ওনাদের সংগে আমাদের পার্থক্য। আজকে ঝাড়খন্দ আন্দোলনকারীরা আলাদা হবার দাবী জানিয়েছে। পাঞ্জাবে আজকে খালিস্থান আন্দোলন গড়ে উঠছে। যখন জনতা সরকার ক্ষমতায় আসীন ছিল তখন শ্রীমতী ইন্দিরা গান্ধীই এই বিচ্ছিন্নতাবাদী আন্দোলনকে প্রশ্রয় দিয়েছিলেন।

[7-15—7-30 P. M.]

এইগুলি কোন বিচ্ছিন্ন ঘটনা নয়। আজকে এই ঘটনা বিরাট আকারে দেখা দিয়েছে। তাই আজকে খালিস্তানের দাবী গোটা ভারতবর্ষকে ভাবিয়ে তুলেছে। ৩৫ বছর কংগ্রেসী রাজত্বের ফলে অন্ধ্রের তেলেগু দেশমের মত বিভিন্ন রাজ্যে আজকে আঞ্চলিকতাবাদের জন্ম নিচ্ছে। এই আঞ্চলিকতাবাদের জন্মদাত্রী হল ইন্দিরা গান্ধীর কংগ্রেস। একমাত্র পশ্চিমবাংলায় আঞ্চলিকতা-বাদ প্রশ্রয় পায়নি। একমাত্র পশ্চিমবাংলা যেখানে মুসলিম লীগের মত দল আমরা বাঙালীর মত দল নির্বাচনে লড়াই করেও তাদের কোন সদস্য নির্বাচন হতে পারে নি, জনসংঘের নামে নির্বাচনে লড়াই করেও তাদের কোন সদস্য নির্বাচিত হতে পারে নি। এখানে সমস্ত সংখ্যাগুরু এবং সংখ্যালঘু সম্প্রদায়ের বিভিন্ন ভাষাভাষি লোকেরা বামফ্রন্ট সরকারের ডাকে ঐক্যবদ্ধভাবে রাজ-নৈতিক ভিত্তিতে নির্বাচনে লড়াই করে। তাই এখানে সাম্প্রদায়িক জিগির তুলে কোন রাজনৈতিক দল নির্বাচনে অংশগ্রহণ করেও জয়লাভ করতে পারে নি। নিশ্চয় পশ্চিমবাংলার একটা স্বাতন্ত্র্য আছে। সারা ভারতবর্ষের অন্যান্য রাজ্য থেকে এর একটা স্বাতন্ত্র্য নিশ্চয় আছে। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের সঙ্গে অন্যান্য রাজ্য সরকারের নিশ্চয় একটা মৌলিক পার্থক্য আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বছর অত্যন্ত দুর বৎসর। সারা পশ্চিমবাংলার ৮টি জেলা সম্পূর্ণভাবে খরার কবলে পড়েছে, ৪টি জেলায় আংশিক খরা হয়েছে। খরা নিয়ে আজকে অনেক প্রশ্ন উঠেছে। আমাদের বিরোধী দলের সদস্যদের একবারও তো এই কথা বলতে শুনিনি যে দলমত নির্বিশেষে এই খরার মোকাবিলা করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবী জানাব যাতে কেন্দ্রীয় সরকার উপযুক্ত পরিমাণে রাজ্য সরকারকে সাহায্য করেন। উপরন্তু তারা এমন সমস্ত বক্তব্য রেখেছেন এবং সেটা প্রতীয়মান করবার চেষ্টা করেছেন যাতে মনে হয় এই রাজ্যে আদৌ কোন খরা হয়নি। একজন সদস্য তো বলেই ফেললেন খরা, বন্যা এই সমস্ত করে মানুষের দৃষ্টিভঙ্গী অন্যদিকে নাকি সরিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করা হচ্ছে। কেন্দ্রীয় সরকার আজকে বলছেন রাজ্যকে তাদের নিজস্ব সম্পদ থেকে আরো বেশী রাজস্ব তুলতে হবে। এই রাজ্যের সম্পদ কোনটা? এই রাজ্যের সম্পদ ধান নয়? এই রাজ্যে যে ধান উৎপন্ন হয় তাতে আমাদের চাহিদা মেটে না। এই রাজ্যের সম্পদ হল কয়লা, চা, পাট, ইস্পাত। পশ্চিমবাংলাকে আজকে যদি আরো বেশী করে সম্পদ আহরণ করতে হয় তাহলে কয়লার উপর, চায়ের উপর, পাটের উপর, ইস্পাতের উপর পশ্চিমবাংলা সরকারের সম্পূর্ণ অধিকার থাকা দরকার। কিন্তু এই সব সম্পদের উপর পশ্চিমবাংলা সরকারের কোন অধিকার নেই, কেন্দ্রীয় সরকারের সেই অধিকার আছে। আজকে যদি আমাদের আর্থিক

ধনভাণ্ডার পূর্ণ করতে হয় তাহলে জনগণের উপর আরো বেশী করে করের বোঝা চাপাতে হবে। কিন্তু আমরা মানুষের কাছে প্রতিশ্রুতিবদ্ধ। তাদের উপর অত্যধিক করের বোঝা চাপিয়ে আরো বেশী জর্জরিত করতে চাই না। তাই আজকে রাজ্যে সম্পদ আহরণের শ্লোগান হচ্ছে অর্থনৈতিক ক্ষমতার শ্লোগান। সেই সংগ্রাম নিশ্চয় বামফ্রন্ট সরকার চালাবেন এবং কেন্দ্রের কাছে বার বার তারা টাকার দাবী জানাবেন। পশ্চিমবাংলা ভারতবর্ষের একটি অঙ্গরাজ্য এবং সেই দাবী থেকে তারা বঞ্চিত হতে পারে না এবং তাদের দাবী ন্যায্য দাবী। কেন্দ্রীয় সরকারকে সেই দাবী মিটিয়ে দিতে হবে। ২০৫ কোটি টাকার মধ্যে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে ৫২ কোটি টাকা দিয়েছেন। এটা কোন অনুদান নয়, এটা কোন ভিক্ষা নয়। রাজ্য সরকারের দাবী হচ্ছে ২০৫ কোটি টাকা এবং সেই দাবী কেন্দ্রীয় সরকার মেটাতে পারেন নি। তারা মাত্র ৫২ কোটি টাকা দিয়েছেন। ২০৫ কোটি টাকা পূরণের জন্য রাজ্য সরকার যদি আন্দোলন গড়ে তোলেন—সেই আন্দোলন গড়ে তোলার অধিকার নিশ্চয় রাজ্য সরকারের আছে। কেন না রাজ্য সরকার কেন্দ্রের কাছ থেকে টাকা পাবার অধিকারী। আমাদের এই খরা, বন্যার মোকাবিলা করতে বামফ্রন্টের মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন যে, পশ্চিমবাংলার কোন মানুষকে আমরা না খেতে দিয়ে মরতে দেব না, সর্বতোভাবে তার মোকাবিলা করব। তাই বিভিন্ন জায়গায় পঞ্চায়েতের মাধ্যমে, বিভিন্ন দপ্তরের মাধ্যমে এই খরার মোকাবিলা করার জন্য আমরা এগিয়ে গেছি। আমরা জানি না কেন্দ্রের কাছ থেকে কত টাকা পাব। আমরা জানি না রাজ্যের আর্থিক পরিস্থিতি কি দাঁড়াবে। তবে খরার মোকাবিলা করার জন্য পশ্চিমবাংলা সরকার পিছিয়ে থাকে নি। রাজ্যে বিভিন্ন প্রকল্প গড়ে তোলা হয়েছে যাতে করে মানুষ কাজ পায় এবং কাজের মাধ্যমে তারা যাতে তাদের আর্থিক স্বচ্ছলতা গড়ে তুলতে পারে সেই ব্যবস্থা করা হয়েছে। তারা যাতে খাদ্য যোগাড় করতে পারে সেই ব্যবস্থা করা হয়েছে। আমি মাননীয় কংগ্রেসী বন্ধুদের বলতে চাই এই সরকারের বিরুদ্ধে কোন কথা বলার অধিকারটুকু আপনাদের নেই। ৩৫ বছর ধরে কেন্দ্রে আপনারা ক্ষমতায় রয়েছেন। সমস্ত রাজ্যকে আপনারাই অন্ধকারের দিকে নিমজ্জিত করেছেন। সমস্ত রাজ্যে রাজনৈতিক অস্থিরতা আপনারাই গড়ে তুলেছেন। আজকে যে রাজ্যে কংগ্রেসী সরকার আছে সেখানেই রাজনৈতিক অস্থিরতা দেখা দিয়েছে। সারা ভারতবর্ষের মধ্যে বিভিন্ন রাজ্যে রাজনৈতিক অস্থিরতা দেখা দিয়েছে, বিভিন্ন রাজ্যে আঞ্চলিকতাবাদ প্রশ্রয় পেয়েছে, কিন্তু পশ্চিমবাংলার মত একটি ক্ষুদ্র রাজ্য তাদের সেই স্বাতন্ত্র্য বজায় রেখে তারা ঠিক সরকার চালিয়ে যাচ্ছে। আমরা জানি আমাদের অনেক অসুবিধা আছে। মহামান্য রাজ্যপাল কখনই তাঁর ভাষণের মধ্যে এই কথা বলেন নি যে এই রাজ্যের সমস্ত সমস্যার সমাধান বামফ্রন্ট সরকার করে দিয়েছে। তিনি এই কথা বলেন নি যে আমরা সমস্ত দরিদ্র মানুষের দারিদ্র্য ঘুচিয়ে দিয়েছি। কিন্তু আমি এই কথা স্পষ্টভাবে বলতে চাই আমাদের যে সীমিত ক্ষমতা আছে, যে আর্থিক কাঠামো আছে, সেই কাঠামোর মধ্যে থেকেও যেখানে যতটুকু সম্পদ আছে সেই সম্পদকে কাজে লাগিয়ে সাধারণ মানুষের উন্নতি ঘটানোর জন্য সর্বতোভাবে চেষ্টা করে যাব। তাই আমাদের মহামান্য রাজ্যপাল তাঁর বক্তব্যের মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র প্রকল্পের কথা উল্লেখ করেছেন এবং আগামী দিনে আমরা কি কি কাজ করতে চেয়েছি সেই সমস্ত

কথা তুলে ধরেছেন। সমস্ত কাজে আমরা সফল হতে পারব কিনা সেটা জানি না। যদি সফল হতে না পারি তাহলে সেই ব্যর্থতা কিন্তু রাজ্য সরকারের নয়, তার সমস্ত দায় দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে বহন করতে হবে। একটি রাজ্য সরকার তার সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে সমস্ত সমস্যার সমাধান করতে পারে না, যদি না কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলাকে আর্থিক সাহায্য করেন। আমরা দেখেছি রাজনৈতিক দিক থেকে যখন পশ্চিমবাংলাকে পিসে মারা গেল না তখন পশ্চিম-বাংলাকে ভাতে মারার চক্রান্ত করার চেষ্টা করছেন কেন্দ্রীয় সরকার। জাগ্রত জনমত তার বিরুদ্ধে নিশ্চয় লড়াই করবে এবং আরো বেশী করে ঐক্যবদ্ধ হবে পশ্চিমবাংলার এই দাবীকে আদায় করার জন্য। মহামান্য রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী ছায়া ঘোষ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষনের উপর বক্তব্য রাখতে গিয়ে প্রথমেই আমার যে কথাটি মনে পড়ে যাচ্ছে সেটা হ'ল, মাননীয় রাজ্যপাল শ্রীভৈরব দত্ত পাণ্ডে মহাশয় যখন এখানে প্রথম রাজ্যপাল হয়ে আসেন তখন আমাদের বিরোধী-দলের বন্ধুরা মনে করেছিলেন যে তিনি তাঁদের পক্ষের মানুষ হবেন এবং তাঁরা আশা করেছিলেন বামফ্রন্ট সরকারের বিরোধিতা করে অসত্য ভাষন দিয়ে তিনি তাঁদের খুশি করবেন। মাননীয় রাজ্যপাল মহাশয়কে ধন্যবাদ, তিনি সত্যের অপলাপ করেন নি। বামফ্রন্ট সরকারের যে কার্য প্রণালী, তাদের যে পদ্ধতি, তাদের কাজের যে তথ্যগত প্রমান সেটার উপর ভিত্তি করে তিনি একটি সুন্দর সত্য ভাষন রেখেছেন, এজন্য স্যার, আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। স্যার, আপনি জানেন, আগে সাত্তার সাহেব পশ্চিমবাংলার কৃষি মন্ত্রী ছিলেন, সেই সময় গোটা পশ্চিমবাংলার জন্য তিনি কি করেছিলেন তার মধ্যে আমি যাচ্চি না কিন্তু মুর্শিদাবাদ জেলার বুকে কৃষির ব্যাপারে তাঁর যে পদক্ষেপ দেখেছি তারই দু একটি উদাহরণ আমি দিতে চাই, কারণ, তা দিলেই বোঝা যাবে গোটা পশ্চিমবাংলার জন্য তিনি কি করেছিলেন বা কতটা ভেবেছিলেন। স্যার, ভৈরব নদীতে যেখানে তিনি রিভার লিফ্‌ট করেছিলেন সেটা করার সময় তিনি কোন টেকনিক্যাল এক্সপার্টের অভিমত নিয়ে দেখেন নি যে সেখানে জলের গভীরতা কত। আর কেউ জল পাক বা না পাক একটি মাত্র জোতদার যাতে তা থেকে জল পেতে পারে সে ব্যবস্থা তিনি করেছিলেন সেই জোতদারকে খুশি করার জন্য। ডিপ টিউবওয়েলের অবস্থাও সেরকম। আমি নাম করে করে বলতে পারি এক একটি জোতদারকে খুশি করার জন্য এক একটি ডিপ টিউবওয়েল বসানো হয়েছে। গ্রামের প্রান্তিক বা ক্ষুদ্র চাষীদের জমির জন্য কোন রিভার লিফ্‌ট বা ডিপ

টিউবওয়েল করা হয়নি, হয়েছে জোতদারদের সুবিধার জন্য। আমরা আসার পর কৃষিমন্ত্রী মহাশয়কে বারবার এ সম্পর্কে বলেছি যে মুর্শিদাবাদে ডিপ টিউবওয়েল করতে হবে, উনি আপ্রাণ চেষ্টাও করেছেন কিন্তু তথ্যের ভিত্তিতে দেখা গেছে বিভিন্ন ব্লকে একসেস ডিপ টিউবওয়েল করা আছে। অনেক কাঠখড় পুড়িয়ে আমরা এই অবস্থাতেও সেখানে কিছু কিছু করার চেষ্টা করছি এবং কিছু কিছু কাজ সেখানে হয়েছে। কাজেই কিছুই হয়নি একথা বললে অসত্য কথা বলা হবে। সীমিত ক্ষমতা নিয়ে বিভিন্ন বিভাগে যতটা সম্ভব সেটা করা হয়েছে এবং রাজ্যপালের ভাষনে সেকথা আছে। উচ্চশিক্ষা সম্বন্ধে আমি এবারে কয়েকটি কথা বলি। মুর্শিদাবাদ জেলার বিভিন্ন শহরে আগে কলেজ ছিল কিন্তু আগের সরকার গ্রামবাংলার দিকে নজর দেন নি। এখন ইসলামপুরের একটি গ্রামে কলেজ হয়েছে। এখানে মুর্শিদাবাদ জেলার অনেক সদস্য আছেন যাঁরা বিরোধীপক্ষে আছেন তাঁরা জানেন, সেখানে কৃষকের ছেলের উচ্চশিক্ষার জন্য গ্রামাঞ্চলে কলেজ হয়েছে।

বালির ব্রীজ করার ব্যাপারে একটা কিংবদন্তী ছিল যে, এই ব্রীজ করতে গেলে ৪/৫ জন মারা যাবে এবং আগেকার সরকার এবং এম এল এ-রা এই কথাই লোককে বুঝিয়েছিলেন। কিন্তু আমাদের পূর্তমন্ত্রী সেই ব্রীজ করেছেন। তারপর, এই যে হাজার হাজার পশু রয়েছে তাদের চরম কষ্ট হচ্ছে। আগেকার সরকারের অনেক ক্ষমতা ছিল, তাঁদের আমাদের মত কাংগালপনা করতে হোতনা, কিন্তু তাঁরা কি করেছেন? আজকে মুর্সিদাবাদে দেখছি ওই পশুদের জন্য হাসপাতাল তৈরী করা হয়েছে। আমরা কি সব কাজ করতে পেরেছি, না পারিনি। আমাদের অনেক ত্রুটি আছে, বিচ্যুতি আছে। তবে এরমধ্যেই আমরা যেটুকু কাজ করেছি তাতে বিরোধীপক্ষের উচিত আমাদের সমর্থন করা। আজকে গ্রামাঞ্চলে মাথা পিছু রেশনকার্ড হবে এবং তার ফলে ভুয়ো রেশনকার্ড বাতিল হবে। আমরা দেখেছি রেশন কার্ডের অভাবে গ্রামের মানুষ ভয়ানক কষ্ট পায়। আমরা চাই এই ব্যাপারে যেন কোন রকম দলবাজী না হয়, দলমত নির্বিশেষে এই জিনিস হোক এবং এটা হলে একটা যুগান্তকারী ঘটনা ঘটবে। তবে একটা কথা জিজ্ঞেস করি, রেশন কার্ড হলে মানুষ তার প্রয়োজন মত রেশন পাবে কিনা, নিয়মিত রেশন পাবে কিনা সেই গ্যারান্টি কে দেবে? কাজেই শুধু সমালোচনা করলেই হবেনা, এইসব জিনিস নিয়ে চিন্তা ভাবনা করতে হবে। তারপুর, এই প্রাইমারী শিক্ষাব্যবস্থার ক্ষেত্রে দেখছি ব্যাপক আন্দোলন হচ্ছে। আমি মনে করি প্রাইমারী শিক্ষাব্যবস্থার মত মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার ক্ষেত্রও ব্যাপক হওয়া দরকার। প্রতিটি গ্রাম থেকে যে সমস্ত ছেলেমেয়েরা আসছে তারা ক্লাশ ফোরের

পর কোথাও যাবে সেই ব্যবস্থা কিন্তু হয়নি। সেই ব্যবস্থা যাতে হয় তারজন্য আমি রাজ্যসরকারের কাছে আবেদন রাখছি। তবে এই সীমিত ক্ষমতার মধ্যেও যেটুকু করা হয়েছে সেটা একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ বলে আমি মনে করি। তবে এটা স্বীকার করি যে, আমাদের আরও প্রয়োজন। ভূমি সংস্কারের ক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে, বামফ্রন্ট সরকার তাদের লক্ষ্যমাত্রায় এখনও পৌছাতে বাধা দিচ্ছে। বিগত বিধানসভায় আমরা একটা আইন পাশ করেছিলাম, কিন্তু রাষ্ট্রপতি তাতে সহি করেননি। সেটা হলে একটা যুগান্তকারী ঘটনা ঘটবে। আমাদের রাজ্যপাল যাঁর সম্বন্ধে আমাদের প্রথমে অন্য রকম ধারনা ছিল তিনি দেখছি অত্যন্ত সুন্দরভাবে সমস্ত দিকে, সমস্ত ব্যাপারে আলোকপাত করেছেন। একথা বলে রাজ্যপালের ভাষণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Adjournment**

At this stage the House was adjourned at 7-30 P.M. till 1 P.M on Tuesday the 2nd March, 1983 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 2nd March, 1983 at 1 p. m.

**Present**

Mr. Speaker ( SHRI HASHIM ABDUL HALIM ) in the Chair, 14 Ministers, 17 Ministers of State and 121 Members.

[ 1-00—1-10 P. M. ]

## STARRED QUESTIONS

**(To which oral answers were given)**

[ Shri Suniti Chattaraj and several other members from the Congrass (I) Bench rose to speak ]

**Mr. Speaker :** Starred question No. 64—Shri Nani Bhattacharyya.

### গঙ্গার জল বণ্টন সংক্রান্ত আন্তঃরাজ্য আলোচনা

*৬৪। ( অনুমোদিত প্রশ্ন নং *১৫। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, ফরাক্কা ব্যারেজে, কলকাতা বন্দর ও রাজ্যের সেচব্যবস্থার স্বার্থে গঙ্গার উপরিভাগের ( বিহার ও উত্তর প্রদেশের অংশ ) জল ভাগ নিয়ে রাজ্য সরকার আন্তঃরাজ্য আলাপ-আলোচনায় উদ্যোগী হয়েছেন ?

**শ্রীননী ভট্টাচার্য :** না। পশ্চিমবঙ্গ সরকার এখনও পর্যন্ত আন্তঃরাজ্য আলাপ আলোচনায় উদ্যোগী হয়নি। কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** ফারাক্কার জল বণ্টনের প্রশ্ন নিয়ে পশ্চিমবঙ্গের প্রতিনিধি দল যখন দিল্লীতে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করতে গিয়েছিলেন তখন সেখানে প্রধানমন্ত্রী

ইন্দিরা গান্ধী বলেছিলেন, ওপরের দিকের জল বণ্টন নিয়ে বিহার উত্তরপ্রদেশ এবং পশ্চিমবঙ্গের মধ্যে আন্তঃরাজ্য আলোচনা হবে। এবিষয়ে মন্ত্রী মহাশয় আর কোথায় কোথায় যোগাযোগ করেছেন ?

**শ্রীননী ভট্টাচার্য ঃ** আমি কেন্দ্রীয় সেচ দপ্তরের মন্ত্রীকে একটা চিঠি দিয়েছি। এখনো পর্যন্ত কোন লিখিত উত্তর পাইনি। তবে মৌখিকভাবে তৎকালীন সেচ-মন্ত্রীর সঙ্গে কথা-বার্তা হয়েছিল। তা ছাড়া বিহার এবং উত্তরপ্রদেশের সেচ মন্ত্রীদের সঙ্গেও কথা-বার্তা হয়েছে। কিন্তু সরকারীভাবে ইউনিয়ন সেচ মন্ত্রীকে একটা চিঠি লিখেছি, এখনো পর্যন্ত উত্তর পাইনি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** ঐ আলোচনার সময়ে প্রধানমন্ত্রী বলেছিলেন যে, তিনি আন্তঃরাজ্য আলোচনার জন্য উদ্যোগ নেবেন। পরবর্তী সময়ে মাননীয় মন্ত্রী মহাশয় এবিষয়ে সেচ দপ্তর থেকে প্রধানমন্ত্রীর সঙ্গে কোন রকম যোগাযোগ করেছিলেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য ঃ** প্রধানমন্ত্রীর সঙ্গে রাজ্যের একজন মন্ত্রী সাধারণত সরাসরি চিঠি-পত্র লেখালেখি করে না, সেই জন্য কিছু করা হয়নি। কিন্তু বিষয়টি নিয়ে আমরা কেন্দ্রীয় সেচমন্ত্রীর কাছে লিখেছি এবং তাতে কলকাতা বন্দরের কথা, ফারাক্কার কথা, সব কথা বলা আছে এবং একটি হাই লেভেল কমিটি অবিলম্বে তৈরী করার অনুরোধও করা হয়েছে। কারণ আজকে যা অবস্থা তাতে ওখান থেকে কিছু জল ছাড়া হচ্ছে, কিছু জল ইউ. পি. নিচ্ছে, কিছু জল বিহার নিচ্ছে ইনডিসক্রিমিনেটলি। আমরা চাইছি এই জলটা যাতে রেগুলেটেড্ ওয়েতে দেওয়া হয়, নিয়ন্ত্রিতভাবে দেখা হয়। আমরা সেরকম দাবী করেই চিঠি দিয়েছি।

**শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, উত্তরপ্রদেশ এবং বিহার তাদের জলাধার গুলিতে গঙ্গা থেকে কি পরিমান জল তুলে নিচ্ছে ?

**শ্রীননী ভট্টাচার্য ঃ** এসম্পর্কে কোন হিসাব এখনো পর্যন্ত আমাদের কাছে নেই।

(গোলমাল)

(শ্রীসুনীতি চট্টরাজ দাঁড়িয়ে কিছু বলবার চেষ্টা করেন।)

## হলদিয়া পেট্রোকেমিক্যাল কমপ্লেক্সের শিল্প লাইসেন্স

***৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪৩।) **শ্রীসরল দেব ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়া পেট্রোকেমিক্যাল কমপ্লেক্সের শিল্প লাইসেন্স পাওয়া গিয়াছে কিনা ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "না" হইলে, তার কারণ কি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** (ক) না।

(খ) প্রস্তাবটি এখনও কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রীঅনিল মুখার্জী :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে লাইসেন্স পাওয়া যায়নি। এই না পাওয়ার কারণটি কি দয়া করে বলবেন ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** সাম্প্রতিককালে আমাদের সঙ্গে যে আলোচনা হয়েছে তাতে আমাদের আলোচনাটা অনেকখানি এগিয়েছে এবং আমাদের এই যে লাইসেন্স এই লাইসেন্স পাওয়া যাবে বলে আমরা মনে করছি। তার কারণ, কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের যে ডিটেলটড প্রজেক্ট রিপোর্ট সাবমিট করেছিলাম তার কিছু অদল-বদল করে প্রধানমন্ত্রী গ্রহন করেছেন এবং যে সেক্রেটারীস কমিটি আছে সেই কমিটির কাছে এ্যপ্রুভ হয়েছে। তারা আমাদের কোম্পানী গঠন করে কাগজ-পত্র পাঠাতে বলেছেন। পাবলিক ইনভেষ্টমেণ্ট বোর্ডের কাছে আমাদের বক্তব্য পেশ করা হয়েছে। এই সমস্ত দেখে মনে হচ্ছে, আমাদের এই লাইসেন্স অনুমোদিত হওয়ার সম্ভবনা আছে। তবে কেন্দ্রীয় সরকারের এই প্রকল্পে অংশ-গ্রহন করাটাই হচ্ছে বড় কথা এবং সে ব্যাপারে আমরা কেন্দ্রীয় সরকারকে রাজি করাতে পেরেছি। এই অংশ-গ্রহনের যে সমস্ত কথাবার্ত্তা সেটা ঠিক হয়ে গেলেই লাইসেন্স পাওয়া যাবে।

( Noise )

( Shri Satya Ranjan Bapuli and Shri Suniti Chattaraj rose to speak )

**Mr. Speaker :** Mr. Satya Bapuli, I am requesting you for the last time not to disturb the proceedings of the House. Don't push me to do things that I do not want to do. There are some decorums in this House. As long as I am the Speaker I will insist that the decorum should be maintained. This is not good behaviour that the honourable members are behaving. Please remember that there are rules. There are rights of other members of the House also. This is question and answer hour. Let the question hour

be over, then I will hear you. This is not the time to say. Don't disturb the proceedings of the House any more. If you insist I will be bound to take action against you. Don't insist me.

[1-10—1-35 P. M. including adjournment]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাই। মাননীয় শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয়

( ভীষণ গোলমাল )

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মিঃ স্পীকার স্যার, আপনি পক্ষ পাতিত্ব করছেন। আপনি মাননীয় সদস্য সত্য বাপুলী মহাশয়ের নাম করলেন কেন ? ঘটনা আমাকে নিয়ে, আপনি আমার নাম বলতে পারতেন। আপনি বায়াসড। বিধানসভার মর্য্যদা রক্ষার জন্য আমি আপনার প্রোটেকসন চেয়েছিলাম। আপনি হাউসের স্পীকার নন, আপনি সি. পি. এমের স্পীকার।

( গোলমাল )

**Mr. Speaker :** I direct Shri Suniti Chattaraj to withdraw from the House.

( অধ্যক্ষ মহাশয় বেলা ১-৩৫ মিঃ পর্য্যন্ত সভার কাজ মুলতুবি ঘোষণা করেন। )

( After adjournment )

( Shri Suniti Chattaraj was seen in his seat )

[1-35—2-00 P. M. including adjournment]

**Mr. Speaker :** I have asked Shri Suniti Chattaraj to withdraw from the House. I find he is still in the House. I am constrained to proceed further with the matter. There shall be no debate on this. I am constrained to further proceed in the matter and I will have to take steps under rule 348 of our Rules of Procedure and Conduct of Business. Rule 348 says "The Speaker may, if he deems it necessary, name a member who disregards the authority of the Chair or abuses the rules of the House by

persistently and wilfully obstructing the business thereof." I found Shri Suniti Chattaraj wilfully, persistently obstructing and violating the rules of the House. "If a member is so named by the Speaker, he shall forthwith put the question that the member named be suspended form the service of the House for a period not exceeding the remainder of the session." I will request Shri Suniti Chattaraj to comply with the direction as I requested him in the past. If he fails to do so I shall be constrained to name him and I shall further be constrained to put the question to the House that he be suspended for the remainder of the session. I am requesting him to comply with my request. If he fails to do so I shall forthwith put the question to the House.

( Pause )

I find Shri Suniti Chattaraj refuses to comply with my request. So, forthwith I put the question that the hon'ble member Shri Suniti Chattaraj be suspended from the House for the remainder of the session. Members may cast their votes. Those who are in favour of it please say Ayes.

(Voices...Ayes)

Those who are against it, please say Noes.

Ayes have it. Ayes have it. Shri Suniti Chattaraj be suspended for the remainder of the session. The Marshal and the security staff shall eject Shri Suniti Chattaraj from the Assembly Precincts.

( At this stage the House was adjourned till 2 P.M. )

( After Adjournment )

[2-00—2-10 P.M.]

**মিঃ স্পীকার:** আজকের সমস্ত কোসচেন হেল্ড ওভার করা হলো। নাউ আই কাম টু দি নেক্স্ট টপিক।

**শ্রীআবদুস সাত্তার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের একজন সভ্যকে আপনি রুল ৩৪৮ অনুযায়ী ফর দি রেষ্ট অফ দি হাউস সাসপেণ্ড করেছেন। আমি তখন এই হাউসে ছিলাম

না। তার আগে রুল ৩৪৭ অনুযায়ী আপনি তাকে উইথড্র করতে বলেছিলেন। এই সম্বন্ধে আমরা কিছু বলতে চেয়েছিলাম। কিন্তু আপনি এসেই ৩৪৭ এ্যাণ্ড ৩৪৮ ধারা অনুযায়ী সেই সদস্যের বিরুদ্ধে এ্যকসান নেওয়ার কথা ঘোষনা করলেন। সেই সময় আমাদের কিছু বলতে সুযোগ দিলেন না। কিন্তু আগে আপনি এই রকম ঘটনার পরিপ্রেক্ষিতে আমাদের ডেকেছিলেন এবং আমরা এই নিয়ে মিটিং করেছি। আমাদের ডেকে আপনি বলেছিলেন লিডার অফ দি পার্টির যদি কিছু বলার থাকে তাহলে বলতে পারেন। এবং আপনি এটাও বলেছিলেন যে আই শ্যাল গিভ দেম হিয়ারিং। কিন্তু আজকে আমরা আনফরচুনেট—অত্যন্ত দুঃখের কথা যে এই হাউসে গোলমাল হয়েছে। এই ধরনের গোলমাল শুধু আজকে নয়, এর আগেও অনেকবার হয়েছে। কিন্তু আপনি এই সদস্যের বিরুদ্ধে এ্যকসান নিয়েছেন। আপনি আপনার অধিকার বলে কোন সদস্যের বিরুদ্ধে এ্যাকসান নিতে পারেন, তাতে আমাদের বলার কিছু নেই। কিন্তু আমি বলতে চাই যে এই ব্যাপারে আমাদের কিছু বলতে দিলেন না। আপনি জানেন যে সংবাদপত্রে অনেক কিছু বেরিয়েছে এবং সেটাই ফ্যাক্ট। আমাদের কয়েক সভ্য মুখ্যমন্ত্রীর ঘরের সামনে ধরণা দিচ্ছিলেন। কোন মন্ত্রী যাতে ঢুকতে না পারে তার জন্য ধর্ণা দেওয়া হয় নি। ধরণা দেওয়া হচ্ছিল রামকৃষ্ণ মিশনের ব্যাপারে এবং সেই ব্যাপারে তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, যখন মুখ্যমন্ত্রী সেই দরজার সামনে এলেন যেখানে আমরা বসেছিলাম সেই সময় তিনি বললেন কারো বাপের ক্ষমতা নেই আমাকে বাধা দেবে। তিনি আমাদের চ্যালেঞ্জ করে বলেছেন যে কারো বাপের ক্ষমতা নেই। তিনি অত্যন্ত উত্তেজিত হয়ে এই কথা আমাদের বলেছেন। সেই সময় একজন সদস্য ওনাকে বললেন যে আপনি অসুস্থ, আপনি বেশী উত্তেজিত হবেন না। তখন তিনি বলেছিলেন ইউ আর অল সোয়াইন্'। স্যার এটা স্বাভাবিক যে এই ব্যাপারটা কোসচেন এ্যানসারের সময় তোলা উচিত হয় নি। এটা অন্য সময় ওঠানো যেত, এটা আমি স্বীকার করছি। এটা মেনসানের সময় ওঠানো উচিত ছিল। কিন্তু যেহেতু এটা হাউসের প্রেসটিজ ইনভলড, সম্মান ইনভলড—ইউ আর কাসটোডিয়ান অফ দি হাউস, মুখ্যমন্ত্রী হোক বা যে কোন মন্ত্রীই হোক না কেন, যত বড় লোকই হোক না কেন এই হাউসের কোন মেম্বারকে অসম্মান করতে পারে না। হাউসের সম্মান আপনার উপর, মুখ্যমন্ত্রীর উপর নয়। স্বাভাবিক কারণে আমাদের একজন মাননীয় সদস্য উত্তেজিত হয়ে কোসচেন আওয়ারে এই কথাগুলি বলেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতীতে এই বিধানসভায় এর চেয়ে বড় নজির আছে। ১৯৭৭ সালে এই বিধানসভায় পচা ডিম ছুঁড়ে মারা হয়েছিল।

কত জুতো ছোঁড়াছুঁড়ি হয়েছে এই হাউসে, এবং হাউসের একজন মেম্বার জুতো ছুঁড়ে মেরেছিলেন উত্তেজিত হয়ে কিন্তু সেখানে কোন এ্যাকশান নেওয়া হয় নি। এই নজির হাউস অব কমন্সেও আছে। আজকে স্যার, এই গোলমাল যে হয়েছে এই গোলমালের পেছনে একটা ব্যাকগ্রাউণ্ড আছে। এতে আমাদের অপমানিত করা হয়েছে। হাউসের সম্মান রাখার দায়িত্ব আপনার। আনফরচুনেট যে ঘটনা ঘটলো তারজন্য আমি খুবই দুঃখিত। হাউস

persistently and wilfully obstructing the business thereof." I found Shri Suniti Chattaraj wilfully, persistently obstructing and violating the rules of the House. "If a member is so named by the Speaker, he shall forthwith put the question that the member named be suspended form the service of the House for a period not exceeding the remainder of the session." I will request Shri Suniti Chattaraj to comply with the direction as I requested him in the past. If he fails to do so I shall be constrained to name him and I shall further be constrained to put the question to the House that he be suspended for the remainder of the session. I am requesting him to comply with my request. If he fails to do so I shall forthwith put the question to the House.

( Pause )

I find Shri Suniti Chattaraj refuses to comply with my request. So, forthwith I put the question that the hon'ble member Shri Suniti Chattaraj be suspended from the House for the remainder of the session. Members may cast their votes. Those who are in favour of it please say Ayes.

(Voices...Ayes)

Those who are against it, please say Noes.

Ayes have it. Ayes have it. Shri Suniti Chattaraj be suspended for the remainder of the session. The Marshal and the security staff shall eject Shri Suniti Chattaraj from the Assembly Precincts.

( At this stage the House was adjourned till 2 P.M. )

( After Adjournment )

[2-00—2-10 P.M.]

**মিঃ স্পীকার :** আজকের সমস্ত কোসচেন হেল্ড ওভার করা হলো। নাউ আই কাম টু দি নেক্স্ট টপিক।

**শ্রীআবত্তুস সাত্তার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের একজন সভ্যকে আপনি রুল ৩৪৮ অনুযায়ী ফর দি রেষ্ট অফ দি হাউস সাসপেণ্ড করেছেন। আমি তখন এই হাউসে ছিলাম

own way. I can express it. কালকের ঘটনা যেটা স্যার, আমরা বিধানসভায় বিরোধীদলের নেতা হিসাবে বলতে চেয়েছিলাম তা বলার সুযোগ পেলাম না। টু সাবমিট to you our viewpoint এই হাউসে অতীতেও এই ধরণের ঘটনার নজির আছে। আই ক্যান ব্রিং ছ্যাট কোশ্চেন। উইদিন দি ফ্লোর এর চেয়েও খারাপ অবস্থার সৃষ্টি হয়েছে কিন্তু তা নিয়ে কোন গণ্ডগোল হয় নি আবার কমপ্রোমাইস হয়ে গেছে। It has maintained its own tradition and dignity.

I do not like to quote. Past records are there where it has been possible to come to a solution. I will appeal to your goodself under proviso to Rule 348. The House is powerful enough under your leadership, under your steardship to withdraw this order. It is my simple appeal to you. অতীতে এর চেয়ে খারাপ কথা ব্যবহার হয়েছে। you call all the leaders of the Opposition benches and of the Ruling Front. I think before the commencement of the session you have consulted the Leader of the House. It is a new tacticss and a good tactics and I praise you for it. In the same spirit I will appeal to you to take recourse to provision to Rule 348 by which can and the House can allow the member to participate in the debate keeping in mind that such occurrence should not recur. It is my appeal to you, Sir and nothing else.

[2-10—2-20 P. M.]

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** স্যার, কিছুক্ষণ আগে যে অবাঞ্ছিত ঘটনা ঘটে গেল সেটা সকলের পক্ষে দুর্ভাগ্য জনক। হাউসের ডিসেন্সি, ডেকোরাম, নর্মস ইত্যাদিগুলি মেনটেন আমাদের সকলের স্বার্থে করতে হবে এবং পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে এটা হবে। সেসন আরম্ভ হবার কিছুদিন আগে আপনি বিরোধীপক্ষের লীডারদের ডাকলেন এবং পরস্পর আলোচনা করে যাতে সমস্যা গুলি কাটিয়ে উঠতে পারা যায় সে কথা বললেন। আমরা সহযোগিতা করবো এ কথা বলেছিলাম। আমি কোন মেরিটস, ডিমেরিটসের মধ্যে যাচ্ছি না। গতকালের ঘটনা সম্বন্ধে যে সংবাদ বের হয়েছে সেটা কোন দিক থেকে বাঞ্ছনীয় নয়। আপনি ডিসিসান নিয়েছেন নিয়ম মত। তবে একজন সভ্যের বিরুদ্ধে এই রকম ষ্টার্ণ য়্যাকসান নেবার আগে তাঁর লীডারের সংগে আলোচনা করে সমস্যার সমাধান করতে পারতেন। যাহোক আপনি ৩৪৮ ধারা অনুযায়ী যে ডিসিসান নিয়েছেন সেটা আপনি রিকনসিডার করবেন। এই কথা বলে আমি শেষ করছি।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** স্যার, আপনার কাছে কোন বেগিং এর প্রশ্ন আছে বলে আমি মনে করি না। আজ যা হল এটা কোন বিশেষ সদস্যের ব্যাপার নয়, কংগ্রেস কম্যুনিষ্টের ব্যাপার নয়, এটা সমস্ত দেশের ব্যাপার হয়ে দাঁড়াবে। আপনি কাষ্টোডিয়ান অফ দি হাউস হিসেবে বহুবার উদারতা দেখিয়েছেন। এ ক্ষেত্রেও আপনি তাই দেখাবেন এটা আমরা আশা করি। আপনি সুনীতি চট্টরাজকে মেন মার্ডারার করলেন। আপনাকে দেখতে হবে তার ইনটেনসান কি ছিল ? ইফ ইনটেনসান in something otherwise তাহলে আপনি তাকে শাস্তি দিন আপত্তি নেই। কিন্তু বহু নজির আছে, এমন কি আমাদের সংবিধানেও নজির আছে। তাঁর ইনটেনসান ছিল না আপনাকে বা হাউসকে ডিসটার্ব করার। আমরা দেখেছি মিস গ্রেবলিন হোম সেক্রেটারীকে জুতো মেরেছেন, কিন্তু সেখানে এই রকম ব্যবস্থা নেওয়া হয়নি। আমি অনুরোধ করবো আমার লীডার যে সাজেসান আপনার কাছে রেখেছেন সেটা বিবেচনা করে আপনি হাউসের সম্মান বৃদ্ধি করুন। আমরা অতীতে যে কথা বলেছিলাম আমরা আগামী দিনে চেষ্টা করবো সেটা ফলো করার।

**শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে আপনি আমাদের হাউসে মাননীয় সদস্য সুনীতি চট্টরাজের আচরণ সম্পর্কে যে সিদ্ধান্ত দিয়েছেন সেই সিদ্ধান্তের উপর আবার আলোচনা হতে পারে কিনা আমি সেটুকু জানতে চাই।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** মাননীয় স্পীকার মহাশয়, বিরোধী পক্ষের নেতা বার বার একথাই বললেন যে গণতন্ত্রের গলা টিপে নাকি মারা হচ্ছে। তিনি আপনার কাছে অনুরোধ জানিয়েছেন সুনীতি চট্টরাজ যে কাজ করেছেন সেই ব্যাপারে তাঁর প্রতি আপনি যে শাস্তি দিয়েছেন সেটা পুনর্বিবেচনা করার জন্য সেটা অন্য কথা, কিন্তু তাঁর বক্তব্যে কয়েকটি মন্তব্য করলেন সেদিকে আমি কংগ্রেস বেঞ্চের সমস্ত মেম্বারদের দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল যে ঘটনা ঘটেছে চিন্তা করে দেখুন, প্রথমতঃ মুখ্যমন্ত্রী আসার আগে তাঁর ঘরের সামনে জন কতক বসে ছিলেন। অবস্থান মুখ্যমন্ত্রীর ঘরের সামনে করবার অধিকার তাঁদের আছে কিনা। আমরা মন্ত্রী হিসাবে ঘরের মধ্যে বসে এ্যাসেম্বলীর অনেক কাজ করি। মুখ্যমন্ত্রী মহাশয়কে গভর্নরস ডিবেটের জবাব দিতে হবে। তাঁর ঘরের সামনে বসে তাঁরা স্লোগান দিচ্ছেন। এইভাবে যদি মুখ্যমন্ত্রীর কাজে তাঁরা ব্যাঘাত সৃষ্টি করেন তাহলে কি মুখ্যমন্ত্রীর অধিকার ভংগ করা হয়নি ? এটার দিকে কি আপনি দৃষ্টি দেবেন না ? হাউসের মধ্যে অবাধ চলাফেরা করার, কাজ করার অধিকার আছে কিনা এবং সেই অধিকার যদি কোন সদস্য ভংগ করেন তাহলে সে সম্পর্কে আপনি দৃষ্টি দেবেন কিনা ? এবং সেইভাবে সদস্যদের অধিকার ভংগ করার কোন অধিকার বিরোধী পক্ষের সদস্যদের আছে কিনা ? এটার ইনিসিয়েটিভ আমরা নিইনি, আমরা কোন কিছু করতে চাইনি, গণতন্ত্রের গলা টিপে আমরা মারতে চাইনি। আপনারা এমন কাজ করতে শুরু করলেন যাতে এ্যাসেম্বলী না চলে, যাতে পরিষদীয় কাজকর্মে ব্যাঘাত সৃষ্টি হয়। মাননীয় মুখ্যমন্ত্রীর ঘরের

সামনে কালকে যে ঘটনা ঘটেছে সেটা অনেকে প্রত্যক্ষ করেছেন। এখানে কাগজে কি লিখেছে সেটা বড় কথা নয়। ঘটনা যা ঘটেছে সেটার সম্পর্কে যদি তদন্ত করতে চান তদন্ত করুন, কিন্তু কাগজে কি লিখল সে সম্পর্কে আপনার কাছে স্যার তাঁরা আসতে পারতেন, মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে পারতেন।

**শ্রীঅশোক ঘোষ :** আপনার সামনে তো মুখ্যমন্ত্রী ঐকথা বলেছেন।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** না, ঐকথা বলেননি।

( তুমুল হট্টগোল )

আই এ্যাম ইন দি পজেসান অব দি হাউস। এই গনতান্ত্রিক রীতি পদ্ধতিগুলি আপনাদের জানা নেই। একজন মেম্বার হোয়েন হি ইজ ইন দি পজেসান অব দি হাউস তখন এইভাবে বাধা দেওয়া পার্লামেন্টরী রীতি বিরুদ্ধ।

( তুমুল হট্টগোল )

**শ্রীসুব্রত মুখার্জি :** ৩০ বছরের প্রোসিডিংসগুলি আনিয়ে দেখুন যে আপনারা কি করেছেন।

**ডঃ কানাই ভট্টাচার্য :** প্রশ্নের সময়ে কোন কিছু তোলা যায় না, এটা কি সুনীতিবাবু জানেন না? আমি একথা বলতে চাই যে, প্রশ্নের মধ্যে যদি কোন প্রশ্ন তোলা হয় তার মানে হচ্ছে হাউসকে চালাতে দেবনা। আপনারা হাউসকে যদি চালাতে না দেন তাহলে সেটা কি গণতন্ত্রকে গলাটিপে মারা হয়না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা প্রশ্ন পরিষ্কার ভাবে ঠিক হওয়া উচিত। সুনীতিবাবুর সম্পর্কে কি হবে না হবে, আপনার সিদ্ধান্ত আপনি নিশ্চয়ই গ্রহণ করবেন। কিন্তু আমার কথা হচ্ছে, হাউসের রীতিনীতি মেনে, হাউসের যেসমস্ত আইন-কানুন আছে সেগুলি মেনে ওরা আমাদের হাউস চালাতে দেবে কি না সে সম্পর্কে বিচার বিবেচনা করা দরকার।

[2-20—2-30 P.M.]

**Mr. Speaker :** The question now is that the Leader of the Opposition, Shri Abdus Sattar, honourable M.L.A. has said that I did not give honourable member Shri Suniti Chattaraj sufficient opportunity to comply with my direction. I do not think that is a very correct version. I first under Rule

347 asked him to withdraw from the House. He did not withdraw from the House and I adjourned the House for half-an-hour. The House met again and I found that the honourable member Shri Suniti Chattaraj was still in the House. I again requested him to withdraw from the House and I said, 'if you do not withdraw I shall be constrained to comply with the Rules of Procedure and put it to effect the provision of Rule 348'. I read Rule 348 to him in case he did know what the Rule was so that he could understand what I was telling him. He still did not withdraw from the House and the most unfortunate part is that part is that the Hon'ble Leader of the Opposition Shri Sattar was then in the House, by the side of Shri Suniti Chattaraj. At that time also I did not see him requesting Shri Suniti Chattaraj to leave the House. If he did request, then Shri Suniti Chattaraj not only violated my orders but also did not comply with the request of his own leader, the Leader of the Opposition, which is even worse in the Parliamentary Democracy. It should not be done. Now the question is that this is not the first incidence. The Leader of the Opposition has tried to impress, even the honourable member Shri Subrata Mukherjee has tried to impress that in the past many wrong things had taken place. Do they want to argue that since in the past this wrong thing had taken place, so to-day also the wrong thing should continue ? I refuse to agree with them. I cannot accept that version or the theory that just because in the past many wrong things had taken place so let the wrong things continue to-day also. I refuse to do it. I have told them at the very inception that what had happened in the past and what will happen in the future—I am not concerned with that. I have got the Bible of the House in my hand i. e. the Rules of Procedure and the Conduct of Business of the House. I am bound by the rules. If I find that a member refused to comply with the rules I will have to take action. I have taken action. I can only say this much that if the honourable member

*relents, a motion may be made to-morrow which I will put for the considera-tion of the House to-morrow. To-day the business should proceed on as it is.*

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** I have received three notices of adjournment motions today. The first is from Shri Dhirendra Nath Sarkar, which deals with alleged misbehaviour of Chief Minister and others with the hunger strikers in front of the Chief Minister's Chamber in the Assembly Buildings. The second is from Shri Kashi Nath Misra, which deals with alleged taking away of constitutional rights of Bankura Christian College. The Third is from Shri Abdul Mannan, which deals with alleged charges of malpractices against administration of State Handloom Weavers' Co-operative Society Ltd. (Tantuja).

The first motion does not raise any definite matter of urgent public importance and as such can not be said to be in order. Regarding the second motion Shri Misra tabled a notice on the same matter on 1.3.83 to which I withheld my consent. Moreover Shri Misra will have an opportunity to raise the matter during discussion on Governor's Address.

Regarding the third motion Shri Subrata Mukherjee raised the same matter in the House on 1.3.83 to which I withheld my consent.

I therefore withhold my consent to all the above motions.

অবদুল মান্নান এবং কাশীনাথ মিশ্রের মধ্যে কে পড়বেন ? ( পড়ার জন্য কেউ উঠলেন না·) তাহলে কেউ পড়ছেন না।

**শ্রীআবদুস সাত্তার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি রুল ৩৪৮ টা এমনভাবে প্রয়োগ করলেন যে আমাদের কিছু বলার সুযোগ দিলেন না। স্যার, আমি যে কথা বলতে চাচ্ছিলাম···

**Mr. Speaker :** No more discussion on the subject.

( At this stage the members of Congress (I) walked out of the Chamber. )

# CALLING ATTENTION
# TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker :** I have received ten notices of Calling Attention namely :

1. Reported incident in the Chamber of Vice-Chancellor of Jadavpur University —Shri Anil Mukherjee
2. Closure of Eleven Jute Mill and deplorable condition of the jute labourers. —Shri Kashinath Misra
3. Irregularity in supply Kerosene Oil and consequential sufferings of people —Shri Abdul Mannan
4. Chaos in Jadavpur University —Shri Abdul Mannan
5. Alleged incident of looting Sugar cane from a godown at Borsul under Rajnagar P. S. by C.P.I.(M) supports —Shri Chowdhury Md. Abdul Karim
6. Incident of robber of Rs. 23,000 from an employee of ice cream manufacturing company at a Bank on Circular Garden Reach Road —Shri Chowdhury Md. Abdul Karim
7. Murder of one Jainal Sheikh and attach on two other by a group of armed people —Shri Chowdhury Md. Abdul Karim
8. Alleged misbehaviour of Chief Minister and others with Congress (I) Hunger Strikers in the Assembly —Shri Dhirendra Nath Sarkar
9. Alleged murder of one Swapan Kar, Congress (I) worker at Palpara Rajbagan of Krishnagar on 27.2.83 —Shri Dhirendra Nath Sarkar
10. Alleged clash between workers of two Trade Unions at Malda and death of a person —Shri Dhirendra Nath Sarkar

I have selected the notice of Shri Chowdhuri Md. Abdul Karim on the subject of 'Murder of one Jainal Sheikh and attack on two others by a group of armed people. The Minister in charge may please make a statement today or give a date for the same.

***Shri Radhika Ranjan Banerjee :*** *On the 10th March.*

**Mr. Speaker :** The Minister in charge of Food and Supplies Department may please make a statement on the subject of crisis of diesel, petrol and kerosene in the State—Attention called by Shri Kashinath Misra on the 24th February, 1983.

**Dr. Zainal Abedin :** Sir, on a point of order. We all agree and we are always ready to cooperate which I submitted before you under rule 342 proviso. You have enormous power under rule 348 provise.

**Mr. Speaker :** Let it be placed tomorrow—not today. Today—this is very early for you.

**Dr. Zainal Abedin :** Sir, I am only inviting your attention.

**Mr. Speaker :** I will hear you tomorrow. Today is very early.

**Dr. Zainal Abedin :** In an assembly if the main Opposition does not take part the proceedings becomes meaningless, and today is the concluding day on the Governor's Address.

**Mr. Speaker :** I cannot allow anybody to take part on your issue.

**Dr. Zainal Abedin :** Sir, it is the business as decided in the House. Today we are eager to hear the leader of the House—his reply on the criticisms and the support extended to the government. We are pained that the large ruling front with brute majority has given us no opportunity to extend our cooperation today. As such we are painfully withdrawing against the dicision of the ruling front not to allow this motion.

**Mr. Speaker :** I won't allow it today. I am the Speaker. I am not putting it to the House. It is too early for today. I will consider it

tomorrow. Do not blame them. They are not responsible for it. I won't allow it today. It is my order.

**Dr. Zainal Abedin :** Sir, we are pained to express our pain, and sympathise to the cause of the Opposition. So, we are bound to stage walk out in protest to the way.

( At this stage the members of the Congress (S) staged walk out )

**শ্রীরাধীকা রঞ্জন ব্যানার্জী :** আগামী ১০ তারিখে মুখ্যমন্ত্রী ষ্টেটমেন্ট দেবেন এখন আমি শ্রীকাশীনাথ মিশ্রের দৃষ্টিআকর্ষণী নোটিশের উপর ষ্টেটমেন্ট দিচ্ছি।

পশ্চিমবঙ্গে সাধারণভাবে কেরোসিনের কিছুটা অভাব প্রায় সর্বসময়ে পরিলক্ষিত হয় কারণ চাহিদার তুলনায় কেন্দ্রীয় সরকার বরাদ্দ কম করে থাকেন।

গত ফেব্রুয়ারী মাসের তৃতীয় সপ্তাহ থেকে এই সরবরাহে প্রচুর ঘাটতি হয়। এই সংকটের মূল কারণ আকস্মিকভাবে কেন্দ্রীয় সরকার কর্তৃক কেরোসিনের নতুন বন্টন ও মূল্য নীতির প্রবর্তন।

গত ১৫ই ফেব্রুয়ারী থেকে কেন্দ্রীয় সরকার পেট্রোল এবং পেট্রোলিয়মজাত দ্রব্য সম্বন্ধে এই নতুন বণ্টন ও মূল্যনীতি ঘোষণা করেছেন এই নতুন নীতি অনুযায়ী কেরোসিনের দুই রকম মূল্য ধার্য করা হয়েছে। মোট বরাদ্দ কেরোসিনের শতকরা ৭০ ভাগ বিক্রয় করা হবে ভরতুকীপ্রাপ্ত মূল্যে এবং অবশিষ্ট ৩০ ভাগ ভরতুকীহীন মূল্যে। ভোক্তাদের নির্ধারিত হারে সরবরাহের ৭০ শতাংশ ভরতুকীপ্রাপ্ত মূল্যে এবং ৩০ শতাংশ ভরতুকীহীন মূল্যে বিক্রয় করার কথা এই নতুন নীতিতে ঘোষণা করা হয়েছে। বিশেষ ভোক্তাগণকে (Bulk Consumers) অবশ্য এই নীতি অনুসারে প্রয়োজনীয় কেরোসিন ভরতুকীহীন মূল্যে ক্রয় করতে হবে।

ফেব্রুয়ারী মাসে দ্বিতীয় সপ্তাহ পর্যন্ত অর্থাৎ এই নীতি ঘোষণার পূর্ব পর্যন্ত স্বাভাবিক হারেই কেরোসিন সরবরাহ করা হয়েছিল। কিন্তু পরবর্তী দুই সপ্তাহে ভরতুকীহীন কেরোসিন ভারতীয় অয়েল কর্পোরেশন সরবরাহ করেন নি। ফলে এই সময়ে সরবরাহকৃত কেরোসিনের পরিমাণ শতকরা ৩০ ভাগ হ্রাসপ্রাপ্ত হয়। এরই ফলে বাজারে কেরোসিনের তীব্র সংকট দেখা দেয়।

প্রসঙ্গত উল্লেখযোগ্য এই যে রাজ্য সরকার এই নতুন নীতির তীব্র বিরোধিতা করেছেন।

রাজ্য সরকার এই পরিবর্তিত নীতির পরিপ্রেক্ষিতে একটি বিস্তৃত কেরোসিন বণ্টন নীতি প্রস্তুত করেছেন। কেন্দ্রীয় সরকারের নতুন নির্দেশনামা থেকে দেখা যায় যে রাজ্য সরকারের

নতুন বণ্টন নীতি অনুমোদনে জন্যে কেন্দ্রীয় সরকারের কাছে প্রেরণ করতে হবে। অন্তর্বর্তী কালীন সময়ের জন্যে কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী রাজ্য সরকারকে নিম্নলিখিত পরিকল্পনা অনুযায়ী কেরোসিন বণ্টন এবং বিক্রয়ের ব্যবস্থা করতে হবে, এ বিষয়ে রাজ্য সরকারের স্বাধীনতা খর্ব করা হয়েছে :

(ক) কোন বিশেষ ভোক্তা (Bulk Consumers) ভরতুকীপ্রাপ্ত মূল্যের কেরোসিন ক্রয় করতে পারবেন না।

(খ) আপরাপর ভোক্তা গৃহস্থালীতে ব্যবহারের জন্যে নির্দ্ধারিত হারে প্রাপ্য কেরোসিনের ৭০ শতাংশ ভরতুকীপ্রাপ্ত মূল্যে ক্রয় করতে পারবেন, প্রাপ্যের অবশিষ্টাংশ তাদের ভরতুকীহীন মূল্যের কেরোসিন ক্রয় করতে হবে।

আশাকরা যায় রাজ্য সরকারের নতুন বণ্টন নীতি কার্যকর হলে এই সাময়িক কেরোসিন সংকট দূরীভূত হবে। এর সাফল্য অবশ্য নির্ভর করবে কেন্দ্রীয় সরকারের প্রয়োজনীয় ভিত্তিক বরাদ্দের ওপর।

ডিজেল এবং পেট্রোল প্রসঙ্গে বলা যায় যে ডিজেলের মূল্য প্রতি লিটারে ২০ পয়সা কেন্দ্রীয় সরকার বৃদ্ধি করেছেন এবং পরিবহন ভাড়া বৃদ্ধি জনিত কারণে পেট্রোলের দাম প্রতি লিটারে ৩ পয়সা বৃদ্ধি পেয়েছে। তবে রাজ্যে ডিজেল এবং পেট্রোলের ব্যাপক ঘাটতির কোন সংবাদ রাজ্য সরকারের কাছে নেই।

## MENTION CASES

[ 2-30—2-40-P.M. ]

**শ্রীননী কর :** মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন ১৯৪৭ সালে দেশ ভাগ হবার পর থেকে বিগত ৩৫ বছরের মধ্যেও পশ্চিমবাংলার উদ্বাস্তু পুনর্বাসনের সমস্যার শেষ হয়নি। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার এই উদ্বাস্তু পুনর্বাসন সমস্যার সমাধান করার জন্য অনন্তঃ পক্ষে কত কোটি টাকা দরকার সেই বিষয়ে তদন্ত করার জন্য একটি কমিটি নিয়োগ করেছিলেন এবং সেই কমিটি বিভিন্ন কলোনী অঞ্চল, শহর অঞ্চল ইত্যাদি সব জায়গা ঘুরে খোঁজ নিয়ে একটা হিসাব করে দেখেছেন অন্ততঃ ১৫০ কোটি টাকা পেলে এই পুনর্বাসন সমস্যার খানিকটা সমাধান সম্ভব হবে। আমি বলতে চাই বামফ্রন্ট সরকার ইতিমধ্যেই এই ১৫০ কোটি টাকার একটা প্রস্তাব নিজেরা গ্রহন করেছেন এবং এই সুপারিশ গ্রহণ করার জন্য কেন্দ্রের কাছে দাবী জানিয়েছেন। বামফ্রন্ট সরকার ইতিমধ্যে কতকগুলি ইতিবাচক কাজ কলোনী উদ্বাস্তু পুনর্বাসনের ক্ষেত্রে নিজস্ব উদ্যোগে শুরু করে দিয়েছেন। এই সমস্ত বিষয় বিধানসভার কাছে বলার

জন্য পশ্চিমবাংলার বিভিন্ন জেলা, ক্যাম্প, কলোনী থেকে হাজার হাজার উদ্বাস্তু ময়দানে জড়ো হয়েছে। তাদের বক্তব্যের একটি বিষয় হল পশ্চিমবংগ সরকার কেন্দ্রীয় সরকারের কাছে যে ৭৫০ কোটি টাকা দাবী করেছেন, উদ্বাস্তুদের স্বার্থে সেই দাবী পূরণ করতে হবে। এই ব্যাপারে সভার সকল সদস্যদের সহযোগিতা প্রয়োজন। আজকে ওপক্ষ উপস্থিত নেই। এই বিষয়ে কংগ্রেস কংগ্রেস (স)—এদেরও সাহায্য প্রয়োজন। তাই আমি আপনার কাছে অনুরোধ করব আমাদের উদ্বাস্তু দরদী মুখ্যমন্ত্রী এবং মন্ত্রীসভার বিভিন্ন মন্ত্রীদের উদ্বাস্তুদের কাছে গিয়ে তাদের বক্তব্য শুনতে বলুন। আমাদের ইউ. সি. আর. সি.র নেতৃত্বে পরিচালিত হাজার মানুষ আজকে ডেপুটেশনে এসেছেন, তাদের সাথে কৃষক, শ্রমিক, মধ্যবিত্ত, মহিলা ও গনতন্ত্রপ্রিয় মানুষও এসেছেন এবং উদ্বাস্তুদের স্বার্থে বামফ্রন্ট সরকার যে কাজগুলি করে চলেছেন তার জন্য তাদের অভিনন্দন গ্রহণ করুন। আমি এই প্রসংগে বলতে চাই পশ্চিমবাংলার উদ্বাস্তুরা পরিপূর্ণ মালিকানা দাবী করেছেন এবং বারে বারে এই কথা তারা বলে আসছেন। পশ্চিমবাংলা সরকার তাদের পরিপূর্ণ মালিকানা দিতে চান। কিন্তু কেন্দ্রীয় সরকার পরিপূর্ণ মালিকানা না দিয়ে লিজ দিতে বলছেন। তাই বাধ্য হয়ে আজকে পশ্চিমবাংলা সরকার তাদের লিজ দলিল তুলে দিচ্ছেন। সেই লিজ দলিল গ্রহন করা সত্বেও কেন্দ্রীয় সরকারের কাছে দাবী করা হচ্ছে যে পরিপূর্ণ মালিকানা দিতে হবে। আমি অনুরোধ করব ওঁরা তাদের সংগে দেখা করুন।

**শ্রীসরল দেব:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৪ পরগণা জেলাতে ১৯৭৯ সালে ৫ হাজার প্রাথমিক শিক্ষকের একটি প্যানেল তৈরী হয় এবং তারমধ্যে থেকে এক হাজার জনকে নিয়োগপত্র দেওয়া হয়। স্যার, প্যানেলভুক্ত বাকি শিক্ষকরা আজ বিধানসভা অভিযান করে এখানে এসেছেন আমার অনুরোধ, মাননীয় মন্ত্রী বারি সাহেব তাঁদের প্রতিনিধিদের সংগে দেখা করুন। ওঁদের যাতে নিয়োগ করা হয় তার ব্যবস্থা করার জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ রাখছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং জরুরী বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় খাদ্য ও সরবরাহ মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি। স্যার, বর্তমানে পশ্চিমবাংলায় কেরোসিন তেলের একটা মারাত্মক সংকট দেখা দিয়েছে। বিভিন্ন দোকান থেকে কেরোসিন তেল উধাও। আজকে এ সম্পর্কে 'যুগান্তরে' সংবাদ বেরিয়েছে। এমন কি খোদ কোলকাতা শহরে যেখানে যেখানে কেরোসিন তেল বিক্রির পারমিট দেওয়া হয়েছে—গমকলে—সেখানে ২॥/৩ টাকা লিটার দরে তেল বিক্রি হচ্ছে যেখানে সরকারের নির্দিষ্ট দর হচ্ছে ১·৮০ পয়সা লিটার। এটা শুধু খোদ কোলকাতা শহরের ব্যাপার নয়, সারা পশ্চিমবাংলায় এই অবস্থা চলেছে। স্যার, মারোয়াড়ীদের প্রচেষ্টায় পিপে পিপে কেরোসিন তেল কালোবাজারে চলে যাচ্ছে। স্যার, মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি, বিদ্যুত সংকট

যখন মারাত্মক তখন কেরোসিনতেলের এই সংকটে মানুষ অত্যন্ত দুর্দশায় পড়েছে। এই কালোবাজারী যাতে কঠোর হস্তে দমন করা হয় সেজন্য আমি আবেদন রাখছি।

**ডাঃ হরমোহন সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটি বক্তব্য রাখতে চাই, এটাকে পারসোনেল এক্সপ্লানেশান হিসাবেও ধরতে পারেন। স্যার, গত পরশুদিন বিধানসভায় সুব্রত মুখার্জী মহাশয় কয়েকটি কথা বলেছেন হ্যাণ্ডলুম কর্পোরেশনকে জড়িয়ে, আমি সে সম্পর্কেই কয়েকটি কথা বলতে চাই। স্যার, তাঁর জানা উচিত ছিল যে হ্যাণ্ডলুম কর্পোরেশনের চেয়ারম্যান পান্নালাল মাজি নয়। হ্যাণ্ডলুম কর্পোরেশন একটি আলাদা সংস্থা। এ ব্যাপারে গতকাল 'বসুমতী' কাগজে সংবাদ বেরিয়েছে, অন্য কাগজেও বেরুতে পারে যে হ্যাণ্ডলুম কর্পোরেশনে নিয়ম বহির্ভূতভাবে ৮ কোটি টাকা খরচ করা এবং লোক নিয়োগ করার ব্যাপারে এক দুর্নীতির অভিযোগ তোলেন। স্যার, আপনার কাছে অনুরোধ, এই ব্যাপারটি সংশোধন করার চেষ্টা করুন।

**শ্রীকামাখ্যা চরণ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদনীপুর পৌরসভাকে বামফ্রন্ট সরকার খরা ত্রাণের জন্য টাকা দিয়েছিলো এবং মেদনীপুর পৌরসভা এলাকার উন্নয়নের জন্যও টাকা দিয়েছিলেন। সেই লক্ষ লক্ষ টাকা খরা ত্রাণের জন্য বা উন্নয়নমূলক কাজের জন্য খরচ না করে মেদনীপুর পৌরসভার চেয়ারম্যান এবং ভাইস-চেয়ারম্যান এক্সট্রা কুলি খাটাচ্ছেন এই বলে লক্ষ লক্ষ টাকা খরচ করে দিচ্ছেন। সেখানে মেদনীপুর শহরের খরাক্লিষ্ট মানুষরা কোন সাহায্যই পায়নি। উন্নয়নমূলক ব্যাপারেও কোন কাজ হচ্ছে না। সেখানে জলের তীব্র সংকট দেখা দিয়েছে কিন্তু নতুন কোন টিউবওয়েল বসানোর ব্যবস্থা হচ্ছে না। এ বিষয়ে প্রশাসনিক ব্যবস্থা যাতে নেওয়া হয় তারজন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এইভাবে যাতে টাকা খরচ করা না হয় তারজন্য মেদনীপুরের জেলা ম্যাজিস্ট্রেট এবং ব্যাঙ্ক কর্তৃপক্ষ বারবার নিষেধ করেছেন কিন্তু তাঁরা সেই নিষেধ শুনছেন না। আমি এ ব্যাপারে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষা জগতের একটি গুরুত্বপূর্ণ এবং ভয়াবহ ঘটনার প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, 'গল্পের ঝুলি' নামে দুখানা বই বাজারে বিক্রি হচ্ছে। প্রথম বইটি পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক অনুমোদিত।

[2-40—2-50 P.M.]

গল্পের ঝুলির লেখক শ্রীঅগ্নি কুমার আচার্য, শ্রীদুলালরঞ্জন চক্রবর্তী, প্রকাশক তরিত কুমার মজুমদার এবং মুদ্রাকর প্রণতী ঘোষ, জুবিলি প্রিন্টার্স, কলকাতা। এখানেও যে গল্পগুলি আছে,

চতুর্থ শ্রেণীর উপপাঠ্য এই বইটি এবং ঐ একই গল্প, একই সমস্ত কিছু, প্রকাশক স্বপন ভট্টাচার্য, লেখক রাম প্রসাদ পাল, এম. এ., প্রধান শিক্ষক, লালবাগ উচ্চ বিদ্যালয়। এটা হচ্ছে পঞ্চম শ্রেণীর অর্থাৎ বিষয়গুলি একই আছে, শুধু মধ্যের একটা পাতা উঠিয়ে দিয়ে এটা ৫ম শ্রেণীর জন্য ব্যবহার করা হচ্ছে। এটা শিক্ষা দপ্তর থেকে চতুর্থ শ্রেণীর জন্য করেছেন কিন্তু ৫ম শ্রেণীর নাম দিয়ে বাজারে এই বই বিক্রয় হচ্ছে। আমি আপনার কাছে এই বই দুটি জমা দিচ্ছি এবং আপনাকে অনুরোধ করছি, আপনি শিক্ষামন্ত্রীর কাছে এবং তাঁর দপ্তরে পাঠিয়ে দিয়ে অতি সত্বর এই ব্যাপারে একটা তদন্ত করান।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করছি। দমদম জেল সংক্রান্ত হাই কোর্টের কনটেম্পট কেস শেষ হয়েছে। সে জন্য এই বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আপনার কাছে রাখছি। দমদম জেলে আমরা অতীতে দেখেছি যখন কংগ্রেস আমলে মিসায় বন্দী হিসাবে ঐ জেলে ছিলাম তখন আমরা দেখেছি যে হাজার হাজার উন্মাদ রুগী, উন্মাদ বন্দী যারা তাদের সম্পর্কে মানবিক ব্যবহার করা হত না এবং সেদিনও সরকার থেকে কোন ব্যবস্থা গ্রহণ করা হত না। ইতিমধ্যে বামফ্রন্ট প্রতিষ্ঠিত হওয়ার পরে পরে সেখানে কিছু কিছু উন্নয়ন মূলক কাজ বন্দীদের স্বাচ্ছন্দের জন্য গ্রহণ করা হয়েছে এবং তা সত্বেও সেখানে কিছু অমানবিক কাজকর্ম আছে এবং যার ফলে বিচারপতি কিছু রেকমেনডেশান করেছেন উন্নতি বিধানের জন্য। কিন্তু গোটা বিষয়টা যে ভাবে উত্থাপিত করা হয়েছে তা, অত্যন্ত রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। তা সত্বেও বলতে চাই যে দমদম জেলকে কেন্দ্র করে বিচারপতি পি. সি. বড়ুয়া যে সমস্ত সুপারিশ করেছেন, সেই সুপারিশগুলি শুধু দমদম জেলের বন্দীদের ক্ষেত্রেই নয়, সারা রাজ্যের বন্দীদের কল্যাণের জন্য অবিলম্বে কার্যকরী করার জন্য আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে দাবী জানাচ্ছি।

**শ্রীপ্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে খাদ্য ও সরবরাহ দপ্তরের মন্ত্রী মহাশয় কেরোসিন তেলের ব্যাপারে একটা ষ্টেটমেণ্ট করলেন। আপনি জানেন যে গ্রামাঞ্চলে কেরোসিন তেলের প্রচণ্ড অভাব। সাধারণ মানুষ এই কেরোসিন তেলের জন্য প্রচণ্ড সংকটের মধ্যে পড়েছে। যে সমস্ত ডিলাররা রেশনের মাধ্যমে কেরোসিন তেল সরবরাহ করতো, এরা এই কেরোসিন তেল নিয়ে খোলা বাজারে বিক্রয় করতো, এই সম্পর্কে একটা অভিযোগ ছিল। ইদানিং কেরোসিন তেলের দাম বেড়ে যাওয়ার ফলে এবং রেশনে দুই ধরণের ব্যক্তিদের কেরোসিন সরবরাহ করবার নিয়ম চালু হয়েছে। গতকাল সংবাদ পেয়েছি যে যারা রেশন ডিলার তারা কেরোসিন তেল আর তুলতে চাচ্ছে না। গ্রামাঞ্চলে সাধারণ মানুষ কেরোসিন তেলের অভাবে অন্ধকারে দিন কাটাচ্ছে এবং খোলা বাজারে কেরোসিন তেলের লিটার ৩ টাকা, ৩॥ টাকা উঠে গেছে। একদিকে অভাব, অন্য দিকে চোরাকারবারী, মজুতদাররা তার সুযোগ নিয়ে সাধারণ

মানুষের জীবনকে অতিষ্ঠ করে তুলেছে। তাই, আমি আপনার মাধ্যমে খাদ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে সক্রিয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করছি।

**শ্রীশচীন সেন**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার এবং হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী প্রণব মুখার্জী মহাশয় যে বাজেট উত্থাপিত করেছেন এবং যে বিবৃতি দিয়েছেন, যা সংবাদপত্রে বেরিয়েছে তাতে আমরা দেখেছি যে কেন্দ্রীয় সরকার পশ্চিম বাংলার নুতন কোন শিল্প স্থাপনের জন্য এক পয়সাও বরাদ্দ করেননি। এসম্পর্কে আমি একটা উল্লেখযোগ্য দৃষ্টান্ত দিচ্ছি। তাঁরা দ্বিতীয় হুগলী সেতু সম্পর্কে কিছু মন্তব্য করেছেন। তাঁরা বলেছেন, যেহেতু এটা একটা রাজ্যের মধ্যের ব্যাপার সেহেতু এব্যাপারে কেন্দ্রীয় সরকারের কোন দায়িত্ব নেই, সমস্ত দায়িত্ব রাজ্য সরকারের। দুর্জনের ছলের অভাব হয় না। প্রকৃত ব্যাপার হচ্ছে নানারকম অজুহাত সৃষ্টি করে তারা পশ্চিম-বঙ্গকে কোন রকম অর্থ সাহায্য করবেন না। তাঁরা ঠিক করেছেন পশ্চিমবঙ্গের প্রতি সব রকমের অবিচার করবেন। দ্বিতীয় হুগলী সেতু নির্মানের ব্যাপারে তাঁরা কোন রকম আর্থিক সাহায্য দেবেন না, শুধু কিছু ঋণ দেবেন এবং ১৯৮৩-৮৪ সালের বাজেটে এব্যাপারে ঋণ হিসাবে মাত্র ৩৯ হাজার টাকা রেখেছেন। এটা একটা হাসির ব্যাপার। তা ছাড়া এই ঋণও আদায় করা যে কি রকম ব্যাপার তা আমরা জানি। কাজেই স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের এই নীতির প্রতিবাদ জানাচ্ছি এবং আমি আশা করছি আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় এব্যাপারে কেন্দ্রীয় সরকারে দৃষ্টি আকর্ষণ করবেন এবং এই অবিচার রোধ করবার চেষ্টা করবেন। এই কারণেই আমি বিষয়টির প্রতি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীনীরদ রায় চৌধুরী**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্য ও সরবরাহ মন্ত্রী মহাশয়ের একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, কেন্দ্রীয় বাজেট প্রকাশের সঙ্গে সঙ্গে বাজার থেকে সিমেন্ট, কেরোসিন উধাও। এতদিন খোলা বাজারে যদিও বা ৬৫ থেকে ৭০ টাকা বস্তা হিসাবে গঙ্গা-মাটি মিশ্রিত সিমেন্ট পাওয়া যাচ্ছিল, এখন তাও ১০০ টাকা, ১১০ টাকা বস্তা দিয়েও পাওয়া যাচ্ছে না। যারা সাধারণ গরীব মানুষ, ২/৫ বস্তা সিমেন্ট দিয়ে কাজ করেন, তারা আজকে নিরুপায়। তারা আজকে প্রশ্ন করছে, "আমরা কোথায় যাব"। এখন যদিও বা কোথাও ২/১ বস্তা পাওয়া যাচ্ছে, কিন্তু তার জন্য ১০০ টাকা থেকে ১১০ টাকা দাম দিতে হচ্ছে। সেই জন্য সাধারণ মানুষ বলছে, "আমরা অত টাকা পাব কোথায়"?

সিমেন্টের সাথে সাথে কেরোসিন তেলও বাজার থেকে উধাও হয়েগেছে। আগামী কাল থেকে স্কুল ফাইনাল পরীক্ষা শুরু হচ্ছে, আগামী মাসে হায়ার সেকেণ্ডারী পরীক্ষা। অথচ এই

পরীক্ষার সময়ে কেরোসিন তেল বাজারে নেই, যার ফলে ছাত্র-ছাত্রীদের ভীষণ অসুবিধা হচ্ছে। এই অবস্থায় আমি বিষয়টির প্রতি খাদ্য ও সরবরাহ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মাধ্যমিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি।

স্যার, আজকে সকালে "সোদপুর ভুবনেশ্বরী বালিকা বিদ্যালয়ের" ছাত্রীরা আমার বাসায় এসেছিল এবং তারা আমাকে বলল যে, গত কাল থেকে তারা তাদের স্কুলে ধর্মঘট করতে বাধ্য হয়েছে। তাদের কাছে ঘটনাটি শুনে আমি বুঝলাল যে, একই স্কুল বাড়িতে সকালবেলা ভুবনেশ্বরী বালিকা বিদ্যালয় এবং দুপুরবেলা সুশীল কৃষ্ণ শিক্ষা আয়তন চলে। সকালেরটি মেয়েদের স্কুল এবং দুপুরেরটি ছেলেদের স্কুল। ১৯৬৫ সাল থেকে স্কুল দুটি একই ভবনে চলছে। হঠাৎ সুশীল কৃষ্ণ শিক্ষা আয়তনের প্রধান শিক্ষক এবং সম্পাদক স্কুলের অফিস ঘর এবং আরো কয়েকটি ঘর বন্ধ করে দেন। এর ফলে ভুবনেশ্বরী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা স্কুলে এসে তাঁর ঘরে বসতে পারছেন না। এমন কি ২/৩টি ক্লাসের ছাত্রীরা একই ঘরে বসে ক্লাস করতে পর্যন্ত বাধ্য হচ্ছে এবং টিচাররা বাইরে বসে থাকতে বাধ্য হচ্ছেন। এমন কি সুশীল কৃষ্ণ শিক্ষায়তনের কিছু শিক্ষক এবং ছাত্র ঐ বালিকা বিদ্যালয়ের ছাত্রীদের ওপর নানারকম অত্যাচার করে। এইর প্রতিবাদে ছাত্রীরা ধর্মঘট করে বসে আছে। ঐ স্কুলটিতে বহু দিন ধরেই অরাজকতা চলছে।

মাধ্যমিক শিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয় যাতে অবিলম্বে এব্যাপারে হস্তক্ষেপ করে ব্যবস্থা গ্রহণ করেন তার জন্য আমি আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

[2-50—3-00 P.M.]

**শ্রীরবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়ায় যে নীমদিঘি জতুরবেড়িয়া ই.এস.আই. হাসপাতালটি আছে সেই হাসপাতালে দুটি ডীপ-টিউবওয়েল ছিল। তারমধ্যে একটি ডীপ-টিউবওয়েল দীর্ঘদিন যাবৎ খারাপ হয়ে আছে আর একটি টিউবওয়েল খারাপ হতে চলেছে। এই একটি টিউবওয়েলের উপর হাসপাতালের সমস্ত রোগী, হাসপাতালের স্টাফ নির্ভর করছে। এটা যদি খারাপ হয়ে যায়, যদি তাড়াতাড়ি মেরামতের ব্যবস্থা না হয় তাহলে হাসপাতালের সমস্ত রোগী এবং স্টাফেরা বিরাট সমস্যার সম্মুখীন হয়ে পড়বে। আমি ঐ হাসপাতালে গত পরশু দিন গিয়েছিলাম। হাসপাতালের সমস্ত স্টাফেরা এবং রোগীরা আমার কাছে এলেন এবং বললেন জল বন্ধ হয়ে যাচ্ছে। একটি টিউবওয়েল খারাপ হয়ে পড়ে আছে আর একটি খারাপ হতে চলেছে তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে

অনুরোধ করছি, যাতে ঐ দুটি ডীপ-টিউবওয়েল এখনই মেরামত করে চালানো যায় তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিন।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি হয়তো কাগজে দেখেছেন, অতি সম্প্রতি ভিক্টোরিয়া কলেজ হস্টেলে প্রচণ্ড গণ্ডগোল হয় এবং সেখানে মেয়েরা অনশন করে। এই ব্যাপারে অনুসন্ধান করবার জন্য আমি সেখানে গিয়েছিলাম। অনুসন্ধান করতে গিয়ে যে জিনিষটা আমার চোখে পড়লো সেটা হচ্ছে, যে কারণে অনশন করলো তার সবচেয়ে বড় কথা হচ্ছে সেখানে নিরাপত্তার অভাব। আমি চারতলা হোস্টেলটি ঘুরে ঘুরে দেখলাম যে মেয়েদের ঘরের দরজা নেই, জানালাগুলিতে কাঁচ নেই। বারান্দাতে বাইরের মানুষ আসতে পারে। এই রকম ধরনের ব্যাপার নিয়ে আমি এর আগেও মাননীয় মন্ত্রীর কাছে জানিয়েছি, জানি না তিনি এই সম্পর্কে কি ষ্টেপ নিয়েছেন। পশ্চিমবাংলায় যেখানে মেয়েদের নিরাপত্তার অভাবের জন্য যেসব ঘটনা ঘটেছে—মেয়েদের আর কোথায় কি হোস্টেল আছে আমি জানি না—সেখানে এই ব্যাপারে সতর্ক দৃষ্টি দিতে এবং তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বীরভূম জেলায় এবারে খরায় প্রচণ্ড ক্ষতি হয়েছে। সম্প্রতি জেলা কর্তৃপক্ষ এমন একটি অব্যবস্থা সম্পন্ন ব্যবস্থা গ্রহণ করেছেন যার জন্য বিশেষ করে রামপুরহাট এলাকায় ময়ুরাক্ষী খালের দ্বারকা, ব্রাহ্মণী যে মেন খাল আছে সেখানে এবার নিষিদ্ধ হয়েছিল, কেউ কোন রকম বোরো চাষ করবে না। সেই কারণে সেখানে কেউ বোরো চাষ করেনি। কিন্তু রবি চাষে জল দেবার জন্য যে সমস্ত জায়গা নির্দিষ্ট হয়েছিল সেই সব জায়গাতে দ্বিতীয়বার যখন জলসেচ হয়েছে অধিকাংশ জায়গাতে যেখানে চাষ করতে বলা হয়েছিল সেখানে জল পাচ্ছেনা। সামান্য কিছু বৃষ্টি হয়েছে। বিচ্ছিন্নভাবে বৃষ্টি হওয়ার ফলে জেলা কর্তৃপক্ষ বলে দিয়েছেন আর কোথাও লাষ্ট ওয়াটারিং-এর জন্য জল দিতে হবে না। এটা অত্যন্ত অন্যায় কাজ হয়েছে। রবির জন্য রামপুরহাট এলাকায় লাষ্ট ওয়াটারিং-এর জন্য জলের দরকার আছে। তা নাহলে রবি চাষ মারাত্মক ক্ষতিগ্রস্ত হচ্ছে। মাননীয় সেচমন্ত্রী মহাশয় এখন হাউসে নেই। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন অবিলম্বে জেলা কর্তৃপক্ষকে নির্দেশ দেন লাষ্ট ওয়াটারিং-এর রামপুরহাট এলাকায় সেচের জল দিতে।

**শ্রীসুভাষ বসু:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি উদ্বেগজনক ঘটনার প্রতি বিভাগীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল চৌরঙ্গী এলাকায় একটি চলচ্চিত্র পরিবেষক সমিতির অফিসে কংগ্রেসী গুণ্ডারা ফ্ল্যাগ নিয়ে গিয়ে বন্দেমাতরম্ বলতে বলতে ভাঙচুর

সুরু করে দেয়। তারা আবার একথাও বলে যে, "আগুন লাগাও, তোড়"। ওরাই আজকে আইন শৃংখলার অবনতি ঘটাচ্ছে। অতএব এইসব গুণ্ডাদের সম্পর্কে অবিলম্বে একটা ব্যবস্থা অবলম্বন করা দরকার, যাতে অফিস আদালত ভালভাবে চলতে পারে, এবং আমি আশা করছি মাননীয় বিভাগীয় মন্ত্রীমহাশয় সেদিকে দৃষ্টি দেবেন।

**শ্রীসুমন্ত কুমার হীরা** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ এবং আমাদের পক্ষে ভীষণ উদ্বেগজনক ঘটনা আমি উপস্থিত করতে চাই। কারণটি হল, আমার কনষ্টিটিউয়েন্সিতে একটি ঐতিহ্যপূর্ণ চামড়ার কারখানা আছে, ন্যাশান্যাল ট্যানারি। এটা আমাদের দেশের ঐতিহ্যের সঙ্গে যুক্ত। চামড়ার শিল্প বিকাশের সঙ্গে এই কারখানাটির সংযোগ ছিল। এই কারখানাটির কর্মচারী এবং শ্রমিকরা গত দু মাস ধরে তাঁদের মাইনে পাচ্ছে না। প্রায় ৫০০ জন শ্রমিক কর্মচারী এখানে কাজ করে। কেন্দ্রীয় সরকার এই কারাখানাটি অধিগ্রহণ করেছেন। কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক সংস্থা এটির ফাইনান্স করে। তারা এদের টাকা, পয়সা দেওয়া বন্ধ করেছে, কাজেই এই ৫০০ জন শ্রমিক কর্মচারী মাইনে দেওয়ার ব্যবস্থা না হলে তারা অনাহারে মৃত্যুমুখে পতিত হবে। কাজেই কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ জানাচ্ছি যাতে এই কারখানাটিতে সুষ্ঠুভাবে ফাইনান্স করা হয় এবং তাদের যে ম্যানেজমেণ্ট আছে সেই ম্যানেজমেণ্ট যেন পরিবর্তন করা হয়। এই অনুরোধ আমি সভার কাছে পেশ করছি।

**শ্রীমাধবেন্দু মহান্ত** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, নদীয়া জেলার তেহট্ট থানার এক নম্বর ব্লকে কানাই নগরে একটি বিল আছে। বিলটির নাম সরডাঙ্গা। ঐ বিলের সংলগ্ন জমিতে ধান, পাট ইত্যাদির চাষ হয় এবং ঐ বিলে মাছের চাষও হয়ে থাকে। ১৯৭৭ সালের প্রথম দিকে এই খালটি সংস্কার করার জন্য এবং ঐ খালের মুখে একটি স্লুইশ গেট করবার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়। গত দুই বছর আগে স্লুইশ গেট নির্মাণের জন্য মালমশলা গিয়ে পৌঁছেছে। কিন্তু এখন পর্যন্ত ইঞ্জিনীয়াররা সাইট ঠিক হওয়া সত্ত্বেও কোন কাজকর্ম করার ব্যবস্থা করেন নি। নানা অজুহাত দেখাচ্ছেন। কাজেই ঐ এলাকার অধিবাসীদের স্বার্থের কথা ভেবে আমি ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তাড়াতাড়ি যাতে ঐ বিলটি সংস্কার করা হয় এবং স্লুইশ গেটটি তৈরী হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীলালবিহারী ভট্টাচার্য্য** ঃ মাননীয় স্পীকার স্যার, বাঁকুড়া জেলার বড়জোড়া থানার হেল্‌থ সেণ্টারে দীর্ঘদিন কোন এ্যাম্বুলেন্সের ব্যবস্থা না থাকায় স্থানীয় রোগীদের খুবই অসুবিধা হয়। পাশেই দুর্গাপুর, শিল্পাঞ্চল, সেখানকার এ্যাকসিডেণ্ট্যাল কেস যেগুলি আসে এ্যাম্বুলেন্সের অভাবে তাদের বাঁকুড়া মেডিকেল কলেজে স্থানান্তরিত করতে পারা যায় না যাতে করে ওখানে একটি এ্যাম্বুলেন্সের সুবন্দোবস্ত করা যায় সেজন্য আমি স্বাস্থ্য বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীগৌর চন্দ্র কুণ্ডু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার কুপার্স ক্যাম্পে ১৯৫৬ সাল থেকে ৩৭৯টি পরিবার আজকে সর্বপ্রকার সরকারী সাহায্য থেকে বঞ্চিত হচ্ছে। ক্যাম্পের মধ্যে দিনের পর দিন তারা বাস করছে এবং তদানীন্তন কংগ্রেস সরকার তাদের ডোল এবং অন্যান্য সর্বপ্রকার সুযোগ সুবিধা বন্ধ করে দিয়েছেন। আমাদের বামফ্রন্ট সরকার তাদের পুর্নবসতির জন্য কেন্দ্রীয় সরকারের কাছে টাকা চেয়েছেন, কিন্তু কেন্দ্রীয় সরকার টাকা না দেওয়ার জন্য তাদের পুর্নবাসন হচ্ছে না। এই ব্যাপার নিয়ে কথাবার্তা বলতে কুপার্স ক্যাম্প থেকে উদ্বাস্তুরা আসতে পারেন। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে ব্যাপারটি খুবই গুরুত্বপূর্ণ। কেন্দ্রীয় সরকার যাতে তাদের পুর্নবসতির ব্যবস্থা করেন সেজন্য বামফ্রন্ট সরকারকে উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

[3-00—3-10 P.M.]

**শ্রীশৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

আজ পশ্চিমবঙ্গে ৮৯টি চটকল দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে পড়ে আছে। এই ব্যাপারে এই সভা থেকে দুই দুইবার সর্বদলীয় একটি প্রস্তাব আমরা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছিলাম যে চটকলগুলি জাতীয়করণ করা হোক কিন্তু কেন্দ্রীয় সরকার সেই ব্যাপারে এখনও পর্যন্ত দৃষ্টিপাত করেন নি। এই অবস্থার মধ্যে চটকলগুলি ভুগছে। আর কেন্দ্রীয় সরকার দৃষ্টিপাত না করবার ফলে চটকলের মালিকরা আরও বেশি করে অত্যাচার চালাবার সুযোগ পাচ্ছে। চাঁপদানী এলাকার নর্থব্রক কারখানাটি ১৩ মাস যাবত বন্ধ। দীর্ঘদিন বন্ধ থাকবার ফলে উক্ত কারখানার সাড়ে চার হাজার শ্রমিক এবং তাঁদের পরিবারবর্গ ভীষণ অবস্থার মধ্যে রয়েছেন। আমি জানি আমাদের সরকার এটা মিমাংসার জন্য চেষ্টা করছে। এটা ১৯৭৮ সালেও একবার বন্ধ হয়েছিল কিন্তু সে সময়ে খোলান হয়েছিল। এই কারখানাটিকে ব্যাঙ্ক থেকে টাকাও দেওয়া হয়। অবিলম্বে যাতে এই কারখানাটি খোলে সে সম্বন্ধে ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি।

**শ্রীনবনী বাউড়ী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন বর্তমান বছরে বাঁকুড়া জেলায় প্রচণ্ড খরা হয়েছে। তারমধ্যে গঙ্গাজলঘাটি, মেজা, সালতোড়া, বরজোড়া, ছাতনা ইত্যাদি এলাকাতে প্রায় ৯০ শতাংশর বেশি ফসল নষ্ট হয়ে গেছে। শুধু এই বছরই খরা নয়, গত দুই বছর ধরেই এখানে খরা চলছে কিন্তু এবার র‍্যাশনের মাধ্যমে 'ঙ' শ্রেনীকে চাল গম দেওয়া হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলতে চাই, সেখানে প্রতি শ্রেণীকে চাল গম কিনে

খেতে হয়। এই অবস্থায় রেশন বন্ধ করে দেওয়া উচিত নয়। কাজেই আমি এই খরা পরিস্থিতির কথা বিবেচনা করে যাতে সকল শ্রেণীভুক্ত র‍্যাশনকার্ডধারীদের চাল ও গম সরবরাহ করা হয় এই অনুরোধ মাননীয় খাদ্য ও সরবরাহ মন্ত্রী মহাশয়ের কাছে করছি।

**শ্রীরামপদ মাণ্ডি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

বিষয়টি হচ্ছে, বাঁকুড়া জেলার রাণীবাঁধ অঞ্চলে বানীপুর উপ-স্বাস্থ্যকেন্দ্রের বাড়ীঘরের দরজা-জানালা আস্তরণ সব কিছু ভেঙ্গে পড়ে যাচ্ছে। জানুয়ারী মাসে আমি সেখানে গিয়েছিলাম। উক্ত অঞ্চলে একটিমাত্র উপ-স্বাস্থ্যকেন্দ্র। এই দিকে অবিলম্বে না দেখলে ঐ অঞ্চলের দুঃস্থ জনগন চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হবে। তাই আমি উক্ত উপস্বাস্থ্যকেন্দ্রটি যাতে অবিলম্বে রিপেয়ার করা হয় সেই অনুরোধ আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে রাখছি।

**শ্রীসুশীল কুজুর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী মহাষয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি বিয়য়ের প্রতি। সেটা হচ্ছে জলপাইগুড়ি জেলার মাদারী হাটের অন্তর্গত পূর্ব, উত্তর এবং মধ্য খয়েরবাড়িতে গত ২৫.১.৮৩ এবং ২৬.১.৮৩ তারিখে শিলা বৃষ্টি হবার জন্য ৪০০ একর জমির গম, ভুট্টা এবং শশার চাষ নষ্ট হয়ে গেছে। শুধু এবারই নয়, গত বছর খরার জন্য সেখানে কিছুই হয়নি। এবারে রবি ফসলেরও ক্ষতি হয়েছে। ওখানকার মানুষেরা যাতে কিছু সাহায্য সরকারের তরফ থেকে পায় এবং অবিলম্বে ফুড ফর ওয়াক´ যাতে চালু হয় সে দিকে দৃষ্টি দেবার জন্য মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করছি।

**শ্রীঅবনী ভুষণ সতপতী ঃ** মিঃ স্পীকার স্যার, আমি ঝাড়গ্রামে একটি কলেজ সম্পর্কে আপনার মাধ্যমে উচ্চ শিক্ষমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন যে ঝাড়গ্রামে একটি সরকারী কলেজ আছে। সেই কলেজে দীর্ঘ দিন ধরে বাণিজ্য বিভাগে কোন স্থায়ী অধ্যাপক না থাকার ফলে ছেলেমেয়েদের পড়াশোনা বন্ধ আছে। সেখানকার ছাত্ররা দীর্ঘদিন ধরে আন্দোলন করেছে, তাতে কিছু হয় নি। অন্যান্য বিভাগে, যেমন আর্টস এ্যণ্ড সাইন্স বিভাগে ৩০টি পদ খালি আছে। এখানকার অধ্যাপকরা বাইরে থেকে আসেন। অধ্যাপকরা যে ভাবে বা যে ট্রেনে আসেন সেই অনুযায়ী এই কলেজের রুটিন তৈরী হয়। এই ব্যাপারে ডি.ডি.পি. আই-এর সংগে যোগাযোগ করা হয়েছে। কিন্তু তাতে কিছু ফল হয় নি। সেই জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষ্যামন্ত্রীকে অনুরোধ করবো তিনি যেন এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রীলক্ষ্মীকান্ত দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য দপ্তরের রাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করার জন্য বক্তব্য উপস্থাপিত করছি। আপনি জানেন যে এম. এন চ্যাটার্জী আই হসপিটল আমাদের এই অঞ্চলে আছে। এটাই এখানকার একমাত্র হসপিটল যেখানে শুধু চোখের ব্যাপারে চিকিৎসা হয়। এখানে প্রচুর রুগী আসে এবং প্রতিদিন লাইন দিয়ে এই হাসপাতালে চিকিৎসা করান। এই হাসপাতালে বেড আছে এবং এখানে রোগী থাকার সুযোগ পান। আমি শুনেছি যে সরকার এই হাসপাতালকে আর্থিক সাহায্য দিয়ে থাকেন। আমি শুনেছি যে এই হাসপাতাল কর্তৃপক্ষ নোটিশ দিয়েছেন কয়েক দিন বাদে হাসপাতাল বন্ধ করে দেবেন। স্বাভাবিক কারণে আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি যে, যেন অবিলম্বে এই ব্যাপারে হস্তক্ষেপ করেন। এই হাসপাতাল এম. এন. চ্যাটার্জী আই হসপিটল বলে পরিচিত। অনেক রুগী এখানে আসে, এটা বন্ধ হয়ে না যায় সেটা আপনি দেখবেন।

**শ্রীরাজকুমার মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ব্যাপারটা হচ্ছে যে, উলবেড়িয়া ১ নম্বর ব্লকে প্রায় ১৫।১৬টি মৌজায় ২-৩ বছর আগে রুরাল ইলেকট্রিফিকেশানের কাজ হয়ে গেছে। এই রকম ভাবে উলবেড়িয়া ২ নম্বর ব্লকে প্রায় ৭-৮টি মৌজায় কাজ শেষ হয়ে গেছে। কিন্তু আজ অবধি যারা ইলেট্রিক নিতে চান—যারা কনজিউমার তাদের ডোমেষ্টিক কাজের জন্য বা কমার্সিয়াল কাজের জন্য, তারা কারেন্ট পাচ্ছে না। তারা এই সমস্ত ব্যাপারে আবেদন করেছে, কিন্তু ইলেকট্রিক পাচ্ছে না। কারন হচ্ছে এই ওয়েষ্ট বেঙ্গল ইলেকট্রিসিটি বোর্ডের দুটি উইংস আছে। একটি হচ্ছে আর.ই. উইংস আর একটি হচ্ছে মেনটেনেন্স উইংস। আর.ই. উইংস-এর কাজ হয়ে গেছে। আমরা মেনটেনেন্স উইংসকে অনেকবার বলেছি। ওরা বলছেন আমাদের স্টাফ কম। এর ফলে এই সমস্ত মৌজা গুলিতে কনজিউমাররা কারেন্ট নিতে পারছে না। এর ফলে হচ্ছে কি? এর ফলে ৩টি কাজ আমরা দেখছি ব্যহত হচ্ছে। একটা হচ্ছে কনজিউমাররা উপকৃত হতে পারছে না, দ্বিতীয় হচ্ছে সরকার তার রেভিনিউ পাচ্ছে না, তৃতীয় হচ্ছে এখানকার লাইনের তার গুলি তছরুপ হয়ে যাচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[3-10—3-20 P.M.]

**শ্রীসুন্দর হাজরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, কংসাবতী নদী মেদিনীপুর, ঝাড়গ্রাম এবং বিনপুরের মধ্যে দিয়ে গেছে। বিনপুরের মধ্যে দুর্গাঘাট নামে একটি জায়গা আছে সেখানে অবিলম্বে একটি সেতু করার দরকার। ওইখানে সেতু হলে মেদিনীপুর, ঝাড়গ্রামের দুরত্ব অনেক কমে যাবে এবং ঝাড়গ্রামে প্রচুর বনজসম্পদ আছে। সেই বনজ সম্পদ আমদানি-রপ্তানি

এবং ব্যবসা-বাণিজ্যের সুবিধা, যাত্রীসাধারণের সুবিধার জন্য অবিলম্বে সেখানে ব্রীজ করা দরকার। সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আবেদন রাখছি যাতে এটা সত্বর ব্যবস্থা নেওয়া হয়।

**শ্রীউমাপতি চক্রবর্তী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার চন্দ্রকোণা পৌরসভার কর্মীরা বহুদিন ধরে বর্ধিত বেতন পাচ্ছে না। প্রথম দুমাস বর্ধিত বেতন দেওয়া হয়েছিল কিন্তু তারপরে ওখানকার চেয়ারম্যান সেই বর্ধিত বেতন দিতে রাজীহচ্ছেন না। এবং তাদের শাসানো হচ্ছে তারা বেতন পাবেন না। সেই কর্মচারীরা মহকুমা শাসকের কাছে, জেলা শাসকের কাছে ডেপুটেশান দিয়েছে যাতে এই ব্যাপারে ব্যবস্থা নেওয়া হয়। এই ব্যাপারে মন্ত্রী যাতে হস্তক্ষেপ করেন এবং এর প্রতিকার করেন তার অনুরোধ করছি।

**শ্রীসুফল মুর্মু** ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের ক্যালক্যাটা এক্সপ্রেস বালুরঘাটের গাজলে যাতে থামে তারজন্য মাননীয় মন্ত্রীকে আপনার মাধ্যমে অনুরোধ করছি।

**শ্রীকৃষ্ণধন হালদার** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা কুলপী। ১৯৬৭ সাল থেকে লক্ষীকান্তপুর ঢাল বাঁশবেড়িয়া পর্যন্ত একটি লিংক রোড আছে। শেষ থেকে ওখানকার কাজ আরম্ভ হয়েছিল স্টার্টিং পয়েন্ট থেকে আরম্ভ হয় নি। দীর্ঘদিন ধরে ওই কাজ বন্ধ ছিল। এই ব্যাপারে ল্যাণ্ড এ্যাকুইজেশান নোটিশ সার্ভ করেছিল। সেই সময়ে অফিসারদের গাফিলতির জন্য কাজটি পিছিয়ে আছে। অফিসার লেবেলে উর্দ্ধতন এবং নিম্নতন অফিসারদের কোন্দলের ফলে রাস্তাটি বন্ধ হয়ে রয়েছে। প্রশাসনিক গাফিলতি এবং আমলাতন্ত্রের এই বিরোধের সমাধান করে যাতে রাস্তাটির কাজ ত্বরান্বিত হয় এবং পাকা রাস্তা হয় তারজন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীলক্ষ্মণ চন্দ্র শেঠ** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেল মন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। হলদিয়া থেকে হাওড়া পর্যন্ত একটি ট্রেন সরাসরি চলাচল করে। এই ট্রেনটিতে যাত্রীসাধরণের দুর্ভোগ দিনের পর দিন বাড়ছে। কেন্দ্রীয় রেলমন্ত্রী অধিক মাত্রায় রেলের মাশুল বাড়াচ্ছেন। হলদিয়ায় অধিক মাত্রায় শিল্পায়ন হওয়ার জন্য আরো ট্রেনের সংখ্যা বৃদ্ধির দরকার। সেইজন্য আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীপুলিন বেরা** ঃ স্যার, ময়নাবাসীর পক্ষ থেকে একটা বিবৃতি হাউসের কাছে রাখতে চাই। ময়না থেকে তমলুক পর্যন্ত বাস যোগাযোগের জন্য একটা সেতু

কংসাবতীর উপর তৈরী করা একান্ত জরুরী। এটা বাস বা যানবাহন যেতে পারছে না এবং তাতে জনসাধারণের খুব দুর্ভোগ হচ্ছে। সেজন্য আবেদন করছি সেখানে সেতু নির্মান করা অবিলম্বে প্রয়োজন। এটা হলে ময়নার উন্নতি হবে এবং হলদিয়া থেকে ময়না হয়ে খড়্গপুর পর্যন্ত যাবার রাস্তা অনেক কম হবে, ব্যবসা বাণিজ্য বাড়বে। এটা খুব জরুরী বলে আপনার মাধ্যমে আবেদন করছি।

**Shri Mohammad Ramjan Ali :** Mr. Speker, Sir, I would like to draw the kind attention of the Hon'ble Chief Minister to consider the just demand of Islampur Sub Division people for constitution of Islampur Development board taking into Consideration the backwordness of the area on the same footing of Jhargram Development Board.

**শ্রীঅনিল মুখার্জি :** স্যার, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলায় বহু পুরাকীর্তি আছে। সেখানে মল্ল রাজাদের বহু প্রাচীন মন্দির ও প্রাসাদের ভগ্নাবশেষ আছে এবং জৈন মন্দিরও আছে। কিন্তু সেগুলি সংস্কারের অভাবে নষ্ট হয়ে যাচ্ছে। আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো যাতে দেশের পুরাকীর্তিগুলি থাকে এবং সংস্কার করার দিকে যেন তিনি লক্ষ্য রাখেন। বহুলারা এবং এওেশ্বর ইত্যাদি জৈন মন্দিরগুলি যা বর্তমানে শিব মন্দির হয়ে গেছে সেগুলি সব রক্ষার ব্যবস্থা করা হোক।

**শ্রীকিরণময় নন্দ :** স্যার, আজকে ৩টি সংবাদপত্র যুগান্তর, আজকাল, ষ্টেটসম্যান—যে সংবাদ বের হয়েছে তার প্রতি আমার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। এই সব সংবাদপত্রে আছে ষ্টেট ফিসারীজ ডেভোলাপমেন্ট কর্পোরেশানে ৫ জন রিটায়ার্ড পারসনকে রিএমপ্লয়েমেন্ট দেয়া হয়েছে এবং ৬০ জন লোককে নিয়োগ করা হয়েছে। আমি এ সম্বন্ধে বলতে চাই যে জয়ন্তবাবুর যে বিবৃতি কাগজে বের হয়েছে—তিনি যখন বিবৃতি দেন আমি তখন হাউসে ছিলাম না—তা আমি সংবাদপত্রের মাধ্যমে দেখেছি। আর. সি. ঘোষ, ইন্‌জিনিয়ারিং য়্যাডভাইসার, ষ্টেটে ফিসারীজ ডেভোলাপমেন্ট কর্পোরেশান, তিনি ১৬.১০.৭৯ থেকে য়্যাডভাইসার হিসেবে এই কর্পোরেশানে নিযুক্ত হন।

[3-20—4-00 P.M. including adjournment]

এবং তিনি ক্যালকাটা পোর্ট এবং হলদিয়া পোর্টের চীফ ইঞ্জিনিয়ার ছিলেন এবং চীফ ইঞ্জিনিয়ার থাকাকালীন রায়চক পোর্টের কাজ করেন এবং অবসরের পর রায়চক পোর্টের বেশ

কিছু কাজ বাকি থাকে এবং তিনি একজন হারবার বিশেষজ্ঞ। রায়চক পোর্টের কাজ ত্বরান্বিত করার জন্য সেই সময়কার বোর্ড তখন তাঁকে এ্যাডভাইজার হিসাবে নিয়োগ করেন এবং পরবর্তী-কালে শংকরপুর পোর্টের কাজের জন্য তাঁকে দরকার হয় এবং এইসব বিশেষজ্ঞ ছাড়া অন্য কারোর পক্ষে এই কাজ করা সম্ভব নয়।

শ্রী এ.কে. ঘোষ একজন খ্যাতনামা মেরিন ইঞ্জিনিয়ার। ইংল্যাণ্ডের লয়েডস কোম্পানীতে তিনি সার্ভেয়ার ছিলেন। বর্তমানে ভাইজাগে ট্রলারগুলির রক্ষণা-বেক্ষণের জন্য ১৯৮০ সালের নভেম্বর মাসে তৎকালীন বোর্ড তাঁকে কনসালট্যাণ্ট হিসাবে নিয়োগ করেন এবং ভাইজাগে আমাদের যে ট্রলারগুলি আছে সেগুলি রক্ষণাবেক্ষণের জন্য এঁর মত একজন বাঙালী ছেলের খুব প্রয়োজন ছিল। সেই ট্রলার চালানর মত আমদের বিশেষজ্ঞ কেউ ছিল না। এই এ.কে. ঘোষ আসার পর আমাদের অনেক ছেলেকে তিনি ট্রেন আপ করেছেন এবং তিনি ট্রলারের কাজে যোগ দেওয়ার পর ট্রলারের ক্ষতির পরিবর্তে ৫ মাসে ১০,৭৪,৫৭৯.২৫ টাকা কর্পোরেশানের ট্রলার বাবদ লাভ হয়েছে।

শ্রী এ সেনগুপ্ত আর একজন রিটায়ার্ড প্রার্থী, মৎস্য দপ্তরের যুগ্ম অধিকর্তা ছিলেন। ৩/৮/৮১ তারিখে তাঁকে তৎকালীন বোর্ড প্রজেক্ট এ্যানালিস্ট হিসাবে নিয়োগ করেন। কারণ, কর্পোরেশানের যে সমস্ত প্রজেক্ট আছে এই প্রোজেক্টগুলি পরিচালনার জন্য একজন অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তির প্রয়োজন ছিল। সেজন্য তৎকালীন বোর্ড আমাদের ফিসারীর যুগ্ম অধিকর্তাকে নিয়োগ করেন।

ডাঃ এল এল লাহিড়ী যাঁকে আমার সময়কালীন বোর্ড নিয়োগ করেন তিনি একজন আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন ফুড টেকনোলজিষ্ট এবং ম্যাংগালোর কলেজ অব ফিশারিজের অধ্যাপক ছিলেন এবং আমেরিকার ম্যাসাচুয়েটস ইনষ্টিটিউট অব টেকনোলজি থেকে ডি এস সি ডিগ্রী লাভ করেন। রায়চক পোর্ট চালু হওয়ার পর আমাদের সি ফুড প্রসেসিংএর প্ল্যানটাকে কার্যকরী করার জন্য এই রকম একজন ব্যক্তির দরকার হয়। এই সমস্ত লোককে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে চাইলেও আমরা পাব না অথবা পশ্চিমবঙ্গ সরকারের এমন কোন ব্যক্তি নেই যাঁকে ডেপুটে-শানে এই সমস্ত জায়গায় আনা যায়। সেজন্য আমি সমস্ত কিছু খতিয়ে দেখেছি কাগজে এই সমস্ত বেরুবার পর যে আমার আগে বোর্ড যে ৪ জনকে এ্যাডভাইজার হিসাবে এ্যাপয়েণ্টমেণ্ট দিয়েছিলেন সেগুলি যথার্থই ছিল। আমি আসার পর এই ফুড টেকনোলজিষ্টকে এ্যাপয়েণ্টমেণ্ট দিয়েছি এবং এঁদের কাউকে স্যালারি দেওয়া হয় না কর্পোরেশান থেকে, এঁদের কনসালট্যানসি ফিজ দেওয়া হয়। সেই কারণে মুখ্যমন্ত্রীর সে সার্কুলার যেটার কাগজে উল্লেখ আছে মুখ্যমন্ত্রীর নির্দেশক অগ্রাহ্য করে স্টেট ফিশারীজ কর্পোরেশান দায়িত্ব নিয়ে একের পর এক রিটায়ার্ড পার্সনকে চাকরিতে বসাচ্ছে সেগুলি আদৌ সত্য নয়।

দ্বিতীয়তঃ আর একটা খবর বেরিয়েছে যে স্টেট ফিশারীজ কর্পোরেশানে ৭ জনকে নিয়োগ করা হয়েছে। সেই ব্যাপারে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে জানাতে চাই সাম্প্রতিকালে এস এফ ডি সিতে কেবলমাত্র ২ জন লোককে নিয়োগ করা হয়েছে এবং এই ২ জন সরকারী নিয়ম অনুযায়ী এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নিয়োগ করা হয়েছে। এই রাজ্যে মৎস্য চাষ ও আনুষঙ্গিক বিষয়ে অভিজ্ঞ লোকের সংখ্যা খুবই সীমিত। সেজন্য ফিশারীর বিভিন্ন সেকটরে বরাবর ট্রেনিংএর ব্যবস্থা আছে। তারা এস এফ ডি সি'র এমপ্লয়ী নন। তাদের কোন স্যালারি দেওয়া হয় না, শুধু একটা স্টাইপেণ্ড দেওয়া হয়। যারা এই শিক্ষার ব্যাপারে আগ্রহী তারা দরখাস্ত করেন এবং তাদের মধ্য থেকেই ট্রেনী বেছে নেওয়া হয়। এই ব্যবস্থায় একদিকে যেরকম শিক্ষিত বেকার যুবকরা উপকৃত হচ্ছে অন্যদিকে সরকার তথা রাজ্যও উপকৃত হচ্ছে। কারণ, ফিশারীর বিশেষ ক্ষেত্রে শিক্ষণের মাধ্যমে দক্ষ এবং যোগ্যকর্মী তৈরী হচ্ছে যারা পরবর্তীকালে নিজেদের কর্ম সংস্থানের ব্যবস্থা করে নিতে পারবেন।

এই প্রসংগে একটা কথা বলতে চাই মাননীয় বামফ্রন্টের সদস্যবৃন্দের যদি কোন দপ্তর সম্পর্কে তাঁদের কাছে কোন রকম কোন অভিযোগ এসে থাকে, কোন খবরও যদি তাঁদের কাছে এসে থাকে তাহলে তাঁদের কাছে অনুরোধ করব তাঁরা যেন সংশ্লিষ্ট দপ্তরের সাথে একটু পরামর্শ করে নেন, তাহলে সুবিধা হয়। আমি জানি না কি তথ্য হাউসে পরিবেশিত হয়েছে, আমি সংবাদপত্রে যা দেখেছি তারই উত্তরে একথা জানালাম।

## FIFTEENTH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

**Mr. Speaker :** I now present the Fifteenth Report of the Business Advisory Committee, as follows :

Thursday, 3-3-1983 (i) (a) The West Bengal Panchayat (Amendment) Bill, 1983 (Introduction).

(b) Discussion on Statutory Resolution—Notice given by Shri Kashinath Misra.

(c) The West Bengal Panchayat (Amendment) Bill, 1983 (Consideration and Passing)—3 hours.

(ii) (a) The West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Bill, 1983 (Introduction).

(b) Discussion on Statutory Resolution—Notice given by Shri Kashinath Misra.

(c) The West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Bill, 1983 (Consideration and Passing)—1 hour.

Friday, 4-3-1983

(i) Motion under rule 185 regarding rise in rail fare and freight charges—Notice given by Shri Debaprosad Sarkar—1½ hours.

(ii) Motion under rule 185 regarding increases of employment opportunity by speedy implementation of coal lifting project at Mezia—Notice given by Shri Kashinath Misra—1½ hours.

Monday, 7-3-1983

(1) The Calcutta Tramway (Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing)—2 hours.

(ii) (a) The Rabindra Bharati (Amendment) Bill, 1983 (Introduction).

(b) Discussion on Statutory Resolution—Notice given by Shri Kashinath Misra.

(c) The Rabindra Bharati (Amendment) Bill, 1983 (Consideration and Passing)—1 hour.

(iii) The Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing)—1 hour.

I now request the Hon'ble Minister for Parliamentary Affairs to move the motion for acceptance of the House.

**Shri Patit Paban Pathak :** Sir, I beg to move that the Fifteenth Report of the Business Advisory Committee, as presented, be agreed to by the House.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned till 4 P.M.)

( After Adjournment )

[4-00—4-10 P.M.]

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

**শ্রীনিরঞ্জন মুখার্জি ঃ** মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর মাননীয় সদস্য শ্রীশচীন সেন মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন জানিয়ে এই হাউসের সামনে দু একটি কথা বলবো। প্রথমত বিগত তিন দিন যাবত রাজ্যপালের ভাষণের উপর আলোচনা হলো, আজকে চতুর্থ দিন। আমাদের সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের বিভিন্ন বক্তার আলেচনা শুনলাম। কিন্তু মুস্কিল হচ্ছে যে এবারে রাজ্যপালের ভাষণের মধ্যে একটা সুন্দর চিত্র—পশ্চিমবাংলার বর্তমান পরিস্থিতির সামনে দাঁড়িয়ে একটা সরকারের যে সঠিক দৃষ্টিভঙ্গি প্রকাশিত হয়েছে, সেই দৃষ্টিভঙ্গি এবং ভাষণের সেই বিষয়বস্তুগুলির উপর আজকে আমাদের বিরোধী দলের বন্ধুরা কিছু ব্যাকুল হয়ে পড়েছেন, কিছুটা বিচলিত বোধ করছেন। যার ফলে ভাষণের যে মর্মবস্তু সেই তারা উপলব্ধিই করতে চান নি। আমদের স্বার্থে কিভাবে দেশকে আরও নূতন করে পরিচালিত করা যায়, পশ্চিমবাংলার অর্থনীতি এবং সমাজকে কি ভাবে আরও ভাল পথে নিয়ে যাওয়া যায় তার কোন সাজেসন বিরোধী দলগুলি দিতে পারেন নি, এবং সেই রকম দৃষ্টিভঙ্গিও বিরোধী দলের মুখ থেকে শুনতে পাই নি। তারা ক্ষমতাচ্যুত হয়েছে। তাই যে কোন উপায়ে হোক এই সংকটময় পরিস্থিতির মুখে এই সরকারের বিরুদ্ধে যে কোন অবস্থায় একটা বিশৃঙ্খলার সৃষ্টি করতে চায়। দেশের মধ্যে যে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে তারা থাকেন সেটা হোল ঐ বুর্জ্যুয়া জমিদার অর্থাৎ একটা বিশেষ শ্রেণী, বিশেষ গোষ্ঠীর সম্বন্ধেই তারা চিন্তা ভাবনা নিয়ে থাকেন। একটু বিচার বিশ্লেষণ করে দেখলেই দেখা যাবে যে দেশের সাধারণ মানুষের সাথে এদের কোন সম্পর্ক নেই। যার ফলে যখন দেশের মানুষের পক্ষে বা সাধারণ মানুষের স্বার্থের কোন কথা বলা হয় তখন ওদের গায়ে জ্বালা ধরে। এই সরকার বিগত পাঁচ বছর কাজ করার পর আবার নূতন করে এই সরকারের পক্ষে জনগণ রায় দিয়েছে। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে মানুষকে বাঁচার পথে, দেশের জনগণকে রক্ষা করার পথে এই সরকার যখন একটা সঠিক কর্মপন্থা গ্রহণ করেছে, তখন ওঁরা বিচ্ছিন্ন হয়ে পড়েছেন। এবং তাদের আচার-আচরণ যদি বিশ্লেষণ করেন তাহলে দেখতে পাবেন এর মধ্যে সেটা প্রতিফলিত হয়েছে এবং সেটা শুধু এই বিধানসভাতেই নয়, সারা পশ্চিমবাংলায় সেটা প্রতিফলিত হয়েছে।

স্যার, আমি কয়েকটি দৃষ্টান্ত পরে দেব যে কিভাবে ভারতবর্ষের একটি শাসক দল ইন্দিরা কংগ্রেস পশ্চিমবঙ্গের জনগণের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে মুষ্টিমেয় দেশের কিছু যুব সমাজকে কলুষিত করে পশ্চিমবাংলায় একটা অরাজকতা সৃষ্টি করে দেশকে ধ্বংসের পথে নিয়ে যাবার ষড়যন্ত্র করছে। কিন্তু পশ্চিমবাংলার মানুষ বহু পরীক্ষায় পরীক্ষিত। স্বাধীনতা সংগ্রামের পর থেকে আমরা দেখছি বহু সংগ্রামের মধ্য দিয়ে তাদের স্বার্থে তারা একটি সরকার প্রতিষ্ঠিত করেছে। শুধু তাই নয়,

সেই সরকার বিগত ৫ বছর কাজও করেছে জনগণের স্বার্থে এবং তাদের কাজের মধ্য দিয়ে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলাকে প্রতিষ্ঠিত করেছে। সেই জন্য বিরোধীরা রাজ্যপালের ভাষণের মর্ম বস্তু বাদ দিয়ে আবোল তাবোল কথা বলে গেছেন। রাজ্যপালের ভাষণের ৩ নং উপধারায় আইন শৃঙ্খলার কথা বলা হয়েছে এবং দেশের মধ্যে সুস্থ পরিবেশের কথা উল্লেখিত হয়েছে। সেই সম্পর্কে বিরোধী দল বলার চেষ্টা করছেন যে পশ্চিমবাংলায় কোন আইন শৃঙ্খলা নেই। সেই সম্পর্কে অন্যান্য বক্তারা বলেছেন, আমি আর সেদিকে যেতে চাচ্ছি না। আমি আসামের কথায় যেতে চাই না, পাঞ্জাবের কথা বলতে চাই না। ভারতবর্ষের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী যেখানে অবস্থান করেন সেই দিল্লীর কথা কি কেউ জানেন? সেখানকার অবস্থাটা একটু উপলব্ধি করার চেষ্টা করুন। কথায় কথায় ওরা দিল্লী ছুটে যান। দিল্লীর অবস্থা কি? তাদেরই কথা, লোক-সভায় তারা বলছেন দিল্লীতে খুনের ঘটনা বৃদ্ধি পেয়েছে। ১৯৮১ সালে ২০০টি ঘটনা ঘটেছিল, ১৯৮২ সালে ২৩৬টি ঘটনা ঘটেছে। দিল্লীতে সন্ধ্যা বেলায় কোন যুবতী মহিলা রাস্তায় বেরোতে সাহস পান না। দিল্লীতে এমন অবস্থার সৃষ্টি হয়েছে যে মানুষ সত্য কথা বলতে ভয় পায়। বিশেষ করে যারা এশিয়াড দেখতে গিয়েছিলেন, তারা সকলেই এটা দেখেছেন। দিল্লীতে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। কোন্ মানুষকে কখন কলার ধরে তুলে নিয়ে যাবে, বিনা বিচারে আটক করবে, কেউ বলতে পারেন না। দিল্লীর নির্বাচনে এবার ইন্দিরা গান্ধীর দল জিতেছেন। কাজেই সেখানে আইন শৃঙ্খলার যখন এই অবস্থা হয়েছে তখন তাদের মুখে কি পশ্চিমবাংলার কথা শোভা পায়? তারা এখানে কি করছেন? রাজ্যপাল তার ভাষণের মধ্য দিয়ে বলেছেন এতে পরিপূর্ণ কোন আত্মসন্তুষ্টি নেই, কোন রকম বাচালতা নেই, বাস্তব সত্য যে কাজগুলি বামফ্রন্ট সরকার করেছেন সেইগুলিই উল্লেখ করেছেন এবং কি কাজ করতে হবে তার একটা রূপরেখা দিয়েছেন। আমরা নিশ্চয় এই কথা বলিনি যে সব ঠিক ঠিক করে চলেছি। সারা দেশের মধ্যে যখন বঞ্চনা, বৈষম্য, দারিদ্র বৃদ্ধি পাচ্ছে তখন পশ্চিমবাংলার মধ্যে তো কিছু অশান্তি থাকবেই। এটা কেউ অস্বীকার করতে পারেন? আমরা কখনই অস্বীকার করি না। কিন্তু সেটাকে কাজে লাগিয়ে ভারতবর্ষের শাসক দল হিসাবে একটি রাজনৈতিক দল সেটাকে নিজেদের কাজে ব্যবহার করেন এবং গুণ্ডা, মস্তানদের রাজনৈতিক তকমা লাগিয়ে দিয়ে যখন অন্দোলন সৃষ্টি করেন তখনই আমরা আতঙ্কিত হই, বিচলিত হই, দেশের মানুষও বিচলিত হন।

[4-10—4-20 P.M.]

স্যার, আমি তথ্য দিয়ে এবং নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা দিয়ে বেহালার সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটি এলাকার কথা বলতে পারি। আমরা দেখেছি, গুণ্ডারা খুন করছে প্রকাশ্য দিবালোকে, তার বিরুদ্ধে মানুষ প্রতিবাদ করছে, প্রতিরোধ করছে, পুলিশ তাদের গ্রেপ্তার করছে, মস্তানরা যুবতী মেয়েদের উপর অত্যাচার করছে, পুলিশ তাদের গ্রেপ্তার করছে আর তাদের মুক্ত করার জন্য কংগ্রেসী নেতারা থানায় গিয়ে থানা ঘেরাও করছেন। স্যার, সৌভাগ্যই বলুন আর

দুর্ভাগ্যই বলুন আমাদের বেহালাতে অনেক সরকারী গুদাম আছে—তেল, চাল, সিমেন্ট ইত্যাদির। এইসব গুদামে মস্তানরা কংগ্রেসী নাম নিয়ে দীর্ঘকাল যাবত বখরা এবং পাওনার ব্যবস্থা করে আসছিলেন রাতের অন্ধকারে এবং প্রকাশ্য দিবালোকে। এখন অবশ্য আর প্রকাশ্যে কিছু করতে পারছেন না তবে সেইসব গুদাম কোন গুণ্ডার পজেসানে থাকবে—কোন কংগ্রেসীর—সোমেন মিত্রের, না, সুব্রত মুখার্জীর কংগ্রেসের—তাই নিয়ে মারামারি, খুনোখুনি, ঝগড়া ইত্যাদি লেগেই থাকে। এইসবরে পর তারা হঠাৎ আবার থানায় এসে অবরোধ করেন, বলেন সি. পি. এম-এর গুণ্ডারা খুন করেছে। ফ্যাসিষ্ট যে কায়দা—অসত্য কথা বলো, অসত্য প্রচার করো, মানুষকে বিভ্রান্ত করো—তারাও সেই ফ্যাসিষ্ট কায়দা নিয়ে চলেছেন। স্যার, সবচেয়ে দুঃখের কথা, কয়েকদিন আগে একটি ইস্তাহার দেখলাম কংগ্রেস (ই)-র নামে যাতে দুজনের নাম আছে যারা খুন হয়েছেন—বাদল মণ্ডল, শম্ভু দত্তবনিক—স্যার, এই দুজনের নামে ৪/৫টি করে মার্ডার কেস আছে। সেদিন সেই ইস্তাহার দেখে বুঝলাম তারা কংগ্রেস কর্মী। স্যার, তাদের অত্যাচারে ঐ অঞ্চলের মানুষরা প্রতি দিন প্রতি মুহূর্তে আতঙ্কিত হতেন, বিচলিত হতেন। তারা পরস্পরের ঝগড়াঝাটিতে খুনোখুনি হলেন আর ওরা গিয়ে থানা অবরোধ করলেন। স্যার, যারা সেখানে আবেদন করেছিলেন তাদের প্রত্যেকের নামে অন্ততঃ ৪/৫টি করে খুনের কেস, রেপ কেস, ছিনতাই-এর কেস, গোডাউন থেকে মাল চুরির কেস ইত্যাদি আছে। এরা হলেন কংগ্রেসী কর্মী। সেখানে আবার দেখলাম এই সভার সদস্য হুগলীর মান্নান সাহেব গিয়ে বক্তৃতা করে এলেন এবং থানার ও. সি-কে অপমান করলেন। তা করুন তাতে ক্ষতি নেই তবে তিনি বেহালার কিছু জানেন বলে আমার জানা নেই সেইজন্য এই কথাটা তুললাম। তবে তারা কোন ধাতুতে গড়া, কোন শ্রেণীর, দেশের মানুষের কাছে সেটা প্রমাণ হয়ে গেল এইসব অপকর্মের মধ্যে দিয়ে। এই হচ্ছে শাসক দল কংগ্রেসী নেতাদের চেহারা। এই যেখানে অবস্থা সেখানে তারা আইনশৃঙ্খলা রক্ষা করবেন, সুস্থ পরিবেশ আনবেন এটা নিশ্চয় আশা করা যায় না। আমাদের সময়ে যেটুকু আইনশৃঙ্খলা বিঘ্নিত হচ্ছে যেটা হচ্ছে, আমরা এই হাউসে বসেই শুনতে পাচ্ছি, বিভিন্ন সময়ে তারা সাম্প্রদায়িক এবং উস্কানিমূলক কাজকর্ম পশ্চিমবাংলায়, কোলকাতা এবং এর উপকণ্ঠে বিশেষ করে তারা সৃষ্টি করার চেষ্টা করছেন সেইজন্য।

তারা ভাবছেন যে পশ্চিম বাংলাকে ঐ আসামের জায়গায় হয়ত দখল করে নেবেন বা দখল করে নেবার চেষ্টা করবেন, কিন্তু তা হয়না। কারণ পশ্চিমবাংলা বারবার পরীক্ষা দিয়ে উত্তীর্ণ হয়েছে। কাজেই এখানে সেই কাজ করা সম্ভব নয়। এখানকার জনগণ আজকে সুস্থ রাজনীতির মধ্যে দিয়ে, সুস্থ গঠনমূলক কাজের মধ্যে দিয়ে নূতন জীবনের সাধ খুঁজে পেয়েছেন। সে জন্য পশ্চিমবাংলায় তারা বামফ্রন্ট সরকার গঠন করেছেন এবং সেই সরকারের মাধ্যমে নূতন নূতন কর্মসূচী নিয়ে এগিয়ে যাবার চেষ্টা করছেন। স্যার, আইনশৃঙ্খলার প্রশ্নে বিরোধী দলের বন্ধুরা যেটাতে সবচেয়ে আক্রমণ করেছেন বা বলবার চেষ্টা করেছেন বা সমালোচনা করেছেন, সেটা হচ্ছে পঞ্চায়েত। পঞ্চায়েতের কথা বলতে গিয়ে এই কথা বলবো যে ডাঃ শিশির বোস, যার পরিবার সম্পর্কে পশ্চিমবাংলার মানুষের শ্রদ্ধা আছে, আমরাও শ্রদ্ধা জানাই এবং দেশের বহু সংগ্রামী মানুষের

তাদের সম্পর্কে শ্রদ্ধা আছে। কিন্তু ডাঃ শিশির বোস যদি জনগণের সঙ্গে থাকতেন এবং তাদের অবস্থা বুঝতেন তাহলে এই রকম কথা বলতে পারতেন না যে পঞ্চায়েত কি করছে। পঞ্চায়েত কি করেছে সেটা তার জানবার কথা নয়। কারণ দেশের মানুষের সঙ্গে তার সম্পর্ক খুবই কম আছে। ১৯৭৮ সালে বন্যা হয়েছিল এবং তখন সবে পঞ্চায়েত নির্বাচন হয়েছিল। সেই বন্যা এবং অতি-বর্ষন ডাঃ শিশির বোসের চোখে লাগার কথা নয়, কারণ তিনি সেই সময় ঘর থেকে বের হননি। হাজার হাজার মানুষ নির্বাচিত প্রতিনিধিদের অবলম্বন করে কি ভাবে বন্যার মোকাবিলা করেছিল এবং হাজার হাজার মানুষকে রক্ষা করেছিল, এ জিনিস তিনি দেখেন নি। বন্যার সময়ে কংগ্রেসের অনেক বন্ধুরা আশা করেছিল যে এরা কলকাতায় এসে ভিখারিতে পরিণত হবে। কিন্তু দেখা গেল যে একটা মানুষও ভিক্ষার ঝুলি নিয়ে কলকাতা শহরে আসেনি। আজকে এই কৃতিত্ব কার? আজকে পশ্চিমবাংলায় পঞ্চায়েতের মাধ্যমে, প্রতিনিধিদের মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারকে ব্যবহার করে সেখানের মানুষের জীবনে একটা নূতন জাগরণের সৃষ্টি করেছিল। বন্যার কথা, বন্যার ক্ষয়-ক্ষতির কথা এখন আর মানুষের কাছে প্রধান ভূমিকা বা প্রথম ভূমিকা নয়। আপনারা জানেন যে দেশের পৌরসভাগুলির অবস্থা কি ছিল। আগে যে পৌরসভা ছিল ১০০টি, এখন হয়েছে ১১০টি। আগে পৌরসভাগুলি ছিল মৃতপ্রায়, যার সঙ্গে মানুষের কোন সম্পর্ক ছিলনা। সেখানে গুণ্ডা, মস্তানদের রাজত্ব ছিল। পৌরসভাগুলি কোথাও সরকারী প্রশাসনের দ্বারা, কোথাও প্রতিনিধিদের দিয়ে চলতো। আজকে সেই পৌরসভাগুলিতে প্রাণচাঞ্চল্য দেখা দিয়েছে। আজকে আমরা দেখছি যে পৌরসভাগুলিতে উন্নয়ন মূলক কাজ হচ্ছে। আগেও পৌরসভাগুলিতে রাজ্যসরকার টাকা দিয়েছেন যদিও তারা সেটা উপেক্ষা করেছেন কিন্তু আজকে পৌরসভাগুলি এক নুতন শক্তি নিয়ে দাঁড়িয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিদ্যুৎ নিয়ে ওরা অনেক কথা বলেছেন। আমি এই সম্পর্কে দু-একটা কথা বলতে চাই। ১লা জানুয়ারীর প্রায় সমস্ত কাগজের হেডিংয়ে আছে যে তামিলনাড়ুতে ব্যাপক বিদ্যুৎ ছাঁটাই, লক্ষ লক্ষ শ্রমিক লে অফ, ১৮০টি বৃহৎ শিল্প সংস্থা বন্ধ হওয়ার মুখে। ৯ই জানুয়ারী রাজস্থানে গভীর বিদ্যুৎ সঙ্কটে কবলিত। কোটার পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ২টি ইউনিট বন্ধের ফলে সিমেন্ট, তামা, জিঙ্ক প্রভৃতি সহ সমস্ত ভারী সরকারী এবং বেসরকারী সংস্থা বন্ধ করে দিতে হয়েছে। ১০ই জানুয়ারী বলছে, হরিয়ানা, উড়িষ্যা এবং রাজস্থানে গভীর বিদুৎ সঙ্কটের কবলে। ১০ই জানুয়ারী মধ্য রাত্রি থেকে রৌরকেল্লার সমস্ত ইস্পাত প্রকল্প সহ সমস্ত কারখানার ৫৪ শতাংশ বিদ্যুৎ ছাঁটাই। এই পরিস্থিতি আপাততঃ মার্চের আগে মেটার সম্ভবনা নাই। কৃষি ক্ষেত্রও এর হাত থেকে রেহাই পাচ্ছে না।

আমি এই কথা বলতে চাই যে এখানে বিদ্যুৎ সঙ্কট নিশ্চয়ই আছে। কিন্তু এর জন্য দায়ী কারা? আর বিদ্যুৎ সঙ্কট রুখবার জন্য আমাদের রাজ্য সরকার কি কি প্রকল্প নিয়েছে এবং কি ভাবে মোকাবিলা করছেন, সে কথা তারা বলছেন না। তারা যদি বলতেন যে এই এই কাজগুলি করতে হবে বা এটা করা উচিত তাহলেও তাদের বক্তব্য বোঝা যেত। আমি বলবো যে এই বিদ্যুৎ সঙ্কটের জন্য তারাই দায়ী। আজকে যেসব কর্মসূচী নিয়ে এই সঙ্কটের মোকাবিলা করার

চেষ্টা হচ্ছে, সেগুলি বিচার না করে তারা খালি সমালোচনা করেই খালাস। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে আবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-20—4-30 P.M.]

**শ্রীপ্রবোধ পুরকাইত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে রাজ্যপাল যে-ভাষণ উপস্থিত করেছেন সেভাষণে আমি দেখলাম যে, বামফ্রন্ট সরকারের নীতি ও কাজের জন্য বিগত কয়েক বছর ধরে সারা পশ্চিমবংগে যে চূড়ান্ত অর্থনৈতিক সংকট সৃষ্টি হয়েছে এবং যার অনিবার্য পরিণতি হিসাবে জনজীবনের দুর্দশা থেকে আইন-শৃংখলার সংকটময় পরিস্থিতির উদ্ভব হয়েছে তা ঢাকবার একটা ব্যর্থ প্রয়াস রাজ্যপাল চালিয়েছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বার বার বলেছেন যে, পশ্চিমবঙ্গে অভূতপূর্ব খরা হয়েছে। আমরা জানি খরা হয়েছে, পশ্চিমবঙ্গের ১৩টি জেলা সাংঘাতিকভাবে ক্ষতিগ্রস্ত। খরাপীড়িত মানুষেরা আজকে চূড়ান্ত দুর্দশার মধ্যে দিন কাটাচ্ছে। আজকে এই পরিস্থিতিতে গ্রামবাংলার সাধারণ মানুষের কোন কাজ নেই। আজকে গ্রামের সাধারণ মানুষের কণ্ঠে একটাই মাত্র কথা, 'খাদ্য চাই, কাজ চাই,। গ্রামে আজকে এই স্লোগান উঠেছে। অথচ আজকে এই খরা পরিস্থিতি সম্পর্কে বামফ্রন্ট সরকার সম্পূর্ণ উদাসীন। কারণ একটা সরকরে যখন ক্ষমতায় আছেন তখন এই খরা পরিস্থিতি সম্পর্কে তাঁদের পূর্বাহ্নেই ওয়াকিবহাল থাকা উচিত ছিল। কিন্তু বামফ্রন্ট সরকার পূর্বাহ্নেই তাঁদের কোন দায়িত্বই পালন করেননি। তাঁরা কেবল মাত্র কতগুলি বিবৃতি দিয়েছেন। মুখ্যমন্ত্রী বলেছেন, 'আমরা দেশের একটিও মানুষকে না খেয়ে মরতে দেব না।' কিন্তু আমাদের প্রশ্ন হচ্ছে এই অভূতপূর্ব খরাকে মোকাবিলা করার জন্য বামফ্রন্ট সরকার আগে থাকতে কি ব্যবস্থা গ্রহণ করেছিলেন ? কারণ খরা যে হতে পারে এরকম পূর্বাভাস এক বছর আগে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বিজ্ঞানীরা দিয়েছিলেন। সুতরাং সে অবস্থায় সরকার যদি আগে থাকতে গ্রামের খাল-বিলগুলি সংস্কারের ব্যবস্থা করতেন, গভীর নলকূপ এবং অগভীয় নলকূপের ব্যবস্থা করতেন তাহলে এই খরার হাত থেকে মানুষকে অনেকখানি বাঁচাতে পারতেন। কিন্তু আমরা আশ্চর্য হয়ে দেখলাম সরকার ক্ষুদ্র সেচ প্রকল্পের জন্য যে টাকা বরাদ্দ ছিল সে টাকা কেটে নিয়ে অন্য জায়গায় ব্যয় করলেন।

একটা দায়িত্বশীল সরকারকে খাদ্য সংকট মোকাবিলা করবার জন্য তার যে-প্রচেষ্টা তাকে সাহায্য করত, এই সরকার সেই কাজ না করে টাকার অপব্যয় করলেন। ফল হিসাবে আজকে খাদ্য সংকট চূড়ান্ত-রূপ নিয়েছে। রেশন ব্যবস্থা ভেঙে পড়েছে, আর এই সরকার বলছেন, কেন্দ্রীয় সরকার সরবরাহ করছে না, তাই আমরা দিতে পারছি না।' অপর দিকে রেশনে জিনেষের দাম বাড়িয়ে দিচ্ছেন, অজুহাত দিচ্ছেন, 'কেন্দ্রীয় সরকার যদি দাম বাড়ায়, তাহলে আমরা কি করতে পারি।

কিন্তু আজকে প্রশ্নটা হচ্ছে, পশ্চিমবংগের মধ্যে যে খাদ্য উতপন্ন হয় সেই উৎপন্ন ফসলের উদ্বৃত্ত অংশ সংগ্রহ করবার কি ব্যবস্থা এই সরকার গ্রহণ করেছেন? বিগত ৬ বছর ধরে বামফ্রন্ট সরকারের কোন খাদ্য সংগ্রহ নীতি ছিল না। বছরে কত খাদ্য সংগ্রহ করবেন, সেবিষয়ে তাঁদের কোন লক্ষ্য—মাত্রা ছিল না। রাজনীতির ভাষায় তাঁরা বলেন যে, এটা একটা পুঁজিবাদী রাষ্ট্র, এখানে সমস্ত জমি জোতদারদের দখলে। তাহলে প্রশ্ন হচ্ছে বিগত ৬ বছর এই বামফ্রন্ট সরকার সেই জোতদারদের কাছ থেকে উদ্বৃত্ত ফসল কেন সংগ্রহ করেননি? আজকে এই প্রশ্নটা বিবেচনা করতে হবে। বামফ্রন্ট সরকার বামপন্থী দৃষ্টিভংগী নিয়ে কথা বলেন, অথচ তাঁদেরই কোন খাদ্য নীতি নেই। ৬ বছর ধরে তাঁরা বড় চাষীদের কাছ থেকে, জোতদারদের কাছ থেকে উদ্বৃত্ত খাদ্য শস্য সংগ্রহ করেননি। এমন কি চাল-কলের মালিকদের কাছ থেকেও চালের লেভি সংগ্রহ করেননি। আমাদের আশা ছিল পশ্চিমবংগে যে উদ্বৃত্ত খাদ্য শস্য হয় সেই উদ্বৃত্ত খাদ্য শস্য সরকার মজুত করবেন এবং সংকটের সময়ে সেই উদ্বৃত্ত অংশ থেকে দেশের মানুষদের খাওয়াবেন। তার পরেও যেটা ঘাটতি হবে, সেটা কেন্দ্রীয় সরকার দিতে বাধ্য হবেন। কেন্দ্রীয় সরকার না দিলে বামফ্রন্ট সরকার কেন্দ্রের কাছে চাপ সৃষ্টি করে আদায় করবেন। কেন্দ্রীয় সরকার যদি তাঁদের দায়িত্ব না পালন করেন তাহলে বামফ্রন্ট সরকার দেশের জনসাধারণকে নিয়ে তাঁদের বিরুদ্ধে শক্তিশালী আন্দোলন গড়ে তুলবেন তাঁদের ওপর চাপ সৃষ্টি করার। এই দুটো জিনিষ আমরা এই সরকারের কাছে আশা করেছিলাম।

এই দুটি দিক হলেও এই ৬ বছর ধরে সেই কাজ করেনি। অপরদিকে আমরা দেখছি রেশনের যে ব্যবস্থা এই ব্যবস্থা সম্পর্কে আমরা দীর্ঘদিন ধরে দাবী করছি যে, মাথাপিছু রেশন কার্ড সরবরাহ করা দরকার। সম্প্রতি খাদ্য দপ্তর থেকে নির্দেশ দিয়েছেন। কিন্তু বিগত ৬ বছর ধরে কি দেখেছি? কোন নতুন রেশন কার্ড দেওয়া হয়নি। বহু আগে রেশন কার্ড দেওয়া হয়েছিল কিন্তু পরিবারের লোক সংখ্যা যে বেড়ে গেছে আবার কোন জায়গায় পরিবার ভেঙ্গে গেছে সেইসব জায়গায় সে নতুন রেশন কার্ড দেওয়া দরকার তা দিচ্ছে না। অপর দিকে যারা ডিলার আমি তো মনে করি এই সমস্ত ডিলাররা জনসাধারণের শত্রু, জনসাধারণের মুখের খাদ্য কেড়ে নিয়ে চোরাবাজারে বিক্রি করে প্রচুর অর্থ লাভ করে। সেইসব ডিলারদের নিয়ন্ত্রণ করবার জন্য বামফ্রন্ট সরকার দীর্ঘ ৬ বছর ধরে কোন ব্যবস্থা গ্রহণ করেননি। মানুষের এই অনাহারের জন্য এই সরকারের নীতিই দায়ী। এ ছাড়া বিদ্যুতের সংকট আমরা দেখছি। একদিকে সরকার বছরের পর বছর করের বোঝা জনসাধারণের ঘাড়ে চাপিয়ে দিচ্ছে এবং খরা পরিস্থিতিতে যখন দেশের মানুষ খেতে পাচ্ছে না, আর্ত চিৎকার করছে সেই সময়ে বিদ্যুতের অভাবে ডীপ টিউবওয়েলগুলি এবং শ্যালো টিউবওয়েলগুলি অচল হয়ে পড়ে আছে। বিদ্যুতের অভাবে একদিকে সারা রাজ্যে অন্ধকার নেমে এসেছে অপরদিকে বামফ্রন্ট সরকার বিদ্যুতের দাম বাড়িয়ে চলেছে। সর্বত্র এই সংকট গত ৬ বছর ধরে চলেছে। এখানে সরকার পক্ষের অনেক সদস্য বারবার বলেছেন বিদ্যুত সংকটের জন্য কংগ্রেস সরকার দায়ী। কথাটা ঠিকই কংগ্রেস

দীর্ঘদিন ধরে পশ্চিমবাংলায় ছিল এবং কেন্দ্রে এখনও আছে। তারা কোন রকম ব্যবস্থা গ্রহণ করেনি। কিন্তু আপনারা তো দীর্ঘ ৬ বছর ধরে ক্ষমতায় আছেন। এই ৬ বছর ধরে ক্ষমতায় থেকে বিদ্যুত সংকটের কতখানি মোকাবিলা করেছেন সেটাই আজকে আমার প্রশ্ন? বিগত সরকার কি করলো না করলো সেই কাসুন্দি গাইবার সময় নয়, এই যে ৬ বছর অতিক্রম হতে চলেছে এই ৬ বছরে বিদ্যুৎ সমস্যার সমাধান করবার জন্য কোন সুনির্দিষ্ট পদক্ষেপ আপনারা গ্রহণ করতে পারেন নি। হাসপাতালগুলিতে গেলে দেখা যাবে, বিদ্যুতের অভাবের জন্য যে সমস্ত ওষুধ-পত্রগুলি আছে সেগুলি নষ্ট হয়ে যাচ্ছে। অপারেশন কেস বন্ধ আছে। ছোট ছোট কলকারখানাগুলি বিদ্যুতের অভাবে লালবাতি জ্বালিয়েছে। এই অবস্থা আমরা দেখছি। অপরদিকে পরিবহন ব্যবস্থা নিয়ে গুরুতর প্রশ্ন দেখা দিয়েছে। বাসমালিকদের সুবিধার জন্য সাধারণ মানুষের উপর টিকিটের দাম বৃদ্ধি করেছেন, ৩০ পয়সার জায়গায় ৪০ পয়সা করেছেন। আপনারা ক্ষমতায় আসার পর দুবার বাসের ভাড়া বাড়িয়েছেন। আর এবার বাড়াচ্ছেন বলে সিদ্ধান্ত নিয়েছেন। এই সিদ্ধান্ত গ্রহণ করা কি অনিবার্য ছিল? আমি মনে করি ভাড়া বৃদ্ধি অনিবার্য ছিল না। যদি আপনারা এই পরিবহনে যে দুর্নীতিগুলি আছে সেই দুর্নীতিগুলিকে বন্ধ করবার চেষ্টা করতেন তাহলে ভাড়া বৃদ্ধি অনিবার্য ছিল না। দেখতে পাচ্ছি, লক্ষ লক্ষ টাকা, কোটি টাকার বাসের যন্ত্রপাতিগুলি দীর্ঘদিন ধরে পড়ে থাকার দরুন নষ্ট হয়ে যাচ্ছে এবং সেগুলি লোহার দামে বিক্রি করতে হচ্ছে। সরকারী বাসগুলি দীর্ঘদিন ব্রেক-ডাউন হয়ে পড়ে থাকছে। এই সমস্ত অব্যবস্থার দরুন আজকে ভাড়া বৃদ্ধি করতে হচ্ছে। আপনারা কি মানুষকে গ্যারাণ্টি দিতে পারবেন, বাসে মানুষ বেশী সুযোগ সুবিধা পাবে কি সরকারী ক্ষেত্রে, কি বেসরকারী বাসের ক্ষেত্রে? আজকে আপনারা বিশ্ব ব্যাঙ্কের শর্তের কাছে মাথা নত করেছেন। এদিকে কেন্দ্রীয় সরকার যে সমস্ত শর্ত গ্রহণ করে ঋণ গ্রহণ করছে আপনারা তার সমালোচনা করছেন।

[4-30—4-40 P.M.]

অপরদিকে সাম্রাজ্যবাদী শক্তি বিশ্বব্যাঙ্ক, সেই বিশ্বব্যাঙ্কের নির্দেশ অনুসারে, তাদের শর্ত অনুসারে বাসের ভাড়া বাড়িয়ে দিয়েছেন। বাসের মালিকের স্বার্থে বর্ধিত বাসের ভাড়া জনসাধারণের উপর চাপিয়েছেন। বাসের ভাড়া বাড়ানোর কোন অনিবার্য কারণ তো ছিল না। এখন আপনারা ক্ষমতায় রয়েছেন, কংগ্রেসের সময়ে যখন এক পয়সা ট্রাম, বাসের ভাড়া বাড়ানোর প্রস্তাব গ্রহণ করা হয়েছিল তখন আপনারা এবং আমরা একযোগে জনসাধারণের সহযোগিতা নিয়ে তখনকার সরকারের বিরুদ্ধে, কংগ্রেসের বিরুদ্ধে আন্দোলন করেছিলাম। তখন জোতিবাবু বলেছিলেন এক পয়সা ট্রাম ভাড়া বাড়ছে, সেটা কার পকেট থেকে যাচ্ছে?' এটা বিচারের প্রশ্ন। আজকের দিনেও সেই একই প্রশ্ন আছে। আজকে আমি বলব যে আপনারা বাস মালিকদের কাছে মাথা বিকিয়ে দিচ্ছেন, জনসাধারণের স্বার্থের কথা ভাবছেন না। অথচ,

আপনারা কথায় কথায় বলেন যে আমরা জনগণের সরকার, জনগণের রায়ে আমরা নির্বাচিত হয়েছি। কেরালায় আপনাদের দল এবং কংগ্রেসের যে ফ্রন্ট সরকার তারা বাস ভাড়া বৃদ্ধির প্রস্তাব যখন নেয় আপনারা তার বিরোধিতা করেছেন, কিন্তু আজকে এখানে বসে বাস মালিকদের স্বার্থে জনসাধারণের উপর বাস ভাড়া চাপাচ্ছে। এই রকম দুমুখো নীতি নিয়ে আপনারা চলছেন। একদিকে বিশ্বব্যাঙ্কের শর্তাধীনে টাকা নিয়েছেন অপরদিকে কেন্দ্রের সমালোচনা করছেন।

উদ্বাস্তু সমস্যা সমাধানের জন্য দীর্ঘদিন ধরে একযোগে লড়াই করা হয়েছিল, উদ্বাস্তুরা যে কলোনীগুলিতে জবর দখল করে বসেছিল তাদের সেখানে স্থায়ী সত্ব দেবার জন্য দীর্ঘদিন ধরে চেষ্টা করা হয়েছে, কিন্তু আজকে বামফ্রন্ট সরকার তাদের শর্তাধীনে লীজ দিচ্ছেন, এবং উদ্বাস্তু কলোনীর উন্নয়নের নাম করে ঠিকাদারী প্রজাদের উচ্ছেদ করবার ষড়যন্ত্র করছেন। স্বাস্থ্যের কথা নিয়ে কিছু বলতে চাই, এই সরকার পশ্চিমবঙ্গে ৬ বছর ধরে ক্ষমতায় রয়েছেন, হাসপাতালগুলির অবস্থা কি? হাসপাতালগুলির দিকে তাকিয়ে দেখুন, বিশেষ করে গ্রামাঞ্চলের হাসপাতাল সেখানে আরও দুরবস্থা চলছে, সেখানকার ঘরগুলি খোলা, ডাক্তার নেই, ডাক্তার আছে তো কম্পাউণ্ডার নেই সিট যদিও আছে সেখানে রোগী নেই, রোগীর বদলে সেখানে সিটের উপর কুকুর শুয়ে থাকে। এই হচ্ছে বাস্তব দৃশ্য। এই সব বাস্তব পরিস্থিতির কথা রাজ্যপালের-ভাষণের মধ্যে নেই। রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে পশ্চিমবংগের যে অর্থনৈতিক দুরবস্থা, যে অর্থনৈতিক সংকট চলছে তা উপস্থিত করেন নি, আপনারা সেগুলি ঢাকবার চেষ্টা করেছেন।

ব্যর্থ প্রয়াস রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে করেছেন। প্রশাসন এবং আইনশৃংখলা সম্বন্ধে বলতে গিয়ে আপনারা অন্য রাজ্যের সংগে তুলনা করেছেন, অন্য রাজ্যে পুলিশ অত্যাচার করছে, নারী ধর্ষণ করছে, সাম্প্রদায়িক দাঙ্গা হয়েছে এইভাবে বলবার এই বলবার চেষ্টা করেছেন, অন্য রাজ্য থেকে কোন ঘটনা বেশী হল কি কম হল সেটা কথা নয়, পশ্চিমবঙ্গে আইন শৃংখলা ভাল না মন্দ এটাই বিচার্য প্রশ্ন। আজকে পুলিশকে প্রশাসনের দিকে না রেখে তাদের দলীয় স্বার্থে ব্যবহার করছেন। পুলিশ কি করে নিরাপত্তা রক্ষা করবে, আজকে তিলজলায় ও. সি. কে খুন করা হল, বারুইপুর টংতলার সাব ইনস্পেকটারকে আহত করা হল, সোনারপুর, ভাঙড়ে খুন হল, নারী ধর্ষণ হচ্ছে। খুনের মামলার সাক্ষী উপস্থিত করতে পারছে না। সেখানে আসামী কোর্টের উপর সাক্ষীদের থ্রেট করছে, হাকিম, বিচারক সাক্ষীর অভাবে বেকসুর খালাস করে দিচ্ছে, এই হচ্ছে বাস্তব চিত্র। অপর দিকে জেলের পরিস্থিতি কি? বার বার সেই দমদম জেলের 'চিত্র উপস্থিত হচ্ছে। দমদম জেলে কি হয়েছিল? মাননীয় অধ্যক্ষ মহাশয় ব্যাপারটির সাবজুডিস ব্যাখ্যা করে উত্থাপন করতে দেননি। কারা ব্যবস্থার উন্নতি করা হয়েছে বলেছেন, পরিচালন ব্যবস্থা সুষ্ঠু করেছেন। সেখানে কি দেখা যাচ্ছে? উন্মাদ রোগগ্রস্ত যে সমস্ত বন্দী রয়েছেন তাদের উপর অমানবিক আচরণ করা হচ্ছে। তারা উলঙ্গ

অবস্থায় পড়ে আছে, অত্যন্ত নোংরা পাত্রে তাদের খাবার সরবরাহ করা হচ্ছে, খবরটা খবরের কাগজে প্রকাশিত হয়েছে, আপনারা তার বিরোধিতা করেছেন।

এখানে মাননীয় সদস্যরা বলছেন এটা মিথ্যা অপপ্রচার যদি সংবাদপত্রে বের হয় তখন বলবেন সংবাদ রচনা করা হচ্ছে। কি পশ্চিমবঙ্গের চিত্র আমরা কি দেখছি? এখানে একটি সরকার, বামপন্থী দৃষ্টিভঙ্গীর সরকার ছয় বছর ধরে চলছে। গ্রামীন মানুষের উন্নতি করাই হচ্ছে এঁদের লক্ষ্য। সুতরাং সরকার কতখানি কাজ করেছেন, সমস্যা সমাধানের জন্য এই সরকার কি প্রয়াস নিয়েছেন এবং যে নীতির দ্বারা তা কার্যকরী করতে চাইছেন এবং তার দ্বারা সমস্যা সমাধান কতখানি করতে পেরেছেন এটাই মূল কথা। কিন্তু এ সম্বন্ধে যদি আমরা দেখি, পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার থাকাকালীন মানুষের অভাব বেড়েছে গ্রামাঞ্চলের মানুষের কাজের অভাব বেড়েছে—এই হচ্ছে পশ্চিমবাংলার পরিস্থিতি। আর আপনারা বলছেন পশ্চিমবাংলার পরিস্থিতি অত্যন্ত সুন্দর। অর্থনৈতিক একটা সঙ্কটের ফলে প্রশাসন দুর্নীতিগ্রস্ত হয়ে পড়েছে। আপনারা প্রশাসনকে হীন দলীয় কাজে ব্যবহার করছেন, বিরোধী দলের প্রতি খারাপ ব্যবহার করছেন—এটাই হচ্ছে পশ্চিমবাংলার ঘটনা। তাই আমি বলতে চাই মিঃ স্পীকার স্যার, মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তাতে সারা পশ্চিমবাংলার বাস্তব চিত্র উদ্‌ঘাটিত হয়নি। আমরা আশা করেছিলাম বামফ্রন্ট সরকার দীর্ঘ ছয় বছর ধরে ক্ষমতায় অধিষ্ঠিত থেকে যে নীতির মধ্যে দিয়ে কাজ করছে, যে নীতির দ্বারা জনগণের কাজ করছে তার পদ্ধতি এবং সফলতার দিকগুলি তুলে ধরে আগামী দিনে কি কাজ করতে চান তার একটা চিত্র আমরা দেখতে পাবো কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষনের মধ্যে তার কিছুই আমরা দেখতে পেলাম না। অপর দিকে মানীনয় রাজ্যপাল এখানে যে ভাষণ দিয়েছেন সেই ভাষণে শিক্ষা-ব্যবস্থা এবং শিক্ষা সংস্কৃতির কথা বলেছেন তাতে দেখতে পাচ্ছি যে এই সরকার প্রাইমারী স্তর থেকে ইংরেজী তুলে দিয়েছেন এবং অটোমেটিক প্রমোশন চালু করেছেন। এই অটোমেটিক প্রমোশনের ফলস্বরূপ, আমি দেখতে পাচ্ছি, প্রাইমারী স্কুলে কোন পরীক্ষার বালাই থাকছেনা। এর ফলে আমরা দেখতে পাচ্ছি ছেলেমেয়ের পড়াশুনার গরজ নেই, মাষ্টার মহাশয়দের পড়ানোর চাড় নেই। গ্রামাঞ্চলে যে স্কুল রয়েছে বিগত বছরগুলিতে যে সংখ্যায় ছাত্র ভর্তি হোত, আজকে দেখতে পাচ্ছি এই শিক্ষা ব্যবস্থার ফলে একটি স্কুলে তার ৪।৫ গুণ ভর্তি হচ্ছে, এর কারণ স্কুলে পরীক্ষা নেই, ক্লাসে তুলে দেওয়া হচ্ছে বলে। এর ফলে দিনের প্রজন্মে বুদ্ধিহীনতা বাড়বে এবং মানবিক মূল্যবোধের অভাব সৃষ্টি হবে। আপনারা ইতিহাস বিকৃত করে ছাত্রদের পড়াবার ব্যবস্থা করেছেন। শাসক দলের এক মাননীয় সদস্য আপনাদের এই শিক্ষাব্যবস্থার নমুনা তুলে ধরে তিনি বললেন। তিনি বললেন যে জুনিয়ার হাই স্কুলের পঞ্চম ও ষষ্ঠশ্রেণীর জন্য সরকার অনুমোদিত দুটি পাঠ্যপুস্তক কেবলমাত্র একটি পাতা পরিবর্তন করে, দুটি কল্পকাহিনী জুড়ে সেটা আপনারা অনুমোদিত করে স্কুলে স্কুলে ছাত্রদের কাছে পাঠিয়েছেন। এই হচ্ছে আপনাদের শিক্ষাব্যবস্থার নমুনা।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এঁরা প্রাইমারী স্কুলহীন গ্রামে ২ লক্ষ নতুন স্কুল স্থাপনের কথা ঘোষণা করেছেন। কিন্তু এই স্কুলগুলিতে শিক্ষক নিয়োগের বিষয় নিয়ে, আমরা দেখতে পাচ্ছি, নিজেদের মধ্যেই ঝামেলা সৃষ্টি হচ্ছে। কুচবিহার জেলায় ফরোয়ার্ড ব্লক সি. পি.এম.-এর শিক্ষক নিয়োগ-নীতির বিরোধীতা করছে। তাই রাজ্যপাল মোহদয় যে ভাষণ দিয়েছেন আমি তার বিরোধীতা করে বক্তব্য শেষ করছি।

[4-40—4-50 P.M.]

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণ নিয়ে আজ ৪দিন ধরে এখানে আলোচনা হচ্ছে। আমি এই রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে কয়েকটা কথা বলতে চাই। আজ ৪ দিন ধরে এই বিধানসভায় যে বিতর্ক চলেছে সেই গুলি আমি মন দিয়ে শুনেছি। কিছুক্ষণ আগে মাননীয় সদস্য যে বক্তব্য রাখলেন এবং যে ধরনের সমালোচনা করলেন এবং কয়েক দিন ধরে বিরোধী পক্ষের সদস্যরা যে বক্তব্যগুলি রেখেছেন তাও আমি শুনেছি। একটা কথা আমি বলি যে বামফ্রন্ট সরকার যে সময় কর্মসূচী গুলি নিয়েছে এবং এ পর্যন্ত যতগুলি কাজ করতে পেরেছে তা এই ভাষণের মধ্যে লিপিবদ্ধ আছে। আমরা এই কথা নিশ্চই বলিনি যে এই মুহূর্তে দেশের সমস্ত সমস্যার সমাধান কর,ত পেরেছি। কারণ আমরা জানি যে কোন ভারতবর্ষে আমরা বাস করছি। পশ্চিমবাংলা নিশ্চই ভারতবর্ষের কোন বাইরের রাজ্য নয়। আজ এখানে মাননীয় সদস্য শিশিরবাবু নেই, তিনি যে নেতাজীর উদ্ধৃতি দিয়ে বক্তব্য রেখেছেন তাও আমি শুনেছি। আমি তাঁকে জিজ্ঞাসা করি তিনি যে দলের সদস্য হয়ে বসে আছেন সেই দল নেতাজী সুভাষ বোসকে বিতাড়িত করেছেন। আজকে ভারতবর্ষের এই অবস্থাব জন্য দায়ী কারা ? আজকে অর্থ নৈতিক অবস্থার কেন এতো অবনতি হলো ? আপনারা বলেছেন দেশে অর্থ নৈতিক অবস্থা বিপর্যাস্ত, বেকার সমস্যার কথা বলেছেন, আইন-শৃঙ্খলার কথা বলেছেন। হ্যাঁ, সতি কথা, আমরা পারিনি এই মুহুর্তে সমস্ত সমস্যার সমাধান করতে। একটা পুঁজিবাদী ধনতান্ত্রিক রাষ্ট্রের মাঝখানে দাঁড়িয়ে সীমিত ক্ষমতার মধ্যে থেকে এতো তাড়াতাড়ি সমস্যার সমাধান করা সম্ভব নয়। তবে সমস্ত সমস্যার ব্যাপারে আমাদের বৈপ্লবিক চিন্তাধারা রয়েছে। স্যার, আপনি জানেন যে আমরা নির্বাচনের মাধ্যমে এখানে এসেছি। কোন সমাজ ব্যবস্থা মধ্যে দিয়ে, কোন পরিস্থিতির মধ্যে দিয়ে, কোন রাজনৈতিক পরিস্থিতির মধ্যে দিয়ে আমরা এখানে এসেছি তা আমরা জানি। আমরা জানি তখন কি ধরনের শোষন হত, কি ধরনের পুঁজিবাদী ধনতান্ত্রিক শোষণ ব্যবস্থা ছিল। আজকে সমস্ত ভারত বর্ষে বেকারের সংখ্যা কোথায় গিয়ে দাঁড়িয়েছে ? প্রায় ১ কোটি ৮০ লক্ষ বেকার সমস্ত ভারতবর্ষে। তার জন্য কি আমরা দায়ী ? কোন পরিস্থিতির মধ্যে দিয়ে, কোন রাজনৈতিক অবস্থার মধ্যে আজকে কোটি কোটি বেকার হচ্ছে ? নিশ্চই এটা অনুধাবন করার প্রয়োজন আছে। মাননীয় সদস্য শিশির বোস মহাশয়কে জিজ্ঞাসা করি উনি যে নজীরের কথা বলেছেন,

নেতাজী স্থভাষ বোসের যে উদ্ধৃতি তুলে দিয়েছেন সেটা কোন বই থেকে ? আমি জানিনা উনি কোন বই থেকে বলেছেন। ভারতবর্ষের ন্যাশানাল প্লানিং-এর যিনি পথপদর্শক সেই নেতাজীর প্লানিং কমিসনের বই আমার হাতে আছে এবং আমি সেটা পড়েছি। আমি জানি একদিন এই নেতাজীকে কংগ্রেস দল থেকে বিতাড়িত করা হয়েছিল। ভারতবর্ষের রাজনৈতিক ইতিহাসে এই ধরনের ঘটনাও ঘটেছে। যিনি একদিন বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করেছিলেন তাঁর প্রতি এই ব্যবহার করা হয়েছে। তিনি ন্যাশানাল প্লানিং কমিশন তৈরী করেছিলেন, তাতে ভারতবর্ষের শিল্প উন্নয়নের কথা, বেকার সমস্যা সমাধানের কথা উল্লেখ করা ছিল। সেই বিষয়ে তিনি কি বলেছিলেন সেটা আমি এখানে উল্লেখ করছি। নেতাজী স্থভাষ বোস বলেছিলেন 'আজ দেশের সামনে দুটি প্রধান সমস্যা—দাসত্ব ও দারিদ্র। জনগণের সামনে দারিদ্রের চেয়ে বড়ো সমস্যা আর নেই। পরাধীন হবার পর থেকে প্রতিদিন অবস্থা মন্দতর হয়েছে। দাসত্ব-শৃঙ্খল ছিঁড়তে হবে, তার স্থানে স্বাধীনতার নতুন ভিত্তি গড়ে তুলতে হবে।'

আজকে দেশকে বিভক্ত করা হয়েছে সাম্রাজ্যবাদের চক্রান্তে। আজকে আইন শৃঙ্খলার প্রশ্নে বলি পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা নিশ্চয়ই খুব সন্তোষজনক অবস্থায় নেই। তার কারণ কি ? তার কারণ হচ্ছে অর্থ নৈতিক অবস্থা, তার কারণ হচ্ছে হতাশা, তার কারণ হচ্ছে ব্যর্থতার যন্ত্রণা মানুষের মধ্যে। এবং এই সমাজতান্ত্রিক ভারতবর্ষকে দ্বিখণ্ডিত করা হয়েছে। এই দ্বিখণ্ডের কারণ হিসাবে ফলশ্রুতি হচ্ছে আসাম এবং তার ফলশ্রুস্থ হিসাবে আরো অন্যান্য রাজ্য সংগঠিত হচ্ছে। তারজন্য কি আমরা দায়ী ? আজকে কারা ভারতবর্ষকে ভাগ করেছিলেন ? আজকে তারাই সামাজতন্ত্রের কথা জোড় করে বলেন। এখানে যারা সমাজতান্ত্রিকে ভারতবর্ষকে ভাগ করলেন, যারা বিচ্ছিন্নতাবাদী আন্দোলনকে সমর্থন জানালেন তাদেরই মদতে আজকে বিচ্ছিন্নতাবাদ মাথা চারা দিয়ে উঠেছে। আজকে লক্ষ লক্ষ মানুষ এই পাড়ে উদ্বাস্তু হয়ে ঘুরে বেড়াচ্ছে। ওদের দিকে চেয়ে দেখুন। আসামে আজ কি নির্মম অবস্থা। আমি কুচবিহারের মানুষ সেখানে আমি জানি দলে দলে মানুষ কুচবিহারের ষ্টেশানে এসে হাজির হচ্ছে। নারী-পুরুষ-শিশু সমেত সব এসে হাজির হচ্ছে। তারা যা মর্মান্তিক কথা বলছেন আমরা তা কল্পনা করতে পারি না। আপনারা আমাদের সমালোচনা করছেন। আমাদের কংগ্রেসী বন্ধুরা আমাদের যে সমালোচনা করছেন তারা কি জানেন না আসামে যে ঘটনা ঘটেছে তারজন্য দায়ী কে ?—আপনাদের। আমাদের ভাইবোন, আত্মজ, আত্মীয়স্বজনরা সেখানে নৃশংসভাবে হত্যা হয়েছে এবং এরজন্য দায়ী যদি কেউ হয়ে থাকে তো আপনারা তা হবেন অথচ তার বিরুদ্ধে আপনারা সোচ্চার হচ্ছেন না, তার বিরুদ্ধে কোন আন্দোলন সৃষ্টি করছেন না। এই কথা বলতে গিয়ে শিশিরবাবুর কথা মনে পড়লো, তিনি থাকলে ভালো হোত। তাঁকে আবার স্মরণ করিয়ে দিতাম যে আপনার বেঞ্চ থেকে বসে নেতাজীর নাম উচ্চারণ করা খুব দুঃখজনক ব্যাপার। নেতাজী স্থভাষচন্দ্র বোস ভারতবর্ষের আগামীদিনের জন্য ইঙ্গিত করতে গিয়ে বলেছিলেন স্বাধীন ভারতবর্ষ সম্পর্কে তিনি উল্লেখ করেছিলেন ভারতবর্ষ যদি ভাগ হয় এবং আজাদ হিন্দ সংগ্রামে তিনি

বলেছিলেন ভারতবর্ষের আগামীদিনের সমস্যা হবে জনসংখ্যা এবং ভূমি ব্যবস্থা, শিল্পনীতি এবং দারিদ্রতাই হবে আগামী দিনের সমস্যা। এই সমস্যাগুলি যদি দূর না করা যায় তাহলে কোন সমস্যার সমাধান হবে না। তাহলে কোন দিন সমাজতান্ত্রিক রাষ্ট্রে ভারতবর্ষ পরিণত হবে না। তাঁর এই পরিকল্পনাগুলি এই বইগুলিতে আছে। এইগুলি শিশির বাবু তুলে ধরতে পারলেন না কিন্তু কোথা থেকে তিনি উদ্ধৃতি দিলেন আমি জানিনা। আমি খুবই দুঃখিত যে তিনি ইতিহাস কিছু পড়লেন না অথচ একটা বক্তৃতা রেখে গেলেন। আজকে ভারতবর্ষের যন্ত্রণার কথা ভাবুন, আজকে শিক্ষা, দারিদ্রতা যে কোন সমস্যার কথা আজকে ভাবুন। তার জন্য যারা দায়ী ছিলেন, যারা সেদিন নেতাজীকে কংগ্রেস থেকে এবং ভারতবর্ষের মাটি থেকে বিতাড়িত করে ছিলেন তারাই আজকে ও বেঞ্চ থেকে দাঁড়িয়ে নেতাজীর নাম উল্লেখ করছেন এটা অত্যন্ত দুঃখজনক বলে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই আজকে কেন্দ্র রাজ্য সম্পর্কে প্রশ্ন এসেছে—সেক্ষেত্রে আমি বলতে চাই আপনারা বলবেন যে রাজ্যগুলিকে মিউনিসিপ্যালিটির মত করে রেখে দিতে হবে। তাই যদি রাখা হয় তাহলে যে সমস্যাগুলি রয়েছে সেগুলির সমাধান আমরা কোথা থেকে করবো? তাতে কিছু অর্থনৈতিক সমস্যা আছে। এখানকার ট্যাক্স কেন্দ্রের কাছে জমা আছে আর রাজ্যগুলি তার সমস্যার সমাধান করবে। তা হতে পারে না এবং তা হওয়া সম্ভব নয়। এটাই প্রত্যেকের জানা উচিত যে এবং সেক্ষেত্রে আমরা বলি না যে এই মুহূর্তে সব সমস্যার করতে পেরেছি, কিছুটা সমস্যার সমাধান করতে পেরেছি। আমরা যে সব সমস্যার সমাধান করতে পেরেছি তা নেতাজীর বইয়ের মধ্যে রয়েছে। তিনি ভূমি সংস্কার সম্পর্কে যা বলেছিলেন তা আমাদের বামফ্রন্ট সরকার সেই ব্যাপারে যে বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন আমি তার জন্য তাঁদের অভিনন্দন জানাই। প্রথমে ১১·৯৮ লক্ষ বর্গাদারের নাম এতে রেকর্ডভুক্ত করা হয়েছে সাড়ে ৬৭ লক্ষ ভূমিহীনের নাম তাতে দেওয়া আছে। এই বইটির মধ্যে তা লেখা রয়েছে। সুতরাং আমাদের সমাজতান্ত্রিক ব্যবস্থার মধ্যে সমাজতন্ত্রকে প্রতিষ্ঠা করার জন্য আমাদের লড়াই করতে হবে। আজকে দেশের যারা সবচেয়ে বেশী অবহেলিত শ্রেণী সেই শতকরা ৭০ ভাগ মানুষ গ্রামবাংলায় বাস করে।

[4-50—5-00 P. M.]

তারা অবহেলিত, উপেক্ষিত, দুঃখ কষ্টে জর্জরিত এবং জমিদার জোতদারদের শোষণে নিঃশেষিত। কেন্দ্রে তাদের সম্পর্কে কোন চিন্তা ভাবনা করা হয়নি। বৃটিশ সাম্রাজ্যবাদ যখন ক্ষমতা তুলে দিয়ে যায় তখন যে সংবিধান তৈরী হয়েছিল তখন তার মধ্য দিয়ে ধনী, বড় লেকেদের স্বার্থ দেখা হয়েছিল। তাই গরিব, মেহনতী মানুষ, বর্গাদারদের কথা কোথাও লেখা হয়নি। আমাদের সরকার এই সংবিধানের মধ্যে থেকে যেসব পদক্ষেপ নিয়েছেন তার জন্য তাঁদের অভিনন্দন জানাচ্ছি। আমি বলছি না আমরা সমস্ত সমস্যার সমাধান করেছি। কিন্তু সমস্যা সমাধানের জন্য দৃড়ভাবে যেসব পদক্ষেপ নিয়েছেন সরকার তার জন্য তাঁরা অভিনন্দন যোগ্য। আমাদের

দেশ কৃষি প্রধান দেশ। এখানে বেকার সমস্যাও খুব বেশি। আমরা জানি কয়েকটা অফিসে, স্কুলে চাকরী দিয়ে বেকার সমস্যা সমাধান হয়না। বেকার সমস্যার সমাধান হয় একটা সমাজতান্ত্রিক রাষ্ট্রে যেখানে ব্যক্তিগত মালিকানায় শিল্প হয় না। সেখানে রাষ্ট্রায়াত্ত শিল্পের মাধ্যমে বেকার সমস্যার সমাধান হয়। ভারতবর্ষে টাটা, বিড়লারা পুঁজি বিনিয়োগ করে মুনাফা লুটছেন, মানুষের দুঃখ কষ্ট দূর করার জন্য কিছু করছেন না। আমাদের এখানে যে শিল্প রয়েছে সেই শিল্প গড়ে তোলার ক্ষেত্রে কেন্দ্রীয় সাহায্য যদি না হয় তাহলে শিল্প হয় না। হলদিয়া পেট্রো কেমিক্যাল, সল্ট লেক. হলদিয়ায় জাহাজ মেরামতি কারখানা, কেন্দ্রীয় প্রতিরক্ষা বিষয়ক উৎপাদন কারখানার জন্য অনুমতি চাওয়া হয়েছিল, কিন্তু পাওয়া যায় নি। এর জন্য কি পশ্চিমবংগ সরকার দায়ী? কেন্দ্রে কি পশ্চিমবাংলার মানুষের জন্য কোন চিন্তা করেন না? এ বিষয়ে রাজ্য সরকারের কোন ক্ষমতা নেই। রাজ্য সরকার একটা মিউনিসিপ্যালিটির মত। তাঁদের অধিকার নেই ট্যাক্স বসাবার, শিল্প নীতি নির্ধারণ করার অধিকার তাঁদের নেই। সুতরাং শিল্পের যে অনুমতি দেয়া হয়নি এজন্য কে দায়ী? শিক্ষা সম্বন্ধে তাঁদের বিশেষ কিছু বলার নেই। বিগত ৫ বছরে ৪ হাজার ৮০০ প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হয়েছে। এর মাধ্যমে মানুষের মধ্যে যে উৎসাহ এসেছে সেটা নিশ্চয় পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের ঐতিহ্য বহন করে। নেতাজী বলেছিলেন ভারতর্ব স্বাধীন হবার পর সমাজতান্ত্রিক রাষ্ট্র গঠন করার ক্ষেত্রে প্রথম শিক্ষাও দারিদ্র দুর করার পরিকল্পনা গ্রহণ করতে হবে। কিন্তু ৩২ বছরে সেই পরিকল্পনা গ্রহণ করা হয়নি। কিন্তু এই সরকার কৃষক, শ্রমিক, মেহনতী মানুষের শিশুদের শিক্ষায় উদ্বুদ্ধ করার চেষ্টা করছেন। সবশেষে, আপনার মাধ্যমে বিরোধী দলের সদস্যরা যেভাবে এই ভাষণের বিরোধীতা করেছেন আমি তার বিরোধীতা করে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি শেষ করছি।

**Shri Neil Aloysius O'brien :** Mr. Speakr, Sir, I rise to support this Motion of Thanks to the Governor's Address. I would like to highlight, if I may, a few of the issues and to offer what I consider might be my criticism but I hope it will be constructive criticism, and you will take it in that spirit. The first point is the position of minorities in the State. Before I comment on this I think I would like to preamble as to what I consider should be the things to be recognised in minority affairs. Ours is a pluralistic society. Pluralism means continuation of the minority as a distinctive unit within the larger society and plurastic society is one in which the minorities on their part accepts political, civic institutions of the majority and are sympathetic to their basic aspirations and in return the majority tolerate and accept the distinct cultural and religious straits of the minorities,

allows them the establishment and maintenance of cultural and social institutions and enables them to participate in the apparatus of the State on the basis of equality. A seccessful set of pluralism, therefore, implies a proper balance. Conformities are essential with the diversities that are permitted. We are happy to say that this State can pride itself in the fact that communal violence which has disrupted so many parts of this country—thank God, we have been spared. It is something which goes not only to the credit of the Government but to the credit of the various diverse sections that make up the population of the State. Religion, I suppose, is to encourage spirituality and brotherly feeling and yet we see that it is also the fountain head of hatred, norrowness and meanness. At the same time in connection with the feeling of security among the minorities I would like to sound not exactly a word of caution but there is the tendency not to snarl always for certain sections of society but to climb on and bang wildly. Perhaps I have explained what I mean. Whenever there is a particularl party in power the whole lot of less desirable elements, pocketted in different parts in the State, claim in the name of the party in power, to have the support in the matter of treatment towards the minorities, to have their support in activities which are certainly not conducive to society and, therefore, the caution I make—word of friendly caution that I give to all who represent the majority party in the state—is to see that its own name is not tarnished by being used in this way by such people.

Coming now to the point of agriculture, the vagaries of nature, i.e., floods, drought, cyclone, have always come down very hard on our State and yet the villages of Bengal reflect a changing rural scene in the country, a trend which has from time to time received a check due to these nature catastrophes. There has been a sizeable expansion of minor irrigation which has allowed cultivation of more crops in dry season and expansion of H.Y.V. rice. The average consumption of per capita fertiliser has shown a steady increase. The inputs of labour per acre has nearly doubled over the last decade. Due to increaseed irrigation facilities, there have been

more double eropping and growing diversification of crops. This had not been the case in the drought situation.

[5-00—5-10 P.M.]

On education we have now free education, and what is more, certaainly at the secondary level we have examination being conducted in time and results coming out promptly. However, we must confess that in the case of higher education there should be promptness with which any examination should be held and certainly that speed is desired in the case of holding examinations by the Calcutta University. In the field of hospitals I see that new hospitals are being opened. This is very good. But what is even more important is to improve the condition the present condition in the existing hospital which has to be seen to be believed. We are happy to see that some efforts will be made to clean this up and yet one must not forget that these efforts must be pursued otherwise nothing will happen and it is in this place that one must see what is right and not be concerned with the popular opinion.

Finally, Sir, if I may speak as one of the millions of this city---'patience' is the badge of the citizens of Calcutta We have no water, we have no power, we have no oil. True, there has been great improvement in the drainage system although there are areas in different parts of the city where improvement in this respect has yet to be done and all that I can say in conclusion is that you spare a moment of thought for city and for its long suffering citizens.

Thank you, Sir.

**শ্রীখাড়া সোরেন ঃ** মাননীয় চেয়ারম্যান, স্যার, রাজ্যপাল যে ভাষণ রেখেছেন, সেই ভাষণকে পূর্ণ সমর্থন করে আমি দু'একটি কথা বলতে চাই। বিরোধীরা যে ভাবে রাজ্যপালের ভাষণের উপর বক্তব্য রেখেছেন বা বিরোধিতা করেছেন, সেই পরিপ্রেক্ষিতে আমার বক্তব্য রাখবো। আজকে বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় ক্ষমতায় আসার আগে গ্রামের মানুষের কাছে যে কর্মসূচী রেখেছিল, ক্ষমতায় আসার পরে সেই কর্মসূচী তারা সম্পূর্ণ পূরণ করতে না পারলেও বেশীর ভাগ

পূরণ করেছে। কেন্দ্রীয় সরকারের অসহযোগিতা এবং সীমিত ক্ষমতার মধ্যে থেকেও তাদের যেটুকু ক্ষমতা আছে তা প্রয়োগ করে পশ্চিমবাংলার মানুষের জন্য যে কাজ করা প্রয়োজন সেই কাজ করার চেষ্টা করেছেন। মাননীয় চেয়ারম্যান, স্যার, আপনি জানেন যে পশ্চিমবাংলার গ্রামে-গঞ্জের মানুষের শতকরা ৭০ ভাগ অশিক্ষিত এবং তারা গ্রামে থাকে। গোটা পশ্চিমবাংলা তথা ভারতবর্ষ কৃষি প্রধান দেশ এবং বিশেষ করে পশ্চিমবাংলা কৃষি প্রধান দেশ। সে জন্য পশ্চিমবঙ্গ সরকারকে সেইকৃষক মানুষদের যে দুঃখ দুর্দশা, সেই কথা স্মরণ রেখে যে কর্মসূচী বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে নেওয়া দরকার সেটা তারা গ্রহণ করেছেন।

পশ্চিমবাংলার যারা গ্রামবাংলার মানুষ, তারা দীর্ঘ কাল ধরে দেখে এসেছে, ১৯৪৭ সাল থেকে দেশ ভাগ হবার পর থেকে, স্বাধীনতা পাবার পর থেকে দেখে এসেছে যে কংগ্রেসের অপশাসনের ফলে গ্রাম বাংলার মানুষ আরও দরিদ্র হয়েছে। কংগ্রেস শাসনের ফলে লোকে জমি থেকে উচ্ছেদ হয়েছে। জনগণ লেখাপড়াতে অগ্রসর হতে পারে নি। বিভিন্ন কারণে গ্রামবাংলা ভেঙ্গে পড়েছে। সেই দিকে তাকিয়ে বামফ্রন্ট সরকার যে কর্মসূচী গ্রহণ করেছেন সেই কর্মসূচী রূপায়ণের ক্ষেত্রে গ্রামের মানুষ দেখেছে যে বামফ্রন্ট সরকার কি কাজ করে চলেছে। রাজ্যপাল সেই কথা বলার চেষ্টা করেছেন। অনেক অপূরণীয় কাজ পূরণ যেগুলি রয়েছে সেগুলি পূরণ করবার জন্য এই সরকার প্রচেষ্টা চালিয়ে চলেছে। যারা ক্ষেত-খামারে কাজ করে তাদের সম্বন্ধে এই সরকার বিশেষভাবে অবহিত আছে। সেই কারণে আমাদের এই বামফ্রন্ট সরকারকে আরও শক্তিশালী করার জন্য গ্রাম বাংলার মানুষ আমাদের পাশে এসে দাঁড়িয়েছে। বামফ্রন্টের যেসব কর্মী কাজ করে চলেছে তাদের সর্বদা সহযোগিতা করার জন্য জনগণ আজকে এগিয়ে এসেছে তাদের অভাব অভিযোগ শুনে আগামী দিনে কি কর্মসূচী হওয়া দরকার বামফ্রন্টের কর্মীরা সেটা ঠিক করেছে। মেহনতী মানুষদের জন্য আগামী দিনে কি কর্মসূচী হওয়া উচিত সেই কর্মসূচী তারা ঠিক করছে। বিরোধী পক্ষ অনেক কথা তুলেছেন। যারা জোতদার শ্রেণীর অন্তর্ভুক্ত আছেন আজকে ভয়ে তারা বিভিন্নভাবে শ্রমজীবী, ক্ষেতখামারে কাজ করে যেসব মানুষ তাদেরকে বিভিন্ন রকম বিভ্রান্তিমূলক কথা বলছে। একদিকে সাম্প্রদায়িকতার বীজ ছড়াবার চেষ্টা করছে আর একদিকে বিচ্ছিন্নতাবাদীর বীজ ছড়াবার চেষ্টা করছে। গ্রামপঞ্চায়েতের মেম্বারদের বিরুদ্ধে বিভিন্ন রকম মিথ্যা রটনা চালিয়ে যাচ্ছে। কিন্তু আজকে গ্রামের মানুষ বুঝতে শিখেছে যে তাদের অভাব অভিযোগের কথা কারা ভাবনা চিন্তা করে। বামফ্রন্টের কর্মীরা জানে যে সীমিত ক্ষমতার মধ্যে থেকে সমস্ত কিছু করা যেতে পারবে না, যতক্ষণ না পর্যন্ত ভারতবর্ষে একটা সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা গড়ে না উঠছে এবং ততক্ষণ পর্যন্ত একটা সুষ্ঠু ব্যবস্থা হতে পারে না। এবং সেই ভাবেই পঞ্চায়েতের কর্মীরা সেই রকম কর্মসূচী নিয়েছেন। এই রাজ্যে কংগ্রেস সরকার ছিল এবং অন্য রাজ্যেও আছ কিন্তু তারা মানুষকে কি কাজ দিতে পেরেছেন। গ্রাম বাংলার মানুষকে কি ব্যাপক ঋণ দেবার ব্যবস্থা করতে পেরেছেন। দিতে পারেন নি। ব্যাপকভাবে বর্গাদারকে উচ্ছেদ করেছেন। কংগ্রেস আমলে জমি ভেষ্ট হওয়া সত্ত্বেও গরীব মানুষের হাতে তারা তুলে দিতে পারে

নি। আজকে আমরা দেখছি যে বর্গাদারদের জমি থেকে উচ্ছেদ করার আন্দোলন গড়ে তুলছেন।

[5-10—5-20 P. M.]

সেটা রক্ষার স্বার্থে বামফ্রন্ট লড়ছে। এই বামফ্রন্ট সরকার শ্রমজীবী মানুষের স্বার্থে দিকে দিকে কাজ করে চলেছে। তারা বলছেন পঞ্চায়েত চুরি করছে বা পঞ্চায়েতে অনেক ত্রুটি রয়েছে। কৃষির ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যাদের ২০/৩০ বিঘা জমি ছিল দিনের পর দিন সেটা ভাঙ্গতে ভাঙ্গতে ক্রমশঃ ছোট হয়ে যাচ্ছে। ফলে তারা আজকে দিন মজুরে পরিণত হচ্ছে। পশ্চিম-বাংলায় ব্যাপক খরা দেখা দিয়েছে। এই খরার মোকাবিলা করার জন্য, ক্ষেত মজুরদের বাঁচাবার জন্য বামফ্রন্ট সরকার ব্যাপক কর্মসূচী নিয়েছেন এবং সীমিত ক্ষমতার মধ্য দিয়ে পশ্চিমবাংলার গ্রামের মানুষদের বাঁচাবার জন্য আপ্রাণ চেষ্টা করছেন। কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছেন প্রয়োজনের তুলনায় তা খুবই কম। আমাদের রাজ্য সরকার ২০৫ কোটি টাকা চেয়েছেন, কিন্তু সেই তুলনায় অনেক কম টাকা পেয়েছেন। আজকে পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষদের যেটুকু কাজ দেওয়া দরকার, টাকার অভাবে তাও দেওয়া যাচ্ছে না। আমরা মনে করি এই টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সহজে পাওয়া যাবে না। তারা আমাদের ভাতে মারার চেষ্টা করছেন। আগামী দিনে রাজ্য সরকারকে আরো শক্তিশালী করে গ্রামের মানুষের সুষ্ঠু ব্যবস্থা করার জন্য আমাদের সংগ্রাম করতে হবে কেন্দ্রের বিরুদ্ধে এবং গ্রামের মানুষের সামনে একটিই পথ খোলা আছে সেটা হল লড়াই-এর পথ। সেই লড়াই করে আমাদের সমস্ত অধিকার অর্জন করতে হবে। সেই জন্য বামফ্রন্ট সরকারকে আরো শক্তিশালী করে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছি এবং বামফ্রন্ট সরকার গ্রামের মানুষের পাশে থেকে তাদের সাহায্য করার চেষ্টা করছেন। গ্রামের শতকরা ৭০ ভাগ লোক অশিক্ষিত। এর আগে রাজ্য এবং কেন্দ্রে কংগ্রেস সরকার ছিল। তখন তারা গ্রামের মানুষের দিকে ফিরেও তাকায় নি। গ্রামের একটা স্কুলে তখন ১০/১২ জন, কি বড় জোর ২০/২৫ জন ছাত্র থাকতো। গ্রামের মানুষ খেতে পায় না, সেই কারণে স্কুল যেতে পারে না। কংগ্রেসীরা বলে, গ্রামের মানুষ শিক্ষিত হলে তাদের বাড়ীতে কাজ করার কোন চাকর পাবে না। কাজেই তাদের শিক্ষার দরকার নেই। এতদিন ধরে এই সব লোকদের তারা চাকর হিসাবে ব্যবহার করার জন্য শিক্ষাকে অবহেলিত করে রেখেছিল। আর বামফ্রন্ট সরকার শিক্ষাকে প্রসারিত করার জন্য ১২ ক্লাস পর্যন্ত অবৈতনিক করে দিল। ক্ষেত মজুর, মধ্যবিত্ত ছোট কৃষকদের ছেলেরা যাতে স্কুলে যেতে পারে সেই জন্য গ্রামে-গঞ্জে ব্যাপকভাবে স্কুল গড়ে তুলল বামফ্রন্ট সরকার। সেই স্কুলে টিফিনের ব্যবস্থাও চালু করল বামফ্রন্ট সরকার। বামফ্রন্ট সরকার গ্রামের মানুষদের সচেতন করার জন্য শিক্ষা ক্ষেত্রে এক বিরাট উদ্যোগ গ্রহণ করেছেন। বামফ্রন্ট সরকারের কর্মসূচী যেভাবে রূপায়িত হতে চলেছে সেটা দেখে তারা ভয় পাচ্ছেন এবং সেই জন্য তারা বিচ্ছিন্নতাবাদের প্রতি সুড়সুড়ি দিচ্ছেন। কিছুদিন আগে এই বিচ্ছিন্নতাবাদকে কেন্দ্র করে ঝাড়খণ্ড মুক্তি মোর্চা

বিধানসভা অভিযান করেছিল। ২৮ তারিখের চিঠির কপি আমি পড়ে শোনাচ্ছি এটা সাঁওতালি ভাষায়লেখা। (সাঁওতালি)

ঝাড়খণ্ডের নাম করে তারা সুড়সুড়ি দিচ্ছে। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার আদীবাসীদের ক্ষেত্রে 'অলচিকি' হরফকে স্বীকৃতি দিয়েছেন। ঝাড়খণ্ড বলছে 'অলচিকি'র স্বীকৃতি পেয়েছি ঠিকই কিন্তু আদিবাসীদের জন্য একটা আলাদা রাজ্য হওয়া দরকার, সেটা আমরা পাইনি। আমরা বামফ্রন্টের কর্মীরা মনে করি যে আদিবাসীদের শুধু আলাদা রাজ্য দিলেই তাদের দারিদ্র মোচন হবে না। সেখানে ধনীক শ্রেণী তাদের ধন রক্ষার্থে তাদের কাজ চালিয়ে যাবেই এবং সেখানে আমরা যাতে সংঘবদ্ধ হয়ে একই প্লাটফর্মে দাঁড়াতে না পারি সেজন্য আমাদের বিচ্ছিন্ন করার প্রচেষ্টা চালিয়ে যাবেই। আমরা বামফ্রন্ট দলের কর্মীরা বিশেষ করে আদিবাসী কর্মীরা তাই লোককে বোঝাবার চেষ্টা করছি যে আদিবাসীদের জন্য আলাদা রাজ্য করলেই তাদের দারিদ্র মোচন হবে না, আগামীদিনে দারিদ্র মোচন করতে গেলে ভারতবর্ষকে একটা সমাজতান্ত্রিক দেশ হিসাবে গড়ে তুলতে হবে। সেই ব্যবস্থা হ'লে সকলের খাওয়া-পরার ব্যবস্থা হবে। আমরা সেই ব্যবস্থাই কায়েম করতে চাই এবং সেই কারণেই আমরা ঝাড়খণ্ড আন্দোলনকে সমর্থন করি না। আজকে যারা এই আন্দোলনকে সমর্থন করে তারা বিভিন্নভাবে চক্রান্ত করছে এবং তাই এইভাবে সুড়সুড়ি দিয়ে চলেছে। স্যার, এই কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীএম. আনসারুদ্দিন ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, গত ২১ তারিখে মাননীয় রাজ্যপাল মহাশয় এই সভার সামনে যে ভাষণ রেখেছেন তাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, গত তিন দিন ধরে এখানে রাজ্যপালের ভাষণ নিয়ে বিতর্ক হচ্ছে, আজকে ৪র্থ দিন, গত তিন দিন ধরে সরকার পক্ষ এবং বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা আলোচনায় অংশ গ্রহণ করে অনেক কথা বলেছেন কাজেই স্বাভাবিক ভাবেই ৪র্থ দিনের আলোচনায় কিছু কথার পুনরাবৃত্তি ঘটবে কারণ বেশীরভাগ আলোচনা রাজ্যপালের ভাষনের উপর হয়ে গিয়েছে। স্যার, বিরোধীপক্ষে অনেক পুরাতন এবং অভিজ্ঞ বক্তা আছেন কিন্তু মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর তাঁরা যখন বক্তব্য রাখলেন আমরা দেখলাম তাঁরা গতানুগতিক পদ্ধতিতেই তাঁদের বক্তব্য রাখলেন। বিরোধীদলের সদস্য বিশেষ করে যাঁরা অনেক দিন ধরে আছেন তাঁদের কাছ থেকে আমরা সংসদীয় গণতন্ত্রের রীতি অনুযায়ী কিছু গঠনমূলক সমালোচনা আশা করেছিলাম যাতে আগামীদিনের পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের তত্বাবধানে গঠনমূলক কর্মসূচী কিভাবে রূপায়িত করা যায় সে ব্যাপারে উপদেশ থাকবে কিন্তু বিরোধীদলের কাছ থেকে সে ব্যাপারে আমরা কিছু শুনতে পেলাম না। স্যার, বামফ্রন্ট সরকার আগামী দিনে যেসব কর্মসূচী গ্রহণ করতে চলেছেন তারই উপর ভিত্তি করে মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর বক্তব্য রেখেছেন।

স্বাভাবিকভাবে মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে অনেক গঠনমূলক কর্মসূচী আমরা দেখেছি। কিন্তু তাদের আলোচনায় কি দেখা গেল? প্রথম দিন থেকে আলোচনায় অংশ গ্রহণ করে বিরোধী দলের মাননীয় সদস্যরা এবং বিরোধী দলের নেতা, আবদুস সাত্তার সাহেব অনেক কথা বলেছেন এবং শেষে তিনি বললেন যে বামফ্রন্ট সরকার দেউলিয়া খাতায় নাম লিখিয়েছে। এই দেউলিয়া কথাটায় সাত্তার সাহেবের আতংকের সৃষ্টি হয়েছে। আমিও মনে করি আমাদেরও আতংকের কারণ এই দেউলিয়া শব্দটা। কারণ শ্রীমতী ইন্দিরা গান্ধী, ভারতবর্ষের প্রধানমন্ত্রী যেভাবে গোটা ভারতবর্ষকে নিয়ে যাচ্ছেন, যেভাবে বিশ্বব্যাংক ইত্যাদি থেকে হাজার হাজার কোটি টাকা ধার করে চলেছেন, গোটা ভারতবর্ষের মান, সম্মান, ইজ্জত সবকিছু বিকিয়ে দিয়ে ভারতবর্ষের মাথা নত করিয়ে দিচ্ছেন এবং যে ভুল অর্থনীতি নিয়ে তিনি চলেছেন, সাত্তার সাহেব বিধানসভায় দাঁড়িয়ে যে কথা বলেছেন, আমিও মনে করি গোটা ভারতবর্ষে শ্রীমতী ইন্দিরা গান্ধী যেভাবে যে রাজনীতি নিয়ে চলেছেন তাতে আগামী দিনে হয়ত সাত্তর সাহেবের আতঙ্ক সত্যে পরিণত হবে এবং গোটা ভারতবর্ষ দেউলিয়া হয়ে যাবে এবং পশ্চিমবঙ্গ ভারতবর্ষের একটা অঙ্গ রাজ্য হিসাবে আমরাও স্বাভাবিকভাবে আতংকিত এবং চিন্তিত হব। আমি সাত্তার সাহেবকে বিনীতভাবে বলবো যে, শ্রীমতী ইন্দিরা গান্ধী যেভাবে চলেছেন, পশ্চিমবাংলার স্বার্থে আপনারা তার বিরুদ্ধে প্রতিবাদ করুন, এই প্রতিবাদ আপনাদের করা উচিত এবং এই সব কার্যকলাপের প্রতিরোধ করা উচিত এবং এই দায়িত্ব সর্বাগ্রে আপনাদের গ্রহণ করা উচিত। এখানে আর একজন বিরোধী দলের মাননীয় সদস্য, শ্রীপ্রবোধ পুরকায়েত মহাশয়ের বক্তব্য আমি শুনছিলাম। বিগত ৬ বছরে প্রবাধবাবুদের পার্টি এস. ইউ. সি সম্পর্কে আমাদের একটা ধারণা আছে এবং গোটা পশ্চিমবাংলার মানুষের কাছেও এস. ইউ. সি পার্টি সম্পর্কে একটা পরিষ্কার ধারণা আছে। আজকে বিধনেসভায় দাঁড়িয়ে প্রবোধবাবু যে বক্তব্য রাখলেন, আগামীদিনে যখন সংবাদপত্রে প্রবোধবাবুর বক্তব্য পশ্চিমবাংলার মানুষ দেখবেন তখন তারা আর একবার বুঝে নেবেন যে প্রবোদবাবুদের ভূমিকা পশ্চিমবাংলায় কি। তিনি রাজ্যপালের ভাষণের মধ্যে কোন গঠনমূলক কাজ দেখেন নি। তিনি বললেন যে খরার ব্যাপারে বামফ্রন্ট সরকারের কোন ভূমিকা নেই। আশ্চর্য লাগে যে পশ্চিমবাংলার মাটিতে দাঁড়িয়ে প্রবোধবাবু এই রকম কথা বলার সাহস রাখেন। পশ্চিমবাংলার সমস্ত জেলাগুলি যখন খরার আগুনে জ্বলছে তখন বামফ্রন্ট সরকার তাদের সমস্ত ক্ষমতা দিয়ে, সমস্ত শক্তি দিয়ে খরা কবলিত মানুষের পাশে এসে দাঁড়িয়েছে, প্রবোধবাবু একথা জানেন। আমাদের ত্রাণ খাতে ১৫ কোটি টাকা বরাদ্দ ছিল। আমরা সেই টাকা ছাড়াও অন্যান্য দপ্তর থেকে আরো প্রায় ৪৭ কোটি টাকা খরা কবলিত মানুষের জন্য খরচ করেছি। প্রবোদবাবু যে কথা বলেছেন, আমি তাকে এই কথা বলাবা যে, যদি অংকের হিসাব সত্য হয় তাহলে ৪৭ কোটি টাকা বামফ্রন্ট সরকার খরা কবলিত মানুষের জন্য তাদের পাশে দাঁড়িয়ে খরচ করেছে। আজাক গ্রামবাংলা থেকে নির্বাচিত সদস্য হয়ে তিনি এসব কথা বললেন। আমার এলাকায় ছিঁটে-ফোটাও ধান হয়নি কিন্তু এর মধ্যেও কোথায় এই খবর নেই যে খরা কবলিত হয়ে মারা গেছে। পশ্চিমবংলার কোথাও এই খবর নেই যে

খরা কবলিত হয়ে মানুষ মারা গেছে। অপর দিকে আমরা দেখেছি যে বিভিন্ন এলাকায় খরার জন্য যে টাকা দেওয়া হয়েছে, সেই টাকা দিয়ে কিছু কিছু পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে, কিছু কিছু জল নিয়ে আসার ব্যবস্থা করা হয়েছে এবং আজকে গ্রামাঞ্চলে গেলে কিছু সবুজের নিদর্শন দেখা যাচ্ছে।

[5-20—5-30 P. M.]

কোন কোন এলাকায় গরমের সময়ে কিছু কিছু ধান হয় সেই ধান আজকে পশ্চিমবংগের বিভিন্ন জায়গায় কিছু কিছু হচ্ছে। আমাদের হওড়া জেলায় আমরা দেখছি—আমার এলাকা জগতবল্লভপুর অঞ্চলে দেখছি—কিছু কিছু জলের ব্যবস্থা হয়েছে—নিশ্চয়ই সেটা সব নয়—এর ফলে হয়ত শতকরা ৪০ ভাগ জমিতে নতুন করে ধান চাষের ব্যবস্থা করতে পারছি। এই অবস্থার মধ্যেও আমরা চেষ্টা করে যাচ্ছি। অথচ প্রবোধবাবু বললেন যে, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার কিছু করছে না!

প্রবোধবাবু আরো বললেন যে, আমরা নাকি বাস মালিকদের পক্ষে কথা বলছি! কয়েকদিন আগেই আমাদের মাননীয় পরিবহন মন্ত্রী এখানে একটা প্রস্তাব রেখেছিলেন বাসের ব্যাপারে এবং সে সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়েছে। তাঁদের দলের মাননীয় সদস্য দেবপ্রসাদ বাবু সেই আলোচনায় অংশগ্রহণ করেছিলেন, তাঁর বক্তব্য পশ্চিমবাংলার মানুষ শুনেছে এবং আমাদেরও এবিষয়ে একটা পরিষ্কার বক্তব্য আছে। ৩।৪ বার করে ডিজেলের দাম বেড়েছে, স্পেয়ার পার্ট'স-এর দাম বেড়েছে। আমরা নিশ্চয়ই এই অবস্থায় চাই না যে, সমস্ত বেসরকারী বাসের মালিকরা বাস বন্ধ করে দিয়ে একটা অরাজকতা সৃষ্টি করুক। স্বভাবতই আমাদের এবিষয়ে ভাবতে হবে এবং বাস্তব দৃষ্টিভংগী নিয়ে চিন্তা করতে হবে! আজকে স্পেয়ার পার্ট'স-এর যা দাম হয়েছে, ডিজেলের যা দাম হয়েছে তাতে সেই অবস্থায় দাঁড়িয়ে এই ভাড়ায় প্রাইভেট বাসের মালিকরা বাস চালাতে পারে কিনা—বাস্তব অবস্থাটা কি— সেটা চিন্তা করতে হবে। সেই সংগে এটাও চিন্তা করতে হবে যে, প্রাইভেট বাস যদি বন্ধ হয়ে যায় তাহলে আমরা নিশ্চয়ই আজকে সরকারী বাস দিয়ে পরিবহন সমস্যার সমাধান করতে পারব না। কাজেই বেসরকারী বাসের প্রয়োজন আছে। এই পরিস্থিতিতে দাঁড়িয়ে অত্যন্ত ন্যায়সংগতভাবে আমাদের সরকার ভাড়া বাড়াবার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। অথচ এই সিদ্ধান্ত সম্পর্কে প্রবোধবাবুরা বলছেন যে, মালিকদের দালালি করছি। আমি তাঁকে বলছি, এখানে কংগ্রেস যখন ষড়যন্ত্র করছে বাস বন্ধ করে অরাজকতা সৃষ্টি করার জন্য এবং তারা পরিবহণ ব্যবস্থায় একটা ভয়াবহ অবস্থা সৃষ্টি করতে চাইছে, আর তখন প্রবোধবাবুরা তাদের সংঙ্গে কণ্ঠে কণ্ঠ মিলিয়ে একই কথা বলে যাচ্ছেন। কাজেই পশ্চিমবাংলার মানুষ ইতিপূর্বে অনেকবার প্রবোধবাবুদের জেনেছে, আজকে

আবার সংবাদপত্রের মাধ্যমে তাঁর এই বক্তৃতার মধ্যে দিয়ে নতুন করে মানুষ এস. ইউ. সি. আই.-কে আর একবার জানবে।

মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেই ভাষণে আগামী দিনের অনেক গঠনমূলক কর্মসূচীর কথা বলা আছে। সেই সমস্ত কর্মসূচীকে দায়িত্ব নিয়ে বামফ্রন্ট সরকার বাস্তবরূপ দেবার ব্যবস্থা করবেন, চেষ্টা করবেন। এই কারণে আমি আর একবার রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশচীন সেন ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেই ভাষণের ওপরের ধন্যবাদ সূচক প্রস্তাবটি আমি উত্থাপন করেছি। এখন আমি সেই ভাষণ সম্পর্কে কয়েকটি কথা বলতে চাইছি।

রাজ্যপালের ভাষণের ওপর ধন্যবাদ-সূচক প্রস্তাব সম্বন্ধে আলোচনার সূত্রপাত করেন বিরোধী দলের নেতা সাত্তার সাহেব। তাঁর বক্তব্যর শুরুতেই তিনি কতগুলি বিশেষণ এখানে ব্যবহার করেন। সেগুলি হচ্ছে, 'অবাস্তব, ভাঁওতা' ইত্যাদি। তাঁদের কাছে যে টা অবাস্তব স্বাভাবিকভাবেই আমাদের কাছে সেটা বাস্তব এবং আমাদের কাছে যেটা অবাস্তব, তাঁদের কাছে সেটাই বাস্তব। রাজ্যপালের ভাষণের সব শেষে যে অনুচ্ছেদটি আছে সেটি যদি আমরা একটু বিচার করি, তাহলেই এটা বোঝা যাবে। এখানে রাজ্যপাল বলেছেন, 'রাজ্যের অর্থ নৈতিক বিকাশকে গতিময় করে তুলতে এবং ন্যায়ভিত্তিক সমাজব্যবস্থা প্রবর্তন করতে সরকার আত্মনিয়োগ করেছেন, ন্যায়ভিত্তিক সমাজব্যবস্থা, অর্থাৎ ইকুইটেবল সোসাল অর্ডার। এই কথাটা শুনে সাত্তার সাহেবরা চিন্তা না করে পারেননি। জমিদারি প্রথা উচ্ছেদ তাঁরা করেছিলেন, কিন্তু আসলে দেখা গেল জমিদারি প্রথা উচ্ছেদ হওয়া সত্বেও কৃষকরা জমি পাচ্ছে না, বরঞ্চ তারা জমি থেকে ক্রমশঃ উচ্ছেদ

[5-30—5-40 P.M.]

হচ্ছে। আর নানা কায়দায় বেনামী করে জমিগুলি রাখার ব্যবস্থা করেছেন। কিন্তু বাস্তবক্ষেত্রে কৃষকেরা কোন জমি পেল না। কিন্তু বামফ্রন্ট সরকার সেটা কার্যকরী করার দিকে এগিয়ে যাচ্ছেন। আমি শুধু এটা বলতে চাই, দৃষ্টিভঙ্গীর তফাৎ। তাদের অবাস্তব জিনিষ আমাদের বাস্তব। সেইজন্য আমাদের দৃষ্টিভঙ্গী তাদের দৃষ্টিভঙ্গীর থেকে ভিন্নমুখী সম্পূর্ণ বিপরীত। আমরা শুধু ন্যায়ভিত্তিক সমাজব্যবস্থাই চাই না। আমাদের ক্ষমতা সীমাবদ্ধ। রাজ্যকে এর চেয়ে বেশী ক্ষমতা দেওয়া হয়নি, সংবিধানে বেশী ক্ষমতা নেই। আমরা যেটা করতে চাই সীমিত ক্ষমতার জন্য করতে পারি না। আমরা চাই সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা, উন্নততর সমাজব্যবস্থা আমরা চাই। কিন্তু সেটা সম্ভব নয়, কারণ আমাদের সীমিত ক্ষমতা। কিন্তু যেটুকু ক্ষমতা আছে সেটা

সম্পূর্ণ কাজে রূপায়িত করে অগ্রসর হতে চাই। সেইজন্য রাজ্যপাল সুচিন্তিতভাবে বলেছেন সরকার ন্যায়ভিত্তিক সমাজব্যবস্থা প্রবর্তন করতে আত্মনিয়োগ করেছেন। এখানে পঞ্চায়েত-রাজ সম্পর্কে ডাঃ শিশির কুমার বসু অনেক কথা বলেছেন। তাঁর বক্তব্যের মধ্যে বোঝা গেল, নেতাজীর ভাতুস্পুত্র বলে তাঁর আদর্শ, দেশপ্রেমিকতা, জ্ঞান, গুন, তাঁর কৃতিত্ব, দেশ স্বাধীন করবার জন্য যুদ্ধ—এগুলি তিনি পেয়েছেন এবং ধরে নিয়েছেন। সেইজন্য তিনি বামফ্রন্ট সরকারকে সমালোচনা করতে পঞ্চায়েত-রাজ দিয়ে গান্ধীজির কনসেপ্ট নিয়ে কতকগুলি বক্তব্য রেখেছেন। উনি পঞ্চায়েতী-রাজ বলতে যে কনসেপ্ট-এর ব্যাখ্যা করেছেন সেটা কংগ্রেস-আইয়ের কনসেপ্ট। তারা সেটা বিশ্বাস করে। কিন্তু আমরা সেটা গ্রহণ করি না। আমরা সীমাবদ্ধ ক্ষমতার জন্য করতে পারি না কিন্তু আমাদের কনসেপ্ট আলাদা। আমরা জমিদারদের কাছ থেকে জমি নিয়ে কৃষকদের বিনামূল্যে বিতরণ করতে চাই। কিন্তু এই অবস্থায়, এই সীমাবদ্ধ ক্ষমতায় আমাদের পক্ষে সম্ভব নয়। সেইজন্য যতটুকু করা যায় সমাজব্যবস্থাকে পাল্টাবার তারজন্য অমরা চেষ্টা করছি। কৃষি ক্ষেত্রে ওরা একটা আইন পাশ করেছিল। কিন্তু বর্গাদার উচ্ছেদ বন্ধ করতে পারেনি। বামফ্রন্ট সরকার বর্গা-অপারেশনের আইন পাশ করেন এবং এই আইন পাশ করে এখনও পর্যন্ত যা করেছেন তারমধ্যে ১১ লক্ষ ৫৮ হাজার বর্গাদারকে নথীভুক্ত করেছেন, অর্থাৎ প্রায় ১২ লক্ষের মতন। আর ১৩ লক্ষ ৯২ হাজার ভূমিহীন মানুষকে ৭ লক্ষ ৩৯ হাজার একর কৃষি জমি দেওয়া হয়েছে। এটা ওদের কাছে চিন্তার বিষয়। ওরা পুঁজিবাদী সমাজব্যবস্থা টিকিয়ে রাখতে চান, সেটাই বোধহয় ওদের কাছে চিরন্তন। আমরা বলি এই চিরন্তন হতে দিতে পারি না—এটাকে ভাঙবো। সেটা সম্পূর্ণ না করতে পারলেও সেইদিকে যাতে নিয়ে যেতে পারি সেইজন্য এই সংবিধানের আওতার মধ্যে হলেও যেটুকু ক্ষমতা আছে পুরোপুরি কাজে লাগিয়ে যে সমাজ-ব্যবস্থার কথা বলা হচ্ছে অর্থাৎ ন্যায়-ভিত্তিক সমাজ ব্যবস্থা সেইদিকে অগ্রসর হচ্ছি।

একজন বর্গাদারকেও জমি থেকে উচ্ছেদ করতে পারা যাবে না, তাদের জমি চাষ করবার যে অধিকার, সেটা সরকার স্বীকার করে নিয়েছেন, এবং এটা নথিভুক্ত করা হয়েছে। ওঁদের আমলে লক্ষ লক্ষ বর্গাদারকে জমি থেকে উচ্ছেদ করে তাদের ভিখারীতে পরিণত করা হয়েছিল। আর কি করা হয়েছে? যেটা ওঁদের ভাবনা চিন্তার মধ্যে ছিল না গরীব কৃষকেরা যাতে বাঁচতে পারে এবং কৃষি কাজ করতে পারে সেজন্য সেচ এবং অসেচ এলাকায় জমির পরিমাণ বাড়িয়ে দিয়ে সেখানে খাজনা মকুব করা হয়েছে। সেচ এলাকায় চার একর এবং অসেচ এলাকায় ৬ একর জমির উপর খাজনা মকুব করা হয়েছে। তা ছাড়া যেটা তাঁদের কল্পনার বাইরে ছিল বামফ্রন্ট সরকার সেটা করেছেন। ৫০ হাজার টাকা মূল্যের জমির উপর ট্যাক্স দিতে হবে না এই রকম ব্যবস্থা করা হচ্ছে। সেজন্য ওঁদের চিন্তিত হবার কারণ আছে যথেষ্ট। শিশিরবাবু কটাক্ষ করেছেন, যখন মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে এটা উল্লেখ করেছেন, ভূমিহীন মজুরদের জন্য প্রথম বছরে পঞ্চায়েতের বা পঞ্চায়েত সমিতির মারফত ১৫ হাজার এবং দ্বিতীয় বছরে ১০৬৫০টি কুঁড়ে ঘর নির্মাণ করে দেবেন কারণ তাদের কোন রকম বাসস্থান নেই, তারা খোলা জায়গায় ভিখারীর মত বাস করে

এবং সে ব্যবস্থা যখন করা হচ্ছে তখন আশংকা প্রকাশ করে বলেছেন যে পঞ্চায়েত সমিতির মারফত যদি করা হয় তাহলে ঘর তো হবে কিন্তু সে ঘর কদিন টিকবে? তিনি আশংকা প্রকাশ করেছেন। জনসাধারণের নির্বাচিত প্রতিনিধি তারা, তাদের মারফতে করা হবে না তো কাদের মারফতে করা হবে? গ্রামের যারা জোতদার বা জমিদার তাদের মারফৎ করা হবে? সেটা হয়নি। তাই ওঁরা বেরিয়ে গেছেন। গ্রামের গরীবমানুষের নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে সরকার প্রগতিশীল ভূমিকা গ্রহণ করছেন। সেইজন্যই এত গাত্রদাহ। অন্য কোন কারণ নেই, সাধারণভাবে ন্যায়ভিত্তিক সমাজব্যবস্থার প্রবর্তন করা হবে। মিঃ বোস একজন ডাক্তার, আর একজন তিনি শিক্ষক ডাক্তার, কাজেই তাঁদের বাস্তবের সঙ্গে কোন সম্পর্ক নেই। তারা বলে গেলেন শিক্ষা জগতে একটা নৈরাজ্য সৃষ্টি করা হয়েছে, তাঁরা শিক্ষিত ডাক্তার, আমি জিজ্ঞাসা করি ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত এই সময়ের মধ্যে শিক্ষাকে কি অবস্থার মধ্যে নিয়ে গিয়েছিলেন? বিশ্ববিদ্যালয় থেকে হার্ডিঞ্জ হোষ্টেল পর্য্যন্ত সমাজবিরোধীদের আড্ডাখানা হয়ে গিয়েছিল। প্রতিদিন সংবাদপত্রে দেখেছি, মারামারি, কাটাকাটি এবং যেরকম গণটোকাটুকি চালু হয়েছিল। চরম নৈরাজ্য সে সময়ে হয়েছিল, আমাদের সরকার সেটা বন্ধ করেছেন এবং শিক্ষায় শান্তি শৃঙ্খলা ফিরিয়ে এনেছেন শিক্ষাকে নূতন করে উন্নতি করার ব্যবস্থা করেছেন। দৃষ্টিভঙ্গীটা কি? গরীব মানুষের শিক্ষার ব্যবস্থা করা হচ্ছে। গ্রামাঞ্চলের দিকে—একটি গ্রামও বাদ যাবে না—প্রত্যেকটি গ্রামে অন্তত একটি করে প্রাথমিক স্কুল করা হবে। বিনামূল্যে পাঠ্য পুস্তক বিতরণ এবং টিফিনের ব্যবস্থা করা হয়েছে, যেসব গরীবের ছেলে মেয়েরা যাদের সেরকম জামাকাপড় নেই তাদের জন্য পোষাকের ব্যবস্থা পর্য্যন্ত করা হয়েছে। কেন করা হয়েছে? তারা যাতে শিক্ষার আলো পায়, সমাজ ব্যবস্থাকে বুঝতে পারে এবং ওঁদের চরিত্র বুঝতে পারে। এইভাবে শিক্ষা ব্যবস্থাই গরীবদের মধ্যে করা উচিত। ওঁরা তো এটা করতে পারেন বরং শিক্ষা সংকোচন করেছেন। যাতে গরীব মানুষেরা শিক্ষা না পায়, পুঁজিবাদী সমাজব্যবস্থার ধারা বুঝতে না পারে। সেজন্যই বামফ্রন্ট সরকারের শিক্ষা ব্যবস্থার বিরোধিতা করছেন, অপপ্রচার করছেন। আর ওঁদের দোসর যাঁরা বসে রয়েছেন এস. ইউ. সি, ওঁদের প্রতিক্রিয়াশীল নীতির সঙ্গে নিজেদের মিলিয়েছেন।

আর একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডঃ শিশির বসু আক্ষেপ করে একটি কথা বলেছেন—'আপনাদের পার্টি হচ্ছে রিজিওন্যাল পার্টি, সারা ভারতবর্ষে আপনাদের প্রতিপত্তি নেই। ইন্দিরা গান্ধীর পার্টিই হচ্ছে সারা ভারতবর্ষের পার্টি। তিনি একটি কথা ভুলে গেছেন যে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার শক্তিশালী, পশ্চিমবঙ্গে বামপন্থী শক্তি অন্যান্য যে কোন রাজ্য থেকে শক্তিশালী। এখানে আমরা গণতান্ত্রিক আন্দোলনের মধ্যে দিয়ে শক্তি সংহত করেছি। আমাদের দেশেরই একজন মানুষ, তিনি একটি কথা বলে গেছেন—হোয়াট বেঙ্গল থিংস্ টু ডে, ইণ্ডিয়া থিংস্ টু-মরো। কাজেই বুঝতে পারছেন তো? পশ্চিমবঙ্গের এই যে গনজাগরণ, বামফ্রন্ট সরকরের গণমুখী কার্যকলাপ বর্তমান সমাজ-ব্যবস্থা থেকে মুক্ত হবার পথ খুলে দিয়েছে সেটা ভারতবর্ষের নিপীড়িত গণতান্ত্রিক মানুষ আজ বুঝতে পেরেছে। কাজেই

পশ্চিমবঙ্গ সম্বন্ধে যারা বলেন এ গুড অর্গানাইজার অফ এ পার্টি ক্যান নট বি এ গুড এ্যাডমিনিষ্ট্রেটর তারা মূর্খের স্বর্গে বাস করেছে। এদের আদর্শ হচ্ছে কে কাকে কতজনকে ইন্দিরা গান্ধীর স্তাবক তৈরী করতে পারে, আদর্শ নেই নীতি নেই। একজন মাননীয় সদস্য তাঁর বক্তৃতার মধ্যে বলেছিলেন যে মুখ্যমন্ত্রী জ্যোতি বসু নিজের ছেলেকে কম্যুনিষ্ট করতে পারেন নি। এঁরা মনে করেছেন যে রাজনীতিটা হেরিডিটারী। যেন হেরিডিটারী ব্যাপার, সম্পত্তি পৈত্রিক সূত্রেই চলে আসছে? পিতার হাজার হাজার একর জমির মালিকানা পৈত্রিক সূত্রেই চলে আসবে, কোন আদর্শের ভিত্তিতে নয়। কংগ্রেসে ঠিক এই জিনিষই হয়। আমি প্রধানমন্ত্রীর কন্যা সুতরাং আমি প্রধানমন্ত্রী। আবার আমার পর আমার পুত্র প্রধানমন্ত্রী—কোন আদর্শের বালাই নেই। আমরা এখানে বলি এত সহজ নয়! আমরা নীতির ভিত্তিতে সংগঠন করি, উত্তরাধিকার সূত্রে পাওয়া যায় না—সেটা আদর্শের ভিত্তিতে পাওয়া যায়।

কাজেই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে এই হাউসে এবং সমস্ত সংশোধনী প্রস্তাবের আমি বিরোধীতা করে এই প্রস্তাবকে সর্বান্তকরণে গ্রহণ করবার জন্য আমি আবেদন জানাচ্ছি।

[5-40—5-50 P. M.]

**শ্রীজ্যোতি বসু ঃ** এখানে এসে শুনলাম যে বিরোধী দলের বন্ধুরা হাউসে নেই। এখানে দেখছি এস. ইউ. সি. আছেন, কংগ্রেস এবং কংগ্রেস (এস) দল বেরিয়ে গেছেন।

এখানে ওরা যে খুব গুরুত্ব দিয়ে বক্তব্য রাখেন এবং খুব চিন্তা করে বলেন, তা মনে হয় না। বক্তব্য যা খুশী দিয়ে গেলেন—দিন। কিন্তু শোনবার ধৈর্য্য ওঁদের নেই। ওয়াক আউট তো ওঁরা অন্য সময়ে করতে পারতেন। এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয়—রাজ্যপালের ভাষণের উপরে যেখানে ধন্যবাদ জ্ঞাপক নিয়ে আলোচনা হচ্ছে—এর উপর তাঁদের শোনার কিছুই নেই। ওঁরা শুধু একতরফা বলে চলে যাবেন, শোনার ধৈর্য্য বিন্দুমাত্র নেই। দায়িত্ব না থাকলে যা হয় তা আমরা দেখছি। আমার বক্তব্য সংক্ষেপে রাখতে চাই। প্রথমে আমার বক্তব্য হচ্ছে, এখানে বিরোধী দলের নেতা থেকে আরম্ভ করে আরও যাঁরা বলেছেন, তারমধ্যে কতকগুলো নিজে শুনেছি, বাকীগুলো নোট থেকে দেখেছি। বক্তব্যের মধ্যে অনেক কিছু বলা হয়েছে, যেগুলিকে বাজেটের মধ্যে রাখা চলে। এখানে যে সেই ধরণের বক্তব্য একেবারে রাখা যাবে না তা নয়, তবে বাজেটের সময়ে বলা হলে আমি ভাল করে বলতে পারতাম। অর্থাৎ বাজেটের আলোচনা কালে আমাকে একই কথা বলতে হবে। বিরোধী দলের—কংগ্রেস দলের—নেতা বলেছেন, এখানে একটা বামফ্রন্ট সরকার ক্ষমতায় আছেন, অথচ ধনতান্ত্রিক ব্যবস্থা চলছে, বড়লোক আরও বড়লোক হচ্ছে। আমরা তো কংগ্রেসের মত নই, আমরা মানুষকে ফাঁকি দিতে চাই না। আমাদের ইলেকশান ম্যানুফেষ্টে আমরা মানুষের কাছে পরিস্কার ভাবে বলেছিলাম, একটা রাজ্যে ক্ষমতায় গিয়েই আমূল

পরিবর্তন এনে দিতে পারব না। খুব পরিস্কার কথা। সেকথা বলেই আমরা মানুষের কাছে ভোট চেয়েছিলাম। কেন পারব না তার ব্যাখ্যা আমরা পরে করেছিলাম। আমরা বলেছিলাম যে, দিল্লীতে না যেতে পারলে এটা কখনই সম্ভব নয়। কারণ আমাদের পরিকল্পনা, অর্থনীতি ও সবকিছুই নির্ভর করছে কেন্দ্রে যে সরকার ক্ষমতায় থাকে তার উপরে। সব ক্ষমতাই তাদের হাতে। কোন রাজ্যে, সে কমিউনিষ্ট হোক বা অন্য কোন দল হোক, সংশ্লিষ্ট রাজ্যের পরিবর্তন কখনও করতে পারবে না। কাজেই, এই ধনতান্ত্রিক ব্যবস্থার মধ্যে থেকে সমাজতান্ত্রিক ব্যবস্থা যতখানি আছে, তার মধ্যে দিয়েই আমাদের কাজ করে যেতে হবে। এবং কেন্দ্রের যে পরিকল্পনা তা আমাদের গ্রহণ করতেই হবে। মানুষকে ফাঁকি দেবার জন্য সমাজবাদের কথা মুখে যতই বলুন না কেন, আসলে স্বাধীনতার পর থেকে বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে ধনতান্ত্রিক ব্যবস্থার সঙ্গে সমঝোতা করে ওঁরা এই সমাজ কাঠামো গড়ে তুলেছেন। ফলে, গরীব মানুষে জন্য আমূল পরিবর্তন কখনও সম্ভব নয়। বেকারী দূর করা, জিনিষপত্রের দাম কমে যাবে সেই সঙ্গে গরীবদের বেশী সুযোগ-সুবিধার ব্যবস্থা করা যাবে—এসব কি কখনও এই সমাজ ব্যবস্থার মধ্যে দিয়ে কল্পনা করা যেতে পারে? দুনিয়াতে কোথাও এটা হয় নি, এখানেও এটা হবে না। এটা তো অনিবার্য নিয়ম। কাজেই এই সব কথা কেন আমরা বলতে যাবো? আমরা বলেছি এই পরিবেশের মধ্যে দিয়ে যতটা পারি মানুষের সুবিচার করবো। আমরা বলেছি এই অর্থনৈতিক পরিবেশের মধ্যে দিয়ে—ওঁরা যে সমস্ত কাজ করেনি, যেগুলি করা উচিত ছিল,—সেইগুলো আমরা করবো। ওঁরা কেবল মুষ্টিমেয় লোকের স্বার্থ দেখে এসেছে। এই পরিবেশের মধ্যে দাঁড়িয়ে বেশীর ভাগ মানুষের স্বার্থ, গরীব মানুষের স্বার্থ, গ্রামের শহরের গরীব মানুষের স্বার্থ দেখবার চেষ্টা করছি। সরকার পরিচালনার ক্ষেত্রে—ওঁরা যেমন জনগণের সঙ্গে সম্পর্ক না রেখে সরকার পরিচালনা করছেন, মানুষকে উৎপিড়ন করছে, জুলুম করছে, আমরা তার থেকে মানুষকে রক্ষা করে সরকার পরিচালনার চেষ্টা করেছি। আমরা গণতন্ত্রকে প্রতিষ্ঠা করবার চেষ্টা করেছি। এই কথা আমি অনেকবার বলেছি, এবারও বলতে হলো কারণ ওঁদের একই কথা শুনলাম বলে। শ্রীমতী ইন্দিরা গান্ধী যা বলেছেন তার সঙ্গে আমাদের একটা ব্যাপারে পার্থক্য আছে। উনি বলেছেন এটা ঠিক যে বড়লোক আরো বড়লোক হচ্ছে ওঁদের পরিকল্পনার দ্বারা। কিন্তু গরীব আরো গরীব হয়নি, যেখানে ছিল সেখানেই আছে। আমি তাঁর সঙ্গে একমত নয়। আমি দুটোই বলছি, বড়লোক আরো বড়লোক হয়েছে এবং গরীব আরো গরীব হয়েছে সারা ভারতবর্ষ ব্যাপী এবং পশ্চিমবাংলা এর থেকে বাদ যেতে পারে না। সামগ্রিকভাবে বিচার করলে দেখা যাবে এখানে আমরা গ্রামের গরীব মানুষকে রক্ষা করার চেষ্টা করেছি। এই ব্যাপারে কি করা হয়েছে সেটা আমি পরে বলবো। এই হচ্ছে আমাদের সঙ্গে আর যে সমস্ত কংগ্রেস সরকার আছে তাদের পার্থক্য।

[5-50—6-00 P.M.]

তারপরে আর একটা কথা আসছে যে আমরা কেন্দ্রের কাছ থেকে টাকা পাই। আমাদের নিজস্ব রাজস্ব আছে, নিজস্ব রাজস্ব থাকা সত্বেও আমরা কেন্দ্রের উপর নির্ভর করে চলেছি।

কেন্দ্রের উপর নির্ভর করতে হবে। সমস্ত রাজ্যকেই কেন্দ্রের উপর নির্ভর করতে হবে। আমাদের সংবিধান যে ভাবে রচিত হয়েছিল তাতে যা উদ্দেশ্য ছিল নানা কায়দা করে কেন্দ্র সেগুলি অন্যায়-ভাবে নিজেদের স্বার্থে ব্যবহার করেছেন। আমাদের যেসব রাজস্ব ছিল কেন্দ্র সেগুলি হস্তান্তর করার ব্যবস্থা করে নিয়েছেন। এইটা বারে-বারে আমি বলেছি। পশ্চিমবঙ্গে বিশেষ যে অসুবিধা আছে—সব রাজ্যেই অসুবিধা আছে তারমধ্যে পশ্চিমবঙ্গের অসুবিধা বেশী সেকথা আমি বারে বারেই বলেছি। এই বার রাজ্যপালের ভাষণেও সেই বক্তব্য আছে যে আমাদের বিশেষ অবস্থাটা বিবেচনা করা হল না। আমাদের এখানে যে ঘটনা ঘটেছে দেশ বিভাগের পরে অনুরূপ ঘটনা ঘটেছিল পাঞ্জাবে। পাঞ্জাবে অবশ্য দুর্ভাগ্যের একটি ঘটনা আছে যদিও কথাটা শুনতে খুবই খারাপ লাগে—সেখানে পপুলেশান বিনিময় হয়ে গেল—মুসলমানরা চলে গেল আর হিন্দু, শিখরা এদেশে চলে এসেছিল এবং তাদের সম্পত্তিরও বিনিময় হয়ে গিয়েছিল। তারজন্য প্রচুর অর্থ ব্যয় করা হয়েছে তাতে কিছুটা তাদের প্রতিষ্ঠিত করতে পারা গেছে। কিন্তু আমাদের এখানে আপনারা চিৎকার করে চলেছেন কেন এসেছিল এই রিফিউজিরা। একটি কথা আপনাদের বুঝতে হবে কেন এই জবরদখল কলোনীগুলি হয়েছিল—তার মূল কথা ঠিকই যে অন্য লোকের জমি দখল করে নিয়েছে রিফিউজিরা এবং তারজন্য তাদের লাঠি খেতে হয়েছে, গুলি খেতে হয়েছে এবং কতজন যে প্রাণ দিয়েছেন তার ঠিক নেই। মানবিকতার দিক থেকে আমাদের প্রশ্ন ছিল যে তখন যারা এদেশে চলে এসেছিল তাদের কি ব্যবস্থা আপনারা করেছেন। তার উত্তরে কংগ্রেসী নেতরা বলেছিলেন যে তারা ওদের দেখবেন। কিন্তু এই যে ৫০-৬০-৭০ লক্ষ লোক এল তার বেশীরভাগই এখানে থেকে গেল তারজন্য কোন ব্যবস্থাই নেওয়া হল না। সেই মানুষগুলোকে সম্পূর্ণভাবে প্রতিষ্ঠিত করার জন্য, অর্থনৈতিক প্রতিষ্ঠা দেবার জন্য কোন ব্যবস্থাই নেওয়া হল না। তাদের সম্পত্তির ব্যাপারেও কিছু করা হল না। যাদের সম্পত্তি ছিল, আর যাদের সম্পত্তি ছিল না সবাই একসঙ্গে দলে দলে এখানে আসতে আরম্ভ করেছিল। কিন্তু তারজন্য কোন ব্যবস্থাই নেওয়া হল না। বলা হল যে অবশিষ্ট যে জায়গা জমি ছিল তা বাস্তুহারাদের মধ্যে দিয়ে শেষ হয়ে গেছে। এটা পুরোপুরি দিল্লীর দায়িত্ব। এই দায়িত্ব সম্পূর্ণভাবে দিল্লীর উপর নির্ভর করে, কেন্দ্রীয় সরকারের উপর নির্ভর করে—কিন্তু এটা ওরা কোনদিনই মানতে চান নি। এটা আমাদের বাজেটে হয় না। কিছুদিন এই ব্যাপারে টাকা ব্যয় করে কেন্দ্র এই দপ্তরটি প্রায় উঠিয়েই দিলেন—ওঁরা বললেন যে আমরা এটা মানতে রাজী নই। আজকে স্বাধীনতার ৩৪ বছর পরেও দলে দলে মানুষ আসছে—যারা বাস্তুহারা আর যাদের জমি ছিল তারা ওই'পার থেকে এসেছিল। তারা আমাদের কাছে একটি স্মারকলিপিও দিয়েছিলেন। সেই স্মারকলিপি পেয়ে আমরা এই উদ্বাস্তু সমস্যা নিয়ে একটা কমিটি করেছিলাম। সমর মুখার্জী ছিলেন ওই কমিটির চেয়ারম্যান। তিনি একটি রিপোর্ট দিয়েছিলেন। ওই রিপোর্টের ভিত্তিতে এই উদ্বাস্তু পুর্নবাসন খাতে ৫০০ কোটি টাকা দরকার বলে আমরা চেয়েছিলাম। এখন জিনিষের দাম বেড়ে যায় ওই টাকার সংখ্যাটি ৭৫০ কোটি টাকা গিয়ে দাঁড়াবে। এতে তো পশ্চিমবঙ্গের উন্নতি হবে—এই কথাগুলি কোনদিন কংগ্রেসী বন্ধুরা চিন্তা করেন নি। প্ল্যানিং কমিশন কোন দিন চিন্তা করে নি, কেন্দ্রীয় সরকারও এই ব্যাপারটি

একেবারে ভুলে গেছেন। আমরা ফিনান্স কমিশনের কাছে এই স্মারকলিপি পাঠিয়েছিলাম এবং আবার ৮ম ফিনান্স কমিশনে এই স্মারকলিপি পাঠিয়ে তাদের মনে করবার চেষ্টা করেছি। এইগুলি সম্বন্ধে তাদের বুঝিয়েছি। দেশ স্বাধীন হবার পরে পশ্চিমবঙ্গ শিল্পক্ষেত্রে খুবই উন্নত ছিল কিন্তু ক্রমে নামতে নামতে এখন কোথায় গিয়ে দাঁড়িয়েছে। এটা কি শুধু পশ্চিমবাংলার অপরাধের জন্য ঘটছে? এইসব ব্যাপারে কংগ্রেসী বন্ধুরা শোনবার চেষ্টা করবেন না বা কোন চিন্তাও করতে পারেন না। এইসব ব্যাপারে এক হয়ে কেন্দ্রের কাছে আমাদের বলা দরকার কিন্তু তা তাঁরা করবেনও না বলবেনও না। তাঁরা পশ্চিমবাংলার মানুষের জন্য কিছু করবেন না। আমাদের বিশেষ সুবিধা পশ্চিমবঙ্গে গুডস্ অফ স্পেশাল ইমপরটেন্টের যেমন চা, পাটের ইত্যাদির চমৎকার ব্যবস্থা আছে। এই জিনিষগুলি বেশীর ভাগ রপ্তানি হয়ে থাকে। চা, পাট আমাদের মূল শিল্প এবং তার উপর আমাদের অনেক উন্নতি জড়িত। কিন্তু এই শিল্পগুলির উপর ৪ ভাগের বেশী ট্যাক্স বসিয়ে বিদেশী মুদ্রা অর্জন করতে পারি। কিন্তু কেন্দ্র এইগুলি নিয়ন্ত্রণ করে থাকেন। কিন্তু আমরা দেখছি যে এই পাট শিল্প এবং চা শিল্প আজ বিপদের মুখে পড়েছে এবং সংকট ক্রমশ এখানে বেড়েই চলেছে। অসংখ্য চা-বাগান আজকে বন্ধ হতে চলেছে। চা-বাগানের মালিকরা আজ ভীষণ ভাবে মার খাচ্ছেন। পাটশিল্পও আজকে বিপদের সম্মুখীন।

কিন্তু শ্রমিকদের জন্য তাঁরা অসুবিধা সৃষ্টি করেন। তার কি সমাধান আমরা করবো? আমরা তা করতে পারিনা। এটা কেন্দ্রীয় সরকার করতে পারেন। বারে-বারে তাঁদের কাছে বলেছি, লিখেছি এবং প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছি, কিন্তু কিছু হচ্ছে না। আমরা তাহলে রাজস্ব কোথা থেকে সংগ্রহ করবো যদি এই রকম বাধা নিষেধ থাকে? সংবিধানে যেটা ছিলনা সেটা তাঁরা কায়দা করে নিয়েছেন। অর্থাৎ বিশেষ ব্যবস্থা করে সেগুলি এমনভাবে করে নিয়েছেন যে সেখানে এক্সসাইজ ডিউটি না করে—তার একটা শেয়ার আমরা পাই—তাঁরা দেখালেন আমাদের ভেতর দিলে হবে না। সেজন্য ওরা এ্যডিশনাল এক্সসাইজ বসালেন যেটা ওরা নিয়ে যাচ্ছেন মধ্যবিত্ত, উচ্চ মধ্যবিত্ত যাঁরা ইনকাম ট্যাক্স দেন তাঁদের কিছু সুবিধে করে দিলেন, ভালো কথা, কিন্তু তাতে তো আমাদের ইনকাম কমে গেল। কিন্তু ওরা কি করলেন? নিজেদের জন্য সারচার্জ করে দিলেন। এর শেয়ার আমরা পাব না। এটা শুধু আমাদের বেলায় নয়—মহারাষ্ট্র, গুজরাট, তামিলনাড়ুর বেলায় তাই হবে। শিল্পে উন্নত রাজ্য হিসেবে তাদের অসুবিধে হবে। এইসব সারচার্জ, এ্যডিশনাল এক্সসাইজ করার জন্য। আমরা যেটুকু পেতাম তার যদি ওরা শেয়ার করতেন তাহলে হোত, কিন্তু সেটা বাদ দিয়ে দিলেন। আমাদের তাতে বিপদ হয়ে গেছে। আমরা কোথা থেকে টাকা পাব, টাকা যোগাড় করবো? ১৪০০ কোটি টাকা সংগ্রহ করবেন কি করে? তাঁদের সেখানে এ্যাডমিনিষ্ট্রেটিভ প্রাইসের ব্যাপার করেছেন। বাজেটের আগে প্রি-বাজেটে তাঁরা কতকগুলি জিনিষের দাম বাড়িয়ে দেন যেগুলি পার্লামেন্টে আলোচনা করার দরকার নেই। আমরা এখানে ট্রাম, বাসের ভাড়া বাড়াবার আগে বিরোধীদলকে ডেকেছিলাম আলোচনা করার জন্য। কিন্তু ওরা এসব করেন না। ১৪০০ কোটি টাকা তাঁরা পাবেন পি. এণ্ড টি.,

টেলিফোন, ডাক তার, রেলের ভাড়া বাড়িয়ে দিয়ে। ওদের আরো সুবিধা হচ্ছে বিভিন্ন জায়গা থেকে ঋণ নিতে পারেন। অর্থাৎ আই. এম. এফ., ওয়াল্ড ব্যাঙ্ক, বিভিন্ন রকম সমাজবাদী, ধনতান্ত্রিক দেশ থেকে তাঁরা টাকা আনতে পারেন। আমরা কোথা থেকে টাকা পাব? রাজ্য এই রকমভাবে টাকা আনতে পারে না। কিন্তু কাজগুলি আমাদের করতে হয়—ওরা দিল্লীতে বসে করেন না। সংবিধানে লেখা আছে, পঞ্চবার্ষিকী পরিকল্পনার উদ্দেশ্যের মধ্যে লেখা আছে আমাদের বেশিরভাগ কাজগুলি মানুষের জন্য করতে হবে। আর একটা অসুবিধা হচ্ছে গত ১০ বছরের হিসেব দেখলে দেখবেন সেখানে অর্থনৈতিক প্রতিষ্ঠান যে পুঁজি নিয়োগ হয় সেটা ওরা করেছেন না পশ্চিমবাংলার জন্য। অবশ্য শুধু পশ্চিমবাংলা কেন, সমস্ত ইষ্টার্ন রিজিয়নের জন্য করছেন না। বিহার, উড়িষ্যা, আসাম ইত্যাদি ছোট ছোট রাজ্যের জন্য করছেন না। যেমন অর্থনৈতিক প্রতিষ্ঠান থেকে ১৯৮০-৮১ সালের মার্চ মাস পর্যন্ত লোনস্ এণ্ড গ্রান্টস যেটা আমরা ধার নিয়েছি বা অনুদান যেটা আছে সেটা পশ্চিমবাংলার জন্য ১১৫ কোটি টাকা।

[6-00—6-10 P.M.]

গুজরাট ২৯৬ কোটি টাকা, তাদের জনসংখ্যা আমাদের থেকে কম, মহারাষ্ট্র ২৭৫ কোটি টাকা, জনসংখ্যা একটু বেশী আমাদের থেকে; কর্ণাটক-এ আমাদের থেকে জনসংখ্যা কম ১৭৫ কোটি টাকা, হরিয়ানা ১৬১ কোটি টাকা, পঞ্জাব ১৪০ কোটি টাকা, এই সমস্ত টাকা তাঁরা অর্থনৈতিক প্রতিষ্ঠান থেকে পেয়েছেন। কিন্তু আমাদের কেন কম হচ্ছে? এতে হচ্ছে কি একটা এলাকার সংগে আর একটা এলাকার প্রভেদ বাড়ছে, কেউ এগিয়ে যাচ্ছে কেউ এগিয়ে যেতে পারছে না। এতে রাজনৈতিক প্রতিফলন হয়, এতে দেশের ঐক্য থাকে না। আমরা বামপন্থী আছি, আমরা ঐক্য রক্ষা করে চলেছি এবং ভবিষ্যতেও ঐক্য রক্ষা করে চলব। কিন্তু এতে যে কিরকম রাজনৈতিক অর্থনৈতিক প্রতিফলন হয় সেটা একবারও চিন্তা করেননি। ১৯৭৭ সালে আমরা যখন সরকারে আসি তারপর আমরা একথা বলেছিলাম যে ৩০ বছরে পশ্চিমবঙ্গে ওঁরা যে রাজস্ব সংগ্রহ করতে পারেন নি আমরা ১৯৭৭-৭৮ সালের মধ্যে তা সংগ্রহ করেছি। এবিষয়ে অংকের হিসাব আছে, রিজার্ভ ব্যাঙ্কের বুলেটিনে ঠিক সেইভাবে একটা ট্যাক্স এফর্টের রিপোর্ট ছিল। কিন্তু পরবর্তীকালে আমরা সেটা করতে পারিনি, কিন্তু প্রথম দিকে ১৯৭৭—৭৮, ১৯৭৮-৭৯, ১৯৭৯-৮০ এবং ১৯৮০-৮১ সালে আমরা এখানে যে রাজস্ব সংগ্রহ করেছিলাম ২১টা রাজ্য মিলেও তা সংগ্রহ করতে পারেননি। মহারাষ্ট্র, গুজরাট অল্প অল্প করেছে কিন্তু আমরা এই সময়ে মানুষের উপর বোঝা না চাপিয়ে যতটা করা সম্ভব সেটা করেছি। যে কথাটা কংগ্রেস থেকে বলা হচ্ছে সেটা ঠিক নয় যে উন্নয়নমূলক যেসব কাজ আছে তা কমছে, পুলিশ বাড়ছে। আমি বার বার বলেছি, আবার বলব সাত্তার সাহেব যে পরিসংখ্যান দিয়েছেন সেটাও আংশিক এবং সেটা শুধু ধরলে হবে না এই যে খরচ এর কতকটা হয় রেভেনিউ এ্যাকাউন্টে

খরচ, কতকটা লোনের জন্য খরচ এবং কতকটা ক্যাপিট্যালে খরচ, সবগুলি ধরলে ১৯৮০-৮১ সালে কৃষিতে ৭২'২৫ কোটি টাকা আমরা খরচ করেছিলাম, ১৯৮১-৮২ সালে ১০৫ কোটি ৭৫ লক্ষ টাকা আমরা খরচ করেছি, তাহলে বেড়ে গেল কমল না। পরিসংখ্যান যদি এইভাবে দেখা যায় তাহলে দেখা যাবে টোটাল বাজেটে যা খরচ হচ্ছে পুলিশ খাতে সেখানে খরচ হচ্ছে ১৯৮০-৮১ সালে ৩'২ শতকরা, ১৯৮১-৮২ সালে ৩'২ শতকরা, একই থেকে গেছে, কিন্তু কংগ্রেস আমলের শেষ দিকে ও'দের টোটাল বাজেটের ৬'৪ শতকরা খরচ হয়েছে। পরিসংখ্যান যদি দিতে হয় তাহলে সেই ভাবে পরিসংখ্যান দেওয়া ভাল, কিন্তু সেটা দিলেন না। শিক্ষার কথা বললেন না, শিক্ষাটা ওঁদের মতে উন্নয়নমূলক কোন কাজ নয়। ওঁদের রাজত্বে শিক্ষায় যত কম টাকা খরচ করা যায় সেটা করেছেন। শিক্ষা খাতে ডেভেলপমেণ্ট খরচ আছে, নন-ডেভেলপমেণ্ট খরচ আছে—মাষ্টারদের মাইনে নন-ডেভেলপমেণ্ট খরচ, শিক্ষা খাতে আমরা আগে ১৪০, ১৫০ কোটি টাকা খরচ করেছি, এবারে ৪৫০ কোটি টাকা খরচ করছি। এটা ভবিষ্যত ডেভেলপমেণ্টের জন্য ইনভেস্টমেণ্ট, মানুষ তৈরী করতে হবে, কিন্তু কংগ্রেসের কাছে সেইসবের কোন মূল্য নেই।

কিন্তু একবারও কথাটা উচ্চারণ করলেন না যে শিক্ষা খাতে আমরা কত টাকা খরচ করছি। তারপর গ্রামে কাজের বিনিময়ে খাদ্যের যে পরিকল্পনা আমরা করেছিলাম, সে সম্পর্কে অত পরিসংখ্যান দিতে চাইনা, কিন্তু আগে বর্গাদার, ক্ষেতমজুর ইত্যাদি গরীব মানুষেরা যেখানে ৬ মাসও কাজ পেতনা সেখানে অন্ততঃ প্রথম ৩।৪ বছর আমরা ৮ মাস, ৯ মাস পর্যন্ত তাদের কাজ দিতে পেরেছি। পরবর্তীকালে কমে যাবে খানিকটা কারণ এর জন্য খাদ্য ইত্যাদি যা কেন্দ্র থেকে পাবার কথা সেইভাবে আমরা পেলাম না। কাজেই এগুলি কি ভাবে আবার করা যায় আমাদের দেখতে হবে এবং এইসব ব্যবস্থার এখন যে নতুন নামকরণ হয়েছে রুরাল ডেভেলপমেণ্ট, এই সব থেকে আমরা রুরাল এমপ্লয়মেণ্ট দেবার চেষ্টা করবো। এগুলি ওরা করেন নি। তারপরে যে সব বর্গাদারদের নাম রেকর্ড করা হচ্ছে, হাই কোর্টে মামলা, এটা সেটা ইত্যাদি করে কংগ্রেসী উকীল দিয়ে তারা বাধা দেবার চেষ্টা করছেন। আবার ওরা বলেছেন যে গরীবের বন্ধু। ৩১শে ডিসেম্বর পর্যন্ত দেখেছি যে ১২ লক্ষ ৬ হাজার ৮২৯ জন বর্গাদারের নাম রেকর্ড করা হয়েছে। তার মধ্যে সিডিউল্ড কাষ্ট আছে শতকরা ৪০ ভাগ এবং সিডিউল্ড ট্রাইবস হচ্ছে শতকরা ১৮ ভাগ। এই সব কাজ করা হয়েছে। কংগ্রেস আমলে কোনদিন এসব কাজ হয়েছে? কোন দিন হয়নি। এগুলি হচ্ছে উন্নয়নমুলক কাজ। তারপর উদ্বৃত্ত জমি বিতরণ করা হয়েছে ৭ লক্ষ ৫০ হাজার ৩৯৮ একর। আমাদের মন্ত্রী বিনয় বাবুর কাছে শুনলাম যে আরো ৩ লক্ষ, ৩৷৷ লক্ষ জমি বিতরণ হয়েছে, তবে তার পুরো হিসাব আমার কাছে নেই। ৩০ বছর ধরে কংগ্রেস আমলে এসই কাজ কি তারা করেছেন? তারা এসব কাজ করেন নি। এগুলিতো উন্নয়ণ মূলক কাজ। এটা হচ্ছে ধণতান্ত্রিক, সামন্ততান্ত্রিক ব্যবস্থার মধ্যে মানুষের প্রতি সুবিচার আমরা করতে চেষ্টা করেছি যতটা করতে পারি। আর বাস্তু জমি যেটা, সেটা এখনও খুব বেশী দেওয়া সম্ভব হয়নি। ১ লক্ষ ৪১ হাজার মানুষকে আমরা বাস্তুজমি দিতে পেরেছি। এটা আরো একটু দ্রুত আমাদের

করতে হবে। এখনও অনেক বাকী আছে, যাদের বাস্তুজমি দিতে হবে। এই আইন অনেক আগে করা হয়েছে। আগে যখন আমরা সরকারে ছিলাম তখন এটা করা হয়েছিল কিন্তু মাঝখানে কংগ্রেসীরা কিছুই করেন নি। কাজেই এখন আবার আমাদের এটাকে এগিয়ে নিয়ে যেতে হবে। আমাদের যা অবস্থা, এই অবস্থার মধ্যে আমরা খারিপ লোন এবং রবি শস্যের জন্য প্রায় ৪ লক্ষ মানুষকে দিয়েছি। তারপর ছোট শিল্প, ক্ষুদ্র শিল্প এবং হস্ত চালিত শিল্পের যেসব ব্যবস্থা আছে, সেই সব জায়গায়—এর কোন তুলনা হয় না। সেদিন যখন আমি বিবৃতি দিচ্ছিলাম তখন আপনারা দেখছিলেন যে ওরা কি করেছেন, আর আমরা কি করেছি এই ৩।৪ বছরের মধ্যে।—গরীব মানুষের পাশে দাঁড়িয়ে এই মিডিলম্যান যারা আছেন, তাদের যতটা পারি এলিমিনেট করে দিয়েছি। আর যদি পরিসংখ্যান দেখা যায় ছোট শিল্পের তাহলে দেখা যাবে যে প্রচুর হয়েছে। অনেক অসুবিধা আছে, তারা কাঁচা মাল পায়না, আমাদের উপর নির্ভর করেন। অনেক সময় ব্যাঙ্ক থেকে যে টাকা পাবার কথা সেটাও তারা পান না। কিন্তু সেখানে অন্ততঃ হিসাবের মধ্যে দেখবো যে একটা চেষ্টা করেছি, মনোযোগ দিয়েছি। কারণ ওখানে লেবার ইনসেনটিভ দিলে অনেক লোক কাজ করতে পারে। সে জন্য স্মল স্কেল এ্যাণ্ড হ্যাণ্ডলুম সেক্টরে আমরা এইসব কাজ করেছি। কিন্তু শিল্পের ব্যাপারে আমি এই কথা বলতে চাই যে, এটাতো আমাদের উপর নির্ভর করে না, এটা বেশীর ভাগই নির্ভর করে কেন্দ্রীয় সরকারের উপর, অর্থনৈতিক প্রতিষ্ঠানের উপর, এবং প্রাইভেট সেক্টরের উপর। তথাপি এই সব অসুবিধার মধ্যে যেহেতু একটা পরিবেশ আমরা গড়ে তুলতে পেরেছি, সে জন্য ১৯৭৭ সালে যেখানে ৭০ কোটি টাকা নিয়োগ হয়েছিল, সেখানে ১৯৮২ সালে ২ হাজার ৬০৭ কোটি টাকা নিয়োগ হয়েছে। কেন্দ্র থেকে যা করা হয়েছে সেটা পারসেনটেজের দিক থেকে খুবই কম। আর যেগুলি আমরা তাদের কাছে চাচ্ছি, তারা প্রতিশ্রুতিবদ্ধ, কিন্তু তারা কিছুই দিচ্ছেন না। আমরা বার বার লিষ্ট দিয়েছি যে আমাদের হলদিয়া পেট্রোকেমিকেলের ক্ষেত্রে, জাহাজ মেরামতের কারখানা, ইলেকট্রনিকস ইত্যাদি অনেক কিছু দিয়েছি। ৫ হাজার কোটি টাকা খরচ হবে আমাদের ডিফেন্স ইণ্ডাষ্ট্রিতে, দেশ রক্ষার জন্য খরচ হবে, এগুলি নিশ্চয়ই প্রয়োজন আছে নানা বিপদ নানা জায়গায়। কিন্তু তার কিছু অংশতো আমরা পাবো। একটা শিল্পে উন্নত ষ্টেট, সেখানে অনন্তঃ কিছুতো পাবো। কতবার আমরা লিখেছি যে এখানে আপনারা কিছু অর্ডার দিন, কিছু শিল্প প্রতিষ্ঠিত করুন, কিন্তু কোন সাড়াশব্দ সেখানে নেই।

[6-10—6-20 P.M.]

চটকল সম্বন্ধে আগেও বলেছিলাম যে যদি সত্যি এর কোন পরিবর্তন আনতে হয় তাহলে এগুলোকে ন্যাশনালাইজ করতে হবে। কয়েকজনের হাতে রেখে কোন মানে হয় না। অন্তর্বর্তী-কালীন অবস্থায় চাষীরা যাতে বেশী দাম পায় তার ব্যবস্থা করতে হবে। কিন্তু এই সমস্ত

কিছুই নির্ভর করছে কেন্দ্রীয় সরকারের উপর। অবশ্য এ ব্যাপারে কেন্দ্রের কোন সাড়া পাচ্ছি না। আমি চিঠি লিখেছিলাম কেন্দ্রে কোন সাড়া পাই নি। চায়ের ব্যাপারে বলছি—এখন দেখা যাচ্ছে দার্জিলিংয়ের চা বাগানগুলি সব বন্ধ হয়ে যাচ্ছে। অনেক মালিক অন্যায়ভাবে শুষে নিচ্ছে। কিন্তু এগুলি হচ্ছে কেন্দ্রীয় সরকারের আওতায়। তাঁরা যদি এগিয়ে আসেন তাহলে এর একটা ব্যবস্থা হয়। আমার সংগে এ ব্যাপারে অর্থ মন্ত্রীর কথা হয়েছে। তিনি বলেছেন যে ওদের সঙ্গে তিনি কথা বলবেন এবং আমার সঙ্গে এ ব্যাপারে তিনি বাজেটের পর কথা বলবেন। এখন একটা দীর্ঘ মেয়াদী ও স্বল্প মেয়াদী পরিকল্পনা আমাদের তরফ থেকে দেওয়া হয়েছে। নূতন করে লাগতে হবে। রাজ্যপালের ভাষণে এটা আছে। তারপর আমাদের যা হয় বন্যা খরা—১০০টির মত জায়গা খরা কবলিত হয়েছে এ বছর এবং এ বছরের খরা রেকর্ড করে গেছে। তখনই আমরা তাড়াতাড়ি বসে তার মোকাবিলা করার চেষ্টা করেছি। আমরা বলেছি যে কোথায়ও যাতে ষ্টারভেসন ডেথ না হয় তার জন্য আমাদের জানান, আমরা ব্যবস্থা নেবো। আমরা একথা পঞ্চায়েতগুলিকে এবং সাধারণ মানুষদের বলেছিলাম যে আপনারা সরকারের সংগে সহযোগিতা করুন। এবং আমরা পূর্ণ মাত্রায় সহযোগিতা পেয়েছি। আমরা সেই সব মানুষদের বাঁচাতে পেরেছি—পুনরুদ্ধার করতে পেরেছি। আমরা রবি শস্যের জন্য জলের ব্যবস্থা করেছি। এই যে মিনিকিট লোকদের দেওয়া হয়েছে সেটা নাকি ঠিক যারা পাওয়ার কথা তাদের দেওয়া হয় নি। সব ভুল লোকদের দেওয়া হয়েছে। কিন্তু ওনারা একটি ভুল লোকের নাম দিতে পারেন নি। অনেক হাজার হাজার লোককে দেওয়া হয়েছে। তো আপনারা একটি ভুল লোকের নাম দিন—কোথায় কি ভুল হয়েছে সেটা বলুন—তাহলে আমরা সেটা সংশোধন করে নেবো। আপনারা সব ভুল সংবাদ পরিবেশন করছেন। এইসব হচ্ছে দায়িত্ব জ্ঞানহীন লোকের কথা। এইসব কুতসা রটনার ফন্দী। কিছু বৈষম্য হয়তো হতে পারে—তো আপনারা সেগুলি দেখিয়ে দিন। তাহলে আমরা সে সম্বন্ধে ব্যবস্থা নেবো। বিদ্যুৎ নাকি কম হচ্ছে—আরও দ্রুত গতিতে এর আরও বেশী করে ব্যবস্থা করা দরকার। তো ওঁদের নীতি হচ্ছে যাদের আছে তাদের আরও দাও, আর যাদের নাই তাদের দিও না। এবং ওরাই এই ব্যবস্থা করেছে পূর্ব ভারতের সংগে উত্তর ভারতের পার্থক্য। সারা ইষ্টার্ন রিজিয়নের ব্যাপারে ওঁরা চিরকাল এই হাল করে রেখে দিয়েছেন। একথা আমরা ন্যাশন্যাল ডেভেলপমেন্ট কাউন্সিলে বলেছি, প্ল্যানিং কমিশনে বলেছি—এখানে ফ্রেট ইকুইলাইজেসনের প্রশ্ন আছে। তারপর কোল—একটা টেলিস্কোপিক প্রাইস এই ব্যাপারে চলছে। যাতে সস্তা দামে ভারতবর্ষের যে কোন জায়গায় এটা পৌছায় তার ব্যবস্থা করতে হবে। অন্যদিকের ডেভেলপমেণ্ট করে আর এক দিককে বঞ্চিত করা হচ্ছে। শিল্প যার স্থান ছিল প্রথম আজকে তার স্থান হয়েছে অষ্টমে। যেসব কাঁচা মালের দরকার সেগুলি আমাদের তো সস্তা দামে পাওয়া উচিত। **Row material of national importance** এগুলি কেন্দ্রীয় সরকারের হাতে থাকা দরকার।

তারা বলুন যে কার কি প্রয়োজন। সেটা কোন একটা রাজ্য ঠিক করবেন? আমাদের যে অর্থ নৈতিক সুবিধা ছিল সেটা কেড়ে নিলেন ফেট্র ইকোয়ালাইজেসন করে। কিন্তু অমাদের যেখানে সুবিধা হবে তা তো করতে পারলেন না, এই জিনিস আমরা দেখলাম। এই রকম সব চলেছে। তারপর আমার শেষ কথা হচ্ছে এই, আমাদের বিরোধী দলের নেতা তিনি একটি দুর্নীতি আমাদের খুঁজে বের করেছেন। সেটা হচ্ছে রুসি মোদিকে আমরা সেরিফ করেছি কেন—তিনি বললেন যে এই মানুষকে গ্রেপ্তার করা হয়েছিল, এর বিরুদ্ধে মামলা হয়েছিল, বোধ হয় জরুরী অবস্থার সময়, সেই মানুষকে আপনারা সেরিফ করেছেন। এটা হচ্ছে বামপন্থী সরকারের দুর্নীতির একটা উদাহরণ। আমি তো জানি না কবে এ্যারেষ্ট হয়েছিল। কারণ ওরা এ্যারেষ্ট করেন, এর বিশেষ কোন মূল্য নেই। যারা চাঁদা দেয় না, তাদের এ্যারেষ্ট করল, কম টাকা দিলে এ্যারেষ্ট করল। আর যারা টাকা দিল তাদের এ্যারেষ্ট করল না। বিনা বিচারে এইসব আটক করেছেন আমরা দেখেছি। আমরা যখন প্রেসিডেন্সি জেলে ছিলাম তখন দেখেছি একবার অনেক ব্যবসাদারকে ধরে আনল। আমরা বুঝলাম টাকা পয়সা কম দিয়েছে, ধরে এনেছে। তারপর ঘুষ দিয়ে বেরিয়ে চলে গেল দেখলাম। সেই জন্য বিনা বিচারে আমরা মানুষকে বন্দী করি না। আমি বললাম এটা আমরা জানি? সেরিফ করবার নিয়ম হচ্ছে হাই কোর্টের প্রধান বিচারপতি তিনি নাম পাঠান ৩টি। এক, দুই, তিন এই রকম থাকে। তার মধ্যে একটি আমরা গ্রহন করতে পারি। আমরা বলতে পারি যে হঁ্যা, না, একে করুন। এই ভাবেই বরাবর হয়ে আসছে। আপনি জানেন হাইকোর্টের জাজের কাছে এই সব দলিল পত্র কি আছে, না আছে। উনি ওঁর নাম করেছেন। ওঁর নাম প্রথমেই ছিল এবং আমরা এটা অনুমোদন করেছি যে হঁ্যা, এটা হতে পারে। কিন্তু মামলার কাগজ উনি দেখিয়েছেন, ১৯৭৫ এর কবে একটা মামলা হয়েছিল। ওঁর একটা কারখানা আছে। সেই ব্যাপারে ম্যাজিষ্ট্রেট বলছেন, I am of the opinion that the charges against accused no. 2, 4 and 7 are groundless and they are discharged under Section No. 239 of the criminal Procedure code. ২ নং হচ্ছে রুসি মোদির সেরিফের ঘটনা—তাহলে কি দাঁড়াল? হল না:কিছুই। কি লোক ঐ কংগ্রেসের আপনারা বুঝুন। আমি কোন ব্যবসাদারের পক্ষে ওকালতি করতে চাই না কারণ ভারতবর্ষে এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে যে ব্যবসাদাররা আমাদের বলেন চুরি জোচ্চুরি না করলে ব্যবসা করা যায় না। আর কংগ্রেস পার্টিতে তো চাঁদা দিতে হয়—সে আলাদা কথা কিন্তু এটাই হচ্ছে ঘটনা তাহলে এটা বোঝা যাচ্ছে যে দুর্নীতি সম্বন্ধে আর যখন কিছু বলার নেই তখন এটা খুঁজে বের করেছেন। আর কে কে সেরিফ হয়েছে, সেটা অবশ্য আমি জানি না। আমার সময়ে দু তিন জন হয়েছে জানি। এর আগে একজন ব্যবসাদার হয়েছিল। যিনি ছিলেন তিনি ব্যবসা করেন, আবার অন্য রাজনীতিও করেন। এই রকম সব মানুষ আছেন। কিন্তু এই হচ্ছে অভিযোগ। তাহলে বুঝুন কি দায়িত্বজ্ঞানহীন অভিযোগ। এটা উনি নিশ্চয় জানেন। কিন্তু যখন কথা বললেন তখন তো এটা বললেন না যে উনি খালাস হয়ে গিয়েছিলেন, এটা বলতে

পারলেন না। শেষ কথার মধ্যে উনি দুবার বলেছেন, আমি নিজে শুনেছি, সুব্রত মুখার্জি ইন্দিরা কংগ্রেস থেকে সেখানে মিছিল করে এসেছিল। কংগ্রেসের মিছিল মানেই পটকা, বোমা মারবেন। আজকাল আবার নতুন কায়দা হয়েছে, আমার কুশপুত্তলিকা দাহ করার সময় তার মধ্যে বোমা পুরে যেন। এটা কখনও দেখিনি। আগেও আমার অনেক কুশপুত্তলিকা পুড়িয়েছে, আসামেও হাজার হাজার পুড়িয়েছে শুনেছি। এখন তারা বিরক্ত হয়ে গেছে, আর করে নি। এখানেও হয়েছে। চীনের সঙ্গে গোলমালের সময় কুশপুত্তলিকা পোড়ানো হয়েছে। তখন এই কায়দা বেরোয় নি। তখন কুশপুত্তলিকার মধ্যে আবার বোমা, পটকা কি তা জানতাম না। এখন সেগুলি যেই ফাটতে আরম্ভ করে তার মধ্যে থেকে আগুন বেরতে থাকে। এই কংগ্রেসী নেতা বলেছিলেন সুব্রত মুখার্জিকে পুলিশের মারবার কি অধিকার আছে। স্পীকার বলেছিলেন, আমি নিজে এখানে বসে শুনেছি, উনি যখন বেরিয়ে এলেন—ওঁকে জিজ্ঞাসা করা হয়েছে, আপনাকে কি পুলিশ মেরেছিল? আমি জানি ওঁকে জিজ্ঞাসা করা হয়েছিল। আমার একজন অফিসার ওঁকে জিজ্ঞাসা করেছেন, আমি শুনেছি। উনি বলেছিলেন ওঁর আত্মীয় স্বজনের কাছে, না, কিছু হয়নি। আমি প্ল্যাটফর্মের মধ্যে নামতে গিয়ে পড়ে গিয়েছিলাম, কোমরে চোট লেগেছে। হাই ব্লাড প্রেসার আছে। তারপর হসপিটালে গিয়ে ভর্তি হয়েছেন। বিরোধী দলের নেতা, কংগ্রেসী নেতা, ওঁর কোয়ালিটি কি রকম, চরিত্র কি রকম সেটা একটু বুঝুন। এই সমস্ত জেনে শুনে উনি বললেন সুব্রত মুখার্জিকে পুলিশ মেরেছে।

[6-20—6-28 P. M.]

আর ওখানে বোমা ফেলা হয়েছে। একজন মহিলা আহত হয়েছেন, ১১ জন পুলিশ আহত হয়েছেন-এইসব ওরা বললেন। ওদের সম্বন্ধে আর বলার কিছু নেই। আমি অনেকক্ষণ সময় নিয়েছি, আর বেশী বলতে চাই না। এই কথা বলে সমস্ত সংশোধনীর বিরোধিতা করে মাননীয় রাজ্যপালের ভাষনের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**Mr Speaker :** All the amendments are in order and taken as moved.

**শ্রীকাশীনাথ মিশ্র :** I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্ন-লিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

বিগত কয়েক বছরে বিদ্যালয়, প্রাথমিক বিদ্যালয় স্থাপিত না হওয়ায় ছাত্রছাত্রীদের ভর্তির অসুবিধা হচ্ছে। পঞ্চম শ্রেণীতে ছাত্রছাত্রীরা ভর্তি হতে পাচ্ছে না। অভিভাবকদেরও পশ্চিম-বাংলার শিক্ষাক্ষেত্রের ব্যর্থতা উপলব্ধির কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

সেচ ও পানীয় জলের জন্য কাঁচা কুপ ( মাঠ কুয়া ) পঞ্চায়েতের মাধ্যমে খনন করার নামে যে টাকা অপচয় করা হচ্ছে তার প্রতিকারের কোন ব্যবস্থা নেওয়া হয় নি। জেলা শাসকদের নির্দেশও উপেক্ষা করার কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই ;

বাঁকুড়া খ্রীস্টান কলেজে অচলাবস্থা চলছে। ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মচারীদের নিরাপত্তা নেই। গত ১০ই জানুয়ারী মিচেল হোস্টেলের মধ্যে এক ছাত্র সংঘর্ষে ছাত্র সংসদ সভাপতি নিহত হন। কলেজের শিক্ষক, কর্মচারী, ছাত্রছাত্রীদের নিরাপত্তার এবং ছাত্র সংসদ সভাপতির হত্যার বিচার বিভাগীয় তদন্তের কথা রাজ্যপালের ভাষনের মধ্যে নাই ;

পশ্চিমবাংলায় সমস্ত বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয়গুলোতে নৈরাজ্য চলছে। কোথাও শিক্ষার পরিবেশ নেই। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

বিশ্বে তেলের দাম যখন বৃদ্ধি পায় নাই তখন পশ্চিমবঙ্গ সরকারের ট্রাম ও বাসের ভাড়া বৃদ্ধির সিদ্ধান্তে জনসাধারণের কষ্ট লাঘবের পরিবর্তে কষ্ট বৃদ্ধি করছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

বাঁকুড়া জেলার গৌরীপুর লেপ্রসি কলোনী, নবজীবনপুর ও কল্যাণপুর কুষ্ঠাশ্রমের আবাসিকদের দুরবস্থা চলছে। ন্যূনতম খাবার ও কাপড়চোপড় পাচ্ছে না। জন কল্যাণ দপ্তরের মাধ্যমে খাবারের ব্যবস্থা বর্তমানে বন্ধ আছে। নেগেটিভ রোগীদের জন্য কোন সুব্যবস্থা নেই। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নাই ;

আই ইউ ডি পি স্কীমে কেন্দ্রীয় সরকারের প্রায় ৯ লক্ষ টাকা দ্বারকেশ্বর নদীর ওপর কজওয়ে ( বাঁকুড়া শহরাঞ্চলের সাথে রাজগ্রাম এলাকার সংযোগ স্থাপন ) নির্মাণের জন্য ব্যয় না হওয়ার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

বাঁকুড়া জেলার সোনামুখী ব্লকের অন্তর্ভুক্ত কামারস্তগড়, ধনসিমলা প্রভৃতি অঞ্চলে প্রায় ২০ হাজার একর জমির বোরো ধান জলের অভাবে নষ্ট হয়েছে। পশ্চিমবঙ্গ সরকার বাঁকুড়া জেলায় সেচের ব্যবস্থা করতে ব্যর্থ হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

বাঁকুড়া পৌরসভার টাকার অভাবে শহরাঞ্চলে সেনিটেসনের কাজ সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে এবং হচ্ছে। পৌরসভা কর্তৃক কর্মচারীদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা খরচ করে ফেলেছে। কর্মচারীদের লাগাতার ধর্মঘটের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

দিনের পর দিন কর্মসংস্থানের অভাবে বেকারত্বের জ্বালা বৃদ্ধি পাচ্ছে। শহরোন্নয়নের নামে পুনর্বসনের ব্যবস্থা না করে হাজার হাজার গরীব হকারদের উচ্ছেদ করা হয়েছে। শিল্পহীন এলাকায় বিশেষ ক'রে বাঁকুড়া শহরাঞ্চলে হাজার হাজার হকার্স অনাহারে দিন অতিবাহিত করছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলার অন্যতম মেডিকেল কলেজ বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ ও হাসপাতাল আর্থিক দূরবস্থার জন্য অচলাবস্থার সম্মুখীন। শিক্ষক, কর্মচারী ও ওষুধের অভাবে হাসপাতাল কর্তৃপক্ষও উদাসীন। স্থানীয় প্রশাসনে কোনরকম সমন্বয় নেই। চিকিৎসার ব্যাপারে তদারকি করার জন্য কোন সুপার নেই। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

আর্ত দরিদ্র মানুষের চিকিৎসার ব্যর্থতার কোনরূপ প্রতিকার নেওয়া হয়নি। পশ্চিমবাংলার সমস্ত হাসপাতালে অরাজকতা চলছে। ডাক্তার, কর্মচারী, এম্বুলেন্স, ওষুধের অভাবে গরীব মানুষ ন্যূনতম চিকিৎসা পাচ্ছে না। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

আই আর ডি পি স্কীমের মাধ্যমে কর্মসংস্থান ও আর্থিক সাহায্যের যে ব্যবস্থা আছে তাহা সঙ্কীর্ণ দলবাজীর মধ্যে সীমাবদ্ধ আছে। জাতীয়তাবাদী কৃষক, বিভিন্ন কুটিরশিল্পে যুক্ত জাতীয়তাবাদী শিল্পীর কর্মসংস্থান ও আর্থিক সাহায্য (আই. আর. ডি. পি. স্কীম) হতে বঞ্চিত। রাজ্যপালের ভাষণে তার কোন উল্লেখ নেই ;

প্রয়োজনীয় কর্মসংস্থানের পরিবর্তে কুটিরশিল্পের সঙ্গে যুক্ত হাজার হাজার বিড়িশিল্পী, তাঁতশিল্পী শঙ্খশিল্পী, বাসনশিল্পী কাঁচামালের অভাবে, সরকারী আর্থিক সাহায্যের অভাবে অনাহারে, অর্ধাহারে দিন অতিবাহিত করছে। রাজ্যপালের ভাষণে এ সম্পর্কে কোন উল্লেখ নেই ;

আইনশৃঙ্খলার স্থিতিশীলতার পরিবর্তে বিরোধীদলের কর্মীদের ওপর নৃশংস রাজনৈতিক অত্যাচার চালানো হচ্ছে। বিরোধীদলের নেতা ও কর্মীদের ঘরবাড়ীতে অগ্নিসংযোগ করা হয়েছে এবং হচ্ছে। তাদের পুকুরের মাছ, ধান ও ফসলাদি লুঠ করা হচ্ছে। বিরোধীদলের কর্মীরা পাড়াছাড়া, ঘরছাড়া। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

রাজ্যের পঞ্চায়েত কার্যের জন্য বরাদ্দ কোটি কোটি টাকা জনসাধারণের স্বার্থে ব্যয়িত হয় নি। শাসন ক্ষমতায় অধিষ্ঠিত বিভিন্ন শরিকদলের সংগঠন বৃদ্ধির জন্য বরাদ্দকৃত টাকা চুরি ও লুঠ করা হয়েছে। সরকার জনসাধারণের স্বার্থ উপেক্ষা করেছে। রাজ্যপালের ভাষণে এই সবের কোন কথা উল্লেখ নেই ;

নিরপেক্ষভাবে আইনশৃঙ্খলা রক্ষায় পুলিস বাহিনীর ব্যর্থতার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

আগামী কয়েক বছরের মধ্যে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির প্রতিশ্রুতি দেওয়ার সঙ্গে পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত বিদ্যুৎ কেন্দ্রগুলির পরিচালন ব্যবস্থায় ভয়াবহ অরাজকতা, আর্থিক অপচয় ও ব্যর্থতা চলছে। এর প্রতিকারের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির জন্য গ্যাস টারবাইন প্রকল্পে লক্ষ লক্ষ টাকা অপচয় হচ্ছে এবং উৎপাদনও হচ্ছে না। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

বিদ্যুৎ সরবরাহে ব্যাপক প্রতিশ্রুতি দেওয়ার সঙ্গে কোলাঘাট তাপবিদ্যুৎ প্রকল্পের অসম্পূর্ণ কাজ ত্বরান্বিত করার এবং মেজিয়া ও বীরভূম তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের নেওয়া কোন উদ্যোগের কথা রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ নেই ;

বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির প্রতিশ্রুতি দেওয়ার সঙ্গে পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত বিদ্যুৎ কেন্দ্রগুলিতে যে ভয়াবহ অরাজকতা ও ব্যর্থতা চলছে যার পরিণতি হিসাবে ১২ জন শ্রমিককে অহেতুকভাবে ছাঁটাই করা হয়েছে সে ব্যাপারে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলায় কর্মসংস্থান সৃষ্টি করতে যে এন আর ই পি এবং আর ডব্লু পি ও ই জি ডব্লু স্কীম চালু আছে তাতে কর্মসংস্থান না হয়ে কোটি কোটি টাকা পঞ্চায়েত অপচয় করছে। দুঃস্থ গরীব শ্রমিকরা কাজ পাচ্ছে না। কোনদিন কাজ হলেও মজুরি ঠিকমত দেওয়া হয় নি। মাননীয় রাজ্যপালের ভাষণে একথার উল্লেখ নেই ;

পশ্চিমবাংলায় সরকারী ও বে-সরকারী শিল্প উদ্যোগ নৈরাশ্যজনক। রাজ্যসরকার সম্পূর্ণ উদাসীন রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলায় গ্রামভিত্তিক গভীর নলকূপ, জোড়বাঁধ, নদীজল উত্তোলন প্রকল্প, ক্ষুদ্রসেচ প্রকল্প রূপায়িত করা হয় নি। ব্যাপকভাবে জমিতে ফসল নষ্ট হচ্ছে। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলায় বাঁকুড়া জেলা শিল্পে অনগ্রসর জেলা। সরকারী ও বেসরকারী শিল্প উদ্যোগ এই জেলায় নেওয়া হচ্ছে না। কর্মসংস্থানের অভাবে বেকার যুবকরা দিশেহারা। বাঁকুড়া জেলায় শিল্প উদ্যোগ নেওয়ার ব্যাপারে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

বর্তমান সরকারের আমলে পুলিশ কর্মচারীদের পাশাপাশি দুটি সংগঠন থাকায় তাদের মধ্যে বন্ধুত্ব ও প্রীতি সম্পূর্ণ বিলুপ্তের মুখে। ফলে সাধারণ মানুষ বিশেষ করে জাতীয়তাবাদী মনোভাবাপন্ন মানুষরা নিরাপত্তা থেকে বঞ্চিত। পুলিশ প্রশাসনের মধ্যে হটকারিতার অভাব নেই। নিরীহ কর্মচারীরাও রাজনৈতিক শিকারে পড়ছে। মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

বাঁকুড়া জেলার পুলিশ কর্মচারীদের বাসস্থান না থাকায় ভাড়াবাড়ীতে বসবাস করতে হয়। সময়মত কর্তব্যে আসা সম্ভব হয় না। তাদের জীবনেও নিরাপত্তার অভাব দেখা দিয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই।

বাঁকুড়া জেলায় পুলিস ব্যারাক একটি মাত্র। আরও দুটি আছে। কিন্তু বাস করার অযোগ্য। যেকোন মুহূর্তে ভেঙ্গে পড়তে পারে। পুলিস কর্মচারীদের জীবন প্রায় বিপন্ন। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনঃউল্লেখ নেই ;

পশ্চিমবাংলায় পুলিশ কর্মচারী নিয়োগ করার সময় যথোপযুক্তভাবে তাদের দৈহিক মাপ গ্রহণ করা হয়। কিন্তু পোশাক দেবার সময় দেখা যায় নিম্নমানের ছোট পোশাক। বিভিন্ন রাজ্যে পুলিশের পোশাক উচ্চমানের। তাছাড়া পুলিশ কর্মচারীদের রেশন সরবরাহতে যথেষ্ট ত্রুটি আছে। সময়মত প্রয়োজনীয় জিনিসপত্র পাওয়া যায় না, যদিও পাওয়া যায় তাহা নিম্নমানের। মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

এই রাজ্যে পুলিশ কর্মচারীদের মধ্যে যে পে-স্কেল চালু আছে তাহা সম্পূর্ণ বৈষম্যমূলক। সিনিয়ার ও জুনিয়ারের কোন পে-স্কেল নেই। ফলে অভিজ্ঞতা সম্পন্ন অনেক পুলিস কর্মচারী সরকারী নীতির গুরুত্ব উপলব্ধি করতে পারছেন না। অভিজ্ঞ কর্মচারীদের কোনও রকম আলাদা সুযোগসুবিধা দেওয়া হয় নাই। ফলে কর্তব্যে যথেষ্ট অবহেলা দেখা দিচ্ছে। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

বাঁকুড়া জেলার সুষ্ঠু প্রশাসনের স্বার্থে খাতড়া সাবডিভিসন করার কথা সরকারীভাবে ঘোষণা করা হয়েছে। কিন্তু সাবডিভিসনের কাজ এখনও ত্বরান্বিত না করার কারণ মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই ;

পশ্চিমবাংলায় গ্রামগুলোর উন্নয়নের জন্য পঞ্চায়েতের মাধ্যমে কোটি কোটি টাকা ব্যয় করা হয়েছে এবং হচ্ছে। কিন্তু পঞ্চায়েত প্রধানরা এখনও পর্যন্ত হিসাব দিতে পারেন নি। অনেক প্রধান সরকারী টাকার তছরুপের জন্য অভিযুক্ত হয়ে আছেন। এর কোন প্রতিকারের ব্যবস্থা সম্বন্ধে মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই ;

এই রাজ্যে প্রতিবছর দশ হাজার সরকারী কর্মচারী অবসর গ্রহণ করছেন। কিন্তু তাদের পাওনা টাকা এখনও পর্যন্ত ফেরত দেওয়া হচ্ছে না। ফলে তাদেরকে অনাহার অর্ধাহারে দিন অতিবাহিত করতে হচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

বামফ্রণ্ট সরকার সারা পশ্চিমবাংলায় খরা মোকাবিলায় ব্যর্থ হয়েছে। শহরের মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত গ্রামের শ্রমজীবী মানুষরা কাজের অভাবে অনাহারে অর্ধাহারে জীবন অতিবাহিত করছে। ভয়ঙ্কর খরার জন্য স্বভাবতঃ অত্যাবশ্যক জিনিসপত্রের দাম দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে। সরকার কোন প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করেন নি। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

ডাক্তার ও ঔষধের অভাবে রাজ্যের গরীব মানুষ হাসপাতালে কোন চিকিৎসা পাচ্ছেন না। তার প্রতিকারের কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

বিগত ছয় বছরে বর্তমান সরকারের শাসনে হাজার হাজার নিরীহ মানুষ নিহত ও আহত হয়েছেন এবং বহু ঘরবাড়ী লুণ্ঠিত হয়েছে। এই সকল ঘটনা প্রতিরোধকল্পে ব্যবস্থা গ্রহণের কথার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষাব্যবস্থায় চরম অব্যবস্থা বিরাজ করছে। প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ সরকার কর্তৃক দেয় পাঠ্যপুস্তক পায় নাই। সেজন্য শিক্ষার কাজ ব্যাহত হইতেছে। মাননীয় রাজ্যপালের ভাষণে তাহার উল্লেখ নাই ;

পশ্চিমবঙ্গের শত শত স্বাস্থ্যকেন্দ্রে আজও কোন ডাক্তার দেওয়া হয় নাই এবং গরীব রোগীদের সরকারী অ্যাম্বুলেন্স-এ জেলা হাসপাতালে পাঠাতে হলে অ্যাম্বুলেন্সে-এর ভাড়া ও পেট্রোল ক্রয় বাবদ মোটা টাকা জমা দিতে হয়। বর্তমানে এই নিয়ম রদ করে গরীব মানুষদের সুবিধা করে দেওয়ার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গে লক্ষ লক্ষ বেকার যুবকদের কিভাবে কর্মসংস্থান করা হবে এবং গত পাঁচ বছরে কি পরিমাণ বেকার যুবকদের চাকুরী ব্যবস্থা করা হয়েছে মাননীয় রাজ্যপালের ভাষণে তাহার কোন উল্লেখ নেই ;

লক্ষ লক্ষ শ্রমিক বিশেষ করে বিড়ি শ্রমিক যারা দিবারাত্রি মালিক এবং নানা রকম দালাল শ্রেণীর লোক দ্বারা নিপীড়িক ও বঞ্চিত হচ্ছেন তাদের প্রতি কোন রকম লক্ষ্য এই সরকারের নেই—এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

পশ্চিমবঙ্গের ভয়াবহ খরার মোকাবিলা করার পরিবর্তে বরাদ্দকৃত কোটি কোটি টাকা অপচয় করা হয়েছে। পঞ্চায়েতগুলি বরাদ্দকৃত টাকা সাধারণ মানুষের স্বার্থে ব্যয় করে নি। দলের সমর্থকদের মধ্যে বণ্টন করেছে। শহর ও গ্রামের শ্রমজীবী মানুষরা বর্তমান খরায় উপকৃত হয় নি। সুষ্ঠু পরিকল্পনার অভাবে খরার সুযোগে কালোবাজারী, মুনাফা-খোররা দিনের পর দিন প্রয়োজনীয় জিনিসপত্রের কৃত্রিম অভাব সৃষ্টি করে চলেছে। কালোবাজারী, মুনাফাখোরদের প্রতিরোধ করতে বর্তমান সরকারের ব্যর্থতার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই।

**শ্রীঅতীশচন্দ্র সিংহঃ** I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :—

কিন্তু দুঃখের বিষয় যে,—

পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে পঞ্চায়েতের মাধ্যমে যে অরাজকতা ও সরকারী অর্থের অপচয় হচ্ছে তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

গত বছর পশ্চিমবঙ্গে ব্যাপক খরার পর উপযুক্ত ত্রাণের ব্যবস্থা করতে সরকার সর্বতোভাবে ব্যর্থ হয়েছে। গ্রামাঞ্চলে পানীয় জলের অত্যন্ত অভাব দেখা দিয়েছে। এই অভাব দুরীকরণের কোন ব্যবস্থা সরকার করতে পারেন নি। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবঙ্গে ব্যাপক খরার পরিপ্রেক্ষিতে যে ব্যাপক ক্ষুদ্র সেচের ব্যবস্থা করা দরকার তা করতে সরকার সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে। এখনও গভীর নলকূপ স্থাপনের কোন প্রচেষ্টা সরকার করতে পারেন নি। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবঙ্গে আইনশৃঙ্খলার পরিস্থিতি ক্রমাগত খারাপের দিকে যাচ্ছে। অন্যায়ভাবে বর্গা রেকর্ডিং ও জোর ক'রে ধান লুঠের রাজত্ব কায়েম হয়েছে। এমনকি মহামান্য হাইকোর্টের নিষেধাজ্ঞাকেও সরকারী প্রশাসন বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখাচ্ছে। এর ফলে গ্রামাঞ্চলে এবং শহরে মানুষের জীবনের নিরাপত্তা ও সম্পত্তিরও কোন নিরাপত্তার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গের বিভিন্ন শিক্ষায়তনে ও শিক্ষাব্যবস্থায় সম্পূর্ণ অরাজকতা চলছে। এর প্রতিকারে সরকারের সম্পূর্ণ ব্যর্থতার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

কলিকাতা ও গ্রামাঞ্চলে ব্যাপক বিদ্যুৎ ছাঁটাই-এর ফলে স্বাভাবিক জীবন প্রায় অচল হয়ে এসেছে। ক্ষুদ্র শিল্পগুলি প্রায় সব বন্ধ হয়ে এসেছে। ছাত্রছাত্রীদের পড়াশুনা প্রায় বন্ধ। বড় শিল্পগুলিও বিশেষ ক্ষতিগ্রস্ত। এই সময় সি আই টি ইউ ইউনিয়নে যোগ না দেবার অপরাধে ১২ জন এস ই বি কর্মীকে অন্যায় ও নির্দয়ভাবে ছাঁটাই করা হয়েছে এসবের প্রতিকার করতে সরকার ব্যর্থ হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ে কোন উল্লেখ নেই।

**শ্রীসুভাষচন্দ্র মাহাত :** I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় যে,—

সমগ্র পশ্চিমবঙ্গে বিশেষতঃ গ্রাম্য এলাকায় চরম বিদ্যুৎ সংকটের ফলে জলসেচ ব্যাহত হওয়ার এবং কলকারখানা অচল হওয়ার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

রাজ্যে ডাকাতি, রাহাজানি বৃদ্ধির কারণ ও তার প্রতিকারের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

লক্ষ লক্ষ টাকার সিমেণ্ট পারমিট পঞ্চায়েতের মাধ্যমে চোরাপথে পাচার হচ্ছে তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গের অনুন্নত এলাকায় বিশেষতঃ পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম প্রভৃতি এলাকায় নতুন শিল্প স্থাপনের কথা এবং লক্ষ লক্ষ বেকার যুবকদের কোন উদ্যোগ বিশেষ ক'রে পুরুলিয়ার ঝালদায় সিমেণ্ট কারখানা, মিনি ষ্টিল, চিনির কারখানা, চায়না ক্লে কারখানা, বাঁকুড়া জেলার নাইলন, স্কুটার, মিনি পেপার মিল, স্পিনিং মিল স্থাপনের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবঙ্গে প্রচণ্ড খরা চলছে, পশ্চিমবঙ্গে খরাপীড়িত এলাকাতে ব্যাপকভাবে শ্রমিক, কৃষক, দিনমজুরদের কর্মসংস্থান সহ মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্ত শ্রেণীগুলিকে বিশেষতঃ তন্তুজীবী, শঙ্খজীবী, কাঁসাশিল্পী, ডোগরা শিল্পী, বিড়ি শিল্পী, গালা শিল্পীসহ সমস্ত প্রকার কুটির শিল্পীদের কাঁচামাল সরবরাহ সহ আর্থিক সাহায্য দেবার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গে খরা চলছে, বিশেষ ক'রে পুরুলিয়া, বাঁকুড়াতে খরা পরিস্থিতি অত্যন্ত ভয়াবহ ! বৃষ্টি না হওয়ায় সেচ প্রকল্পগুলিতে জল নেই বললেই চলে, তাই ক্ষুদ্র সেচ ছোট ছোট জোড়বাঁধ বিশেষ ক'রে কাসাই নদী, কুমারী নদী এবং সুবর্ণরেখা নদীর ধারে ধারে নদী-জলোত্তোলন সেচ প্রকল্প নির্মাণ করার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

প্রচণ্ড খরায় গ্রামে গ্রামে পানীয় জলের যে অভাব দেখা দিয়েছে এবং ২।১ মাসের মধ্যে যে ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

সেচের জল ভি ডি সি ও অন্যান্য খাল দিয়ে সুষ্ঠু বণ্টন ব্যবস্থায় যে ভয়াবহ দলবাজী চলছে এবং নিরীহ কৃষকদের তার শিকার হতে হচ্ছে তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

সরকারী অর্থ পঞ্চায়েতের মাধ্যমে শাসকদলের খেয়ালখুশিমত বিলি হচ্ছে ফলে দরিদ্র মানুষ সুযোগ পাচ্ছে না এ কথার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অ্যাম্বুলেন্সগুলি অধিকাংশই অকেজো। যাওবা কয়েকটি ভাল আছে সময়ে সময়ে শাসকসম্প্রদায়ভুক্ত দলের স্বার্থে অন্যত্র নিয়ে চলে যাওয়া হয় অথচ স্থানীয় রোগী জেলা হাসপাতালে নিয়ে না যাওয়ার জন্য মারা যান। এ ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

গত কুড়ি বছর আগে সি আর ডবলিউ স্কীমে গ্রামীণ রাস্তা তৈরী অনুমোদিত হওয়া সত্ত্বেও সে রাস্তা তৈরী করতে রাজ্য সরকার ব্যর্থ হয়েছেন সিঙ্গুরে সেরকম তিনটি রাস্তা আছে। সারা পশ্চিমবঙ্গে এধরনের বহু নজীর আছে ; তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

**শ্রীনবকুমার রায় ঃ I beg to move that** উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

বর্তমানে সরকার যেভাবে গ্রামবাংলার ভুয়া বর্গাদার রেকর্ড করিয়া সাধারণ মানুষকে বিভ্রান্ত করিতেছে, তাহার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

শিল্পে অগ্রগতির কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

বর্তমানে যেভাবে শাসক দলের কোন শরিকের কর্মীদের দ্বারা সাধারণ নাগরিক ও বিরোধী দলের কর্মীরা খুন হচ্ছে তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

বাংলার গ্রাম ও গঞ্জে যেভাবে চুরি.ডাকাতি-ছিনতাই বেড়েছে তার কোন প্রতিকারের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই।

**শ্রীঅবন্তী মিশ্র :** I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

পশ্চিমবাংলার সীমান্ত গ্রাম হিনাড়ী থেকে ঝাউগেড়্যা স্লুইস পর্যন্ত যে খালটি সরকার নূতন কেটেছেন, উক্ত খালটি কাটার জন্য হিনাড়ী, নারদীগুা, সাঁতড়া, দুর্গাপুর, শোনপুর গোবরা, মহাজন, আকনা, বিরামপুর ফতেপুর প্রভৃতি মৌজার যেসব কৃষকদের নিকট হতে রাজ্য সরকার জমি অধিগ্রহণ করেছেন উক্ত জমির মূল্যস্বরূপ ক্ষতিপূরণ বাবত টাকা কবে নাগাত সরকার দিবেন, মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোন উল্লেখ নাই ;

দীঘা-মেচেদা বাস যাতায়াতের রাস্তার ফতেপুর বাসস্ট্যাণ্ড থেকে উড়িষ্যা বর্ডার ভায়া দুর্গাপুর (দেউলীহাট) বাসস্ট্যাণ্ড, গুরুত্বপূর্ণ ও উভয় প্রদেশের মধ্যে সংযোগকারী রাস্তাটি মোরাম রাস্তায় পরিণত করার কাজ কবে নাগাত সম্পন্ন হবে এবং উক্ত রাস্তায় বামফ্রন্ট সরকারের অকর্মণ্যতা ও গাফিলতির জন্য বর্তমানে বাস যাতায়াত বন্ধ আছে, এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

দীঘা-মেচেদা বাস রাস্তায় চাউলখোলা বাসস্ট্যাণ্ড থেকে দাদনপাত্রবাড় পর্যন্ত বাস যাতায়াতের পীচ রাস্তাটির সংস্কারকার্য অবিলম্বে করা একান্ত প্রয়োজন, কিন্তু কবে ঐ রাস্তাটির সংস্কার করা হবে, তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

দীঘা-মেচেদা বাস রাস্তার পিছাবনী বাসস্ট্যাণ্ড থেকে মীরগোদাগঞ্জ পর্যন্ত ভায়া ভূঞ্যালীবাড়, মৈতনা উপ-স্বাস্থ্যকেন্দ্র ও ভাঁড়ী রাস্তাটি অত্যন্ত প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ, ঐ রাস্তার হাজার হাজার পথচারীর দুঃখদুর্দশা দূর করার জন্য ঐ রাস্তাটি কবে মোরাম অথবা পীচ রাস্তায় পরিণত করবেন, এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

দীঘা পর্যটক কেন্দ্রে দীঘা ভ্রমণার্থীদের সংখ্যা যে হারে বেড়ে চলেছে, ভ্রমণার্থীদের দীঘায় থাকার জন্য সরকারী ও বেসরকারী যেসব ঘর রয়েছে, তাতে স্থান সঙ্কুলান হয় না, এর ফলে দীঘা ভ্রমণার্থীরা বাহির থেকে দীঘায় এলে খুবই অসুবিধায় পড়েন, এবিষয়ে সরকারের অবিলম্বে সক্রিয় ভূমিকা গ্রহণ করা একান্ত প্রয়োজন, এ সম্পর্কে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবঙ্গে কৃষি, শিল্প ও শিক্ষার প্রগতির উদ্দেশ্যে বামফ্রন্ট সরকারের কোনও সক্রিয় ভূমিকা বা চেষ্টা নাই, এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

রামনগর বিধানসভা এলাকার বড়বাঙ্কুয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ও সাধা উপ-স্বাস্থ্যকেন্দ্রে সরকারের স্বাস্থ্য বিভাগ অনুমোদিত স্টাফ প্যাটার্ন অনুযায়ী নাম প্রভৃতি বিভিন্ন শ্রেণীর স্টাফ না থাকায় রোগীদিগকে চিকিৎসা করার কার্য ব্যাহত হচ্ছে। এ সম্পর্কে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

**Mr. Speaker :** **Now I put all the amendments to vote.**

The motions of **শ্রীকাশীনাথ মিশ্র** that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

বিগত কয়েক বছরে বিদ্যালয়, প্রাথমিক বিদ্যালয় স্থাপিত না হওয়ায় ছাত্রছাত্রীদের ভর্তির অসুবিধা হচ্ছে। পঞ্চম শ্রেণীতে ছাত্রছাত্রীরা ভর্তি হতে পাচ্ছে না। অভিভাবকদেরও পশ্চিম বাংলার শিক্ষাক্ষেত্রের ব্যর্থতা উপলব্ধির কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

সেচ ও পানীয় জলের জন্য কাঁচা কূপ ( মাঠ কুয়া ) পঞ্চায়েতের মাধ্যমে খনন করার নামে যে টাকা অপচয় করা হচ্ছে তার প্রতিকারের কোন ব্যবস্থা নেওয়া হয় নি। জেলা শাসকদের নির্দেশও উপেক্ষা করার কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই ;

বাঁকুড়া খ্রীস্টান কলেজে অচলাবস্থা চলেছে। ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মচারীদের নিরাপত্তা নেই। গত ১০ই জানুয়ারী মিচেল হোস্টেলের মধ্যে এক ছাত্র সংঘর্ষে ছাত্র সংসদ সভাপতি নিহত হন। কলেজের শিক্ষক, কর্মচারী, ছাত্রছাত্রীদের নিরাপত্তার এবং ছাত্র সংসদ সভাপতির হত্যার বিচার বিভাগীয় তদন্তের কথা রাজ্যপালের ভাষণের মধ্যে নাই ;

পশ্চিমবাংলায় সমস্ত বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয়গুলোতে নৈরাজ্য চলেছে। কোথাও শিক্ষার পরিবেশ নেই। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

বিশ্বে তেলের দাম যখন বৃদ্ধি পায় নাই তখন পশ্চিমবঙ্গ সরকারের ট্রাম ও বাসের ভাড়া বৃদ্ধির সিদ্ধান্তে জনসাধারণের কষ্ট লাঘবের পরিবর্তে কষ্ট বৃদ্ধি করছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

বাঁকুড়া জেলার গৌরীপুর লেপ্রসি কলোনী নবজীবনপুর ও কল্যাণপুর কুষ্ঠাশ্রমের আবাসিকদের দুরবস্থা চলছে। ন্যূনতম খাবার ও কাপড়চোপড় পাচ্ছে না। জন কল্যাণ দপ্তরের মাধ্যমে খাবারের ব্যবস্থা বর্তমানে বন্ধ আছে। নেগেটিভ রোগীদের জন্য কোন সুব্যবস্থা নেই। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নাই ;

আই ইউ ডি পি স্কীমে কেন্দ্রীয় সরকারের প্রায় ৯ লক্ষ টাকা দ্বারকেশ্বর নদীর ওপর কজওয়ে ( বাঁকুড়া শহরাঞ্চলের সাথে রাজগ্রাম এলাকার সংযোগ স্থাপন ) নির্মাণের জন্য ব্যয় না হওয়ার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

বাঁকুড়া জেলার সোনামুখী ব্লকের অন্তর্ভুক্ত কামারস্তগড়, ধনসিমলা প্রভৃতি অঞ্চলে প্রায় ২০ হাজার একর জমির বোরো ধান জলের অভাবে নষ্ট হয়েছে। পশ্চিমবঙ্গ সরকার বাঁকুড়া জেলায় সেচের ব্যবস্থা করতে ব্যর্থ হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

বাঁকুড়া পৌরসভার টাকার অভাবে শহরাঞ্চলে সেনিটেসনের কাজ সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে এবং হচ্ছে। পৌরসভা কর্তৃক কর্মচারীদের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা খরচ করে ফেলেছে। কর্মচারীদের লাগাতার ধর্মঘটের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

দিনের পর দিন কর্মসংস্থানের অভাবে বেকারত্বের জ্বালা বৃদ্ধি পাচ্ছে। শহরোন্নয়নের নামে পুনর্বসনের ব্যবস্থা না করে হাজার হাজার গরীব হকারদের উচ্ছেদ করা হয়েছে। শিল্পহীন এলাকায় বিশেষ করে বাঁকুড়া শহরাঞ্চলে হাজার হাজার হকার্স অনাহারে দিন অতিবাহিত করছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলার অন্যতম মেডিকেল কলেজ বাঁকুড়া সম্মেলনী মেডিকেল কলেজ ও হাসপাতাল আর্থিক দূরবস্থার জন্য অচলাবস্থার সম্মুখীন। শিক্ষক, কর্মচারী ও ওষুধের অভাবে হাসপাতাল কর্তৃপক্ষও উদাসীন। স্থানীয় প্রশাসনে কোনরকম সমন্বয় নেই। চিকিৎসার ব্যাপারে তদারকি করার জন্য কোন সুপার নেই। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

আর্ত দরিদ্র মানুষের চিকিৎসার ব্যর্থতার কোনরূপ প্রতিকার নেওয়া হয় নি। পশ্চিমবাংলার সমস্ত হাসপাতালে অরাজকতা চলছে। ডাক্তার, কর্মচারী, এম্বুলেন্স, ওষুধের অভাবে গরীব মানুষ ন্যূনতম চিকিৎসা পাচ্ছে না। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

আই আর ডি পি স্কীমের মাধ্যমে কর্মসংস্থান ও আর্থিক সাহায্যের যে ব্যবস্থা আছে তাহা সঙ্কীর্ণ দলবাজীর মধ্যে সীমাবদ্ধ আছে। জাতীয়তাবাদী কৃষক, বিভিন্ন কুটিরশিল্পে যুক্ত জাতীয়তা-

বাদী শিল্পীর কর্মসংস্থান ও আর্থিক সাহায্য ( আই আর ডি পি স্কীম ) হতে বঞ্চিত। রাজ্যপালের ভাষণে তার কোন উল্লেখ নেই ;

প্রয়োজনীয় কর্মসংস্থানের পরিবর্তে কুটিরশিল্পের সঙ্গে যুক্ত হাজার হাজার বিড়িশিল্পী, তাঁতশিল্পী শঙ্খশিল্পী, বাসনশিল্পী কাঁচামালের অভাবে, সরকারী আর্থিক সাহায্যের অভাবে অনাহারে, অর্ধাহারে দিন অতিবাহিত করছে। রাজ্যপালের ভাষণে এ সম্পর্কে কোন উল্লেখ নেই ;

আইনশৃঙ্খলার স্থিতিশীলতার পরিবর্তে বিরোধীদলের কর্মীদের ওপর নৃশংস রাজনৈতিক অত্যাচার চালানো হচ্ছে। বিরোধীদলের নেতা ও কর্মীদের ঘরবাড়ীতে অগ্নিসংযোগ করা হয়েছে এবং হচ্ছে। তাদের পুকুরের মাছ, ধান ও ফসলাদি লুঠ করা হচ্ছে। বিরোধীদলের কর্মীরা পাড়াছাড়া, ঘরছাড়া। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

রাজ্যের পঞ্চায়েত কার্যের জন্য বরাদ্দ কোটি কোটি টাকা জনসাধারণের স্বার্থে ব্যয়িত হয় নি। শাসন ক্ষমতার অধিষ্ঠিত বিভিন্ন শরিকদলের সংগঠন বৃদ্ধির জন্য বরাদ্দকৃত টাকা চুরি ও লুঠ করা হয়েছে। সরকার জনসাধারণের স্বার্থ উপেক্ষা করেছে। রাজ্যপালের ভাষণে এই সবের কোন কথা উল্লেখ নেই ;

নিরপেক্ষভাবে আইনশৃঙ্খলা রক্ষায় পুলিস বাহিনীর ব্যর্থতার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

আগামী কয়েক বছরের মধ্যে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির প্রতিশ্রুতি দেওয়ার সঙ্গে পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত বিদ্যুৎ কেন্দ্রগুলির পরিচালন ব্যবস্থায় ভয়াবহ অরাজকতা, আর্থিক অপচয় ও ব্যর্থতা চলছে। এর প্রতিকারের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির জন্য গ্যাস টারবাইন প্রকল্পে লক্ষ লক্ষ টাকার অপচয় হচ্ছে এবং উৎপাদনও হচ্ছে না। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

বিদ্যুৎ সরবরাহ ব্যাপক প্রতিশ্রুতি দেওয়ার সঙ্গে কোলাঘাট তাপবিদ্যুৎ প্রকল্পের অসম্পূর্ণ কাজ ত্বরান্বিত করার এবং মেজিয়া ও বীরভূম তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের নেওয়া কোন উদ্যোগের কথা রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ নেই ;

বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির প্রতিশ্রুতি দেওয়ার সঙ্গে পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত বিদ্যুৎ কেন্দ্রগুলিতে যে ভয়াবহ অরাজকতা ও ব্যর্থতা চলছে যার পরিণতি হিসাবে ১২ জন শ্রমিককে অহেতুকভাবে ছাঁটাই করা হয়েছে সে ব্যাপারে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলায় কর্মসংস্থান সৃষ্টি করতে যে এন আর ই পি এবং আর ডব্লু পি ও ই জি ডব্লু স্কীম চালু আছে তাতে কর্মসংস্থান না হয়ে কোটি কোটি টাকা পঞ্চায়েত অপচয় করছে। দুঃস্থ

গরীব শ্রমিকরা কাজ পাচ্ছে না। কোনদিন কাজ হলেও মজুরি ঠিকমত দেওয়া হয় নি। মাননীয় রাজ্যপালের ভাষণে একথার উল্লেখ নেই ;

পশ্চিমবাংলায় সরকারী ও বে-সরকারী শিল্প উদ্যোগ নৈরাশ্যজনক। রাজ্য সরকার সম্পূর্ণ উদাসীন। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলায় গ্রামভিত্তিক গভীর নলকূপ, জোড়বাঁধ, নদীজল উত্তোলন প্রকল্প, ক্ষুদ্রসেচ প্রকল্প রূপায়িত করা হয় নি। ব্যাপকভাবে জমিতে ফসল নষ্ট হচ্ছে। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলায় বাঁকুড়া জেলা শিল্পে অনগ্রসর জেলা। সরকারী ও বেসরকারী শিল্প উদ্যোগ এই জেলায় নেওয়া হচ্ছে না। কর্মসংস্থানের অভাবে বেকার যুবকরা দিশে হারা। বাঁকুড়া জেলায় শিল্প উদ্যোগ নেওয়ার ব্যাপারে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

বর্তমান সরকারের আমলে পুলিশ কর্মচারীদের পাশাপাশি দুটি সংগঠন থাকায় তাদের মধ্যে বন্ধুত্ব ও প্রীতি সম্পূর্ণ বিলুপ্তের মুখে। ফলে সাধারণ মানুষ বিশেষ করে জাতীয়তাবাদী মনোভাবাপন্ন মানুষেরা নিরাপত্তা থেকে বঞ্চিত। পুলিশ প্রশাসনের মধ্যে হটকারিতার অভাব নেই। নিরীহ কর্মচারীরাও রাজনৈতিক শিকারে পড়ছে। মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে এর কোন উল্লেখ নেই।

বাঁকুড়া জেলার পুলিশ কর্মচারীদের বাসস্থান না থাকায় ভাড়াবাড়ীতে বসবাস করতে হয়। সময়মত কর্তব্যে আসা অসম্ভব হয় না। তাদের জীবনেও নিরাপত্তার অভাব দেখা দিয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

বাঁকুড়া জেলায় পুলিস ব্যারাক একটি মাত্র। আরও দুটি আছে। কিন্তু বাস করার অযোগ্য। যে কোন মূহুর্তে ভেঙ্গে পড়তে পারে। পুলিস কর্মচারীদের জীবন প্রায় বিপন্ন। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলায় পুলিশ কর্মচারী নিয়োগ করার সময় যথোপযুক্ত ভাবে তাদের দৈহিক মাপ গ্রহণ করা হয়। কিন্তু পোশাক দেবার সময় দেখা যায় নিম্নমানের ছোট পোশাক। বিভিন্ন রাজ্যে পুলিশের পোশাক উচ্চমানের। তাছাড়া পুলিশ কর্মচারীদের রেশন সরবরাহতে যথেষ্ট ত্রুটি আছে। সময়মত প্রয়োজনীয় জিনিসপত্র পাওয়া যায় না; যদিও পাওয়া যায় তাহা নিম্নমানের। মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

এই রাজ্যে পুলিস কর্মচারীদের মধ্যে যে পে-স্কেল চালু আছে তাহা সম্পূর্ণ বৈষম্যমূলক। সিনিয়ার ও জুনিয়ারের কোন পে-স্কেল নেই। ফলে অভিজ্ঞতা সম্পন্ন অনেক পুলিস কর্মচারী সরকারী নীতির গুরুত্ব উপলব্ধি করতে পারছেন না। অভিজ্ঞ কর্মচারীদের কোনওরকম আলাদা

সুযোগ সুবিধা দেওয়া হয় নাই। ফলে কর্তব্যে যথেষ্ট অবহেলা দেখা দিচ্ছে। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

বাঁকুড়া জেলার সুষ্ঠু প্রশাসনের স্বার্থে খাতড়া সাবডিভিসন করার কথা সরকারীভাবে ঘোষণা করা হয়েছে। কিন্তু সাবডিভিসনের কাজ এখনও ত্বরান্বিত না করার কারণ মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই ;

পশ্চিমবাংলায় গ্রামগুলোর উন্নয়নের জন্য পঞ্চায়েতের মাধ্যমে কোটি টাকা ব্যায় করা হয়েছে এবং হচ্ছে। কিন্তু পঞ্চায়েত প্রধানরা এখনও পর্যন্ত হিসাব দিতে পারেন নি। অনেক প্রধান সরকারী টাকার তছরুপের জন্য অভিযুক্ত হয়ে আছেন। এর কোন প্রতিকারের ব্যবস্থা সম্বন্ধে মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই ;

এই রাজ্যে প্রতি বছর দশ হাজার সরকারী কর্মচারী অবসর গ্রহণ করছেন। কিন্তু তাদের পাওনা টাকা এখনও পর্যন্ত ফেরত দেওয়া হচ্ছে না। ফলে তাদেরকে অনাহার অর্ধাহারে দিন অতিবাহিত করতে হচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

বামফ্রন্ট সরকার সারা পশ্চিমবাংলায় খরা মোকাবিলায় ব্যর্থ হয়েছে। শহরের মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত গ্রামের শ্রমজীবী মানুষরা কাজের অভাবে অনাহারে অর্ধাহারে জীবন অতিবাহিত করছে। ভয়ঙ্কর খরার জন্য স্বভাবতঃ অত্যাবশ্যক জিনিসপত্রের দাম দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে। সরকার কোন প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করেন নি। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

ডাক্তার ও ঔষধের অভাবে রাজ্যের গরীব মানুষ হাসপাতালে কোন চিকিৎসা পাচ্ছেন না। তার প্রতিকারের কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

বিগত ছয় বছরে বর্তমান সরকারের শাসনে হাজার হাজার নিরীহ মানুষ নিহত ও আহত হয়েছেন এবং বহু ঘরবাড়ী লুণ্ঠিত হয়েছে। এই সকল ঘটনা প্রতিরোধকল্পে ব্যবস্থা গ্রহণের কথার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষাব্যবস্থায় চরম অব্যবস্থা বিরাজ করছে। প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ সরকার কর্তৃক দেয় পাঠ্যপুস্তক পায় নাই। সেজন্য শিক্ষার কাজ ব্যাহত হইতেছে। মাননীয় রাজ্যপালের ভাষণে তাহার উল্লেখ নাই ;

পশ্চিমবঙ্গের শত শত স্বাস্থ্যকেন্দ্রে আজও কোন ডাক্তার দেওয়া হয় নাই এবং গরীব রোগীদের সরকারী অ্যাম্বুলেন্স-এ জেলা হাসপাতালে পাঠাতে হলে অ্যাম্বুলেন্সে-এর ভাড়া ও পেট্রোল ক্রয় বাবত মোটা টাকা জমা দিতে হয়। বর্তমানে এই নিয়ম রদ করে গরীব মানুষদের সুবিধা করে দেওয়ার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গে লক্ষ লক্ষ বেকার যুবকদের কিভাবে কর্মসংস্থান করা হবে এবং গত পাঁচ বছরে কি পরিমাণ বেকার যুবকদের চাকুরী ব্যবস্থা করা হয়েছে মাননীয় রাজ্যপালের ভাষণে তাহার কোন উল্লেখ নেই ;

লক্ষ লক্ষ শ্রমিক বিশেষ করে বিড়ি শ্রমিক যারা দিবারাত্রি মালিক এবং নানা রকম দালাল শ্রেণীর লোক দ্বারা নিপীড়িত ও বঞ্চিত হচ্ছেন তাদের প্রতি কোন রকম লক্ষ্য এ সরকারের নেই—এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

পশ্চিমবঙ্গের ভয়াবহ খরার মোকাবিলা করার পরিবর্তে বরাদ্দীকৃত কোটি কোটি টাকা অপচয় করা হয়েছে। পঞ্চায়েতগুলি বরাদ্দীকৃত টাকা সাধারণ মানুষের স্বার্থে ব্যয় করে নি। দলের সমর্থকদের মধ্যে বণ্টন করেছে। শহর ও গ্রামের শ্রমজীবী মানুষরা বর্তমান খরায় উপকৃত হয় নি। সুষ্ঠু পরিকল্পনার অভাবে খরার সুযোগে কালোবাজারী, মুনাফাখোররা দিনের পর দিন প্রয়োজনীয় জিনিসপত্রের কৃত্রিম অভাব সৃষ্টি করে চলেছে। কালোবাজারী, মুনাফাখোরদের প্রতিরোধ করতে বর্তমান সরকারের ব্যর্থতার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই। Were then put and lost.

The motions of **শ্রীঅতীশচন্দ্র সিংহ** that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :—

কিন্তু দুঃখের বিষয় যে,—

পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে পঞ্চায়েতের মাধ্যমে যে অরাজকতা ও সরকারী অর্থের অপচয় হচ্ছে তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

গত বছর পশ্চিমবঙ্গে ব্যাপক খরার পর উপযুক্ত ত্রাণের ব্যবস্থা করতে সরকার সর্বতোভাবে ব্যর্থ হয়েছে। গ্রামাঞ্চলের পানীয় জলের অত্যন্ত অভাব দেখা দিয়েছে। এই অভাব দূরীকরণের কোন ব্যবস্থা সরকার করতে পারেন নি। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবঙ্গে ব্যাপক খরার পরিপ্রেক্ষিতে যে ব্যাপক ক্ষুদ্র সেচের ব্যবস্থা করা দরকার তা করতে সরকার সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে। এখনও গভীর নলকূপ স্থাপনের কোন প্রচেষ্টা সরকার করতে পারেন নি। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবঙ্গে আইনশৃঙ্খলার পরিস্থিতি ক্রমাগত খারাপের দিকে যাচ্ছে। অন্যায়ভাবে বর্গা রেকর্ডিং ও জোর ক'রে ধান লুঠের রাজত্ব কায়েম হয়েছে। এমনকি মহামান্য হাইকোর্টের নিষেধাজ্ঞাকেও সরকারী প্রশাসন বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখাচ্ছে। এর ফলে গ্রামাঞ্চলে এবং শহরে মানুষের জীবনের নিরাপত্তা ও সম্পত্তিরও কোন নিরাপত্তার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গের বিভিন্ন শিক্ষায়তনে ও শিক্ষাব্যবস্থায় সম্পূর্ণ অরাজকতা চলছে। এর প্রতিকারে সরকারের সম্পূর্ণ ব্যর্থতার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

কলিকাতা ও গ্রামাঞ্চলে ব্যাপক বিদ্যুৎ ছাঁটাই-এর ফলে স্বাভাবিক জীবন প্রায় অচল হয়ে এসেছে। ক্ষুদ্র শিল্পগুলি প্রায় সব বন্ধ হয়ে এসেছে। ছাত্রছাত্রীদের পড়াশুনা প্রায় বন্ধ। বড় শিল্পগুলিও বিশেষ ক্ষতিগ্রস্ত। এই সময় সি আই টি ইউ ইউনিয়নে যোগ না দেবার অপরাধে ১২ জন এস ই বি কর্মীকে অন্যায় ও নির্দয়ভাবে ছাঁটাই করা হয়েছে। এসবের প্রতিকার করতে সরকার ব্যর্থ হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ে কোন উল্লেখ নেই ; Were then put and lost

The motions of **শ্রীসুভাষচন্দ্র মাহাত** that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় যে,—

সমগ্র পশ্চিমবঙ্গে বিশেষতঃ গ্রাম্য এলাকায় চরম বিদ্যুৎ সংকটের ফলে জলসেচ ব্যাহত হওয়ার এবং কলকারখানা অচল হওয়ার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

রাজ্যে ডাকাতি, রাহাজানি বৃদ্ধির কারণ ও তার প্রতিকারের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

লক্ষ লক্ষ টাকার সিমেণ্ট পারমিট পঞ্চায়েতের মাধ্যমে চোরাপথে পাচার হচ্ছে তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গের অনুন্নত এলাকায় বিশেষতঃ পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম প্রভৃতি এলাকায় নতুন শিল্প স্থাপনের কথা এবং লক্ষ লক্ষ বেকার যুবকদের কোন উদ্যোগ বিশেষ ক'রে পুরুলিয়ার ঝালদায় সিমেণ্ট কারখানা, মিনি ষ্টিল, চিনির কারখানা, চায়না ক্লে কারখানা, বাঁকুড়া জেলার নাইলন, স্কুটার, মিনি পেপার মিল, স্পিনিং মিল স্থাপনের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গে প্রচণ্ড খরা চলছে, পশ্চিমবঙ্গে খরাপীড়িত এলাকাতে ব্যাপকভাবে শ্রমিক, কৃষক, দিনমজুরদের কর্মসংস্থান সহ মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্ত শ্রেণীগুলিকে বিশেষতঃ তন্তুজীবী, শঙ্খজীবী, কাঁসাশিল্পী, ডোগরা শিড়ী, বিড়ি শিল্পী, গালা শিল্পী সহ সমস্ত প্রকার কুটিরশিল্পীদের কাঁচামাল সরবরাহ সহ আর্থিক সাহায্য দেবার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গে খরা চলছে, বিশেষ ক'রে পুরুলিয়া, বাঁকুড়াতে খরা পরিস্থিতি অত্যন্ত ভয়াবহ। বৃষ্টি না হওয়ায় সেচ প্রকল্পগুলিতে জল নেই বললেই চলে, তাই ক্ষুদ্র সেচ ছোট ছোট জোড়বাঁধ বিশেষ ক'রে কাসাই নদী, কুমারী নদী এবং স্বর্ণরেখা নদীর ধারে ধারে নদী-জলোত্তোলন সেচ প্রকল্প নির্মাণ করার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; Were then put and lost.

The motions of **শ্রীতারাপদ সাধুখাঁ** that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্ন-লিখিত কথাগুলি যোগ করা হইক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

প্রচণ্ড খরায় গ্রামে গ্রামে পানীয় জলের যে অভাব দেখা দিয়েছে এবং ২।১ মাসের মধ্যে যে, ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

সেচের জল ডি ভি সি ও অন্যান্য খাল দিয়ে সুষ্ঠু বণ্টন ব্যবস্থায় যে ভয়াবহ দলবাজী চলছে এবং নিরীহ কৃষকদের তার শিকার হতে হচ্ছে তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

সরকারী অর্থ পঞ্চায়েতের মাধ্যমে শাসকদলের খেয়ালখুশিমত বিলি হচ্ছে ফলে দরিদ্র মানুষ সুযোগ পাচ্ছে না এ কথার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে অ্যাম্বুলেন্সগুলি অধিকাংশই অকেজো। যাওবা কয়েকটি ভাল আছে সময়ে সময়ে শাসকসম্প্রদায়ভুক্ত দলের স্বার্থে অন্যত্র নিয়ে চলে যাওয়া হয় অথচ স্থানীয় রোগী জেলা হাসপাতালে নিয়ে না যাওয়ার জন্য মারা যান। এ ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

গত কুড়ি বছর আগে সি আর ডবলিউ স্কীমে গ্রামীণ রাস্তা তৈরী অনুমোদিত হওয়া সত্ত্বেও সে রাস্তা তৈরী করতে রাজ্য সরকার ব্যর্থ হয়েছেন সিঙ্গুরে সেরকম তিনটি রাস্তা আছে। সারা পশ্চিমবঙ্গে এধরনের বহু নজীর আছে ; তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই। Were then put and lost.

The motions of **শ্রীনবকুমার রায়** that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

বর্তমানে সরকার যেভাবে গ্রামবাংলার ভূয়া বর্গাদার রেকর্ড করিয়া সাধারণ মানুষকে বিভ্রান্ত করিতেছে, তাহার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

শিল্পে অগ্রগতির কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

বর্তমানে যেভাবে শাসক দলের কোন শরিকের কর্মীদের দ্বারা সাধারণ নাগরিক ও বিরোধী দলের কর্মীরা খুন হচ্ছে, তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

বাংলার গ্রাম ও গঞ্জে যেভাবে চুরি-ডাকাতি-ছিনতাই বেড়েছে তার কোন প্রতিকারের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই। **Were then put lost.**

The motions of **শ্রীঅবন্তী মিশ্র** that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

পশ্চিমবাংলার সীমান্ত গ্রাম হিনাড়ী থেকে ঝাউগড়্যা স্লুইস পর্যন্ত যে খালটি সরকার নূতন কেটেছেন, উক্ত খালটি কাটার জন্য হিনাড়ী, নারদীগুা, সাঁতড়া, দুর্গাপুর, শোনপুর, গোবরা, মহাজন, আকনা, বিরামপুর, ফতেপুর প্রভৃতি মৌজার যেসব কৃষকদের নিকট হতে রাজ্য সরকার জমি অধিগ্রহণ করেছেন, উক্ত জমির মূল্যস্বরূপ ক্ষতিপূরণ বাবত টাকা কবে নাগাত সরকার দিবেন, মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোন উল্লেখ নাই ;

দীঘা-মেচেদা বাস যাতায়াতের রাস্তার ফতেপুর বাসস্ট্যাণ্ড থেকে উড়িষ্যা বর্ডার ভায়া দুর্গাপুর ( দেউলীহাট ) বাসস্ট্যাণ্ড, গুরুত্বপূর্ণ ও উভয় প্রদেশের মধ্যে সংযোগকারী রাস্তাটি মোরাম রাস্তায় পরিণত করার কাজ কবে নাগাত সম্পন্ন হবে এবং উক্ত রাস্তাটি বামফ্রন্ট সরকারের অকর্মণ্যতা ও গাফিলতির জন্য বর্তমানে বাস যাতায়াত বন্ধ আছে, এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

দীঘা-মেচেদা বাস রাস্তার চাউলখোলা বাসস্ট্যাণ্ড থেকে দাদনপাত্রবাড় পর্যন্ত বাস যাতায়াতের পীচ রাস্তাটির সংস্কারকার্য অবিলম্বে করা একান্ত প্রয়োজন, কিন্তু কবে ঐ রাস্তাটির সংস্কার করা হবে, তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

দীঘা-মেচেদা বাস রাস্তার পিছাবনী বাসস্ট্যাণ্ড থেকে মীরগোদাগঞ্জ পর্যন্ত ভায়া ভূঞ্যালীবাড়, মৈতনা উপ-স্বাস্থ্যকেন্দ্র ও ভাঁড়ী রাস্তাটি অত্যন্ত প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ, ঐ রাস্তার হাজার হাজার পথচারীর দুঃখদুর্দশা দূর করার জন্য ঐ রাস্তাটি কবে মোরাম অথবা পীচ রাস্তায় পরিণত করবেন এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

দীঘা পর্যটক কেন্দ্রে দীঘা ভ্রমণার্থীদের সংখ্যা যে হারে বেড়ে চলেছে, ভ্রমণার্থীদের দীঘায় থাকার জন্য সরকারী ও বেসরকারী যেসব ঘর রয়েছে, তাতে স্থান সঙ্কুলান হয় না, এরফলে দীঘা ভ্রমণার্থীরা বাহির থেকে দীঘায় এলে খুবই অসুবিধায় পড়েন, এবিষয়ে সরকারের অবিলম্বে সক্রিয় ভূমিকা গ্রহণ করা একান্ত প্রয়োজন, এ সম্পর্কে কোম উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবঙ্গে কৃষি, শিল্প ও শিক্ষার প্রগতির উদ্দেশ্যে বামফ্রন্ট সরকারের কোনও সক্রিয় ভূমিকা বা চেষ্টা নাই, এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

রামনগর বিধানসভা এলাকার বড়বাঙ্কুয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ও সাধা উপ-স্বাস্থ্যকেন্দ্রে সরকারের স্বাস্থ্য বিভাগ অনুমোদিত স্টাফ প্যাটার্ন অনুযায়ী নাম প্রভৃতি বিভিন্ন শ্রেণীর স্টাফ না

থাকায় রোগীদিগকে চিকিৎসা করার কার্য ব্যাহত হচ্ছে। এ সম্পর্কে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ; Were then put and lost.

The motion of **Shri Sachin Sen** that—"রাজ্যপালকে তাঁহার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠান হউক :—

'মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ২১শে ফেব্রুয়ারী, ১৯৮৩ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন সেইজন্য এই সভা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছে'।" Was then put and carried.

## RULINGS OF MR. SPEAKER

**Mr. Speaker :** Now I take up the notice of Shri Subrata Mukherjee. Shri Subrata Mukherjee has tabled a notice under rule 194 for discussion on a matter of uagent public importance for short duration. The subject-matter of the notice is alleged corruption by Shri Pannalal Maji, M.L.A., Chairman, West Bengal Handloom Weavers' Co-operative Society Limited and a few senior officers of the said society. There was chance to discuss the matter through Governs' Address and the member will get ample opportunity to discuss the matter in course of that discussion. Under proviso to rule 195 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I refuse to admit the notice as early opportunity is available to the member. It is also relevent here to quote Kaul & Shakdher who state in this connection (vide p. 582—third edition, 1979) as follows : "During the Budget Session notice of such discussion on various matters of Public importance are not generally admitted, as the members can raise discussion on such matters by availing themselves of other opportunities provided by the debates on President's Address, Railway Budget, General Budget, Demands for Grants and Finance Bill." The notice is, therefore, inadmissible and I refuse to admit the notice.

Shri Subrata Mukherjee has given another notice of a question of breach of privilege of the House on the ground that a distorted version of the speech delivered by Shri Robin Mukherjee, Minister-in-charge of Home

(Transport) Department on the floor of the House on 25.2.83 in connexion with the proposal to increase bus/tram fares was published by the 'Basumati' in its issue dated 26.2.83. Shri Mukherjee, in support of his connection, has enclosd a copy of the above issue of the newspaper and a copy of the relevant extract of the speech delivered by Shri Rabin Mukherjee along with his notice. Shri Mukherjee has alleged that while the Minister-in-charge of Home (Transport) Department in his speech said that the party to which he (Shri Subrata Mukherjee) belonged sent a proposal to him for enhancement of bus fare, the above local daily 'Basumati' reported that he (Shri S. Mukherjee) personally wrote a letter to the Hon'ble Minister-in-charge proposing enhancement of the bus fare. Shri Mukherjee contends that the factual distortion of the proceedings of the House by the newspaper was 'motivated and malicious'.

It appears from an examination of the copy of the speech delivered by the Hon'ble Home (Transport) Minister that the following expressions in connexion with the subject-matter of the notice appear in his speech :

"এখন জানি না ওরা বলবেন কিনা। আমার কাছে চিঠি লিখেছিলেন সুব্রতবাবুরা। বর্তমানে ওদের একটা ইউনিয়ান আছে। তারা সম্মিলিতভাবে একটা প্রস্তাব পাঠিয়েছিলেন। অবিলম্বে বাসের ভাড়া বৃদ্ধির প্রস্তাব করে সেই চিঠি আসে। আর এখানে এসে অন্য রকম বক্তৃতা করেন।"

It appears from the extract of the speech quoted above that the Hon'ble Minister-in-charge referred to the union at Burdwan controlled by the political party to which Shri Subrata Mukherjee belongs which sent a proposal to him for enhancement of bus fares. The speech in question has not referred to Shri Mukherjee personally in the matter.

Now let us examine the relevant report of the proceedings of the House published in the Basumati in its issue dated 26.2.83. The report was published under the heading "সুব্রত মুখার্জী বাসভাড়া বাড়াতে বলেছিলেন—পরিবহন মন্ত্রী।"

The report also says : "পশ্চিমবঙ্গ বিধানসভায় শুক্রবার রাজ্যের পরিবহন মন্ত্রী রবীন মুখার্জী জানান রাজ্য কংগ্রেস (ই) পরিষদীয় দলের চীফ হুইপ থেকে ( পরিবহন মন্ত্রীকে ) চিঠি দিয়ে বাসের ভাড়া বাড়ানোর দাবী জানিয়েছিলেন। তিনি বলেন, সুব্রতবাবু বর্ধমানের একটি বাস রুটের পক্ষ হয়ে এই দাবী জানান।"

One gets the impression from this report published in the newspaper that Shri Subrata Mukherjee personally wrote to the Hon'ble Minister-in-charge of Home (Transport) Department for enhancement of bus fares on behalf of a bus route in Burdwan.

It therefore appears that there was some factual distortion or misrepresentation in the report of the proceedings of the House published in the Basumati in its issue date 26.2.83. To constitute a breach of privilege of the House it has of course to be proved that such distortion or misrepresentation was wilful or deliberate or malafide. In such cases, it is the normal parliamentary practice to ask the editor of the newspaper to state what he has to say in the matter before the matter is taken up for further investigation (vide page 226, Practice and Procesdure of Parliament, Vol. I by Kaul and Shakdher). Thus following the precedents and established parliamentary practice I am directsng the Editor of the Basumati to state what he has to say in the matter of the above alleged factual distortion of the speech of Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department in the report published in his newspaper. Further action in the matter will be initiated only after receipt of the reply of the editor.

The notice of Shri Subrata Mukherjee raising a question of breach of privilege on the subject of his arrest and alleged harassment by the police on 21 2.83 is substantially the same as the earlier notices given by Shri Rajesh Khaitan and Dr. Zainal Abedin which have already been disallowed by me. Shri Mukherjee has, by way of trying to bring in fresh matters, alleged that the whole purpose of his arrest by the police under certain criminal charges was to harass him and to prevent him from attending a meeting of the Business Advisory Committee of the House scheduled to be held on the date of his arrest. It is the time-honoured parliamentary

conventian that the privilege of freedom from arrest is not claimed in respect of criminal offences and that the said freedom is limited to civil causes and has not been allowed to interfere with the administration of criminal justice. A legislator cannot claim any special status higher than that of an ordinary citizen in such matters. My previous ruling is applicable to the notice of Shri Mukherjee as well. The House cannot obviously have any jurisdiction in investigating the purpose of arrest of a member by the police. The notice of Shri Mukherje is accordingly disallowed.

**Adjournment**

The House was then adjourned at 6-28 P.M. till 1 P.M. on Thursday, the 3rd March, 1983, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 3rd March, 1983 at 1 P.M.

**Present**

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 8 Ministers, 16 Ministers of State and 138 Members.

## STARRED QUESTIONS

**( To which oral answers were given )**

[1-00—1-10 P.M.]

### মুখ্যমন্ত্রীর খরাত্রাণ তহবিলে সংগৃহীত অর্থ

*৭৯। ( অনুমোদিত প্রশ্ন নং *৩২। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমান বৎসর ( ৩১শে জানুয়ারি, ১৯৮৩ পর্যন্ত সময়ে ) মুখ্যমন্ত্রীর খরাত্রাণ তহবিলে সংগৃহীত অর্থের পরিমাণ কত ?

**শ্রীজ্যোতি বসু :** প্রশ্নটিতে জানতে চাওয়া হয়েছে, ৩১শে জানুয়ারী পর্যন্ত মুখ্যমন্ত্রীর খরাত্রাণ তহবিলে কত টাকা জমা পড়েছে। আমি উত্তরে জানাচ্ছি যে, ২-৩-৮৩ তারিখ পর্যন্ত ১০২০১১৭৮ টাকা পাওয়া গেছে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় জানাবেন কি, ত্রাণ তহবিলের টাকা কি কি বাবদ ব্যয় করা হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু :** এটা এখনো ব্যয় করা হয়নি। এবিষয়ে আমরা একটা প্রস্তাব নিয়েছি যে, এই টাকা বিশেষ করে পানীয় জলের জন্য ব্যয় করব এবং যেখানে আমাদের সরকার থেকে টাকা দিতে পারছিনা—নানারকম নিয়মের বিধানের জন্য—সেখানে দেব। আগামী এপ্রিল মাস থেকে এই টাকাটা খরচ করবার প্রয়োজন হবে। সুতরাং মার্চ মাসের মধ্যে এবিষয়ে পরিকল্পনাগুলি করে ফেলব।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়কে একটি প্রস্তাব দিচ্ছি সেটা বিবেচনা করবেন কি ? এবারে খরা পরিস্থিতি দেখা যাচ্ছে এবং দরিদ্র পল্লীতে শিশু খাদ্যের প্রচণ্ড অভাব চলছে। কেয়ার ইত্যাদির কাজ চলছে। তপশিলী অনুন্নত অঞ্চলে বিশেষ করে প্রচণ্ড অভাব আছে। ঐ টাকার কিছু অংশ সেই বাবদে ব্যয় করার জন্য বিবেচনা করবেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** বিবেচনা পরে করবো। সাধারণতঃ যে টাকা দেওয়া হচ্ছে শিশুদের খাওয়াবার জন্য বা অন্যান্য বাবদে তাতে যদি সংকুলান না হয় নিশ্চয়ই বিবেচনা করে দেখবো।

**ডাঃ জয়নাল আবেদন ঃ** মামনীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, এই যে ড্রিংকিং ওয়াটারের জন্য করছেন ইট ইজ লডেবেল। অনেক জায়গায় ড্রিংকিং ওয়াটার নেই। এটা কোন মিডিয়ামের মাধম্যে, এজেনসিস অফ একসপেনডিচার অর্থাৎ কার মাধ্যমে কাজগুলি রূপায়িত করার কথা চিন্তা করছেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এখনও পরিকল্পনা হয়নি। আমরা যেভাবে করি অর্থাৎ পঞ্চায়েত ইত্যাদির মাধ্যমে করি। জেলা শাসকদের আমরা বলি তাদের সঙ্গে বসে পরিকল্পনা করে নিতে। তবে সেটা এখন সবে সুরু হয়েছে।

**শ্রীআবদুস সাত্তার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, টাকাটা সংগৃহীত হয়েছে খরার মোকাবিলা করার জন্য। কিন্তু এখন এই সময় অর্থাৎ ফাল্গুন, চৈত্র মাসে এই টাকাটা দেওয়া দরকার। আপনি এই চৈত্র মাসে টাকাটা যাতে পায় তারজন্য চিন্তা করছেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** খরার জন্য টাকা খরচ করছি পানীয় জল বা অন্যান্য বাবদে যতটুকু আমাদের আছে আমরা করছি। এ ছাড়া কেন্দ্রীয় সরকারের কাছে আরোও টাকার জন্য গত পরশুদিন চিঠি লিখেছি। আমাদের ধারনা, এপ্রিল মাস থেকে খুব খারাপ অবস্থা হবে পানীয় জল ইত্যাদির জন্য। জেলা-শাসকদের মিটিং ডেকে আমরা ঠিক করবো।

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন পানীয় জলের জন্য টাকা দেওয়া হবে। ৩ হাজার টাকা করে দেওয়া হয়েছে গ্রাম পঞ্চায়েতকে। এতে করে ভালো টিউবওয়েল করা সম্ভব নয়। সুতরাং তিনি কি মনে করেন না পরবর্তীকালে পানীয় জলের জন্য যে টাকা দেওয়া হবে তা লোক্যাল এম. এল. এদের মাধ্যমে দেওয়া যেতে পারে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আমরা যা পেয়েছি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এবং নিজস্ব বাজেট থেকে আমরা খরচ করছি। এখন সেই খরচ চলছে। তার উপর ত্রাণ তহবিলে খরচ করতে হবে, সেইজন্য প্রস্তুত হচ্ছি।

*৮০ ( হেল্ড ওভার )

## বিদ্যুৎ উৎপাদনে বিদেশী বিশেষজ্ঞের পরামর্শ

***৮১।** ( অনুমোদিত প্রশ্ন নং *২২০। ) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাঁওতালডিহি সহ রাজ্যের বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলির সমস্যা সমাধানের জন্য রাজ্য সরকার বিদেশী বিশেষজ্ঞের পরামর্শ নেওয়ার কথা চিন্তা করছেন কি ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, কোন্ বিদেশী রাষ্ট্রের বিশেষজ্ঞের পরামর্শ গ্রহণ করার বিষয় স্থির হয়েছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** (ক) কয়েকটি বিদেশী রাষ্ট্রের বিশেষজ্ঞরা রাজ্য বিদ্যুৎ পর্ষদের উৎপাদন কেন্দ্রগুলির সমস্যা সমাধানের বিষয়ে পরামর্শ দেবার ইচ্ছা প্রকাশ করেছেন।

(খ) এখনও পর্যন্ত কোনও সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি।

**ডাঃ মানস ভুঁইঞা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, আমাদের দেশে যে সমস্ত ইঞ্জিনিয়াররা আছেন তাদের বিদ্যা, বুদ্ধিতে কুলোচ্ছে না বলে বিদেশীদের সাহায্য নেওয়া হচ্ছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** আমাদের দেশে যারা আছেন তারাও চেষ্টা করছেন এবং সাহায্য করছেন।

*৮২ ( হেল্ড ওভার )

## রাজ্য সরকারী কর্মচারীদের মাহিনা দেওয়ার জন্য ওভারড্রাফট

***৮৩।** ( অনুমোদিত প্রশ্ন নং *১১৮। **শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকারী কর্মচারীদের মাহিনা দেবার জন্য রাজ্য সরকারকে প্রতি মাসে রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে ওভারড্রাফট নিতে হয় ; এবং

(খ) সত্য হইলে, সরকার ইহা বন্ধের জন্য কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) সরকারী কর্মচারীদের মাহিনা দেবর জন্য রাজ্য সরকারকে প্রতিমাসে রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে ওভারড্রাফট নিতে হয়, ইহা সত্য নয়।

(খ) (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন ওঠে না।

[1-10—1-20 P. M.]

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** একটা সংবাদ শোনা যাচ্ছে যে এপ্রিল থেকে মাইনে দেয়া সম্ভব হবে না—এটা কি সত্য ?

**শ্রীজ্যোতি বসু ঃ** একেবারে না।

**শ্রীজয়ন্ত বিশ্বাস ঃ** এই রকম একটা প্রচার করা হচ্ছে যে খরার টাকা থেকে সরকারী কর্মচারীদের বেতন দেওয়া হবে—এটা কি সত্য ?

**শ্রীজ্যোতি বসু ঃ** একেবারে অসত্য।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাইনে দেবার জন্য ওভারড্রাফট নেওয়া হয়েছে কিনা ?

**শ্রীজ্যোতি বসু ঃ** না।

## বয়স্ক শিক্ষা কেন্দ্র স্থাপনে কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তা

*৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৯।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বয়স্ক শিক্ষা কেন্দ্র স্থাপনে কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তা নির্ধারিত পরিমাণে পাওয়া যাচ্ছে কি ;

(খ) বর্তমান গতিতে অগ্রসর হলে সমস্ত বয়স্কদের সাক্ষর করতে কত সময় লাগবে—সে বিষয় কোন সমীক্ষা করা হয়েছে কি ; এবং

(গ) হয়ে থাকলে, কতদিনে উহা শেষ হবে ব'লে আশা করা যায় ?

**শ্রীনির্মল কুমার বসু ঃ** (ক) হ্যাঁ।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** এ বিষয়ে সরকারের কর্মসূচী কি ?

**শ্রীনির্মল বসুঃ** ১৯৯০ সালের মধ্যে ৯৭ লক্ষ বয়স্ক নিরক্ষর ব্যক্তিদের সাক্ষরতা প্রকল্পে আনার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠান হয়েছে। এবিষয়ে কেন্দ্রীয় সাহায্য পেলে যদি এই পরিকল্পনা কার্যকরী করতে পারি তাহলে ১৯৯০ সালের মধ্যে পশ্চিমবাংলায় একজনও বয়স্ক নিরক্ষর থাকবে না।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আপাততঃ কি পরিমাণ সাহায্য চাওয়া হয়েছে ?

**শ্রীনির্মল বসুঃ** আমরা বর্তমানে যে অর্থ ব্যয় করছি সেটা হচ্ছে ২ কোটি ৩৪ লক্ষ টাকা। এই পরিকল্পনা কার্যকরী করতে গেলে ৮ কোটি ৫৮ লক্ষ টাকা প্রতি বছর খরচ করতে হবে সেই টাকাটাই আমরা চেয়েছি।

**ডাঃ মানস ভুঁইয়াঃ** এই যে ২ কোটি টাকা খরচ করেছেন এর মধ্যে কেন্দ্রীয় সরকার কি দিয়েছেন ?

**শ্রীনির্মল বসুঃ** নোটিশ চাই।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** ১৯৮১ সালের সেনসাসে দেখছি ১ থেকে ১৫ এই এজ গ্রুপের ৪২% পপুলেশান, তাহলে কি ৯০ এর পর যা থাকবে তারা কি এই এজ গ্রুপের মধ্যে পড়বেন ?

**শ্রীনির্মল বসুঃ** এটা হচ্ছে বয়স্ক নিরক্ষরদের ব্যাপার। ৪২% সমস্ত মিলিয়ে। এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের আর্থিক সাহায্যে একটা প্রকল্প তৈরী করা হয়েছে যাতে কাজ হচ্ছে। ১৯৯০ সালের মধ্যে সমস্ত বয়স্ক নিরক্ষরদের সাক্ষরতা দানের জন্য আর্থিক সাহায্য চাওয়া হয়েছে।

**শ্রীধীরেন সরকারঃ** বর্তমানে নূতন বয়স্ক শিক্ষাকেন্দ্র খোলার পরিকল্পনা আছে কি ?

**শ্রীনির্মল বসুঃ** বাড়াবার ইচ্ছা আছে।

## রাজভবন সংলগ্ন নেতাজীর মূর্তির সামনে জনতা ও পুলিশ সংঘর্ষ

*৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৭।) **শ্রীঅশোক ঘোষঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৩শে জানুয়ারি, ১৯৮৩ তারিখে রাজভবনের সামনে নেতাজীর মূর্তির নিকট কতিপয় ব্যক্তির সহিত পুলিসের সংঘর্ষের কোন সংবাদ সরকারের গোচরে এসেছে কিনা ;

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে, উক্ত ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিরা কোন্ রাজনৈতিক দলভুক্ত ; এবং

(গ) এই সম্পর্কে কোন সরকারী নির্দেশ ছিল কিনা ?

**শ্রীজ্যোতি বসুঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) সুষ্ঠু ভাবে এই দিনটি পালনের স্বার্থে সিদ্ধান্ত করা হয়েছিল যে ১২-১৫ মিনিটে নির্ধারিত সরকারি অনুষ্ঠানটি শেষ হবার পরেই অন্য সকলে নেতাজীর মূর্ত্তির পাদদেশে বা মূর্ত্তির চতুস্পার্শ্বস্থ জায়গায় মাল্যদান বা পতাকা উত্তোলন করবেন। এই মর্মে নির্দেশও দেওয়া হয়।

**শ্রীঅশোক ঘোষঃ** গত ২৪শে জানুয়ারী আনন্দবাজার পত্রিকাতে যে ছবি বের হয়েছিল পুলিশের সঙ্গে সংঘর্ষে, তাতে কি ফরোয়ার্ড ব্লকের লোক ছিল ?

**শ্রীজ্যোতি বসুঃ** ছবি, আমি দেখিনি। তবে যে রির্পোট আছে তাতে পুলিশের সঙ্গে সংঘর্ষ হয় নি। একটা সার্কুলার নিয়ে হয়েছিল। তা কয়েকজন মানেননি। ফরোয়ার্ড ব্লকের যারা এসেছিল তারা পুলিশের পাশ দিয়ে ঢুকে ২/১ মিনিট ছিল এবং তার পর চলে যায়।

**শ্রীঅশোক ঘোষঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি ঐ ঘটনায় দমদম পৌর কমিশনার শ্রীমতিলাল মৈত্র মহাশয় আহত হয়েছেন ?

**শ্রীজ্যোতি বসুঃ** আমার কাছে ঐ রকম কোন রিপোর্ট নেই।

## রামপুরহাটে বয়স্ক শিক্ষা প্রকল্পে নৈশ বিদ্যালয় স্থাপন

*৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৪।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডলঃ** শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, জাতীয় বয়স্ক শিক্ষা প্রকল্পে রামপুরহাট ১ নং ব্লকে নৈশ বিদ্যালয় স্থাপন ব্যবস্থা কবে নাগাত সম্ভব হবে ব'লে আশা করা যায় ?

**শ্রীনির্মল কুমার বসুঃ** এখনই বলা সম্ভব নয়।

## ২৪-পরগনা জেলার কুলপী থানা এলাকায় পুলিশ ফাঁড়ি স্থাপন

*৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪।) **শ্রীকৃষ্ণধন হালদার:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার কুলপী থানা এলাকায় সিদ্ধিবেড়িয়া গ্রামে স্থায়ী পুলিস ফাঁড়ি স্থাপনের কোন প্রস্তাব সরকারের নিকট আসিয়াছে কি ; এবং

(খ) আসিয়া থাকিলে, উক্ত প্রস্তাবটি কবে নাগাত কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীজ্যোতি বসু:** (ক) এরূপ কোন প্রস্তাব এখনও পর্যন্ত সরকারের গোচরে আসে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

*৮৮ (হেল্ড ওভার)

## বারাসাতে হত্যাকাণ্ড

*৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৭।) **শ্রীসরল দেব:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের ১লা জানুয়ারি হইতে ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত সময়ে বারাসাতে কতগুলি খুনের ঘটনা ঘটিয়াছে ; এবং

(খ) উক্ত হত্যাকাণ্ড ঘটনায় জড়িত (১) কতজনকে এ পর্যন্ত গ্রেপ্তার করা সম্ভব হইয়াছে, (২) কতজন আসামী এখনও পর্যন্ত ফেরার, এবং (৩) কতগুলি হত্যাকাণ্ডে এখনও পর্যন্ত কোন দোষী ব্যক্তিদিগকে নির্দিষ্ট করা যায় নাই ?

**শ্রীজ্যোতি বসু:** (ক) ১৩টি।

(খ) (১) ৮০ জন।

(২) ২৩ জন।

৩) হত্যাকাণ্ডের সকল ঘটনাতেই দোষী ব্যক্তিদিগকে নির্দিষ্ট করা সম্ভব হয়েছে।

**শ্রীসরল দেব:** মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—এই রকম যারা হত্যাকারী আছে, এদের অনেকের সঙ্গে বারাসাত থানার যিনি বড়বাবু বলে পরিচিত তাঁর সঙ্গে এদের অবৈধ সম্পর্ক আছে ?

**শ্রীজ্যোতি বসু:** এই রকম কোন সংবাদ আমার কাছে নেই।

**Re-employment of teachers of Non-Government Colleges**

***90.** ( Admitted question No. *475. ) **Dr. HOIMI BASU :** Will the Minister-in-charge of the Education ( Higher ) Department be pleased to state—

(a) Whether there is any provision for the re-emploooment of teachers of the Non-Government Colleges beyond the age 62 ;

(b) If so, whether the same "policy" is being followed in the case of teachers of Government Colleges under like circumstances ; and

(c) If not, whether the Government considers the desirability of implementing the same policy in the case of teachers of Government Colleges ?

**শ্রী নির্মলকুমার বসু ঃ** (ক) যে সকল বেসরকারী কলেজের শিক্ষক নিজেদের ইচ্ছানুসারে পুরাতন ইউ. জি. সি. বেতনক্রমে আছেন তাঁহাদের অবসর গ্রহনের বয়স ৬২ বৎসর। সংশ্লিষ্ট কলেজের কর্তৃপক্ষের স্থপারিশক্রমে তাহাদিগের চাকুরীর মেয়াদ ৬৫ বৎসর পর্য্যন্ত বর্দ্ধিত করিবার ব্যবস্থা আছে।

যে সকল শিক্ষক নূতন ইউ. জি. সি বেতনক্রমে আছেন তাহাদের ক্ষেত্রে অবসর গ্রহনের বয়স ৬০ বৎসর। সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ যদি তাঁহাদিগকে উপযুক্ত এবং প্রয়োজন মনে করেন তবে স্ক্রীনিং কমিটির স্থপারিশক্রমে এবং সরকারের অনুমোদন সাপেক্ষে তাঁহাদের চাকুরীতে অনূর্দ্ধ ৬৫ বৎসর বয়স পর্য্যন্ত পুনর্নিয়োগ করার ব্যবস্থা আছে। তবে পুনর্নিয়োগের প্রথম term ২ বৎসরের বেশী হইবে না এবং পরের term গুলি ১ বৎসরের বেশী হইবে না।

(খ) না সরকারী কলেজের শিক্ষকদের ক্ষেত্রে ঠিক একই পদ্ধতি চালু নেই।

(গ) ইং ১-৪-৮১ তারিখের আগে সরকারী কলেজ শিক্ষকদের অবসর গ্রহনের বয়ঃসীমা ছিল ৫৮ বৎসর। তারপর তাঁদের ২ বৎসর পুনর্নিয়োগ করা হত; মন্ত্রীসভার সিদ্ধান্ত অনুসারে উচ্চ শিক্ষামন্ত্রী মহোদয় এই পুনর্নিয়োগের ব্যাপারে আদেশ ১-৪-৮১ তারিখ থেকে উপরোক্ত বয়ঃসীমা ৫৮ থেকে বাড়িয়ে ৬০ করা হয়েছে। যে সকল শিক্ষক ১-৪-৮১-র আগেই পুনর্নিযুক্ত হয়ে চাকুরী করছিলেন তাঁদেরকে পর্যায়ক্রমে ৬২ বৎসর পর্যন্ত পুনর্নিয়োগ করা হয়েছে এবং হচ্ছে; মন্ত্রীসভার সিদ্ধান্ত অনুসারে এ ধরনের পুনর্নিয়োগ ও উচ্চ শিক্ষামন্ত্রীর আদেশক্রমেই দেওয়া হয়েছে এবং হচ্ছে।

বর্তমানে সরকারী কলেজের শিক্ষকদের ক্ষেত্রে অবসর গ্রহনের বয়স হল ৬০ বৎসর। এদের পুনর্নিয়োগের ক্ষেত্রে মন্ত্রীসভার সিদ্ধান্ত এই যে বিভাগীয় মন্ত্রী দহোদয় প্রয়োজনবোধে স্ক্রীনিং কমিটির সুপারিশক্রমে ৬২ বৎসর পর্যন্ত পুনর্নিয়োগ করতে পারবেন। ৬২ বৎসর এর উর্দ্ধে ৬৫ বৎসর পর্যন্ত পুনর্নিয়োগের ব্যাপারে মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী ও উচ্চশিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীকে নিয়ে গঠিত সাবকমিটি চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন।

## ডায়মণ্ডহারবার মহকুমায় ডাকাতি

*৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৫।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৮-৭৯, ১৯৭৯-৮০, এবং ১৯৮০-৮১ সালে ডায়মণ্ডহারবাব মহকুমায় কতগুলি ডাকাতির ঘটনা ঘটিয়াছে; এবং

(খ) উক্ত ঘটনাগুলিতে (১) কতজন ডাকাত ধৃত হইয়াছে ও (২) ডাকাতের গুলিতে কতজন পুলিস নিহত হইয়াছে?

**শ্রীজ্যোতি বসু:** (ক)

| সাল | ডাকাতির সংখ্যা |
|---|---|
| ১৯৭৮-১৯৭৯ | ২৬টি |
| ১৯৭৯-১৯৮০ | ২৫টি |
| ১৯৮০-১৯৮১ | ৩৯টি |

(খ)

| | সাল | ধৃত ডাকাত সংখ্যা |
|---|---|---|
| (১) | ১৯৭৮-১৯৭৯ | ৯৫ জন |
| | ১৯৭৯-১৯৮০ | ১০২ জন |
| | ১৯৮০-১৯৮১ | ২২১ জন |

| | সাল | নিহত পুলিশ সংখ্যা |
|---|---|---|
| (২) | ১৯৭৮-১৯৭৯ | কেহ নয়। |
| | ১৯৭৯-১৯৮০ | একজন পুলিশ। |
| | ১৯৮০-১৯৮১ | কেহ নয়। |

**শ্রীসত্যরঞ্জন বাপুলী:** মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি—ডাকাতি কমাবার জন্য কোন ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা?

**শ্রীজ্যোতি বসু:** ডাকাত ধরা হচ্ছে। যেখানে প্রবণতা আছে সেখানে বিশেষ ব্যবস্থা নেওয়া হচ্ছে কোথাও কোথাও পুলিশ আউট পোষ্ট করার ব্যবস্থা হচ্ছে।

[1-20—1-30 P.M.]

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি মন্দিরবাজার থানার দারোগা ডাকাতের পোষাক পরে ডাকাতি করতে গিয়ে ধরা পড়েছে কি না ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এই রকম ঘটনার খবর জানা নেই।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** সত ডাকাতি হচ্ছে, বেকার-ভাতার মত ডাকাতি-ভাতা চালু করা হবে কি না ?

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন ওঠে না।

## বনগাঁর কবীতীর্থ কলেজ

***৯২।** ( অনুমোদিত প্রশ্ন নং *৬৫৭। ) **শ্রীকমলাক্ষ্মী বিশ্বাস ঃ** শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার বনগাঁয় কবিতীর্থ কলেজ কবে মঞ্জুর হয়েছে ;

(খ) উক্ত মঞ্জুরীর নির্দেশনামা কত তারিখে প্রকাশিত হয় ;

(গ) ঐ কলেজে ছাত্র-ছাত্রীর সংখ্যা কত ; এবং

(ঘ) কোন্ ইউনিভার্সিটি কর্তৃক ঐ কলেজ মঞ্জুরীকৃত ?

**শ্রীনির্মল কুমার বসু ঃ** (ক) ২৪ পরগণা জেলার বনগাঁয় কবীতীর্থ কলেজ নামে কোন ডিগ্রী কলেজকে মঞ্জুরী দেওয়া হয় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

## রঘুরামপুরের টেকনিক্যাল কলেজের অট্টালিকাকে কাজে লাগানোর ব্যবস্থা

***৯৩।** ( অনুমোদিত প্রশ্ন নং *৬৬৯। ) **শ্রীশিশির কুমার অধিকারী ঃ** শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কাঁথি ২নং ব্লকের অন্তর্গত রঘুরামপুর মৌজায় টেকনিক্যাল কলেজের জন্য বিরাট একটি অট্টালিকা নির্মিত ও পুনর্নির্মিত হয়ে পড়ে আছে ; এবং

(খ) সত্য হলে ঐ ভবনে টেকনিক্যাল কলেজ খোলার কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে ?

**শ্রীনির্মল কুমার বসু :** (ক) কাঁথি ২ নং ব্লকের রঘুরামপুরে একটি নূতন পলিটেকনিক স্থাপনের জন্য পলিটেকনিক ভবন নির্মিত হইয়াছে।

(খ) শিক্ষা বিভাগ ও মৎস্য বিভাগের যৌথ উদ্যোগে উক্ত পলিটেকনিকে মৎস্য চাষ সংক্রান্ত বিষয়ে একটি ডিপ্লোমা এবং একটি সার্টিফিকেট পাঠক্রম প্রবর্তন করিবার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। এবং যাহাতে এই পাঠক্রম সত্বর আরম্ভ করা যায় সেইজন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করা হইতেছে। এই দুইটি পাঠক্রম ব্যতীত আরও কয়েকটি পাঠক্রম প্রবর্তন করিবার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রীমানস ভুঁইয়া :** মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—এই পাঠ্যক্রম চালু হতে চলেছে এর এক্তিয়ার উচ্চশিক্ষা মন্ত্রীর দপ্তরে থাকবে না মৎস্য দপ্তরে থাকবে ?

**শ্রীনির্মল বসু :** এখানে মৎস্য সম্পর্কে শিক্ষা দেওয়া হলেও এর দায়িত্বে উচ্চশিক্ষা দপ্তর থাকবে।

## রাজ্য বিদ্যুৎ পর্ষদের উৎপাদন ক্ষমতা

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯।) **শ্রীসুব্রত মুখার্জী :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য বিদ্যুৎ পর্ষদের উৎপাদন ক্ষমতা কত ; এবং

(খ) উক্ত পর্ষদ মোট চাহিদার কত শতাংশ উৎপাদন করে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** (ক) রাজ্য বিদ্যুৎ পর্ষদের মোট উৎপাদন ক্ষমতা ( Dearted Installed Capacity ) ৯১১.৪ মেগাওয়াট ;

(খ) উক্ত পর্ষদ রাজ্যের মোট চাহিদার প্রায় ৩৫ শতাংশ উৎপাদন করে।

**শ্রীসুব্রত মুখার্জী :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—যোজনার দায়িত্ব মূলতঃ কেন্দ্রীয় সরকারের হলেও মেইনটেনেন্স-এর দায়িত্ব কি সম্পূর্ণভাবে রাজ্যসরকারের ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** হ্যাঁ, রাজ্যের।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** সেটা কি আংশিকভাবে হোলেও ৬ বছরে পালন করতে পেরেছেন ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** প্রকল্পের একটি বয়সের পর তার উৎপাদন ক্যাপাসিটি কমে যাবেই। সুতরাং সাঁওতালদি ছাড়া আমাদের অন্যান্য জায়গায় মেইনটেনেন্সের কাজ মোটামুটি সন্তোষজনক।

**শ্রীবলাই বন্দোপাধ্যায় ঃ** এস. ই. বি. ছাড়া আর কোন অর্গানাইজেশন এই পাওয়ার সাপ্লাই করে এবং কত পরিমান সাপ্লাই করে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** ডি. ভি. সি. ৯৫ মেগাওয়াট, ডি. পি. এল. ৫০ থেকে ৬০ মেগাওয়াট এবং ক্যালকাটা ইলেকটিক সাপ্লাই কর্পোরেশন ২৫০ মেগাওয়াট।

## আমন ধান কাটা নিয়ে সংঘর্ষ

***৯৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় ১৯৮২-৮৩ সালে আমন ধান কাটা নিয়ে সংঘর্ষের কোন সংবাদ সরকারের গোচরে এসেছে কি ; এবং

(খ) (১) এসে থাকলে, উক্ত সংঘর্ষের সংখ্যা কত, এবং (২) তন্মধ্যে কতজনের প্রাণহানি ঘটেছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) মোট ৩২টি ;

(২) মোট ৭ জন নিহত হয়েছেন।

## পশ্চিমবঙ্গে পার্বত্য এলাকার উন্নয়ন

***৯৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৫।) **শ্রীকৃষ্ণধন হালদার ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (পার্বত্য এলাকা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুন মাস হইতে ১৯৮২ সালের জুন মাস পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গে পার্বত্য এলাকাগুলিতে উন্নয়নের জন্য মোট কত টাকা ব্যয় করা হইয়াছে ; এবং

(খ) ১৯৭২ হইতে ১৯৭৭ পর্যন্ত সময়ে এই ক্ষেত্রে মোট কত টাকা ব্যয় করা হইয়াছিল ?

**শ্রীতাওয়াং দাওয়া লামা ঃ** (ক) ১৯৭৭ সালের জুন মাস হইতে ১৯৮২ সালের জুন মাস পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গ পার্বত্য এলাকাগুলিতে উন্নয়নের জন্য মোট ৫৬৭৫.২৬ লক্ষ টাকা ব্যয় করা হইয়াছে।

(খ) দার্জ্জিলিং পার্বত্য এলাকার সামগ্রিক উন্নয়ন আরম্ভ হয় ১৯৭৪-৭৫ সালের আর্থিক বছরে। ১৯৭৪ হইতে ১৯৭৭ পর্যন্ত সময়ে এই ক্ষেত্রে মোট ১৯৬৭.১৭ লক্ষ টাকা ব্যয় করা হইয়াছিল।

**শ্রীকৃষ্ণধন হালদার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই যে ৫৬ কোটি টাকা খরচ করা হইয়াছে এটা কি ভাবে খরচ করা হইয়াছে, কোন হেডে খরচ করা হয়েছে ?

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন ওঠে না।

## রাজ্য সরকার কর্তৃক নিজস্ব ব্যাঙ্ক স্থাপন

*৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *২২২।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যসরকার নিজস্ব ব্যাঙ্ক স্থাপনের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট কোন প্রস্তাব পেশ করেছেন কিনা ;

(খ) "ক" প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কোন্ বছর এই প্রস্তাব পাঠানো হয়েছিল ; এবং

(গ) উক্ত প্রস্তাব কেন্দ্রীয় সরকার অনুমোদন করেছেন কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক), (খ) এবং (গ) রাজ্যসরকার একটি নিজস্ব ব্যাঙ্ক স্থাপনের জন্য ১৯৪৯ সালের ব্যাংকিং নিয়ন্ত্রন আইন অনুযায়ী ভারতের রিজার্ভ ব্যাঙ্কের কাছে লাইসেন্সের জন্য ১৯৮১ সালের ২৮শে জানুয়ারী আবেদন পেশ করেছেন। এখনও পর্যন্ত রিজার্ভ ব্যাঙ্কের অনুমোদন পাওয়া যায়নি। প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য প্রস্তাবিত ব্যাঙ্কের লাইসেন্স অনুমোদন করার একমাত্র ক্ষমতা ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের, কেন্দ্রীয় সরকারের নয়। কাজেই রাজ্য সরকারের প্রস্তাবিত ব্যাঙ্কের জন্য কেন্দ্রীয় সরকারের অনুমোদন এর প্রশ্ন ওঠে না।

**Transfer of the officers in the West Bengal Educational Service**

*98. ( Admitted question No. *473. ) **Shri Anup Kr. Chandra :** Will the Minister-in-charge of the Education ( Higher ) Department be pleased to state—

(a) Whether the Government of West Bengal has any policy regarding the transfer of the officers in the West Bengal Educational Service and West Bengal Senior Educational Service; and

(b) If so, what is the content of that policy ?

**শ্রীনির্মলকুমার বোস ঃ** (ক) ও (খ) পশ্চিমবঙ্গ শিক্ষা কর্তৃক ও পশ্চিমবঙ্গ উচ্চগত শিক্ষা কর্তৃকের আধিকারিকদের বদলীর ব্যাপারে নীতি হিসাবে বাধ্যতামূলক কোন আদেশনামা নেই।

তবে প্রশাসনিক প্রয়োজনে সরকারী কলেজের শিক্ষকদের নিয়োগ এবং বদলীর ব্যাপারে একটি নীতি নির্দেশিকা ( guidelines ) আছে। সেই অনুযায়ী সরকারী কলেজগুলিকে অবস্থান অনুযায়ী চারটি অঞ্চলে ভাগ করা হয়েছে। সাধারণ-ভাবে সমস্ত শিক্ষককেই প্রতিটি অঞ্চলে অবস্থিত অন্ততঃ একটি কলেজে বদলী হতে হয়। জনস্বার্থে ও প্রশাসনিক প্রয়োজনে উক্ত নির্দেশিকার কিছু ব্যাতিক্রম আছে।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি এই যে বদলির ব্যাপার রয়েছে—কোলকাতায় প্রফেসারদের যে বদলি করা হয় বিভিন্ন জায়গায় তাদের কিভাবে বদলি করা হয়? উত্তরবঙ্গে কতকগুলি কলেজে এখনো প্রফেসারের পদ খালি আছে এই সম্পর্কে আপনি কি ভাবছেন, এখানে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে না কেন ?

**শ্রীনির্মলকুমার বোস ঃ** আমাদের সরকারী শিক্ষকদের বদলির ব্যাপারে ৪টি অঞ্চল ভাগ করা আছে, যে অঞ্চলে তাদের একবার করে যেতে হবে। কিন্তু যতবার এই উত্তরবঙ্গে পাঠানো হচ্ছে ততবারই তারা একটা না একটা অজুহাত দেখিয়ে যেতে চাচ্ছে না। কুচবিহার, দার্জিলিং জলপাইগুড়ি, শিলিগুড়ি এই সমস্ত অঞ্চলে তারা যেতে চায় না। তার জন্য এই সব অঞ্চলে অনেক গুলি শিক্ষকের পদ খালি পড়ে আছে এবং সেখানকার কলেজের পড়াশোনা ব্যহত হচ্ছে। সাধারণ ভাবে এর জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং যারা ইচ্ছাকৃত ভাবে যেতে চাইছে না তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার কথা ভাবা হচ্ছে।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার:** মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি যে এই বদলীর ব্যাপারে কেন কোন নির্দ্দিষ্ট পলিসি এই সরকারের নেই ?

**শ্রীনির্মলকুমার বোস:** মাননীয় সদস্য হয়ত শুনে থাকবেন যে এই বদলির ব্যাপারে আমাদের একটা গাইডলাইন্স আছে। সেই নীতি অনুসারে আমরা শিক্ষকদের বদলি করে থাকি।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী:** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি উত্তরবঙ্গে কলেজে যে সমস্ত ভেকেনসি আছে তার জন্য কেন শিক্ষকরা যাচ্ছে না এবং তারা না যাওয়ার কি কারণ দর্শাচ্ছে এবং তাদের তরফে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে ?

**শ্রীনির্মলকুমার বোস:** আসল কারণ হচ্ছে কলিকাতা থেকে বা এই দিক থেকে কেউ উত্তরবঙ্গে যেতে চাচ্ছে না। শুধু শিক্ষা দপ্তরে নয়, অন্যান্য দপ্তরে এই অবস্থা। অনেক শিক্ষককে বলা হচ্ছে কিন্তু কেউ যেতে চাচ্ছে না। তারা নানা রকম কারণ দেখাচ্ছে, তাদের নানা সমস্যা আছে। অবশ্য অনেক শিক্ষকেরই ব্যক্তিগত সমস্যা আছে। সেই সব কথা চিন্তা করে এই সব অঞ্চলে পাঠাবার ব্যবস্থা করা হচ্ছে।

[1-30—1-40 P.M.]

## মুর্শিদাবাদ জেলায় বড়োঁয়া ও ভরতপুর থানায় গ্রামীণ বৈদ্যুতীকরণ

*৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৬।) **শ্রীঅমলেন্দ্র রায়:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বড়োঁয়া ও ভরতপুর থানায় গ্রামীণ বৈদ্যুতীকরণের কাজ কয়টি গ্রাম ও মৌজায়—

(১) সম্পূর্ণ হয়েছে ও (২) হাতে নেওয়া হয়েছে ; এবং

(খ) অবশিষ্ট গ্রাম ও মৌজাগুলোতে বৈদ্যুতীকরণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ;

**শ্রীপ্রবীর সেনগুপ্ত:** (ক) গত ৩১-১২-৮২ পর্য্যন্ত সময়ে মুর্শিদাবাদ জেলার বড়োঁয়া ও ভরতপুর থানায় যথাক্রমে ৩৫টি ও ৭৮টি মৌজায় গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ সম্পূর্ণ হয়েছে।

(২) বর্তমানে বড়োঁয়া ও ভরতপুর থানার অন্তর্গত কোন মৌজায় বৈদ্যুতিকরণের কাজ হাতে নাই।

(খ) এই আর্থিক বছরে ভরতপুর থানার ১০টি মৌজায় বৈদ্যুতিকরণের এক সম্ভাব্য কর্মসূচী প্রস্তুত করা হয়েছে।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ প্রায়োরিটি লিস্ট অনুসারে কি করা হয়ে থাকে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্তঃ** পরিকল্পনা অনুযায়ী লিস্ট করা হয়ে থাকে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ শেষ হয়ে যাচ্ছে অথচ এখনো অর্দ্ধেক ব্লকে বা থানায় বিদ্যুৎ আসেনি। এই ব্যাপারে কি কোন মিনি স্কীম করা যায় ?

**শ্রীপ্রবীর সেনগুপ্তঃ** হ্যাঁ নেওয়া হয়েছে।

**ডাঃ মানস ভুঁইয়াঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই খরা পরিস্থিতিতে গ্রামীন বৈদ্যুতিকরণ যেসব জায়গা হচ্ছে সেখানে স্যালো টিউবওয়েলের জন্য কি কোন ইমারজেন্সি ব্যবস্থা করা হয়েছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্তঃ** ডিপ টিউবওয়েলের ক্ষেত্রে এই ব্যবস্থা নেওয়া হয়েছে। স্যালো টিউবওয়েলের জন্যও প্রায়োরিটি বেসিসে ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং আগামীদিনে আরো করা হবে।

**শ্রীফনী ভূষণ রায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, গ্রামে অর্দ্ধেক বৈদ্যুতিকরণ করতে করতে দেখা যাচ্ছে যে অর্দ্ধেক জায়গা ছার দেওয়া হচ্ছে সেখানে কনজিউমার্স সাফিসিয়েন্ট ডিমাণ্ড প্লেসে যাতে বৈদ্যুতিকরণ হয় তার কি কোন ব্যবস্থা করবেন ?

**শ্রীপ্রবীর সেনগুপ্তঃ** সাধারণ পদ্ধতি অনুসারে যদি কোন গ্রামে বৈদ্যুতিকরণ করা হয় তারপরে যদি বাড়িতে বা কোন সংস্থাতে বিদ্যুৎ নিতে হয় তখন তাকে নিজে খরচ করে নিতে হয়। এমন একটা পদ্ধতিও আছে যদি ৭০-৮০ জন মিলে দরখাস্ত করেন এবং হিসাব করে দেখা যায় যে এটা লাভজনক হবে তাহলে বোর্ড সেই খরচ বহন করতে পারেন।

## পশ্চিমবঙ্গে ওভারড্রাফটের পরিমাণ

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *২৪২।) **শ্রীসরল দেবঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮৩ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত পশ্চিমবঙ্গের ওভারড্রাফটের পরিমান কত ?

**শ্রীজ্যোতি বসুঃ** ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারী তারিখে পশ্চিমবঙ্গের ওভারড্রফটের পরিমাণ ছিল ৩৭.২৯ কোটি টাকা।

**শ্রীসরল দেবঃ** এই ওভারড্রাফট কমানোর জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রীজ্যোতি বসুঃ** আপাতত কোন ওভারড্রাফট নেই।

## বিদেশে নারী পাচার ও বিক্রি

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৭।) **শ্রীঅনিল মুখার্জীঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ থেকে বাহিরে বা বিদেশে নারী পাচার এবং বিক্রি সংক্রান্ত কোনরূপ তথ্য রাজ্য সরকারের নিকট আছে কি ; এবং

(খ) থাকিলে, ১৯৭২ সালের জানুয়ারি মাস থেকে ১৯৮২ সালের মধ্যে কতজন নারী পাচার ও বিক্রি হয়েছে ?

**শ্রীজ্যোতি বসুঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রীসুব্রত মুখার্জীঃ** ইট ইজ এ সিরিয়াস ম্যাটার, অথচ কেউ প্রশ্ন করলেন না। আমার মনে হয় এই ব্যাপারে পজিটিভ ব্যবস্থা নেওয়া উচিত। মারিচঝাঁপির ঘটনা ঘটেছিল তখন ওইখান থেকে নারী পাচারের খবর সরকারী ভিত্তিতে প্রকাশিত হয়েছিল। এই ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছেন ?

**শ্রীজ্যোতি বসুঃ** মরিচঝাঁপির সঙ্গে এর কোন সম্পর্ক নেই। এক লক্ষ লোক দণ্ডকারণ্যে পাঠানো হয়েছে।

## চিৎপুর থানা এলাকায় সাম্প্রদায়িক হাঙ্গামা

*১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২২।) **শ্রীসুব্রত মুখার্জীঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৬ই ফেব্রুয়ারি চিৎপুর থানা এলাকায় সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামার কোন সংবাদ সরকারের গোচরে এসেছে কিনা ;

(খ) এসে থাকলে,—

(১) উক্ত ঘটনার কারণ কি ;

(২) উক্ত ঘটনায় জড়িত কতজনকে গ্রেপ্তার করা হয়েছে ;

(৩) এই দাঙ্গাহাঙ্গামায় কোন রাজনৈতিক দলের প্ররোচনা ছিল কিনা ; এবং

(গ) এরূপ দাঙ্গাহাঙ্গামা বন্ধের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) গত ৩-৮-৮৩ তারিখে সেখ আসরফ নামে জনৈক সমাজবিরোধীর আদালত থেকে আইনে মুক্ত হয়ে বাড়ী ফেরার পথে ঘোষ বাগান বস্তী এলাকার কিছু লোকের প্রহারের ফলে মৃত্যুর ঘটনা থেকেই এই সংঘর্ষের সুত্রপাত হয়।

(২) মোট ৯৭ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

(৩) তদন্তে এরূপ কোন প্রমান পাওয়া যায়নি।

(গ) উপদ্রুত এলাকায় ১৪৪ ধারা জারি সমেত উর্দ্ধতন পুলিশ সুপারের তত্ত্বধানে ব্যাপক পুলিশী ব্যবস্থা নেওয়া হয়েছে। মন্ত্রী শ্রীপ্রশান্ত কুমার শূরের নেতৃত্বে এলাকার শান্তি ফিরিয়ে আনার জন্য সকল রাজনৈতিক দলের মিলিত সভা হয়।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** ইহা কি সত্য এই দাঙ্গার পিছনে চিৎপুরের ও. সি-কে দায়ী করে এমন কি সরকারী দলের পক্ষ থেকেও তার অপসারণের দাবি করা হয়েছিল ?

**শ্রীজ্যোতি বসু ঃ** না হয়নি।

**শ্রীব্রসুত মুখার্জী ঃ** ইহা কি সত্য যে হোম সেক্রেটারী বদলীর নির্দেশ দেওয়া সত্বেও শান্ত শূরের চেষ্টায় সেই বদলি স্থগিত রাখা হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** একেবারেই সত্য নয়।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, ঐ দাঙ্গার সঙ্গে যারা জড়িত তাদের মধ্যে ২ জন দুষ্কৃতকারী সমাজবিরোধী মুখ্য ভূমিকা নিয়েছিল, একজনের নাম ল্যাংড়া সেলিম, আর একজনের নাম সোনিয়া, তারা কোন দলের লোক এবং তাদের পৃষ্ঠপোষকতা কারা করে থাকেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** ল্যাংড়া নামটা শুনেছি, আর একজনের নাম জানি না, এখানে সেটা লেখা নেই। এই রকম কোন খবর এইভাবে আমাদের কাছে নেই।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ঐ এলাকার নির্বাচিত বিধান সভার সদস্য, প্রাক্তন মন্ত্রী শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ ঐ এলাকার ও. সি'র বিরুদ্ধে নির্দিষ্ট অভিযোগে আপনার সঙ্গে দেখা করেছেন সংবাদপত্রে এটা দেখেছি। এটা কি ঠিক ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এই ঘটনা যখন হয় তখন সর্ব দলীয় মিটিং হয়, সেখানে তিনি উপস্থিত ছিলেন। তবে আমার যতদূর মনে হয় অনেক আগে নির্বাচনের পরে উনি নিজে বলেছিলেন ঐ ও. সি'র কার্যকলাপের বিরুদ্ধে। আমরা তদন্ত করেছি কিন্তু বিশেষ কিছু পাইনি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মন্ত্রী মহাশয় কি জানাবেন, ওখানে ও সি-কে স্থানীয় সি পি এমে'র লোক রাখার জন্য সরাসরিভাবে চেষ্টা করছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** না। উনি এক রকম বলেছেন আর আপনি আর একরকম বলছেন।

## বিদ্যুৎ ঘাটতি

*১০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩।) **শ্রীকৃষ্ণধন হালদার ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৬ সালের জানুয়ারি মাস হইতে ডিসেম্বর পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গে মোট কত মেগাওয়াট বিদ্যুতের ঘাটতি ছিল ; এবং

(খ) ১৯৮২ সালের জানুয়ারি হইতে ডিসেম্বর পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গে গড় কত মেগাওয়াট বিদ্যুৎ ঘাটতি ছিল ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** (ক) এই সময় মোট ৪০৩·০৮ মেগাওয়াট বিদ্যুৎ ঘাটতি ছিল।

(খ) এই সময়ে দৈনিক গড় ঘাটতি ছিল ১১১·৩৪ মেগাওয়াট।

**শ্রীকৃষ্ণধন হালদার ঃ** এখন যে বিদ্যুৎ সঙ্কট হচ্ছে এরজন্য অন্তর্ঘাতমূলক বা নাশকতামূলক কাজ দায়ী কিনা ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** না।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি বর্তমানে বিদ্যুৎ ঘাটতি এবং লোড শেডিংএ যেভাবে জনজীবন বিপর্যস্ত হচ্ছে তাতে করে অদূর ভবিষ্যতে বিদ্যুতের উন্নতি হবে এই ধরনের কোন আশার বাণী শোনাতে পারবেন কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** বর্তমানে উত্তরবঙ্গে যে সমস্যা ছিল তার কিছুটা সমাধান হয়েছে। উত্তরবঙ্গের সাথে দক্ষিণবঙ্গের একটা যোগাযোগ স্থাপিত হয়েছে, আর কিছুটা বিদ্যুৎ উৎপাদন হলে উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গে আনা যেতে পারে। এছাড়া ব্যাণ্ডেলে ২১০ মেগাওয়াটের একটা ইউনিট চালু হচ্ছে, তাতে ১৩০ মেগাওয়াট পর্যন্ত পাওয়া যাবে, বর্তমানে তারা ১১০ দিচ্ছে। এছাড়া টিটাগড় থেকে এই মাসের শেষে বিদ্যুৎ আসবে। সুতরাং আশা করা যায় অবস্থা এর থেকে ভাল হতে পারে।

[1-40—1-50 P. M.]

**শ্রীননী কর ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, আমাদের দৈনিক যে বিদ্যুৎ ঘাটতি হয় তাতে ডি ভি সি তাদের প্রতিশ্রুত বিদ্যুৎ ঠিকমত সরবরাহ না করার জন্য এই ঘাটতি কত অংশে দায়ী ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** নোটিশ চাই।

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** এই লোডশেডিং-এর জন্য কোন সিডিউল চালু করেছেন কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** এটা ভাবা হচ্ছে এবং এরজন্য একটা কমিটি করা হয়েছে। তবে এখনও সুনির্দিষ্টভাবে বৈজ্ঞানিক ভিত্তিতে কিছু করা যায়নি।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, ১৯৮২ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর মাস পর্যন্ত যে বিদ্যুৎ ঘাটতি হয়েছে তার মূল কারণ কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** এক সময় কংগ্রেস দল এবং কেন্দ্রীয় সরকারের ধারণা হয়েছিল ডি ভি সি হবার পর আর নূতন করে বিদ্যুৎ শিল্প গড়ে তোলার দরকার নেই এবং সেইজন্য গত ১০ বছর কোন বিদ্যুৎ শিল্প গড়ে তোলা হয়নি এবং এটা বোধহয় একটা কারণ।

**শ্রীফণীভূষণ রায় ঃ** মন্ত্রীমহাশয় বললেন, উত্তরবঙ্গের বিদ্যুৎ পরিস্থিতির অনেক উন্নতি হয়েছে। আমি মালদহ জেলার অধিবাসী হিসেবে জানি উত্তরবঙ্গে বিদ্যুতের অবস্থা পূর্বে যা ছিল তার থেকে আরও খারাপ হয়েছে। আপনি সত্যি খবর আমাদের জানাবেন কি ?

**মিঃ স্পীকার ঃ** এ প্রশ্ন ওঠে না।

## খিলকাপুর গ্রাম পঞ্চায়েত প্রধানের গ্রেপ্তার

*১০৬। ( অনুমোদিত প্রশ্ন নং *২৪৫।) **শ্রীসরল দেব ঃ** স্বরাষ্ট্র ( পুলিস ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ৬ই ফেব্রুয়ারি, ১৯৮৩ সালে বারাসাত থানার অন্তর্গত খিলকাপুর গ্রাম পঞ্চায়েত প্রধানকে গ্রেপ্তার করা হইয়াছিল ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কোন্ অপরাধের জন্য তাহাকে গ্রেপ্তার করা হয়েছিল ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক+খ) গত ২৭-১-৮৩ তারিখে বারাসত ১নং ব্লকের বি.ডি.ও-র অফিসে হামলা করা এবং সরকারী কর্মচারীদের নিগৃহীত করার অভিযোগে খিলকাপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান সহ অপর দুইজনের বিরুদ্ধে কেস করা হয়। গত ৬.২.৮৩ তারিখে গ্রাম পঞ্চায়েতের প্রধান থানায় ধরা দেন।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীমহাশয় জানাবেন কি, গ্রাম প্রধান গরীব মজুরদের মজুরীর দাবী নিয়ে যাওয়া সত্ত্বেও তাঁকে একটা মিথ্যে মামলায় জড়িয়ে বারাসত থানার ও. সি. গ্রেপ্তার করেন এবং সেই প্রধানকে জর্জ কোর্ট থেকে যে ছাড়াতে হল তার কারণ কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আপনার কাছে কি রিপোর্ট আছে জানিনা এবং মামলায় কি হবে তাও জানিনা। আমার কাছে যে রিপোর্ট আছে তাতে দেখছি, খরার জন্য একটা কাজ হচ্ছিল এবং ২৬-১-৮৩ তারিখ শ্রীমতী নীতা রায়, ডব্লিউ বি সি এস্, বি ডি ও ( ওয়ান ) খবর দিয়ে বললেন যে, টাকার অভাবে কাজ করা যাবে না। সেখানে সরকারের পক্ষ থেকে কোন তত্ত্বাবধান ছিল না, কিন্তু যে সমস্ত মজুররা কাজ করছিল তারা ভাবল আমাদের টাকা তাহলে কে দেবে ? তখন তারা দল বেঁধে বি ডি ও-র অফিসে যায় এবং সেই সময় শ্রী পি. এন. বসু, একজিকিউটিভ ম্যাজিষ্ট্রেট কোন একটা কাজের জন্য সেখানে উপস্থিত ছিলেন এবং তিনিও এ সম্বন্ধে অভিযোগ করেছেন। এই ব্যাপারে একটা মামলা হয় এবং আবদুল আলিমকে ধরা হয়েছে। পরে অবশ্য নির্দোষ মনে করায় তাকে ছেড়ে দেওয়া হয়েছে। এই ব্যাপারে অন্য ৩ জনের বিরুদ্ধে মামলা হয় এবং পরে প্রধান থানায় এসে ধরা দেয়।

**শ্রীসরল দেব ঃ** হালিম সাহেবকে থানা থেকে এস. ডি. ও-কে ফোন করবার পর তাকে ছেড়ে দেওয়া হয়েছে। প্রধানকে বি. ডি. ও সংবাদ দিয়েছে কিনা এটাই প্রশ্ন। আমি ২৭

তারিখে গিয়েছিলাম এবং জেনেছি যে বি. ডি. ও. সরাসরি প্রধানকে সংবাদ দিতে পারে নি। অন্য মারফত সংবাদ দেওয়া হয়েছে। কিন্তু সেটা সে পায়নি। এই সংবাদ কি আপনি জানেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আপনার রিপোর্টে সবই আছে। কিন্তু আমার কাছে যে রিপোর্ট আছে তার সঙ্গে মিলছে না। সরাসরি প্রধানকে বলতে পারে নি। তবে সংবাদ পাঠিয়েছিলেন। এবং সংবাদ পাঠানো সত্বেও কাজ সুরু হয় এবং তার পরই গণ্ডোগোল সুরু হয়ে যায়। তবে এখনও কোন চার্জসিট করা হয়নি।

**শ্রীঅতিশ চন্দ্র সিংহ ঃ** এই পঞ্চায়েত প্রধান কোন দলের ?

**শ্রীজ্যোতি বসু ঃ** তিনি ওখানকার ফরওয়ার্ড ব্লকের নেতা।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে আপনি যে রিপোর্ট দিলেন এবং ফরওয়ার্ড ব্লকের নেতা সরল দেব যা বললেন সেটা আর এক রকম—তাহলে এই দুটোর মধ্যে কোনটা সত্য ?

( উত্তর নাই )

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, আপনি স্পীকার আপনি অনুধাবন করুন। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মুখ্যমন্ত্রী একরকম বলছেন এবং সরল দেব আর এক রকম বলছে……

**মিঃ স্পীকার ঃ** If you think that the reply given by the Chief Minister is not correct then you make enquiries and file a motion of privilege. The Chief Minister has said certain things and if you have any grievance with his reply then you are at liberty to file a motion of privilege.

**শ্রীদীপক সেনগুপ্ত ঃ** প্রশ্নোত্তরে বোঝা গেল যে একটা কমিউনিকেসন গ্যাপ রয়েছে। এখন যে সমস্ত গরীব লোকরা কাজ করছিল তাদের মজুরী দেবার ব্যাপারে সরকার কোন সিদ্ধান্ত নিচ্ছেন কিনা ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এটা খোঁজ করে দেখতে হবে। যদি নিয়ম মাফিক কাজ করে থাকে তাহলে পরে মজুরী দেবার ব্যবস্থা নিশ্চয় করতে হবে।

**শ্রীআবদুস সাত্তার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করি আপনি কর্ণপাত করেন নি। আমাদের পার্টি'র একজন সভ্য শ্রীসুনীতি চট্টরাজ মহাশয়কে আপনি ৩৪৮ রুল অনুসারে সাসপেণ্ড করেছেন।

**মি ঃ স্পীকার ঃ** আমি করি নি, হাউস করেছে।

**শ্রীআবদুস সাত্তার ঃ** যা হোক আপনি মোসন এনেছিলেন। ৩৪৭-এর পর আমরা চেয়েছিলাম যে একটা আপোষ হয়ে যাবে। আমরা সেই সুযোগ পাই নি। আপনি গড় গড় করে পড়ে চলে গেলেন। এই হাউসের মর্যাদার সংগে আমাদের এবং ওদের সকলেরই মর্যাদা জড়িত আছে। আমরা যদি মর্যাদা না দিই বা সরকার পক্ষ যদি এই হাউসের মর্যাদা না দেয় তাহলে আপনি কাষ্টোডিয়ান অব দি হাউস, আপনি এই হাউসের মর্যাদা যাতে থাকে সেদিকে আপনি দেখবেন। আমি এই হাউসে ১৯৬৫ সাল থেকে আছি এবং মুখ্যমন্ত্রী সবচেয়ে পুরানো।

[1-50—2-00 P. M.]

কিন্তু হাউসে তবু খানিকটা হৈচৈ হবে না, সুবোধ বালক হয়ে থাকবে, তা হয় না। আপনি একটা ব্যবস্থা নিয়েছেন, আমার কিছু বলার নেই। আমি আপনাকে আগেও বলেছি, আবার হাউস যাতে ঠিকভাবে চলে সেই ব্যাপারে আপনাকে সাহায্য করতে একটা মিউচুয়্যাল আণ্ডার-ষ্ট্যাণ্ডিং হয়েছিল হাউস বসার আগে। সেই ব্যাপারে আমরা বলেছিলাম আপনাকে যতদূর সম্ভব পারি সাহায্য করব। আমি আবার বলছি এটা উভয় পক্ষের মিউচুয়্যাল আণ্ডারষ্ট্যানডিং-এর নির্ভর করছে। কোড অব কণ্ডাক্ট নিশ্চয় মানতে হবে। কখন কখন হৈচৈ হয়, এই হৈচৈ আগেও হয়েছে, এখনো হচ্ছে। তবে হৈচৈ-এর খানিকটা লিমিট থাকা দরকার। স্যার, আমি বলছি সুনীতি চট্টরাজ যে প্রশ্ন তুলেছিলেন সেই সময়ে সেই প্রশ্নটা তোলা ঠিক হয়নি, কালকেই আমি এটা বলেছি। এটা প্রশ্নোত্তরের পরে তুললেই ভাল হত, সেটাই হচ্ছে রুলস। কিন্তু সে একটু এ্যাজিটেটেড হয়ে উঠেছিল ; তবে হাউস বা আপনাকে অবমাননা করার জন্য নয়। তবে আপনার ধারণায় হাউস যাতে অর্ডারলি কনডাকটেড হয় সেই হিসাবে আপনি কালকে একটা মোসান নিয়ে এসেছেন। কালকে আমি এখানে ছিলাম না। কালকে ডাঃ জয়নাল আবেদিন, এস. ইউ. সির সদস্য এই ব্যাপারটা দেখার জন্য আপনাকে বলেছেন। আমি আপনাকে আবার বলছি আপনি যদি মনে করেন সকলকে নিয়ে আবার বসুন যাতে হাউস ঠিক ভাবে চলে, কিভাবে আপনাকে সাহায্য করতে পারি, সেই বিষয়ে আলোচনা করুন। কাজেই এই ব্যাপারটা আর বাড়ানো ঠিক হবে না। আপনি কিছুক্ষনের জন্য হাউস এ্যাডজোর্ন করুন। আপনি সকল পক্ষকেই ডাকুন। চীফ্ হুইপ পতিত পাবনবাবু আছেন, তাঁকেও ডাকুন, বিরোধী দলের আর যেসমস্ত নেতা আছেন তাঁদেরও ডাকুন এবং তাঁদের ডেকে এই ব্যাপারটার একটা ফয়সালা করাই ভাল। তানাহলে

তিক্ততা চলতে থাকবে। কাজেই এই বিষয়টা যাতে আর না বাড়ে আপনি সেই ব্যবস্থা করুন। আপনি যে এ্যাকসান নিয়েছেন তাতে আমার আর কিছু বলার নেই। আপনার কাছে আমার শুধু এইটুকুই বলার আছে যে এই ব্যাপারে আপনি একটা কিছু ব্যবস্থা করে নিন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, কালকে আপনার রুলিং আমরা মেনে নিয়েছি। হাউস যা সিদ্ধান্ত নিয়েছে তার বিরুদ্ধে আমাদের কিছু বলার নেই। আই মেড এ্যান appeal to you. Please See Rule 348—proviso—"that the House may, at any time, on a motion being made, resolve that such suspension be terminated. আজকে সেই আবেদন আবার আপনার কাছে করছি যে, লেট দি Suspension order on the Hon'ble Member Shri Suniti Chattaraj be terminated and let us proceed to the Government business and other non-official business in a cordial, co-operative and degnified way. This is my appeal to you Sir.

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা সকলেই স্বীকার করবেন দিনের পর দিন এই হাউসের ভাবমূর্তি দেশের মানুষের সামনে যেভাবে অবনমিত হচ্ছে তাতে এটা আমাদের সকলের কাছেই খুব উদ্বেগের বিষয়। গতকাল আপনি এই ধরণের ঘটনার পরিণতিতে যে সিদ্ধান্ত, যে রুলিং দিলেন তাতে আমি অন্য কিছু বলব না—লেট আস হ্যাভ এ ফ্রেস এ্যাটেম্পট আমরা সবাই মিলে যাতে আবার এই হাউসের সেই ইমেজ, পুরানো ভাবমূর্তি ফিরিয়ে আনতে পারি, সেই প্রচেষ্টায় সহযোগিতা করার জন্য আপনাকে বলব আপনি যে রুলিং গতকাল দিয়েছিলেন সেটাকে আবার রিকনসিডার করুন। এইটুকু বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পীকার ঃ** মাননীয় সদস্যগণ, আমি কয়েকটি কথা বলতে চাই। কালকে যে ঘটনা ঘটেছে সেটা খুবই দুঃখজনক। মাননীয় লিডার অব দি অপোজিসান জনাব আবদুস সাত্তার কালকে ওঁনার বক্তৃতার মধ্যে বলেছেন, কালকে আমি এটা উল্লেখ করতে চাই নি, আজকে বিশেষ-ভাবে সেটা উল্লেখ করছি যে, তিনি বলেছেন, আমি ওঁনাকে বক্তৃতা করতে দিই নি। এটা পরিষ্কার হয়ে যাওয়া উচিত। পার্লামেণ্টারি কিছু নিয়ম আছে, কিছু কনভেনসান আছে সেটা আপনারা জানেন। সেখানে যখন একজন সভ্যকে বলা হয় সভাকক্ষ থেকে বেরিয়ে যাবার জন্য তখন সেই সদস্য মহাশয় যদি না বেরিয়ে যান তাহলে হাউস চলতে পারে না। উনি যখন আমার কথা শুনলেন না তখন আমি হাউস এডজর্ন করে চলে গেলাম, তারপর হাউস যখন রিএ্যাসেম্বল হ'ল তখনও দেখলাম সেই সদস্য সভায় বসে আছে এই অবস্থায় হাউস চলতে পারেনা। সাত্তার সাহেব যেটা বলতে চাইছিলেন সেটা সেই সদস্যকে হাউসে রেখেই বলতে চাইছিলেন। আমি যদি দেখতাম, সাত্তার সাহেব তাঁর সদস্যকে বলেছেন তুমি বাইরে চলে যাও তারপর আমি

কথা বলছি, তাহলে সেটা বুঝতাম, উনি সেটা করেন নি। সেই সদস্যও রইলেন আবার উনি বক্তৃতা করে গেলেন—এটা হতে পারে না। আমি মাননীয় সদস্য শ্রীসুনীতি চট্টরাজ মহাশয়কে বারবার বলেছি, অনুরোধ করেছি, ৩৪৮-এ তাঁর দৃষ্টি আকর্ষণও করেছি কিন্তু তা সত্বেও উনি আমার কথা শোনেন নি। এই অবস্থায় আমার কাছে আর অন্য কোন পথ ছিল না। সেখানে হাউসের সম্মান রক্ষা করার প্রয়োজন ছিল। কালকে যে পদ্ধতি আমি নিয়েছিলাম সেখানে তা ছাড়া অন্য কোন পথ ছিল না। স্পীকার হিসাবে আমি মাননীয় সদস্যদের বলছি, আপনারা জানেন, এখানে রুলের একটা বই আছে, আপনারা সেই বইটা ভালোভাবে পড়ুন। এটাই হচ্ছে আমাদের বাইবেল। এই হাউসের মধ্যে ঐ রুল বই ছাড়া অন্য কিছু করার এক্তিয়ার আমার নেই। কোন সদস্যের অধিকার নেই অন্য কোন সদস্যের অধিকার ভঙ্গ করার-এটা পরিষ্কার ভাবে বুঝে নিতে হবে। এটা ঠিকই যে আমরা চাই একটা সুস্থ পরিবেশ হোক। আমি এই অধিবেশন বসার আগে সমস্ত বিরোধীদলের নেতাদের এবং সরকারপক্ষকে আমার চেম্বারে ডেকেছিলাম এবং সেখানে বসে আমরা আলোচনাও করেছিলাম। বিরোধীপক্ষ সেখানে কয়েকটি সাজেসান রেখেছিলেন এবং আমি সেটা গ্রহন করেছি। গভর্ণার এ্যাড্রেসের উপর আলোচনা তিন দিন হ'ত, ওঁরা বললেন আগেকার নিয়ম ছিল ৪ দিন, আমি ৪ দিন দিলাম। আরো কিছু কিছু রিকোয়েষ্ট আছে যেগুলি আমি বিবেচনা করছি এবং কিছু কিছু ব্যাপারে সরকারকেও বলেছি বিবেচনা করার জন্য। কিন্তু কেউ যদি বলেন আপনি অগনতান্ত্রিক; 'আমাদের অধিকার কেড়ে নিচ্ছেন, আমাদের বলতে দিচ্ছেন না' তাহলে কি রকম কথা হয়। এখানে তো রুল অনুযায়ী আমাকে চলতে হবে। কালকে সাত্তার সাহেব ঐ সময় বক্তৃতা করতে পারতেন না। আগে ঐ সদস্য হল থেকে বেরিয়ে যেতেন তারপর কথা হতে পারতো। আপনারা দেখলেন, উনি যখন বেরিয়ে গেলেন তারপর আলোচনা হ'ল। এটা মনে রাখতে হবে আ মি এখানে ইউন্যানিম্যাসলি স্পীকার হিসাবে ইলেকটেড হয়েছি। যখন স্পীকার নির্বাচন হয় তখন কোন কনটেষ্টই হয়নি। ইউন্যানিম্যাসলি যখন আমি ইলেকটেড হয়েছি তখন আমাকে মনে রাখতে হবে বিরোধীপক্ষও আমাকে সমর্থন করেছিলেন স্পীকার হবার ব্যাপারে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী** ঃ আপনি সেটা মনে রাখবেন।

**মিঃ স্পীকার** ঃ I am not in dialogue with you. I am addressing the House. এইভাবে আলোচনা হয়না মিঃ বাপুলী।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী** ঃ আপনি সব সময় আমাদের শাসান, ওদের একটা কথাও বলেন না।

**মিঃ স্পীকার** ঃ যাদের শাসাতে হয় শাসাই, তাদেরও বলি। I do not think that the Opposition was in a apologetic mood. As they were not in apologetic

mood I refused to discuss this thing and let the business of the House continue. If you do not learn to behave properly I refuse to accomodate you.

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** I have received three notices of adjournment motion today. The first is from Shri Kashinath Misra which deals with harrassment of the unemployed youths to get their names registered with Employment Exchance. The second is from Shri Dhirendra Nath Sarkar which deals with setting up of a Police Station at Deekhanda in West Dinajpore and third is from Dr. Manas Bhunia which with deals with crisis of kerosene everywhere particularly in rural areas. Regarding the first and second motions the honourable members will get opportunity to raise the matters in course of discussion on the General Discussion of the Budget, Demands for Grants for respective Department. Moreover the members may bring these matters througd Calling Attention. Mention cases, etc. Regarding the third motion, the Minister-in-charge of Food and Supplies Department made a statement in the House on 2.3.83. on a Calling Attention which tabled by the members on the same subject. Moreover, if the member so desires, he may bring this matter to the notice of the Minister concerned through Mention Case and in course of Budget discussion. I therefore withhold my consent to all the motions. One member may however read the text of the motion as amended.

[2-00—2-10 P.M.]

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটা নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

পশ্চিম দিনাজপুর জেলায় বিশেষতঃ কুশমণ্ডি থানা এলাকায় বিগত কয়েক বছর ধরে ব্যাপক হারে উগ্রপন্থীদের তৎপরতা ও কার্যকলাপ বেড়ে চলেছে। বন্দুক, লুঠ, খুন, চুরী, ডাকাতি পর্যায়ক্রমে শুরু হয়েছে। ফলে শান্তিপ্রিয় সাধারণ মানুষ নিরাপত্তার অভাবে আতংকিত ও

দিশেহারা। দিনের পর দিন সেখানে শান্তি বিঘ্নিত হচ্ছে। রাতের বেলায় মানুষ সেখানে ঘুমাতে পারছে না। এই রকম অবস্থায় উক্ত দেওখণ্ডা মৌজায় একটা নূতন পুলিশ ফাঁড়ির এখনই প্রয়োজন এবং এই সভার কাজ মুলতবী রেখে সেই আলোচনা করা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে দিনের পর দিন সেখানে এই ধরনের কার্যকলাপ বেড়ে চলেছে। সেই এলাকায় উগ্রপন্থীরা তাদের কাজ চালিয়ে যাচ্ছে এবং সেখানে পুলিশের কোন ভূমিকা পরিলক্ষিত হয় না। কাজেই দেওখণ্ডা মৌজায় একটা নূতন পুলিশ ফাঁড়ির ব্যবস্থা করা হোক।

## CALLING ATTENTION

### To Matters of Urgent Public Importance

**Mr. Speaker:** I have received 13 notices of calling attentions namely :—

1. Exodus of people from Asam to West Bengal —Shri Dhirendra Nath Sarkar
2. Alleged death of one boy in Motor accident near Tamluk —Shri Dhirendra Nath Sarkar
3. Non-implementation of Irrigation Projects in Purulia and Bankura —Shri Kashinath Misra and Dr. Manas Bhunia
4. Alleged death of many patients by Titenus in Bankura Sammilani College Hospital —Shri Kashinath Misra
5. Reported apprehension of acute crisis of kerosene —Shri Anil Mukherjee, and Shri Dhirendra Nath Sarkar and Dr. Manas Bhunia
6. Reported token strike by College and University teachers —Shri Anil Mukherjee
7. Reported blockade of three irrigation projects due to defect of State Govt. —Shri Anil Mukherjee
8. Reported increase of street accidents —Shri Anil Mukherjee
9. Reported delivery of rotten wheat from F.C.I. Godown —Shri Anil Mukherjee

10. Alleged demonstration by C.P.I.(M) workers at Chakdah, Nadia Police Station due to arrest of six criminals —Dr. Manas Bhunia

11. Reported violence in the office of the Vice Chancellor of Jadavpur University —Dr. Manas Bhunia

12. Eviction of Santhal from Kalyani for proper rehabilitation —Dr. Manas Bhunia

13. Deplorable condition of Kharagpur Hospital —Shri Gyan Singh Sohan Pal

I have selected the notice of Shri Gyan Singh Sohan Pal on the Subject of deplorable condition of Kharagpur Hospital. Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** মঙ্গলবার।

## MENTION CASES

**শ্রীননী কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আসামে আবার প্রচণ্ড গোলমাল শুরু হয়েছে এবং সেই অবস্থা আয়ত্বে আনবার জন্য সেনা পাঠান হয়েছে। ৭টি জেলাকে উপদ্রুত অঞ্চল বলে ঘোষণা করা হয়েছে। সেখান থেকে হাজার হাজার মানুষ পশ্চিমবাংলায় চলে আসছে। শুধু বাঙ্গালী নয়, বিহারীরাও চলে আসছে। ২ হাজার বিহার বাসীকে পাঠিয়ে দেওয়া হয়েছে এবং আরো এখনও আসছে। এই বিধানসভায় আমরা সকলে মিলে একটা সিদ্ধান্ত করেছিলাম যাতে কেন্দ্রীয় সরকার দ্রুত হস্তক্ষেপ করেন। কিন্তু কেন্দ্র হস্তক্ষেপ করছেন না এবং যার ফলে আসামের অবস্থা ক্রমে খারাপ হচ্ছে। সেখানকার মানুষ পশ্চিমবাংলায় এসে পৌঁছাচ্ছে এবং তাদের রিলিফের ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকারকে করতে হচ্ছে। কেন্দ্র এই ব্যাপারে যথোপযুক্ত দায়িত্ব নিচ্ছেন না। সে জন্য আপনার মাধ্যমে আমি আবার কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে করে এখানে যারা আসছে তাদের রিলিফের ব্যবস্থা কেন্দ্র দ্রুত করেন এবং আসাম তা দেখেন। আসামে এই রকম ভাবে কিছু দুষ্কৃতকারী মানুষ পরোক্ষ ভাবে কংগ্রেস (আই)-এর সমর্থন নিয়ে গণ্ডগোল পাকিয়ে শুধু আসাম নয়, সারা ভারতবর্ষকে বিচ্ছিন্নতাবাদে ডুবিয়ে দেওয়ার চেষ্টা করছে। এটা যাতে তারা না করতে পারে সেই ব্যাপারে আপনাকে আজকে বিশেষ করে এই কথাটা কেন্দ্রকে জানাবার জন্য এবং আমাদের মন্ত্রী সভা এই বিষয়টা সচেতন ভাবে আরো দ্রুত জানান এবং ঐ পক্ষে যারা বসে

আছেন, তারা অনেক গোলমাল করেন, তারা এই ব্যাপারে একমত হয়ে আসামকে রক্ষা করার জন্য এবং এই বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে ভারতবর্ষের ঐতিহ্যকে রক্ষা করার জন্য, আসামের বিপন্ন মানুষদের, তারা যে ভাষাভাষী হোন না কেন, যারা এই বর্ডারে চলে আসছে তাদের রক্ষা করার জন্য ভারত সরকার যাতে ঠিক মত ব্যবস্থা নেয় এবং ওরাও যাতে সাহায্য করেন, সেই আবেদন আমি আপনার মাধ্যমে করতে চাই।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি খুবই গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে পঞ্চায়েতের ভোটার লিষ্ট এবং ডিলিমিটেসনের জন্য প্রত্যেক পার্টির প্রতিনিধিদের নিয়ে একটা করে মিটিং ডাকা হচ্ছে। আশ্চর্য্যের ব্যাপার হচ্ছে মিটিং-এর এক দিন আগে আমাদের নোটিশ দেওয়া হচ্ছে, যার জন্য আমারা অনেক জায়গায় মিটিং বয়কট্ করছি। মেদিনীপুরের মত বড় জেলায় এক দিনের নোটিশ পেয়ে প্রস্তুত হয়ে মতামত জানান সম্ভব নয়। আমরা এব্যাপারে সরকারের সংগে সহ-যোগিতা করতে চাই, কিন্তু সেই সংগে সরকারেরও আমাদের সংগে সহযোগিতা করা উচিত। এ বিষয়ে আমাদের একটা সুনির্দিষ্ট সময় দেওয়া উচিত। একটা সুনির্দিষ্ট সময় যাতে দেওয়া হয়, এ্যাডভান্স নোটিশ যাতে দেওয়া হয়, তার জন্য আমি আপনার মাধ্যমে সরকারের কাছে অনুরোধ করছি।

**অধ্যক্ষ মহোদয় ঃ** মাননীয় মন্ত্রী শ্রীপতিত পাবন পাঠক, এবিষয়ে যাতে টাইম দেওয়া হয়, সেটা একটু দেখুন।

**শ্রীপতিত পাবন পাঠক ঃ** আজকেই পঞ্চায়েত বিল এখানে পেশ করা হবে, সুতরাং তখন এবিষয়ে আলোচনা হতে পারবে।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** এটা পঞ্চায়েত বিলের ব্যাপার নয়।

**অধ্যক্ষ মহোদয় ঃ** এটা একটা খুবই সিরিয়াস ব্যাপার, আপনি ওঁর বক্তব্য শুনে নিয়ে তার পরে জবাব দিন।

**শ্রীপতিত পাবন পাঠক ঃ** স্যার, সুব্রত বাবুর বক্তব্য আমি পঞ্চায়েত মন্ত্রীর কাছে পৌছে দিচ্ছি।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** স্যার, আপনাকে ধন্যবাদ।

**শ্রীকাশীনাথ মিশ্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা (মাধ্যমিক) মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মধ্য শিক্ষা পর্ষদে বিভিন্নভাবে কিছু কিছু অবৈধ কাজ চলছে এবং ঐ সমস্ত অবৈধ কাজ করার জন্য দলীয় প্রশাসনকে সেখানে শক্তিশালী করা হয়েছে। অবসরপ্রাপ্ত ব্যক্তিদের চাকরীতে রেখে দেওয়া হচ্ছে। শ্রীঅচল দত্ত, ডেপুটি সেক্রেটারী (একজামিনেশন) রিটায়ার করছেন ১৯৮১ সালে, কিন্তু তাকে স্পেশাল অফিসার করে নর্থ বেঙ্গলের রিজিওনাল অফিসে পাঠান হয়েছে। শ্রী এ. গুপ্ত, ইনিও ডেপুটি সেক্রেটারী ছিলেন, রিটায়ার করেছেন, অথচ এঁকেও স্পেশাল অফিসার করে রাখা হয়েছে বিগত ৫ বছর ধরে। শ্রী এস. সি. রায়, স্পেশাল অফিসার রিটায়ার করেছেন, অথচ আজ ৭/৮ বছর ধরে তাঁকে স্পেশাল অফিসার করে রাখা হয়েছে। মাধ্যমিক শিক্ষা পর্ষদের রিটায়ার অফিসারদের আজকে বিভিন্ন রিজিওন্যাল অফিসে স্পেশাল অফিসার করে রাখা হচ্ছে। এই জিনিষ কেন হচ্ছে সেটা সরকার অবহিত আছেন কিনা জানিনা, কিন্তু এই জিনিষ যদি চলতে থাকে তাহলে সরকারের এবং মধ্য শিক্ষাপর্ষদের সুনাম ক্ষুন্ন হবে। সুতরাং আমি বিষয়টির প্রতি মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি। যাঁরা ইতি মধ্যে অবসর গ্রহণ করেছেন বা যে সমস্ত কর্মচারীরা কাজ করতে করতে মারা গেছেন তাদের পরিবারের লোকজনরা সেখানে চাকরী পাচ্ছে না। অথচ তাদের সেখানে কাজ হওয়া উচিত। এ বিষয়ে একটা ঘটনার কথা আমি উল্লেখ করছি। এক ভদ্রলোক ওখানে কাজ করতে করতেই মারা যান, তাঁর ছেলেকে কাজ দেওয়ার জন্য যখন বলা হয় তখন ওখান থেকে বলা হয়েছিল যে, 'ছেলেটি এখন মাইনর, তার ১৮ বছর বয়স হলে পর তাকে চাকরি দেওয়া হবে। কিন্তু ১৮ বছর বয়স হয়ে যাবার পরেও তাকে চাকরি দেওয়া হয়নি। এই রকম বৈষম্যমূলক ব্যাপার যদি চলতে থাকে, এই ভাবে যদি মানুষকে প্রতারিত করা হয় তাহলে সরকারের এবং পর্ষদের সুনাম অক্ষুন্ন থাকতে পারবে না, ক্ষুণ্ণ হবে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিষয়টির প্রতি মাননীয় শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-10—2-20 P. M.]

**শ্রীরাই চরণ মাঝি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয়া সমাজ কল্যানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৭৮ সালে ভয়াবহ বন্যার পর ইউনিসেফ (ইউ. এন. আই. সি. ই. এফ) বা বিশ্ব খাদ্য সংস্থা বিভিন্ন জায়গায় মাদার এ্যণ্ড চাইণ্ড কেয়ার প্রোগ্রাম চালু করেন। আমার কেতুগ্রাম বিধানসভা কেন্দ্রে ১০০টি সেণ্টার চলছে এবং সেখান থেকে প্রায় ২০ হাজার শিশু এবং মায়েরা নিয়মিত খাদ্য পেয়ে থাকেন। কিন্তু বর্তমানে দেখতে পাচ্ছি, খরা পরিস্থিতিতে ঐ কনটিনজেন্সির টাকা ঠিক সময়ে না পৌছানোর জন্য ১০০ এম.সি.সি. সেণ্টার বন্ধ হয়ে আছে। সেখানে কনটিনজেনসির টাকা এবং বুন্নার-হুহট

যথাসময়ে সরবরাহ করা হয় এবং আরো যাতে সেখানে এম.সি.সি. সেণ্টার চালু করা যায় তারজন্য আমি উপযুক্ত ব্যবস্থা নিতে মাননীয়া সমাজ কল্যাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, গত ১-৩-৮৩ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রী বিধানসভা সদস্যদের "কার বাপের ক্ষমতা বা অল আর সোয়াইন" এই সমস্ত কটাক্ষ করেছেন। হাউসেও উনি Scoundrel ইত্যাদি বলেন। আমরা নাকি সংসদীয় গনতন্ত্র বুঝিনা। আমরা গান্ধীজির পথে দীক্ষিত সেইজন্য আমরা অবস্থান করি, অনশন করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন,আমাদের মুখ্যমন্ত্রী একদিন বলেছিলেন, অবস্থান গনতান্ত্রিক পথ, আমরা নাকি সংসদীয় গণতন্ত্রের মানে বুঝিনা কিন্তু সংসদীয় গণতন্ত্রে বিধানসভার সদস্যদের যে গালি-গালাজ করা যায়, এই সংসদীয় গনতন্ত্রের অবিধান যদি পাওয়া যায়, তাহলে আমি কিনতে চাচ্ছি। অনুগ্রহকরে যদি উনি বলেন।

**শ্রীসুমন্তকুমার হীরা ঃ** আজকে মেনসানের যে বিষয়টি ছিল সেটা বলার আগে আপনার অনুমতি নিয়ে অতিরিক্ত একটি কথা বলতে চাই। মাননীয় সদস্য সত্যবাপুলী মহাশয় বারবার যেসব অসত্য কথা বলছেন সেটা একসপাঞ্জড হওয়া উচিত।

**মিঃ স্পীকার ঃ** না, এইসব বিষয় আপনি আর উৎথাপন করবেন না।

**শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আজকে খবরের কাগজ দেখেছেন এবং আমার আগে আর একজন মাননীয় সদস্য উল্লেখ করেছেন, আসাম থেকে হাজার হাজার উদ্বাস্ত পশ্চিমবাংলাতে ধেয়ে আসছে। ওদের রক্ষার জন্য কেন্দ্রীয় সরকার কোন প্রকার ব্যবস্থা আজ পর্যন্ত করতে পারেন নি। এমনকি আসামে সেনাবাহিনী নামিয়ে দিয়ে রক্ষার ব্যবস্থা করতে পারছেন না। আমরা যারা পশ্চিমবাংলার নাগরিক তারা ভীষণ উদ্বিগ্ন। হাজার হাজার মানুষ চলে আসছে পশ্চিমবাংলাতে। এতে করে পশ্চিমবাংলায় |আখন-শৃঙ্খলা বিপন্ন হয়ে পড়বে এবং অর্থনীতি ভেঙে পড়বে। আমাদের এই উদ্বেগের কথা আমি চেপে রাখতে পারছি না। কেন্দ্রীয় সরকার এ বিষয়ে অবিলম্বে যাতে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করেন, তারজন্য এই হাউস থেকে সর্ব-সম্মত প্রস্তাব নেওয়া উচিত। কেন্দ্রীয় সরকার এই উদ্বাস্তর স্রোত বন্ধ করে আসামের মাটিতে রেখে, তাদের খাওয়ানো, দেখাশুনা এবং পুনর্বাসনের ব্যবস্থা যাতে নেয়, তারজন্য কেন্দ্রীয় সরকারকে সর্ব সম্মত প্রস্তাব জানানো দরকার।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রী এবং সমস্ত সচেতন বিধায়কদের দৃষ্টি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আকর্ষণ করতে চাইছি। আজ সকালবেলা হাওড়া জেনারেল হাসপাতালের ভিতর একটি ছেলে আনডার পুলিশ

কাষ্টোডিতে থাকাকালীন ক্রুটালী মার্ডার হয়েছে। অদ্ভুত ব্যাপার এই যে, ঐ হাসপাতালটি কোন আইসোলেটেড জায়গায় নয়। ওখান থেকে ৫ মিনিটের রাস্তার মধ্যে ডিস্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট থাকেন, পুলিশ সুপারিনটেণ্ডেণ্ট থাকনে, এস.ডি.ও. থাকেন। ৫ মিনিটের থেকে আরও কাছে হাওড়া জেনারেল থানা। সেখানে ঢুকে একটা লোককে খুন করে চলে গেল। আণ্ডার পুলিশ কাষ্টোডীতে থাকাকালীন সিরিয়াসলি ইনজিওর্ড করে চলে গেল। তাই আজকে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন এই যে এতে কি ল এ্যাণ্ড অর্ডার সিচুয়েশন ডেটরিয়েট করছে না ?

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় স্পীকার মহাশয়, আমি অম্বিকাবাবু যে প্রসঙ্গে বললেন আমিও সেই প্রসঙ্গে কিছু বলতে চাই। আজকে সকালবেলা হাওড়া জেনারেল হস্পিটালের ভিতর গোড়া মিত্র বলে একটি ছেলেকে—কুখ্যাত কি প্রখ্যাত আমি সে প্রসঙ্গে যাচ্ছি না—পুলিশ প্রহরায় হাসপাতালে ভর্ত্তি ছিল, একদল দুবৃত্ত সেখানে ঢুকে গিয়ে তাকে নির্মম ভাবে হত্যা করে। তার বিরুদ্ধে পুরণো মামলা মোকর্দমা কি ছিল না ছিল সেটা বড় প্রশ্ন নয়, পুলিশের আশ্রয়ে তাকে হত্যা করা হয়, পুলিশ তাকে বাঁচাতে ব্যর্থ হয়েছে। এ জিনিষটা নিয়ে হাওড়ায় প্রচণ্ড রকম একটা উদ্বেগের সৃষ্টি হয়েছে। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাছি যে গোড়া মিত্রের হত্যাকারীদের খুঁজেবার করার জন্য রাজ্য পুলিশ প্রশাসনকে তত্পর হতে হবে। হাওড়ায় সমাজ বিরোধীদের দুটো গোষ্ঠী আছে, গোড়া মিত্র একটা গোষ্ঠী ভুক্ত। অপর গোষ্ঠী একটি বিশেষ রাজনৈতিক দল কংগ্রেস ( আই ) বলে চিহ্নিত। স্বাভাবিক ভাবেই অনুমান করা যায় যে গোড়া মিত্রের হত্যাকারীরা কংগ্রেস ( আই ) এর সংগে যুক্ত। কাজেই এ বিষয়ে পূর্ণাংগ তদন্ত করে হত্যাকারীদের ধরার জন্য তত্পর হওয়া দরকার।

**ডঃ মানস ভুঁইয়া :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্ব-পূর্ণ বিষয়ের প্রতি খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

সবাই জানেন যে আজ থেকে মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে। পাশাপাশি এই সংবাদও সকলে জানেন যে বাজারে কেরোসিন তেল পাওয়া যাচ্ছে না। সহরে তো বটেই গ্রামাঞ্চলেও একদম কেরোসিন তেল পাওয়া যাচ্ছে না এবং আর একটি জিনিষ দেখা যাচ্ছে যে ডিলার্স এ্যাসোসিয়েসন থেকে হুমকি দিয়েছে যে তারা ৯ই মার্চের পর আর কেরোসিন তুলবে না। এবার ২ লক্ষ ৭২ হাজার পরীক্ষার্থী পরীক্ষা দিচ্ছে। বিদ্যুতের অভাব, কেরোসিন তেল পাওয়া যাচ্ছে না তারা কিভাবে পরীক্ষা দেবে ? তাই আমি সরবরাহ মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি যে পরীক্ষা চলাকালীন সময়ে সমস্ত রকম আইন কানুন হাতে নিয়ে তিনি যেন ডিলার্সদের সংগে একটু কথাবার্ত্তা বলে কেরোসিন তেল যাতে সুষ্ঠু ভাবে সরবরাহ হয় তার ব্যবস্থা করেন। আপনার মাধ্যমে আমি তাঁর কাছে এই অনুরোধ রাখছি।

**শ্রীসুশীল কুজুর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় বনমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। জলপাইগুড়ি জেলার মাদারিহাট এবং বীরপাড়া থানায় হাতীর উপদ্রব দেখা দিয়েছে। একদল হাতী গ্রামের মধ্যে ঢুকে সেখানকার বাসিন্দাদের ঘর বড়ী ভেংগে দিচ্ছে এমন কি তাদের চাল ডাল ইত্যাদি সমস্ত জিনিষ খেয়ে দিচ্ছে। জমির ফসল নষ্ট করছে। সেখানকার লোকজনদের ছুঁড়ে ফেলে দিচ্ছে। কাজেই সেখানকার লোকেরা খুবই সন্ত্রস্ত হয়ে বাস করছে। সেজন্য আমি আপনার মাধ্যমে বনমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন ওখানে একটি এলিফ্যাণ্ট স্কোয়াড করে হাতীদের মারবার বা তাড়াবার চেষ্টা করেন।

[2-20—2-30 P. M.]

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এটা গত বিধানসভার উল্লেখ পর্বে আলোচনা করেছিলাম। আশা করেছিলাম তার কিছু সুরাহা করবেন। আমাদের হাওড়া জেলার লিলুয়ায় মুসলমান ভাইদের একটি কবরখানা আছে। এটা অতি পুরাণো। এর চার দিকে বাউণ্ডারী ওয়াল নেই, আলোর ব্যবস্থা নেই, জলের ব্যবস্থা নেই। দুই তিন কিলোমিটার পথ হেঁটে মুসলমান ভাইয়েরা আসেন এখানে কবর দিতে কিন্তু সেখানে বসবার বন্দোবস্ত নেই। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীকে অনুরোধ করছি অবিলম্বে হস্তক্ষেপ করে এ ব্যাপারে আপনি সুবন্দোবস্ত করুন যাতে শববাহী যাঁরা যাবেন তাঁরা নিরাপদে বসতে পারেন এবং অন্যান্য প্রয়োজনীয় কাজ করতে পারেন সেদিকে দৃষ্টি দিন।

**শ্রীধীরেন্দ্র নাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি।

আপনি জানেন স্বাস্থ্য বিভাগের ব্যবস্থাপনায় সি.এইচ.ভি. নিয়োগ করার ব্যবস্থা আছে। এই সি.এইচ.ভি. নিয়োগ একটি অতি দুঃখজনক এবং লজ্জাজনক কারণে বন্ধ আছে। আমরা বার বার বলছি কিন্তু তারা প্রশাসনকে দলের ইঙ্গিতমত চালাচ্ছেন, শাসকদলের ইঙ্গিতমত সব কিছু চালানো হচ্ছে। এক্ষেত্রে দেখতে পাচ্ছি এক বছর আগে সিলেকশন কমিটির মিটিং হয়েছিল। সেই মিটিংএ পঞ্চায়েত সমিতির সভাপতির প্রতিনিধি উপস্থিত ছিলেন। সেই সি.পি.এম ক্যাডার সেখানে গিয়ে হামলা সুরু করেন এবং বলেন আপনাদের এই সভা অবৈধ, আমরা এটা মানি না। এই বলে লিখিত আকারে অভিযোগ দায়ের করেন। এক বছর হতে চললো কিন্তু আজ পর্যন্ত ঐ এলাকার মানুষের জন্য সি.এইচ.ভি. নিয়োগ বন্ধ রয়েছে। অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমনী কর ঃ** মাননীয় স্পীকার স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে দূরপাল্লা যাতায়াতকারী বেসরকারী বাস সম্পর্কে। কয়েক দিন আগেই নদীয়া জেলায় ঐ রকম একটা দুর্ঘটনা ঘটে গেছে, তারপরও এসপ্লানেড থেকে দূরপাল্লার বেসরকারী বাস বহরমপুর মুর্শিদাবাদ, বালুরঘাট রায়গঞ্জ, শিলিগুড়ি ইত্যাদি জায়গায় যাচ্ছে। হাইকোর্টের পাশ থেকে শনিবার শনিবার সরকারী বাসের সামনে দিয়েই যাচ্ছে। এর মধ্যে অধিকাংশ বাসের পারমিট পর্যন্ত নেই। এই সমস্ত নানা ধরণের দাহ্য পদার্থ অনেক সময়েই নিয়ে যায়। এর ফলে যে কোন সময়েই দুর্ঘটনা ঘটতে পারে। এই সমস্ত বেআইনী বাস সার্ভিসের ফলে সরকারী বাসের আয়ের উপরও প্রতিক্রিয়া হচ্ছে। অবিলম্বে এই পারমিটহীন বাস সার্ভিস বন্ধ করার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পরিবহনমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্ব-পূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রী তথা মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষন করছি। আমার নির্বাচন কেন্দ্র কান্দি এলাকায় শাহাজাদপুর গ্রাম পঞ্চায়েতে বহুরুল গ্রামে মদন খাঁ নামে এক ব্যক্তির মাত্র ৩০ বিঘা জমি আছে। সে নিজে হাল লাঙ্গল নিয়ে জমি চাষ করে। তার জমির কোন বর্গাদার নেই। কিন্তু জোর করে তাকে হয়রানি করার জন্য তার জমিতে বর্গাদার বসানোর চেষ্টা করা হচ্ছে এবং সেটা নিয়ে হাই কোর্টে তাকে আসতে হয়েছে। হাই কোর্টে ইনজাংসান থাকা সত্ত্বেও বর্গাদার বসানোর চেষ্টা চলেছে। গত ৭ দিন আগে তাকে মারাত্মক ভাবে প্রহার করা হয়েছে, হাত ভেংগে দেওয়া হয়েছে এবং তার দেহ ক্ষতবিক্ষত করে দেওয়া হয়েছে। সে এখন বহরমপুর হাসপাতালে মৃত্যুর সংগে পাঞ্জা লড়ছে। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি যে এই ধরনের ঘটনা যেন আর না ঘটে। বিনয়বাবু এখানে আছেন, আমি আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। নিজে জমি চাষ করা সত্ত্বেও তার জমিতে বর্গাদার রেকর্ড করার অপচেষ্টা চালান হচ্ছে।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দলের পক্ষ থেকে এবং আমাদের লিডার সুনীতিবাবুর ব্যাপার নিয়ে আলোচনা করার একটা প্রস্তাব আপনাকে দিয়েছিলেন। আপনি আলোচনা করবেন কি না এবং এই রকম মানসিকতা আপনার আছে কি না, আপনি কনসিডার করবেন কি না সেটা যদি আমরা জানতে পারি তাহলে বাধিত হব।

**মিঃ স্পীকার ঃ** দেখুন এই সব ব্যাপারে আমার ভিউ খুব পরিষ্কার। চেম্বারে কথা হয়েছে, এখানেও কথা হয়েছে। কিন্তু আপনাদের এ্যটিচুড যদি এ্যটিচুড অফ এ্যপলজি না হয় তাঁহলে হবে না। ইফ দেয়ার ইজ নো apologetic attitude I refuse to negotiate in the matter, আমার কাছ থেকে গায়ের জোরে কিছু আদায় হবে, এটা ভাববেন না।

**শ্রীসুব্রত মুখার্জী :** স্যার, গায়ের জোরের প্রশ্ন এটা নয়। এটা ভুল, এটা আপনি ভাববেন না। কিন্তু আমরাও আপনার কাছে বেগিং করবো কেন ?

**মিঃ স্পীকার :** আমি যখন বক্তৃতা করছিলাম সত্যবাপুলী আমাকে কি ইংগিত করলেন সেটা আপনারা তো শুনেছেন।

**শ্রীসুব্রত মুখার্জী :** উনি ঠাট্টা করে বলেছিলেন।

**মিঃ স্পীকার :** এটা ঠাট্টার ব্যাপার নয়। আপনারা ঠাট্টা বোঝেন, আমি বুঝি না। This is a place for serious business. I have responsibility also to see that business is carried out seriously. We have come here to transact important business not to do 'thattas'. The House has passed a motion against a member. The motion was passed with the consensus of the House. Again the consensus of the House is necessary to do anything in the matter. I can approach the House for negotiation if you want. But the attitude has to be apologetic. Are you going to show that attitude ? If you show that attitude then only I am prepared to negotiate. We all want a good atmosphere here. I can say nothing more than this.

**শ্রীআবদুস সাত্তার :** মিঃ স্পীকার স্যার, আমার বক্তব্য আপনি তো শুনেছেন। হতে পারে এটা অনেক মেম্বারের ব্যাপার, আমাদের অন্যান্য সভ্যরা যদি কিছু বলে থাকে আপনি তো স্পীকার, আপনার এতো টাচি হওয়া তো ঠিক নয়। আপনি যখন স্পীকার, আমাদের কাসটো-ডিয়ান অফ দি হাউস, এই হাউসে অনেক কিছুই আপনার কাছে আসবে, আপনি যদি টাচি হয়ে পড়েন তাহলে তো মুশকিল। আমি যখন বলেছি অন বিহাফ অফ মাই পার্টি বলেছি। এখন আপনি যদি বলেন যে না আমি কিছু শুনবো না, আমি চালিয়ে যাবো, তাহলে আলাদা ব্যাপার। আমি অন বিহাপ অফ মাই পার্টি বলেছি, ডাঃ জয়নাল আবেদিন বলেছেন, এস. ইউ. সি মেম্বারদের নেতা বলেছেন এবং সুব্রত মুখার্জী ও বলেছেন। আপনি আমাকে ডেকেছেন-ইউ আর কাইণ্ড এনাফ ছাট ইউ হ্যাভ কল্ড মি এবং আমি আমার বক্তব্য বলেছি। ভুল হয়েছে এবং সেটা আমি স্বীকার করে নিয়েছি। যে টেকনিক্যালি ভুল হয়েছে, সুনীতি বাবু যদি অবসট্রাকশান করে থাকে তাহলে আপনি আপনার আইন অনুযায়ী বিধি অনুযায়ী ব্যবস্থা নেবেন। তারপর আপনি যদি বলেন যে না আমাদের আত্ম-সমর্পণ করতে হবে আমাদের একটা দল আছে, আমি এখানে বলছি এক সংগে টেবিলে বসুন।

আমাদের সঙ্গে টেবিলে বসে আপনি সিদ্ধান্ত নিন। I think you will re-consider the matter তা না হলে আমাদের যা করার আমরা করবো।

**মিঃ স্পীকার ঃ** Do you threaten me ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** আপনাকে থ্রেটিন করার কি আছে। আমরা যদি হাউসের বাইরে থাকি তাতে আপনার কি আসে যায়, আপনি তো আপনার মাসের বেতন ঠিকই পেয়ে যাবেন।

**মিঃ স্পীকার ঃ** I do not think your attitude has chang in this case it is no use wasting time of the House on this issue. Do you threaten me ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** কোন মেম্বার কি বললেন তাতেই আপনি আপনার সিদ্ধান্ত নিয়ে নিলেন। আপনি অন্তত লীডার অফ দি অপজিশানের কথা শুনতে পারতেন।

**ডাঃ শিশির বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই হাউসে প্রথম এসেছি। হাউসে প্রথম হিসাবে এখানকার যে গাইড লাইন আছে যার উপর হাউসের বিজনেস চলে আমি সেই বইটি সর্বদাই পড়ে থাকি। এখানে যে নানা রকম গণ্ডগোল হয়েছিল তাতে আমি কারুকেই দোষরোপ

করছি না। এই ঘটনাটি যখন ঘটেছিল তখন আমি আপনার মাথার উপর যে ক্রেস্ট আছে তার দিকে তাকিয়েছিলাম। সেখান সংস্কৃততে একটি সামান্য মন্ত্র লেখা আছে সমিতি সমানী সমানং ব্রতং, সহচিত্তম এষাম। এর অর্থ হচ্ছে আমরা সকলেই এক এবং সকলে সঙ্গে আমরা এক হয়ে থাকবো। সেই হেতু আমি আপনার কাছে আবেদন করছি যে যে কোন দলই আমরা হই না কেন আমরা সকলে এক সঙ্গে কাজ করবো যাতে বিধানসভার ভাবমূর্তি নষ্ট না হয় এবং সকলেরই ভাবমূর্তি যেন নষ্ট না হয়। গতকাল অত্যন্ত দুঃখজনক ঘটনা ঘটে গেল। আমরা যখন সকলে দেশের কাজ করতে এসেছি তখন আমাদের সকলেরই ওই সমানী মন্ত্রটির দিকে তাকানো উচিত। আমি কোন ভাষণ দিচ্ছি না। আমরা প্রত্যেকেই এখানে এসেছি নিজের মত অনুসারে, নিজের ভাবে কাজ করতে এবং সেইভাবেই করে যাচ্ছি। গতকাল যখন এই ঘটনাটি ঘটছিল তখন আমি আপনার মাথার উপরে লেখা ওই ক্রেস্টের দিকে তাকিয়েছিলাম। আমি আপনার কাছে আবেদন রাখছি এবং মুখ্যমন্ত্রীর কাছে আবেদন রাখছি এবং বিরোধীদলের নেতাদেরও কাছে আবেদন রাখছি যে আপনারা মিলিত হয়ে এই সমস্যার সমাধান করুন। আমার মনে হচ্ছে এতে বিধানসভার সামগ্রিকভাবে ভাবমূর্তি সামগ্রিকভাবে নেমে যাচ্ছে।

**মিঃ স্পীকার ঃ** Dr. Bose, if any one is suspended for misbehaviour that should be the first attitude on his part for condoning suspension. Should he not be apologistic ?

**Dr. Sisir Kumar Bose :** One must not misbehave. We are here to behave and not to misbehave. এই প্রসঙ্গে একটি ঘটনা বলছি এটি কোন এ্যাসেম্বলীর ব্যাপার নয়। এ্যাসেম্বলীর সঙ্গে এর কোন সম্পর্ক নেই। সম্প্রতি এক বছর আগে ইংল্যাণ্ডে কমনওয়েলথ ইনষ্টিটিউশানে একটা প্রদর্শনী হয়েছিল লণ্ডনের সেই প্রদর্শনীতে ইণ্ডিয়ান ন্যাশনাল আর্মির একটি বই দেখেছিলাম। সেই বইটিতে কতকগুলি নেতাজী সংক্রান্ত কাগজপত্র ছিল। সেই বইটিতে ইণ্ডিয়ান ন্যাশনাল আর্মি সম্বন্ধে যেটা দেখিয়েছিল সেটা হচ্ছে কি করতে পার আর কি করতে পার না ডুস এ্যাণ্ড ডণ্টস্। আমার স্মরণ হচ্ছে যদিও আমাদের রুলস্ অভ প্রসিডিউরের বই রয়েছে তথাপি আমার মনে কি করতে হবে আর কি করতে হবে না সেটার সম্বন্ধে যদি একটি স্পেসিফিক নির্দেশ থাকতো তাহলে আমাদের সকলের পক্ষে খুবই সুবিধা হোত।

কতকগুলি জিনিষ করতে পারি, কতকগুলি জিনিষ আছে যা আমরা করতে পারিনা। আমরা বিধানসভায় যেটা করতে পারি না সেটা আমরা কেউ করবো না। আমাদের ডুস এণ্ড ডোণ্টস প্রায় দেখান হয়, কিন্তু আমরা কেউ তা মানছি না। নুতন করে আমরা কি বুঝবো যে ডুস এণ্ড ডোণ্টস আবার নুতন করে লিখবো। এই মনোভাব নিয়ে যা হচ্ছে তার জন্য আমরা বিকৃত হচ্ছি। কার মান বাড়ছে কি কমছে সেটা আমি বলছি না। এই মনোভাব নিয়ে আপনার কাছে আবেদন করছি আপনি বিরোধী দলের নেতা মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীদের সংগে বসে এর একটা সমাধান করুন। অবশ্য শুধু এই ব্যাপারের জন্য নয়, ভবিষ্যতের জন্যও।

**মিঃ স্পীকার :** ডাঃ আবেদীন বলুন।

**Dr. Zainal Abedin :** Sir, I have made my submission. I again reiterate what I have said earlier. There is a scope under rule 348(2) proviso, "Provided that the House may, at any time, on a motion being made, resolve that such suspension be terminated". Sir, I reiterate my earlier submission. I appeal to adjourn the House and to call the leaders—Leader of the House, Leader of the Opposition—and othe functioneries to resolve. Don't think it is a small matter. Kindly see that the decorum and the dignity of the House is not lowered.

**Mr. Speaker :** সাত্তার সাহেব আপনি কি কিছু আর বলবেন ?

**Shri Abdus Sattar :** আমি বারবার বলছি আপনি কি করবেন সেটা আপনার উপর নির্ভর করে।

**Mr. Speaker :** I appreciate the stand taken by Dr. Sisir Kumar Bose. I also feel that this incident should be discussed in my chamber at recess time at 3 O'clock. I request Shri Abdus Sattar, Dr. Zainal Abedin, Dr. Sisir Kumar Bose, Shri Subrata Mukherjee, Shri Debprasad Sarkar, Shri Amalendra Roy, Shri Kripa Sindhu Saha, Shri Patit Paban Pathak, Shri Singh, Shri Kamakhya Charan Ghosh, to come to my chamber. Shri Benoy Krishna Chowdhury may also come. It can be discussed and decision taken.

**শ্রীমহঃ আনসারউদ্দিন ঃ** স্যার, হাওড়া অঞ্চলে ডোমজুড়, জগৎবল্লভপুর, আমতা, উদয়নারায়ণপুর এলাকায় পানীয় জলের ভয়াবহ সঙ্কট দেখা দিয়েছে। হাওড়া স্বাস্থ্য দৈনিক পত্রিকাতে এর বিশদ বিবরণী দেওয়া হয়েছে। উদয়নারায়ণপুরের কাস্থপাট ও গড়ভবানীপুর এলাকায় কোন জল নেই। সেখানকার মানুষ নদীতে গর্ত করে পানীয় জল গ্রহন করছে। জগৎবল্লভপুর এলাকায় চাষের জন্য যে ডিপ-টিউবওয়েল আছে তার স্পাউট থেকে জল নিয়ে সাধারণ মানুষ পানীয় জল হিসেবে ব্যবহার করছে। আগামী চৈত্র, বৈশাখ মাসে আরোও জলের সঙ্কট দেখা দেবে। অগভীর নলকূপ থেকে জল পাওয়া যাচ্ছে না। এই রকম একটা সঙ্কটময় মুহূর্তে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি অবিলম্বে ব্যবস্থা গ্রহন করার জন্য।

[2-40—2-50 P.M.]

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। ১৯৭৯ সালে কুচবিহার শহরে হোমিওপ্যাথি মেডিকেল কলেজ নির্মাণের জন্য বিগত মন্ত্রীসভার মাননীয় স্বাস্থ্যমন্ত্রী শ্রীননী ভট্টাচার্য্য ভিত্তি প্রস্তর স্থাপন করেছেন কিন্তু এখন পর্যন্ত সেই হোমিওপ্যাথি মেডিকেল কলেজের নির্মান কার্য হচ্ছে না বা সেই হোমিওপ্যাথি মেডিকেল কলেজ সম্পর্কে সরকার কি সিদ্ধান্ত গ্রহন করেছেন সেটাও আমরা জানতে পারছি না। স্যার, আপনি জানেন কুচবিহার একটা অনগ্রসর জায়গা, দরিদ্র লোকের বাস সেখানে বেশী, সেজন্য সেখানকার সাধারণ মানুষের চিকিৎসার জন্য অন্ততঃপক্ষে হোমিওপ্যাথি মেডিকেল কলেজ স্থাপন করার জন্য আমারা অন্দোলন করেছিলাম এবং বিগত সরকার সেটা গ্রহণ করেছিলেন, তার ভিত্তি প্রস্তর স্থাপন করা হল, অথচ নির্মাণ কার্য শুরু হল না। সেখানে হোমিওপ্যাথি মেডিকেল কলেজ হবে কিনা সেই বিষয়ে আমরা উদ্বিগ্ন। আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ঘটনাটা কি তিনি যদি জানান তাহলে আমরা উপকৃত হব।

**Shri Abdul Karim Chowdhury :** मिस्टर स्पीकर सर, मैं आपके माध्यम से माननीय मुख्यमंत्री का ध्यान आकर्षित करना चाहता हूँ। इस्लामपुर थाने और इस्लामपुर टाउन में

सी० पी० एम० पार्टी के लोग अत्याचार और गुंडागर्दी मचा रखे हैं। इस्लामपुर टाऊन में सीटू के लोग लेबर ट्रबल उत्पन्न कर दिए हैं। इस्लामपुर थाने के सुनालीग्राम पंचायत, खंतीग्राम पंचायत और गोविंदपुर ग्राम पंचायत के अंदर गावों में सी० पी० एम० के लोग गरीब किसानों पर अत्याचार और जुल्म मचाए हुए हैं। वहाँ के किसान अपनी खेती नही कर पाते हैं। और वे गरीब किसान इस्लामपुर टाऊन में पनाह लिए हुए हैं। इन पंचायतों के ग्राम प्रधान यूसूफ, खालिक—ग्रामप्रधान, और रसीमुद्दीन—ग्रामप्रधान गरीब चासियों कों उनकी जमीन पर चास नहीं करने देते हैं। जबरदस्ती उनकी जमीनों को दखल करना शुरु कर दिए हैं। लाचार होकर ये गरीब चासी इस्लामपुर टाउन में आकर शरण लिए हैं। इसलिए मैं माननीय चीफ मिनिस्टर से अनुरोध करता हूँ कि वे इधर ध्यान दे और एडमिनिस्ट्रेशन को सख्त करें ताकि गरीब किसान अपने घरों को लौट आयें और अपनी जमीन को चास कर सके।

**শ্রীরবীন্দ্র ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া থানায় কেরোসিন তেলের একটা বিরাট হাহাকার দেখা দিয়েছে। স্যার, আপনি জানেন আজ থেকে মাধ্যমিক পরীক্ষা আরম্ভ হচ্ছে। গ্রামের লোকের বিজলী বাতি নেই, ছাত্ররা তেলের অভাবে পড়তে পারছে না। আজ সকালবেলায় প্রায় ২।৩ শো ছাত্র এবং তাদের অভিভাবকরা আমার বাড়ীতে তেলের অভাবের কথা জানাতে আসে। তেলের ভীষণ ক্রাইসিস, বাজারে ব্ল্যাকে ৩।৪ টাকা লিটার দামে বিক্রি হচ্ছে। তাই উলুবেড়িয়া থানায় যাতে এই পরীক্ষার কয়েকদিন অন্ততঃ ছাত্রদের সুবিধার জন্য তেল পাওয়া যায় সেই ব্যবস্থা করবার জন্য আমি আপনার মাধ্যমে খাদ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারে একটা বিরাট বিক্ষোভ দেখা দেবে। আপনি দেখেছেন ৯ ই মার্চ থেকে যারা কেরোসিন তেল, ডিজেলের ডিলার আছে তারা হুমকি দিয়েছে যে তারা স্ট্রাইক করবে কেরোসিন তেল, ডিজেলের দাম বাড়ছে বলে। কেন্দ্রীয় সরকার তেলের দাম বাড়িয়েছেন, তারজন্য আমাদের পশ্চিমবংগের মানুষ দুর্ভোগ ভুগবে কেন? তাই মাধ্যমিক ছাত্র-ছাত্রীরা যাতে কেরোসিন তেল পায় তার ব্যবস্থা করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীক্রবেশ্বর চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মুখ্যমন্ত্রী, বনমন্ত্রী এবং কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পুরুলিয়া জেলার বিভিন্ন গ্রামের জমিতে ১০।১২ টি হাতী এসে ফসলের ভয়ানক ক্ষতি করছে এবং গ্রামের চাষীদের সর্বহারা করেছে। আপনারা হয়ত জানেন না, কিন্তু সেখানকার একমাত্র সম্পদ হচ্ছে ইক্ষু চাষ। বহু কষ্ট করে চাষীরা এটা তৈরী করেছে কিন্তু ওই হাতীর উপদ্রবে প্রায় ২/২।। লক্ষ টাকার ফসল নষ্ট হয়েছে। অবিলম্বে যদি ওই হাতীর অক্রেমণ প্রতিরোধ করা না যায় তাহলে বহু লক্ষ লক্ষ টাকার

ক্ষতি হবে। এক একজন চাষীর প্রায় ১০।১২ হাজার টাকার ক্ষতি হয়েছে এবং পরবর্তীকালে যে চাষ করবে তারজন্য বীজ নেই, টাকা—পয়সাও নেই। আমি এই ব্যাপারে মুখ্যমন্ত্রী, বনমন্ত্রী এবং কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে হাতীর আক্রমনের হাত থেকে চাষীরা রক্ষা পায়, ক্ষতি-পূরণের টাকা পায় এবং আবার যাতে চাষ করতে পারে তার সুযোগ পায়।

**ডাঃ ওমর আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ে আপনার মাধ্যমে কৃষি-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমলাতান্ত্রিক সিদ্ধান্ত উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে কি ধরনের ক্ষতি করতে পারে তার একটি নজির আমি উত্থাপন করছি। পশ্চিমবাংলার সি এ ডি সি হঠাৎ একতরফাভাবে সিদ্ধান্ত নিলেন যে, এবারে গভীর নলকূপ থেকে বোরো চাযে জল দেওয়া হবেনা। তাঁরা বললেন খরার জন্য স্তর নিম্নগামী হয়ে গেছে তাই এই সিদ্ধান্ত নেওয়া হল। সংগে সংগে ডেবরার সি এ ডি পি কর্তৃপক্ষ তাঁদের ৩৫টি গভীর নলকূপ বন্ধ করে দিলেন। সুতরাং ডেবরার কৃষকরা যাঁরা বরাবর বোরো চাষ করে আসছিলেন, তাঁরা আর চাষকরতে পেলেননা। কৃষকদের বিক্ষোভ, ডেপুটেসন সবই ব্যর্থ হল। ডিষ্ট্রিক্ট ড্রট মনিটারিং কমিটিতে আমি এই প্রসংগটি উত্থাপন করলাম। সেখানে সিদ্ধান্ত হল বোরো চাষ হবে। কিন্তু সি এ ডি পি কর্তৃপক্ষ তারও তোয়াক্কা করলেন না। ওই গভীর নলকূপ গুলি বন্ধই থেকে গেল। এম আই সি-র ইঞ্জিনিয়াররা বললেন, গভীর নলকূপের ক্ষেত্রে জলের স্তরের সংগে ডিসচার্জের কোন সম্পর্ক নেই। তাঁরা বললেন, গতবারে বোরো মরশুমে যতটা জমিতে চাষ হয়েছিল খরা হলেও এবারেও ততটা জমিতে বোরো চাষ করার জন্য জল দিতে কোন অসুবিধা হবেনা। কিন্তু তবুও সি এ ডি পি কর্তৃপক্ষ অনড় হয়ে বসে থাকলেন। এতে কি ক্ষতি হল সেটা একবার দেখুন। গড়ে ৮০ একর করে জমিতে চাষ হলে ২ হাজার ৮০০ একরে বোরো চাষ হোত। এতে ধানের ফলন হোত ৩৬ হাজার কুইন্টল। বাজার মূল্য অনুযায়ী এর দাম ৮৪ লক্ষ টাকা। কৃষকরা এটা পেলেননা। আর ২ হাজার ৮০০ একর বোরা চাষে শ্রমদিবস সৃষ্টি হত ৩ লক্ষ ৩৬ হাজার। কমপক্ষে ৮ টাকা মজুরীর রেট ধরলে এর আর্থিক মূল্য ২৬ লক্ষ ৮৮ হাজার টাকা। স্যার, ডেবরার ক্ষেতমজুররা এটা পেলেননা। ডেবরার কৃষক ও ক্ষেতমজুরদের এই বিপুল পরিমান ক্ষতি এবং সামগ্রিকভাবে এই রাজ্যের উৎপাদন হ্রাসের জন্য সি এ ডি পি এবং ডেবরার সি এ ডি পি কর্তৃপক্ষ দায়ী। আমি এর ক্ষতিপূরণ দাবী করছি।

**শ্রীনিতাই চন্দ্র আদক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকার খরার মোকাবিলা করার জন্য বোরো এবং রবিচাষের উপর গুরুত্ব দিয়েছেন। গত ৬।১২।৮২ তারিখে চিফ ইঞ্জিনিয়ার, এগ্রিকালচার একটা চিঠি দিলেন যে, হাওড়া জেলার বাগনানে কোরিয়া—বিরামপুর খালে ৪টি আর এল আই মেসিন বসান হবে এবং এটা কার্যকরী করার জন্য একজিকিউটিভ ইঞ্জিনিয়ার, মেকানিককেও একটা চিঠি

দিলেন। কিন্তু দুঃখের বিষয় যে সেই মেসিনগুলি এখনও বসান হয়নি। এই ব্যাপারে হাওড়ার জেলা শাসকও একটা চিঠি দিয়েছেন।

[2-50—3-00 P.M.]

তাহলে যে চীফ ইঞ্জিনীয়ারের অর্ডার একজিকিউটিভ ইঞ্জিনীয়ার, এগ্রিমেকানিক তারা কার্যকরী করছেন এবং তাহলে কি বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গি করার জন্য অফিসারদের মধ্যে যোগসাজস আছে আমি ঐসব চিঠিগুলি এনেছি এবং সেগুলি আপনাকে দিচ্ছি। যাতে করে অবিলম্বে এর বিহিতব্যবস্থা করা হয় তার জন্য আমি ক্ষুদ্র সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীরাজকুমার মণ্ডল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমি ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে হাওড়া জেলার উলুবেড়িয়ার ২ নং ব্লকে বহু কৃষিযোগ্য জমি একটার পর একটা ব্রিক ফিল্ড হয়ে যাচ্ছে এবং এর সংখ্যা ক্রমশ বেড়ে যাচ্ছে। বহু কৃষিযোগ্য জমি নষ্ট হচ্ছে। একেই তো হাওড়া জেলায় কৃষিযোগ্য জমি কম। এই ভাবে ব্রিক ফিল্ড এমন কি আমতা থানাতেও এগিয়ে যাচ্ছে এবং সেখানেও বহু কৃষিযোগ্য জমি নষ্ট হচ্ছে। তাই আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই দিকে একটু বিশেষ নজর দেন।

**শ্রীপুলিন বেরা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রদ্ধেয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ময়না প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে। কিন্তু সেখানে কোন শয্যার ব্যবস্থা নাই এবং সেখানে কোন শল্য চিকিৎসার ব্যবস্থা নাই এবং বিদ্যুতেরও কোন ব্যবস্থা নেই। গ্রামাঞ্চলের মানুষ অসুস্থ হয়ে পড়লে তাদের তমলুক সহরে যেতে হয় এমন কি জেলা সহরে মেদিনীপুরে যেতে হয়। এই ব্যয় বহন করা তাদের পক্ষে দুঃসাধ্য হয়ে পড়ে। অবিলম্বে ঐ স্বাস্থ্য কেন্দ্রে কম পক্ষে ১০ শয্যা শল্য চিকিৎসার ব্যবস্থা, ঔষধপত্র এবং ভাল চিকিৎসক দেবার ব্যবস্থা করার জন্য স্বাস্থ্য মন্ত্রীকে বিশেষভাবে অনুরোধ করছি।

**শ্রীঅনন্ত সোরেন:** আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের নয়াগ্রাম থানার ঘড়িকামাথানিতে একটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে। সেই স্বাস্থ্য কেন্দ্রে এখনও পর্যন্ত কোন এ্যাম্বুলেন্স নেই। সেখানে ১০টি শয্যা রয়েছে। একটি এ্যাম্বুলেন্স ও এখানকার শয্যা সংখ্যা অবিলম্বে বৃদ্ধি করার জন্য আমি স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীলক্ষ্মণ শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। ভাজাচাউল, ডুমুরবেড়িয়া, পরিহারা, ভগবানপুর থানার জিয়লগর, হাবুরিয়া এই কয়েকটি এলাকায় জোতদারদের প্রতিক্রিয়াশীল চক্র সমাজবিরোধীদের একত্র করে কংগ্রেসের সহায়তায় সন্ত্রাসের কাজ করে চলেছে।

এমন কি বোমা, পিস্তল, বেআইনী বন্দুক ইত্যাদি নিয়ে বিভিন্ন ভাবে সন্ত্রাস সংঘটিত করছে। প্রায় শতাধিক মানুষ এলাকা থেকে বিতাড়িত হয়েছে। ২ জন খুন হয়েছে এবং ২ জনকে অপহরণ করে গুম করা হয়েছে। আমি অবিলম্বে এই বিষয়ে প্রতিকারের জন্য আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসুনীল দে ঃ** মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের গোপীবল্লভপুর থানার বিভিন্ন এলাকার বেশ কিছু জমি প্রতি বছরই সুবর্ণরেখার বিধ্বংসী বন্যায় নষ্ট হয়ে যায়। বিশেষ করে চেরচিতা থেকে ভামাল এবং ডাংরিয়া থেকে শালবনি, এই দুটি এলাকার বহু পরিমান জমিনষ্ট হয়ে যায়, ঘর বাড়ী নষ্ট হয়ে যায়। এবারেও যদি সুবর্ণরেখায় বিধ্বংসী বন্যা নামে তাহলে কম করে ১০ হাজার মানুষকে ঘর ছাড়া হতে হবে, বহু জমি মরুভূমিতে পরিণত হবে। ঐ এলাকার ভাঙন অবিলম্বে রোধ করার জন্য বিভাগীয় ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅবনী ভূষণ সতপথি ঃ** মাননীয় স্পীকার, স্যার, এস. ই. রেলওয়ে ট্রাক্ ঝাড়গ্রাম শহরের মাঝখান দিয়ে গেছে। শহরের উপর যাতে ফ্লাই ওভার, ওভার ব্রীজ করা হয় সেই জন্য আমরা ইতিপূর্বে অনেক আবেদন করেছি। কিন্তু আজ পর্যন্ত আমাদের সেই দাবী মানা হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেল মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি অবিলম্বে ঝাড়গ্রাম শহরের উপর ফ্লাই ওভার, ওভার ব্রীজ তৈরী করা হোক। কারণ ঝাড়গ্রাম শহরে বেলা ১০ টার পরে প্রচুর ভীড় হয়, গ্রাম থেকে বহু লোক আসে। রেলওয়ে গেট বন্ধ থাকার ফলে ছাত্র ছাত্রী, অফিস যাত্রীদের ভীষণ অসুবিধায় পড়তে হয়। মাঝে মাঝে দুর্ঘটনাও ঘটে। তাই এই বিষয়ে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেল মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Patras Minj :** मिस्टर स्पीकर सर, मैं आपके माध्यम से एडमिनिस्ट्रेशन का ध्यान चायबगानों की दयनीय अवस्थाओं की ओर आकर्षित करना चाहता हूँ। दार्जिलिंग हिल एरिया में सोलह चायबगान और सिलीगुड़ी तराई में ४ चायबगान प्रायः ढ़ाई तीन बर्षों से बंद पड़े हुए हैं। मैं मंत्रीमंडली का ध्यान खोड़ीबाड़ी, सुचिंद्रचंद्र चायबगान की ओर दिलाना चाहता हूँ। इस बगान को कम्पनी छोड़कर चली गयी हैं। हमलोग मैनेजिंग कमेटी बनाकर काम कर रहे हैं। मजदूरों

का ६ लाख प्रविडेंट फंड जो जमा करने का था वह जमा नहीं किया गया। साथ ही साथ मजदूरों की मजदूरी प्राय: पाँच लाख बाकी हैं। कम्पनी को को आपरेटिव बैंक का २७ लाख का कर्जा चुकाना हैं। इस अवस्था में कम्पनी को मजदूर भुखों रहकर चलाते हैं। इतने पर भी २८ एकड़ जमीन में मजदूरों ने न्यूप्लांटेशन भी किया हैं। दुख के साथ कहना पड़ता हैं कि वहाँ के मजदूर भूखे हैं। उनके पास पैसे नहीं हैं। मैं इसलिए अनुरोध करूँगा कि चायबगान का राष्ट्रीयकरण किया जाय। साथ ही साथ मजदूरों की रोजी-रोटी की सरकार व्यवस्था फौरन करे।

[3-00—4-00 P.M. including adjournment]

**শ্রীসাধন চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নদীয়া জেলার সদর কৃষ্ণনগর থেকে বিভিন্ন রুটে প্রতিদিন কয়েক শত বাস যাতায়াত করে জেলার বিভিন্ন এলাকায় এবং পাশের মুর্শিদাবাদ জেলায়। কিন্তু স্যার, কৃষ্ণনগরের ষ্টাণ্ডের আয়তন খুব কম। সেখানে সমস্ত বাসের স্থান সংকুলান হয়না। তা ছাড়া সেখানে যাত্রীদের বসবার বা অন্য সুযোগসুবিধা নেই, ফলে যাত্রীসাধারণের বিশেষ অসুবিধা হয়। বৃষ্টি হ'লে বা রাত্রিবেলায় থাকবার কোন ব্যবস্থা নেই। সম্প্রতি গঙ্গার উপর সেতু উন্মুক্ত হয়েছে ফলে গঙ্গার পশ্চিম দিকে বাঁকুড়া বীরভুম, বর্ধমান প্রভৃতি জেলা ও কৃষ্ণনগরের তথা নদীয়ার মধ্যে বাস চলাচলের আশু সম্ভাবনা দেখা দিয়েছে। এর ফলে কৃষ্ণনগরের বাস ষ্টাণ্ডে যাত্রীদের সংখ্যা আরো বাড়বে। মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে আমার অনুরোধ, কৃষ্ণনগর বাস ষ্টাণ্ডের সম্প্রসারণ এবং একটি দ্বিতল আধুনিক বাস টারমিনাস নির্মান করে সেখানকার সুযোগসুবিধা আরো বাড়ানো হোক।

**শ্রীসাহাবুদ্দিন মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নদীয়া জেলার চাপরা ব্লকের একটা অংশ দিয়ে জঙ্গী নদী প্রবাহিত। এই এলাকার বৃত্তিহুদা, তালকহুদা বড আঁচুলিয়া প্রভৃতি জায়গায় জঙ্গী নদীর ভাঙ্গনের ফলে বহু ঘরবাড়ী এবং লোক চলাচলের রাস্তা নদীগর্ভে বিলীন হয়ে গিয়েছে। এই এলাকার জনসাধারণ বহু আবেদন নিবেদন করেছেন, সেচ বিভাগের যাঁরা দায়িত্বে আছেন তাঁরা অনেক মাপজোকও করেছেন কিন্তু আজ পর্য্যন্ত কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়নি। মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, অবিলম্বে ঐ অঞ্চলে নদীর ভঙ্গন রোধ করার জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রীমহম্মদ বাচ্চা মুন্সি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিম দিনাজপুর জেলার একটি রাস্তা—রামগুইন হইতে লক্ষীপুর ভায়া গোয়ালগঞ্জ এই রাস্তাটি অবিলম্বে মেরামত করা দরকার। অন্ততঃ লক্ষীপুর থেকে গোয়ালগঞ্জ অথবা গানলার মোড় থেকে গোয়ালগঞ্জ পর্য্যন্ত

করা দরকার। এই রাস্তাটির মেরামতের অভাবের সেখান দিয়ে লোক চলাচল এবং গাড়ী চলাচলের ভয়ানক অসুবিধা দেখা দিয়েছে। পি. ডব্লু. ডি'র কর্মচারীদের বলতে গেলে তারা বলেন এটা সামরিক বাহিনীর রাস্তা, এটা সেণ্ট্রাল গভর্নমেণ্টের অনুমতি ছাড়া হবে না। স্যার, আমি মাননীয় পূর্ত মন্ত্রীকে এই রাস্তাটি অবিলম্বে মেরামত করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীরামপদ মাণ্ডি** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রণ্ট সরকার সাঁওতালি ভাষা এবং অলচিকি হরফকে স্বীকৃতি দিয়েছেন এবং তাকে মর্যাদা দিয়েছেন। ১৯৮২ সালের শিক্ষাবর্ষ থেকে প্রাথমিক বিদ্যালয়ে এই ভাষায় সাঁওতালী ভাষাভাষী ছাত্রছাত্রীদের পড়ানোর কথা ছিল কিন্তু আজ ১৯৮৩ সালের মার্চ মাস এসে গেল কিন্তু এখনও এর বই সব বিদ্যালয়ে যায়নি। এর ফলে স্যার, সাঁওতাল ভাষাভাষী গ্রামাঞ্চলের মানুষের মনে একটা ক্ষোভ দেখা দিয়েছে। ২৮ তারিখে তারা একটা ডেপুটেশানও দিয়েছে। স্যার, এই ক্ষোভকে কাজে লাগাচ্ছে কংগ্রেস (ই), ঝাড়খণ্ড এবং নকশালরা। এই ক্ষোভকে কাজে লাগিয়ে তারা আইনশৃঙ্খলার অবনতি ঘটানোর চেষ্টা চালাচ্ছে। স্যার, এ ব্যাপারে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করে আমি বলছি, অবিলম্বে যাতে সমস্ত স্কুলে বই পাঠানো হয় সে ব্যবস্থা করা হোক।

## PRESENTATION OF THE REPORT OF THE SELECT COMMITTEE ON THE WEST BENGAL CO-OPERATIVE SOCIETIES BILL, 1982.

**শ্রীনির্মল কুমার বোস** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে The West Bengal Co-operative Societies Bill, 1982 বিধানসভায় ঘোষিত সিলেক্ট কমিটির রিপোর্ট এবং এই প্রসংগে কমিটি কর্তৃক সুপারিশ করা সংশোধন সহ বিলটি বিধানসভায় পেশ করছি।

**শ্রীপতিত পাবন পাঠক** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য কাশীনাথ মিশ্রের কলিং এ্যাটেনশনের উত্তরে বলেছিলাম যে ১০ তারিখে মন্ত্রী প্রশান্ত শুর একটি বিবৃতি দেবেন। কিন্তু ১০ তারিখে উনি থাকছেন না, মালদহে যাচ্ছেন। সে জন্য উনি ৮ তারিখে বিবৃতি দেবেন।

**(At this Stage the Honse was adjourned till 4-00 P.M.)**

**[4-00—4-10 P. M.]**

**শ্রীগোপাল কৃষ্ণ ভট্টাচার্য** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত আনন্দের সংবাদ আপনার মাধ্যমে এই সভাকে জানাচ্ছি।

পাণিহাটি এলাকার' ওরিয়েণ্টাল মেশিনারি এ্যাণ্ড সিভিল কনস্ট্রাকসন, নামে একটি কারখানায় প্রায় ৬৫০ জন শ্রমিক কাজ করতেন, সেই কারখানাটি ১৯৭৮ সাল থেকে বন্ধ হয়ে রয়েছে। আজকে মাননীয় মন্ত্রী শ্রীশান্তি ঘটকের ঘরে একটি ত্রিপাক্ষিক চুক্তির মাধ্যমে কাল থেকে কারখানাটি খুলতে চলেছে। এই কারখানাটি এত দিন গোয়েঙ্কাদের ছিল, এখন এটা বিড়লারা কিনেছে এবং আজকেই তাদের সংগে চুক্তি হয়েছে, ফলে ৬৫০ শ্রমিক নতুন করে কাজ পাচ্ছে। কারখানাটি বন্ধ হয়ে যাবার কারণ হচ্ছে, ১৯৭৫ সালে ইমার্জেন্সীর সময়ে আই. এন, টি ইউ. সি.-র ইউনিয়ন ১৫০ শ্রমিককে পাকাপাকি-ভাবে লে-অফ্ করেছিল। পরবর্তীকালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে শ্রমিকরা দাবী করে, ঐ ১৫০ শ্রমিককে ফিরিয়ে নিতে হবে। ঐ দাবীর পরিপ্রেক্ষিতে সেখানে ক্লোজার এবং লক্-আউট ঘোষণা করা হয়েছিল। 'ট্যাক্সম্যাকো' পাণিহাটি, নামে কারখানাটি আগামী কাল থেকে আবার খুলবে।

**Mr. Speaker :** Members invited in my chamber discuss the unfortunate incident of yesterday. All assured one to co-operate to maintain the dignity and decorum of the House. Hence I put the motion that the suspension of Shri Suniti Chattaraj from the remainder sitting of the current session of this House be terminated with effect from the 4th March 1983. I think nobody is against the motion.

**শ্রীদেবী প্রসাদ বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সম্পর্কে আমি একটা শাস্ত্র বাক্য পড়ে শোনাচ্ছি।

'হে মহাত্মা যখন পৃষ্ঠের ওপর কুণ্ডলাকৃত লাঙ্গুল পশ্চাদ পদ-দ্বয়ের অভ্যন্তরে প্রবিষ্ট দেখবে, যখন দংশনোদ্যত বিকট মুখব্যাদন কর্ণসহ মৃত্তিকা স্পর্শ করবে তখন মহৎ ব্যক্তিগণ সর্ব্বদাই উক্ত প্রাণীর প্রতি দয়া প্রদর্শন করে থাকেন।'

এখানে যা হলো তা এই শাস্ত্র বাক্য অনুযায়ীই হ'ল। আমি সমর্থন করছি।

## LEGISLATION

### THE WEST BENGAL PANCHAYAT (AMENDMENT) BILL, 1983

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to introduce the West Bengal Panchayat (Amendment) Bill, 1983, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Sir, it has been decided to whole second general election to Panchayat Bodies as early as possible. Assembly electoral rolls are to be used for election to Panchayat Bodies. Previously the Assembly electoral rolls were prepared Gram-Panchayat constituencywise. The Assembly electoral rolls now in force have been prepared Polling Station wise and give no indication of a Gram Panchayat constituency. Hence the Gram Panchayat constituencies are to be re-organised before the next Panchayat elections. It has been decided that Panchayats will be set up in the coal belt areas of Asansol and Durgapur Subdivisions of Burdwan district and resume areas in respect of tea gardens. In such case the mouzas comprising in a Gram and Gram comprising in a Block may not always be continuous. Under the provisions of the Act when a Gram, Block or district is divided and two or more Grams or Blocks are united, the Gram, Panchayats, Panchayat Samities or Zilla Parishads as the case may be, cease to exist from the date of notification effecting such division from unification. Division of some Grams and Blocks and unification of some Grams are considered necessary before the second Panchayat General Election. In order to avoid the vacuum it was considered necessary to ensure that the old Panchayat bodies will continue to function in such divided or united bodies till new bodies take over after reconstitution. As the matter was urgent and the Assembly was not in Session the West Bengal Panchayat (Amendment) Ordinance, 1983 was promulgated on 19.1.83 so that the preliminary work for delimination does not suffer.

(Secretary then read the title of the Bill)

## STATUTORY RESOLUTION

**Shri Kashinath Misra :** Sir, I beg to move that the West Bengal Legislative Assembly disapproves the West Bengal Panchayat (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. I of 1983).

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** Sir, I beg to move that the West Bengal Panchayat ( Amendment ) Bill, 1983, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই পঞ্চায়েত বিলে যে সংশোধন এনেছি, আজকে যদি পঞ্চায়েত নির্বাচন করতে হয় তারজন্য যতটুকু প্রয়োজন পরিবর্তনের দরকার শুধু সেইটুকু এখানে রাখা হয়েছে। যেমন, আগে বলা হয়েছিল—যখন আমি ষ্টেটমেণ্ট দিই—এ্যাসেম্বলীর ভোটার লিষ্ট অনুযায়ী গ্রামাঞ্চলে পঞ্চায়েত কনষ্টিটিউয়েন্সী ভিত্তি করা ছিল এবং আইন হচ্ছে,—পঞ্চায়েতের জন্য কোন পৃথক ইলেকটোরাল রোল তৈরী হয়নি—এ্যাসেম্বলীর যে ইলেকটোরাল রোল তার উপর ভিত্তি করে পঞ্চায়েতের নির্বাচন করতে হবে। এখন যেহেতু এ্যাসেম্বলীর ইলেকটোরাল রোল আগে সেখানে কনষ্টিটিউয়েন্সী ওয়াইজ ছিল এখন সেটা পোলিং ষ্টেশন ওয়াইজ হয়েছে। এটা আমি পরিবর্তন করিনি, ইলেকশান কমিশন করেছেন। অথচ তাকেই ভিত্তি করে পঞ্চায়েত নির্বাচন করতে হবে।

[4-10—4-20 P.M.]

তাহলে অন্য কি পথ আছে? এই জন্যই, আমাদের যে পরিবর্তনটা আনতে হচ্ছে সেটা হল যে পোলিং ষ্টেশন ওয়াইজ যে ইলোকটোরাল রোল এ্যাসেম্বলী তৈরী করেছেন ১৯৮২-তে এর ভিত্তিতেই নির্বাচন হয়েছে, তার উপর ভিত্তি করেই করতে হবে। আমাদের কোন হাত নেই। সেজন্য পোলিং ষ্টেশনের মধ্যে কনষ্টিটিউয়েনসি নিতে হচ্ছে। আর শুধু মাত্র ১৯৭৮ সালের নির্বাচনের পর কিছু কিছু জায়গায় নূতন মিউনিসিপ্যালিটি হয়েছে বা কিছু নূতন ঐ যেগুলি বলা যায় নোটিফায়েড এরিয়া হয়েছে তার ফলে মিউনিসিপ্যালিটি হওয়ার দরুণ নোটিফায়েড এরিয়া হওয়ার দরুণ পঞ্চায়েত এলাকা থেকে বেরিয়ে গেছে। অতএব সেগুলিতে পঞ্চায়েত করা হবে না, সেটা বাদ দিয়ে বাকী যে জায়গা রয়েছে সেখানে করতে হবে। তাতে অনেক সময়—কনষ্টিটিউয়েনসির যেটা আইন ছিল সেটার থেকে কোন জায়গায়—অসুবিধা হতে পারে। সেজন্য, তাদের অসুবিধা দূর করার জন্য কতকগুলি সংশোধন আনতে হয়েছে। এটা করার একমাত্র উদ্দেশ্য ছিল, অনেক সময় অনেক আইনের এ্যাকটে অসুবিধা থাকে। আমরা অপোজিসনদের কোন রকম সন্দেহের উদ্রেক করতে চাই না, যেভাবে হয়েছিল আমরা সেটাকে মেনে নিয়ে সেই ভাবেই করব। সেজন্য মাননীয় দেবপ্রসাদ সরকার মহাশয় যেটা বলেছেন, শেষের দিকে আছে আমরা সেটা মেনে নেব। তাহলে আর আপনারা, কারচুপি হয়েছে এ কথা বলতে পারবেন না।

**শ্রীকাশীনাথ মিশ্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়, পশ্চিমবঙ্গ পঞ্চায়েত সংশোধন বিধেয়ক ১৯৮৩টি এখানে উপস্থিত করেছেন, আমি সেটা কিছু ত্রুটি পূর্ণ আছে বলে মনে করি। সেজন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে সংশোধন করবার কথা বলছি। আজকে পঞ্চায়েত কি গুরুত্বপূর্ণ সেটা সকলে উপলব্ধি করেছেন। যেখানে ৩২৪২টি গ্রাম পঞ্চায়েত আর ৩০২৪টি পঞ্চায়েত সমিতি এবং ১৫টি জেলাপরিষদ হয়েছিল, এর জন্য গত বিধানসভায় আমরা এক বছর সময়টা বাড়িয়ে দিয়েছিলাম যাতে সরকার এই সময়ের মধ্যে

ত্রুটিগুলি সংশোধন করে নিতে পারেন। সেটাকে বিল আকারে নিয়ে আসবেন এবং পঞ্চায়েতের আলোচনা করবেন। অর্ডিনেন্স হয়েছে এবং সেই অর্ডিনেন্স আমাদের কাছে বিল আকারে আসে। এখন গ্রামীন ব্যবস্থাতে এটা একটা গ্রামীন স্বায়ত্ব শাসন, সেই গ্রামীন স্বায়ত্ব শাসনকে শক্তিশালী করার জন্য সরকার নিশ্চয় চেষ্টা করবেন, কেননা গ্রামীন ব্যবস্থাটা এর উপর নির্ভর করে। সমস্ত ভারতবর্ষের, পশ্চিমবঙ্গ তো বটেই তার অর্থনীতি নির্ভর করে। আমাদের ১৯৭৩ সালে পঞ্চায়েত আইন হয়েছিল, সেই অনুসারে নির্বাচনও হয়েছিল ১৯৭৮ সালে। ত্রুটি থাকতে পারে, তার জন্য সংশোধন আকারে বিভিন্ন ভাবে বিভিন্ন বিধানসভায় আসে। মাননীয় মন্ত্রী মহাশয় সেসব নিয়ে মাননীয় দেবপ্রসাদবাবু যে ত্রুটি টি দেখিয়েছেন মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় বললেন ইমিডিয়েট ইলেকসনে যে ইমিডিয়েট পোল ইলেকসন ছিল সেখানে ওমিট পোল কথাটা ব্যবহার করা হবে। এই ত্রুটিগুলি আমাদের সংযোজনের মধ্যে আসছে। তারপর আরও আছে, যেমন ৭ জনের নীচে হবেনা, বা ২৫ জনের বেশী হবেনা, এখন দেখা যাচ্ছে সেগুলি কমিয়ে দিচ্ছেন বা সেগুলি কমে যাচ্ছে।

এখানে ক্লজ ৪ ( বি ), সেকশন ৪৩-তে ৩ জনের নীচে নয়, ১৫ জনের উপরে নয়। এই ২-এর নীচে নয় এখন করা হচ্ছে। আমাদের বক্তব্য হচ্ছে প্রতিনিধি বেশী থাকলে একটি এলাকাতে বিভিন্ন শ্রেণীর, বিভিন্ন মতের, বিভিন্ন ধর্মের প্রতিনিধি থাকে—সেখানে সংখ্যা যদি কমিয়ে দেন, প্রতিনিধিত্ব করবার সুযোগ পাবেনা। আপনারাও জানেন, আমরাও জানি গ্রাম বাংলার দীনমজুরদের সংখ্যা ৬০ ভাগ। এই দীন-মজুরদের প্রতিনিধিত্ব কয়জন করতে পারছে? এঁদের প্রতিনিধিত্ব বাড়াবার ব্যাপারে কিছুদিন পূর্বে আমরা খবরের কাগজে দেখেছি অভিজ্ঞ পর্যবেক্ষক এবং প্রতিনিধিত্বসম্পন্ন ব্যক্তিরা যাঁরা বিভিন্নভাবে খুঁটিনাটি পরীক্ষা-নীরিক্ষা করে দেখে বলেছিলেন ক্ষেতমজুরদের সেখানে প্রতিনিধিত্ব করবার সুযোগ বেশি নেই। তাদের জন্য রিজার্ভ করতে হবে। এই রিজার্ভেশন ক্ষেতমজুরদের জন্য করা প্রয়োজন কিনা সেটা সরকারের চিন্তা করা দরকার। কেননা, প্রতিদিনই গ্রামবাংলার মানুষকে সচেতন করে যেভাবে তাদের আকৃষ্ট করা হচ্ছে পঞ্চায়েতের মাধ্যমে, সেখানে প্রয়োজন আছে সেইসব মানুষের প্রতিনিধিত্ব বাড়ানোর। কিন্তু এখানে কেটে দেওয়া হচ্ছে। উপজাতি সম্প্রদায়, তপশীলি সম্প্রদায়ভুক্ত এইসব শ্রেণীর জন্য রিজার্ভেশনের কথা সরকার কিন্তু সেখানে বলেন নি তাদের জন্য অন্য কিছুই করেন নি। বিরোধী দলে আছি বলেই বিরোধীতা করতে হবে এটা নয়। সব সময় আপনারা খারপ করছেন, কিছুই ভাল করছেন না এটা আমি মনে করি না। আমি অন্ততঃ মনে করি যে সরকার দলের নিশ্চয়ই ত্রুটিপূর্ণ বিষয় থাকতে পারে কিন্তু সেগুলো সংশোধন করবার প্রয়োজনীয়তা আছে বলে আমরা মনে করি।

যাইহোক ক্লজ ৬-তে পুরাতন নিয়ম অনুযায়ী নির্বাচনের পরই সেই পুরাতন কমিটির মেয়াদ শেষ হয়ে যেতো। কিন্তু এ্যামেণ্ড হয়ে যাবার পর কিন্তু বর্তমানে বলা হচ্ছে সেটা সঙ্গে সঙ্গে তার নির্বাচন হলেও পুরাতন কমিটি কাজ চালাতে পারে।

রুল ৭, সেখানে গ্রাম পঞ্চায়েতে প্রেসক্রাইবড্ অথারিটি। এটা আপনাদের পরিস্কার নিন্দা করা উচিত।

রুল ৯, এখানে দেখছি জেলা পরিষদে নতুন নির্বাচন হবার পর পুরাতন যে কমিটি থাকবে সিজ্ হয়ে যাবে তার পাওয়ার। সে আর কাজ করতে পারবে না। কিন্তু সবচেয়ে বড় জিনিষটা হচ্ছে নির্বাচন হয়ে যাবার পর সেখানে সঙ্গে সঙ্গে যে নির্বাচনের ফলাফল ঘোষণা করা হোত সেটা হচ্ছে না। সেটা এবার স্থানান্তরিত হবে। এখানে পরিস্কার বলা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যেন পরিস্কার করেন কেননা পূর্বে সেখানেই রেজাল্ট ঘোষণা করা হোত। এর ফলে অনেক রকম সুবিধা থাকতো, সরকারের সেখানে ব্যয় অনেকটা কম হোত। কিন্তু সরকার আজ যে ব্যবস্থা করেছেন তাতে অনেকেই বলতে পারেন যে আমাদের মনের মধ্যে সন্দেহ এসে থাকবে যে এর মধ্যে কিছু ত্রুটি থাকতে পারে। যখন ব্যালট বক্স নিয়ে যাওয়া হবে সেই সময় কিছু গোলমাল হতেই পারে, সেই আশঙ্কা বিগত দিনেও এখনও করছি। অন্ততঃ যেখানে নির্বাচন হ'ল সেখানেই নির্বাচনের ফল প্রকাশের ব্যবস্থা বহাল রাখুন।

[4-20—4-30 P.M.]

বুথগুলির যে সংখ্যাটা মাননীয় পঞ্চায়েত মন্ত্রী বলেছেন সেটা ঠিকমত হবে কিনা সন্দেহ আছে। এটা কনষ্টিটিউয়েন্সি অনুযায়ী করবেন বলেছেন। পাশাপাশি এলাকায় আরো যে সমস্ত বুথ আছে সেইগুলি যুক্ত যেখানে সেখানে নির্দিষ্টভাবে ৫০০-র বেশী হলে আপনি বলছেন বাড়াবেন। আর হিলি এলাকায় ১২৫ হলে সংখ্যাটা আপনি বাড়াবেন।

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী ঃ** একটু বেড়েছে। আগে যা ছিল ৪শোর বেশী ভোটার ছিল। ১৯৭৮ সালে মোটামুটি ৪৮ হাজার ভোটার ছিল, এখন থ্রি-টায়ার নিয়ে ৫৬ হাজার করা হয়েছে। মোটামুটি এই সংখ্যাটা বেড়েছে।

**শ্রীকাশিনাথ মিশ্র ঃ** কিন্তু ভাগটায় অসুবিধা কিছু আসবে। পাশাপাশি বুথের সঙ্গে যুক্ত আছে একটি গ্রামসভার সঙ্গে অন্য একটি গ্রামসভার। অন্য কোন গ্রামসভা থেকে যদি ভোট দিতে আসে তাহলে একটু বাধার সৃষ্টি হবে। বুথে যদি বাধার সৃষ্টি হয় তাহলে নির্বাচন পরিচালনার ক্ষেত্রে অসুবিধা হবে। সেইজন্য আমি বলছি এই যেভাবে এরিয়া ভাগ করা হচ্ছে তাতে মাননীয় মন্ত্রীমহাশয় বলেন যে এতে কোন অসুবিধা হবে না, এতে আইন-শৃঙ্খলা বিঘ্নিত হবে না, ভোট গ্রহণে কোন বাধা আসবে না—তাহলে আমাদের সন্দেহ দূর হয়। এই ব্যাপারে তিনি যদি আমাদের এ্যাসিওরেন্স দেন তাহলে আমাদের সন্দেহ দূর হয়। আমাদের মনে সন্দেহ এসেছে, সে সন্দেহটা হচ্ছে কনষ্টিটিউয়েন্সি অনুযায়ী ভোটার লিষ্ট আমরা পায়নি। ড্রাফ্ট পাবলিকেসান

আমরা পায়নি। জেলাভিত্তিক বইয়ের তালিকা মিস হয়ে যাচ্ছে। এই নোটিশ আমাদের গোচরে আসেনি। এই নিয়ে এই বিধানসভার মাননীয় সদস্তরা আলোচনা করেছেন, দৃষ্টি আকর্ষণ করেছেন, এই ব্যাপারে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু কিছু হয়নি। আমি আশা করবো তিনি এই বিষয়টার দিকে লক্ষ্য রাখবেন। এই ব্যাপার নিয়ে এখানে বিস্তারিত আলোচনা হচ্ছে, কিছু ক্রটি-বিচ্যুতি আছে সেইগুলো দূর করা প্রয়োজন। ১৯৭৩ সালে যখন এই ব্যাপার নিয়ে আলোচনা করা হয়—তারপর কিছু ক্রটি ধরা পড়েছে এবং সেটা সংশোধন করা হয়েছে। এই সংশোধনীর পরে আরো অনেক ক্রটি-বিচ্যুতি ধরা পড়বে—এই ব্যাপারে বিস্তারিত আলোচনা করা প্রয়োজন, সেই ক্রটি-বিচ্যুতি ধরার সুযোগ আমরা পায়নি। নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নিয়ে এই কাজ করা উচিত। এই পঞ্চায়েতের যে ভূমিকা, যে গুরু দায়িত্ব আমি মনে করি এই দায়িত্ব ঠিক মত পালন করা হচ্ছে না। এই পঞ্চায়েত নির্বাচন একটা সাধারণ নির্বাচনের সমতুল্য। একটা সাধারণ নির্বাচনে যে ব্যবস্থা গ্রহণ করা হয় সেই রকম এই পঞ্চায়েত নির্বাচনে ব্যবস্থা করতে হয়। কোন কোন গ্রামে এখনো কোন যোগাযোগ ব্যবস্থা নেই, বুথে যাবার কোন যোগাযোগ ব্যবস্থা নেই। তা ছাড়া বিভিন্ন রকম অসুবিধা দেখা দেয়। আইন-শৃঙ্খলার অবনতি ঘটেছে, এই ব্যাপারটা মাননীয় মন্ত্রীমহাশয়ের দেখা দরকার। মাননীয় মন্ত্রীমহাশয় যেন ভোটার লিষ্ট-এর ব্যাপারে লক্ষ্য রাখেন এবং আমাদের এই বিধানসভায় কেন্দ্র অনুযায়ী যে ভোটার লিষ্ট বর্তমানে হতে চলেছে তাতে কোন বাধার স্থষ্টি না হয় সেই ব্যাপারে দেখা উচিত।

বিভিন্ন রাজনৈতিক দলের স্বার্থে তাদের চিহ্ন দেওয়া দরকার। আমরা দেখেছিলাম সাধারণ নির্বাচনের সময় যেমন প্রশাসন থেকে ব্যবস্থা নেওয়া হয়েছিল এখানে তা করা হয়নি। এইগুলি নিয়ে জেলাশাসক যাতে আলোচনায় বসেন সেইজন্য মাননীয় পঞ্চায়েত যেমন নির্দেশ দেন। আমরা কিছুদিন আগে দেখেছিলাম যে একটি অর্ডিন্যান্স সম্বন্ধে আর. এস. পি-র মন্ত্রী জানতে চেয়েছিলেন। তারজন্য বামফ্রণ্ট কমিটিতে একটি মিটিং হয়ে ব্যাপারটি সমাধান করা হয়েছিল। আমাদেরও অনুরূপ প্রশ্ন রয়েছে। আমাদের মনের মধ্যে যদি কোন সন্দেহ জাগে তাহলে সেই সন্দেহের অবকাশ আমাদের মধ্যে রাখা উচিত নয়। সেগুলি পরিষ্কারভাবে অন্ততঃ বোঝান উচিত ছিল যাতে এই নির্বাচন শান্তি-শৃঙ্খলা সহ হয় এবং ক্রটিমুক্ত হয় প্রতিটি গ্রামের মানুষ যাতে এই নির্বাচনে অংশগ্রহণ করতে পারে—যেমন আমরা দেখতে পেয়েছি যে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের দি কোর্ট এবং দি কাউন্সিলের নির্বাচন হয়েছে। সেখানে একটি কলেজে ৬৭ জন প্রফেসার রয়েছেন তারমধ্যে ২৭ জনের ইলেকটোরাল রোলে নাম নেই। সুতরাং আজকে গ্রামে যে পঞ্চায়েত নির্বাচন হবে সেখানে যাতে নাম বাদ না যায় সেটা মন্ত্রীমহাশয় দেখবেন।

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী ঃ** এই ইলেকটোরাল রোল নতুন করে করা হচ্ছে না। করার অধিকার নেই আমাদের এটি আইনে সুস্পষ্ট রয়েছে। লাষ্ট এ্যাসেম্বলীর যে নির্বাচন হয়েছে তার রোলের উপর ভিত্তি করেই এই নির্বাচন হবে। সুতরাং আপনারা যে এ্যানালজির কথা বলেছেন

তা করা যাবে না এবং এতে কোন ইনক্লুশান এক্সক্লুশান করা যাবে না। সুতরাং পরিবর্তন কিছু হবে না এই কথাটি পরিষ্কারভাবে আপনাদের লোক বুঝিয়ে দেবেন।

**শ্রীকাশীনাথ মিশ্র:** গ্রামে যাতে ভোটার লিষ্ট নতুন নাম সংযোজন করে ভোট গ্রহণ করা হয়। কারণ আগের বার অনেকের নাম বাদ গিয়েছিল। এবার যেন গ্রামের মানুষ ভোট থেকে বঞ্চিত না হয়। অনেকের ভোটারস্ লিষ্টে নাম না থাকার জন্য ভোট দিতে পারেনা। সেইজন্য আপনারা এই ব্যাপারে কি ব্যবস্থা নিচ্ছেন সেটা পরিষ্কার করে বলা দরকার। আপনারা এমনিতেই তো পঞ্চায়েত নির্বাচন দেরী করে করছেন তাতে যদি কিছুদিন পরে হয় তাতে অসুবিধা কি হবে? ইন্দিরা গান্ধী লোকসভার নির্বাচন এবং বিধানসভার নির্বাচন দেরী করে করেছিলেন বলে আপনারা অনেক কথা বলেছিলেন। এখানেও আপনারা পিছিয়ে দিয়ে বছরের জায়গায় ৬ বছর করে সম্পূর্ণভাবে ভোটার লিষ্ট পরিবর্তন করে ভোট গ্রহণ করুন যাতে সব মানুষ ভোট দিতে পারে। কনষ্টিটিউশান অনুযায়ী তার সাথে সাথে বুথেরও সংযোজন করুন। সুতরাং এই বলে মাননীয় মন্ত্রীমহাশয় যে অনুমোদন এনেছেন তার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পীকার:** আমি শ্রীদেবপ্রসাদ সরকারকে তার যে সংশোধনীগুলি আছে সেগুলি মুভ করতে অনুরোধ করছি এবং সঙ্গে সঙ্গে আপনার বক্তৃতাও রাখুন।

[4-30—4-40 P. M.]

**শ্রীদেবপ্রসাদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ মন্ত্রী মহাশয় যে পঞ্চায়েত সংশোধনী এনেছেন তার সব চেয়ে মারাত্মক যেটা ছিল তার উপরে সংশোধনী এনেছি। ১৯শে জানুয়ারী যখন অর্ডিন্যান্স জারী হল সেটা চোখে পড়াতে আমি আশ্চর্য হয়ে যাচ্ছি। আমার সংশোধনী তিনি বলেছেন গ্রহন করবেন, তাহলেও এমেণ্ডমেণ্ট আনার পেছনে যে যুক্তি আছে সেটা হাউসে জানা দরকার। ১৯৭৩ সালের পঞ্চায়েত এ্যাক্টের যে ম্যানডেটারী প্রভিশান সেকসান ২০৩ সাব সেকসান ৫-এর মধ্যে ছিল ভোট শেষ হওয়া মাত্র বুথে বুথে গণনা করে তার ফল ফোর্থউইথ ঘোষণা করা হবে। এই ম্যানডেটারী প্রভিসান ১৯৭৩ সালে আনা হয়েছিল। এর একটা হিস্টোরিক্যাল ব্যাকগ্রাউণ্ড ছিল। ৭০ দশকে যে কারচুপি নির্বাচন হয়ে গেল, ১৯৭২ সালে যেটা হয়েছিল তাতে পশ্চিমবাংলার গণতান্ত্রিক মানুষ দাবী করেছিলেন বুথে বুথে গণনা হোক। এই ব্যপক জনমতের সামনে ১৯৭৩ সালে পঞ্চায়েত এ্যাক্টের এই প্রভিসান ম্যানডেটারী হয়েছিল। কিন্তু এই বিলে এবং অর্ডিন্যান্সে যখন সেই ম্যানডেটারী প্রভিসান তুলে দিচ্ছেন এবং তুলতে গিয়ে তিনি তাঁর ষ্টেটমেণ্ট অফ অবজেক্টস এণ্ড রিজিনসে বলেছেন। The District Magistrates who are the District Panchayat Election Officers are unanimously of the

**opinion that the counting of votes should be done centrally and not at the polling stations by the Presiding Officers for smooth conduct of elections.** এটা একটা অদ্ভুত ব্যাপার যে স্মুথ্ নির্বাচন পরিচালনার জন্য ম্যানডেটারী প্রভিসান তুলে দেওয়া হচ্ছে। অর্থাৎ ডি. এমরা বলছেন ইউনিমাসলি যে এতে নির্বাচন স্মুথ্ নির্বাচন হবে না, প্রশাসনের উপর নির্বাচন পরিচালনার ক্ষেত্রে আরো চাপ বাড়বে এবং এর জন্য আর্থিক ব্যয় বৃদ্ধি হবে। যেখানে ভোট পর্ব শেষ হয়ে যাচ্ছে ভোট গণনার সেখানে যদি বাতিল করা হয় তাহলে বাক্সগুলি নিয়ে যাওয়া প্রশাসনিক একটা বাড়তি ঝামেলা এবং অর্থ ব্যয় হবে। ফলে স্মুথ রানিং অফ দি ইলেকসান আমি এর কোন অর্থলি রিজনস দেখিনা। সেজন্য আমার যেটা ষ্ট্রাইক করেছিল তাতে বামফ্রন্ট সরকার যেভাবে পঞ্চায়েতগুলি পরিচালনা করছেন তাতে পশ্চিমবাংলার মানুষ বিক্ষুব্ধ। বামফ্রন্ট কমিটির চেয়ারম্যান সরোজ মুখার্জি স্বীকার করেছেন পঞ্চায়েত নির্বাচনে বামফ্রন্টকে কঠিন সমস্যার সম্মুখীন হতে হবে। বন্যা, খরা, ফুড ফর ওয়ার্ক-এর ব্যাপক দুর্নীতি ইত্যাদিগুলিকে কেন্দ্র করে যেভাবে রেশনের দাম, বাসের ভাড়া, বিদ্যুতের দাম বাড়ছে এবং বিদ্যুৎ সঙ্কট আরোও মারাত্মক রূপ নিচ্ছে তার ফলে বামফ্রন্ট পশ্চিমবাংলায় সাধারণ মানুষ থেকে অনেকখানি বিচ্ছিন্ন হয়ে গেছে। ফলে স্বাভাবিকভাবে তাঁদের আশংকা ফেয়ার এণ্ড ফ্রি ইলেকশান হলে তাঁদের পক্ষে জেতা সম্ভব নয়, তাই এই কারচুপির আশ্রয় নেবার জন্য ব্যালট বক্সের কারচুপি করার জন্য প্রশাসনের হাতে সেই সুযোগ তুলে দেওয়ার জন্য এবং সময় নেওয়ার জন্য তাঁরা এই ব্যবস্থা করেছেন এই সন্দেহ আমার মনে জেগেছিল, যারজন্য অর্ডিন্যান্স পাবার সঙ্গে সঙ্গে প্রতিবাদ করেছিলাম যে এই চুপিসারে যে ম্যানডেটরী প্রভিসান তুলে দেওয়া হল এটা মারাত্মক। যাইহোক মন্ত্রী মহাশয় তাঁর ভাষণের শুরুতেই বলেছেন যে তিনি আমি যে সংশোধনী দিয়েছি সেই সংশোধনী গ্রহন করবেন তারজন্য নিশ্চয়ই তাঁকে সাধুবাদ জানাব। তাহলে তিনি বিষয়টা পুনর্বিবেচনা করেছেন।

দ্বিতীয় কথা হচ্ছে পঞ্চায়েত এ্যাক্ট যখন এ্যামেণ্ড করলেন তখন কতকগুলি জিনিস দরকার ছিল। কারণ, গতবার তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন বামফ্রন্টের তরফ থেকে যে নির্বাচনের সময় ভোটার তালিকা সংশোধন করার সুযোগ থাকবে। এটা তো মিনিমাম ডেমোক্রাটিক নরমস। কিন্তু আইনে এমন প্রভিসান করে দেওয়া হল যে এ্যাসেম্বলী ইলেকশানের ভিত্তিতে তার কোন ব্যবস্থা রাখা হল না, সময় থাকল না ইলেকশান কমিশনে প্রভিসান রেখে ইলেকটোরাল রোল কারেকশান করার। কারণ, বহু জায়গায় বহু জেনুইন ভোটারের নাম ইনক্লুডেড হয়নি। এ্যাসেম্বলী ইলেকশান চলে যাওয়ার পর তাঁরা যোগ্য ভোটার হিসাবে যাতে আসতে পারেন তারজন্য পঞ্চায়েতের জন্য আলাদা ভোটার লিস্ট করবেন বলেছিলেন। এটা মিনিমাম ডেমোক্রাটিক নরমস। কিন্তু তা না করে ডিফেক্টিভ প্রভিসান আইনে রাখলেন যার ফলে পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে গ্রাম পঞ্চায়েতের নির্বাচনে ভোটারদের লেজিটিমেট রাইট থাকা সত্ত্বেও তারা ডিপ্রাইভ হল, আপনি তাদের রাইট দিতে পারলেন না। দিস ইজ আন-ডেমোক্রাটিক।

তৃতীয় কথা হচ্ছে বামফ্রন্টের পক্ষ থেকে ১৯৭৩ সালের পঞ্চায়েত আইন ইতিপূর্বে যখন সংশোধন করা হয় তখন তার যে মৌলিক ত্রুটি ছিল, আপনারা বলেছিলেন পঞ্চায়েত নির্বাচনে রাজনৈতিক দল তাদের মতবাদ এবং আদর্শের ভিত্তিতে তাদের প্রতীক নিয়ে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবে কিন্তু এখানে যে প্রতিশ্রুতি আপনারা দিয়েছেন সেখানে ডিসক্রিমিনেট করা হয়েছে। আপনারা যদি বলেন যে আমরা ইলেকশান কমিশনের যে এগজিসটিং নর্‌মস তার ভিত্তিতে পঞ্চায়েত ইলেকশান করছি এবং পলিটিক্যাল পার্টিগুলিকে প্রতীক নিয়ে প্রতিদ্বন্দ্বিতা করবার অধিকার দিচ্ছি তাহলে আমি বলব ইলেকশান কমিশনের যে নর্‌মস সেটা মেনটেন করছেন না, পলিটিক্যাল পার্টিগুলিকে ত্নটো ক্যাটিগোরিতে ভাগ করেছেন। পিপল রিপ্রেজেনটেশান এ্যাক্টে পলিটিক্যাল পার্টিগুলিকে ত্নটো ক্যাটিগোরিতে ভাগ করেছেন—একটা হচ্ছে রেজিষ্টার্ড রেকগনাইজড পলিটিক্যাল পার্টি, আর একটা হচ্ছে রেজিষ্টার্ড বাট আন—রেকগনাইজড পলিটিক্যাল পার্টি এবং সেখানে ইলেকশান কমিশন যে সুযোগ সুবিধা দিয়েছেন সেটা হচ্ছে রেজিষ্টার্ড রেকগনাইজড পলিটিক্যাল পার্টিগুলি তাদের নিজস্ব সিম্বল নিয়ে প্রতিদ্বন্দ্বিতা করতে পারেন আর রেজিষ্টার্ড বাট আন-রেকগনাইজড পলিটিক্যাল পার্টিগুলি ফ্রি সিম্বল এর মধ্যে তাদের পছন্দমত যেকোন একটা সিম্বল বেছে নিতে পারেন এবং সেই সিম্বলের ভিত্তিতে তারা ইলেকশানে প্রতিদ্বন্দ্বিতা করতে পারেন। আমরা ইন দি লাস্ট জেনারেল ইলেকশান-এ সাচ রেকগনাইজড পলিটিক্যাল পার্টিজ ভারতবর্ষের ইলেকশান কমিশনের এই নীতির ভিত্তিতে ফ্রি সিম্বলগুলির মধ্যে সাইকেল চিহ্ন এই প্রতীক বেছে নিয়ে তারই ভিত্তিতে আমরা অল ওভার ওয়েষ্ট বেঙ্গল কিংবা অন্য স্টেট নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেছি, কিন্তু ইলেকশান কমিশনের নর্‌মসের ভিত্তিতে করেছি। কিন্তু আপনারা সেটা ভায়োলেট করলেন।

গতবারে আপনারা সেই সুযোগ দেননি এবং এবারেও জানিনা আপনারা কি করবেন। আমি অশা করেছিলাম এই এ্যাক্টের মধ্যে এ সম্বন্ধে কিছু থাকবে। অবশ্য এ্যাক্টে না থাকলেও অপনারা রুলস্‌-এ সেই ব্যবস্থা করতে পারেন। সমস্ত রাজনৈতিক দল নির্বাচনে একই সুযোগ পাবে এই বিষয়টি কনসিডার করুন এবং আমি আশাকরি মন্ত্রীমহাশয় তাঁর জবাবী ভাষণে এ সম্বন্ধে তাঁর বক্তব্য রাখবেন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-40—4-50 P.M.]

**শ্রীহেমেন মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেসীরা যে পঞ্চায়েত এ্যাক্ট করেছিলেন তার উপর পঞ্চায়েত মন্ত্রীমহাশয় একটা এ্যামেণ্ডমেণ্ট উত্থাপন করেছেন। আজকে ওঁরা কারচুপির কথা বলছেন। আমি লক্ষ্য করেছি নির্বাচনে হেরে যাবার পর থেকেই এই শব্দটা তাঁরা বার বার প্রয়োগ করছেন, যদিও তাঁরা জানেন সত্যকথা বলছেন না। মাননীয় সদস্য জয়নাল আবেদিন জানেন ১৯৭৩ সালে তাঁরা যে আইন করেছিলেন সেই আইনেই প্রভিসন করেছিলেন যে এ্যাসেম্বলী

ইলেকটোর্যাল রোল যেটা থাকবে সেটাই গ্রাম পঞ্চায়েতে প্রয়োগ করা হবে। আমি সেই ধারাটা আপনাদের কাছে পড়ে শোনাচ্ছি।

"Persons whose name are included in the electoral roll of the West Bengal Legislative Assembly for the time being in force pertaining to the area comprises in the Gram, shall elect by secret ballot at such time and in such manner as may be prescribed from among themselves such number of members not being less than seven or more than twentyfive as the prescribed authority may having regard to the number of voters in the whole area and other areas and in accordance with such rules as may be made in this behalf by the State Government determine and the members so elected shall be members of the Gram Panchayats.

আমার প্রশ্ন হচ্ছে, তাঁরা যে আইন তৈরী করেছিলেন সেই আইন যখন প্রয়োগ হতে যাচ্ছে তখন তাঁরা আর্তনাদ করছেন কেন? এর কারণ হল, গত নির্বাচনে তাঁদের যে অবস্থা হয়েছিল তাতে তাঁরা ভূত দেখতে আরম্ভ করেছেন—অর্থাৎ জনসাধারণকে তাঁরা এখন ভূত হিসেবে দেখছেন। জনসাধারণের হাতে গত নির্বাচনে যেভাবে : পরাজিত হয়েছিলেন এবারেও সেইভাবে পরাজিত হবেন তাই বার বার কারচুপির কথা বলছেন। তাঁরা বলছেন বুথ ভিত্তিতে ভোট গণনা করতে হবে। মন্ত্রীমহাশয় বলেছেন সেই পদ্ধতির আমরা পরিবর্তন করব এবং সেইভাবেই তিনি এ্যামেণ্ডমেন্ট এনেছেন। তারপর, কতগুলি ছড়ান এলাকা রয়েছে যেগুলি এক একটা মৌজার সঙ্গে যুক্ত হয়ে যাচ্ছে। এই অসুবিধা দূর করার ব্যবস্থা করা হয়েছে যাতে আমরা একটা পঞ্চায়েতের মধ্যে যেতে পারি। এঁরা আজকে জনসাধারণের কাছে যেতে ভীত, সন্ত্রস্ত তাই আগবাড়িয়ে এইসব কথা বলছেন যাতে হেরে গেলেও কৈফিয়ত দেওয়া যায়। এঁরা যে পঞ্চায়েত আইন তৈরী করেছিলেন তাতে তাঁরা জনসাধারণের হাতে অধিকার দেননি, গ্রামের মোড়ল, মাতব্বরদের হাতে কিছু অর্থ দিয়ে তাঁদের দিয়ে কাজ করতেন। এর ফলে নানা রকম গোলমাল নিজেদের মধ্যে হোত এবং কে পঞ্চায়েতের ক্যাণ্ডিডেট হবে তা নিয়ে নানারকম ঝগড়া হোত। কিন্তু আমরা পঞ্চায়েতে একটা ব্যাপক পরিবর্তন এনেছি এবং এই ব্যাপারে আমরা যে নীতি গ্রহণ করেছি তাতে ইতিমধ্যেই কিছুটা ফল পাওয়া গেছে। আমরা পঞ্চায়েতের হাতে যে ক্ষমতা এবং অধিকার দিয়েছি এবং সেটা তাঁরা যেভাবে প্রয়োগ করছেন তাতে গ্রামের লোকেরা উপকৃত হয়েছে। অপরপক্ষে গত ৩৫ বছর ধরে এঁরা বিভিন্নভাবে রাজত্ব চালিয়েছেন, পাড়ায় পাড়ায় একই পার্টির মধ্যে বিরোধ চলতো। এবং নির্বাচনের সময় গ্রামের ঐ মোড়ল মাতব্বরা ঠিক করতো কে নির্বাচনে ক্যাণ্ডিডেট হবে। এবং এই নিয়ে বার বার ঝগড়া লাগতো। আজকে পশ্চিমবাংলায় পঞ্চায়েতের চেহারার একটা পরিবর্তন আমরা আনতে চেয়েছি। ব্যাপকভাবে ডেমোক্রাটিক ওয়েতে, ব্যাপকভাবে গণতন্ত্রিকরণ করার নীতি আমরা গ্রহণ করেছি। এই

নীতি অনুসরণ করে ইতিপূর্বে একটা পরীক্ষা হয়ে গেছে। আজকে সেই পরীক্ষাকে বিচার করে দেখতে হবে। যা সারা ভারতবর্ষে এই অধিকার দিতে পারে নি আমরা সেটা প্রয়োগ করেছি। আজকে মানুষের জীবনে নূতন পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। ওঁরা ৩৫ বছর রাজত্ব চালিয়েছে, বিভিন্ন প্রশ্ন এসেছে, গণতন্ত্রীকরণের করার যে আন্দোলন সেটা বার বার উত্থাপিত হয়েছে—রবীন্দ্রনাথের কথা, মহাত্মা গান্ধীজীর কথা উত্থাপিত হয়েছে। কিন্তু সব জিনিসটাই একটা পেপার ওয়ার্কসের মধ্যে চলেছে। আজকে সেই জিনিস পশ্চিমবাংলায় কার্যকরী হচ্ছে এবং তা রূপায়িত হচ্ছে। আজকে জনসাধারণের মধ্যে নূতন ধরনের দৃষ্টিভঙ্গির সৃষ্টি করেছে—তাদের নূতন অধিকার দিয়েছে। এখন কংগ্রেস পার্টি, প্রতিক্রিয়াশীল চক্র ভূত দেখতে আরম্ভ করেছে। এবং সেই কারণে একটা জট বাঁধাবার চেষ্টা করছেন। পঞ্চায়েতে দুর্নীতি হচ্ছে এইসব কথা বলছেন। আপনারা কি মনে করতে পেরেছেন যে, যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে যে অবস্থা ছিল, তাকে আরও স্ফীত আরও ব্যাপকভাবে গণতন্ত্রীকরণ করা হয়েছে। এই অবস্থা দেখে যেখানে যেখানে কংগ্রেস শাসন করছে সেখানে জনগণ দাবী তুলেছে। পঞ্চায়েতকে আমরা আরও সুসংগঠিত করেছি। আজকে পঞ্চায়েতের মাধ্যমে অনেক কাজ করা হচ্ছে, বিভিন্ন দপ্তরের কাজ পঞ্চায়েতের মাধ্যমে করা হচ্ছে। তাই কংগ্রেস শাসিত রাজ্যে তারা এই রকম ব্যবস্থা করার জন্য দাবী তুলেছে। এই কথা বিভিন্ন রিপোর্টে বেরিয়েছে। একথা কেউ অস্বীকার করতে পারে না। এই কয়েকদিন আগে বোম্বের ইউনিভার্সিটি থেকে রিসার্চ স্কলাররা এখানে একটা তদন্ত করতে এসেছিল। তারা কি বলেছে সেটা আজকে ওঁদের মনে রাখা দরকার। তারা আমাদের গ্রামে গ্রামে ঘুরে দেখেছে। তারা দেখেছে যে পশ্চিমবাংলায় গ্রামের মানুষকে সরকারী কাজের জন্য রাজধানীতে গিয়ে ধরনা দিতে হয় না। গ্রামের কাজ আজকে গ্রামেতেই হচ্ছে। যিনি একজন পঞ্চায়েত বিশেষজ্ঞ শ্রী এস. কে. দে, তিনি দেখতে এসেছিলেন। তিনি পশ্চিমবাংলার নানা জায়গায় গিয়ে খোঁজ নিয়েছেন। এলাকায় এলাকায় ঘুরেছেন। তিনি যে কথা বলে গিয়েছেন, সে কথা ওঁরা সহ্য করতে পারছে না। তিনি পঞ্চায়েত সম্বন্ধে সবচেয়ে অভিজ্ঞ। তিনি দেখেছেন তাঁর যে স্বপ্ন সেটা এখানে কার্যকরী হচ্ছে। আমার এলাকায় ইনষ্টিটিউট of management Bangalore. বিভিন্ন এলাকা ঘুরেছেন এবং দেখেছেন পঞ্চায়েতে কি কাজ হচ্ছে। গ্রাম পঞ্চায়েতের প্রতিটি হিসাব নেওয়া হয়, এবং কংগ্রেস'পার্টিকে ডেকে হিসাব নেওয়া হয়। কোন নূতন কাজ করার আগে সকলকে ডেকে পরিকল্পনা রচনা করা হয় এবং ওঁদের সাহায্যও নেওয়া হয়। যে অর্থ ব্যয় হয় তার থেকে অনেক বেশী কাজ হয়, এটা আমরা দেখেছি।

পঞ্চায়েত কি কাজ করেছে সেটা একটু আলোচনা করি। পঞ্চায়েত কি কাজ করে সে সম্বন্ধে এত কথা বলার দরকার নেই। পঞ্চায়েত একটি লোকাল রাইটার্স বিল্ডিংস হয়ে দাঁড়িয়েছে। ওখানে সমস্ত দপ্তরের কাজ কেন্দ্রীভূত হচ্ছে, তাতে ওদের একটু অসুবিধা হচ্ছে। কারণ, ক্ষেত মজুর গরীব চাষীরা এই নেতৃত্বে এসেছে। পঞ্চায়েত সেক্রেটারী, যাদের ওরা সৃষ্টি করেছিলেন, সেই সব

বাস্তব ঘুঘুর দল এবং বি. ডি. ও বস্কগুলিতে যে গড়ে উঠেছিল, তারা শুধু গাড়ী নিয়ে হুঁশিয়ারি করে বেড়াতেন, তারা একটু বিপদে পড়েছেন। এই খরা পরিস্থিতির মধ্যে আমার এলাকার ১৭টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ১৩টি গ্রাম পঞ্চায়েতের ওয়ার্কারদের একসঙ্গে ট্রেনিং-এ পাঠিয়ে দেওয়া হল। তার ফলে একটা চরম পরিস্থিতি দেখা গেল। কাজ কর্ম আটকে যাবার উপক্রম দেখা দিল। আজকে একটা নতুন পরিবেশ সৃষ্টি হয়েছে, গ্রামে আত্ম বিশ্বাস বেড়েছে, স্বনির্ভরতা বেড়েছে। কাজেই এই পরিস্থিতির মধ্যে ওরা ভীত, সন্ত্রস্ত। তাই আজকে কতকগুলি ছেঁদো কথা বলে একটি এ্যামেণ্ডমেণ্টকে কেন্দ্র করে এখানে কারচুপির কথা তুলতে আরম্ভ করেছেন। সেই জন্য আমি তাদেরকে এই কথা বলব, আপনারা এই পথ থেকে বিরত থাকুন, জনসাধারণকে ভয় করা থেকে দূরে থাকুন। মাননীয় মন্ত্রী মহাশয় যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-50—5-00 P. M.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাকে বলার এই সুযোগ দেবার জন্য প্রথমেই আমি আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমি এর আগের কথা পুনরুল্লেখ করছি। শ্রদ্ধা ভাজন বিনয় চৌধুরী মহাশয় বিলগুলি নিয়ে আসেন এমনই হাফ ওয়েতে যে তাকে সমর্থনও করা যায় না, আবার প্রত্যাখানও করা যায় না। ইট ইজ হাফ ওয়ে, এই ডিফিক্যালটি উনি বার বার তৈরী করেছেন। এবারেও নতুন উৎপাত আমরা দেখলাম। তিনি একটি বিল নিয়ে এসেছেন। তার উপর বলব বলে আমরা আগের থেকে তৈয়ারী হয়ে এসেছি। উনি আগেই বলে দিলেন আপনাদের সংশোধনী আমি গ্রহণ করে নিলাম, কারচুপি করব না। এর পরে আব বক্তব্যই থাকে না। ইভেন দেন, কারচুপি যখন করবেন না বলে ঘোষণা করেছেন, তারপরে আমাদের বক্তব্য খুব সংক্ষেপ হয়ে যায়। আমি মনে করছি যে সংশোধনী বিলটি এনেছেন সেই সংশোধনী রাজনৈতিক উদ্দেশ্যে প্রনোদিত হলেও ষ্টাটুটরি কম্পালসান এর পিছনে আছে। তবে যেটা সম্ভবপর ছিল মডিফিকেসনের সেই পথটা উনি নেন নি। কারণ আজকে যারা এসেছেন মাই অনারেবল্ ফ্রেণ্ড অব দি রুলিং ফ্রন্ট, এদের অধিকাংশই এসেছেন কারচুপির মাধ্যমে। সেই কারচুপির পথটা সৃষ্টি হয়েছিল ভোটার লিষ্টে। দি বেসিস অব ইলেকসান—এই সম্পর্কে আমি খালি কতকগুলি ইন এ্যাকিউরেসির প্রতি মাননীয় শ্রদ্ধাভাজন মন্ত্রী বিনয়বাবুর দৃষ্টি আকর্ষণ করছি।

In your statement you have said that it is the second general Election of the Panchayat. But possible it is no. May I pointout that the first general election of Panchayat was held as per back as is 1964-1965 and the next election was due in 1967-1968.

মাননীয় মুখ্যমন্ত্রী এখানে বারে বারে বলেন আপনারা ১৪ বছর পঞ্চায়েত ইলেকসান করেননি নি। নট ছাট—ইট ইজ দি কাওয়ার্ড···ruling front, how it is the coward united who refuses to hold eleetion was due in 1967-68.

স্যার, ইট ইজ নট দি সেকেণ্ড জেনারেল ইলেকসান. পারহ্যাপ্স, ইট ইজ দি থার্ড জেনারেল ইলেকসান। সো লেট দি অনারেবল মিনিষ্টার ষ্ট্যাণ্ড কারেক্ট। আমার নেকষ্ট পয়েন্ট হল, ভোটার লিষ্ট সম্পর্কে আমরা আগেই অভিযোগ করেছি আপনাদের একতিয়ার নেই, ইলেকসান কমিশন এটা করবে। ইন দি ইণ্টারমিডিয়েট পিরিয়ড আপনারা যখন জানেন পঞ্চায়েত ইলেকসান ওয়াজ ডিউ এ্যাজ ফার ব্যাক এ্যাজ আগষ্ট, ১৯৮২—আপনারা ইলেকসান করলেন না। কারণ চুরি একবার করা যায়, বছরে দু বার করা যায় না।

(এই সময় মহারানী কোণ্ডারকে চীৎকার করে কিছু বলতে শোনা যায়।)

মা কালী, মা চামুণ্ডে, আমায় ক্ষমা কর, কৃপা কর, দয়া কর।

আজকে সেইজন্য এই ভোটার লিষ্টটা—ইউ কুড হ্যাভ মেড এ রেফারেন্স কারণ বুথগুলি সেট আপ হয়েছিল, যেগুলি পলিটিক্যালাইজড করে ইউ হ্যাভ বিন ইন পাওয়ার। এই বুথগুলি র‍্যাশনালাইজ করা হয়নি। এখন যে প্রোপোজালটা এনেছেন সেখানে অনেক ক্ষেত্রে রিপ্রেজেনটেসান কমে যাচ্ছে, সেকথা কাশীবাবু বলেছেন, পসিবলি ইট ইজ নট ডিজায়েরেবল। এই লোয়ার লেভেল বডিতে পঞ্চায়েতের মাধ্যমে যে গুরুভার আপনারা অর্পন করেছেন এবং আপনারা ভিলেজ ভ্যাগ্যাব্যাণ্ডদের পিক আপ করে পার্টি লেবেলে দিয়ে নিয়ে এসে কারচুপি করে ক্ষমতায় বসাচ্ছেন সেখানে larger representation is desirable, not a smaller representation.

এই দিকটা যদি দেখে করতেন তাহলে ভাল হ'ত। I am afraid by your proposed Legislation. The number of representation in the local panchayat body would be smaller not increase.

তারপর আমার বক্তব্য এই বুথগুলি র‍্যাশনালাইজ সব জায়গায় করা হয়নি। আমরা দেখেছি, এমনও হয়েছে, যে গ্রামে যে বুথ আছে সেখানে সেই গ্রামের লোক ভোট দিচ্ছে না, তারা চলে যাচ্ছে এক বা দেড় মাইল দূরে। এই যে ইর‍্যাশানালিটি, এখানে ক্যারেকসান both with the consent of the election Commission এটা বোধ হয় সম্ভবপর হ'ত। তা না হ'লে একটা সোশ্যাল টেনশান থেকেই যায়। আমার গ্রামে অন্য গ্রামের লোকেরা ভোট দিতে আসছে—আমার বঁধুয়া আনবাড়ী যায় আমারই আঙিনা দিয়া—এই যে অবস্থাটা হচ্ছে, এই অবস্থাটা একটা সোশ্যাল টেনশানের সৃষ্টি করে। এটা যে সব সময় আপনাদের পক্ষে অনুকূল হবে একথা মনে করার কারণ নেই। তারপর যে সময়ে আপনারা ইলেকসানটা করেছেন এটা ইনকনভিনিয়েন্স, ইউ ডিড নট হোল্ড দি ইলেকসান ইন টাইম। এখন যে সময়টা দিয়েছেন—প্রপোজাল ফর ইলেকসান ২৯ তারিখ, আই কনগ্রাচুলেট you for your booldness and I congratulate you that you have not become coward this time as you were in August, 1982 to hold the election.

আমার মনে হয় এখানে টেনশানটা রিমুভ করা দরকার, এটা হ'লে হবে কি যেখানকার মানুষ সেখানেই ভোট দেবে। এখানে কোন পলিটিক্যাল মোটিভ থাকা উচিত নয়। এরপর আমি এরিয়া সম্বন্ধে বলব। আমার জায়গায় দেখেছি, আই ফাইটিং হেয়ার, কোন জায়গায় ১১৬৭ আবার কোন জায়গায় ৩৩৭ ইট বিকামস রেডিকুলাস। এটার মধ্যে কিছুটা সামঞ্জস্য আনা যেতে পারে ইন পয়েণ্ট অব নাম্বার অব ভোটার। এটা যদি বিবেচনা করে দেখতেন—আই ক্যান শো ইউ দি পেপারস। আমার ওখানের যে ভোটার লিষ্ট পেয়েছি ১৪০ টা বুথের তারমধ্যে এক জায়গায় আছে ৩৩৭ আর এক জায়গায় ১২৬১, এটা র‍্যাশনালাইজ করা বোধহয় সম্ভব ছিল। তারপর আমরা বারবার বলেছি পঞ্চায়েতে গুরুতর দুর্নীতি আছে, গুরুতর অব্যবস্থা আছে। সবগুলিতে সরকারপক্ষের মদত আছে একথা বলছি না। সেখানে যে কোয়ানটাম অব ম্যানি ফ্লো করছে তাতে এক্সপার্টাইস, সেই এক্সপিরিয়েন্স, অডিট, ইন্সপেকসান, কনষ্টিটিউসান এদের নেই। এখানে ইমপ্রুভমেণ্টের কোন প্রস্তাব আপনাদের নেই। It is a methodical proposal, proposal for not election only.

তারপর কাউন্টিং অব ভোটস। এখানে প্রিসাইডিং অফিসারদের তত্ত্বাবধানে, সি. পি. এম. অফিসে বাক্স বদল করে যাতে না হয় সেটা যে মেনে নিয়েছেন সেজন্য I congratulate you for accpting this amendment. তারপর আর একটা কথা বলি। গতকাল মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্য রেখেছেন। আমরা চেয়েছিলাম এখানে তাঁর বক্তব্য পাশাপাশি শুনতে, তা হয়নি, আমরা ঘরে বসে শুনেছি। তিনি তাঁর বক্তব্যের মধ্যে অনেক কথা বলেছেন আবার অনেক কথা সুকৌশলে এড়িয়ে গিয়েছেন। বিনয়বাবু আশা করি সেটা করবেন না। আমরা কমিউনিজিম জানি না, মার্কসিজিম জানি না, জানলে তো হয়েই যেতাম, এখানে আমি একটি বই-এর কথা বলছি। পেট্রিয়ট পাবলিকেশান এই বইটি পাবলিশ করছেন, আমাদের কাছে পাঠিয়েছেন।

[5-00—5-10 P. M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পেট্রিয়ট পাবলিকেশান বোধ হয় আপনিও পেয়েছেন, টুয়েল্ভ congress chinese communist party. মাওসেতুংয়ের আগে এবং মাওসেতুংয়ের পরে কি হয়? এরা যে গণতন্ত্রের কথা বলে, পার্টির এতে আমরা দেখেছি যে স্বয়ং ভগবানও যদি অবতার হন তাহলেও এই কমিউনিজম-এর দ্বন্দ আগামী সেঞ্চুরীতেও এ্যাজ আই ফেরসি মীমাংসার কোন সম্ভাবনা নেই, ইট হ্যাজ বীন দেয়ার। এতে কংগ্রেসের দ্বন্দ দেখে আত্মতুষ্টির কারণ নেই। আমি এই কথা বলতে চাই, উইথ এ স্মল এক্সপেরিয়েন্স যে আপনাদের যে ইনার কনফ্লিক্ট, পরবর্ত্তী বিলে যেটা আপনার আনতে চেয়েছেন, তার পরেও এই কনফ্লিক্ট থাকবে। আপনারা এই আইডিয়া করুন, আমার যেটা ধারণা যে ভিলেজ ভ্যাগাব্যাণ্ডদের বসিয়ে দিয়ে দেশের উন্নয়ন করা যায় না যেটা আপনাদের পলিসি। Time is right now to discord that policy to pick up the village vagabon for the development of the country

through Panchayati Raj institutions. এটা কোন দেশে হয়নি, হয়না। আমরা বেসিক টেনেটস-এ আপত্তি করেছিলাম যে গ্রাসরুট লেভেলে আমরা পলিটিসাইজ করবো না, পঞ্চায়েতে পলিটিসাইজ করবো না। বর্ষীয়ান নেতা প্রফুল্লচন্দ্র সেন একাধিকবার কল দিয়েছিলেন যে পঞ্চায়েতকে পার্টির উর্দ্ধে, পলিটিক্সের উর্দ্ধে রাখতে কারণ এখানে যদি দলাদলি হয় তাহলে সোসাল টেনসান বাড়ে এবং আত্মকলহ বাড়ে। আজকে এজ অব ট্রাষ্ট, দিজ আর দি ডেজ অব ট্রাষ্ট, খবরের কাগজে হরিবল সংবাদ দেখেছি। এটা যদি গ্রাম লেভেলে করা হয় তাহলে এই টেনশানটা বাড়ে, পার্মানেণ্ট হয়, কমিউন্যাল হারমনি ডিস্টার্বেন্সেস হয়। এই জাতপাত ছাড়া ভারতবর্ষে ভোট থাকেনা এবং বিশ্বের সব জায়গায় সম্ভবপরও হয়নি। কাজেই সোসাল টেনশান বাড়ে। সেজন্য বর্ষীয়ান নেতা, এককালে মুখমন্ত্রী ছিলেন, তিনি বলেছিলেন যে গ্রাসরুট লেভেলে সাধারণ মানুষকে ফর দেয়ার ওন অর্গানাজেশান পলিটিসাইজ করা উচিত হবেনা। কিন্তু আপনারা এটাতে কর্ণপাত করেন নি। আমরা এই সম্পর্কে আগেও অভিযোগ করেছি। এবারেও যে প্রথম থেকে ধ্বংস হয়েছে তার কারণ এ্যাডমিনিসট্রেটিভ নিউট্রালিটি। The administration is being forced to serve the partisan games of the partners of the ruling front and the major partner is C. P. M. সেখানে এই নির্বাচন এবং সম্পূর্ণ ব্যবস্থা কি হয় সেটা আমরা বুঝতে পারি। আমি নিজে উপস্থিত ছিলাম, আমি জানি ড্রাউট রিলিফের ১ লক্ষ ৯৭ হাজার টাকার ব্যাপার নিয়ে আলোচনা হয়েছিল। I was present is the meeting of the Zilla Parisad. I asked the president what is the formula, what is the plan and schime you have submitted ? He said he had not been able to prepare a scheme of 67 thousand. এক লক্ষ টাকার ধারে পাশে যেতে পারেনি, কারণ একসপারটাইজ নেই। এই যে কনট্রাডিকশান আপনাদের মধ্যে কারণ আপনারা চান পার্টি দেখতে, দলবৃদ্ধি করতে, আপনারা দেশকে দেখতে চাননা। আপনারা ন্যাচারাল ক্যালামিটিকে ফেস করতে চান না। এ জন্য আপনাদের বারবার হুসিয়ার করি, এটাকে একটু ভেবে দেখবেন যে কিছু কমপিটেনসি এর মধ্যে আনা যায় কি না, কিছু একসপারটাইজ ডেপুটেশান দেওয়া যায় কিনা, কিছু সুপারভিশান, কিছু ভিজিলেন্স, কিছু পিরিয়ডিক ইনসপেকশান ইফেকটিভ করা যায় কিনা। এই সম্পর্কে নির্দিষ্ট কমপ্লেন আপনাদের বিরুদ্ধে এবং আপনার পঞ্চায়েত ডাইরেকটর এবং ভিজিলেন্স কমিশনে নো কনফিডেন্স দিয়ে আমি নিজে চিঠি দিয়েছি। হোয়াট ইজ দি অথরিটি অব ইওর পঞ্চায়েত ডাইরেক্টোরেট টু রিমেইন সাইলেন্স ? ইউ ডিফেণ্ড অন দেয়ার বিহাফ।

( গোলমাল )

মা চামুণ্ডা, মা কালী, এদের তুমি দেখো…

( গোলমাল )

আজকে আপনাকে জিজ্ঞাসা করি, এই কারাপসানের চার্জ আনা সত্বেও, এই ইনএফিসিয়েন্সির চার্জ আনা সত্বেও, আপনার কী ইঙ্গীত ছিল যে ওরা একটারও উত্তর দেয়নি? কেন উত্তর পাইনি একজন পাবলিক রিপ্রেজেনটেটিভ হয়ে? Why your vigilance commission is silent why your director is silent, why your department is silent. I raise this specific question. আজকে এগুলি দূর করার কোন ব্যবস্থা হয়নি, নির্বাচন প্রহসন হয়, দুর্নীতি বাসা বাধে। ড্রাউটের সব টাকা খরচ হয়নি বলেছেন মুখ্যমন্ত্রী, কি করে করবেন, রেখে দিয়েছেন। পঞ্চায়েত ইলেকশান ডিক্লেয়ার করে পশ্চিমবাংলার জন্য সরকারী টাকা ব্যয় করুন মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিল থেকে।

ওঁরা কেন্দ্রের প্রদত্ত ১১ কোটি টাকা পঞ্চায়েত ইলেকশনে ব্যয় করবেন এবং দে ক্যান উইন ওভার দি ইলেকসন। যে দেশে দারিদ্র আছে সেদেশে ট্রেড ইজ্ গড্। মানুষের পভার্টির সুযোগ নিয়ে, সরকারী কোষাগারের সাহায্যে পার্টিজেন্ ওয়েতে ইলেকশন পরিচালনা করবেন। একদিন এই জিনিষ বুমেরাং হয়ে আপনাদের সর্বনাশ হবে, এই হুঁশিয়ারি দিচ্ছি। Other wise there are some statutory compalsion. I support portions of the proposals of the proposed legislation. The rest I oppose velemently and that is why the minister has aceepted the amendment is regards possibilities of rigging. I accept and support this Bill Partly. Thank you Sir.

**অধ্যক্ষ মহোদয়ঃ** ডাঃ জয়নাল আবেদিন, তাঁর বক্তৃতার মধ্যে যেখানে, "মা চামুণ্ডা, মাকালী" ব্যবহার করেছেন সেখানটা এক্সপাঞ্জ হবে।

**শ্রীতারাপদ সাধুখাঁঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পঞ্চায়েত মন্ত্রী মহাশয় পঞ্চায়েত আইনের কতগুলি সংশোধনী এনেছেন আজকে পঞ্চায়েত আইন সম্পর্কে আমি মন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটি প্রশ্ন রাখতে চাই। সব চেয়ে বড় প্রশ্ন যেটা আমি পঞ্চায়েত মন্ত্রীর নজরে আনছি সেটা হচ্ছে, পঞ্চায়েতের ওপরে যে গুরুদায়িত্ব অর্পিত হয়েছে তাতে পঞ্চায়েতের সদস্য সংখ্যা বৃদ্ধি হওয়া দরকার। অথচ আজকে মন্ত্রী মহাশয় বৃদ্ধি করার পরিবর্তে কতগুলি জায়গায় কম হলেও চলবে, এই মর্মে একটা এ্যামেণ্ডমেণ্ট নিয়ে এসেছেন। প্রথমে আইনে ছিল ৭ জনেরকম সদস্য নিয়ে কোন গ্রাম পঞ্চায়েত গঠিত হতে পারবে না, কিন্তু সেই আইনকে সংশোধন করে ৫ জন করা হয়েছে। এর কারণ কি?

আজকে পশ্চিমবঙ্গে যে অবস্থা চলছে এই অবস্থার মধ্যেও আমরা পঞ্চায়েত নির্বাচনে অংশ গ্রহণ করব, কারণ আমরা গণতন্ত্রকে বজায় রাখতে চাই, গণতান্ত্রিক নীতিতে আমরা বিশ্বাস করি।

আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, প্রত্যেক গ্রাম পঞ্চায়েতে ৪ জন করে সদস্যকে কো-অপ্ট করে নেবার প্রোভিসন আছে। দু'জন মহিলা সদস্য এবং দু'জন সিডিউল্ড কাস্ট সদস্য। আমার মনে হয় এই ব্যবস্থা গণতান্ত্রিক ব্যবস্থা নয়। পঞ্চায়েত মন্ত্রী যদি আইনকে সংশোধন করে সিডিউল্ড কাস্টদের জন্য রিজার্ভড সিটের ব্যবস্থা করতেন তাহলে ভাল হতো। তিনি সেটা কেন করলেন না তা বুঝতে পারছি না! এই যে ব্যবস্থা আছে এতে নির্বাচনের পর যখন পঞ্চায়েত গঠিত হবে তখন হয়তো দেখা যাবে সেখানে ৭ জন নির্বাচিত সদস্যদের মধ্যে একদিকে ৪ জন, আর একদিকে ৩ জন, এখন ৪ জন থেকে প্রধান নির্বাচিত হবে এবং তার পরে তারা তাদের ইচ্ছে মত আরো ৪ জন সদস্যকে কো-অপ্ট করে নিয়ে তাদের মেজরিটি অনেক বেশী করে ফেলবে। ফলে সত্যিকারের গণতান্ত্রিক পদ্ধতিতে পঞ্চায়েতের কাজকর্ম পরিচালিত হবে না। তাই আমি এই বিষয়টির প্রতি পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এবিষয়ে তিনি যদি সংশোধনী না নিয়ে আসেন তাহলে দুর্বলতর শ্রেণী সিডিউল্ড কাস্টদের ওপর এই আইনের দ্বারা অবিচার করা হবে। আর এটা সংশোধন করে সিডিউল্ড কাস্টদের জন্য যদি তিনি রিজার্ভ সিটের ব্যবস্থা করেন তাহলে ইলেকশনের মধ্যে দিয়ে সিডিউল্ড কাস্ট সদস্যরা পঞ্চায়েতে আসতে পারে, গণতন্ত্রের প্রসার ঘটে। যদিও এখানে আইনে আছে যে, যদি কোন জায়গায় মহিলা সদস্য বা সিডিলল্ড কাস্ট সদস্য নির্বাচিত হয়ে থাকে তাহলে সেখানে আর কো-অপ্ট করার প্রোভিসন থাকছে না। এই প্রসঙ্গে আমি বলব যে, এই রকম দ্বিধা-বিভক্ত মতবাদ না রেখে মন্ত্রী মহাশয় সংশোধনীর ভেতর দিয়ে মহিলাদের জন্য রিজার্ভ সিট রাখার যদি অসুবিধা থাকে, তাহলেও অন্তত সিডিউল্ড কাস্টদের জন্য রিজার্ভ সিট রাখার প্রভিসনটা করতে পারেন। সিডিউল্ড কাস্টদের জন্য রিজার্ভেসনের ব্যবস্থা করলে এই আইন অনেক বেশী গণতান্ত্রিত হবে।

তৃতীয় কথা হচ্ছে, ৫০০ ইলেকট্রেট-এর ওপর একজন করে সদস্য নির্বাচিত হবে। এখন এই অবস্থায় প্রত্যেক জায়গায় পঞ্চায়েতের টোটাল ইলেকট্রেট্কে ৫০০ দিয়ে ভাগ করা হবে। এখন প্রশ্ন হচ্ছে ভাগ করার পরে দেখা গেল এক জায়গায় ১২ জন সদস্য নির্বাচিত হবেন, কিন্তু সেখানে মাত্র ৭টি বুথ আছে। প্রথম সিদ্ধান্ত হচ্ছে যে, প্রতি বুথ একটি করে ক্যাণ্ডিডেট পাবেন, বাকি ৫ জন ক্যাণ্ডিডেট যেখানে বেশী ভোটার সেখানে পাবেন। যেমন ধরুন বুথ প্রতি ৯১৪, ৯১২, ৭১২, ৬৫২, ৬৫০, ৬৫০ ইত্যাদি ভোটার থাকলে ৯১৪ − ৫০০ = ৪১৪, ৯১২ − ৫০০ = ৪১২, ৭১২ − ৫০০ = ২১২, ৬৫২ − ৫০০ = ১৫২, ৬৫০ − ৫০০ = ১৫০, ৬৫০ − ৫০০ = ১৫০, অর্থাৎ ১ নং বুথ হইতে ৫ নং বুথ একটি করে ক্যাণ্ডিডেট পাবেন, এখন ৬ নং বুথ ও ব্যালান্স ১৫০-এর জায়গায় কি হবে, নির্দিষ্ট নাই। এবিষয়ে সিদ্ধান্ত নেওয়া দরকার।

[5-10—5-20 P. M.]

সুতরাং যদি কোন জায়গায় দেখা যায় যে ব্যালেন্স ৩৫০ এবং ৩৫০ এর যৌথ হচ্ছে সেখানে কি করা হবে সেটাও পরিষ্কার নির্দেশ দেওয়া হল না, সেখানেও দেখবেন রাজনীতি থাকবে।

আমরা চাইছি যে রাজনীতি বাদ দিয়ে নির্মলভাবে ইলেকসন করা যায় তার চিন্তা তিনি সংশোধনীর মধ্যে করতে পারতেন, কিন্তু করেন নি। আরও একটা কথা পঞ্চায়েত সমিতির ৩ হাজার সদস্য পিছু একজন করে সদস্য নির্বাচিত হবেন, কিন্তু সেখানে কোন্ কোন্ জায়গায় ৩ হাজার—১,২,৩, বুথ কি ২,৩,৪ বুথ কি ৪,৫,৬ বুথ কি ৭,৮,৯ বুথ এইভাবে পরিষ্কার কোন নির্দেশ দেওয়া নেই। সংশোধনীতে তিনি বলতে পারতেন যে ১,২,৩ কি ৪,৫,৬ কি ৭,৮,৯ এই রকম একেবারে সিরিয়ালী হবে। এখানে কোন রকম ডিলিমিটেশন এর ক্ষেত্রে বলা থাকে কেন ? যদি সেখানে সিরিয়ালী হয় ? এইভাবে একটা স্বাধিকার থাকার কোন প্রশ্ন থাকতে পারে না। আমাদের বুথলিষ্ট অনু-সারে সিরিয়ালী ১,২,৩ কি ৪,৫,৬ কি ৭,৮,৯ হবে এখানে কোন রাজনৈতিক গোষ্ঠীর প্রভাব থাকতে পারে না বা কেউ ইনফ্লুয়েন্স করতে পারে না। এই ধরণের নির্দেশের কথা থাকা উচিত ছিল। কিন্তু কথা হচ্ছে আমাদের বুথের যে গণনা সেটা অবশ্য তিনি মেনে নিচ্ছেন, সেটা সত্যিকারের প্রয়োজন ছিল। সেখানে ছিল বুথ যেখানে হবে সেখানেই গণনা করা হোক, এবং তার রেজাল্ট ঘোষণা করা হোক। তাতে জনসাধারণের একটা বিশ্বাস থাকবে যে সেখানে ঠিকমত ইলেকসন হয়েছে এবং তার ফলাফল সঙ্গে সঙ্গে জানতে পারা গেছে। সেটা যে তিনি মেনে নিয়েছেন তার জন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। সর্বোপরি আমরা যেটা চাইছিলাম যে আজকে এই পঞ্চায়েত ইলেকসন পিছিয়ে দিয়ে অর্ডিনেন্স করা হয়েছিল। স্যার, আগে সি. পি. এম. বামফ্রণ্ট তাঁরা চীৎকার করতেন সাধারণ নির্বাচনের সময়ে, কেন নির্বাচন মে মাসে বা জুন মাসে করা হবে, তখন দারুণ গরম, কিন্তু আমাদের পঞ্চায়েত ইলেকসন আবার সেই মে বা জুন মাসের দিকে চলে যাচ্ছে। চমৎকার জিনিষ। এটা লক্ষ্য করছি যারা ইলেকসনে বাধা দিয়েছিলেন গরম বলে, আজ তাঁরাই বলছেন যে গরমেই ইলেকসন হবে। একমুখে দুরকম কথা উচ্চারিত হচ্ছে, এটাই আশ্চর্য্য। সেখানে যদি বলা হোতো ডিসেম্বর মাস থেকে প্রস্তুতি নিয়ে যে মার্চ মাসে করা হবে তাহলে সেটাই সবচেয়ে ভাল হোতো এবং যে কথা তাঁরা আগে বলেছিলেন সে কথার মূল্য থাকত। এই যে এক মুখে দুরকম কথা এটা রাজনীতির কবলে পড়ে তাঁরা বলছেন। তা না হলে তাঁরাই বলেছেন যে মে মাসে ইকেলসন ঠিক নয়, আবার তাঁরাই বলছেন মে মাসে করা হোক, চমৎকার অভিনয় তাঁরা দেখাচ্ছেন। এতে তাঁদের কথার মধ্যে কোন যুক্তি দেখতে পাচ্ছি না। আমি আর একটি কথা বলব। পঞ্চায়েতের দুর্নীতির কথা বলা হয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে কায়মনোবাক্যে অনুরোধ করব যে সমস্ত পকেটগুলির কথা জয়নাল আবেদিন সাহেব বলেছেন সেই সমস্ত পকেটগুলিতে দুর্নীতির বাসা বেঁধে আছে। সেখানে তদন্তের হাত তিনি বাড়িয়ে দিন, মানুষের সত্য নিষ্ঠা এবং ভালবাসাকে ফিরিয়ে আনার চেষ্টা করুন। তাঁর কাছে আমি এই আবেদন রাখব। সিঙ্গুরে একটা পকেট আছে। সেখানে ৩টি কেস চলছে। স্কুলে ১২ হাজার টাকা ডিফলকেসনের কেস আছে। পঞ্চায়েতের প্রধানের নামে কেস আছে। এমনই রাজনীতিক গোষ্ঠী। ১৮ কুইন্টাল চাল খাদে ফেলে দিয়েছে। পুলিশের উপর অর্ডার নেই, কাজেই চুপ করে আছে, ডি. এম. কেস করছেন না। অত্যন্ত দুঃখের কথা যে এই সবের সুবিচার পাচ্ছি না। যদি পঞ্চায়েতকে মঙ্গলের

কাজে লাগাতে চান তাহলে হাত বাড়িয়ে দিন, বিচারের মত বিচার করুন। এই সংশোধনীর উপর আরো কিছু সংশোধনের জন্য অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনিল মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্যরা যে বক্তব্য রাখলেন সেই বক্তব্যে বিশেষ করে ডাঃ জয়নাল আবেদিন, উনি বক্তৃতা করলেন, শুনে মনে হল বাংলায় একটা কথা আছে, রান্না করব, স্নান করব চুল ভিজাব না। উনি বললেন মন্ত্রী মহাশয়কে সমর্থন করতে পারছি না, অসমর্থনও করতে পারছি না অর্থাৎ ওনার বক্তব্যে পরিষ্কার কোন চিন্তা ধারা দেখা গেল না এবং সমস্ত কথার মধ্যে গণতন্ত্রের কথা, ভোটার লিষ্টের কথা ১৪ বছর ইলেকসন হয়নি এইসব কথা বললেন। ১৪ বছর ইলেকসন হয়নি এটাতো সত্য ঘটনা।

আমরা ৭২ থেকে ৭৭ সময়ে তো আমরা ছিলাম না। ৭৫, ৭৬ সালে হতে পারতো, হয়নি কেন? ৬৪ সালে বিল পাশ হয়ে গেল। তারপর হতে পারতো। হোলনা কেন? তাহলে ৭২-৭৭-রে নির্বাচন হতে পারতো কিন্তু তা হয়নি। ইন্দিরা গান্ধী বলেছিলেন ডিসেম্বর মাসে নিজের পার্টির ইলেকশন করবেন। বিরোধী দলের যাঁরা সমালোচনা করছেন কিন্তু তাঁরা নিজেদের পার্টির ইলেকশনটুকু করতে পারেন না। এঁদের মুখে যদি গণতন্ত্রের কথা শুনতে হয় তাহলে গলায় দড়ি দেয়া ভাল। কেননা এঁরা এখানে নিজেদের দলের নির্বাচন আজ পর্যন্ত করতে পারেন নি। ডিসেম্বর গেছে, জানুয়ারী গেছে, হয়তো বছরও চলে যাবে—ওঁরা পার্টির নির্বাচন করতে পারবেন না। এঁরা করবেন অন্য নির্বাচন। এঁরা কলকাতা কর্পোরেশনের নির্বাচন করেন নি, কোন মিউনিসিপ্যালিটির নির্বাচন করেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শান্তিনিকেতন যেটা কেন্দ্রের আওতায় আছে, আজকে কতদিন ধরে সেখানে নির্বাচন করেন নি? এবং কোন জায়গা—কেন্দ্রে আছে, রাজ্যে আছে—কোথাও নির্বাচন করেন নি। ৭২ থেকে ৭৭ সাল পর্যন্ত কোন জায়গায় ওঁরা নির্বাচন করেনি। শুধু নির্বাচন কেন, নির্বাচিত জায়গাগুলো ভেঙ্গে দিয়ে একনায়কতন্ত্র কায়েম করেছিল যাঁরা তাঁদের মুখে গণতন্ত্রের কথা শোভা পায় না এবং জয়নাল আবেদিন সাহেব সেটা ভাল করেই জানেন কারণ সেই সময় তিনি একজন মন্ত্রী ছিলেন।

তারপর উনি আরও সবকথা বললেন—বুথের কথা, ফ্র্যাকশনের কথা ইত্যাদি। ফ্র্যাকশন তো আছেই, এম. এল. এ. নির্বাচনেও ফ্র্যাকশন আছে, পার্লামেন্ট ইলেকশনেও ফ্র্যাকশন আছে। যেখানে ২ জন হতে পারতো সেখানে ৫০০ কমে গেলে একজন প্রতিনিধি ইলেকট হয় এই রকম ঘটনা আছে। এরা ডেলিমিটেশনের জন্য বললেন এইমাত্র এই গ্রাম ঐ গ্রাম জুড়ে দেওয়া হয়েছে। আজকে বাঁকুড়া জেলায় ৩টি পার্লামেন্টের কেন্দ্র আছে। আজকে বাঁকুড়া জেলাকে ৩ টুকরো করা হয়েছে। এই ডিলিমিটেশন ঠিক আছে? সেই জায়গায় যেহেতু তাঁদের ব্যাপার সেইহেতু ঠিক আছে। কিন্তু যেসব কথা বলা দরকার আছে তা এরা বলেন নি। কিছুটা চিন্তা জয়নাল আবেদিন সাহেব করেছেন, কিছুটা তাঁর মনে এসেছে। তিনি টোটালি অপোজ করতে পারবেন না। একটু স্বীকারোক্তি তাঁর কথার মধ্যে আছে সেইজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। কিন্তু

যে পঞ্চায়েতে করাপশনের কথা বললেন, তিনি নিশ্চয়ই খবরের কাগজে দেখেছেন যে বিভিন্ন কোর্টে ক্রিমিন্যাল প্রসিডিওর অনুযায়ী যেসব পঞ্চায়েতে দুর্নীতি আছে সেইসব জায়গায় মামলা দায়ের করা হয়েছে। গতকাল না পরশু শ্রীসুব্রত মুখার্জী এই হাউসের মধ্যে বলেছেন যে দুইজন পঞ্চায়েত প্রধানকে এ্যারেষ্ট করা হয়েছে। তার উপর কোয়েশ্চেনও আছে। তাহলে দুর্নীতির বিরুদ্ধে যে ব্যবস্থা নেয় এই সরকার তার নজির এই হাউসেই আছে সেকথা তো তাঁরা নিজেরাই স্বীকার করেছেন অথচ অদ্ভুৎ কথা, ওঁরাই যখন বক্তৃতা করতে ওঠেন তখন বাস্তবতাকে অস্বীকার করেন এবং পরস্পর বিরোধী বক্তৃতা রাখেন। খবরের কাগজেই দেখেছেন যে দুর্নীতির জন্য বহু প্রধানকে বিতাড়ণ করা হয়েছে এবং শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। যেখানে অভিযোগ আছে, স্বাক্ষ্য-প্রমাণ আছে তাদের বিরুদ্ধে ক্রিমিনাল প্রসিডিওর অনুযায়ী ব্যবস্থা নেওয়া হয়েছে। বহু গ্রাম প্রধানকে, পঞ্চায়েত সমিতির প্রধানকে বের করে দেওয়া হয়েছে। ওঁরা এসবের ধার ধারেন না, দুর্নীতিকে প্রশ্রয় দেন—এটা ওদের কাজ, আমাদের কাজ নয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জয়নাল আবেদিন সাহেব ভিজিলেন্সের কথা বলছিলেন, দুর্নীতির কথা বলছিলেন। একটি নির্বাচিত প্রতিনিধি ৪ বছর ধরে আছেন কি ৫ বছর ধরে আছেন—তাঁরা জনগণের কাছে জবাবদিহি করবেন যেমন বিধানসভায় হয়, পার্লামেন্টে হয়। একটি সরকার থাকে, তাঁরা জবাবদিহি করে—সেটা করবে। মাননীয় ইন্দিরা কংগ্রেসের সদস্যরা সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবদের জন্য ২টি করে রিজারভেশনের কথা বলছিলেন। এটাই গণতন্ত্র নাকি যে এখানে যেটা আছে সেটা নির্বাচিত হয়? প্রথমতঃ নির্বাচিত প্রতিনিধিরা তাঁরা তাঁদের নির্বাচিত করেন সুতরাং নির্বাচিত প্রতিনিধিরা নির্বাচিত করেন। এটা ইনডাইরেক্টলি হচ্ছেন। এই সরকার এমন পদ্ধতি করেছেন যে নির্বাচিত করে তারপর নাম পাঠাবেন। সরকার নমিনেটেড করে তারপর পাঠিয়ে দেবে না।

[5-20—5-30 P.M.]

এটা হয়ত ওঁরা জানেন না যে এটা গণতান্ত্রিক পদ্ধতিতে করা হয়। এটা ওঁরা মে মাসে করার কথা বলছেন—বর্ষাকালে করা হয় না কেন? এটাতো ৫ শো ভোটারদের নিয়ে কাজ, গ্রামের মধ্যে ছোট্ট একটা কেন্দ্রে নির্বাচন হয়। কিন্তু বিধানসভা নির্বাচনে একটু অসুবিধা আছে। কারণ এম. এল. এ-দের গ্রামে গ্রামে গিয়ে মাইলের পর মাইল ঘুরতে হয় নির্বাচনের জন্য। কিন্তু পঞ্চায়েত নির্বাচনে ৫ শোর বেশী ভোটার থাকে না, সেইজন্য কোন অসুবিধা হয় না। যদিও মার্চ মাসে করলে অসুবিধা একটু কম হতো, কিন্তু এই সময় কষ্ট হয় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে সংশোধনী এনেছেন সেটা উদ্দেশ্য ভাল এবং এর মূল উদ্দেশ্য হলো পঞ্চায়েত ইলেকসান নিয়ে। সেইজন্য আমি এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। আজকে এই হাউসে মন্ত্রী বিনয় চৌধুরী মহাশয় আছেন। সরকার পক্ষের এম. এল. এ. অনিলবাবু সমস্ত উত্তর দিয়ে দিলেন, তাহলে মন্ত্রীমহাশয় কে ? সব প্রশ্নের উত্তর তো অনিলবাবুই দিয়ে দিলেন, তাহলে মন্ত্রীমহাশয় কি বলবেন। উনি তো বিলের কোন অংশই বললেন না। বিলের ব্যাপারে একটা ওয়ার্ডও উচ্চারণ করলেন না, শুধু কে কি বলেছেন সেই কথাই বলে চলে গেলেন। স্যার, আপনি এটাকে এক্সপাঞ্জ করে দিতে পারেন।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য :** মাননীয় স্পীকার মহাশয়, কোন কিছু বক্তব্য দিতে গেলেই আগে পঞ্চায়েতের কথা উঠবে। পঞ্চায়েত সম্বন্ধে নানা কথা ওঠে, পঞ্চায়েত মারামারির কথা উঠত। কিন্তু আজকে পঞ্চায়েত বিলের বক্তব্য রাখতে গিয়ে সব একেবারে নিস্তব্ধ। বিরোধীরা কোন কথা বলতে পারলেন না। কাজেই পঞ্চায়েত যে বিল এলো, এটা ঠিক জমজমাট হলো না। স্যার এটা একেবারে জলো অবস্থায় শেষ হয়ে যাচ্ছে। পঞ্চায়েত বিল যেটা আনা হয়েছে সেই সম্পর্কে আমার কতগুলি সংশোধনী আছে। বিনয়বাবু আপনি দেখবেন আপনার বিলে কি ভাবে ভাগ করা হয়েছে। আপনি বলেছেন ব্লক ভাগ করবেন। এই ভাগটা করতে গেলে একটা ড্রাফ্‌ট পাবলিকেসান দরকার। কারণ ড্রাফ্‌ট পাবলিকেসানের পর আপনাকে একটা হেয়ারিং-এর দিন দিতে হবে, তারপর আপনি ফাইনাল পাবলিকেসান করতে পারবেন। যদি এটা না হয় তাহলে আমি মনে করি এটা বেআইনী হয়ে যাবে। আমি আরো কতকগুলি জায়গা আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমার কাছে মেদিনীপুর জেলার একটা লিষ্ট এসেছে। তাতে আমি দেখেছি ৯৫৭ জন ভোটারের উপর ২টি আসন করেছেন, ৭৬৩টি ভোটারের ব্যাপারে আপনি দুটি আসন করেছেন। আবার ৫৩২টি ভোটার নিয়ে একটি আসন করেছেন। অন্যান্য জায়গায় আপনি করেছেন ৯৩২ ২টি এবং ৮৩০ ২টি এবং ৮৭৭টি ভোটারের জন্য ২টি আসন করেছেন। এটা একটা উল্টোপাল্টা ব্যাপার হয়েছে। আবার ৬০২টি ভোটারের জন্য ১টি ৬৫৮টি ভোটারের জন্য আপনি ২টি করেছেন। এই যে আপনি ভাগ করেছেন তাতে পায়রিটি রক্ষা হয়নি। দেখা গেছে টোটাল নাম্বারকে ৫০০ দিয়ে ভাগ করে দেখা গেল এতোগুলি সিট হলো। হয়ত পরে দেখা গেল পরে একটা ৬শো হয়ে গেল তখন অন্যের ঘাড়ে চাপিয়ে দিলেন। কিন্তু আগেকার ৬৫৮তে আপনি ১টি করলেন। এই যে জিনিষ করা হয়েছে এটা আইনসঙ্গত হয়েছে কিনা দেখতে হবে। পঞ্চায়েত সমিতিতে আপনি আর একটা সিট নিয়ে এক সংগে করে পঞ্চায়েত সমিতি করছেন। এই ব্যাপারে আপনাকে একটা ড্রাফ্‌ট পাবলিকেসান করতে হবে। কারণ এটাতে আমাদের আপত্তি থাকতে পারে। ড্রাফ্‌ট পাবলিকেসান যদি না করেন তাহলে ভোটটা যুক্তিপূর্ণ হবে বলে আমার মনে হয় না। আমরা চাই খুব নিষ্ঠার সঙ্গে ভোটটা হোক। আপনি স্বীকার করে নিলেন যে বুথেই কাউন্টিংটা হবে। ভাল করলেন। আপনি মনে করে নিলেন যে এর ফলে চুরি হবে না। কিন্তু চুরি যা হবার তা হবে। কিন্তু বুথে কাউন্টিং করলে যে

কি বিপদ সেটা আমি জানি। মাথা থাকবে কি না সন্দেহ। আমি দেখেছিলাম একটা বুথে ভোট আরম্ভ হয়েছিল সকাল সাতটায় আর শেষ হলো তারপরের দিন সকাল সাতটায়। সারাদিন লোক ভোটের লাইনে দাঁড়িয়ে ভোট দিলেন। এর ফলে এক অফিসার অজ্ঞান হয়ে গেলেন। এর পরেরও বুথে কাউন্টিং। তারপর রেজাল্ট। এটা আইনে আছে ঠিক, কিন্তু আমি এটাকে ভাল বলে মনে করছি না। এতে ওরা যে মারামারি করতে চায়, সেই সুযোগটা ওদের বাড়িয়ে দেওয়া হলো। গতবার পুলিশ বুথে কাউন্টিং-এর বিরুদ্ধে ছিল, ডি. এম. বিপক্ষে ছিল।

আপনারা পঞ্চায়েতে চুরির কথা বলছেন। আপনাদের আমলে চুরি হয়নি? তখনো চুরি গেছিল। আজকে আপনারা পঞ্চায়েতে থাকলে কি করবেন? আমরা নাকি ১৯৭৭ সালে নির্বাচিত হবার পরে রক্তগঙ্গা বইয়ে দিয়েছিলাম। আজকে শিশির বসু মহাশয় পঞ্চায়েত সম্বন্ধে বলে গেলেন যিনি কোনদিন গ্রামে পা পর্যন্ত দেননি। যিনি গ্রামের কোথায় পুকুর, খাল ইত্যাদি আছে কিছুই জানেন না। আজকে পঞ্চায়েতে যদি লোয়ার লেবেল না থাকতো তাহলে আজকের এই খরা, বন্যার মোকাবিলা করবে কে? আপনারা চুরির কথা বলছেন—আপনাদের হাতে টাকা দিলে যে চুরি হবে না তার কি প্রমাণ আছে? আমি মন্ত্রীমহাশয়ের কাছে একটি প্রস্তাব রেখেছিলাম যে সেতুর নাম যেটা পাল্টে দেওয়া হয়েছে এটা ঠিক হয়নি। এতে একটা সংশয় থেকে যাচ্ছে। এটা ভেঙ্গে দিলে বাধিত হব। তারপরে আমি সীটের ব্যাপারে আসছি। এই ৬৭৫ সীটের মধ্যে এক জায়গায় দেখা যাচ্ছে ২টি আরেকটি জায়গায় দেখা যাচ্ছে কেবল ১টি। সুতরাং এই যে ডিসপ্যারেটি থাকছে এটা আমাদের সমান রাখতে হবে। এই ব্যাপারে আগে থেকে একটা ডাফ্‌ট পাবলিকেশান করে আমাদের হিয়ারিং দিতে হবে। তারপরে ফাইনাল পাবলিকেশান করবেন। এইভাবে যদি ভোট করেন তাহলে ভোট যথোচিত ভাবে হবে এবং সেই ভোটে থেকে ন্যায্য লোকই ফিরে আসবে। স্যার, আমি আরেকটা জিনিষ রাখবো যা কোনদিন আমি বলিনি। এখানে যে স্থায়ী সমিতিগুলি আছে এইগুলিতে সাধারণ মিটিং প্রায় লেগেই আছে। এখানে মেজোরিটি পার্টিই সমিতিগুলি পরিচালনা করে থাকেন। কিন্তু আমার বক্তব্য যে যদি এখানে ভোটা প্রফারেনশিয়ালি করা যায় তাহলে বিরোধী দলের নেতারা অংশ নিতে পারবে। আমি বারেবারে বলেছি যে স্থায়ী সমিতিগুলিতে প্রেফারেনশীয়ালি ভোট করা হোক তাহলে বিরোধীরা তাদের বক্তব্য রাখতে পারবে এবং এটা হওয়ার দরকার বলে আমি মনে করি। সেই কথাটি বিবেচনা করে আমার মতামত গ্রহণ করবেন। মাননীয় মন্ত্রী মহাশয় বুথগুলিতে যে ভোটের ব্যবস্থা করছেন তার বিপক্ষে গিয়েও এই বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভূপেন্দ্রনাথ শেঠঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পঞ্চায়েত মন্ত্রী শ্রীবিনয় চৌধুরী মহাশয় যে সংশোধিত পঞ্চায়েত বিল এনেছেন আমি এই বিলকে সমর্থন করি না। আমরা আশা করেছিলাম যে আপনারা আগে অর্ডিন্যান্স করে তারপরে পঞ্চায়েত নির্বাচন করবেন এবং এটাই পঞ্চায়েতের উদ্দেশ্য। পশ্চিমবাংলার সাধারণ মানুষ যাতে ভোট দিতে পারে এবং তাদের ভোট

দেওয়ার অধিকার আছে। যাদের নাম এ্যাসেম্বলীতে ইলেকটোরাল লিস্টে নেই, তাদের নাম অন্তত যেন পঞ্চায়েত নির্বাচনে ইনক্লুড করা হয়। ভোটার লিস্ট সংশোধন করে যেন ভোট গ্রহণ করা হয়। আমরা আশা করেছিলাম যে আপনারা এই ভোটার লিস্ট সংশোধন করে পঞ্চায়েত নির্বাচন করবেন। যদি সংশোধন না করে নির্বাচন করেন তাহলে বুঝবো এটা উদ্দেশ্য-প্রণোদিত ভাবে করা হচ্ছে। যেসব মাইনর ইনক্লুশান ছিল সেগুলি সংশোধন করে নতুন ভোটার লিস্ট করুন। ডিউ টাইমে করার জন্য সেটা কোন প্রকার সংশোধন করা হয় নি। এটা সরকার পক্ষ জানেন। সেই সময়ে আপনারা সকলে ছিলেন না। সেইজন্য সংশোধিত ভোটার লিস্ট অনুযায়ী ভোট হয় নি। সেইজন্য আমার আপনার কাছে অনুরোধ অন্তত পঞ্চায়েত নির্বাচনে যেন ভোট ঠিকমত হয়।

[5-30—5-40 P.M.]

এবং বঞ্চিত মানুষ যারা ভারতীয় নাগরিক তাদেরও ভোটাধিকার দেওয়া হবে। এবার যদি ভোটার লিস্ট সংশোধন করা হোত তাহলে মৃত ব্যক্তি, বিধানসভার নির্বাচনের পর মারা গেছে, বহু লোক এখানে থাকে না স্থান পরিবর্তন করেছে তাদের নাম বাদ দেওয়া উচিত ছিল। এবিষয়ে দৃষ্টি দিলে ভালো হোত ডিলিমিটেশান অফ দি কনষ্টিটুয়েন্সি যেটা করেছেন সেটা উদ্দেশ্য প্রণোদিতভাবে করেছেন। এবিষয়ে একটা চিঠি দিয়েছেন—ফরম্যালিটি মেনটেন করা ছাড়া কিছু নয়। ২ তারিখে চিঠি দিয়েছেন, আমি পেয়েছি ৩ তারিখে, যে পলিটিক্যাল পার্টির সামনে করা হবে। চিঠি লিখেছেন ডি. এম.—**political parties are requested to attend a meeting** (ইং) ৩ তারিখে এই মিটিং—এই অবস্থায় কোন প্রকারে সেই মিটিং-এ গিয়ে কোথায় কোন ডিলিমিটেশান হবে, কোথায় কিভাবে সংশোধন করতে হবে সেটা বলা সম্ভব নয়। ব্লকে ব্লকে যদি ডিলিমিটেশান কবা হোত এবং সাধারণ মানুষ যারা গ্রামে নেতৃত্ব দেয়, যাদের নিয়ে ভবিষ্যতে বডি গঠন করা হবে তাদের নিয়ে যদি ডিলিমিটেশান করা হোত তাহলে ভাল হোত। ডিলিমিটেশান এর ব্যাপারে আমরা জেনেছি একটা মৌজা থেকে ২০০/২৫০ ভোট কেটে নিয়ে অন্য মৌজায় ট্যাগ করা হচ্ছে। সেই মৌজায় যদি ১২০০ ভোটার থাকে তাহলে একটা কেন্দ্রে ১৪০০ ভোটার, আর একটা কেন্দ্রে ২৫০ ভোটার নিয়ে করা হবে। আবার কোনটা ৮০০, কোনটা ৬০০ করা হয়েছে। অর্থাৎ কোন জায়গায় বেশী সংখ্যক ভোটার নিয়ে একজনকে কনটেষ্ট করতে হচ্ছে, আবার কোন জায়গায় একজনকে ২৫০ ভোটার নিয়ে কনটেষ্ট করতে হচ্ছে। এটা অযৌক্তিক। গ্রাম বাংলায় যাঁরা পঞ্চায়েতে ছিলেন তাঁরা সব দুর্নীতিগ্রস্ত এবং তাঁরা সাধারণ মানুষের কোন সমর্থন পাবেন না। সেজন্য ২৫০ ভোটারের কনষ্টিটুয়েন্সি করে ভোটারদের পারচেজ করার জন্য এই ব্যবস্থা করেছেন। আমি তাই মনে করি পলিটিক্যাল পার্টিদের সুযোগ না দিয়ে সরকার ডিলিমিটেশানের ব্যাপারে একটা ডিকটেটোরী ভাব গ্রহণ করেছেন। সেজন্য বলছি এ জিনিষ পরিবর্তন করে গ্রামে গ্রামে, ব্লকে ব্লকে ভোটার লিস্ট ঠিক ঠিকভাবে করে ৫০০ ভোটারের কনষ্টিটুয়েন্সি করে নির্বাচনের ব্যবস্থা

করুন। পঞ্চায়েত সমিতি সম্পর্কে আমরা জানি যে গত নির্বাচনে যেসব পঞ্চায়েত সমিতি ছিল এবং যেসব পঞ্চায়েত সভাপতিরা ছিলেন তাঁরা যেসব কাজ করেছেন তাতে বিরোধীপক্ষকে একটা সুযোগ দেওয়া উচিত এবং সেভাবে আসছেদিনে একটা সংশোধনী আনবেন। তাঁরা সরকারী পার্টির লোক নিয়ে যে একটা স্থায়ী সমিতি করতে যাবার জন্য যে যুক্তি দেখাচ্ছেন সেটা আমি সমর্থন করতে পারছি না। তাই পঞ্চায়েত মন্ত্রীর কাছে আবেদন যে বিল এনেছেন সেটা সকলের সঙ্গে আলোচনা করে সংশোধন করে তারপর যদি আনেন তাহলে সমর্থন করতে পারি, না হলে সমর্থন করতে পারি না।

**শ্রীহেমন্ত কুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পঞ্চায়েত মন্ত্রী যে বিল এনেছেন তার উপর অনেকেই আলোচনা করলেন, কিন্তু বিলের বিষয় বস্তুর উপর আলোচনা করার বিশেষ কিছু নেই এবং কেউ আলোচনা করলেনও না, অনেক অপ্রাসংগিক কথা বললেন যেগুলি সাধারণ বাজেট অধিবেশনে বলতে পারতেন। বিলে যে জিনিসগুলি আনা হয়েছে তাতে পঞ্চায়েতকে আরো সম্প্রসারিত করা হচ্ছে। আমাদের ওখানে কোলিয়ারী অঞ্চলে বা আসানসোল সাব-ডিভিসানে, দুর্গাপুর সাব-ডিভিসানে লাগাতার পঞ্চায়েত অঞ্চল বলে কিছু নেই, মাঝে মাঝে অন্যান্য মিউনিসিপ্যালিটি বা অন্য অঞ্চল আছে যেগুলিকে পঞ্চায়েত করা যায় না। সেক্ষেত্রে লাগাতার অঞ্চল না হলেও সেখানে যাতে পঞ্চায়েত করা যায় তারজন্য এই সংশোধনী আনা হয়েছে। আর একটা ব্যাপার মাননীয় মন্ত্রী মহাশয় গ্রহণ করে নিয়েছেন সেটা হচ্ছে যেখানে নির্বাচন হবে সেখানে গণনা করা হবে। ভোটার লিস্টের ব্যাপারে অনেকে অনেক কথা বললেন, কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় প্রথমেই বলেছেন যে ভোটার লিস্ট হচ্ছে সেটা বিধান সভার ভোটার লিস্ট অনুযায়ী হবে। ওঁরা বললেন যে এটা সংশোধন করা উচিত। ওঁরা নিজেরা নিজেদের কথা ভেবে বলেন কিনা বুঝি না, এটা সংশোধন করতে আমাদের আপত্তি নেই। কিন্তু ব্যাপার হচ্ছে ওঁরা যে শ্রেণীকে রিপ্রেজেন্ট করেন সেই শ্রেণীর লোকেরা ভোটার নয় এটা ঠিক নয়, ভোটার নয় এই শ্রেণীর লোক যারা ক্ষেত মজুর, ভাগচাষী। ওঁদের শ্রেণীর লোক ১২ বছর ভোটার আছে, স্কুলে পড়ে তাও ভোটার আছে। আমি জয়নাল সাহেবকে অনুরোধ করি প্রত্যেক জায়গায় ভোটার লিস্ট খুলে দেখুন কোন শ্রেণীর লোক ভোটার হয়নি। ভোটার হলে সেই ভোটার তাঁদেরই যে ভোট দিয়ে দেবে এটা কি করে ধরে নিলেন? জয়নাল সাহেব খুব দুঃখ করেছেন ১ বছর পরে নির্বাচন কেন হল। ১৪/১৫ বছর তাঁরা নির্বাচন করলেন না আর আমাদের নির্বাচন করতে কয়েক মাস দেরী হয়েছে সেজন্য তাঁরা উদ্বিগ্ন হয়ে গেলেন এবং বললেন আমরা নাকি গণতন্ত্র মানছি না। আর একটা কথা তিনি বলছেন সেটা হচ্ছে গ্রামে ভ্যাগাবণ্ডদের উপর পঞ্চায়েত নির্বাচনকে ছেড়ে দেওয়া হয়েছে। এই কথা বলে তিনি কাদের অপমান করলেন? পঞ্চায়েত নির্বাচনে বলার খোরাক তিনি যুগিয়ে দিলেন, আমরা গ্রামের লোককে গিয়ে বলব জয়নাল সাহেব আপনাদের ভ্যাগাবণ্ড বলেছেন। কংগ্রেস সদস্য কাশীনাথ মিশ্র বলেছেন যে তপশীল বা অনুন্নত শ্রেণীর জন্য রিজার্ভড সিট রেখেছেন।

[5-40—5-50 P. M.]

রিজার্ভ সিটের কথা যা বলছেন সেই রিজার্ভ সিট বিধানসভায় তো আছে। তবে একটা কথা বলি, তপশীল বা উপজাতিদের ভেতর থেকে আপনাদের হয়ে কেউ দাঁড়াবেন কিনা বা ওই "হাত" চিহ্নে কেউ ভোট দেবে কিনা সেটা জেনে তারপর বিধানসভায় এসে বলবেন আমরা রিজার্ভ সিট চাই। মাননীয় সদস্য জয়নাল আবেদিন একটা কথা বলেছেন যে কথাটা পি সি সেন বলেন—অর্থাৎ পঞ্চায়েতেও রাজনীতি নিয়ে যাওয়া হচ্ছে। স্যার, ১৯৭৭ সালের নির্বাচনে এঁরা একটা শিক্ষা পেয়েছিলেন। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ওঁদের ওই রাক্ষসের মূর্তি যা পশ্চিমবঙ্গের জনসাধারণ দেখেছিল তাতে তাঁরা ওঁদের প্রত্যাখ্যান করেছেন। পঞ্চায়েত নির্বাচনেও ওঁদের সেই অবস্থা হবে তাই এখন রাবনের মূর্তি না নিয়ে সীতাহরণের জন্য সন্ন্যাসীর মূর্তিতে যেতে চাচ্ছেন। অর্থাৎ ইতিপূর্বে রাক্ষসের মূর্তিতে হেরেছেন তাই এখন সন্ন্যাসীর মূর্তি ধরে এইসব কথা বলছেন। তবে বলে রাখি পঞ্চায়েত নির্বাচনে গেলে আবার ওই শিক্ষাই পাবেন। তারপর, দুর্নীতির কথা এখানে বলা হয়েছে। ওঁদের দলে দুর্নীতি না করলে থাকা যায় না, কিন্তু আমাদের দলে দুর্নীতি করলে থাকা যায়না এবং এটাই হচ্ছে ওঁদের সঙ্গে আমাদের তফাত। আমি আমার কন্সটিটিউএনসী কালনার কথা বলছি, আগে লোকেরা জানতেই পারতনা, গ্রামের লোকেরা জানতেই পারতনা কত টাকা আসছে এবং কত টাকা খরচ হচ্ছে। কিন্তু আমাদের আমলে জনসাধারণ সব কথা জানতে পারছে। একথা বলে মন্ত্রীমহাশয় যে সংশোধনী বিল এনেছেন তাকে সমর্থন করছি।

**শ্রীভুপালচন্দ্র পাণ্ডা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পঞ্চায়েত মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলব। মাননীয় সদস্য জয়নাল আবেদিন যে কথাটা বলেছেন সে সম্বন্ধে আমাকে কিছু আলোচনা করতে হবে। আমি মনে করি একটা প্রিন্সিপল-এর উপর দাঁড়িয়ে আমাদের কথা বলতে হবে। জাস্টিস্ হিসেবে যেটা গৃহীত হয়েছে সেই হিসেবে ভোট কেন্দ্র হবে। কোন বুথে ৫০০ আছে, কোথাও আবার ৫০০-র কম আছে, কোথাও আবার ২৫০ হতে পারে। এটা নির্দিষ্ট করা হয়েছিল ভোটারদের ভোট দেবার সুবিধা অসুবিধা বিবেচনা করে। যারা প্রকৃত ভোটার তাদের যদি অসুবিধা সৃষ্টি না করতে চান তাহলে এই যে ব্যবস্থাপনা রয়েছে—অর্থাৎ ভোটারদের যাতায়াতের ব্যাপারটা বিবেচনা করতে হবে এটা আপনাদের মেনে নেওয়া উচিত এবং এটাই যথার্থ। তাতে একটু আধটু এ্যানোম্যালি হবে—সেখানে কোন উপায় নেই। তবে সর্বত্রই যে হবে এটা হতে পারে না। পাহাড়ী অঞ্চলে অনেক অসুবিধা আছে এবং সেখানে সেইভাবে ব্যবস্থা নিতে হবে। আপনারা পঞ্চায়েতকে রাজনীতির উর্ধে রাখার কথা বলেছেন। পঞ্চায়েতকে রাজনীতির উর্ধে কি করে রাখা যাবে? মেম্বার অব ভোটারস্ তারা তো পার্টির নীতির দিকে লক্ষ্য রেখেই ভোট দেবে এবং সেখানে পার্টির লোক আসবে। তাতে সেখানে রাজনীতি আসবে। মোটামুটি সমাজে দুটো ভাগ আছে। দেখতে

হবে আমরা বড় লোকের পক্ষে যাবো, না, গরীব লোকের পক্ষে দাঁড়াবো। একথা তো ঠিক যে আমাদের সমাজ ভাগ হয়ে যাচ্ছে। এবং গ্রামের লোক সেই দিকে ভাবনা চিন্তা করবেন। এবং তাহলেই রাজনীতিগতভাবে পঞ্চায়েত নির্বাচন হবে। বামফ্রন্ট সরকার গ্রামের মানুষের মধ্যে দিয়ে যে ব্যবস্থা গ্রহণ করেছেন, তাতে গ্রামের মানুষের মধ্যে চেতনা বেড়ে যাচ্ছে। তাই আজকে গ্রামের মানুষ সোচ্চার হচ্ছে। আপনারা বলেছেন পঞ্চায়েতে দুর্নীতি, অবিচার হয়। আজকে কেউই মুখ বুজে চুপ করে থাকছে না। আপনারা এক তরফা কথা বলছেন। আজকে গ্রামের এই বামফ্রন্ট সরকার গ্রামের মানুষের মুখ ফুটিয়ে দিয়েছে। রবীন্দ্রনাথ বলেছেন "ঐসব মূঢ় ম্লান মুখে দিতে হবে ভাষা"। আজকে সেই দিকে আমাদের লক্ষ্য। তাদের জন্য যা করণীয় দরকার, পঞ্চায়েতের মাধ্যমে সেই ব্যবস্থা হচ্ছে। আমি বিরোধী পক্ষের পুরানো বিধান সভার সদস্য জয়নাল আবেদিন সাহেবকে স্পীকারের মাধ্যমে আর একটি কথা বলবো। তিনি একটি ভাষা প্রয়োগ করেছেন যেটা ওঁর মুখ থেকে সমীচীন হয় নি। তিনি বলেছেন ভ্যাগাব্যাণ্ড দিয়ে পঞ্চায়েতগুলিকে পূরণ করবেন। একথাটা বলা ঠিক নয়। তাহলে যারা পঞ্চায়েতর প্রতিনিধি নির্বাচন করেছেন তারা নিশ্চয় তাদের যোগ্যতা বিচার করেই নির্বাচিত করবেন। এই কথা বল্লে সেই ভোটারদেরই এ্যাসপারসন করা হয়। এটা গণতন্ত্র বিরোধী বক্তব্য। কংগ্রেস গণতন্ত্র এনেছে, স্বাধীনতা এনেছে—এ কথা দিন রাত শুনছি। আর একটা কথা হোল যে যেভাবে এই বিল আনা হয়েছে, তাতে আমরা সকলে মিলে সংযোগিতার মনোভাব এটা গৃহীত হওয়া উচিত। পঞ্চায়েতকে পার্টির উর্ধে রাখুন, ভাল লোককে পঞ্চায়েতে নিয়ে আসুন। কিন্তু পাবলিক একটা নীতির উপর নির্ভর করে ভোট দেয়। আমি একথা বলবো না যে কোথাও কোন জায়গায় কোন খুঁত নাই।

[5-50—6-00 P. M.]

দুর্বল, ত্রুটিবিহীন, এই কথা আমি বলতে পারছি না। দুর্বলতা কিছু থাকতে পারে, গলদ কিছু থাকতে পারে। কিন্তু সেই সম্পর্কে মানুষকে সচেতন করা দরকার, ইনিসিয়েটিভ নেওয়া দরকার। এই পঞ্চায়েত আইনের মাধ্যমে সেই অধিকার মানুষের হাতে দেওয়া হচ্ছে, গ্রামের প্রতিটি মানুষের হাতে সেই অধিকার দেওয়া হচ্ছে। সুতরাং আজকে আমাদের যৌথ প্রচেষ্টা এই ভাবে নেওয়া উচিত যাতে করে মানুষ পঞ্চায়েতের মাধ্যমে যে অধিকার পেয়েছে সেই অধিকার সঠিক ভাবে প্রয়োগ করতে পারে, ব্যবহার করতে পারে। তাহলে আর এই সব দুর্নীতি, ত্রুটি অমুক তমুক ইত্যাদি কোন প্রশ্নই আসবে না। লাষ্টলি আমি একটি কথা বলব, এটা ভাই ঠিক কথা হল না বলে মনে হয়। আমি স্পীকার মহোদয়ের মাধ্যমে এ্যাপিল করব পঞ্চায়েতের অর্থ নিয়ে ভোট এর ব্যবস্থা করা হচ্ছে এটায় আপনাদের সংগে একমত হতে পারছি না। কারণ হচ্ছে পঞ্চায়েতের টাকা সম্পর্কে মানুষ আজকে এতই সচেতন যে সেখানে টাকা দিয়ে যদি ভোটের কথা কেউ বলে তাহলে ভোট কমে যায়, ভোট পড়ে না। এর প্রমাণ

[5-40—5-50 P. M.]

রিজার্ভ সিটের কথা যা বলছেন সেই রিজার্ভ সিট বিধানসভায় তো আছে। তবে একটা কথা বলি, তপশীল বা উপজাতিদের ভেতর থেকে আপনাদের হয়ে কেউ দাঁড়াবেন কিনা বা ওই "হাত" চিহ্নে কেউ ভোট দেবে কিনা সেটা জেনে তারপর বিধানসভায় এসে বলবেন আমরা রিজার্ভ সিট চাই। মাননীয় সদস্য জয়নাল আবেদিন একটা কথা বলেছেন যে কথাটা পি সি সেন বলেন—অর্থাৎ পঞ্চায়েতেও রাজনীতি নিয়ে যাওয়া হচ্ছে। স্যার, ১৯৭৭ সালের নির্বাচনে এঁরা একটা শিক্ষা পেয়েছিলেন। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ওঁদের ওই রাক্ষসের মূর্তি যা পশ্চিমবঙ্গের জনসাধারণ দেখেছিল তাতে তাঁরা ওঁদের প্রত্যাখ্যান করেছেন। পঞ্চায়েত নির্বাচনেও ওঁদের সেই অবস্থা হবে তাই এখন রাবনের মূর্তি না নিয়ে সীতাহরণের জন্য সন্ন্যাসীর মূর্তিতে যেতে চাচ্ছেন। অর্থাৎ ইতিপূর্বে রাক্ষসের মূর্তিতে হেরেছেন তাই এখন সন্ন্যাসীর মূর্তি ধরে এইসব কথা বলছেন। তবে বলে রাখি পঞ্চায়েত নির্বাচনে গেলে আবার ওই শিক্ষাই পাবেন। তারপর, দুর্নীতির কথা এখানে বলা হয়েছে। ওঁদের দলে দুর্নীতি না করলে থাকা যায় না, কিন্তু আমাদের দলে দুর্নীতি করলে থাকা যায়না এবং এটাই হচ্ছে ওঁদের সঙ্গে আমাদের তফাত। আমি আমার কন্সটিটিউএনসী কালনার কথা বলছি, আগে লোকেরা জানতেই পারতনা, গ্রামের লোকেরা জানতেই পারতনা কত টাকা আসছে এবং কত টাকা খরচ হচ্ছে। কিন্তু আমাদের আমলে জনসাধারণ সব কথা জানতে পারছে। একথা বলে মন্ত্রীমহাশয় যে সংশোধনী বিল এনেছেন তাকে সমর্থন করছি।

**শ্রীভুপালচন্দ্র পাণ্ডা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পঞ্চায়েত মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলব। মাননীয় সদস্য জয়নাল আবেদিন যে কথাটা বলেছেন সে সম্বন্ধে আমাকে কিছু আলোচনা করতে হবে। আমি মনে করি একটা প্রিন্সিপল-এর উপর দাঁড়িয়ে আমাদের কথা বলতে হবে। জাস্টিস্ হিসেবে যেটা গৃহীত হয়েছে সেই হিসেবে ভোট কেন্দ্র হবে। কোন বুথে ৫০০ আছে, কোথাও আবার ৫০০-র কম আছে, কোথাও আবার ২৫০ হতে পারে। এটা নির্দিষ্ট করা হয়েছিল ভোটারদের ভোট দেবার সুবিধা অসুবিধা বিবেচনা করে। যারা প্রকৃত ভোটার তাদের যদি অসুবিধা সৃষ্টি না করতে চান তাহলে এই যে ব্যবস্থাপনা রয়েছে—অর্থাৎ ভোটারদের যাতায়াতের ব্যাপারটা বিবেচনা করতে হবে এটা আপনাদের মেনে নেওয়া উচিত এবং এটাই যথার্থ। তাতে একটু আধটু এ্যানোম্যালি হবে—সেখানে কোন উপায় নেই। তবে সর্বত্রই যে হবে এটা হতে পারে না। পাহাড়ী অঞ্চলে অনেক অসুবিধা আছে এবং সেখানে সেইভাবে ব্যবস্থা নিতে হবে। আপনারা পঞ্চায়েতকে রাজনীতির উর্ধে রাখার কথা বলেছেন। পঞ্চায়েতকে রাজনীতির উর্ধে কি করে রাখা যাবে? মেম্বার অব ভোটারস্ তারা তো পার্টির নীতির দিকে লক্ষ্য রেখেই ভোট দেবে এবং সেখানে পার্টির লোক আসবে। তাতে সেখানে রাজনীতি আসবে। মোটামুটি সমাজে দুটো ভাগ আছে। দেখতে

নির্বাচনী ইস্তাহারে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই অনুযায়ী আমরা পশ্চিমবাংলায় পঞ্চায়েতীরাজ কায়েম করেছি এবং সেখানে তিনটি স্তরের পঞ্চায়েত ব্যবস্থা প্রতিষ্ঠিত হয়েছে। স্যার, আমরা বিধানসভার সদস্যরা এক লক্ষ বা এক লক্ষ চল্লিশ হাজার লোকের প্রতিনিধিত্ব করি, লোকসভার সদস্যরা প্রতিনিধিত্ব করেন ৭।১০ লক্ষ্য লোকের। আজকে পঞ্চায়েতীরাজ প্রতিষ্ঠিত হবার ফলে জেলা স্তরে এবং গ্রামে স্তরে গরিব মানুষদের প্রতিনিধিত্ব করার সুযোগ বাস্তবে রূপায়িত হয়েছে। এটা আমরা মনে করি বামফ্রন্ট সরকারের একটা বিরাট সাফল্য। কাজেই এখানে ক্রটিপূর্ণ ব্যবস্থা কোথায় সেটা আমরা বুঝতে পারছি না। গ্রামের মানুষরা আজকে পঞ্চায়েতের মাধ্যমে যে সব সুযোগ সুবিধা পেয়েছেন তাতে আর কিছু হোক বা না হোক অন্ততঃ একটা জিনিষ সেখানে হয়েছে যে তারা মাথা উঁচু করে পঞ্চায়েত অফিসে গিয়ে তাদের দুর্দশার কথা বলতে পারছেন। সেখানে কায়েমীস্বার্থ এবং বাস্তুঘুঘুদের বাসা ভাঙ্‌তে পারা গেছে, কাজেই এটা একটা বিরাট সাফল্য। তা ছাড়া সদস্য সংখ্য তো কমছে না। আমাদের বাঁকুড়া জেলায় যা আছে তাই থাকছে। ভোটার অবশ্য বাড়ছে। আগে ১৯৭৭ যে ভোট হয়েছিল তাতে একটা বুথ কেন্দ্রে অন্য অঞ্চলের ভোটাররা ভোটার তালিকার মধ্যে অন্তর্ভুক্ত ছিলেন। ১৯৮২ সালে ভোটার লিষ্ট যখন তৈরী হয় তাতে সেই অঞ্চলে যে বুথ আছে সেখানে সেই অঞ্চলের লোকেদের নিয়ে যাওয়া হয়েছে। তাতে হয়ত কিছু অসুবিধা আমাদের হয়েছে তবে নির্বাচন কমিশন যখন বলেছেন তখন তার কথা আমাদের রাখতে হয়েছে, সেটা আমাদের করতে হয়েছে। তারপর জয়নাল সাহেব যেটা বলেছেন যে প্রতিনিধিত্ব ঠিকভাবে প্রতিফলিত হচ্ছে না, এটা ঠিক নয়। আমরা পঞ্চায়েতে দেখেছি সেখানে মহিলা, মাইনরিটি, কমিউনিটি ক্ষেতমজুর ইত্যাদির যদি প্রতিনিধিত্ব না থাকে তাহলে সেখানে বাইরে থেকে দুজন প্রতিনিধি নেবার ব্যবস্থা আছে। কাজেই সেখানে তাদের প্রতিনিধিত্ব প্রতিফলিত হবার সুযোগ আছে। ওরা আরো বলেছেন, পঞ্চায়েতে কোন কাজ হয়নি এবং পঞ্চায়েতের যখন নির্বাচন হবে মে মাসে সেই সময় রাস্তাঘাটের অসুবিধা থাকবে ইত্যাদি। স্যার, ওরা গ্রামে যান কিনা জানিনা তবে আমরা দেখেছি, বিগত কয়েক বছরে পঞ্চায়েতে যা কাজ হয়েছে তাতে যে সমস্ত গ্রামে সাইকেল নিয়ে যাওয়া যেত না এখন সেখানে সাইকেল নিয়ে যাবার মতন রাস্তা হয়েছে এমন কি বর্ষাকালে এ্যাম্বাসাডার গাড়ীও যাচ্ছে। আমার ওখানে ১০টি অঞ্চল পঞ্চায়েত আছে, তার প্রধানদের দেখেছি সাইকেল ঘাড়ে করে নিয়ে যেতেন, এখন আর তা হয়না। আজকে সবচেয়ে বড় কথা যেটা সেটা হচ্ছে, এই পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের মানুষের মধ্যে একটা গণজাগরণের সৃষ্টি হয়েছে, তারা বুঝতে পারছে এ পঞ্চায়েত তাদেরই পঞ্চায়েত, ঐ বাস্তুঘুঘু কায়েমীস্বার্থের পঞ্চায়েত নয়। এই কথা বলে মাননীয় মন্ত্রীমহাশয় যে সংশোধনী এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীত্রিলোচন মাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল এনেছেন, তাকে আমি সমর্থন করে দু'একটি কথা বলতে চাই। এই বছর যে

পঞ্চায়েত নির্বাচন হবে সেটা বুথ ওয়াইজ হবে। কিন্তু গত পঞ্চায়েত নির্বাচন হয়েছিল গ্রামসভা অনুপাতে। বিরোধী পক্ষ থেকে বলা হয়েছে যে ঐ রকম হলে অনেক মেম্বার কম হবে। গতবছরে ৪ শত ভোটার প্রতি একজন প্রতিনিধি ছিল। এবারে ৫ শত ভোটার প্রতি একজন প্রতিনিধি হবে। এখানে বুথ ওয়াইজ যে ইলেকশান হবে তাতে কোন জায়গায় হয়ত ৪ শত ভোটার ভোট দেবেন, আবার কোন জায়গায় বেশী দেবে। যেখানে ৪ শত ভোটার আছে সেখানে একজন হবে, আর যেখানে ৫ শত ভোটার আছে, বা তার বেশী আছে সেখানে দুইজন হবে। কাজেই এতে কোন অসম কিছু হচ্ছে বা গত বছরের থেকে কমে যাবে—এই রকম কিছু মনে হচ্ছে না।

আর একটা কথা হচ্ছে, গ্রামসভা ওয়াইজ যে ভোট হয়েছিল, এতে কিন্তু অনেক ভোটারের অসুবিধা হয়েছিল। কারণ একজনকে অন্য গ্রামে গিয়ে ভোট দিতে হয়েছিল। এবারে আর তা হবেনা। এবারে অনেক বেশী বুথ হচ্ছে। কাজেই গ্রামের মানুষ গ্রামেই ভোট দিতে পারবেন। আগে কোন কোন ক্ষেত্রে দেখা গেছে যে একটি সীট হয়ত মৌজার বাইরের অংশে বা অন্য মৌজায় চলে গেছে। এগুলি যাতে না হয় তার জন্যই তো এটা করা হয়েছে। কাজেই এতে কোন অসুবিধা নেই, এতে গণতন্ত্রের কোন ব্যাঘাত ঘটবে বলে মনে হয়না! আর গত পঞ্চায়েতে যেদিন নির্বাচন হয়েছিল, সেদিনই বুথে ভোট গণনা হয়েছিল। এবারেও সেই একই ভাবে হবে। কাজেই এতেও কোন অসুবিধা নেই, এতে অগণতান্ত্রিক হচ্ছে বা অন্য কিছু হচ্ছে, তা নয়। আর গত নির্বাচনে যে ভোটার লিষ্ট তৈরী করা হয়েছিল, সেই অনুযায়ী এবারে হবে। এতেও কোন অগণতান্ত্রিক কিছু হচ্ছে না। অতএব এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-00—6-10 P.M.]

**শ্রীদ্বিজেন্দ্রনাথ রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আজকে আমাদের পঞ্চায়েত মন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল এনেছেন, তাকে সমর্থন করতে গিয়ে দু-একটি কথা বলতে চাই। এই সংশোধনীয় ব্যাপারে বিরোধীরা কিছু আপত্তি দেখিয়েছেন। ওরা যে আপত্তি করবেন, এটা স্বাভাবিক। কিন্তু আমাদের যা অবস্থা এবং সাধ্য তার মধ্যে দিয়ে যা করা সম্ভব আমাদের মন্ত্রী মহাশয় সেই সব চিন্তা ভাবনা করেই এটা এনেছেন। পঞ্চায়েতের ভোট হওয়ার কথা ছিল গত বছর। কিন্তু অনিবার্য কারণে সেটা এক বছর পিছিয়ে দেওয়া হয়। এবারে মে মাসে নির্বাচন হতে চলেছে। আজকে বিরোধী পক্ষের জনৈক সদস্য বললেন যে এর মধ্যে অনেক ত্রুটি বিচ্যুতি আছে, সেগুলি সংশোধন করা দরকার এবং দরকার হলে আরো এক বছর পিছিয়ে দিয়ে গণতান্ত্রিক মনোভাব যাতে ভোটের মাধ্যমে প্রতিফলিত হয়, সেই ভাবে করা উচিত। এটা হয়ত তারা সহজ ভাবেই বলেছেন কিন্তু আমরা এটা সহজ ভাবে নিতে

পারিনা। তাদের কথা যদি ধরে নেওয়া যায়, যদি পিছিয়ে দেওয়া যায় তাহলে এটা রাজনীতির খোরাক হবে। তারপর বলেছেন যে, প্রতিনিধিত্ব বাড়ান দরকার। আগে যখন ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থা ছিল তখন গ্রামসভা ভিত্তিক অনেক সদস্য ছিল, সর্বস্তরের লোক সেখানে যাতে সুযোগ পায় সেই দৃষ্টিভংগীতে এটা রাখা হয়েছিল। কিন্তু আমার অভিজ্ঞা থেকে দেখেছি যে সেই গ্রামসভা ভিত্তিক যে সংখ্যক প্রতিনিধি ছিল, তাদের কোন ভূমিকাই ছিলনা সাধারণ মানুষের জীবনে পঞ্চায়েতের কাজকর্ম করার ক্ষেত্রে।

ইতিপূর্বে এটা অধ্যক্ষ শাসিত সমাজ ছিল। ১৮ বছর ধরে ওঁরা নির্বাচনের মাধ্যমে মানুষের মতামত যাচাই করেননি। দীর্ঘ দিন পঞ্চায়েৎ ছিল কায়েমী স্বার্থের প্রতিনিধিদের একটা আড্ডাখানা, বাসস্থান। মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন বললেন, 'আমার বঁধূয়া আন্‌বাড়ী যায় আমারই আঙিনা দিয়া'। উনি ঠিকই বলেছেন, গ্রাম পঞ্চায়েতগুলি দীর্ঘ দিন ধরে ওঁদের বঁধূয়া ছিল, আজ সে বঁধূয়া হাত ছাড়া হয়ে গেছে, সুতরাং ওঁদের বেদনা তো হবেই। ওঁরা যাদের 'ভ্যাগাবণ্ড' বলে মনে করতেন, তাঁদের কি ওঁরা নাগরিক তালিকা থেকে বাদ দিয়ে রেখেছিলেন? না, তা তো রাখেননি। ফলে আজকে সে-সমস্ত গরীব মানুষরা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে জনগণের আশীর্বাদ নিয়ে, সমর্থন নিয়ে, ওঁদের পরাজিত করে ক্ষমতায় এসেছেন। আমরা জানি এতে ওঁদের খুশী হবার কোন অবকাশ নেই। তারপরে এখানে পঞ্চায়েতকে দল-যুক্ত রাজনীতি থেকে দূরে রাখার কথা বলেছেন, অথচ ওঁরা এখানে দলহীন রাজনীতি করছেন না, দল-যুক্ত রাজনীতিই করছেন! সেই রাজনীতির মধ্যে দিয়ে ওঁদের নিজেদের চিন্তা-ভাবনা মানসিকতার যে প্রকাশ আমরা দেখছি, তাতে বলতে হয় ওঁরা ওঁদের নিজস্ব পুরোন চিন্তা ভাবনার মধ্যেই রয়ে গেছেন, সেখান থেকে দূরে যাবার ওঁদের শক্তি নেই।

আমাদের একজন সদস্য বলেছেন পশ্চিমবাংলার পঞ্চায়েত ব্যবস্থা ব্যাপক গণজাগরণ সৃষ্টি করেছে। বোম্বাই-এর দু'জন অধ্যাপক পশ্চিমবংগের পঞ্চায়েত ব্যবস্থা দেখে প্রশংসা করেছেন। তাঁরা বলেছেন, সরকারী কাজের জন্য গ্রামের মানুষকে শহরে যেতে হয় না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পঞ্চায়েত ব্যবস্থার ভেতর দিয়ে পশ্চিমবংগে একটা বিরাট গণজাগরণ ঘটেছে, মানুষ অত্মনির্ভর হবার সুযোগ পেয়েছে। আজকে গ্রামের সাধারণ মানুষের পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে ব্যক্তিত্ব বিকাশ সম্ভব হয়েছে, হয়রানী বন্ধ হয়েছে। আজকে এর দ্বারা শিক্ষা, দিক্ষা, সর্বস্তরের বিকাশলাভের যে সুযোগ সৃষ্টি হয়েছে তা আগে কখনও ছিল না। অতীতে গ্রামের সাধারণ মানুষকে ধমকে দাবিয়ে রাখার চেষ্টা করা হতো। সেই অবস্থা থেকে মানুষকে আজকে মুক্ত করে আনা সম্ভব হয়েছে।

এসব সত্ত্বেও কোথাও কোথাও ত্রুটি-বিচ্যুতি নিশ্চয়ই থাকতে পারে। সেগুলি আগামী দিনের নির্বাচিত প্রতিনিধিরা নিশ্চয়ই সংশোধন করবেন। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা হবে, ভোটাররা সেখানে ঠিক করবেন, কাদের হাতে পঞ্চায়েৎ থাকবে। কিন্তু আজকে এখানে আমাদের বিরোধীরা

ভোটারদের সম্বন্ধে খারাপ মন্তব্য'র মাধ্যমে নিজেদের উন্নাসিক মানসিকতারই পরিচয় দিচ্ছেন। যে চিন্তাধারা নিয়ে তাঁরা এত দিন চলেছেন, সেই চিন্তাধারা থেকে তাঁরা সরতে চান না। মুখে গণতন্ত্রের বড় বড় কথা বলছেন, কিন্তু আসলে সেই একই জায়গায় রয়ে গেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, এই পঞ্চায়েত হবার পরে গ্রামবাংলায় অনেক উন্নয়নমূলক কাজ হয়েছে। আগে যেসমস্ত কাজ বি.ডি.ও. সাহেবের মাধ্যমে হতো, সেগুলি এখন পঞ্চায়েতের মাধ্যমে হচ্ছে। শুধু ঐ মিনিকীট বিতরণ বা খয়রাতী সাহায্য বিলি নয়, রাস্তাঘাট নির্মাণের কাজও আজ পঞ্চায়েত করছে। শতাব্দীর পর শতাব্দী ধরে যে সমস্ত জায়গায় কোন যোগাযোগ ব্যবস্থা ছিল না, সম্পূর্ণ বিচ্ছিন্ন ছিল, সেসমস্ত জায়গায় আজকে পঞ্চায়েতের মাধ্যমে রাস্তাঘাট নির্মাণের দ্বারা যোগাযোগের ব্যবস্থা করা হয়েছে। সেই সাথে সাথে এমপ্লয়মেণ্ট জেনারেসন হয়েছে। আগে আমরা দেখেছি বি, ডি. ও. সাহেবরা টাকা পয়সা সঠিকভাবে ব্যবহার করতেন না। এখন সেই চেষ্টা হচ্ছে। মেহনতী মানুষ, প্রান্তিক চাষীরা, দরিদ্র চাষীরা কাজকর্ম পাচ্ছে। ট্যাঙ্ক ইমপ্রভমেণ্ট হচ্ছে, সেই ট্যাঙ্কের জল দিয়ে সেচের ব্যবস্থা হচ্ছে। তবুও আমি বলছি না যে, সব কাজ হয়েগেছে, কিন্তু আমরা চেষ্টা করছি।

আমি এখানে একটা বিষয়ে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব, উত্তর-বংগের জনসংখ্যা দক্ষিণবংগের জনসংখ্যার চেয়ে আয়তন অনুপাতে অনেক কম, জনসংখ্যার ব্যাপকতার জন্যই বোধ হয় দক্ষিণবংগের উন্নয়নমূলক কাজকর্ম অনেক বেশী চোখে পড়ে, যদিও একই-ভাবে টাকা পয়সা খরচ করা হচ্ছে। কিন্তু এলাকা বা আয়তন জনসংখ্যার দিক থেকে উত্তরবংগে অনেক বেশী। আর দক্ষিণবংগে আয়তন অনুপাতে জনসংখ্যা অনেক বেশী, সে কারণে একই পরিমাণ অর্থ বরাদ্দ হলেও দক্ষিণবংগের কাজ চোখে পড়ে, আর উত্তরবংগের উন্নয়ন মূলক কাজ চোখে পড়ে না। সে কারণে আয়তন অনুপাতে বরাদ্দ বাড়ান যায় কিনা, এই বিষয়টির প্রতি দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটু অনুরোধ করছি।

সর্বশেষে আগামী পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে ভোট কেন্দ্রগুলির দিকে মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা বিষয়ে দৃষ্টি রাখতে অনুরোধ করছি। আমাদের প্রতিপক্ষ আজকে মারমুখী হয়ে গেছে। আগামীদিনে নির্বাচন শুরু করবার আগে এই ব্যাপারটা গভীরভাবে চিন্তা করতে ব'লে, আমি এই সংশোধনী বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-10—6-20 P. M.]

**শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমাদের সদস্যদের সমস্ত বক্তব্য খুব মন দিয়ে শুনেছি। আমি আশা করব যে তাঁরা আমার বক্তব্যটা একটু মন দিয়ে শুনে বুঝবেন, তারপর যদি কিছু বলার থাকে তাহলে থার্ড রিডিংয়ে বলবেন। প্রথম কথা, যখন আমরা

এক বছর সময় নিয়েছিলাম তখন কেন নিতে হল তার কারণও এই বিধানসভায় ব্যাখ্যা করেছিলাম। কারণ বিধানসভার নির্বাচন হয়েছিল ১৯৭৭ সালের জুন মাসে, আর পঞ্চায়েত নির্বাচন হয়েছিল ১৯৭৮ সালের জুন মাসে। পঞ্চায়েতের মেয়াদ ৪ বছর, বিধানসভার মেয়াদ ৫ বছর। কাজেই একই সময়ে দুটো করা সম্ভব ছিল না। দু নম্বর হচ্ছে যে, এবারে যা হয়েছে তাতে বিধানসভার ইলেকটোর্যাল রোলটা হচ্ছে বুথ ওয়াইজ, আগে ঐ গ্রামগুলির দিকে ছিল কনষ্টিটিউয়েনসি ওয়াইজ। তারও পরিবর্তন দরকার। এ পর্য্যন্ত যা হয়েছে তাতে আপনারা নিশ্চয়ই স্বীকার করবেন, এক বছর যে সময় নেওয়া হয়েছিল সেই এক বছরের ভিতরে আমরা কথা রেখে নির্বাচন করতে চলেছি। নির্বাচনের তারিখ ক্যাবিনেটে ঠিক হয়েছে ২৯শে মে। অনেকে বলেছেন গরমের সময় করা যায় না। মার্চ মাসের মধ্যে করতে হবে, কিন্তু আমি এখন পর্য্যন্ত যতদূর দেখেছি তাতে প্রোগ্রামটা হচ্ছে এপ্রিলের মাঝামাঝি পর্য্যন্ত এই বাজেটের অধিবেশনটা চলবে। নিশ্চয়ই, যাঁরা এ্যাসেম্বলীর সদস্য আছেন, তাঁদের অন্তত পক্ষে একমাস পুরো সময় দেওয়া উচিত যাতে তাঁরা তাঁদের কেন্দ্রে ঠিক মত কাজ করতে পারেন। নয়ত পরে আবার বলবেন একটু সময় পর্য্যন্ত দিলেন না, সেজন্য এই সমস্ত বিবেচনা করা দরকার। জয়নাল আবেদিন সাহেব আছেন, তিনি ঠিকই বুঝেছেন আমি যা করেছি আণ্ডার দি কম্পালসান অফ ষ্ট্যাটিটিট তা ছাড়া করার আর কোন উপায় ছিল না। এই যে সংশোধনী বিলটা এসেছে তার স্কোপটা কি সেটা না বুঝে এটাকে অবলম্বন করে নানা বিষয়ের অবতারণা করেছেন। অনেকে বলেছেন যে এ্যাসেম্বলীর যে ভোটার লিষ্ট তা সংশোধন করা দরকার, ত্রুটি আছে। যখন ১৯৮২ সালে নির্বাচন হয়েছিল, বলা হয়েছে তখন সময় নিয়েছেন তখন নানা কেন্দ্রে ভুল হয়েছিল। আমি বারবার বলবার চেষ্টা করেছি আমার উদ্বোধনী ভাষণের সময়। এ্যাসেম্বলী ভোটার লিষ্টের যে সমস্ত নিয়ম আছে নির্বাচনের সময় অর্থাৎ কারো নাম অন্তর্ভুক্ত করা যায় বা বাদ দেওয়া যায় এই রকম যেসমস্ত জিনিষ আছে এক্ষেত্রে সে রকম কোন স্কোপ নেই।

এই জিনিষটা করেন ইলেকশন কমিশন, এটা করেন ইলেকশন রেজিষ্ট্রেশন অফিসার পশ্চিম-বঙ্গের কোন ক্ষমতা নেই। সেইজন্য প্রয়োজন ভিত্তিতে করছেন। এই আইনে বলেছে এ্যাসেম্বলী ভোটার লিষ্টের উপর ভিত্তি করে ইলেকটোরাল রোল করতে হবে। আমি বুথওয়াইজ ইলেটোরাল রোল করিনি, রোল বুথওয়াইজ করেছেন ইলেকশন কমিশন। অতএব ষ্ট্যাটুইটারী কমপ্লিশন এই কাজেও আমাদের তারই ভিত্তিতে করতে হচ্ছে, এখানে কোন স্কোপ নেই। আপনি জানেন ৮২ সালে ভোট হয়েছিল এবং প্রত্যেক দলের কাছে হিসাব আছে কোন বুথে কোথায় কত ভোট পড়েছে বুথের সেই হিসাব সবাই তো জানেন। তারতো কোন পরিবর্তন করছিনা, এটা কি খুব আগেকার কথা ?

তারপর আসছে সংখ্যার দিকটা। বলা হচ্ছে গণতন্ত্র প্রসারিত হচ্ছে না ইত্যাদি। এখন মোটামুটি একটা অঙ্ক কষেছি তাতে গ্রামপঞ্চায়েতের সংখ্যা কিছু কমে গেছে-৪৬ হাজারের কিছু উপরে থাকবে। পঞ্চায়েত সমিতির সংখ্যা হয়তো কিছুটা বাড়বে—এই রকম। আর এই

এ্যানালজিটা একটু বোঝা দরকার, সবদিক থেকে বোঝা দরকার। এ্যাসেম্বলীর ভিত্তিতে বোঝা দরকার। এখানে স্মরণ করিয়ে দিচ্ছি ১৯৫২ সালে প্রথম এ্যাসেম্বলী নির্বাচন হয়েছিল। তখন ৫১ সালের সেন্সাস অনুযায়ী পশ্চিমবাংলার জনসংখ্যা ছিল ২ কোটি ৪৪ লক্ষ, আর এ্যাসেম্বলীর আসন-সংখ্যা ছিল ২৩৪। ১৯৮১-র লোক গননায় জনসংখ্যা প্রায় ৫ কোটি ৪৮ লক্ষ হয়েছে এবং আমাদের বিধানসভার আসন সংখ্যা ২৯৪, কিন্তু নাম্বার হওয়া উচিত জনসংখ্যার অনুপাতে ৪৬৮। এই জিনিষটা আপনারা বিবেচনা করুন। সেইজন্য আমরা দেখছি যে মোটামুটি একই রাখা দরকার।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ ব্যাপারে অন্য দিকটাও বোঝা দরকার যাতে কোয়ানটিটি এবং কোয়ালিটি যাতে ডেটিরিওরেট না করে। সেইজন্য আক্ষেপ করে বলছি ধরুন আপনার যদি ৪টি সন্তান থাকে তাহলে সবাইকে সৎ, সুবুদ্ধিমান করতে পারেন না। সেইজন্য পশ্চিমবাংলার পঞ্চায়েত মন্ত্রী হয়ে ৫৬ হাজার আমার সন্তানসংখ্যা, তা যদি ৪০০ রাখতাম তাহলে হয়তো হোত। সেইজন্য আমি মোটামুটি চেষ্টা করেছি যে আগেকার যে সংখ্যা তার কাছাকাছি রাখার এবং যাতে মোটামুটি থাকে সেটা দেখার।

তারপর ডিসক্রিমিনেশনের কথা বলছি। সেই ব্যাপারটা বোঝা দরকার দুটো জিনিষ গুলিয়ে দেবেন না। প্রথম হচ্ছে, কোন জায়গায় রিপ্রেজেন্টেশন হয়েছিল, ডিসক্রিমিনেশন হয়নি, তার কারণ এক একটা গ্রামপঞ্চায়েতে যে দুটি রিপ্রেজেণ্টেশন ছিল তাকে ৫০০ দিয়ে ভাগ করা হয়েছে। অতএব একটা গ্রামপঞ্চায়েতে, সেখানে কোন জায়গা হচ্ছে না। পশ্চিমবঙ্গে ৩২৪২টি যে গ্রাম পঞ্চায়েত, তার ইলেকটোরাল রোলে রিপ্রেজেণ্টেশনে কোন ডিসক্রিমিনেশন নেই। সব ৫০০ দিয়ে ভাগ করেছি। এবার হচ্ছে কি—দুটো সিট কমেছে কোথাও? সেই গ্রামপঞ্চায়েত ৫০০-র ভিত্তিতে আছে। যেমন ধরুন ৮৭০০, তাহলে প্রথম ৮০০০-কে ৫০০ দিয়ে ভাগ করে হয়েছে ১৬টি, ৭০০-র ৫০০-তে ১টি। অতএব ১৬+১=১৭টি+১টি=১৮টি। এবার হচ্ছে কি? পোলিং ষ্টেশনগুলোকে আমরা আর্বিট্রেরী করছিনা। আমরা ক্লিয়ার নির্দেশ দিয়ে রেখেছি যে পোলিং ষ্টেশন ১০টা থাকলে সেখানে যার ভোটার নম্বর সবচেয়ে বেশী তাকে এক নম্বর, তার পর দুই নম্বর—এইভাবে ভোটারদের নম্বর বসবে, ইন অর্ডার বসবে। এবার ধরুন ১টা দিয়েছেন, এই ১টা দেবার পর এখন ধরুন এখানে ৮টা বাকি থাকে। এবার রিপোর্টেড ৮টা—এমন কি আমাকে মাননীয় সদস্য সাত্তার সাহেব বলেছেন যদি এমন হয় আমরা এক সময় দেখতাম যে জামাই ঠকানো প্রশ্ন করে ঠকানো হয়—যদি বলেন যে দুটিই ৬৭২, ৯ নম্বরও ৬৭২, ১০ নম্বরও ৬৭২—তাহলে কি করবেন? আমরা এই রকম ক্ষেত্রে বলবো সবার সুবিধার জন্য, অবশ্য টস্ করে যেত কিন্তু টস্ না করে সেখানে ১ বাড়িয়ে দেওয়া হবে। তাতে সুবিধা কি হবে? সবার সুবিধাই হবে, দেখবেন কারচুপি করবার সুযোগ থাকবে না। অবশ্য আমি তো জানি, দুর্ভাগ্য আমার। প্রথম নির্বাচনে এক মহারাজকে হারিয়ে বর্ধমান থেকে এসেছি। একটি কথা আছে আত্মবুদ্ধি মুন্যতে জগৎ।

আমাকে দিল বাদ, বাদ দিতে দিতে আমি এসে গিয়েছি সহরে। কি কি ভাবে বাদ দিয়েছে? অনেক রকম করে বাদ দিয়েছে। এখানে আমাদের তো কোন হাত নেই। বুথ তৈরী হয়ে আছে। বুথ তো আমরা নতুন করে ভাঙতে পারব না। সব ঠিক হয়ে আছে, তাই ভাঙতে পারছি না। অবশ্য কোন অসুবিধাও হচ্ছে না। ওঁরা বলছেন, পঞ্চায়েত সমিতি ভাঙতে হবে। পঞ্চায়েত সমিতির সংখ্যা ঠিক হয়ে আছে। পঞ্চায়েত সমিতি ৩,০০০ করা সত্ত্বেও আমরা যা দেখেছি, তাতে ৩টি সংখ্যা বেড়েছে সেখানে কোন অসুবিধা হচ্ছেনা। ওঁরা অনেকে বলেছেন যে, এখন এই সমস্ত করার টাইম ঠিকমত নেই। এখনও অনেক দিন আছে। আমরা বলেছি, ৫ তারিখে ফাইনাল নোটিফিকেসান করে দেওয়া হবে। তার আগে প্রতিটি জেলায় ডিষ্ট্রিকট ম্যাজিস্ট্রেটদের রেডিওগ্রাম করতে বলেছি। তাও প্রায় ১০ দিন হয়ে গেছে। আমি বলেছি, আপনারা তাড়াতাড়ি সমস্ত পার্টিকে ডেকে কি ভাবে করা হয়েছে সেগুলো জানিয়ে তাঁদের মতামত নিয়ে তারপর ফাইনাল করুন। কিন্তু এখানে একটা কথা মনে রাখা মুশকিল হয়ে যাচ্ছে সেটা হচ্ছে, পঞ্চায়েত ইলেকসান কম হয়েছে। এ্যাসেম্বিলি ইলেকসান অনেকগুলি হয়েছে বলে এ্যাসেম্বিলির ইলেকসানটা মাথায় ঢুকে রয়েছে। এ্যাসেম্বিলি ও পঞ্চায়েত ইলেকসানের নিয়মের ভিতরে যে পার্থক্য আছে, সেটা অনেক সময় আমাদের মাথায় থাকে না। এখানে আমাাদর আইনগত কোন স্কোপ নেই। হেয়ারিং' এর কোন স্কোপ নেই। তবুও এটা আলোচনা করে করা ভাল। সেজন্যই আমরা এই জিনিষ করেছি। এরজন্য অনেকে—যেমন, মাননীয় সত্যবাবু—বলেছেন, এটা বে-আইনী হচ্ছে। আইনে আদৌ প্রভিসান না থাকা সত্ত্বেও আমরা এটা করেছি। আমি তো পোড় খাওয়া মানুষ, অনেক ধাক্কা খেয়েছি, আমি জানি মহামান্য আদালত আছে, হাইকোর্ট আছে। সেই জন্য আমি প্রতিটি জিনিষ সব খুঁটিয়ে দেখে, আইনের দিকে থেকে পরামর্শ করেই করেছি। হঠাৎ করে কোন জিনিষ হয় না এবং যে কোন জিনিষ যে কোন সময়ে হতে পারে না। তবুও যা সময় আছে, আমাদের জ্ঞান—বিবেচনা—বুদ্ধি দিয়ে এবং যে সমস্ত আইনজ্ঞ আছেন, তাঁদের সঙ্গে পরামর্শ করে আইনের দিক থেকে কোন ত্রুটি রাখিনি। সময় বেশী পেলে আরও ভাল করে করা যেত। এখানে কোন কারচুপির ব্যবস্থা নেই। এটাই হচ্ছে আসল ব্যাপার। তারপর ধরুন শেষের দিকে কতকগুলি জিনিষ করা হয়েছে কাউনটিং এর ব্যাপারে। কাউনটিং এর ব্যাপারে আপনারা তো বলেই খালাস হয়ে যাবেন। কিন্তু আসল কাজ তো করতে হবে আমাকেই। জানি, এখানে এই জিনিষ নিয়ে অনেক কথা হয়েছে। আমি ডিষ্ট্রিক ম্যাজিষ্ট্রেটদের নিয়ে মিটিং ডেকেছিলাম এবং গতবারের অভিজ্ঞতা আছে। খুব ভীষণ অবস্থা। ২৯ হাজার পোলিং ষ্টেশনকে সিকিউরিটি গার্ড দিয়ে মেনটেন করার মতো পুলিশ হয়তো পাওয়া যাবে না। আবার অনেক জায়গায় পোলিং-এর কাজ মেটাতে সারাদিন লেগে যায় সন্ধ্যা বা রাত্রিও হয়ে যায়। তারপর আবার কাউনটিং-এর কাজ করতে হবে।

এতে আবার কর্মচারী ও অফিসারদের আপত্তি আছে। এইসব দেখে শুনে আমরা এ্যাক্টে রাখি না। কিন্তু রুলের ভেতরে রাখি। এগুলিকে ডিলিট করার জন্য বলা হয়েছিল। আমরা

এনাবিলিং হিসাবে নিতে চেয়েছিলাম, যাতে সমস্ত জিনিষটা অবস্থা বুঝে করতে পারি। কিন্তু যখন আমি দেখলাম এটা নিয়ে একটা সন্দেহের উদ্রেক হয়েছে, তখন আমি বারবার বলেছি। এই বৃদ্ধ বয়সে অপবাদ নেবার জন্য কি জীবন সায়াহ্নে মন্ত্রী হয়েছি? আমি দেখলাম দরকার নেই। আমি জানি কি কঠিন দায়িত্ব আমি নিয়েছি। আমি জানি এটা করা কি কষ্ট, কি কঠোর। আমি এটা আপনাদের কাছে স্বীকার করবো বলেই এসেছি। অনেকের সঙ্গে আলাপ করেই এসেছি। হোম সেক্রেটারী, চিফ সেক্রেটারী, আই. জি.—এঁদের নিয়ে আমাকে মিটিং'এ বসতে হবে। এটাকে ইমপ্লিমেণ্ট করতে হবে। আপনারা অনেকে জানেন বা বোঝেন, কি কঠিন দায়িত্ব আমার কাঁধে দেওয়া হয়েছে। আমি যেমন প্রশান্ত মনে এই দায়িত্ব গ্রহণ করেছি, তেমনি আশা করব, আপনারাও প্রশান্ত মনে এই দায়িত্ব পালন করবার জন্য আমাকে সাহায্য করবেন। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Kashinath Misra that the West Bengal Legislative Assembly disapproves the West Bengal Panchayat (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. I of 1983), was then put and lost.

The motion of Shri Benoy Krishna Chowdhury that West Bengal Panchayat (Amendment) Bill, 1983, be taken into consideration, was then put and agreed to.

CLAUSES 1 TO 3

The question that clauses 1 to 3 do stand part of the Bill was then put and agreed to.

CLAUSE 4

**Shri Kashinath Misra:** Sir, I beg to move that clause 4(a) be omitted.

Sir, I further beg to move that clause 4 (b) be omitted.

Sir, I further beg to move that clause 4 (c) be omitted.

**Shri Benoy Krishna Chowdhury:** Sir, I oppose the amendments.

The motions of Shrt Kashinath Misra that—

clause 4(a) be omitted,

clause 4(b) be omitted, and

clause 4(c) be omitted,

were then put and lost.

The question that clause 4 do stand part of the Bill, was then put and agreed to.

CLAUSE 5

The question that clause 5 do stand part of the Bill, was then put and agreed to.

CLAUSE 6

**Mr. Speaker :** There is amendment to clause 6 by Shri Kashinath Misra. The amendment is out of order under rule 321 of the Rules of Procedure and Conduct of Business.

The question that clause 6 do stand part of the Bill, was then put and agreed to.

CLAUSE 7

**Mr. Speaker :** There is amendment to clause 7 by Shri Kashinath Misra. The amendment is out of order under rule 321 of the Rules of Procedure and Conduct of Business.

The question that clause 7 do stand part of the Bill, was then put and agreed to.

CLAUSE 8

The question that clause 8 do stand part of the Bill, was then put and agreed to.

## CLAUSE 9

**Mr. Speaker :** There is amendment to clause 9 by Shri Kashinath Misra. But the amendment is not in order under rule 321 of the Rules of Procedure and Conduct of Business.

The question that clause 9 do stand part of the Bill, was then put and agreed to.

## CLAUSE 10

**Mr. Speaker :** There are amendments to clause 10 by Shri Kashinath Misra and Shri Debaprasad Sarkar. The amendment of Shri Kashinath Misra is out of order under rule 321 of the Rules of Procedure and Conduct of Bussiness. Shri Debaprasad Sarkar may now move his amendment.

**Shri Debaprasad Sarkar :** Sir, I beg to move that in amendment to Section 203 clause 10 the following clause be substituted :

"10. In Section 203 of the principal act, in subsection (5), for the words" immediately after the election", the word 'immediately after the poll' shall be substituted".

**Shri Benoy Krishna Chowdhury :** I accept the amendment. The motion of Shri Debaprasad Sarkar that in clause 10 the following clause be substituted :

"10. In Section 203 of the principal Act, in subsection (5), for the words "immediately after the election', the words 'immediately after the poll' shall be substituted",
was then put and agreed to.

The question that clause 10 as amended do stand part of the Bill, was then put and agreed to.

## CLAUSE 11 AND PREAMBLE

**The question that clause ll and preamble do stand part of the Bill, was then put and agreed to.**

**[ 6-30—6-40-P.M. ]**

**I beg to move that the West Bengal Panchayat (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed.**

**শ্রীআবদুস সাত্তার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত নির্বাচন আমার মনে হয় একদিক থেকে বিধানসভার নির্বাচনের চেয়ে গুরুত্বপূর্ণ। কিন্তু পঞ্চায়েত নির্বাচনের আইন যেটা গ্রামের মানুষের সংগে যেভাবে জড়িত সেভাবে বিধানসভা নয়। কিন্তু দুঃখের কথা পঞ্চায়েত নির্বাচনের যে কেন্দ্র সেগুলি যেভাবে সেকসান ৩ এণ্ড ৪—এ আছে সেখানে সেকসান ৩-এ গ্রামের কথা বলা হয়েছে, সেকসান ৪-এ কতকগুলি গ্রাম নিয়ে একটা কেন্দ্র করার কথা বলা হয়েছে। কিন্তু দেখছি সেকশান ৪-এ কতকগুলি পার্ট অফদি গ্রাম নিয়ে একটা কেন্দ্র হবে। এক একটা কেন্দ্র এক একটা বুথকে কেন্দ্র করে করা হয়েছে। অর্থাৎ বিধানসভার যে বুথ সেই বুথই হচ্ছে এখানকার কেন্দ্র। কিন্তু সে সম্পর্কে একটা কথা আইনে বা রুলসে নেই। রুলস ৮-এ বলা আছে determination of the number of members of Gram Panchayat আপনারা দেখবেন কনষ্টিটুয়েন্সির একটা ড্রাফট পাবলিকেশন হয়, কিম্বা যে গ্রামগুলি যে কন্সটিটুয়েন্সি হয় তার একটা ড্রাফট পাবলিকেশান হয়। এই আইনগুলি আপনারা সংশোধন করতে পারতেন। ৪ বছরের জায়গায় ৫ বছর করতেন। কন্সটিটুয়েন্সির ডেফিনেশান ইন সেকসান ৪-এ যেটা আছে তাতে কিন্তু বলা হয়নি Both of the Assembly Constituncy will be the Constituency of the Gram Panchyat বুথকে বাদ দিয়ে কিছু হবেনা। বুথের ভেতরে যে যে গ্রামগুলি আছে সেগুলিই কন্সটিটুয়েন্সি হবে। এ রকম ধরনের কথা নেই। অথচ বাস্তব ক্ষেত্রে প্রত্যেকটা বুথকে এক একটা কনস্‌টিটুয়েন্‌সি ধরা হয়েছে। বুথের যে প্রিপারেশান তাতে ১৯৮২ সালের জুনে যে ভোট হয়েছে তার মধ্যে সেখানে একটা আপত্তি দেবার বিধান আছে। রিপ্রেজেন্টেশান অফ দি পিওপিলস য়্যাক্ট অনুযায়ী বুথ খাড়া করা হয়। সেখানে তা নিয়ে আপত্তি হয়, তার হিয়ারিং হয় তারপর বুথ ঠিক হয় ইলেকসান রুলস অনুসারে। কিন্তু এখানে একটা পিকিউলিয়ার অবস্থা হচ্ছে। আপনি যে সংশোধনী নিয়ে এসেছেন ১৯৭৩ সালের পঞ্চায়েত য়্যাক্ট অনুসারে রুলস মেড দিয়ার আণ্ডার—সেখানে সেকসান ৪-এ বলা আছে ডিলিমিটেশানের কথা, রুলস ৯-এ ডেফিনেশান অফ কন্সটিটুয়েন্সির কথা বলা হয়েছে। এই ডিভিসানগুলিই বেসিস অফ দি বুথ। অর্থাৎ সমস্ত য়্যাপ্রোচ বিধানসভার বুথকে সামনে রেখে করা হয়েছে। দ্বিতীয়তঃ যিনি ভোট দেবেন ১৯৮২ সালের জুন মাসে কিম্বা তার আগে যার বয়স ২১ বছর হয়েছে সে ভোট দিতে পারছে না।

১৯ শে জুনের পরে ডিসেম্বর মাসে যার বয়স ২১ বছর পার হয়েছে সে যদি তারপরে ইনক্লুসানের জন্য দরখাস্ত করে যে আমার বয়স ২২ বছর হয়েছে তাহলে আইনের এমন অবস্থা যে তার ভোটার হবার অধিকার এই পঞ্চায়েত এ্যাক্টে কিছু নেই। তার কারণ হচ্ছে ইলেকটোরাল রোল যেটা করা হয়েছে সেটা প্রিপেয়ার্ড হয়েছে আণ্ডার দি রিপ্রেজেনটেশান অব দি পিপলস এ্যাক্ট, ইলেকশান কমিশন তার মালিক, পঞ্চায়েত মিনিষ্টার বা স্টেটে গভর্নমেণ্ট তার মালিক নয়। আবার পঞ্চায়েত ইলেকশানের সম্পূর্ণ ইনচার্জ হচ্ছে আমাদের পঞ্চায়েত ডিপার্টমেণ্ট বা পঞ্চায়েত মিনিষ্টার, কিন্তু প্রিপারেশান অব ভোটার লিস্টের ব্যাপারে কোন হাত নেই। কারণ, আইনের সেকসান ৩, কিংবা সেকসান ৪ এ ইলেকটোরাল রোলের কথা বলা আছে। আমি বলি যখন পঞ্চায়েত ইলেকশান সম্পূর্ণ আপনার আওতায়, ইলেকশান যখন আপনি কনডাক্ট করবেন তখন সেকসান ৪ এর ইলেকটোরাল রোলটা আপনারই বক্তব্য, আপনি সেখানে কেন বললেন না যে এর বয়স ১৮ বছর, বা ২১ বছর বা ২২ বছর হয়েছে। আপনি সেটা আলাদা করে করতে পারতেন। আপনি ঠিক সময়ে এই এ্যামেণ্ডমেণ্টগুলি নিয়ে আসতে পারতেন, কেননা এটা আমরাই করেছিলাম ১৯৭৩ সালে। তারপর আপনি এটা এ্যামেণ্ড করে বলতে পারতেন যে প্রকৃত ভোটার যারা ভোট দিতে পারবে, যাদের বয়স ২১/২২ বছর হয়ে গেছে ১৯৮২ সালের জুন মাসের পরে তারা আজকে বঞ্চিত হচ্ছে। যেহেতু আপনার হোল বেসিস হচ্ছে এ্যাসেম্বলী ইলেকশান সেজন্য আমি বলব পঞ্চায়েত ইলেকশানের মালিক হচ্ছেন আপনি আর ভোটার লিস্ট প্রিপারেশানের মালিক হচ্ছেন ইলেকশান কমিশন, সুতরাং ভোটার লিস্ট করার অধিকার আপনার নেই। অদ্ভুত ব্যাপার, আমার মনে হয় এটা এ্যামেণ্ড করা উচিত ছিল। আপনি সেকসান ৪ দেখুন—পার্সনস হুজ নেমস আর ইনক্লুডেড ইন দি ইলেকটোরাল রোল অব ওয়েষ্ট বেংগল এখানে দায়িত্ব এড়াবার জন্য আপনি এটা করেছেন। আগে যে ভোটার লিস্ট আছে এটা আমরা করেছি, যাতে খাটুনি না হয় ওটার ঘাড়ের উপর দিয়ে চলে যাক এই হচ্ছে সহজ কথা। ভোটার লিষ্টের প্রিপারেশান গতবার হয়েছে, তার আগে ছিল না, এটা হয়েছে বুথওয়ারি। সেই বুথওয়ারিকে আপনি এক একটা ইউনিট ধরেছেন—কোথাও ২টা দেবেন, কোথাও ১টা দেবেন ১টা ছিল ম্যাক্সিমাম, সেটা ২টা হয়েছে। আমি বলছি দি হোল এ্যাপ্রোচ আপনাদের হওয়া উচিত পঞ্চায়েত ইলেকশান। আপনি পঞ্চায়েত ইলেকশান করছেন সেটা পঞ্চায়েতের মত করবেন, নট এ্যাসেম্বলী ইলেকশান। সেই হিসাবে একটা বুথের আগে ড্রাফ্‌ট পাবলিকেশান, তারপরে ফাইনাল পাবলিকেশান এগুলি হওয়া উচিত ছিল। কিন্তু আপনার স্কোপ লিমিটেড, আজকে আপনি ওখানে বসে কিছু পলিটিক্যাল পার্টির লোককে ডাকছেন, ডেকে আলোচনা করছেন, কিন্তু দেয়ার আর সো মেনি পারসন্‌স যাঁরা পলিটিক্যাল পার্টিতে বিলঙ করেন না। আজকে তাদের কোন অধিকার নেই আলোচনা করার যে এখানে অন্যায় হল, সেই অন্যায়টা দূর করতে হবে। পলিটিক্যাল পার্টি ছাড়া বাইরের লোকের কোন অধিকার নেই ওখানে আলোচনা করার। আগেকার পঞ্চায়েত কনস্টিটিউয়েন্সির কথা আপনার আইনে বলা নেই, অথচ আপনি বাস্তবক্ষেত্রে করছেন। সুতরাং আমি বুঝতে পারছি না কোন কোন পার্ট অব দি গ্রাম নিয়ে আপনার

কনস্টিটিউয়েন্সি। সেকথা আইনে বলা আছে কিন্তু করার সময় কোন ড্রাফ্‌ট পাবলিকেশান নেই, কিছু নেই, আপনি বলে দিলেন অমুক কনস্টিটিউয়েন্সি অমুক অমুক গ্রাম। অতএব কনস্টিটিউয়েন্সি একটা গ্রাম সেটা বোঝাচ্ছে। দি হোল এ্যাপ্রোচ ইজ রঙ। দি হোল এ্যাপ্রোচ হচ্ছে আপনারা এ্যাসেম্বলী কনস্টিটিউয়েন্সির ভিত্তিতে এগোচ্ছেন। আপনাদের এ্যাপ্রোচ হওয়া উচিত ছিল পঞ্চায়েত নির্বাচন আইন যেমন সেপারেট আছে তেমনি ভোটার লিষ্টও সেইভাবে থাকা উচিত ছিল, একটা বুথকে কেন্দ্র না করে পার্ট অব এ গ্রাম এগুলি নিয়ে বুথ করা উচিত। এ্যাসেম্বলী ইলেকশানের আগে যেমন বুথের ড্রাফ্‌ট পাবলিকেশান হয় সেই রকম একটা ড্রাফ্‌ট পাবলিকেশান হওয়া উচিত ছিল, ড্রাফ্‌ট পাবলিকেশান করে সেখানে আপত্তি রাখার একটা স্কোপ থাকা উচিত ছিল, তা থেকে সাধারণ মানুষকে বঞ্চিত করা হয়েছে। সুতরাং আমি মনে করি এটার পরিবর্তন দরকার। আপনি যে সংশোধনী এনেছেন এই সম্বন্ধে আমার কিছু বলার নেই। আপনি যে সংশোধনী এনেছেন তাতে ৩ টার জায়গায় ২টা করেছেন, ২টার জায়গায় ৩টা করেছেন। আপনি কেন কমালেন আমি বুঝতে পারছি না। আগে ৩ জন ছিল ১ টার জায়গায়, আপনি সেখানে ২ জন করেছেন।

[6-40—6-50 P.M.]

যেখানে ম্যাকসিমাম ৩জন ছিল সেখানে আপনারা ২জন করেছেন। অর্থাত ৫০০তে ১টি, আবার ১৫০০ হলে ২জন করছেন। এভাবে কমালেন কেন? আমি দেখছি হোল এ্যাপ্রোস্‌টাই হচ্ছে রং। আপনারা ড্রাফ্‌ট পাবলিকেসনের সুযোগ দিচ্ছেন না এবং এটা না ভোটার লিষ্টি, না কনসটিটিউএনসীতে। আমি মনে করি এই আইন এমনভাবে করা উচিত যাতে প্রত্যেকটি মানুষ সুযোগ পায়। ড্রাফ্‌ট পাবলিকেসন একটা ভাইট্যাল থিং। আমাদের ল্যাণ্ড রেভিনিউ মিনিস্টারের জানা উচিত, এ্যাটেসটেসনের পর ড্রাফ্‌ট পাবলিকেসন এবং তারপর ফাইন্যাল পাবলিকেসন করতে হয় এবং সেটাই হচ্ছে ন্যাচারাল জাস্টিস্। কিন্তু আমি দেখছি সেই ন্যাচারাল জাস্টিস্ থেকে মানুষ বঞ্চিত হচ্ছে।

**ডাঃ জয়নাল আবেদিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত মন্ত্রী মহাশয় বলেছেন তিনি তাঁর জীবন সায়াহ্নে এই অপবাদ নিতে প্রস্তুত নন। তিনি দেবপ্রসাদ বাবুর সংশোধনী গ্রহণ করেছেন বলে আমি তাঁকে সাধুবাদ জানাচ্ছি। তবে আমি একটা কথা এখানে যা বলেছিলাম সে সম্বন্ধে তিনি কিছু মন্তব্য করেছেন বলে আমাকে কিছু বলতে হচ্ছে। আমি বক্তৃতা প্রসংগে বলেছিলাম, ইউ হ্যাভ পিক্‌ড ভিলেজ ভ্যাগাবণ্ডস্ টু রিপ্রেজেন্ট দি পিপল। আই রিইটারেট এ্যাণ্ড কনফার হোয়াট আই হ্যাভ সেইড। আজকের "স্টেটস্‌ম্যান" পত্রিকার পেইজ নাইন, কলাম স্কিস-এ যে খবর বেরিয়েছে তাতে লিখেছে, আনকালচার্ড পিপল অব দি Cong (I) who

১৯ শে জুনের পরে ডিসেম্বর মাসে যার বয়স ২১ বছর পার হয়েছে সে যদি তারপরে ইনক্লুসানের জন্য দরখাস্ত করে যে আমার বয়স ২২ বছর হয়েছে তাহলে আইনের এমন অবস্থা যে তার ভোটার হবার অধিকার এই পঞ্চায়েত এ্যাক্টে কিছু নেই। তার কারণ হচ্ছে ইলেকটোরাল রোল যেটা করা হয়েছে সেটা প্রিপেয়ার্ড হয়েছে আণ্ডার দি রিপ্রেজেনটেশান অব দি পিপলস এ্যাক্ট, ইলেকশান কমিশন তার মালিক, পঞ্চায়েত মিনিষ্টার বা স্টেটে গভর্নমেণ্ট তার মালিক নয়। আবার পঞ্চায়েত ইলেকশানের সম্পূর্ণ ইনচার্জ হচ্ছে আমাদের পঞ্চায়েত ডিপার্টমেণ্ট বা পঞ্চায়েত মিনিষ্টার, কিন্তু প্রিপারেশান অব ভোটার লিস্টের ব্যাপারে কোন হাত নেই। কারণ, আইনের সেকসান ৩, কিংবা সেকসান ৪ এ ইলেকটোরাল রোলের কথা বলা আছে। আমি বলি যখন পঞ্চায়েত ইলেকশান সম্পূর্ণ আপনার আওতায়, ইলেকশান যখন আপনি কনডাক্ট করবেন তখন সেকসান ৪ এর ইলেকটোরাল রোলটা আপনারই বক্তব্য, আপনি সেখানে কেন বললেন না যে এর বয়স ১৮ বছর, বা ২১ বছর বা ২২ বছর হয়েছে। আপনি সেটা আলাদা করে করতে পারতেন। আপনি ঠিক সময়ে এই এ্যামেণ্ডমেন্টগুলি নিয়ে আসতে পারতেন, কেননা এটা আমরাই করেছিলাম ১৯৭৩ সালে। তারপর আপনি এটা এ্যামেণ্ড করে বলতে পারতেন যে প্রকৃত ভোটার যারা ভোট দিতে পারবে, যাদের বয়স ২১/২২ বছর হয়ে গেছে ১৯৮২ সালের জুন মাসের পরে তারা আজকে বঞ্চিত হচ্ছে। যেহেতু আপনার হোল বেসিস হচ্ছে এ্যাসেম্বলী ইলেক-শান সেজন্য আমি বলব পঞ্চায়েত ইলেকশানের মালিক হচ্ছেন আপনি আর ভোটার লিস্ট প্রিপারেশানের মালিক হচ্ছেন ইলেকশান কমিশন, সুতরাং ভোটার লিস্ট করার অধিকার আপনার নেই। অদ্ভুত ব্যাপার, আমার মনে হয় এটা এ্যামেণ্ড করা উচিত ছিল। আপনি সেকসান ৪ দেখুন—পারসনস হুজ নেমস আর ইনক্লুডেড ইন দি ইলেকটোরাল রোল অব ওয়েষ্ট বেংগল এখানে দায়িত্ব এড়াবার জন্য আপনি এটা করেছেন। আগে যে ভোটার লিস্ট আছে এটা আমরা করেছি, যাতে খাটুনি না হয় ওটার ঘাড়ের উপর দিয়ে চলে যাক এই হচ্ছে সহজ কথা। ভোটার লিষ্টের প্রিপারেশান গতবার হয়েছে, তার আগে ছিল না, এটা হয়েছে বুথওয়ারি। সেই বুথওয়ারিকে আপনি এক একটা ইউনিট ধরেছেন—কোথাও ২টা দেবেন, কোথাও ১টা দেবেন ১টা ছিল ম্যাক্সিমাম, সেটা ২টা হয়েছে। আমি বলছি দি হোল এ্যাপ্রোচ আপনাদের হওয়া উচিত পঞ্চায়েত ইলেকশান। আপনি পঞ্চায়েত ইলেকশান করছেন সেটা পঞ্চায়েতের মত করবেন, নট এ্যাসেম্বলী ইলেকশান। সেই হিসাবে একটা বুথের আগে ড্রাফ্ট পাবলিকেশান, তারপরে ফাইনাল পাবলিকেশান এগুলি হওয়া উচিত ছিল। কিন্তু আপনার স্কোপ লিমিটেড, আজকে আপনি ওখানে বসে কিছু পলিটিক্যাল পার্টির লোককে ডাকছেন, ডেকে আলোচনা করছেন, কিন্তু দেয়ার আর সো মেনি পারসন্স যাঁরা পলিটিক্যাল পার্টিতে বিলঙ করেন না। আজকে তাদের কোন অধিকার নেই আলোচনা করার যে এখানে অন্যায় হল, সেই অন্যায়টা দূর করতে হবে। পলিটিক্যাল পার্টি ছাড়া বাইরের লোকের কোন অধিকার নেই ওখানে আলোচনা করার। আগেকার পঞ্চায়েত কনস্টিটিউয়েন্সির কথা আপনার আইনে বলা নেই, অথচ আপনি বাস্তবক্ষেত্রে করছেন। সুতরাং আমি বুঝতে পারছি না কোন কোন পার্ট অব দি গ্রাম নিয়ে আপনার

সম্বন্ধে আমি বার বার বলেছি। আপনারা বলছেন এটা হলে ভাল হোত। এই পঞ্চায়েত আইনের কতকগুলি মৌলিক সংস্কার ছাড়া আর কিছুই নয়। এটা সম্ভব কি না। পঞ্চায়েত আইন এখনও পর্যন্ত যা সেটা হওয়া উচিত। বলছেন লজিক্যালি এটা নষ্ট হচ্ছে ফর পঞ্চায়েত ইলেকসন। পঞ্চায়েত ইলেকটোর‍্যাল রোল আলাদা হওয়া উচিত এবং সেই থেকে পঞ্চায়েত তৈরী করা হবে। এখানে হচ্ছে এসেম্বলী ইলেকসন-এ যে ইলেকটোর‍্যাল রোল আছে তার ভিত্তিতে হচ্ছে। এখানে ন্যাচর‍্যালি অন্য থেকে করতে পারছি না। আমি রুল ৮-তে তা মেনসন করেছি। সাবসেকসনে আছে দেখবেন। গ্রাম পঞ্চায়েতে যে সিট হবে পোলিং ষ্টেসনের ভোটার অনুযায়ী হবে। এবং সেই অনুযায়ী সেটা করা হয়েছে। আমাদের মাননীয় সদস্য মেদিনীপুরের কথা বললেন। আমি চেষ্টা করে দেখবো কি হয়েছে। যদি একই গ্রাম পঞ্চায়েতের অধীনে হয় তাহলে আলাদা কথা। আর একটা তো হতেই পারে না। আবার অফিসার ভুলও করতে পারে। আর একটা প্রশ্ন তুলেছেন। তিনটি কেন তুলে দিলেন এবং দুটি কেন করলেন। তারও যুক্তি আছে। আমরা খানিকটা র‍্যাশন্যাল হবার চেষ্টা করেছি। এখানে যেটা ছিল ৪০০ সেটা এখন ৫০০ থেকে ১১০০/১২০০ হতে পারে। তার ১০%—তাই পোলিং ষ্টেশন তিনটের জায়গায় দুটো হবে। কারণ হাজারের উপরে থাকছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী** : Booth is a constituency. সেটা বলুন।

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী** : যেটা বলছেন সেটা রুল ৮-তে তার কথা আছে।

The motion of Shri Benoy Krishna Chowdhury that the West Bengal Panchayat (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed.

## PRIVILEGE MOTION

**Mr. Speaker :** A question of breach of privilege of the House has been raised by Shri Subrata Mukherjee, Shri Satya Ranjan Bapuli, Shri Atish Chandra Sinha, Shri Abdul Mannan and Shri Naba Kumar Roy on the ground that Shri Saroj Mukherjee, Chairman of the Left Front made a statement, as published in 'The Telegraph' in its issue dated 3.3.83 under the heading "Cong-I MLAS uncultured, says L.F. Chief," reflecting on the character and conduct of the members in the House. The Hon'ble members have enclosed a copy of the above issue of the newspaper along with the notice of the question of privilege given by them. The above

Hon'ble members have alleged that the speech or the statement made by Shri Saroj Mukherjee is reported in the local daily amounts to breach of privilege and contempt of the House. On an examination of the report of the statement allegedly made by Shri Saroj Mukherjee, Chairman of the Left Front as published in the Telegraph it appear that he made some uncharitable remarks about Congress (I) legislators in this Assembly so far as their parliamentary conduct is concerned. According to an established parliamentary convention defamatory words against a particular section of the House or against a particular party in the House are not treated as constituting a contempt of the House, since the whole House is not affected ( Practice & Procedure of Parliament, page 224. vol. I, 3rd edition by Kaul & Shakdher ). There is a precedent in the Lok Sabha in which the Speaker disallowed a question of privilege arising out of a public speech made by a political leader and reported in a newspaper in which the representatives of a political party in the legislatures were described as "people whom any first class magistrate would round" and "men without any appreciable means of livelibood" (L.S.Debate, 20.4.50. cc. 12729-34). On a similar consideration it may be held that the reported snide comments made by Shri Saroj Mukherjee against a section of members of the House as published in the Telegraph do not constitite a breach of privilege and contempt of the House.

The notice of Shri Subrata Mukherje and four others is acco rdingly disallowed.

[6-50—7-00 P.M.]

## THE WEST BENGAL LEGISLATURE (REMOVAL OF DISQUALIFICATIONS) (AMENDMENT) BILL, 1983

**Shri Rabin Mukherjee :** Mr. Speaker, Sir, with your permission, I beg to introduce The West Bengal Legislature (Removal of ·Disqualifications) (Amendment) Bill, 1983 and place a statement as required under rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The West Bengal Legislature (Removal of Disqualifications) Act, 1952 (West Ben. Act VI of 1952) enumerates certain offices of profit, the holders of which will not be debarred from being members of the West Bengal Legislative Assembly. The provisions of the Act are not very specific as to whether the office of Chairman or Member of a Road Transport Corporation established under section 3 of the Road Transport Corporations Act, 1950 (64 of 1950) may be held by a Member of the West Bengal Legislative Assembly without incurring disqualification under the West Bengal Legislature (Removal of Disqualifications) Act, 1952. It was, therefore, considered expedient to amend the West Bengal Legislature (Removal of Disqualfications) Act, 1952 suitably so that a Member of the West Bengal Legislative Assembly holding the office of the Chairman or Member of a Road. Transport Corporation established under section 3 of the Road Transport Corporations Act, 1950 did not incur any disqualification.

In view of the urgency of the matter and also in view of the fact that the West Bengal Legislative Assembly was not in session, the amendment had to be given effect to by promulgation of an Ordinance, namely, the West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Ordinance, 1983 (West Bengal. Ord. II of 1983) by the Governor.

**Mr. Speaker :** রবীনবাবু, আপনার বিলে বোধ হয় প্রিন্টিং মিস্টেক আছে।

**Shri Rabin Mukherjee :** এটা লেজিলেটিভ অ্যাসেম্বলীর জায়গায় লেজিসলেটার হবে।

(Secretary then read the Title of the Bill)

**Mr. Speaker :** I have received one Statutory Resolution from Shri Kashinath Misra under Article 213(2)(a) of the Constitution disapproving the propsed legislation. Shri Misra may now move his Resolution.

**Shri Kashinath Misra :** Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Legislative Assembly disapproves the West Bengal Legislature

(Removal of Disqualifications) (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. II of 1983)

**Shri Rabin Mukherjee :** Mr. Speaker, Sir, I beg to move that The West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Bill, 1983, be taken into consideration.

**Mr. Speaker :** Both the Statutory Resolution and the Bill will be discussed together.

**শ্রীরবীন মুখার্জি ঃ** স্যার, এটা একটি খুব সাধারণ বিল এবং এই বিলের একটি ছোট্ট উদ্দেশ্য আছে। সেটা হচ্ছে এই যে, ওয়েষ্ট বেঙ্গল লেজিসলেটিভ এ্যাসেম্বলীর মেম্বার হবার জন্য কোন সদস্য ডিসকোয়ালিফায়েড হবেন বলে বিবেচিত হবেন না এই কারণে যে, তিনি একটি লেজিসলেটিভ এ্যাসেম্বলীর মেম্বার, সেটাই হচ্ছে আজকের বিলের প্রধান উদ্দেশ্য। স্যার, আপনি জানেন দি অফিস অব প্রফিট ইন এনি গভর্নমেণ্ট অব ইণ্ডিয়া অর ইন দি ষ্টেট গভর্নমেণ্ট, যেমন অফিস অব পার্লিয়ামেণ্টারি সেক্রেটারি—পার্লিয়ামেণ্টারি সেক্রেটারি কিম্বা এমন একটা অফিস তিনি হোল্ড করেন যেটা হোলটাইমার অফিস বা যেটার জন্য তিনি ফি মাইনে পত্র ইত্যাদি নেন, এই সমস্তগুলি হলে তিনি হয়ত বিবেচিত হতেন না।

এই বিলের উদ্দেশ্যটা খুবই সাধারণ। এটা হচ্ছে, যদি কোন এম.এল.এ.কে চুস করা হয়, যদি তিনি কোন জায়গার সদস্য থাকেন, কোন অফিস হোল্ড করেন, তাঁকে চুস করা হ'লে তিনি ডিসকোয়ালিফায়েড বলে বিবেচিত হবেন না। তিনি বেনিফিট হিসাবে যেটা পাবেন সেটা হচ্ছে, কমপেনসেটারি এ্যালাউন্স। তাঁর হোল টাইম জব নয়। তিনি যে জবটা করবেন, যার জন্য তিনি এ্যাপয়েণ্টেড হচ্ছেন, চুসেন হচ্ছেন সেইজন্য তাঁকে কিছু কমপেনসেটারি এ্যালাউন্স দেওয়া যেতে পারে। একজন এম.এল.এ-এর ক্ষেত্রে আমাদের এখানে যে প্রচলিত ডেলি এ্যালাউন্স আছে অথবা কোন কাজের জন্য কোন রেণ্টের যদি দরকার হয়, ভাড়া নেবার দরকার হয় বা রাহা খরচ ইত্যাদি এই জাতীয় জিনিষগুলি তিনি পেতে পারেন। আমি জানি না এতে আপত্তি হবার কি কারণ আছে। এটা স্পেসিফিক ভাবে ছিল না, যেহেতু এটা প্রয়োজন হয়ে পড়েছে, কোন কর্পোরেশনে বা এই ধরনের কাজে কারুকে নিযুক্ত করার দরকারে এই ডিসকোয়ালি-ফিকেসানটা যাতে না থাকে সেই স্পেসিফিক কারণে এই আইনটা আনতে হয়েছে, এ ছাড়া এর অন্য কোন উদ্দেশ্য নেই। এটা নিয়ে বিশেষ আলোচনা হবারও কারণ আছে বলে মনে করি না, আশা করি সকলেই এটা গ্রহন করবেন।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় এই বিলের উদ্দেশ্যকে 'সাধারণ' বললেন, আমি মনে করি এটা একটা অসাধারণ ব্যাপার। রাজ্য বিধানসভার একজন মাননীয় সদস্যের যে ডিউটি সেটা আমরা জানি যে তাঁকে অনেক কাজে ব্যস্ত থাকতে হয়। তার উপর এরকম একটা গুরুত্বপূর্ণ পোষ্টে গিয়ে তিনি তাতে কতটুকু সময় দিতে পারবেন সেটা চিন্তার বিষয়। স্যার, আমরা সকলেই জানি যে এই ট্রান্সপোর্ট ব্যবস্থার আজ এক চরম দুরাবস্থার মধ্যে দিয়ে চলেছে এবং এই প্রতিষ্ঠানটি তদারকির অভাবে অচল অবস্থার মধ্যে এসে পড়েছে। এই অবস্থায় একজন পার্ট টাইম লোককে সেখানে বসানো হচ্ছে। যেখানে ফুল টাইমের লোক দিয়েই কাজ হ'ত না সেখানে পার্টটাইমার হিসাবে একজন মাননীয় সদস্যকে নিয়ে গেলে কি করে কাজ হবে আমরা বুঝতে পারছি না। তা ছাড়া স্যার, একজন এম.এল.এ-এর বিশেষ করে শাসক দলের এম.এল.এ-র কাজের চাপ অনেক বেশী। এই অবস্থার মধ্যে তিনি এই কাজের জন্য কতটুকু সময় দিতে পারবেন সে ব্যাপারে আমার মনে সন্দেহ জাগছে। তিনি দক্ষ কি অদক্ষ সে কথায় আমি যাচ্ছি না, একজন মাননীয় সদস্য যখন তখন তাঁর সেই দক্ষতা আছে বলেই আমরা ধরছি কিন্তু তাঁর সময়ের অভাবের দিকটাও দেখা দরকার। তারপর এখানে বলা হয়েছে, এ্যাসেম্বলীর যে ডেলি এ্যালাউন্স সেটা তিনি পাবেন, সেখানে কমপেনসেটারি এ্যালাউনসের লিমিট কতটা আমরা জানি না। সেটা তো আনলিমিটেড হতে পারে না। স্যার, ট্রান্সপোর্টের যখন এই দুরাবস্থা চলছে তখন প্রত্যক্ষভাবে পার্টির সাথে যুক্ত একজন ব্যক্তিকে এই পদে বসানো হ'লে তাতে সমস্যার কতটুকু সমাধান হবে সেটা চিন্তা করা দরকার। স্যার, আমরা মনে করি এটা করা হয়েছে দলীয় প্রাধান্যকে বাড়ানোর জন্য।

[7-00—7-10 P.M.]

দলীয় প্রাধান্য বাড়াবার জন্য বিভিন্ন ভাবে তার মধ্যে ইনভলভ হতে পারবে। বর্তমানে ট্রান্সপোর্টে যে অবস্থা আছে তাতেই তো অচল অবস্থা হয়ে আছে, এর পরে দলীয় প্রধান্যের ফলে সর্বোচ্চ ক্ষমতার মাধ্যমে সেখানে আরো অচল অবস্থার সৃষ্টি হতে পারে। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে প্রস্তাব এখানে রেখেছেন, সেটাকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ মানস ভুইঞা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পরিবহণ মন্ত্রী, রবীনবাবু পশ্চিমবংগ বিধানমণ্ডল ( অযোগ্যতাসমূহের অপসারণ ) ( সংশোধন ) বিধেয়ক, ১৯৮৩, যে বিল এনেছেন এবং যা উত্থাপন করতে গিয়ে তিনি মন্তব্য করেছেন যে এটা খুবই সাধারণ এবং এর বিরুদ্ধে বক্তব্য রাখার বিশেষ কিছু নেই। আমরা মনে করি যে এর মধ্যে নিশ্চয়ই সঠিক এবং বলিষ্ঠ বিরোধিতা করার প্রয়োজনীয়তা আছে এবং সে জন্য আমার বক্তব্য পেশ করছি। এই বিলের শেষে একটা কথা বলা হয়েছে যে, অত্যন্ত জরুরী কারণে জানুয়ারী মাসে অর্ডিন্যান্স জারী

করতে হয়েছে এবং তারপরে এটা বিলের আকারে আনা হয়েছে। আমি একটা কথা ভেবে পাইনা যে, ট্রান্সপোর্টের মত একটা সংস্থা, বিশেষ করে ক্যালকাটা ষ্টেট ট্রান্সপোর্টের মত সংস্থা যেখানে ধারাবাহিক ভাবে আমরা দেখে এসেছি যে কোন কারিগরী দিক থেকে কিম্বা কোন এ্যাডমিনিসট্রেটিভ দিক থেকে সুদক্ষ মানুষেরাই পরিচালনা করে এসেছেন, তাসত্ত্বেও আজকে ক্যালকাটা ষ্টেট ট্রান্সপোর্টের এই অবস্থা। সেখানে শ্যামলবাবু, একজন পার্টির এম.এল.এ, তাকে সরাসরি নিয়ে গিয়ে চেয়ারম্যান হিসাবে বসিয়ে দেওয়া হল। বেশ ভালকথা। কারণ পার্টির সদস্য মন্ত্রীও তো বটে। কিন্তু মন্ত্রীত্ব এক জিনিস, আর এটা অন্য জিনিস। একটা টেকনিক্যাল গ্রাউণ্ড, যেখানে একটা টেকনিক্যাল ব্যাপার ইজ কনসারণ্ড সেখানে যারা এতদিন ধরে পরিচালনা করছেন বা যারা পর্যালোচনা করছেন, সেখানে যদি দেখতাম যে একজন মেকানিক্যালি ট্রেণ্ড পারসনকে নিযুক্ত করার জন্য কোন বিল সংশোধন করার দরকার আছে তাহলে আমরা দু হাত তুলে সমর্থন করতে পারতাম। আপনি জানেন যে শ্যামলবাবু একদিকে পাবলিক আণ্ডার টেকিং কমিটির মেম্বার, তাকে আবার চেয়ারম্যান হিসাবে নিযুক্ত করার জন্য একটা বিল আনা হয়েছে এবং চেয়ারম্যান করে তাকে বসিয়ে দেওয়া হয়েছে। আপনারা জানেন যে একজন পাবলিক আণ্ডার টেকিং কমিটির সদস্য, তিনি গভর্ণমেণ্টের যে সমস্ত আণ্ডারটেকিং আছে সেগুলির দেখাশুনা করবেন, পর্যালোচনা করবেন এবং অডিট রিপোর্ট দেখবেন। একজন পাবলিক আণ্ডার টেকিং কমিটির সদস্য হয়ে তিনি সেই সংস্থার বিরুদ্ধে পর্যালোচনা করবেন অর্থাত কার বিরুদ্ধে? না, নিজের বিরুদ্ধে, যিনি চেয়ারম্যান হয়ে বসে আছেন। এটা যদি হয় তাহলে হিসাবটা কি ভাবে হবে, পর্যালোচনা কি ভাবে হবে, সেটা ভেবে দেখা দরকার। মাননীয় কাশীনাথ মিশ্র যে কথা বলেছেন যে, এটাতে রাজনৈতিক উদ্দেশ্য আছে, আমিও মনে করি এটা ঠিক। বামফ্রন্ট সরকারের মধ্যে যেসব সি.পি. এম-এর তরুন সদস্য আছে, তাদের মধ্যে একটা চাপা বিক্ষোভ দানা বেধেছে তাকে ধামাচাপা দেবার জন্য আমাদের বয়স্ক মন্ত্রী, রবীনবাবু জ্যোতিবাবুকে ধরে তাড়াহুড়ো করে শ্যামলবাবুকে চেয়ারম্যান করে বসিয়ে দিলেন যাতে তার মুখ চাপা দেওয়া যায়, কারণ বিশ্বব্যাংকের কোটি কোটি টাকা আসছে। ওরা মুখে অনেক সমালোচনা করেন, আর পিছনের দরজা দিয়ে বিশ্বব্যাংকের কোটি টাকা নেন এবং সেই টাকা নিয়ে কি ভাবে পার্টিতে ম্যানুপুলেট করা যায় তার চেষ্টা করেন। সুতরাং আই.এ.এস. অফিসার দিয়ে সেটা হবেনা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ার দিয়ে হবেনা, সুদক্ষ পরিচালক দিয়ে সেটা হবেনা। শ্যামলবাবুর মত বিক্ষুদ্ধ কর্মীকে মন্ত্রী করা যায়নি, সুভাষবাবুকে মন্ত্রী করেছেন। শ্যামলবাবুর মুখ বন্ধ করার জন্য তাকে চেয়ারম্যান করতে হবে। অতএব এমন জরুরী অবস্থার সৃষ্টি হল যে অর্ডিন্যান্স করতে হল। জানুয়ারী পর্যন্ত ওয়েট করে সুস্থ ভাবে একটা বিল আনতে পারতেন কিন্তু তা হলনা, এইটুকু অপেক্ষা করা গেলনা, তার জন্য অর্ডিন্যান্স করতে হল। এটাতে শ্যামলবাবুকে পুনর্বাসন নয়, যে রকম ভাবে অশোক বাবুকে এ্যাডমিনিসট্রেটিভ রিফর্ম কমিটি করে তার চেয়ারম্যান করা হয়েছে, সেই ভাবে শ্যামলবাবুকে একটা গাড়ী, একটা বাড়ী, কিছু উপঢৌকন দিয়ে তাকে যাতে খুসী করা যায় তার অপচেষ্টা মাত্র করা হয়েছে।

লেফ্‌ট ফ্রন্ট তথা সি.পি.এম. দলের সাংঘাতিক তীব্র আকাংক্ষাই এই অর্ডিনান্সের মধ্যে দিয়ে প্রকাশ পাচ্ছে। এটার দ্বারা তাঁরা প্রমাণ করছেন যে, আইন সংশোধন করে কিছু কিছু ক্রিপিল্‌ড্‌ লোককে পুনর্বাসন দেওয়া হচ্ছে। আজকে টেক্‌নিক্যাল মানুষদের বাদ দিয়ে ডিস্‌এইবল্‌ লোকদের পলিটিক্যাল রিহেবিলাইটেশন দেওয়া হচ্ছে। এরই বিরুদ্ধে বক্তব্য। আমি এই সরকারকে বলব যে, একের পর এক এই ধরণের প্রচেষ্টা যদি আপনারা নিতে থাকেন, তাহলে আগামী দিনের মানুষ আপনাদের আশীর্বাদ করবে না, ক্ষমা করবে না।

**শ্রীসুমন্ত কুমার হীরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয় আজকে আমাদের সামনে 'দি ওয়েষ্ট বেংগল লেজিসলেচার (রিমুভাল অফ্‌ ডিসকোয়ালিফিকেসন) (এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৮৩' উত্থাপন করেছেন। এই বিলটিকে সমর্থন করে আমি ২।১টি কথা বলতে চাই।

প্রথমেই আমি বলব যে, আমাদের বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা এই বিলের শুধু বিরোধিতা করবার জন্যই বিরোধিতা করলেন। কার্যত তাঁদের বিরোধিতা করবার মত মানসিক অবস্থা যে ছিল না সেটা তাঁদের বক্তব্যের মধ্যে পরিস্ফুট। আমি তাঁদের বলছি যে, আমাদের সংবিধানের ১৯১ ধারার ১ নং ক্লজের সার-সেকসন-টা একটু পড়ে দেখুন, তাহলেই দেখতে পাবেন যে, সেখানে পরিস্কার বলা আছে, কেউ এম.এল.এ. হলেও কমিটির চেয়ারম্যান হতে পারবেন বা কোন পাবলিক আণ্ডার-টেকিং-এর চেয়ারম্যান হতে পারবেন। সুতরাং এটা পরিস্কার দেখা যাচ্ছে যে, এবিষয়ে সংবিধানে কোন রকম বাধা-নিষেধ নেই। সেখানে পরিস্কার বলা আছে যে, এম.এল.এ এসব পদ গ্রহণ করতে পারবে, কোন বাধা নেই।

দ্বিতীয় কথা হচ্ছে, ওঁদের দলের কেন্দ্রীয় সরকার—জহরলাল নেহরু যখন বেঁচেছিলেন—তখন রোড্‌ ট্রানসপোর্ট কর্পোরেশন য়্যাক্ট প্রনয়ন করেছিলেন এবং ১৯৬১ সালে ঐ আইনের একটা সাংঘাতিক এ্যামেণ্ডমেণ্ট ঘটিয়ে নিজেদের দলের লোকদের বিভিন্ন পদে বসাবার রাস্তা করার ব্যবস্থা করেছিলেন। তাই আমি বলছি যে, ওঁরা যদি সেগুলি একটু পড়ে-শুনে এসে ডিবেটে অংশগ্রহণ করতেন তাহলে ভাল হতো। রোড্‌ট্রান্সপোর্ট কর্পোরেশন য়্যাক্টের ক্লজ (1) এ্যামেণ্ডমেণ্টের দ্বারা করা হয়েছে, 'nothing is clause (d) of Subsection (f) shall be deemed to disqualifying the chief executive officer or General manager of a corporation for being chosen as, or for being, a member thereof.' ঐ এ্যামেণ্ডমেণ্টর দ্বারা ওঁরা ঐ সব জায়গায় নিজেদের লোক বসাবার রাস্তা পরিস্কার করেছিলেন। চীফ্‌ ইঞ্জিনিয়ারের মত অফিসার পর্যন্ত নিয়োগ করবার ব্যবস্থা পর্যন্ত করেছিলেন।

কাশীনাথ-বাবু এখানে বললেন যে, বিধানসভার সদস্য কি করে সময় দেবেন! তা উনি খুব জনপ্রিয় নেতা, জন দরদি, খুব ভাল কথা। আমি ওঁকে জিজ্ঞাসা করছি, আপনাদের নিজেদের

দলের লোকেরা তো ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে রাজত্ব করছে, তারা কি করছে? উনি কি খবর রাখেন যে, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে এই সমস্ত বিভিন্ন পদে সেখানকার সরকার—বিভিন্ন কর্পোরেশনে—নিজেদের দলীয় লোকদের বসিয়ে দিচ্ছেন। প্রতিষ্ঠানগুলিকে ভাল-ভাবে চালাবার জন্য যোগ্য লোকেদের বসাচ্ছেন না, অযোগ্য দলীয় লোকদের বসাচ্ছেন। আমি এখানে একটা নাম উল্লেখ করছি—উনি জানেন কিনা জানি না—মিঃ এম. কামালুদ্দিন আহমেদ, তিনি অন্ধ্রপ্রদেশের কংগ্রেসী এম.এল.এ ছিলেন এবং একই সাথে অন্ধ্রপ্রদেশ রোডট্রান্সপোর্ট কর্পোরেশনের চেয়ারম্যান ছিলেন। তিনি ১৯৬২ থেকে ৬৭ সাল পর্যন্ত, ১৯৬৭ থেকে ১৯৭২ পর্যন্ত অন্ধ্রপ্রদেশ বিধানসভার সদস্য ছিলেন এবং ১৯৭১ সাল থেকে ১৯৭৪ সাল পর্যন্ত রোডট্রান্সপোর্ট কর্পোরেশনের চেয়ারম্যান ছিলেন। কাজেই আমাদের এখানে যেটা হতে চলেছে, এটা নতুন কিছু নয়। ওঁদের দলের লোকদের ওঁরা ইতি মধ্যেই এই সমস্ত পদে নিয়োগ করেছেন। অবশ্যই আজকে আমাদের যোগ্য লোককে যোগ্য জায়গায় বসাতে হবে, এতে আপত্তির কিছু নেই।

[7-10—7-20 P.M.]

মাননীয় সদস্য শ্রীমানস ভুঁইয়া মহাশয় মাঝে মাঝে যে বক্তৃতা করেন তাতে শোনার মত কিছু থাকে, কিন্তু আজকে যা বললেন তা শোনার মত নয়, একেবারে অসাড়, কোন জিনিষই নেই। তিনি কি বললেন? শ্যামলবাবুকে নাকি পার্টির দলীয় কর্মী হিসাবে বসানো হয়েছে। পার্টির দলীয় কর্মী হিসাবে যদি আমরা বসিয়ে থাকি – আমরা এটুকু বলতে পারি-ট্রান্সপোর্টকে সচল করবার জন্য বসিয়েছি। আমরা দলকে চাঙ্গা করার জন্য, দলের তহবিল সংগ্রহের জন্য—আপনাদের মত—বসাই নি। আপনারা যা করেন, এটা বলা উচিত নয়, সাব জুডিস কেস হাই কোর্ট, সুপ্রীম কোর্টের কেস। আপনারা আপনাদের পেটোয়া লোককে সুপ্রীম কোর্টের চীপ জাসটিস করেছেন, আপনাদের পেটোয়া লোককে হাই কোর্টের চীপ জাসটিস করেছেন, আমি এটুকু বলতে চাই যে আপনারা এইসব করেছেন, কাজেই সেই দৃষ্টিভংগী দিয়ে এর সমালোচনা করছেন।

**ডাঃ জয়নাল আবেদিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, জাজকে নিয়ে রিফ্‌লেকসন করা যায় না।

**মিঃ স্পীকার:** মাননীয় সুমন্ত হীরা মহাশয়, নো রিফ্‌লেকসন অফ জাজ।

**শ্রীসুমন্ত কুমার হীরা:** আমি জাজকে তো কিছু বলিনি স্যার, আমি বলছি, সুপ্রীম কোর্টের জাজ, তিনি চাকরি ছেড়ে দিয়ে ইলেকসনে দাঁড়াচ্ছেন, আসামে। আমি কি এই ঘটনাটা বলতে পারব না?

**মিঃ স্পীকার ঃ** হ্যাঁ, এটা আপনি আলোচনা করতে পারেন।

**শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** হাইকোর্টের চীফ জাস্টিস চাকরি ছেড়ে দিয়ে ইন্দিরা কংগ্রেসের টিকিট নিয়ে রাজ্যসভায় ইলেকটেড হয়েছেন। আমি সেই কথাই বলছি, এটা কি বলা যাবে না? কাজেই মাননীয় কংগ্রেস (আই)-এর বন্ধুরা বেসামাল অবস্থায় পড়েছেন। এই বিলকে বিরোধিতা করার মধ্যে তাঁদের কোন সার বক্তব্য নেই। এটাকে বিরোধিতা করার জন্যই তাঁরা বিরোধিতা করেছেন। আমাদের দুর্ভাগ্য যে এইসব কথা আমাদের এখানে বসে শুনতে হচ্ছে। যাইহোক মাননীয় পরিবহন মন্ত্রী শ্রীরবিন মুখার্জী মহাশয় যে বিল এনেছেন সেই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, 'জীবে দয়া করে যেই জন, সেই জন সেবিছে ঈশ্বর' রবিনবাবু নিজেই এই বার আমাদের বলেন—He is taxing our patience at the late hours of the Assembly to make our observation in a very so called innocuous legislation. মাননীয় রবিন মুখোপাধ্যায় আপনি ইনোকুয়া স যত বলছেন আপনার উচ্ছেস্য তত নয়। পশ্চিমবাংলায় একটা গুরুতর ঘটনা ঘটছে, যার উপর আপনাদের কোন হাত ছিল না। উই আর ইকোয়ালী সরি ফর ইট। আপনাদের বামফ্রন্টের চেয়ারম্যান, মার্কসিস্টদের সর্বোচ্চ নেতার মৃত্যুর পর পার্টিকে আর এক রাখতে পারছেন না। The younger generation have demanded shares of the cake, you are enjoying as such ঐ যে মাননীয় মানস ভুঁইয়া বলেছেন It is a bill for the rehabilitation of the dismantelled element. It is a rehabilitation bill. আজকে শেয়ার নিতে চাইছেন। ঐ যে একজন বললেন সুপ্রিম কোর্টের জাসটিস থেকে রিজাইন করে পার্টি ক্যানডিডেট হয়েছে, আপনাদের এখানে কি বাধা ছিল? Let him resign from the legislative and become the whole time chairman. আপনাদের এখানে সবচেয়ে বড় প্রবলেম, যার জন্য আপনারা বাসভাড়া বৃদ্ধি করতে চাইছেন Mis-management is the major element susteinance of lossess in all public transport system. সেখানে আপনার পার্ট টাইম ওয়ার্কার দিচ্ছে, পার্ট টাইম প্রেসিডেণ্ড করে কিছু করতে পারবেন না। এর দুটো উদ্দেশ্য, একটা হচ্ছে টু স্যাটিসফাই দোজ হু আর ক্লেমিং শেয়ার অফ পাওয়ার আর একটা বাই ইলেকসনে এনেছে আজকে তাকে রিহ্যাবিলিটেসন করা হবে। দি সেকেণ্ড পার্পাস ইজ rightly observed by Dr. Manas Bhunia. ঐ যে ওয়ারল্ড ব্যাঙ্কের মাল মশলা আসছে ওটা তো আলীমুদ্দীন ষ্ট্রীটে ট্রানসফার করতে হবে, ওটা তো মুরশেদ আই. এ. এস. কে দিয়ে হবে না। আর কোন হোল টাইমারকে দিয়ে হবে না।

If you got the guts let the post go to the Cabinet Minister. আপনারা ডিফেক্ট করে যাঁকে দিয়েছেন, আজকে প্রবোধ সিংহ, নো ক্যাবিনেট মিনিষ্টার you have not chosen him. You have chosen a person, who has claimed the share there. As such you have taken যাঁরা আজকে ক্ষমতা চাইছেন, সেই ক্ষমতার একদিকে স্যাটিসফ্যাকশন—অন্য দিকে পার্টি কফার, at the cost of the public exchequer and resource. আজকে এই লাইনে আপনারা চিন্তা করছেন। আমরা মনে করি এটা করার মরালি, this bill should not have been propsed, econimically. It will not improve either the state exchequer or the transport system and politically possibly it will not help you.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রসঙ্গক্রমে আপনি আলোচনা করছিলেন That in the post i n earlier primitive ages a mammal came into existence in this world. ম্যামথ, এক মাইল লম্বা তার পায়ে কোথাও গ্যাংরিন হোল, টের পেলো না? দোজ এ্যানিম্যালস আর একসটিংট্। আজকে by method of rigging and by method of unfairness and by method of brutality and cruetly এটা ডেথের পূর্ব লক্ষণ। This C. P. M. has managed to expand a little. কারণ একবার এঁরা যখন ১৪ জন জিতেছিল, পাবলিক সেবায় এঁদের ১৪ জনকে ইলেক্ট করে, তখন গোসা কোরে এঁরা এ্যাসেম্বলীতে আসেন নি এবার রিগিং করে, সুযোগ করে যখন ১৩৮ তখন এঁরা দল ভাঙ্গিয়ে আরও ১৪ জনকে সঙ্গে নেন আজকে যাঁরা, সুযোগ বুঝে সত্যবাবু এঁদের সঙ্গে গলা মিলিয়েছেন। প্রায় সবাই এসে গেছে কণ্ট্রোলে এঁদের আর বেশী তাড়া নেই। তবে I am affraid there in a healthy democrecy minimum two party is necessary. জুনিয়র ভার্সেস সিনিয়র, এত দলে যদি আপত্তি থাকে হেলদি ডেমোক্র্যাসি থাকবে কোথায়? কংগ্রেস দুই বছর বাদেই ১০০ বছরে পৌঁছোবে। আপনারা কম্যুনিষ্ট, প্রায় ৬০ বছর ধরে এসেছেন, আন্দোলন করেছেন। ক্ষমতায় এসে, welcome it but we cannot suport your misdeeds, we cannot suport your thefts, we cannot suport pour corruption স্যার, আপনারা যে পথ নিয়েছেন সেই পথ বাঁচার পথ নয়। এই পথ প্যালিয়েটিভ, It is not curative. As such I oppose this Bill tooth and nail.

**শ্রী সেখ আনোয়ার আলি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একটি এ্যামেণ্ডমেণ্ট বিধানসভায় এসেছে। এই বিলের কোন যুক্তি নেই। কারণ পূর্ববর্তী বক্তা বলে গেলেন তিনি যদি সি. এস. টি. সি.-র চেয়ারম্যান হন তাহলে তাঁর কাজে অনেক বাধা হবে। আমি বেশি সময় নেবো না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এগুলো সত্যিই দৃষ্টিকটু। আমি মনে করি তিনি ভালভাবে

দায়িত্ব পালন করতে পারবেন না। জানাশুনা দলের লোককে খোসামোদ করবার জন্যই এটা করা হয়েছে। তাই আমি এই বিলের বিরোধীতা করছি।

**শ্রীজ্যোৎস্নাকুমার গুপ্ত:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহনমন্ত্রী যে বিল এনেছেন তাকে সমর্থন জানিয়ে, যদিও অপ্রাসঙ্গিক হবে তবুও, দুই একটি কথা বলতে চাই।

এঁরা যে ধরণের কথা বলেন তাতে মনে হোল যাঁরা সংবিধান রচনা করেছিলেন তাঁরা এঁদের থেকে অপণ্ডিত ছিলেন। কেননা, তাঁরা সংবিধান রচনা করবার সময় যদি ভাবতেন যে বিধানসভার দরকার নেই। তাঁরা ভাবতে পারতেন যে বি. ডি. ও. গ্রামের উন্নয়ন করবে, মহকুমা শাসক মহকুমা, জেলা শাসক জেলা এবং রাজ্যপালরা রাজ্যগুলি শাসন করবে। আর কেন্দ্রে কেন্দ্রীয় সরকার শাসন করবে। তা তাঁরা ভাবেন নি বলেই আজকে আমরা সবাই নির্বাচিত হয়ে এসেছি। এখানে এটা দুঃখজনক ব্যাপার—এঁরা ৩২/৩৫ বছর ধরে এখানে রাজত্ব করে গেছেন। আজকে অবশ্য বিরোধী দলে চলে গেছেন। এখানে ভাববার একটি কথা আছে। ৪৮ সাল থেকে ৬৫ সাল পর্যন্ত এঁরা বিশ্বাস করতেন সমাজতন্ত্র ধাজাবাদ।

[7-20—7-30 P.M.]

তবে এখন বিশ্বাস করি গনতান্ত্রিক পরিবারবাদ, আর আমরা বিশ্বাস করি সমাজবাদ। অবশ্য গনতন্ত্রকে বাদ দিয়ে নয়। কেননা গনতন্ত্রকে বাদ দিলে এই নির্বাচনে জিতে আসতাম না। আমরা গণতান্ত্রিক পরিবারবাদে বিশ্বাসী বলে এবং একে মানি বলেই আমরা জয়ী হয়ে এসেছি। যদি আমরা আমাদের কোন দুর্ভাগ্যক্রমে বা সৌভাগ্যক্রমে এখানে নির্বাচিত হয়ে আসি এবং তাদের তরফ থেকে বা এই বাম জোটের তরফ থেকে যদি একজনকে কোন একটা প্রতিষ্ঠানের সভাপতি বা চেয়ার ম্যান করা হয় তাহলে এতে রাগের কি আছে বুঝতে পারছি না। এই সভায় ওঁরা বিরোধী দল বলেই শুধু এই বিলের বিরোধীতা করছেন। বিরোধীতা করার যে কোন পথ নেই সেটা ওঁরা ভাল করেই জানেন। কাজেই স্যার আমার বলার বেশী কিছু নেই। ওঁরা কেবল দলবাজী দলবাজী বলে বাজার গরম করার চেষ্টা করছেন। নিশ্চই আমরা কোন না কোন দল করি এবং দল করি বলেই তো এখানে এসেছি। দলবাজী হচ্ছে দলবাজী হচ্ছে এটা আবার কোন দেশের কথা? আমরা কি সবাই নির্দল? প্রফুল্ল বাবু এখানে নেই, উনি এক সময় আমার গুরু ছিলেন, তিনি বলেছিলেন নির্দল করতে। কেন আমরা নির্দল করবো? এই যে কংগ্রেস দল-সোনা কংগ্রেস এই কংগ্রেস ঐ কংগ্রেস, এই গুলি কি দল নয়? এই গুলি কি নির্দল? দলবাজী দলবাজী করে গোড়া থেকে শেষ পর্যন্ত সাত্তার সাহেবও চেঁচালেন ডাঃ জয়নাল আবেদিনও চেঁচালেন। এই ভাবে এই বিধানসভায় ওঁরা আমাদের বিরোধীতা করে চলেছেন। আবার আমি এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকাশিনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে সব জায়গায় আমরা দেখেছি যে চাপানো কমিটি আছে। এড হক কমিটি, স্কুল বোর্ড কমিটিতে চাপিয়ে দেওয়া হয়েছে। আপনারা সংখ্যা গরিষ্ঠ বলে যা ইচ্ছা তাই করবেন এটা হয় না। সংখ্যাগরিষ্ঠ বলে সব কিছু চাপিয়ে দেবেন এটা সুস্থ মানসিকতার পরিচয় নয়। স্যার, মধ্যশিক্ষা পর্ষদে কি হয়েছে দেখুন, হাইয়ার সেকেণ্ডারী কাউনসিলে কি হয়েছে দেখুন, কালার ফলিম ডেভলপমেণ্ট কর্পোরেসনে কে বসেছে দেখুন, এডমিনিসট্রেটিভ রিফর্স এডভাইসার কাকে করা হয়েছে দেখুন। বিভিন্ন জায়গায় এই ভাবে লোক চাপিয়ে দেওয়া হয়েছে। আমার বক্তব্য হচ্ছে এই বুরোক্রেসির স্বার্থে লড়াই করতে শেষ পর্যন্ত সামলাতে পারেবেনতো? আপনারা বিভিন্ন দিকে বিভিন্ন ভাবে ভাড়া বাড়াচ্ছেন। আপনারা যে একজন পাবলিক রিপ্রেজেনটেটিভ কে বসাতে চাইছেন—তাঁরা যে অবস্থার মধ্যে দিয়ে এসেছেন তাতে কি আপনারা ভাড়া বৃদ্ধি কমাতে পারবেন? এটা যাতে রক্ষা করা যায় তার জন্যই বিরোধীতা করছি। আমরা বিরোধীতা করতে হবে বলেই বিরোধীতা করছি না। আপনাদের এই জিনিষগুলি দেখা দরকার, এটা আপনারা ভুলে যাবেন না। এর মধ্যে দিয়ে যতটা সম্ভব প্রতিকার করা যায় সেটা দেখতে হবে। আজকে সি.এস.টি.সিতে কি অবস্থা দাঁড়িয়েছে? কোটি কোটি টাকা লোকসান হচ্ছে। সি.এস.টি.সির মতো একটা গুরুত্বপূর্ণ সংস্থাতে আপনারা এই ভাবে চেয়ারম্যান নিয়োগ করবেন? এই সংস্থার বাস বিভিন্ন জায়গা, বিভিন্ন রাজ্যের উপর দিয়ে যায়। সেই বাস চলা কালীন যদি একটি নাট বল্টু খুলে যায় তাহলে সেই বাস রাস্তায় পড়ে থাকে। এই রকম জায়গায় আপনারা পাবলিক রিপ্রেজেনটেটিভ বসাচ্ছেন। এটা কতটা কার্যকারী হবে? সরকার এই দিক থেকে কতটা লাভবান হবে? সরকার যাতে লাভবান হয় সেই জিনিষটাতো আমাদের দেখতে হবে।

আমরা এই বিলের বিরোধীতা করবো। আপনি যে সংশোধনী এখানে পাশ করাবেন আমরা তার বিরোধীতা করে আমাদের বক্তৃতায় বলেছি যে এই বিলটি পরিবর্তন করুন। এই কথা বলে এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরবীন মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জয়নাল আবেদিন সাহেব কতকগুলি প্রশ্ন করেছেন তার জবাব আমি দেব না। জবাব দেব না এই কারণে যে আমার রুচিতে বাধে সেই প্রসঙ্গে জবাব দিতে। তারা বললেন যে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা নিয়ে কিভাবে আলিমুদ্দিন ষ্ট্রীটে পাঠাতে পারি তার বিধিব্যবস্থা করার জন্যই এইগুলি করা হয়েছে। এই কথাটি জয়নাল আবেদিন সাহেব বললেন আর নতুন সদস্য ডাঃ মানস ভুঁইয়া বললেন। মানস ভুঁইয়া বলতে পারেন এই কথাটি কারণ তিনি এখানে নতুন সদস্য। কিন্তু আমি এইবার কথার জবাব দিতে চাই না কারণ আমার রুচিতে বাধে। আমার ২ নং কথা হচ্ছে—আমাদের কাশীনাথ মিশ্র মহাশয় বললেন যে একটা পার্ট টাইমের সমস্যা আছে, প্রচণ্ড এই সমস্যা। সেখানে কি করে এইকাজ একজন লোক করবেন? জয়নাল আবেদিন সাহেবও ওই একই কথা বললেন। আমি বসে ওঁদের কথা

শুনলাম। জয়নাল আবেদিন সাহেব বললেন অনেক কথা। আমি তাঁকে জিজ্ঞাসা করি তিনি এত খবর রাখেন আর গ্রাম পঞ্চায়েতের খবর জানতে পারেন না। তিনি তো সব কাজই করেন। কেন একই ব্যক্তি তো বিভিন্ন যায়গায় বিভিন্ন রকমের কাজ করতে পারেন আর আমাদের জয়নাল সাহেব গ্রামপঞ্চায়েত খবর না পান তাহলে তিনি কি হিসাবে মেম্বার হয়েছেন ?

**ডঃ জয়নাল আবেদিন ঃ** গ্রাম পঞ্চায়েত নয় পঞ্চায়েত সমিতির কথা বলুন।

**শ্রীরবীন মুখার্জী ঃ** যাইহোক পঞ্চায়েত সমিতি হল। যাঁর এত কাজের যোগ্যতা আছে তিনি মাঝেমাঝে সেই কাজ করতে পারছেন না শুনলে খুব দুঃখ হচ্ছে। আমি জয়নাল আবেদিন সাহেবের মত একটি থিয়োরীতে বিশ্বাস করি—সেটা হচ্ছে পোষক এর ব্যাপার যে ব্যক্তি ১০টি কাজ করতে পারেন সে ১১টি কাজও করতে পারেন। যে কিছু কাজ করতে পারেনা তার দ্বারা কোন কাজই হবে না। সেইহেতু স্বভাবতঃই আমরা একজন যুবক, কর্মদক্ষ সদস্যকে সি.এস.টি.সির কাজে দিয়েছি। যতটুকু প্রবলেম বা সমস্যা আছে সি.এস.টি.সিতে তাকে আরো উন্নত পথে চালানোর জন্য এবং আরে দ্রুততর তার সঙ্গে উন্নতি করার জন্য আমরা এমন একজন লোককে আনতে চেয়েছি যে এই কাজে দক্ষ। এবং সেক্ষেত্রে আমরা সফল হয়েছি তাতে যদি দলীয় প্রাধান্য হয় বলে আপনারা মনে করেন তা আমরা কি করবো ? আমরা তো আর জয়নাল সাহেবকে বসাবো না। তারা তো অনেকদিন থেকে গেছেন। আমরা সরকার গঠন করেছি আমাদের একটা উদ্দেশ্য আছে বলে। আমরা দেশের মঙ্গল করতে চাই। উন্নতি করতে চাই। সেইজন্য আমরা কংগ্রেস (এস) থেকেই বা আনবো কেন বা কংগ্রেস (আই) থেকেই বা আনবো কেন ? এখানে অনেক যোগ্য লোক আছে। সেই ভিত্তিতে আমরা যোগ্যব্যক্তি আমাদের মধ্যে থেকেই চুস করেছি। আরেকটা কথা হচ্ছে পাবলিক আণ্ডার ট্রেনিংয়ের প্রশ্নে একই জবাব দেব। এতে দলীয় প্রাধান্য হবে কিনা জানিনা। যদি প্রাধান্য হয়ে থাকে তাহলে বুঝবো পশ্চিমবাংলার জনসাধারণ আমাদের গ্রহণ করেছেনতাই হয়েছে। যেহেতু মানুষের কাজে আমরা আত্মনিয়োগ করেছি সেইহেতু আমাদের প্রাধ্যন্য তো থাকবেই। আপনাদের একটা সময় ছিল তখন আপনারা প্রাধান্য করতে পারলেন না কেন ? আমাদের প্রাধান্য বেড়েছে তার কারণ আমরা মানুষের সেবার কাজে তার উন্নতির জন্য এবং পরিকল্পিতভাবে দেশকে গঠন করার জন্য আমরা রাজনীতির ক্ষেত্রে এসেছি। এবং সেই কাজের জন্য আমরা সরকার পরিচালনা করছি। সেখানে স্বভাবতই আমাদের প্রাধান্য থাকবে সেখানে স্বভাবতই কিভাবে ওবলাইজ করবো আমার জানা নেই। মাঝে মাঝে আপনাদের মুখ থেকে বুরাক্রেসির কথা শুনি। আপনারা মাঝেমাঝে এই বুরাক্রেসিকে সমর্থন করেন আবার কখনো কখনো এই বুরাক্রেসির প্রচণ্ড সমালোচনা করেন। এখানে দেখা যাচ্ছে কেউ ওখানকার চেয়ারম্যান হলে তাকে বুরাক্রেটস্ বলবেন। অর্থাৎ আপানার খুব সুবিধাবাদী যখন যেমন যেখানে সুবিধা পাবেন তখন তেমন চলবেন। অথচ অন্য সময়ে বুরাক্রেসির ১৪ পুরুষ উদ্ধার করবেন। একটা বিশেষ ব্যক্তি সম্পর্কে বলুন তা আমরা মেনে নেব। কিন্তু নীতি হিসাবে যদি বুরাক্রেসির কথা বলেন তাহলে সেটা মেনে নেব না।

আর একজন প্রতিষ্ঠিত নির্বাচিত প্রতিনিধিকে সেই দায়িত্ব যদি দেয়া যায় তাহলে কাজ হবে না ? কাজেই এগুলি যদি বিবেচনা করে বলেন তাহলে ভালো হয়। এই বিলটা এনেছি এই কারণে যে ত্রুতার সংগে সি.এস.টি.সির উন্নতি করতে চাচ্ছি। এবং একে তরান্বিত করে ত্রুটিগুলি দূর করতে হবে। এই কাজ একজন ব্যুরোক্রাটের চেয়ে একাজ রাজনৈতিক কর্মী আরো ভালোভাবে করতে পারে। পরবর্তীকালে উন্নতির পরীক্ষা নিরীক্ষা করে তখন বিবেচনা করা হবে। কাশীবাবুর এমেণ্ডমেণ্ট যা নিয়ে এসেছেন সেটা নিলে বিলের কোন পদার্থ থাকেনা, সাদা কাগজই থাকবে। এই বলে আমি শেষ করছি।

[7-30—7-35 P. M.]

The motion of **Shri Kashinath Misra** that the West Bengal Legislative Assembly disapproves the West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Ordinance, 1983,) (West Bengal Ordinance No. II of 1983, was then put and lost.

The motion of **Shri Robin Mukherjee** that the West Bengal Legialature (Removal of Disqualifieation) (Amendment) Bill, 1983, be taken into consideraton was then put and agreed to.

CLAUSE 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

CLAUSE 2

**Mr. Speaker :** There is an amendment by Shri Kashinath Misra but it is out of order.

The question is that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

CLAUSE 3 AND PREAMBLE

The question that clause 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Robin Mukherjee :** Sir, I beg to move that the West Bengal Legislature (Removal of Disqualification) (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed.

**ডাঃ জয়নাল আবেদীন ঃ** স্যার মন্ত্রী মহাশয় বললেন জনস্বার্থে একজন তরুন যুবককে এই দায়িত্ব দেয়া হচ্ছে। আমরা এর রিটারিয়েট করি। এর ফলে পাবলিক ট্রান্সপোর্ট সিষ্টেম কোলকাতার কি উন্নতি হচ্ছে ? পরিবহন ব্যবস্থার কি উন্নতি হচ্ছে দি এন্সার is bigno, doubly no. thrice no, everytime no এই কথা বলে ওর কাছে করুণা ভিক্ষা করতে চাইনা। we will reject it if occasioncomss no, যিনি বিধানসভায় দায়িত্ব পালন করেন না তিনি কিভাবে করবেন ? লেজিসলেটিভ এসেম্বলিতে ইলেকটেড হননি এমন ব্যক্তি পার্টি'তে আছে তাঁদের করুন, বাঁধা নেই। কথা হল ৬ বছর ধরে বিরাট সমস্যা সৃষ্টি করেছেন এবং আজকে যখন কামড়া কামড়ি আরম্ভ হয়েছে তখন এটা আনছেন তাতে worse from bad to worse এখানেই আমাদের আপত্তি। সুতরাং let us have a reiew after Three months বার্ষিক য়্যানুয়াল রিপোর্ট ট্রান্সপোর্টের দিন। আজকে যারা বাস ট্রামে চলে তাদের কোন সুবিধা হচ্ছে না সুপারভিসানের অভাবে।

এখানে ব্যুরোক্র্যাসির প্রশ্ন নয়, আমি মনে করি যে ব্যুরোক্র্যাট হোল টাইমার, এখানে হোল টাইমার দরকার, ব্যুরেক্র্যোসি বলে কথা নয়। আপনারা পার্টি'র অন্য লোককে নট এ্যান ইলেকটে রিপ্রেজেনটেটিভ অব দি লেজিসলেচার যদি দিতেন তাহলে বলার ছিল না। আমরা হোল টাইমার চাই, এ্যাটেনশান চাই। আমি এই কথা বলি আপনাদের কণ্টেণ্টস অব ট্যালেন্ট যখন এতই কমেছে তখন আপনাদের পার্টি' বাঁচতে পারে না, আপনাদের মৃত্যু সম্পর্কে সচেতন হোন।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** আমি যা বলেছি সেই একই কথা বলতে হবে, তাই আমার বলার কিছু নেই।

The motion of **Shri Rabin Mukerjee** that the West Bengal Legislature (Removal of Disqualification) (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 7-36 P.M. till 1 P.M. on Friday the 4th March, at Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 4th March, 1983 at 1 p. m.

**Present**

Mr. Speaker ( SHRI HASHIM ABDUL HALIM ) in the Chair, 8 Ministers, 13 Ministers of State and 138 Members.

[ 1-00—1-10 P. M. ]

# HELD OVER STARRED QUESTIONS

**(To which oral answers were given)**

## খাদ্যশস্যের ঘাটতি

*১৪। ( অনুমোদিত প্রশ্ন নং *৯২। ) **শ্রীমনোহর তিরকী ঃ** খাদ্য সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) খরাজনিত কারণে এ রাজ্যে বর্তমান বৎসরে খাদ্যশস্যের ঘাটতির পরিমাণ কত ; এবং

(খ) উক্ত ঘাটতি পূরণের জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** (ক) এই রাজ্যের ১৯৮২-৮৩ সালের সব খাদ্যশস্যের ( cereals ) উৎপাদনের চূড়ান্ত পূর্বাভাস এখনও পাওয়া যায় নি। তবে রাজ্যের খাদ্য শস্যের মোট চাহিদা এবং বীজ ইত্যাদির জন্য বাদ দিয়ে যে আনুমানিক উৎপন্ন খাদ্যশস্য খাওয়ার জন্য পাওয়া যেতে পারে এই দুইয়ের মধ্যে ফারাক প্রায় ৪৬.৭৪ লক্ষ টন হবে বলে বর্তমানে অনুমান করা যায়।

(খ) এই ঘাটতি পূরণের জন্য রাজ্য সরকার কেন্দ্রের কাছে বর্তমানে প্রতি মাসে ৪ লক্ষ টন খাদ্যশস্য চাইছেন, কিন্তু কেন্দ্রীয় সরকার কেন্দ্রীয় ভাণ্ডার থেকে মাসে মাত্র ২॥ লক্ষ টন বরাদ্দ করেছেন। আগামী মার্চ মাস থেকে এই চাহিদার পরিমান বেড়ে যেতে পারে।

(২) পশ্চিমবঙ্গ অত্যাবশ্যকীয় পণ্য সরবরাহ নিগম মারফত অন্য রাজ্য থেকে চাল আমদানির চেষ্টা হচ্ছে। তবে কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত এই সংস্থার মাধ্যমে মাত্র ১৫০০০ টন চাল আনার অনুমতি দিয়েছেন। সম্প্রতি কেন্দ্রীয় সরকার জানিয়ে দিয়েছেন যে তাঁরা পশ্চিমবঙ্গ সরকারকে ১৫০০০ টনের বেশী চাল আমদানি করার অনুমতি দেবেন না।

(৩) ব্যবসায়ীদের মাধ্যমে অন্য রাজ্য হতে চালের আমদানি বাড়ানোর জন্য চালের পাইকারী ব্যবসার লাইসেন্স দেওয়ার নিয়ম অনেকাংশে শিথিল করা হয়েছে।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ১৫ হাজার টন চাল পেয়েছেন, কিন্তু রাজ্য সরকারের তরফ থেকে কতটা দাবী করা হয়েছিল জানাবেন কি?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জীঃ** ৩ লক্ষ মেট্রিক টন আমরা কেন্দ্রীয় সরকারের কাছে চেয়েছিলাম কেনার জন্য অন্ধ্র, পাঞ্জাব এবং হরিয়ানা থেকে। কিন্তু তাঁরা ১৫ হাজার মেট্রিক টন কেনার অনুমতি দিয়েছেন এবং সম্প্রতি একটা চিঠি পাঠিয়ে বলেছেন যে, তাঁরা আমাদের ১৫ হাজার মেট্রিক টনের বেশী চাল কেনার অনুমতি দেবেন না।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** ঘাটতি পুরণের জন্য কি বলেছেন জানাবেন কি?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জীঃ** কেন্দ্রীয় সরকার সেই ব্যাপারে কোন রকম উদ্বেগ প্রকাশ করেননি।

**শ্রীতারাপদ সাধুখাঁঃ** কেন্দ্রীয় সরকার ১৫ হাজার টন খাদ্য আমদানী করতে বলেছেন বললেন। আমার প্রশ্ন হচ্ছে, বেসরকারী ব্যবসায়ীদের মাধ্যমে কত লক্ষ টন আমদানী হয়েছে জানাবেন কি?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জীঃ** কেন্দ্রীয় করকার গোপনে ব্যবসায়ীদের মাধ্যমে চাল আমদানীর ব্যবস্থা করেছেন কিনা আমি জানি না। তবে পশ্চিমবঙ্গ সরকারের রীতি অনুযায়ী চাল ব্যবসায়ীরা যা আনেন তার হিসেব আমার কাছে আছে। আপনারা সেই হিসেব চাইলে আমি আপনাদের দিতে পারি এবং আজকেই দিতে পারি।

**শ্রীদেবপ্রসাদ সরকারঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, রাজ্য সরকার তার প্রয়োজন অনুসারে যে পরিমান চাল কিনতে চেয়েছেন সেই পরিমান চাল কেনার অনুমতি কেন্দ্রীয় সরকার যে দিচ্ছেন না তার কোন কারণ তারা দেখিয়েছেন কি?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী**ঃ সে রকম কোন কারণ দেখান নি। ওঁরা বলেছেন যে আমরা আপনাদের কিনতে দিতে পারি না।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস**ঃ মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি বর্তমানে রাজ্যে যে মজুত ভাণ্ডার আছে, তাতে করে রাজ্যের ষ্ট্যাটুটারী এবং মডিফায়েড রেশন ব্যবস্থা অব্যাহত রাখা যাবে কি?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী**ঃ কেন্দ্রীয় সরকারের কাছে আমরা যা দাবী করি, সেই অনুযায়ী তাঁরা পাঠান না। তাই বিধিবদ্ধ রেশন এলাকায় আমরা যে স্কেলে রেশন দেবার চিন্তা করেছিলাম, সেই অনুযায়ী দিতে পারবো না।

## মৎস্য চাষ প্রকল্প

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫।) **শ্রীসুব্রত মুখার্জী**ঃ মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

পশ্চিমবঙ্গে মৎস্য চাষ প্রকল্পের উন্নয়নের জন্য রাজ্য সরকার কোন নূতন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কি?

**শ্রীকিরণময় নন্দ**ঃ হ্যাঁ; ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে রাজ্য সরকার মৎস্যচাষ প্রকল্পের উন্নয়নের জন্য নিম্নলিখিত নূতন প্রকল্পগুলি গ্রহণ করিয়াছেন :—

(ক) নোনাজলে মৎস্যচাষের উন্নয়নের জন্য মাছ চাষের খামার স্থাপনের কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্প ( centrlly sponsored scheme );

(খ) মৎস্যচাষীদের উন্নয়ন সংস্থার ( fish farmer's Development Agency ) অধীননির্বাচিত মৎস্যচাষীদের মধ্যে প্রণোদিত প্রজননের জন্য প্রয়োজনীয় মিনিকিট সরবরাহের কেন্দ্রীয় প্রকল্প ( Central sector scheme );

(গ) ট্রাইব্যাল সাব-প্ল্যানের অধীনে উপজাতিদের অর্থনৈতিক পুনর্বাসনের জন্য হাজামজা পুকুর সংস্কার ও মাছচাষ প্রকল্প;

(ঘ) মেদিনীপুর জেলাস্থ কাঁথি মহাকুমার সমুদ্রোপকূলবর্তী মৎস্যজীবী সম্প্রদায়ের স্ত্রীলোকদের জালবোনা, জাল সারাই ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান প্রকল্প;

(ঙ) ব্যাঙ্ক ঋণ ও মৎস্যবিভাগের অনুদানের সাহায্যে মৎস্যজীবীদের মধ্যে নৌকা ও জাল ইত্যাদি সরবরাহের প্রকল্পটি এই বৎসর নূতন আকারে রূপায়িত হইয়াছে। মৎস্য বিভাগের ২৫ শতাংশ অনুদানের সহিত তপশীলি ও আদিবাসী মঙ্গল বিভাগের ২৫ শতাংশ অনুদান যুক্ত করা হইয়াছে।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** ইহা কি সত্য যে কেন্দ্রীয় সরকার বিশেষ করে দরিদ্র মৎস্যজীবীদের উন্নয়নের জন্য যে ১১ কোটি টাকা অনুদান দিয়েছিলেন, সেটা ফেরত গেছে ?

**শ্রীকিরণময় নন্দ ঃ** এ ব্যাপারে নোটিশ চাই। কারণ আমার কাছে এখনই এই ব্যাপারে কোন তথ্য নাই। এবং এই প্রশ্ন এর থেকে আসে না।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** আমি বলেছি যে কেন্দ্রীয় সরকার দরিদ্র মৎস্যজীবীদের উন্নয়নের জন্য যে ১১ কোটি টাকা দিয়েছিলেন, সেটা কি ফেরত গেছে ? উনি যদি সময় চান আলাদা কথা। কিন্তু এটা ওঁর জানা উচিত। ক্যাটাগরিক্যাল প্রশ্ন করেছি।

**মিঃ স্পীকার ঃ** উনি তো নোটিশ চেয়েছেন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি, এই যে মিনিকীট অনুদান কি পদ্ধতিতে বিতরণ করা হচ্ছে ?

**শ্রীকিরণময় নন্দ ঃ** প্রত্যেক জেলায় ফিস ফার্মিং ডেভেলপমেণ্ট এজেন্সি আছে। সেখানে মৎস্যজীবীদের প্রশিক্ষণ দেওয়া হয়। এবং যারা এখানে শিক্ষণপ্রাপ্ত হয় তাদের মধ্যেই এই মিনিকীট দেওয়া হয়।

**ডঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, বহু আলোচিত বিগত মৎস্য মন্ত্রী শ্রীভক্তিভূষণ মণ্ডল মহাশয়ের কার্যকলাপ সম্বন্ধে সংবাদপত্রে এবং বহু জায়গায় প্রকাশিত হবার এবং তার কাজকর্ম……

(গোলমাল)

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন, এই প্রশ্ন থেকে আসে না।

## STARRED QUESTIONS

### ( To which oral answer were given )

### মাছ ধরার ট্রলার

*১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৩।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মৎস্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গভীর সমুদ্রে মাছ ধরার জন্য চারটি নতুন ট্রলার কেনা হয়েছে ;

(খ) সত্য হলে, কত দামে কেনা হয়েছে ;

(গ) উক্ত ট্রলারে মাছ ধরার জন্য স্টেট ফিসারিজ ডেভেলপমেণ্ট কর্পোরেশন একটি বহুজাতিক সংস্থার সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছে কি ; এবং

(ঘ) সত্য হলে, ঐ সংস্থার নাম কি ?

**শ্রীকিরণময় নন্দ ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** রাজ্য সরকারের ট্রলার আছে, এটা ঠিক। তা যদি হয় তাহলে ফিসারিজ ডেভেলাপমেণ্ট করপোরেশনের সঙ্গে মাণ্টি ন্যাশন্যাল করপোরেশনের কোন চুক্তি আছে কি ?

**শ্রীকিরণময় নন্দ ঃ** আপনি প্রশ্ন করেছেন নতুন ট্রলার আছে কিনা এবং নতুন ট্রলারগুলি কারো সাথে চুক্তিবদ্ধ হয়েছে কিনা। আপনি আবার প্রশ্ন করুন, আমি উত্তর দেব।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** রাজ্য সরকারের ট্রলার আছে, এটা ঠিক কথা।

**শ্রীকিরণময় নন্দ ঃ** আপনি নতুন ট্রলারের কথা বলেছেন। আমি তার উত্তর জানিয়েছি, 'না' নতুন ট্রলার কেনা হয় নি।

## কলকারখানায় ধর্মঘট

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *২২৩।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালে জানুয়ারি হইতে ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গে কলকারখানায় ধর্মঘট, লক আউট এবং লে-অফ-এর মোট কতগুলি ঘটনা ঘটেছে ; এবং

(খ) উক্ত কারণে মোট কত শ্রমদিবস নষ্ট হয়েছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত:** (ক) ধর্মঘট—২৯
লকআউট—১১৫
লে-অফ—৪১

(খ) ধর্মঘটের জন্য—৩,০৯,৩৪৮
অক আউটের জন্য—১,৬২,৮৬,৭৬৩
লে-অফের জন্য নষ্ট শ্রমদিবসের সংখ্যা জানা নাই।

উপরিউক্ত পরিসাখ্যান পরিবর্তন সাপেক্ষ। ধর্মঘট ও লকআউট সম্পর্কে প্রদত্ত পরিসংখ্যান-এ পূর্ববর্তী বৎসর হইতে চলিতে থাকা কেসগুলি যুক্ত আছে।

**শ্রীপ্রবোধচন্দ্র সিংহ:** আপনি ধর্মঘট এবং লক আউটের কথা বললেন। মালিক শ্রেণীর শ্রমিক স্বার্থ বিরোধী নীতির ফলে এই ধর্মঘটের মধ্যে কতটাতে লক আউট হয়েছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত:** এটা নির্দিষ্ট করে বলা খুব মুসকিল। সাধারণভাবে মালিক শ্রেণীর জন্যই লক আউট হয়। মালিকদের যখন অসুবিধা হয় তখন একটা অজুহাত খাড়া করে লক আউট করে।

**শ্রীপ্রবোধচন্দ্র সিংহ:** এই লক আউট-এর ফলে কতজন শ্রমিক আপাততঃ কর্মচ্যুত হয়েছে, বেকার হয়েছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত:** ১৯৮২ সালে লক আউট-এর ফলে ১৮ হাজার ৯৪১ জন শ্রমিক কর্মচ্যুত হয়।

**শ্রীঅশোক ঘোষ:** ১৯৮২ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত হিসাব দিলেন। কতগুলি কারখানায় সি. আই. টি. ইউ. ইউনিয়নের ধর্মঘটের জন্য লক আউট হয়েছিল, সেটা জানাবেন কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** এটা আমার জানা নেই। নোটিশ দিলে বলতে পারব।

**শ্রীশান্তিমোহন রায় :** এই বন্ধ কলকারখানার মধ্যে পাটকল গুলিতেও লক আউট হয়েছিল। কতগুলিতে লক আউট হয়েছিল বলতে পারবেন কি?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** এখানে একবার জানিয়ে দিয়েছি। আবার জানাতে চাইলে আপনাকে নোটিশ দিতে হবে।

**শ্রীসুনীতি চট্টরাজ :** লক আউটের রিজন হিসাবে আপনি বললেন মালিকদের জন্যই এই লক আউট হয়। এ্যাডমিটেড্ থিং—এটা আপনি বললেন। কিন্তু লে অফের জন্য ম্যাকসিমাম রেসপনসিবল্ হচ্ছে পাওয়ার এবং ল এ্যাণ্ড অর্ডার, এটা কি আপনি স্বীকার করবেন?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** না, এটা ঠিক নয়।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** আপনি লক আউট এবং লে অফের যে হিসাব দিলেন তাতে ১৯৮১ সালে ১৯৮২ সালের চেয়ে কি কম লক আউট, লে অফ হয়েছিল?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত :** সেই হিসাব আমার কাছে এখন নেই; নোটিশ দিলে পরে বলতে পারবো।

## নদীয়া জেলার ফ্যামিলী ওয়েলফেয়ার ব্যুরো

*১১১। (অনুমোদিত প্রশ্ন নং *২২৪।) **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহ কি সত্য যে, ১৯৮০-৮১ সালে নদীয়া জেলার ফ্যামিলী ওয়েলফেয়ার ব্যুরো ঐ বিভাগের গাড়ি চালাইবার জন্য এবং স্থানীয়ভাবে ঔষধ কেনার জন্য কিছু টাকা নিয়মবহির্ভূতভাবে খরচ করিয়াছেন ;

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, উক্ত সময়ে কোন্ খাতে কত টাকা ব্যয় ইহয়াছিল ; এবং

(গ) উক্ত বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** (ক) ১৯৮০-৮১ সালে নদীয়া জেলার তৎকালীন জেলা ফ্যামিলী ওয়েলফেয়ার ব্যুরো কর্তৃক পরিবার কল্যাণ পরিকল্পনা খাতে বেশ কিছু অতিরিক্ত খরচ করিবার বিষয় সরকারের গোচরে আসে।

(খ) প্রয়োজনীয় সর্বপ্রকার কাগজ পত্রাদি বর্তমানে তদন্তাধীন।

(গ) বিষয়টির প্রাথমিক বিভাগীয় তদন্তের পর আইনানুগ তদন্তকারী V.C. সংস্থা ভিজিলেন্স কমিশন দ্বারা তদন্তের এবং প্রয়োজনবোধে দায়ী অফিসার বা অফিসারদের বিরুদ্ধে খসড়া চার্জ গঠনের জন্য প্রেরিত হইয়াছে। বিষয়টি এখনও নিষ্পত্তি হয় নাই।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, ফ্যামিলি ওয়েলফেয়ার ব্যুরো গাড়ী চালানোর জন্য এবং স্থানীয়ভাবে ঔষধ কেনার জন্য কত টাকা বেশী নিয়ম বহির্ভূত-ভাবে খরচ করেছেন ?

**শ্রীরামনারায়ণ গোস্বামীঃ** বিষয়টা আমাদের নজরে আসার পর আমরা বিভাগীয় তদন্ত করে আইন অনুযায়ী গোটা বিষয়টা ভিজিলেন্স কমিশনে পাঠিয়ে দিয়েছি। এখন কাগজপত্র সব তাদের কাছে আছে কাজেই কত এ্যামাউন্ট সেটা এখনই বলতে পারবো না।

## সি এইচ ভি নিয়োগ

*১১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৯।) **শ্রীঅনিল মুখার্জীঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে পশ্চিমবঙ্গে মোট কতজন কম্যুনিটি হেল্থ ভলান্টিয়ার্স নিয়োগ করা হইয়াছে ;

(খ) তন্মধ্যে বাঁকুড়া জেলায় কতজন ; এবং

(গ) আগামী ১৯৮৩-৮৪ সালে ঐ কর্মী নিয়োগের কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামীঃ** (ক) মেদিনীপুর জেলা ছাড়া অন্যান্য জেলায় ১৯৮২-৮৩ সালের ডিসেম্বর পর্যন্ত মোট ৪২৪৮ তম কমিউনিটি হেল্থ ভলান্টিয়ার (হেল্থ গাইড) নিয়োগ করা হইয়াছে।

(খ) তন্মধ্যে উপরিউক্ত সময়ে বাঁকুড়া জেলায় ২০৮ জনকে নিয়োগ করা হইয়াছে।

(গ) হ্যাঁ। আছে।

**শ্রীসরল দেবঃ** এই ভলেনটিয়ার যাদের নিয়োগ করা হয়েছে এদের মাসিক কত বেতন দেওয়া হয় মাননীয় মন্ত্রীমহাশয় তা জানাবেন কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** তিন মাসের যে ট্রেনিং দেওয়া হয় সেই ট্রেনিং পিরিওডে ষ্টাইপেণ্ড দেওয়া হয় দুশো টাকা করে, পরে মাসে ৫০ টাকা করে এ্যালাউন্স দেওয়া হয়।

**শ্রীসরল দেব ঃ** এই টাকাটা বাড়াবার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** ইতিমধ্যেই সি. এম. জি.-দের থেকে দাবী উঠেছে এই টাকাটা বাড়াবার জন্য। বর্তমানে এদের টাকা কিছুটা বাড়াবার জন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ পাঠিয়েছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** Will the Hon'ble Minister in-charge of Health and Family Planning be pleased to state as to what was the method adopted for selection of these volunteers ?

**মিঃ স্পীকার ঃ** This question does not arise.

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** কমিউনিটি হেল্‌থ ভলেনটিয়ার যাদের নিয়োগ করা হচ্ছে ভবিষ্যতে স্বাস্থ্য দপ্তরে যখন কর্মী নিয়োগ করা হবে তখন তাদের অগ্রাধিকার দেওয়া হবে কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** এখনও বিষয়টা আমাদের কাছে এইভাবে আসে নি। যদি কোন অনারেবল মেম্বার এটা মনে করে থাকেন তাহলে সেটা আমাদের কাছে জানাবেন, জানালে সেটা আমরা বিবেচনা করতে প্রস্তুত আছি।

**শ্রীঅতীশচন্দ্র সিনহা ঃ** এই কমিউনিটি হেল্‌থ ভলেনটিয়ারদের ৫০ টাকা ছাড়াও মাসে মাসে কিছু ঔষধপত্র দেওয়া হয় যাতে তারা গ্রামে গিয়ে সাধারণ রোগগুলির চিকিৎসা করতে পারে। এই ঔষধ পাওয়া যাচ্ছে না—এ সংবাদ মাননীয় মন্ত্রীমহাশয়ের জানা আছে কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** এই কমিউনিটি হেল্‌থ গাইডদের—আগে ভলেনটিয়ার ছিল—আমরা একটা করে ঔষধের প্যাকেট পাঠাই। নিয়ম অনুযায়ী প্রত্যেক মাসেই এদের কাছে পাঠাবার কথা কিন্তু সেটা সম্ভব হয় না। প্রতি মাসে পাঠানো সম্ভব হচ্ছে না বলে বছরে ৫ বার কোথায় ৬ বার আমরা সেই ঔষধ তাদের কাছে পাঠিয়ে দিই। ঔষধ নেই এমন অভিযোগ আমাদের কাছে নেই।

**অনুন্নত শ্রেণীকে তফসিলী জাতি ও আদিবাসী তালিকাভুক্ত করার পরিকল্পনা**

*১১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫১।) **শ্রীগোপাল মণ্ডল ঃ** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে কয়েকটি অনুন্নত শ্রেণীকে তফসিলী জাতি ও আদিবাসী তালিকাভুক্ত করার কোন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি ?

[1-20—1-30 P.M.]

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডী ঃ** না।

**শ্রীগোপাল মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে কোন ক্রাইটেরিয়াতে কোন অনুন্নত শ্রেণীকে তপশিলীভুক্ত করা হল ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডী ঃ** ক্রাইটেরিয়া হচ্ছে, সিডিউল্ড কাষ্টের ক্ষেত্রে extreme social, educational economic backwardness arising out of the traditional practice of untouchability. আর ট্রাইবালের ক্ষেত্রে as regards scheduled tribe isolation slyness coutach with the community at large and backwards.

**শ্রীগোপাল মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, পশ্চিমবঙ্গে কয়েকটি অনুন্নত শ্রেণী আছে। যেমন—মাঝি, লায়েক, মহাদণ্ড, মেটে, এরা এই ক্রাইটেরিয়ার মধ্যে পড়ে। এদের তপশিলীভুক্ত করার জন্য কোন পরিকল্পনা আছে কিনা জানাবেন কি ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডী ঃ** আমাদের সেই রকম কোন পরিকল্পনা নেই। যারা দরখাস্ত করেছেন তাদের মধ্যে আছে, যেমন হেলা, দেশওয়ালী, মাঝি এবং তামাং গোষ্ঠীর লোকেরা কিন্তু উক্ত লোকেরা আমাদের বিবেচনার মধ্যে পড়ছে না।

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, ভারত সরকারের একটা ব্যাকওয়ার্ড ক্লাশ কমিশন গঠিত হয়েছিল এবং তাতে কতকগুলি জাতিকে নূতন করে ব্যাকওয়ার্ড শ্রেণীভুক্ত করার জন্য বিধিবদ্ধ হয়েছে। পশ্চিমবঙ্গ সরকার কি সেই ব্যাপারে কোন অগ্রসর হচ্ছেন ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডী ঃ** আমরা সেটা জানি। কিন্তু আমাদের পশ্চিমবাংলায় সেই রকম কোন পরিকল্পনা নেই।

**শ্রী[illegible] মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে বিভিন্ন কমিউনিটিতে সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবসকে অন্তর্ভুক্ত করার ব্যাপারটা রাজ্যের নয়, এটা কেন্দ্রীয় সরকারের। সুতরাং এটা কি রাজ্য সরকার কোন কমিউনিটিকে কোন কাষ্টের মধ্যে ইনক্লুড করতে পারে তাদের নিজস্ব ক্ষমতা বলে ?

**শ্রীশম্ভুনাথ মাণ্ডী ঃ** সেই অধিকার আমাদের নেই, এটা কেন্দ্রীয় সরকারের আছে।

## মিল্ক ফিডিং প্রোগ্রাম

*১১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮১।) **শ্রীসুভাষ গোস্বামী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্বাস্থ্য বিভাগের মাধ্যমে বর্তমানে পশ্চিমবঙ্গে কয়টি স্থানে "মিল্ক ফিডিং প্রোগ্রাম" প্রকল্প চালু আছে ; এবং

(খ) উক্ত প্রকল্প সম্প্রসারণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** (ক) বর্তমানে পশ্চিমবঙ্গে ১৬৫টি মিল্ক ফিডিং কেন্দ্র চালু আছে।

(খ) হ্যাঁ, আছে।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে মিল্ক ফীডিং সেণ্টারে খাবার হিসাবে কি মিল্ক দেওয়া হয়, না অন্য কিছু খাবার হিসাবে দেওয়া হয় ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** পাউডার মিল্ক, মীট এ্যাণ্ড স্যালাড অয়েল আমরা দিয়ে থাকি।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি সম্প্রসারণের কথা বললেন। কোন কোন জায়গায় এই সম্প্রসারণের ক্ষেত্র হিসাবে অগ্রাধিকার দেওয়া হবে সেটা জানাবেন কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** মূলতঃ পিছিয়ে পড়া এলাকাগুলিতে দেওয়া হবে এবং এটা আগে থেকেই আছে।

**শ্রীআবদুর রউফ আনসারী ঃ** Will the Hon'ble Minister-in-charge be pleased to state how many centres are in Calcutta bustee areas ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** ক্যালকাটা আর্বান এরিয়াতে আমাদের কোন মিল্ক ফিডিং সেণ্টার নেই। তবে ইনটেগ্রেটেড চাইল্ড হেল্থ পরিকল্পনাভুক্ত কেন্দ্রগুলি, যেগুলি কলকাতা আর্বান বস্তি অঞ্চলের মধ্যে অবস্থিত, এই রকম সংখ্যা আছে ১৩টি।

**শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটি বিষয়ে জানতে চাই। সেটা হচ্ছে, দীর্ঘদিন ধরে এই প্রোগ্রাম চালু আছে এবং আপনি জানেন যে এ প্রোগ্রামের অনেক গুলিতে প্রাক্তন কংগ্রেসীদের অনেক নেতা, তারা মিল্ক ফিডিং-এর নামে সরকারের প্রদত্ত জিনিস পত্র তছরূপ করছেন, এই রকম খবর কি আপনি রাখেন ?

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন ওঠেনা।

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি মিল্ক ফিডিং সেণ্টার সিলেক্ট করার ক্ষেত্রে পিছিয়ে পড়া এলাকাকে অগ্রাধিকার দেবার কথা বলেছেন, পিছিয়ে পড়া বলতে কোন্ এলাকাগুলিকে বলা হচ্ছে, এ বিষয়ে কি কোন নির্দিষ্ট কিছু আছে ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** এ ব্যাপারে বলা একটু শক্ত, কারণ এটা অনেক দিন আগে থেকে চলে আসছে, তবে মাননীয় সদস্য আলাদা করে নোটিশ দিলে বলতে পারব যে, কোন্ কোন্ জায়গায় চালু আছে।

**Appointment of Doctors**

*__117.__ ( Admitted question No. *470. ) **Shri ANUP KUMAR CHANDRA :** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) from the year 1980 to 1982 how many candidates have been offered appointment, on the recommendation of the West Bengal Public Service Commission, for the post of Doctors in West Bengal Health Service ; and

(b) how many of them have accepted the offer and joined the assignment ?

**Dr. Ambarish Mukhopadhyay :** (a) 1981 candidates.

(b) 534 candidates besides the services of 287 doctors appointed on an ad-hoc basis has been requisitioned.

**শ্রীঅনুপ কুমার চন্দ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ২০০০-এর অধিক যোগ্য ডাক্তার পি. এস. সি.-তে দরখাস্ত করা সত্বেও তাদের কেন সরকারী চাকরীতে নেওয়া হলো না ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** এদের নেওয়া হচ্ছে, এখনো ৬৭৭ জন ক্যানডিডেটস আছেন, প্রত্যেককেই নেওয়া হচ্ছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, আপনি সেদিন বলেছিলেন হাওয়া উল্টো বইতে শুরু করেছে, এখন বলছেন বহু জায়গায় এখনো ভেকেন্সী আছে এবং ৫০০ মত এ্যাপয়েণ্টমেণ্ট ছেড়েছেন আউট অফ্ ১৭০০ এ্যাপয়েণ্টমেণ্ট, বাকিগুলি কত দিনের মধ্যে ফিল-আপ করবেন ?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** আমরা সময়ের সঙ্গে পুরো পাল্লা দিয়ে চলেছি। প্রতিটি প্রার্থীকে ৬ সপ্তাহ সময় দেওয়া হয়। তারপরে যারা জয়েন করে না তাদেরটা সাবসিকোয়েণ্ট ক্যাণ্ডিডেট দিয়ে ফিল-আপ করতে হয়। আমাদের কাছে অনেক দরখাস্ত এসেছে, কেউ হয়ত তাতে বলছে, আমি এম. ডি. পরীক্ষা দিচ্ছি, সেই জন্য আমাকে সময় দিন, কেউ বলছে—হয়ত মহিলা প্রার্থী—ওখানে যেতে পারব না। এইরকম নানারকম প্রশ্ন আসছে, যার ফলে সব পদ আমরা এক সঙ্গে পূরণ করা সম্ভব হচ্ছে না। তবুও আমরা মনে করছি আগামী এপ্রিল মাসের মধ্যে সব পদগুলি পূরণ করতে পারব।

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** মাননীয় মন্ত্রী রামনারায়ণ গোস্বামীর কাছে একটা ডেপুটেশন দেওয়া হয়েছিল বাজুবেড়িয়া হেল্থ সেণ্টার সম্পর্কে একজন ডাক্তারবাবু জলপাইগুড়ি থেকে বাজুবেড়িয়াতে যেতে চান, তাঁকে সেখানে কেন পাঠান হচ্ছে না ?

**মিঃ স্পীকার ঃ** এ প্রশ্ন হয় না

## কৃষি শ্রমিকদের জন্য উপদেষ্টা কমিটি

***১১৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৮।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) রাজ্য ও জেলা স্তরে কৃষি শ্রমিকদের জন্য উপদেষ্টা কমিটি গঠনের কাজ কতদূর অগ্রসর হয়েছে ; এবং

(খ) উপদেষ্টা কমিটিগুলো কিরূপ কর্মসূচী অনুসরণ করবে ব'লে স্থির হয়েছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** (ক) রাজ্য ও জেলাস্তরে কৃষি শ্রমিকদের জন্য উপদেষ্টা কমিটি গঠনের বিষয়টি নীতিগতভাবে সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে। আমরা বিভিন্ন কৃষক সংগঠনের কাছে রাজ্য এবং জেলাস্তরে প্রতিনিধিদের নাম এবং সদস্য সংখ্যা জানানোর জন্য অনুরোধ করে চিঠি দিয়েছি। কিন্তু একমাত্র সংযুক্ত কিষাণ সভা ছাড়া আর কারো কাছ থেকে কোন উত্তর পাইনি।

(খ) এখনও এবিষয়ে কোন সিদ্ধান্ত নেওয়া হয়নি। রাজ্য এবং জেলাস্তরে উপদেষ্টা কমিটি গঠন করবার সময় বিষয়টি বিবেচিত হবে।

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** রাজ্য স্তরে এবং জেলা স্তরে যে উপদেষ্টা কমিটি করার কথা বলা হচ্ছে, সে কাজটা কত দিনের মধ্যে শেষ হবে, তা কি মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** এটা এখনই বলা যাচ্ছে না। কারণ ১৩-৮-৮২ তারিখ এই চিঠি দেওয়া হয়েছে, এখন পর্যন্ত একটি মাত্র সংগঠন উত্তর দিয়েছেন। তাঁরা সকলে যত তাড়াতাড়ি উত্তর দেবেন, তত তাড়াতাড়ি হবে।

[1-30—1-40 P. M.]

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাইবেন কি, কৃষি শ্রমিকদের মজুরি এবং অন্যান্য যে সমস্ত কল্যাণমূলক ব্যবস্থা আছে সেগুলি যাতে নিশ্চিত হয় তারজন্য আপাততঃ সরকার কি ব্যবস্থা নিয়েছেন ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** মাননীয় সদস্য নিশ্চয়ই অবগত আছেন, প্রত্যেক বি. ডি. ও-র এলাকায় একজন করে ইন্সপেকটর আছেন। অভিজ্ঞতার দিক দিয়ে বলা যেতে পারে, যেখানে কৃষি শ্রমিক সংগঠিত সেখানে সরকারের যা নিম্ন মজুরী তা পায় কিন্তু যেখানে সংগঠিত না সেখানে নিম্ন মজুরীর থেকে কম পায়। সুতরাং সেখানে গ্যারান্টি হচ্ছে, কৃষি শ্রমিক সংগঠিত যদি হয় তাহলে সরকারের নির্দেশিত নিম্ন মজুরী কার্যকর হতে পারে।

**শ্রীপ্রবোধ পুরকাইত ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, আপনি বললেন, কৃষক সংগঠনগুলির কাছে প্রতিনিধির নাম চেয়েছেন। কোন কোন কৃষক সংগঠনের কাছে চেয়েছেন সেই নামগুলি বলবেন কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** আমরা ৯টা সংগঠনের কাছ থেকে চেয়েছি। যেমন, (১) পশ্চিম-বাংলা কৃষক সভা, (২) পশ্চিমবাংলা রাজ্য কৃষাণ মজদুর ইউনিয়ন, (৩) সারা ভারত এগ্রিকাল-

চারাল কৃষক সভা, (৪) পশ্চিমবাংলা কৃষক শ্রমিক ইউনিয়ন, (৫) সংযুক্ত কৃষক সভা, (৬) কৃষক মজদুর ফেডারেশন, (৭) পশ্চিমবাংলা গ্রামীণ শ্রমিক কংগ্রেস, (৮) কৃষকসভা এবং (৯) পশ্চিমবঙ্গ কৃষক সভা।

**শ্রীভুপাল পাণ্ডা ঃ** এটা কি জানেন, অল ইণ্ডিয়া ক্ষেত মজুর ইউনিয়নের শাখা হিসাবে রাজ্যে ক্ষেত মজুর ইউনিয়ন একটা আছে ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** বিশদভাবে যদি জানান তাহলে বিবেচনা করা যাবে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি দয়া করে বলবেন, কৃষি শ্রমিক যারা কৃষি ফার্মে কাজ করে তাদেরকে—রাজ্য সরকার অন্য বিভাগের মতন ২৪০ দিন কাজ করে গেলে স্থায়ীকরণের কোন ব্যবস্থা আছে কি ?

**শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ** বিভিন্ন খামারে যারা কাজ করেন তারা যদি সেসন্যাল হয় তাহলে আলাদা কিন্তু যদি স্থায়ীভাবে কাজ করেন তাহলে আইন আছে স্থায়ী হতে পারে।

## জীবনদায়ী ঔষধ

*১১৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৫।) **শ্রীসরল দেব ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) হাসপাতালে জীবনদায়ী ঔষধের অভাবে ১৯৮২ সালের নভেম্বর মাস হইতে ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত কতজন রোগী মারা গেছে এ সম্পর্কে কোন তথ্য সরকারের নিকট আছে কি ; এবং

(খ) হাসপাতালে জীবনদায়ী ঔষধ সরবরাহ সুনিশ্চিত করার জন্য রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** (ক) উক্ত সময়ে শুধু জীবনদায়ী ঔষধের অভাবে কোন রোগী মারা গেছেন এরূপ রিপোর্ট নাই।

(খ) জীবনদায়ী ঔষধের সরবরাহ সুনিশ্চিত করার সব রকম ব্যবস্থাই আছে। প্রয়োজনবোধে হাসপাতাল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে স্থানীয়ভাবে জীবনদায়ী ঔষধ কিনিতে পারেন।

**শ্রীসরল দেব ঃ** আমাদের অভিজ্ঞতায় উল্টো কথা বলছে, যখন হাসপাতালে যাচ্ছি তখন সাবডিভিশন্যাল লেভেল হাসপাতালের এস. ডি. এম. ও. এবং কলকাতার বড় বড় হাসপাতালের সুপারিনটেনডেন্টরা বলছেন জীবনদায়ী ওষুধ নেই, বাইরে থেকে কিনে আনতে হচ্ছে। এই সম্পর্কে অভিযোগ আনলে কি ব্যবস্থা গ্রহণ করবেন ?

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** প্রথমেই আপনাকে আমি বলেছি, প্রয়োজনবোধে হাসপাতাল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে স্থানীয়ভাবে জীবনদায়ী ঔষধ কিনতে পারেন। প্রয়োজন হলে তিনি কিনতে পারেন। এছাড়া এই ওষুধের ব্যাপার নিয়ে আমরা ভাবছি, হু ( ডব্লু. এইচ. ও. ) ভাবছে, ইউনেসকো ভাবছে, আই. সি. এম. আর. ভাবছে এবং দিল্লী ভাবছে। আমরা ভাবছি, জীবনদায়ী যেগুলি আমরা সব সময়ে মনে করি তারমধ্যে অনেকগুলি ওষুধ জীবনদায়ী ঔষধের ক্যাটাগরিতে পড়ে না। তাছাড়া ব্রাণ্ড মাইণ্ডনেস বলে একটা কথা আছে। অন্য ট্রেডের ওষুধও পাওয়া যায়। কিছু কিছু ডাক্তার নতুনের পিছনে ছুটতে গিয়ে ঐ ধনতান্ত্রিক দেশে, আমেরিকায় যা আছে তার পিছনে তারা ছোটেন। সুতরাং সরকার নীতিগতভাবে তা মেনে নিতে পারে না। এটাই বড় আলোচনার বিষয়।

**শ্রীসরল দেব ঃ** আপনাকে নির্দিষ্ট অভিযোগ দিলে আপনি কর্তৃপক্ষের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করবেন ?

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** কোন অভিযোগ পেলে তা দেখে ব্যবস্থা গ্রহণ করি।

**Dr. Zainal Abedin :** Will the Hon'ble Minister be pleased to state what are the names of these life saving drugs ?

**Dr. Ambarish Mukherjee :** My memoray is short. I cannot tell you off hand.

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** এটা কি সত্য যে বিভিন্ন কোম্পানীর কয়েক লক্ষ টাকা সরকারের কাছে পাওনা থাকার জন্য তারা জীবনদায়ী ঔষধ দিচ্ছে না ?

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** এমন কোন ঘটনা জানিনা।

**শ্রীআবদুর রউফ আনসারী ঃ** একটা বেডের উপর দুটি রুগী থাকে তা কি জানেন ?

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** শয্যা সংখ্যা সীমিত এবং অনেকের ব্যবস্থা কোন কোন সময়ে করতে হয় বলে এরকম হয়, তবে এটা সাধারণ নিয়ম নয়।

## বনগাঁ কবিতীর্থ কলেজ

*১২০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৮।) **শ্রীকমলাক্ষী বিশ্বাস ঃ** তফসিলী জাতি ও উপজাতি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার বনগাঁ কবিতীর্থ কলেজে তফসিলী ও আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য কোন্ সালে প্রথম স্টাইপেণ্ড মঞ্জুর করা হয় ;

(খ) উক্ত শ্রেণীর ছাত্রছাত্রীর সংখ্যা কত ছিল ; এবং

(গ) কত টাকা স্টাইপেণ্ড হিসাবে মঞ্জুর করা হয়েছিল ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** (ক) ১৯৭৬-৭৭ আর্থিক বছরে।

(খ) ৪৯৬ জন।

(গ) ১,৩৯,৪৭২'০০ টাকা। (একলক্ষ উনচল্লিশ হাজার চারশত বাহাত্তর টাকা)

**শ্রীকমলাক্ষী বিশ্বাস ঃ** গতকাল শিক্ষামন্ত্রী কবিতীর্থ কলেজ সম্বন্ধে বলেছেন এটা নেই, তাহলে এই সংখ্যা হল কি করে ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** বিচারধীন আছে বলে আমি কিছু বলতে চাই না।

**শ্রীভুপেন শেঠ ঃ** যে টাকা স্যাংসান তা বন্ধ হবার কারণ কি ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** বিষয়টা কোর্টে আছে বলে কিছু বলতে চাই না।

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** উচ্চ শিক্ষামন্ত্রী গতকাল বলেছেন কবিতীর্থ বলে কোন কলেজ নেই, সেখানে আপনি বলেছেন তাদের ষ্টাইপেণ্ড দেওয়া হচ্ছে। কিন্তু যদি কোন কলেজ না থাকে তাহলে কিভাবে ষ্টাইপেণ্ড দিচ্ছেন ?

**ডাঃ শম্ভুনাথ মাণ্ডি ঃ** ১৯৭৬-৭৭ সালে সেখানে একটা গান বাজনার স্কুল ছিল। সেখানকার কর্তৃপক্ষ বলছেন কলেজ হবে, আমরা বলছি না স্কুল হবে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** গতকাল মন্ত্রীমহাশয় এই হাউসে বলেছেন কলেজের অস্তিত্ব নেই সেখানে আজ ইনি অন্যরকম বলছেন এবং হাউসকে মিসলিড করেছেন—এটা আমার পয়েন্ট অফ অর্ডার।

**মিঃ স্পীকার ঃ** Paint of order does not arise.

## কলিকাতার হাসপাতালে ডায়োলিসিস মেশিন

*১২১। (অনুমোদিত প্রশ্ন নং *৫০২।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতায় এস এস কে এম হসপিটাল, এন আর এস মেডিক্যাল কলেজ হসপিটাল, ন্যাশনাল মেডিক্যাল কলেজ হসপিটাল এবং আর জি কর হসপিটালে কয়টি ডায়োলিসিস মেশিন আছে; এবং

(খ) উক্ত মেশিনগুলো চালু আছে কি?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** (ক) কলকাতায় একমাত্র এস. এস. কে. এম. হসপিটালে ৫টি (পাঁচটি) ডায়োলিসিস মেশিন আছে।

(খ) উক্ত ৫টি (পাঁচটি মেশিনগুলোর মধ্যে ৪টি (চারটি) মেশিন চালু আছে।

[1-40—1-50 P. M.]

**শ্রীভূপাল পাণ্ডা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এই বিষয়ে অবগত আছেন কি যে এস. এস. কে. এম. হাসপাতালে অনেকগুলো মেশিন যেগুলো খুবই অত্যাবশ্যক রিসার্চ ওয়ার্কের জন্য সেগুলো প্রায় দুই বছর হয়ে গেল কেনা হচ্ছেনা? কি কারণে কেনা হচ্ছে না অনুগ্রহ করে তার খোঁজ নেবেন কি?

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে অনেক মেশিন কেনা হয়েছে। সম্প্রতি অনেকগুলো মূল্যবান মেশিন সেখানে বসেছে। কোন মেশিন প্রয়োজন তা দেখবার জন্য একটি কমিটি করেছি তাঁরা খুঁটিয়ে দেখেছেন বিষয়টি। প্রয়োজন হ'লে নিশ্চয়ই কিনবো তবে স্বাস্থ্য-ব্যবস্থা এবং চিকিৎসা-ব্যবস্থার জন্য যেভাবে দ্রুতগতিতে খরচ বাড়ছে তার সঙ্গে তাল রেখে চলবার জন্য অনেক টাকা প্রয়োজন। কিন্তু আমাদের ক্ষমতা সীমিত। আপনি ডাক্তার, ভাল বোঝেন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি—একমাত্র এস. এস. কে. এম. ডায়ালিসিস ইউনিট মেশিন আছে। এই ডায়ালিসিস মেশিন দুই রকম—পেরিটোনিয়াল এবং হেমো ডায়ালিসিস ইউনিট। এস. এস. কে. এম. হাসপাতাল ছাড়া কলকাতার বাকি চারটি মেডিক্যাল কলেজ যথা ক্যালকাটা মেডিক্যাল কলেজ, ন্যাশনাল মেডিক্যাল, আর. জি. কর এবং এন. আর. এস. মেডিকেল কলেজে অন্ততঃ পেরিটোনিয়াল ইউনিট স্থাপন করার কথা ভাবছেন কিনা ?

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** প্রথমে আমরা একটি ইনষ্টিটিউটকে ভালভাবে ডেভেলপ করতে চাই। আপনি একজন চিকিৎসক, আপনি বোঝেন এটা যে আমরা যে হেমো ডায়ালিসিস করি এটা ষ্টপ গ্যাপ মেজার মাত্র। আমাদের কিড্নি প্ল্যান্টেশনের দিকে যেতে হবে এবং যদি যেতে হয় তাহলে একটি জায়গাতে পয়েন্ট করে ম্যান পাওয়ার অর্থাৎ এ্যাসিস্টেন্টদের ট্রেনিং দিয়ে তার ব্যবস্থা করতে পারি। তারপর টাকা-পয়সার অবস্থা ভাল হলে অন্য জায়গায় যাতে করা যায় সেটা দেখতে পারবো। সেই জন্য আমি ভেবেছি যে পি. জিতে একটি কিড্নি ট্র্যান্সপ্ল্যান্টেশন ইউনিট হিসাবে একটি ফুলফেজেড্ ইউনিট গড়ে তোলার জন্য ব্যবস্থ্যা নেবো যাতে করে ষ্টাডী, ট্রেনিং, রিসার্চের জন্য ম্যানপাওয়ার প্ল্যানিং আমরা ভালভাবে করতে পারি।

### শঙ্করপুর মৎস্য বন্দর প্রকল্প

*১২২। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৫।) **শ্রীশিশির অধিকারী ঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) বঙ্গোপসাগরের উপকূলে শংকরপুর মৎস্য বন্দর প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার কবে কোন্ কোন্ আদেশনামায় কত অর্থ বরাদ্দ করিয়াছেন ; এবং

(খ) এ পর্যন্ত ঐ অর্থের কত টাকা ব্যয় হইয়াছে ?

**শ্রীকিরণময় নন্দ ঃ** দীঘার সন্নিকটে শংকরপুর মৎস্য বন্দর প্রকল্পটি ১৯৮২ সালের ফেব্রুয়ারী মাসে কেন্দ্রীয় সরকারের কৃষি মন্ত্রণালয়ের অনুমোদন লাভ করে। প্রকল্পটি রূপায়ণের জন্য কেন্দ্রীয় সরকারের অনুমোদিত মোট খরচ ১,৩১,৩৪,০০০ টাকা। এটি অবশ্য শুধু বন্দরটি নির্মাণের জন্য অনুমোদিত খরচ যার ৫০ শতাংশ কেন্দ্রীয় সরকার অনুদান হিসাবে দেবেন। ঐ অর্থের বাকী ৫০ শতাংশ এবং শোর এষ্টাব্লিশমেণ্ট ও প্রি-ডেভেলপমেণ্ট এক্সপেণ্ডিচার বাবদ সমস্ত খরচ (১০০ শতাংশ) রাজ্য সরকারকে বহন করতে হবে। ব্যাঙ্গালোরের প্রি-ইনভেষ্টমেণ্ট সার্ভে অফ ফিসিং হার বার্স নামে কৃষি মন্ত্রণালয়ের সংস্থাটি যে প্রোজেক্ট রিপোর্ট তৈয়ারী করেন তাতে বন্দর বাবদ মোট ১৫০ লক্ষ টাকা, শোর এষ্টাব্লিশমেণ্ট বাবদ ২৬'৬৮ লক্ষ টাকা এবং প্রি-ডেভেলপমেণ্ট এক্সপেণ্ডিচার বাবদ ২ লক্ষ টাকা ধরা হয়।

(ক) কেন্দ্রীয় সরকার নং ৩৩০১৩/১৫/৭৮ এফ ওয়াই (এইচ), তাং ১৯ মার্চ ১৯৮২ আদেশ-নামায় আপাতত: ১৮,০০,০০০ (আঠার লক্ষ) টাকা বরাদ্দ করিয়াছেন। রাজ্য সরকার নং ১৬৯ ফিস (এফ এস) তাং ৫ মার্চ ১৯৮২ আদেশনামায় ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা এবং নং ২০২ ফিস (এফ এস) / (সি ডি), তাং ১৭ ফেব্রুয়ারী ১৯৮৩ আদেশনামায় ১৬,৯৭,০০০ (ষোল লক্ষ সাতানব্বই হাজার) টাকা বরাদ্দ করিয়াছেন।

(খ) ২,৪১,৬৮০·৯৪ টাকা জানুয়ারী ১৯৮৩ পর্যন্ত ব্যয় হইয়াছে।

## স্বাস্থ্য বিভাগের জীপের জন্য তেলের খরচ

***১২৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৫।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালের ১লা জানুয়ারি হইতে ৩১এ ডিসেম্বর পর্যন্ত প্রতি জেলায় স্বাস্থ্য বিভাগের কর্মচারীগণের জীপের তেল এবং ভ্রমণ ভাতা বাবত কত টাকা খরচ হইয়াছে ; এবং

(খ) উক্ত সময় মধ্যে প্রতি জেলায় প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্রের অ্যাম্বুলেন্স মেরামতি এবং তেল বাবত কত খরচ হইয়াছে ?

**ডাঃ অম্বরীশ মুখার্জী:** (ক) ১৯৮২ সালের ১লা জানুয়ারী হইতে ৩১শে ডিসেম্বর পর্যন্ত স্বাস্থ্য বিভাগের কর্মচারীগণের জীপের তেল এবং ভ্রমণ ভাতা বাবদ খরচের জেলাওয়ারী হিসাব নিম্নরূপ :—

| | | গাড়ীর তেল খরচ | ভ্রমণ ভাতা |
|---|---|---|---|
| ১। | মালদা | ১,৬১,৫০০ | ১,১৪,৯৭১ |
| ২। | জলপাইগুড়ি | ১,২৯,৫০০ | ১,২৭,০০০ |
| ৩। | দার্জিলিং | ১,৯২,৫০০ | ২,০১,০০০ |
| ৪। | হাওড়া | ১,২৪,৫০০ | ১,১৬,১০০ |
| ৫। | নদীয়া | ৩,৫২,৮২৯ | ৩,৮১,৫০০ |
| ৬। | হুগলী | ১,৮২,৩০০ | ২,৫৯,৮০০ |
| ৭। | বাঁকুড়া | ১,৯৬,২০০ | ২,৪০,৭০০ |
| ৮। | ২৪ পরগণা | ৩,৭৫,০০০ | ৪,৯৯,২৮০ |
| ৯। | বর্ধমান | ১,৭৯,০০০ | ৩,৩৯,৯০০ |
| ১০। | কলিকাতা | ৬,৭২,০০০ | ২,৮২,০০০ |
| ১১। | মুর্শিদাবাদ | ১,৯৪,০০০ | ১,৯৪,৫০০ |

| | গাড়ীর তেল খরচ | ভ্রমণ ভাতা |
|---|---|---|
| ১২। মেদিনীপুর | ৩,৫৩,০০০ | ৪,৫৩,৪৭৫ |
| ১৩। পুরুলিয়া | ১,২৩,০০০ | ২,৫১,০০০ |
| ১৪। পশ্চিম দিনাজপুর | ১,৪২,০০০ | ১,১১,৮০০ |
| ১৫। বীরভূম | ১,৫১,৫০০ | ২,০০,০০০ |
| ১৬। কুচবিহার | ১,৬৬,৫০০ | ১,৬২,১২০ |

এছাড়া উক্ত সময়ের মধ্যে জনস্বাস্থ্য ও পানীয় জল সরবরাহ কৃত্যকের জন্য কর্মচারীদের ভ্রমণভাতা বাবদ মোট ১৭,৩৫,৬৫০ টাকা এবং গাড়ীর তেল বাবদ মোট ৮,১৪,৯০০ টাকা খরচ হয়েছে।

(খ) বর্তমানে কোন উপস্বাস্থ্য কেন্দ্রে এ্যাম্বুলেন্স নাই—ঐ সময়ে প্রাঃ স্বাস্থকেন্দ্রের এ্যাম্বুলেন্স মেরামতী ও তেল খরচের হিসাব নিম্নরূপ :—

| | মেরামতী খরচ (টাকা) | তেল খরচ (টাকা) |
|---|---|---|
| ১। মালদহ | খরচ নেই | খরচ নেই |
| ২। জলপাইগুড়ি | ৮,২৬৫ | ৭,৫০০ |
| ৩। দার্জিলিং | ২২,৭৪১ | ৪১,০০০ |
| ৪। হাওড়া | ৩,০০০ | ২৭,৫০০ |
| ৫। নদীয়া | খরচ নেই | ২,০০,০০০ |
| ৬। হুগলী | খরচ নেই | ১,৪১,০০০ |
| ৭। বাঁকুড়া | ১৭,৫০০ | ৮৮,০০০ |
| ৮। ২৪ পরগণা | খরচ নেই | ১,১২,০০০ |
| ৯। বর্ধমান | ৩৫,৫০০ | ৬৬,০০০ |
| ১০। কলিকাতা | খরচ নেই | খরচ নেই |
| ১১। মুর্শিদাবাদ | ১৭,১০০ | ১,০৩,০০০ |
| ১২। মেদিনীপুর | ৭,০০০ | ৮৫,০০০ |
| ১৩। পুরুলিয়া | ৫,০০০ | ১৫,০০০ |
| ১৪। পঃ দিনাজপুর | ৩,০০০ | ৩৫,০০০ |
| ১৫। বীরভূম | ২,০০০ | ৪৫,০০০ |
| ১৬। কুচবিহার | ৭,০০০ | ৬৫,০০০ |

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** আমার প্রশ্ন করতে একটু অসুবিধা হচ্ছে। আপনি যদি টোটালটা বলে দেন—কিসে কম হয়েছে কিসে বেশী হয়েছে তাহলে ভাল হয়।

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** জনস্বাস্থ্য ও পানীয় জল সরবরাহ কর্তৃপক্ষের জন্য কর্মচারীদের ভ্রমণভাতা বাবদ মোট ১৭,৩৫,৬৫০ টাকা এবং গাড়ীর তেল বাবদ মোট ৮,১৪,৯০০ টাকা খরচ হয়েছে।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয়ই জানেন এবং বলেছেন যে এই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে অর্থাভাবের জন্য কোন এ্যাম্বুলেন্স সারানো যাচ্ছে না এবং টাকার জন্য তেলের সংকট খুব। আমার বক্তব্য হচ্ছে যে এই সংকট দূর করাবার জন্য কর্মচারীরা যে এ্যালাউন্স পায় সেই এ্যালাউন্স সংকোচ করে সেই টাকা দিয়ে এ্যাম্বুলেন্সের ব্যাপারে খরচ করা যায় না? আপনি কি এই সব ব্যাপারে চিন্তা করছেন?

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** আপনারা জানেন যে ডিজেল, পেট্রোল, মটর পার্টস, এই সবের দাম বেড়ে যাচ্ছে। এর পেছন পেছন আমাদের চেঞ্জস করতে হচ্ছে। আমরা আমাদের সব জায়গায় অর্থ যতটা সম্ভব সংকোচ করা যায় তার চেষ্টা করছি। কিন্তু সংকোচের তো একটা লিমিট আছে। এই সব ব্যাপার নিয়ে তো পাবলিক সার্ভিস জড়িত আছে। কাজেই প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি, যদি জিনিষপত্রের দাম এই ভাবে বেড়ে যায় তাহলে আমরা কি করতে পারি।

**শ্রীলক্ষ্মণচন্দ্র সেঠ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি যে প্রতিটি প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্রে এ্যাম্বুলেন্স দেওয়ার ব্যবস্থা আছে কি না?

**ডাঃ অম্বরীশ মুখার্জী ঃ** এখন এই ব্যাপারে কিছু বলা যাবে না।

*১২৪। (হেল্ড ওভার)।

### খরার জন্য কেন্দ্রীয় খাদ্যশস্য

*১২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫১।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) সাম্প্রতিক খরা পরিস্থিতি মোকাবিলা করার জন্য রাজ্য সরকার কেন্দ্রের নিকট প্রতি মাসে কি পরিমাণ খাদ্যশস্য পাঠানোর জন্য দাবি পেশ করেছিলেন;

(খ) কেন্দ্রীয় সরকার প্রতি মাসে কি পরিমাণ খাদ্যশস্য পাঠানোর প্রতিশ্রুতি দিয়েছিলেন; এবং

(গ) প্রতি মাসে গড়ে প্রকৃতপক্ষে কি পরিমাণ খাদ্যশস্য কেন্দ্রীয় ভাণ্ডার থেকে পাওয়া গিয়েছে ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী** ঃ (ক) সরকারী বণ্টন ব্যবস্থা এবং ময়দা কলের জন্য আগস্ট ও সেপ্টেম্বর '৮২-তে রাজ্য সরকার কেন্দ্রের কাছে প্রতি মাসে ৩.৩০ লক্ষ মেঃ টন খাদ্যশস্য চেয়েছিলেন। অক্টোবর ও নভেম্বর '৮২-তে এই চাহিদা ছিল মাসে ৩.৭৫ লক্ষ মেট্রিক টন। ডিসেম্বর '৮২ থেকে রাজ্য সরকার প্রতি মাসে ৪ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য চাইছেন। মার্চ মাসের পরে অভাবের সময় ( লীন মান্থস্ ) এই চাহিদা আরো বেড়ে যেতে পারে। জুলাই ১৯৮২-তে ত্রাণ দপ্তর আগস্ট থেকে অক্টোবর '৮২ পর্য্যন্ত জি. আর. এর জন্য কেন্দ্রীয় সরকারের কাছে মাসে ৬ হাজার ১৯০ মেট্রিক টন বিশেষ বরাদ্দ চেয়েছিলেন। নভেম্বর '৮২ থেকে জুন '৮৩ ( আট মাসের ) পর্য্যন্ত জি. আর. দেওয়ার জন্য মাসে ২ হাজার মেট্রিক টন বিশেষ বরাদ্দ চাওয়া হয়। খরা কবলিত জেলাগুলিতে নভেম্বর '৮২ থেকে জুন '৮৩ পর্য্যন্ত ( ৮ মাস ) কর্মসংস্থান প্রকল্পে এই সরকারের ত্রাণ দপ্তর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ২ লক্ষ ৪৪ হাজার মেট্রিক টন খাদ্যশস্য চান। এ ছাড়া খরাকবলিত জেলাগুলিতে 'নিউট্রিশান' প্রোগ্রামে ৩৩ হাজার ৬৫২ মেঃ টন খাদ্যশস্য চাওয়া হয়।

(খ) কেন্দ্রীয় সরকার কোন প্রতিশ্রুতি দেন নি। তবে সরকারী বণ্টন ব্যবস্থা ও ময়দাকলের জন্য আগস্ট '৮২ হইতে কেন্দ্রীয় বরাদ্দ ছিল নিম্নরূপ :—

| | |
|---|---|
| আগস্ট '৮২ | ২.৪৫ লক্ষ মেঃ টন |
| সেপ্টেম্বর '৮২ | ২.৫০ " " |
| অক্টোবর '৮২ | ২.৪৫ " " |
| নভেম্বর '৮২ | ২.৫০ " " |
| ডিসেম্বর '৮২ | ২.৫০ " " |
| জানুয়ারী '৮৩ | ২.৫০ " " |
| ফেব্রুয়ারী '৮৩ | ২.৫০ " " |

জি. আর. ও নিউট্রিশান প্রোগ্রামে কোন খাদ্যশস্য বরাদ্দ হয়নি। কর্মসংস্থান প্রকল্পে কেন্দ্রীয় সরকার এখন পর্য্যন্ত ১৮ হাজার ৮ শত মেঃ টন গম বরাদ্দ করেছেন।

(গ) আগস্ট ১৯৮২ থেকে জানুয়ারী ১৯৮৩ পর্যন্ত ( ৬ মাস ) কেন্দ্রীয় ভাণ্ডারের খাদ্যশস্য গড়ে মাসে ২.৪৫ লক্ষ মেঃ টন সরবরাহ করা হয়েছে। এই সময় বণ্টন ব্যবস্থা ও ময়দাকলের জন্য গড়ে মাসিক চাহিদা ছিল ৩.৬৮ লক্ষ মেঃ টন।

[1-50—2-00 P.M.]

**শ্রীপ্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের খরা পরিস্থিতিতে মোকাবিলা করার জন্য নির্দিষ্ট পরিমান খাদ্যশস্য দেবার কোন প্রতিশ্রুতি দেন নি এবং যে পরিমাণ খাদ্য পাওয়া গেছে তা বিরাট অংশের খুবই কম এবং অন্য রাজ্য থেকে কিনতে দেওয়া হচ্ছে না। সুতরাং এই পরিস্থিতি মোকাবিলা করার জন্য রাজ্য সরকার কি ব্যবস্থার কথা চিন্তা করেছেন ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** আমি প্রশ্নোত্তরের সময়ে বলেছিলাম যে এই খরা পরিস্থিতি মোকাবিলা করার জন্য আমরা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে পয়সা দিয়ে, অর্থ দিয়ে কেন্দ্রীয় সরকারের অনুমতি নিয়ে অন্য রাজ্য থেকে ৩ লক্ষ মেট্রিক টন চাল ক্রয় করি। আমার দ্বিতীয় কথা হচ্ছে পশ্চিমবঙ্গে যেসব চাল ব্যবসায়ী আছেন তাদের সুযোগ সুবিধার জন্য যাতে করে অন্য রাজ্য থেকে চাল আনতে পারি তারজন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ১৫ লক্ষ মেট্রিক টন সম্মতি পেয়েছি এবং আমরা তা আনার চেষ্টা করছি। আর কোন অনুমতি আমরা এখনো পাই নি। পশ্চিমবঙ্গে যারা ধান, চালের ব্যবসা করেন তাদের আমরা এইবার যাতে পশ্চিমবঙ্গের বাইরে থেকে চাল আনতে পারে তারজন্য কিছু রিলেকসেশানের ব্যবস্থা করে দিয়েছি।

**শ্রীপ্রবোধচন্দ্র সিনহা ঃ** কেন্দ্রের কাছ থেকে এই খাদ্যশস্য পাবার জন্য ন্যায্য দাবী নিয়ে বিধান সভার পক্ষ থেকে কোন সর্বদলীয় প্রতিনিধি নিয়ে যাওয়ার কথা চিন্তা করছেন কি ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** বিধানসভার সদস্য প্রয়োজন বোধ করলে আমি নিয়ে যেতে পারি কারণ এটা তো আমার কোন ব্যক্তিগত ব্যাপার নয়।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, কেন্দ্রীয় সরকারে কাছে এই দাবী উত্থাপন করা হয়েছে। এ ছাড়া রাজ্যসরকারের তরফ থেকে এই খরা পরিস্থিতি মোকাবিলা করার জন্য খাদ্যশস্য সংগ্রহের লক্ষমাত্রা স্থির করা হয়েছে কিনা ? এবং তার পরিমান কত এবং আজ পর্যন্ত কতটা খাদ্যশস্য সংগৃহীত হয়েছে ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী ঃ** আমরা পশ্চিমবঙ্গের অভ্যন্তরে এই খরা পরিস্থিতির মধ্যে আমরা যাতে এক লক্ষ মেট্রিক টন চাল সংগ্রহ করতে পারি তার পরিকল্পনা করেছিলাম কিন্তু এখনো সেটা সংগৃহীত হয় নি। আমাদের ৮৮ মেট্রিক টন ধান যা যা সংগৃহীত হয়েছে তার শতকরা ৩০ ভাগ লেভি আছে। এফ. সি. আই. হচ্ছে আমাদের এজেন্ট। কেন্দ্রীয় সরকারেরও এজেন্ট। এই এফ. সি. আইয়ের গুদামে চাল মজুতের কোন চেষ্টা করে না। কেন্দ্রীয় সরকার ক্রয়মূল্য ধার্য্য করে দেন তারফলে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে একটু অসুবিধা হয়।

**শ্রী[illegible] বিশ্বাস :** মাননীয় মন্ত্রীমহাশয় মূল প্রশ্নের যে জবাব দিয়েছেন তাতে করে রাজ্যে প্রচণ্ড ঘাটতি থেকে যাচ্ছে। এই ঘাটতির পরিপ্রেক্ষিতে রাজ্যে বিধিবদ্ধ এবং আংশিক রেশন ব্যবস্থা মার্চের পর চালু রাখা সম্ভব হবে কি ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী :** মার্চের পরে আপনি জিজ্ঞাসা করেছেন ? তার উত্তর দেওয়া সমীচীন বোধ করছি না। কারণ, পরিস্থিতি পরিবেশ কি হয় বলতে পারব না, তবে কেন্দ্রীয় সরকারকে আমাদের দাবী মানাতে পারব বলে মনে হচ্ছে। আমাদের মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় খাদ্য মন্ত্রীকে চিঠি দেবেন, সেই চিঠি আজকে যাচ্ছে। কেন্দ্রীয় সরকারের সুমতি হলে পরিস্থিতি ভাল হতে পারে, তা না হলে পরিস্থিতি কি হবে মার্চ মাসের খবর এখন বলতে পারব না।

**শ্রীশান্তিমোহন রায় :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ১৯৭৮ সাল থেকে আজ পর্যন্ত প্রত্যেক বছর কত ধান-চাল সংগ্রহ করা হয়েছে এবং তার মধ্যে জোতদারদের কাছ থেকে কত হয়েছে, আর মিল মালিকদের কাছে লেভি করে কত সংগ্রহ করা হয়েছে ?

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী :** নির্দিষ্টভাবে প্রশ্ন করলে জবাব দেব।

## কুমারপুর, পূর্ণচন্দ্রপুর ও কুয়েমুড়ী উপ-স্বাস্থ্যকেন্দ্র

*১২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৮।) **শ্রীসত্যরঞ্জন বাপুলি :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পাথরপ্রতিমা থানার অন্তর্গত "কুমারপুর", "পূর্ণচন্দ্রপুর" এবং "কুয়েমুড়ীর" উপ-স্বাস্থ্যকেন্দ্রের কাজ বন্ধ হয়ে আছে ;

(খ) সত্য হ'লে, কবে নাগাত উক্ত কাজ শুরু হবে ব'লে আশা করা যায় ; এবং

(গ) সুন্দরবনকে বিচ্ছিন্ন এলাকা হিসাবে অগ্রাধিকার দেবার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী :** (ক) ও (খ) "কুমারপুর" এবং "কুয়েমুড়ী"তে ২টি উপকেন্দ্র স্থাপনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন।
পূর্ণচন্দ্রপুরে উপকেন্দ্র স্থাপনের কোন প্রস্তাব নেই।

(গ) সুন্দরবন এলাকাকে অধিকতর সুযোগ সুবিধা দানের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** কুমারপুর এবং আর একটা নাম কি বললেন শুনতে পেলাম না, সেটা বলবেন কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** কুমারপুর এবং কুয়েমুড়ীতে ২টি উপকেন্দ্র স্থাপনের প্রস্তাব আছে। কিন্তু সেণ্ট্রাল গভর্নমেণ্ট যে নরমস আমাদের ফিক্স করে দেয় তাতে সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার করতে হলে ১৫ হাজার টাকার মধ্যে করতে হবে। আমরা সেই সম্বন্ধে লেখালেখি করছি যে ১৫ হাজার টাকায় সম্ভব নয়, এটা আরো বেশী করতে হবে। তাঁরা আমাদের এখনও উত্তর দেননি। দিস ইজ দি ডিফিকাল্‌টি। তবে আমাদের স্টেট এক্সচেকারের টাকায় করতে হবে। আমি নিজে কয়েকদিন আগে দেখে এসেছি কি দুরবস্থার মধ্যে আছে। সুতরাং ওটা আমাদের করতে হবে এই বিষয়ে কোন সন্দেহ নেই।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** ঐসব জায়গায় যদি রেণ্টেড ঘর যোগাড় করে দেওয়া যায় যেমন কুমারপুরে ঘর যোগাড় করে দেওয়া হয়েছে, সি এম ও এইচ ঘরের জন্য আমার কাছে চিঠি দিয়েছিলেন, সেই চিঠি আমার কাছে আছে, ভাড়া ঘর যোগাড় করে দিলে সেখানে সেণ্টার ওপেন করতে রাজী আছেন ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** মাননীয় সদস্য যে প্রস্তাব দিলেন আমি সিনসিয়ারলি বলছি ওটা দেখব এবং যদি ঘর থাকে তো করা যাবে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি অকর্ষণ করছি যে কুমারপুরে ঘর নেওয়া হয়েছিল কিন্তু সেখানে আজ পর্যন্ত স্টার্ট করা হয়নি, এটা তাড়াতাড়ি যাতে স্টার্ট করা যায় সেটা দেখবেন কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** নিশ্চয়ই দেখব।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি সেণ্টাল গভর্নমেণ্ট সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার আর নতুন করে প্রতিষ্ঠা করার ব্যাপারে কোন নিষেধাজ্ঞা করেছেন কি ?

**শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ** সেণ্টাল গভর্নমেণ্ট যে নতুন নরমস পাঠিয়েছেন সেই নরমসের ভিত্তিতে এখন কোন সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার আর করা যাবে না। ওঁরা যেটা বলেছেন সেটা হচ্ছে সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার উইথ বেডেড যেগুলি আছে সেগুলিকে বাই ফেজেস প্রাইমারী

হেল্থ সেণ্টার করতে হবে এবং প্রাইমারী হেল্থ সেণ্টার যেগুলি আছে সেগুলিকে রুরাল **কমিউনিটি** হেল্থ সেণ্টার করতে হবে। ওঁরা যে নর্‌মস পাঠিয়েছেন আমরা সেটা খতিয়ে দেখেছি, সারা ভারতবর্ষের মধ্যে একমাত্র পশ্চিমবাংলায় সাবসিডিয়ারী হেল্থ সেণ্টার উইথ বেডেড আছে। আমরা সেটা রাখব, আমরা সেজন্য ক্যাবিনেটে ঐ ব্যাপারটা নিয়ে যাচ্ছি।

**শ্রীশান্তিমোহন রায়ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি হুগলী জেলার খানাকুল ১ নং ব্লকের রঘুনাথপুর হরিমোহন গোলাপ সুন্দরী চ্যারিটেবল ডিসপেন্সারী অজিত পাঁজা মহাশয়ের আমলে সরকার কর্তৃক অধিগ্রহণ করা সত্বেও এখনও পর্যন্ত তা চালু হয়নি, কেন হয়নি এবং কবে হবে?

**মিঃ স্পীকারঃ** এ প্রশ্ন ওঠে না।

**শ্রীতারাপদ সাধুখাঁঃ** সাবসিডিয়ারী হেল্থ সেণ্টার সম্বন্ধে মন্ত্রী মহাশয় বললেন যে টাকার অভাবে ঘর করতে পারছেন না বলে সাবসিডিয়ারী হেল্থ সেণ্টার করতে পারছেন না। সিঙ্গুর থানার জগৎ নগরে এই রকম সাবসিডিয়ারী হেল্থ সেণ্টারের বাড়ী তৈরী করে চার্জ হ্যাণ্ড ওভার না হওয়ার জন্য সেটা চালু করা যাচ্ছে না। এই বিষয়ে মন্ত্রী মহাশয় কি চিন্তা করেছেন?

**শ্রীরামনারায়ণ গোস্বামীঃ** অনারেবল মেম্বার হুগলীর স্পেসিফিক্যালি একটা সাব-সিডিয়ারী হেল্থ সেণ্টারের কথা বললেন, এটা আমাদের দুর্ভাগ্য যে স্বাধীনতার ৩৫ বছর পরেও এইসব ঘটনা হয়েছে যে বহু বিল্ডিং পড়ে আছে আমরা হেল্থ সেণ্টার করতে পারিনি বা মাননীয় সদস্য যেটা প্রশ্ন দিয়েছেন সেটা করতে পারিনি। তবে আপনি যদি নির্দিষ্টভাবে আমাকে বলেন আমি যথাসাধ্য চেষ্টা করব, আই উইল ট্রাই মাই লেভেল বেস্ট।

## তপসিলী জাতি ও আদিবাসীদের উন্নয়ন

*১২৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৮।) **শ্রীঅনিল মুখার্জীঃ** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে তফসিলী জাতি ও উপজাতি উন্নয়নের জন্য ১৯৮২-৮৩ সালে মোট কত টাকা ব্যয় করা হয়েছে, তন্মধ্যে বাঁকুড়া জেলায় মোট কত টাকা খরচ হয়েছে; এবং

(খ) খরাপীড়িত বাঁকুড়া জেলায় ও ওন্দা ব্লকে তফসিলী ও উপজাতিদের বিভিন্ন উন্নয়নমূলক কাজ ও পানীয় জল সরবরাহের জন্য মোট কত টাকা দেওয়া হয়েছে?

**Minister-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department:**

(ক) পশ্চিমবঙ্গ তফসিলী জাতি ও উপজাতির উন্নয়নের জন্য ১৯৮২-৮৩ সালে এ পর্যন্ত

২৬ কোটি ৮১ লক্ষ ৮৮ হাজার ১৬১ টাকা মঞ্জুর করা হয়েছে। বাঁকুড়া জেলায় ব্যয়িত অর্থের পরিমাণ এ পর্যন্ত ৭৩ লক্ষ ৭৫ হাজার ২১৯ টাকা।

(খ) বাঁকুড়া জেলার তফসিলী ও উপজাতিদের বিভিন্ন উন্নয়নমূলক কাজ ও পানীয় জল সরবরাহের জন্য মোট ১ কোটি ১১ লক্ষ ৬৯ হাজার ৫ শত টাকা মঞ্জুর করা হয়েছে। তন্মধ্যে কূপ ইত্যাদির জন্য ১ লক্ষ ১৫ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে। ওন্দার পানীয় জল সরবরাহের জন্য ৬ হাজার ৪২৮ টাকা দেওয়া হয়েছে।

## তপসিলী জাতি ও আদিবাসী ছাত্র হোস্টেল

***১২৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৫২।) **শ্রীগোপাল মণ্ডল:** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে তফসিলী জাতি ও আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য কতগুলি হোস্টেল আছে;

(খ) কতগুলি আশ্রম হোস্টেলে আছে; এবং

(গ) কতগুলি উভয়বিধ হোস্টেল করবার পরিকল্পনা ১৯৮৩-৮৪ আর্থিক বছরে আছে?

**Minister-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department:**

(ক) জেলা বিদ্যালয় পরিদর্শক অনুমোদিত হোস্টেলের সংখ্যা এখনই বলা সম্ভব নয়, তবে তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগ হইতে এ পর্যন্ত ৪৮৬টি ছাত্রাবাস ও ছাত্রীনিবাস নির্মাণের জন্য অনুদান মঞ্জুর করা হইয়াছে। (আশ্রম ছাত্রাবাস বাদে)

(খ) এ পর্যন্ত ২০০টি আশ্রম হোস্টেলের জন্য অর্থ মঞ্জুর করা হইয়াছে। তাহার মধ্যে ৬৯টি আশ্রম ছাত্রাবাস চালু হইয়াছে।

(গ) মোট ৫৪টি। হোষ্টেল—৩৪টি, আশ্রম হোষ্টেল—২০টি।

## Policy regarding transfer of Government Doctors

***130.** (Admitted question No. *471.) **Shri ANUP KUMAR CHANDRA:**

Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government of West Bengal has any definite policy regarding the transfer of Government Doctors in West Bengal Health Service; and

(b) if so, what is the content of the said policy ?

Minister-in-charge of Health Department—

(a) Yes.

(b) The salient features of the policy are as follows :

(i) The new recruits are appointed to non-teaching posts in Medical College down to Subsidiary Health Centres and other rural units according to their qualification and position as assigned by the Public Service Commission.

(ii) No Lady Medical Officer is posted to any Health Centre having only one sanctioned post of Medical Officer.

(iii) A Medical Officer is to serve in his entire career, in remote or inaccessible rural areas for at least 8 years including 3 years in North Bengal.

(iv) Ordinarily an officer is to be transferred after completing 3 to 5 years in a particular post.

(v) Normally transfers are to be made towards the end of the calendar year.

(vi) Choice of location by the officer for his last posting before superannuation is to be given due consideration.

(vii) Officers having rendered 3 years' Defence Service are to be given the privilege of choice about place of posting once in their service career.

(viii) Choice of specialistic in a particular medical discipline by an officer is to be considered only after he has completed at least 3 years service in remote or inaccessible rural areas.

## ভোজ্য তেল শোধনাগারের কাজ

*১৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৪।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে অত্যাবশ্যক পণ্য সরবরাহ সংস্থার অধীনে ভোজ্য তেল শোধনাগারের কাজ আজ আরম্ভ হয়েছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, দৈনিক কত মেট্রিক টন তেল পরিশোধন করা হচ্ছে ?

**Minister-in-charge of Food and Supplies Department :**

(ক) এবং (খ) অত্যাবশ্যক পণ্য সরবরাহ সংস্থার শোধনাগারের দুটি অংশ—শোধিত তেল টিনে প্যাক করবার জন্য একটি প্যাকিং প্ল্যান্ট এবং অপরটি মূল শোধনাগার।

প্যাকিং প্ল্যান্টটি গত ১৯৮২ সালের জানুয়ারী মাসে চালু করা হয়েছে। তাতে দৈনিক ১০০ টন ভোজ্যতেল টিনে প্যাক করা সম্ভব।

মূল শোধনাগারটি এখনও চালু হয়নি। নির্মাণের সব কাজ সম্পন্ন হয়ে গিয়েছে। এই মাসের মধ্যে পরীক্ষামূলকভাবে শোধনাগারটি চালু করার পরিকল্পনা আছে। আশা করা যায় আগামী মাসের মধ্যে বাণিজ্যিক ভিত্তিতে কাজ শুরু করা যাবে। কাজ শুরু হয়ে গেলে এই শোধনাগারে দৈনিক ১০০ টন অপরিশোধিত ভোজ্যতেল শোধন করা সম্ভব হবে।

## মধ্যমগ্রাম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৮।) **শ্রীসরল দেবঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) মধ্যমগ্রাম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরিত করার কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত তাহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

**Minister-in-charge of Health and Family Welfare Department :**

(ক) হ্যাঁ, আছে।

(খ) সঠিক বলা সম্ভব নয়।

## মেদিনীপুর জেলায় সিডিউল্ড কাষ্ট কম্পোনেণ্ট স্কীম

*১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮১।) **শ্রীশিশিরকুমার অধিকারীঃ** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) ১৯৮২-৮৩ আর্থিক বৎসরের জন্য মেদিনীপুর জেলায় সিডিউল্ড কাষ্ট কম্পোনেণ্ট স্কীমে কত অর্থ বরাদ্দ করা হয়েছিল ;

(খ) উক্ত বরাদ্দীকৃত অর্থ কত ব্যয় হইয়াছে ; এবং

(গ) কত এখনও খরচ হয় নাই ?

**Minister-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department :**

(ক) ২,২০,৩৫,০০০ টাকা।

(খ) ও (গ) তথ্য সংগ্রহ করা হইতেছে।

## রামপুরহাট মহকুমা হাসপাতাল

*১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৮।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডলঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রামপুরহাট মহকুমা হাসপাতালে রোগীর তুলনায় শয্যাসংখ্যা কম ;

(খ) অবগত থাকিলে, উক্ত হাসপাতালের শয্যাসংখ্যা বৃদ্ধির কোনও ব্যবস্থা গ্রহণ করা হইবে কি ; এবং

(গ) উক্ত হাসপাতালে ব্ল্যাড ব্যাঙ্ক স্থাপনের বিষয়ে কোন চিন্তা সরকার করিতেছেন কি ?

**Minister-in-charge of Health and Family Welfare Department :**

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

(গ) হ্যাঁ, এ বিষয়ে সরকারী আদেশ বেরিয়েছে। ব্লাড ব্যাঙ্কটি খোলার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

[2-00—2-10 P.M.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** I have received three notices of adjournment motions today.

The first is from Dr. Manas Bhunia, which deals with alleged murder of one Gora Mitra in the Howrah General Hospital.

The second is from Shri Kashinath Misra which deals with crisis of Kerosene in West Bengal.

The third is from Shri Suniti Chattaraj, which deals with alleged misbehaviour of Chief Minister with the M.L.As.

On the subject of the third motion, Shri Dhirendranath Sarkar tabled a similar notice on 2-3-93 which could not be accepted on the ground that it did not raise any definite matter of urgent public importance and as such was out of order. Hence this is excluded from consideration. Regarding the first motion it is a matter concerning the day to day administration and as such the member may raise the matter by way of giving Calling Attention Notices or notices of question. As regards the second motion, it may be mentioned that Dr. Bhunia tabled a similar notice on 3-3-83 to which I withheld my consent.

I, therefore, withhold my consent to all the above two motions.

One member of the party may, however, read out the text of the motion as amended.

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে গুরুত্বপূর্ণ বিষয়টি এই সভা মূলতবী করবার জন্য দিয়েছিলাম সেটা সকলেরই প্রশ্ন। আজ কেরোসিন তেল নিয়ে একটা মারাত্মক অবস্থা চলছে সারা দেশে। আমি এই কোলকাতা শহরে রাসবিহারী এভিনিউতে দেখছি প্রায় দুহাজার ব্যক্তি হাতে কেরোসিনের টিন নিয়ে লাইনে দাঁড়িয়ে রয়েছে। সেদিক থেকে এটি একটি গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে আমি দিয়েছিলাম। কিন্তু আমি দেখলাম আপনি আমার সেই মূলতবী প্রস্তাব গ্রহণ করেননি। যাহোক, আমি আপনার নির্দেশমত আমার সেই প্রস্তাব এখানে পড়ছি।

জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মূলতবী রাখছেন। বিষয়টি হল :—পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে কেরোসিনের অভাবে হাহাকার উঠেছে। ছাত্রছাত্রীদের পরীক্ষা সুরু হয়েছে। একদিকে বিদ্যুৎ ঘাটতি, অন্যদিকে কেরেসিনের অভাব ফলে সারা পশ্চিমবাংলার শহরে এবং গ্রামাঞ্চলে দুর্ভোগ সৃষ্টি হয়েছে।

## CALLING ATTENTION

### To Matters of Urgent Public Importance

**Mr. Speaker:** I have received 31 notices of calling attentions namely :—

1. Traffic Jam on Jessore Road near Habra Market —Shri Nirode Roy Chowdhury, M.L.A.
2. Crisis of Kerosene and agitation amongst the guardians, Students under Uluberia P.S. —Sri Rabindranath Ghosh, M.L.A.
3. Threatened strike of Kerosene oil dealers from 9-3-83 —Shri Nani Kar, M.L.A.
4. Closure of co-operative cold store under Magra P.S. in Hooghly —Shri Shanti Mohan Roy, M.L.A.
5. Reported incident in the office of Eastern India Motion Pictures Association on 1-3-83 —Shri Anil Mukherjee, M.L.A.
6. Exodus of people from Assam —Shri Anil Mukherjee, M.L.A.
7. Scarsity of cooking gas —Shri Anil Mukherjee, M.L.A.
8. Forcible occupation of land in Midnapore by CPI(M) cadres —Dr. Manas Bhunia.
9. Apprehension regarding the results of B.A., B.Sc. of the University of Calcutta —Dr. Manas Bhunia and Shri Satya Ranjan Bapuli, M.L.As.
10. Alleged Murder of one Gora Mitra, in the Howrah General Hospital —Dr. Manas Bhunia, Shri Anil Mukherjee and Shri Chowdhury Md. Abdul Karim, M.L.As.

11. Deplorable condition of communication in between Sabang to Balichak —Dr. Manas Bhunia, M.L.A.

12. Acute shortage of life saving drugs —Dr. Manas Bhunia.

13. Irregular appointment of Primary Teachers in different districts —Dr. Manas Bhunia.

14. Deplorable condition of Midnapore District Hospital —Dr. Manas Bhunia.

15. Tenure situation in Purulia Ramkrishna Mission Vidyapith —Shri Choudhury Md. Abdul Karim.

16. Reported strike of Transport Companies in West Bengal —Shri Chowdhury Md. Abdul Karim.

17. Alleged murder of a child at uttarbagi under Bishnupur P.S. —Shri Chowdhury Md. Abdul Karim.

18. Panic and Tension in Islampur towm —Shri Chowdhury Md. Abdul Karim.

19. Non-functioning of R.L.I. and deep tubewells due to power failure Shri Suniti Chattaraj, M.L.A.

20. Non-inclusion of new voters in the list before ensuing panchayat election —Shri Suniti Chattaraj, M.L.A.

21. Inconvanience faced by the students due to shortage of Power —Shri Satya Ranjan Bapuli, M.L.A.

22. Crisis of medicine in N.R.S. Hospital —Shri Satya Ranjan Bapuli, M.L.A.

23. Crisis of Kerosene —Shri Satya Ranjan Bapuli, M.L.A.

24. Distribution of low quality rice and wheat from Ration Shop —Shri Satya Ranjan Bapuli, M.L.A.

25. Alleged of theft of Medicine of Central Medical Store —Shri Staya Ranjan Bapuli, M.L.A.

26. Rape in Bankura —Shri Satya Ranjan Bapuli, M.L.A.

27. Reported incidents of death of two hand Cart drivers and fire in rice-loaded lorry —Shri Satya Ranjan Bapuli and Shri Anil Mukherjee, M.L.As.

28. Token Strike by College and University teachers —Dr. Manas Bhunia and Satya Ranjan Bhunia, M.L.As.

29. Non-clearance of gurbage and short supply of drinking water in Howrah Municipal area —Shri Ashoke Ghosh, M.L.A.

30. Mismanagement in Bankura Sammilani Medical College —Shri Kashinath Misra, M.L.A.

31. Twenty thousand freedom fighters are in trouble due to mismanagement of Government —Shri Asok Ghosh and Shri Kashinath Misra, M.L.As.

I have selected the notice of Dr. Manas Bhunia, Shri Anil Mukherjee and Shri Chowdhury Md. Abdul Karim on the subject of 'alleged murder of one Gora Mitra' in the Howrah General Hospital. Hon'ble Chief Minister may make a statement today or give a date for the same.

**Shri Patit Paban Pathak :** On the 10th March.

## MENTION CASES

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মেনসন করার আগে, আপনি কলিং এ্যাটেনসনে যে কথাটা বললেন—সেটাই আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি গোচর করতে চেয়েছিলাম। গতকাল হাওড়ায় যে বিভৎস লোমহর্ষ ঘটনা ঘটেছে—এর পরিপ্রেক্ষিতে বিধানসভায় সেটা উল্লেখও হয়েছে। আজকে কাগজে দেখলাম পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় স্বাস্থ্য মন্ত্রী একটা বিভাগীয় তদন্তের নির্দেশ দিয়েছেন। এই প্রসংগে আমি মুখ্যমন্ত্রীকে বলতে চাই যে ঘটনা হাওড়া হাসপাতালে ঘটেছে, তিন তলার উপর একটা রোগী শুয়ে আছে, সে সমাজসেবী কি সমাজবিরোধী এই প্রশ্ন বড় কথা নয়। হাওড়া হাসপাতাল থেকে মাত্র কয়েক গজ দূরে ডি, এম আছেন, যেখানে পুলিশ সুপারের বাংলো, পুলিশ সুপারের অফিস—সেখানে সকাল সাড়ে সাত আটটার সময় কয়েকজন দুস্কৃতকারী ঢুকে যে জঘন্য অত্যাচার করেছে, যেভাবে তাঁকে মার্ডার করেছে তা অত্যন্ত মর্মান্তিক। যেখানে সেই রোগী আছে তার পাশেও কয়েকজন রোগী আছে

তবুও সেখানে বোমা পর্যন্ত ছুঁড়েছে। এই অবস্থা আমরা সমস্ত হাওড়াবাসীর পক্ষ থেকে যেমন স্বাস্থ্য মন্ত্রী বিভাগীয় তদন্তের নির্দেশ দিয়েছেন তাঁর দপ্তরে, সেই রকম আমরা মুখ্যমন্ত্রীর কাছে দাবী করছি তিনি যেন এই ব্যাপারে একটি বিচার বিভাগীয় তদন্তের নির্দেশ দেন। পশ্চিমবাংলার মানুষের কাছে প্রকৃত তথ্য উৎঘাটিত হোক এটা আমরা চাই।

**শ্রীনিরোধ রায় চৌধুরী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গতকাল ভোরে রাত্রে দেগঙ্গা থানার চৌরাশী গ্রামে হটাৎ একটি বাস যার রুট নং ৪৩-ক্যানিং থেকে বনহুগলী যায়—বাসের নম্বর হচ্ছে ডবলিউ বি আর ২০৫৭ হঠাৎ গ্রামে ঢুকে পড়ে। দেখা গেল গ্রামের মানুষ সচকিত হয়ে ছুটে আসছে। দেখা গেল বাস ভর্তি বড় বড় প্যাকেট। এবং একটি প্যাকেট ভেঙ্গে দেখা গেল তার মধ্যে roger, diothene, iodine, dimicron, এবং এই রকম ৬৯টি প্যাকেট তার মধ্যে পাওয়া গিয়েছে। গ্রামের মানুষ পঞ্চায়েতকে খবর দেয়। পঞ্চায়েত আসে। তার পঞ্চায়েত বাস শুদ্ধ কনডাকটারকে ড্রাইভারকে নিয়ে দেগঙ্গা থানায় জমা দেয়। ওখানকার লোকের ধারণা এটা আন্তর্জাতিক চোরাচালানের সংগে যুক্ত। এবং ঐ অঞ্চলে ওদের লোকজনও রয়েছে। এর যেন ঠিকমত ব্যবস্থা হয়। এই মালগুলি যাতে হাপিস হয়ে না যায় তার জন্য আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণকরছি।

[2-10—2-20 P.M.]

**শ্রীঅম্বিকা ব্যানার্জী** : মাননীয় স্পীকার, স্যার, একটু আগে মাননীয় সদস্য অশোকবাবু যে কথাটি বললেন সেই সম্পর্কে আর একটু বক্তব্য আমি যুক্ত করতে চাই। তিনি হাওড়া থেকেই নির্বাচিত হয়ে এসেছেন। তবে ঘটনাটি মধ্য হাওড়ার ব্যাপার। আমি ওখানকার প্রতিনিধিত্ব করছি। হাওড়া জেনারেল হসপিটালে রোগী হয়ে ভর্তি হয়েছিল এবং সেখানটা আনপ্রোটেকটেড্ ছিল। এটা সেই জন্যই হয়েছে। পুলিশ সুপারকে বলা হয়েছে। তিনি বলা সত্বেও ডাক্তাররা পারমিসন দেন নি। যেখানে সিকিউরিটি লক আপে থাকা দরকার, সেখানে সেখানে তাকে থাকতে দেওয়া হয়নি, একটি অর্ডিনারি ওয়ার্ডে রাখা হয়েছিল। সেখানে কোন পুলিশ প্রোটেকসান ছিল না। দুটি ডিপার্টমেন্ট ঝগড়ার জন্য—পুলিশ প্রশাসন এবং ডাক্তারদের ঝগড়ার জন্য প্রাণটি নষ্ট হল। আমি এর জন্য বিশেষ করে স্বাস্থ্যমন্ত্রী ও তার ডিপার্টমেন্টকে দায়ী করছি এবং ইমিডিয়েট প্রতিকারের জন্য বিভাগীয় তদন্ত দাবী করছি।

**শ্রীসুভাষ গোস্বামী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া জেলার প্রান্ত সীমায় অবস্থিত শালতোড়া একটি পিছিয়ে পড়া জায়গা। আদিবাসী এবং অন্যান্য শ্রেণীর লোকের বাস ওখানে।

শিক্ষা-দিক্ষা, অর্থনৈতিক অবস্থা ইত্যাদি সব দিক দিয়েই এলাকাটি পিছিয়ে আছে। সেখানকার স্থানীয় শিক্ষানুরাগী মানুষ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সংগে জড়িত অধ্যাপক ইত্যাদি সবাই মিলে ওখানে একটি ডিগ্রী কলেজ স্থাপনের উদ্যোগ নিয়েছেন। ওখানকার আদিবাসী লোকের মনে যাতে এই ধারণার সৃষ্টি না হয় যে তাদের উপর অবিচার করা হচ্ছে, সেই জন্য আমি ওখানে অবিলম্বে এই ডিগ্রী কলেজটি যাতে স্থাপিত হতে পরে সেই বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং কলেজটি স্থাপনের ব্যাপারে সব রকম সরকারী সাহায্য দেবার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীশান্তি মোহন রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন হুগলী জেলার গোঘাট থানায় সি.পি.এম.এর. রাজত্বকাল শুরু হবার পর থেকে নানা রকম সন্ত্রাসের রাজত্ব চলেছে। আনন্দবাজার পত্রিকায় হলধর পটলের লেখা কলমে সেই সব বিভীষিকাময় কাহিনী আপনারা নিশ্চয় পড়েছেন। গোঘাট থানায় দিনের পর দিন যেসব ঘটনা ঘটে গেছে, সেগুলি বিস্তারিত ভাবে কাগজে বেরিয়েছে ঐ গোঘাট থানার ব্যাঙ্গাইতে বিধান চন্দ্র রায়ের বাবা মার নামে অঘোর কামিনী প্রকাশ চন্দ্র কলেজ আছে। সেই কলেজে গত কয়েক বছর যাবৎ এমন সন্ত্রাসের রাজত্ব চলেছে যে ছাত্র ছাত্রীরা কলেজেই আসতে পারছে না। আপনার আরো জানা আছে, ঐ ব্যাঙ্গাইতে হারু ঘোষ, শিবু নামে মার্ডারাররা ঘুরে বেড়াচ্ছে, তাদের সম্বন্ধে সরকার কোন ব্যবস্থা নেন নি। তারা ওখানে একটা ত্রাসের রাজত্ব সৃষ্টি করে রেখেছে। এই মার্চে ব্যাঙ্গাই কলেজে ছাত্র সংসদের নির্বাচন আছে। সেই নির্বাচনে ছাত্র পরিষদের কর্মীরা যাতে নিরাপদে নির্ভয়ে অংশ গ্রহণ করতে পারে—তাদের জন্য উপযুক্ত নিরাপত্তার ব্যবস্থা করতে আমি আপনার মারফৎ মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীশীশ মহম্মদঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েতের নির্বাচন আগামী ২৯ শে মে অনুষ্ঠিত হবে, এই রকম একটা সংবাদ আমরা কাগজে দেখতে পেলাম। গত বিধানসভার নির্বাচনের সময় যেভাবে বুথ নির্বাচিত হয়েছিল; সেই অনুযায়ী পঞ্চায়েত নির্বাচনের ক্ষেত্রেও করা হয়েছে। কিন্তু বুথগুলি এমনভাবে আছে যে অনেক গোলমাল হয়ে আছে। অনেক প্রাইভেট বাড়ী, মাদ্রাসা ইত্যাদি জায়গায় রয়েছে। কিন্তু বেশ কিছুদিন হল জেলা পরিষদ কর্তৃক সেখানে পাকা ঘর নির্মিত হয়েছে। কয়েকটি জায়গায় খোঁজ নিয়ে দেখেছি বুথগুলি পুরানো জায়গাতেই থেকে গেছে। জনসাধারণের এতে বহু আপত্তি আছে।

বিধান অনুসারে পঞ্চায়েত নির্বাচনের ১২ দিন পূর্বে জেলাশাসক বুথগুলি সংশোধন করার জন্য মিটিং ডাকেবেন। স্যার, শ্রীমতী গান্ধীর রাজত্বকালে ডাক বিভাগে যে অরাজকতা চলছে তাতে আমরা দেখছি যথাসময়ে চিঠি আমাদের কাছে গিয়ে পৌছায়না। তার কয়েকটি নিদর্শনও আমার কাছে আছে। তাই স্যার, আমি মাননীয় পঞ্চায়েতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলব, তিনি

জেলাশাসকদের নির্দেশ দিন যে বিভিন্ন রাজনৈতিক দলকে যখন ডাকা হবে তখন যেন রেডিওগ্রাম মারফত ডাকা হয়। তা ছাড়া স্যার, আর একটি কথা বলব। আপনি জানেন, জিরো আওয়ারে আমরা অত্যন্ত গুরুত্বপূর্ণ সব বক্তব্য এখানে রেখে থাকি। মন্ত্রীমহাশয়রা যদি জিরো আওয়ারে না থাকেন এবং জিরো আওয়ারের বক্তব্যকে যদি জিরো হিসাবে ধরেন তাহলে আমাদের বক্তব্যই রাখা হবে, কোন কাজ হবে না। এ জিনিষ স্যার, চলতে পারে না। এ দিকে আপনার মাধ্যমে স্যার, মন্ত্রীমহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, যে বিষয়টি নিয়ে আমি বলতে চাই সেই বিষয়টি ইতিপূর্বে হাউসে উত্থাপিত হয়েছে। বিষয়টি হ'ল হ্যাণ্ডলুম কো-অপারেটিভ ইনডাষ্ট্রীজের চেয়ারম্যানকে জড়িয়ে যে দুর্নীতির সংবাদ এবং অভিযোগ এসেছে বা সংবাদপত্রে বেরিয়েছে সে সম্পর্কে। স্যার, এই বামফ্রন্ট সরকারের পক্ষ থেকেই একটা তদন্তের নির্দেশ দেওয়া হয়েছিল এবা সরকারী দপ্তরেরই একজন রেসপনসিবল অফিসার—জয়েণ্ট রেজিষ্টার র‍্যাংকের—তিনি ৫৬ পৃষ্ঠা দীর্ঘ এক তদন্ত রিপোর্টটিও দিয়েছেন এবং অত্যন্ত মারাত্মক মারাত্মক অভিযোগ, স্বজনপোষন থেকে আরম্ভ করে সমস্ত রকমের ব্যাপার তাতে আছে। স্যার, আমার বক্তব্য হ'ল, পারসোনেল এক্সপ্লানেশানের নাম করে মাননীয় মুখ্যমন্ত্রী একেবারে সমস্ত অভিযোগ নস্যাত করে তাঁর বক্তব্য রাখলেন, তা ছাড়া আর কোন স্যাটিসফাকটরি জবাব আমরা তাঁর কাছ থেকে পাই নি। স্যার মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তব্য যদি সঠিক হয়ে থাকে তাহলে একজন জয়েণ্ট রেজিষ্টারের এই ভাবে সরকারকে ম্যালেইন করার বা সংবাদ প্রকাশ করার ক্ষমতা কি ভাবে হ'ল এবং সরকার তারজন্য কি ব্যবস্থা নিয়েছেন সেটা জানা দরকার। এই ব্যাপারটি নিয়ে জনসাধারণের মনে প্রশ্ন দেখা দিয়েছে। আমার মনে হয় পারসোনেল এক্সপ্লানেশান না দিয়ে এরকম একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে একটা পূর্ণ তদন্ত করা হোক এবং তারমধ্যে দিয়ে প্রকৃত তথ্য উৎঘাটিত হোক।

**শ্রীলক্ষীকান্ত দে:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজা দীনেন্দ্রষ্ট্রীটের উপরে জীতেন্দ্র নারায়ণ শিশু হাসপাতাল বলে একটি হাসপাতাল আছে শিশুদের চিকিৎসার জন্য। এই হাসপাতালে ১০০টির উপর বেড আছে। ইদানিংকালে দেখা যাচ্ছে এই হাসপাতালটি বন্ধ করে দেবার জন্য কর্তৃপক্ষ বিভিন্নভাবে চক্রান্ত শুরু করে দিয়েছেন। স্যার, আমরা আরো শুনেছি এই হাসপাতালে গভর্নমেণ্টের পক্ষ থেকে বেশ কিছু টাকা দেওয়া হয় তাই স্বাভাবিক কারণেই অবিলম্বে এই হাসপাতালের ব্যাপারে হস্তক্ষেপ করার দরকার আছে। স্যার, আমরা আরো খবর পাচ্ছি, ঐ হাসপাতালটি হাসপাতাল হিসাবে ব্যবহৃত না হয়ে নার্সিং হোম হিসাবে নাকি ব্যবহার করার চেষ্টা হচ্ছে। আমার

তাই অনুরোধ, উপযুক্ত গুরুত্ব দিয়ে বিষয়টি দেখে স্বাস্থ্যবিভাগ ঐ হাসপাতালটির ষম্বন্ধে ব্যবস্থা নিন।

[2-20—2-30 P.M.]

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পীকার, স্যার, বামফ্রণ্ট মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করে কোন লাভ নেই, কারণ ওদের দৃষ্টি ঝাপসা। তাই, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছি যে ঘটনা পশ্চিমবংগে ঘটছে তার প্রতি। আমি বলছি না সেটা আগে আপনাকে বলে রাখি। পশ্চিমবাংলার প্রতিটি মানুষ, যুবক, সমাজসেবী তারা কমরেড জ্যোতিবাবু বা অন্য সদস্যদের মত হয়ত মহত নয়, তারা সাধারণ মানুষ। এই রকম কিছু মানুষকে ১১ই ফেব্রুয়ারীতে নর্থ দমদম-এর জগদ্দল থানা থেকে এ্যারেষ্ট করা হয়। এ্যারেষ্ট করার পরে তাদের গার্জিয়ানরা যখন সাক্ষাত করতে গেল, সাক্ষাত পেল কার সংগে? হায়দর আলী এ্যাণ্ড আদার্স যাদের এ্যারেষ্ট করা হয়েছে তাদের ডেড বডির সংগে দেখা পেলেন। ১১ই ফেব্রুয়ারী রাত্রি বেলা ওদের এ্যারেষ্ট করে পুলিশ জীপ থেকে ছেড়ে দেয় এবং ছেড়ে দিয়ে বলে তোমরা বাড়ী চলে যাও। পিছন থেকে গুলি করে তাদের মারা হয়। আমি আপনার মাধ্যমে জানাতে চাই, কারণ আপনি বসে অনেক জিনিস সেটেল করেন। কমরেডরা এক হাতে মারছে, আবার ঐ পুলিশ গুলি করে রাতের অন্ধকারে মারছে। এটা চলতে দিয়ে পশ্চিমবাংলায় কংগ্রেসী ক্যাডার, যারা হয়ত সকলে মহত বা মহান নয়, এদের শেষ করার যে পরিকল্পনা চলছে, এটা চলতে দেওয়া উচিত কিনা, এই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনার কাছে আবেদন জানাচ্ছি, আপনি সেই বিষয়ে সরাসরি কেন্দ্রীয় রেল মন্ত্রীর সংগে যোগাযোগ করবেন। রেল মন্ত্রী গনি খান চৌধুরী কেন্দ্রে মন্ত্রী হবার পর থেকে বারবার ঘোষণা করেছেন যে লালগোলা—শিয়ালদহ থেকে ভাগীরথী এক্সপ্রেস নামে একটা এক্সপ্রেস চালু হবে, আবার কখনও বলেছেন যে সিরাজ এক্সপ্রেস চালু হবে কিন্তু এখনও পর্যন্ত কিছুই চালু হয়নি। এর ফলে মুর্শিদাবাদ এবং নদীয়ার দূর দূরান্তে যারা যায় তাদের খুবই অসুবিধা হচ্ছে। রেলের পরিবহণ ব্যবস্থা একেতো ভেংগে পড়েছে, তারপরে দ্রুতগামী ট্রেন না থাকার জন্য মানুষ অত্যন্ত অসুবিধায় পড়ছে কলকাতায় আসা এবং যাওয়া নিয়ে। আমি আপনার কাছে আবেদন জানাবো যে, আপনি নিজে লিখুন যে পশ্চিমবাংলার বিধানসভার সদস্যদের যে উদ্বেগ এবং যে দাবী সেই দাবী পুরণের জন্য সিরাজ এক্সপ্রেস চালু করা হোক। এই অনুরোধ আপনি কেন্দ্রীয় রেল মন্ত্রীকে জানাবেন। এই কথা বলে আমার বক্তবা শেষ করছি।

**শ্রীগোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ব রেলের জেনারেল ম্যানেজারের কাছে আবেদন রাখছি। আপনি জানেন যে সোদপুর, আগরপাড়া এবং বেলঘরিয়া থেকে ট্রেনে যাতায়াত করা প্রায় দুঃসাধ্য ব্যাপার হয়ে দাঁড়িয়েছে, অথচ দিনের পর দিন যাত্রীর সংখ্যা বেড়ে যাচ্ছে। আমি একটা হিসাব নিয়ে দেখেছি যে সোদপুর, আগরপাড়া এবং বেলঘরিয়া এই তিনটি ষ্টেশান থেকে দৈনিক প্রায় ৩৩ হাজার ৫১৮ জন যাত্রী যাতায়াত করে এবং তারা দুঃসহ অবস্থার মধ্যে আছে, কোন মানুষ ট্রেনে উঠতে পারে না। এই অবস্থায় এলাকার মানুষদের যাতায়াত করতে হচ্ছে। ১৯৫৫ সাল থেকে ১৯৬২ সাল পর্যন্ত সোদপুর লোকাল চালু ছিল। তারপরে ১৯৬২ সালের পরে এটা তুলে দেওয়া হয়। অথচ দিনের পর দিন লোক সংখ্যা বাড়ছে, যাত্রী সংখ্যাও বাড়ছে এবং নিয়মিত দুর্ঘটনা ঘটছে এই ৩টি ষ্টেশনে। এই অবস্থায় এলাকার লোকেদের দাবী যে অবিলম্বে এই সোদপুর লোকাল চালু করা হোক এবং এই আবেদন আমি আপনার মাধ্যমে পূর্ব রেলের জেনারেল ম্যানেজারের কাছে করছি। আমি আশা করবো যে আমাদের মন্ত্রীসভা এই সোদপুর লোকাল চালু করার জন্য তাড়াতাড়ি করে ব্যবস্থা অবলম্বন করবেন।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া সম্মেলনী মেডিকেল হসপিটালটি বিভিন্নভাবে অব্যবস্থার মধ্যে চলেছে। প্রায় এক বছর ধরে সেখানে ঔষধের যে লোকাল পারচেজ হত সেটা হচ্ছে না। প্রায় ৪২ হাজার টাকার মত ঔষধ তারা পায়নি এবং সেন্ট্রাল স্টোর থেকে যে ঔষধ যায় সেটাও যায়নি। অন্যান্য যে বাকী তাও প্রায় ৬০ লক্ষ টাকার মত। সবসমেত এক বছরে পেণ্ডিং আছে ১ কোটি টাকার মত। যার ফলে কোন ঔষধ, কোন জিনিসপত্র, এমন কি রুগীর খাবার পর্যন্ত পাওয়া যাচ্ছে না এবং সবচেয়ে দুঃখের কথা হচ্ছে, হাসপাতালে রুগীর টিটেনাস হয়ে গেছে, অপারেশান করা যাচ্ছে না। ডাক্তারবাবুরা বলছেন যে টিটেনাস হওয়ার জন্য হবেনা। এই রকম অবস্থার মধ্যে রুগীদের থাকতে হচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে এই ব্যাপারে দ্রুত তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীবনমালী দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার নানুর থানার নানুর বাসপাড়া রোড ১৯৭২ সালে আরম্ভ হয়েছে। এখন পর্যন্ত সেই রাস্তার কিছু অংশ হয়েছে কিন্তু বেশীরভাগ অংশই অকেজো হয়ে পড়ে আছে। এই রাস্তাব উপরে অর্থাত নানুর বাসপাড়া রোডের উপরে একটা ব্রীজ গত ২ বছর আগে তৈরী হয়েছে। কিন্তু তৈরী হবার পরে এই ব্রীজটার দুইদিক ধ্বসে গেছে এবং এটা আর খুব বেশীদিন চলবে বলে মনে হচ্ছে না।

পালিতপুর পালিটা রোড্ নামে রাস্তার কাজ '৭২ সালে আরম্ভ হয়েছিল, অথচ সেই রাস্তার কাজ এখনো অসম্পূর্ণ আছে, কিছু অংশের কাজ হয়েছে, বাকি বেশীরভাগ অংশে মাটির কাজও হয়নি। আজকে নাসুরের দক্ষিণ দিক সম্পূর্ণ যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে আছে। ১৯৭২ সালে রাস্তা ঢুটির কাজ শুরু হয়েছিল, তারপর থেকে আর কোন কাজ হয়নি। আমি আশা করব আর দীর্ঘ সময় ব্যয় না করে অবিলম্বে ঐ রাস্তা ঢুটির কাজ শেষ করা হবে। সেই জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir, I want to draw the attention of the Transport Minister as well as the Labour Minister to an important matter. The goods transport workers have been in strike for more than two weeks and because of this some of the workers are on the verge of starvation. Due to stoppage of movement of goods loading of essential commodities also could not be undertaken. This strike has economically ruined the small-scale industries, the core industries as well as the workers who are involved in those industries. I wtsh to draw the Honourable Minister concerned to take steps to save those industries as also the workers who are engaged in the transport sector.

Thank you.

**ডাঃ মানস ভুঁইঞা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

গত ২৮শে ডিসেম্বর, ১৯৮২ তারিখে বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালের সুপারিনডেন্ট অফিসে ঢুকে হঠাৎ আদেশ দেন, 'আমার ঘরের দেয়াল থেকে মনীষীদের, বিশেষ করে মহাত্মা গান্ধী, জহরলাল নেহরু, লালবাহাদুর শাস্ত্রী এবং প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর ছবি নামিয়ে ফেলা হোক।' তারপরে যখন তাঁর আদেশ মত ঐ কাজ হচ্ছিল তখন সেখানে একজন কর্মরত কর্মচারী—কর্মচারী ফেডারেশনের সদস্য—শ্রীসমির চক্রবর্তী সেব্যাপারে প্রতিবাদ করেন এবং বাধা দেন। এর ফলে সুপারিনটেনডেন্ট শ্রীচক্রবর্তীর বুকে আঘাত করেন, তিনি অচৈতন্য হয়ে পড়েন এবং তাঁকে ১।৩।৮৩ তারিখ পর্যন্ত হাসপাতালে ভর্তি থাকতে হয়। তার পরে ১।৩।৮৩ তারিখে তাঁর স্ত্রী শ্রীমতী স্বপ্না চক্রবর্তি এস.ডি.জে. (এম)-এর কোর্টে এবিষয়ে একটা মামলা করেন। এই ঘটনার পরিপ্রেক্ষিতে ওখানে কর্মচারীদের মধ্যে অসন্তোষের সৃষ্টি হয়, সাধারণ মানুষ এবং কর্মচারীরা ওখানে সুপারিনটেনডেন্টের ঐ কাজের প্রতিবাদ জানান। ফল হিসাবে ৬ জন কর্মচারীকে কোন রকম এক্সপ্লানেশন না নিয়ে, কোন রকম চার্জসিট না দিয়েই সাসপেণ্ড করা হয়। সেই

৬-জনের নাম আমি এখানে উল্লেখ করছি। (১) শ্রীতারক সরকার, (২) শ্রীশুভেন্দু পাল, (৩) শ্রীসুব্রত চাগচী, (৪) শ্রীউজ্জ্বল কুমার দাস, (৫) শ্রীকুঞ্জ বিহারী মালদার ও (৬) শ্রীমুক্তি প্রসাদ কারকা। এই ৬ জন সরকারী কর্মচারী ফেডারেশনের সদস্যকে ঐ ঘটনার পরিপ্রেক্ষিতে সাসপেণ্ড করা হয়েছে। আমি একাজের প্রতিবাদ করছি। বিভিন্ন মনীষীদের ছবিগুলি ঐ হাসপাতালের অফিস ঘরে দীর্ঘ দিন ধরে ছিল, এর আগে বহু সুপারিণ্টেনডেণ্ট ওখানে গিয়েছিলেন, কেউ এরকম কাজ করেননি। আমি জানতে চাই তিনি কি সরকারী নির্দেশে ঐ রকম আদেশ দিয়েছিলেন ?

আজকে ঐ ঘটনাটি কোন বিক্ষিপ্ত ঘটনা নয়, আমরা দেখছি বিভিন্ন জেলায় সরকারী কর্মচারী ফেডারেশনের সদস্যদের ওপর বিভিন্ন রকম অত্যাচার করা হচ্ছে। যেমন মেদিনীপুরে ইতিপূর্বে এই জাতীয় ঘটনা ঘটেছে। তথাপি আমি ঐ বিষয়টির প্রতি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে প্রতিকার দাবী করছি।

**শ্রীগ্রুবেশ্বর চট্টোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে বন বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, পুরুলিয়া জেলার বন বিভাগের বনগুলি আজকে শেষ হয়ে যেতে চলেছে, অথচ বন বিভাগের এদিকে কোন লক্ষ্য নেই। ঠিকাদাররা যথেচ্ছভাবে গাছ কেটে বন উচ্ছেদ করে চলেছে। বনভূমির যেটুকু এলাকা ঠিকাদারদের গাছ কাটবার জন্য নির্দিষ্ট করে দেওয়া হয় যেটুকু এলাকার সমস্ত গাছ কেটে নিলেও যেখানে ৫০০০ টাকা-ও পাবেনা, সেখানে তারা ১৫,০০০ টাকার ঠিকা ডাকছে। তারপরে তারা গোটা বন উজাড় করে কাঠ কেটে নিয়ে যাচ্ছে, লরি ভর্তি করে কাঠ কেটে নিয়ে যাচ্ছে। এবিষয়ে ফরেষ্ট ডিপার্টমেণ্ট কোন ব্যবস্থা গ্রহণ করছে না, এর ফলে বন শেষ হয়ে যাচ্ছে।

[2-30—2-40 P. M.]

কাজেই এই বন রক্ষা করার জন্য যাতে এই সমস্ত ঠিকাদার প্রথা বন্ধ করা হয় কিম্বা যদি নাও বন্ধ করা হয়, ঠিকাদাররা যাতে অসদ উপায় অবলম্বন না করতে পারে সেইদিকে দৃষ্টি দেবার জন্য আমি বনমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

**Shri Rajesh Kaitan :** Mr. Speaker Sir, the matter which I wish to mention is a very serious nature which affects all communities of the society. In the name of dowry and for dowry certain murders and assaults have been taking

place. We are lucky that in west Bengal at least numbers are few but neve theless I find that police have not taken action in regard to the matt which I wish to draw the attention of yours as well as Chief Ministe Mrs. Lalita More, daughter of Mr. Ramavatar Jhunjhunwalla was marri on 21st November, 1981 and the tragic incident took place on 26th Jul 1982. She was thrown from fourth floor of 6, Tarachand Dutta Street a she is lying since then in P.G. Hospital. By God's grace she did not d but her entire body had been fractured. She is God sister of mine b inspite of that I failed to give any relief to her. Sir, police are not taki action because those who are stalwarts belonging to that community a putting such pressure that the police has become inactive. So I will humbl request the Chief Minister through you, Sir, to come to rescue of my Go sister and to see that in the name of dowries assaults and murders are n occurred and even if those things occur police do not submit to t pressure of the stalwarts of that community and these things should checked. otherwise, a number of assault and murders will again occ and that may be become a menace to the West Bengal society.

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আইন-শৃঙ্খল অবনতি কি রকমভাবে ঘটছে তার একটা দৃষ্টান্ত তুলে ধরতে চাই। মুর্শিদাবাদ জেলার ভরত ২ নম্বর ব্লকের অন্তর্গত টেঁয়া বৈদ্যপুর অঞ্চলের অধীন ঘোষপাড়ায় একটা মৌজা আছে সেই মৌজায় বিল আছে। সেখানে সরকারী সাহায্যে এন.আর.ই. পি স্কীমে পুকুর কাটা হচ্ছিল এই পুকুর কাটার জন্য প্রচুর টাকা চুরি হয়েছে কিন্তু পুকুর সেইভাবে কাটা হয়নি। অর্থা পুকুর চুরি হচ্ছে। এরই প্রতিবাদ করতে গিয়েছিল কর্মরত কিছু শ্রমিক যারা কংগ্রেসের ক বলে পরিচিত। আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন, ঐ অঞ্চলের পাশেই মাধাইপুর বলে এক গ্রাম আছে। সেখানকার লোকেরা পুরোপুরি কংগ্রেসের সমর্থক বলে পরিচিত। সেই গ্রামে লোকেরা অন্যান্য দিনের মতন যখন কাজ করতে গেল তখন তাদের মারধোর করে তাড়ি দেওয়া হয়। আমি এই অভিযোগ আগেও করেছি এবং আবার তুলে ধরছি। শুধু তা নয়, সেখানে যে সমস্ত লোকেরা কাজ করতে গিয়েছিল তাদের মধ্যে অনেকেরই নাম আমা কাছে আছে। সব নাম আমি উল্লেখ করছি না, কয়েকটি নাম বলছি, যেমন, তুতাই সে আলাউদ্দিন, হানিফ সেখ, আনার সেখ প্রভৃতি আরোও অনেকের নাম আছে। তাদের মা কাটবার যন্ত্রপাতি ছাড়াও খাবারের জন্য যে টিফিন কেরিয়ার নিয়ে গিয়েছিল সেগুলো কেড়ে নি

মারধোর করে তাড়িয়ে দিয়েছে। এদের মধ্যে অনেকেই হাসপাতালে ভর্তি হয়েছে, তারমধ্যে একজন যার নাম হচ্ছে মিনা সেখ তাকে এমনভাবে মারধোর করা হয় যে সে বাঁচবে কিনা সন্দেহ। তার মাথায় মেরে মাথার খুলি ভেঙে দেওয়া হয়েছে। তাকে সালার হাসপাতাল থেকে কাটোয়া হাসপাতালে স্থানান্তরীত করা হয়।

কাটোয়া হাসপাতাল তার দায়িত্ব নিতে পারেনি। শেষ পর্যন্ত বর্ধমান হাসপাতালে ট্রান্সফার করা হয়েছে। সে বাঁচবে কি মরবে জানিনা। যাতে আইন-শৃঙ্খলার অবনতি না ঘটে, যারা দরিদ্র শ্রেণীর মানুষ, কি সি.পি.এম. কি কংগ্রেস সকলেই যাতে এন.আর.ই.পি স্কীমে কাজ পায় সে দিকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি।

**শ্রীবামাপদ মুখার্জী ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারীং ডিপার্টমেন্টের দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোল এলাকায় ৭টি থানা এবং দুর্গাপুরে ২টি থানায় প্রচণ্ডভাবে জালের ক্রাইসিস। শুধু পানীয় জল নয় ইণ্ডাস্ট্রীর জন্য যে জল লাগে সেই জলের উৎসও সব শুকিয়ে গেছে। অজয় নদী, দামোদর নদী শুকিয়ে গেছে এই নদীর বুক খুঁড়ে ঐ এলাকার মানুষকে জল সংগ্রহ করতে হচ্ছে এর ফলে গ্রামের মানুষের দুর্দশার অন্ত নেই। বিশেষ করে জামুরিয়া, অণ্ডাল, উখরা এবং পাণ্ডবেশ্বর প্রভৃতি স্থানে খুবই অসুবিধা হচ্ছে। কোলিয়ারীর কোয়ার্টারে গিয়ে গ্রামের মানুষ জল নিতে যাচ্ছে ঘণ্টার পর ঘণ্টা দাঁড়িয়ে কিন্তু সেই জলও অপরিশোধিত জল। তাছাড়া আমাদের মিউনিসিপ্যালিটি আছে, সেসমস্ত ইণ্ডাষ্ট্রী আছে তাতেও ক্রাইসিস চলছে তার কারণ হচ্ছে কল্যানেশ্বরী ওয়াটার রিজারর্ভারের ওয়াটার লেভেল নেমে গেছে। এখনই যদি বিহার সরকারের সঙ্গে আলোচনা করে জল না বাড়ানো যায় তাহলে একদিন দেখবো সমস্ত কলকারখানা জলের অভাবে বন্ধ হয়ে গেছে। পশ্চিমবঙ্গে যে দুটি প্রজেক্ট হাতে নেওয়া হয়েছে, একটি হচ্ছে নোনাপুরা প্রজেক্ট, আর একটি হচ্ছে কালঝড়িয়া—এর জন্য লোন নেওয়া হয়েছে নানা আর্থিক প্রতিষ্ঠান থেকে কিন্তু তার কাজ শ্লথ গতিতে চলছে। এর ফলে কাজের কিছুই হচ্ছে না, কেবল সুদই গুনতে হচ্ছে। যাতে ট্রাকে করে ঐ অঞ্চলে পানীয় জল সরবরাহ করা হয় সেই অনুরোধ করে সমস্ত বিষয়টির প্রতি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীতারাপদ সাধুখাঁ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পূর্তমন্ত্রী মহাশয়ে দৃষ্টি একটি বিষয়ের প্রতি আকৃষ্ট করছি। হুগলী জেলার সিঙ্গুর একটি বর্ধিষ্ণু গ্রাম সেখানে অল ইণ্ডিয়া হাইজিন ইনষ্টিটিউটের প্র্যাকটিকাল ট্রেনিং সেণ্টার আছে। আজকে দেখতে পাচ্ছি সেই গ্রামে কোন রাস্তা নেই। ২০ বছর আগে সেখানে ৩টি ছোট রাস্তা স্যাংশন হয়েছিল কিন্তু আজ পর্যন্ত ১ কি.মি. রাস্তাও হয়নি। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে

পূর্তমন্ত্রী মহাশয়কে সি. আর. ডব্লু স্কীমের এই রাস্তাগুলো তৈরী করার দিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি।

**শ্রীধীরেন্দ্র নাথ রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্ব পূর্ণ বিষয়ের প্রতি মুখ্যমন্ত্রী স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম দিনাজপুর জেলার দীঘা সীমান্ত বরাবর বি. এস. এফ. আছে। এদের কাজকর্মের ফলে সাধারণ মানুষের জীবন দুর্বিষহ হয়ে উঠেছে। আপনি জানেন বালুরঘাটে মাঘ মাস থেকে একটি মেলা বসে থাকে। এই মেলাতে গরু, বাছুর এমনকি উট পর্যন্ত বিক্রি হয়। এই মেলায় যাবার পথে একজনের একটি উট জওয়ানরা ক্যাম্পে নিয়ে যায় এবং দুই দিন আটকে রাখে। পরে বলে ২০০ টাকা দাও ছেড়ে দেবো। পরবর্তীকালে কি হয়েছে জানিনা। এই হচ্ছে অবস্থা। কামাখ্যা পরমানিক নামে একজন মাছ নিয়ে বালুরঘাট যাচ্ছিল বিক্রী করতে যাচ্ছিল। পথে বি. এস. এফ. জওয়ানরা তাকে ধরে এবং বলে যে আমরা কাষ্টমসের লোক। তারা সেই মাছ নিলামে তোলে এবং ১৬ টাকা দরের মাছ ১০।১২ টাকার বিক্রী করে দেয়।

আর একটি কথা, কুমারগঞ্জ থানা এলাকার একটি ছেলে—তার একটি মুদীর দোকান আছে। সে আমার কাছে একটি দরখাস্ত পাঠিয়েছে।

[2-40—2-50 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপার নিয়ে পুলিশকে জানানো হয় ডি. এমকে জানানো হয়। কিন্তু কোথাও কিছু প্রতিকার হয় নি। তাই আমি আপনার মাধ্যমে এই ব্যাপারটা জানাতে চাই যেন এর প্রতিকার হয়। তারা যে মর্মে দরখাস্ত করেছিলেন সেটা আমি পড়ে শোনাচ্ছি। চিঠিটা ছিল ডেটেড ১৮ই ফেব্রুয়ারী, ১৯৮৩। চিঠিতে লেখা ছিল—স্যার, আমার বিনীত নিবেদন এই যে, আমি কুমারগঞ্জ থানার ২ নং সমজিয়া অঞ্চলে এবং ৫নং বরইট গ্রাম সভার আদি স্থায়ী বাসিন্দা। আমি খুবই গরীব ব্যক্তি, আবাদযোগ্য জমি আমার নেই। ব্যবসায় আমার একমাত্র জীবিকা নির্ব্বাহের পথ। আমি গত ইং ১৪-২-৮৩ তারিখে বালুরঘাট মহাজন সুরেশ দত্তর নিকট হইতে ৫ (পাঁচ) টিন সরিষার তৈল খরিদ করিয়া আমার মোদীখানা দোকানে বিক্রয় করার জন্য লইয়া আসিতেছিলাম।

**মিঃ স্পীকারঃ** এই দরখস্তটা আপনি পড়বেন না, আপনি যা বলার তো বলেছেন, ওটা পড়তে হবে না।

**শ্রীপ্রবোধ পুরকায়েতঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র জয়নগরে কুলতলা থেকে জামতলা পর্যন্ত ২০ মাইল

পাকা রাস্তা আজ দীর্ঘ দিন ধরে পড়ে আছে। এই পাকা রাস্তাটি আমার কেন্দ্রের ভিতর মাত্র ৪ মাইল পড়ছে। এই রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা। এই রাস্তা দিয়ে কুলতলা থেকে জয়নগর ব্লকে নানা কাজের জন্য আসতে হয়। তা ছাড়া ট্রেন থেকে নেবে আলিপুর যেতে এই রাস্তাটি পড়ে এবং বিভিন্ন কাজের জন্য মানুষকে এই রাস্তাটি ব্যবহার করতে হয়। এই রুটে বাস চালাবার জন্য স্থানীয় জনসাধারণ অনেক আন্দোলন করেছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যেন এই রাস্তায় বাস সারভিস চালু করা হয়।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফত মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল আমি হাওড়ায় ছিলাম। গতকাল আমি রেমিংটন সম্মেলনে ছিলাম। হাওড়ার হাসপাতালের ভেতর বিভিন্ন অভিযোগে গোরা মিত্রকে খুন কারীদের গ্রেপ্তার করা হয়েছে। এই ভাবে যদি হাসপাতালের ভেতর খুন করা হয় তাহলে তো ভয়ংকর ব্যাপার হয়ে যাবে। এই গোরা মিত্রকে যারা খুন করেছে তারা সকলেই সমাজবিরোধী বলে পরিচিত। এই সমাজবিরোধীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেবার জন্য আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীভুপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর ২৪ পরগনা জেলার বনগাঁ মহকুমা আজ ক্রমেই উপদ্রুত এলাকা হতে চলেছে। এই বনগাঁ এলাকায় আপনি দেখেছেন—কিছুদিন আগে ১৯৮৩ সালে আনন্দ বাজার পত্রিকায় বেরিয়েছিল যে ২১ দিনে ৩০ জায়গায় ডাকাতি হয়েছে। এখানকার গ্রাম থেকে লোক সব শহরে চলে আসছে। সেই ডাকাতি সম্পর্কে নিকটস্থ থানায় জানানো সত্ত্বেও কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে না। একটিমাত্র ডাকাতি সম্পর্কে এখানকার থানায় রেকর্ড করা হয়েছে। বাকি ডাকাতির ঘটনা রেকর্ড করা হয় নি। সেখানে বলা হচ্ছে যে এই নাকি সরকারের নির্দেশ আছে। এর পরিপ্রেক্ষিতে এখানে ডাকাতি দিনের পর দিন বেড়ে যাচ্ছে। আর একটা ঘটনা যেটা আজকাল পত্রিকায় প্রকাশিত হয়েছিল সেটা আপনি জানেন নিশ্চয়ই। সেখানে ৪ জন ডাকাত ধরা পড়ে এবং সেই ডাকাতদের যখন পুলিশ ধরে নিয়ে যায় সেই সময় ৪শো ৫শো লোক সেই ডাকাতদের পুলিশের কাছ থেকে ছিনতাই করার চেষ্টা করে।

সেখানে পুলিশ থেকে গুলি চালানোর ব্যবস্থা করা হয়। এই বিষয়ে পুলিশমন্ত্রী স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যে অবস্থায় পুলিশ গুলি চালায় তখন সেখানে ৪০০ ৫০০ জন লোক এসেছিল। এরা কি ডাকাত সমর্থক না নিরীহ শান্তি প্রিয় লোক সেটা অনুসন্ধান করুন। এটি একটি জরুরী বিষয় সেইজন্য আমি পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীশুভেন্দু মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে ২।১টি কথা বলতে চাই। খরায় পানীয় জলের খুব অসুবিধা হয়েছে। মেদিনীপুর জেলার সদর মহকুমা গড়বেতা শহরের কথা আমি উল্লেখ করছি। সেখানে ওয়াটার সাপ্লাইয়ের পাইপ লাইন নেওয়া হয়েছে কিন্তু এখনো পর্যন্ত বৈদ্যুতিকরণের কাজ কিছু এগোয় নি। টাকার অভাবে ছিল এখানে। হেল্‌থ ডিপার্টমেণ্ট থেকে কয়েক লক্ষ টাকা দেওয়া সত্ত্বেও বৈদ্যুতিকরণের কাজ চালু হয় নি। ফলে এখানে ভীষণ জলকষ্ট চলছে। সেইজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি যেন নির্দেশ পাঠান মেসিন বসানোর তাহলে মানুষ জলকষ্ট থেকে রেহাই পাবেন। আশেপাশের গ্রামগুলি উঁচু জায়গায় রয়েছে ফলে জলের খুবই কষ্ট এবং বিরোধীদলগুলি এর খুব সুযোগ নিচ্ছে। সেইজন্য আপনাকে অনুরোধ করছি অবিলম্বে আপনি এর ব্যবস্থা করুন।

**শ্রীরামপদ মাণ্ডি :** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার তপশিলী জাতি এবং উপজাতির ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আদিবাসী হোস্টেলে মাধ্যমিক স্তরে এবং উচ্চমাধ্যমিক স্তরে পড়ার জন্য যে স্টাইপেন দেওয়া হয় তা পাওয়া যাচ্ছে না। এই আদিবাসীদের মধ্যে বিশেষ করে ক্ষেত-মজুরদের ছেলেমেয়েরা পড়াশুনো করে। তারা স্টাইপেন না পাওয়ার জন্য হোস্টেল কতৃপক্ষ তাদের বলেছে যে তারা যেন তাদের মাহিনা দিয়ে দেয় তারপরে স্টাইপেন এলে তাদের ফেরৎ দিয়ে দেওয়া হবে। কিন্তু তা এই ছেলেমেয়েরা এতই গরীব তারা এই টাকা দিতে পারছে না এবং না দিতে পারলে তাদের পড়া বন্ধ হয়ে যাবে। সেইজন্য সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে অনুরোধ করছি তিনি যেন অবিলম্বে এই স্টাইপেনের ব্যবস্থা নেন।

**শ্রীবঙ্কিম বিহারী মাইতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তমলুক মহকুমায় কেরোসিনের খুব অভাব দেখা দিয়েছে। গ্রামের মানুষ কেরোসিন পাঁচ্ছে না এমন কি যেসব হাসপাতালগুলিতে বৈদ্যুতিকরণ নেই অর্থাৎ আমার কিছু অঞ্চলে হাসপাতালগুলিতে এখনো বৈদ্যুতিকরণ হয় নি সেখানে যাতে কেরোসিন তাড়াতাড়ি পাওয়া যায় তার ব্যবস্থা করবেন। মাধ্যমিক পরীক্ষা আরম্ভ হয়েছে কিন্তু কেরোসিন না থাকার জন্য ছাত্র-ছাত্রীদের খুবই অসুবিধা হচ্ছে। সেইজন্য সরবরাহ মন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি যাতে সত্বর কেরেসিনের সরবরাহ হয়।

[2-50—3-54 P.M. including adjournment ]

**Shri Abdus Sattar :** Mr. Speaker, Sir, I think our Chief Whip has given a notice under Rule 194 for discussion on the Report of Inspection

of the Affairs of the W.B. State Handloom co-operative Society Limited, and you also assured us to give a ruling on that. But till today you did not do so.

**Mr. Speaker :** I have alrealy given a ruling on that. What can I do if you remain absent.

**Shri Abdus Sattar :** স্যার, কপিটা আমার কাছে এসেছে তা থেকে দেখা যাবে 'In view of the order the Hon'ble High Court ordering the E.O. to exercise powers of the managing committee and as result of the injunction directing not to give effect to results of the election held on 11.5.80, Shri Majhi should not act as Chairman of the society till the injunction continues. তারপর আছে 'His continuance as Chairman is not proper in the eye of law and may land the society in unnecessary legal complications in future causing much embarrassment to the Government. এই ভাবে আমি কয়েকটা তুলে ধরছি। তারপর য়্যাপয়েণ্টমেন্টের ব্যাপারে অফিসার বলছেন কতকগুলি নম্বর ঠিক করা হল তখন সেখানে বলা হয়েছে It is on record that in the matter of selection of candidates as trainee assistant the age restriction as stipulated by the M.G. was given a go bye. In fact exemption in respect of age was allowed in all cases. One of the allegations made in the anonymous complaint was that Shri Kashinath Samanta, a nephew of Shri P. Majhi, MLA, Chairman of the Society, belongs to that category stands substaintisted as much as the date of birth of Shri Samanta was recorded in his service book as 4.1.1949.' যারা বেশী নম্বর পেয়েছে তাঁদের বাদ দেওয়া হয়েছে; আর যারা পেয়েছে তাদের দেওয়া হয়েছে সেখানে বলছে "On scrutiny we came across quite a good number of candidates who secured higher marks in written examinations but were perhaps eliminated by the machination of interview. Following 7 candidates were selected for appointment to the post of J.P.O. and appraiser etc. number obtained by them in written examination are also indicated' যারা ৭৩ পেল তাদের দিলেন না, যে ৬৭ পেল তাকে দিলেন, যে ৬১ পেল তাকে দিলেন না, যে ৫৩ পেল তাকে দিলেন, যে ৬৬ পেল তাকে দেয়া হলনা, যে ৪৩ পেল তাকে দেয়া হল, যে ৫৫পেল তাকে না দিয়ে যে ৪৩ পেল তাকে দেয়া হয়েছে। এইভাবে করাপসান হচ্ছে। আরো আছে 'We fail to understand how

two officers of the state government and a MLA of the party in power could ignore or defy the directives of the Hon'ble Chief Minister' আমি শেষ করছি there are so many allegations aganst Shri P. Majhi ফাষ্ট' হাইকোর্টের ইনজাংশান ছিল He will not act as Chairman হাই কোর্টের ইনজাংসানকে ইগনোর করে করা হয়েছে। এই রিপোর্ট থাকা সত্ত্বেও মুখ্যমন্ত্রী বললেন সমস্ত মিথ্যা। তার কারণ পান্নালাল মাঝি ইনভলভড। সুতরাং আমি বলছি you are the Speaker, you are the Custodian of the House. আমাদের চীফ হুইপ দাবী করেছে ১৯৪কে কনসিডার করার জন্য। আমি আবেদন করছি ডিসকাসান হোক এবং তাঁরা বলুন ডকুমেণ্টস থেকে দেখা যাচ্ছে সত্যিকারের কোন দোষ নেই। সুতরাং আমি অনুরোধ করছি আপনি ব্যাপারটা দেখবেন।

( মিঃ স্পীকার সত্যরঞ্জন বাপুলিকে বলার জন্য নাম ডাকিলে সুনীতি চট্টরাজ এবং আরো অনেকে বলিতে উঠিলেন )

( নয়েজ এণ্ড ইণ্টারাপ্‌সান )

**মিঃ স্পিকার ঃ** সত্যবাবু, আপনার বক্তব্য বলবেন কি ?

( তুমুল গণ্ডগোল )

**মিঃ স্পিকার ঃ** এখন হাউস মুলতবী রইল, আবার ৩-৪৫ মিনিটে হাউস বসবে।

(At this Stage the House was adjourned till 3-45 P.M.)

( After Adjournment )

[3-45—3-55 P.M.]

**শ্রীসত্য রঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি তখন আমাকে ডেকেছিলেন।

**মিঃ স্পীকার ঃ** ওটা হয়ে গেছে।

আই নাউ কল আপন শ্রীদেব প্রসাদ সরকার টু মুভ হিজ মোশন আণ্ডার রুল ১৮৫।

**শ্রীসত্য রঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে যে প্রিভিলেজ মোসন এনেছি আপনি সেটা তুলতে দেবেননা ? মুখ্যমন্ত্রী সেদিন বলেছেন, কারুর বাপের ক্ষমতা নেই, ইউ আর অল সোয়াইন্স। কাজেই আপনি এটা প্রিভিলেজ কমিটিতে পাঠান। ভারতবর্ষের

ইতিহাসে কোন জায়গায়, কোন বিধানসভায় কোন মুখ্যমন্ত্রী এরকম অশালীন কথা বলেননি। কাজেই মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে আমাদের এই প্রিভিলেজ মোসন আপনি গ্রহণ করুন।

**মিঃ স্পীকার ঃ** শ্রীদেব প্রসাদ সরকার।

**( At this stage Shri Deba Prasad Sarkar rose to speak )**

**শ্রীআবদুস সাত্তার ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার।

**Mr. Speaker :** I may remind the honourable members that the privilege motion is being examined and I will give my ruling on that. Now no further discussion will be allowed. I now request Shri Deba Prasad Sarkar to move his motion.

**শ্রীআবদুস্ সাত্তার ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার। স্যার, আপনি আমাদের বলতে দেবেননা, পয়েন্ট অব অর্ডার তুলতে দেবেননা, তাহলে কি করে আমরা এখানে থাকব ?

(At this stage members belonging to Congress (I) walked out of the Chamber)

**Dr. Zainal Abedin :** Sir, I rise on a point of order.

(Pause)

If you do not allow me then we stage a walk-out in protest.

(At this stage members belonging to Congress (I) walked out of the Chamber)

**শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বেলা দুটার সময় লিণ্ডসেস ষ্ট্রীটে যে তন্তুজের শোরুমের দোকান আছে সেখানে কংগ্রেস আই, ছাত্র পরিষদ এবং যুব কংগ্রেসের কর্মীরা ভীষণ হামলা করেছে, দোকান ভেঙ্গে দিয়েছে, কাঁচ ভেঙ্গেছে। তারা বলেছে যে দোকান তো ভাঙ্গবোই উপরন্তু সমস্ত দোকান বন্ধ করে দেবো। কলিকাতা এবং কলিকাতার আশেপাশে এই তন্তুজের প্রায় ৫০টি দোকান আছে। তারা বলেছে সব দোকানই ভঙ্গচুর করবে এবং বন্ধ করে দেবে। আজকের ঘটনায় তারা বোমাও মেরেছে। আমি সরকারের এই ব্যাপারে আবেদন করছি যাতে এর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হয়।

# MOTIONS UNDER RULE 185

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একটা গুরুত্বপূর্ণ বিষয় যেটা পশ্চিমবাংলা তথা ভারতবর্ষের জনজীবনে একটা বিশেষ অসুবিধার সৃষ্টি করেছে, সেই সমস্যা সম্পর্কে একটা মোসন আনা হয়েছে। আমি এই মোসন মুভ করছি।

(A) 'যেহেতু সদ্য ঘোষিত রেল বাজেটের মাধ্যমে যাত্রী ভাড়া বৃদ্ধি ও মাশুল বৃদ্ধি বাবদ কেন্দ্রীয় সরকার রাজ্যের জনগণের ওপর ৪৮৮ কোটি ৯০ লক্ষ টাকার বাড়তি বোঝা চাপিয়ে দিয়েছেন;

যেহেতু ১৯৮০ সালের জুন মাস থেকে এ পর্যন্ত কেন্দ্রীয় সরকার পাঁচ বার রেলের ভাড়া ও মাশুল বৃদ্ধি করেছেন;

যেহেতু এই ভাড়া ও মাশুল বৃদ্ধির বেশীর ভাগ বোঝাটাই মধ্যবিত্ত এবং অপেক্ষাকৃত কম আয়ের যাত্রীদেরই বহন করতে হবে;

যেহেতু বছরের পর বছর রেলের ভাড়া ও মাশুল বৃদ্ধি সত্ত্বেও অনিয়মিত ট্রেন চলাচল থেকে শুরু করে রিজার্ভেশন নিয়ে দুর্নীতি, বিশৃঙ্খলা, ডাকাতি, দুর্ঘটনা—সমস্ত দিক থেকে রেলযাত্রীদের স্বাচ্ছন্দ্য ক্রমশঃ অবনতির দিকে;

যেহেতু ক্রমবর্ধমান মুদ্রাস্ফীতি, সমস্ত নিতপ্রয়োজনীয় দ্রব্যের আকাশ ছোয়া মূল্যবৃদ্ধি ও করের বোঝায় জনগণের ক্রয়ক্ষমতা নিঃশেষিত;

যেহেতু রেল দপ্তর থেকে কেন্দ্রীয় সরকারের উদ্বৃত্ত আয় হয়;

যেহেতু রেল পরিবহণ একটি অত্যাবশ্যকীয় জনসেবামূলক ব্যবস্থা;

এবং যেহেতু উল্লিখিত অবস্থার পরিপ্রেক্ষিতে নব পর্যায়ে রেলের ভাড়া ও মাশুল বৃদ্ধি জনজীবনের ওপর চরম আর্থিক দুর্গতি নিয়ে আসবে এবং এর অনিবার্য পরিণতি হিসাবে জিনিস-পত্রের দাম আরও বৃদ্ধি পেয়ে জনজীবনকে দুর্বিষহ করে তুলবে;

সুতরাং এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছে যে, জনগণের স্বার্থে সদ্য ঘোষিত রেল বাজেটে বর্ধিত ভাড়া ও মাশুল বৃদ্ধির প্রস্তাব অবিলম্বে প্রত্যাহার করে নেওয়া হোক।'

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলা তথা ভারতবর্ষের এই যে সমস্যা, বাড়তি রেলের ভাড়া এবং মাশুল বর্তমানে যেভাবে রেল বাজেটের মধ্য দিয়ে বৃদ্ধি হয়েছে, তাতে দেশের দরিদ্র মানুষের নিষ্পেষিত হয়ে যাবে। দলমত নির্বিশেষে প্রতিটি সাধারণ মানুষ চূড়ান্তভাবে ভুক্তভোগী। সারা দেশে আজকে বিক্ষোভ ধূমায়িত হয়ে উঠেছে। এই ভাবে বিধানসভা

থেকে সর্বসম্মতভাবে প্রস্তাব করা উচিত। এই রেলের বর্ধিত মাশুল এবং ভাড়া যেভাবে বেড়েছে তাতে পশ্চিমবাংলার সাড়ে পাঁচ কোটি মানুষ ধিক্কার জানাচ্ছে। আজ এই প্রস্তাবের মাধ্যমে তা প্রতিধ্বনিত হবে। এই মাশুল ও ভাড়া বৃদ্ধি প্রত্যাহার করতে হবে। আজকে রেলের ভাড়া ও মাশুল যে হারে বাড়ানো হয়েছে যে মারাত্মক হারে বাড়ানো হয়েছে, অতীতের সমস্ত নজীরকে ছাড়িয়ে গিয়েছে। গাড়ীর দ্বিতীয় শ্রেণীতে পা দিলেই ৮০ পয়সা ভাড়া দিতে হবে।

[3-55—4-05 P. M.]

আর শহরতলীর ট্রেনে উঠলেই ১ টাকা ভাড়া দিতে হবে। মেল, এক্সপ্রেস ট্রেনে ২ টাকা করা হয়েছে। আর সব চেয়ে হার্ড হিট করা হয়েছে সমাজের নিম্ন আয়ের খেটে খাওয়া মানুষদের উপর। শহরতলী থেকে জীবন ও জীবিকার জন্য যেসব খেটে খাওয়া মানুষ শহরে যাতায়াত করেন এইরকম সব মান্থলি টিকিট হোল্ডারদের ক্ষেত্রে মারাত্মক রকমভাবে ভাড়াবৃদ্ধি করা হয়েছে, সিজন্ টিকিট হোল্ডারদের ক্ষেত্রে প্রচণ্ড ভাড়া বাড়ানো হয়েছে। ৬ টাকার টিকিট ১৫ টাকা হয়েছে। এ্যাভারেজে ২/৩ গুন করে দেওয়া হয়েছে। শুধু তাই নয়, ৮০ কিলো-মিটারে মান্থলি টিকিট দেওয়া হয় না, বাতিল করে দেওয়া হয়েছে। ৮০ কিলোমিটার দূর থেকে অনেকেই যাতায়াত করেন। বর্ধমান থেকে অনেকেই যাতায়াত করেন। বর্ধমান ৮০ কিলো মিটারের বেশী কিনা, আমি জানি না। ৮০ কিলোমিটারের বেশী হলে ওখানকার মানুষ যারা জীবন ও জীবিকার জন্য চাকরি করতে দৈনিক যাতায়াত করেন, তারাও এই সুযোগ আর পাবেন না। এই রকম আরো অনেক জায়গা রয়েছে। ফলে এই ভাড়া বৃদ্ধি করে সাধারণ দরিদ্র মানুষের উপর একটা প্রচণ্ড আক্রমণ করা হয়েছে। ৪৮৮ কোটি ৯০ টাকা বৃদ্ধি করা রয়েছে। ১৭৮ কোটি টাকা যাত্রী ভাড়া বাবদ জনসাধারণের ঘাড়ে চাপিয়ে দেওয়া হয়েছে এবং ৩১০ কোটি টাকার উপর মাশুল বাবদ বৃদ্ধি করা হয়েছে। শুধু তাই নয়, ১৯৮০ সালের জুন মাস থেকে আজ পর্যন্ত আমরা দেখতে পাচ্ছি ৫ বার রেলের ভাড়া ও মাশুল বৃদ্ধি করা হল। এর আগে ৫০ শতাংশের উপর বৃদ্ধি করা হয়েছে। ১১৪০ কোটি টাকা ইতিপূর্বে বৃদ্ধি করা হয়েছে ২॥ বছর আগে যাত্রী ভাড়া ও মাশুল বাবদ। এখন আবার ৪৮৯ কোটি টাকার মত বাড়ানো হল। এর ফলে দেখা যাচ্ছে ১৬০০ কোটির উপর টাকা এই ২।।/৩ বছরের মধ্যে দেশের মানুষের উপর চাপিয়ে দেওয়া হল। সব চেয়ে আশ্চর্য্যের ব্যাপার হল গত বছর রেল বাজেটে ৭৫ কোটি টাকা উদ্বৃত্ত হয়েছে। কিন্তু তাসত্বেও জনগণের উপর এই বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে। আর সব চেয়ে লজ্জাজনক ব্যাপার হল বছরের পর বছর এইভাবে রেল ভাড়া বৃদ্ধি করা হচ্ছে, মাশুল বৃদ্ধি করা হচ্ছে, অথচ যাত্রী সাধারণের ন্যূনতম স্বাচ্ছন্দ্যটুকুর দিকে তারা আদৌ দৃষ্টি দিচ্ছেন না। সেইটুকু দায় দায়িত্ব তারা পালন করছেন না। যাত্রী স্বাচ্ছন্দ্য তো দূরের কথা, যাত্রী নিরাপত্তার প্রশ্ন আজকে মারাত্মক হয়ে দেখা দিয়েছে। ট্রেনের কামরার ভিতরকার অবস্থা আমরা সকলেই জানি। সেখানে আলো, পাখা, দরজা জানালা নেই, এমন কি বসার সিটগুলি

পর্যন্ত নেই। বিশেষ করে শহরতলীর ট্রেনগুলিতে যারা চলা ফেরা করেন তারা এটা ভাল করেই জানেন। ত্ব দিন বাদোঁযে দাঁড়িয়ে দাঁড়িয়ে আসতে হবে না, এই কথা কে জোর করে বলতে পারে? অবস্থা দিনের পর দিন ক্রমশঃ খারাপ হয়ে যাচ্ছে। এছাড়া রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি ঢুকে গেছে। অনিয়মিত ট্রেন চলাচল দিনের পর দিন হচ্ছে। অনিয়মিত ট্রেন চলাচল নিয়মে পর্যবসিত হয়েছে। অনিয়মটাই এখন নিয়ম। যাত্রী সাধারণকে এখন প্রাণটা হাতে করে নিয়ে চলা ফেরা করতে হয়। দিনের পর দিন ভীড় বেড়েই চলেছে, অথচ ট্রেনের সংখ্যা বাড়ছে না। ৩০।৪০ মাইল দূর থেকে দাঁড়িয়ে আসতে হয়, বসার জায়গা পাওয়া যায় না। কেবল রিজার্ভেসনেই দুর্নীতি নেই, সকল ক্ষেত্রে দুর্নীতি বাসা বেঁধেছে। দুর্নীতি, অপচয়, যাত্রী নিরাপত্তা, ডাকাতি, দুর্ঘটনা দিনের পর দিন বাড়ছে, অথচ রেলের নিজস্ব রক্ষী বাহিনী রয়েছে। তাদের জন্য অর্থনীতি তৈরী হচ্ছে, সব কিছুই হচ্ছে জনগণের পয়সায়। এই রকম একটা পরিস্থিতিতে দিনের পর দিন জনগণের উপর চাপ দিচ্ছেন। রেলওয়ে পরিবহন ব্যবস্থাকে পাবলিক ইউটিলিটি এসেনসিয়্যাল সার্ভিস বলা হয়। এটা জনসেবামূলক অত্যাবশ্যক সার্ভিসের তালিকায় পড়ে। ভারতবর্ষের ১ কোটির মত মানুষকে প্রতিদিন রেল পথে চলা ফেরা করতে হয়। গোটা দেশের অর্থনৈতিক স্বাভাবিক জীবনযাত্রার ক্ষেত্রে এটা একটা ধমনীস্বরূপ। ইট ইজ এ মেন আর্টারি। যার জন্য এটাকে বলা হয় পাবলিক উইটিলিটি এসেনসিয়্যাল সার্ভিস এবং এই পারভিউ-এর মধ্যে এটা পড়ে। সমস্ত সভ্য দেশেই এই ধরণের একটা অত্যাবশ্যক সেবামূলক সংস্থা গড়ে উঠেছে এবং সমস্ত সভ্য দেশেই এটা অগ্রাধিকার পেয়েছে।

কমার্সিয়াল আউটলুক বা বাণিজ্যিক দৃষ্টিকোন থোক রেলপরিবহণের মতন একটা অত্যাবশ্যক সংস্থাকে কোন সভ্য দেশ, কোন গণতান্ত্রিক দেশের সরকার দেখেন না এবং সর্ব এই সরকারী ভরতুকিতে এই ধরনের সেবামূলক সংস্থা পরিচালিত হয় যথাযথ গুরুত্ব আরোপ করে। রেলমন্ত্রীমহাশয় বলেছেন তাঁর বাজেট পেশ করার সময় এবং পার্লামেন্টে বিতর্কের সময় যে রেল ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। ষষ্ঠ যোজনায় রেল পরিবহণের জন্য অধিক বরাদ্দ করা দরকার। তিনি বলেছেন, লাইন পাল্টাতে হবে তার পয়সা নেই, বগি পাল্টাবার পয়সা নেই, তার ডেপ্রিসিয়েসান, রিজার্ভ ফাণ্ড সেটা পূরণ করতে হবে ইত্যাদি। স্যার, ১৬শো কোটি টাকা ইতিমধ্যেই চাপানো হয়েছে। টাকা যেটা লাগবে রিপ্লেসমেন্টের জন্য, তারজন্য কেন কেন্দ্রীয় যোজনা কমিশন থেকে রেলের জন্য অধিক অর্থ বরাদ্দ হবে না সেটা জানা দরকার। যদি বলা হয় অর্থের সংকুলান হচ্ছে না তাহলে সেখানে প্রায়রিটির কথাটা চিন্তা করতে হবে। সেখানে কম গুরুত্বপূর্ণ দপ্তরের খরচ কমিয়ে এরকম একটা এসেনসিয়াল এ্যাণ্ড পাপলিক ইউটিলিটি সার্ভিসকে টপ প্রায়রিটি দিতে হবে। স্যার, বলা হচ্ছে অর্থের সংকুলান হচ্ছে না অথচ আমরা দেখলাম এশিয়ান গেমসের খেলার জন্য ১/১॥ হাজার কোটি টাকা ব্যয় ক'রা হ'ল। আজকে প্রভার্টি লাইনের নীচে যারা রয়েছে সেই সমস্ত ডাউন ট্রডন পিপল যারা গ্রোনিং আনডার দি ক্যাপিটালিষ্ট এক্সপ্লয়টেশান তাদের উপর বারবার আমরা দেখছি বাড়তি মাশুল ও ভাড়া চাপানো হচ্ছে। স্যার, কোন দিক

থেকেই এটা সমর্থনযোগ্য নয়। আজকে গোটা দেশের মানুষ করভারে যে ভাবে জর্জরিত এবং জিনিষপত্রের মূল্যবৃদ্ধি যেখানে আকাশছোঁয়া সেখানে আবার নতুন করে রেলের মাশুল ও ভাড়া বৃদ্ধি জনজীবনকে আরো বিপর্য্যস্ত করে তুলবে বলেই আমরা মনে করি। জিনিষপত্রের দাম এখনই আকশছোঁয়া, এর উপর এই ভাড়া ও মাশুল বৃদ্ধি হলে জিনিষ পত্রের দাম আরো বাড়বে এবং মুদ্রাস্ফীতি আরো মারাত্মকভাবে দেখা দেবে ফলে জনজীবন আরো বিপর্য্যস্ত হবে। কাজেই স্যার, এই বাড়তি ভাড়া ও মাশুল বৃদ্ধির যে প্রস্তাব সেই প্রস্তাবকে প্রত্যাখান করার দাবী রেখে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্যসরকারের মাধ্যমে এই প্রস্তাব উত্থাপন করছি। আশা করি সকলে এর যৌক্তিকতা বুঝে এই প্রস্তাবকে সমর্থন করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**Mr. Speaker :** There are two amendments tabled by Shri Sumanta Kumar Hira, and Dr. Manas Bhunia & Shri Subrata Mukherjee. Shri Sumanta Kumar Hira may now move his motion.

**Shri Sumanta Kumar Hira :** Sir, I beg to move that (i) befor the words 'সদ্য ঘোষিত' the words 'এই স ভা গভীর উদ্বেগও ক্ষোভের সঙ্গে লক্ষ্য করছে—' added.

(ii) the word 'যেহেতু' wherever it occurs in the motion, be deleted

**Mr. Speaker :** There is another amendment by Shri Subrata Mukherjee. I find that Shri Mukherjee is not in House. As the amendment is not moved I am not taking it into consideration.

[4-05—4-15 P.M.]

**শ্রীসুমন্তকুমার হীরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয় যে বেসরকারী মোশান এনেছেন আমাদের সদ্য ঘোষিত রেল ভাড়া কমাবার জন্য, প্রত্যাহার করার জন্য, সেই মোশানকে সমর্থন করে এবং আমার এ্যামেণ্ডমেণ্টকে তার সংগে যুক্ত করে আমি দু'একটা কথা বলতে চাই। আপনি জানেন আমাদের এই বিরাট ভারতবর্ষে প্রায় ৬০ হাজার কিলো মিটার এরিয়ায় রেল লাইন ছড়িয়ে আছে। সেই ৬০ হাজার কিলো মিটার রেল লাইনে যারা যাতায়াত করে তাদের অধিকাংশ মানুষ হচ্ছে আমাদের দেশের দারিদ্র সীমার নীচে বসবাস করেন। আমাদের দেশের দুস্থ মানুষদের যাতায়াতের জন্য এতদিন পর্যন্ত সব চেয়ে সস্তা যানবাহন ছিল এই রেল। ইদানিং কেন্দ্রীয় সরকার গত কয়েক বছর ধরে সেই রেল লাইনকে

ধরে নিয়েছেন তাদের সম্পদ সংগ্রহের প্রধান উৎস হিসাবে। এটা লক্ষনীয় যে বারবার বিভিন্ন কমিটি তাদের বক্তব্য এই ভাবে উপস্থাপিত করেছিলেন যে ভারতবর্ষের রেল লাইনের উন্নয়ন করার জন্য যা খরচ পড়বে সেটা এত অধিক যে আমাদের দেশের সাধারণ মানুষের উপর ট্যাক্স বসিয়ে যদি সেটা আদায় করা হয় তাহলে মারাত্মক এবং ভয়ংকর হবে। কিন্তু কোন কমিটির মন্তব্য আমাদের কেন্দ্রীয় সরকার এতদিন পর্যন্ত গ্রহণ করেন নি। তারা বারবার যখন টাকার প্রয়োজন হয়েছে তখন রেলের উপর ট্যাক্স বসিয়ে, জনসাধারণের উপর ট্যাক্স বসিয়ে সেই টাকা তুলছেন। এবারে যখন রেল মন্ত্রী বাজেট উত্থাপন করেছেন, এই বাজেটে তিনি রেলের উন্নয়ণের জন্য যা প্রয়োজন সেটা করবেন, তারপরেও আবার সারপ্লাস বাজেট আছে। আজকে মূভার দেবপ্রসাদবাবু বলেছেন যে সারপ্লাস বাজেট, তাসত্বেও তারা রেলের উপর অতিরিক্ত মাশুল এবং ভাড়া বৃদ্ধি করলেন। এর পরেও শ্রীমতী গান্ধী জণগনের সামনে কেন্দ্রীয় সরকারকে জনকল্যাণমূলক সরকার বলে প্রচার করবেন, আমি জানিনা। এই বিরাট পরিমাণ টাকা রেল থেকে সংগ্রহ করার চেষ্টা করেছেন। আমরা দেখছি যে প্রায় ৩ শত কোটি টাকা তারা ডিপ্রেসিয়েশান ইত্যাদি খাতে নিচ্ছেন তার সংগে আরো ২০৬ কোটি টাকা তারা বাজেট সারপ্লাস বলছেন, এবং সেটাও এ থেকে তুলে নিতে চান। কাজেই একটা বিরাট পরিমাণ টাকা দেশের গরীব মানুষ, যারা রেলে যাতায়াত করে তাদের উপর চাপাবার চেষ্টা করলেন আমার রেলমন্ত্রী। সে জন্য এই কথা বলতে চাই যে কেন্দ্রীর সরকার দেশের অবস্থা বিবেচনা করে তারা যে অন্য কাজ করেছেন রেলের ভাড়া বাড়িয়ে সেটা প্রত্যাহার করে নেবেন বলে আশা করি। আজকে এই ৬০ হাজার কিলো মিটারের উর্দ্ধে যে রেল লাইন আছে, সেটা কি রকম অবস্থায় আছে? রেল লাইনের মেরামতি হয়না এবং তার ফলে এ্যাকসিডেন্ট হচ্ছে। রেল লাইনের যে সব সিগন্যালিং ইত্যাদি কমপোন্যাণ্ট ব্যবস্থা আছে সেই জিনিসগুলির দিকে লক্ষ্য দেওয়া হয়না এবং তার ফলে যাত্রীদের যাতায়াতে বিঘ্ন সৃষ্টি হয়। এ ছাড়াও কলকাতার চার পাশে হাওড়া, শিয়ালদায় যা দেখছি, রুলিং ক্লাশের যারা দিল্লীতে শাসন করছেন, ইন্দিরা গান্ধীর দলের পরিচিত ট্রেড ইউনিয়ন নেতা, তারা রেলে ইউনিয়ন করছেন এবং যত নটোরিয়াস এন্টি সোসাল তাদের রেলের বিভিন্ন কাজে বেআইনী ভাবে নিয়োগ করছেন।

কোন আইন সিদ্ধ পথে নয়, বেআইনী ভাবে নিয়োগ করছে। এখন রেল স্টেশন গুলি সাধারণ মানুষের পক্ষে অত্যন্ত ভয়ংকর জায়গায় পরিনত হয়েছে। আজকে সাধারণ মানুষের কাছে রেল স্টেশন নিরাপদ নয়। ইতিপুর্বে আমরা বৃটিশ রাজত্বের সময় থেকে দেখেছি যখন সাধারণ মানুষ অন্য কোন জায়গায় আশ্রয় নেবার মত সাহস পেত না তখন রেল স্টেশনে আশ্রয় নিত। কিন্তু '৭৪ সালের রেল স্ট্রাইকের পর থেকে আমরা দেখছি রেল স্টেশন গুলি ইন্দিরা গান্ধীর দলের নামকরা গুণ্ডাদের আবাসস্থলে পরিনত হয়েছে। তারা স্টেশন গুলিতে ইউনিয়ন করছে এবং সমস্ত রকম অসামাজিক কাজকর্ম চালাচ্ছে। এব্যাপারে বার বার বিভিন্ন জায়গা থেকে রেলমন্ত্রকের কাছে এবং কেন্দ্রীয় সরকারের কাছে কম্পলেন দেওয়া হয়েছে, কিন্তু তাঁরা আজ

পর্যন্ত এগুলি দূর করার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করেননি। আমি এবিষয়ে বিশেষ করে উল্লেখ করব শিয়ালদহ স্টেশনের কথা। ইন্দিরা গান্ধীর দলের কিছু ট্রেড ইউনিয়ন নেতা এবং গুণ্ডা, সমাজ বিরোধী শিয়ালদহ স্টেশন অঞ্চল তথা পূর্ব কলকাতার বিস্তীর্ণ অঞ্চলে একটা সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছে। শিয়ালদহ স্টেশন হচ্ছে এই সন্ত্রাসের রাজত্বের কেন্দ্রস্থল। ঐ অঞ্চলে কয়েকদিন আগে একটা নাগরিক কনভেনশন হয়েগেছে, তাঁরা দাবী করেছেন, শিয়ালদহ অঞ্চলকে সমাজ বিরোধীদের কবল থেকে মুক্ত করতে হবে, এই স্টেশন দিয়ে যাত্রীরা যাতে নিরাপদে যাতায়াত করতে পারে তার ব্যবস্থা করতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে যেটা উল্লেখ করতে চাই সেটা হচ্ছে, এই জিনিষ শুধু যে শিয়ালদহ স্টেশনেই হচ্ছে, তা নয়, আজকে গোটা ভারতবর্ষে এই জিনিষ চলছে। 'মোগলসরাই' থেকে শুরু করে গোটা ভারতবর্ষের বিভিন্ন জায়গায় রেলের জিনিষ-পত্র চুরি করবার জন্য একটা সংগঠিত গ্যাঙ, একটা র‍্যাকেট তৈরী হয়েছে। শ্রীমতী ইন্দিরা গান্ধীর দলের লোকেরা এর সংগে যুক্ত। বিভিন্ন জায়গায় শ্রীমতী ইন্দিরা গান্ধীর দলের কুখ্যাত নেতারা—আজকে আমরা দেখছি কংগ্রেস (ই) করছে আবার রেলে কনট্রাকটরি করছে—রেলের বিভিন্ন জিনিষের কণ্ট্রাক্ট নিচ্ছে। তারাই আবার রেলের বিভিন্ন জিনিষ-পত্র যখন অক্সনে বিক্রি হয় তখন সেগুলি কেনাবেচা করছে। অপর দিকে দেখছি এই একই শ্রেণী ওয়াগান ভাঙার কাজেও যুক্ত রয়েছে, ওয়াগান ভেঙে মাল-পত্র সরিয়ে নিয়ে সেগুলি বাজারে বিক্রি করছে। আজকে ওরা এইভাবে সমগ্র রেল ব্যবস্থাকে একটা ভয়ংকর জায়গায় এনে দাঁড় করিয়েছে।

আজকে এখানে প্রশ্নটা শুধু রেলের লাভ লোকসানের নয়, মূল প্রশ্ন হচ্ছে জনসাধারণের নিরাপত্তার প্রশ্ন। রেল আজকে আর সে জায়গায় নেই যে-জায়গায় আমরা এত দিন রেলের ওপর ভরসা রাখতে পারতাম। স্যার, আপনি জানেন আজকে রেলে ডাকাতি হচ্ছে, আমরা প্রায়ই শুনতে পাই রেলে ডাকাতি হয়েছে। রেল মন্ত্রক এবং রেলমন্ত্রী বার বার আমাদের ডাকাতি বন্ধ করার প্রতিশ্রুতি দিয়েছেন, রেলের উর্ধ্বতন অফিসাররা প্রতিশ্রুতি দিয়েছেন, কিন্তু আজ পর্যন্ত তাঁরা রেলের ডাকাতি বন্ধ করতে পারেননি। আজকে রেলে যাত্রীদের সর্বস্ব খোয়া যাচ্ছে, অথচ এজিনষ বন্ধ করার জন্য আজ পর্যন্ত রেলমন্ত্রক থেকে কোন ব্যবস্থা করা হয়নি. হচ্ছে না। সব চেয়ে লক্ষ্যনীয় বিষয় হচ্ছে ১৯৭৪ সালে রেল ধর্মঘট ভাঙার সময়ে যেসব বর্ন—ক্রিমিন্যালদের, জাত-সমাজবিরোধীদের রেলে চাকরি দেওয়া হয়েছে তারাই এসব ডাকাতির সংগে যুক্ত আছে, তাদের ধরার কোন ব্যবস্থা করা হচ্ছে না, কারণ তারা শ্রীমতী ইন্দিরা গান্ধীর দলের সংগে যুক্ত। তারা সব সময়ে ঐ দলের সংগে সংযোগ রেখে চলে, এই কারণে তাদের ধরা হচ্ছে না। এদের নিয়ে আজকে যে চক্র গড়ে উঠেছে, এই চক্র গোটা রেল ব্যবস্থাকে ভেঙে দিতে চলেছে। এই র‍্যাকেটের বিরুদ্ধে কেন্দ্রীয় সরকার আজ পর্যন্ত কোন সক্রিয় কার্যকরী ব্যবস্থা গ্রহণ করছেন না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর বেশী সময় নেব না, আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। আজকে যে হারে রেলের ভাড়া এবং ফ্রেট কেন্দ্রীয় সরকার বাড়িয়েছেন বাজেটের মধ্যে দিয়ে, সেই ভাড়া এবং ফ্রেট যদি চালু থাকে তাহলে জিনিষ-পত্রের দাম হুহু করে বেড়ে যাবে। ফলে আগামী দিনে আমাদের সাধারণ জনসাধারণের বাজার থেকে জিনিষ-পত্র কেনবার কোন শক্তি থাকবে বলে আমরা আশা করতে পারছি না।

[4-15—4-25 P.M.]

কাজেই আমি বলবো, কেন্দ্রীয় সরকার রেলের ভাড়া বৃদ্ধি করে এবং মাশুল বৃদ্ধি করে যে কাজ করেছেন গোটা ভারতবর্ষের আপামর জনসাধারনের স্বার্থের বিরুদ্ধে কাজ করছেন। এই জন-স্বার্থ বিরোধি কাজ তাঁরা প্রত্যাহার করে নেবেন। রেলে যেহেতু সারপ্লাস বাজেট সেহেতু ভাড়া এবং মাশুল বৃদ্ধি প্রত্যাহার করে নেবেন জনস্বার্থে। এটা নিশ্চয়ই তাঁরা বিবেচনা করবেন। এই আশা এবং ভরসা রেখে মাননীয় সদস্য শ্রীদেব প্রসাদ সরকার মহাশয়ের উৎথাপিত প্রস্তাবকে আমার এ্যমেণ্ডমেণ্ড সহ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনীহার কুমার বসু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্য শ্রীদেব প্রসাদ সরকার যে প্রস্তাব রেখেছেন এবং মাননীয় সদস্য শ্রীসুমন্ত কুমার হীরা মহাশয় যে সংশোধনী এনেছেন তাঁকে সমর্থন জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় রেলমন্ত্রী মহাশয় এবারের বাজেটে রেলের যে ভাড়া এবং মাশুল বৃদ্ধির প্রস্তাব রেখেছেন তা নজীরবিহীন। এটা আমরা লক্ষ্য করছি, আমাদের দেশে একটা রেওয়াজ হয়ে দাঁড়িয়েছে প্রতি বছর বছর ভাড়া বৃদ্ধি করা এবং তার পাশা-পাশি জনসাধরনের যে স্বাচ্ছন্দ সেই স্বাচ্ছন্দকে ক্রমশঃ কমিয়ে আনা। যেখানে আমরা দেখছি, ভারতবর্ষের বাইরে অন্যান্য রাষ্ট্রে আমি সমাজতান্ত্রিক দেশের কথা বাদই দিলাম এমনকি পুঁজিপতি দেশেও রেলের গতি বাড়ানো হচ্ছে কিন্তু ভাড়া সেখানে বাড়েনি। সেখানে রেলের গতি বাড়ছে, ভাড়া কম। আমি জাপানের কথা বলতে পারি, টোকিও একসপ্রেস, যার গতি হচ্ছে প্রতি ঘণ্টায় ৩০০ কিঃমিঃ সেখানে কিন্তু বাড়তি ভাড়ার প্রশ্ন আসেনি। ওখানে এমন কি আরোও গতি বাড়াবার জন্য চেষ্টা করা হচ্ছে। এছাড়া, ফ্রান্সের বুলেট, যার গতিবেগ ঘণ্টায় ৩৫০ কিঃমিঃ করা যায় কিনা সেটা ট্রায়াল হিসাবে চালানো হচ্ছে। কিন্তু আমাদের এখানে রাজধানী একসপ্রেস যার গতিবেগ ঘণ্টায় ছিল ১২০ কিঃ মিঃ সেটা এখন কমতে কমতে ১০৫ কিঃমিঃ এসে দাঁড়িয়েছে। অথচ যার ভাড়া ছিল ১৯৫ টাকা সেটা এখন ২৩০ টাকায় দাঁড়িয়েছে। রেলের বাজেট এবার হয়েছে ৪৪৮ কোটি টাকা আর তার মধ্যে ১৭৮ কোটি টাকা জনসাধারনের উপর ভাড়া বৃদ্ধি। আমরা দেখতে পাচ্ছি, সব চেয়ে বড় খড়্গ নেমে এসেছে নিত্য যাত্রীদের উপর বিশেষ করে দ্বিতীয় শ্রেণীর যাত্রীদের উপর। হাওড়া

সেকসানে প্রতিদিন ৫ লক্ষের মতন নিত্যযাত্রী কলকাতায় আসে। আর ৯ লক্ষের মতন নিত্য-যাত্রী শিয়ালদহ স্টেশনে জীবিকা-নির্বাহের জন্য অফিস, কোর্ট-কাছারী, প্রভৃতিতে আসবার জন্য যাতায়াত করে। এই শহরতলীয় ভাড়া বৃদ্ধি হয়েছে ১৯৮০ সালের জুন মাস থেকে আজ পর্যন্ত ৪ বার। প্রায় ৫০ শতাংশ এরই মধ্যে ভাড়া বৃদ্ধি হয়েছে। মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত শহরতলির নিত্যযাত্রীদের ক্ষেত্রে কিছুটা অনুকম্প দেখানো হয়েছে, খড়্গ তাদের উপর বেশী পড়েছে, উঠলেই ১টাকা অর্থাৎ শতকরা ৫০ ভাগ। অদ্ভুত ব্যাপার, কোন রকম স্বাচ্ছন্দের ব্যবস্থা নেই। লক্ষ লক্ষ নিত্যযাত্রী যেখানে রোজ যাতায়াত করছে সেখানে কোন রকম স্বাচ্ছন্দের ব্যবস্থা নেই। আপনি শিয়ালদহ স্টেশনে যান দেখবেন, গাড়ী ছাড়ার কোন নির্ধারিত সময় নেই। পুরানো একটা টাইম-টেবিল টাঙানো আছে কিন্তু গত ৫ বছর ধরে সেই টাইম অনুযায়ী ট্রেন ছাড়া হয় না। ট্রেনের মধ্যে কোন লাইট নেই ফ্যান নেই, চলতে চলতে ট্রেন থেমে যায়। প্রায়ই ঘোষনা করা হয়, ডাউন ট্রেন না আসার জন্য রেকের অভাবে আপ ট্রেন ছাড়া যাচ্ছে না। ট্রেনের কামরায় কোন দরজা নেই, জানালা নেই। শীতে যাত্রীরা কুকুরের বাচ্ছার মতন কাঁপতে থাকে। কোন ব্যবস্থা নেই।

প্রতিটি গাড়ীর আজকে এই অবস্থা দাঁড়িয়েছে। আজকে বাড়ী থেকে বেরিয়ে কোন নিত্য যাত্রীর ঠিক নেই কলকাতায় পৌঁছোতে পারবে কিনা। কলকাতা থেকে ফিরবার সময়েও ভাবনা যে বাড়ী পৌঁছোতে পারবো কিনা। আমি নিজে দুই দিন শিয়ালদা স্টেশনে কাটিয়েছি। রেলওয়ে কর্তৃপক্ষ সময়ানুবর্তিতার দিকটার কথা ভুলেই গেছে। রেলওয়ে মন্ত্রকের দায়িত্ব নিয়েই তিনি অনেককথা বলেছেন, অনেক আশার বানী শুনিয়েছেন কিন্তু শেষ পর্যন্ত ফসল কি ফললো? না, বিরাট আকারের ভাড়া বৃদ্ধি। যে প্রস্তাব এনেছেন তাতে দেখতে পাচ্ছি ৩১০ কোটি টাকা পাওয়া যাবে। কিন্তু সঙ্গে সঙ্গে তিনি বলেছেন যে এর দ্বারা মূল্যবৃদ্ধি ঘটবেনা। কোন অর্থনীতিতে এ কথা বলে? যে দেশে শতকরা ৭০ ভাগ পন্যসামগ্রী রেলের মাধ্যমে যাতায়াত করে সেখানে বলছেন এর দ্বারা মূল্যবৃদ্ধি ঘটবেনা। এঁরা বছরের পর বছর ভ্রান্ত আশ্বাস দিয়েই দেশটাকে আজ এই জায়গায় নিয়ে এসেছে। এর ফল আমরা এখনই পেতে সুরু করেছি অর্থাৎ ইতিমধ্যেই দাম বাড়তে সুরু করেছে। কাজেই তিনি ভাড়া বৃদ্ধির জন্য দাম বাড়বেনা বলে যা বলেছেন— এটা অবাস্তব কথা, বলতে হয় বলেই বলা। ৩১০ কোটি টাকার মাশুল আজ চাপাতে চলেছেন কিন্তু তিনি যদি প্রশাসনকে সুষ্ঠুভাবে চালাবার চেষ্টা করতেন তাহলে ভাড়া বৃদ্ধির প্রস্তাব আনার প্রয়োজনই হোতনা। প্রতি বছর কোটি কোটি টাকার রেলওয়ে সামগ্রী চুরি যাচ্ছে। জিনিষের উপর প্রতি বছর কিভাবে ক্লেম দিচ্ছে। আমি শুধু শালিমার ইয়ার্ডের কথা এখানে উল্লেখ করছি। শালিমারে ৭৬-৭৭ সালে ক্লেম দিতে হয়েছে মোট ২৩,২৬,৫৭৫ টাকা, ৭৭-৭৮ সালে দিতে হয়েছে মোট ১৯,৬৪;৩২৪ টাকা। কিন্তু, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর মধ্যে অধিকাংশই ভুয়া ক্লেম। সারা ভারতবর্ষেই এই অবস্থা চলছে। এক শ্রেণীর ব্যবসায়ীর সঙ্গে এক শ্রেণীর অফিসার ও কর্মচারীর যোগসাজোশে এই ভাবে ভুয়া ক্লেম আদায় করছে। এই ক্লেমের সংখ্যা ছিল শালিমারে

৭৬-৭৭, ৭৭-৭৮, ৭৮-৭৯ এবং ৭৯-৮০ সালে যথাক্রমে ৩৫৯৪, ৩১৮৪, ৪৪০৬ এবং ৪৯০৬টি। এর উপর মাশুল বাড়াবার কথা, আসছে। জিনিষের নাম পাল্টে রেলগাড়ীর উপর চাপিয়ে দেওয়া হোল। কর্মচারীদের হাত করে সেই মাশুল বহালও হয়ে গেল। কিন্তু, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সমস্ত দুর্নীতি বন্ধ করতে পারলে রেলে আরও বেশি সাশ্রয় হতে পারে। যাত্রী-সাধরণের উপর এইভাবে ভাড়া চাপিয়ে তাঁদের সঙ্কটের মধ্যে ফেলার কোন প্রয়োজন হয়না। সম্পদ সৃষ্টি করতে হবে। ভাড়া বৃদ্ধির এই প্রস্তাব ভারতবর্ষের একটি জায়গাও আছে যারা মেনে নিতে পারে? পশ্চিমবঙ্গের জনসাধারণও তা মেনে নিতে পারেনা। বহু বিষয়ে আমারা বহুবার সর্বসম্মতিক্রমে প্রস্তাব গ্রহণ করে কেন্দ্রের কাছে পাঠিয়েছি তার নজির রয়েছে। কিন্তু সেগুলোর কি অবস্থা হয়েছে তা আমরা জানি। তবুও আমাদের সরকারের দৃষ্টিভঙ্গী প্রতিফলিত করে এই প্রস্তাব আমরা এখানে পাশ করবো। এই প্রস্তাব সমর্থন করবার সঙ্গে সঙ্গে এই কথা বলছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মানুষের অবস্থা অত্যন্ত সঙ্কটজনক অবস্থায় এসে দাঁড়িয়েছে। কাজেই আমাদের প্রস্তাবে কেন্দ্রীয় সরকার দৃকপাত করল কি করলো না সেটা বড় কথা নয়। এটা আমাদের, পশ্চিমবাংলার মানুষের প্রতিবাদ। পশ্চিমবাংলার মানুষ এর বিরুদ্ধে আন্দোলন করবেই। এই কথা বলে প্রস্তাবকে এবং তার সঙ্গে সে সংশোধনী এসেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-25—4-35 P.M.]

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয় যে প্রস্তাব এখানে উৎথাপন করেছেন সেই প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে আমি গুটি কয়েক কথা বলতে চাই। প্রথমেই না বলে উপায় নেই বিতর্ক সুরু হওয়ার আগে কংগ্রেস (আই) এবং কংগ্রেস (এস) যে নাটকের অবতারনা করে গেলেন সেটা সকলের কাছে অদ্ভূত ঠেকবে নিশ্চই। এখানে তারা জবাবদিহি করলেন না, করতে রাজি হলেন না। কিন্তু এই বিষয়ে কোন সন্দেহ নেই যে তাদের নিজেদের কাছে, তাদের বিবেকের কাছে জবাবদিহি করতে হবে। কংগ্রেস (আই) এখানে থাকবে না, এটা জানা কথা। নানা বাহানা সৃষ্টি করে, নানা অজুহাতে সৃষ্টি করে তারা বেরিয়ে গেলেন। যদিও একটা গুরুত্বপূর্ণ প্রস্তাব ওঁদের পক্ষের সদস্যের নামে আছে। তবুও ওঁরা অজুহাত সৃষ্টি করে বাইরে বেরিয়ে গেলেন। সেই প্রস্তাব এই হাউসে উঠতে পারে না, সেটা বরাবর বাতিল হয়ে যাবে। এই রকম একটা পরিস্থিতি হবে জেনেও তারা অজুহাত দেখিয়ে বাইরে বেরিয়ে গেলেন। তার কারণ আজকে তাঁদের সৎসাহস নেই যে, কোন ন্যায় সংগত ব্যাপার নিয়ে কেন্দ্রের রেলমন্ত্রী বা শ্রীমতী ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে কিছু বলার। আজকে রেল বাজেটের নামে যে বোঝা ভারতবর্ষের কোটি কোটি সাধারণ মানুষের ঘাড়ে চাপিয়ে দিলেন সেই ব্যাপারে এখানে বিরোধীতা করতে পারবেন না এবং সমর্থন করতে পারবেন না বলে তাঁরা বেরিয়ে গেলেন। সেই রকম সৎসাহস নেই বলে তাঁরা বেরিয়ে গেলেন। এতে কি শ্রীমতী ইন্দিরা গান্ধীর হাত শক্ত

হলো না রেলমন্ত্রী গনিখানের হাত শক্ত হলো? আমার মনে হয় এই ভাবে ওঁদের হাত শক্ত হলো না। এই প্রস্তাবকে সমর্থন না করে নিরপেক্ষ ভাবে এই হাউসে থাকা যায় না বলে ওঁরা বেরিয়ে গেলেন। এতে আমার মনে হয় ওঁরা গনিখান চৌধুরী এবং ইন্দিরা বিরোধীতাই করলেন। এটা ওঁরা বুঝতে পারবেন না। যদি এই কাজ সমর্থন না করে থাকে তাহলে তাঁদের বিরুদ্ধে এই দাঁড়াবে যে তাঁরা অন্য রাস্তায় গিয়েছে। যাই হোক না কেন এই নাটকের কথা বেশী বলে লাভ নেই, আমি মূল কথায় আসি। এই বংগ সন্তানদের শ্রীমতী ইন্দিরা গান্ধী কখন তুলবেন কখন নাবাবেন কখন ওঠাবেন বসাবেন এটা বোঝা খুব কঠিন। যাই হোক হঠাৎ বেড়ালের ভাগ্যে শিকে ছিঁড়েছে। তাঁর বাবার আমলে কখন কোন দিন মন্ত্রীসভায় এতো গুরুত্বপূর্ণ পদে বংগ সন্তান বসেনি। হঠাৎ আবার দেখলাম ইন্দিরাজী দয়া পরোবস হয়ে দুজন বংগ সন্তানকে তাঁর মন্ত্রী সভায় নিয়েছেন এবং সেইগুলো খুব গুরুত্বপূর্ণ দপ্তর। প্রনব মুখার্জী মহাশকে দিয়েছেন অর্থ দপ্তর এবং গনি খান চৌধুরী মহাশয়কে দিয়েছেন রেল দপ্তর।

(এই সময় কোন এক সদশ্য বলে উঠলেন প্রনব বাবু তো এখান থেকে নির্বাচিত হয়ে যেতে পারেন নি।)

হ্যাঁ, গুজরাট থেকে উনি নির্বাচিত হয়ে এসেছেন। কিন্তু বংগ সন্তান তো, এই জন্য বলছি। আমরা অনেক আশা করেছিলাম, বেড়ালের ভাগ্যে তো শিকে ছিঁড়েছে, হয়ত মাছ পাওয়া যাবে। কিন্তু মাছ তো দূরের কথা, আঁশও পাওয়া যায় নি। তবে আমি এখানে ওঁদের সমালচনা করতে চাই না। তবে প্রথম চোটে তিনি এমন ধাক্কা দিলেন তাতে কোমোরের বেল্ট নিচে নেবে গেল। জারা ভারতবর্ষের কোটি কোটি মানুষ আজ যে ভাবে গড়াগড়ি যাচ্ছে তার শেষ পরিনতি কি হবে সেটা ক্রমশ প্রকাশ পাবে এই বিষয়ে কোন সন্দেহ নেই। তাঁদের ইন্দিরাজীর যুক্তি শিরধার্য্য বলে মেনে নিতে হবে।

আমি বুঝতে পারছি না কতদিন থাকবেন গণিখাণ চৌধুরীমহাশয়? কারণ দু বছরে শ্রীমতি ইন্দিরা গান্ধী ৩টি রেলমন্ত্রী করেছেন—যথা কমলাপতি ত্রিপাঠি পি.সি. শেঠী এবং বর্তমানে বেছে নিয়েছেন গণিখাণ চৌধুরী মহাশয়কে। শুধু মন্ত্রী হয়ে বসলেন তাই নয় বসার সঙ্গে সঙ্গে আমরা দেখলাম যে ঝগড়া শুরু হয়ে গেছে রেলওয়ে বোর্ডের চেয়ারম্যানের সঙ্গে। মন্ত্রী ভার্সেস গুজরাল। এটা বুঝতে আমাদের কষ্ট হয় না যে হালে পানি পাচ্ছেনা, পর্ব্বত সমান সমস্যা এবং সেই সমস্যার কোন সমাধান করার উপায় নেই। সেই কারণে শ্রীমতী গান্ধীকে তাঁকে বাধ্য হয়ে একটা ডাইভোর্স ট্যাকটিস পদ্ধতি নিতে হয়েছে। জনসাধারণকে বোঝানোর চেষ্টা হয়েছে যে নতুন মন্ত্রী হয়ে এলেন তাতে কংগ্রেস সরকারের নীতির কোন ত্রুটি নেই, নেতৃত্বের কোন ত্রুটি নেই সবই ঠিক আছে। কেবল কমলাপতি ত্রিপাঠি বুড়ো হাবরা মন্ত্রী তাঁর দ্বারা কাজ হচ্ছে না সেইজন্য একজন টকটকে যুবক পি.সি. শেঠীকে বসানো হল। তারপরে আবার দেখলাম সেই একই অবস্থা হালে পানি পাচ্ছে না তখন আবার তাঁকে পরিবর্তন করে বঙ্গ সন্তান গণিখাণ চৌধুরীকে বসানো হল। তাঁকে বসিয়ে

দিয়েই রেলওয়ে বোর্ডের চেয়ারম্যান ছিলেন গুজরাল তাঁর সঙ্গে বিরোধ লাগিয়ে দিলেন। সুতরাং হালে পানি না পেয়ে ডাইভোর্স ট্যাকটিসের পথ ধরেছেন। এত করেও তিনি কিছু করতে পারছেন না। আজকে এটা আমাদের ভালোভাবে বোঝা দরকার। সেইজন্য আমি প্রথমেই হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছিলাম। গোড়াতেই আমি বলেছি যে এই বঙ্গ সন্তানকে বসিয়ে দিয়ে তিনি খান্ত হন নি—তিনি এইভাবে একের পর একবে ল্যাং মারতে আরম্ভ করলেন। কিন্তু এখানকার কংগ্রেসী বন্ধুরা এই বক্তব্য শোনবার অবকাশ দিলেন না। পাছে এই প্রস্তাবকে সমর্থন করতে অথবা বিরোধীতা করতে হয়। তাইজন্য প্রস্তাবটি ওঠার আগেই তাঁরা অজুহাত দেখিয়ে সভা ত্যাগ করেন। ওঁরা জানেন এই রেলভাড়া বৃদ্ধির বিরুদ্ধে বিরোধীতা করতে গেলে ওঁদের ল্যাং খেতে হবে সেইজন্য সভাকক্ষ ত্যাগ করে চলে গেলেন। কিন্তু জয়নাল সাহেব কেন সভাকক্ষ ত্যাগ করলেন বুঝতে পারলাম না। জয়নাল সাহেব অন্য কারণে এই রাস্তাটি বেছে নিলেন। তিনি দেখলেন এই দিকে গেলেও বিপদ ওই দিকে গেলেও বিপদ সুতরাং কংগ্রেস (আই) এর সঙ্গে মিলে থাকাই ভালো তা না হলে গণিখানের দরজা বন্ধ হয়ে যেতে পারে। অতএব এই রাস্তাটি দিয়ে বরং চলি বেরিয়ে যাই। সুতরাং এই দিকেও যাব না ওইদিকেও যাব না এই নীতি ঠিক করেছেন। যাইহোক নতুন কোন জিনিষের তাঁরা অবতারনা করছেন না। এটা বুঝতে পশ্চিমবাংলার জন সাধারণের বাকী নেই। আমি মনে করি এটা সকলেই বুঝবে যে কাজটা তারা করেছেন তা এমনভাবে করেছেন যাতে প্রস্তাবটি আসার আগেই তাকে সমর্থন না করে আবার বিরোধীতাও না করে অন্য অজুহাত দেখিয়ে এখান থেকে বেরিয়ে গেলেন।

[4-35—4-45 P. M.]

যাই হোক না কেন যে প্রস্তাব এখানে এসেছে সেই প্রস্তাবের গুরুত্ব অসীম। নিয়ে খুব বেশি বলার নেই, কারণ আমরা প্রত্যেকে ভুক্ত ভোগী। রেলের সমস্ত এ্যাডমিনিষ্ট্রেশান একেবারে ভেঙে পড়েছে। টাইম টেবিল বলে একটা বই ছাপা হয়, কিন্তু তা কেন এবং কিসের জন্য ছাপা হয়। টাইম টেবিল বলে কিছু নেই। নীহারবাবু দুর্নীতি সম্বন্ধে বলেছেন। ক্ষতিপূরণের নাম করে কোটি টাকা খরচ হচ্ছে। সকলের এ ব্যাপারে শেয়ার আছে। তিনি বললেন পাখা, বেঞ্চ, দরজা, জানালা নেই। আমি অনেক সময়ে অবাক হয়ে ভেবেছি এই রেকগুলি কবে উঠিয়ে নিয়ে যাবে এবং তখন প্রশাসনের আর কোন কাজ থাকবে না এবং বাড়ীতে পায়ের উপর পা দিয়ে ঘুমোবে। যন্ত্রাংশ ও অন্যান্য জিনিষপত্র চুরি হচ্ছে। যন্ত্রাংশ যে চুরি সেগুলিই আবার রেলের কাছে বিক্রি হচ্ছে। এ বিষয়ে রেলের এক শ্রেণীর বড় বড় আমলা, ব্যবসায়ী এবং পুলিশ অফিসার আছে। দীর্ঘদিন ধরে এ জিনিষ চলছে। হাওড়া ও শেয়ালদা ষ্টেশান একেবারে নরককুণ্ডে পরিনত হয়েছে। একে ডাষ্টবিন বললে কম বলা হয়। ল্যাভেটারী, বাথরুম একেবারে অপরিষ্কার। দুর্গন্ধে ষ্টেশান চত্বরে দাঁড়ান যায় না। ৩৬ বছর পরে রেলের প্রশাসন কোথায় দাঁড়িয়েছে? পশ্চিম বাংলায় এক ইঞ্চি রেল লাইন কোথায় হয়েছে? ফাষ্ট ট্রেনের দাবী বিভিন্ন জায়গার আছে।

পুরুলিয়ায় নেই। বহরমপুর ১১৫ মাইল আসা যাওয়া করা যায় না। এই রকম চূড়ান্ত অব্যবস্থার ফলে যুক্ত ফ্রন্টের আমলে আমরা প্রথম লং ডিসটেন্স বাস চালু করেছিলাম। এটা নাকি ডাঃ রায়ের আমলে চালু হয়েছিল—তা নয়। ১৯৬৭ সালে এই হাউসে আমরা বলেছিলাম সারা ভারতবর্ষে ষ্টেট ট্রান্সপোর্ট যেভাবে অরগ্যানাইজ হচ্ছে আমাদের পশ্চিমবাংলায় সেভাবে হবেনা কেন ? সেই সময়ে যিনি মন্ত্রী ছিলেন তিনি বিধান সভায় এই আন্দোলনের ফলে যুক্তফ্রন্টের আমলে প্রথম লং ডিসটান্স ষ্টেট বাস চালু করেন।

আজকে তারপরে আরো কিছুটা প্রসারিত হয়েছে এবং প্রসারিত হওয়ার ফলে তবেও এখানে আসতে পারছি, নইলে ট্রেনে উঠলে মাননীয় অধ্যক্ষ মহাশয় মাঝখানে কৃষ্ণনগরে নেমে যেতে হয়, কারণ, বহরমপুর থেকে কৃষ্ণনগরে আসতে এত লেট হয়ে যায় যে কলকাতায় একটা অড টাইমে পৌছায়, তাতে কলকাতায় আসা যায় না। সেজন্য কৃষ্ণনগরে হল্ট করে তার পরের দিন এমৃ কোচে কলকাতায় আসতে হয়। এই হচ্ছে অবস্থা। এই অবস্থার জন্য কেন লোকে টাকা দেবে ? কেন ভাড়া বাড়বে ? রিজারভেশানের জন্য ১০ টাকা নেবে অথচ রাত্রে ঘুমানর অবকাশ হয় না। রিজারভেশানের টাকা কেন দেবে ? অনেক গাড়ীতে বেঞ্চ নেই, লপাট হয়ে গেছে, লঙ ডিসট্যান্স গাড়ীতে কিছু কিছু বেঞ্চ আছে, কাঠের উপর শুয়ে হোক আর তথাকথিত গদির উপর শুয়ে হোক আপনাকে ভাড়া গুনতে হবে। আজকে কমিউটারদের ক্ষেত্রে কি করা হল—এ্যামেনিটিজের ব্যাপারে কোন বিচার আছে ? এ্যামেনিটিজ যদি বাড়ে মানুষ দেবার জন্য তৈরী আছে। কিন্তু কোথায় এ্যামেনিটিজ ? একদিকে এ্যামেনিটিজের ক্ষেত্রে দেখা যাচ্ছে বাড়া তো দূরের কথা এ্যামেনিটিজ ক্রমাগত কমে যাচ্ছে, অন্যদিকে কমিউটারদের ভাড়া বাড়ান হচ্ছে। যে ভাড়া করা হয়েছে তার কোন যুক্তি আছে, কোন অর্থ আছে ? এইভাবে যদি ভাড়া বাড়ান হয় তাহলে তার ফল একমাত্র হতে পারে যে এতে আরো করাপসান বাড়বে। মাঝে মাঝে খবরের কাগজে বলা হয়, রেডিওর মাধ্যমে বলা হয় যে যারা উইদাউট টিকিটে যান তাঁদের ধরা হয়। ওসব লোক দেখান, ওসব জিনিস আমরা জানি, ওকে বলে ঠাট, ওদিয়ে এইসব জিনিস বন্ধ করা যায় না। এইভাবে যদি ভাড়া বাড়ান যায় তাহলে পরিণতি হবে এই বোনাফাইডি প্যাসেঞ্জার উইল সাফার, বোনাফাইডি প্যাসেঞ্জার প্রতি পদে পদে সাফার করছে, ম্যালাফাইডি যারা টিকিট পর্যন্ত কাটে না তাদের সংখ্যা বেড়ে যাবে। এখনই তাদের সংখ্যা অগুন্তি, এইভাবে যদি ভাড়া বাড়ান হয় তাহলে তার অর্থ এই দাঁড়াবে আরো সেই স্তরের মানুষের সংখ্যা বেড়ে যাবে এবং তাইই হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন লোক সভায় একজন মাননীয় সদস্য জিজ্ঞাসা করেছেন আপনি পার্মানেন্ট, টেমপোরারী না ক্যাজুয়্যাল মন্ত্রী ? মুস্কিল হচ্ছে কাকে কি বলবেন, কোথায় যাচ্ছে কিছুই তো জানি না। উনি বংগ সন্তান, বলে দিয়েছেন পরিষ্কার কথা যে কিছু নেই-রিপেয়ারের টাকা নেই, রিমুভ্যালের টাকা নেই, নতুন লাইনের টাকা নেই, ফাস্ট ট্রেনের টাকা নেই, কিছুই নেই, অতএব বজ বজ থেকে নামখানা ১০০ কিলো মিটার দূরত্ব, ১ লক্ষ টাকা দিচ্ছেন, কবে থেকে শুরু হয়েছে কবে শেষ হবে মশায় আমরা বলে দিতে পারব না। এখানে শ্রীমতী

ইন্দিরা গান্ধী বোধ হয় ১৯৭১ সালে ফলাও করে বহু ঢাক ঢোল পিটিয়ে হাওড়া-আমতা, হাওড়া-চাঁপাডাংগা লাউনর ভিত্তি প্রস্তর স্থাপন করলেন। সেই হাওড়া-আমতা, হাওড়া-চাঁপাডাংগা লাইনের জন্য ১ লক্ষ টাকা। স্যার, রেলের চাকা নানা কথা বলে। আপনি যেটা ভাববেন সেটাই হয়—হচ্ছে হবে হচ্ছে হবে, হচ্ছে হচ্ছে হবে হবে। হবেও তাই—হচ্ছে হবে হচ্ছে হবে, হচ্ছে হচ্ছে হবে হবে এবং এখনও সেই আমতা লাইন পড়ে থাকল। এধারে ডবল লাইন—দম দম থেকে বারাসত কোথায়, কাকস্য পরিবেদনা। আমাদের লালগোলা সেকসানে বদলী লাইন নেই। জেলা শহর বালুরঘাট থেকে যোগাযোগের ব্যবস্থা মন্ত্রী মহাশয় বলেছেন ওটা হবে। যেখানে কোন রকম সুযোগ এবং সুবিধা আমরা পাচ্ছি না সেখানে কেন আমরা বাড়তি টাকা দেব আজকে যদি তাঁরা এটা বোঝাতে না পারেন তাহলে জবরদস্তি করে বসাতে পারেন।

[4-45—4-55 P.M.]

কিন্তু আমরা দেখলাম আমাদের সেটা না বুঝিয়েই বাজেট করেছেন। এরকমভাবে চললে তো ইনফ্লেসন বাড়বে। প্রনববাবুর কথা এখন বলবনা, বাজেট আলোচনার সময় বলব। কিন্তু গোটা দেশকে যেখানে তাঁরা নিয়ে যাচ্ছেন তাতে মুখ থুবড়ে পড়ে থাকা ছাড়া আর তো কোন গতি থাকবেনা। কাজেই এর বিরুদ্ধে আমাদের রুখে দাঁড়ান দরকার এবং এই প্রস্তাব গ্রহণ করে আমরা পশ্চিমবংগবাসী যেন সেই অভিমতই দেই এই নিবেদন আপনার কাছে এবং হাউসের কাছে রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভূপাল পাণ্ডা ঃ** মাননীয় স্পীকার মহাশয়, রেলওয়ের ভাড়া বৃদ্ধির প্রতিবাদে যাতে আমাদের এই হাউস থেকে একটা সর্বসম্মত প্রস্তাব গৃহীত হয় সেই মর্মে যে প্রস্তাব এখানে এসেছে আমি তাকে সমর্থন করছি মাননীয় সদস্য হীরা সাহেব যে সংযোজনী দিয়েছেন সেই সংযোজনীসহ। স্যার, এই ব্যাপারে আমি বিশেষ কিছু না বলে শুধু এটুকুই বলব যে, রেলওয়ের এই ভাড়া বৃদ্ধির ফলে সাধারণভাবে সর্বস্তরের মানুষের জীবনে দুর্ভোগ অতিমাত্রায় বেড়ে যাবে এবং তার সংগে সংগে কতকগুলি ক্ষেত্রে যে মূল্যবৃদ্ধি হবে তার প্রতিক্রিয়া সমাজের উপর এসে পড়বে এবং তাতে জনজীবন জর্জরিত হবে। এই ব্যাপার নিয়ে পার্লামেন্টের উভয় কক্ষ অর্থাত লোকসভা এবং রাজ্যসভার সদস্যরা চীৎকার করছেন এবং এমন কি কংগ্রেস (ই)-র সদস্যরাও প্রতিবাদে মুখর হয়েছেন। হয়ত ভাষার দিক থেকে তাঁরা সকলে এক নয়, কিন্তু ভারা বৃদ্ধির ব্যাপারে সকলেই আশংকা প্রকাশ করেছেন। কোন সদস্য একথাও বলেছেন যে, এই ব্যাপার নিয়ে বিরোধীপক্ষ যেভাবে প্রতিবাদ করছেন তাতে তাঁদের দিকে মানুষের মনোভাব চলে যাবে। একেই তো আগে থেকে ভাড়া বেড়ে রয়েছে এবং এখন যদি তার উপর আবার বাড়ান হয় তাহলে মানুষের জীবনে আর দুঃখের অবধি থাকবে না। ইতিপূর্বে তাঁরা ১৬০০ কোটি টাকা আদায় করে নিয়েছেন।

কিন্তু জিজ্ঞেস করি তাতে যাত্রীসাধারণের কোন সুযোগ সুবিধা হয়েছে কি, যাত্রী সাধারণের নিরাপত্তার ব্যবস্থা হয়েছে কি? আমরা তো দেখছি ট্রেনের চলাচল ব্যবস্থা মানুষের জীবনযাত্রা ব্যাহত করেছে। আমাদের রাজ্যের কেরানী, কর্মচারী যাঁরা কাজের জন্য প্রতিনিয়ত কোলকাতা শহরে আসেন তাঁদের এই ট্রেনে আসতে গিয়ে কত কষ্টই না করতে হচ্ছে।

এবং সেই কারণের জন্য বিভিন্ন সময়ে বিভিন্ন রকম বিশৃঙ্খলার সৃষ্টি হয়। যাত্রীরা অনেক সময় বিক্ষুব্ধ হয়ে পড়ে এবং শেষ পর্যন্ত তারা নিজের গায়েই আঁচড় দেন—অনেক সময় নিজেদেরই রেল প্রপার্টি নষ্ট করে ফেলে। এই অবস্থা যখন চলছে সেই সময় আজকে রেল বাজেটে রেলের ভাড়া এইভাবে বৃদ্ধি হচ্ছে। এই অর্থ দিয়ে তারা কি করবেন? আজকে দেখা যাচ্ছে মিনিষ্টারের সংগে রেলওয়ে বোর্ডের অনেক দ্বন্দ চলছে এবং সে কথা খবরের কাগজে পড়েছি। তার কারণ এই বিরাট টাকা নিয়ে তারা ছিনিমিনি খেলছেন তাদের আংশিক ভাগ বাটোয়ারা নিয়ে। এবারে রেলওয়ে বাজেট আলোচনার সময় কংগ্রেস পার্টির থেকে দাবী করেছে যে রেলের বোর্ডের চেয়ারম্যান বাইরের থেকে না করে স্বয়ং মন্ত্রীই চেয়ারম্যান হোন, যাতে পুরোপুরি তার কর্তৃত্বে পরিচালিত হয়, সেই ব্যবস্থা করা হোক। এই সময়ের ভিতর যে ঘটনা ঘটছে তা নিশ্চয় আমাদের কাছে খুবই আপত্তিকর। আমরা নিশ্চয় এর প্রতিবাদ করবো। আমাদের সময় এসেছে বুঝবার যে এই রেল বাজেটের মধ্যে আমাদের রাজ্যে আমরা কতটুকু পাচ্ছি। বৈদেশিক মুদ্রার সাহায্য, ঋণের সাহায্য তার থেকে এই কতটুকু পায়? পাতাল রেল করার জন্য এই বাজেটে রাখা হয়েছে মাত্র ৩২ কোটি টাকা। এবং এ ছাড়া আর কোন টাকা পশ্চিমবাংলাকে সাহায্যের জন্য ব্যবস্থা নাই। এই কোটি কোটি বর্ধিত টাকা যা আমাদের দেশের মানুষ দেবে তা কিসের জন্য? আমাদের রাজ্যকে যেভাবে বঞ্চিত করা হয় তা সকলেই জানেন। সেন্ট্রাল বাজেটে যতটুকু দেখতে পাচ্ছি যে আমাদের এখানে যাদবপুরে লেভেল ক্রসিংয়ের উপর একটা ওভারব্রীজ করার প্রয়োজন হয়েছিল। তার জন্য টাকা চাওয়ায় যেখানে আমাদের ১ কোটি টাকা দরকার, সেখানে মাত্র আপাতত ১৫ লক্ষ টাকা মঞ্জুর করেছেন। কাজ যাতে সমস্তটা না হয় তার ব্যবস্থা করেছেন। একটা লুপ লাইন করার জন্য ৬৪ কোটি টাকা দরকার। সেখানে মাত্র ১০ কোটি টাকা দেওয়া হচ্ছে। পশ্চিমবাংলায় কোথায়ও ১ লক্ষ কোথায়ও সামান্য কিছু ছিটেফোঁটা দেওয়া হচ্ছে। আর কোন পশ্চিমবাংলার উন্নয়নের কথা নাই। দীর্ঘ দিন যাবত আমরা বলে আসছি কলকাতায় পাতাল রেল হবে কিন্তু বাইরের আসেপাশের অঞ্চলের কোন সুরাহা হবে না। একথা ঠিক যে কলকাতায় যানবাহনের অনেক জটিলতা সৃষ্টি হয়েছে এবং তার জন্য পাতাল রেল দরকার এবং তার জন্য পাতাল রেল করা দরকার। কিন্তু তার আশে পাশের এলাকার জন্য যে চক্ররেলের দাবী আমরা করে আসছি, সে সম্বন্ধে রেলমন্ত্রী বলেছেন যে যতক্ষণ পর্যন্ত এই পাতাল রেল না হয় ততক্ষণ পর্যন্ত চক্ররেলের প্রশ্ন উঠে না। আবার রাষ্ট্র মন্ত্রী বলেছেন এই পাতাল রেল যদি লাভজনক না হয় তাহলে মোটেই হবে না। সবটার মধ্যেই প্রফিটিয়ারী মোটিভ। যেমন এক একজন মিল মালিক যারা রয়েছেন তাদের যেমন প্রফিনিয়ারিং বিজনেস

সম্বন্ধে চিন্তা করেন ঠিক সেই দৃষ্টিভঙ্গি বিচার করতে চাচ্ছেন যানবাহনের ক্ষেত্রেও ক্যাপিটেলিষ্ট ক্লাস যেভাবে চিন্তা করেন, সেইভাবে চিন্তা করা হচ্ছে।

[4-55—5-05 P. M.]

যান বাহনকে নো লস নো গেন হিসাবে দেখা হয়। এই হিসাবে দেখাই হচ্ছে গনতান্ত্রিক নিয়ম। কিন্তু সেই জায়গায় সেন্ট্রাল গভর্নমেন্টের রাষ্ট্রমন্ত্রী বলছেন চক্ররেল লাভ জনক হবে কিনা তার উপর নির্ভর করে চক্র রেল হবে কি হবে না, সেই ডিসিসান গ্রহণ করা হবে। এই রেল মাশুল ও ভাড়া বৃদ্ধির প্রতিবাদ বিষয়ে আমাদের হাউসের ভিন্ন মত থাকতে পারে না। পশ্চিমবংগের নাগরিক হিসাবে, পশ্চিমবংগের নাগরিকদের প্রতিনিধি হিসাবে এখানে যেসমস্ত সদস্য রয়েছেন সরকার পক্ষ এবং বিরোধী পক্ষে, তাদের সকলকেই ঐক্যবদ্ধ ভাবে এই প্রস্তাব পাশ করতে হবে এবং কেন্দ্রের কাছে দাবী করতে হবে যে পশ্চিমবাংলাকে যে ভাবে নেগলেক্ট করা হচ্ছে সেই ভাবে নেগলেক্ট করা চলবে না। আমাদের এখানে বহু সমস্যা আছে। মাননীয় সদস্য অমল রায় বললেন হাওড়া হুগলীর যোগাযোগের ব্যাপারটা দীর্ঘদিন ধরে ঝুলছে। এখানকার বহু আইন আটকে আছে। সেই সম্পর্কে কোন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না আমরা জানি বজবজ থেকে নামখানা পর্যন্ত রেললাইন যদি না হয় তাহলে গোটা দক্ষিণ ২৪ পরগনা চিরকাল পিছিয়ে পড়ে থাকবে। পাঁশকুড়া থেকে দীঘা পর্যন্ত রেল লাইন যদি না হয় তাহলে মেদিনীপুরের দক্ষিন পশ্চিমাংশ চিরকাল অবহেলিত হয়ে থাকবে। কাজেই এই আর্জেন্ট লাইনগুলি অবিলম্বে খোলা দরকার। অনেক জায়গায় ডাবল লাইন না থাকার ফলে ইঞ্জি গাড়ী যেতে পারছে না। পুরুলিয়ার সমস্ত মাননীয় সদস্যরা দাবী করেছেন হাওড়া থেকে পুরুলিয়া পর্যন্ত দ্রুতগামী ট্রেন চালু করা হোক। কাজেই এই সব জিনিসগুলি আমাদের খুব জরুরী প্রয়োজন। এই সম্পর্কিত বিষয় কেন্দ্রীয় বাজেটে সম্পূর্ণ রূপে উপেক্ষা করা হয়েছে। সুতরাং এই রেল মাশুল বৃদ্ধির বিরুদ্ধে দলমত নির্বিশেষে সকলের ঐক্যবদ্ধভাবে রুখে দাঁড়িয়ে পশ্চিমবাংলার ন্যায্য দাবীকে কেন্দ্রের কাছে তুলে ধরা দরকার। আর সেই সংগে ব্যাপকভাবে প্রচারে নামা দরকার বলে আমি মনে করি। এই কথা বলে সংযোজনীসহ এই প্রস্তাবকে পরিপূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবঙ্কিম বিহারী মাইতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় রেল ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে আমাদের দেবপ্রসাদ সরকার মহাশয় যে প্রস্তাব এনেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি। আমি মনে করি এটা পরিপূর্ণ জনস্বার্থ বিরোধী সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং নিশ্চয় এই সিদ্ধান্তের বিরোধিতা করা দরকার। কেন্দ্র যাতে এই সিদ্ধান্ত পরিত্যাগ করতে বাধ্য হয় সেই দাবী কেন্দ্রের কাছে জানানো দরকার। এটা জনমত সংগ্রহের জন্য আমরা যেমন সিদ্ধান্ত নিয়েছি তেমনি আমাদের এই সিদ্ধান্ত ভারতবর্ষের প্রতিটি রাজ্য বিধানসভার কাছে পাঠানো দরকার যে, আপনারা পশ্চিমবংগের এই সিদ্ধান্তকে সমর্থন করুন এবং কেন্দ্রের কাছে পাঠান। রেল ভাড়া বৃদ্ধির সংগে

সংগে যাত্রী সাধারণের সুবিধার কথা তারা চিন্তা করেন নি, সেই কথা অন্যান্য বক্তারা বলেছেন। আমি শুধু এইটুকু বলতে চাই, আমাদের কংগ্রেস পক্ষের বন্ধু সুব্রতবাবু যে বক্তব্য রেখেছেন সেটাও জনস্বার্থ বিরোধী কিনা একটু ভেবে দেখা দরকার। তিনি বলেছেন এই ভাড়া বৃদ্ধির মাধ্যমে রেল দপ্তরের উন্নয়ন প্রসার আরো তরান্বিত হবে। তিনি বলেছেন পৃথিবীর বহু উন্নয়নশীল দেশে রেল বিভাগ তাদের কাজের পরিধি আরো বিস্তৃত করতে পেরেছে, সেটা গৌরবের বিষয়। পৃথিবীর অন্যান্য দেশের রেল লাইন, তাদের ভাড়া বৃদ্ধি ইত্যাদি সম্পর্কিত প্রশ্ন এখানে তুলে ধরেছেন। তিনি সংগে সংগে এই কথাও বলেছেন বামফ্রন্ট সমর্থিত জনতা সরকারের সময় দুর্নীতি, স্বজন-পোষণের ফলে রেলের যে বিপুল আর্থিক ক্ষতি হয়েছে সেগুলি দূর করবার জন্যই রেল দপ্তরে ব্যবস্থা গ্রহণ করেছেন। অর্থাৎ জনতা সরকার অন্যায় করেছেন, দুর্নীতি করেছেন বলেই তারা আজকে জনস্বার্থ বিরোধী এই ভাড়া বৃদ্ধি করেছেন, এটাই তিনি বলতে চেয়েছেন।

একজন মাননীয় বিধানসভার সদস্য, বিরোধীদলের নেতা, কংগ্রেসী নেতা হিসাবে আজকে তিনি যে বক্তব্য রেখেছেন আমি মনে করি সেই বক্তব্য অত্যন্ত জনবিরোধী বক্তব্য সেই জনবিরোধী বক্তব্য রেখে তাঁরা এখান থেকে পালিয়ে গিয়েছেন, এখানে দাঁড়িয়ে বক্তৃতা দেবার মতন সাহস তাঁরা রাখেননি। জনদরদী কথা ওঁরা কি করে বলবেন? আমরা জানি, সে কথা বলার সাহস তাঁদের নেই। স্যার, আমরা দেখেছি যখন গনি খান চৌধুরী মহাশয় রেলমন্ত্রী হলেন তখন তিনি এই রেল দপ্তরের বিরুদ্ধে নানান রকমের কথা বলেছিলেন। সে সব কথা বলার জন্য তাঁর মন্ত্রীত্ব যায় যায়। যখন তাঁকে তাঁর সফর থেকে ডেকে নিয়ে যাওয়া হ'ল দিল্লীতে তখনই আমার ধারণা শ্রীমতী গান্ধীর কাছে তিনি বলেছেন, ভাড়া বৃদ্ধির প্রস্তাবে তিনি সায় দেবেন এবং সেইজন্যই আজকে তিনি ভাড়া বৃদ্ধির প্রস্তাব এনেছেন। তিনি জানেন না সাধারণ গরিব লোকরা যখন ট্রেনে চড়ে তখন কত পরিশ্রমের অর্থ দিয়ে টিকিট কেটে তারা রেলে চড়ে। তিনি প্লেনে চড়েন, তিনি জানেন না রেলযাত্রা মানুষের কাছে কি দুঃসহ যন্ত্রনাদায়ক ব্যাপার। তিনি এসব জানেন না তাই তিনি ভাড়া বৃদ্ধির প্রস্তাব করেছেন। যদি দেখতাম তিনি ভাড়া বৃদ্ধির সংগে সংগে রেলে ভ্রমন করার সুব্যবস্থা করেছেন তাহলে বুঝতাম কিন্তু তিনি তা করেন নি। সুব্রতবাবুরা বলেছেন, ৮ লক্ষ কিলোমিটার নতুন রেল পথের প্রস্তাব রাখা হয়েছে। পশ্চিমবংগে এই ৮ লক্ষের মধ্যে কত কিলোমিটার পড়ছে আমরা জানতে চাই। এই প্রসংগে স্যার, বলি, ১৯৫৯ সালে দীঘার লাইন জনতা সরকারের আমলে অনুমোদন পেয়েছিল কিন্তু আজ পর্য্যন্তও তার কাজ আরম্ভ হয়নি। তা ছাড়া হলদিয়া বন্দর পর্য্যন্ত যে রেল লাইন গিয়েছে সেই রেল লাইনের মধ্যে যতগুলি রেলষ্টেশন পড়ে তার রাস্তাগুলি করার কথা রেল দপ্তরের কিন্তু একটা রাস্তাও তারা করেন নি ফলে এই রেল লাইন অথর্ব হয়ে আছে। ফরাক্কাতে রেলমন্ত্রীর কাছে আমরা এ ব্যাপারে ডেপুটেশান দিয়েছিলাম, সেদিন সুব্রতবাবুরাও আমাদের সংগে ছিলেন তিনি বলেছিলেন এই হলদিয়া লাইনের ব্যাপারে যেসব অসুবিধা আছে সেগুলি দূর করবেন কিন্তু আজ পর্য্যন্ত তা হয়নি। এ সম্বন্ধে তিন মাস আগে তাঁর কাছে চিঠিও লিখেছি কিন্তু তারও উত্তর আসে নি। স্যার, এ

ছাড়া মেছেদা লাইন থেকে লক্ষ লক্ষ টাকা রেলের আয় হয় কারণ ওখান থেকে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে পান চালান যায়। সেই পান চালানের ব্যাপারে বিভিন্ন অসুবিধার কথাও তাঁকে লিখেছিলাম কিন্তু তারও উত্তর আসে নি। স্যার, মেছেদায় সন্ধ্যা ৭ টার পর কোন যাত্রী যদি অসুবিধায় পড়েন তাহলে তার থাকবার কোন ব্যবস্থা নেই। এই যেখানে অবস্থা সেখানে আবার তারা ভাড়া বৃদ্ধির প্রস্তাব করছেন, সুব্রতবাবুরা বলছেন, জনহিতকর কাজ তাঁরা করছেন, একথাটা কি করে তাঁরা বললেন জানি না।

[5-05—5-16 P. M.]

আমি মনে করি যে এই জনস্বার্থ বিরোধী যে কাজ করেছেন এবং আমাদের দেবপ্রসাদ সরকার তার বিরুদ্ধে যে প্রস্তাব এনেছেন এবং সুমন্তবাবু সংশোধনী হিসাবে যে প্রস্তাব দিয়েছেন তাকে পূর্ণ সমর্থন করছি এবং সংগে সংগে এই প্রস্তাব দিল্লীতে পাঠাবার জন্য অনুরোধ করছি এবং সংগে সংগে এই প্রস্তাব যাতে অন্যান্য প্রদেশে যায় যদি কোন আইনগত বাধা না থাকে, তার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানিয়ে এবং প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রস্তাবের সমর্থনে মাননীয় সদস্যরা তাদের বক্তব্য রেখেছেন। আমি প্রথমে মাননীয় সদস্য সুমন্ত হীরা মহাশয় যে সংশোধনী এখানে উত্থাপন করেছেন, আমি সেটা সমর্থন করে নিচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য নীহার বাবু যে কথা বলেছেন যে, শুধু মাত্র এখান থেকে আমরা সর্বদলীয় প্রস্তাব গ্রহণ করার মধ্যে দিয়ে সমস্যার সমাধান করতে পারবো না, একথা ঠিক। কারণ অতীতের নজির আমাদের সামনে আছে, শুধু মাত্র প্রস্তাবের ভিত্তিতে কেন্দ্রীয় সরকার তার কাজের নীতি থেকে সরে আসেনি। ফলে এবারেও তার পুনরাবৃত্তি ঘটবে না এই সম্পর্কে আলাদা কিছু ভাবা যায় না। ফলে স্বাভাবিক ভাবেই এই প্রস্তাব গ্রহণ করার সংগে আজকে বিধান সভার বাইরে এর বিরুদ্ধে ব্যাপক জন মত গড়ে তোলা দরকার, ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শুধু এই রেলের ভাড়া এবং মাশুল বৃদ্ধির প্রশ্ন নয়। আজকে কেন্দ্রীয় সরকার যেভাবে এক বছরের মধ্যে একটার পর একটা বোঝা মানুষের উপর চাপিয়ে দিলেন সেটা অত্যন্ত মারাত্মক। আমরা দেখেছি, সদ্য যে বাজেটে সেই বাজেটের মধ্যে ৭১৬ কোটি টাকা নুতন ট্যাক্স দেশের মানুষের উপর চাপিয়ে দেওয়া হল। আমরা দেখেছি প্রাক-বাজেট ঘোষণা হিসাবে ডাক তার মাশুল বাবদ ৭০ কোটি টাকার মত চাপালেন। আমরা দেখেছি যে কেরোসিন তেল, ডিজেলের দাম বাড়িয়ে তারা আরো ১৫শত ৫৮ কোটি টাকার মত চাপালেন এছাড়াও ঘাটতি বাজেট তারা যেটা ঘোষণা করেছেন সেটাতো আছেই, তার সংগে যুক্ত হল এই রেলের ভাড়া বাবদ বাড়তি মাশুল। এই ঘাটতি বাজেট মানে তারা নোট ছাপাবেন এবং মুদ্রাস্ফীতি হবে। অর্থাত সর্ব-সাকুল্যে ৫ হাজার কোটি টাকার মত গোটা দেশের মানুষের উপর তারা এক বছরের মধ্যে

চাপিয়ে দিলেন। ফলে স্বাভাবিক ভাবে এর এ্যাডভার্স রিএ্যাকশান এবং স্পাইরাল এফেক্ট কি হবে সেটা আমরা অনুমান করতে পারি। এসব বুঝেও তারা দেশের মানুষের উপর এটা চাপিয়ে দিলেন। আমরা দেখছি যে আই. এম, এফ থেকে তারা নির্লজ্জ, অবমাননাকর শর্তে লোন নিচ্ছেন। এটাও জনজীবন বিপর্যস্ত করে তুলবে এবং তার উপরেও আবার ঘটেতি বাজেট। ফলে সমস্ত জিনিসটা একটা জিনিসকে ইনডিকেট করে, সেটা হচ্ছে যে আজকে ভারতবর্ষে পুঁজিবাদের সংখ্যা কোন পর্য্যায়ে গিয়ে দাঁড়িয়েছে এবং এটাও সেই পুঁজিবাদের ডিফেণ্ডার হিসাবে ভারতবর্ষরে সর্ববৃহত দল, ইন্দিরা কংগ্রেসের সরকার কি ভাবে জনগণের উপর এই সংকটের বোঝা ক্রমাগত ভাবে বছরের পর বছর চাপিয়ে চলেছেন। শুধু রেলওয়ে বাজেট নয়, আজকে ঘাটতি বাজেট থেকে, কেরোসিন তেল, ডিজেল, প্রাক বাজেট থেকে আরম্ভ করে সমস্ত দিক থেকে মানুষের উপর যে আক্রমন নেমে এসেছে তার বিরুদ্ধে সর্বভারতীয় ভিত্তিতে সমস্ত বাম এবং গণতান্ত্রিক দলগুলির ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলা দরকার। আমাদের যদি রিয়েল ফিলিং থাকে, যদি এর হাত থেকে মানুষকে মুক্ত করতে চাই তাহলে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলা দরকার। এই প্রসংগে আমি বলবো, আমাদের শ্রদ্ধেয় নেতা, সর্বভারতীয় সাধারণ সম্পাদক কমরেড নীহার মুখার্জী, তিনি ভারতবর্ষের সমস্ত বাম এবং গণতান্ত্রিক দলগুলির কাছে আবেদন জানিয়েছেন এর বিরুদ্ধে সারা দেশজুড়ে এক ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার জন্য। আমি মনে করি আজকের এই প্রস্তাব গ্রহণের মাধ্যমে আমাদের ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার ক্ষেত্রে একটা জমি সৃষ্টি করলো। মাননীয় সদস্য অমলেন্দ্র রায় মহাশয় খুব যথার্থ ভাবে বলেছেন। আজকে কংগ্রেস সদস্যরা যে ভাবে এই প্রস্তাবের সময়ে বেরিয়ে গেলেন তার কারণ তিনি ব্যাখ্যা করেছেন।

আজকে এই প্রবলেমটা এ্যাকিউট এবং ডিমাণ্ড জাষ্টিফায়েড, সেই কারণে কংগ্রেস (ই) সদস্যরা এবিষয়ে এখানে আলোচনা করবার সাহস পেলেন না, তাই তাঁরা এখান থেকে বেরিয়েগেলেন। তাঁদের মুখ নেই যে, তাঁরা বাড়তি ভাড়া এবং মাশুল বৃদ্ধিকে সমর্থন করতে পারেন। এই প্রসংগে যথার্থভাবেই নীতিহীন রাজনীতির কথা উঠছে। নীতিহীন রাজনীতি আজকে ভারতবর্ষের জনজীবনে মারাত্মক সমস্যা সৃষ্টি করেছে। নীতিহীন রাজনীতি, যখন যেমন তখন তেমন নীতি গণ-আন্দোলন এবং জনজীবনে মারাত্মক প্রতিক্রিয়া সৃষ্টি করছে। সুতরাং চালাকির রাজনীতি দিয়ে যথার্থ বামপন্থী গণতান্ত্রিক আন্দোলন গড়ে তোলা যায় না। তাই আমি স্বাভাবিকভাবেই আশা করব যে, মাননীয় সদস্যরা আজকে যেমন ন্যায়সংগতভাবে এই প্রস্তাবকে সমর্থন করেছেন তেমন অন্যান্য বিষয় গুলিও চিন্তা করবেন এবং সমর্থন করবেন। যেমন বর্দ্ধিত রেল ভাড়া ও মাশুল সমর্থন করা যায় না, তেমন ট্রাম ভাড়া, বাস ভাড়া বৃদ্ধির কথাও চিন্তা করবেন। রেল ভাড়ার ক্ষেত্রে জনজীবনের দুর্দশার কথা চিন্তা করে যে যুক্তি গুলি এখানে সবাই স্বীকার করেছেন এবং আমরা এক মত হয়েছি, সেই একই যুক্তিতে ট্রাম ভাড়া এবং বাস ভাড়া বৃদ্ধিকে সমর্থন করা যায় না। ট্রাম ভাড়া, বাস ভাড়া বৃদ্ধি করে এই সরকার যে, জনজীবনে দুর্দশা নামিয়ে

এনেছেন, একথা নিশ্চয়ই কেউ অস্বীকার করতে পারবেন না। নৈতিক দিক দিয়ে ঐসমস্ত ভাড়া বৃদ্ধিকেও সমর্থন করবেন না। সুতরাং আমি আশা করব আগামী দিনে বামফ্রন্ট বাস ট্রামের ভাড়া বৃদ্ধির যে সিদ্ধান্ত নিয়েছেন সে সিদ্ধান্ত প্রত্যাহার করবেন। সামঞ্জস্যহীন রাজনীতি, নীতিহীন রাজনীতি আজকে বামপন্থী আন্দোলনকে বিষাক্ত করে দিচ্ছে। আমি মনে করি বামফ্রন্ট ট্রাম বাসের ভাড়া বৃদ্ধির প্রস্তাব প্রত্যাহার করে নিজেদের সততার প্রমান দেবেন।

আজকে আমার এই প্রস্তাবকে যাঁরা সমর্থন করেছেন তাঁদের সাধুবাদ জানিয়ে শ্রীসুমন্ত কুমার হীরা মহাশয়ের সংশোধনীটি গ্রহন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Sumanta Kumar Hira that—

(i) before the words "সদ্য ঘোষিত'; "the words" এই সভা গভীর উদ্বেগ ও ক্ষোভের সঙ্গে লক্ষ্য করছে be added.

(ii) the word "যেহেতু" wherever it occurs in the motion, be deleted,

was then put and agreed to.

The motion of Shri Deba Prasad Sarkar as amended that—

"এই সভা গভীর উদ্বেগ ও ক্ষোভের সঙ্গে লক্ষ্য করছে—সদ্য ঘোষিত রেল বাজেটের মাধ্যমে যাত্রী ভাড়া বৃদ্ধি ও মাশুল বৃদ্ধি বাবদ কেন্দ্রীয় সরকার রাজ্যের জনগণের ওপর ৪৮৮ কোটি ৯০ লক্ষ টাকার বাড়তি বোঝা চাপিয়ে দিয়েছেন ;

১৯৮০ সালের জুন মাস থেকে এ পর্যন্ত কেন্দ্রীয় সরকার পাঁচ বার রেলের ভাড়া ও মাশুল বৃদ্ধি করেছেন ;

এই ভাড়া ও মাশুল বৃদ্ধির বেশীর ভাগ বোঝাটাই মধ্যবিত্ত এবং অপেক্ষাকৃত কম আয়ের যাত্রীদেরই বহন করতে হবে ;

বছরের পর বছর রেলের ভাড়া ও মাশুল বৃদ্ধি সত্ত্বেও অনিয়মিত ট্রেন চলাচল থেকে শুরু ক'রে রিজার্ভেশন নিয়ে দুর্নীতি, বিশৃঙ্খলা, ডাকাতি, দুর্ঘটনা—সমস্ত দিক থেকে রেলযাত্রীদের স্বাচ্ছন্দ্য ক্রমশঃ অবনতির দিকে ;

ক্রমবর্ধমান মুদ্রাস্ফীতি, সমস্ত নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের আকাশ ছোঁয়া মূল্যবৃদ্ধি ও করের বোঝায় জনগণের ক্রয়ক্ষমতা নিঃশেষিত ;

রেল দপ্তর থেকে কেন্দ্রীয় সরকারের উদ্বৃত্ত আয় হয় ;

রেল পরিবহণ একটি অত্যাবশ্যকীয় জনসেবামূলক ব্যবস্থা ;

এবং উল্লিখিত অবস্থার পরিপ্রেক্ষিতে নব পর্যায়ে রেলের ভাড়া ও মাশুল বৃদ্ধি জনজীবনের ওপর চরম আর্থিক দুর্গতি নিয়ে আসবে এবং এর অনিবার্য পরিণতি হিসাবে জিনিসপত্রের দাম আরও বৃদ্ধি পেয়ে জনজীবনকে দুর্বিষহ ক'রে তুলবে ;

সুতরাং এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছে যে, জনগণের স্বার্থে সদ্য ঘোষিত রেল বাজেটে বর্ধিত ভাড়া ও মাশুল বৃদ্ধির প্রস্তাব অবিলম্বে প্রত্যাহার ক'রে নেওয়া হোক।'

was then put and agreed to.

## SIXTEENTH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

**Mr. Speaker :** The Business Advisory Committee recommended the revised programme of Business for the 7th March, 1983 and Pregramme of Business from the 8th March, 1983 to 10th March, 1983.

Monday, 7.3.1983 (i) The Calcutta Tramways (Amendment) Bill, 1983 (Introduction, Consideration and Passing) **2 hour.**

(ii) The Bengal, Agra, and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1983 (Introduction, consideration and Passing) **1 hour**

Tuesday, 8-3-1983 (i) (a) The Rabindra Bharati (Amendment) Bill, 1983 (Introduction)

(b) Discussion on Statutory Resolution—Notice given by Shri Kashinath Misra

(c) The Rabindra Bharati (Amendment) Bill, 1983 (Consideration and Passing—**1 hour.**

(ii) (a) The Jadavpur University (Amendment) Bill, 1983 (Introduction)

(b) Discussion on Statutory Resolution—Notice given by Shri Kashinath Misra

(c) The Jadavpur University (Amendment) Bill, 1983 (Consideration and Passing)—**1hour**

(iii) The West Bengal Co-operativc Societies Bill, 1982 as reported by the Select Committee (Consideration and Passing)—**2 hours.**

Wednesday, 9-3-1983 : The West Bengal Co-operative Societies Bill, 1982 as reported by the Select Committee (Consideration and Passing)—**2 hours.**

Thursday, 10-3-1983 : TheWest Bengal Co-operative Societies Bill, 1982 as reported by the Select Committee (Consideration and Passing)—**2 hours.**

The Minister in-charge of Parliamentary Affairs will now move this motin for adoption.

**শ্রীপতিত পবন পাঠক ঃ** কার্য্য উপদেষ্টা কমিটির ষোড়শতম প্রতিবেদন গ্রহনের জন্য আমি এই সভায় উৎথাপন করছি।

**মিঃ স্পীকার ঃ** আশাকরছি এই প্রস্তাবে কারোও কোন আপত্তি নেই। প্রস্তাবটি গৃহীত হলো।

**Adjournment**

The House was then adjourned at 5-16 p.m, till 1 p.m. on Monday, the 7th March, 1983.

**Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 7th March, 1983 at 1 P.M.

**Present**

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 11 Ministers, 14 Ministers of State and 131 Members.

[1-00—1-10 P.M.]

# OBITUARY

**Mr. Speaker :** Before I take up the business of the day, it is my melancholy duty to refer to the sad demise of Shri Bhanu Bandopadhyay, Smt. Giribala Debi and Smt. Kabita Sarkar.

**Shri Bhanu Bandoyadhyay—a noted comedian**

Shri Bhanu Bandopadhyay, a noted comedian of the Bengali screen and stage died of heart attack in Calcutta on the 4th March, 1983 at the age of 62.

He was born in Dacca in 1920 and was a student of Dacca University. Shri Bandopadhyay's first experience of acting was in Recreation Clubs and College and University socials. In 1941 he came to Calcutta and came in contact with film world. He acted in more than 300 films mainly as a comedian. He also produced the only film "Kanchanmulya".

He was also associated with stage and Jatra. He left behind the host of fans and admirers.

**Smt. Giribala Debi**

Smt. Giribala Debi, a well known author died on 2-3-83 in Calcutta at the age of 90. Smt. Giribala Debi wrote many novels, short stories and articles. She was awarded "Leela Puraskar" in 1983 by the Calcutta University for her novel "Raibari".

The passing away of Smt. Giribala Debi has left a void in the literary field in this region.

**Smt. Kabita Sarkar**

Smt. Kabita Sarkar, a noted Critic on Films died in Delhi on the 2nd March, 1983.

Smt. Sarkar was a member of Film Censor Board and several other official Films Committees. She was the author of two books namely "Indian Cinema To-day" and "You Can't Please Everyone". She adopted Kabita Sarkar as her pen name, her actual name being Rita Ray.

Now I request the Hon'ble members to rise on their seats for two minutes as a mark of respects to the departed souls.

(At this stage honourable members stood in silence for two minutes)

Thank you, ladies and gentlemen. Secretary will kindly send the messages of condolence to the members of the bereaved families.

## STARRED QUESTIONS

**( To which oral answers were given )**

**মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকা ও অশিক্ষক কর্মচারীদের বেতন**

*১৩৬। ( অনুমোদিত প্রশ্ন নং *১৩৪। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, এ রাজ্যের মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকা ও অশিক্ষক কর্মচারীদের মাসের পয়লা তারিখে বেতন প্রদানের সিদ্ধান্তটি কতটা কার্যকর হয়েছে ?

**শ্রীকান্তি বিশ্বাস ঃ** আংশিক। বিভিন্ন সময়ে এই অংশের হ্রাস বৃদ্ধি ঘটে।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি এই সিদ্ধান্ত পূর্ণাঙ্গভাবে কার্যকরী করার পথে অন্তরায় কি এবং এই অন্তরায় দূর করার জন্য আপনার সরকার কি ব্যবস্থা নিয়েছে ?

**শ্রীকান্তি বিশ্বাস ঃ** এই ব্যবস্থার মাধ্যমে শিক্ষকদের বেতন দেবার কিছু অসুবিধা এবং জটিলতার সৃষ্টি হচ্ছে তার কারণ হচ্ছে ব্যাঙ্কের নিয়ম-কানুন। আমরা আশা করছি সময়টা কমানো যাবে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি আংশিক বললেন কিন্তু যে সব গ্রামে কোন ব্যাঙ্ক নেই সেখানে এই আংশিক বলতে কতখানি বুঝাচ্ছেন ?

**শ্রীকান্তি বিশ্বাস ঃ** এলাকার ভিত্তিতে হয়না। কোন জায়গায় দেখা গেছে মাসের ১ তারিখে পেয়ে গেছে, আবার অনেক সময় দেখা গেছে ব্যাঙ্ক-এলাকার শিক্ষকদের বেতন পেতে দেরী হয়েছে। কোন সময় নির্দিষ্ট নেই।

**শ্রীশীশ মহম্মদ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে প্রতি বছর মার্চ মাসের বেতন জুন মাসে পাওয়া যায়—এর কারণটা কি ? শিক্ষক-কর্মচারীরা প্রতি বছরই মার্চের বেতন এপ্রিল মাসে পাচ্ছেন।

**শ্রীকান্তি বিশ্বাস ঃ** আপনারা যেটা বলছেন যে মার্চের বেতন জুনে পাওয়া যায় এটা ঠিক নয়। দুই একটি ক্ষেত্রে অবশ্য ব্যতিক্রম হতে পারে। যেহেতু মার্চ মাসে এ্যাপ্রোপ্রিয়েশন বিল পাশ হয় সেই কারণে কোন কোন জায়গায় মার্চের বেতন এপ্রিলে পেয়েছে। কিন্তু জুন মাস পর্যন্ত বিলম্ব কখনই হয়নি।

## আবগারী কর

***১৩৭।** ( অনুমোদিত প্রশ্ন নং *১৮০।) **শ্রীকৃষ্ণধন হালদার ঃ** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে বিভিন্ন আবগারী কর হইতে রাজ্য সরকারের মোট কত আয় হইয়াছে ; এবং

(খ) তন্মধ্যে, কত টাকা আবগারী বিভাগের ব্যবস্থাপনায় খরচ হইয়াছে ?

**শ্রীবিমলানন্দ মুখার্জী ঃ** (ক) এবং (খ) ১৯৮২-৮৩ আর্থিক বৎসর এখনও শেষ না হওয়ায় এই প্রশ্নগুলির উত্তর দেওয়া সম্ভব নয়।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—রাজ্যের আবগারী বিভাগের বিভিন্ন আবগারী কর বাবদ আজ পর্যন্ত আপনাদের কাছে যে হিসাব আছে তাতে বকেয়া করের পরিমান কত ?

**শ্রীবিমলানন্দ মুখার্জী ঃ** এর কোন হিসাব আমার কাছে নেই। প্রয়োজনে নোটিশ চাই। তবে পশ্চিমবঙ্গের মহাগাণনিকের হিসাব অনুসারে ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ সালে আবগারী কর হইতে সরকারের মোট আয় হইয়াছে যথাক্রমে ৫১,৭৫,২৮০০০ টাকা এবং ৫৮,০৬,১৫,৩৮৩ টাকা। এই বছর অর্থাৎ ১৯৮২-৮৩ সালের জানুয়ারী পর্যন্ত বিভাগীয় হিসাব অনুসারে ৪৮,৯৫,৯৫,৯৪৯ টাকা বিভিন্ন আবগারী কর হইতে আয় হইয়াছে যাহা পরবর্তী বছরের ঐ সময়ের বিভাগীয় হিসাব অনুযায়ী আয় হইতে ৫,৯৪,৬৫,০২৫ টাকা বেশি। কাজেই আনন্দবাজারে যে সংবাদ বেরিয়ে ছিল তা ঠিক নয়।

[1-10—1-20 P.M.]

**শ্রীকৃষ্ণধন হালদার ঃ** আমার যেটা প্রশ্ন ছিল সেটা হলো ১৯৮২-৮৩ সালে বিভিন্ন আবগারী কর হইতে রাজ্য সরকারের মোট কত আয় হইয়াছে ?

**শ্রীবিমলানন্দ মুখার্জী ঃ** আমি তো বলে দিয়েছি যে ১৯৮০-৮১ আবগারী কর হইতে সরকারের মোট আয় হইয়াছে ৫১ কোটি ৭৫ লক্ষ ২৮০০০ টাকা এবং ১৯৮১-৮২ সালে সরকারের আয় হইয়াছে ৫৮ কোটি ০৬ লক্ষ ১৫ হাজার ৩৮৩ টাকা। এই বৎসর অর্থাৎ ১৯৮২-৮৩ সালের জানুয়ারী পর্যন্ত বিভাগীয় হিসাব অনুযায়ী ৪৮ কোটি ৯৫ লক্ষ ৯৫ হাজার ৯৪৯ টাকা বিভিন্ন আবগারী কর হইতে আয় হইয়াছে যাহা পূর্ববর্তী বৎসরের ঐ সময়ের বিভাগীয় হিসাব অনুযায়ী আয় হইতে বেশী।

## খরাপীড়িত জেলায় পশুপালন প্রকল্প

*১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৭।) **শ্রীঅনিল মুখার্জী ঃ** পশুপালন ও পশু-চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বর্তমান তীব্র খরার পরিপ্রেক্ষিতে পশুপালন বিভাগ খরাপীড়িত জেলায় কি কি প্রকল্প গ্রহণ করেছেন ও ঐ বাবদ আজ পর্যন্ত কত টাকা খরচ করেছেন ; এবং

(খ) বেকার যুবকদের ক্ষেত্রে পশুপালন বিভাগ কিভাবে সাহায্য ক'রে থাকেন ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** (ক) খরাপীড়িত এলাকায় গো-খাদ্য সরবরাহের জন্য (ছাউনী স্থাপন) ক্যাটল ক্যাম্প, গো-খাদ্য খড় বিচালী, খইল ও সুষম খাবার সরবরাহ, মিনিকিট সরবরাহ ইত্যাদি কর্মপ্রকল্প গ্রহণ করা হয়েছে। এ বাবদ খয়রাতি সাহায্য হিসাবে মোট ১,১৭,৯৩,৬০০ শত টাকা বরাদ্দ করা হয়েছে। ইহা ছাড়া বিনামূল্যে পশু চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। এই বাবদ ২৪,৫০,০০০ টাকা বরাদ্দ করা হয়েছে।

(খ) বেকার যুবক বিশেষ করে ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী ক্ষেত মজুর, উপজাতি ও তফশিলী সম্প্রদায় ভুক্ত লোকদের অনুদান, ব্যাঙ্ক ঋণের সহায়তায় মুরগী, ছাগল, শূকর, মেষ, গাভী ইত্যাদির খামার স্থাপনের দ্বারা আয়ের সুযোগ করে দেবার জন্য নিম্নোক্ত প্রকল্প চালু আছে।

(১) বিশেষ পশুপালন প্রকল্প।

(২) উপজাতি উন্নয়ণে বিশেষ পশুপালন প্রকল্প।

(৩) তফশিলী সম্পদায় উন্নয়ণে বিশেষ পশুপালন প্রকল্প।

(৪) সার্বিক গ্রামীন উন্নয়ণ প্রকল্প।

(৫) অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্প।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী যে বললেন গরুদের জন্য এবং পশুদের জন্য সাহায্য করা হইয়াছে। এই গুলি কোথায় সুরু করেছেন এবং খয়রাতি সাহায্য কি কি হারে এবং কোথায় কোথায় করেছেন মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** তীব্র খরার জন্য যেখানে ক্যাটেল ক্যাম্প স্থাপন করা হয়েছে সেই জেলাগুলি হলো বাঁকুড়ায় ১২টি, পুরুলিয়ার ২০টি এবং মেদনীপুর জেলায় ৬টি মোট ৩৮টি ক্যাটেল ক্যাম্প স্থাপন করা হয়েছে। তা ছাড়া প্রশ্ন করা করা হয়েছে যে জেলায় জেলায় কত টাকা দেওয়া হয়েছে। বর্ধমান জেলায় ৬,০২,০০০.০০ টাকা খয়রাতি সাহায্য করা হয়েছে। ২৪-পরগনায় ৬,০২,০০০.০০ টাকা খয়রাতি পশু খাদ্য বাবদ দেওয়া হয়েছে। হুগলী জেলায় ১,৭২,০০০.০০ টাকা, মেদিনীপুর জেলায় ১৬,৪৫,০০০.০০ টাকা খয়রাতি পশু খাদ্য বাবদ দেওয়া

হয়েছে, এর মধ্যে ছাউনি স্থাপনের জন্য অর্থ বরাদ্দ করা হয়েছে, ৮৬,৪০০.০০ টাকা দেওয়া হয়েছে। পুরুলিয়া জেলায় ২১,৪৫,০০০.০০ টাকা পশু খাদ্য বাবদ খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে এবং এর মধ্যে ছাউনি স্থাপনের জন্য ৬,৪৮,০০০.০০ টাকা দেওয়া হয়েছে। বীরভূম জেলায় ১৩,৪৪,০০০.০০ টাকা, মালদাহ জেলায় ১,২৯,০০০.০০ টাকা, পশ্চিমদিনাজপুর জেলায় ৪,২৯,০০০.০০ টাকা, মুর্শিদাবাদ জেলায় ৬,২৯,০০০.০০ টাকা, নদীয়া জেলায় ৭,৫৮,০০০.০০ টাকা পশু খাদ্য বাবদ খয়রাতি সাহায্য করা হইয়াছে। বাঁকুড়া জেলায় ২১,৪৫,০০০.০০ টাকা পশু খাদ্য বাবদ খয়রাতি সাহায্য করা হইয়াছে এবং এর মধ্যে ছাউনি স্থাপনের জন্য ২,৫১,২০০.০০ টাকা দেওয়া হয়েছে। সব মিলিয়ে মোট পশু খাদ্য বাবদ খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে ১ কোটি ৬ লক্ষ টাকা সাহায্য করা হইয়াছে এবং এর মধ্যে ছাউনি স্থাপনের জন্য ৯ লক্ষ ৯৩ হাজার ৬ শো টাকা দেওয়া হয়েছে। এ ছাড়া মিনিকিট সরবরাহ করা হইয়াছে ৫০ হাজার টাকার এবং যাতায়াত ও অন্যান্য বাবদ ১ লক্ষ ৫০ হাজার টাকা খরচ হয়েছে। মোট খরচ হয়েছে ১,১৭,৯৯,৬০০ টাকা।

খরাপীড়িত এলাকাগুলিতে রাজ্যসরকারের পক্ষ থেকে খড়, বিচালি প্রভৃতি গোখাদ্য সরবরাহ করা হচ্ছে। এই সরবরাহ বিশেষ করে করা হচ্ছে বাঁকুড়া, মেদিনীপুর জেলাগুলিতে। এখানে ১২টি, ২০টি এবং ৬টি, মোট ৩৮টি শিবিরে গোখাদ্য সরবরাহের উদ্দেশ্যে ক্যাটল কাম্প করা হয়েছে। সেখানে প্রতিদিন ৩০০ গরু, বাছুর খাদ্যাভাবে ভুগছে তাদের মধ্যে পশুখাদ্য দেওয়ার জন্য ছাউনি করা হয়েছে। প্রতি গরু এবং বাছুরের জন্য বরাদ্দ আছে যথাক্রমে ২ কেজি বিচালী এবং ২৫০ গ্রাম করে কনসেনট্রেটেড ফিড। এগুলি সেখান থেকে বিনামূল্যে সরবরাহ করা হয়ে থাকে। ক্যাটল ক্যাম্পগুলিতে আমাদের যে সমস্ত ভেটেনারী ডাক্তারবাবুরা আছেন তাঁরা লক্ষ রাখেন কোন গরু রোগগ্রস্ত আছে। তাঁরা সেই সমস্ত পশুকে বিনামূল্যে চিকিৎসা করে থাকেন। এছাড়া একটা নতুন স্কীম আছে, যেখানে পুকুর, দিঘী একটু ছায়া আছে সেখানে ৩০০ গরুকে খাবার দেওয়ার ব্যবস্থা আছে। গরু বাছুরগুলির মধ্যে কাদের এই প্রকল্পের মধ্যে আনা হবে সে ব্যাপারে নির্দিষ্ট এলাকার পঞ্চায়েত সমিতি, জেলাপরিষদ নির্বাচন করে দেন গ্রামের কোন কোন মানুষের অবস্থা খারাপ, গরু, বাছুর পালন করতে পারছেন না। সেই সিলেকসানের ভিত্তিতেই এই সেবা ব্যবস্থা নেওয়া হয়ে থাকে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই প্রকল্পের মধ্যে যে সমস্ত বেকার যুবক, বিশেষ করে তপশীল সম্প্রদায়ের বেকার যুবক আছেন, তাঁদের কতখানি আর্থিক সাহায্য বা কতখানি সাবসিডি দেওয়ার ব্যবস্থা করেছেন? ঐ সমস্ত বেকার যুবকদের জন্য ঋণ দেওয়ার ব্যাপারে গ্রামীন উন্নয়ন এই প্রকল্পে সার্বিক ভূমিকাই বা কি?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** আপনি দয়া করে নোটিশ দেবেন, পরে জানাব।

**শ্রীহাজারি বিশ্বাস ঃ** বর্ত্তমান বামফ্রন্ট সরকার পশুপালনের ব্যাপারে যে সমস্ত প্রকল্প গ্রহণ করেছেন, বিগত সরকারের আমলে তাঁরা কি এই ধরণের প্রকল্প গ্রহণ করতেন ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** এই ধরণের তুলনামূলক আলোচনা বা উত্তর দেওয়া আমার পক্ষে সম্ভব নয়।

**শ্রীসরল দেব ঃ** এই ধরণের প্রকল্প বা ক্যাম্প অন্যান্য যে সমস্ত জেলাগুলিতে করা হয় নি সেখানে সম্প্রসারিত করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** এই ধরণের প্রকল্প ২৪ পরগণা জেলাতেও আছে। মাননীয় সদস্যদের কাছে অনুরোধ, অনুগ্রহ করে আপনারা পঞ্চায়েত বা জেলাপরিষদগুলি মারফত প্রস্তাব আমার কাছে পাঠান, যেখানে এখনও হয়নি সেখানে করা যাবে। এখনও আমার হাতে টাকা আছে।

## শিলাবতী-কংসাবতী খালের উপর সেতু

*১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৬।) **শ্রীগোপাল মণ্ডল ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দাসপুর-নাড়াজোল রাস্তার উপর শিলাবতী-কংসাবতী সংযোগকারী খালের উপর সেতু নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহার নির্মাণকার্য আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ** (ক) এবং (খ) কাঁকী নদীর উপর একটি সেতুসহ দাসপুর-নাড়াজোল রাস্তার আর্থ প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছে। যখন যেমন অর্থ সঙ্কুলান করা যাচ্ছে সেমত প্রকল্পটির কাজ চলছে। আশা করা যায় সেতুটি নির্মানের প্রাথমিক কাজ ১৯৮৩-৮৪ সালের আর্থিক বৎসরে শুরু করা যাবে। অবশ্য কাজ আরম্ভ করা আর্থিক আনুকূল্যের উপর নির্ভর করছে।

**শ্রীসুমন্তকুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এখানে আগামী আর্থিক বছরের যে বাজেট আসছে, তার মধ্যে উক্ত সেতুটি নির্মাণের জন্য কোন প্রভিসান রাখছেন ?

**শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ** না মোটেই নয়।

## মুর্শিদাবাদ জেলার লালবাগে ইউথ হোস্টেল

*১৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৯।) **শ্রীমতী ছায়া ঘোষঃ** যুবকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার লালবাগ মহকুমায় ইউথ হোস্টেল তৈরী করতে কত টাকা বরাদ্দ করা হয়েছিল ,

(খ) উক্ত বরাদ্দকৃত টাকার কত খরচ করা হয়েছে ;

(গ) উক্ত হোস্টেলের জন্য কর্মী নিয়োগ করা হয়েছে কি ; এবং

(ঘ) নিয়োগ করা হয়ে থাকলে, কি পদ্ধতিতে নিয়োগ করা হয়েছে ?

[1-20—1-30 P.M.]

**শ্রীসুভাষ চক্রবর্তীঃ** (ক) ১২,৪৫,০০০ টাকা।

(খ) সমস্ত টাকাই খরচ হইয়াছে।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

**শ্রীঅনিল মুখার্জীঃ** মুর্শিদাবাদ জেলায় লালবাগ মহকুমায় আর কোন জায়গায় হোষ্টেল করছেন কি ?

**শ্রীসুভাষ চক্রবর্তীঃ** মুর্শিদাবাদ জেলায় আপাতত কোন পরিকল্পনা নেই তবে ফরাক্কায় এই ব্যাপারটি বিবেচনাধীন আছে।

**শ্রীসরল দেবঃ** আগে হোষ্টেলে কর্মী নিয়োগ না করে চালাচ্ছেন কি করে ?

**শ্রীসুভাষ চক্রবর্তীঃ** হোষ্টেলটি এখনো আনুষ্ঠানিক উদ্বোধন হয়নি।

**শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ঃ** হোষ্টেলটি ওপেন করতে কত দেরী হবে ?

**শ্রীসুভাষ চক্রবর্তীঃ** এইটা সবে তৈরী হয়েছে। একটু সময় সুযোগকরে করে দেব।

## মাধ্যমিক বিদ্যালয়ে তফসিলী জাতি ও উপজাতি ছাত্রছাত্রীদের ভর্তির ক্ষেত্রে আসন সংরক্ষণ

*১৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৩।) **শ্রীশীশ মহম্মদ**ঃ শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রী ভর্তির ক্ষেত্রে তফসিলী জাতি ও উপজাতি ছাত্রছাত্রীদের আসন সংরক্ষিত আছে কিনা; এবং

(খ) থাকিলে, তাহার শতকরা হার কত?

**শ্রীকান্তি বিশ্বাস ঃ** (ক) হ্যাঁ। তবে শুধু গভর্নমেণ্ট স্পনসর্ড সরকারী বিদ্যালয় ক্ষেত্রে এই আদেশ বহাল আছে।

(খ) তপশীল জাতি ছাত্রছাত্রীদের জন্য শতকরা ১৫ শতাংশ এবং তপশীল উপজাতি ছাত্র-ছাত্রীদের জন্য শতকরা ৫ শতাংশ আসন সংরক্ষণের ব্যবস্থা আছে।

**শ্রীশীশ মহম্মদ ঃ** গভর্নমেণ্ট স্পনসর্ড স্কুলগুলিতে তপশীলি জাতি এবং উপজাতির আসন সংরক্ষণের ব্যবস্থা আছে কিন্তু ভবিষ্যতে যতগুলিতে গভর্নমেণ্ট স্পনসর্ড স্কুল নেই সেগুলিতে তপশীলি জাতি এবং উপজাতির আসন সংরক্ষণের কোন চিন্তা করছেন কিনা?

**শ্রীকান্তি বিশ্বাস ঃ** বেসরকারী যতগুলি ইস্কুল আছে সেখানে তপশীলি জাতি এবং উপজাতির আসন সংরক্ষণের কোন সমস্যা দেখা দেয়নি। এই নিয়ে আমার কাছে কোন সমস্যা আসেনি।

**শ্রীকৃষ্ণধন হালদার ঃ** মিড সেস্যানে যেসব কর্মচারী ট্রান্সফার হন তাদের ছেলেমেয়েরা যাতে এক জায়গা থেকে আরেক জায়গায় ভর্তি হতে পারে তারজন্য কোন চিন্তা ভাবনা করছেন কি?

**শ্রীকান্তি বিশ্বাস ঃ** মাননীয় সদস্যের সাপ্লিমেণ্টারি কোশ্চেন মূল প্রশ্নের সঙ্গে সম্পর্কযুক্ত নয়।

**শ্রীফণীভূষণ রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই সরকারী বিদ্যালয়গুলিতে তপশীলি জাতি এবং উপজাতির ছাত্রদের সীট যে রাখা হয়েছে তা পূরণ করে আরো নেওয়া হচ্ছে কি?

**মিঃ স্পীকার ঃ** নোটিশ দিতে হবে।

## পশ্চিম দিনাজপুর জেলার ধনকৈলহাট হইতে রাধিকাপুর রেল ষ্টেশন পর্যন্ত রাস্তা

*১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৬।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার কালিয়াগঞ্জ থানার ধনকৈলহাট হতে রাধিকাপুর রেল স্টেশন পর্যন্ত (ভায়া ডালিমগাঁও) ভাঙ্গা ইটের রাস্তাটির প্রথম ইট ফেলার কাজ কবে শুরু হয়েছিল ;

(খ) ঐ রাস্তাটি পাকা করার কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ; এবং

(গ) কবে নাগাত উহার কাজ পুনরায় শুরু ও শেষ হবে ব'লে আশা করা যায় ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** (ক), (খ) ও (গ) রাস্তাটি জিলা পরিষদের অধীন। সুতরাং এ সম্পর্কে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা সম্ভবপর নয়।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্টেটমেণ্ট অফ রেকর্ডস এবং রাইট অফ রেকর্ডস কিছু দেওয়া হয়নি। সুতরাং মেম্বারের প্রশ্ন ঠিকমত হয়নি। কিন্তু আমি যেহেতু ওয়েস্ট দিনাজপুরের সদস্য, সেই হিসাবে জিজ্ঞাসা করছি যে ওয়েস্ট দিনাজপুর বর্ডার রোড হিসাবে সিকিউরিটি পয়েণ্ট অফ ভিউ থেকে থ্রু দি স্টেট গভর্নমেণ্ট অনেকগুলি রাস্তা করেছেন, সুতরাং এই রাস্তাটি বর্ডার রোড হিসাবে নেওয়ার কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** কোন পরিকল্পনা নেই। কারণ ১৪ কিলোমিটার রাস্তা করতে দেড় কোটি টাকা খরচ হবে। আমার ভাঁড়ে মা ভবানি। সুতরাং আমি পারবো না।

## খরার ফলে মফঃস্বলে গো-খাদ্যের অভাব

*১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭২।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** পশুপালন ও পশু-চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, খরার জন্য মফঃস্বলে গো-খাদ্যের চরম অভাব দেখা দিয়াছে ;

(খ) সত্য হইলে, সরকার হইতে কোন গো-খাদ্য সরবরাহ করা হইতেছে কিনা ; এবং

(গ) সরবরাহ করা হইয়া থাকিলে, কোন্ সংস্থার মাধ্যমে সরবরাহ করা হইতেছে ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জীঃ** (ক) হ্যাঁ, পশ্চিমবঙ্গের ১১টি জেলার মফঃস্বল অঞ্চলে খরার জন্য গো-খাদ্যের অভাব দেখা দিয়েছে।

(খ) হ্যাঁ, ব্যবস্থা নেওয়া হয়েছে।

(গ) গো-খাদ্যের মধ্যে সুষম খাদ্য বহুল পরিমাণে সংগ্রহ নিয়মানুযায়ী পশ্চিমবঙ্গ ডেয়ারী এণ্ড পোলট্রি ডেভেলপমেণ্ট কর্পোরেশনের মাধ্যমে জেলা কর্তৃপক্ষ সংগ্রহ করে বণ্টন করেন এবং খইল, খড়, বিচালি, সংগ্রহ নিয়মানুযায়ী অন্যান্য ব্যবসায়ী সংস্থা থেকে সংগ্রহ করে জেলাপরিষদ ও পঞ্চায়েত সমিতি ইত্যাদির মাধ্যমে সরবরাহ ও বিতরণ করা হচ্ছে।

## হরিণঘাটা দুগ্ধ প্রকল্পে গরুর টি বি রোগ

*১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬২১।) **শ্রীসরল দেবঃ** দুগ্ধ প্রকল্প উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে হরিণঘাটা দুগ্ধ প্রকল্পে টি বি রোগে আক্রান্ত গরুর সংখ্যা কত ;

(খ) ইহা কি সত্য যে, অ্যাটেনডেণ্টরা ঠিক মতন গরুর পরিচর্যা করেন না ; এবং

(গ) সত্য হলে, তাঁদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জীঃ** (ক) বর্তমানে হরিণঘাটা দুগ্ধ প্রকল্পে টি. বি. রোগে আক্রান্ত গরুর মোট সংখ্যা ২৬টি।

(খ) সত্য নহে। অ্যাটেনডেণ্টরা Roster duty অনুযায়ী ঠিক মতন গরুর পরিচর্যা করেন।

(গ) প্রযোজ্য নহে।

**শ্রীসুমন্তকুমার হীরাঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে ২৬ টা গরু যেগুলি টি. বি. রোগে আক্রান্ত হয়েছে সেগুলির মধ্যে বেসরকারী যারা ওখানে শেড ভাড়া করে গরু রাখে তাদের কোন গরু আছে কিনা ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জীঃ** আমরা একটা অনুসন্ধান করেছিলাম, তাতে দেখেছি ডেয়ারী ডেভেলপমেণ্ট এণ্ড এ্যানিমেল হাজব্যাণ্ড্রি ডিপার্টমেণ্টের কিছু কর্মচারী যাঁরা কোয়াটার পেয়েছেন হরিণঘাটায় এবং কল্যানী অঞ্চলে তাঁরা নিজেরা গরু পোষেণ যদিও ওখানে গরু পোষা নিষিদ্ধ।

আমরা সেই গরু অপসারণের জন্য চেষ্টা করেছিলাম। কয়েকজন কর্মচারী হাইকোর্টে গিয়ে মামলা করার জন্য আমরা সেখানে বাধা পেয়েছি। এখন ইনজাংকসান ভেকেট করবার জন্য আমাদের সরকারের আইন বিভাগ থেকে চেষ্টা হচ্ছে, এখনও তার ফলাফল জানা যায়নি। তবে একথা ঠিক অনুসন্ধানে দেখা গেছে বেসরকারী কিছু গরু টি. বি. রোগে আক্রান্ত এবং এই টি. বি. রোগ সংক্রামক, এটা যাতে ছড়িয়ে পড়তে না পারে তারজন্য অনেক চেষ্টার ফলে সেই টি. বি. রোগকে নিয়ন্ত্রনের মধ্যে আনা গেছে। হরিণঘাটায় আমাদের অনেকগুলি প্রকল্প আছে, আমাদের ক্যাটেল সেকসানে ২২০৪টি গাই এবং দুধওয়ালা মহিষ আছে, এর মধ্যে মাত্র ২৬টি টি. বি. রোগে আক্রান্ত। ক্যাটেল মেন সেকসান যেটা সেখানে ১৭টি এবং আই সি ডি পি যেটা বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রকল্প ছিল সেটা পশ্চিমবঙ্গ সরকারের পশু পালন দপ্তরে হস্তান্তরিত হয়েছে সেখানেও টি. বি রোগ দেখা গিয়েছিল, সেটাও নিয়ন্ত্রনে আনা গেছে।

**শ্রীসরল দেব ঃ** এই যে টি. বি. রোগাক্রান্ত গরুগুলি আছে তাদের বিচ্ছিন্ন করার ব্যবস্থা করেছেন কি?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** হ্যা, সম্পূর্ণ বিছিন্ন করে রাখা হয়েছে।

[1-30—1-40 P.M.]

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** টি. বি. অত্যন্ত সংক্রামক রোগ কাজেই টি. বি. রোগে আক্রান্ত গরুগুলির দুধ নিশ্চয়ই সরবরাহ করা হচ্ছে না। আমার প্রশ্ন হচ্ছে রোগ ভাল হয়ে গেলে সেই গরুর দুধ কি সাধারণ মানুষকে দেওয়া হবে?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** আপনি খুব বিজ্ঞান সম্মত প্রশ্ন করেছেন। যখন ভেটারিন্যারি সার্জনরা নিঃসন্দেহ হবেন যে এই গরু সম্পূর্ণ টি. বি. রোগমুক্ত হয়েছে তখন তার দুধ ব্যবহার করা হবে সেটা যেখানেই বিক্রি করা হোক না কেন। তবে যদি দেখা যায় গরুটি সুস্থ হয়েছে বটে কিন্তু তার দুধ ব্যবহার করার মত যোগ্যতা অর্জন করেনি তখন আমরা "ছাপ" মেরে দেই এবং বিক্রি করার সময় বলে দেই এর দুধ যেন বিক্রি করা না হয়। এই অবস্থায় যিনি কিনবেন তিনিই জানেন কি করবেন।

## মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক ও অন্যান্য কর্মীদের প্রভিডেন্ট ফাণ্ডের জমা টাকার বিনিয়োগ

*১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩।) **শ্রীসুভাষ গোস্বামী ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের প্রভিডেণ্ট ফাণ্ডে জমা টাকা বিনিয়োগের বিষয়ে নূতন কোন সরকারী নির্দেশনামা দেওয়া হয়েছে কি ; এবং

(খ) না দেওয়া হলে, এরূপ কোন নূতন নির্দেশ দিবার বিষয় সরকার চিন্তা করেছেন কিনা ?

**শ্রীকান্তি বিশ্বাস ঃ** (ক) না।

(খ) সরকারের বিবেচনাধীন আছে।

### হুগলি জেলার বিভিন্ন ব্লকে কৃত্রিম গো-প্রজনন কেন্দ্র

*১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯৭।) **শ্রীব্রজগোপাল নিয়োগী ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলায় কোন্ কোন্ ব্লকে কতগুলি কৃত্রিম গো-প্রজনন কেন্দ্র আছে ;

(খ) উক্ত জেলায় নূতন কোন কৃত্রিম গো-প্রজনন কেন্দ্র গঠনের পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(গ) পরিকল্পনা থাকিলে কবে নাগাদ তাহা স্থাপিত হইবে ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** (ক) সাধারণ 'ব্লক ভিত্তিক' গো-প্রজনন কেন্দ্র স্থাপিত হয় না। গরুর সংখ্যার ভিত্তিতেই গো-প্রজনন কেন্দ্র স্থাপিত হয়। এই পরিপ্রেক্ষিতে হুগলী জেলায় মোট ১০টি গো-প্রজনন কেন্দ্র আছে এবং ৮৮টি গো-প্রজনন উপকেন্দ্র আছে।

(খ) আপাতত নাই।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রীশৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ঃ** যে ১০টি প্রজনন কেন্দ্র আছে তাদের নাম কি এবং সেখানে কত গরু আছে জানাবেন কি ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** কেন্দ্রের নাম বলতে পারি কিন্তু সেখানে কত গরু আছে সেটা এখনই বলতে পারব না।

**ডাঃ হরমোহন সিংহ ঃ** আর কোন জেলাতে এরকম গো-প্রজনন কেন্দ্র স্থাপন করার অভিপ্রায় আছে কি ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী**ঃ সব জেলাতেই গো-প্রজনন কেন্দ্রের প্রয়োজনীয়তা আছে এবং স্থাপন করাও হয়েছে। নোটিশ দিলে জেলাওয়ারী খবর জানতে পারবেন।

## কলিকাতা-দুর্গাপুর এক্সপ্রেস-ওয়ে

*১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৮।) **শ্রীঅমলেন্দ্র রায়**ঃ পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা-দুর্গাপুর এক্সপ্রেস-ওয়েকে রূপায়িত করার কোন প্রস্তাব নূতনভাবে বিবেচিত হইতেছে কি ; এবং

(খ) হইলে, প্রস্তাবটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

**শ্রীযতীন চক্রবর্তী**ঃ (ক) ও (খ) হ্যাঁ, প্রস্তাবটি বিশদভাবে পরীক্ষা করা হচ্ছে, এখনও কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা যায় নি।

**শ্রীঅমলেন্দ্র রায়**ঃ এই রাস্তাটি সম্বন্ধে অনেক দিন ধরেই কথাবার্তা চলছে। আমার প্রশ্ন হল, এই রাস্তাটি সম্পূর্ণ হতে বা কাজ ঠিক ঠিক মত আরম্ভ হতে যে বিলম্ব হচ্ছে তার কারণ কি ?

**শ্রীযতীন চক্রবর্তী**ঃ আমরাও মাননীয় সদস্যের মত এই রাস্তাটি সম্বন্ধে আগ্রহী। কিন্তু মুস্কিল হচ্ছে যে স্পেসিফিকেসন আছে সেই অনুসারে রাস্তাটি তৈরী করতে গেলে সবশুদ্ধ প্রয়োজন হবে ৪৬ কোটি ৬ লক্ষ টাকা কারণ এই রাস্তাটির দৈর্ঘ্য হচ্ছে ৬৪ কিলোমিটারের কিছু বেশী। এই টাকার ব্যাপারে আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি তাঁরা চেষ্টা করে দেখুক বিশ্বব্যাংক বা অনুরূপ কোন সংগঠনের কাছ থেকে এই প্রকল্প রূপায়ণ করবার জন্য যে অর্থের প্রয়োজন সেটা তাঁরা জোগাড় করে দিতে পারেন কিনা। তাঁরা যদি এই টাকা জোগাড় করে দিতে না পারেন তাহলে আমার দপ্তরের যে আর্থিক পরিস্থিতি তাতে এরকম প্রকল্পে অনতিবিলম্বে হাত দেবার সম্ভাবনা নেই।

**শ্রীঅমলেন্দ্র রায়**ঃ আলোচনার পর ভারত সরকারের প্রতিক্রিয়া কি তা আপনাদের জানিয়েছে ?

**শ্রীযতীন চক্রবর্তী**ঃ আলোচনা নয় শুধু, আমাদের এখান থেকে উচ্চ পদস্থ কর্মচারী ইঞ্জিনীয়ার সেখানে গিয়েছেন। এই টাকার জন্য Ministry of Transport and Shipping.

যারা আমাদের টাকা দিয়ে থাকেন, তাদের সাথে দেখা করেছেন, আলোচনা করেছেন, বৈঠক করেছেন। তারা আমাদের সহানুভূতি দেখিয়েছেন এবং এর প্রয়োজনীয়তা উপলব্ধি করেছেন। কিন্তু এখনও পর্যন্ত তাদের কাছ থেকে কোন সাড়া পাইনি।

**শ্রীবলাই বন্দ্যোপাধ্যায়ঃ** মন্ত্রিমহাশয় বললেন যে তিনি চেষ্টা করছেন। কিন্তু এটা তিনি জানেন যে ১৫।২০ বছর আগে এই রাস্তা করার জন্য প্রচুর জমি অধিগ্রহণ করা হয়েছে এবং প্রচুর মাটি সেখানে ফেলা হয়েছিল এবং বর্ষাকালে জলে অনেক মাটি ধুয়ে গিয়েছে। আপনি যখন কাজ সুরু করবেন অতিরিক্ত কত কোটি টাকা ব্যয় হবে ?

**শ্রীযতীন চক্রবর্তীঃ** যে টাকা খরচ হয়ে গিয়েছে তা তো এখন বলতে পারবো না। তবে আমরা সমস্ত বিষয় বিবেচনা এই এষ্টিমেট করা হয়েছে। সুতরাং যারা এটা করেছেন তারজন্য আমি দায়িত্ব নিতে পারবো না। তবে আমি বলবো একটা গ্যারান্টি না পাওয়া পর্যন্ত কাজে হাত দেওয়া উচিত হয়নি।

**ডাঃ হরমোহন সিন্‌হাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই অবিবেচনাপ্রসূত কাজ যারা করেছিলেন তারা কত কোটি টাকা নষ্ট করেছেন। বহু পরিমাণে পাথর কুঁচো রাস্তার ধারে পড়ে আছে এবং এ সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

**মি. স্পীকারঃ** এ প্রশ্ন আসতে পারে না।

## ষষ্ঠ পরিকল্পনায় ডেয়ারী স্থাপন

*১৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৪।) **শ্রীসুমন্ত কুমার হীরাঃ** দুগ্ধ উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ষষ্ঠ পরিকল্পনা কালে পশ্চিমবঙ্গে সরকারী উদ্যোগে কতগুলি ডেয়ারী স্থাপনের পরিকল্পনা আছে ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জিঃ** ষষ্ঠ পরিকল্পনা কালের মধ্যে পশ্চিমবঙ্গে এখনও পর্যন্ত মোট ৪টি দুগ্ধ প্রকল্প স্থাপনের পরিকল্পনা আছে। এগুলি হ'লঃ—

(১) বর্ধমান দুগ্ধ প্রকল্প। এইটির ২২শে জানুয়ারী, ১৯৮৩ তারিখে আনুষ্ঠানিক উদ্বোধন হয়েছে।

(২) কৃষ্ণনগর দুগ্ধ প্রকল্প।

(৩) লবণ হ্রদে আইসক্রীম কারখানা।

(৪) ইষ্টার্ন বাইপাশ ( বৈষ্ণবঘাটা পাটুলী ) দুগ্ধ প্রকল্প।

**শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি বর্তমানে যেসব ডেয়ারী আছে সেই ডেয়ারীগুলি ক্রমান্বয়ে রুগ্ন হয়ে যাচ্ছে তার কারণ কি? এই প্রথম দ্বিতীয় প্ল্যানে ক্রমশ যে রুগ্ন হয়ে যাচ্ছে তার কারণ কি?

[1-40—1-50 P. M.]

**মিঃ স্পীকার ঃ** এর সংগে এই প্রশ্ন ওঠে না।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জি ঃ** স্যার, আপনি ঠিকই বলেছেন, এই প্রশ্ন এর সংগে ওঠে না। মাননীয় স্পীকার, স্যার, গত বছর বাজেট অধিবেশনের সময় আমি একটি বিবৃতি এই সভায় উপস্থিত করেছিলাম। তাতে আমার এবং বিশেষজ্ঞের অভিমত ছিল। মাননীয় স্পীকার মহাশয়, এবারেও আবার যদি আপনি অনুমতি দেন তাহলে বাজেট যখন আসবে তখন সেই কথা আবার উল্লেখ করব।

## রায়পুর হইতে পাথরপ্রতিমা পর্যন্ত রাস্তা

***১৫২।** ( অনুমোদিত প্রশ্ন নং *৪৮৭। ) **শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রায়পুর ( পাথরপ্রতিমা থানা ) হইতে পাথরপ্রতিমা পর্যন্ত রাস্তাটির নির্মাণ কার্য কবে নাগাত সমাপ্ত হবে?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** রাস্তাটির জন্য ১ কোটি ৩৩ লক্ষ ৫০ হাজার টাকার এক প্রাক্কলন মঞ্জুরী করা হয়েছে। আর্থিক কৃচ্ছ্রতা সত্ত্বেও এর কাজ এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। প্রয়োজনীয় অর্থ-সংকুলান করার উপর কাজটির সমাপ্তি নির্ভর করছে।

**শ্রীঅম্বিকা ব্যানার্জি ঃ** তিনি বার বার বলছেন তার বাজেট এখন নয়। কাজেই বাজেটে পাশ না করেই কি করে তিনি একটি রাস্তার নির্মাণ কার্য হাতে নিচ্ছেন? তিনি প্রতিবার বলছেন টাকা এলে খরচ হবে। টাকা আসার সম্ভাবনা না থাকলে তিনি কি করে পরিকল্পনাগুলি হাতে নিচ্ছেন?

**মিঃ স্পীকার ঃ** এটা হয় না।

## বনগাঁ থানার অন্তর্গত কলমবাগান হইতে পাথুরিয়া পর্যন্ত রাস্তা

*১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৫।) **শ্রীকমলাক্ষমী বিশ্বাস ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার বনগাঁ থানার কলমবাগান থেকে পাথুরিয়া পর্যন্ত রাস্তাটি কবে মঞ্জুর হয়েছিল ;

(খ) ঐ রাস্তা নির্মাণের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ; এবং

(গ) কবে নাগাত ঐ রাস্তার কাজ শেষ হবে ব'লে আশা করা যায় ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** (ক) ও (খ) কলমবাগান থেকে পাথুরিয়া নামে কোন রাস্তা মঞ্জুর করা হয় নি, প্রকৃতপক্ষে কলমবাগান থেকে বিয়ারা পর্যন্ত রাস্তাটি এই দপ্তরের পরিকল্পনায় অন্তর্ভুক্ত হয়েছে। স্তর ও কিঃমিঃ 'ক' স্তর ১.৩৫ কিঃমিঃ 'খ' স্তর ও ১.৪৫ কিঃমিঃ 'গ' স্তরের কাজ শেষ হয়ে গেছে।

(গ) অর্থের যোগানের ওপর নির্ভর করছে।

**শ্রীসরল দেব ঃ** এই প্রকল্পের কাজ সরকার কতদিন আগে গ্রহণ করেছিলেন ?

**মিঃ স্পীকার ঃ** এটা জানতে গেলে নোটিশ দিতে হবে।

## মেজিয়া ও রানীগঞ্জের মধ্যে দামোদর নদীর উপর সেতু

*১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩১) **শ্রীনবনী বাউরী ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার মেজিয়া ও বর্ধমান জেলার রানীগঞ্জের মধ্যে যোগাযোগ স্থাপনের জন্য দামোদর নদীর উপর ব্রীজ তৈরী করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কত দিনে উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** (ক) হ্যাঁ।

(খ) বর্তমানে বলা সম্ভবপর নহে।

**শ্রীনবনী বাউরি ঃ** এই ব্রীজটা তৈরী করতে আনুমানিক কত টাকা খরচ হতে পারে, মন্ত্রিমহাশয় বলবেন কি ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** দামোদরের উপর মেজিয়া রানীগঞ্জ সেতুর জন্য ৪ কোটি ৯৩ লক্ষ টাকার এষ্টিমেট ধরা হয়েছিল এবং কি কি মেটিরিয়্যাল দরকার, সেই এষ্টিমেটও করা আছে। বর্তমানে এটা করবার জন্য আমরা ভারত সরকারের কাছে লিখেছি এবং কোল ইণ্ডিয়ার খুব সুবিধা হবে বলে তারা খুব আগ্রহ দেখিয়েছেন। ভারত সরকারকে আমরা এও বলেছি যে এটার একটা ইকনমিক ইন্টারষ্টেট ইম্পর্ট্যান্স আছে এবং সেই দিক দিয়ে এই টাকাটা মঞ্জুর করার জন্য বলেছি। কিন্তু তাদের কাছ থেকে আমরা কোন সাড়া পাইনি। গনি খান সাহেব যখন ছিলেন তখন কোল ইণ্ডিয়া খুব আগ্রহ দেখিয়েছিলেন। কিন্তু এখন তারা সব চুপচাপ হয়ে গেছেন। সেইজন্য আমাদের পক্ষ থেকে এটা বলা সম্ভবপর হচ্ছে না যে কাজ শুরু করা হবে কি হবে না। কারণ এই ৪ কোটি ৯৩ লক্ষ টাকা আমাদের ষ্টেট বাজেট থেকে দেওয়া সম্ভবপর নয়।

**শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, মেজিয়াতে যে কয়লা পাওয়া গিয়েছে সেখানে খনির কাজ শুরু করার জন্য রাজ্য সরকার যেসব রাস্তা তৈরী করছেন সেইসব রাস্তার সংযোগ রক্ষার জন্য কি এই ব্রীজ করা দরকার ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** এই যে রাস্তাগুলি হয়েছে মেজিয়াতে খনি খোলবার জন্য—যদি এই সেতুটি আমরা তৈরী করতে পারতাম, ওরা আমাদের কাছে প্রস্তাব দিয়েছিলেন, আমরা রাজি হয়েছিলাম এবং তাদের কাছ থেকে আমরা অর্থ সাহায্যও চেয়েছিলাম। আমি কোল ইণ্ডিয়ার উচ্চতম কর্তৃপক্ষকে ডেকেছিলাম এবং তাদের সঙ্গে বৈঠকও করেছিলাম। তাঁরা এ ব্যাপারে ভয়ানক আগ্রহ দেখিয়েছিলেন এবং আশ্বাস দিয়েছিলেন এরজন্য আমাদের অর্থের যোগানও দেবেন। কিন্তু এখন কোল ইণ্ডিয়া একেবারে চুপচাপ হয়ে গেছেন। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে চিঠি লিখেছি এবং তাতে এর প্রয়োজনীয়তার কথা বলেছি। তাছাড়া আমরা এও বলেছি যে এই সেতুটি যদি আমরা করে দিতে পারতাম তাহলে যোগাযোগ ব্যবস্থার সুরাহা হ'লে ঐ এলাকার সিডিউল কাষ্ট এবং সিডিউল ট্রাইবস এলাকার উন্নতি হবে। এই সমস্ত কারণ দেখানো সত্বেও এখনও পর্যন্ত ভারত সরকারের কাছ থেকে আমরা ইতিবাচক কোন উত্তর পাইনি।

## দণ্ডকারণ্যের উদ্বাস্তু পুনর্বাসন সংস্থা

*১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কেন্দ্রীয় সরকার বর্তমান বছরে দণ্ডকারণ্য উদ্বাস্তু পুনর্বাসন সংস্থার কাজ বন্ধ ক'রে দিচ্ছেন ; এবং

(খ) অবগত থাকলে, রাজ্য সরকারের এ বিষয়ে অভিমত কি ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** (ক) কেন্দ্রীয় সরকার বর্তমান বছরে দণ্ডকারণ্য উন্নয়ন পুনর্বাসন সংস্থার কাজ বন্ধ করে দিচ্ছেন, এমন কোন সংবাদ সরকারী ভাবে পাওয়া যায় নি তবে গত জুলাই ৮২ সালে দিল্লীতে দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থার সভায় উপস্থিত পশ্চিমবাংলা রাজ্য সরকারের প্রতিনিধিরা উক্ত উন্নয়ন সংস্থার রিপোর্টে জানতে পারেন যে দণ্ডকারণ্য উদ্বাস্তু পুনর্বাসন প্রকল্পে অধীন পুনর্বাসন সংক্রান্ত কয়েকটি এলাকার এ্যাফেক্ট এণ্ড ইনস্টিটিউশন ( সম্পদ ও সংস্থা ) এলাকা সংশ্লিষ্ট রাজ্য সরকারকে হস্তান্তরিত করা হচ্ছে। পশ্চিমবঙ্গ সরকার মনে করেন মূলতঃ এর ফলে দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থা তার কাজ ক্রমশ গুটিয়ে ফেলেছেন।

(খ) রাজ্য সরকারের দৃঢ় অভিমত হল এই যে দণ্ডকারণ্য উদ্বাস্তু পুনর্বাসন প্রকল্পে প্রেরিত উদ্বাস্তুদের যতদিন না পূর্ণাঙ্গ পুনর্বাসন দেওয়া সম্ভব হচ্ছে এবং সে জন্য প্রয়োজনীয় উন্নয়ন ও অন্যান্য কার্য্য যে পর্যন্ত না সুসম্পন্ন হচ্ছে সে পর্যন্ত এই সংস্থা তুলে দেওয়া সম্পূর্ণ অনুচিত হবে। পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের প্রতিনিধিরা গত জুলাই ৮২ দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থার সভায় এ অভিমত দৃঢ়তার সঙ্গে জানিয়েছেন।

বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। ঐ সংস্থার কাজ বন্ধ হ'লে বা সঙ্কুচিত হ'লেও উদ্বাস্তুরা পুনরায় পশ্চিমবঙ্গে চলে আসতে পারেন এই আশঙ্কার কারণ আছে। সেইজন্য বিষয়টি কেন্দ্রের গোচরে আনা হয়েছে। পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী ভারতবর্ষের মাননীয়া প্রধানমন্ত্রীর কাছে এক চিঠিতে তাঁর উদ্বেগের কথা প্রকাশ করেছেন এবং জানিয়েছেন উচ্চ পর্যায়ে আলোচনা না হওয়া পর্য্যন্ত কিছুতেই যেন দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থার কাজ গুটিয়ে ফেলা না হয় বা তুলে দেওয়া না হয়।

[1-50—2-00 P.M.]

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মন্ত্রীমহাশয়ের কাছে এরকম কোন সংবাদ আছে কি, রাজ্য সরকারের অনেক মন্ত্রী নিয়মিতভাবে চেষ্টা করছেন দণ্ডকারণ্য থেকে উদ্বাস্তুদের পশ্চিমবাংলায় ফিরিয়ে আনার জন্য ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** এরকম কোন সংবাদ নেই। সরকারের কথা বলতে পারি এবং এই হাউসের উভয় পক্ষের সদস্যরা নিশ্চয়ই একমত হবেন যে, উদ্বাস্তুদের ওই দণ্ডকারণ্যে রেখেই

সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে এবং যতদিন পর্যন্ত এই কাজ সুষ্ঠুভাবে না হয় ততদিন পর্যন্ত দণ্ডকারণ্য প্রকল্প গুটিয়ে নেওয়া চলবে না।

**শ্রীসুমন্তকুমার হীরা ঃ** আমরা জানি প্রধানতঃ সেখানে বাঙ্গালীদেরই রিহ্যাবিলিটেট করা হয়েছে। উদ্বাস্তুদের যে জমি দেওয়া হয়েছে সেটা পাথুরে জমি এবং পূর্বে সেখানে সেচ ব্যবস্থা ছিলনা, এখন কিছুটা সেচের ব্যবস্থা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, কেন্দ্রীয় সরকারের পুনর্বাসন দপ্তর থেকে সেচের জন্য যে প্রকল্প তৈরী করেছে সেই জল যাতে উদ্বাস্তুদের জমিতে না যায় তার-জন্য সেখানে একটা চক্রান্ত চলছে এবং তার ফলে উদ্বাস্তুদের মনে একটা ক্ষোভ সৃষ্টি হয়েছে এই খবর আপনি জানেন কি ?

**মিঃ স্পীকার ঃ** দিস্ কেশ্চেন উইল নট বি এ্যালাউড হিয়ার।

**শ্রীননী কর ঃ** যতক্ষণ পর্যন্ত না সেখানকার পুনর্বাসনের কাজ সম্পন্ন হয় ততক্ষণ পর্যন্ত যেন দণ্ডকারণ্য প্রজেক্ট তুলে দেওয়া না হয় সে সম্বন্ধে আপনি বলেছেন। আমার প্রশ্ন হচ্ছে, আপনি এখানকার সব দলের সদস্যদের নিয়ে সেখানকার পুনর্বাসনের অবস্থা কি পর্যায়ে আছে সেটা দেখবার ব্যবস্থা করবেন কি ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী ঃ** আপনি যে প্রস্তাব দিলেন তাতে যদি সরকার পক্ষ এবং বিরোধী-পক্ষ একমত হন তাহলে আপনাদের নিয়ে যেতে আমি প্রস্তুত আছি।

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার সিলেবাস পরিবর্তন

*১৫৬। ( অনুমোদিত প্রশ্ন নং *৩২০। ) **শ্রীগোপাল মণ্ডল ঃ** শিক্ষা ( মাধ্যমিক ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার সিলেবাস পরিবর্তনের কোন সরকারী পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকলে, কবে নাগাত এবং কিভাবে তা পরিবর্তন হবে ?

**শ্রীকান্তি চন্দ্র বিশ্বাস ঃ** (ক) হ্যাঁ।

(খ) ১৯৮৪ সাল হতে কিছু পাঠক্রম এবং পরবর্ত্তী সময়ে আরও কিছু পাঠক্রমের পরিবর্তন হবে বলে আশা করা যায়। পর্যায়ক্রমে এই পরিবর্তন হবে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** হোয়াট উইল বি দি কনটেণ্টস্‌ অব দিস্‌ সিলেবাস্‌ ?

**শ্রীকান্তি চন্দ্র বিশ্বাস ঃ** সিলেবাস্‌ সম্বন্ধে যে প্রশ্ন করেছেন তার উত্তর দেওয়া একটা বিরাট ব্যাপার, কারণ এক একটি বিষয়ের জন্য ১৫/২০ পৃষ্ঠাব্যাপী বক্তব্য রয়েছে। তবে মাননীয় অধ্যক্ষ মহাশয় যদি বলেন তাহলে আমি উত্তর দেব।

**মিঃ স্পীকার ঃ** উত্তর টেবেলে লে করুন।

## প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বৃত্তিকর

*১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪২১।) **শ্রীমতী ছায়া ঘোষ ঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বৃত্তিকর দেওয়ার নিয়ম কি ;

(খ) মাসিক মাইনে দেওয়ার সময় তাদের কাছ থেকে বৃত্তিকর কেটে নেওয়া হয় কিনা; এবং

(গ) উপরের (খ) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, সরকার কি অবগত আছেন যে, গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে পুনরায় ঐসকল প্রাথমিক শিক্ষকদের বৃত্তিকর দেওয়ার জন্য নোটিস দেওয়া হচ্ছে ?

**শ্রীমহম্মদ আবদুল বারি ঃ** (ক) বৃত্তিকর দেওয়ার সাধারণ নিয়ম তথা সরকারী নীতি প্রাথমিক শিক্ষকদের ক্ষেত্রেও প্রযোজ্য।

(খ) হ্যাঁ।

(গ) এরকম তথ্য শিক্ষা বিভাগের জানা নেই।

## মথুরাপুর থানার অন্তর্গত খোঁড়দল রাস্তাটির রায়পুর পর্যন্ত প্রসারণ

*১৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৩।) **শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার মথুরাপুর থানার অন্তর্গত খোঁড়দল রাস্তাটি রায়পুর পর্যন্ত বর্ধিত করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) না থাকিলে, তাহার কারণ কি ?

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** (ক) না।

(খ) আর্থিক অপ্রতুলতা।

### হরিণঘাটায় দুগ্ধবতী গাভী ও মহিষের সংখ্যা

*১৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮২।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** পশুপালন ও পশু-চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে হরিণঘাটার সরকারী খামারে দুগ্ধবতী গাভী ও মহিষের সংখ্যা কত ;

(খ) ১৯৮২ সালে ঐসকল গাভী ও মহিষ হইতে দৈনিক দুগ্ধের গড় উৎপাদন কত ছিল ; এবং

(গ) ১৯৮২ সালের জানুয়ারী হইতে ডিসেম্বর মাস পর্যন্ত গোখাদ্য, কর্মচারিগণের বেতন ও বিভিন্ন ভাতা বাবদ মোট কত টাকা খরচ হইয়াছে ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জি ঃ** (ক) গাভী (দুগ্ধবতী) — ৪৫৭টি
মহিষ ( „ ) — ৩৪টি

মোট ঃ ৪৯১টি

(খ) দৈনিক দুগ্ধের গড় উৎপাদন ছিল ১৬৬২ কে.জি.।

| | |
|---|---|
| (গ) গো-খাদ্য বাবদ খরচ (দুগ্ধবতী গাভী ও মহিষ) | ১৩,৬৩,২৬০·০০ |
| হরিণঘাটা গোশালায় নিযুক্ত কর্মীদের বেতন ও ভাতা বাবদ | ৪০,৫৮,৪৯২·০০ |
| মোট খরচ ঃ টাকা ঃ | ৫৪,২১,৭৫২·০০ |

**শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** মন্ত্রীমহাশয় ৪৫৭টি গাভীর কথা বললেন, এবং ৩৪টি মহিষের কথা বললেন, বর্তমানে এর মধ্যে কতগুলি দুধ দিচ্ছে ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জি ঃ** মাননীয় সদস্য দুগ্ধবতী সম্বন্ধে প্রশ্ন করেছেন, আমি সে সম্বন্ধেই উত্তর দিয়েছি। তবে উনি যদি মোট কতগুলি আছে, কতগুলি দুধ দিচ্ছে এবং কতগুলি দুধ দিচ্ছে না ইত্যাদি জানতে চান, তাহলে আলাদা নোটিশ দিতে হবে।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে হরিণঘাটা খামারের জন্য ৫৪ লক্ষ টাকা খরচ হচ্ছে, এর বিনিময়ে সরকারের কত টাকা আয় হচ্ছে, সেটা কি মন্ত্রিমহাশয় একটু জানাবেন ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জি ঃ** মাননীয় সদস্য এবিষয়ে নোটিশ দেবেন, আমি জানিয়ে দেব। তবে আমি তাঁকে সংক্ষেপে একটু বলছি যে, 'হরিণঘাটা কল্যাণী কমপ্লেক্স' নাম নিয়ে এই প্রকল্পটি ভারতবর্ষের উত্তর-পূর্বাঞ্চলে একটা বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এই প্রকল্পটির টেক্‌নিক্যাল নাম হচ্ছে, 'ব্রিডিং, রিসার্চ কাম ডিমনস্ট্রেসন ফার্ম'। সুতরাং এখানে গরু কত দুধ দিল এবং তার থেকে গভর্ণমেন্টের কত আয় হলো, সেটাই একমাত্র বিবেচনার বিষয় নয়। ঠিক দেশ ভাগের সময়ে এই প্রকল্পটি তৈরী হয়েছিল, তখন থেকেই ঠিক হয়েছিল—প্রোগ্রাম পার্সপেকটিভে —হরিণঘাটা কল্যাণী কমপ্লেক্স বিভিন্ন সেকসন নিয়ে গঠিত হবে। এখানে মাননীয় সদস্য সত্যপদ ভট্টাচার্য শুধু হরিণঘাটা সম্বন্ধে প্রশ্ন রেখেছেন, কিন্তু কমপ্লেক্সটা শুধু হরিণঘাটাতেই নয়। এই কমপ্লেক্স-এর মধ্যে নানারকম সেকসন আছে। গাভী, মহিষের সেকসন আছে। ক্যাটেল সেকসন আছে, পিগারি সেকসন আছে, পোলট্রি সেকসন আছে, গোট্ সেকসন আছে। সমস্ত রকমের কর্মীদের সর্বমোট কত মাইনে দেওয়া হচ্ছে এবং এখান থেকে কত আয় হয়, ইত্যাদি বিষয়ে স্পেসিফিক্ কোশ্চেন যদি মাননীয় সদস্য দয়া করে করেন, তাহলে আমি এবিষয়ে নিশ্চয়ই জবাব দেব।

## মাদার ডেয়ারীর শ্রমিকসংখ্যা

*১৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৪।) **শ্রীসরল দেব ঃ** দুগ্ধ উন্নয়ন বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মাদার ডেয়ারীতে কতজন শ্রমিক কাজ করেন এবং প্রতি মাসে তার দুগ্ধ উৎপাদন ক্ষমতা কত ; এবং

(খ) বেলগেছিয়া দুগ্ধ প্রকল্পে কত লোক কাজ করেন এবং সেখানে প্রতি মাসে কত দুগ্ধ উৎপাদন হয় ?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জি ঃ** (ক) মাদার ডেয়ারীর পরিচালনভার ন্যাশনাল ডেয়ারী ডেভেলপ্‌মেণ্ট বোর্ডের ওপর ন্যস্ত। ইহার ম্যানেজিং কমিটি এই সংস্থার কর্মী ও শ্রমিক নিয়োগ করেন। রাজ্য সরকারের সহিত ইহার কোন সম্পর্ক নাই। এই সংস্থার উৎপাদন ক্ষমতা মাসে ১ কোটি ২০ লক্ষ লিটার।

(খ) বেলগাছিয়া দুগ্ধ প্রকল্পে ৩,২৬৬ জন নিয়মিত শ্রমিক ও কর্মচারী এবং দৈনিক ভিত্তিতে ৮৬৫ জন শ্রমিক নিযুক্ত আছেন।

১৯৮৩ সালের জানুয়ারী মাসের দৈনিক গড় হিসাব অনুযায়ী ১,৬৯,৫০০ লিটার এবং ঐ মাসে মোট ৫০,৮৫,০০০ লিটার দুধ বেলগাছিয়া ডেয়ারী ফ্যাক্টরীতে উৎপন্ন হয়েছে। এর মধ্যে হরিণঘাটা নাই।

## বাঁকুড়া জেলায় শুশুনিয়ায় ইউথ হোস্টেল নির্মাণ

*১৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০।) **শ্রীসুভাষ গোস্বামী:** যুবকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার শুশুনিয়ায় ইয়ুথ হোস্টেল নির্মাণের জন্য কত টাকা বরাদ্দ হইয়াছে, এবং

(খ) উক্ত ইয়ুথ হোস্টেল নির্মাণের কাজ আরম্ভ করিতে বিলম্বের কারণ কি?

**শ্রীসুভাষ চক্রবর্তী:** (ক) কোন টাকা এখনও বরাদ্দ হয় নাই।

(খ) নক্‌সা ও প্রাক্‌কলন তৈরী করা হচ্ছে।

[2-00—2-10 P. M.]

**শ্রীউপেন্দ্র কিস্কু:** আমার প্রশ্ন হচ্ছে, কত টাকা খরচ করা হয়েছে?

**শ্রীসুভাষ চক্রবর্তী:** কোন টাকা বরাদ্দ করা হয়নি। বাজেটে সিদ্ধান্ত হয়েছে। সাধারণভাবে এই খাতে টাকা আছে।

## দণ্ডকারণ্য উন্নয়নের সর্বশেষ পরিস্থিতি

*১৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৮।) **শ্রীঅমলেন্দ্র রায়:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দণ্ডকারণ্য উন্নয়নের সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে রাজ্য সরকার অবহিত আছেন কি;

(খ) থাকলে তার বিবরণ;

(গ) দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থার বৈঠকে রাজ্য সরকারের প্রতিনিধি উপস্থিত থাকেন কিনা; এবং

(ঘ) উপরের "গ" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে উক্ত প্রতিনিধি রাজ্য সরকারকে উক্ত সংস্থার সিদ্ধান্ত ও আলোচনা সম্বন্ধে নিয়মিত রিপোর্ট দিয়ে থাকেন কিনা?

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী:** (ক) হ্যাঁ।

(খ) দণ্ডকারণ্য উন্নয়নের সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে পশ্চিমবঙ্গ রাজ্য সরকার যা জানেন তা হলো দণ্ডকারণ্যের সার্বিক উন্নতি ও জমি বণ্টনের মাধ্যমে উদ্বাস্তু পুনর্বাসনের কাজ খুব ধীর গতিতে চলছে। বিশেষতঃ মালকানগিরিতে যেসব প্রকল্প হাতে নেওয়া হয়েছে যেমন সতীপুরা ও পটেরু সেট প্রকল্প প্রভৃতির কাজ অত্যন্ত মন্থর গতিতে অগ্রসর হচ্ছে। উদ্বাস্তুদের বাস্তু ও কৃষি জমির উপরে স্বত্ব বা পাট্টা দেওয়ার কাজও বিশেষ অগ্রসর হয়নি। জমির উপর অধিকার নিয়ে উদ্বাস্তু ও স্থানীয় উপজাতি অধিবাসীদের মধ্যে দীর্ঘস্থায়ী বিবাদ চলার ফলে উদ্বাস্তুদের স্বার্থ ব্যাহত হচ্ছে এ রকম খবর রাজ্য সরকার ইতিমধ্যে পেয়েছেন। দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থা প্রশাসনকে স্বাভাবিক কারণের জন্য কোন কোন অঞ্চলে তাঁদের সম্পত্তি ও প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট রাজ্য সরকারকে অর্পণ করার সিদ্ধান্ত নিয়েছেন।

(গ) হ্যাঁ।

(ঘ) হ্যাঁ।

**শ্রীঅমলেন্দ্র রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন, ওখানে দুটি বড় সমস্যা আছে। একটা হচ্ছে, ভোটাধিকারদানের সমস্যা আর একটা হচ্ছে, অক্যুপান্সি রাইট অর্থাৎ জমির পাট্টা না দেওয়ার সমস্যা। এই সম্পর্কে আমি আপনার কাছে জানতে চাইছি, ১৯৭৮ সালের মার্চ মাসে এম. এল. এ.-দের নিয়ে একটা প্রতিনিধিদল বর্তমান খাদ্যমন্ত্রী শ্রীরাধিকা ব্যানার্জীর নেতৃত্বে আমরা দণ্ডকারণ্যে গিয়েছিলাম। আমাদের বর্তমান অধ্যক্ষ মহাশয় তিনিও ছিলেন। সেখানে একটা হাই টপ লেভেলে মিটিং হয়েছিল। সেই মিটিং-এ ভারত সরকারের রিহ্যাবিলিটেশান ডিপার্টমেণ্টের জয়েণ্ট সেক্রেটারী তিনি উপস্থিত ছিলেন এবং দণ্ডকারণ্য অথরিটি, চেয়ারম্যান ভি. নটরাজন এবং কোরাপটু জেলার ক্যালেক্টরও উপস্থিত ছিলেন।

আমি জানতে চাইছি এই যে ৫ বছর অকুপেন্সী রাইটের কোয়েশ্চেনটা সমাধান হল না, এ সম্পর্কে আপনারা কিছু করেছেন কি?

(কোন উত্তর নাই)

**মিঃ স্পীকার:** দি কোয়েশ্চেন আওয়ার ইজ ওভার।

## STARRED QUESTIONS

### (To which answers were laid on the table)

### কুলপী থানার সিংহেরহাট হইতে চুনফুলি পর্যন্ত পাকা রাস্তা

*১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৮।) **শ্রীকৃষ্ণধন হালদার:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডায়মণ্ডহারবার হাইওয়ে ডিভিসনের অন্তর্ভুক্ত কুলপী থানার সিংহেরহাট হইতে চুনফুলী পর্যন্ত পাকা রাস্তা নির্মাণের কোন পরিকল্পনা বর্তমান সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকলে, কবে নাগাত উক্ত রাস্তার নির্মাণ কার্য শুরু হবে ব'লে আশা করা যায় ?

**Minister-in-charge of Public Works Deptt.**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## মনীষীদের মূর্তি স্থাপন

***১৬৫।** ( অনুমোদিত প্রশ্ন নং *১১১০। ) **শ্রীশীশ মহম্মদ :** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮০ সালের জানুয়ারি মাস হইতে ১৯৮৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত সমগ্র পশ্চিমবঙ্গে ইতিহাস বিখ্যাত কতজন মনীষীর প্রতিমূর্তি নির্মাণ করা হইয়াছে এবং ঐ বাবত কত টাকা খরচ করা হইয়াছে ?

**Minister-in-charge of Public works Deptt.**

১৯ ( উনিশ ) জন ও ২৩,৮৭,৭০০ ( তেইশ লক্ষ সাতাশি হাজার সাত শত ) টাকা।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** I have received three notices of adjournment motions today.

The first is from Dr. Manas Bhunia, which deals with the spurt in number of heart patients as a sequel to consumption of rice and mustard oil supplied through ration shops. The second is from Shri Samar Mukherjee which deals with reported police firing at the examination centre in Ratua High School of Malda on 3-3-1983. The third is from Dr. Zainal Abedin which deals with alleged attack on the family of a Congress (I) leader of West Dinajpur by some miscreants.

The subject matter of the first notice is not a fit case for an adjournment motion. The member may call the attention of the Minister by way of giving notice of Calling Attention, Question and Mention.

The subject matters of the second and third motions relate to day-to day administration of the State.

I, therefore, withhold my consent to all the above motions. One member of the party may, however, read out the text of the motion as amended.

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে গুরুত্বপূর্ণ ব্যাপারে আমি মুলতুবি প্রস্তাব দিয়েছিলাম, আপনি নিজেও জানেন যে কলকাতার বিখ্যাত এবং প্রখ্যাত হৃদ রোগ বিশেষজ্ঞরা ইনভেষ্টিগেশনের মাধ্যমে পরীক্ষা নিরীক্ষা করে দেখেছেন যে র‍্যাশনে যে চাল দেওয়া হয় সেগুলি গুদামে রাখার ফলে তাতে ফাঙ্গাস জন্মায় এবং সেই ফাঙ্গাস ধরা চাল খেয়ে সকলেই প্রায় অসুস্থ হয়ে পড়ছেন। তাই আমি বলছি যে,

This Assembly do now adjourn its business to discuss a definitem atter of urgent public importance and of recent occurence namely :—

Spurt in number of heart patients as a sequel to consumption of rice and mustard oil supplied from the ration shops of West Bengal as stated by the eminent Cardiologists of Calcutta.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি নিজে দেখেছেন আসামে নির্বাচন ঘোষণার পর এখানেও কারনেশ চলছে, এবং এটা অভূতপূর্ব যে উইসডম হ্যাজ প্রিভেলড ইন দি লেফ্‌ট ফ্রন্ট—তাঁরা পঞ্চায়েত নির্বাচন ঘোষণা করেছেন। এর ফলে দেখছি পেরীফেরীতে যা ঘটছে সেটা আসামকেও হার মানায়—। আজকেও এই রকম একটি ঘটনার কথা আপনার কাছে আমি উপস্থিত করেছিলাম। আপনি মোশন ডিসএ্যালাউ করেছেন, থ্যাঙ্ক ইউ স্যার, এমন এ্যামেনডমেণ্ট করেছেন যে নামগুলো বাদ পড়ে গেছে। সে প্রশ্নে আমি পরে আসছি, ইউ আর দি গার্জিয়ান অফ দি হাউস, ইওর রুলিং, রাইট আর রং, উই আর বাউণ্ড টু এ্যাকসেপ্ট। আমি পড়ছি। জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল, গত ৩রা মার্চ ১৯৮৩ তারিখে প্রকাশ্য দিবালোকে মারাত্মক অস্ত্রে সজ্জিত হয়ে একটি রাজনৈতিক দলের নেতৃত্বে প্রায়

দুই শতাধিক দুষ্কৃতকারী পশ্চিম দিনাজপুর জেলার গঙ্গারামপুর থানার সন্নিকটে অবস্থিত জনৈক কংগ্রেস নেতা প্রবীণ স্বাধীনতা সংগ্রামী শ্রীস্বর্ণকমল মিত্র—তাঁর বাড়ী আক্রমণ করে স্ত্রীলোক সহ কয়েকজনকে তীর ও বোমার আঘাতে আহত করে জনগণের মধ্যে একটা আশঙ্কার সৃষ্টি করে নিরাপত্তা বিঘ্নিত করে। এতৎ সত্ত্বেও পুলিশ নিষ্ক্রীয় থাকে দুষ্কৃতকারীদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করে নাই। স্থানীয় জনগণ অনন্যোপায় হয়ে শান্তিপূর্ণ বন্‌ধ পালন করে প্রতিবাদ জানালেও স্থানীয় প্রশাসন নিষ্ক্রিয়।

[2-10—2-20 P.M.]

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker :** I have received 11 notices of Calling attentions namely :

1. Non-implimentation of 3 Irrigation Project in Bankua —Shri Subhas Goswami
2. Murder of undertrail Patient in Howrah Hospital —Shri Ambica Banerjee
3. Police firing at Ratua High School on 3-3-83 —Shri Samar Mukherjee
4. Cancellation of Bengali Second Paper of Shamshi High School Centre in Malda —Shri Samar Mukherjee
5. Spurt in number of Heart Patients due to consumption of rice and oil supplied through Ration Shop —Dr. Manas Bhunia
6. Alleged bribery of Headmaster of Debipur High School under Ratua P. S. —Dr. Manas Bhunia
7. Deplorable condition of Child-labours in Calcutta —Dr. Manas Bhunia
8. Deplorable conditon of connecting Road in between Sabang and Balichak —Dr. Manas Bhunia
9. Alleged attack of armed people led by CPI(M) on the residence of Late Sarnakamal Mitra a local Congress leader in Gangarampur on 3-3-83 Dr. Zalnal Abedin

10. Alleged mal-practice of W. B. College Service Commission in appointing Professors in the Private Colleges —Shri Subrata Mukherjee

11. Irregularities in transfer of Professors of Government Colleges —Shri Subrata Mukherjee

I have selected the notice of Dr. Zainal Abedin on the subject of Alleged attack of armed people led by CPI(M) on the residence of Late Sarnakamal Mitra a local Congress leader in Gangarampur on 3-3-83.

The Minister in charge may please make a statement on the subject today if possible or give a date.

**Shri Patit Paban Pathak :** On the 15th Sir.

**মিঃ স্পীকার :** কলিং এ্যাটেনশন সম্বন্ধে একটি কথা বলার আছে। একজন মেম্বার দৈনিক একটির বেশি কলিং এ্যাটেনশন দিতে পারবেন না। কারেণ্ট ম্যাটার না হয়ে খুব পুরানো ম্যাটার হলেও দিতে পারবেন না।

**শ্রীসুব্রত মুখার্জী :** কিন্তু স্যার, অনেক সময় এমন সব জরুরী ব্যাপার থাকে যেগুলো পুরানো হোলেও উল্লেখ না করলে চলেনা।

**মিঃ স্পীকার :** আমি সবার সাথে আলোচনা করেছি এবং সবাই এগ্রি করেছেন একটি করে কলিং এ্যাটেনশন দেবেন।

**শ্রীদেবপ্রসাদ সরকার :** মিঃ স্পীকার স্যার, আমার বক্তব্য একজন মেম্বার তিনি আজকে যেটা দিলেন, সেটা পরে আপনারা কেউ আর দেবেন না। পুরানো ম্যাটার কেউ যেন কলিং এ্যাটনশনের মাধ্যমে উল্লেখ না করেন।

**মিঃ স্পীকার :** হ্যাঁ, আপনার সঙ্গে আমি একমত।

আমি মাননীয় সদস্যদের জানাতে চাই, আগামী কাল চীনের মন্ত্রী জু-জিয়াং-মিং এবং তাঁর সঙ্গে চাইনিজ লিগ্যাল ওয়ার্কার্স ডেলিগেশনের কিছু মেম্বার আসছেন। আমরা তাঁদের বিধানসভায় আমন্ত্রণ করেছি। তাঁদের আগামী কাল বিকেল পৌনে পাঁচটায় চায়ের মাধ্যমে আপ্যায়িত করবো। তাঁরা তারপর সকল মেম্বারের সঙ্গে মিলিত হবেন। আমি কার্ড ডিষ্ট্রিবিউশন করে দিচ্ছি।

## MENTION CASES

**শ্রীভুপেন্দ্র নাথ শেঠ ঃ** মাননীয় অধ্যক মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বনগাঁতে একটি ব্রীজ আছে, সেটা ১৯৫০ সালে তৈরী হয়েছিল। এই রায় ব্রীজটি এক মাত্র সড়ক পথ এবং এটা খুব গুরুত্বপূর্ণ বনগাঁ শহরবাসীদের পক্ষে এই ব্রীজটি ইচ্ছামতী নদীর উপর দিয়ে করা হয়েছে। বর্তমান সরকারের নোটিশে বলা হয়েছে যে, যে কোন টাইমে পড়ে গিয়ে জন জীবন বিপর্যস্ত হতে পারে। এই রায় ব্রীজ এ্যজ এ টেম্পোরারী ব্রীজ হিসাবে পরিগনিত হয়েছিল। দীর্ঘ ১৯৫০ সালে তৈরী হয়েছিল কিন্তু আজ পর্যন্ত তার কোন সংস্কারের ব্যবস্থা করা হয় নি। তাই আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যেন এই ব্রীজ রিপেয়ারিং করার ব্যবস্থা করা হয়। একটা জরুরী ভিত্তিতে প্রকল্পের মাধ্যমে যেন একটা পাকাপাকি ব্যবস্থা করা হয়। প্রায় ৬০ হাজার লোক এই ব্রীজকে ব্যবহার করে। এই ব্রীজে না হলে জন-জীবন বিপর্যস্ত হয়ে যাবে। সেই জন্য আমি আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যেন এই ব্রীজ ইমিডিয়েট করার ব্যবস্থা করা হয়।

**শ্রীক্ষিতিভূষণ রায় বর্মন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কি ভাবে জোর জবরদস্তি করে চাঁদা আদায় করা হয়েছে সেই ব্যাপারে একটি ঘটনার কথা এখানে বলছি। আমার কন্সটিটিউএনসিতে মহেশতলা পারবাংলা এ্যাথেলেটিক ক্লাব নামে কংগ্রেসীদের একটা ক্লাব আছে। এই ক্লাবের তরফ থেকে সুভাষ হালদার নামে এক ভদ্রলোকের কাছ থেকে জোর জবরদস্তি করে চাঁদা আদায় করার চেষ্টা করা হয় চাঁদা না দিলে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে এই কথা তাঁকে বলা হয়েছে। ঐ ভদ্রলোক বজবজ ই.এস.আই. হসপিটল বিল্ডিং-এ কাজ করেন। ভয়ে তিনি কাজে যেতে পারছেন না। ফলে বিল্ডিং রিপেয়ারিং-এর কাজ ব্যহত হচ্ছে। সেই ভদ্রলোকের কাছ থেকে ২ হাজার টাকা চাঁদা চাওয়া হয়েছে। এর রিসিপ্ট ভাউচার আমি আপনাকে দিচ্ছি। তা ছাড়া মোহন অধিকারী হলো এই কাজের প্রধান এবং সে ই.এস.আই মেন গেটের সামনে জোর করে দোকান করে বসে আছে, কিছুতেই উঠবে না। আমার অনুরোধ হলো এই দোকান তুলে দিয়ে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা যেন নেওয়া হয়। এই ক্লাবের ট্রেজারার নিশি পাণ্ডে, তার বিরুদ্ধে যেন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয় এবং ইমিডিয়েট এ্যারেষ্ট করা হয়। এই ভদ্রলোকের যদি নিরাপত্তার ব্যবস্থা না করা হয় তাহলে বজবজ ই.এস.আই হসপিটলের কাজ বন্ধ হয়ে যাবে। এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেবার জন্য আপনাকে অনুরোধ করছি।

[2-20—2-30 P. M.]

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জ আজিমগঞ্জ পৌর সভার একজন কর্মীর

বিরুদ্ধে—যিনি সি.পি.আই. (এম)-এর কর্মী বহু দুর্নীতির অভিযোগ আমরা পেয়েছি। বিভিন্ন পত্র-পত্রিকাতেও তাঁর বিরুদ্ধে অভিযোগের বিবরণ বেরিয়েছে। তাঁর বিরুদ্ধে অপর একটি অভিযোগ হচ্ছে, তাঁর নিজের নামে, বাবার নামে এবং স্ত্রীর নামে রেশন কার্ড থাকা সত্বেও নতুন করে স্ত্রীর নামে রেশনকার্ড বের করে রেশন দোকান থেকে সাধারণ মানুষের প্রাপ্য রেশন দ্রব্য বঞ্চিত করে করে যথারীতি মাল তুলছেন। এছাড়া উক্ত পৌরসভা থেকে ট্রাংককল, টেলিফোন করে সি.পি. এম.-এর সদর দপ্তর আলিমুদ্দিন ষ্ট্রীটে যে সমস্ত খবরা-খবর পাঠানো হয় তার বাবদ বিলের সমস্ত টাকা পৌরসভার বিল থেকে মিটিয়ে দেওয়া হচ্ছে। উক্ত পৌরসভাতে কয়েকটি খালি পদে আত্মীয়-স্বজন, চেনাজানা লোকদের নিয়োগ করা হচ্ছে। এ ব্যাপারে এমপ্লয়মেণ্ট একস্‌চেঞ্জ থেকে পাঠানো তালিকার ভিত্তিতে নিয়োগের সরকারী সিদ্ধান্তকে সম্পূর্ণ বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখানো হচ্ছে। ১৯৮০-৮১ সালে বিভিন্ন খাতে বিভিন্ন প্রকল্পে ৬ লক্ষেরও বেশী টাকা সেখানে দেওয়া হয়েছিল। উক্ত টাকাতে যে সমস্ত কাজ হওয়ার কথা ছিল তা হয় নি। এই সমস্ত অভিযোগগুলি তদন্ত করার জন্য মাননীয় পৌরমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে অনুরোধ জানাই, তিনি যেন যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি যে বিষয়টি এখানে রাখছি তা অত্যন্ত গুরুত্বপূর্ণ, এর প্রতি বিশেষ ভাবে দৃষ্টি দেওয়া ও বিবেচনা করার দরকার আছে। বেশ কয়েক বছর ধরে, বিশেষ করে গত ৪।৫ বছর ধরে উত্তর কলকাতা এবং বড়বাজার এলাকার গিরিশপার্ক এলাকায় কয়েকটি নতুন ক্লাব গজিয়ে উঠেছে। এই ক্লাবগুলির সংগে সংযুক্ত সমাজবিরোধীরা জোর করে চাঁদা আদায় করছে। গত ২রা মার্চের স্টেটস্‌ম্যান পত্রিকাতে এই ঘটনা প্রকাশিত হয়েছে—The club members according to the citizens were claiming to be the members of the C.P.I. (M) এলাকার বাসিন্দাদের বলা হয়েছে যে তাদের মান্থলি সাবস্‌ক্রিপ-শান দিতে হবে। প্রত্যেক সিটিজেন এবং ব্যবসায়ীদের মধ্যে যারা ঐ চাঁদা দিতে অনিচ্ছুক তাদের নানাভাবে ভয়ভীতি দেখানো হচ্ছে। এ জিনিস পুলিশ ও সরকারী প্রশাসনের সহযোগীতায় করা হচ্ছে। যদি এই জিনিস এখুনি বন্ধ না করা যায় তাহলে বিস্তীর্ণ এলাকায় ছড়িয়ে পড়বে। এই ঘটনা যাতে অবিলম্বে বন্ধ হয় ও যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করা হয় সেজন্য সংশ্লিষ্ট মন্ত্রীকে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

**ডাঃ হরমোহন সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষমহাশয়, গত ১০ দিন ধরে কাটোয়া শহরের বুকে একটা অরাজকতা সৃষ্টির জন্য কংগ্রেস (আই) এর পক্ষ থেকে গণফ্রণ্টের নাম করে সাধারণ গরীব মানুষদের বিভ্রান্ত করে ২০ টাকা থেকে ৬০০ টাকা পর্যন্ত গ্রহণ করে সেখানে যে সমস্ত খোলা জায়গা পড়ে আছে তা বিলি বন্দোবস্ত করছে। সাধারণ মানুষের মধ্যে এই ভাবে তারা একটা আতংকের সৃষ্টি করছে। সাধারণ মানুষের কাছ থেকে এই রকম খবর পেয়ে পুলিশ ও প্রশাসনকে

বলে ঐ সমস্ত বিলিকৃত জায়গা থেকে মানুষদের উঠিয়ে দিতে বলি। কিন্তু পরবর্তী স্তরে আবার নতুন করে ঐ সমস্ত মানুষকে তারা বসাবার ব্যবস্থা গ্রহণ করছে। এ ব্যাপারে আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে যদি এ ধরণের কার্যকলাপ বন্ধ না করা যায় তাহলে এলাকার শান্তি-শৃঙ্খলা বিপন্ন করার কাজে তারা সফল হতে পারে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাকে আপনি বলবার সুযোগ দিয়েছেন, সেজন্য আপনাকে অশেষ ধন্যবাদ। স্যার, আসামে নির্বাচন ঘোষণার পর থেকে সেখানে তাণ্ডবলীলা চলছে, ধ্বংসলীলা চলছে, হত্যালীলা চলছে। এখানে good sense has been deferred. Wisdom has prevailed in the left front Government in West Bengal in declaring the date of Panchayat election. আমি আগে একাধিকবার বলেছি, আবার বলছি যে, যেখানে যেখানে এরা নির্বাচনে পরাস্ত হয়েছে তার মধ্যে গঙ্গারামপুর হল একটি এলাকা। এরা ক্ষমতায় থেকে সরকারী যন্ত্রের সক্রিয় সাহায্য নিয়েও পশ্চিম দিনাজপুরের গঙ্গারাম-পুরে পরাস্ত হয়েছে। এখানকার এম.এল.এ. আমাদের দলের লোক। তাঁর উপর আক্রমণ হচ্ছে, বাড়ী লুঠ হচ্ছে—তিনি বাড়ীতে পর্যন্ত থাকতে পারছেন না। এমনকি তাঁকে যাঁরা যাঁরা সাহায্য করছেন, তাঁদের অন্যতম হলেন স্বর্গীয় স্বাধীনতা সংগ্রামী কংগ্রেস নেতা স্বর্ণ কমল মিত্রের বাড়ীর লোকজন। এঁরা সকলেই কংগ্রেসের সমর্থক। তাঁদের উপরেও আক্রমণ চালান হচ্ছে। তাঁদের বাড়ী থানা থেকে মাত্র ৫ মিনিটের পথ। অথচ প্রকাশ্য দিবালোকে ২০০ জন লোক সি. পি এমের দলের বোমা নিয়ে তরোয়াল নিয়ে একটা সন্ত্রাসের সৃষ্টি করেছে। শান্তিপূর্ণ সরকার প্রশাসনে শান্তি ফিরিয়ে আনার জন্য ডি. এমের চেম্বারে বসে অল পার্টি বসে একটি পিস কমিটি করুন।

"It was decided in the meeting held with all political parties on 3rd March, 1982 at D.M's residence that a meeting will be held by S.D.O. Sadar on th March, 1983 at 11 hours at Circle Inspector's office GMP to discuss about the measures to mainta in peace at GMP TOWN. Due to unavaidable circumstances the said meeting cannot be held on 5th march, 1983 as scheduled. Kindly inform all political parties viz., CPM, CPI, RSP, Congress(I), Congress (S), etc. The next meeting will be intimated later on. সরকার যাতে একটি শান্তি কমিটি করে ওখানে শান্তি ফিরিয়ে আনেন। তা না হলে সেখানে আসামের ঘটনার পুনরাবৃত্তি হবে। আগুন জ্বলবে কেউ থামাতে পারবে না। সেইজন্য অনুরোধ করছি গভর্ণমেণ্টের সুবুদ্ধি ফিরে আসুক। আর হত্যা নয়, তাণ্ডবলীলা নয় সেখানে শান্তি ফিরিয়ে আনুন এই অনুরোধ আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে করছি।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী এবং বিশেষ করে আমাদের খাদ্য দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রেপসিড ভাঙ্গবার জন্য বারাসাতের একটি কারখানা আছে। ওই কারখানাতে রাজ্য সরকারের রেপসিড ভাঙ্গা হয়ে থাকে। সেই কারখানাটির নাম পল্লব রিফাইনারি। সেখানকার মালিক অত্যন্ত অন্যায়ভাবে ৮ জন কর্মীকে ছাঁটাই করেছেন। সেই সমস্ত কর্মীরা ওই কারখানার সামনে বসে আছে। ওই কারখানার মালিক স্থানীয় পুলিশকে কাজে লাগাতে পারেন নি বলে লালবাজার থেকে পুলিশ এনে তাদের ধরবার চেষ্টা করেছেন। কিন্তু স্থানীয় লোকেদের বাধা দেবার ফলে তা হতে পারে নি। বামফ্রন্ট সরকারের ঘোষিত নীতি যে ন্যায়সঙ্গত আন্দোলনে পুলিশী হস্তক্ষেপ চলবে না। এক্ষেত্রে তা বিপন্ন হতে চলেছে। ওই কারখানার মালিক হচ্ছেন রঘু মোদি চেম্বার অফ কর্মাসের একজন কর্মকর্তা। ওই কারখানায় রেপসিড ভাঙ্গবার দায়িত্ব দিয়েছেন রাজ্য সরকার। ওই কারখানার শ্রমিকদের যাতে ছাঁটাই না করা হয় এই ব্যাপারে শ্রমমন্ত্রীর কাছে আবেদন করছি। এই ব্যাপারে একটি ত্রিপাক্ষিক মিটিং করে সমস্যার সমাধান করুন।

**শ্রীসত্য রঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে রাজ্যের কেরোসিনের যে দুরাবস্থা সে সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করছি। বিশেষ করে গ্রামাঞ্চলে এই অবস্থা খুব খারাপ হয়েছে। হঠাৎ দুরকমের তেলের দাম ঘোষণা করার ফলে যেটুকু তেল পাওয়া যেত তা আর পাওয়া সম্ভব হচ্ছে না। এদিকে মাধ্যমিক পরীক্ষা শুরু হয়েছে। ব্যবসাদাররা কেরোসিন দেওয়া বন্ধ করে দিয়েছে। আপনি জানেন এদিকে বিদ্যুতের কি অবস্থা। গ্রামবাংলায় যেটুকু তেল পাওয়া যেত এই দু রকম দামের ফলে ব্যবসাদাররা খুব সুযোগ নিচ্ছে। আমি কালকে কয়েকটি জায়গায় দেখি হঠাৎ রাত্তির বেলা ব্যারেল ব্যারেল তেল আসা সত্ত্বেও ব্যবসাদাররা তেল আটকে দিয়েছে। ডায়মণ্ডহারবার থেকে যে ট্যাংকারগুলি আসছিল পথে সেই ট্যাংকারগুলি আটক করে সেগুলি খালাস করে দিল লোকগুলি। অথচ এদিকে তেল পাওয়া যাচ্ছে না। এই দুরকম দামের ফলে ব্যবসাদাররা গ্রামগুলিতে চরম অবস্থার সৃষ্টি করেছে।

[2-30—2-40 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে অনুরোধ করব আপনি মুখ্যমন্ত্রীকে বলুন যেখানে যেখানে কেরোসিন তেলের অসাধু ব্যবসায়ীদের পাবেন সেখানে তাদের গ্রেপ্তারের যেন ব্যবস্থা করেন এবং ছাত্রদের কেরোসিন তেল দেবার ব্যবস্থা করেন।

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir. Through you I would like to draw the attention of the Education Ministry and the Education Minister. Sir, you know that the Calcutta Madrassa is one of the oldest institu-

tions of the Government in the United Bengal. This also occupies the said position at the present moment. It is very unfortunate that for years together a number of teaching staff is lying vacant including the post of one principal. The present head of the Institution, I mean, the head of the teachers, had written many letters to the Education Minister, but all were in vain. Sir, this pioneer institution has produced many great sons of Bengal. At present, two posts of teachers—one for Anglo-Persian and another for Anglo-Arbic language-are lying vacant, The students are suffering for want of teachers. So, I request the Hon'ble Education Minister to fill up these vacancies immediately. Thank you, Sir.

**শ্রীনী'.রাদ রায় চৌধুরী ঃ** মানীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন পদ্মা নদী একটা ঐতিহাসিক নদী। তার উৎস নদীয়া থেকে ২৪ পরগণার মধ্য দিয়ে ২৬ কিলো মিটার গিয়ে ইছামতীতে পড়েছে। জেলা শাসক, এস.ডি. ও'র যুক্ত সভায় সিদ্ধান্ত হয় যে খরা তহবিল থেকে এই নদীকে কাটান হবে। এই নদী সমস্ত পাবলিক দখলে আছে। এই নদীর আউট ফল থেকে কাটান শুরু করে ৮ কি মি কাটান হয়েছে এবং এরজন্য ২ লক্ষ ৪৮ হাজার টাকা খরচ হয়েছে। হঠাত ১৫ দিনের উপর হল এই নদী কাটানর কাজ বন্ধ হয়ে গেছে। ১/১॥ হাজার শ্রমিক যারা এই নদী কাটানর কাজে ব্যস্ত ছিল তাদের কাজ বন্ধ হয়ে গেছে। নদী কাটানর কাজটা শেষ করার কথা ছিল কিন্তু তা হচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই পদ্মা নদীকে সম্পূর্ণ কাটান হয়, তাতে লক্ষ লক্ষ একর জমিতে সেচের ব্যবস্থা হবে এবং যাতায়াতের পথও সুগম হবে।

**শ্রীফণি ভুষণ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে তপশীলি জাতি এবং উপজাতি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে এই অনুন্নত তপশীলি জাতি এবং উপজাতিদের যাতে রক্ষা করা যায় তারজন্য বিভিন্ন খাতে অনুদান হিসাবে কেন্দ্রীয় সরকার প্রচুর অর্থ দিয়েছেন। এগ্রিকালচার, ফিশারীজ প্রভৃতি বহু খাতে কেন্দ্রীয় সরকার টাকা দিয়েছেন কিন্তু অত্যন্ত দুঃখের কথা আমার মালদহ জেলায় এবং আমার মনে হয় বিভিন্ন জেলায় একই অবস্থা, অনুদান হিসাবে কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছেন এই অপদার্থ সরকার তার অর্ধেক টাকাও ব্যয় করতে পারেন নি। এই টাকা কেন খরচ করতে পারেননি আমি জানি। পঞ্চায়েতের প্রভুরা নাকি এনকোয়ারী না করলে দরখাস্ত মঞ্জুর না করলে এই টাকা দেওয়া হয় না অর্থাৎ দরখাস্ত না পাঠালে টাকা দেওয়া হবে না। সেইসব কারণে বেছে বেছে সি পি এম-এর দলভুক্ত

যারা তারাই টাকা পায়, অন্যরা টাকা পাচ্ছে না। এই টাকা কেন দেওয়া হচ্ছে না এই সম্বন্ধে তদন্ত করে এই সভায় যেন মন্ত্রী মহাশয় একটা রিপোর্ট দাখিল করেন।

**শ্রীনীশ মহম্মদ ঃ** মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় আইন মন্ত্রীর তথা পশ্চিমবংগের মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৭৪ কি ১৯৭৫ সালে পণপ্রথা বিরোধী একটা আইন পাশ হয়েছিল, কিন্তু আজ সারা পশ্চিমবঙ্গে দেখতে পাচ্ছি এই পণপ্রথা একেবারে জোর কদমে এগিয়ে চলেছে। যাঁরা কন্যাদায়গ্রস্ত পিতা-মাতা তাঁরা সহায় সম্বলহীন হয়ে যাচ্ছেন পাত্রের সীমাহীন দাবির ফলে।

আইন আছে কিন্তু সেই আইন কার্যকরী হচ্ছেনা। কাজেই আমি আপনার মাধ্যমে মন্ত্রী-সভার দৃষ্টি আকর্ষন করে বলতে চাই যে, অসহায় পিতামাতাদের রক্ষা করবার জন্য ব্যবস্থা হওয়া সত্বেও সেটা যখন কার্যকরী হচ্ছেনা তখন এমন পথ অবলম্বন করা হোক যাতে এই পণ প্রথায় বিশ্বাসীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা অবলম্বন করা যায়।

**শ্রীসমর মুখার্জী ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩ তারিখে মালদহ জেলার দেবীপুর স্কুলের পরীক্ষা কেন্দ্রে দেখা গেল ক্লাশ ফাইভ থেকে টেন পর্যন্ত যে সমস্ত ছেলে নিয়মিত স্কুলে পড়াশুনা করেছে, যারা ফাষ্ট, সেকেণ্ড স্ট্যাণ্ড করছে তারা তাদের ফর্ম নিয়মিত জমা দেওয়া সত্বেও অ্যাডমিট কার্ড পায়নি। এ্যাডমিট কার্ড না পাওয়ার জন্য তারা যখন পরীক্ষা কেন্দ্রে শান্তিপূর্ণ বিক্ষোভ দেখাচ্ছিল তখন কিছু সি, পি, এম গুণ্ডা, ওই পরীক্ষা কেন্দ্রে ঢুকে শান্তিপূর্ণ পরীক্ষার্থী এবং জনসাধারণের উপর ইট পাটকেল মারে এবং উত্তেজনা যখন চরমে পৌছায় পুলিশ তখন ২১ রাউণ্ড গুলি পরীক্ষার্থী এবং জনসাধারণের উপর নিক্ষেপ করে। এই ঘটনার পর উত্তেজনা পার্শ্ববর্তী কেন্দ্রে এবং রতুয়া কেন্দ্রে ছড়িয়ে পড়ে এবং সেখানকার পরীক্ষাও ভণ্ডুল হল। সি, পি, এম গুণ্ডারা পরীক্ষা কেন্দ্রে ঢুকে হামলা করে এই ভাবে যে পরীক্ষা বন্ধ করছে আমি তার প্রতি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্র সেচ থেকে জল বিতরণ সম্পর্কে ক্ষুদ্র সেচ মন্ত্রী কর কাঠামো ধার্য করে যে বিবৃতি দিয়েছেন গত ৫ তারিখে সে সম্পর্কে কৃষকদের অসুবিধার কথা কিছু বলতে চাই। তিনি গমে ৩০ টাকা ধার্য করেছেন, আমনে ৩০ টাকা ধার্য করেছেন, আলুতে ১০০ টাকা ধার্য করেছেন, বোরোতে ২৪০ টাকা ধার্য করেছেন এবং বলা হয়েছে টাকাটা আগাম দিতে হবে। আমার বক্তব্য হচ্ছে, কৃষকরা নিশ্চয়ই টাকা দেবে, কিন্তু জল দেবার ব্যাপারে বিধিব্যবস্থা যাতে ভালভাবে থাকে সেদিকে সরকার যেন দৃষ্টি দেন।

ফসল লাগিয়ে জলের জন্য কৃষকদের যেন আকাশের দিকে তাকিয়ে হাহাকার করতে না হয়, জল যেন তাদের নিয়মিত দেওয়া হয়।

**শ্রীসাধন চট্টোপাধ্যায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। কৃষ্ণনগর সিটি জাংসন স্টেষণে মহিলা যাত্রীদের জন্য আলাদা কোন টিকেট কাউন্টার নেই এবং তার ফলে মহিলাদের খুবই অসুবিধা হচ্ছে। আমি গত অধিবেশনেও এই বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করেছিলাম। কিন্তু এখনও দেখছি পূর্ব রেলওয়ে কর্তৃপক্ষ কাউন্টারের একদিকে মহিলা এবং আর একদিকে পুরুষ এই কথা দুটি লিখে তাঁদের দায়িত্ব পালন করে চলেছেন এবং ভাড়া বাড়িয়ে যাচ্ছেন। আমি এই ব্যাপারে আমাদের পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি, পূর্ব রেলওয়ে কর্তৃপক্ষ মহিলা যাত্রীদের জন্য আলাদা টিকেট কাউন্টারের ব্যবস্থা করেন এবং সেখানে যেন কর্মী দেবার ব্যবস্থা করেন।

[2-40—2-50 P. M.]

**শ্রীশান্তি মোহন রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাস্তার যিনি মন্ত্রী আছেন তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি অবগত আছেন হুগলী জেলার পাণ্ডুয়া অঞ্চলে চারটি পাকা রাস্তা তৈরী হচ্ছে। সেই রাস্তা যাতে তৈরী হতে না পারে তার জন্য বালী খাদের মালিকরা যত্রতত্র বালী খাদ খুঁড়ছে। এতে বহু গরীব মানুষ বাস্তুচ্যুত হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে এই ব্যাপারের সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমাধবেন্দ্র মোহান্তঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সারা নদীয়া জেলায় সম্প্রতি যে শিলা বৃষ্টি হয়ে গেল সে সম্বন্ধে কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এবার নদীয়া জেলা খরায় খুবই ক্ষতিগ্রস্ত হয়েছে। তার রবি শস্য করার জন্য জল দেওয়া হয়েছে। কিন্তু সেই রবি শস্য শিলা বৃষ্টির ফলে ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। সেইজন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয় চাষীদের যাতে ক্ষতিপূরণ দেওয়া হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীঅম্বিকা ব্যানার্জিঃ** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এবং সংগে সংগে হাওড়ার যে দু জন মন্ত্রী আছেন তাঁদেরও দৃষ্টি আকর্ষণ করছি। তাঁরা হাওড়ার শিল্প অগ্রগতি সম্বন্ধে এই বিধানসভায় খুবই বড়াই করে বলেন। কিন্তু হাওড়া সহরে বহু ছোট ও বড় শিল্প বন্ধ হয়ে রয়েছে। একটি ইঞ্জিনীয়ারিং শিল্প পোর্ট ইঞ্জিনীয়ারিং ওয়ার্কস বহু দিন ধরে বন্ধ হয়ে রয়েছে। সেখানে সি.পি. এম ইউনিয়নে প্রেসিডেন্ট হচ্ছে প্রলয়বাবু নিজে। এই

কারখানাটি খোলার কোন ব্যবস্থা হচ্ছে না। শ্রমিকরা মাসের পর মাস ধরনা দিচ্ছে। এই ব্যাপারে দৃষ্টি দেবার জন্য আমি শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীদেব নারায়ণ চক্রবর্তি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণ করছি। পাণ্ডুয়া রেল ষ্টেশনের পূর্বে জয়পুর ক্রসিংএর একটি সাবওয়ে আছে। সেটি রেলের একতিয়ার ভুক্ত। দীর্ঘ দিন মেরামত না করার জন্য এটি খুব বিপদজনক অবস্থায় আছে। যে কোন সময়ে এ্যাকসিডেন্ট হতে পারে। এটা করলে ওখানকার মানুষরা কাজ পায় এবং এতে জনগণের কল্যান হতে পারে। ঐ সাবওয়ে এবং রাস্তাটি যাতে সংস্কার করা হয় তার জন্য আমি রেল মন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় ভারপ্রাপ্ত শ্রমদপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীন সমাজ বিজ্ঞানের একদল ছাত্র একটি সমীক্ষা চালিয়েছিলেন। তাতে দেখা গেছে রাস্তার ছোট ছোট চায়ের দোকান থেকে আরম্ভ করে খাবারের দোকান এবং বিভিন্ন দোকানে বিভিন্ন জেলা থেকে শিশু শ্রমিকদের নিয়ে এসে তাদের কাজে নিয়োগ করে রাখা হয়েছে। প্রায় সমস্ত মালিকই তাদের খুব অল্প টাকা দিয়ে রাখে এবং ঠিকমত খেতেও দেয় না। এর ফলে তারা অপুষ্টিজনিত রোগে ভুগছে এবং তাদের মধ্যে বিভিন্ন রকম রোগ দেখা দিচ্ছে। সমাজ বিজ্ঞান দপ্তর থেকে সমীক্ষা চালিয়ে এটা জানা গেছে। আমার নিজের জেলার প্রায় ১৫ হাজার শিশু শ্রমিক কলকাতার বিভিন্ন প্রতিষ্ঠানে কাজ করছে। বিভাগীয় মন্ত্রী মহাশয়, বিশেষ করে মন্ত্রীসভার সদস্যদের কাছে অনুরোধ করছি আপনারা এটা মানবিকতার দিক দিয়ে অনুভব করুন। শিশু শ্রমিকদের পরীক্ষাগারের গিনি-পিগের মত ব্যবহার করা হচ্ছে। এই সব কম বয়সী শিশু শ্রমিকদের যাতে অন্যভাবে পুনর্নিয়োগ করা যায় আপনারা সেই চিন্তা করুন। আপনারা এই সমীক্ষা রিপোর্টের উপর আরো বিভাগীয় তদন্ত যদি করতে চান তাহলে সেটাও করুন এবং অবিলম্বে শিশু শ্রমিকদের যেভাবে ব্যবহার করা হচ্ছে, তাদের যেভাবে কাজে লাগানো হচ্ছে সেটা বন্ধ করুন।

**শ্রীহাজারী বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলার সাগরদীঘি কেন্দ্রে তপশিলী কেন্দ্র। মুর্শিদাবাদ জেলাও খরা পীড়িত এলাকা সাগরদীঘি এলাকাটিও অত্যন্ত শুষ্ক এলাকায় পর্যবসিত হয়েছে। এবারে দারুন খরা হয়েছে। ঐ এলাকার মানুষ দারুণ জল কষ্টের সম্মুখীন হয়েছে। ঐ এলাকার মানুষ যাতে পানীয় জল পেতে পারে সত্বর সেই ব্যবস্থা করার জন্য আমি সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

## LAYING OF REPORT

**The Annual Report of the working and affairs of the State Fisheries Development Corporation Limited for the year 1980-81.**

**মিঃ স্পীকার :** এখানে আমি মাননীয় মন্ত্রীকে দেখছি না। সেই জন্য মাননীয় পরিষদীয় মন্ত্রীকে এই রিপোর্টটি লে করতে বলছি। কিন্তু একটি জিনিস মন্ত্রীদের মনে রাখতে হবে যে, তাদের লেয়িং অব রিপোর্ট আছে, অথচ হাউসে উপস্থিত থাকেন না। বিজনেসের সময় উপস্থিত থাকেন না, এটা ঠিক নয়। ভবিষ্যতে যাতে এটা না ঘটে সেটা দেখবেন। পরিষদীয় মন্ত্রীকে বলছি, আপনি রিপোর্ট লে করুন।

**Shri Patit Paban Pathak :** With your permission, Sir, I beg to lay the Annual Report on the working and affairs of the State Fisheries Development Carporation Limited for year 1980-81.

( ভয়েস : শ্রীসুব্রত মুখার্জী : স্যার, মন্ত্রীরা বড় ইরেসপনসিবল। )

ইরেসপনসিবল বলবেন না। আপনারা জানেন যে আপনাদের লোকজন বিভিন্ন জায়গায় গালমাল করছেন, মন্ত্রীরা থামাতে গেছেন।

**শ্রীসুব্রত মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব দুঃখের সংগে জানাচ্ছি, একটি বিষয় আমি গত প্রায় ১ সপ্তাহধরে হাউসের মধ্যে রাখবার চেষ্টা করছি ১৯৪,১৮৫,২২৬, মেনসান, এ্যাডজোর্নমেণ্ট মোসান ইত্যাদি সো মেনি ওয়েজে। কিন্তু আমি জানি না আপনার কোন্ উদ্দেশ্য, কি মহৎ কার্য আপনি সমাধা করছেন এটাকে সাপ্রেস করে। আমি যখন তন্তুজ সম্পর্কে দুর্নীতির প্রশ্ন তুললাম তখন আপনি আমাকে এ্যাডজোর্নমেণ্ট মোসানের ১০টি লেটার পড়তে দিলেন। তারপর মুখ্যমন্ত্রী মহাশয় নিজের একটি পারসোন্যাল এক্সপ্ল্যানেসানের নাম করে আমার কোন জবাব দিয়ে গেলেন না এবং যার বিরুদ্ধে ১৭টি দুর্নীতি, স্বজনপোষণের বেআইনী অভিযোগ, তিনি কিন্তু বারে বারে হাউসে আসছেন, একবারও পারসোন্যাল এক্সপ্লানেসান দিতে উঠলেন না। আমি স্যার, আপনার মাধ্যমে আর একটি কথা সংযোজন করছি, আপনি তো কিছুই করবেন না। ১৯৭৮ সাল থেকে চলছে। ১৯৭৮ সাল থেকে উনি পশ্চিমবঙ্গ রেশম শিল্পের সংগে, তন্তুজের আর একটি সংস্থা, যুক্ত আছেন। সেখানে একটি বোর্ড হয়েছিল। সেই বোর্ডে পান্না লাল মাজী, এম.এল.এ. চেয়ারম্যান ছিলেন, কৃপাসিন্ধু সাহা, জয়ন্ত কুমার বিশ্বাস, ডি. ভট্টাচার্য্য ইত্যাদি ছিলেন। উনি সবাইকে সরিয়ে দিলেন।

সরিয়ে দিয়ে ওয়ান ম্যান দুর্নীতি চালিয়ে গেলেন। এই দুর্নীতির নজীর হিসাবে ১৯৮১ সালে আনন্দবাজার পত্রিকার প্রথম পাতায় ছাপানো হল—উপরে লিখছে, বিধায়কের বিরুদ্ধে তছরূপের অভিযোগ"। সেখানে বলছে, মার্কেটিং সোসাইটির ১লক্ষ ১৯ হাজার টাকা তছরূপের অভিযোগে জনৈক এম.এল. এর বিরুদ্ধে রাজ্য সমবায় দপ্তর ফৌজদারী মামলা করতে চান। কিন্তু স্বরাষ্ট্র দপ্তর বলছেন, এটা একটা সিভিল রাজনৈতিক ব্যাপার, এটা করা যাবে না।

[2-50—3-30 P.M. including adjournment]

তারপর বলছেন, ঐ এম.এল. এ-র বিরুদ্ধে তছরূপের অভিযোগ, প্রথম তোলেন সমবায় দপ্তরের সহকারী রেজিষ্ট্রার। স্যার, দপ্তরেরই ব্যাপার, বিরোধীদলের ব্যাপার নয়। কিন্তু তা সত্ত্বেও আজ পর্যন্ত কোন ফৌজদারী মামলা তুলতে দেওয়া হচ্ছে না। এ প্রশ্নের কোন জবাবও নেই। আমরা সংসদীয় রীতিনীতির মধ্যে থেকে জবাব চাইছি কিন্তু তা সত্ত্বেও আপনার কাছ থেকে উপযুক্ত জবাব পাচ্ছি না। আমি স্যার, আপনার কাছে বলছি, ভয়ানক সব ব্যাপার হয়েছে। ওয়েষ্ট বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটি এ্যাক্ট' ৭৩তে, যেখানে এক বছরের মেয়াদ, সেখানে হ'ল কি জানেন? গভর্নমেন্টের একটা নোটিফিকেশান হ'ল ২৪শে ডিসেম্বর '৮২ সালে যাতে পান্নাবাবু এক বছরের অতিরিক্ত আরো তিন মাস বেআইনীভাবে রয়ে গেলেন। তিন মাস রয়ে গেলেন বলে লিখছেন ডি. ভট্টাচার্য্য ডিরেক্টর অব হ্যাণ্ডলুম এ্যাণ্ড টেকসটাইলস এ্যাণ্ড এ্যাডিসন্যাল রেজিষ্ট্রার অব কো-অপারেটিভ সোসাইটি **Where as the Managing Committee of the aforesaid Paschim Bangla Resham Silpa Samabaya Samity stands automatically disolved.** ইত্যাদি। অর্থাৎ ১৯-৯তে শেষ হয়েছে আর ডিসলভড হচ্ছে ১৯-১২তে। তিন মাস পুরো কাজ করেছেন। এই কাজের মধ্যে কি কি করেছেন? ভয়াবহ ব্যাপার সব আছে। এগুলি স্যার, একটু ব্যবস্থা করুন, এটা কংগ্রেস, কমিউনিষ্টের ব্যাপার নয়। উনি প্রথমেই করলেন কি—জনতা শাড়ি পূর্ববঙ্গে প্রচণ্ডভাবে—কোটি কোটি টাকার বেআইনীভাবে পাচার সুরু করে দিলেন এবং সেখানে কোন রকম তদন্ত করলেন না। তারপর হাওড়ার কদমতলাতে তন্তুজ'র যে দোকান আছে সেখানে একটি বিরাট চুরি হয়, পুলিশ চোরকে এ্যারেষ্ট করে, সে একজন কর্মচারী, পান্নাবাবু ওকে ছাড়িয়ে নিয়ে এসে বললেন, ওকে এ্যারেষ্ট করতে পারবেন না। তারপর স্যার, ১৯৮০ সালে ঐ সময় ধর্মতলার সেলস ডিপোতে তিন বার চুরি হয় এবং এক লক্ষের বেশী টাকা ইনস্যুরেন্সের কাছে ক্লেম করা হয়। এক পয়সার ক্লেমও ঐ পান্নালাল মাজি মহাশয় আদায় করলেন না। এটা একটা গ্রস ইরেগুলারিটি-আদায় করলেন না। তা ছাড়া স্যার, আর একটা জিনিষ নতুন ভাবে চালু করেছেন সেটা আপনাদের শোনা দরকার।

**মিঃ স্পীকার:** আপনি ৫ মিনিট সময় চেয়েছিলেন, হয়ে গেছে, এবারে বসুন।

**শ্রীসুব্রত মুখার্জী :** স্যার, আমি আপনার কাছে অনুরোধ করছি আপনি আমাকে সময় দিন—আমাকে সংসদীয় রীতিনীতির মধ্যে থাকতে দিন। স্যার, সেখানে রিডাকসান সেল বাজারে চলছে তন্তুজ'র মাধ্যমে। কোন কোন জায়গায় ৫০ পারসেন্ট পর্য্যন্ত রিডাকসান দিয়ে সেল চলছে। এর আসল উদ্দেশ্য কি জানেন আসল উদ্দেশ্য হ'ল বড় বড় রাঘববোয়াল তাতীঁদের বাতিল করা জিনিষ ৫ কোটি টাকা দিয়ে কিনে নেওয়া। সেটা কিনে নিয়েছেন এই কো-অপারেটিভ সোসাইটির নামে, নিয়ে, রিডাকসানের নাম করে, জনগনকে কনসেসান দেবার নাম করে বিক্রি করা হচ্ছে। ৫ কোটি টাকার সম্পূর্ণ বাজে মাল আজকে ভায়া তন্তুজ বাজারে ছেড়ে দেওয়া হয়েছে। স্যার, এইসবের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা করা দরকার। মাননীয় মুখ্যমন্ত্রী বললেন, 'উইক' কাগজে বেরিয়েছে ওটা দক্ষিণের কাগজ, পূর্বের ব্যবসাকে বানচাল করার জন্য করছে। স্যার, আমাদের উনি বারবার সংকীর্ণতার দোষে দুষ্ট বলেছেন। স্যার, ভারতের জাতীয় সংহতি যখন সংকটের মুখে, যখন উত্তর এবং পূর্বের একটা সমন্বয় দরকার—সেখানে ব্যবসাকে কেন্দ্র করে এইসব বলা হচ্ছে।

**মিঃ স্পীকার :** আপনি এবারে বসুন, আমি অন্য বিজনেসে যাচ্ছি।

**শ্রীসুব্রত মুখার্জী :** আমরা সকলেই জানি বাঙ্গালীর ঐতিহ্য, বাঙ্গালীর সংস্কৃতি, বাঙ্গালীর সততা শুধু ভারতবর্ষেই নয়, সারা পৃথিবীতে স্বীকৃত সত্য। কিন্তু সেই স্বীকৃত সত্যকে এতবড় একটা চোর নষ্ট করে দিচ্ছে। স্যার, আমি একটার পর একটা ঘটনা উল্লেখ করছি। আমাদের এখানে রাজ্যপালের ছাগল চুরি হল তার জন্য তদন্ত হল, জ্যোতিবাবুর ছেলের জিনিস চুরি হল তারজন্য তদন্ত হল অথচ ৬ কোটি টাকার শাড়ী চুরি হল তারজন্য কোন তদন্ত হয়না।

## QUESTION OF PRIVILEGE

**Mr. Speaker :** Shri Satya Ranjan Bapuly, Shri Atish Chandra Sinha. Shri Ambica Bancrjee, Shri Subrata Mukherjee, Shri Abdur Rauf Ansari, Shri Ashok Ghosh, Shri Rajesh Khaitan, Shri Kashinath Misra and Shri Arun Kamar Goswami, MLAs have given a notice of a question of breach of privilege of the House against the Chief Minister on the ground that some uncharitable, unparliamentary and abusive remarks were made by him about some Congress (I) legislators in front of his chamber in the Assembly House on 1.3.83 thereby lowering the prestige and dignity of the House.

It is a well known parliamentary convention that in order to constitute a breach of privilege reflections upon members must concern their character

or conduct in their capacity as members of the House and "must be based on matters arising in the actual transaction of the business of the House". Reflections upon members otherwise than in their capacity as members do not in any way constitue breach of privilege or contempt of the House (vide page 224, Practice & Procedure of Parliament, Vol. I, by Kaul and Shakdher). May has also defined contempt in the following words "It may be stated generally that any act or omission whcih obstructs or impedes either House of Parliament in the performance of its functions, or which obstructs or impedes any member or officer of such House in the discharge of his duty, or which has a tendency, directly or indirectly, to produce such results may be treated as a contempt even though there is no precedent of the offence" (Page 132, May's Parliamentary Practice, Eighteenth Edition).

In the instant case it transpires that the alleged remarks by the Chief Minister were not connected with the transaction of business of the House. The Congress (I) legislators against whom the remarks were alleged to have been made also did not appear to perform any parliamentary duty when the incident was reported to have taken place in front of the chamber of the Chief Minister in the Assembly House. Moreover, defamatory words against a particular section of the House or against a particular party are not treated as constituting a contempt of the House as the whole House is not affected.

On the above considerations I hold that there is no prima facie case of breach of privilege in the issue raised by Shri Bapuli and others. The notice is accordingly disallowed.

(At this Stage the House was adjourned till 3-30 P.M.)

( After adjournment )

[3-30—3-40 P.M.]

## PERSONAL EXPLANATION

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটি ব্যক্তিগত কৈফিয়ৎ আছে। কিছুক্ষণ আগে মাননীয় সদস্য শ্রীসুব্রত মুখার্জী "রেশম শিল্পী সমবায় সমিতি" সম্পর্কে একটা বক্তব্য

**শ্রীসুব্রত মুখার্জী:** স্যার, আমি আপনার কাছে অনুরোধ করছি আপনি আমাকে সময় দিন—আমাকে সংসদীয় রীতিনীতির মধ্যে থাকতে দিন। স্যার, সেখানে রিডাকসান সেল বাজারে চলছে তন্তুজ'র মাধ্যমে। কোন কোন জায়গায় ৫০ পারসেন্ট পর্য্যন্ত রিডাকসান দিয়ে সেল চলছে। এর আসল উদ্দেশ্য কি জানেন আসল উদ্দেশ্য হ'ল বড় বড় রাঘববোয়াল তাতীঁদের বাতিল করা জিনিষ ৫ কোটি টাকা দিয়ে কিনে নেওয়া। সেটা কিনে নিয়েছেন এই কো-অপারেটিভ সোসাইটির নামে, নিয়ে, রিডাকসানের নাম করে, জনগনকে কনসেসান দেবার নাম করে বিক্রি করা হচ্ছে। ৫ কোটি টাকার সম্পূর্ণ বাজে মাল আজকে ভায়া তন্তুজ বাজারে ছেড়ে দেওয়া হয়েছে। স্যার, এইসবের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা করা দরকার। মাননীয় মুখ্যমন্ত্রী বললেন, 'উইক' কাগজে বেরিয়েছে ওটা দক্ষিণের কাগজ, পূর্বের ব্যবসাকে বানচাল করার জন্য করছে। স্যার, আমাদের উনি বারবার সংকীর্ণতার দোষে দুষ্ট বলেছেন। স্যার, ভারতের জাতীয় সংহতি যখন সংকটের মুখে, যখন উত্তর এবং পূর্বের একটা সমন্বয় দরকার—সেখানে ব্যবসাকে কেন্দ্র করে এইসব বলা হচ্ছে।

**মিঃ স্পীকার:** আপনি এবারে বসুন, আমি অন্য বিজনেসে যাচ্ছি।

**শ্রীসুব্রত মুখার্জী:** আমরা সকলেই জানি বাঙ্গালীর ঐতিহ্য, বাঙ্গালীর সংস্কৃতি, বাঙ্গালীর সততা শুধু ভারতবর্ষেই নয়, সারা পৃথিবীতে স্বীকৃত সত্য। কিন্তু সেই স্বীকৃত সত্যকে এতবড় একটা চোর নষ্ট করে দিচ্ছে। স্যার, আমি একটার পর একটা ঘটনা উল্লেখ করছি। আমাদের এখানে রাজ্যপালের ছাগল চুরি হল তার জন্য তদন্ত হল, জ্যোতিবাবুর ছেলের জিনিস চুরি হল তারজন্য তদন্ত হল অথচ ৬ কোটি টাকার শাড়ী চুরি হল তারজন্য কোন তদন্ত হয়না।

## QUESTION OF PRIVILEGE

**Mr. Speaker :** Shri Satya Ranjan Bapuly, Shri Atish Chandra Sinha. Shri Ambica Bancrjee, Shri Subrata Mukherjee, Shri Abdur Rauf Ansari, Shri Ashok Ghosh, Shri Rajesh Khaitan, Shri Kashinath Misra and Shri Arun Kamar Goswami, MLAs have given a notice of a question of breach of privilege of the House against the Chief Minister on the ground that some uncharitable, unparliamentary and abusive remarks were made by him about some Congress (I) legislators in front of his chamber in the Assembly House on 1.3.83 thereby lowering the prestige and dignity of the House.

It is a well known parliamentary convention that in order to constitute a breach of privilege reflections upon members must concern their character

তার ব্যবস্থা রাখতে বলছি। যাতে সহজভাবে প্রয়োজন-মাফিক ভাড়া বাড়ানো কমানো যায় এটাই হচ্ছে বিলের উদ্দেশ্য। এই ১০০ বছর আগেকার যে বিধি রয়ে গেছে সেটা যাতে সরলীকরণ করা যায়, সহজে যাতে গ্রহণ করা যায় তারজন্য এই বিল আনা হয়েছে। আশা করি সদস্যরা এটা গ্রহণ করবেন। এই হচ্ছে আমার বক্তব্য।

**শ্রীসুব্রত মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেটা প্রকৃতপক্ষে সাধারণ বিল হিসাবে দেখলে বিরোধিদল হিসাবে কোন বক্তব্য থাকার কথা নয়। কিন্তু এরজন্য আনুসঙ্গিক বিষয়গুলি যদি আলোচনা এবং বিবেচনা করার চেষ্টা করা হয় তাহলে এই বিল নিয়ে মূল্যায়ণ করা উচিৎ হবে এবং তাঁর দ্বারা রবীনবাবু নতুন পথের সন্ধান পেতে পারেন। এটা ঠিকই, বিভিন্ন দপ্তরে পুরানো যেসব আইন-কানুন আছে—এমনকি স্বাধীনতার আগে থেকে চলছে সেগুলি আজকে বিজ্ঞান-সম্মত এবং বাস্তব-ভিত্তিক নয়। সুতরাং তার পবিবর্ত্তন হওয়া দরকার। কিন্তু সেই পরিবর্তনগুলি যেন সব সময়ে পাবলিকের গ্রেটার ইনটারেষ্টকে সামনে রেখে পরিবর্তন করতে হবে। পরিবর্তনের জন্য যেন পরিবর্তন না হয়। এখানে ভাড়া বাড়ানোর ক্ষেত্রে যে বাধাটা ছিল সেটা আজকে চলে না। এ ব্যাপারে আপত্তি নেই কিন্তু এ ব্যাপারে আপনাদের অসৎ উদ্দেশ্য আছে। ট্রামের ভাড়া সাংঘাতিকভাবে বৃদ্ধি করবার জন্য একটা ষড়যন্ত্র এবং চক্রান্ত মাথায় রেখে রবীনবাবু এই প্রস্তাবটা ছোট করে এখানে এনেছেন এবং ট্রামের ভাড়া বৃদ্ধি করবার জন্য কয়েকদিন আগে ঘোষনাও করেছেন। এটা থেকে বোঝা যায় যাতে ভবিষ্যতে কেউ কোন মামলা বা কোন কিছু না পারে। সুতরাং উদ্দেশ্যটা সাংঘাতিক। আমরা যখন সরকারে ছিলাম অর্থাৎ ১৯৭৭ সালের বোধ হয় ২রা মার্চ আমাদের কার্যকাল শেষ করেছি তখন ট্রাম চলতো ৩০০টি। আর আজকে ১০ পারসেন্ট প্যাসেঞ্জারের সংখ্যা বেড়েছে। কিন্তু আজও রবীনবাবু সেই ৩০০টি ট্রাম চালাচ্ছেন। ভাড়া একবার নয়, তিন-তিনবার বাড়িয়েছেন। আর এবারেও ভয়ঙ্কর ভাড়া বৃদ্ধি করবার জন্য তিনি বসে আছেন। এখন বললেই তিনি বলবেন, ট্রেনের ভাড়া বাড়ছে, ঐ বিহারে বাড়ছে, ঐ উড়িষ্যায় বাড়ছে ইত্যাদি। কিন্তু তিনি ভারতবর্ষের আর কোথাও ট্রাম দেখাতে পারবেন না। বিহার উড়িষ্যাতেও দেখাতে পারবেন না। এটা একমাত্র পশ্চিমবাংলাতেই আছে। তিনি অনেকবার এও বলেছেন যে ডিজেলের দাম বেড়েছে তাই ট্রামের ভাড়া বাড়িয়েছি। কিন্তু আমার প্রশ্ন ট্রামের সাথে ডিজেলের সম্পর্ক কি ?

[3-40—3-50 P. M.]

ট্রামের সংগে ডিজেলের কি সম্পর্ক ? কোন সম্পর্ক না থাকা সত্ত্বেও ছুতো নাতায় একে কেন্দ্র করে আইনের পরিবর্তন করে, বার বার মানুষের উপর সরাসরিভাবে এই রকম পকেট কাটার ব্যবস্থা এই সরকারের মন্ত্রীরা করছেন। আপনি দেখুন আপনাদের পাঁচ—সাড়ে পাঁচ বছর রাজত্বের

মধ্যে আপনারা কত বার ভাড়া বাড়িয়েছেন ? আমাদেরও বাড়াবার অনুমতি ছিল, প্রয়োজন ছিল, আইন ছিল। আর যা কিছু হয়েছে সেটা আমাদেরই উদ্যোগে এবং আমাদের সময়ে হয়েছে। তা সত্ত্বেও ওনারা তো তাকে বাহবা দেবেন না, ওনারা অর্ধেক করে গিয়েছিলেন আমরা সেটা পূর্ণাঙ্গ রূপ দিয়েছিলাম। যে ভয়াবহ কথাটা বলছিলাম, ৯৬টি ট্রাম এল ওয়ার্ল্ড ব্যাংকের টাকায়। কিন্তু তার সবটাই সেই "এলোমেলো করে দে মা, লুটে পুটে খাই," সেই অবস্থা হল। ৯৬টি নূতন ট্রাম আনা সত্ত্বেও ট্রামের সংখ্যা সেই ৩০০টি থেকে গেল, তাহলে ১০০টি ট্রাম গেল কোথায় ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কি না জানিনা, যখন ম্যাকনামারা এল, কেন এসেছিল অনেকেই জানেন না, সেদিন হাওড়া থেকে হ্যারিসন রোড পর্যন্ত কতকগুলি ট্রাম দাউ দাউ করে জ্বলেছিল ? আপনি এ ব্যাপার নিশ্চয় জানেন, কারণ আপনারই বাড়ীর সামনে কতগুলি ট্রাম পুড়েছিল। তার কারণ, রাজদেও গোয়ালা, যে একজন ট্রামের কনডাক্টর ছিল তাকে এখন ট্রাম কোম্পানীর একজন ডিরেক্টর করে দেওয়া হয়েছে, কাজেই ঐ রাজদেও গোয়ালা এবং যিনি চেয়ারম্যান ঐ দুজনে মিলে এখন সমস্ত টাকা-পয়সা আলীমুদ্দিন ষ্ট্রীটে নিয়ে গিয়ে লুটতে আরম্ভ করেছে। ভাড়া বাড়ানোর প্রয়োজন হলে বাড়ান, আইনের পরিবর্তন করুন, কিন্তু তার আগে এইসব লিকেজ, কোরাপসান যা আছে সেগুলি বন্ধ করুন। ঐ ৯৬টি নূতন ট্রাম পুরণোগুলির সংগে যুক্ত হলে যাত্রী সাধারণের কত সুবিধা হোতো সেটা আপনারা বুঝতে পারছেন। তারপর ভর্তুকীর কথা, আমরা যা তথ্য পেয়েছি তাতে যে সাড়ে চার কোটি থেকে পাঁচ কোটি টাকার মত ভর্তুকী দেওয়া হয় তার থেকে তিন সাড়ে তিন কোটি টাকা চুরি হয়। এইভাবে মানুষের পকেট কেটে ভর্তুকী দেওয়া হয়। রাজদেওগোয়ালাকে ডিরেক্টর করে দেওয়া হল, তার হাতে ক্ষমতা পড়ল, সঙ্গে সঙ্গে ট্রামের সংখ্যাও কমে গেল। এক পয়সা ট্রাম ভাড়া যখন বাড়ান হয়েছিল তখন জ্যোতিবাবু বলেছিলেন ঐ এক পয়সা বর্ধিত ভাড়া কে দেবে ? তারপর আরও ভয়াবহ যেটা সেটা হচ্ছে গত চার বছর ধরে প্রত্যেক বছরে এক কোটি টাকা করে ওভারটাইম দেওয়া হয় ট্রান্সপোর্ট কোম্পানীতে তিন টাইম কাজ হয়, কাজেই ওভার টাইমের প্রশ্ন ওঠে না। তিন শিফ্‌টে কাজ হলে ওভার টাইম হবে কেন ? এই বছর তিন কোটি টাকা ওভারটাইম নিয়ে চলে গেছে ! এইভাবে তিনকোটি টাকা চুরি না হলে ভর্তুকীর প্রয়োজন হতো না, ট্রামের ভাড়া বৃদ্ধি করার প্রয়োজন হতো না। ১৯৬৭ সালে প্রথম ট্রাম সম্পর্কে বিতর্ক উঠেছিল। আমি ১৯৬৭ সালের একটি প্রসিডিংস থেকে একটু উদ্ধৃতি দিচ্ছি, সেখানে জ্যোতিবাবু কি বলেছিলেন। সেখানে তিনি বলেছিলেন **it chooe to forget that enhancement of tram fares in Calcutta is always fraught dangerous consequences if the mood of the public is not cultivated in the proper way in advance.**

সবটা পড়লে তো বুঝতেই পারবেন আপনাদের শাসকদলের কি অবস্থা। আপনারা ৬৭ সালে ছিলেন। আমি জ্যোতিবাবুকে সমর্থন করছি, এই ক্ষেত্রে মুড এ্যাণ্ড পালস্ বুঝে প্রয়োজনকে কেন্দ্র করেতার পরে ভাড়া বৃদ্ধির প্রশ্ন উঠতে পারে। নতুবা আজ উনি এই আইনের মধ্যে দিয়ে কি

করতে পারেন ? উনি এই আইনের মধ্যে দিয়ে আপাত দৃষ্টিতে বলবেন যে বৃটিশের ৮০ সালের আইন আমি পরিবর্তন করলাম, করে একটি বিজ্ঞান ভিত্তিক ব্যবস্থা করলাম—তাহলে বলার কিছু থাকেনা। ট্রামের উন্নতি কি হয়েছে ? যে সব জায়গায় ট্রাম লাইন নতুন করে গেছে, তার উন্নতি হয়েছে কিছু ? একটি ট্রাম পিছু আমাদের সময় ১৮ জন ওয়ার্কার ছিল, এঁরা গুণ্ডাপুষে একটি ট্রামে ৩৩ জনকে পুষছে। এরা বেতন নিয়ে মার্কসবাদী কম্যুনিস্ট পার্টির গুণ্ডাবাজী করছে। আমি ৬টি করাপশনের কথা, তাঁদের তদন্ত রিপোর্টের করাপশনের কথা আপনাকে পড়েশুনাচ্ছি তাহলেই বুঝতে পারবেন আমার কথা। যদি করাপশন বন্ধ করা যেত, যদি লিকেজ বন্ধ করা যেত তাহলে ভরতুকির ৫ কোটি টাকা আমদানী করতে হোতনা। অনেক করাপশনের কথা আমার কাছে আছে। আমি কেবল ৫টি করাপশনের কথা বলছি মাননীয় মন্ত্রী জানেন এর যে চিফ একজিকিউটিভ তার বিরুদ্ধে করাপশনের অভিযোগের জন্য বহু জায়গায় সি.বি.আই এবং ভিজিলেন্সকে তদন্ত করতে হয়েছে। রাজদেও গোয়ালা, এই করাপ্ট লোককে গত কয়েক বছর ধরে আটকে রাখা হয়েছে। আজকে আত্মীয়-স্বজনকে চাকরী দিয়ে এবং বিভিন্নভাবে ব্যবহার করে স্বজনপোষণ এবং দুর্নীতির চূড়ান্ত চলছে। এ তো সাংঘাতিক ব্যাপার ! এরপর দেখবো ট্রামের লইেসেন্স দেবে সি.পি.এম. গুণ্ডাদের যেমন মিনিবাসের লাইসেন্স দেওয়া হয়েছে। তাছাড়া আমি শুনতে পেয়েছি ট্রামের এই রকম লাইসেন্স বেরিয়ে যাবে, সি. পি. এম. মাস্তানরা পেয়ে যাবে। পাঁচটা করাপশন কি তা আমি পড়ে দিচ্ছি এই রিপোর্ট থেকে। এটা তাঁদের রিপোর্ট, আমার নয়। যদি আমরা বলি তাহলে তো বলবেন কংগ্রেস বলছে। এক নম্বরে রিপোর্টে বলা হয়েছে

Shri P.K.Dey drew irregularly an amount of Rs. 3,150/- as ex-gratia payment from CTC @ Rs. 1,575/-per year on 15.10.1980 and 30.9.1981 in clear contravention of the terms and conditions laid down under Para 12 of Govt. of West Bengal, Home (Transport) Deptt. Order No. 5247-WT/7T-34/79 dated 25.4.1971. The amount has not been returned in spite of specific objections raised by the Accountant General, West Bengal.

During 1980-81 and 1981-82, Shri P.K. Dey received as reimbursement of medical expenses for the members of his family (excluding himself) an amount of Rs. 3,036.10 in clear violation of para 7 of Govt. of West Bengal Home (Transport) Deptt. Order No. 5247-WT/7T-34/79 dated 25.4.1981. This included Rs. 2047/-as Nursing Home charges. The amount has not been returned in spite of specific objections raised by CTC.

Shri P. K. Dey appointed his brother-in-low, Shri Prabir Das, as Chargehand in the permanent way department of CTC in clear contravention of the rules of recruitment.

Car No. WBJ 8834 belonging to CTC is being put to personal use of Shri P.K.Dey and the members of his family (though official it is shown to belong to a car pool), but Shri Dey is not paying Income Tax for enjoying his perquisite as required under the Income Tax Act.

Shri P.K.Dey is standing in Fern Road in a Government requisitioned flat for which he is not paying any rent. But he is drawing House Rent allowance from CTC. He has not produced any rent receipt in spite repeated reminders from the Accountant General, West Bengal.

স্যার, এর সঙ্গে রেগুলার ব্যাপার, আপনি দেখবেন এঁদের প্রটেকশন আছে বলে এবং কোন ব্যবস্থা অবলম্বন করছেন না বলে করাপশনগুলো ক্রমাগত চলছে। অফিসারদের সম্পর্ক সমাজকে দুই ভাগ হয়ে গেছে। ওয়ার্কার্স ইউনিয়নের নাম করে বা ধাপ্পা দেবার জন্য একটি করে দামী ঘড়ি ধরিয়ে দেওয়া হোল পঁচিশ, পঞ্চাশ না ১০০ বছর পূর্তি উপলক্ষ্য করে। সেই ঘড়ির মধ্যে আবার পার্থক্য হয়ে গেল! যাঁরা কম্যুনিষ্ট, যাঁরা সিটুর মেম্বার তাঁরা এইচ.এম.টি.র ঘড়ি পেয়ে গেল, যাঁরা নন-সিটুর মেম্বার তাঁরা ২ মাস পরে খারাপ হয়ে যাবে সেই রকম ঘড়ি পেয়েছে। হিউজ এ্যামাউন্ট ওরা ত্রাণের নাম করে শুধু সি.টি.সি.-র সিটু ইউনিয়ন গভর্ণমেণ্টের ৬৭ হাজার টাকা নিয়ে কয়েকজন এম.এল.এ.-কে দিয়ে একটি সেমিনার করে। তাতে এক একজনের প্লেটে ৪৫ টাকা ধরে সেখানে তাঁরা ভুঁড়িভোজ করেছে। করাপশন আর কাকে বলে?

[3-50—4-00 P.M.]

এই ভাবে লিকেজ হচ্ছে অথচ ডেভলপমেণ্টের কোন ব্যাপার নেই। মানুষের সুরাহা তো করুন, মানুষকে সুখ-সাচ্ছন্দ দিন যে কথা জ্যোতিবাবু বার বার বলেছেন যে মানুষের মুড তৈরী করুন, তারপর যদি ২।১ পয়সা ভাড়া বাড়ে তাতে কিছু অসুবিধা হবে না। এটা ঠিক যে সাধারন মানুষকে তো কিছু পয়সা দিতে হবে সরকারকে। কিন্তু সরাসরি এই ভাবে, লিকেজকে বন্ধ না করে ভরতুকির অজুহাত দেখিয়ে এবং সব চেয়ে সর্বনাশের কথা হাচ্ছ ওয়াল্ড ব্যাংকের আইনের কথা উল্লেখ করে যদি ভাড়া বাড়ানো হয় তাহলে—আমি বলছি না স্যার—জেনে রাখুন বাংলাদেশে আগুন জ্বলবে। এই আগুন ট্রাম-বাস পোড়ানোর আগুন নয়, এই আগুন মানুষের আগুন। এটা দাবিয়ে রাখতে আপনারা পারবেন না। এই ভাড়া বাড়াবার কোন যুক্তি নেই। আপনারা বলেছেন ওয়াল্ড ব্যাংক থেকে নাকি নির্দ্দেশ দিয়েছে ভাড়া বাড়াবার জন্য। আমরা কি উজবুক

স্যার ? আমরা কি এতোই বোকা ? স্টেট গর্ভমেণ্টের সাথে এই ধরনের কোন চুক্তি হতে পারে না। যে সব আন্তরজাতিক চুক্তি হয় বিশেষ করে অর্থনৈতিক চুক্তি তা কেন্দ্রের সাথেই হয়। এই ধরনের চুক্তি কি স্টেট গর্ভমেণ্টের সঙ্গে হতে পারে ? আজকে সেই চুক্তি উল্লেখ করে ট্রামের ভাড়া বাড়ানোর চেষ্টা করা হচ্ছে। সুতরাং এই যে অজুহাত ওয়ার্ল্ড ব্যাঙ্কের নাম করে করা হচ্ছে সেটাকে থামবার জন্য অনুরোধ করছি। আমি ইরেসপনসেবিল কোন স্টেটমেণ্ট করিনি। আগে যখন দুম করে ভাড়া বাড়ালেন তখন তো কিছু বলি নি। কোন কোন জায়গায় যুক্তি আছে মনে করেছিলাম, তখন ষ্টীল পাওয়া যাচ্ছিল না, ট্রামের সংখ্যা তখন ভয়াবহ, ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা তখন আসেনি, সেই জন্য তো তখন আপত্তি করি না। আজ ষ্টীল বাজারের যেখানে খুসি পাওয়া যাচ্ছে, আজকে তো আন্তরজাতিক কোন সমস্যা নেই। ওয়ার্ল্ড ব্যাঙ্কের এগ্রিমেণ্ট শুধু সম্পূর্ণ অসত্য নয়, তার চেয়ে যদি বেশী কিছু থাকে তাই। এখানে শুধু টাকার অপব্যবহার করা হচ্ছে। টাকা অপব্যবহার করে, নয়ছয় করে, দুর্নীতিকে বন্ধ করার চেষ্টা না করে, অর্থ অনিয়ন্ত্রিত রেখে ট্রামের ভাড়া বৃদ্ধি করে সর্বনাশের পথ ডেকে আনবার চেষ্টা করছেন এই কলকাতার বুকে। এটা সম্পূর্ণ রাজনৈতিক দিক থেকে হয়েছে। সত্যিকারের যোগ্য লোকের অভাবে এই জিনিষ হয়েছে। যে সমস্ত যোগ্য লোক আছে যারা ৫০।৫৫ বছর ধরে ট্রাম চালাচ্ছে এবং তার চেয়েও বেশী অভিজ্ঞতা আছে তাদের সমস্তকে বাদ দিয়ে যারা সি.পি.এম-এর সমর্থক তাদের বসিয়ে দেওয়া হয়েছে। এ ছাড়া কোন কাজ তাদের নেই। এই কথা আমি আগেই মেনসান করেছি। কি করে লাভ হবে ? ৩৩ জন লোক একটা বাসে কাজ করছে। এতো মাথা ভারি সংগঠন যদি হয়—আপনারা তো ট্রেড ইউনিয়ান করেন, আপনারা তো ভাল করেই জানেন এতো মাথা ভারি সংগঠন যদি হয় তাহলে সেই সংগঠন কোন দিন লাভের মুখ দেখতে পারে না। কমার্সিয়াল আউটলুকে কি সংগঠন চলতে পারে ? সুতরাং সাইনটিফিক এ্যাপ্রোচ যাতে সরকার নিয়ে আসেন তার জন্য আমি আবেদন করছি। কাজেই ছোটখাট একটা আইনের পরিবর্তন হচ্ছে, এতে বিরোধীতার কোন ব্যাপার নেই। কিন্তু আসল যে সংশোধন করা ট্রাম ও বাসকে কেন্দ্র করে, সেটা হচ্ছে ভাড়া বৃদ্ধি করা। অবিবেচক বা অজ্ঞানের মতো যদি প্রতিবাদ করতাম তাহলে আগের বারেই করতাম। আমরা রেসপনসিবিল ওয়েতে প্রতিবাদ করতে চাই, বিরোধীতা করতে চাই। আমি বাসের ব্যাপারে কিছু বলতে চাই না, কারণ সেখানে তো সাংঘাতিক অবস্থা। ওদের দলের লোকেদের ঝগড়া হচ্ছে, সেই ঝগড়ায় অনিলবাবু আছেন এবং তিনি একটি পদ চান কিন্তু দিতে পারছে না। বুদ্ধদেববাবুর চাকুরী গেছে, তাঁকেও একটা পদ দিতে হবে। তাঁকে সিনেমার কি একটা জায়গায় বসিয়ে দিলেন। তারপর সুভাষবাবুকে মন্ত্রী করে দেওয়া হলো। তাকে ফুটবল খেলার মন্ত্রী করে সন্তুষ্ট করে দেওয়া হলো। শ্যামল বাবুরও চাকুরী নেই, চাকুরী নেই বলে তাঁকে কলকাতা স্টেট ট্রান্সপোর্টে চাকুরী করে দেওয়া হবে। স্যার, তাদের মধ্যে ঝগড়া হচ্ছে এবং সেটাকে মেটাবার জন্য আমাদের ত্যাগ স্বীকার করতে হচ্ছে। আজকে সেখানে একটা ভেটারেন আই.এ.এস অফিসার আছেন, তিনি একজন রেগুলার এবং অভিজ্ঞ লোক। কিন্তু যাঁকে

বসানো হবে তার কি অভিজ্ঞতা আছে, তিনি তো কোন দিন পঞ্চায়েতের সদস্যও হন নি। কিন্তু তাঁকে এই রকম একটা কমপ্লিকেটেড জায়গায় বসানো হবে। এই ব্যাপারটা ভাববার আছে। এটা বিধান চন্দ্র রায়ের স্বপ্ন ছিল এবং তার পেছনে নানা রকম পরিকল্পনা ছিল। আজকে সেটাকে ডুবিয়ে দেওয়া হলো। সরকারের তো অনেক জায়গা আছে যেখানে লোক বসানো যায়। অনেক জায়গায় তো অনেক সুযোগ আছে, কিন্তু ট্রাম বাসের মধ্যে ঢোকাচ্ছেন কেন? স্যার, আজকে ট্রাম-বাসের কি অবস্থা। রাস্তায় ট্রাম-বাসের অবস্থা দেখলে মানুষ হলে মাথা হেঁট হয়ে যায়। আপনারা বম্বের কথা বলছেন? বম্বে একটা বাসে কত জন লোক আছে? দিল্লীর বাস ভাড়া বৃদ্ধি নিয়ে এখানে আলোচনা করা হয়। সেই দিল্লীতে একটা বাসের জন্য কত জন লোক আছে? দিল্লীতে একটা বাসের জন্য মাত্র ৮ জন লোক আছে। আর এই পশ্চিমবাংলায় একটা বাসের পেছনে ২৮ জন লোক কাজ করে। সুতরাং রেনোভেসান হচ্ছে না। সমস্ত ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা নয়ছয় করা হচ্ছে। এই ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায় ৫০৬ খানা বাস, সেই বাসের বডি বিল্ডিং-এর জন্য রাজকোটে পাঠিয়ে দিয়েছেন। যে রাজ্য শিল্প নগরী নয় সেই রাজ্য এলাহাবাদে পাঠিয়ে দিয়েছেন বডি বিল্ডিং-এর জন্য। ভারতবর্ষের অন্যতম প্রধান শিল্পী নগরী হচ্ছে এই কলকাতা। সেখানকার বাসের বডি বিল্ডিং করার জন্য, ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা নয়ছয় করার জন্য ননইনডাষ্ট্রিয়াল কানট্রিতে পাটিয়ে দিলেন। যেখান বম্বের বেষ্ট বডি বিল্ডাররা আসে এখানে বডি বিল্ডিং করার জন্য।

আমরা দেখেছি বোম্বে আজকে বডি বিলন্ডিং এর চেষ্টা করছে। দু'দুবার টেণ্ডার ডাকা হল অক্টোবর, নভেম্বর মাসে অথচ তার কিছু হল না। পুরানে বাসগুলিকে রং করে রাস্তায় চালানো হচ্ছে, আর লোককে দেখানো হচ্ছে, নতুন নতুন বাস বেরোচ্ছে। স্রেফ ধাপ্পা, স্যার, এরা লোককে শুধু ধাপ্পা দিচ্ছে। অক্টোবর, নভেম্বর, ডিসেম্বার, পরবর্তী বছরের জানুয়ারী, ফেব্রুয়ারী মাস পার হয়ে গেল অথচ নতুন বাস কিছু বাড়ল না। আজকে দেখুন, বাসের অবস্থা কি ভয়াবহ। যাত্রীর সংখ্যা যেখানে বছরে ১০ পারসেন্ট করে বাড়ছে, সেখানে বাসের সংখ্যা কত বাড়াতে পেরেছেন আপনারা? ভয়াবহ অবস্থা চলছে। তার উপরে চলছে কোরাপশান। আমাদের এখানে একটা ইণ্ডাষ্ট্রি আছে—হিন্দমোটরস্—তারা চ্যাসিস্ তৈরী করে। টাটা কোম্পানী চ্যাসিস তৈরী করে, কোয়ালিটিতে তাদের জিনিস অনেক ভাল। অথচ রবীন বাবু চ্যাসিস তৈরীর ভার দিলেন অশোক লেল্যাণ্ডকে। তিনি এ্যানসিলিয়ারী কোম্পানীকে ভার দিলেন চ্যাসিস্ তৈরী করার। আমরা তাই দেখলাম বাসের বডি বিলডিং হচ্ছে এলাহাবাদে। আপনারা ভাড়া বৃদ্ধি করছেন, কিন্তু নো চ্যাসিস, নো মানি। আমরা দেখছি, নো বাস, নো ট্রাম। আপনারা ওয়ার্ল্ড ব্যাংকের নাম করে ভাড়া বৃদ্ধি করছেন, কিন্তু সেই সঙ্গে কতগুলি বাস ও ট্রাম বৃদ্ধি করছেন সেকথা কোথাও উল্লেখ করেন নি। এর পেছনে একটা ভয়ংকর ষড়যন্ত্র আছে, তা সহজেই বোঝা যায়। আমি একটি কবিতার লাইন বলে আমার বক্তব্য শেষ করছি—'শেষের দিন বড় ভয়ঙ্কর'। আশাকরব, এই

ভয়ঙ্কর অবস্থার কথা মনে রেখে কিছু ব্যবস্থা আপনি গ্রহণ করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশচীন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মনোযোগ দিয়ে আমি মাননীয় সদস্য ও আমার বন্ধু সুব্রতবাবুর বক্তৃতা শুনছিলাম। তিনি শুরুতে একটু ধরতে পেরেছিলেন বলে মনে হয়েছিল। মাননীয় মন্ত্রীমহোদয় যে বিলটা এখানে উত্থাপন করেছেন তার কারণ সম্বন্ধে প্রথমে তিনি ধরতে পেরেছিলেন—১৮৮০ সালের ৯ ধারাটা যা ছিল বর্তমানে যে তা অচল, তার সংশোধনের দরকার। প্রথমে ব্যাপারটা ধরতে পেরে তিনি কিছু অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা করলেন—ধান ভানতে শিবের গীত গাইলেন—তিনি নানা তথ্যের অবতারণা করলেন। পরে তাঁর বক্তব্য দাঁড় করাতে গিয়ে তিনি গল্পের অবতারণা করলেন। আসলে গাত্রদাহ হচ্ছে বলেই তিনি পরিবহন সম্পর্কে একটা গল্প ছুঁড়ে দিলেন। পরিবহন সম্পর্কে বাজেট বিতর্ক চলার সময়ে বক্তব্য উত্থাপন করার যথেষ্ট সুযোগ পাওয়া যাবে। কিন্তু অপ্রাসঙ্গিক বক্তব্যের মধ্যে না যাওয়াই উচিত ছিল। তিনি দু-একটি তথ্য এনে হাজির করলেন। কোথায় পেলেন তিনি এসব তথ্য? আমরা যারা কলকাতা শহরে বাস করি তারা জানি ১৯৭২-৭৭ সাল পর্যন্ত এখানে জনসাধারণ কি অবস্থা দেখেছিলেন এবং বর্তমানেও তাঁরা দেখেছেন। তাঁরা জানেন, তখন বাস-ট্রামের অবস্থা, সংখ্যা কি ছিল এবং এখন, এই সরকারের আমলেই বা কি দাঁড়িয়েছে। তখন ট্রামে, বাসে চলছিল একটা কঠিন কাজ—কার কখন যে প্রাণ চলে যাবে তার ঠিক ছিল না তখন। আর সংখ্যাতত্ত্ব—কোথায় পেলেন তিনি সে সংখ্যা? ১৯৭৭ সালে যখন বামফ্রন্ট সরকার প্রথম প্রতিষ্ঠিত হয় তখন আমার যতদূর মনে পড়ছে, প্রথম বাজেট সেসানে হিসাব করে দেখেছিলাম—কংগ্রেসী সেই সরকার ছিল সাজানো সরকার, তারা জনসাধারণের প্রকৃত প্রতিনিধি ছিল না—কংগ্রেস রাজত্বের শেষ অবস্থাতে ট্রামের সংখ্যা ছিল ২৭০। আর এখন লেটেষ্ট খবর হচ্ছে ৩২২টি। সুব্রতবাবু বক্তৃতাকালে বলে গেলেন, তাঁদের সময়ে বাস, ট্রামের সংখ্যা নাকি এখনকার চাইতে বেশী সংখ্যায় চালু ছিল, এখন কমে গেছে। এ তথ্য পেশ করার আগে তাঁর খবর নেওয়া উচিত ছিল। ভাড়াবৃদ্ধি সম্পর্কে আমি আগেও বলেছি, আবার বলছি—বাজেট আলোচনা কালে আমরা বলার সুযোগ পাব।

[4-00—4-10 P.M.]

আমরা যখন আলোচনা করতে বসবো জিনিষটা তখন আমাদের বিচার করতে হবে। কলিকাতা শহরে যেমন যাত্রী পরিবহন সমস্যা খুবই জটিল, এখানে যাত্রী সংখ্যা ক্রমশ বেড়েই চলেছে। বিশেষ করে গরীব মানুষ যারা ট্রামে-বাসে চড়েন। আপনারা তো আলালের ঘরের দুলাল—কয়েকজন ছাড়া ট্রামে-বাসে কেউ কোনদিন চড়েন নি। কিন্তু সেই তুলনায় ট্রাম-বাস দিনের পর দিন বাড়ছে তাতে কোন সন্দেহ নেই। আমাদের সরকারের একটা পরিকল্পনা আছে। আমরা কেন্দ্রীয় রেলমন্ত্রী গণিখান চৌধুরী মহাশয়ের মতো বলতে পারিনা রেল ভাড়া বৃদ্ধি স্বভাবত

কারণেই করা হোল অনেক বিষয় চিন্তা করে। ফলে ভাড়া সমস্ত স্তরে বাড়িয়ে দেওয়া হোল। পরবর্তী সময়ে আবার বলা হয়েছে নতুন লাইন বসানোর জন্য টাকা দরকার। এইজন্য রেলভাড়া জাম্প করে বাড়িয়ে দেওয়া হোল। এ কেউ কখনো শুনেছে? কেউ কোনদিন শোনেন নি। তাকে পরিবর্তনের সময়ে মন্ত্রী বললেন নতুন লাইন বসানোর টাকা নেই, পয়সা নেই সুতরাং ভাড়া বাড়াচ্ছি। এতে জনসাধারণের যাতে উপকার হয় তার ব্যবস্থা করতে হবে কিন্তু তা করলেন না। সেক্ষেত্রে আমাদের সরকার ভেবেছেন যাতে ট্রাম লাইন আরো বাড়ানো যায় কিনা। এখানে বিস্তারিত করার পরিকল্পনা নেওয়া হয়েছে—সল্টলেক পর্যন্ত ট্রাম লাইন করার পরিকল্পনা হয়েছে। সেটা কার্য্যকরী করার দিকে যাচ্ছি এবং দক্ষিণে জোখা পর্যন্ত অর্থাৎ বেহালার মাথা পর্যন্ত বর্ধিত করার প্রস্তাব আছে। আরেকটি প্রস্তাব আছে সেটা হচ্ছে শহরের মধ্যে থেকে পার্ক সার্কাস ট্রাম ডিপো থেকে সি. আই. টি. হয়ে মৌলালি পর্যন্ত নতুন লাইন বসানোর চিন্তা করা হচ্ছে। সেখানে ভাড়া বৃদ্ধির প্রস্তাবে ওঁরা ধান ভাঙ্গতে শিবের গীত গেয়ে উঠলেন। ওঁরা সবই দুর্নীতি দেখছেন—ঠাকুর ঘরে কে রে আমি তো কলা খাই নি সেই অবস্থা ওঁদের হয়েছে। ওঁরা জন্মলগ্ন থেকে দুর্নীতির মধ্যে রয়েছেন। জন্ম ওঁদের দুর্নীতির মধ্যে, বাসও ওঁদের দুর্নীতির মধ্যে। সুতরাং ওঁরা ভালো কিছু দেখবেন না। কার্য্যকরী পথে নিয়ে এই বিলটি বাড়ানোর যে প্রস্তাব বা বিল এনেছেন সেটা সমর্থন জানাচ্ছি। ১৮৮০ সালের যে একটি বিষয় আছে সেই শব্দটি ইনফ্রাকচুয়াস বলে সুতরাং এরা বলেছেন মন্ত্রীমহাশয়। সুতরাং এর সংশোধনী দরকার। তাতে যদি রেটস্ বাড়ানো কমানোর দরকার হয় তা করতে হবে। কাজেই এর সমর্থনের দাবী রাখি। আমি বলি তাঁদের আসল জায়গায় আসতে হবে। শুধু ঢাক-ঢোল পিটিয়ে টেপ রেকর্ড চালালেই জনসাধারণ তাদের কথা শুনবে না। জনসাধারণ তার জবাব ডুবাব দিয়েছে আবার বারেবারেই তাদের দেবে। আপনাদের হা-হুতাশ থেকেই যাবে এবং তা করে কোন লাভ হবে না। পরিশেষে বলি আপনারা আর শিবের গীত গাইবেন না। আমি মাননীয় মন্ত্রীমহাশয় যে বিল উত্থাপন করেছেন, যে সংশোধনী দি ক্যালকাটা ট্রাম ওয়েজ (এ্যামেণ্ডমেণ্ট) বিল ১৯৮৩ সেই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পরিবহণ মন্ত্রী যে বিল উত্থাপন করেছেন—দি ক্যালকাটা ট্রামওয়েজ (এ্যামেণ্ডমেণ্ট বিল, ১৯৮৩) আমি প্রথমতঃ এই বিলের উপর যে সংশোধনী এনেছি সেই সংশোধনী মুভ করব ক্লজ বাই ক্লজ আলোচনা করার সময়। এখন বিষয়টা হচ্ছে মাননীয় পরিবহন মন্ত্রী এ্যাজ সাচ যেভাবে বিলটা এনেছেন তাতে হার্মলেস বলে মনে হয়। ১৮৮০ সালের ট্রাম কোম্পানী বিল যেটা বৃটিশ সাম্রাজ্যবাদী শক্তি একটি বিল সেই বিলের যখন পরিবর্তন করেছে তখন গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গী থেকে আশা করা গিয়েছিল যে রাজ্যের জনসাধারণের স্বার্থের দিকটা নজর রাখবেন বিলটা সংশোধন করার দিক থেকে। কারণ, কোন সরকারকে এ্যাবসলিউট পাওয়ার যথেচ্ছ ভাড়া বৃদ্ধি করার অধিকার দেওয়া চলে না।

সেই কারণে একটা প্রভিসান থাকা দরকার যে পিপল হার্ড হিট হচ্ছে কিনা। এই রকম যদি একটা প্রভিসান না থাকে এ্যাবসলিউট অধিকার যদি দেওয়া হয় তাহলে জনগণের পক্ষে সেটা মারাত্মক রূপ নিতে পারে। এই রকম একটা বৃটিশ সাম্রাজ্যবাদ বিল-এর যখন সংশোধন করতে যাচ্ছেন তখন যথেচ্ছ ভাড়া বৃদ্ধির প্রয়োজনীয়তা বিবেচনা করার আগে এই বিষয়ে দেখতে হবে যে কমন ইউজার্স অব ট্রামওয়েজ হার্ড হিট হচ্ছে কিনা, সেই দিকে দৃষ্টি রেখে আমি এ্যামেণ্ডমেন্ট এনেছি। দিস ইজ দি প্রাইম থিং, আমি ধান ভাঙ্গতে শিবের গীত গাইছি না, আমার বক্তব্য খুব স্পেসিফিক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেভাবে এই ভাড়া বৃদ্ধি করার অবাধ সুযোগ করে নেওয়ার জন্য এই বিলটা আনা হয়েছে তাতে আমরা খুব আশংকা বোধ করছি। কারণ, সরকার ইতিমধ্যে আগামী ১৫ই মার্চ থেকে ট্রামের ভাড়া বৃদ্ধি করার সিদ্ধান্ত নিয়েছেন, সেটাকে কার্যকরী করার জন্য এই ব্যবস্থা হচ্ছে। আজকে কলকাতায় এই ট্রাম কোম্পানী যেভাবে পরিচালিত হচ্ছে, কলকাতা ট্রাম কোম্পানীতে যেভাবে অপব্যয় অপচয় হচ্ছে তাতে সেগুলি বন্ধ করার ব্যবস্থা না করে জনগণের উপর বাড়তি ভাড়া চাপিয়ে দেওয়ার নৈতিক অধিকার সরকারের আছে কিনা। আমি অভিযোগ করছি না, আমি রেসপন্সিবল এজেন্সি এ্যাকাউন্ট্যান্ট জেনারেল, ওয়েষ্ট বেঙ্গল, তাঁর যে অডিট রিপোর্ট তার উল্লেখ করছি। তাঁর অথেনটিসিটিকে চ্যালেঞ্জ করা যায় না। সেই এ্যাকাউন্ট্যান্ট জেনারেল, ওয়েষ্ট বেঙ্গল, তাঁর অডিট রিপোর্টে মারাত্মক রকমের অভিযোগ বেরিয়েছে। তাঁর একটা অভিযোগ হচ্ছে এই ট্রাম কোম্পানীতে আজো কন্‌ফিডেন্সিয়াল পেমেন্ট-এর ব্যবস্থা চলছে। সেই বৃটিশ আমলের প্রথা আজো চালু আছে। ফ্‌লাড গেট অব করাপ্ট প্র্যাক্‌টিসেস, আনঅথরাইজড এণ্ড ইর্‌রেগুলার পেমেন্ট, অসাধু উপায়ে খরচ-খরচার ব্যবস্থা অব্যাহত রেখেছেন, এই সিসটেম আজো চালু রাখা হয়েছে। ইনস্পাইট অব দি ফ্যাক্ট এ. জি. অডিট রিপোর্টে বারংবার এই সম্পর্কে অবজেক্‌সান দিচ্ছে, তারা বলছে ট্রাম কোম্পানী একটা গভর্নমেন্ট আণ্ডারটেকিং, সরকারী সমস্ত খরচ-খরচার হিসাব বিধান সভায় পেশ করতে হবে, বিধান সভার সদস্যদের কাছে কোন খরচ গোপন থাকতে পারে না, এই রকম অবস্থায় কনফিডেন্সিয়াল পেমেন্ট এটা অত্যন্ত হাইলি ইল্‌রেগুলার এণ্ড অবজেক্সানেবল। কিন্তু দুঃখের বিষয় এ্যাকাউন্ট্যান্ট জেনারেলের অডিটে এই রকম অবজেকসান থাকা সত্বেও আজ পর্যন্ত কলকাতা ট্রাম কোম্পানীতে এই জিনিস চলছে।

[4-10—4-20 P.M.]

কিভাবে অপচয় হচ্ছে সেটা একবার শুনুন। একজন হাই অফিসিয়াল দক্ষিণ কোলকাতায় সরকারী কোয়াটার্সে থাকেন, রেণ্ট ফ্রি কোয়াটার্স, অথচ তিনি মাসে মাসে হাউস রেণ্ট এ্যালাউন্স ক্যালকাটা ট্রাম কোম্পানী থেকে নিচ্ছেন। এই ব্যাপার নিয়ে এ. জি. অডিট কোশ্চেন করেছে, কিন্তু কোন কৈফিয়ত নেই। ১৯৮২/৮৩ সালে চিফ সেক্রেটারী আদেশ দেওয়াসত্বেও কোলকাতা ট্রাম কোম্পানী ২৫ লক্ষ টাকার ইউনিফর্মের অর্ডার একটা বেসরকারী কোম্পানীকে দিয়েছে।

চিফ সেক্রেটারী বলেছিলেন ইউনিফর্মের অর্ডার ছাড়া কোম্পানীকে দেবেন না, কিন্তু তা সত্ত্বেও সেই কোম্পানীকেই ২৫ লক্ষ টাকার অর্ডার দেওয়া হয়। কাজেই আপনারা দেখুন কিভাবে অর্থের ওয়েসটেজ হচ্ছে। তারপর, আপনার জানেন ১৯৮০ সালের ডিসেম্বর মাসে ট্রামের ভাড়া থার্টি পারসেণ্ট বাড়ান সত্ত্বেও ওই বছর ভরতুকি দেওয়া হয়েছিল ৫ কোটি টাকা এবং ১৯৮২ সালের ডিসেম্বর মাসে ৭ কোটি টাকা ভরতুকি দেওয়া হয়েছে। আমার প্রশ্ন হল, এই খরচ কেন বাড়ল? ট্রাম কোম্পানীর স্পিয়ার অব এ্যাক্টিভিটিস্ কি বেড়েছে? না। ওয়ার্কিং এ্যাক্টিভিটিস্ কি বেড়েছে? না। সার্ভিস টু দি পিপল কি বেড়েছে? না। আমরা দেখছি ১৯৮০ সালের ডিসেম্বর মাসে যেখানে এ্যাভারেজে ৩০৫টি ট্রাম রাস্তায় নেমেছে সেখানে ১৯৮২ সালে নেমেছে ২৮০টি ট্রাম। আমরা জানি প্রতিটি ট্রাম পিছু ৩৩ জন কর্মচারী রয়েছেন। এবারে দেখুন এঁদের খরচ কিভাবে বাড়ছে। ১৯৮০ সালে ওভারটাইম ১ কোটি টাকা ড্র করা হয়েছে এবং ১৯৮২ সালের ডিসেম্বর মাসে ২ কোটি টাকা ওভারটাইম ড্র করা হয়েছে। এবারে শুনুন ক্যানটিনের অপচয়ের কথা। ট্রাম কোম্পানীর হেড অফিসে এবং নোনা পুকুরে ওয়ার্কসপে ক্যানটিন আছে। এখানে শ্রমিকরা নামমাত্র মিল পায়। সেই ক্যানটিনে ১৯৮০ সালে ৩০ লক্ষ টাকা খরচ হল, ১৯৮২ সালে ৭০ লক্ষ টাকা খরচ হল। রহস্যজনক খবর হচ্ছে, ওই নোনাপুকুরে ওয়ার্কসপে এমপ্লয়ীজের সংখ্যা হল ১৪০০ কিন্তু ডেইলি মিল কুপন বেরুচ্ছে ১৮০০। হেড অফিসে ৩৮০ জন কর্মচারী অথচ মিল কুপন বেরুচ্ছে ৪৯০টি। তাহলে ভেবে দেখুন গৌরী সেনের টাকার কিভাবে অপচয় হচ্ছে। স্যার, এইভাবে ট্রাম কোম্পানী জনসাধারণের অর্থের অপচয় করছে। এই ব্যাপারে এ. জি. এবং রেসপনসেবেল কোয়ার্টাস থেকে অবজেকসন দেওয়া হয়েছে, কিন্তু কোন ব্যবস্থা অবলম্বন করা হয়নি। তারপর, ট্রাম কোম্পানীর ম্যানেজিং ডাইরেক্টর এ. কে. দত্ত ট্রাম কোম্পানীতে বহুদিন ধরে রয়েছেন। তিনি আগে ছিলেন ডেপুটি এ্যাডমিনিস্ট্রেটর এবং তার পরে হলেন এ্যাডমিনিসট্রেটর। আমরা জানি সরকারী নিয়ম অনুসারে যদি কোন কর্মচারী কোথাও ডেপুটেসনে যান তাহলে তিনি ৩ বছরের জন্য যাবে এবং এক্সটেনসন হলে ৪ বছর থাকবেন। কিন্তু এ. কে. দত্ত ডেপুটেসনে সেখানে ১১ বছর যাবত রয়েছেন। কোন আইনে এটা হচ্ছে আমি জানতে চাই। স্যার, এইভাবে ট্রাম কোম্পানীর কাজকর্ম চলছে এবং যাকে বলা যায় হাইলি ইরেগুলার, করাপ্ট প্রাকটিস্। এ. জি. অডিটের মত হচ্ছে এই যে অপচয় হচ্ছে এগুলি বন্ধ করে যদি ব্যায় সংকোচন করা হোত তাহলে ৩ কোটি টাকার সাশ্রয় হোত, ওভার টাইম, ক্যানটিন ইত্যাদির ক্ষেত্রে টাকা বাঁচত। কার্যতঃ দেখা যাচ্ছে এই ওয়েসটেজ বন্ধ হচ্ছে না এবং তার ফলে পিপলকে বেয়ার করতে হচ্ছে। যে সমস্ত অফিসাররা এর বিরুদ্ধে প্রতিবাদ করেছেন তাঁরা সরকারের দ্বারা রেমুনারেটেড না হয়ে ভিক্‌টিমাইজ্‌ড হলেন এবং একজন অডিটরকে সাসপেণ্ড করা হোল।

অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে আজকে ট্রামের ভাড়া বাড়াবার উদ্দেশ্যে এই বিল এনেছেন। এতে জনগণ এবং দেশের দরিদ্র মানুষের উপর ট্রামের বাড়তি ভাড়ার যে ব্যবস্থা

করেছেন সরকার সেটা পশ্চিমবাংলার মানুষ মেনে নিতে পারে না। আমি যে অভিযোগগুলি করেছি মাননীয় মন্ত্রীর যদি গার্ডস থাকে তাহলে তিনি সেগুলি তদন্ত করুন। আমি চ্যালেঞ্জ করছি যে সমস্ত অভিযোগ করা হয়েছে সে সম্বন্ধে রেকর্ড করুন। এ জি যে সমস্ত অডিট রিপোর্ট দিয়েছে সেগুলি প্রকাশ করুন এবং সেই এ জি যেসব কৈফিয়ত চেয়েছিলেন তার জবাব এ জি-কে দিন। এগুলি এই হাউসে প্রকাশ করুন। লেট দি পিপল নো। এই কারাপ্ট প্রাকটিশ বন্ধ করুন। একটা হাই পাওয়ার কমিশন করুন। ট্রাম কোম্পানীর মধ্যে যে দুর্নীতি আছে তার প্রকৃত তথ্য জনগণের সামনে প্রকাশ করুন। আবার আমরা যে এমেণ্ডমেণ্ট আমি মুভ করেছি, আমি আশা করবো মাননীয় সদস্যরা তার যৌক্তিকতা স্বীকার করবেন।

**শ্রীমতীশ রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পরিবহণ মন্ত্রী ক্যালকাটা ট্রামওয়েজ আইন সংশোধনের জন্য যে প্রস্তাব রেখেছেন আমি তাকে সমর্থণ করতে দাঁড়িয়ে দু একটা কথা এখানে বলতে চাই। মাননীয় সদস্য সুব্রতবাবু বলেছেন যে বামফ্রণ্ট সরকারের আমলে ট্রামের কোন উন্নতি হয় নি। ট্রাম পরিচালনা ব্যবস্থার অবনতি হয়েছে। অতীতের ট্রামের যে চেহারা ছিল এবং বর্তমানে ট্রামের যে চেহারা সেটা বিচার বিশ্লেষণ করলেই দেখা যাবে যে ট্রামের চেহারার পরিবর্তন হয়েছে। যাত্রী সাধারণ যারা ট্রামে যাতায়াত করেন তাঁরা নিশ্চয় জানেন ট্রামের ভিতর, এবং ট্রামের বসবার ক্ষেত্রে এবং ট্রামের যে পরিবেশ সেটা নূতনভাবে পরিবর্তন হয়েছে কিনা। শুধু তাই নয়, কিছু দিন আগে আমাদের মাননীয় রাজ্যপাল এবং তাঁর স্ত্রী হটাৎ কলকাতার ট্রাম কিভাবে চলছে সেটা দেখবার জন্য তিনি এসপ্ল্যাণ্ডে থেকে খিদিরপুর রুটে একবার যাতায়াত করেছিলেন। এবং তিনি বলেছেন যে ট্রামের সুখ-স্বাচ্ছন্দের ব্যবস্থা অতীতের থেকে এখন অনেক ভাল। এস. ইউ.সি-র মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার বলেছেন কোন কাজ হচ্ছে না, ট্রামের পরিচালনা ব্যবস্থায় দুর্নীতি আছে। আমরা পরিষ্কার বলছি যে আমরা দুর্নিতির বিরুদ্ধে লড়াই করছি এবং দুর্নীতিকে আমরা কোন রকম চাপা দিতে চাই না। প্রশাসনিক যদি কোন দুর্নীতি থাকে তাহলে বামফ্রণ্ট সরকার পরিষ্কারভাবে সেই দুর্নীতির মূলচ্ছেদ করতে চাই। সুব্রতবাবু বলবার চেষ্টা করেছে যে ট্রামের ভাড়া বেপরোয়াভাবে বাড়াবার জন্য এই বিল আনা হয়েছে। আমার বক্তব্য হচ্ছে যে অতীতে কংগ্রেসের আমলে আমরা ট্রামের অবস্থা দেখেছি এবং সেই ট্রামে আমরা যাতায়াত করেছি। কি অবস্থার মধ্যে যাতায়াত করতে হোত সেটা সকলেই জানেন। আজকে রাস্তার অবস্থা খুবই খারাপ। এই পাতাল রেল করতে গিয়ে কলকাতার ট্রামের অধিকাংশ রাস্তা খারাপ হয়ে গিয়েছে।

[4-20—4-30 P. M.]

তাসত্বেও রাজ্যসরকার এই ব্যাপারে সচেতন আছেন। সেই অবস্থার মধ্যে ট্রামে যাতায়াত যাতে সহজ হয় এবং যাত্রী সাধারণ যাতে ট্রামে করে নির্দ্দিষ্ট জায়গায় পৌছতে পারেন তার জন্য

তারা চেষ্টা করছেন। আমি মাননীয় মন্ত্রীকে বলব আজকে কলকাতা শহরের উত্তর এবং দক্ষিণে আরো ট্রামের বিস্তৃতি ঘটানো দরকার। কয়েক বছর আগে এই ট্রাম রুট বাড়ানো সম্পর্কে সিদ্ধান্ত নেওয়া হয়েছে শ্যামবাজার থেকে ব্যারাকপুর পর্যন্ত ট্রাম রুট নিয়ে যাওয়া হবে এবং প্রাথমিক-স্তরে ডানলপ ব্রীজ, দক্ষিনেশ্বর পর্যন্ত এই রুট নিয়ে যাওয়া হবে এবং তার জন্য রাজ্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। কিন্তু দুঃখের বিষয় সেই কাজে এখনো পর্যন্ত হাত দেওয়া হয়নি। মাননীয় শচীন সেন মহাশয় বলেছেন কলকাতা ট্রাম ব্যবস্থার সঙ্গে সল্ট লেক সিটির সরাসরি যোগাযোগ মানিকতলা ভি. আই, পি. রোড দিয়ে হতে পারে। এই নতুন ট্রাম লাইন বসানোর জন্য পরিকল্পনা হয়েছে। কিন্তু সেই পরিকল্পনা মাফিক কাজ সঠিক ভাবে শুরু হয়নি। সেই জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যাত্রীসাধারণের কষ্টের কথা মনে রেখে, কলকাতার নাগরিক যারা ট্রামে করে যাতায়াত করেন তাদের কথা মনে রেখে এই ট্রাম লাইন প্রসারিত করা দরকার। আমি আর একটি কথা বলতে চাই, কলকাতায় যে সংখ্যক ট্রাম আছে, সেই ট্রামের সংখ্যাযাতে আরো বাড়ে তার জন্য আমাদের চেষ্টা করা উচিত। সুব্রতবাবু এবং এস.ইউ.সি.র মাননীয় সদস্য বলেছেন পশ্চিমবাংলার পরিবহন ব্যবস্থার নাম করে আমরা নাকি বেসরকারী প্রতিষ্ঠানের কাছে বডি তৈরী করার অর্ডার দিচ্ছি। মাননীয় সদস্যদের আমি এটা ভাল করে লক্ষ্য করতে অনুরোধ করছি, কলকাতার রাস্তায় যে নতুন ট্রামগুলি আসছে তার চেসিস আমাদের এই পশ্চিমবাংলারই একটি কারখানা বার্ন এ্যাণ্ড কোং তৈরী করছে। সেই চেসিসের উপর ট্রামের নতুন বডি এই কলকাতাতেই তৈরী হচ্ছে। কলকাতায় যে সমস্ত কাজের সুযোগ আছে, সেইগুলি কলকাতাতেই হওয়া উচিত, এই কথাই আমি বলবার চেষ্টা করছি। ড্রাইভার যে যন্ত্রটি দিয়ে ট্রাম চালান সেটাকে ইলেকট্রিক কণ্ট্রোলার বলা হয়। কলকাতার নোনা-পুকুরে ট্রামের ওয়ার্কসপ আছে। সুব্রতবাবুরা যখন ক্ষমতায় ছিলেন, জয়নাল সাহেবরা যখন ক্ষমতায় ছিলেন, সিদ্ধার্থবাবুর আমলে সেই নোনাপুকুরে প্রায় ৪০০ ইলেকট্রিক কণ্ট্রোলার অকেজো হয়ে পড়েছিল। তারা তখন বিলেত থেকে নতুন কণ্ট্রোলার আমদানি করতেন। বাম ফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর সমস্ত ভারতবর্ষ ব্যাপী টেণ্ডার দেওয়া হল যে ঐ কণ্টোলার যারা সঠিকভাবে সারাই করতে পারবে তাদের সেই সুযোগ দেওয়া হবে। আমরা জানি কলকাতারই একটি ছোট্ট কারখানা ব্রোচো এ্যাণ্ড কোম্পানী, যে কারখানা শ্রমিকরা পরিচালনা করছেন, সেই কারখানার শ্রমিকরা এই কণ্টোলার সারাই করে দিয়ে কলকাতার ট্রাম পরিবহন ব্যবস্থাকে আরো উন্নততর পথে নিয়ে যাবার চেষ্টা করছেন। রাজ্য সরকার তাদের প্রচুর পরিমানে অর্ডার দিচ্ছেন। তারা অকেজো কণ্ট্রোলারগুলি সারাই করে কাজের উপযোগী করে তুলছেন। আজকে আমাদের সামনে বড় প্রশ্ন হল, আমরা আজকে নতুন জিনিস কিনে পশ্চিমবাংলার কোষাগার থেকে টাকা খরচ করে দেব, না যে জিনিস আছে সেইগুলিকে কি করে ব্যবহার উপযোগী করে তোলা যায়, সেটা করব, এই চিন্তা আমাদের সকলকে করতে হবে। এই জিনিসগুলিকে ব্যবহার করার মত যদি কোন সারাই কারখানা থাকে তাহলে সেই কারখানায় সারাতে দিলে একদিকে যেমন শ্রমিক

কর্মচারীরা এই ভয়াবহ বেকার সমস্যার দিনে কাজ পাবে, অন্যদিকে তেমনি আমাদের চাহিদাগুলি আমরা পূরণ করতে পারব। কলকাতার ট্রাম পরিবহন ব্যবস্থার উন্নতি কল্পে আমাদের রাজ্য সরকার যে পদক্ষেপ নিয়েছেন, যে দৃষ্টি ভঙ্গী নিয়েছেন, আমি তাকে সর্বান্তঃকরনে সমর্থন জানাচ্ছি।

ট্রামের ভাড়া বৃদ্ধি সম্পর্কে ওদের আতংক আছে—কিন্তু কেন ভাড়া বৃদ্ধি হয়? দেবপ্রসাদ বাবু ভালোভাবেই জানেন, একটা ধনতান্ত্রিক ব্যবস্থায় একটা রাজ্যসরকারের হাতে অর্থনীতির ক্ষেত্রে কোন ক্ষমতাই থাকে না, রাজ্য সরকারকে কেন্দ্রের উপর সামগ্রিকভাবে অর্থের ব্যাপারে নির্ভরশীল থাকতে হয়। স্যার, আপনি জানেন, ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারের অর্থনীতি আজকে দেউলিয়া অবস্থার পর্যায়ে পৌঁছে গিয়েছে। শ্রীমতী ইন্দিরা গান্ধী প্রতি বছর যে হারে করের বোঝা বাড়িয়ে চলেছেন এবং আজকে নিত্যপ্রয়োজনীয় জিনিষপত্রের দাম যে হারে বাড়ছে তাতে ভারতবর্ষের মানুষের জীবন দুর্বিষহ হয়ে পড়েছে। সেই অবস্থার মধ্যে থেকে একটা রাজ্যসরকারের পক্ষে কোন বৈপ্লবিক কাজ করা কিম্বা সমাজবাদের চিন্তাধারা নিয়ে কোন কাজ রূপায়িত করা সম্ভব নয় সেকথা মনে রাখা দরকার। আমাদের একথাও মনে রাখা দরকার যে একটা ধনতান্ত্রিক ব্যবস্থার মধ্যে দিয়ে আমরা চলেছি এবং আমরা সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে আছি। তবে তা সত্ত্বেও এই প্রসঙ্গে মাননীয় পরিবহণমন্ত্রী মহাশয়কে কয়েকটি কথা বলব। অতীতে নির্বাচনের মুখে দাঁড়িয়ে আমরা বলেছিলাম যে আমরা ক্ষমতায় এলে আমাদের দৃষ্টিভঙ্গী থাকবে সাধারণ মানুষের দুঃখকষ্ট লাঘব করার দিকে এবং সে দিকেই সর্বপরি নজর দিয়ে আমরা আমাদের পরিকল্পনাগুলি নেব সিদ্ধান্ত নেব স্যার, আজকে একথা প্রমান হয়ে গিয়েছে যে অন্যান্য রাজ্যে প্রতিকিলোমিটারে ট্রাম, বাস, মিনিবাসের যে ভাড়া পশ্চিমবাংলায় তারচেয়ে কম তাসত্ত্বেও সবচেয়ে নীচের তলার মানুষ যারা, ভাড়া পুনর্বিন্যাসের ক্ষেত্রে তাদের স্বার্থ অক্ষুন্ন রাখতে পারেন কিনা আগামীদিনে সেটা দেখবেন এই অনুরোধ রাখছি। পরিশেষে বলছি ট্রামের ব্যবস্থাকে যদি উন্নত করতে হয় তাহলে ট্রাম, পরিবহণ পূর্ত এই তিনটি সমন্বয় না থাকে তাহলে ট্রামের ক্ষেত্রে সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়। স্যার, আমি আমার অভিজ্ঞতা দিয়ে যেটুকু বুঝেছি সেকথা মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে রাখলাম অতীতের আইনের যে ভগ্নাদশা সেই আইনের পরিবর্তন ঘটিয়ে ট্রাম পরিবহণ ব্যবস্থার উন্নতিকল্পে মাননীয় মন্ত্রীমহাশয় যে আইনের সংশোধন এনেছেন তাকে আমি সমর্থন করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir, the matter under discussion here by the House is the Calcuita Tramways (Amendment) Bill, 1983. I was listening to the speeches made by the members .with great interest because this Bill which is under discussion is going to be amended. Well, Calcutta Corporation is itself a gift of the British, and this Act is itself a British Aet. You have accepted the first gift, but all on a sudden—after six years Rule

by the Left Front Government—you have come with the Bill that there should be an amendment in the 1818 Act. It is quite evident and just within the motive behind it. They do not want more burdan on the common people, especially the poor. This Left Front Government claims that they are the well-wishers of the working class and the so-called poormen. You all know, the trams and buses are used by the poor people who have got no private cars. They are only used by the poor sections of the society.

[4-30—4-40 P.M.]

I was just listening to Sachin Babu's speech. He stated that they were thinking in terms of the interest of the poor people. Well, today, on the 7th March, 1983 I fully remember that when Shri Sachin Sen was the Councillor of the Calcutta Corporation and Prasanta Babu was also in the Calcutta Corporation, Mr. MacNamara, the World Bank President, it was twenty years back—came to visit this city with a bag of crores and crores of rupees for the urban development. including the development of transport system of the city, at that time, my friend Sachin Babu and Prasanta Babu raised their hands of protest and told that Mr. MacNamara was a CIA agent and he should go back. Mr. MacNamara, whom they called a CIA agent, brought crores and crores of rupees to help the people of Calcutta, to help in the development of urban area, including the transport system, as also for the improvement of the Tramways and purchase of new buses but he had to leave because my friends had called him as a CIA agent. Now my friends are in power. Now they are folding their hands and requesting Mr. MacNamara, who was a CIA agent according to them, to give money. Now, Mr. MacNamara becomes Communist progressive. Why are you now requesting him for money ? At that time he brought crores and crores of rupees and for your negligence the people of Calcutta are suffering. You are responsible for this. Sir, now Mr. MacNamara becomes Communist because he is now giving them huge money. So, how can we rely on you ?

Now, I am coming to the management side, What is happening ? Management is full of corruption. If you go to Belgachia and other depots you will be surprised to find how machines are working there. Sir, they are misusing the publice money, the poor peoples' money.

Sir, the first thing I will request the government through you is to make a better performance of the machinery. Secondly, I request them to bring discipline in the organisation. One of our honourable members has rightly pointed out that the expenditure of the Corporation has increased from Rs. 30 lakhs to 70 lakhs. What are the reasons ? If you go into the matter then you will see that how the poor workers are working there, how the function of the body and the quality of work have deteriorated. To our surprise this Left Front Government is exploiting the poor people in the name of democracy. I will request you, Mr. Speaker, to start from Sealdah to Howrah, where you will find in what condition the tracks are lying there. The tracks are badly managed by this organisation. Everyday some accidents are occurring and so many human lives are lost. By enhancing the tram fare they are taxing the poor people's pockets. Could they not impose tax proposals on Mr. Singhania, Modi or Birla or on any other capitalists tike them ? Sir, I apprehend that the poor people, the peasantry have lost their confidence in the Left Front Govt's performance. They have earned a bitter experience in the '82 election. As a consequence, they cannot even afford to hold Corporation Election, they cannot dare to hold Municipal Election. If you go to the Belgachia, Park Circus Nonapukur and Kalighat depots, you will see that so many persons are engaged there which is most uneconomical. So with all my might I oppose this Bill of the Government which proposes to enhance tram and bus fares.

**শ্রীসরল দেব :** মাননীয় স্পীকার স্যার, মাননীয় পরিবহণ মন্ত্রী মহাশয় কলকাতা ট্রামওয়েজ্ এ্যাক্ট, ১৮৮০'-কে সংশোধন করতে "কলকাতা ট্রামওয়েজ ( সংশোধনী ) বিল, ১৯৮৩" আজকে এই হাউসে উত্থাপন করেছেন।

মাননীয় মন্ত্রী মহাশয় মূল অইনটিকে সংশোধন করে ট্রামের ভাড়া বাড়াবার অধিকারটা রাজ্য সরকারের হাতে নেওয়ার জন্য সভার অনুমোদন চেয়েছেন। এবিষয়ে আমি বিরোধী দলের বক্তব্যও শুনলাম। আমি ওঁদের বলছি যে, এটা হচ্ছে লিগেসি অফ্ দি পাস্ট। ১০০ বছর আগেকার পুরোন বৃটিশ আমলের ট্রাম গুলিকে আজকে নতুন করে রেনোভেট করে চালানো হচ্চে। কিছুক্ষণ আগেই একজন মাননীয় সদস্য বলেছেন যে, ট্রাম গুলিকে রেনোভেট করে রাস্তায় নামানো হচ্ছে এবং এই রেনোভেসনের কাজ হচ্ছে ইতিপূর্বে যেসমস্ত শিল্পকে রুগ্ন শিল্প বলে ঘোষণা করে পশ্চিমবঙ্গ সরকারের পরিচালনাধীনে আনা হয়েছে, সেসমস্ত শিল্পে। সেখানে ট্রামের নতুন নতুন বডি পর্যন্ত তৈরী হচ্ছে।

[4-40—4-50 P. M.]

মাননীয় বিরোধিদলের সদস্যরা অনেক কথা বললেন কিন্তু তাঁরা একবারও বললেন না সিদ্ধার্থ শঙ্কর রায়ের আমলে অর্থাৎ ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যে একসজিসটিং ট্রামওয়ে রুটগুলি ছিল সেগুলি কেন উঠে গেল? যেমন, নিমতলা, যেমন, হাওড়া থকে শালকিয়া, হাওড়া থেকে হাইকোর্ট-এগুলি কেন তুলে দিলেন? পরিবহন ব্যবস্থা যেখানে গোটা পশ্চিমবাংলায় জর্জরিত। সুতরাং এই জিনিষ একদিনে হয়নি। মাননীয় রবীনবাবুর হাতে আলাদীনের প্রদীপ নেই যে ওভারনাইট সমস্ত সমাধান করে দেবেন। নতুন নতুন ট্রাম রাস্তায় নামছে এবং পুরানোগুলিকে রিনোভেট করতে গেলে নিশ্চয়ই খরচ বাড়ছে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, কলকাতা থেকে সল্ট লেক পর্যন্ত নতুন লাইন বসাবার পরিকল্পনা আছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি, নিমতলা হাওড়ার যে লাইনটা ছিল এবং সিদ্ধার্থ শঙ্কর রায়ের আমলে যে লাইনগুলি উঠে গিয়েছিল সেগুলিকে আবার নতুন করে ইনট্রোডিউস করা যায় কিনা এবং ডালহাউসি থেকে উত্তর কলকাতার যোগসূত্র স্থাপন করা যায় কিনা ভেবে দেখবেন। দেশের সমস্ত জিনিষের মূল্যবৃদ্ধি ঘটছে। সুতরাং শ্রমিক কর্মচারীদের বেতন বৃদ্ধি এবং অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চয়ই দিতে হবে। সারা ভারতে পুঁজিপতি সমাজব্যবস্থা থাকবে আর পশ্চিমবাংলায় এর প্রভাব পড়বে না তা তো হয়না। সারা ভারতবর্ষের অর্থনীতির সঙ্গে পশ্চিমবাংলার অর্থনীতি সর্ব ব্যাপারে নির্ভরশীল এটা ফেডারেল ষ্ট্রাকচার। সুতরাং গোটা ব্যাপারটা কেন্দ্রের উপর নির্ভরশীল। সম্প্রতি রেলমন্ত্রী মহাশয় রেল বাজেটে যে ভাড়া বৃদ্ধি এবং মাশুল বৃদ্ধি করলেন সেই সময়ে কিন্তু বিরোধিপক্ষের কংগ্রেস বেঞ্চ থেকে একটি কথাও বললেন না। এটা ঠিকই, রেলের ভাড়া এবং মাশুল বৃদ্ধি হলে অন্যান্য জিনিষপত্রের দাম বৃদ্ধি ঘটে। প্রায় ৫ থেকে ৩ শতাংশ মূল্য বৃদ্ধি ঘটবে। সুতরাং ট্রাম কোম্পানীর যারা কর্মচারী আছেন তাদের ভ্যারিয়েবেল ডিয়ারনেশ এ্যলাউন্স দিতে হবে। সেইজন্য এই সংশোধনীর মধ্যে দিয়ে রাজ্য সরকারের হাতে ভাড়া বৃদ্ধি করবার জন্য ক্ষমতা দেওয়ার যে প্রস্তাব মাননীয় পরিবহনমন্ত্রী মহাশয় এনেছেন আমি তাঁকে পূর্ণ সমর্থন করি এবং এই সমর্থন করার সঙ্গে সঙ্গে একটি কথা বলবো, আমরা পশ্চিমবাংলার মানুষ ভারতের অপরাপর রাজ্যের মানুষের সঙ্গে

মূল্য বৃদ্ধি এবং কর ভাবে জর্জরিত। সুতরাং এটা এমনভাবে ভাড়া বৃদ্ধি করবেন যাতে সাধারন মানুষের একসজিসটিং একসপেনডিচার মিট-আপ করতে পরেন, তারই মধ্যে সীমাবদ্ধ রাখুন। কেন্দ্রীয় বাজেটে ওঁরা বলেছেন প্রায় ১৫৫৫ কোটি টাকা ঘাটতি বাজেটে গিয়ে দাঁড়াবে এবং এতে সাড়ে ২২শো থেকে আড়াই হাজার কোটি টাকা মতন ঘাটতি বৎসরের শেষে হবে। সুতরাং শ্রমজীবী মানুষের বেতন বৃদ্ধি করতেই হবে এবং নতুন নতুন ট্রাম রাস্তায় নামাতে এবং নতুন লাইন বাড়াতে গেলে তারজন্য খরচ আছে। অনন্তকাল তো ভরতুকি দিয়ে চলতে পারে না পাবলিক এক্সচেকার দিয়ে। সেইজন্য মাননীয় মন্ত্রী মহাশয় যে প্রস্তাব এই বিধানসভায় এনেছেন সেই প্রস্তাবকে সমর্থন করছি এবং আশা করবো আমাদের বিরোধিদলের সদস্যরা যারা বিরোধিতা করার জন্য বিরোধিতা করলেন তাঁরা বিরোধিতা তুলে নেবেন। পশ্চিমবাংলার সার্বিক স্বার্থে এটাকে সমর্থন করছি। ওনারা ম্যাগনামারার কথা বলেছেন। এটা অনেক পুরোনো কথা, বস্তাপচা কথা। বিরোধিদলের মাননীয় সদস্য যে কথা বলেছেন সেটা বস্তাপচা কথা, পুরোনো কথা।

সেজন্য সামগ্রিক পরিবহনের উন্নতি করতে হলে একদিকে বাসের সংখ্যা বাড়াতে হবে, তেমনি তার পাশাপাশি ট্রামকে বাড়াতে হবে। উত্তর কলিকাতায় সল্ট লেকে নিয়ে যাবার যে একটা পরিকল্পনা আছে সেটা করতে হবে। উত্তর কলকাতার ব্যারাকপুরে বা দমদমের সংগে যোগসূত্র স্থাপন করা যায় কিনা সেটা দেখতে হবে। আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে এই সংশোধনীকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, Sir, the proposed legislation is confined within one and half line. But the purpose is enormous and very very wide. The other day the Hon'ble Transport Minister was speaking of taste. Certain objections hit his taste. So he was averse to reply. May I put very humbly a few questions in regard to public transport system. Have you got any plan with regard to transport system in the metropolitan city of Calcutta—I mean including C.M.D.A. ? This is the second time that the Left Front Government is in office. That is why Mr. Sachin Sen, as a matter of metamorphosis, is now a member of the Legislative Assembly—a little promotion from Calcutta Corporation.

(Shri Sachin Sen : we will come for the third term also)

Yes, we will not allow you to flee away. We will tie you up in power. Sir, this Left Front is dominated by C.P.M. They say that this iddependence is false.

We will say that we are successful and we are proud of it that ভারত বর্ষের ডেমোক্রেসিতে আপনারা অংশ গ্রহন করেছেন। We are very proud that we have been able to bring you power to have faith in democracy. আপনারা বিপ্লব ভুলে গেছেন, রক্তপাত ভুলে গেছেন। আজকে পরিষ্কার প্রশ্ন আপনাদের সরকার দ্বিতীয় দফায় আসীন থেকেও দুইটি পরিকল্পনা রূপায়নের দায়িত্ব পেয়েও আজ পর্য্যন্ত মহানগরীতে পরিবহন নীতি নির্ধারিত হয়েছে কি? এটাই ফার্স্ট কোয়েশ্চেন। Next, due to your able management and questionable management, as my learned friend, Shri Deba Prasad Sarkar has said, has the transport system benefited the public movement in the city? The answer is big 'No'. বাস কিংবা ট্রামে যাত্রী সাধারণের কিছু সুবিধা হয়েছে কি? My learned friend Shri Matish Ray was also speaking, এবং ট্রামগুলির চেহারা পরিবর্ত্তণের কথা বললেন। পবিবর্ত্তন তো হবেই, লাল আন সবুজ তো জিনিষ নয়। আজকে সি.পি. এমের প্রতিনিধিত্ব করছেন কে? না, রাজা বীরেন্দ্র নারায়ন রায়। আগে ট্রামে উঠে দেখতাম কুশন ছিল, রেকসিন ছিল, গদী ছিল, সবই খুলে নিয়েছে, এমন কি উপরে ধরবার যে হ্যানডেল গুলি ছিল তাও খুলে নিয়েছে।

[4-50—5-00 P.M.]

শুকং কাষ্ঠং তিষ্ঠতি অগ্রে, কাজেই নিরস তরুবর ছাড়া ট্রামের আর কিছুই নেই। এই হচ্ছে ওঁদের উন্নতি! একথা কি ঠিক নয়, পরিবহন মন্ত্রী সততার সঙ্গে উত্তর দেবেন, আপনাদের এই সংশোধনীর একটিই অভিপ্রায় তা হচ্ছে ট্রামভাড়া বৃদ্ধি করা? শুধু আপনাকে নিবেদন করতে চাই This Assembly had withstood the test of five and a half crores of people outside the House এই ব্যবস্থা কি এতে আছে যে এই সংস্থা হিতাহিত জ্ঞান না রেখে, কোন সম্পর্ক না রেখে ট্রামভাড়া বৃদ্ধি করবেন? আই মিন অবিবেচনা প্রসূতভাবে ট্রামভাড়া বৃদ্ধি করার এক্তিয়ার আপনারা দিতে চলেছেন—এই বিধান কি আপনি করতে পারেন···

এই ব্যবস্থা কি আছে? তা যদি না থাকে তাহলে সেখানে কুমীরের বাচ্চা আমাদের বুঝতেন। আপনাদের এ্যাসেম্বলীতে বলতে গেলে শ্যামল চক্রবর্তী, আজকে সি.এস.টি.সি.তে শ্যামল চক্রবর্তী। ট্রামে আর কে আছে? শেয়ালের মত কুমীরের একটি বাচ্চাকে বারবার দেখাবে। বামফ্রন্ট একটি শেয়াল। এঁরা কর্তব্যনিষ্ঠ নয়; এঁরা সৎ নয়, পরদর্শী নয়—এঁরা শেয়ালের মত চতুর। এঁরা শেয়ালের মত কুমীরের একটি বাচ্চাকে দেখাবেন বারবার।

(এখনে শ্রীশচীন সেন মহাশয়কে কিছু বলতে শোনা যায়)

শচীনবাবুর প্রমোশন হচ্ছে, এঁর আর কি সাহায্য লাগবে! ট্রামে আর একটি চেয়ারম্যান পদ সৃষ্টি করে তাঁর হাতে তুলে দেবেন সেই জন্যই শচীনবাবুর এই হাসি। চোরের মায়ের বড় গলা। শচীনবাবু কাউনসিলার ছিলেন, এখানে এর ফলে মনে হয় এর ভাগ্য কিছুটা প্রসন্ন হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, নেক্‌স্ট প্রশ্ন আপনার কাছে—মাননীয় ডি.পি. সরকার মহাশয় পার্টিনেন্টলি কতগুলো প্রশ্ন করেছেন। আগেকার এ.জির অডিট অবজেকশনের রিমোভালের কোন ব্যবস্থা করেছেন আপনি? **How do you propose to meet the audit objection with regard to the irregular and questionable expenditure** এই কথাটা বলুন?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তারপর এই সংস্থার ওভারটাইমের কথা বলছি। যে দেশে রেজিষ্টার্ড বেকারের সংখ্যা ৩.৬ মিলিয়ন, যেখানে মানুষ হন্যে হয়ে বেড়াচ্ছে সেখানে একটি সরকারী সংস্থায় ওভারটাইম কেন দিতে হয় এর জবাব মন্ত্রীমহাশয় দেবেন কি? যেখানে বেকারীর জ্বালায় মানুষ গলায় দড়ি দিতে চলেছে, হাওড়া ব্রীজ থেকে লাফ দিচ্ছে। আজকে এই বেকারীর যুগে **Why during your efficient management which we question everytime** আজকে ওভারটাইম সরকারী সংস্থায় কেন বেড়েছে এর সুযোগ্য উত্তর আমরা চাই।

আমার লাষ্ট পয়েণ্টে বলছি যে আজ থেকে দুই দশক আগে আপনাদের রবীনবাবু এখানে বসেছিলেন। সেদিন ডাঃ বিধানচন্দ্র রায় ঐ ৩০০ নম্বর আসনে বসেছিলেন। সেদিন ১ পয়সা ট্রামভাড়া বৃদ্ধির জন্য আপনারা অনেক ট্রামে আগুন লাগিয়েছিলেন। আজকে যখন এই বিলের মূল উদ্দেশ্য ট্রামের ভাড়া বৃদ্ধি, ডু ইউ এ্যাপোলোজাইস্? আজকে দেশবাসীর কাছে কি ক্ষমা প্রার্থনা করবেন সে দিনের সেই উচ্ছৃঙ্খল, দুর্ধর্ষ, ধ্বংসাত্মক, হিংসাত্মক আচরণের জন্য? আপনারা বিরোধী পক্ষে থেকে ট্রামভাড়া বৃদ্ধির প্রতিরোধে সেদিন বাস জ্বালিয়েছিলেন ট্রাম জ্বালিয়েছিলেন, কুড়ি কুড়ি ট্রাম জ্বালিয়েছিলেন। আজকে আপনারা কৌশলে আইন এনেছেন এবং আজকে অপরিসীম অধিকার দিচ্ছেন যেখানে আপনাদের পেটুয়া লোক ডেপুটেশনে ১১ বছর আছে, সেখানে শচীনবাবুর মত লোক গিয়ে বসবে। তাহলে আপনারা কি দু'মুখো নীতি নিচ্ছেন না? স্যার, ক্ষমতায় এলে সি,পি.এমের বিহেইবিয়ার আমরা দেখেছি। **Where they are in power, their whole attitude, whole study and practice of Marxism alter. Where they are in power they behave in one way and where they are in Opposition they behave just the other way. What is Marxism?** স্যার মুখ্যমন্ত্রী মহাশয় মাঝে মাঝে বলে থাকেন মার্কসিজিম্ আমরা পড়াশুনা করিনা, প্রয়োজন বোধ করিনা। কিন্তু যেটুকু দেখেছি, এঁদের দেখে মনে হয় এঁরা বহুরূপী। এঁরা ক্ষমতায় এলে এক আচরণ করেন, ক্ষমতার বাইরে অন্য আচরণ করেন। তারজন্য রবীনবাবুকে জিজ্ঞাসা করি, আপনাদের রুচিতে বাধুক বা না বাধুক, সেদিনের সেই ধ্বংসাত্মক আচরণের জন্য আজকে দেশের মানুষের কাছে, জাতির কাছে আপনারা কি ক্ষমাপ্রার্থী?

তাযদি না হয় You have no right moraily, economically or politically to increase the fare at the cost of common men unless this government submits the proper accounts. So they have no right as such. The purpose of this Bill is politically motivated and has been brought here with a ulterior motive. Hence I cannot extend my support towards this Bill. I tooth and nail oppose the Bill.

**শ্রীনবীন মুখার্জী :** স্পীকার স্যার, আমি এটা মনে করি না যে একটা বিলের আলোচনার মধ্যে এতো অপ্রাসংগিক কথা আসতে পারে। তবে এসেছে এবং সব কথার জবাব আমি দিতে চাই না। কারণ এই প্রসংগ বাসের কথাও এসে গেছে, বাস প্রসঙ্গে আমি অন্য সময় বলবো। এই প্রসঙ্গে কথা বলা তখনই প্রাসঙ্গিক হবে যখন বাস নিয়ে আলোচনা হবে। এখানে এসেছে ট্রামের একটা ধারার পরিবর্তন নিয়ে, ডিলিট করা নিয়ে। সেই প্রসঙ্গে কি কি জিনিষ দেখলাম? আমি একটা কথা বলতে চাই যে, হঁ্যা, আলোচনা বিরোধী দল নিশ্চই করবে এবং তাঁদের নিজস্ব দৃষ্টিভঙ্গি দিয়ে করবেন। তাতে যেন রুচির বিকৃতি না ঘটে, যেন এই ব্যাপারে বিতর্ক না হয় সেটা দেখবেন, ডেকোরাম যেন বজায় থাকে। তবে এখানে তাঁদের রুচির বিকৃতি কথা বলতে চাই না। বিরোধী দলের সদস্যরা বলছেন মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির তাদের নিজস্ব ঝগড়া মেটাবার জন্য, তাদের সংকট, সমস্যা মেটাবার জন্য এই পোষ্ট তৈরী করা হচ্ছে। এর উত্তরে আমি কি জবাব দেব? আমি শুধু তাঁদের এই কথা বলতে চাই যে এটা কংগ্রেস (আই) দল নয় যে বোমা নিয়ে একদলকে আর এক দল আক্রমন করবে। এই জিনিষ মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির মধ্যে নেই। কাজেই এই কথা বলে আর লাভ নেই। আবার শুনলাম রাজদেও গোয়ালার কথা। তিনি দীর্ঘদিন ধরে নানা অর্গানাইজেসানের সঙ্গে যুক্ত আছেন এবং তিনি একজন বড় রাজনৈতিক নেতা। সুব্রতবাবু নানা কায়দায় অনেক জায়গা টেক ওভার করেছেন। তিনি ওনাকে খুব ভাল করেই চেনেন। তিনি ভাল করেই জানেন যে রাজদেও গোয়ালা ট্রেড ইউনিয়ান করেন। ওনাদের এতে আপত্তি আছে। ট্রাম কম্পানি হলো গভর্মেণ্টের, সেখানে গভমেণ্টের লোক থাকবে না তো কারা থাকবে? খ্যাতনামা পতিপত্তিওয়ালা লোক থাকলে ভাল হতো ওঁদের মতে। যারা ট্রেড ইউনিয়ান করেন বা যাঁরা এর সঙ্গে যুক্ত তাঁরা থাকবেন কেমন করে? এই ওদের মূল বক্তব্য। সেই জন্যেই তো আমরা এখানে আছি, সেই জন্যোই তো এখানে এই গুলি দেখার জন্য মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি পরিচালিত সরকার গঠিত হয়েছে। আমরা আগেকার সেই জিনিষের পরিবর্তন চাই, এটা যদি আপনারা না বোঝেন তাহলে কি হবে। এই জিনিষ পাল্টাতে আমাদের আরো কিছু দিন লাগবে। আজকে বলা হচ্ছে যে ভাড়া বৃদ্ধির করার উদ্দেশ্যে এই জিনিষ করা হচ্ছে। এটাতো আমরা গোপন রাখিনি, এটাতো নুতন কথা কিছু নয়।

[5-00—5-10 P.M.]

আমরা কোন গোপন করিনি। কাজেই আমরা ভাড়া যে বাড়াতে চাইছি, তা বলছি।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** এটা কি আপনার জমিদারী, চাইলেই আপনি ভাড়া বাড়াবেন ? ভাড়া বাড়ালে আগুন জ্বলবে।

( গোলমাল )

**শ্রীরবীন মুখার্জি ঃ** আমি বলছি, সুব্রতবাবুর হাতে জমিদারী নেই, জমিদারীটা আমাদেরই হাতে আছে। আমরাই সেজন্য ব্যাপারটা দেখব। স্যার, জনসাধারণের পক্ষ থেকে একটা কথা বলা দরকার যে, মনোপলিটা একমাত্র সুব্রতবাবুরা নিয়েছেন বলে আমরা মনে করি না, সেই মনোপলিটা আমাদের হাতেও আছে। তাঁরা দেখছেন, অনেকদিন ধরেই তা আছে। দ্বিতীয় কথা হচ্ছে, ভরতুকী বাড়াবার প্রশ্নে একটা ভুল তথ্য এখানে তুলে ধরা হয়েছে। তিনি বলেছেন, ভরতুকি ৪।। কোটি থেকে ৭ কোটি টাকার উপরে যেতে বসেছে। এটা বাস্তব ঘটনা, ভরতুকির পরিমাণ বেড়েছে। কিন্তু কেন ? এইসব গালগল্পের মধ্যে গিয়ে কোন লাভ নেই। কারণ এ ব্যাপারে কেউ ৩ কোটি, কেউ ৫ কোটি টাকার কথা বলবেন। এতে কিছু যায় আসে না। কিন্তু প্রশ্ন হচ্ছে কেন ভরতুকি বাড়ছে ?

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** চুরি হচ্ছে, আবার কি।

( গোলমাল, ক্রমাগত গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** সুব্রতবাবু, ওঁকে বলতে দিন। এভাবে হয় না। Let him give the reply. Don't do it.

**শ্রীরবীন মুখার্জী ঃ** কি বাসের ক্ষেত্রে, কি ট্রামের ক্ষেত্রে কেন ভরতুকি দিতে হচ্ছে তা আমাদের আজ বুঝতে হবে। এটা প্রধানতঃ কেন্দ্রীয় সরকারের পাপের ফল। ওঁরাই বলুন না, কেন রেলের ভাড়া বাড়ছে ? আসলে প্রত্যেকটা জিনিসের দাম রেলওয়ে পার্টস্, ইলেকট্রিসিটির দাম শতকরা ৭৫ ভাগ বেড়েছে। ওগুলোও কি আমরা ঠিক করি ?

এইসব কথা বলে লাভ নেই। এইসব কথা বলে বাজার গরম করা যায়। ১৯৫৩ সালে আমরা ভাড়া বৃদ্ধির বিরোধিতা করেছিলাম এবং বিরোধিতা করে আন্দোলনও করেছিলাম এবং জেলেও গিয়েছিলাম। আমি এই জেলে যাওয়ার মধ্যে ছিলাম। এটা আপনাদের জেনে রাখা ভালো আমরা তারজন্য গর্ববোধ করি। আমরা তখন...নয়েজ

( নয়েজ )

**মিঃ স্পীকার ঃ** এইভাবে বক্তৃতার সময়ে ডিসটারবেন্স করলে কাজ করা হাবে না। কিছু দিন আগে রুলিং পার্টির বক্তৃতার সময়ে আপনারা এইরকম গোলমাল করেছিলেন। আপনাদের যদি কিছু বলার থাকে থার্ড রিডিংয়ের সময়ে বলবেন। you exercise your right,

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** Interference is a part of Parliamentary democracy.

( নয়েজ )

**শ্রীরবীন মুখার্জী ঃ** আগে একটু বোঝাবার চেষ্টা করুন। ১৯৫৩ সালে ট্রাম কোম্পানি ইনকরপোরেটেড ইন ইংল্যাণ্ড ছিল তখন তারা যে ভাড়া বৃদ্ধি করার চেষ্টা করেছিলেন তারা কোন লোকসান দেখাতে পারেন নি। আমরা সেইজন্য বাধা দিয়েছিলাম। কিন্তু তার অন্তর্নিহিত কারণ কি আজকে তা বুঝিয়ে লাভ নেই। আমরা আন্দোলনের জন্য জেলে গিয়েছিলাম। ব্রিটিশ সাম্রাজ্যবাদ যখন তার ক্ষমতা ছেড়ে এদেশ থেকে চলে গেল তার পরেও একটা এইরকম ট্রান্সপোর্টকে তাদের হাতে রাখা উচিত নয় বলে আমরা মনে করেছিলাম। এইটা বিবেচনা করা উচিত ছিল। এই ছিল আমাদের প্রধান দাবী। তারসঙ্গে আমাদের এক পয়সা ভাড়া না বৃদ্ধিরও দাবি ছিল। কিন্তু আজকে কংগ্রেসী বন্ধুরা যে দাবী করছেন তারসঙ্গে এরকোন সম্পর্ক নেই। আমাদের দাবী ছিল যে সাম্রাজ্যবাদী শক্তির হাত থেকে তুলে এনে এই কমিউনিকেশানট আমাদের হাতে তুলে নিতে হবে। তাঁরা (কংগ্রেসীরা) ক্ষমতায় থাকার সময়ে আমাদের এটা দাবী ছিল। আমাদের সরকারের হাতে আসবে। এই দাবী করে আমরা আন্দোলন করেছিলাম এবং স্মরণ রাখবেন যে সেই ১৯৫৩ সালের আন্দোলনে আমরা জয়ীও হয়েছিলাম। তারপর ১৯৫৭ সালে যখন ফ্রন্ট গভর্ণমেন্ট হল আমি তখন সেই ফ্রন্টের একজন মেম্বার ছিলাম। এ্যাসেম্বলীর সদস্য হিসাবে আমরা ম্যানেজমেণ্ট টেক ওভার করেছিলাম। ডোণ্ট ফরগেট ইট। আমরা যখন সরকারে আসলাম তখন ১৯৫৩ সালের যে কাজটা শুরু করেছিলাম সেই কাজের এক ধাপ করতে সক্ষম হলাম। তৃতীয়তঃ শেষের দিকে কোম্পানিজ এ্যাক্ট অনুযায়ী এটা কোম্পানিতে রূপান্তরিত হল। এ কাজ আমরাও করেছি এবং আপনারাও করেছেন। কাজে কাজেই ইতিহাসটা একটু শুনুন। আমরা টেক ওভার করার পূর্বে বিল আকারে তাকে আগে হাউসে এনে তারপর তাকে কমপ্লিট করেছিলাম। এক্ষেত্রে আপনাদের একটু বোঝার দরকার আছে—এক সময়ে যে প্রসেস সবে শুরু হয়েছিল আজকে ১৯৮৩ সালে একটা জায়গায় এসে তার খানিকটা কমপ্লিট করতে আমরা সক্ষম হয়েছি।

[5-10—5-20 P.M.]

স্যার, ১৮৮০ সালের নভেম্বর মাসে প্রথম ট্রাম চালু হয়, এখন সেই যুগের আনাও নেই মাইলও নেই। এখন নতুন করে আবার আনা, মাইল চালু করার যুগ পার হয়ে গেছে। আজকে দাম কত

গুন বেড়েছে। আজকে শোনা যাচ্ছে ১ টাকার মূল্য ২৭ পয়সায় এসে দাঁড়িয়েছে। একশো বছরের হিসাব যদি ধরা যায় তাহলে ১ টাকার মূল্য ১ পয়সাতে এসে দাঁড়িয়েছে, এই রকম অর্থ-নীতির যুগে এসে আমরা দাঁড়িয়েছি। অথচ বলছেন ১৮৮০ সাল থেকে আজকে তার রেট কমেনি। আজকে সেই যুগ আর নেই, সেই রাজত্বও আর নেই, অনেক পরিবর্তন হয়েছে। এখন কতকগুলি অভিযোগ আমার খুব ভাল লেগেছে জয়নাল আবেদিন সাহেবের, সে সম্বন্ধে দু'একটা কথা বলে দিচ্ছি। দেব প্রসাদ বাবু বলেছেন কনফিডেনসিয়াল পেমেণ্টের কথা। এটা সিসটেমের মধ্যে আছে, বরাবর চলে আসছে অফিসারদের পেমেণ্ট যেভাবে হয়, কিন্তু দিস ইজ সাবজেক্ট টু অডিট। এটা গোপন রাখা হয়নি। কিন্তু উনি একটা কিছু বলে দিলেন। তৃতীয় কথা হচ্ছে মিঃ দও, এটা জেনে রাখা ভাল, যিনি এ্যাডমিনিষ্ট্রেটর থেকে ম্যানেজিং ডাইরেক্টর হয়েছেন তিনি এ্যাজ গভর্নমেণ্ট অফিসার এ্যাপয়েণ্টেড, তিনি ডেপুটেশানে এই রকমভাবে এসেছেন। কাজেই তথ্যটা ভাল করে জেনে তারপর বক্তব্য পেশ করা ভাল। তারপর যেটা বললেন অডিট নাকি আপত্তি কারছে। আমি জানাচ্ছি যে ১৯৭৪ সালের পর থেকে আর অডিট হয়নি, তার পরবর্তী সময়ে ততকগুলি কুইরিজ অডিট করেছেন কতকগুলি খবর নেবার জন্য। যেটা চেয়েছেন তার জবাব দেওয়া হয়েছে, দরকার হলে আরো দেওয়া হবে। স্তুতরাং এটাকে অডিট বলে চালিয়ে দিলে কি করে হবে? কোন সময়ে যদি অডিট হয় তারপর অডিটর যাঁরা থাকেন তাঁরা কুইরি করতে পারেন, সেজন্য তাঁরা কিছু কিছু রিপোর্ট চেয়েছেন, তার জবাব গেছে, যাবে এবং যথা সময়ে তা প্রকাশিত হবে। আপনার যদি অজ্ঞানতা থাকে তাহলে তাকে ক্ষমা করা যায় কিন্তু তার পিছনে যদি মতলব থাকে তাহলে সেটা অত্যন্ত দুঃখের। ফ্যাক্টস যেটা তার উপর দাঁড়িয়ে যদি কথা বলেন তাহলে বিধান সভার সদস্যরা উপকৃত হবেন, আমরাও উপকৃত হব, দেশের মানুষও উপকৃত হবেন। তারপর হচ্ছে রিকুইজিসান বাড়ীতে আছে—তারজন্য রসিদ দিতে হয় ভাড়া বাড়ীতে আছে বলে। কাজেই আমি অনুরোধ করব মাননীয় বন্ধুদের যে তাঁরা যেন কিছুটা তথ্যের উপর দাঁড়িয়ে বক্তব্য রাখেন, শুধু নিজেদের সুবিধা করে নেওয়ার জন্য কিছু পরিবেশন করা আমি মনে করি এটা ঠিক নয়, সেটা একটু বিবেচনা করে দেখবেন।

কাজেই ক্রমাগত যে বক্তব্যগুলি এসেছে, আমি আর বিশেষ কিছু বলতে চাই না। তবে আমাদের সরকারী পক্ষের মাননীয় সদস্যবৃন্দ অনেকগুলি প্রসঙ্গে উল্লেখ করেছেন, আমি এই কথা বলতে চাই যে, আমি এই দাবী করিনা যে আমাদের দেশের কোন সংস্থায় বিশেষ করে সরকারী সংস্থায় কোথাও কোন কারাপসান নেই। আপনারা বিদেশে এবং অন্যান্য জায়গায় খবর নিয়ে দেখবেন যে ট্রাম পরিচালনা ব্যবস্থা সম্পর্কে কিছুটা স্বীকৃতি আছে। কিন্তু তার মানে এই নয় যে, কোথাও কারাপসান নেই। তবে এগুলি আমাদের দেখতে হবে, রাতারাতি কিছু করা যাচ্ছে না, নানা সমস্যা আছে। কিন্তু এটা মনে রাখতে হবে যে এটা থাকা সত্বেও ট্রাম পরিচালনার ক্ষেত্রে যে ব্যবস্থা আছে সেটা যে অনেক পরিমানে ভাল এই স্বীকৃতি আছে। সাধারণ ভাবে ওয়াইল্ড এ্যাকিউজিশান করে চলে গেলাম, আর ভাবলাম যে অনেক কিছু করলাম, এটাও আমি

মনে করি যে ঠিক নয়। শেষে জয়নাল সাহেবকে বলি যে. হ্যাঁ, পরিকল্পনা আমাদের আছে। ট্রাম ব্যবস্থার উন্নতির জন্য আমাদের পরিকল্পনা আছে। সেই পরিকল্পনা কি সেটা কি আজকের এই অংশের সংগে যুক্ত ? সেটা বাজেটের সময়ে পেতে পারেন, অন্য সময়ে পেতে পারেন। কিন্তু সামান্য কয়েকটা লাইন ডিলিট করার সংগে সংগে যা কিছু আছে সমস্ত এনে হাজির করবেন, এটা অপ্রাসংগিক হয়ে যায়, এটা তাদের বোঝা উচিত। এই কথা বলে আমার যেটা আছে আমি মুভ করছি। আর বিরোধী পক্ষের মাননীয় সদস্য যে এ্যামেণ্ডমেণ্ট দিয়েছেন এবং তিনি বলেছেন যে জনসাধারণের যাতে হার্ড হিট না হয় সে সব দেখে করার জন্য। আমি তাকে এই কথা বলি যে জনসাধারণের একমাত্র মালিক তা তারা একা নয়, আমরাও তার কিছুটা মালিক। কাজেই সেই সব চিন্তা করে জনসাধারণের পক্ষে যেটা মঙ্গল হবে সেই ভাবেই এই বিলটা এসেছে। এই কথা বলে আমি এটা অগ্রাহ্য করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Rabin Mueherjee that the Calcutta Tramways (Amendment) Bill, 1983 be taken into consideration was then put and agreed to.

## CLAUSE 1

The question that the Clause 1 do stand part of the Bill was the put and agreed to.

## CLAUSE 2

**Mr. Speaker :** There are two amendments tabled by Shri Kashinath Misra and Shri Debaprasad Sarkar. Shri Kashinath Misra is not in the House and his amendment is not moved. Now, I request Shri Deba Prasad Sarkar to move his amendment.

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that for Clause 2 the following be substitute( :

"2. In the Proviso to section 9 of the Calcutta Tramways Act, 1880, for the words be-giving with ''rate of fare' and ending with 'same proportions' the words 'the increased rate does not hit hard the users of tramways' shall be substituted."

**Shri Zainal Abedin :** Sir, is the amendment tabled by Shri Deba Prasad Sarkar is in order under rule 321 ?

**Mr. Speker :** Yes, I have admitted it.

**Shri Rabin Mukherjee :** Sir, I do not accept the amendment.

The motion of Shri Deba Prasad Sarkar that for Clause 2 the following be substituted : "2. In the Proviso to Section 9 of the Calcutta Tramways Act, 1880, for the words be-giving with "rate of fare" and ending with "same proportions" the words "the increased rate does not hit hard the users of tramways" shall be substituted." was then put and a division was taken with the following results :

AYES

Sarkar, Shri Deba Prasad

NOES

Abdul Quiyom Molla, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adak, Shri Nitai Charan
Anisur Rahman Biswas, Shri
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Ajit
Basu, Shri Jyoti
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Satya Pada
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Kanti Chandra
Bose, Shri Biren
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chakrabarty, Shri Jatin
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee, Shrimati Nirupama
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Chowdhury, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Jagadish Chandra
Deb, Shri Saral
Gupta, Shri Jyotsna Kumar
Gupta, Shri Sitaram

Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Konar, Shrimati Maharani
Maity, Shri Gunadhar
Maji, Shri Pannalal
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mir Abdus Sayeed, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Niranjan
Naskar, Shri Subhas
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Radhika Ranjan
Pramanik, Shri Sudhir
Rai, Shri H. B.
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Matish
Roy, Shri Amalendra
Roy, Shri Pravas Chandra
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Sarkar, Shri Sailen
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Prabir
Sinha, Dr. Haramohan
Sur, Shri Prasanta Kumar

## ABSTENTIONS

Abdul Mannan, Shri
Abedin, Dr. Zainal
Abdur Rauf Ansari, Shri
Bapuli, Shri Satya Ranjan
Bhunia, Dr. Manas
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Seth, Shri Bhupendranath

**The Ayes being 1 and Noes 77 and Abstentions 8. The motion was lost.**

**Mr. Speaker :** There are no amendments. So I put the Preamble to vote.

**PREAMBLE**

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Rabin Mukherjee :** Sri, I beg to move that the Calcutta Tramways ( Amendment ) Bill, 1983, as settled in the Assembly, be passed.

The motion was then Put and agreed to.

[5-20—5-30 P.M.]

**শ্রীসুব্রত মুখার্জী :** অধ্যক্ষ মহাশয়, আমি আগেও বলেছি এবং এখনও তার পুনরাবৃত্তি করে বলেছি যে অতীতে ওনাদের ভাড়া বৃদ্ধি সম্পর্কিত যে সমস্ত ঘটনা আছে তাকে স্মরণ করে এবং মাননীয় মুখ্যমন্ত্রী মানুষের পালস ফিল করে, তাদের অর্থনৈতিক অবস্থা বিবেচনা করে ওনারা নিশ্চয় সচেতন হবেন এই আশা করি। এবং ট্রামের ভাড়া বৃদ্ধির দিকে কোন রকমে এগিয়ে যাবেন না এই সাবধান বাণী আমি ওনাদের শোনাচ্ছি। আমি অবাক হয়ে যাই যে জমিদারী কায়দাতে, ফিউডাল প্রথার মধ্যে দিয়ে একটা কায়েমী চক্রের মানসিকতা নিয়ে আজকে মন্ত্রী মহাশয় বাস ট্রামের ভাড়া বাড়াবো বলে একটা জবরদস্তি ইঙ্গিত দিচ্ছে। এটা একটা ভয়াবহ ব্যাপার এবং এটা যদি এই হাউসের মধ্যে কনসিডার করা না হয় তাহলে হাউসের বাইরে যে অগণিত মানুষ রয়েছে তাদের প্রতিবাদকে প্রতিরোধ করার ক্ষমতা মন্ত্রীমহাশয়ের থাকবে না।

**ডাঃ জয়নাল আবেদিন :** অধ্যক্ষ মহাশয়, প্রাসঙ্গিক এবং অপ্রাসঙ্গিক কথা তুলে যে সব কথা ওনারা বললেন তাতে আমি তাদেরকে স্মরণ করিয়ে দিয়ে বলতে চাই যে ভারতবর্ষের স্বাধীনতার সংগ্রাম ইতিহাসে লিখিত আছে। যদিও সেদিনকার অনেক কংগ্রেস কর্মী আজকে কমিউনিষ্ট পার্টির ছত্রছায়ায় আশ্রয় নিয়েছে, কেউ কেউ সনামধন্য ব্যক্তি, শ্রদ্ধেয় ব্যক্তি স্বাধীনতা সংগ্রামী আছেন, তথাপি ইতিহাস সাক্ষ্য দেয়না যে স্বাধীনতা কমিউনিষ্ট পার্টির কোন অবদান আছে। একথা ইতিহাস নিশ্চয় সাক্ষ্য দেবে যে স্বাধীনতা সংগ্রামে কমিউনিষ্ট পার্টির কোন অবদান নাই। তাদের দ্বৈত ভূমিকা—১৯৫৩ সালে ওরা ম্যানেজমেন্টের টেক ওভারের ব্যাপারে দালালী করেছিলেন। ওঁদের সততা থাকা উচিত। এদের সততা—নিভৃত কামরায় ১৯৭৬-৭৭ সালে……

( গোলমাল )

এই ভাবে ট্রাম ফেয়ার ইনক্রিজ করা চলবে না। ট্রেনের ভাড়া বাড়ছে বলে হাউসে যদি আলোচনার সুযোগ করে দেন তাহলে ট্রামের ভাড়া বাড়ানোর ব্যাপারে বিধানসভায় আলোচনা করার একটা সুযোগ আমাদের করে দিন। এই ভাবে ট্রাম, বাসের ভাড়া বৃদ্ধি করে জনজীবনে দুর্বিষহ বোঝা চাপিয়ে দেবেন, এ আমরা কখনই সহ্য করব না। আমরা এর তীব্র প্রতিবাদ করছি।

( গোলমাল )

**শ্রীননী কর :** মিঃ স্পীকার, স্যার, আজকে যে এ্যামেণ্ডমেন্ট এনেছেন, রবীনবাবুর এটা আনার দরকার ছিল। কারণ, বৃটিশ সাম্রাজ্যবাদী কোম্পানীর টেক ওভার করেছিল যুক্ত ফ্রন্ট সরকার। ওরা তখন ছিলেন না, রবীনবাবু ছিলেন এবং বামফ্রন্ট সরকারই এটা জাতীয়করণ করেছেন। জয়নাল সাহেব, সুব্রতবাবুরা আজকে চীৎকার করছেন, ওদের সময় জাতীয়করণ হয়নি। কাজেই ইংরাজ আমলের আইন আজকে বাতিল করার কথা হচ্ছে এবং সেই জন্য এই আইন এ্যামেণ্ড করার কথা বলা হচ্ছে। এর বিরোধিতা করতে ওঁদের কোন লজ্জা হচ্ছে না? আমরা বলি ওঁরা নির্লজ্জ, জনগণের শত্রু, স্বাধীনতার শত্রু।

( গোলমাল )

**শ্রীদেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রবীনবাবু যে আইন পাশ করে নিয়ে যাচ্ছেন সেই সম্পর্কে আমি শুধু এইটুকু বলতে চাই যে মাননীয় সদস্যরা এর অপব্যাখ্যা করেছেন সাম্রাজ্যবাদী বিলের সংশোধনী আনতে গিয়ে। জনগণের স্বার্থে যখন তখন ভাড়া বৃদ্ধির ব্যবস্থা যাতে না করতে হয় তারই জন্য আমি এটা রাখতে বলেছিলাম এবং সেই জন্য দুর্নীতি, অপচয় যেসব হচ্ছে সেগুলি যাতে বন্ধ হয় সেই কথাই এখানে তুলে ধরেছিলাম। কাজেই সেই তদন্তের দাবী মেনে না নিয়ে জনগণের উপর বাড়তি বোঝা চাপিয়ে দিতে যাচ্ছেন জনগণ নিশ্চয় এর মোকাবিলা করবে।

**শ্রীরবীন মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার আর নতুন করে কিছু বলার নেই।

[5-30—5-40 P.M.]

**শ্রীসুব্রত মুখার্জী :** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার এই হাউসে সাধারণ একটি প্রাকটিস আছে যে যখন কোন জরুরী ব্যাপার থাকে যাতে কোন আইন সঙ্গত ব্যাপারে কোন পরামর্শের প্রয়োজন হয় তখন এ্যাডভোকেট—জেনারেলকে আপনি ডেকে থাকেন হাউসের পক্ষ থেকে। আজকে হঠাৎ আমরা দেখলাম এ্যাডভোকেট—জেনারেল এখানে বসে আছেন। স্যার, আজ

সারাদিনই আমি হাউসে আছি, আমি জানি না কি এমন জরুরী ব্যাপার ঘটলো যাতে তাঁকে আসতে হ'লো। আপনি যদি ব্যাপারটি আমাদের কাছে খুলে বলেন তাহলে ভালো হয়।

**মিঃ স্পীকার ঃ** আপনি সংবিধানটি পড়ে নেবেন, আপনার উত্তর আপনি পেয়ে যাবেন।

The motion of Shri Rabin Mukherjee that the Calcutta Tramways (Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed was then put and a Division taken with the following result :

**AYES**

Abdul Quiyom Molla, Shri
Abdur Razzak Molla, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adak, Shri Nitai Charan
Atahar Rahaman, Shri
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Ajit
Basu, Shri Subhas
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharyya, Shri Satya Pada
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kanti Chandra
Bora, Shri Badan
Bose, Shri Biren
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chakrabarty, Shri Jatin
Chakrabortty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee, Shrimati Nirupama
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Chowdhuri, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Jagadish Chandra
Deb, Shri Saral
Gupta, Shri Jyotsna Kumar
Gupta, Shri Sitaram
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Harnn
Hira, Shri Sumanta Kumar
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Konar, Shrimati Maharani
Let, Shri Dhirendra
Maity, Shri Gunadhar
Maji, Shri Pannalal
Mallick, Shri Siba Prasad

Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mir Abdus Sayeed, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Naskar, Shri Subhas
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Nezamuddin Md., Shri
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Padan
Pramanik, Shri Radhika Ranjan
Pramanik, Shri Sudhir
Rai, Shri H. B.
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Ray, Sari Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Roy, Shri Amalendra
Roy, Shri Pravas Chandra
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Sarkar, Shri Sailen
Sayed Md. Masih, Shri
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Sachin
Sinha, Dr. Haramohan
Sur, Shri Prasanta Kumar
Talukdar, Shri Pralay

**NOES**

Abdul Mannan, Shri
Abdur Rauf Answari, Shri
Abedin, Dr. Zainal
Bapuli, Shri Satya Ranjan
Bhunia, Dr. Manas
Khaitan, Shri Rajesh
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Seth, Shri Bhupendra Nath

**ABSTENTION**

Sarkar, Shri Deba Prasad

The Ayes being 87 and the Noes 9, and the abstention 1, the motion was carried.

## THE BENGAL, AGRA AND ASSAM CIVIL COURTS (WEST BENGAL AMENDMENT) BILL, 1983.

**Shri Syed Abul Mansur Habibullah :** Sir, I beg to introduce the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1983.

(Secretary then read the title of the Bill)

**Shri Syed Abul Mansur Habibullah :** Sir, I beg to move that the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1983, be taken into consideration.

স্যার, এ বিষয়ে আমার বলার কিছুই নেই। আমি যে সংশোধনীটি এনেছি সেটি হচ্ছে একটি নামকরণের সংশোধনী। এটা আমার প্রয়োজন হয়ে পড়েছে তাই এই সংশোধনীটি এনেছি। আমাদের সংবিধানের ২১৩ ধারায় আমরা যে নামটি ব্যবহার করছি এখানে সেই নামটি ব্যবহার করার জন্য এবং তার সঙ্গে সঙ্গতি রাখার জন্য এটা করা হয়েছে। এটা আগেই করা উচিত ছিল, করা হয়নি, এখন সংগতির জন্য করছি। ১ থেকে ১৫ ধারা পর্য্যন্ত তাই আছে বাকি দুটি ধারাও সংশ্লিষ্ট অর্থাত প্রয়োজনীয় কনসিকোয়েনসিয়াল পরিবর্তনের জন্য। আমার মনে হয় এ বিতর্কের কোন অবকাশ নেই, সকলেই এটা গ্রহণ করবেন।

**Shri Rajesh Khaitan :** Mr. Speaker, Sir, it is very strange that it has fallen from the Minister of Law while introducing this Bill that he has nothing to say save and except what has been stated in the Statement of Objects and Reasons. In the Statement of Objects and Reasons of the Bill it has been stated that a change in the nomenclature of the, Subordinate Judge is necessary in view of the interpretation of the expression 'District Judge' appearing in article 236 (a) read with article 312 (3) of the Constitution of India.

Sir, if I draw your attention to Article 236 (a) it will be seen that this article in the Constitution is there since 1950 when the Constitution came into force in our country. Therefore, what is the reason that at least since 1977 it was not felt necessary to bring in this amendment in the State of West Bengal ? Why this House was being kept in dark and all on a

sudden in 1983 it is found necessary to bring this bill for a chang in the nomenclature from Subordinate Judge to Assistant District Judge ? Is it for social purpose or for any legal objective or political objective ? Now ; if we come to legal objective then I will say that the Act which is sought to be amended is an Act which is 96 years old. For the last 96 years there was need to amend it ; The second point is that if it is a legal requirement of the Constitution then since 1950 what was the legal requirenent that they feel today that there has to be a change in the nomenclature ? Sir, the point at is sue is very simple. Is there any political motive, social motive or any legal motive behind the introduction of this piece of legislation ? Whatever may be the objective the members of the House should be taken into confidence. It is just not a question of a change in the nomenclature. Sir, I draw your attention to that Article which has been mentioned in the Statement of Objects and Reasons of the Bill i.e. Article 312(3) which says that the All India judicial service referred to in clause (1) shall not include any post inferior to that of a district judge as defined in article 236. This amendment in the Constitution came up by the 42nd Amendment Act of 1976 (Section 45), effective from the 3rd January, 1977. Now, Sir, if it is for social reform or socialism which this Left Front Government wants to bring in then when this amendment came in the Article 312 why was this not brought since 1977 till today though they have come power in West Bengal since 1977 ? I do not want the judiciary to be misled, I do not want the judicial system to be encroached upon by politicians whosoever they may be. Therefore, I am making this submission. Sir, so far as the Act viz., The Bengal, Agra and Assam Civil Courts Act is concerned, I think that it is for the Government, while bringing this amendment for its application in West Bengal, to have brought to the attention of the House that this amendment in the Act was brought by the U.P. Government as far back as in 1936 by U.P. Act IV of 1936 where by the word 'Subordinate Judge' was substituted by the word 'Civil Judge' in order to bring it within the meaning of District Judge as was the interpretation in the Government of India Act. Thereafter, the Assam Government under the Congress leadership brought

an amendment by an Act, Act-XII of 1967 (Section 2) which came into effect from the 16th August, 1967. By that amendment the word 'Subordinate Judge' was substituted by the word 'Assistant District Judge'. Sir, if it is that the Left Front Government is now following what has been done by our party and our Congress Government in Assam then I have nothing to say. But then also, they should tell the House, 'Look, these ideas we are bringing in the judicial system—this political change or social reform—what has been brought by the Congress ; what we are doing, enacting today, was done by the Congress several years back.

[5-40—5-50 P.M.]

Therefore, it is just not a Bill changing a nomenclature. It is being misled, the House is being misled and the people of West Bengal are being misled. But they say that as if it is a small thing which is going to be done but later on from a political platform, they will say 'Look, you Subordinate Jodges, we brought you to the category of Assistant District Judges'. Thereafter they will start tampering with the judicial system. It is as such that I have risen to the occasion to criticise the Bill only for the purpose that there should not be any political encroachment in the judicial system. Otherwise what has been introduced to-day in the House had been done long years back and introdused by the Congress Governments. Therefore, I fully support this Bill with my above reservations which I have brought before you. Thank you Sir.

**শ্রীহাজারী বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় বিচার এবং আইন মন্ত্রী মহাশয় 'বঙ্গদেশ, আগ্রা ও আসাম দেওয়ানী আদালত (পশ্চিমবঙ্গ সংশোধন) বিধেয়ক, ১৯৮৩' ; এই সভায় উপস্থিত করেছেন। এসম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় উদ্দেশ্য ও হেতুর যে বিবরণ দিয়েছেন তাতে আমরা দেখছি যে, 'ভারতের সংবিধানের ৩১২(৩) অনুচ্ছেদের সহিত পঠিতব্য ২৩৬(ক) অনুচ্ছেদে উল্লিখিত 'জেলা বিচারক' কথাটির যেরূপ ব্যাখ্যা করা হইয়াছে তৎপরিপ্রেক্ষিতে অধস্তন বিচারকের নামকরণ পদ্ধিতির পরিবর্তণ সাধন করা আবশ্যক হইয়া পড়িয়াছে।'

এই প্রসঙ্গে এখানে কংগ্রেস (ই) দলের মাননীয় সদস্য শ্রীরাজেশ খৈতান বললেন যে, এই সংশোধনীটি আনা হয়েছে একেবারে সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত ভাবে। আমার প্রশ্ন হচ্ছে, উনি একথা কি করে বললেন? উনি কি রাজনীতি করেন না? উনি যদি রাজনীতি না করেন, তাহলে এখানে এলেন কি করে? গোটা ভারতবর্ষ রাজনীতির ওপর প্রতিষ্ঠিত। গোটা ভারতবর্ষের সংবিধান রাজনৈতিক দৃষ্টি কোন্ থেকে রচিত হয়েছে এবং তারই পরিপ্রেক্ষিতে ওঁদের দল ভারত সরকারকে চালাচ্ছে, গোটা ভারতবর্ষ চলছে। এটা যদি উনি বুঝে থাকেন, তাহলে ওঁর ঐকথা বলার আর কোন সার্থকতা থাকে না। রাজনৈতিক দৃষ্টি দিয়েই ভারতবর্ষ চলছে এবং রাজনৈতিক দৃষ্টি দিয়েই ভারতের সংবিধান রচিত হয়েছে। সেই সংবিধানের নির্দেশ অনুসারেই ভারত সরকার দেশ চালাচ্ছে। পশ্চিমবঙ্গ ভারতবর্ষের একটি অঙ্গ রাজ্য। সে সংবিধানকে সম্মান দিয়ে চলছে। পশ্চিমবঙ্গ সরকার সংবিধান মেনে নিয়ে সংবিধানের নীতি অনুযায়ী এই অঙ্গ রাজ্য চালাচ্ছে। তারই প্রতিফলন আজকে এই আইনের মধ্যে দিয়ে হচ্ছে, এটা আজকে ওঁদের বোঝা উচিত।

তারপরে উনি বললেন, 'অধস্তন বিচারকগণ' এই শব্দসমূহের স্থলে 'সহকারী বিচারকগণ' করার যে প্রস্তাব আজকে আনা হয়েছে, এটা বামফ্রন্ট সরকারের আরো আগে আনা উচিত ছিল। তা আমি ওঁকে জিজ্ঞাসা করছি, ৩৩ বছর তো ওঁর দলের সরকার ছিল, তখন তাঁরা কি করেছিলেন? রাজেশ খৈতানের দল এখানে ৩৩ বছর রাজত্ব করে গেছেন, অথচ এই যে আইনগত সংকট, বিচারের দিক দিয়ে একটা সংকট রয়েগেছে এটার দিকে তাঁরা লক্ষ্য দেননি। কনসটিটিউসন অফ্ ইণ্ডিয়ার যে অনুচ্ছেদে জেলা বিচারকের উল্লেখ রয়েছে সেই অনুচ্ছেদের সঙ্গে এই আইনকে সংগতিপূর্ণ করার জন্য বিগত দিনে ওঁদের দলের সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেননি। দীর্ঘ দিন ধরে এখানে ওদের দলের যে সরকার ছিল, সেই সরকার এই অসংগতিপূর্ণ আইনের পরিবর্তন ঘটাবার চেষ্টা পর্যন্ত করেননি। এটা লজ্জার কথা, ওঁদের লজ্জা হওয়া উচিত। বিচার ব্যবস্থার মধ্যে যে সংকট, সেই সংকট মোচনের জন্য ওঁরা কোন রকম ব্যবস্থা নেননি। একজন সাব্-জজ্ যে কোর্টফির মামলা করতে পারে তার চেয়ে বেশী কোর্টফি-র মামলা করতে পারবে এ্যাসিসটেণ্ট ডিষ্ট্রিক্ট জজ্। এটা ওঁর বোঝা উচিত। বিচার ব্যবস্থার সুবিধার জন্য, বিচার ব্যবস্থার জটিলতার অবসানের জন্য এটা ওঁদের দলের সরকারের অনেক আগেই করা উচিত ছিল। উপরন্তু উনি বললেন, '৭৭ সাল থেকে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আছেন, এত দিন করা হলো না কেন? আমি এবিষয়ে ওঁকে বলছি, আমাদের পুঞ্জিভূত সংকটের মধ্যে দিয়ে চলতে হচ্ছে। অর্থনৈতিক সংকট আছে, সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে দিয়ে আমাদের চলতে হচ্ছে। এই অবস্থায় আমরা '৭৭ সাল থেকে একটার পর একটা জিনিষ ধরছি এবং করছি। যে অবস্থার মধ্যে দিয়ে আমাদের চলতে হচ্ছে, তাতে অতি দ্রুত কোন সমস্যার সমাধান করা সম্ভব হচ্ছে না। তাই আমাদের একটার পর একটা সমস্যা ধরে এগিয়ে যেতে হচ্ছে। সব চেয়ে বড় কথা হচ্ছে, আমাদের আইনের বিধান মেনে চলতে হচ্ছে। সংবিধানের মধ্যে দিয়ে, একটা অঙ্গ রাজ্যের পক্ষে তার সীমিত ক্ষমতা দিয়ে যতটুকু করা সম্ভব

ততটুকু আমরা করছি। বামফ্রন্ট সরকার দেশের মানুষের স্বার্থে, আইন ব্যবস্থা এবং বিচার ব্যবস্থার সুযোগ সুবিধা যাতে মানুষ গ্রহণ করতে পারে তার জন্য সে দিকে লক্ষ্য রেখেই এই আইন এনেছেন।

সংবিধান বলে যে বস্তু আছে তার সংগে সঙ্গতি রেখে আজকে 'সাবঅর্ডিনেট জজ্-এর পরিবর্তে এ্যাসিসটেন্ট ডিষ্ট্রিক্ট জজ, অর্থাৎ সহকারী জেলা বিচারক প্রস্তাবটি রাখা হয়েছে। অর্থৎ জেলা বিচারকের সঙ্গে সঙ্গতি রেখেই সহকারী জেলা বিচারক করার প্রস্তাবটি রাখা হয়েছে। আইনের এই যে পরিবর্তনটুকু আইনমন্ত্রী আজকে এখানে উপস্থিত করেছেন একে আমি সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এই হাউসে এনেছেন তাকে আমি সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল সম্পর্কে বিরোধিদলের বন্ধু কয়েকটি কথা বললেন। তিনি একজন আইনজীবী। সুতরাং আমি আশা করেছিলাম একজন আইনজীবী হিসাবে তিনি এই বিলটিকে সমর্থন করবেন। কিন্তু তিনি বিরোধিতা করার জন্য কতকগুলি কথা এখানে বলেছেন যার ফলে সমস্ত জিনিষটার একটা অর্থ অন্য রকমের দাঁড়িয়েছে। অর্থাৎ তিনি বলতে চাচ্ছেন কোন উদ্দেশ্য নিয়ে নামকরণ করা হচ্ছে কিনা। একটা নামের পরিবর্তন হয়েছে, এটা সম্মানের ব্যাপার। সেই পরিবর্তনটা হলো একজন বিচারককে অধস্তন বিচারক না বলে সহকারী বিচারক হিসাবে নামকরণ করা হয়েছে এবং সেটাই কেবল সংশোধন করা হয়েছে। সংবিধানে যে আর্টিকেলগুলি আছে সেই আর্টিকেলের ২৩৬ (৩) তে ডেফিনেসান আছে ডিষ্ট্রিকট জাজ কাদের কাদের ইনক্লুড করে এবং ঐ ধারা ৩১২ (৩) ধারা সহ পড়তে হবে। কারণ ইউনিয়ন অফ ইণ্ডিয়ার অধীনে এই আইন আছে। অতএব সেখানে এটা বলতে হবে যখন আইনের উদ্দেশ্য বর্ননা করা হবে। উনি বললেন দীর্ঘদিন ধরে অর্থাৎ ১৯৫০ সালে সংবিধান হয়েছে অতএব এতদিন পর পরিবর্তন হলো কেন? দীর্ঘদিন ধরে অবহেলা কংগ্রেসীরাই করেছেন। অবশ্য উনি নতুন কংগ্রেসে এসেছেন। কংগ্রেসে নতুন জয়েন করেছেন, খদ্দর নতুন পড়তে সুরু করেছেন। নতুন কংগ্রেসে এসে কংগ্রেসের ঐতিহ্যের কথা তিনি জানেন না। ওনার বলা উচিৎ ছিল ১৯৫০ সাল থেকে কংগ্রেস সরকার এগুলি কেন করেনি। ১৯৫০ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত নাম পরিবর্তন না করার ব্যাখ্যা দিলে বোধ হয় ভাল হতো। বামফ্রন্ট সরকারের মন্ত্রী মহাশয় সেই ব্যাখ্যা দেবেন—এটা আশা করা উচিত নয়। ১৯৭৭ সালের পর এবং তার পরবর্তী সময়ে বামফ্রন্ট সরকার পরিবর্তন করেছে। বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে বিচার ব্যবস্থার অনেক উন্নতি করেছে, বিচারকদের বেতন বৃদ্ধি করেছে, বিচারকদের সম্মান ও পজিসন বৃদ্ধি করেছেন, বিভিন্ন বার লাইব্রেরীতে বই দেওয়া হয়েছে যা কোনদিন দেখিনি। বার এ্যাসোসিয়েসান এবং বিভিন্ন জায়গায় সরকারী সাহায্য যাচ্ছে। বিচার ব্যবস্থার উন্নতির জন্য

পশ্চিমবঙ্গ সরকার প্রচুর অর্থ ব্যয় করছেন যা অতীতে কংগ্রেস সরকারের আমলে হয়নি। সুতরাং উনি যদি একটু ভাল করে সংশোধনটা পড়তেন তাহলে বুঝতে পারতেন। এর মধ্যে বৈপ্লবিক কিছু করছেন না, এর মধ্যে কোন রাজনৈতিক উদ্দেশ্য নেই। কিন্তু উনি বলছেন রাজনৈতিক উদ্দেশ্য আছে কিনা, সামাজিক উদ্দেশ্য আছে কিনা এবং লিগ্যাল উদ্দেশ্য আছে কিনা। লিগ্যাল উদ্দেশ্য তো থাকবেই। আইন করলে, আইনের পরিবর্তন করলে লিগ্যাল উদ্দেশ্য তো থাকবেই, সেইজন্য উনি করেছেন, সেই লিগ্যাল উদ্দেশ্য হলো মাননীয় বিচারপতির প্রতি সম্মান দেখানো।

[5-50—5-59 P.M.]

সুতরাং এখন কে কি করছেন, এতদিন কেন করেন নি এসব কথার কোন প্রয়োজন নেই। এটা কি একটা কথা হলো? অতীতে যদি কেউ না করে থাকে এখন করায় কি দোষ হল? কে আসামে করছে, কে মহারাষ্ট্রে করছে সেটা না দেখে আইনের হাতে যেটা আছে সেটা করতে হবে। কোন্ রাজ্যে কি করছে আমাদের দেখার প্রয়োজন নেই, আমরা দেখব যে আমাদের এই রাজ্যে বামফ্রণ্ট সরকার কি করছে? বামফ্রণ্ট সরকার বিচার বিভাগীয় ব্যবস্থার উন্নতি করেছেন বিচারকদের বেতন বৃদ্ধি করেছেন, বিভিন্ন সুযোগ সুবিধার ব্যবস্থা করেছেন আইন ব্যবসায়ীদের যেসব সুযোগ দিচ্ছেন এবং এমন কি লিগ্যাল এইড প্রকল্পের জন্য গরীব মানুষকে আইনের সাহায্য দেওয়ার জন্য যেসব ব্যবস্থা করেছেন এই দিকটা বিচার করে দেখতে হবে। সুতরাং সামান্য একটা এ্যামেণ্ডমেণ্ট চেঞ্জ অফ ল ইন রেসপেক্ট সাবর্অডিনেট জাজ—এ্যাসিসটেণ্ট জাজ যেখানে হবে তার বদলে এই কথাটা বললে এমন কি মহাভারত অশুদ্ধ হয়ে যাবে বুঝতে পারলাম না। তাই আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আইন মন্ত্রী মহাশয় যখন আপনার আসনে আসীন ছিলেন তখন তাঁর কাছ থেকে আমরা সুবিচার পেয়েছি, এবং তার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি। আই রিগ্রেট দ্যাট, তিনি বিচারের দায়িত্বে থাকায় আমরা আশান্বিত হয়েছি।

This legislation being a consequential one I do not oppose it. I like to draw the attention of the Hon'ble Minister who himself is a very good man but is keeping in a very bad company and notorious party. The point is, the party he belongs to is famous for its notority. My submission is 'justice delayed is justice denied'. This proverb has not gone from the globe. As such when you are in the helm of the affair why don't you propose a

legislation by which you can enhance the space—the process of justice and the weight of justice. Sir, how many cases are hanging in different courts at different levels—a case once goes to the Court has gone for ever—I do not know. Though it is not within the scope of the Bill but I request to the very good sense of the Hon'ble Minister now belonging to a very illreputed party to contemplate certain legislation in moments of the sober contemplation so that the justice—the process of justice can be quickened and hastened. Further sir, possibly you also know the poorman will be effected. You have got the system and possibly it is in your mind that the poor men will be affected by this Bill. The capitalists or landlords or other feudual elements will be given full protection. This universal in the case of all downtrodden people who cannot afford to come to the level of Calcutta High Court or district courts. This leniency or liberties may kindly be extended up to the district and the Munsiff 'adalats' because in our experience we have found that certain jurisdictions have been overridden by certain other court, and this has not been challenged in the appellate court because the affected persons has not got the means to do so. Hence this process may kindly be universalised so that it can be available to the common people and to the down trodden people.

**Shri Rajesh Khaitan :** Mr. Speaker, Sir, what I said was possibly misunderstood by my friend in the Treasury Bench. I said I am not opposing the Bill. I am opposing the manner in which the statements and objects have been mentioned because this is not clear at all. Mr. Hazari Biswas said that being in the legal profession 'I am opposing the Bill'. But I am not opposing this Bill. I am saying that what is being done now should have been done earlier. Mr. Anil Mukherjee said that I have joined the

Congress now. In 1950 I was only 5 years old. So, I could not join the Congress. I was a minor. But to-day seeing the condition of West Bengal under Left Front regime I have no other option than to join a political party—the only political party—which can remove them from West Bengal and bring peace and humanity in West Bengal. What I have said is, the relevant amendment in Article 312(3) of the Constitution came into existence in 1977. So, why is the delay ? I am saying that this reform which is just a social reform should have taken place earlier as has been done by the Congress in Assam in 1967 and by U.P. in 1936. If it is to be brought within in the Constitution the interpretation should have been done earlier.

**Shri Syed Abdul Mansur Habibullah :** উনি বলেছেন আর্টিকেল ২৩৬ তে এই কথা আছে বলে আইনটা এনেছি সংবিধানের সঙ্গে সঙ্গতি রাখার জন্য। এখানে আছে Session District Judge includes Judge of a City Civil Court, Additional District Judge, Joint District Judge, Assistant District Judge, Chief Judge of a Small Cause Court, Chief Presidency Magistrate, Additional Chief Presidency Magistrate, Sessions Judge, etc.

এই এ্যাডিশনাল ডিষ্ট্রিক্ট জাজ কথা আমরা এখানে সাব-অর্ডিনেটের ক্ষেত্রে ব্যবহার করি সেটার সঙ্গে সঙ্গতি রাখার জন্য এই সংশোধনী এনেছি। আগে আনা নিশ্চয়ই উচিত ছিল। আমাদের ষ্টেটের কিছু ভাল আইন অন্য ষ্টেট অনেক সময় অনুসরণ করেছে। আমরাও অনেক সময় তাঁদের ভালটা নিয়েছি। আমরা জানি আমাদের দেশে ফ্যাকটরী লেবার লজ সমস্তটাই বিদেশ থেকে, ইংরেজদের দেশ থেকে ধার করে করেছি। এতে মানুষের কিছু আসে যায় না। আমরা বুঝেছি আইনটা আগেই করা উচিত ছিল। সংবিধানের সঙ্গে সঙ্গতি রেখেই করা হয়েছে।

The motion of Shri Syed Abdul Mansur Habibullah that the Bengal Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1983, be taken into consideration, was then put and agreed to.

CLAUSES 1 TO 16 AND PREAMBLE.

The question that Clauses 1 to 16 and the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Syed Abdul Mansur Habibullah :** Sir, I beg to move that the Bengal Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1983, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 5-59 p.m. till 1 p.m. on Tuesday, the 8th March, 1983 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 8th March, 1983 at 1 p. m.

**Present**

Mr. Speaker ( SHRI HASHIM ABDUL HALIM ) in the Chair, 16 Ministers, 12 Ministers of State and 154 Members.

[ 1-00—1-10 P. M. ]

# HELD OVER STARRED QUESTIONS

**(To which oral answers were given)**

## কলকাতা শহরে নতুন স্টেট বাসের সংখ্যা

*৫১। ( অনুমোদিত প্রশ্ন নং *১৫৭। ) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত কলকাতা শহরে নতুন "স্টেট বাস" দেওয়া হয়েছে কি ; এবং

(খ) '(ক)' প্রশ্নের উত্তর হঁ্যা হইলে, তার সংখ্যা কত ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** (ক) হঁ্যা।

(খ) ২১৩টি।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, বর্তমানে সি. এস. টি. সির চালু স্টেট বাসের সংখ্যা কত ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** এর সঙ্গে এই প্রশ্ন ওঠে না। তবে আমি বলছি এ্যাভারেজ ৭শোর মতো স্টেট বাস চলছে। আপনি বলেছেন আপনার প্রশ্নের মধ্যে দিয়ে যে ১৯৮২-৮৩ সালের জানুয়ারী মাস পর্যন্ত কলিকাতায় নূতন বাস কতগুলি চালু করা হয়েছে। সেই সংখ্যা হলো ২১৩টি।

**শ্রীরবীন মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি এই সময়ের মধ্যে কংগ্রেস (আই) কতগুলি স্টেট বাস জ্বালিয়েছে ?

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন ওঠে না।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে ১৯৮২-৮৩ সালের জানুয়ারী মাস পর্যন্ত ২৯৩টি নূতন বাস চালু করা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই মার্চ মাস পর্যন্ত ২৯৩টির মধ্যে কতগুলি বাস অকেজো হয়ে পড়ে আছে এবং কতগুলি বাস সার্ভিসে আছে ?

**মিঃ স্পীকার ঃ** নূতন বাস সম্পর্কে প্রশ্ন ছিল, এই প্রশ্ন ওঠে না।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্যার, আমার একটা পয়েণ্ট অফ অর্ডার আছে। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর উত্তরে বললেন ১৯৮৩ সালের জানুয়ারী মাস পর্যন্ত ২৯৩টি বেবি জন্মগ্রহণ করেছে। সেই বেবির গার্জেন হয়েও সেই বেবি মরে গেছে কি বেঁচে আছে বা কি অবস্থায় আছে সেটা তিনি জানবেন না ?

**মিঃ স্পীকার ঃ** এই সব প্রশ্ন হয় না।

**Shri Gyan Singh Sohan Pal :** Will the Honourable Minister-in-charge be pleased to state how many effective buses on an average play daily ?

**Mr. Speaker :** A notice will have to be given.

## সি এস টি সি-র চালু বাস

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮।) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে দৈনিক গড়ে সি এস টি সি-র অধীন কতগুলি বাস রাস্তায় নামান হয় (গত ছ'মাসের গড়) ;

(খ) বর্তমানে (৩১-১-৮৩) সি এস টি সি-তে মোট কতজন কর্মচারী নিযুক্ত আছেন ; এবং

(গ) বিগত এক বছরে (১৯৮২ সালের ১লা জানুয়ারি হতে ৩১শে ডিসেম্বর পর্যন্ত হিসাব করে) সি এস টি সি-র কর্মচারীদের জন্য ওভারটাইম ও ইনসেনটিভ (পৃথক পৃথক হিসাবে) বাবদ মোট কি পরিমাণ অর্থ ব্যয় হয়েছে ?

**শ্রীরবীন মুখার্জী :** (ক) ৭৪০টি।

(খ) মোট ১৪,২২৬ জন।

(গ) সি. এস. টি. সি-র কর্মচারীদের উক্ত সময়ের ওভারটাইম ও ইনসেনটিভ বাবদ যথাক্রমে মোট ৭০'২২ লক্ষ টাকা ও ২১৮'৩১ লক্ষ টাকা দেওয়া হইয়াছে।

**শ্রীদেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, সি. এস. টি. সিতে ১৪,২২৬ জন কর্মচারীর মধ্যে কতজন বামফ্রন্ট সরকারের আমলে নিযুক্ত হয়েছেন, যদি কিছু নিযুক্ত হয়ে থাকেন তাহলে তার সংখ্যা কত ?

**শ্রীরবীন মুখার্জী :** নোটিশ দেবেন।

**শ্রীদেবপ্রসাদ সরকার :** আপনার প্রদত্ত জবাবে দেখা যাচ্ছে যেখানে পাবলিক ৭৪০টি মাত্র বাসের সার্ভিস পাচ্ছেন সেখানে কর্মচারীর সংখ্যা হচ্ছে ১৪,২২৬ জন। অর্থাৎ এ্যাভারেজে ২০ জন করে পড়ে বাস পিছু। আমার জিজ্ঞাস্য, যেখানে এত উদ্বৃত্ত সংখ্যক কর্মচারী নিযুক্ত আছেন, সেখানে ২ কোটি ৮৮ লক্ষ ৫৩ হাজার টাকা ওভারটাইম এবং ইনসেনটিভ বাবদে খরচ হল কেন ?

**শ্রীরবীন মুখার্জী :** আপনাদের মাথায় সাধারণতঃ কলকাতা সহরে যতগুলি স্টেট বাস চলে তার সংখ্যা থাকে। কিন্তু এছাড়াও লং ডিসট্যান্সে যে বাসগুলি চলাচল করে তাও এর মধ্যে আছে। এছাড়া আছে সেনট্রাল ওর্শাকশপে যে কর্মচারীরা কাজ করেন তাঁদের সংখ্যা। এবারে আপনারা যদি সমগ্র হিসাবটা মিলিয়ে দেখেন তাহলে দেখবেন বাসপ্রতি ২০ জন নয়, ১২।১৩ জন করে দাঁড়াবে। আমরা যখন হিসাবটা দেই তখন ঐ সমস্ত বাদ দিয়েই দেই। সুতরাং টোটালিটির হিসাব যদি করেন তাহলে দেখা যাবে বাস প্রতি কর্মচারীর সংখ্যা অনেক কমে গেছে।

**শ্রীসুনীতি চট্টরাজ :** বিগত ৬ মাসের মধ্যে গড়ে দৈনিক কতগুলি করে বাস ব্রেক-ডাউন হয়ে পড়েছে ?

**শ্রীরবীন মুখার্জী :** মাননীয় সদস্যকে অনুরোধ, দয়া করে নোটিশ দেবেন।

**ডঃ জয়নাল আবেদিন :** মাননীয় পরিবহন মন্ত্রী অনুগ্রহপূর্বক জানাবেন কি, ২ কোটি টাকার যে ইনসেনটিভ আপনি দিয়েছেন তার বেসিসটা কি ? এর যে রিসিপিয়্যান্ট তারা কি ইউনিভার্সাল ?

**শ্রীরবীন মুখার্জী :** ইনসেনটিভের বেসিস নিয়ে বলতে গেলে আলাদাভাবে আনতে হবে। তবে সাধারণভাবে ঐ টাকা ড্রাইভার ও কণ্ডাক্টররা পেয়ে থাকেন। আপনারা যদি এ সম্পর্কে

জানতে চান তো পরে আলাদা করে প্রশ্ন রাখবেন। The total amount of overtime allowance paid to the CSTC employees is Rs. 17 lakhs 22 thousand. No amount was paid to the staff of Central Workshop as overtime allowance during this period. The total amount of incentive paid to CSTC employees Rs. 2 crores, 18 lakhs 31 thousand, out of which Rs. 36·22 lakhs was paid to the staff of Central Workshop, Belgharia, during the above mentioned period.

**ডঃ জয়নাল আবেদিন :** কি বেসিসে করেছেন ?

**শ্রীরবীন মুখার্জী :** কি বেসিসে করা হয়েছে তার নোটিশ দেবেন তখন আমি লে অফ করে দেব।

**শ্রীউপেন্দ্র কিস্কু :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই কর্মচারীর যে সংখ্যা আপনি দিলেন এতে কতজন তপশীলি জাতি এবং উপজাতি আছেন ?

**শ্রীরবীন মুখার্জী :** আমি অনুরোধ করছি মাননীয় সদস্যদের যে এরমধ্যে যদি উপজাতি সম্পর্কিত কোন প্রশ্ন না চাওয়া হয় তাহলে উত্তর দেওয়া সম্ভব নয়।

[1-10—1-20 P. M.]

## STARRED QUESTIONS

### (To which oral answers were given)

### পশ্চিমবঙ্গে খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ

*১৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯১।) **শ্রীদেবপ্রসাদ সরকার :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৬-৭৭ সাল হইতে ১৯৮০-৮১ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ কত ; এবং

(খ) এর মধ্যে (১) ধান এবং (২) গম উৎপাদনের পরিমাণ কত ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** (ক) ১৯৭৬-৭৭ সাল হইতে ১৯৮০-৮১ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট খাদ্য শস্য উৎপাদন হইয়াছিল :—

| | | |
|---|---|---|
| ১৯৭৬-৭৭ | ৭৪,৫৩,৮০০ | মেট্রিক টন |
| ১৯৭৭-৭৮ | ৮৯,৭০,২০০ | " |
| ১৯৭৮-৭৯ | ৮০,৪৩,৪০০ | " |
| ১৯৭৯-৮০ | ৭০,৬২,০০০ | " |
| ১৯৮০-৮১ | ৮২,৮১,৪০০ | " |

(খ) (১) এই সময়ে ধান উৎপাদন হইয়াছিল :—

| | | |
|---|---|---|
| ১৯৭৬-৭৭ | ৮৯,২৩,৩০০ | মেট্রিক টন |
| | (৫৯,৪৮,৯০০) | " |
| ১৯৭৭-৭৮ | ১,১২,৪১,৮০০ | " |
| | (৭৪,৯৪,৬০০) | " |
| ১৯৭৮-৭৯ | ১,০০,১৫,৩০০ | " |
| | (৬৬,৭৬,৯০০) | " |
| ১৯৭৯-৮০ | ৮৮,২৯,৮০০ | " |
| | (৫৮,৮৬,৬০০) | " |
| ১৯৮০-৮১ | ১১১,৯৮,৪০০ | " |
| | (৭৪,৬৫,৬০০) | " |

বন্ধনীর মধ্যে চালের হিসাব দেখান আছে।

(২) এই সময়ে গম উৎপাদনের পরিমাণ :—

| | | |
|---|---|---|
| ১৯৭৬-৭৭ | ১০,৫১,২০০ | মেট্রিক টন |
| ১৯৭৭-৭৮ | ১০,৩৬,৫০০ | " |
| ১৯৭৮-৭৯ | ৯,৯৮,২০০ | " |
| ১৯৭৯-৮০ | ৭,৬৮,০০০ | " |
| ১৯৮০-৮১ | ৪,৭৩,২০০ | " |

মোট খাদ্যশস্যের উৎপাদনের হিসাব ধানের উৎপাদনের হিসাব না ধরিয়া চালের উৎপাদনের হিসাব ধরা হইয়াছে। মোট ধানের দুই-তৃতীয়াংশ চাল ধরা হয়।

**শ্রীকমলকান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটি একটি বিরাট উত্তর। এটি পড়তে গেলে অনেক সময় লেগে যাবে।

**মিঃ স্পীকার ঃ** ওটি টেবিলে লে করে দিন।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** আপনি যে জবাব দিয়েছেন, যা টেবিলে লে করেছেন আর তাতে আমরা দেখতে পাচ্ছি যে পশ্চিমবাংলার খাদ্যশস্য উৎপাদনের পরিমাণের হিসাব দিয়েছেন তা আশাব্যঞ্জক নয়। এবং রাজ্যসরকারকে খাদ্যশস্যের ব্যাপারে কেন্দ্রের উপরে নির্ভর করে থাকতে হয়। আমার এই বিষয়ে জিজ্ঞাস্য হচ্ছে যে রাজ্যসরকার নিজস্ব খাদ্যশস্য উৎপাদনের দিক থেকে স্বয়ংসম্পূর্ণ হয়ে উৎপাদন বৃদ্ধি করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা, পরিকল্পনা থাকলে সেটা কি এবং বিগত ৬ বছরে বামফ্রন্ট সরকারের গৃহীত পরিকল্পনার ফলশ্রুতি হিসাবে সাফল্য হয়ে থাকলে সেটা কি জানাবেন ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** মাননীয় সদস্যকে অবগতির জন্য এই কথা বলতে চাই যে তিনি যে কথা বললেন যে বামফ্রন্ট সরকারের আমলে খাদ্যশস্য উৎপাদনে আশাব্যঞ্জক নয়—এটা ঠিক নয়। আমি যে হিসাব দিয়েছি তাতে দেখতে পাবেন যে ১৯৭৬-৭৭ সালে ৭৪ লক্ষ টন। তারমধ্যে বন্যা এবং খরা গেছে। সেখানে ১৯৮০-৮১ সালে ৮২ লক্ষ মেট্রিক টন উৎপাদন করতে পেরেছি। আপনারা দেখতে পাচ্ছেন যে কি বিপর্যয়ের মধ্যে দিয়ে আমাদের চলতে হচ্ছে। তাছাড়া আমাদের জনসংখ্যা বাড়ছে অথচ সেই তুলনায় জমির পরিমাণ কম। পাঞ্জাব এবং হরিয়ানার পরেই আমাদের উৎপাদন সব থেকে বেশী। এই কথা আপনাদের জানা উচিত। এত লোকসংখ্যা আছে তারমধ্যে আবার আসামের উদ্বাস্তু আসছে। আরো কত যে আসবে তার ঠিক নেই। প্রতিটি অন্যান্য রাজ্য থেকে এখানে আসছে আমরা তো তাদের তাড়াতে পারি না। যেহেতু পশ্চিমবঙ্গ ভারতবর্ষের অন্তর্ভুক্ত একটি রাজ্য এখানে বিহার থেকে, ইউ. পি. থেকে প্রায়ই আসছে। সুতরাং আমাদের কেন্দ্রীয় সরকারের উপর নির্ভর করতে হয়।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** আপনি যে স্পেসিফিক ফিগার দিয়েছেন তাতে তো আমরা দেখছি যে ফিগারটি আশাব্যঞ্জক নয়। ১৯৭৬-৭৭ সালে যেখানে বলছেন যে ৮৯ লক্ষ মেট্রিক টন সেখানে ১৯৮০-৮১ সালে সেটা নিচের দিকে নেমে ৭৪ লক্ষ মেট্রিক টনে দাঁড়াচ্ছে। অর্থাৎ ক্রমশ নিচের দিকে আসছে। আমার প্রশ্ন হচ্ছে রাজ্যসরকারের খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির কোন পরিকল্পনা আছে কিনা, পরিকল্পনা থাকলে সেটা কি এবং সেই পরিকল্পনা অনুযায়ী কতটুকু সাফল্য অর্জন করতে পেরেছেন সে সম্বন্ধে আমাদের ওয়াকিবহাল করবেন কি ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** আমরা সেচ, ক্ষুদ্র সেচের যেভাবে পরিকল্পনা করেছি তাতে ১৯৮৩-৮৪ সালে ৯২ লক্ষ টন খাদ্যশস্য উৎপাদন করার টার্গেট করেছি। যদি কোন প্রাকৃতিক বিপর্যয় না হয় তাহলে আশা করি আমরা আমাদের টার্গেটে পৌছাব। কৃষি ও অন্যান্য সংশ্লিষ্ট দপ্তর সেইভাবে পরিকল্পনা তৈরী করছে।

**শ্রীভুপাল চন্দ্র পাণ্ডা:** পশ্চিমবাংলার স্যালাইন য়্যাফেকটেড এরিয়াতে ফসল উৎপাদন করার কোন পরিকল্পনা গ্রহণ করেছেন কি না এবং হাই ইল্ডিং ভ্যারাইটির ডেভেলপমেণ্টের জন্য কোন রিসার্চ হবে কিনা?

**শ্রীকমলকান্তি গুহ:** এ বিষয়ে পরে যে প্রশ্ন আসবে তখন তার উত্তর দেবো। তবে সুন্দরবন ও লবনাক্ত একাকায় দ্বিফসলী করার জন্য ব্যাপক পরিকল্পনা গ্রহণ করেছি এবং এগিয়ে যাচ্ছি। দেশী ভ্যারাইটি যেগুলি আছে সেগুলির জায়গায় হাই ইল্ডিং ভ্যারাইটি যাতে হয় তার ব্যবস্থা করছি।

**শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য:** পশ্চিমবাংলায় চাষযোগ্য জমিতে বিঘা প্রতি গড় উৎপাদন কত?

**শ্রীকমলকান্তি গুহ:** আমাদের উৎপাদনের হার পাঞ্জাব ও হরিয়ানার পর। চালের ক্ষেত্রে আমরা পাঞ্জাবের চেয়ে বেশী।

**ডাঃ জয়নাল আবেদিন:** আপনাদের কার্যভার গ্রহণের পর গমের উৎপাদন বেড়েছে না কমেছে?

**শ্রীকমলকান্তি গুহ:** গমের উৎপাদন কিছু কমেছে। কারণ সেই জায়গায় চাষীরা বোরো ধান, তৈলবীজ, সব্জী চাষ লাভজনক বলে চাষ করছে। সেই কারণে এই সবের চাষ বেড়ে আমরা ভারতবর্ষের মধ্যে তৃতীয় স্থান অধিকার করে আছি।

## বেহালার বৈমানিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান

*১৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩১।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের আওতাভুক্ত বেহালার বৈমানিক প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বর্তমান বর্ষে কতজনকে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে; এবং

(খ) প্রশিক্ষণের জন্য দুটি বিমান ক্রয়ের ঘোষণা [ ১৯৮২-৮৩ সালের বিধানসভায় বাজেট (পরিবহণ) সংক্রান্ত ভাষণ, ১৮ই সেপ্টেম্বর ১৯৮২ ] কার্যকর করা হয়েছে কি?

**শ্রীরবীন মুখার্জী ঃ** (ক) ১০৩ জনকে।

(খ) না। ভারত সরকারের অসামরিক বিমান দপ্তর থেকে একটি বিমান ক্রয়ের অনুমতি পাওয়া গেছে কিন্তু উক্ত সরকারের অর্থ দপ্তরের বৈদেশিক মুদ্রা সংক্রান্ত অনুমতি এখনও পাওয়া যায় নি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** যাদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে তাদের বেসিস অফ রিক্রুটমেন্ট ফর ট্রেনিং কি, কখন এবং কার্যকাল কত দিনের?

**শ্রীরবীন মুখার্জী ঃ** বেসিস সম্বন্ধে আলাদা প্রশ্ন করবেন। ১০৩ জন শিক্ষার্থী ট্রেনিং নিচ্ছে। এখানে দুরকমের লাইসেন্সের জন্য প্রশিক্ষণ দেওয়া হয়। একটা প্রাইভেট পাইলটের জন্য লাইসেন্স, অন্যটা কমার্সিয়াল পাইলট লাইসেন্স। তা ছাড়া লাইসেন্স নবীকরণের জন্য ব্যবস্থা আছে। প্রাইভেট লাইসেন্স-এর জন্য ৬০ ঘণ্টা প্লাম ট্রেনিং দেওয়া হয় এবং ৬০ ও ১৯০ মানে ২৫০ ঘণ্টা কমার্সিয়াল পাইলটের জন্য ফ্লাইং ট্রেনিং দেওয়া হয়।

## বাগদার আর এল আই প্রকল্পগুলিতে ডিজেল সরবরাহ

*১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬।) **শ্রীকমলাক্ষী বিশ্বাস ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার বাগদায় যে সমস্ত আর এল আই প্রকল্প আছে সেগুলিতে নিয়মিত ডিজেল সরবরাহ করা হচ্ছে কিনা;

(খ) '(ক)' প্রশ্নের উত্তর 'না' হলে এর কারণ কি; এবং

(গ) কবে নাগাত ঐ প্রকল্পগুলিতে নিয়মিত ডিজেল সরবরাহ করা হবে বলে আশা করা যায়?

[1-20—1-30 P.M.]

**শ্রীকানাই ভৌমিক ঃ** (ক) হ্যাঁ।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

**শ্রীকমলাক্ষী বিশ্বাস ঃ** বনগাঁ এবং বাগদাতে বিশেষ করে নদী সেচ প্রকল্পে মালিপোতা এবং আষাড়ু আর এল আই প্রকল্প জানুয়ারী থেকে ফেব্রুয়ারী প্রায় ১॥ মাস তেল পায়নি, এটা মন্ত্রী মহাশয়ের জানা আছে কি?

**শ্রীকানাই ভৌমিক ঃ** আমার জানা নেই। কারণ, আমাদের আই ও সি-র যে তেল আমরা নিয়ে আসি বনগাঁ থেকে আমাদের গাড়ীতে করে বা ভাড়া গাড়ীতে করে সেটা পৌঁছে দিই। এই রকম যদি সুনির্দিষ্ট অভিযোগ থাকে যে অমুক আর এল আই ডিজেলের অভাবে চালাতে পারছে না আমি ভাল করে তদন্ত করে উত্তর দেব।

**শ্রীকমলাক্ষী বিশ্বাস ঃ** আমি নিজে লিখে দিয়েছিলাম, আপনি তার কি এ্যাকসান নিয়েছেন ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** আমি তদন্ত করে দেখেছি যে ওরা ঠিকমত তেল পেয়েছে, এই রিপোর্ট আমার কাছে এসেছে।

**শ্রীভুপেন্দ্রনাথ শেঠ ঃ** বনগাঁ আর এল আই ডিপার্টমেন্টে কিছুদিন যাবৎ কোন অফিসার নেই। এ্যাসিসট্যান্ট যাঁরা অফিসে ছিলেন এই তেল বাজারে বিক্রি করে লাভের ভাগাভাগি নিয়ে তাঁদের মধ্যে গণ্ডগোল হয়, যার ফলে আর এল আই ঠিকমত তেল পায়নি এটা আপনার জানা আছে কি ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** মাননীয় সদস্যের কাছে অনেক খবর হয়ত আছে, আমি আপনাকে অনুরোধ করব আপনি যদি ঐ খবরগুলি লিখিতভাবে জানান আমি ভাল করে তদন্ত করে দেখব এবং কেউ যদি অপরাধী থাকে তাহলে তাকে শাস্তি দেব।

## সি এম ডি এ সংস্থায় কর্মরত অস্থায়ী হোমগার্ড

*১৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৪।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** পূর্ত (মহানগর উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, যে বর্তমানে সি এম ডি এ-র বিভিন্ন সংস্থায় প্রায় ৩০০ জন হোমগার্ড অস্থায়ীভাবে কাজ করছেন ;

(খ) সত্য হলে, এদের স্থায়ীকরণ করার বিষয়ে সরকার কোন চিন্তা করেছেন কিনা ; এবং

(গ) উক্ত হোমগার্ডদের স্থায়ীকরণ সম্পর্কে অসামরিক প্রতিরক্ষা মন্ত্রির তরফ থেকে শহর উন্নয়ন মন্ত্রী এবং সি এম ডি এ-এর ভাইস্ চেয়ারম্যানের কাছে লিখিতভাবে কোন অনুরোধ জানান হয়েছে কিনা ?

**শ্রীপ্রশান্তকুমার শূর ঃ** (ক) বর্তমানে সি. এম. ডি. এ.-র বিভিন্ন সংস্থায় প্রায় ২৫০ জন হোমগার্ড অস্থায়ীভাবে কাজ করছেন।

(খ) হ্যাঁ।

(গ) ৫ই মার্চ, ১৯৮৩ তারিখে অসামরিক প্রতিরক্ষা মন্ত্রীর কাছ থেকে একটি প্রস্তাব পাওয়া গিয়েছে। বিষয়টি সরকারী পর্যায়ে খতিয়ে দেখা হচ্ছে।

## বাঁকুড়া জেলার সারবেড়িয়া পাইপ ওয়াটার সাপ্লাই স্কীমে বরাদ্দ অর্থ

*১৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮২।) **শ্রীসুভাষ গোস্বামী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে বর্ষে বাঁকুড়া জেলায় সরবেড়িয়া পাইপ ওয়াটার সাপ্লাই স্কীমে বরাদ্দ অর্থের পরিমাণ কত ;

(খ) ঐ স্কীমের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ; এবং

(গ) কোন্ সময়ের মধ্যে উক্ত প্রকল্পের কাজ শেষ হবে বলে আশা করা যায় ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** (ক) দুই লক্ষ টাকা।

(খ) প্রকল্পটির জন্য প্রয়োজনীয় জমি এখনও পাওয়া যায় নি। জমি অধিগ্রহণের প্রস্তাব পেশ করা হয়েছে। আশা করা যাচ্ছে শীঘ্রই প্রয়োজনীয় জমি পাওয়া যাবে এবং তারপর কাজ শুরু করা সম্ভব হবে।

(গ) ১৯৮৫ সালের ডিসেম্বর মাস নাগাদ।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি সরবেড়িয়া পাইপ ওয়াটার সাপ্লাই স্কীমে মোট বরাদ্দ অর্থের পরিমাণ কত ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** এই ধরণের কাজে আমরা দেখেছি বর্তমানে ৪৫ লক্ষ থেকে ৫০ লক্ষ টাকার মত লাগে। যে টাকা লাগবে সেই টাকা দিয়ে দেওয়া হবে।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে সরবেড়িয়া ওয়াটার স্কীম চালু হলে কত লোক উপকৃত হবে এবং এর অন্তর্ভুক্ত কয়টা মৌজা আছে ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** এই প্রকল্পটি রূপায়িত হলে প্রায় ৩০ হাজার লোক উপকৃত হবে এবং ৩৬টি গ্রাম এর অন্তর্ভুক্ত আছে।

## মুক্ত কারা

*১৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৩।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কী সত্য যে, সরকার মুক্ত কারা চালু করার পরিকল্পনা গ্রহণ করিয়াছেন ;

(খ) সত্য হইলে, কবে নাগাত এই ব্যবস্থা চালু হওয়ার সম্ভাবনা আছে ; এবং

(গ) এই কারাগারে কোন্ শ্রেণীর বন্দীরা স্থান পাইবে ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** (ক) মুর্শিদাবাদের লালগোলা বিশেষ কারাগারে একটি মুক্ত কারা স্থাপনের প্রস্তাব সরকার দ্রুত রূপায়ণের ব্যবস্থা গ্রহণ করছেন।

(খ) এবং (গ) এখনি বলা সম্ভব নয়।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে পরিকল্পনা নেওয়ার সময়ে কি ঠিক হয়েছিল যে কাদের রাখা হবে ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মোটামুটি ৭ বছর বা তার বেশী যারা দণ্ডপ্রাপ্ত তাদের মধ্যে যাদের ২/৩ ভাগ মেয়াদ উত্তীর্ণ হয়েছে তাদের রাখা হবে। প্রথম স্তরে ৩০।৩৫ জন নিয়ে এটা চালু করা হচ্ছে এবং ইতিমধ্যে খুটিনাটি পরীক্ষা হয়ে গেছে, আমরা দ্রুত রূপায়ণের চেষ্টা করছি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে, এই পরিকল্পনার সঙ্গে সঙ্গে এটা কি ঠিক হয়েছিল যে কারাগার থেকে কয়েদীরা পালিয়ে গেলে তাদের কি ভাবে ধরবেন ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** সাধারণভাবে দেখা গেছে যে পশ্চিমবাংলার বাইরে যে সমস্ত জায়গায় মুক্ত কারাগার হয়েছে সেখানে পালাবার সংখ্যা খুব কম, নেই বললেই চলে। এখানেও আশা করা যাচ্ছে যে সেটা হবেনা।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি, জানাবেন যে কয়েদীরা যাতে পালিয়ে না যায় তার জন্য চারিদিকে তার কাঁটা দিয়ে ঘেরার কোন পরিকল্পনা আছে কি না ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** না।

**শ্রীসুমন্তকুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাইবেন, এই মুক্ত কারা আইডিয়া, এটা কি নতুন না ভারতবর্ষের অন্য কোন রাজ্যে চালু আছে কি না ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** ভারতবর্ষের কয়েকটি রাজ্যে এটা চালু আছে। তারাপদ লাহিড়ীর নেতৃত্বে জেল কোড রিভিশন কমিটি যে সুপারিশ করেছেন, তার মধ্যে তারা পশ্চিমবঙ্গে ৩টি মুক্ত কারা স্থাপনের সুপারিশ করেছেন। আমরা প্রথমে লালবাগে এ্যাগ্রো বেস প্রিজন করছি। এটা সফল হলে আরো দুটি করবো।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে সম্প্রতি পশ্চিমবাংলার কারাগুলির অবস্থার উন্নতি করার জন্য হাইকোর্টের বিচারপতি জাষ্টিস বড়ুয়া কোন নির্দেশ দিয়েছেন কি না এবং দিয়ে থাকলে এই উন্নতির জন্য কি কি পদক্ষেপ নেওয়া হয়েছে ?

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন হয়না।

**শ্রীহাজারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি বললেন যে মুক্ত কারা হবে এবং শীঘ্রই এটা চালু করা হবে। আমার প্রশ্ন হচ্ছে, এটা চালু করার প্রশ্নে মুর্শিদাবাদে কোন কমিটি করার কথা চিন্তা করছেন কিনা ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এখন বলা যাচ্ছে না। সময় হলে বিবেচনা করা যাবে।

## কলিকাতা কর্পোরেশনে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ

*১৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৬।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে জানাইবেন কি, ১৯৭৭ সালের ১লা জুন হইতে ১৯৮২ সালের ৩০শে জুন পর্যন্ত কলিকাতা কর্পোরেশনে কতজন তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ করা হয়েছে ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** কলিকাতা কর্পোরেশনে ১৯৭৭ সালের ১লা জুন হইতে ১৯৮২ সালের ৩০শে জুন পর্যন্ত উর্দ্ধতন ৫৩৭ টাকা—১১৭০ টাকা বেতন হার অবধি (১৯৮১ সালের ১লা এপ্রিল হইতে বেতন হার পরিবর্তনের পর) নিয়োজিত কর্মচারীর সংখ্যা নিম্নে পৃথক পৃথকভাবে বর্ণিত হইল :—

উর্দ্ধতন বেতন হার ৫৩৭ টাকা—১১৭০ টাকা পর্যন্ত
(১লা এপ্রিল ১৯৮১ হইতে পরিবর্তিত)—১৭৭৪ জন

উর্দ্ধতন বেতন হার ৫৩৭ টাকার নিম্নে :
(১লা এপ্রিল ১৯৮১ হইতে পরিরর্তিত)

মজদুর ব্যতিরেকে—১২০৫ জন

মজদুর—২৩৫৬ জন।

**শ্রীআবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে তৃতীয় শ্রেণী এবং চতুর্থ শ্রেণীর কর্মচারীদের নিয়োগের জন্য কোন পদ্ধতি গ্রহণ করা হয়েছিল ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** এটা কর্পোরেশান, মিউনিসিপ্যাল এ্যাকটের যে রুল এ্যাণ্ড রেগুলেশান আছে, সেই অনুযায়ী হয়েছে।

**শ্রীআবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে এই রকম কোন খবর আছে যে রুলস মেনে হয়নি, ডাইরেক্ট এ্যাপোয়েন্টমেন্ট দেওয়া হয়েছে ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** আমার জানা নেই।

**শ্রীআবদুর রউফ অন্সারী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, মাননীয় সদস্য যে অভিযোগ করেছেন, এই বিষয়ে আপনি তদন্ত করে দেখবেন কি ?

**মিঃ স্পীকার ঃ** উনি কি করবেন না করবেন, সেটা আলাদা ব্যাপার।

**শ্রীভুপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, এই যে ১৭৭৪ জন কর্মীকে নিয়োগ করা হয়েছে, এটা কি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নেওয়া হয়েছে ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর:** আমি আগেই বলেছি যে কলকাতা মিউনিসিপ্যাল আইনের ৫১ সালের ধারা অনুযায়ী নিয়োগ করা হয়েছে।

[1-30—1-40 P.M.]

**শ্রীশান্তিরাম মাহাতো:** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে না নিয়ে ১৯৫১ সালের ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন এ্যাক্ট যে আইন আছে—সেই আইন অনুসারে নেওয়া হয়েছে, কিন্তু বামফ্রণ্ট সরকার আসার পর তাঁরা বলেছিলেন সরকারী এবং আধা সরকারী ডিপার্টমেণ্টের তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর ও সমস্ত শ্রেণীর কর্মচারীদের এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে নিযুক্ত করা হবে। তাহলে কি ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন আইনে কি আলাদা নিয়ম আছে ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর:** বিধানসভার সদস্যগণ কর্তৃক ১৯৮০ সালে ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন বিল গৃহীত হয়েছে। সেটা পরবর্তীকালে আইনে পরিণত করা হয়েছে। আমরাই এই আইন সংশোধন করে ক্যাবিনেট ডিসিসন নিয়ে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে লোক নিয়োগ করতে হবে, এইটা সংযোজন করেছি। ১৯৮০ সালের আইন প্রয়োগ করবো সেদিন থেকে যেদিন সেই নিয়ম চালু হবে।

## ২৪-পরগনা জেলার ডায়মণ্ডহারবার মহকুমায় কৃষি পেনসন প্রদান

*১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৬।) **শ্রীকৃষ্ণধন হালদার:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত ২৪-পরগণা জেলার ডায়মণ্ডহারবার মহকুমার বিভিন্ন ব্লকে কতজন ব্যক্তিকে কৃষি পেন্সন্ ভাতা প্রদান করা হইয়াছে ;

(খ) ১৯৮৩-৮৪ সালে উক্ত মহকুমায় কতজনকে কৃষি পেন্সন্ ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ; এবং

(গ) কোন প্রাপকের মৃত্যুতে তাঁহার কোন উত্তরাধিকারী এই ভাতা পাইবার অধিকারী হয়ে থাকেন কিনা ?

**শ্রীকমলকান্তি গুহ :** (ক) ১৯৮২-৮৩ সালের ৩১শে জানুয়ারী পর্য্যন্ত ২৪-পরগণা জেলার ডায়মণ্ডহারবার মহকুমার বিভিন্ন ব্লকে মোট ১১৭৭ জনকে কৃষি পেনসন প্রদান করা হইয়াছে।

ব্লকভিত্তিক ভাতা প্রাপকের সংখ্যা নিম্নরূপ :—

| | | | |
|---|---|---|---|
| (১) | ডায়মণ্ডহারবার-১ | — | ৫৫ |
| (২) | ডায়মণ্ডহারবার-২ | — | ৫৩ |
| (৩) | ফলতা | — | ৯৬ |
| (৪) | মগরাহাট-১ | — | ৯৬ |
| (৫) | মগরাহাট-২ | — | ৯৬ |
| (৬) | মথুরাপুর-১ | — | ৭৫ |
| (৭) | মথুরাপুর-২ | — | ৮১ |
| (৮) | মন্দিরবাজার | — | ১৫৬ |
| (৯) | কুলপি | — | ৯৬ |
| (১০) | কাকদ্বীপ | — | ৮০ |
| (১১) | নামখানা | — | ৮৬ |
| (১২) | সাগর | — | ৯৯ |
| (১৩) | পাথরপ্রতিমা | — | ১০৮ |
| | | | ১১৭৭ |

(খ) ১৯৮৩-৮৪ সালে ডায়মণ্ডহারবার মহকুমায় মোট ১২০৯ জনকে কৃষি পেনসন প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

(গ) প্রাপকের মৃত্যুতে একমাত্র তাঁর বিধবা স্ত্রী এই পেনসন পাইতে পারেন। অন্য কোন উত্তরাধিকারী ইহা পাইবার অধিকারী নন।

## পশ্চিমবঙ্গে রিভার লিফ্‌ট, ডিপ টিউবওয়েল ও ডাগ ওয়েল স্থাপন

***১৭৬।** (অনুমোদিত প্রশ্ন নং *২১২।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ :** কৃষি (ক্ষুদ্র ও মাঝারি সেচ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সাম্প্রতিক খরা পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য সরকার মোট কতগুলি আর এল আই, ডি টি ডব্লিউ এবং ডাগ ওয়েল স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন ও ইতিমধ্যে উক্ত সেচ প্রকল্পগুলির কোন্‌টি কত স্থাপন করা হয়েছে ; এবং

(খ) উক্ত প্রকল্পগুলি রূপায়ণের জন্য মোট কত টাকা বরাদ্দ করা হয়েছে ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** (ক) ৩০০টি RLI এবং ২২১০৫টি ( বাইশ হাজার একশো পাঁচ ) Dugwell স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। DTW স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়নি।

৩০০টি RLI-র জন্য প্রয়োজনীয় পাম্পসেট জেলাগুলিতে পাঠান হয়েছে এবং অনেক জায়গায় জল দেওয়া শুরু হয়েছে। বাকী জায়গায় তাড়াতাড়ি অন্যান্য ব্যবস্থাদি নেওয়া হচ্ছে। ঠিক কোন কোন জায়গায় RLI চালু হয়েছে তা জানা সময় সাপেক্ষ। Dugwell-এর সঠিক সংখ্যাও এখনই দেওয়া সম্ভব হচ্ছে না, কারণ পঞ্চায়েতগুলির সহযোগিতায় জেলা শাসকের মাধ্যমে এই প্রকল্প রূপায়িত হচ্ছে বলে উদ্দিষ্ট তথ্য সংগ্রহ সময় সাপেক্ষ। বর্তমান আর্থিক বর্ষের শেষে এই সংখ্যা জানা যাবে।

(খ) RLI-এর জন্য বরাদ্দ করা হয়েছে তিন কোটি টাকা এবং Dugwell-এর জন্য ১,৪৮,৫৫,০০০ ( এক কোটি আটচল্লিশ লক্ষ পঞ্চান্ন হাজার ) টাকা।

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে এই ডিপ টিউবওয়েল কেন বসানো হবে না ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** ডিপ টিউবওয়েলের জন্য আমরা এখনও পর্যন্ত টাকার সংস্থান করতে পারি নি।

**শ্রীঅমলেন্দ্র রায় ঃ** মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি যে এই যেসমস্ত ডিপ টিউবওয়েল করা হচ্ছে, সেটা যথাযথভাবে সার্ভে করে, জলের স্তর বিবেচনা করে কি বসানো হচ্ছে ?

**শ্রীকানাইলাল ভৌমিক ঃ** আমাদের ষ্টেট ওয়াটার বোর্ড আছে, তারা সমস্ত জিনিসটা সার্ভে করেন, তারপর আমাদের ডিপার্টমেন্টের যে সমস্ত একজিকিউটিভ ইঞ্জিনীয়ার, এ্যাসিসটেন্ট ইঞ্জিনীয়ার আছেন, তারা অন দি সাবজেক্ট এনকোয়ারী করে ফিজিবিলিটি রিপোর্ট দিলে তার পর আমরা সেটাকে গ্রহণ করি।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, এই যে ডিপ টিউবওয়েল ও আর এল আই-এর স্কীমের কথা বললেন—এর সংখ্যা মেদিনীপুরে কত, বাঁকুড়া ও পুরুলিয়ায় কত ?

**শ্রীকানাইলাল ভৌমিক ঃ** নোটিশ দিলে বলে দিতে পারি, জেলা ভিত্তিক লিষ্ট আমার কাছে এখন নাই।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি যে স্যালো টিউবওয়েলের কাজের জন্য জেলায় জেলায় বিভিন্ন রকম জিনিসপত্র পড়ে আছে এবং সেগুলি বসানো হয় নি—এ সম্বন্ধে ব্যবস্থা নেবেন কি ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** স্যালো টিউবওয়েল পড়ে আছে ? না এই রকম কোন স্যালো টিউবওয়েল জেলায় জেলায় পড়ে নাই।

**শ্রীরাইচরণ মাঝি ঃ** যে সমস্ত আর. এল. আই. সিডিউল্ড কাষ্টস, সিডিউল্ড ট্রাইবস কমপোনেণ্ট স্কীমে হয়ে গেছে সেগুলি মেনটিনেন্সের দায়িত্ব কি আপনার দপ্তর নেবে ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** এই নিয়ে আমরা আলোচনা করছি। আমাদেরই বোধ হয় নিতে হবে।

## পুরুলিয়া জেলায় অযোধ্যা পাহাড় উন্নয়ন

*১৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯০।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার অযোধ্যা পাহড়ের উন্নয়নের জন্য কি কর্মসূচী গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) ঐ কর্মসূচী রূপায়ণ করার কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** (ক) পুরুলিয়া জেলার অযোধ্যা পাহাড় এলাকার উন্নয়নের জন্য বর্তমান বছরে পশ্চিমবঙ্গ সামগ্রিক অঞ্চল উন্নয়ন পর্ষদ কর্তৃক একটি প্রকল্প শুরু হয়েছে। উক্ত এলাকার সামগ্রিক উন্নয়নের জন্য বিভিন্ন কর্মসূচী নেওয়া হয়েছে যথা ঃ

(১) কৃষির উন্নয়নের জন্য সেচ ব্যবস্থার সম্প্রসারণ, ভূমি সংরক্ষণ, উন্নত মানের বীজ বিতরণ, কৃষি প্রদর্শন কেন্দ্র স্থাপন, সেচের জন্য বৃষ্টির জল সংরক্ষণের ব্যবস্থা ইত্যাদি।

(২) পশু পালনের উন্নতিকল্পে পশুচিকিৎসা কেন্দ্র স্থাপন, উন্নত গো প্রজননেন ব্যবস্থা, মুরগী পালন, খামার স্থাপন ও মুরগীর ছানা উপজাতিদের মধ্যে বিতরণ, পশুপালন বিষয়ে প্রশিক্ষণ ব্যবস্থা ইত্যাদি।

(৩) বয়স্ক শিক্ষা কেন্দ্র স্থাপন।

(৪) মৌমাছি পালন সম্বন্ধে প্রশিক্ষণ ব্যবস্থা।

(৫) পানীয় জল সরবরাহের বৃদ্ধি সাধন।

(খ) কর্মসূচী সফল রূপায়ণ করার কাজ চলিতেছে।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** এই কাজে কত টাকা খরচ করার সিদ্ধান্ত হয়েছে ?

**শ্রীকমলকান্তি গুহঃ** আমাদের বিভিন্ন স্কীম করা আছে, তার মধ্যে এটা আছে। তবে টোটালটা আমি ঠিক এখনই বলতে পারছি না।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** এটা কি কনটিনিউয়িং স্কীম হবে, না কেবল এক বছরের জন্য স্কীম হবে ?

**শ্রীকমলকান্তি গুহঃ** না, এটা চলবে।

**শ্রীঅনিল মুখার্জীঃ** পাহাড় অঞ্চল উন্নয়নের জন্য কম্নসূচী গ্রহণ করেছেন। কিন্তু খরা অঞ্চলের জন্য কোন কর্মসূচী গ্রহণ করেছেন কি ?

(নো রিপ্লাই)

## কলিকাতা হইতে শ্লথ গতির যানবাহন উঠাইয়া দেওয়ার পরিকল্পনা

*১৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬১২।) **শ্রীসরল দেবঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা হইতে শ্লথ গতি যানবাহন যথা ঠেলাগাড়ি ও রিক্সা উঠাইয়া দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কিভাবে তাহা কার্যকরী করা হইবে ?

**শ্রীরবীন মুখার্জীঃ** (ক) "না"।

(খ) প্রশ্ন ওঠে না।

## কাঁথি মহকুমায় গভীর নলকূপ স্থাপন

*১৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৫।) **শ্রীশিশিরকুমার অধিকারীঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমায় চাষ আবাদের জন্য গভীর নলকূপ স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত মহকুমার কোন্ কোন্ স্থানে ঐগুলি স্থাপিত হইবে ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** (ক) আপাততঃ নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

## সোদপুর থেকে কলিকাতা পর্যন্ত মিনিবাস চালাবার পরিকল্পনা

*১৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৭২৩।) **শ্রীগোপাল কৃষ্ণ ভট্টাচার্য ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সোদপুর থেকে কলিকাতা পর্যন্ত মিনিবাস চালাবার কোন পরিকল্পনা গৃহীত হয়েছে কিনা ; এবং

(খ) '(ক)' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** (ক) হ্যাঁ। সোদপুর (এইচ. বি. টাউন) হইতে ব্যাণ্ড স্ট্যাণ্ড পর্যন্ত মিনিবাস চালাবার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

(খ) মহামান্য হাইকোর্টের স্থগিতাদেশ থাকায় উক্ত পরিকল্পনা বাস্তবায়িত করা যাইতেছে না।

**শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** হাইকোর্টের ইনজাংসান এই নিয়ে কতবার হল ? আমি তো শুনেছি আপনি পারমিট ইস্যু করেছিলেন। আপনি কতগুলি পারমিট ইস্যু করেছিলেন, বলবেন কি ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** Decision to open a mini bus route from Sodepur H. B. town to Band stand was already taken up. Owing to injunction of the High Court said could not be implemented. After vacation of the injunction 15 offer letters were issued on 24.12.82. At present the matter has again come under the injunction of the High Court and that is why delay occurs is implementing the project.

[1-40—1-50 P. M.]

**শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** হাইকোর্টের যে মামলায় ইনজাংসান হ'ল তার আবেদনকারী কে ছিলেন মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে তা জানাবেন কি ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** কে কোথায় মামলা করছে কি করে এখন বলব ? নাম তো অনেক আছে, আপনি যা জানতে চান সে ব্যাপারে আপনাকে নোটিশ দিতে হবে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি—রাগ না করে বামফ্রন্টের আমলে সি. পি. এম-এর কতজন এম. এল. এ-কে মিনিবাসের পারমিট দিতে বাকি আছে ?

( উত্তর নাই )

## কৃষি পেনসন

*১৮১। ( অনুমোদিত প্রশ্ন নং *১৪৬। ) **শ্রীশীশ মহম্মদ ঃ** কৃষি বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমগ্র পশ্চিমবঙ্গে মোট কতজনকে কৃষি পেনসন দেওয়া হইয়া থাকে ও ঐ বাবদ প্রতি আর্থিক বৎসরে গড়ে কত টাকা খরচ হয় ; এবং

(খ) বর্তমানে জন প্রতি মাসিক কৃষি পেনসনের পরিমাণ কত ?

**শ্রীকমল কান্তি গুহ ঃ** (ক) মোট ২৭,৭৭৫ জনকে কৃষি পেনশন দেওয়ার লক্ষ্য মাত্রা স্থির আছে। ঐ বাবদ প্রতি আর্থিক বৎসর মোট ২ কোটি টাকা বরাদ্দ।

(খ) বর্তমানে জন প্রতি মাসিক কৃষি পেনশনের পরিমাণ ৬০ টাকা।

**শ্রীশীশ মহম্মদ ঃ** স্যার, আমি আমার প্রশ্নে জানতে চেয়েছিলাম, "পশ্চিমবঙ্গে মোট কতজনকে কৃষি পেনসন দেওয়া হইয়া থাকে।" এখানে উত্তরে বলা হ'ল, ২৭ হাজার ৭৭৫ জনকে কৃষি পেনসন দেবার লক্ষমাত্রা স্থির আছে। আমি লক্ষ্যমাত্রার কথা জিজ্ঞাসা করি নি, আমি জানতে চাই মোট কতজনকে দেওয়া হয়। মাননীয় মন্ত্রীমহাশয় সে উত্তর দেবেন কি ?

**শ্রীকমল কান্তি গুহ :** সেটাও আছে, বলছি, ১৯৮১/৮২ সালে ২১ হাজার ৯৪৮ জন ভাতা পেয়েছেন।

**শ্রীশীশ মহম্মদ :** জনপ্রতি যে ৬০ টাকা করে কৃষি পেনশন দেবার ব্যবস্থা আছে সে ক্ষেত্রে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য, একজন বৃদ্ধ কৃষকের খাওয়া, দাওয়া, জামা কাপড় ইত্যাদির জন্য এই ৬০ টাকাটা আপনি যথেষ্ট বলে মনে করেন কি ?

**শ্রীকমল কান্তি গুহ :** যথেষ্ট বলে মনে করি না। আমাদের যদি আর্থিক সমস্যার সমাধান হয়ে যায় তাহলে আরো বাড়ানোর চেষ্টা করবো। আমরা খুশী হ'ব আরো বাড়াতে পারলে। আমরা জানি এই টাকায় চলে না।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য :** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, এখবর কি তাঁর জানা আছে, যে, এই কৃষি পেনশন ৬ মাস যাবৎ দেওয়া হচ্ছে না ?

**শ্রীকমল কান্তি গুহ :** আমি জানি ডিসেম্বর মাস পর্যন্ত চলে গিয়েছে। তিন মাস অন্তর দেওয়া হয়। কোন জায়গায় যদি বেশী বাকি পড়ে থাকে আপনি দয়া করে বলবেন, আমি নিশ্চয় দেখবো।

**শ্রীদেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন, ২১ হাজার কতজন কৃষি পেনশন পায়। স্যার, পশ্চিমবাংলায় ৩৮ হাজার গ্রাম রয়েছে, তাহলে দেখা যাচ্ছে গ্রাম পিছু একজন করেও পড়ছে না। মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, কিসের ভিত্তিতে এই কৃষি পেনশন দেওয়া হয় ? নির্বাচন যে করা হয় সেটা কি লটারির মাধ্যমে হয়, না, অন্য কোন ভাবে হয় ?

**শ্রীকমল কান্তি গুহ :** স্যার, এই ধরনের প্রশ্ন মাননীয় একজন সদস্য করলে হাউস সম্বন্ধে লোকের একটা খারাপ ধারণা হয়ে যাবে। আপনি এঁদের একটু শেখাবেন স্যার।

**মিঃ স্পীকার :** আপনি ভিত্তিটা কি সেটা বলে দিন।

**শ্রীকমল কান্তি গুহ :** এই ভাতা কৃষক, বর্গাদার এবং কৃষি শ্রমিকরা পেয়ে থাকেন। প্রতিটি ক্ষেত্রে বয়সসীমা ৬০ বৎসরের উর্ধ্বে। তবে রোগগ্রস্ত, পঙ্গু, অথর্ব, দুর্ঘটনায় পঙ্গু ইত্যাদিদের ক্ষেত্রে ৫৫ বছর পর্যন্ত বয়স কমানো যায়।

## ভেটেরেনারী ফ্যাকাল্টিতে অচলাবস্থা

*১৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭।) **শ্রীসুব্রত মুখার্জীঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ভেটেরেনারী ফ্যাকালটিতে বর্তমানে অচলাবস্থার জন্য ছাত্রদের পড়াশুনার প্রচণ্ড ক্ষতি হইতেছে; এবং

(খ) সত্য হইলে, সরকার এই অচলাবস্থা অবসানের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** (ক) না, ইহা সম্পূর্ণ সত্য নহে যে ছাত্রদের পড়াশুনার প্রচণ্ড ক্ষতি হইতেছে। তবে অশিক্ষক কর্মচারী ও কিছু সংখ্যক শিক্ষকের কর্মবিরতির ফলে কিছু অসুবিধার সৃষ্টি হইয়াছে।

(খ) এই অসুবিধা দূরীকরণের জন্য প্রশাসনিক পর্যায়ে যতদূর সম্ভব সকল প্রকার ব্যবস্থাই সরকার গ্রহণ করিয়াছেন।

**শ্রীসুব্রত মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে চ্যান্সেলর এই ব্যাপারে চিঠি দিয়েছেন, ডি. ও. নং ৫৩৫১, তারিখ ৭-৪-৮২। উনি ডাইরেক্টিভ দিয়েছিলেন এবং ইনসট্রাকশানও দিয়েছিলেন তারও ডি. ও. নং ১১৪৩, তারিখ ১৫-৭-৮২। এই ডি. ও. লেটারে বলেছেন যে সি. পি. এম-এর লীডারদের সঙ্গে ফরোয়াড ব্লকের দপ্তরের সঙ্গে প্রচণ্ড ঝগড়ার জন্য এই মূল ফ্যাকাল্টিটা দীর্ঘদিন ধরে বন্ধ আছে এবং যার ফলে রিসার্চ এবং অন্যান্য সমস্ত কাজ পেণ্ডিং হয়ে আছে। এটা কি সত্য?

**মিঃ স্পীকারঃ** আপনার প্রশ্নটা কি তাই বলুন।

**শ্রীসুব্রত মুখার্জীঃ** চ্যান্সেলর ডি. ও. লেটার দিয়ে বলেছেন যে এটা বুল ফাইটের জন্য হয়েছে। সি. পি. এম-এর লোক্যাল লীডার লক্ষীবাবু এবং রথীন দাস তারা চাননা যে বেলগাছিয়া থেকে চলে যাক। এই রকম একটা ডেনজারাস প্রোপোজিশান সেখানে হয়েছে এবং সমস্ত কাজ সেখানে বন্ধ হয়ে আছে। এটা কি সত্য?

**শ্রীকমলকান্তি গুহঃ** কে ব্যক্তিগত ভাবে বাধা দিয়েছে আমি জানি না। তবে আমি প্রশ্নে বলেছি যে কিছু অশিক্ষক কর্মচারী এবং কিছু শিক্ষক তারা বেলগাছিয়া থেকে নড়তে চাননা। তারা নানারকম বাধার সৃষ্টি করছেন। তবে বেশীর ভাগ ছাত্র, বেশীর ভাগ শিক্ষক তারা মোহনপুরে চলে গেছেন এবং তারা ক্লাশ নিচ্ছেন। কয়েকজন মুষ্টিমেয় লোক সেখানে গণ্ডগোল করায় একটু অসুবিধার সৃষ্টি হয়েছে।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, এই মুষ্টিমেয় লোকের মধ্যে রুলিং পার্টির লক্ষ্মীবাবু এবং রথীন দাস, চ্যান্সেলর চিঠি দিয়ে তাদের নাম মেনশন করেছেন এবং তার ডি. ও. লেটার নং অমি বলে দিয়েছি, এটা কি সত্য ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** আমার কাছে কোন চিঠি আসেনি। কাজেই এই সম্পর্কে আমি কিছু বলতে পারছি না।

( গোলমাল )

**শ্রীআবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রীমহশয় বলেছেন যে পড়াশুনার কোন ক্ষতি হচ্ছে না। কিন্তু বিগত ১ বছর ধরে ওখানে কোন পরীক্ষা হচ্ছে না এবং এণ্ট্রান্স কমিটির নাম করে এ জিনিস সেখানে হচ্ছে।

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** এ প্রশ্ন ওঠে না।

### দমদম বিমানবন্দরে আন্তর্জাতিক বিমান চলাচল হ্রাস

*১৮৪। ( অনুমোদিত প্রশ্ন নং *১২৯। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দমদম বিমানবন্দরে বৃটিশ এয়ারওয়েজ সহ সমস্ত আন্তর্জাতিক বিমান চলাচল ক্রমশই হ্রাস পাচ্ছে ; এবং

(খ) সত্য হলে, এ সম্পর্কে সংশ্লিষ্ট কেন্দ্রীয় মন্ত্রণালয়ের বক্তব্য জানা গেছে কি ?

**শ্রীরবীন মুখার্জী ঃ** (ক) হ্যাঁ।

(খ) এখনও জানা যায় নি।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার—

**মিঃ স্পীকার ঃ** নো পয়েন্ট অব অর্ডার। প্রশ্নের সময়ে কোন পয়েন্ট অব অর্ডার হয়না।

## পশ্চিমবঙ্গে কৃষি গবেষণা কেন্দ্র

*১৮৫। ( অনুমোদিত প্রশ্ন নং *২৭৩। ) **শ্রীঅনিল মুখার্জী ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কতগুলি কৃষি গবেষণা কেন্দ্র আছে ;

(খ) উক্ত কেন্দ্র কোথায় কোথায় অবস্থিত ও সেখানে কি কি গবেষণার কাজ হয় ;

(গ) রাজ্য সরকার কি আরও নূতন নূতন কৃষি গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠিত করার কোন পরিকল্পনা গ্রহণ করেছেন ;

(ঘ) 'গ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হ'লে ঐ নূতন কেন্দ্রগুলি কোথায় প্রতিষ্ঠিত হবে ও কি কি নূতন প্রকল্প রূপায়িত হবে ; এবং

(ঙ) খরাপীড়িত শুষ্ক অঞ্চলের জন্য রাজ্য সরকার কি নূতন গবেষণা প্রকল্পের কথা চিন্তা করছেন ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** (ক) পশ্চিমবঙ্গে মোট ১৪টি রাজ্যভিত্তিক ও ৬টি আঞ্চলিক গবেষণা কেন্দ্র আছে। এছাড়া ধানের জন্য ৪টি উপকেন্দ্র ও উদ্যানশাখার জন্য ৭টি উপকেন্দ্র আছে।

(খ) কেন্দ্রগুলির অবস্থিতি ও গবেষণার বিষয় হল :

| | কেন্দ্রের নাম | গবেষণার বিষয় |
|---|---|---|
| (১) | চুঁচুড়া | ধান |
| (২) | বহরমপুর | ডালশস্য ও তৈলবীজ |
| (৩) | বর্ধমান | শস্য উৎপাদন |
| (৪) | বর্ধমান | ধান |
| (৫) | বর্ধমান | ফসলের কীট |
| (৬) | বেথুয়াডহরী | ইক্ষু |
| (৭) | কৃষ্ণনগর | উদ্যান |
| (৮) | কৃষ্ণনগর | গাঙ্গেয় পলিমাটি |
| (৯) | রাণাঘাট | সেচ সংক্রান্ত |
| (১০) | আনন্দপুর, মেদিনীপুর | আলু |
| (১১) | বাঁকুড়া | খরা প্রবল এলাকার চাষ |
| (১২) | পাণ্ডুয়া | ধানের পোকামাকড় দমন |

| | কেন্দ্রের নাম | গবেষণার বিষয় |
|---|---|---|
| (১৩) | নলহাটি | ডালশস্য ও তৈলবীজ এলাকার প্রসার |
| (১৪) | নলহাটি | লাল ও এঁটেল মাটি অঞ্চলের উপর গবেষণা |
| (১৫) | টালিগঞ্জ | কৃষি রসায়ন |
| (১৬) | কালিম্পং | পার্বত্য অঞ্চলের কৃষি |
| (১৭) | মোহিতনগর | তরাই অঞ্চলের উপর গবেষণা |
| (১৮) | মাঝিয়ান (পঃ দিনাজপুর) | বিন্ধ্য পলিমাটি |
| (১৯) | কাকদ্বীপ | নোনামাটি |
| (২০) | টালিগঞ্জ | ফসলের রোগ |

| | উপকেন্দ্রের নাম | গবেষণার বিষয় (ধান্য বিষয়ক) |
|---|---|---|
| (১) | কালিম্পং | পার্বত্য ধান |
| (২) | বাঁকুড়া | খরা প্রবণ এলাকার ধান |
| (৩) | হাথোয়াড়া পুরুলিয়া | খরা প্রবণ এলাকার বোনা ধান |
| (৪) | ঘুসকরা | বন্যা সহনশীল জাতের ধান |

**উদ্যান বিষয়ক উপকেন্দ্র ঃ**

| | উপকেন্দ্রের নাম | গবেষণার বিষয় |
|---|---|---|
| (১) | তালডাংরা, বাঁকুড়া | আম, লেবু, মোসাম্বি প্রভৃতি |
| (২) | মালদহ | আম |
| (৩) | চুঁচুড়া | কলা |
| (৪) | দলপচাঁদ (কালিম্পং) | নাতিশীতোষ্ণ মণ্ডলীর ফল |
| (৫) | দলপচাঁদ (কালিম্পং) | কমলা লেবু |
| (৬) | মোহিতনগর | আনারস |
| (৭) | কালিম্পং | সব্জি চাষ |

(গ) না। তবে ভারতীয় কৃষি গবেষণা পর্ষদ কোন প্রকল্প সরকারের হাতে দিলে তবে নেওয়া হবে।

(ঘ) ভারতীয় কৃষি গবেষণা পর্ষদ কি ধরনের প্রকল্প আমাদের হাতে দেন তার উপর নির্ভর করবে স্থান নির্ধারণ ও কর্মসূচী।

(ঙ) , বাঁকুড়ার শুশুনিয়াতে খরা প্রবল এলাকার জন্য একটি প্রয়োজন ভিত্তিক গবেষণা কেন্দ্র স্থাপন করা হয়েছে। এটির সঙ্গে একটি ধান গবেষণা কেন্দ্র ও পুরুলিয়ার ধান গবেষণা কেন্দ্র জুড়ে দেওয়া হয়েছে। এই প্রকল্পটি ঠিক ভাবে রূপায়িত হলে অভীষ্ট ফল লাভ করা যাবে বলে আশা করা যায়।

[1-50—2-00 P.M.]

**শ্রীঅনিল মুখার্জী ঃ** বাঁকুড়ার গবেষণা কেন্দ্রটি চালু করার জন্য কাজ আরম্ভ হয়েছে কি ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** বাঁকুড়ার শুশুনিয়াতে খরা পীড়িত এলাকা হিসাবে একটা প্রকল্পের কাজ চলছে এবং এর সঙ্গে বাঁকুড়া পুরুলিয়ার ধান গবেষণা কেন্দ্র জুড়ে দেওয়া হয়েছে।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** এগুলি কি নতুন প্রকল্প ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** না, পুরোনগুলিই চলছে।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** আমার প্রশ্ন হচ্ছে খরা পীড়িত শুষ্ক অঞ্চলের জন্য কোন নতুন গবেষণা কেন্দ্র খোলার কথা মাননীয় মন্ত্রী মহাশয় কি চিন্তা করছেন ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** মাননীয় সদস্যকে জানাচ্ছি যে, বাঁকুড়া, পুরুলিয়া জেলার খরা পীড়িত শুষ্ক এলাকার জন্য গবেষণার কাজ চলছে। এই গবেষণার কাজে যদি আমরা সার্থক করতে পারি, তাহলে আমরা লক্ষ্যস্থলে পৌছাতে পারব এবং উপকার পাব।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** এবিষয়ে নতুন কোন কেন্দ্র চালু হয়েছে কি ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** না, পুরোন গুলিতেই কাজ চলছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, এই গবেষণা কেন্দ্রগুলি থেকে লব্ধ জ্ঞান কৃষকদের কাছে পৌছে দেবার কি ব্যবস্থা আছে এবং এখন পর্যন্ত নতুন কি কি গবেষণার ফল পৌছে দেওয়া হয়েছে ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** এবিষয়ে আমি মাননীয় সদস্যকে পরবর্তী সময়ে বলব, বাজেটের দিন বলব। তবুও তখন একটু বলছি যে, এর থেকে যতটুকু ফল আমরা লাভ করি ততটুকুই কৃষি সম্প্রসারণ অফিসারদের মাধ্যমে গ্রামাঞ্চলের সর্বনিম্ন স্তর পর্যন্ত পৌছে দেবার ব্যবস্থা করি।

**শ্রীসুমন্তকুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, মেদিনীপুর জেলার ঝাড়গ্রামে যে কৃষি গবেষণা কেন্দ্র স্থাপিত হয়েছে সেটি পুরোপুরি সরকারী নিয়ন্ত্রনে পরিচালিত হচ্ছে, না কারো ব্যক্তিগত কোলাবরেসনে করা হয়েছে ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** এ সম্বন্ধে আমাকে নোটিশ দিলে, আমি খবর নিয়ে বলে দেব।

**শ্রীফণীভূষণ রায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই কৃষি গবেগণা কেন্দ্র উত্তর-বঙ্গের কোন্ কোন্ জেলায় আছে ?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** এবিষয়ে আমি টেবিলে একটা লিষ্ট দিয়ে দিয়েছি, আপনি দয়া করে দেখে নেবেন।

## খরা মোকাবিলায় কেন্দ্রীয় সাহায্য

***১৮৬।** (অনুমোদিত প্রশ্ন নং *২২১।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালে এই রাজ্যের খরা পরিস্থিতি মোকাবিলা করার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের নিকট মোট কত টাকা আর্থিক সাহায্য চেয়েছেন ; এবং

(খ) ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারীর মধ্যে এ বাবদ মোট কত টাকা পাওয়া গিয়াছে ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ** (ক) ১১০ কোটি ৮ লক্ষ টাকা।

(খ) ৩৯ কোটি টাকা।

**শ্রীসমর মুখার্জী ঃ** মাননীয়া মন্ত্রী মহাশয়া জানাবেন কি, খরা ত্রাণের টাকার থেকে কত টাকা ঐ অঞ্চলে সি. পি. এম.-এর গুণ্ডা পোষার জন্য ব্যয় হয়েছে ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ** এ প্রশ্ন ওঠে না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয়া মন্ত্রী মহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি, মহামান্য রাজ্যপাল মহোদয় কর্তৃক প্রদত্ত ভাষণের মাধ্যমে আমরা জানতে পেরেছি যে, এবিষয়ে রাজ্য সরকার কেন্দ্রের কাছে ২০৫ কোটি টাকা দাবী করেছিলেন, অথচ আপনি বলছেন ১১০ কোটি টাকা, কোনটা ঠিক ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ** আমরা আমাদের রিলিফ দপ্তর থেকে যেটা চেয়েছি সেটাই এখানে উল্লেখ করেছি। রিলিফ্ দপ্তর থেকে পানীয় জলের জন্য, পশুপালনের জন্য, খয়রাতী সাহায্যের জন্য এবং কর্মসংস্থানের জন্য ঐ টাকা আমরা চেয়েছিলাম।

**শ্রীআবদুস সাত্তার ঃ** (খ) প্রশ্নের উত্তর যা দিয়েছেন সেটা হচ্ছে ৩১শে জানুয়ারীর মধ্যে, আজ পর্যন্ত কত টাকা পেয়েছেন ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ** নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয়া মন্ত্রী মহোদয়া জানেন কি, কিছুদিন আগে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে সি. পি. এম., এম. এল. এ-দের নিয়ে যে খরা-ত্রাণের উপর আলোচনা সভা হয় সেখানে ১৬ হাজার টাকা খাওয়া খরচা বাবদ খরচ হয়েছে—এটা কি সত্য ?

(উত্তর নাই)

## হিমঘরের ক্যাপাসিটি বাড়ানোর কর্মসূচী

*১৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯১।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের হিমঘরগুলোর ক্যাপাসিটি বাড়াবার জন্য সরকার কি কর্মসূচী গ্রহণ করেছে ; এবং

(খ) হিমঘরগুলোর ভাড়ার হার এবং সংশ্লিষ্ট বিষয়গুলোর পুনর্বিবেচনার কাজ কতটা অগ্রসর হয়েছে ?

**শ্রীকমল কান্তি গুহ ঃ** (ক) কৃষি দপ্তর কর্তৃক রূপায়ণযোগ্য কোনও কর্মসূচী নাই। তবে সমবায় ভিত্তিতে কতগুলি নূতন হিমঘর আগামী তিন-চার বৎসরের মধ্যে প্রতিষ্ঠিত হবার সম্ভাবনা আছে।

(খ) ভাড়া ও সংশ্লিষ্ট বিষয় সরকার নিয়তই পর্য্যালোচনা করে থাকেন। আলুর ক্ষেত্রে ভাড়ার সর্বোচ্চ সীমা সম্প্রতি বাড়ানো হয়েছে।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন, বর্তমানে সংখ্যার দিক থেকে কতগুলি হিমঘর আছে এবং তার ক্যাপাসিটি কত?

**শ্রীকমলকান্তি গুহঃ** ২৩৩টি হিমঘর আছে এবং ২০৩টিতে আলু রাখার ব্যবস্থা হয়েছে। এর ক্যাপাসিটি হচ্ছে ১০ লক্ষ মেট্রিক টন।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** আমি জানতে চাইছি, এরপরে কি কর্মসূচী নেওয়া হয়েছে যারফলে হিমঘরের সংখ্যা বাড়বে এবং ক্যাপাসিটি বাড়বে?

**শ্রীকমলকান্তি গুহঃ** সমবায়ের মাধ্যমে ১৩টি হিমঘরের জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে। এর মধ্যে ৫।৬টি হিমঘর এ বছরেই চালু হয়ে যাবে। আর ব্যক্তিগত মালিকানায় দুটো হিমঘর চালু করা হবে বলে আশা করা যাচ্ছে। এগুলি চালু হলে আরো ১ লক্ষ মেট্রিক টন সংরক্ষণের ব্যবস্থা করা যাবে।

**শ্রীগোপাল মণ্ডলঃ** প্রতি টনে কত করে ভাড়া ঠিক করা হয়েছে?

**শ্রীকমলকান্তি গুহঃ** কুইণ্টালে নতুন করে ভাড়া বাড়ছে। ১৯৮২ সালের আগে যে হিমঘরগুলি তৈরী হয়েছে সেখানে কুইণ্টাল প্রতি ২০ টাকা করে দেওয়ার ব্যবস্থা হয়েছে আর নতুন যেগুলি হয়েছে ১৯৮২ সালের পরে সেখানে কুইণ্টাল প্রতি ২৪ টাকা করে ভাড়া করা হয়েছে।

**শ্রীফণীভূষণ রায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, উত্তরবঙ্গে কি কোন হিমঘর আছে? যদি না থাকে তাহলে কারণটি কি?

**শ্রীকমল কান্তি গুহঃ** আপনাকে আগেই বলেছি, ব্যক্তিগত মালিকানায় এই সমস্ত হিমঘরগুলি তৈরী হয়ে থাকে। ব্যক্তিগত মালিকানায় যারা করেন তারা লাভজনক বলে হয়তো মনে করেন না। আমি তাঁদের সাথে যোগাযোগ করছি। তাঁদের মধ্যে কিছু কিছু রাজি হয়েছে। তবে সমবায় সমিতির তরফ থেকে হিমঘর তৈরী হয়। প্রতিটি জেলায় একটি করে হিমঘর করবার জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে।

**শ্রীধীরেন্দ্রনাথ সেনঃ** ব্যক্তিগত মালিকানায় যেসব হিমঘর আছে তারা যদি তাদের ক্যাপাসিটি বাড়াতে চায় তাদের কি আপনি বাড়াতে অনুমতি দেবেন?

**শ্রীকমল কান্তি গুহঃ** কেউ যদি এক্সটেনসান করতে চান সাথে সাথে অনুমোদন দিয়ে দেওয়া হবে।

## অনাথ ছেলেমেয়েদের জন্য হোম

*১৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬০০।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য:** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে অনাথ ছেলেমেয়েদের জন্য বর্তমানে (৩১-১-৮৩) কয়টি হোম চালু আছে ;

(খ) এই হোমগুলিতে মোট আবাসিকের সংখ্যা কত ; এবং

(গ) ইহাদের মাথাপিছু দৈনিক খাদ্য বাবদ কত টাকা বরাদ্দ আছে ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়:** (ক) ৭৩টি।

(খ) ৫৮৭৩ জন।

(গ) মাথাপিছু দৈনিক ২'০০ টাকা।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** জেলখানাতে তো এর চেয়ে বেশী টাকার খাদ্য দেওয়া হয় আর হোমগুলিতেই কমে যাচ্ছে—এর কারণটি কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়:** হ্যাঁ এটা কম। ৪ বছর আগে বাড়ানো হয়েছে। সম্প্রতি বাড়ানোর কথা চিন্তা করছি।

[2-00—2-10 P.M.]

**শ্রীসুমন্ত কুমার হীরা:** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, অনাথ বৃদ্ধদের জন্য ঐ রকম কোন হোম আছে কি না ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়:** বৃদ্ধদের জন্য আছে সাউথ গড়িয়ায়।

**ডাঃ মানস ভুঁইয়া:** মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি এই যে প্রতিদিন দু টাকা করে বরাদ্দ আছে, তাতে কি কি খাবার দেওয়া হয় ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়:** দু টাকায় ভাল খাবার দেওয়া সম্ভব নয়, ভাত, ডাল, তরকারী সামান্য দেওয়া হয়।

**শ্রীপ্রভঞ্জন কুমার মণ্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই হোমগুলি যেসব কমিটির দ্বারায় পরিচালিত হয় আমরা কয়েকদিন যাবৎ খবর পেয়েছি সেই কমিটিগুলিকে কাজের সময় ঠিকমত পাওয়া যায় না এইরকম কোন ইনফরমেশন আপনি পেয়েছেন কি, কাদের নিয়ে এই কমিটি তৈরী হয়েছে ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় :** অনেকগুলি কমিটির কাজ কিছু কিছু আমার নজরে এসেছে, নতুন কমিটি তৈরী করার চেষ্টা করছি।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** I have received four notices of Adjournment Motions to-day. The first is from Shri Manas Bhunia, which deals with damage of crops and fodder in Midnapore district for want of water. The second is from Shri Dhirendra Nath Sarkar which deals with alleged undemocratic comment of Sub-Divisional Officer of Raiganj, West Dinajpur on 25.2.83. The third is from Shri Kashinath Misra which deals with deadlock in Bankura Sammilant Medical College Hospital due to attack on doctors on 2.3.1983. The fourth is from Shri Abdul Mannan, which deals with chaotic situation in Bidhan Chandra Krishi Viswavidyalaya. On the subject of the first, third and fourth notices the members can draw the attention of the concerned Ministers by way of giving notices of Calling Attention, Question and Mention. The second motion relates to day-to-day administration. Therefore, I withhold my consent to all the above motions. One member of the party may, however, read out the text of the amended motion.

### POINT OF ORDER

**শ্রীসুব্রত মুখার্জী :** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সব সংবাদপত্রে বেরিয়েছে যে আমাদের এখানকার একজন সদস্য ফকির মহম্মদ উত্তর ২৪ পরগণা জেলা থেকে নির্বাচিত হয়েছেন, যে দলেরই হোক, এটা প্রিভিলেজের প্রশ্ন সম্মানের প্রশ্ন তাঁকে হুমকি দেওয়া হয়েছে যে হাউসে ঢুকতে দেওয়া হবে না আপনি যদি একে প্রোটেকসন দিতে না পারেন তাহলে একটা জংগলের রাজত্বে পরিণত হবে। রুলিং পার্টির এম. এল. এ. রা তাকে বলছে

হাউসে ঢুকতে দেবেনা ? একটা রাজনৈতিক দলের এত স্পর্ধা হয় কি করে ? একজন এম. এল. এ. কে বলে বিধানসভায় ঢুকতে দেবে না।

**মিঃ স্পীকার ঃ** আমি এটুকু বলতে চাই যদি কোন মেম্বার হাউসে আসতে চান তাতে কেউ তাঁর অধিকারে বাধা দিতে পারবে না। হি উইল গেট অল প্রোটেকসনস ফ্রম দি হাউস।

**শ্রীধীরেনন্দ্র নাথ সরকার ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপুর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা তাঁরা কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

গত ফেব্রুয়ারী মাসের ( ১৯৮৩ ) দ্বিতীয় সপ্তাহে রায়গঞ্জ জেলার কালিয়াগঞ্জ থানার তরঙ্গপুর হাটের কাছে একটি ধর্মীয় পীরস্থান একজন রাজনৈতিক দলের ক্যাডার ক্রমান্বয়ে বে-আইনীভাবে দখল করতে শুরু করলে গণ্ডগোল সংঘটিত হয়। জনসাধারণ পীরস্থান এর ধর্মীয় বৈধ জমি হতে বেআইনী দখলদারকে উচ্ছেদ করার আন্দোলন করে উর্ধতন কর্তৃপক্ষের নজরে আনলে গত ২৫.২.৮৩ তারিখে স্থানীয় বি. ডি. ও. অফিসে রায়গঞ্জ মহকুমা শাসক জনসাধারণের পক্ষে কয়েক-জনকে ডেকে শাসান এবং কৃতকর্মের জন্য জনসাধারণকে বেআইনী দখলদায়ীর কাছে জরিমানা ও ক্ষমা প্রার্থনা করবার জন্য চাপ দেন। অন্যথায় গ্রেপ্তারের হুমকি দেন। ফলে স্থানীয় জনসাধারণ ক্ষুব্ধ, দুঃখিত ও অপমানিত ;

**মিঃ স্পীকার ঃ** আপনি সি. পি. এম. কথাটি পড়ছেন কেন ? If you do not read the amended motion. I will not allow you to read it.

**শ্রীকমলকান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীসত্য বাপুলী একটি বিষয় জানতে চেয়েছিলেন। আমি এখন তা জানিয়ে দিচ্ছি।

২৪-পরগণা জেলার মথুরাপুর এলাকার জন্য নলবাহী জল সরবরাহ প্রকল্পে বর্তমান আর্থিক বছরে ২৭ লক্ষ ৫৭ হাজার টাকা ব্যয়ে কেন্দ্রীয় সরকারের তরন্বিত জল সরবরাহ প্রকল্পের অধীনে মঞ্জুর করা হয়।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি ভাল কথা বলতে চাই। আমাদের ২৪ পরগণা জেলার মথুরাপুর এলাকার পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিং-এর জল সরবরাহের জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে বলেছিলাম। উনি সেটা করেছেন বলে তাঁকে ধন্যবাদ দিচ্ছি।

## CALLING ATTENTION
## To Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** আমি দেখছি কালকে বলা সত্ত্বেও অনেক মাননীয় সদস্যই অনেকগুলো করে কলিং এ্যাটেনশন দিয়েছেন। এইজন্য একটি করে পড়ে দেবো। কলিং এ্যাটেনশন ২০টা পেয়েছি, তার মধ্যে ৯টি পড়ব।

I have received the following notices of calling attentions, namely :—

1. The failure of State Government to utilise 5 crores of rupees allotted for Integrated Child Development Scheme due to lack of any plan from Dr. Sisir Kumar Bose.
2. Corruption of a section of Headmasters with the help of West Bengal Secondary Board from Dr. Manas Bhunia.
3. Alleged attack on the members of the State Government Employees Federation by the member of Co-ordination Committee from Dr. Manas Bhunia and Shri Abdul Mannan.
4. Acute Power crisis in West Bengal from Shri Dhirendranath Sarkar.
5. Present position of political sufferer pensioners from Shri Anil Mukherjee.
6. Outbreak of diseases in Howrah Municipal areas due to non-clearance of garbages from Shri Ashok Ghosh and Shri Kashinath Misra.
7. Scarcity of drinking water in Howrah Muninicipal areas from Shri Ashok Ghosh and Shri Kashinath Misra.
8. Crisis of drinking water in Uluberia from Shri Rabindra Ghosh and Shri Gourhari Adak, and
9. Firing in an office situated on Tarachand Dutta Street followed by Police firing from Shri Rajesh Khaitan.

I have selected the notice of Dr. Sisir Kumar Bose on the subject of the failure of the State Government to utilise 5 croees of rupees alloted for Integrated Child Development Scheme due to lack of any plan.

The Minister-in-Charge may please make a statement today, if possibie or give a date.

**Shri Patit Paban Pathak :** Next Tuesday.

[2-10—2-20 P.M.]

**Mr. Speaker :** Now I call upon Dr. Ambarish Mukherjee to make a statement on the subject of Deplorable condition of Kharagpur State General Hospital—attention called by Shri Gyan Singh Sohanpal.

**Dr. Ambarish Mukherjee :** Kharagpur State General Hospital with sanctioned 250 beds of facilities for outdoor service etc. started functioning initially with 50 indoor beds, O.P.D. and other services w.e.f. 18.9.1981. The number of indoor beds have since been raised to 100 and the remaining 150 beds will be opened at the earliest, the construction of the Hospital being complete. General O. P. D. ( Male and Female ) functions daily, excepting Sunday, from 8-00 A.M. to 11-30 A.M. and sometimes beyond that. Emergency patient attending E.O.P.D. or O.P.D. is admitted by the attending medical officer. Separate Emergency Department is working round-the-clock apart from O. P. D. Specialist outdoors for surgery, gynaecology and medicine including Tuberculosis offer services twice a week.

Eye outdoor attended by Specialists is opened for service once a week with the help of some medical officers who have got post-graduate Degree or Diploma with requisite experience.

Average O. P. D. attendance is 300, Emergency O. P. D. 50 and Daily average Admission in 25 including labour patients.

X-Ray facility is available for both indoor and outdoor patients. Urban Family Welfare Centre has been sanctioned. The posting order of Lady Medical Officer for the Centre has already been issued who is expected to join soon. The Superintendent with the help of other staff is

looking after the day to day work of the said Centre. Vasectomy/Tubectomy/ M.T.P. operations are being regularly done.

One Dental unit has been sanctioned and one Dental Surgeon is to join soon, order for posting has already been issued.

The Hospital is adequately supplied with medicines, equipments and furniture to run the Hospital. Anti T.B. drugs are supplied regularly to the T.B. patients.

A telephone has already been installed in the Emergency room and one Extension to the office of the Superintendent by the Telephone Department is being arranged.

One Jeep Car and one Ambulance have been placed temporarily at the disposal of Superintendent by the C.M.O.H., Midnapore. One new ambulance has been purchased for Kharagpur State General Hospital which is likely to be delivered soon after completion of the construction of the body and that too at the earliest.

The quota of sanctioned Nurses numbering 55 has been fulfilled. The senior-most amongst them, is working acting-Matron.

Grou 'D' employees are adequate to run the hospital with the present bed strength.

Posting orders of Physician, Anaesthetists and Pathologists have already been issued, and they are expected to join soon.

Operations are being regularly undertaken with open Ether anaesthesia given by General Duty Medical Officers.

One Leprosy unit has recently been sanctioned and will be opened soon. Building has already been completed.

Isolation Ward will be placed into service soon.

Since opening of the hospital right upto 31-7-82, two Deputy Group Commanders at the head of 20 Home Guards were guarding the hospital property and since 1.8.82 one output of Kharagpur Town P.S. with 15 Constables has been temporarily stationed at a vacant room of the hospital premises to look after the security of staff and properties.

Sir, one has to bear with the initial painful process of the birth of the 250 bedded State General Hospital at Kharagpur and will please put up with the hazard of organising a full fleged State Hospital there.

Despite that, may I submit Mr. Speaker, Sir, that the progress in this small span of time has been satisfactory to say the least and a full fleged organised 250 bedded Hospital will be a reality in the near future.

**Mr. Speaker :** Now Shri Prasanta Kumar Sur will now make a statement on the subject of Water Supply in Calcutta attention called by Shri Kashinath Misra.

**Shri Prasanta Kumar Sur :** At present, the City of Calcutta is being supplied with 150 million gallons of filtered water per day—140 million gallons from Palta Water Works and 10 million gallons from Garden Reach Water Works which was commissioned on 22nd December, 1982. The city also gets an additional 25 million gallons tubewell water from 207 Big Dia Tubewells (besides 70 nos. maintained by CMDA) and 5000 Small dia tubewells maintained by the Corporation. In addition to the above wholesome water, 70 million gallons of un-filtered water is supplied daily to the city. The water is supplied to different parts of the city as per scheduled timings and supply pressure.

Inspite of the fact that augmentation of water supply has been made with the progress of the time, adequate water pressure could not be maintained at the tail ends of the distribution system due to various reasons—viz., rapid development of some areas, abnormal increase and concentration of population in some parts, deteriorated condition of the age-old water

mains etc. Now, to increase pressure of supply, intermediate Boosting Stations—one at Auckland Square for southern part of the city and the other at Subodh Mallik Square for Central and Eastern part of the city, have been constructed. After commissioning of Auckland Boosting Station more than a year back, supply position in the southern district has been improved and similar improvement is also expected when Subodh Mallick Boosting Station will be commissioned within 3/4 months.

Again, for improving the distribution system of water, the necessity of re-organising the net works have already been studied by the Experts and their recommendations on primary grids are being implemented. Works on some primary grids have already been completed and thereby some improvement has been achieved. To improve the water supply position in the scarcity pockets, provisions for fund for relaying primary grids, inter-connections between primary and seconday grids, enlargement or extension of existing water mains have been made under CUDP-III (IDA-III). For replacement of worn-out zone mains, provision of fund has also been made under CUDP-III and the work for such replacement of one 42″ worn-out main connecting Hide Road and Remount Road has already been taken up by CMDA. On completion of this work, wastage of water through 42″ leaky main will be minimised and drawing of more water from Garden Reach Water Works to the city's Distribution System will be possible. Another major work on diversion of 30″ and 12″ water main at Majerhat Bridge has been completed by the Corporation recently and thereby water supply position in New Alipore area has been improved. Again to meet local needs, every year 600 to 700 small dia tubewells are being sunk.

Arrangement has been made for water supply from Pulta or Garden Reach Water Works for Tollygunge, Topsia-Tangra and Tiljala areas which are now being supplied with tubewell water. For this purpose, a major pipe laying work has been taken up, some of these have already been completed and thereby a part of Tollygunge has been benefited. The existing arrangement for supplying of tubewell water will have to be

continued till the above scheme is completed. For this purpose, also replacement of defunct tubewells where necessary will be made and a scheme for replacement of 10 such tubewells have already been approved.

For city's supply—30 mgd of water will be available from Garden Reacn Water Works after its full commission. At present 10 mgd is being supplied to the city from it.

Under Bustee Improvement Scheme—Bustees are now being provided with water supply facility and the bustee dwellers are enjoying such facility where bustees have already been improved.

Inspite of all these activities for improvement of water supply in the city, there are some complaints on water supply for which committee consisting of Engineering from the Corporation of Calcutta, C.M.D.A. and CMWSA has already been formed to study and identify the water scarcity pocket in these areas where filtered water has already been allowed to the bustees and also those scarcity pockets existing within the areas supplied with tubewell water. The committee is to recommend the solution to the problem and submit their report within one month. On their recommendation, urgent works may be taken up on emergency basis to remove the scarcity of water in those pockets as far as possible.

**Dr. Zainal Abedin :** Sir, on a point of order. You have been pleased to announce in the House that only one notice of calling attention will be received from one member. I invite your attention to rule 198 of the Rules of Procedure and Conduct of Business. The convention has been otherwise. A member can table any number of notices of calling attention on any number of cases. In that case a separate bulletine will have to be circulated amongst the members.

**Mr. Speaker :** The rule is very clear. A member with the previous permission of the Speaker can do it. Nobody has taken my cognizance.

You only file it to the office. But where is the permission ? I can withdraw permission to all of them. There is no restriction. I restrict it to one—permission to one. That is all right. There is no problem in it. I have seen the rules before I made my address to the House because a convention has grown that nobody seeks permission from the Speaker. Now what I say is, I will grant permission for one member, and I will not give permission for the other. I have done it. There is nothing new in it.

**Dr. Zainal Abedin :** This decision may be communicated.

**Mr. Speaker :** I have said it in the House yesterday. There is no problem.

**Dr. Zainal Abedin :** Is there any bulletine like that ?

**Mr. Speaker :** No question of bulletine. I addressed the House, and the Opposition also agreed that so many calling attention notices become impracticable,—somebody, giving 20, or somebody giving 30. What is the meaning of it ?

**শ্রীআব্দুস সাত্তার ঃ** রুল ১৯৮ যে আছে তা আপনি ঠিকই বলেছেন। আপনার প্রিভিয়াস পারমিশান ছাড়া কেউ বলতে পারে না। কিন্তু কনভেনসান যেটা আছে, সেটা থেকে আপনি ডিভিয়েট করছেন। Deviation from the convention sometimes supersedes law. সুতরাং এই কনভেনসান যখন আছে, তখন আপনি হঠাৎ কেন সেটা থেকে ডিভিয়েট করছেন ?

**মিঃ স্পীকার ঃ** আমি হঠাৎ করিনি। I have mentioned it on three occasions in the House. I have said that one member can table only one notice of calling attention.

[2-20—2-30-P.M. ]

## LAYING OF REPORT

### ANNUAL ACCOUNTS OF THE DURGAPUR STATE TRANSPORT CORPORATION FOR THE YEAR 1975-76

**Shri Rabin Mukherjee :** Sir, I beg to lay the Annual Accounts of the Durgapur State Transport Corporation for the year 1975-76 with Audit Report thereon.

**Shri Gyan Singh Sohanpal :** Mr. Speaker, Sir, thank you very much for allowing me to raise a point of privilege. This House is the guardian of its own privileges and you are the custodian of this House. You draw your strength from the House through the Rules framed therein for the conduct of business in the House. Within this House your authority is supreme. Your rulings right or wrong, cannot be questioned here or elsewhere. To do so is a contempt of the House and the Speaker. This being the Constitutional position it is expected that you will not only be impartial and judicious in the discharge of your functions but you will also look to be impartial and judicious in the matter. It is in this context, Sir, I beg your leave to formulate my point of privilege.

To obtain informations from the Ministers by means of questions is an important right of the members. Denial of this right is a breach of privilege and is punishable by the House. In this instant case I have been willfully denied of my legitimate right by the Government. Being aggrieved I have come to the House to seek your protection in the matter. I hope you will uphold the right of an individual member and the dignity of the House. The case in brief is like this.

Chapter VII of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly deals with Questions. In accordance with the provisions of these Rules I submitted some questions relating to murders including political murders, dacoities—both in banks and in trains and police firing etc. during the last session of the Assembly. These questions on being found in order were admitted and a notice to this effect was given to the Minister concerned. Some of these questions no doubt were entered in the list of business of the House but were 'Held Over' which in my opinion is also irregular and contrary to the Rules on the subject of which replies to the remaining questions were never sent to the House by the Government throughout the session. I drew your attention twice to this sorry state of affairs during the last session but I am sorry to state that all my appeals in this regard fell on deaf ears. Thereafter the House was adjourned sine die and as a result all my pending notices have lapsed.

Sir, I had the privilege and honour of serving this State as Minister for Parliamentary Affairs, and as such I can understand a reasonable dealay in the matter of collection of materials for preparing answers, but has the delay in my case been reasonable. I leave it to the custodian of the House to decide. Sir, you know truth is bitter. My friends in the Treasury benches will not like it when I say that the Left Front Government is finding it difficult to face the House on the question of murders, dacoities and police firing. It is a serious matter which the House should take note of. Should we allow such unhealthy practices to continue and make a mockery of this institution. I leave it to the House to decide.

**Mr. Speaker :** I will look into the matter.

I am to inform you that Shri Digvijay Singh, Hon'ble Deputy Minister for Environment, Government of India has proposed to form a Legislators' Environment Forum in our State and requested me to convene a meeting of the M.L.A.s of our State for the purpose.

Accordingly, I have fixed up the date on 18th March at 3 P.M. in the Legislative Council Chamber to convene the meeting. The meeting will be addressed by Shri Digvijay Singh, Hon'ble Deputy Minister for Environment, Government of India. I have circulated the correspondence between him and myself to all the members.

I would request the members to attend the meeting.

## MENTION CASES

**শ্রীগৌরহরি আদক :** স্যার, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দুঃখের সঙ্গে জানাচ্ছি শ্যামপুর থানায় ৬৭।৬৮ নং রুটে যে বাস চলছিল সেই বাস গত ৫ তারিখ বন্ধ হয়ে আছে। সেই বাসগুলি রাস্তার পাশে দাঁড় করান আছে। সেই বাসগুলি যাতে চলাচল করে তারজন্য পরিবহন মন্ত্রী এবং প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেছি। কিন্তু আজ পর্যন্ত সেই বাসগুলি চলাচল করছে না। এর ফলে পরীক্ষার্থীদের যে কি অসুবিধা হচ্ছে তা বলে শেষ করা যায় না। এ বিষয়ে পুলিশের ও. সির দৃষ্টি দেওয়া উচিত ছিল। গতকাল সন্ধ্যের সময়ে

থানায় গিয়ে তাঁর দেখা না পাওয়ায় তাঁর বাড়ীতে গিয়ে বলি যে আপনি আপনার ভূমিকা পালন না করে আপনি নিষ্ক্রীয় হয়ে আছেন। তিনি আমার উত্তরে বলেন উর্ধতন কর্তৃপক্ষকে জানান হয়েছে।

**শ্রীশান্তি মোহন রায়ঃ** স্যার আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ৮ই ফেব্রুয়ারী ধনেখালি থানার বেলগাছিয়া গ্রামে রতন চন্দ্র ঘোষের বাড়ীতে ৮।১০ জন দুস্কৃতকারী ঢুকে রড ইত্যাদির দ্বারা মারধোর করার ফলে তাঁর স্ত্রী গীতা রানী ঘোষকে হাসপাতালে যেতে হয়েছিল এবং তাঁর ছেলের মাথায় একাধিক সেলাই করতে হয়েছিল। এ বিষয়ে পুলিশের কাছে ডাইরি করা হয়েছে।

[2-30—2-40 P.M.]

ডায়েরী নাম্বার আপনার কাছে বলতে পারি, সেই ডায়েরী করা সত্ত্বেও পুলিশ তথা প্রশাসন থেকে কোন ব্যবস্থা করা হয়নি এবং আজ পর্যন্ত শ্রীমতী গীতা রাণী ঘোষকে তাঁর ছেলে-মেয়েদের নিয়ে বাড়ী ছেড়ে বাস করতে হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে পশ্চিমবঙ্গের সর্বত্র আইন-শৃঙ্খলা নেই, সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে সত্বর ব্যবস্থা নিতে বলছি।

**শ্রীমহম্মদ আনসারুদ্দিনঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া জেলায় হাওড়া-আমতা রোড প্রায় ৪৫ কিলো মিটার রাস্তা, দীর্ঘদিন ধরে এই রাস্তা মেরামতের কোন কাজ হয়নি। বর্তমানে অবস্থা এমন হয়েছে যে যান-বাহন চলাচল বন্ধ হয়ে যাচ্ছে, বাসের মালিকরা ঐ রাস্তায় বাস চালাতে চাচ্ছে না। বিগত ৬ বছর পি, ডব্লু, ডি, দপ্তর থেকে হাওড়া জেলার ডোমজুড়, জগতবল্লভ পুর, আমতা, উদয়নারায়নপুর, জাংগিপাড়া এই ৫টি এলাকার একমাত্র যে যোগাযোগের রাস্তা সেই রাস্তার মেরামতের কোন কাজ করা হচ্ছে না। ঐ এলাকায় বিগত ৬ বছর পি, ডব্লু, ডি,'র পক্ষ থেকে কোন রাস্তা করা হয়নি। ওখানকার মানুষ দাবি করেন অন্ততঃ হাওড়া-আমতা রোড যেটা যোগাযোগের একমাত্র ব্যবস্থা আছে সেই রাস্তা মেরামতের ব্যবস্থা করা হোক। তাই আমি আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅশোক ঘোষঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, হাওড়া জেলার একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়ার সমবায়িকা এই বামফ্রন্ট সরকার আসার পর আজ পর্যন্ত বন্ধ হয়ে আছে। হাওড়ার পূর্ণ, আধা সিকি নিয়ে ৪ জন মন্ত্রী আছেন এবং বর্তমানে যিনি সমবায় মন্ত্রী তিনিও চাকুরি ক্ষেত্রে হাওড়া জেলার সঙ্গে বহুদিন জড়িত। আমি আশা করেছিলাম বামফ্রন্ট সরকার যখন পুনরায় ক্ষমতায় এলেন তখন হাওড়ার সমবায়িকা তাড়াতাড়ি খোলা হবে।

এরজন্য যেসমস্ত প্রাইমারী কনজিউমার্স সোসাইটি আছে তারা মাল পাচ্ছে না, হাওড়ার হোল সেল টোটাল লিকুইডেশানে গেছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই অবিলম্বে এই ব্যাপারে তিনি দ্রুত ব্যবস্থা গ্রহণ করবেন কিনা? আমরা জানি গভর্নমেণ্ট অব ইণ্ডিয়ার একটা পলিসি আছে প্রত্যেকটা ডিষ্ট্রিক্টে একটা করে সোসাইটি থাকবে। আমি জানি না হাওড়ার লোকেরা তা থেকে বঞ্চিত হচ্ছে কেন। আমি হাওড়াবাসীর পক্ষ থেকে সমবায় মন্ত্রীর কাছে অনুরোধ করছি অবিলম্বে হাওড়া সমবায়িকাকে খোলার বন্দোবস্ত তিনি যেন করেন।

**শ্রীভুপেন্দ্র নাথ শেঠ:** মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৮৩ সালে আলিমুদ্দিন স্ট্রীটে তৈরী যে বাজেট ভাষণ মাননীয় রাজ্যপালকে দিয়ে পাঠ করান হয়েছে তার মধ্যে যে কত অসত্য কথা আছে সেটা দেখা যাক। সেখানে বলা হয়েছিল যে পশ্চিমবঙ্গে বহু ভূমিহীনকে ভূমি দিয়ে সমস্যা সমাধান করা হয়েছে। কিন্তু সেই সমস্যা কিভাবে সমাধান করছে, কিভাবে ডিষ্ট্রিবিউসান অব পাট্টা হচ্ছে সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। শ্রীঅনিল চন্দ্র দাস, বাবার নাম হীরালাল দাস, পানপাড়া, বনগাঁ মহকুমা, তাকে ১৯৭৫ সালে পাট্টা দেওয়া হয়েছিল ভূমিহীন বলে। ১৯৮২ সাল পর্যন্ত সে পাট্টার দখলদার আছে, কিন্তু ১৯৮৩ সালে নোটিশ দিয়ে এই সরকার যেহেতু রাজ্যপালের ভাষণে অসত্য কথা বলে সেজন্য এই পাট্টা হোল্ডারের কাছ থেকে পাট্টা কেড়ে নিয়ে পুনরায় সেই পাট্টা অন্য লোককে দিয়েছে। শুধু অনিল দাস নয় মাখনলাল বৈদ্য এবং আরো অনেককে পাট্টা ক্যানসেলের অর্ডার ওখানকার জে, এল, আর, ও ইস্যু করেছেন। এইভাবে ভূমি বণ্টনের যে পরিকল্পনা নিয়েছেন আমি আপনার মাধ্যমে ভূমি রাজস্ব মন্ত্রীকে অনুরোধ করব এই কাজ তিনি যেন অবিলম্বে বন্ধ করেন।

**শ্রীসুকুমার মণ্ডল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার রাণাঘাটা মহাকুমায় সরকার প্রতিষ্ঠিত তাহেরপুর কলোনী বলে একটা উদ্বাস্তু কলোনী আছে। বহুদিন পূর্বে সেখানে পঞ্চায়েত ব্যবস্থা চালু করা হয়েছে। কিন্তু ওখানকার বাস্তব অবস্থা পঞ্চায়েত প্রশাসনের পক্ষে অনুকূল নয়। কাজেই সেখানকার জনসাধারণের দাবী হচ্ছে তাহেরপুরকে একটা নোটিফাইড এরিয়া বলে চিহ্নিত করা হোক অথবা মিউনিসিপ্যালিটি হিসেবে ঘোষণা করা হোক।

**শ্রীসুনীতি চট্টরাজ:** মাননীয় স্পীকার মহাশয়, আমি ইতিপূর্বে আপনার মাধ্যমে বহুবার বামফ্রন্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করেছি কিন্তু আপনি জানেন এবং আমরাও জানি বামফ্রন্ট সরকারের দৃষ্টি একটু ট্যারা। আমার নির্বাচন কেন্দ্রটি কংগ্রেস প্রধান এলাকা বলে

সেখানে টাকা এ্যালটমেণ্ট কম হয় এবং সি, পি, এম এলাকায় টাকা এ্যালটমেণ্ট বেশী হয় একথাও আমি বহুবার বলেছি। স্যার, আমরা কর্মচারীদের ক্ষেত্রে ট্রান্সফার, সাস্‌পেনসন, টার্মিনেসন ইত্যাদি শুনেছি। কিন্তু যেহেতু ওখানে কংগ্রেস এম, এল, এ সেহেতু এসট্যাবলিস্‌ড টোটাল প্রজেক্ট ট্রান্সফার একথা আমরা কখনও শুনিনি। শিউড়ি থানার অন্তর্গত বরমহুলা গ্রামে একটি দুগ্ধ প্রকল্প চালু হয়েছিল এবং সেখানে সেড তৈরী হয়েছিল। কিন্তু বামফ্রন্ট সরকার আসার পর সেই দুগ্ধ প্রকল্পটি মেদিনীপুরের শালবনীতে নিয়ে গিয়ে "শিউড়ি দুগ্ধ প্রকল্প" বলে স্টার্ট করা হল। ওখানকার সেড পড়ে রইল, কর্মচারীরা দুমাস মাইনে পাবার পর তাঁদের ট্রান্সফার অর্ডার হয়েছে। শিউড়ির জনসাধারণ বার বার ৩ বার আমার মত ক্ষুদ্র লোককে নির্বাচিত করেছে বলে জেলাসিতে এই ব্যবস্থা করেছেন। স্যার, আপনি মুখ্যমন্ত্রীকে বলুন এইভাবে ট্যারা দৃষ্টি দিয়ে শিউড়ির জনসাধারণকে দেখবেননা এবং তাদের মারবেননা। বামফ্রন্ট সরকারের হাতে অস্ত্র আছে তাঁরা আমাদের জেলে দিতে পারেন, কিন্তু শিউড়ির জনসাধারণকে যেন এই ভাবে মারা না হয়।

**শ্রীবিজয় পাল:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সাইকেল কর্পোরেসন্‌ অব ইনডিয়ার এখানকার হেড অফিস আসানসোলে তুলে নিয়ে যাচ্ছে এলং ইন দি নেম অব রি-অর্গানাইজেসন ৪/৫০০ লোককে ছাঁটাই করছে। আশ্চর্যের বিষয় হচ্ছে এতবড় একটা কাণ্ড সম্বন্ধে স্টেট গভর্ণমেণ্ট কিছুই জানেনা এবং ওখানকার ইউনিয়নের সঙ্গে এই ব্যাপারে কোন রকম আলোচনা করার প্রয়োজন তাঁরা বোধ করেননি। ওখানে সি, এম, ডি, এ-র মিঃ চক্রবর্তী বলে যিনি আছেন তিনি ট্রেড ইউনিয়নের মধ্যে দ্বন্দ্ব সৃষ্টি করাতে চাচ্ছেন। আমি অনুরোধ জানাচ্ছি এই কারখানার হেড অফিস যাতে ট্রান্সফার না হয় এবং ওই ৪/৫০০ কর্মচারী যাতে ছাঁটাই না হয় সেদিকে দৃষ্টি দিন।

**শ্রীউমাপতি চক্রবর্তী:** মাননীয় স্পীকার মহাশয়, আমি গত ২রা মার্চ এই সভায় চন্দ্রকোনা পৌরসভার কর্মচারীদের বিষয় উল্লেখ করেছিলাম এবং আজকে পুনরায় সেই প্রসঙ্গটি উল্লেখ করছি। চন্দ্রকোনা পৌরসভার কর্মচারীদের পৌর কর্তৃপক্ষ বর্ধিত বেতন দিচ্ছেননা উপরন্তু তাঁদের হুমকি দিচ্ছেন, ওয়েজ ফ্রিজ করে দিচ্ছেন এবং ডিমোসন করা হচ্ছে। গত ৬ই মার্চ সেই কর্মচারীদের মধ্যে একজনকে শোকজ করা হয়েছে এবং আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে তাকে গ্রেপ্তার করা হয়েছে। পৌর কর্তৃপক্ষ যেভাবে অত্যাচার করছেন আমি তার প্রতি পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[2-40—2-50 P. M.]

**শ্রীশৈলেন্দ্রনাথ চ্যাটার্জি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি ম্যননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজ প্রায় ৬ দিন হয়ে গেল

শেওড়াফুলি অঞ্চলে উমাপদ মুখার্জির পুত্র প্রদীপ মুখার্জিকে পাওয়া যাচ্ছে না। শ্রীরামপুরের পুলিশ প্রশাসনকে জানানো সত্ত্বেও এখনও পর্যন্ত তিনি মৃত কি জীবিত তার কোন সন্ধান পাওয়া যাচ্ছে না। এই ব্যাপারটি এস.ডি.ও-কেও জানানো হয়েছে। জীবিত অবস্থায় তার দেহকে বের করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে মাননীয় কৃষি ও শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিছুক্ষণ আগে এই সভাতে সেটা নিয়ে মাননীয় কৃষি মন্ত্রী যে প্রশ্নের উত্তর দিলেন সেটা সম্পূর্ণ অসত্য। বিধান চন্দ্র কৃষি বিশ্বালয়ের ভেটেরেনারী কলেজটি বিগত ৬ মাস সুষ্টুভাবে চলছে এবং সেখানে ভালভাবে ক্লাস চলছে, এই কথা তিনি বললেন। আমি তাঁর বক্তব্যকে চ্যালেঞ্জ করছি, তার কথা সম্পূর্ণ অসত্য। বিগত ৬ মাস ধরে ঐ ভেটেরেনারী কলেজের পড়ুয়া ছাত্ররা কোন ক্লাস করার সুযোগ পাচ্ছে না। আমার কাছে লেটার আছে, সুব্রত মুখার্জি মহাশয় যে কথা বললেন, প্রশ্নোত্তরের মাধ্যমে সেই কথা ঠিক এবং এবং কৃষি মন্ত্রী যে কথা বললেন সেটা সম্পূর্ণ অসত্য। কারণ দেখতে পাচ্ছি চ্যান্সেলার এই ব্যাপারে ইন্সট্রাকসন দেওয়া সত্ত্বেও সে কাজ হয় নি। আমি সেই লেটারের মেমো নং বলে দিচ্ছি—৫৩৫১ অব ৭।৪।৮২। এবং গভর্ণমেণ্ট থেকেও অনুরূপভাবে একটা চিঠি দেওয়া হয়েছিল—জি.ও. নং ১১৪৩ ডেটেড ১৫।৭।৮২। মোহনপুরের ভেটেরেনারী কলেজটি যাতে সুষ্ঠুভাবে চলে বেলগাছিয়া থেকে মোহনপুরে ভেটেরেনারী কলেজটি স্থানান্তরিত করে যাতে সুষ্ঠুভাবে চলে তার জন্য ব্যবস্থা নেওয়ার কথা হয়েছিল। কিন্তু তা হয় নি। আমি কৃষি মন্ত্রীকে অনুরোধ করবো যে তিনি যেন তাঁর বক্তব্য শুধরে নেন, এবং এই কলেজটি যাতে সুষ্ঠুভাবে চলে তার ব্যবস্থা করেন।

**শ্রীউপেন্দ্র কিসকু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন বাঁকুড়া জেলায় আরামবাগ-বাঁকুড়া, ফুলকুশমা—বাঁকুড়া, ঝিলিমিলি—বাঁকুড়া, শালতোড়া—বাঁকুড়া এই সমস্ত রাস্তাগুলি দীর্ঘ দিন যাবত কোন রকম মেরামত হয় নি। বাস একেবারেই চলতে পারে না। আমি পূর্তমন্ত্রীকে অনুরোধ করছি এই রাস্তাগুলি যাতে মেরামত হয় তার জন্য তিনি যেন অর্থ বরাদ্দ করেন।

**শ্রীধীরেন্দ্র নাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, বিষয়টি আমি মূলতবী প্রস্তাবের মাধ্যমে বলতে চেয়েছিলাম, কিন্তু সে সুযোগ আমি পাইনি, তাই আমাকে এখন উল্লেখ করতে হচ্ছে।

পশ্চিম দিনাজপুর জেলার কালীয়াগঞ্জ থানার তরঙ্গপুর গ্রামের একটি পীরস্থানের কিছু সম্পত্তি দীর্ঘ দিন ধরে সি, পি, এম ক্যাডাররা দখল করে রেখেছে। সম্প্রতি পীরস্থানের মাজারের লাগোয়া

পীরস্থানের খানিকটা জায়গা সি, পি, এম-এর স্থানীয় পঞ্চায়েৎ সমিতির সদস্য ইচ্ছাকৃতভাবে দখল করে একটা ছোট ঘর তুলে সেখানে ঘুঁটে ইত্যাদি ধর্মে আঘাত হানে এমন সব জিনিষ-পত্র দিচ্ছে। হিন্দু মুসলমান নির্বিশেষে স্থানীয় জনসাধারণ ঐকাজে বাধা দানের চেষ্টা করে প্রতিবাদ করে এবং তারা তাকে ঐ ধরণের কাজ থেকে বিরত থাকতে বলে। এর ফলে সেখানে বচসার সৃষ্টি হয়। পরবর্তীকালে সি. পি. এম. ক্যাডাররা আর কোন উপায় না দেখে এস. ডি. ও.-র শরণাপন্ন হয়। তখন এস'ডি.ও. আন্দোলনকারীদের কয়েক-জনকে ডেকে ( জনসাধারণের কয়েক-জনকে ) বলেন যে, 'তোমাদের সি.পি.এম. ক্যাডারদের কাছে ক্ষমা চাইতে হবে। 'জনসাধারণকে ক্যাডারের কাছে ক্ষমা চাইতে হবে ! এর ফলে জনসাধারণের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। এব্যাপারে আমার দাবী হচ্ছে, ঐ মহকুমা শাসককে তাঁর ঐ বক্তব্যের জন্য জনসাধারণের কাছে অবিলম্বে ক্ষমা প্রার্থনা করবার জন্য প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হোক।

**শ্রীরবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি জনস্বাস্থ্য ( ইঞ্জিনিয়ারিং ) বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া থানার সুদূর গ্রামাঞ্চলে আজকে পানীয় জলের অভাবে হাহাকার পড়ে গেছে। ওখানে যেসমস্ত টিউবওয়েলগুলি ছিল সেগুলি নষ্ট হয়েগেছে। গরম পড়ে গেছে, ফলে জলকষ্ট দেখা দিয়েছে এবং ইতিমধ্যে-ই গ্রামে পক্স আরম্ভ হয়েছে। মানুষ পুকুরের জল খাচ্ছে। তাই আমি আপনারা মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে ঐ বিস্তীর্ণ অঞ্চলে নতুন করে টিউবওয়েল করার ব্যবস্থা যদি না করা হয়, তাহলে মানুষ মারা পড়বে। ইতিমধ্যেই পুকুরের জল খেয়ে পক্স আরম্ভ হয়ে গেছে। এর পর আরো রোগ দেখা দেবে।

**শ্রীকাশিনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩/৩/৮৩ তারিখে বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজের ডাক্তার কল্যাণ চ্যাটার্জী, রেসিডেনসিয়াল ফিজিসিয়ান এবং তাঁর স্ত্রী ডাঃ জয়শ্রী চ্যাটার্জী, তাঁদের বাড়িতে ডাকাতি হয়ে গেছে। ঐ দিন রাতে ডাঃ কল্যাণ চ্যাটার্জী আর. পি, হিসাবে কল বুকে একটা কল পান আর একজন ডাক্তার ডাঃ সিন্‌হা অসুস্থ হয়ে পড়েছেন। তিনি কলে চলে যাবার পরেই কয়েক-জন দুস্কৃতকারী তাঁর কোয়ার্টারে প্রবেশ করে তাঁর স্ত্রী ডাঃ জয়শ্রী চ্যাটার্জীর সমস্ত গহনা-গাটি এবং অন্যান্য জিনিষ-পত্র লুঠপাট করে। সেদিন তাঁরা বেতন পেয়েছিলেন, সেই বেতনের টাকা পর্যন্ত নিয়ে গেছে। ডাঃ জয়শ্রী চ্যাটার্জী তাদের প্রথমে বাধা দিয়েছিলেন, তারা ভদ্রমহিলার গলায় খুর ধরে এবং তাঁর গলা কিছুটা কেটে যায়। ( শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় ঃ কতটা ? ) কতটা মাপি-নি। এই ঘটনার পরে ডাঃ কল্যাণ চ্যাটার্জী কোয়াটারে ফিরে আসেন।

[2-50—3-00 P.M.]

ফিরে এসে বাড়ীতে ঢুকতে যাচ্ছেন এমন সময় তার বুকে পাইপগান ধরা হয় এবং বলা হয় কোন কথা বললে বা চিৎকার করলে শেষ করে দেওয়া হবে। স্যার, তাঁর স্ত্রী ভয়ে সমস্ত জিনিষ দিয়ে দিয়েছে এবং গলা কাটা অবস্থায় সে হাসপাতালে গিয়েছে, সেখানে তার ট্রিটমেণ্ট হচ্ছে। স্যার, হাসপাতালের এই রকম দুরাবস্থার ফলে কোন ডাক্তারবাবু রোগী দেখতে যেতে সাহস পাচ্ছেন না। সেখানে কোন নিরাপত্তা নেই, তাদের কোয়ার্টারেও নিরাপত্তা নেই। স্যার, এই অবস্থার প্রতি আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, জাতীয়করণ-কৃত এবং অন্যান্য বানিজ্যিক ব্যাংকগুলি এমনভাবে অসহযোগিতা করছেন এবং দীর্ঘসূত্রতার রাস্তা নিয়েছেন যাতে গ্রামীণ উন্নয়ন পরিকল্পনা বিশেষ করে স্পেশ্যাল কমপেনেণ্ট প্ল্যান বানচাল হয়ে যেতে বসেছে। এর অর্থ হচ্ছে সিডিউল কাষ্ট এবং সিডিউল ট্রাইবসদের স্বার্থহানি হওয়া। আমাদের সরকারের তরফ থেকে যে সমস্ত স্কীম মঞ্জুর করে দেওয়া হচ্ছে এবং সেখানে যাদের লোন প্রোপোজাল দিয়ে টাকা নেবার জন্য ব্যাংকের কাছে পাঠানো হচ্ছে, সেখানে নিয়মমাফিক যেগুলি এক মাসের মধ্যে ডিসপোজ অফ করা উচিত সেগুলি ৯ মাস ৬ মাস তো বটেই এক বছরের মধ্যেও তারা করছেন না। তার ফলে আমাদের পশ্চিমবঙ্গের বহু সিডউল কাষ্ট এবং সিডিউল ট্রাইবস ক্ষতিগ্রস্ত হচ্ছেন। এর একটা বিহিত হওয়া দরকার। আমি মাননীয় তপশীলী এবং আদিবাসী কল্যাণ মন্ত্রী, অর্থ ও উন্নয়ন মন্ত্রী এবং বানিজ্যিক ব্যাংকগুলির দৃষ্টি স্যার, আপানার মাধ্যমে এ দিকে আকৃষ্ট করছি।

**শ্রীমাধবেন্দু মহান্তঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পরিবহণমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কোলকাতা-পলাশীপাড়া ভায়া তেহট্ট রুটে একটি ষ্টেট বাস চলে যেটি সকাল ৮টায় ছেড়ে ওখানে গিয়ে পৌছায় ১১টা ১১৷৷ টায় এবং সেখান থেকে আবার ১২টা ৫০ মিনিটে ছাড়ে। স্যার, পলাশীপাড়া তেহট্ট ব্লক টু'র একটি গঞ্জ এলাকা। এখানে সকালের দিকে কোন ষ্টেট বাস না থাকায় কৃষ্ণনগর সদর এবং কোলকাতার সঙ্গে যোগা-যোগের ব্যাপারে খুবই অসুবিধা হয়। সেখানে প্রাইভেট বাস যা আছে তা খুবই ধীরগতিতে চলে। মাননীয় পরিবহনমন্ত্রীমহাশয়ের কাছে আমার অনুরোধ, কোলকাতা এবং কৃষ্ণনগরের সঙ্গে যোগাযোগের জন্য ঐ রুটে পলাশীপাড়া থেকে একটি ষ্টেটে বাস সকালের দিকে দেওয়া হোক।

**Shri Rajesh Khaitan :** Mr. Speaker, Sir, I wish to draw the attention of the Hon'ble Chief Minister through you that during the debate on the

Governor's Address it was mentioned on behalf of the Treasury Bench that the financial institutions and banks are shy in investing money in West Bengal. Now, Sir, there is a Self Employment Scheme in West Bengal which is failing, if not already failed. There are two difficulties which are being faced by the unemployed youth in West Bengal. One is that after the permit is issued by West Bengal Government no steps are taken by the Government to find out whether in fact the bank is giving finance to the unemployed youth to get the truck or the mini bus in order to ply, and the banks do not bother when the unemployed youth approach them and if they bother it is only upon the pressure of the Government and this takes time to get such financial assistance being obtained.

Therefore, Sir, I would most humbly submit to you that in the interest of the scheme being successful a Committee be formed by the Government to see on which date the permit is issued, on which date the bank gives the money and, if not, what are the reasons for which banks are not giving the money, otherwise the scheme will fail and the unemployed youth will remain unemployed and the purpose for which permits are being issued will be meaningless.

Thank you.

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধমে মাননীয় শ্রমমন্ত্রীর একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার বিড়ি শ্রমিকদের অবস্থা অত্যন্ত সংগীন এবং অবর্ণনীয় অবস্থার মধ্যে হাজার হাজার বিড়ি শ্রমিক আজকে ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেখানে বহু বিড়ির কারখানা আছে। সেই কারখানাগুলি আজকে বন্ধ হয়ে গেছে এবং সেখানে বিড়ির কারখানার মালিকরা মিনিমাম ওয়েজেস এ্যাক্ট অনুসারে শ্রমিকদের যে দেয় বেতন সেটা তারা দিচ্ছে না। এর ফলে বহু কারখানায় আজকে ধর্মঘট এবং বহু কারখানা বন্ধ করে দিয়েছে। এই অবস্থায় আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব বিষয়টি তিনি হস্তক্ষেপ করুন। এটা যদি হস্তক্ষেপ না করা হয় তাহলে খরার বাজারে বাঁকুড়া জেলার হাজার হাজার বিড়ি শ্রমিক অনাহারে মৃত্যুমুখে পতিত হবে। কাজেই অবিলম্বে তাঁর হস্তক্ষেপ প্রার্থনা করছি।

**শ্রীশীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্য এবং সরবরাহ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিভিন্ন জেলার বর্ডার এরিয়া থেকে এক মাইলের

মধ্যে কোন রকম ধান ভাণ্ডার লাইসেন্স দেওয়া হচ্ছে না। এই সমস্ত খোঁজ খবর নিতে গিয়ে দেখা গেল যে পশ্চিমবঙ্গ সরকারের নির্দেশ আছে যে বর্ডার এরিয়া থেকে অর্থাৎ বীরভূম বর্ডার, মুর্শিদাবাদ বর্ডার ইত্যাদি এইরকম সব বর্ডারেই এক রকম হে এক মাইলের মধ্যে দেওয়া হবে না। সুতরাং আমার বক্তব্য হচ্ছে, বীরভূমও পশ্চিমবঙ্গ, মুর্শিদাবাদও পশ্চিমবঙ্গে, বর্ধমানও পশ্চিমবঙ্গে, এটা কোন পাকিস্তানেও নয়, বা আফগানিস্তানেও নয়। কাজেই এইরকমভাবে আইনের এত কচকচানি এবং কড়াকড়ি যদি থাকে তাহলে জেলার বর্ডার এলাকার লোকেরা, এরা অন্ততঃ ২ মাইলের ফেরে পড়ে যাচ্ছে। কাজেই খাদ্য ও সরবরাহ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় এবং পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে কংগ্রেসী আমলে তাদের জঙ্গলের রাজত্বে যে আইন ছিল সেই আইন কি বর্তমানে জনপ্রিয় সরকারের আমলেও চলবে? এই আইন পরিবর্তন করা দরকার বলে মনে করি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে দমকলের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের একটি. গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আরামবাগ মহকুমা শহরে কোন ফায়ার ব্রিগেড না থাকার জন্য বিগত কয়েক বছর ধরে বহু দুর্ঘটনা ঘটছে। সেখানে যে সব আগুন লাগছে সেটা নেভাবার কোন উপায় নেই। এখান থেকে ৮০ কিলোমিটার দূরে শ্রীরামপুরে গাড়ী করে এসে ফায়ার ব্রিগেডকে খবর দিতে হয় এবং তারপরে আগুন নেভাবার চেষ্টা করা হয়। এই রকম দুর্ঘটনার হাত থেকে বাঁচাবার আর কোন উপায় নেই। সে জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে অবিলম্বে আরামবাগে একটি ফায়ার ব্রিগেড করা হোক। কংগ্রেস আমলে এই ব্যাপারে একটা পরিকল্পনা নেওয়া হয়েছিল। কিন্তু জানিনা বামফ্রন্টের আমলে কেন সেই পরিকল্পনা ধামাচাপা পড়লো। যাইহোক, ৬ বছর হয়ে গেছে, এখন যাতে আরামবাগে একটি ফায়ার ব্রিগেড করা হয় এবং এই বিষয়ে যাতে মন্ত্রী মহাশয় হস্তক্ষেপ করেন সেই অনুরোধ করছি।

**শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। কৃষ্ণনগর সিটি জংশন স্টেশনে প্রায় হাজার হাজার যাত্রী যাতায়াত করে। কিন্তু সেই প্লাটফরমের একদিকে একটি ওভার ব্রীজ থাকার জন্য যাত্রীসাধারণের খুবই কষ্ট হয়। রেলওয় কর্তৃপক্ষ প্রতি বছরই ভাড়া বৃদ্ধি করছেন, কিন্তু তারা যাত্রীসাধারণের সুযোগসুবিধার দিকে নজর দিচ্ছেন না। তাই, এই প্লাটফর্মে যাতে আর একটি ওভার ব্রীজ হয় তারজন্য আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি তিনি যাতে উদ্যোগী হয়ে রেলমন্ত্রী সংগে যোগাযোগ করেন।

[3-00—3-10 P.M.]

**শ্রীসমর মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধমে আমি 'মালদহ জেলার 'সামসি' রেগুলেটেড মার্কেট সম্পর্কে সংশ্লিষ্ট বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে

চাই। ১৯৭২ থেকে '৭৭ সালে ৫০ লক্ষ টাকা ব্যয় করে কৃষি উৎপাদন সামগ্রী বিক্রির ব্যবস্থার জন্য সামসি রেগুলেটেড মার্কেট তৈরী হয়েছিল। বর্তমান সরকার সামসি রেগুলেটেড মার্কেটকে সম্পূর্ণ অকেজো রেখে ওখানকার কিছু ব্যবসায়ী কাছ থেকে সি. পি. এম-এর কিছু দালাল, গুণ্ডা, নেতা টাকা আত্মসাৎ করছে। অথচ এই সরকার বলেন যে, এই সরকার কৃষকদের সরকার, শ্রমিকদের সরকার, মেহনতী মানুষের সরকার! কিন্তু আমরা দেখতে পাচ্ছি এক শ্রেণীর অসাধু ব্যবসায়ীর সংগে সি. পি. এম. নেতাদের আঁতাতের ফলে ৫০ লক্ষ টাকা খরচ করে যে বাজার করা হয়েছিল তা ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষকরা পাট রেগুলেটেড মার্কেটে নিয়ে এসে বিক্রি করলে ন্যায্য দর পেতে পারে, কিন্তু আজকে ঐ রেগুলেটেড মার্কেট চালু না থাকার জন্য মহাজনরা এবং ফড়েরা কৃষকদের বঞ্চিত করে খুব কম দামে কৃষকদের কাছ থেকে পাট কিনে নিচ্ছে। শুধু পাটই নয়, কলাই ভুট্টা ইত্যাদি অন্যান্য কৃষিজাত দ্রব্যও কম দামে কিনে গুদামজাত করছে। এটা সি. পি. এম. কংগ্রেসের ব্যাপর নয়, এটা গরীব কৃষকদের বাঁচাবার ব্যাপার। গরীব কৃষকদের স্বার্থে যে রেগুলেটেড মার্কেট তৈরী করা হয়েছে, সেই মার্কেটকে কৃষকদের স্বার্থে ব্যবহার করার ব্যবস্থা করতে হবে। সাধারণ কৃষকরা উৎপাদনের জন্য যে টাকা ব্যয় করছে তা যাতে তারা উপযুক্ত পরিমাণে ফেরত পায়, যাতে তারা অন্ততঃ নুন ভাত খেয়ে বেঁচে থাকতে পারে সেই ব্যবস্থা করার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে দাবী জানাচ্ছি।

**শ্রীচিত্তরঞ্জন বিশ্বাস :** মাননীয় স্পীকার মহাশয়, নদীয়া জেলার করিমপুর থানার কলা চাষীরা একটা দারুণ সংকটের মধ্যে পড়েছে। স্পীকার স্যার, আপনি জানেন কলা চাষ এখন একটা অর্থকরী ব্যবসা, ফলে কৃষকরা কলা চাষে বিশেষ উৎসাহিত হয়েছে। নদীয়া জেলার করিমপুর থানায় বহু ছোট ছোট কলা চাষী আছে, অল্প জমিতে এরা কলা চাষ করে এবং স্থানীয় ব্যাঙ্কগুলি থেকে ঋণ নিয়ে এরা কলা চাষ করছে। অথচ আজকে এই কলা চাষীরা প্রচণ্ড আর্থিক সমস্যার মধ্যে পড়েছে। কারণ হঠাৎ কলা গাছগুলি শুকিয়ে যাচ্ছে। এমন একটা রোগ দেখা দিয়েছে যে, কলাগুলি ছোট ছোট অবস্থায় থাকাকালীন সেগুলিকে বুকে করেই কলাগাছগুলি শুকিয়ে যাচ্ছে। ফলে জলের দরে ঐ সমস্ত কলা বিক্রি হচ্ছে। এর ফলে চাষীরা তাদের ব্যাঙ্কের ঋণ শোধ করতে পারছে না। অথচ ব্যাঙ্কের ঋণ শোধ করতে না পারলে তারা তাদের বন্ধক রাখা জমি হারাবে এবং নিঃস্ব হয়ে যাবে। সেইজন্য আমি বিষয়টির প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের, অর্থাৎ কৃষি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি অবিলম্বে এব্যাপারে যথাযথ অনুসন্ধান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।

**ডাঃ সুকুমার রায় :** মাননীয় স্পীকায় মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুতর বিষয়ের প্রতি দু'জন মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দুর্ভাগ্যের বিষয় তাঁদের মধ্যে একজনও আজকে এখানে উপস্থিত নেই। পুরুলিয়া জেলার সদর হাসপাতালের দুর্গতির কিছু

অংশের কথা আমি এখানে বলতে চাইছি। সবটা বলা যাবে না, তাই আমি কিছুটা বলছি। ৩৫০ শয্যাবিশিষ্ট এই হাসপাতালে মানুষ এবং কুকুর এক সঙ্গে থাকে এবং ইনফেকটেড বার্ণ কেসের সঙ্গে post operative কেস এক সঙ্গে থাকে। সব চেয়ে দুর্ভাগ্যের বিষয় হচ্ছে, আজ দেড় বছর ধরে ওখানে একজন কোয়ালিফায়েড এ্যানেসথেসিস্ট নেই। এর ফলে বড় বড় অপারেশনের জন্য সার্জেন থাকা সত্বেও রোগীদের রঁাচীতে পাঠাতে হচ্ছে। বাঁকুড়া হাসপাতালে পাঠাতে সম্মানে লাগে, তাই রঁাচীতে পাঠায়। রঁাচী তো আর জানেন না যে ওখানে কোয়ালিফায়েড এ্যানাসথেসিস্ট নেই। পুরুলিয়া সদর হাসপাতালটি দেবেন মাহাতো হাসপাতাল বলে পরিচিত। সেখানে এই যে অব্যবস্থা চলছে এই অব্যবস্থার প্রতিকার করার জন্য এই দপ্তরের যে দু'জন মাননীয় মন্ত্রী মহাশয় আছেন তাদের দৃষ্টি আকর্ষণ করছি। যেখানে স্পেসিফিকেসান অনুযায়ী ডাক্তার, স্পেসিফিকেসান অনুযায়ী নার্সিং স্টাফ থাকার দরকার তা নেই। সর্বোপরি কোয়ালিফায়েড এ্যানাসথেসিষ্ট নেই। ন্যাশনাল প্রোগ্রাম ইমপ্লিমেণ্ট করার জন্য নার্সের সহায়তা নেওয়া হচ্ছে, জি. ডি. এর সহায়তা নেওয়া হচ্ছে। সুতরাং এই সমস্ত কাজগুলি যাতে না হয় তারজন্য দৃষ্টি দিতে অনুরোধ করছি এবং সত্বর এই ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য বলছি।

**শ্রীকৃষ্ণধন হালদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেসী দল যখন বিরোধীপক্ষে গেল আজ প্রায় ৬ বছর ধরে বিশেষ করে যখন ইন্দিরা গান্ধী ক্ষমতায় এলেন তখন থেকেই ডাকাতির সংখ্যা বেড়ে গেছে। তাঁরা এখন পাঁঠার রক্ত জামা-কাপড়ে ভিজিয়ে এনে এখানে দেখান গ্রামে কংগ্রেসীরা খুন হয়েছে। আমার নির্বাচন এলাকা হ'ল ২৪ পরগণা জেলার কুলপি এলাকা। এখানে একজন কংগ্রেস-ই নেতা বামাল ধরা পড়েছে ডাকাতি করতে গিয়ে। তিনি হচ্ছেন, প্রাক্তন কংগ্রেস-ই চীফ্ হুইফ হংসধ্বজ ধাড়ার ভাইপো। তার ঘর থেকে পুলিশ বন্দুক, বোমা এবং আরোও ডাকাতি করা জিনিসপত্র, অলঙ্কার ইত্যাদি এইসব বের করেছে এবং তাকে গ্রেতার করেছে। কিন্তু কংগ্রেস মহল থেকে তাকে ছাড়াবার জন্য নানা-রকম পুলিশের উপর প্রভাব বিস্তার করার চেষ্টা চলেছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়কে বলছি, এখন যেখানেই ডাকাতি হচ্ছে, দেখবেন ওরা নিজেরাই ডাকাতি করছে। এই হংসধ্বজ ধাড়ার ভাইপোর নাম হচ্ছে ভবতারন ধাড়া। আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন, তিনি হচ্ছেন একজন প্রাইমারী স্কুলের শিক্ষক। তার এই সমস্ত কাণ্ড দেখে স্থানীয় এলাকার মানুষ স্তম্ভিত। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই কংগ্রেস-ই দলের এই জঘন্য কাজের জন্য তীব্র নিন্দা করা উচিত।

**শ্রীশুভেন্দু মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গড়বেতা থেকে কলকাতা, চন্দ্রকোনা থেকে কলকাতা এবং ঝাড়গ্রাম থেকে কলকাতা যে একটি করে ষ্টেট বাস লং-রুটে দেওয়া হয়েছে, এখন তার এমন অবস্থা হয়েছে যাত্রীরা দাঁড়িয়ে পর্যন্ত আসতে পারে না। আমরা যারা বিধানসভার

সদস্য ঐ রুট দিয়ে যাতায়াত করি উঠতে পারি না। ফলে আমাদের খুব অসুবিধা হচ্ছে এবং তার সাথে সাথে যাত্রীদেরও অসুবিধা হচ্ছে। আমার মনে হয় ঐ রুটগুলিতে সরকারের নিশ্চয়ই লাভ হয়। সুতরাং প্রত্যেকটি রুটে যদি আরোও একটি করে বাস দেওয়া হয় তাহলে আমার মনে হয় যাত্রী সাধারণের কিছুটা সুবিধা হয়। চন্দ্রকোনা রোড, গড়বেতা এবং ঝাড়গ্রাম থেকে যে বাসগুলি ঘাটালে আসে সেগুলিতে এত ভীড় হয় যে ঘাটালের কোন প্যাসেঞ্জার উঠতে পারে না। ঘাটাল হচ্ছে একটা মহকুমা শহর। অনেক লোক নিত্য যাতায়াত করে এই ৩টি রুট দিয়ে। সুতরাং আরোও একটি করে বাস যাতে দেওয়া হয় এবং বিধানসভার সদস্যরা যাতে আসতে পারেন তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[3-10—3-20 P. M.]

**শ্রীএম. আনসারউদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন গত ৪ তারিখে কংগ্রেসের কিছু গুণ্ডা লিণ্ডসে ষ্ট্রীটের তন্তুজের দোকান ভাংচুর করে। তারই প্রতিবাদে আজকে কিছু তন্তুজের কর্মী বাংলার তাঁত শিল্পকে বাঁচাবার জন্য এবং তাদের নিরাপত্তার জন্য ডেপুটেশনে এসেছেন। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি যেন তাঁদের সঙ্গে সাক্ষাত করেন, কারণ তাঁরা তাঁদের বক্তব্য তাঁর কাছে রাখবেন।

**শ্রীশান্তিরাম মাহাতো :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ বছর খরা সকলেই জানেন, কিন্তু পুরুলিয়ায় খরার অবস্থা যে কি রকম তা ওখানে গিয়ে না দেখলে আপনারা বুঝতে পারবেন না। পানীয় জলের যে হাহাকার পড়ে গেছে এবং একটা দারুন সঙ্কটজনক অবস্থার মধ্যে দিয়ে চলেছে। সরকার যদি ঠিকমত নজর না দেন তাহলে দেখা যাবে পানীয় জলের অভাবে মানুষ মরতে বসেছে। আজকে সব গ্রামেই কুয়ো শুকিয়ে গেছে, তারপর যেসব নলকূপ বসানো হয়েছিল—অনেক গ্রামেই নলকূপ নেই—যে সব গ্রামে আছে তারও বেশীরভাগ অকেজো হয়ে গেছে। নলকূপের ব্যাপারেও আমি কয়েকটি কথা বলতে চাই, নলকূপের যে ডিপার্টমেন্ট রয়েছে সেটাই হচ্ছে আমাদের সরকারের দুর্নীতির একটা বড় আখড়া। যে সমস্ত নলকূপ বসানো হয়েছিল তার বেশীর ভাগই ধ্বস নেমে অকেজো হয়ে পড়েছে, তাতে জল পাওয়া যাচ্ছে না। কাজেই সরকার যদি এই অবস্থায় সেদিকে দৃষ্টি না দেন তাহলে পানীয় জলের অভাবেই মানুষ মারা যাবে। সেজন্য আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে মানুষের সুবিধার জন্য পানীয় জলের ব্যবস্থা করা হয়। তা না হলে এই খরা কবলিত মানুষদের বাঁচাতে পারা যাবে না।

**শ্রীশচীন সেন :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ আমি করছি। মালদা এফ. সি. আই. গোডাউনের একটি শ্রমিক কে নৃশংষভাবে হত্যা করা হয়েছে। কংগ্রেস

( আই )-এর গুণ্ডা বিশ্বনাথ গুহ, তার নির্দেশে তার সাঙ্গপাঙ্গরা গুদামের মধ্যে ঢুকে এ. আই. টি. ইউ. সি'র একজন শ্রমিককে হত্যা করেছে। এফ. আই. আরে তার রিপোর্ট দেওয়া হয়েছে। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যাতে অবিলম্বে ওদের গ্রেপ্তার করা হয়। এ. আই. টি. ইউ. সি'র শ্রমিক হত্যাকারী এবং তার সাঙ্গপাঙ্গদের যাতে অবিলম্বে গ্রেপ্তার করা হয় সেজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্ত্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পাণ্ডুয়া প্রাথমিক স্বাস্থ্য-কেন্দ্রের কিছু জায়গা আছে। সেই জায়গা কতকগুলি লোক বেআইনী দখল করে বসে আছে। তাদের ব্যবসা করার জায়গা হিসেবে তাদের সমস্ত জিনিষপত্র নিয়ে তারা জোর করে দখল করে বসেছে। আমাদের গ্রামীন স্বাস্থ্য বিভাগের মন্ত্রী যিনি আছেন তিনি যেন অবিলম্বে ঐ জায়গাটার বাউনডারী ঘিরে দেন। তা না হলে পরবর্তীকালে হাসপাতালের ঐ জায়গা দখল হয়ে গেলে অসুবিধার সৃষ্টি হতে পারে। অবিলম্বে যাতে ঐ জায়গাটি ঘেরা হয় তার জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীলালবিহারী ভট্টাচার্য্য :** মিঃ স্পীকার স্যার, গত ৪ তারিখে বাঁকুড়া জেলার বড়জোড়া থানার মালিয়ারী গ্রামে আমাদের ছেলেরা যখন ওয়ারিংয়ের কাজ করতে যাচ্ছিল তখন কংগ্রেস ( আই )-এর নির্দেশে দুই জন সমাজ বিরোধী যাদের নামে প্রচুর গ্রেপ্তারী পরোয়ানা আছে—যার নাম নোনে, ওরফে বাসুদেব ধীবর এবং তার বন্ধু সুভাষ ধীবর, তারা বাধা সৃষ্টি করে। পঞ্চায়েত নির্বাচনের আগেই তারা এই রকম সন্ত্রাস সৃষ্টির চেষ্টা করছে। আমরা সব জায়গায় রিপোর্ট করেছি এবং আপনার কাছে একটি দরখাস্ত দিচ্ছি। আমি আশা করব মুখ্যমন্ত্রী মহাশয় যাতে এই সমাজ-বিরোধীরা গ্রেপ্তার হয় তার ব্যবস্থা করবেন।

**শ্রীসুভাষ বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় তাঁর গোচরে আনতে চাই যাতে তিনি কেন্দ্রীয় সরকারকে এ বিষয়ে বিবেচনা করতে বলেন। কেন্দ্রীয় সরকারের একটি সংস্থা সাইকেল ইণ্ডিয়া লিমিটেড কল্যাণী, কল্যানপুর এবং নরেন্দ্রপুরে অবস্থিত। হঠাৎ নির্দেশ এসেছে তাঁরা কতকগুলি সংস্থা তুলে নেবে। ফলে সেইসব মাল পাঞ্জাব থেকে কম্পোনেণ্টস আসবে এবং তার ফলে পশ্চিমবাংলা আর্থিক দিক থেকে সঙ্কটে পড়বে, পাশাশাশি কয়েক শত শ্রমিক ছাঁটাই হয়ে যাবে। তাঁদের বলছে কিছু টাকা দিচ্ছি ভলেনটিয়ারী রিটায়ার কর—পর্যাপ্ত ছাঁটাই করবো। আর একটি প্রভোলন দেখাচ্ছে যে রূপনারায়ণপুরে তাঁদের নিয়োগ করবার চেষ্টা হবে। যখন বেকারে বেকারে ছেয়ে যাচ্ছে পশ্চিমবঙ্গ

তখন কয়েক শত শ্রমিককে নতুন করে ছাঁটাই করবার ষড়যন্ত্র করছে কেন্দ্রীয় সরকার এবং ঐ সংস্থার কর্তৃপক্ষ। তাই বলতে চাই হয়তো পাঞ্জাবে কেন্দ্রের অথবা ঐ অফিসারদের কারখানা আছে সেখান থেকে মাল আনতে চাইছে এবং শ্রমিক ছাঁটাই করতে চাইছে। যাতে ছাঁটাই বন্ধ এবং পশ্চিমবঙ্গকে আর্থিক সঙ্কটে ফেলবার যে ষড়যন্ত্র চলছে যাতে বন্ধ হয় তার জন্য দাবী করছি এবং বিষয়টি অবিলম্বে কেন্দ্রীয় সরকারকে জানাবার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি।

**Shri Mohammad Ramjan Ali :** Mr. Speaker, Sir, on an earlier occasion I had drawn the attention of the Hon'ble P. W. D Minister and again today I would like to draw his attention on the same subject. Sir, the construction work of Kanki-Goagao via Chakalia Road has been going on for many years but only three k. ms of the said road have been completed and the rest remain incomplete. More over, there is no maintenance of the existing road. Sir, once you had gone there and the condition of the road is well known to you. Sir, I request you kindly to convey this to the Minister-in-Charge so that the construction work of the proposed road as well as the maintenance of the existing road may be made forthwith. Thank you, Sir.

## PERSONAL EXPLANATION

**Mr. Speaker :** Now Shri Pannalal Maji will give his Personal Explanation.

**শ্রীপান্নালাল মাজি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কয়েক দিন ধরে লক্ষ্য করছি যে বিরোধী দলের মাননীয় সদস্যরা তন্তুজের ব্যাপার নিয়ে যে ধরণের দায়িত্বজ্ঞানহীন এবং কাণ্ডজ্ঞান-হীন মিথ্যা ভিত্তিহীন কুৎসা প্রচার করে চলেছেন তা খুবই আশ্চর্যজনক। কারণ হচ্ছে যে মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকটি তথ্য আমি আপনার মাধ্যমে এই হাউসে পেশ করছি যা শুনলে সকলেই বুঝবেন যে এটা ওঁরা উদ্দেশ্য প্রণোদিতভাবে এনেছে এবং একটি ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। আমার বক্তব্যগুলি বলার দরকার হবেনা কারণ মাননীয় মুখ্যমন্ত্রী আমার বিরুদ্ধে ওঁরা যেসব কুৎসা গেয়েছে তার সঠিক ব্যাখ্যা ইতিপূর্বেই এই হাউসে দিয়েছেন। সেইজন্যই আর বিশেষ কিছু আর বলবার দরকার হবেনা। তা সত্বেও দুই একটি কথা উল্লেখ করা দরকার বলে আপনার মাধ্যমে হাউসের সামনে রাখছি। সেটা হচ্ছে বিরোধী দলের মাননীয় সদস্য সুব্রতবাবু একটি বিবৃতি দিয়েছিলেন।

তিনি ৮ কোটি টাকা আমার বিরুদ্ধে তছরূপের অভিযোগ করেছেন। কিন্তু তদন্ত রিপোর্টে তছরূপের ব্যাপার নেই। কোথা থেকে এঁরা এই সমস্ত পেলেন? আমার মনে হয় নিজেরা উদ্দেশ্য প্রণোদিতভাবে পরিকল্পিতভাবে ঠিক করে নিয়েছেন। তা ওঁরা উদ্দেশ্য প্রণোদিতভাবে করবেন, আমার বলার নেই। কিন্তু তথ্য যেটা সেটা হচ্ছে আমাদের ওয়ার্কিং ক্যাপিটাল যেটা গভর্ণমেণ্টের পার্টিসিপেশন ছিল ২ কোটি ৩৫ লক্ষ টাকা।

[3-20—3-30 P. M.]

আর প্রাইমারী সোসাইটি শেয়ার থেকে ৪ কোটি টাকা আর রিজার্ভ ব্যাংকে ক্যাশ ক্রেডিটে ছিল ১ কোটি ৬৫ লক্ষ টাকা। মোট সাড়ে ৪ কোটি থেকে ৫ কোটি টাকা আমাদের ক্যাশে ছিল। কিন্তু সেখানে আমরা বিজনেস করেছি ১৮ কোটি টাকার মতো। অর্থাৎ ৫ কোটি টাকা নিয়ে ১৮ কোটি টাকার বিজনেস করেছি এবং আমাদের নেট প্রফিট হয়েছে ৪৭ লক্ষ টাকা। অথচ মাননীয় সদস্য সুব্রত বাবু কাগজে বড় বড় করে বিবৃত দিলেন যে আমি নাকি ৮ কোটি টাকা তছরূপ করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাঁরা প্রচার করার চেষ্টা করেছেন যে আমি নাকি মহাজনের কাছ থেকে কাপড়-চোপড় কিনে থাকি। এটা যে কত বড় অসত্য কথা তা বলে বোঝানো যাবে না। এটা একেবারেই ভিত্তিহীন, এর কোন বাস্তব ভিত্তি নেই। ওঁরা এখানে এমন জিনিষ পান না যেটা প্রমাণ করতে পারবেন। ওঁদের সমস্ত কথাই বানানো। ১৯৭৬-৭৭ সালে আমাদের সদস্য সংখ্যা ছিল ৫১ জন এবং দোকান ছিল ৩০টি। সেই সময় আমাদের ট্রান ওভার ছিল ২ কোটি ৩৫ লক্ষ টাকা যেটা আমি আগেই বলেছি। আজকে আমাদের সদস্য ৭১১টি, প্রাইমারী সোসাইটির এবং ১১০টি শোরুম। মানে প্রাইমারী সোসাইটি সদস্যদের উৎপন্ন জিনিষ নিয়ে মারকেট করতে হবে। প্রবলেম তো মারকেটিংকে নিয়ে। মারকেট যদি না করতে পারি তাহলে তাঁতীদের কাজ কি করে দেব? আবার দাম এমন ভাবে রাখতে হবে, যাতে আমাদের গরীব মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে থাকে। সেইজন্য আমরা ১১০টি শোরুম করেছি এবং ট্রানওভার হচ্ছে ২১ কোটি ৩০ লক্ষ টাকা এবং ৭৬ লক্ষ টাকার মতো লাভ হবে।

( গোলমাল )

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে একটা তথ্য দিচ্ছি। ওঁরা কি কিছুই খোঁজ খবর রাখেন না? বিধানসভার সদস্য তো বুঝলাম, বুঝলাম যে ওঁরা ইন্দিরা কংগ্রেস পার্টির লোক, যে পার্টি জনসাধারণের দ্বারা পরিত্যক্ত, জনসাধারণ ওঁদের আর বিশ্বাস করেন না। তাই বলে কি খোঁজ খবরও রাখবেন না?

( গোলমাল )

কিন্তু নিজে যখন বলবেন তখন তো একটু খোঁজ-খবর নিয়ে, দায়িত্ব নিয়ে বলবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৮০-৮১ সালের সারা ভারতবর্ষের তাঁত শিল্পের অবস্থাটা কি সেটা আমি বলছি।

অন্ধ্রের এপকো সোসাইটি বিজিনেস করেছিল ৩০ কোটি ৬৯ লক্ষ টাকার। আর তাদের লোকসান হয়েছিল ৮০ লক্ষ টাকা। কোপটেক্স-এ তাদের বিজিনেস হয়েছিল ৭০ কোটি ৩২ লক্ষ টাকা এবং তাদের লাভ হয়েছিল ২৭ লক্ষ টাকা। আপনারা কুৎসা রটনা করবেন, মিথ্যা কথা বলবেন, আর আমাকে বলতে দেবেন না ? এই তো আপনাদের পার্টি, আমি জানি আপনাদের উদ্দেশ্য কি ?

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** Let him give the explanation

**শ্রীপান্নালাল মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন্ধ্রের এপকো ১৯৮০-৮১ সালে ৩০ কোটি টাকার ব্যবসা করেছে এবং লোকসান করেছে ৮০ লক্ষ টাকা এবং ১৯৮১-৮২ সালে ব্যবসা করেছিল ৩২ কোটি টাকা আর তাদের লাভ হয়েছিল ৯ লক্ষ টাকা। কোপটেক্স মাদ্রাজ ব্যবসা করেছে ৭০ কোটি টাকা এবং তাদের লাভ হয়েছে ১৭ লক্ষ টাকা। আর আমাদের পশ্চিমবাংলায় তন্তুজ ১৯৮০-৮১ সালে বিক্রি করেছি ১৮ কোটি টাকা এবং সেখানে লাভ হয়েছে ৪৩ লক্ষ টাকা। ১৯৮১-৮২ সালে বিক্রি করেছি ২০ কোটি ২৫ লক্ষ টাকা। আর সেখানে লাভ হয়েছে ৭৪ লক্ষ টাকা। এর পরে ওঁরা কোন্ তথ্যের উপর ভিত্তি করে এই ধরনের কুৎসা রটনা করছেন আমি জানি না।

( গোলমাল এবং ক্রমাগত বাধা )

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল সুব্রতবাবু এখানে বলেছেন যে জনতা শাড়ী নাকি পশ্চিম-বাংলার তাঁতে তৈরী হচ্ছে। এটা যে কতখানি মিথ্যা তাঁর প্রমাণ আমি এখানে রাখছি। আমাদের এখানে যে জনতা শাড়ী বিক্রি হয় তা সেণ্ট্রাল গভর্ণমেণ্ট এর দেয় সাবসিডির ভিত্তিতেই হয়ে থাকে। আমাদের যে সমস্ত বিক্রি করার ওয়েগুলি আছে হোলসেল কনজুমার্স সোসাইটি তার মধ্যে অন্যতম। পশ্চিমবাংলায় যতগুলি জেলা আছে, সমস্ত জেলায় হোলসেল কনজুমার্স' এর মধ্যে দিয়ে আমাদের রিটেল আউটলেট যেগুলি আছে ১১০টি শো-রুম তার মধ্যে দিয়ে বিক্রী করা হয়ে থাকে। এছাড়া স্টেট গভর্ণমেণ্ট এর সিদ্ধান্ত অনুসারে এম. আর শপ, রেশন শপের মাধ্যমে এবং মার্কেটিং সোসাইটি যেগুলি আছে তাদের মাধ্যমে বিক্রীর ব্যবস্থা আছে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** ইজ ইট এ পারসোন্যাল এক্সপ্লানেশান ? দিস ক্যান নট বি এ পারসোন্যাল এক্সপ্লানেশান।

**শ্রীপান্নালাল মাঝি ঃ** এবং সি. এই. বি. 'এর রিটেল শপের মাধ্যমে বিক্রি হয়।

( গোলমাল এবং বাধা )

মোট বিক্রি হয়েছে ৮ কোটি টাকা। সুব্রতবাবু এখানে অভিযোগ করেছেন যে, জনতা শাড়ী নাকি পূর্ববঙ্গে পাচার হয়ে যাচ্ছে। সম্পূর্ণ মিথ্যা কথা। সুব্রতবাবু গতকাল আর একটা ঘটনার কথা এখানে উল্লেখ করেছেন, ৫ কোটি টাকার দাগী কাপড় মহাজনের কাছ থেকে কিনে কলকাতার বাজারে ৫০ পারসেণ্ট রিবেট দিয়ে বিক্রি হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা কি কাগজও পড়েন না? আমরা খবরের কাগজে বিজ্ঞাপন দিয়েছিলাম (যা ২০শে ফাল্গুন বেরিয়েছে) যে, তন্তুজ এবারে বিরাট সেলের আয়োজন করেছে। দাগী, ঘাটাঘাটিতে ময়লা, অল্প খুঁত বা দাগ আছে এমন ধরনের সরকারী গুদামে পড়ে থাকা কাপড় যা এতদিন অবিক্রিত অবস্থায় পড়েছিল, তা বিক্রির ব্যবস্থা হয়েছে। আর টাকার পরিমাণ ৫ কোটি নয়, ৩০ লক্ষ মাত্র। ঐ সমস্ত কাপড় ৫০ পারসেণ্ট রিবেট দিয়ে বিক্রির ব্যবস্থা নিয়েছে তন্তুজ। আমরা মহাজনের কাছ থেকে কোন কাপড় কিনি না। ৩।৪ বছর ধরে পড়ে থাকা দাগী, ময়লা, বাতিল কাগড় ২০ পারসেণ্ট থেকে বাড়িয়ে ৫০ পারসেণ্ট রিবেট দিয়ে আমরা বিক্রীর ব্যবস্থা করেছি। তন্তুজের কোন কাপড় আজ পর্যন্ত মহাজনের কাছ থেকে কেনা হয়নি। তন্তুজ কোন বে-আইনী কাজ করে না। সেখানে কাজকর্ম পরিচালনা হয়ে থাকে সম্পূর্ণ নিয়ম সঙ্গত ভাবে, এবং সম্পূর্ণ ন্যায় সঙ্গত ভাবে। কোন ধরণের গোলমাল তহবিল তছরূপ বা কোন রকম দুর্নীতি সেখানে নেই। আমি হাউসের কাছে জানাতে চাই যে, তন্তুজের বিরুদ্ধে মিথ্যা রটনা করবার জন্য বিরোধী পক্ষ এই ধরণের কাজ করে চলেছে।

**শ্রীপতিতপাবন পাঠক:** স্যার, মাননীয় সদস্যদের অধিকার আছে বলার। যদি কোন অন্য সদস্যের নাম করে কিছু অভিযোগ করা হয়ে থাকে তাহলে, তাঁরও অধিকার আছে পারসোন্যাল এক্সপ্লানেশান দেওয়ার।

(এই সময়ে আব্দুল মান্নান কিছু বলতে উঠলেন)

আপনি সভাপতি নন আব্দুল মান্নান সাহেব, এখানে সভাপতি বসে আছেন, তিনি বলবেন যা বলার।

**Mr. Speaker :** I am reading out rule 332 which is as follows :

"A member may, with the permission of the Speaker, make a personal explanation although there is no question before the House, but in this case no debatable matter may be brought forward, and no debate shall arise." They have made serious allegations against the honourable member Shri Pannalal Maji on several days. As far as I remember—I stand corrected —honourable member Shri Subrata Mukherjee yesterday also made serious

allegation. Chief Minister has already made an explanation and today Shri Maji has sought my permission and I have given him that permission and I think he has the right to clarify it.

[3-30—3-40 P.M.]

**Dr. Zainal Abedin :** Sir, I rise on a point of order. We accept your ruling with all humility. Once an allegation has been made in this House under Rule 351 or under some other provisions with your permission in that case, if scope for personal explanation cames what is the bar, Sir, in your wisdom to allow a discussion under Rules 185, 194 or as a form of resolution. This is the procedure. Once you have allowed the Chief Minister and Shri Majhi to speak on this subject. Shri Subrata Mukherjee and the leader of the Opposition also want a discussion on this serious matter. I do not question your wisdom but what is the bar in allowing a motion under Rule 185 or Rule 194. This is my submission.

**শ্রীআবদুস সাত্তার ঃ** স্যার, রুল ৩৩২ আপনার সম্পূর্ণ এক্তিয়ারে আছে। উনি পারসোন্যাল এক্সপ্ল্যানেশান কখন চাইলেন আমরা জানি না। ১০/১২ দিন ধরে এই একটি ব্যাপার নিয়ে গোলমাল হচ্ছে। অন দি বেসিস অফ এ রিপোর্ট অফিসার যে রিপোর্ট দিয়েছেন তাতে মোটামুটি পান্নালাল মাঝির বিরুদ্ধে ৯৩টি এ্যালিগেশ্যানস্ আছে। সেই এ্যালিগেশানের ভিত্তিতে শ্রীসুব্রত মুখার্জী brought the matter to your notice for discussion. He also gave an notice for discussion. কিন্তু স্যার, আপনি এ্যালাউ করেন নি। এমন কি মাননীয় মুখ্যমন্ত্রী সেই রিপোর্ট সম্বন্ধে কিছু না বলে বললেন যে রিপোর্টটি মিথ্যা, ফ্যাবরিকেটেড এবং কোথা থেকে এইসব ঘটনা ম্যানুফ্যাকচারড্ হয়েছে তিনি জানেন না। অফিসার যদি অসত্য কথা বলে থাকেন তাহলে চিফ মিনিষ্টার কেন কোন action against that officer who has submitted the report against that man. But in this case no debatable matter can be brought for all. স্যার, এই ম্যাটারটি একটি ডিবেটেবেল ম্যাটার। কিন্তু সেই সম্পর্কে যে এক্সপ্ল্যানেশান দিয়েছেন সেটা সত্য নয়। হি মেডে এ স্টেটমেণ্ট। এইটা যদি ডিবেটেবেল ম্যাটার হয় তাহলে তার উপর কোন পারসোন্যাল এক্সপ্ল্যানেশান চলে না। সেই ডিসকাসান সম্পর্কে ১৮৫, ১৯৪ ডঃ জয়নাল আবেদিন সাহেব যা বললেন এবং সুব্রতবাবু যা বলেছিলেন তার উপর ভিত্তি করে একটি এনকোয়ারি কমিশন করা হোক। Let him prove that he is innocent, Let him prove on the basis of that report be committed

the offence. আমার মনে হয় সেটা প্রমাণ হয়ে গেছে from the report of the officer appointed by the previous co-operative minister; সুতরাং যে এক্সপ্ল্যানেশান দিয়েছেন সেটা চলে না।

**শ্রীদেবপ্রসাদ সরকার :** মাননীয় স্পীকার স্যার, আজ কয়েকদিন ধরেই এখানে একটা সিরিয়াস এ্যালিগেশান নিয়ে আলোচনা হচ্ছে। আপনি নিজেও স্বীকার করেছেন যে এই এ্যালিগেশানটি ভেরি সিরিয়াস এবং nature of allegation is very serious. আপনি রুলিং দিয়েছেন। সিরিয়াস এ্যলিগেশান যার বিরুদ্ধে হয়েছে তিনি নিশ্চয়ই সদস্য বা কোন কনসার্ণড মিনিষ্টার হতে পারেন এবং পারসোন্যাল এক্সপ্ল্যানেশান দিতে পারেন সেটা মেনে নিচ্ছি।

আমার প্রশ্ন হচ্ছে দি এ্যালিগেশান ইজ সো সিরিয়াস ৫৬ পেজেস যেখানে সরকারের এ্যাপয়েণ্টড অফিসার এনকোয়ারীর রিপোর্ট দিয়েছেন এবং অন দি বেসিস অফ দ্যাট রিপোর্ট সেখানে এই রকম একটা বিষয়ে শুধু পার্সোনাল এক্সপ্লানেশান দিলেই হয় না। এটা একটা ডিবেটেবল ম্যাটার। সিরিয়াসনেস অফ দি এ্যালিগেশান চিন্তা করতে হবে। যদি একজন অফিসার সরকারকে এইভাবে ম্যালাইন করে এবং চীফ মিনিষ্টারের রিপোর্ট যদি কারেক্ট হয় তাহলে সেই অফিসার সরকারকে ম্যালাইন করছেন বলে মনে হচ্ছে। কিন্তু মনে হচ্ছে সমস্ত জিনিষটা হাস আপ করা হচ্ছে। আমার মনে হয় বিষয়টাকে সাপ্রেস না করে একটা এনকোয়ারী করা উচিত।

**শ্রীঅমল রায় :** স্যার, আমার বক্তব্য সম্পূর্ণ পদ্ধতিগত। এ বিষয়ে আমি লোকসভার অসংখ্য রুলিং দেখাতে পারি। কাউল এণ্ড সাকদারের পেজ ৭৭৮-এ আছে মেকিং of allegation against a person. সেখানে একটা নির্দিষ্ট প্রোসিডিওর আছে যে প্রোসিডিওর মাননীয় নেতারা এ্যাডাপট করেছেন। দি প্রোসিডিওর adopted by the opposition is not the procedure which can be adopted in this particular case. 1, therefore, request you to follow the practices followed and rulings given by the speakers of Lok Sabha as cited in this book by shri Kaul and Shri Shakhdar.

**মিঃ স্পীকার :** আমি যেটা বারবার বলছি The question is about making certain allegations against a member. I disallowed it. আমি আমার রুলিং এর মধ্যে বলেছি এটা বাজেট সেসান why ? You will get suffieient time. বাজেট সেসানে এইভাবে আলোচনা করাকে এলাও করা যায় না। এটা হচ্ছে প্রোসিডিওর। আশা করি আপনারা এটা বুঝবেন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, আমি মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে যে প্রিভিলেজ এনেছিলাম আপনি গতকাল এ বিষয়ে একটা রুলিং দেন।

**মিঃ স্পীকার ঃ** No discussion would be allowed on my ruling. The matter is closed. Speaker's ruling cannot be the subject matter of a discussion. I have given the ruling. It is final.

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** আপনার রুলিং আমি মাথা পেতে নিচ্ছি। আপনি আমাদের কাষ্টোডিয়ান হিসেবে আমাদের সম্মান, হাউসের সম্মান দেখবেন। আপনি বলেছেন এটা আমাদের হাউসের প্রোসিডিং নয়। এটা যখন ব্যক্তিগত ব্যাপার তাহলে আমি তাঁর বিরুদ্ধে মামলা করতে চাই। আপনি ভাববেন না এখানে বন্ধ করে দিলেই আমরা থেমে যাবো। আমি মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে হাইকোর্টে কেস করবো। এর চেয়ে বড় জায়গা আছে। আপনি আমাদের ক্ষমতা খর্ব করছেন, কণ্ঠরোধ করছেন।

**মিঃ স্পীকার ঃ** Again you are referring to the ruling. I will not allow you to speak. Please take your seat.

( Noise )

সত্যবাবু, এরপর আপনি যা বলেছেন সমস্ত এক্সপান্জ। রিপোর্টার কেউ লিখবেন না।

[3-40—3-50 P. M.]

**Shri Rajesh Khaitan :** I have come to this House for the first time as its member with a high hope and aspiration that the dignity of the House will be maintained. Mr. Subrata Mukherjee has made a serious charge against a particular person.

**Mr. Speaker :** I will not allow any question on this. The matter has been closed. If you have any other thing to mention you can speak.

**Shri Rajesh Khaitan :** Sir, you are not allowing me to speak. Is it that because you are Mr. Speaker only you will speak. The matter which was

raised by Shri Subrata Mukherjee is a matter of urgent public importance and hence I want to make my submission.

**Mr. Speaker :** No debate on this point.

**Shri Rajesh Khaitan :** You remind me sometimes about my school days and school teachers.

**Mr. Speaker :** Should I presume that you were a naughty boy.

**Shri Rajesh Khaitan :** Yesterday there was an incident at 17, Tarachand Dutta Street. It has deen reported in all most all the newspapers that one of the office bearers fired from his pistal. Two of the office bearers have been injured. Then when the police arrived they took one of the office bearers into custody and from there he fired again. Five people from the public have been injured. The area is under tension. I request, through you to the Chief Minister that the office of the organization should be closed by the police and the miscreants should de taken to the police station and the police should de directed that they should not be set free the misereants immediately otherwise there will be violence. This is a very urgent matter which I wish to bring through your good notice to the notice of the Hon'ble Chief Minister that the Jora Sankho Police Station should take up the matter forthwith otherwise the people of that area will turn violent and it may be too late.

**Shri Abdur Rauf Ansari :** Sir, I also want to say something on this. Yesterday there was firing at Tarachand Dutta Street. A few people of that area have been injured by the firing. The area is under tension. I would request the concerned minister to take up the matter so that violence may not prevail in that area.

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মুখ্যমন্ত্রী, ভূমি রাজস্ব মন্ত্রী এবং উচ্চ শিক্ষা মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। গত ৮ মাস ধরে বাঁকুড়া ক্রিশচিয়ান কলেজে যে সমস্যার

উদ্ভব হয়েছিল তার সমাধান হয়েছে এবং তারা তাঁদের মর্যাদা ফিরে পেয়েছে। অর্থাৎ সংখ্যালঘুদের ভাষাগত মর্যাদা হিসেবে সংবিধানের ৩০ (ক) ধারায় যে অধিকার দেওয়া হয়েছে সেই অধিকার মেনে নেওয়া হয়েছে। সেই কলেজ খুলেছে, ভালভাবে চলছে এবং এটা সরকারের প্রচেষ্টাতেই হয়েছে। যদিও ৮ মাস দেরী হয়েছে, ১ জন ছাত্র খুন হয়েছে। তাড়াতাড়ি করলে এই ঝামেলা হোত না। যাহোক, এই সমস্যা মিটিয়ে দিয়েছেন বলে আমি সরকারকে ধন্যবাদ দিচ্ছি।

**শ্রীহুমায়ুন চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের হাউসের একজন সদস্য টেলিগ্রাম পাঠিয়ে যে খবর দিচ্ছেন সে সম্বন্ধে আমি উল্লেখ করতে চাই। পশ্চিম দিনাজপুর জেলায় ইসলামপুরে তরুণ টিম্বার কনসার্ণ নামে একটি কারখানা আছে এবং সেখানে প্রায় ৫০ জন কর্মী কাজ করে। ইসলামপুর সাবডিভিসনের এস্ ডি ও-র একটি ইললিগ্যাল আদেশের ফলে সেই কারখানাটি বন্ধ করে দেওয়া হয়েছে এবং তার ফলে সেখানকার জবলেস্ কর্মচারীরা এজিটেসন করছে। এই ঘটনার ফলে ওখানে অন্যান্য যে সমস্ত কাঠের কারখানা আছে সেগুলিও বন্ধ হয়ে যাচ্ছে। কাজেই অবিলম্বে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় যদি হস্তক্ষেপ না করেন তাহলে ইসলামপুরে যত কাঠের কারখানা আছে সেগুলি সব বন্ধ হয়ে যাবে এবং হাজার হাজার কর্মচারী বেকার হয়ে যাবে। কাজেই অনুরোধ করছি অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করুন।

**শ্রীভূপাল পাণ্ডা ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ের প্রতি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এটি একটি আতঙ্কের বিষয়। মালদহতে এফ সি আই গোডাউনের মোটবাহীদের যে ইউনিয়ন আছে সেটি এ আই টি ইউ সি কর্তৃক এফিলিয়েটেড এবং ওই ইউনিয়নের নেতারা যখন ডি এম-এর সংগে আলোচনা করছিলেন কর্মচারীদের ওয়েজের ব্যাপারে তখন ইন্দিরা কংগ্রেস লেবার সেলের কৃষ্ণ চৌধুরী এবং আরও কয়েকজন সেখানে গিয়ে ওঁদের আক্রমণ করে এবং ক্ষুর দিয়ে উব সিং নামে একজনের গলা কেটে দেয়। স্যার, ডিসপুটের মীমাংসা করবার জন্য যখন টেবিলে বসে আলোচনা করা হচ্ছে তখন সেখানে গিয়ে এইভাবে ক্ষুর দিয়ে গলা কেটে দেওয়া হল। এই অবস্থা চললে আমাদের দেশে শ্রমিকদের ডিসপুটের অবসান হবে না। তবে তারা শুধু উব সিংয়ের গলাই কাটেনি, ওখানকার গোডাউন বন্ধ করে দিয়ে একটা অচল অবস্থার সৃষ্টি করেছে। এর পেছনে মালদহের এফ সি আই-র ম্যানেজাররা রয়েছে। ওই ঘটনার দিন আমাদের মন্ত্রী রাধিকাবাবু মালদহতে ছিলেন। সি. পি. এম, সি পি আই এবং আর এস পি-র কর্মীরা ডি. এম এবং এস পি-কে দুষ্কৃতকারীদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করবার জন্য বলেছেন, কিন্তু এখনও পর্যন্ত কোন ব্যবস্থা গৃহীত হচ্ছে না। আমাদের মন্ত্রী রাধিকাবাবু টেলেক্স মেসেজে ওই দুষ্কৃতকারীদের গ্রেপ্তার করার জন্য বলেছেন এবং সেই টেলেক্স মেসেজের নম্বর হচ্ছে, ১৫৭ / এম আই সি / এফ এস, ডেটেড ৪.৩.৮৩।

[3-50—4-00 P.M.]

## LEGISLATION

### THE RABINDRA BHARATI ( AMENDMENT ) BILL, 1983

**Shri Nirmal Kumar Bose :** Sir, I beg to introduce the Rabindra Bharati ( Amendment ) Bill, 1983 and to place a statement as required under rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে রবীন্দ্র ভারতী ( এমেণ্ডমেণ্ট ) বিল—১৯৮৩, এখানে উত্থাপন করছি। এবং পশ্চিমবঙ্গ বিধানসভার কার্য পরিচালনার ৭২(১) বিধি অনুসারে আমি বিবৃতি দিচ্ছি। বিষয়টি অত্যন্ত জরুরী ছিল বলে অর্ডন্যান্স করে এই বিধেয়কটি কিছু পরিবর্তন করতে হয়েছিল। সেই অর্ধ্যাদেশটি এই বিধানসভায় উত্থাপন করা হচ্ছে।

( Secretary then read the title of the Bill )

## STATUTORY RESOLUTION

**Shri Kashinath Misra :** Sir, I beg to move that the West Bengal Legislative Assembly disapproves the Rabindra Bharati ( Amendment ) Ordinance, 1983 ( West Bengal Ordinance No. III of 1983 )

**Shri Nirmal Kumar Bose :** Sir, I beg to move that the Rabindra Bharati ( Amendment ) Bill, 1983, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয় এই বিধেয়কটি উত্থাপন করতে গিয়ে এবং বিবেচনার জন্য প্রস্তাব পাশ করাতে গিয়ে আমি কিছু বক্তব্য সংক্ষেপে এখানে রাখছি। ১৯৮১ সালে এই রবীন্দ্র ভারতী বিলটি এই সভায় পাশ হয়। কিন্তু কাজ করতে গিয়ে কিছু অসুবিধা দেখা দেয়। এই যে এক বছরের মধ্যে একজিকিউটিভ কাউন্সিল এবং বোর্ড অব ষ্টাডিজ এই সব নির্বাচন করতে হবে—এটা সম্ভব নয়। এক বছরের মধ্যে করা যায় না। তাই এই অর্ধ্যাদেশটি এনে সময় বাড়াবার চেষ্ট করা হয়েছে। এই ধরণের নির্বাচনের ব্যাপার এক বছর নয়। প্রথম উপাচার্য নিয়োগের পর যত তাড়াতাড়ি সম্ভব—অবশ্য দু বছরের বেশী হবে না, তার ভিতর নির্বাচন করতে হবে—এই কথাটাই আমরা এখানে বলেছি। বিষয়টি খুবই সামান্য, আশা করি মাননীয় সদস্যগণ সমর্থন করবেন, এটা গ্রহণ করবেন।

**শ্রীকিরণ চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যাপারটি খুবই সামান্য, এতে কোন সন্দেহ নেই। ১৯৮১ সালের আইনে কিছু অসংগতি ছিল—অবশ্য সেই অসংগতিকে দূর করা বাঞ্ছনীয় ছিল এবং ৩নং উপধারায় এটা দূরীভূত হয়েছে। সেখানে বলবার কিছু নেই। কিন্তু আজকাল দেখা যাচ্ছে বিশ্ববিদ্যালয় মাত্রেই একটা দীর্ঘসূত্রতা সুরু হয়েছে। ঠিক সময়ে ঠিকমত কাজ হচ্ছে না। এই রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় বেশী দিনের নয়। কলকাতা বিশ্ববিদ্যালয়ের তুলনায় অতি অল্প দিনের বিশ্ববিদ্যালয় এবং এখানে পরীক্ষার সংখ্যাও কম। দু বছর পর পর প্রথম উপাচার্যের কার্যকালের কথা বলা হয়েছে। চার নম্বরে সে সময়ে যদি নির্বাচন সম্পন্ন করা সম্ভব না হয় তাহলে ১ বছর বাড়িয়ে দেওয়া চলবে। কিন্তু এখানে বলা হচ্ছে দু বছর।

তারপর যদি প্রথম উপাচার্য কোন কারণে তাঁর কার্যকাল শেষ হবার আগেই রিজাইন করেন তাহলে ঐ সময়ের জন্য বা পরবর্তী আরো দু'বছরের জন্য তাঁকে পুনরায় নিয়োগ করা যেতে পারে এবং যদি এটাকে সম্পূর্ণভাবে দেখি তাহলে চার. বছর-ও হয়ে যেতে পারে। আমার মনে হয় রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের কাউনসিল, বোর্ড অফ্ স্টাডিস ইত্যাদি তৈরী করতে চার বছর সময় দেওয়ার কোন প্রয়োজন নেই। কলকাতা বিশ্ববিদ্যালয়ের মত অতগুলি এ্যাফিলিয়েটেড্ কলেজের অধ্যাপকদের নির্বাচন, প্রিনসিপাল কনষ্টিটিউয়েন্সির নির্বাচন, গ্র্যাজুয়েট কনসটিটিউয়েন্সির নির্বাচন ইত্যাদি রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে নেই। তা ছাড়া অত গুলি ফ্যাকালটিন—ইঞ্জিনিয়ারিং, 'ল, মেডিকেল, সাইন্স—ওখানে নেই। ওখানে আছে মিউজিক, ডান্স, ড্রামা। আর আছে ইংরাজী, বাংলা, সংস্কৃত, পলিটিক্যাল সাইন্স, হিষ্ট্রি, ফিলোজফি, ইকনমিকস ইত্যাদি ৪।৮ টি সাবজেক্ট। সুতরাং এগুলির জন্য এত প্যারাফারনেলিয়ার কোন দরকার নেই। ইলেকসনেই বা এত দেরী হবে কেন? এখানে কোন রাজনৈতিক ব্যাপার নেই। সুতরাং যত তাড়াতাড়ি এটা হয়ে যায় ততই ভাল। আমার মনে হয় এব্যাপারে সকল সদস্যই এক মত হবেন যে, যত তাড়াতাড়ি সম্ভব এটাকে তৈরী করে ফেলাই ভাল। সে কারণে আমার মনে হয় আগে যা ছিল, এক বছর এবং এক বছর, সেটাই থাকা উচিত। এখন দু'বছর করে দিলে মোট সময় চার বছর পর্যন্ত বিস্তৃত হয়ে যেতে পারে। অথচ এখানে চার বছরের কোন প্রয়োজন নেই। আমরা মাননীয় মন্ত্রী মহাশয়ের রিপোর্ট থেকে দেখলাম যে, স্ট্যাটিউট্ তৈরী হয়েগেছে। দেরী হয়েছিল বলেই একটা অর্ডিনেন্স করার প্রয়োজন হয়েছিল। সুতরাং আমার মনে হয় আর এটাকে দু'বছর, দু'বছর না করে এক বছর, এক বছর করা উচিত। এবিষয়ে আমরে একটা সংশোধনী প্রস্তাব আছে। "এ এ্যাণ্ড বি" করে আমি এই সংশোধনীর ওপরে সংশোধনী দিয়েছি। তাতে আমি বলেছি দু'বছর, দু'বছর না করে এক বছর, এক বছর করা হোক। তাতেই তিন বছরের মধ্যে কাজটা সম্পূর্ণ করতে হবে। আমার মনে হয় তিন বছর মোটেই ছোট সময় নয়। এখনো ২৬শে, অক্টোবর পর্যন্ত সময় রয়েছে উপাচার্যের কার্যকালের মধ্যে। তারপরে আরো ২ বছর সময় পাওয়া যাচ্ছে। এই সময়টা হিসাব করে দেখলে নিশ্চয়ই সবাই এবিষয়ে এক মত হবেন। আমি আশা করব আমার সংশোধনীটি গৃহীত হবে এবং তিন বছরের মধ্যে এটা সম্পূর্ণ করা যেতে পারবে। এর চেয়ে বেশী সময় দিলে

দীর্ঘসূত্রতা হবে। স্যার, আপনি জানেন এমনিতেই '৮১ সালের পরীক্ষা '৮৩ সালে হচ্ছে, বিশ্ববিদ্যালয় মাত্রই দীর্ঘসূত্রতার শিকার হয়ে পড়েছে। এ ক্ষেত্রেও এটা যাতে না হয় তা দেখতে হবে। মন্ত্রী মহাশয় নিশ্চয়ই চান যে, সব কিছু সুষ্ঠুভাবে চলুক। সুতরাং সেদিক থেকে বিচার করে দেখতে হবে। এটা কোন বাক-বিতণ্ডার ব্যাপার নয়। সুতরাং আমি মনে করি এক বছর থাকই বাঞ্ছনীয়, এই আমার বক্তব্য।

**শ্রীসুমন্তকুমার হীরা:** মাননীয় চেয়ারম্যান স্যার, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় অধ্যাদেশকে বিল হিসাবে মাননীয় মন্ত্রী শ্রীনির্মল কুমার বসু সভায় রেখেছেন। আমি অধ্যাদেশের বিলটিকে সমর্থন করে দু'একটি কথা বলব। আমাদের শ্রদ্ধেয় মাষ্টার মশাই, কিরণ-বাবু খুব সুন্দর বক্তব্য রেখেছেন এবং তিনি বলেছেন, এই এ্যামেণ্ডমেণ্টে কারো আপত্তির কারণ নেই। আমি-ও মনে করি সত্যিই আপত্তির কোন কারণ নেই।

[4-00—4-10 P. M.]

অনিবার্য কারনেই যে আমাদের এ্যামেণ্ডমেণ্ট করতে হয়েছে সেটা উনিও জানেন, আমরাও জানি। আমাদের এই আইন পাশ হয়েছিল ২৫শে অক্টোবর, ১৯৮১ সালে, স্বভাবতঃই ২৬শে অক্টোবর '৮২ সালের মধ্যে ষ্টাটুট এবং অন্যান্য কাজ করে ইলেকসান করার কথা ছিল কিন্তু নানান কারনের জন্য সেই কাজ করা ইউনিভার্সিটির পক্ষে সম্ভব হয়নি, সেইজন্যই গভর্নমেণ্টকে বাধ্য হয়ে এই আইন এ্যামেণ্ড করে এক বছরের জায়গায় দু'বছর করতে হয়েছে। ইতিমধ্যে আপনারা জানেন, ইউনিভার্সিটির নতুন ভাইস-চ্যানসেলার, ফার্ষ্ট ভাইস-চ্যানসেলার হিসাবে তাঁর কাজে জয়েন করেছেন। তাঁর হাতে এখন এই সমস্ত কাজ--ষ্টাটুট, রুলস, রেগুলেসান ফরমুলেসানের কাজ রয়েছে। আমাদের মনে হয় বর্তমানের যিনি ভাইস—চ্যানসেলার, তিনি খুব তাড়াতাড়ি '৮৩ সালের ২৬শে অক্টোবরের মধ্যে এই কাজগুলি করে উঠতে পারবেন। একটু বেশী সময় এই বিলে নেওয়া হয়েছে, এটা অযৌক্তিক কিছু নয়। যদি তাড়াতাড়ি করা সম্ভব হয় নিশ্চয় করা হবে কিন্তু তা সত্বেও একটু বেশী সময় নেওয়া হয়েছে এই কারণে যে আর একটা অর্ডিন্যান্স যেন করতে না হয়। অর্ডিন্যান্সকে এ্যভয়েড করার জন্যই একটু বেশী সময় হাতে নেওয়া হয়েছে। স্যার, এই সংশোধনীকে আমি সমর্থন করছি এবং মনে করছি এটা একটা অনিবার্য কারণেই করতে হয়েছে। আমাদের মাষ্টারমশাই কিরণবাবু দির্ঘসূত্রতার যে আশংকার কথা বললেন, আমার মনে হয় সে আশংকার কারণ নেই। আমাদের সরকার এ ব্যাপারে যথেষ্ট সচেতন আছেন। আপনারা জানেন, আমাদের সরকারের একটা প্রচেষ্টা হচ্ছে পরীক্ষা গ্রহণের তিন মাসের মধ্যে রেজাণ্ট বের করার চেষ্টা করা। গত কয়েক বছর ধরেই আমরা দেখছি এটা সাফল্যজনক ভাবে করা সম্ভব হয়েছে, সেখানে পরীক্ষার তিন মাসের মধ্যে রেজাণ্ট বেরিয়ে যাচ্ছে। আমরা আশা করি এ ক্ষেত্রেও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং আমাদের শিক্ষা বিভাগ তারা সচেষ্ট থাকবেন নতুন আইন অনুসারে

নির্বাচন সম্পন্ন করার জন্য। সেখানে প্রয়োজনীয় যে সমস্ত রুলস, রেগুলেসান, ষ্টাটুট ইত্যাদি করার প্রয়োজন আমরা আশা করি তারা সময়মত সেটা করে ফেলতে পারবেন। স্যার এই বিলের প্রসংগে আলোচনার সময় অন্য প্রসংগে যাবার সুযোগ নেই কিন্তু তবুও আমি কয়েকটি কথা বলতে চাই। যেহেতু সমস্যাটা রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় এবং তার আনুসাঙ্গিক সমস্যা হিসাবে এসেছে এবং রোজই কাগজে আমরা এ সম্পর্কে খবর দেখছি সেইজন্য আমি এই প্রসঙ্গের অবতারণা করছি। স্যার, সেখানে রবীন্দ্রভারতী সোসাইটি বলে একটি সোসাইটি আছে। তাদের যে দায়িত্বগুলি দেওয়া ছিল সেটা হচ্ছে, টেগোর ফ্যামিলি বা ঠাকুর পরিবারের যত সম্পদ আছে সেগুলি দেখা। অনেক মূল্যবান সম্পদ সেখানে আছে এবং এমন অনেক সম্পদ আছে টাকা দিয়ে যার মূল্য নিরুপন করা যায়নি, সেই সমস্ত সম্পদ এই সোসাইটির হাতে আছে। আপনারা জানেন, বিখ্যাত পোর্ট্রেট —"ভারত মাতা"—এই সোসাইটির তত্বাবধানে থাকার কথা। অত্যন্ত ক্ষোভের কথা বর্তমানে সোসাইটির কর্মকর্তারা সেদিকে প্রয়োজনীয় নজর দিচ্ছেন না। বিখ্যাত পোর্টেট্র-'ভারতমাতা' আজকে ধ্বংস হয়ে যাচ্ছে। আমাদের সাংবাদিক বন্ধুরা এসব খবর রাখেন কিনা জানি না তবে তাদের কাগজে এসব খবর বেরুতে বা এ নিয়ে উদ্বেগ প্রকাশ করতে দেখি না। তারা অনেক কথা ফেনিয়ে ফাঁপিয়ে লেখেন কিন্তু এইসব জাতীয় সম্পদ-এর ব্যাপার, যেগুলির সংগে জাতীয় মর্যাদা জড়িত, যার কথা কাগজে আসা উচিত সেগুলি আসতে দেখি না। 'ভারতমাতা' পোর্ট্রেট বর্তমান সোসাটির কর্মকর্তারা কার্যতঃ ধ্বংস করে ফেলছেন, একে রক্ষা করার প্রয়োজন একান্ত ভাবে দেখা দিয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের, তাদের এগুলিতে হাত দেবার কোন অধিকার নেই।

আমি সরকারকে বলবো, মন্ত্রী মহাশয়কে বলবো, এগুলি অধিগ্রহণ করে, বিশ্ববিদ্যালয়ের সংগে যুক্ত করে বিশ্ববিদ্যালয়ে এই ঠাকুর পরিবারের মহামূল্যবান সম্পদ যেগুলি আছে সেগুলি যাতে রক্ষা করা যায় তারজন্য চেষ্টা করবেন। মাননীয় মন্ত্রী মহাশয় যদি তার রিপ্লাইয়ের সময়ে এই বিষয়ে বলেন তাহলে আমাদের বুঝতে সুবিধা হয় এবং আমরা পরিষ্কার হতে পারি। আমরা আরো বেশী উদ্বিগ্ন যে রবীন্দ্র ভারতী সোসাইটিতে যে ব্যক্তিরা বর্তমানে আছেন—আগে যারা ছিলেন, ডঃ প্রতাপ চন্দ্র চন্দ ছিলেন, তিনি এখন নেই, তাকে সরিয়ে দেওয়া হয়েছে—কিন্তু বর্তমানে যারা আছেন তাদের সম্পর্কে আমি খারাপ ইমপ্রেশান সৃষ্টি করতে চাইনা, কিন্তু কোন ভরসার কারণও আমি দেখছি না। কারণ বর্তমানে যা অবস্থা দেখছি যে রবীন্দ্র ভারতী সোসাইটির কাজের যে দায়িত্ব সেই দায়িত্ব তারা পালন করছেন না। রবীন্দ্রনাথ, অবনীন্দ্রনাথ এবং নন্দলালের মহামূল্যবান পেইন্টিং যেগুলি আছে সেগুলি তারা ধ্বংস করেছেন, সেগুলি রক্ষা করার কোন প্রচেষ্টা হচ্ছে না। কাজেই সোসাইটির মাননীয় সদস্যরা যেন এই বিষয়ে একটু সতর্ক হন এবং এই সম্পদগুলি রক্ষা করার চেষ্টা করেন তাহলে আমরা উপকৃত হব। কিন্তু তাদের কার্যকলাপে আমরা আশা প্রকাশ করতে পারছি না, হতাশ হচ্ছি। মাননীয় মন্ত্রী মহাশয়, আমি আরো আপনার দৃষ্টিতে আনতে চাই যে বর্তমান সোসাইটি তারা রবীন্দ্র ভারতী সোসাইটির যে সমস্ত সম্পদ আছে, সেগুলি দিয়ে খানিকটা অর্থ উপার্জনের চেষ্টা করছেন। সেখানে রথীন মঞ্চ বলে একটা

অডিটোরিয়াম আছে, সেই অডিটোরিয়ামটা এই সোসাইটি কণ্ট্রোল করেন। সেখানে বাইরের লোককে তারা ভাড়া দেন এবং নানা রকম কুরুচীপূর্ণ নাটক সেখানে মঞ্চস্থ করার সুযোগ করে দেন। তার ফলে বিশ্ববিদ্যালয়ের আঙ্গিনায় বিশেষ করে এই ঠাকুর বাড়ীর অঙ্গিনায় একটা অপবিত্র, কলুষ পরিবেশ সৃষ্টি করার চেষ্টা করছেন। এই জিনিস বন্ধ হওয়া উচিত। যাতে রথীন মঞ্চটা বিশ্ববিদ্যালয়ের কর্তৃত্বে আসে এবং এখানে বিশ্ববিদ্যালয়ের পারফরম্যান্স-এর জন্য ব্যবহার হয় এবং ছাত্রদের নানা রকম পারফরম্যান্স যেগুলি আছে সেগুলি ডিসপ্লের জন্য এটা যাতে হয় তার ব্যবস্থা করা হোক। এই কয়টি কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় বিলের যে সংশোধনী এনেছেন, তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রীঅনিল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল সমর্থন করতে গিয়ে আপনার মাধ্যমে দু'একটি কথা নিবেদন করতে চাই। আমাদের বিরোধী দলের বন্ধু ডঃ কিরণ চৌধুরী মহাশয় একটা কথা বলেছেন। উনি হয়ত বিশ্ববিদ্যালয়ের ব্যাপার জানেন এবং জেনেও ঠিক কথাটা বললেন না। উনি রবীন্দ্রভারতীতে নির্বাচন করা যে দেরী হচ্ছে বা তার দীর্ঘ সূত্রতার কথা বললেন। এই দেরী হওয়ার কারণ সম্পর্কে যদি উনি একটু চিন্তা করতেন তাহলে সেটা বুঝতে পরেতেন। এই সব বিশ্ববিদ্যালয়ে সবই নমিনেটেড বডি ছিল। কোন দিন নির্বাচনের অভ্যাস এই সব বিশ্ববিদ্যালয়ের ছিল না। যাদবপুর, রবীন্দ্রভারতী, বর্ধমান বিশ্ববিদ্যালয়ে যখন কাউন্সিল, ১২/১৩ জন করে তাদের নমিনেটেড করে নিয়ে আসতো। ১৯৮১ সালে প্রথম এই বামফ্রন্ট সরকার গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত একটা বিশ্ববিদ্যালয় তৈয়ী করতে যাচ্ছেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের একটা ট্রেডিশান আছে। এটা একটা ট্রেডিশন্যাল ইউনির্ভারসিটি, তার লোজন, ভোটার তালিকা থেকে শুরু করে ষ্ট্যাটাস তৈরী করা ইত্যাদি নানা ব্যাপারে আমাদের অভিজ্ঞতা আছে এবং ডঃ কিরণ চৌধুরী মহাশয় নিজেও তা জানেন। বহু বড় বড় মনিষী সেখানে ছিলেন, তারাও জানতেন। এই সব বিশ্ববিদ্যালয় যেগুলি কংগ্রেস আমলে তৈরী হয়েছিল সেই সব বিশ্ববিদ্যালয়ের নমিনেটেড বডি কোন দিন নির্বাচনে পা দেননি, নির্বাচন তারা কোন দিন করেন নি এবং নির্বাচন বস্তু কি সেটা তারা জানেন না।

[4-10—4-20 P.M.]

এই প্রথম ওখানে নির্বাচনের ব্যবস্থা হতে চলেছে, স্বাভাবিকভাবেই নির্বাচন পদ্ধতিতে পরিচালক সমিতি করবার জন্য কিছু সময়ের প্রয়োজন হবে। কেন টাইম লাগছে, সেটা মাননীয় মন্ত্রী মহাশয় বিলের উদ্দেশ্যের মধ্যে বিশেষভাবে বলছেন। মাননীয় সদস্য ডঃ চৌধুরী যদি দয়া করে বিলটা পড়তেন তাহলে ভাল হতো। এখানে বলা আছে, "যে সকল নির্বাচন সংবিধির খসড়া করা হইয়াছিল সেগুলি বিলম্বে পাওয়া গিয়াছিল এবং শর্ত নির্দিষ্ট এক বৎসর সময় সীমার মধ্যে সেগুলির চূড়ান্ত রূপ দিতে পারা যায় নাই।" এই এক্সপ্লানেসন দিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়

বলেছেন কি অসুবিধা আছে, কেন এক্সটেনসন অফ্ টাইম দরকার হচ্ছে, তাঁর বক্তৃতার মধ্যেই এ সমস্ত আছে। তার পরে উনি আশংকার কথা বললেন, অথচ কি আশংকা, সেটা পরিস্কার করে বললেন না। আমাদের বক্তব্য হচ্ছে, কোন আশংকা ছিল না, এটা একটা ওয়ার্কিং প্রোসিডিয়র মাত্র। তারপরে উনি কলকাতা বিশ্ববিদ্যালয়, রেজাল্ট ইত্যাদি অনেক কথা বলেছেন। আমি ওঁকে একটু স্মরণ করিয়ে দিচ্ছি যে, ১৯৭২ সাল থেকে '৭৭ সাল পর্যন্ত গোটা পশ্চিমবাংলায় শিক্ষা ক্ষেত্রে যে নৈরাজ্য ছিল, অস্থিরতা ছিল, পরীক্ষা গ্রহণের অব্যবস্থা ছিল তা কি উনি ভুলে গেছেন? তখন আমরা দেখেছি বছরের পর বছর পরীক্ষা পর্যন্ত হয়নি। আজকে উনি বললেন বিশ্ববিদ্যালয় গুলি সময় মত রেজাল্ট বের করছে না। ওঁর কথা শুনে আমাদের লজ্জা হচ্ছে, উনি একজন পণ্ডিত লোক অধ্যক্ষ মহাশয় উনি দেখেছেন '৭২ থেকে '৭৭ পর্যন্ত যদিও বা কখনো পরীক্ষা হতো তো ২ বছর, ৩ বছর বাদে রেজাল্ট বেরত। অথচ আজকে উনি এখানে দাঁড়িয়ে অসত্য ভাষণ দিয়ে গেলেন। আমরা দেখছি, '৭২ সালে বা '৭৩ সালে হয়ত কেউ পরীক্ষা দিয়েছিল, তার রেজাল্ট বেরিয়েছিল '৭৭ সালে। এসব উনি জানেন, কেন না উনি একজন কলেজের অধ্যক্ষ, ওঁর ছাত্রছাত্রীরা সব পরীক্ষা দিয়েছিল। তাঁদের রেজাল্ট কিভাবে বেরিয়েছিল তা নিশ্চয়ই উনি জানেন। এখন কি হচ্ছে? এখন কি পরীক্ষার পর ৩/৪ বছর সময় লাগছে রেজাল্ট বের করতে? আজকে যেখানে এ্যাডমিনিষ্ট্রেটিভ কারণে খুব বেশী দেরি হচ্ছে সেখানেও সাড়ে তিন মাস থেকে চার মাসের মধ্যে রেজাল্ট বেরচ্ছে। উনি যদি আজকে এসব কথা স্বীকার করতেন তাহলে আমরা খুশী হতাম। সুতরাং আমি তাঁকে বলব যে, ছোট বিশ্ববিদ্যালয় হলেও প্যারাফার্নেলিয়া গুলি একই থেকে যায়। সংখ্যায় কিছু কম হতে পারে, কিন্তু শিক্ষক ক্যাটাগরি, কর্মচারী ক্যাটাগরি, বিভিন্ন ষ্টুডেন্টস ক্যাটাগরি, নানা ধরণের ক্যাটাগরি অফ ভোটারস রয়েছে। সুতরাং গনতান্ত্রিক পদ্ধতি অনুসরণ করতে গেলে বিভিন্ন রকম নিয়ম, নীতি পালন করতে হয়। উনি নিশ্চয়ই জানেন শান্তিনিকেতন কেন্দ্র শাসিত বিশ্ববিদ্যালয়, ইন্দিরা কংগ্রেস সেই বিশ্ববিদ্যালয় পরিচালনা করছে, সেখানে ১৪/১৫ বছর নির্বাচন হয়নি। আমরা এখানে নির্বাচন করছি, সুষ্ঠুভাবে নির্বাচন করব। নিয়মমত নির্বাচন করতে যেটুকু সময়ের প্রয়োজন সেটুকু আমরা নিচ্ছি। কলকাতা বিশ্ববিদ্যালয়ের নির্বাচন হয়ে গেছে। এই বিশ্ববিদ্যালয়ে নির্বাচন করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় টাইম চেয়েছেন। এই অবস্থায় ডঃ চৌধুরী ঐ সমস্ত কথা ২ বছর, ৩ বছর ইত্যাদি না বলে পূর্ণ সমর্থন করলে আমরা খুশী হতাম। আমরা আশা করব পরবর্তী সময়ে উনি ওঁনার চিন্তা ধারার পরিবর্তন ঘটিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের এই বিলকে পূর্ণ সমর্থন করবেন। এই আশা করে এই বিলকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজ্যোৎস্না কুমার গুপ্ত:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সংশোধনী বিলকে আমি কিভাবে সমর্থন করব বুঝতে পারছি না! কেন না, একে সমর্থন না করার যে কি আছে তাই আমার মাথায় আসছে না! এই বিলের মধ্যে যে কথাটি আছে, "অনধিক দুই বৎসর" এখন এই অনধিক শব্দটি হয়ত টানলেই একটু বাড়ে, কিন্তু অনধিক অর্থে ঠিক দুই বছর বোঝায় না। তাই

আমার মনে হয় বিরোধী সদস্য ডঃ চৌধুরী যেকথা বললেন তা হয়ত বিরোধিতা করবার জন্যই বলেছেন। উনি দু'বছর কথাটির ওপর জোর দিলেন, কিন্তু অনধিক শব্দটিকে ইচ্ছাকৃতভাবে এড়িয়ে গেলেন। এছাড়া তো আর কিছু বিরোধিতা করার সংগত কারণ দেখছি না। অতএব এটার জবাব দেওয়ার আমি প্রয়োজন বলে মনে করি না। তবে সুমন্তবাবু যেকথা বললেন, সে সম্বন্ধে আমার কিছু বলবার আছে। আমি একটা বিশ্ববিদ্যালয়ের ভেতরে অন্তত ৩০ বছর আছি। সেটা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়, হয়ত শিক্ষক হিসাবে নেই, তবুও ছেলেপুলে পড়াই। সেখানে উনি যেটা বলছেন, সেখানে বিশ্বভারতী সোসাইটি ছিল। কেন্দ্রীয় সরকার যখন ঐ সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় নিয়ে নেন তখন সেই সোসাইটির ক্ষমতাকে একেবারে খর্ব করে দেন। সিলেক্ট কমিটিতে যখন এই বিল নিয়ে আলোচনা হয় তখন অবশ্য আমি ছিলাম। সেখানে এটা নিয়ে আলোচনা হয়নি। যাইহোক, এই সোসাইটির ক্ষমতাকে খর্ব করা উচিৎ। এই ৩০ বছরের মধ্যে সর্বভারতীয় সোসাইটিকে অধিগ্রহণ করা সত্বেও মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি হয়তো জানেন না, রামকিঙ্কর বেজের কতকগুলি স্কাল্পচার একেবারে ধ্বংসের মুখে চলে এসেছে। এই রামকিঙ্কর বেজের নাম যারা পণ্ডিত ব্যক্তি বা সভার হয়তো প্রত্যেক সদস্যই শুনেছেন। সম্প্রতি কেন্দ্রীয় সরকার সেই সমস্ত স্কাল্পচারগুলিকে আমাদের একজন বিশেষজ্ঞকে দিয়ে যার নাম হচ্চে প্রভাস সেন তাঁকে দিয়ে ব্রোঞ্জ কাষ্টিং করে রাখার ব্যবস্থা করেছেন। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো, কেন্দ্রীয় সরকার যে আইন বলে সর্বভারতীয় বিশ্ববিদ্যালয়ের সোসাইটিকে অধিগ্রহন করে নিলেন সেটা জেনে নেবেন। কারণ আপনি যদি রবীন্দ্রভারতী সোসাইটির সম্পূর্ণ ক্ষমতাকে অধিগ্রহন করে নেন তাহলে যে সমস্ত মূল্যবান জিনিষপত্র আছে সেগুলি রক্ষা পায়। কারণ আমাদের জাতিগত একটা অভ্যাস আছে পুরানোকে অবজ্ঞা করা। আমি নিজেই দেখেছি, নন্দলাল বসুর ছবিগুলো নষ্ট হওয়ার যোগাড় হয়েছিল। কতকগুলি জিনিষ রাখতে হয় ঠাণ্ডা ঘরের ভিতরে তা না হলে নষ্ট হয়ে যাবার সম্ভাবনা থাকে। এখন বর্তমানে সর্বভারতীয় বিশ্ববিদ্যালয়ে করেছে, আপনি যদি দয়া করে সোসাইটিকে অধিগ্রহন করে নিয়ে রাখার ব্যবস্থা করেন তাহলে আমার মনে হয় আপনি রবীন্দ্রভারতীর উপকার করবেন এবং চিত্রগুলিরও উপকার করবেন। এই বিলটিকে সমর্থন না জানানোর কিছুই নেই। এখানে যে অনধিক কথাটা আছে কিরণবাবুর তাতে ভয় পাবার কারন নেই। এটা ২ বছরের বেশী যাবে না। এটা ৩ মাস হতে পারে ৬ মাসও হতে পারে আবার ১ বছরও হতে পারে আবার ১ বছর ১১ মাসও হতে পারে। তবে ২ বছরের বেশী হবে বলে মনে হয় না। এই কথা বলে বিলটিকে সমর্থন জানিয়ে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকাশীনাথ মিশ্র:** এই বিলে আমার একটি সন্দেহই আসে সেটা যদি পরিষ্কারভাবে মাননীয় মন্ত্রী মহাশয় জানিয়ে দেন তাহলে ভাল হয় ঐ অনধিক যে কথাটা রাখা হয়েছে সেটা ৬ মাসও হতে পারে আবার ১ বছরও হতে পারে কিন্তু সেটা যে ২ বছরের বেশী যাবে না এই কথাটা যদি জানিয়ে দেন তাহলে ভাল হয়। কারণ আমরা দেখেছি, বিভিন্ন সময়ে যে অর্ডিন্যান্সগুলি

আসে এমন সময়ে করা হয় যে সরকারের প্রয়োজন না থাকলেও অনেক সময়ে অর্ডিন্যান্স করেন। সেই আশংকাটা আছে বলেই আমি এটাতে ডিসএ্যপ্রুভ করেছি। ৪ (এ) তে করলে আরোও ১ বছর বাড়ানো যাবে আর ৪ ( বি ) তে ভাইস-চ্যান্সেলার যদি পদত্যাগ করেন তাহলে যিনি আসবেন তিনি আবার সময় পাবেন। তাহলে সময় অটোমেটিক্যালি বেড়ে যাবে। স্থতরাং এটার ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় পরিষ্কার আলোকপাত করলে ভাল হয়।

[4-20—4-30 P. M.]

**শ্রীনির্মলকুমার বোস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের কাছে কৃতজ্ঞ যে, এই ক্ষুদ্র বিধেয়দের উপরও তাঁরা কয়েকটি গুরুত্বপূর্ণ কথা বলেছেন। প্রথম কথা, মাননীয় সদস্য ডাঃ কিরণ চৌধুরী মহাশয় যে কথা বলেছেন দীর্ঘসূত্রতার কথা, ঠিকই, আগে ছিল দুই বছর আর এক বছর। প্রথমে উপাচার্য্য নিয়োগের পরে এক বছরের মধ্যে যদি হয় তো ভাল কোন কালেই ইফ ফর এনি রিজ্‌ন এই কথাটি আছে। তাহলে আরও এক বছর বাড়ানো যেতে পারে। আমরা দু জায়গায় এক বছর এক বছর করে দু বছর বাড়িয়ে দিয়েছি। সত্যিই তো একটা ছোট্ট বিশ্ববিদ্যালয়ে নির্বাচন কর্ম সম্পন্ন করতে চার বছর কেন লাগবে ? লাগা উচিত নয়। তাঁর সঙ্গে আমি সম্পূর্ণ একমত যে সেটা দ্রুত হওয়ার দরকার। সেটাতে প্রথম যে দুবছরের কথা বলা হয়েছে সেই দু বছরের মধ্যে এক বছর কেন তারও আগে হওয়া উচিত এবং সেই চেষ্টা করা হচ্ছে। এখানে মাননীয় সদস্য অনিল মুখোপাধ্যায় মহাশয় একটা গুরুত্বপূর্ণ কথা বলেছেন। এই সব বিশ্ববিদ্যালয়, রবীন্দ্র ভারতী বা অন্য জায়গায় যেখানে নির্বাচনের ঐতিহ্যটা নেই সেখানে এই সব জিনিষ সাজিয়ে গুছিয়ে করতে হয়ত সময় লাগবে। আমি মাননীয় সদস্যদের এই প্রতিশ্রুতি দিতে পারি যে আমরা চাই সর্বত্রই নির্বাচন দ্রুত হোক। শুধু নির্বাচন নয়, পরীক্ষার ফল প্রকাশের ব্যাপারেও এখানে এই কথা উঠেছে। ঠিকই, ১৯৭২ থেকে ১৯৭৬ পর্য্যন্ত কি হয়েছে ? সেকথা বলে এখনই বা কেন ৭/৮ মাস সময় লাগছে, লাগা উচিত নয়। আজকে শুধু মন্ত্রী বলে নয়, দীর্ঘকাল কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরিচালন ব্যবস্থা সঙ্গে যুক্ত ছিলাম। আমি নিজেই মনে করিনা যে কোন পরীক্ষার ফল ৯০ দিনের বেশী সময় লাগা উচিত। স্থতরাং বিশ্ববিদ্যালয় স্বাধীন সংস্থা, তারা নিজের মত করার চেষ্টা করবে, কিন্তু আমরা সরকারের দিক থেকে এটা চাই যে নির্বাচনই হোক আর পরীক্ষার ফল প্রকাশই হোক বা অন্য কোন কাজই হোক সেটা যত দ্রুত করা যায় ততই আমাদের ছাত্রদের কল্যাণ, তাই সেদিকে আমরা নজর দিতে চাই।

রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে বলি, তাঁদের নির্বাচন করবার জন্য যে ইলেকশন ষ্ট্যাটিউটস তাঁরা তৈরী করেছেন, আচার্য্য অর্থাৎ আমাদের রাজ্যপাল উনি তাতে স্বাক্ষর করেছেন সেটা ফেরত গেছে বিশ্ববিদ্যালয়ে এবং আমরা যা খবর নিয়েছি, সেটা হল ওনারা নির্বাচনের কাজ সুরু করেছেন এবং আমি উপাচার্য্যের সঙ্গে আলোচনা করে জেনেছি যে তাঁরাও চাইছেন যাতে

দ্রুত হয় এবং এই জিনিষতো দেখেছি। ডঃ কিরণ চৌধুরী মহাশয় দেখেছেন, অন্যান্য মাননীয় সদস্যরা দেখেছেন এবং যেটা মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র মহাশয় বলেছেন। যদি সন্দেহ দেখা দেয়। কলকাতা বিশ্ববিদ্যালয়ের নির্বাচনের কাজ আরম্ভ হয়ে গেছে, বর্ধমান বিশ্ববিদ্যালয়ের নির্বাচনের কাজ সুরু হয়ে গেছে, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের নির্বাচনের কাজ আরম্ভ হয়েছে। সুতরাং আমরা তো সব জায়গাতেই নির্বাচন করছি এবং মাননীয় সদস্যদের অবগতির জন্য এই কথা বলতে চাই যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সব নির্বাচনই সময়ে হয়েছে বলে আমাদের সরকারের কাছে রিপোর্ট এসেছে। আচার্য্য নির্দ্দিষ্ট তারিখে সরকারের সুপারিশ মত এ্যাপয়েনটেড ঘোষণা করবেন। আমি মাননীয় সদস্যদের বলতে চাই যে এক দিনের বেশী সময় আমরা নিইনি, আমরা নিতে পারতাম তো, সরকারের মনোনীত কাউনসিল, আমরা আরো তিন মাস কায়দা কানুন করে টেনে রাখতে পারতাম, কিন্তু আমরা একদিন রেখেছি। ফাইল একদিনের বেশী পড়ে ছিল না। বিশ্ববিদ্যালয় তার পরের দিনই জানিয়েছেন, আচার্য্য সুপারিশ করেছেন, সেদিনই সই হয়েছে তার পরের দিনই বিশ্ববিদ্যালয়ের কাজ আরম্ভ হয়েছে। সুতরাং আমরা চাই এই কাজ যত তাড়াতাড়ি হয় হোক, ২ বছর ২ বছর ৪ বছর থাকলেও আরও আগে করবার চেষ্টা হবে।

দ্বিতীয় কথা, এখানে মাননীয় সদস্য শ্রীসুমন্ত হীরা মহাশয় তুলেছেন। মাননীয় সদস্য শ্রীজ্যোৎস্না গুপ্ত মহাশয় বলেছেন, সত্যিই এই বিষয়টা আমাদের নজরে এসেছে। প্রথম সংবাদপত্রে বেরোয়, আমি মাননীয় উপাচার্য্যের সঙ্গেও এ নিয়ে অলোচনা করেছি। রবীন্দ্র ভারতী সোসাইটি নিয়ে এখানে একটা জটিলতা সৃষ্টি হয়েছে। একই জায়গাতে জোড়াসাঁকো ঠাকুরবাড়ীতে মূল এবং বিশ্ববিদ্যালয় সোসাইটি আছে এবং সোসাইটির হাতে রবীন্দ্রনাথ, অবনীন্দ্রনাথ এবং নন্দলালের মূল্যবান সমস্ত চিত্র রয়েছে সেগুলি ধুলো, বালি পড়ে নষ্ট হয়ে যাচ্ছে। এ ব্যাপারে আমরা নীরব থাকতে পারি না। এটা আমাদের ঐতিহ্য, এটা আমাদের মূল্যবান সম্পত্তি এবং এই সোসাইটি যেভাবে কাজ কর্ম করছে সেটা বাঞ্ছিত নয়। রবীন্দ্রনাথের নাম ব্যবহার করে যেটা চলছে সেটা বাঞ্ছিত নয়, আমরা চাই যে এটার নিষ্পত্তি হোক। আইনের ব্যাপারও কিছু আছে, মাননীয় সদস্য জ্যোৎস্না গুপ্ত মহাশয় বিশ্বভারতী সোসাইটির কথা বলেছেন, সেগুলি আমরা দেখব এবং দেখে কি করা যায় সেটাও আমরা দেখব। রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় সম্বন্ধে পূর্বেও যা বলেছি আজও বলছি, রবীন্দ্রনাথের নামে-এর সঙ্গে জড়িত। শুধু সাধারণ শিক্ষা নয়, ফাইন আর্টস এর শিক্ষা দিতে চেষ্টা করা হচ্ছে। তাই এই বিশ্ববিদ্যালয়ের গৌরব যাতে বৃদ্ধি পায় তার চেষ্টা আমরা করব। এই কথা বলে মাননীয় সদস্যদের আমার ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**The motion of Shri Kashinath Misra that this Assembly disapproves the Rabindra Bharati (Amendment) Ordinace, 1983 (West Bengal Ordinance No. III of 1983), was then put and lost.**

The motion of Shri Nirmal Kumar Bose that the Rabindra Bharati (Amendment) Bill, 1983, be taken into consideration, was then put and agreed to.

CLAUSE 1

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

CLAUSE 2

**Dr. Kiran Chaudhury :** Sir, I beg to move that clause 2(2)(a) be omitted. I also beg to move that clause 2(2)(b) be omitted.

**Shri Nirmal Kumar Bose :** Sorry, I am not able to accept the amendments of Dr. Kiran Chaudhury.

The motion of Dr. Kiran Choudhury was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

CLAUSE 3 & PREAMBLE

The question that clause 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Nirmal Kumar Bose :** Sir, I beg to move that the Rabindra Bharati (Amendment) Bill, 1983, as settled in the Assembly be passed.

The motion was then put and agree to.

**THE JADAVPUR UNIVERSITY (AMEDMENT) BILL, 1983**

**Mr. Speaker :** Now I request Shri Bose, Minister for Higher Education to introduce the Bill and place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

**Shri Nirmal Kumar Bose :** Sir, I beg to introduce the Jadavpur University (Amendment) Bill, 1983.

(Secretary then read the title of the Bill)

**Mr. Speaker :** I have received one statutory resolution under article 213(2)(a) of the Constitution of India, disapproving the proposed legislation, from Shri Kashinath Misra. Shri Misra please move your resolution.

**Shri Kashinath Misra :** Sir, I beg to move that this Assembly disapproved the Jadavpur University (Amendment) Ordinance, 1983, (West Bengal Ordinance No. IV of 1983).

**Shri Nirmal Kumar Bose :** Sir, I beg to move that the Jadavpur University (Amendment) Bill, 1983, be taken into consideration.

**Mr. Speaker :** The Statutory Resolution and the Bill will be discussed together.

**শ্রীনির্মলকুমার বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, 'এই বিধেয় গ্রহণ করা হোক'—এই প্রস্তাব করতে গিয়ে সংক্ষেপে দুই একটি কথা বলতে চাই। তারপর মাননীয় সদস্যরা কোন বিষয়ে যদি বলেন, আমার জবাবী ভাষণে সে সম্পর্কে বক্তব্য রাখবো।

আমার কথা হচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয় আইন ১৯৮১ সালে পাশ করবার পর এটা নিয়ে কাজ করবার সময় কতগুলো অসুবিধা দেখা দেয়। সেই অসুবিধা দূর করবার জন্যই এই প্রস্তাব এখানে এনেছি এবং যে সব বিষয়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে পড়ানো হয় তার চেয়ে বেশী বিষয়ে পড়ানোর ব্যবস্থা চাইছি। এবং তার মধ্যে একটি গুরুত্বপূর্ণ বিষয়—প্যারা মেডিক্যাল পড়ানোর বিষয়। এ বিষয়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তারা উদ্যোগ গ্রহণ করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের সঙ্গে এবং কেন্দ্রীয় সরকারের রেল কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করেন এবং তাঁরা প্রস্তাব করেন যে প্যারা মেডিক্যাল, মেডিক্যাল ল্যাবরেটরী টেকনোলজী, ফিজিও থ্যারাপি—এগুলো তাঁরা এখানে পড়াবেন।

[4-30—4-40 P. M.]

বর্তমানে যে সব বিষয়ে এখানে পড়াশোনা হয় তার মধ্যে বায়ো-টেকনোলজি আছে। সেই গুলির সুযোগ এখানে পাওয়া যাচ্ছে। মেডিক্যাল ফ্যাকালটির কথা না থাকলেও—ইনজিনিয়ারিং, সাইন্স এই গুলি পড়ানো হচ্ছে। রেল কর্তৃপক্ষ তাদের হাসপাতাল এবং আরো কতকগুলি বৈজ্ঞানিক প্রতিষ্ঠান এই কাজে সাহায্য করবেন বলে এগিয়ে এসেছেন। এইগুলি যাতে করা যায় তার জন্য বিশ্ববিদ্যালয়ের আইনের কতকগুলি পরিবর্তন এনে ব্যবস্থা করা হচ্ছে এবং এর সঙ্গে এলাকাটাকে কিছুটা বাড়াবার চেষ্টা করা হচ্ছে। তাছাড়া নির্বাচনের ব্যাপারে আমরা আইনের যে ব্যবস্থাটা রেখেছিলাম সেটা এখানে আছে। তাতে সব শিক্ষকরা এক সঙ্গে নির্বাচন করবেন। বিভিন্ন কর্তৃপক্ষ—কোর্ট, একজিকিউটিভ কাউনসিল, এটা আমরা ফ্যাকালটিগত ভাবে ভাগ করেছি—আর্টস ফ্যাকালটি, সায়ন্স ফ্যাকলটি, ইঞ্জিনিয়ারিং ফ্যাকালটি। তার কারণ ইঞ্জিনিয়ারিং ফ্যাকালটির শিক্ষকরা বেশী—যদি এক সঙ্গে নির্বাচন হয় তাহলে ইঞ্জিনিয়ারিং ফ্যাকালটির মনোমত আর্টস এবং সায়ন্স থেকে আসবে। কিন্তু বর্তমান বিধেয়কে এটা ভাগ করে দেওয়া আছে যাতে আর্টসের শিক্ষরা তাঁদের মনোমত পাঠান, সায়ন্সের শিক্ষকরা তাঁদের মনোমত লোক পাঠান। তাছাড়া রয়েছে স্ট্যাটিউট অর্ডিনেন্সে এইগুলি প্রনয়ন করাবার জন্য যে সব ব্যবস্থা রয়েছে তার কিছু কিছু পরিবর্তন করা দরকার। এই বিধেয়কে আরো খুঁটিনাটি বিষয় আছে, পরে প্রয়োজন হলে বলবো। এই বিধেয়ক বিশ্ববিদ্যালয়ের ভাল করবার জন্য, নির্বাচনকে আরো গণতান্ত্রিক করবার জন্য এবং যাতে ছোট ছোট ত্রুটি দূর করা যায় তার জন্য করা হয়েছে। আমি আশা করবো এই বিধেয়কটি বিধানসভার সকল পক্ষের সমর্থন লাভ করবে।

**ডাঃ কিরণ চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা কিছু বললেই ওনারা বলেন মুটিভ ইম্পিউট করছেন। মাননীয় মন্ত্রী মহাশয় যে বক্তব্য রেখেছেন তার থেকে এটাই প্রমানিত হচ্ছে যে আমরা যে কথা বলেছি "দীর্ঘ সুত্রতা" সেটা মিথ্যা নয়। তিনি আশ্বাস দিয়েছেন যে যতটা সম্ভব তাড়াতাড়ি সম্পন্ন হবে। যাদবপুর বিশ্ববিদ্যালয় সম্পর্কে কতকগুলি, কথা মন্ত্রী মহাশয় বললেন। এই চিঠিগুলি পড়ে মনে হয়েছে যে এইগুলি বর্তমান পরিস্থিতির উন্নতি করা হয়েছে। যেমন ফ্যাকালটি ডিভিসানগুলি, আমি শিক্ষক হিসাবে এটা সমর্থন করি। যেখানে ছিল একজন শিক্ষক নির্বাচিত হবেন সেখানে বলা হয়েছে নূনতম একজন হতে পারবেন এবং একাধিকও হতে পারবেন। এই গুলিকে আমি সমর্থনযোগ্য বলে মনে করছি। যেহেতু আমি সমস্ত জীবন শিক্ষকতার কাজ করছি। দুটি বিষয়ের প্রতি আমি সমর্থন করতে পারছি না। ব্যাপারগুলি অবশ্য খুবই সামান্য। সেটা হলো ১৯ নং লাইব্রেরিয়ানের ডেফিনেসানকে চেঞ্জ করা হয়েছে। সেখানে বলা হয়েছে the librarian or any other person holding the post of librarian by whatever name called, appointed or recognised as such by the University. এই হচ্ছে লাইব্রেরিয়ান। মানেটা পালটে এখানে বলা হচ্ছে লাইব্রেরিয়ান মিন্স

the Librarian, Deputy Librarian, Assistant Librarian or any other person discharging the funtions of a Librarian on whole time basis by whatever name called, appointed or recognised as such by the University. এটা অত্যন্ত ইনকনগ্রুঅ্যাস ব্যাপার। লাইব্রেরিয়ান বলবো যিনি ডেপুটি লাইব্রেরিয়ান, যিনি এ্যাসিসটেণ্ট লাইব্রেরিয়ান তাকে বলবো লাইব্রেরিয়ান? আমাদের এখানে স্পীকার মহাশয় আছেন এবং ডেপুটি স্পীকার মহাশয়ও আছেন। ডেপুটি স্পীকার মহাশয় যখন স্পীকারের আসন গ্রহণ করেন তখন তাঁকে স্পীকার বলি না, ডেপুটি স্পীকার বলি। যদিও তিনি স্পীকারের সমস্ত কিছু ফাংশান করেন। ডেপুটি লাইব্রেরিয়ান যদি লাইব্রেরিয়ানের কাজ করেন, তার অফিসিয়াল ডেজিগনেশান হবে অফিসিয়েটিং বা এ্যাকটিং লাইব্রেরিয়ান তাহলেও তিনি ডেপুটি লাইব্রেরিয়ানই থাকবেন।

সকলকে লাইব্রেরিয়ান বলা হবে, এই রকম একটা ব্ল্যাংকেট সংখ্যা যে ঠিক কি কারণে করা হল তা আমি বুঝতে পারছি না। এরফলে সুযোগ-সুবিধাই বা কি পাওয়া যাবে তাও আমার বোধগম্য হচ্ছে না। এর পেছনে কি উদ্দেশ্য বা বিবেচনা আছে তা আশাকরি, মন্ত্রিমহাশয় বলতে পারবেন। অবস্থা যা দাঁড়াবে তাহল, লাইব্রেরিয়ানের সঙ্গে ডেপুটি লাইব্রেরিয়ান, এ্যাসিসট্যাণ্ট লাইব্রেরিয়ান, এমন কি লাইব্রেরিতে যিনি করণিক, লাইব্রেরিয়ানকে এ্যাসিস্ট করার জন্য যিনি বই পাড়বেন, তাঁকেও বোধহয় লাইব্রেরিয়ান বলা যাবে। আমার মনে হয়, আগে যা ছিল তাকে ব্লাংকেট করার ফলে অসুবিধা হতে পারে। আপনারা জানেন, লাইব্রেরিয়ান এবং অধ্যাপকের পজিশানের দিক থেকে ইউনির্ভাসিটি গ্রাণ্টস্ কমিশন কোন ফাঁক রাখেন নি বা ডেনিগ্রেট করেন নি—উভয়কেই সমান অঙ্কে উন্নত করা হয়েছে। আমার মনে হয় এই পজিশানকে ড্রপ করা ঠিক হয় নি। ৪ নম্বরে ক্লজ (২)-এ বলা হয়েছে, টেরিটরিয়াল লিমিট অফ দি ইউনির্ভাসিটির বাইরেও যদি কেউ (কোন ইনস্টিটিউশান) এ্যাফিলিয়েশান চায় যাদবপুর ইউনির্ভাসিটিতে তাকে এ্যাফিলিয়েশান দেওয়া চলবে। যাদবপুর ইউনির্ভানিটির রেডিয়াস হল ৩॥ মাইল, তার বাইরের—টেরিটরিয়্যাল লিমিটস্'এর বাইরের—কোন ইন্সস্টিটিউশান যদি স্বীকৃতি পায় তাহলে তা অন্য ইউনির্ভাসিটির টেরিটরিয়াল লিমিটস্'এ ইনভেড করা হবে। আমার মনে হয়, অন্যান্য ইউনির্ভাসিটির ক্ষেত্রে টেরিটরিয়াল জুরিসডিকশান কি হবে তা ডিফাইন করা আছে। এখানে শুধু মাত্র যাদবপুরকে বলা হয়েছে। আমি জানি না অন্য কোন বিশ্ববিদ্যালয়ের সম্পর্কে এই রকম কোন ক্লজ আছে কিনা। মন্ত্রীমহাশয় এ বিষয়ে আলোকপাত করবেন বলে আশা করি। তা যদি হয় তাহলে ব্যাপারটা ক্রস পারপোজ হয়ে দাঁড়াবে। আগে যে টেরিটরিয়াল স্যংটিটি ছিল তা ভেঙ্গে যাবে। সেজন্য আমার কথা হচ্ছে, এর সাবস্টিটিউট করা হোক বাট নট **within the territorial limits of other Universities.** অর্থাৎ অন্য কোন বিশ্ববিদ্যালয়ের টেরিটেরিয়াল লিমিটের মধ্যে অবস্থিত কোন ইনস্টিটিউশান যদি যাদবপুরে কখনও এ্যাফিলিয়েশান চায় তাহলে সেই ইনস্টিটিউশানকে তা দেওয়া চলবে না। এই হচ্ছে আমার বক্তব্য।

[4-40—4-50 P.M.]

**শ্রীদেব রঞ্জন সেন ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আইন সংশোধনের জন্য যে প্রত্যাদেশের পরিবর্তে যে বিধায়ক এনেছেন তাঁকে সমর্থন করে আমি ২।৪ টি কথা বলছি। বিরোধীপক্ষের অধ্যাপক ডঃ কিরণ চৌধুরী মহাশয় যে কথাগুলি বললেন তার কথাগুলির মধ্যে দিয়ে একটি জিনিষ বুঝতে পারা যায় যে বামফ্রন্ট সরকারের তরফ থেকে বিশ্ববিদ্যালয়কে উন্নত করার জন্য, বিশ্ববিদ্যালয়ের নির্বাচন তরান্বিত করার জন্য এবং নির্বাচনে অধিক সংখ্যক সকল শ্রেণীর লোক যাতে অংশগ্রহণ করতে পারে এবং বিশ্ববিদ্যালয়কে যাতে সম্প্রসারিত করা যায় এবং বিশেষ করে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে নতুন শাখা-প্রশাখা স্থাপন করা যায় তারজন্য যে প্রস্তাব আনা হয়েছে বিরোধী পক্ষ তার বিরোধিতা করার চেষ্টা করে যাচ্ছেন। আজকে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের একটা ঐতিহ্য আছে। আজকে সেই ঐতিহ্যের মধ্যে দিয়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের জন্য। যাদবপুর বিশ্ববিদ্যালয়কে আরো উন্নত করতে হবে এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের শাখা-প্রশাখা বাড়ানোর জন্য বামফ্রন্ট সরকারের উচ্চশিক্ষামন্ত্রী দপ্তর থেকে যে প্রত্যাদেশ নেওয়া হয় সেই প্রত্যাদেশ সর্বোতভাবে সমর্থন যোগ্য। এই প্রস্তাব তরান্বিত করার জন্য মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী বিধানসভা না থাকার জন্য যে প্রত্যাদেশ বিধায়ক চালু করার চেষ্টা করে ছিলেন সেই প্রত্যাদেশ বিধানসভা শুরু হবার সঙ্গেসঙ্গেই পরিবর্তন করে আইন প্রণয়ন করার জন্য যে সংশোধনী এনেছেন আমি তাকে সমর্থন করছি। আগামীদিনে বিশ্ববিদ্যালয়ের সংশোধনের মধ্যে দিয়ে, নতুন আইনের মধ্যে দিয়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের যে ত্রুটি-বিচ্যুতি আছে সেগুলি সংশোধন করবার জন্য যে চেষ্টা করা হচ্ছে তাকে সর্বোতভাবে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতীশ রায় ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল এনেছেন তাকে সমর্থন করতে উঠে আমি ২।১টি কথা বলতে চাই। আমি এতক্ষণ ধরে বিরোধীপক্ষের বন্ধু ডঃ কিরণ চৌধুরী মহাশয়ের বক্তৃতা মন দিয়ে এবং ধৈর্য্য সহকারে শুনলাম। তিনি ২টি কথা বলেছেন—তার প্রথম কথা হচ্ছে লাইব্রেরিয়ান সংজ্ঞাটি নিয়ে তার মনের মধ্যে একটা সন্দেহ দেখা দিয়েছে। এই শব্দটির মধ্যে নাকি একটা বিশেষ উদ্দেশ্য আছে। ডঃ কিরণ চৌধুরী মহাশয় শিক্ষা জগতের মানুষ আর আমরা তো শ্রমিক-কর্মচারীর মধ্যে থেকে কাজ করি। আদালতে আপনারাই বলে থাকেন এবং আপনাদের বেঞ্চে থেকেই শুনে থাকি যে লাইব্রেরিয়ান কথাটি হচ্ছে একটি কমিউনিটি এবং এটি একটি পার্টিকুলার ক্যাটিগরির সঙ্গে ইউজ হয়ে থাকে। যারা সেই কাজের সঙ্গে যুক্ত তাদের লাইব্রেরির সংজ্ঞাটি ভালোভাবে বোঝা দরকার। যেমন করে শিল্প বিরোধ আইন অতীত কালে শ্রমিক-কর্মচারী বলতে যে সংজ্ঞা দেওয়া হয়েছিল বর্তমানে সুপ্রিম কোর্ট সেই সংজ্ঞাটির পরিবর্তন সাধন করেছেন। ইণ্ডাষ্ট্রি কথাটি আগে যে অর্থে ব্যবহার করা হয়েছিল এখন সেই অর্থটি আরো ব্যাপক আকারে ব্যবহার করা হচ্ছে অর্থাৎ ইণ্ডাষ্ট্রি

শব্দটির অর্থ এখন আরো ব্যাপক হয়েছে। অর্থাৎ সমাজের প্রয়োজনের খাতিরে আইনের পরিবর্তন প্রয়োজন আছে। সেইজন্য মাননীয় মন্ত্রীমহাশয় লাইব্রেরিয়ান কথাটির যে সীমাবদ্ধতা, সেই সীমাবদ্ধতা দূর করে সেখানে একটি ব্যাপক আকারে এই লাইব্রেরিয়ান শব্দটি ব্যবহার করতে চান। সেখানে গ্রন্থাগারে আগামীদিনের কর্মীরা যাতে লাইব্রেরিয়ানের মর্য্যদা পেতে পারেন তার ব্যবস্থাই এই বিলের মধ্যে করা হয়েছে। তাঁর দ্বিতীয় কথা হচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে টেরিটোরিয়্যাল জুরিসডিকশান যা আছে তার থেকে বাইরে কোন প্রতিষ্ঠান যেতে পারবে না। এর পিছনেও নাকি একটি উদ্দেশ্য আছে। কিন্তু এই জিনিষটি তো আমাদের সরকারের আমলে হয় নি, এটা কেন্দ্রীয় সরকার থাকাতে এই জিনিষ চালু আছে।

আমি ডাঃ চৌধুরীকে বলতে চাই যে বিশেষ মর্যাদা কোন কোন বিশ্ববিদ্যালয়কে শিক্ষা প্রতিষ্ঠানকে দেয়া হয় সমাজের ক্ষেত্রে তাদের বিশেষ অবদান আছে বলে। তাদের স্বীকৃতিটা মানুষের কাছে তুলে ধরা দরকার এবং আইনের জটিলতা থাকলে তা দূর করা দরকার। আচার্য পি.সি. রায় যে বিশ্ববিদ্যালয়ের সৃষ্টি করেছিলেন সেটা যাতে ব্যাপকভাবে প্রসার লাভ করতে পারে সেকথাই আইনের মাধ্যমে বলা হয়েছে। সেই হিসেবে মন্ত্রী মহাশয়ের এই বিল বাস্তব সম্মত বলে এই বিল আমি সমর্থন করছি।

**শ্রীসুমন্তকুমার হীরা**ঃ মিঃ চেয়ারম্যান স্যার, মন্ত্রী মহাশয় যে বিল উপস্থিত করেছেন তাকে সমর্থন করে ২।১টি কথা বলতে চাই। এই সরকার প্রতিষ্ঠিত হবার পর থেকে আমরা চেষ্টা করছি শিক্ষা ব্যবস্থার মধ্যে গনতান্ত্রিক এলিমেণ্ট ইনট্রোডিউস করার। এই উদ্দেশ্য নিয়ে গত কয়েক বছর ধরে এই সরকার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পুরানো আইনগুলির সংশোধন করছেন। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আইন সেইভাবে সংশোধিত হচ্ছে। এই আইনে গনতান্ত্রিক চরিত্র দেবার চেষ্টা করা হয়েছে। সমাজের বিভিন্ন স্তরের মানুষের রিপ্রেজেনটেশান এ আইনের মধ্যে দিয়ে দেবার চেষ্টা করা হয়েছে। দেশ স্বাধীন হবার পর থেকে যারা শাসন ক্ষমতাকে কুক্ষিগত করে রেখেছিল সেই শ্রেণী সবচেয়ে বেশি আক্রমন করেছিল শিক্ষা ব্যবস্থার উপর এবং আমাদের শিক্ষা-ব্যবস্থাকে তারা একটা কঠিন বেড়া দিয়ে আটকে রেখেছিল। আমাদের দেশের তথাকথিত জমিদাররা, ধনিকরা এবং দীর্ঘদিনের কায়েমী স্বার্থের সঙ্গে যুক্ত আমলারা উচ্চ শিক্ষাকে কুক্ষিগত করে রেখেছিলেন এবং শিক্ষাকে কোন মতেই দেশের সাধারণ মানুষের কাছে পৌছে দেবার ব্যবস্থা করা হয়নি। এর একটা উদ্দেশ্য ছিল যে উচ্চ শিক্ষা যদি সমাজের মুষ্টিমেয় শ্রেণীর মধ্যে আবদ্ধ রাখা না যায় তাহলে আগামী দিনে ধনীক, জমিদার এবং বুর্জোয়া শ্রেণীর শাসন ব্যবস্থার ভিত তারা নড়িয়ে দেবে। তাঁরা জানেন উচ্চ শিক্ষার মধ্যে দিয়ে যদি আই.এ.এস অফিসার, আমলাতন্ত্র যদি না করা হয় তাহলে প্রচলিত শোষণকে জমিদার, বড় লোকদের স্বার্থে রাখা যাবেনা। এইভাবে আমাদের দেশের উচ্চ শিক্ষাকে পুরাপুরিভাবে মুষ্টিমেয় কয়েকটা পরিবার দখল করে রেখেছিলেন।

[4-50—5-00 P.M.]

এবারে প্রথম বামফ্রন্ট সরকার বিশ্ববিদ্যালয়গুলির আইনকে সংশোধন করার ক্ষেত্রে গনতান্ত্রিক উপাদান সঞ্চারিত করলেন। এই বিশ্ববিদ্যালয়গুলি পরিচালনার ক্ষেত্রে শুধুমাত্র তথাকথিত কিছু বুদ্ধিজীবীদের ভূমিকা শেষ নয় তাঁদের পাশাপাশি দেশের যে অগুনিত শ্রমিক, কৃষক, যুবা, ছাত্র, সংগঠিত বিভিন্ন স্তরের মানুষ আছে তাঁদেরও এই বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে রিপ্রেজেনটেশান থাকা দরকার এবং সেই উদ্দেশ্য নিয়ে এই আইনকে সেইভাবে সংশোধিত করা হয়েছে যাতে এর পরিচালনার ক্ষেত্রে নির্বাচিত শিক্ষক, কৃষক, শ্রমিক, ছাত্ররা থাকবেন এবং তাঁদের নিয়ে গঠিত হবে সিনেট, সিণ্ডিকেট বা কোর্ট এবং এইভাবে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলির ক্ষেত্রে একটা ব্যাপক গনতান্ত্রিক কাঠামো এই আইনের মধ্যে গড়ে তোলার চেষ্টা করা হয়েছে। আজকে বিলের যে এ্যামেণ্ডমেণ্ট এসেছে সেই এ্যামেণ্ডমেণ্টের মধ্যেও সেই লক্ষ্য রয়েছে যাতে এই গনতান্ত্রিক লক্ষ্যকে তাড়াতাড়ি সাফল্যমণ্ডিত করা যায়। মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন এই আইনটা আমরা যখন করেছিলাম এবং সিলেক্ট কমিটিতে যখন আইনটা এসেছিল তখন কিছুটা তাড়াহুড়া করে আমাদের আইনটা করতে হয়েছিল। কারণ, আমরা চাই এই গনতান্ত্রিকরণ খুব দ্রুত হোক। সেটা করতে গিয়ে কিছু ত্রুটি-বিচ্যুতি এই আইনে ছিল, সেইজন্য এই বিলে সেগুলি সংশোধন করা হয়েছে। একটা জিনিস এই বিলে আনা হয়নি, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই বিষয়ে তিনি যেন একটু নজর রাখেন। আজকের এ্যামেণ্ডমেণ্ট শেষ এ্যামেণ্ডমেণ্ট নয়, এর পরে আইন যখন এ্যামেণ্ড হবে তখন সেই এ্যামেণ্ডমেণ্ট করার সময় তিনি যেন একটা দিকে লক্ষ্য রাখেন। এই বিশ্ববিদ্যালয় আইনে একটা ত্রুটি রয়ে গেছে, সেটা যেন ভবিষ্যতে সংশোধন করা হয়। ছাত্রদের রিপ্রেজেনটেশানের ক্ষেত্রে একটা ত্রুটি রয়ে গেছে। যেটা করা হয়েছে তা হল বিভিন্ন ফ্যাকল্টি স্টুডেন্টদের নির্বাচিত প্রতিনিধিরা যাঁরা আসবেন সিনেটে তাঁরা সম্মিলিতভাবে কোর্টে বা সিণ্ডিকেটে তাঁদের প্রতিনিধি নির্বাচিত করবেন। যাদবপুর বিশ্ববিদ্যালয় সম্পর্কে আমাদের বক্তব্য ছিল এখানে ইঞ্জিনিয়ারিং এর যে ফ্যাকাল্টি আছে সেটা সবচেয়ে বড়, কয়েক হাজার স্টুডেন্ট সেখানে আছে, এখানে আর্টস পড়ান হয়, সায়েন্স পড়ান হয়, অন্যান্য টেকনোলজি পড়ান হয়, এই বিভিন্ন ফ্যাকল্টি নিয়ে যে পরিবেশ এখানে তাতে দেখা যায় একটা ফ্যাকল্টিতে খুব কম ছাত্র আছে, আবার একটা ফ্যাকল্টিতে দেখা যায় অনেক ছাত্র আছে। কাজেই সম্মিলিতভাবে যদি নির্বাচিত হয় তাহলে এমন হতে পারে যাতে একটা নির্দিষ্ট ফ্যাকল্টির রিপ্রেজেনটেশানটা নাও হতে পারে। কারণ, সম্মিলিতভাবে ভোট হবে, মেজরিটি ভোটের যেখানে প্রশ্ন সেখানে মাত্র একটা ফ্যাকল্টি থেকে টোটাল রিপ্রেজেনটেশানটা ভোটে যেতে পারে, এই একটা সমস্যা রয়ে গেছে। সেজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব ভবিষ্যতে তিনি যখন আইন এ্যামেণ্ড করবেন সেইসময় এই ত্রুটিটা যেন দূর করেন অর্থাত বিভিন্ন ফ্যাকল্টির বিভিন্ন অংশের রিপ্রেজেনটেশানটা যাতে হয় সেটা তিনি করবেন। এই সঙ্গে সঙ্গে আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে এখানে শিক্ষার স্বাধিকার রক্ষা কমিটি গঠিত হয়েছে। কার্যতঃ যে

স্বাধিকার শুরু করেছিল সেটা হচ্ছে তাঁরা শিক্ষাকে সংকুচিত করে শিক্ষার সম্প্রসারণ না করে মুষ্টিমেয় জমিদার-জোতদারদের হাতে শিক্ষাকে তাঁরা রাখতে চেয়েছিলেন। উচ্চ শিক্ষা পরিচালনার ক্ষেত্রে কখনও তাঁরা শ্রমিক, কৃষক, ছাত্রদের নির্বাচিত প্রতিনিধিদের রাখতে চাননি। তাঁরা শুধু স্বাধিকার রক্ষার নামে দীর্ঘদিন ধরে আন্দোলন করছেন এবং শিক্ষার ক্ষতি করছেন। কাজেই মন্ত্রী মহাশয় এদিকে নজর দেবেন এই কথা বলে এই সংশোধন বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমার একটা পয়েণ্ট অব অর্ডার আছে। সরকার পক্ষের মাননীয় সদস্য সুমন্ত হীরাও বললেন কিছু ত্রুটি আছে। যদি সমস্ত ফ্যাকল্টির রিপ্রেজেনটেসন না হয়, যদি কোন সেকটর বাদ থাকে তাহলে প্রোপার রিপ্রেজেনটেসন হবেনা। সুমন্ত হীরা বললেন এটা ত্রুটিপুর্ণ, তবে ভবিষ্যতে সংশোধন করবেন। আমার বক্তব্য হচ্ছে সরকার পক্ষের সদস্যও যখন বলছেন ত্রুটি আছে তখন এই অবস্থাতে আমরা এটা এ্যাক্সেপ্ট করব, না কি বলব মিনিসটার বিলটি উইথড্র করে সংশোধিত আকারে পুনরায় আনুন? সুমন্তবাবু বলেছেন বিলটি ত্রুটিপূর্ণ এবং এই ব্যাপারে তিনি ভালভাবেই বুঝিয়ে বলছেন। কাজেই আমি জানতে চাই, এটা কি এই ভাবেই পাশ হবে, না উইথড্র করে সংশোধিত আকারে আনবেন—অর্থাত রিইন্ট্রোডিউস্ড হবে?

**শ্রীরাধিকা রঞ্জন প্রামানিক ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের উচ্চশিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যাদবপুর ইউনিভার্সিটি এ্যাক্ট, ১৯৮০ এর উপরে যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন তাকে সমর্থন করে দু-একটা কথা বলতে চাই যাদবপুর ইউনিভার্সিটি এ্যাক্ট, ক্যালকাটা ইউনিভার্সিটি এ্যাক্ট এবং বর্ধমান ইউনিভার্সিটি এ্যাক্ট তৈরী করবার সময় সিলেক্ট কমিটি তৈরী হয়েছিল সেখানে আলোচনার মূল বিষয়বস্তু ছিল ইউনিভার্সিটিতে যে মূল অথরিটিস্ আছে সেগুলোকে গনতন্ত্রীকরণ করা। ইউনিভার্সিটির বিভিন্ন অথরিটি সম্বন্ধে যে সমস্ত কমিশন গঠিত হয়েছিল তাদের সুপারিশ কার্যকরী করবার জন্য আমরা সিলেক্ট কমিটিতে মুখ্যতঃ দাবী করেছিলাম এবং সমস্ত ইউনিভার্সিটিতে ডেমোক্রাটাইজেসন এবং যে সমস্ত অথরিটি ছিল তাদের ক্ষমতাগুলি বিকেন্দ্রীকরণ করা হোক এর এর উপর গুরুত্ব দিয়েছিলাম। স্যার, আপনি জানেন বিশ্ববিদ্যালয় গুলোতে ছাত্রদের রিপ্রেজেনটেসন ছিলনা, কর্মচারীদের সিনেট, সিণ্ডিকেট, বোর্ড বা একজিকিউটিভ কাউনসিলে কোন প্রতিনিধিত্ব ছিলনা।

[5-00—5-10 P. M.]

তাই আমি তখন আলোচনাকালে বলেছিলাম যে শ্রামক সংগঠন কৃষক সংগঠনের প্রতিনিধিত্ব থাকা উচিত। যেহেতু তারা ট্যাক্স পেয়ার, তাদের টাকায় গভর্ণমেণ্ট চলে এবং গভর্ণমেণ্টের টাকা বিশ্ববিদ্যালয় চলে। কিন্তু তখন বহু জায়গা থেকে আপত্তি এসেছিল। এই সমস্ত অথরিটিজগুলি—সমাজের বুর্জুয়া শ্রেনীর পক্ষ থেকে অর্থাত ওখানে যারা সব রিপ্রেজেণ্টেটিভ থাকেন এই সমস্ত এলিট

লোক যারা সব Senate, Syndicate, court, executive council পণ্ডিত ব্যক্তিরা থাকেন— ঐ সমস্ত সংগঠনের তরফ থেকে রিপ্রেজেণ্টেটিভ যায় তারা এটা ভাল চোখে দেখেন নি। আমরা বলেছিলাম অনেক সমাজতান্ত্রিক ধনতান্ত্রিক দেশে এই সমস্ত এলিট বডিতে শ্রমিক কৃষক সংগঠনের প্রতিনিধিত্বের ব্যবস্থা আছে। অনেক জায়গায় ওঁরা বাধা দিয়েছিলেন। আমরা সেটাকে গণ-তান্ত্রিকরণ করার চেষ্টা করেছি। এক্স-অফিসিও মেম্বারের সংখ্যা আগে বেশী ছিল, সেখানে নির্বাচিত প্রতিনিধির সংখ্যা কম ছিল। সেটাকে আরও গণতান্ত্রিকরণ করার স্বার্থে এক্স-অফিসিও মেম্বারের সংখ্যা কমিয়ে নির্বাচিত সদস্যের সংখ্যা বাড়িয়েছি। শ্রমিক সংগঠন, কৃষক সংগঠন, ছাত্র সংগঠন অশিক্ষক কর্মচারীদের প্রতিনিধিত্ব করার ব্যবস্থা আমরা করেছি। সেই বিল এই বিধান-সভায় এ্যাক্ট হিসাবে পাশ হয়েছে। কিন্তু এখন কাজ করতে গিয়ে দেখা যাচ্ছে নূতন কিছু ঢোকানো দরকার। কাজ করতে গিয়ে সামান্য কিছু ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হয়। ক্যালকাটা ইউনিভারসিটি এ্যাক্টে ভাইসচ্যান্সেলারকে রিমুভ প্রভিসন রেখেছিলাম। পরবর্তীকালে সেটা এমেণ্টমেণ্ট করে পরিবর্তন করতে হয়েছে। বিশেষ প্রয়োজনে এখানে তাই কিছু পরিবর্তন করতে হচ্ছে। যদি কখনও দেখা যায় আমরা যে এ্যাক্ট করেছি, তার মধ্যে দিয়ে কাজ করতে গিয়ে, কোন ত্রুটি বিচ্যুতি দেখা যায়, তাহলে তার এমেণ্ডমেণ্ট করতে হবে। যে তিনটি ফাকালটি কাউন্সিল আছে, আর্টস, সায়েন্স এবং ইঞ্জিনীয়ারিং, সেখানে তারই সমস্ত অধ্যাপকদের নিয়ে এক্স-অফিসিও মেম্বার করে দেওয়া হয়েছে। আমরা নির্বাচনের মাধ্যমে যাতে সেই সমস্ত অধ্যাপকরা আসতে পারে তার ব্যবস্থা করেছি। এবং তার জন্য প্রভিসনের প্রয়োজন হয়েছে। আমরা আরও গণতান্ত্রিকরণ করার চেষ্টা করছি। এটা ত্রুটি কিছু নয়। মাননীয় সদস্য সত্য বাপুলী বল্লেন ত্রুটি সংশোধন করে নূতন করে বিল আনুন। এ্যাক্টের মধ্যে ত্রুটি কিছু নাই। সময়ের প্রয়োজনে যে সমস্ত প্রভিসন ছিল না, সেগুলি আনতে হচ্ছে। এ্যাক্ট কখনও পার্মানেণ্ট হতে পারে না। সময়ে সময়ে প্রয়োজনের তাগিদে পরিবর্তন করতে হয়। কলিকাতা ইউনিভার-সিটিতে শ্রমিক কৃষক, ছাত্র অশিক্ষক কর্মচারীদের প্রতিনিধিত্ব করার প্রভিসন আনা হয়েছে। যাদবপুর ইউনিভারসিটিতে সেই রকম প্রয়োজনের তাগিদে পরিবর্তন আনা হয়েছে। যাদবপুর ইউনিভারসিটিতে মেডিক্যাল কোর্স চালু করার কথা ভাবছেন—আমরা সেটা সমর্থন করি। এটা খোলা হলে, এর প্রয়োজনীয়তা আছে, বিস্তারিতভাবে বিল আনার এবং তার স্কোপ এমেণ্ডমেণ্ট-এ আছে। এ সম্বন্ধে আলোচনা হয়েছে—আমি নূতন করে তার পুনরাবৃত্তি করতে চাই না, সেটা অপ্রাসঙ্গিক হবে।

মিঃ চেয়ারম্যান, স্যার, আমি এই প্রসঙ্গে একটি কথা বলতে চাই, যদিও সেটা অপ্রাসঙ্গিক হবে কিনা জানি না। আমাদের মাননীয় সদস্য সত্য বাপুলী মহাশয় মাননীয় সদস্য সুমন্ত হীরা মহাশয়ের একটি বক্তব্য তুলে ধরে বললেন বিলটি ত্রুটিপূর্ণ। আমি মাননীয় সদস্য সত্য বাপুলী মহাশয়কে এই কথা স্মরণ করিয়ে দিতে চাই—আপনারা তো অনেক সময় সমাজতন্ত্রের কথা বলেন, এই বিধানসভায় গরীবের কথা বলেন, মেহনতী মানুষের কথা বলেন। কিন্তু ইউনিভার্সিটি বিলের

উপর যখন সিলেক্ট কমিটি হয়েছিল, সেখানে যখন এই সব অথারিটি সিনেট, সিনডিকেট, কাউনসিলে শ্রমিক, কৃষকের প্রতিনিধিত্ব পাঠাবার প্রস্তাব হয়েছিল তখন বিরোধিতা এসেছিল মাননীয় কংগ্রেস (ই)র সদস্যদের কাছ থেকে। তারা অনেক ব্যঙ্গ, বিদ্রুপ করেছিলেন যে ঐরকম এলিট বডিতে চাষা-ভূসা, শ্রমিক, কামাররা যাবে ? তখন অনেক ব্যঙ্গ বিদ্রুপ হয়েছিল। আমরা বলেছিলাম, না, এটা ঠিক নয় চাষা-ভুসর প্রতিনিধি এক কথা, আর চাষা-ভুষা আর এক কথা। এখানে চাষা-ভুসর প্রতিনিধিত্ব করেন, এমন অনেক সদস্য আছেন, কিন্তু তারা লাঙ্গল নেন না বা হাতুড়ি মারেন না। কাজেই তাদের প্রতিনিধিত্ব কেন আসতে পারবে না ? সিনেটে চাষী পাঠালে তারা সিনেটে গিয়ে কি করবে, এই কথা বলেছিলেন। কিন্তু সিনেটে চাষীদের প্রতিনিধি পাঠাতে আপত্তি কোথায় আছে ? আপনারা অনেকেই চাষা-ভুসর প্রতিনিধি আছেন, তার জন্য আপনারা গর্বিত এবং আমরাও চাষা-ভুসর প্রতিনিধিত্ব করি, সেই জন্য আমরাও গর্বিত। তাহলে চাষীদের প্রতিনিধিত্ব করবার প্রতিনিধি থাকবে না কেন ? তারা ট্যাক্স পেয়ারস। তাদের টাকায় বিশ্ব-বিদ্যালয় চলে। তাহলে তারা কেন সেখানে যাবে না ? তারা টাকা দেবে, তাদের টাকায় বিশ্ববিদ্যালয় চলবে, অথচ ওখানে তাদের বক্তব্য রাখার অধিকার থাকবে না, এটা হতে পারে না। মাননীয় চেয়ারম্যান, স্যার, আগে সিনেট, সিনডিকেটে এক্স-অফিসিও সদস্য সংখ্যা বেশী ছিল এবং ইলেকটেড মেম্বারের সংখ্যা কম ছিল। এক্স-অফিসিও মেম্বাররা জানতেন যে মিটিং-এ না গেলেও তাদের চাকরি আছে, সিনেটে হাজির না থাকলেও তারা সিনেটের সদস্য, সিনডিকেটের সভায় না গেলেও সিনডিকেটের সদস্য। কোন দায় দায়িত্ব তাদের ছিল না, যেহেতু তারা ইলেকটেড্ নন। সেই জন্য তারা কারো কাছে দায়বদ্ধও ছিলেন না। ফলে সিনেট, সিনডিকেটের অথারিটিজগুলিতে তারা গতানুগতিকতায় ভুগছিলেন। তারা কোন দায় দায়িত্ব পালন করতেন না। এমন বহু সদস্য আছেন যারা সিনেট, সিনডিকেটের মিটিং-এ যেতেন না। মাননীয় চেয়ারম্যান, স্যার, এই ত্রুটিগুলি দূর করার জন্যই আমরা এটা করেছিলাম। এই কথা মাননীয় কংগ্রেস (ই) র সদস্যদের জানা দরকার যে কলকাতা বিশ্ববিদ্যালয় বা আশপাশের যেসব বিশ্ববিদ্যালয় আমাদের আছে, তার কোন অথারিটিজে কখন গনতন্ত্রীকরণ ছিল না, ক্ষমতার বিকেন্দ্রীকরন ছিল না। কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে কয়েক শত আণ্ডার গ্রাজুয়েট কলেজ আছে। এখানে কয়েক লক্ষ ছাত্র ছাত্রী আছে। তাকে চালাবার জন্য ক্ষমতা বিকেন্দ্রীকরণের ব্যবস্থা ছিল না। আমরাই প্রথম সিনেট, সিসণ্ডিকেট এবং কাউনসিল গনতন্ত্রীকরণের জন্য এক্স-অফিসিও মেম্বার থেকে ইলেক-টেড মেম্বারের সংখ্যা বাড়িয়েছি। ওরা বাড়ান নি, ত্রুটি রেখেছিলেন। আমরা সেই ত্রুটি দূর করেছি। এর মধ্যে কোন ত্রুটি নেই। কাজ করতে গিয়ে সামান্য যেসব কমা, পূর্ণচ্ছেদ ইত্যাদি পড়েনি সেগুলি দূর করা হচ্ছে। আপনারা গনতান্ত্রীকরণ করেন নি, বিকেন্দ্রীকরণ করেন নি। এটা একটা ঐতিহাসিক নজীর হয়ে থাকবে। এই প্রথম এই রকম একটা ঐতিহ্যপূর্ণ বিশ্ববিদ্যালয়ের সমস্ত অথারিটিতে কৃষক, শ্রমিক, ছাত্র, কর্মচারীদের প্রতিনিধিত্ব পাঠাবার ব্যবস্থা করেছি। এটা অস্বীকার করবার ক্ষমতা কংগ্রেস (ই) র মাননীয় সদস্যদের নেই।

[5-10—5-20 P. M.]

চিরদিন পশ্চিমবাংলার শিক্ষক, ছাত্র, কর্মচারী, মেহনতী মানুষ তারা মনে রাখবেন যে আমরাই তাদের প্রতিনিধি পাঠাবার ব্যবস্থা করেছি। আমাদের এখানে পণ্ডিত ব্যক্তি অনেক আছেন, পণ্ডিত ব্যক্তিদের মর্যাদা সেখানে নিশ্চয় থাকবে কিন্তু যাঁরা পণ্ডিত নন তাঁদের প্রতিনিধিরাও সেখানে থাকবেন। পণ্ডিতরা তাঁদের চোখ দিয়ে পৃথিবীকে দেখেন আবার যাঁরা পণ্ডিত নন তাঁরা তাঁদের দৃষ্টিকোন দিয়ে পৃথিবীকে দেখেন। এই দুটি দৃষ্টিকোন এক নয়। সাধারণ মানুষ, তারা পণ্ডিত না হতে পারেন কিন্তু সিনেট, সিণ্ডিকেটের মধ্যে তাঁদের প্রতিনিধি থাকা প্রয়োজন। সাধারণ মানুষরা যাঁদের সঙ্গে মেশেন সেই সমস্ত লোকেদের সুবিধা, অসুবিধা কি সেটা তারা জানেন, সেই দৃষ্টিকোন থেকেই এইরকম এলিট বডিতে তাঁদের বক্তব্য রাখার প্রয়োজন আছে। স্যার, আমি এই প্রসংগে একটি ঘটনার কথা বলি। চীনে যখন কালচারাল রেভলিউসান হয়েছিল তখন সেখানে একজন অধ্যাপককে কৃষকের কাজ করবার জন্য পাঠানো হয়েছিল। তাঁকে বলা হয়েছিল, আপনি অধ্যাপনা করেন, আপনি আপনার দৃষ্টিকোন থেকে পৃথিবীকে দেখেন কিন্তু সাধারণ মানুষের চোখ দিয়েও পৃথিবীটাকে দেখা দরকার, সেটা আপনি দেখুন। সেই অধ্যাপক-মহাশয়কে সাধারণ মানুষের কাজ দেওয়া হয়েছিল এইজন্য যে তিনি যাতে দুটি এ্যাঙ্গেল থেকে পৃথিবীটাকে দেখতে পারেন। স্যার, আমরা সিনেট, সিণ্ডিকেটে শ্রমিক কৃষকের প্রতিনিধি যাবার দরকার আছে বলে মনে করি। তাঁরা ট্যাক্স পেয়ারস, তাঁদের প্রতিনিধিরা সেখানে গিয়ে দেখবেন টাকাকড়ি ঠিকমতন খরচ হচ্ছে কিনা। শ্রমিকের স্বার্থ সেখানে ডাইরেক্টলি না থাকলেও ইনডাইরেক্টলি আছে। সাধারণ মানুষ কৃষক, শ্রমিকের ছেলেমেয়েরা স্কুল, কলেজে, ইউনিভার্সিটিতে পড়ে কাজেই সেখানে তাদের স্বার্থ রক্ষা করার প্রশ্ন আছে। তা ছাড়া পঠন পাঠনের ব্যাপারটাও সেখানে আছে। স্যার, পণ্ডিত ব্যক্তির লেখা, আপনি জানেন, অনেক স্কুলপাঠ্য বই-এ আছে যাতে এমন সব জিনিষ আছে যেটা ডেরোগেটারি। যেমন ধরুন লেখা আছে, 'একটা গোয়ালা এত দুধে যদি এত জল মেশায় তাহলে কি হবে?' এই যে লেখাটা এটা অঙ্কের দিক থেকে ঠিকই আছে কিন্তু ছোটবেলা থেকেই ছেলেদের মনে গেঁথে যাচ্ছে গোয়ালা দুধে জল মেশায়। পণ্ডিত ব্যক্তিদের এই যে ত্রুটি এটা কি ঠিক করা যায় না? স্যার, এই প্রসঙ্গে সুকুমার রায়ের সেই ছড়ার কথাটা মনে পড়ে যাচ্ছে।

"বিদ্যে বোঝাই বাবুমশাই চড়ি সখের বোটে,
মাঝিরে কন বলতে পারিস সূর্যি কেন ওঠে?
চাঁদটা কেন বাড়ে কমে, জোয়ার কেন আসে…

বৃদ্ধ মাঝি বললে, বাবুমশাই আমি এসব জানি না। তখন বিদ্যে বোঝাই বাবুমশাই মাঝিকে বললেন, তোর জীবনটা ৪ আনা ফাঁকি। কিছুক্ষন পরে আবার বাবুমশাই মাঝিকে জ্ঞান-বিজ্ঞানের কথা জিজ্ঞাসা করলেন, মাঝি বললে, বাবুমশাই, আমি লেখাপড়া শিখি নি, আমি

এসব জানি না, বাবুমশাই বললেন, তোর জীবনটা আট আনা রকম ফাঁকি। আবার কিছুক্ষণ পরে বাবুমশাই মাঝিকে জ্ঞান বিজ্ঞানের প্রশ্ন জিজ্ঞাসা করলেন, মাঝি বলতে পারলো না, বাবুমশাই তখন বললেন, তোর জীবনটা ১২ আনা রকম ফাঁকি। এমন সময় আকাশে মেঘ ঘনিয়ে এলো, ঝড় উঠলো, নৌকা তখন ডোবার অবস্থা, মাঝি তখন বিস্তেবোঝাই বাবুমশাইকে জিজ্ঞাসা করলেন, বাবু আপনি সাঁতার জানেন? বাবু বললেন, না, আমি সাঁতার জানি না, তখন মাঝি বললে, বাবুমশাই, আপনার জীবনটা ১৬ আনা রকম ফাঁকি।

আমি কংগ্রেস (আই) এর সদস্যদের বলতে চাই যে আপনাদের বুদ্ধি শুদ্ধি অনেক আছে, আমরা মাঝিদের প্রতিনিধি, আমাদের বুদ্ধি শুদ্ধি একটা কম আছে। আমাদের ৪ আনা ফাঁকি হতে পারে কিন্তু আপনাদের ১৬ আনাই ফাঁকি। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনির্মল বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্য যারা এ পক্ষে আছেন, এবং ওপক্ষে আছেন সকলের কাছে কৃতজ্ঞ। কারণ তারা যাদবপুর বিশ্ববিদ্যালয় সংশোধন বিধেয়ক ১৯৮৩, এর উপর আলোচনা করতে গিয়ে কয়েকটা মূল্যবান কথা বলেছেন। আমাদের কিরণ চৌধুরী মহাশয় যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক সীমা সম্প্রসারণ সম্পর্কে একটা আশংকার কথা বলেছেন এবং তিনি বলেছেন যে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের যে সমস্ত আঞ্চলিক সীমা আছে তার উপর যাতে হস্তক্ষেপ না হয়। আমি মাননীয় সদস্যকে এই বিষয়ে আশ্বস্ত করতে চাই যে অন্য বিশ্ব-বিদ্যালয়ের কাজে কোন রকম হস্তক্ষেপ করা হবেনা। তিনি জিজ্ঞাসা করেছেন যে অন্য কোন বিশ্ববিদ্যালয়ে এই রকম আছে কিনা? আমি তার অবগতির জন্য জানাচ্ছি যে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় সংশোধনী বিধেয়ক যা আজকে আলোচনা হল, তাতে ৫ ধারায় রয়েছে যে এর এলাকা Shall extend to the whole of West Bengal অর্থাত কলকাতা বিশ্ববিদ্যালয়, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয়-এর এলাকার সঙ্গে কিছুটা অসুবিধার ব্যাপার হতে পারতো কিন্তু তা হয়নি। কারণ সেখানে বলা আছে যে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় একটা বিশেষ ধরণের প্রতিষ্ঠান, যেমন সঙ্গীতের উপর কোন শিক্ষা প্রতিষ্ঠান, তারা উত্তরবঙ্গে হোক, বর্ধমানে হোক অনুমোদন নিতে পারবেন। আমি প্রারম্ভিক ভাষণে বলেছি যে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে প্যারা মেডিকেল-এর বিষয়টি চালু করা কথা হচ্ছে এবং তারা কতকগুলি বিশ্ববিদ্যালয়ের সাহায্য নিতে চান। এখানে বলা হয়েছে, National Institute for the orthopaedically handicapped তাছাড়া কতকগুলি para medical college আছে, এগুলি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বাইরে। সুতরাং প্যারা মেডিকেল কোর্সগুলি করতে গেলে এদের পরামর্শ নিতে হবে। সেটা কলকাতা বিশ্ববিদ্যালয়ের এলকার মধ্যে হতে পারে, অন্য বিশ্ববিদ্যালয়ে হতে পারে। এই দিকে তাকিয়ে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে দরকার হলে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ৩॥ মাইল এলাকা আছে তার বাইরে কোন প্রতিষ্ঠানের সঙ্গে সংযোগ স্থাপনের প্রয়োজন হতে পারে।

দ্বিতীয়তঃ গ্রন্থাগারিকের ব্যাপারে ডঃ কিরণ চৌধুরী মহাশয় যে কথা বলেছেন, আমরা এই বিষয়ে আইনবিদদের পরামর্শ নিয়েছি। তাদের পরামর্শ হচ্ছে, গ্রন্থগারিক, উপ-গ্রন্থাগারিক এবং সহ গ্রন্থাগারিক, তাদের সংজ্ঞা এর মধ্যে রাখা প্রয়োজন। তাছাড়া আমাদের মাননীয় সদস্য সুমন্ত হীরা মহাশয় যে কথা বলেছেন এবং ছাত্রদের নির্বাচনের ব্যাপারে আশংকা প্রকাশ করেছেন, যে ৩টি ফ্যাকল্টি আছে,—ইঞ্জিনিয়ারিং, আর্ট'স এবং সায়েন্স, সব ছাত্রের একসঙ্গে নির্বাচন করলে দেখা যাবে যে এক জায়গায় সব চলে যাচ্ছে। আমি এই কথা বলবো যে তার কোন কারণে নেই। কারণ এই আইনের ১৬ ধারার শেষের দিকে ক'তে রয়েছে six regular students of the Universty of when not more than two from the department in each of the faculty council for Post Graduate and under-graduate studies elected by such students of the university from amongst themselves সুতরাং প্রত্যেকে আলাদা ভাবে প্রতিনিধিত্ব করতে পারবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধেয়কে আরো কতকগুলি বিষয় আছে সেগুলি মাননীয় সদস্যরা আলোচনা করেন নি। আমি আমার বক্তব্য শেষ করার আগে এই কথা বলতে চাই যে যাদবপুর বিশ্ববিদ্যালয় একটা গর্বের বিশ্ববিদ্যালয় এবং এর সঙ্গে জাতীয় ঐতিহ্য যুক্ত আছে এবং এখানে বিশেষ ভাবে শিক্ষা দেওয়া হয়। আমরা চেষ্টা করছি এর আরো বেশী সম্প্রসারণের জন্য। আমি আশা করবো এই বিধেয়কটি সকলে গ্রহণ করবেন। কাশীনাথ মিশ্র যে প্রস্তাব উত্থাপন করেছেন, ডঃ কিরণ চৌধুরী মহাশয় যে সব সংশোধনী এনেছেন এগুলি আমি গ্রহণ করতে পারছিনা বলে দুঃখীত। আশা করি এটা আপনারা সকলে গ্রহণ করবেন।

[5-20—5-30 P.M.]

The motion of Shri Kashinath Misra that the West Bengal Legislative Assembly disapproves the Jadavpur University ( Amendment ) Ordinance, 1983 ( West Bengal Ordinance No. IV of 1983 ), was then put and a division taken with the following results :—

**AYES**

Abdul Wahed, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Bapuli, Shri Satya Ranjan
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chaudhuri, Dr. Kiran
Chowdhury, Shri Humayun
Gyan Singh Sohanpal, Shri
Mahato, Shri Shantiram
Misra, Shri Kashinath
Mukherjee, Shri Samar

Mukherjee, Shri Subrata
Ray, Shri Naba Kumar
Ray, Shri Phani Bhusan
Roy, Shri Sukumar
Sadhukhan, Shri Tarapada
Sarkar, Shri Dhirendra Nath
Seth, Shri Bhupendra Nath
Sinha, Shri Atish Chandra

**NOES**

Abdul Bari, Shri Md.
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adak, Shri Gourhari
Adak, Shri Nitai Charan
Anisur Rahman Biswas, Shri
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Ajit
Basu, Shri Debi Prosad
Basu, Shri Jyoti
Basu, Shri Nihar Kumar
Basu, Shri Subhas
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas Shri Kamalakshmi
Biswas, Shri Satish Chandra
Bose, Shri Biren
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chakrabarty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chakraborty Shri Shyamal
Chatterjee, Shri Dhirehdra Nath
Chatterjee, Shrimati Nirupama
Chattopadhyay, Shri Sailendra Nat
Chattopadhyay, Shri Sadhan
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury Shri Bikash
Chowdhury, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nimai Chandra
Daud Khan, Shri
Ghosh, Shri Robindra
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Ramnarayan
Gupta, Shri Jyotsna Kumar
Gupta, Shri Sitaram
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Haripada
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu

Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Let, Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Majhi, Shri Raicharan
Maji, Shri Pannalal
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Sambhunath
Mir Abdus Sayeed, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Rabin
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Nezamuddin Md., Shri
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Pramanik, Shri Sudhir
Rai, Shri H. B.
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Banamali
Roy, Shri Pravas Chandra
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Sar, Shri Nikhilananda
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan

Sen, Shri Deb Ranjan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sinha, Dr. Haramohan
Sur, Shri Prasanta Kumar
Uraon, Shri Subodh

**ABSTENTIONS**

Sarkar, Shri Deba Prasad

The Ayes being 20 and the Noes 118 and Abstention 1, the motion was lost.

The motion of Shri Nirmal Kumar Bose that the Jadavpur University ( Amendment ) Bill, 1983, be taken into crnsideration, was then put and agreed to.

**Mr. Speaker :** All the amendments are in order and taken as moved.

CLAUSE 1

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

CLAUSE 2

**Dr. Kiran Chaudhuri :** Sir, I beg to move that clause 2(b) be omitted.

**Shri Nirmal Kumar Bose :** আমি গ্রহণ করিতে পারলাম না।

The motion of Dr. Kiran Chaudhuri that clause 2(b) be omitted, was then put and lost.

The question that Clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

CLAUSE 3

The question that Clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

CLAUSE 4

**Dr. Kiran Chaudhuri :** Sir, I beg to move that in Clasuse 4, in the proposed sub-section (2), in line 3, after the words "territorial limits of the University", the words "but not within the territorial limits of other Universities" be inserted.

**Shri Nirmal Kumar Bose :** I do not accept the amendment.

The motion of Dr. Kiran Chaudhuri that in Clause 4, in the proposed sub-section (2), in line 3, after the words "territorial limits of the University", the words "but not within the territorial limits of other Universities" be inserted was then put and a division taken with the following results.

AYES

Abdul Wahed, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Bapuli, Shri Satya Ranjan
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chaudhuri, Dr. Kiran
Chowdhury, Shri Humayun
Gyan Singh Sohanpal, Shri
Mahata, Shri Subhas Chandra
Misra, Shri Kashinath
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Ray, Shri Naba Kumar
Ray, Shri Phani Bhusan
Ray, Shri Sukumar
Sadhukan, Shri Tarapada
Sarkar, Shri Dhirendra Nath
Seth, Shri Bhupendra Nath
Sinha, Shri Atish Chandar

NOES

Abdul Bari, Shri Md.
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adak, Shri Gourhari
Adak, Shri Nitai Charan
Anisur Rahman Biswas, Shri
Banerjee, Shri Radhika Ranjan
Basu, Shri Ajit
Basu, Shri Debi Prosad
Basu, Shri Jyoti
Basu, Shri Subhas

Bhattacharya, Dr. Kanailal
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Satish Chandra
Bose, Shri Biren
Bose, Shri Nirmal Kumar
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chakraborty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chakraborty, Shri Shyamal
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Bikash
Chowdhury, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Namai Chandra
Daud Khan, Shri
Ghatak, Shri Santi
Ghosh, Shri Robindra
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Ramnarayan
Goswami, Shri Subhas
Gupta, Shri Jyotsna Kumar
Gupta, Shri Sitaram
Halder, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Let, Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Maity, Bankim Behari
Maity, Shri Gunadhar
Majhi, Shri Raicharan
Maji, Shri Pannalal
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Sambhunath
Mir Abdus Sayeed, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar

Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Nezamuddin Md , Shri
Paik, Shri Sunirmal
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik. Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Pramanik, Shri Sudhir
Rai, Shri H. B.
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Banamali
Roy, Shri Pravas Chandra
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Sar, Shri Nikhilananda
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Sachin
Seth, Shri Lakshman Chandra
Sinha, Dr. Haramohan
Sur, Shri Prasanta Kumar
Uraon, Shri Punai
Uraon, Shri Subodh

**ABSTENTION**

Sarkar, Shri Deba Prasad

They Ayes being 20 and the Noes 122 and Abstention 1, the motion was lost.

The question that Clause 4 do stand part of the Bill was then put and agreed to.

## CLAUSES 5 TO 20 AND PREAMBLE

The question that Clauses 5 to 20 and the Preamble do stand part of the Bill were then put and agreed to.

**Shri Nirmal Kumar Bose :** Sir, I beg to move that the Jadavpur University ( Amendment ) Bill, 1983, be taken into consideration, as settled in the Assembly, be passed.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি প্রস্তাব করছি যাদবপুর বিশ্ববিদ্যালয় সংশোধনী বিধেয়ক ১৯৮৩ যেভাবে এই বিধানসভায় স্থিরীকৃত হলো সেইভাবে গ্রহণ করা হোক।

**Dr. Zainal Abedin :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সরাসরি প্রশ্ন করি লিডার অফ দি হাউসকে।

**Mr. Speaker :** Time for discussion of this Bill is to expire at 5-25 p.m. and I think that some more time will de required for completion. So with the sense of the House I extend the time by half an hour.

( Voices : Yes, Sir )

So the time is extended by half an hour.

**Dr. Zainal Abedin :** যাদবপুর ইউনির্ভাসিটি বিল কমপ্রিহেনসিভ আকারে সম্মতি পেয়েছে এবং কিছুদিন আগেই এই বিধানসভায় তা পাশ করেছে। এই বামফ্রন্ট সরকারের ষড়যন্ত্র, বামফ্রন্ট সরকারের নেপোটিজিম এই পর্যায়ে পৌঁচেছে যে আজকে প্রতি পদে শুধু এ্যামেণ্ডমেণ্ট নিয়ে আসছেন। এ্যজ ইউ নো আমাদের এখানে ফ্যামিলি ওয়েলফেয়ার প্ল্যানিং আছে। কিন্তু জ্যোতিবাবুর আমলে অর্ডিন্যান্স ওয়েলফেয়ারের প্ল্যানিং নেই, এর প্রমালগেসানেরও প্ল্যানিং নেই।

So there is wide scope and that too is an open thing. There are as many births in West Bengal as there are so many in the whole of India. So much so corresponding to the birth in West Bengal. As to birth there is legislation in this Assembly and the demand is there only on one point with regard to the constitution and its limitation to the activities that we find in

every sphere without being able to touch the constitution or to modify the constitution. Here will find amendment of every section concerning day to day life of every citizen আমি এটার তীব্র আপত্তি করছি। এই বামফ্রণ্টের বেনামদার ১৯৬৭ সালে যুক্তফ্রণ্ট সরকার ছিল। এই বামফ্রণ্টের বেনামদার ১৯৬৯ সালে যুক্তফ্রণ্ট সরকার ছিল। Not for the bad of the people.

[5-30—5-35 P.M.]

এই বামফ্রণ্ট সরকার চতুর্থবার এসেছে। এদের মাইনরিটি, ইম্যাচিওরিটি কি কোন কালেই যাবে না? The way they are proceeding is not the right way for the welfare of the people, but welfare of the front. Hence, Sir we oppose this legislation which is being brought here so often and so frequently. I think I have been able to draw the attention of the Leader of the House.

**শ্রীনির্মল বোস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব বিস্মিত হচ্ছি এইজন্য যে মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন দীর্ঘকালের বিধানসভার সদস্য। অবজেকসন ফার্স্ট রিডিংয়ে দিতে হয়। থার্ড রিডিংয়ের উপর আপত্তি আমি দীর্ঘকালের বিধানসভার অভিজ্ঞতায় এবং শিক্ষকতার অভিজ্ঞতায় এ নিয়ম এই নূতন দেখলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দ্বিতীয় কথা হচ্ছে মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন বললেন যে আইনটা কিসের জন্য? কোন আইনই আইনের জন্য নয়। সব সময় আইন হচ্ছে একটা একসপেরিমেনটাল মেথড, আইনটা কাজের জন্য। কাজ করতে গিয়ে যদি অসুবিধা দেখা যায় তাহলে একবার নয় শত, সহস্র বার সংশোধন হবে।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় বক্তৃতা দেবার সময় বললেন উনি দীর্ঘকাল অনেক কিছুই দেখেন নি। আমরা এই অল্প দিনেই যা হাউসে দেখছি, তা আমরা কেন, আমাদের পূর্ব পুরুষের প্রসিডিংস যা আছে তাতে কখন এ রকম করতে দেখিনি।

The motion of Shri Nirmal Kumar Bose that the Jadavpur University ( Amendment ) Bill, 1983, as settled in the Assembly, be passed was then put and a Division was taken with the following results.

**AYES**

Abdul Bari Shri Md.
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adak, Shri Gourhari
Adak, Shri Nitai Charan
Anisur Rahman Biswas, Shri
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Ajit
Basu Shri Debi Prosad
Basu, Shri Jyoti
Basu, Shri Subhas
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Satish Chandra
Bose, Shri Biren
Bouri, Shri Nabani
Chakrabarty, Shri Ajit
Chakrabortty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chakrabarty, Shri Shyamal
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Sadhan
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Bikash
Chowdhuri, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nimai Chandra
Daud Khan, Shri
Ghatak, Shri Santi
Ghosh Shri Robindra
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Ramnarayan
Goswami, Shri Subhas
Gupta, Shri Jyotsna Kumar
Gupta, Shri Sitaram
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Haripoda
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Let, Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Majhi, Shri Raichan
Maji, Shri Pannalal
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal

Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Sambhunath
Mir Abdus Sayeed, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Nezamuddin Md., Shri
Paik, Shri Sunirmal
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Phodikar, Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Ray, Sari Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Banamali
Roy, Shri Pravas Chandra
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Sar, Shri Nikhilananda
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Seth, Shri Lakshman Chandra
Sinha, Dr. Haramohan
Sur, Shri Prasanta Kumar
Uraon, Shri Punai
Uraon, Shri Subodh

## NOES

Abdul Wahed, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Anwar Ali Sekh, Shri
Bapuli, Shri Satya Ranjan
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chowdhury, Shri Humayun
Gyan Singh Sohanpal, Shri
Mahato, Shri Shantiram
Misra, Shri Kashinath
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Ray, Naba Kumar
Ray, Shri Phani Bhusan
Roy, Shri Sukumar
Sadhukhan, Shri Tarapada
Sarkar, Shri Dhirendra Nath
Seth, Shri Bhupendra Nath
Sinha, Shri Atish Chandra

## ABSTENTION

Sarkar, Shri Debaprasad

The Ayes being 121 and Noes 20 and Abstention 1, the motion was carried.

**Mr. Speaker :** I have an announcement. Shri Nani Bhattacharya has fallen ill. So the questions concerned with his department are held over. We have got a tea party today in honour of the Chinese Delegates and after that there will be a cultural programme where the drama "Jagannath" will be shown. So I request the hon'ble members to be present.

## Adjournment

The House was then adjourned at 5-35 p.m. till 1 p.m. on Wednesday, the 9th March, 1983 at the "Assembly House", Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on **Wednesday,** the 9th March, 1983 at 1 P.M.

**Present**

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 8 Ministers, 13 Ministers of State and 138 Members.

[1-00—1-10 P.M.]

# HELD OVER STARRED QUESTIONS

**(To which oral answers were given)**

## চৌকিদার ও দফাদার

*২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস:** পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এ রাজ্যে যথাক্রমে চৌকিদার ও দফাদারের সংখ্যা কত ;

(খ) উক্ত পদগুলির মধ্যে কতগুলি শূন্য অবস্থায় আছে ; এবং

(গ) উক্ত শূন্য পদগুলি পূরণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী:** (ক) এ রাজ্যে চৌকিদার ও দফাদরের মোট পদের সংখ্যা যথাক্রমে ১৯, ৮৮৮ এবং ৩, ১৪৪।

(খ) উক্ত পদগুলির মধ্যে চৌকিদারের ৩,৫২৯টি এবং দফাদারের ১৯৬টি মোট পদ শূন্য অবস্থায় আছে।

(গ) চৌকিদার ও দফাদারদের নিয়োগ নীতি পুনর্নির্ধারণ সাপেক্ষে এই শূন্য পদগুলিতে নতুন কর্মী নিয়োগ সম্পর্কে সরকারের নিষেধাজ্ঞা আছে। তবে ইতিমধ্যে অবশ্য

দফাদারদের শূন্যপদ সমূহ সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের চৌকিদারদের মধ্য থেকে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে পূরণ করা যাবে, এ মর্মে সরকার সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন।

**শ্রীসুভাষ গোস্বামী :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি এই চৌকিদার ও দফাদার পদগুলি পূরণের উপর নিষেধাজ্ঞা আছে বলছেন, এই নিষেধাজ্ঞা কোন সময় থেকে আছে এবং এই নিষেধাজ্ঞা তোলার সম্ভাবনা সাম্প্রতিক কালে আছে কি না ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী :** নিষেধাজ্ঞা খুব বেশী দিন ধরে নেই প্রায় তিন বছর হোল এটা জারী হয়েছে। তবে আমি বলেছিলাম দফাদারদের ক্ষেত্রে পঞ্চায়েতে যে চৌকিদার আছে তাদের প্রমোশন দিয়ে দফাদার করা হবে। আর পে-কমিশনও চৌকিদার দফাদার সম্বন্ধে কতগুলো মন্তব্য করেছে। এরা পুলিশ দপ্তরের অধীনে হবে কিনা সেটা নিয়ে আলোচনা হচ্ছে।

**শ্রীনীহার কুমার বসু :** মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি এই চৌকিদাররা বর্তমানে মাসিক কত টাকা বেতন পান।

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী :** আপনি এই ব্যাপার নোটিশ দেবেন। যে প্রশ্ন রয়েছে তাতে এটা আসে না। তবে এটা আমি বলতে পারি আগে যে বেতন এরা পেতো, লেফ্‌ট ফ্রন্টের আমলে অনেক গুণ বেড়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় পঞ্চায়েত মন্ত্রী অনুগ্রহ করে জানাবেন কি যে যখন ভীষণ বেকারের জালায় গ্রামাঞ্চলও জর্জরিত, যখন এই পদগুলি পূরণের জন্য রাজ্য সরকারের দ্রুত ব্যবস্থা গ্রহণ করা উচিত তখন এই শূন্য পদগুলি পূরণ করার পক্ষে আপনার সিদ্ধান্ত কি ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী :** আমি আগেই বলেছিলাম দফাদারদের করা হচ্ছে। চৌকিদার-দের সম্বন্ধে সুনির্দিষ্ট নীতি নির্ধারণ হলেই সেটা করা হবে। পে-কমিশনও এদের সম্বন্ধে কিছু মন্তব্য করেছে। এরা পুলিশ বিভাগের কর্মচারী হবে না হোম ডিপার্টমেন্টে থাকবে এ নিয়ে আলোচনা হচ্ছে। এই ব্যাপারটা মিটে গেলেই এই পদগুলো নিশ্চয়ই পূরণ করা হবে।

**ডাঃ মানস ভুঁইয়া :** মাননীয় মন্ত্রী মহাশয় জানবেন কি, যে সমস্ত চৌকিদার মারা গেছে সেই পদ পূরণের জন্য তাঁদের ছেলেদের কনসিডার করা হবে কি না ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** সেইভাবেই এটা নেওয়া হয়। আপনি জানেন যে ডায়েড ইন হারনেস—সেখানে করা হয়। মারা গেলেই যে নেওয়া হয়, এটা হয় না।

**মিঃ স্পীকার ঃ** Starred questions 65 and 200 are taken together.

## হলদিয়া পেট্রোকেমিক্যাল কমপ্লেক্সের শিল্প লাইসেন্স

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৩।) **শ্রীসরল দেব ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়া পেট্রোকেমিক্যাল কমপ্লেক্সের শিল্প লাইসেন্স পাওয়া গিয়াছে কিনা; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "না" হইলে, তার কারণ কি ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** (ক) না;

(খ) প্রস্তাবটি এখনও কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

## হলদিয়া-পেট্রো-কেমিক্যাল

*২০০। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৯।) **শ্রীঅনিল মুখার্জী ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হলদিয়া পেট্রো-কেমিক্যাল-এর ব্লুপ্রিণ্ট কোন্ সালে তৈরি হয় ?

(খ) উক্ত শিল্পের লেটার অব ইনটেণ্ট ও লাইসেন্স-এর জন্য কোন্ সালে কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্য সরকার দাবি জানায়;

(গ) উক্ত শিল্পের জন্য কেন্দ্রীয় সরকার কি রাজ্য সরকারকে লেটার অব ইনটেণ্ট ও লাইসেন্স দিয়েছেন; এবং

(ঘ) দিয়ে থাকলে, উক্ত প্রকল্প চালু করার জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করেছেন ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** (ক) ১৯৮০ সালের যে মাসে এই প্রকল্পের বিবরণী (Detailed Project Report) কেন্দ্রীয় সরকারের নিকট পাঠানো হয়।

(খ) ১৯৭৬ সালের ডিসেম্বর মাসে West Bengal Industrial Dev. Copn. Ltd. হলদিয়াতে Petro-Chemicals Unit গুলি স্থাপন করার জন্য কেন্দ্রীয় সরকারের নিকট Industrial Licence Application দাখিল করেন।

(গ) ভারত সরকার ১৯৭৭ সালের ১১ই নভেম্বর উক্ত প্রকল্পের জন্য Letter of Intent অনুমোদন করেন। ভারত সরকার Letter of Intent টি এখনো Industrial Licence এ রূপান্তরিত করেন নাই।

(ঘ) প্রাথমিক পদক্ষেপ হিসাবে প্রকল্পটির অন্য জমি অধিগ্রহণ করা হইয়াছে। জমি উন্নয়ণ, প্রাচীর নির্মাণ এবং অন্যান্য Infra-stucture এর উন্নয়নের ব্যবস্থাদি করা হইতেছে।

**শ্রীসুব্রত মুখার্জী** ঃ কি করে হয় স্যার? আপনারা যখন লাইসেন্সের আবেদন করবেন তখন প্রোজেক্ট রিপোর্ট এবং ব্লু প্রিণ্ট দিতে হবে।

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য** ঃ ১৯৭৬ সালে ওয়েষ্ট বেঙ্গল ইণ্ডাষ্ট্রিয়াল ডেভলপমেণ্ট করপোরেশন হলদিয়ায় পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স স্থাপন করবার জন্য কেন্দ্রীয় সরকারের নিকট একটা ইণ্ডাষ্ট্রিয়াল লাইসেন্সের এ্যাপ্লিকেসান করেছিল। ওনারা লেটার অফ ইনটেণ্ট দেন ১৯৭৭ সালের নভেম্বর মাসে সেই লেটার অফ ইনটেণ্টে লেখা ছিল ডিলেল্ড প্রোজেক্ট রিপোর্ট এ্যাণ্ড ফিনান্স কোথা থেকে আসবে। সেই সম্পর্কে ইণ্ডিকেট করে তোমাদের রিপোর্ট পাস করো। আমরা ডিটেল্ড প্রোজেক্ট রিপোর্ট ১৯৮০ সালে কেন্দ্রীর সরকারকে দিই।

**শ্রীসুব্রত মুখার্জী** ঃ আপনি বলেছেন ব্লু প্রিণ্ট ১৯৮০ সালে তৈরী হয়েছে। কিন্তু বলা হচ্ছে লেটার অফ ইণ্টাণ্ট ১৯৭৬ সালে চেয়ে পাঠানো হয়েছে। ব্লু প্রিণ্ট যদি না হয় তাহলে লেটার অফ ইনটেণ্ট প্রশ্ন ডাস নট এ্যরাইজ।

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য** ঃ ব্লু প্রিণ্ট বলতে আমরা ধরে নিয়েছি ডিটেল্ড প্রোজেক্ট রিপোর্ট। আমি তো এখানে সমস্ত তথ্য দিয়েছি কোন কিছু গোপন করি নি। ব্লু প্রিণ্ট বলতে আপনারা যদি মনে করেন সিমপিল প্রোজেক্ট প্রোফাইল ইফ ইউ মিন টু সে দ্যাট, তাহলে কিছু করার নেই। ১৯৭৭ সালে লেটার অফ ইনটেণ্ট পাওয়ার পর ডিটেল্ড প্রোজেক্ট রিপোর্ট আমরা ১৯৮০ সালে দিয়েছি।

[1-10—1-20 P. M.]

**শ্রীলক্ষণ চন্দ্র শেঠ** ঃ হলদিয়ায় পেট্রোকেমিক্যাল কারখানার জন্য লাইসেন্স না দেওয়ার ব্যাপারে কারণ কি? আমাদের পক্ষ থেকে কি অন্য কোন ত্রুটি আছে যারজন্য লাইসেন্স পেতে এত দেরী হচ্ছে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** তাঁরা গুজরাট, উত্তর প্রদেশ এবং ওয়েষ্ট বেঙ্গল, এই তিনটি রাজ্যকে একসঙ্গে দেওয়ার প্রচেষ্টা চালাচ্ছেন। তাতে আমাদের কোন বক্তব্য নেই। আমরা আমাদের ডিটেল্ড প্রজেক্ট রিপোর্ট তৈরী করেছি, জমি অধিগ্রহণও করেছি। ঐ রাজ্যগুলো এখনও তাদের প্রজেক্ট প্রফাইল তৈরী করে নি। তারা আমাদের থেকে এখনও ৩ বছর পিছিয়ে আছে। কেন্দ্রীয় সরকারও তা অনুভব করেছেন। কমিটি অফ সেক্রেটারিজের সঙ্গে আমাদের যে ফিনান-সিয়াল এগ্রিমেণ্ট হয়েছিল, তা তাঁরা মেনেও নিয়েছেন। আমরা বলেছিলাম ৪০ পারসেণ্ট ইকুইটি শেয়ার থেকে এবং ৪০ পারসেণ্ট ফিন্যানসিয়াল ইনষ্টিটিউশান থেকে অর্থ সংগ্রহ করা হবে, সেটাও তাঁরা মোটামুটি গ্রহণ করেছেন। আমরা যে প্রকল্প দিয়েছিলাম তাকে কিছুটা অদলবদল করে সেক্রেটারীজ কমিটির কাছে পেশ করেছি। আমরা আরও একটা রিপোর্ট তাদের কাছে পেশ করব, সেটা পাবলিক ইনভেষ্টমেণ্ট বোর্ডের কাছে যাবে। আমরা আশা করছি, তারপরেই কাজ শুরু হবে।

**শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলতে চাইছেন তা ঠিক বুঝতে পারছি না। কেন্দ্রীয় সরকার কি তাঁদের ফিন্যানসিয়াল লায়াবিলিটি এ্যাভয়েড করার জন্য বা অনিচ্ছাকৃত ভাবে এটা ছাড়তে দেরী করছেন ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** আমরা ঠিক বলতে পারব না। তবে আমাদের একটা ক্ষোভ আছে যে, আমাদেরটা নিয়ে তাঁরা কেন এত দেরী করছেন। আমাদের ব্যাপারে সমস্ত যৌক্তিকতা তাঁরা স্বীকার করে নিয়েছেন, সবকিছু অনুভবও করেছেন। সেজন্য প্রকল্পটি যাতে রূপারিত হয় তারজন্য যা যা করনীয় তা শুরুও করে দিয়েছেন।

## বাঁকুড়া জেলার ছাতনায় সংস্কৃতি ভবন নির্মাণ

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৩।) **শ্রীসুভাষ গোস্বামী ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাঁকুড়া জেলার ছাতনায় সংস্কৃতি ভবন নির্মাণের জন্য বর্তমান বৎসরে (১৯৮২-৮৩) আর্থিক অনুদান দেওয়ার কোন প্রস্তাব সরকারের আছে কি ?

**শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকার ঃ** ছাতনায় একটি পাবলিক হল নির্মাণের জন্য বর্তমান আর্থিক বৎসরে (১৯৮২-৮৩) ৪৫,০০০ টাকা অনুদান দেওয়া হয়েছে।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** প্রথম বামফ্রণ্ট সরকার গঠিত হওয়ার পর থেকে এ পর্যন্ত অনুরূপ কমিটি হল নির্মানের জন্য আপনার দপ্তর থেকে কত টাকা মঞ্জুর হয়েছে ?

**শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকার ঃ** নির্দ্দিষ্ট প্রশ্ন নির্দ্দিষ্ট ভাবে হলে উত্তর পাওয়া যাবে।

## কমার্শিয়াল/ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট ও রুরাল ইণ্ডাস্ট্রিয়াল ট্রেড সেন্টার স্থাপনের কর্মসূচী

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৪।) **শ্রীঅমলেন্দ্র রায় :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কমার্শিয়াল/ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট ও রুরাল ইণ্ডাস্ট্রিয়াল ট্রেড সেন্টার স্থাপনের কোন কর্মসূচী সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, উক্ত কর্মসূচীগুলি কিভাবে ও কবে নাগাত কার্যকরী হবে ব'লে আশা করা যায় ?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** (ক) হ্যাঁ।

(খ) কর্মসূচি নিম্নে দেওয়া হোলো—

পশ্চিমবঙ্গ ক্ষুদ্রশিল্প নিগমের নিয়ন্ত্রনাধীন নির্বাহী বাস্তুকারের কার্য্যালয়ের মাধ্যমে নিম্নোক্ত পরিকল্পনাগুলি রূপায়িত হচ্ছে :—

ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট

| এস্টেটের নাম | কবে নাগাদ শেষ হবে তার বিবরণ |
|---|---|
| (ক) হাওড়া ময়দান | নির্মাণকার্য্য প্রায় সম্পূর্ণ হওয়ার পথে। আগামী ৩ মাসের মধ্যে চালু করা যাবে বলে আশা করা যায়। |
| (খ) বেহালা ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট | আংশিকভাবে সম্পুর্ণ হয়েছে। আগামী ৩ মাসের মধ্যে সম্পুর্ণ চালু হবে। |
| (গ) ট্যাংরা ইলেকট্রনিক ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট | নির্মাণকার্য্য সমাপ্ত প্রায়। আগামী ৬ মাসের মধ্যে চালু করা যাবে বলে আশা করা যায়। |
| (ঘ) সিউড়ি ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট | —ঐ— |
| (ঙ) শিলিগুড়ি ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট (সম্প্রসারণ) | নির্মাণকার্য্য চলিতেছে। আগামী ৬ মাসের মধ্যে চালু করা যাবে বলে আশা করা যায়। |
| (চ) বোলপুর ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট | নির্মাণাকার্য্য চলিতেছে। আগামী বৎসরের শেষের দিকে চালু হবে বলে আশা করা যায়। |

| | | |
|---|---|---|
| (ছ) | লেবং ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট | নির্মাণকার্য্য চলিতেছে। এই বৎসরের শেষের দিকে চালু হবে বলে আশা করা যায়। |
| (জ) | লরেন্স জুটমিল ( বাউরিয়া ) | এখানে কেবলমাত্র শিল্পের উপযোগী করে ভূমি সংস্কার ও উন্নয়ন করা হবে। আগামী বৎসরের প্রথমদিকে চালু হতে পারে। |
| (ঝ) | শিলিগুড়ি ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট | নির্মাণকার্য্য আরম্ভ হইয়াছে। আগামী বৎসরের শেষ নাগাদ শেষ হবার সম্ভাবনা। |
| (ঞ) | খড়গপুর ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট | —ঐ— |
| (ট) | হলদিয়া ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট | —ঐ— |
| (ঠ) | কল্যাণী ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট | —ঐ— |

গ্রামীন শিল্পোন্নয়ন কেন্দ্র

| | | |
|---|---|---|
| (ক) | বেলডাঙ্গা রুরাল ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেণ্ট সেণ্টার | নির্মাণকার্য্য সমাপ্ত হইয়াছে। কেন্দ্রটি পশ্চিমবঙ্গ সরকারের কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প অধিকারের দ্বারা এই বৎসরের মাঝামাঝি চালু হবার সম্ভাবনা। |
| (খ) | ইসলামপুর রুরাল ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেণ্ট ট্রেড সেণ্টার ( মুর্শিদাবাদ ) | নির্মাণকার্য্য এই আর্থিক বৎসরে শুরু হবার সম্ভাবনা। |
| (গ) | ইলামবাজার রুরাল ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেণ্ট ট্রেড সেণ্টার ( বীরভূম ) | —ঐ— |

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি যে তালিকা পড়লেন সেগুলি আগেকার ফিনানসিয়াল ইয়ারের তালিকা। পরবর্তীকালে ওইরূপ কোন কর্মসূচী আপনাদের আছে কি ?

**শ্রীপ্রলয় তালুকদারঃ** আমরা ফিনানসিয়াল ইয়ারের কাজ করছি। সামনের ফিনানসিয়াল ইয়ারের কাজ বাজেটের পরে করা যাবে। আগেকার ফিনানসিয়াল ইয়ারের এসটেটের অনেক কাজ শেষ হয় নি। যেগুলি শেষ হয়েছে সেগুলি হচ্ছে লরেন্স জুট মিল, শিলিগুড়ি এবং বোলপুরের কাজ শেষ হয়েছে। এইবার বাজেটের পরে দেখা যাবে আবার কি করা যাবে।

**শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়াঃ** রুর‍্যাল ইণ্ডাষ্ট্রিয়াল সেণ্টারগুলিতে কমাণ্ড এরিয়া আছে, ওই সমস্ত এ্যারিয়াগুলিতে শিল্পের উন্নতির জন্য কি ব্যবস্থা নেওয়া হবে ?

**শ্রীপ্রলয় তালুকদারঃ** এইটা নোটিশ দেবেন, পরে বলে দেব।

## মেদিনীপুর জেলায় গ্রাম উন্নয়ন পরিকল্পনা

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮২।) **শ্রীশিশিরকুমার অধিকারীঃ** উন্নয়ন ও পরিকল্পনা (আই আর ডি পি) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে আই আর ডি পি ও ডি আর ডি পি পরিকল্পনায় মেদিনীপুর জেলার জন্য কত অর্থ বরাদ্দ করা হয়েছিল ; এবং

(খ) ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত সময়ে উক্ত খাতে কত অর্থ ব্যয় হইয়াছে ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরীঃ** (ক) মেদিনীপুর জেলার জন্য পূর্ব বৎসরগুলিতে সার্বিক গ্রামীণ উন্নয়ন কর্মসূচী (যা আই. আর. ডি. পি. নামে পরিচিত) রূপায়ণের জন্য যে টাকা দেওয়া হয়েছিল তার বেশির ভাগই এখনও জেলা গ্রামীণ উন্নয়ন সংস্থা বা ডি. আর. ডি. এর হাতে অব্যয়িত আছে। এই টাকা খরচ হলে আরো টাকা বরাদ্দ করা যেতে পারে। এই উদ্দেশ্যে বর্তমান আর্থিক বৎসরে আই. আর. ডি. পি. খাতে রাজ্য বাজেটে রাজ্যভিত্তিক সংস্থান আছে।

(খ) ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে ৩১শে জানুয়ারী পর্যন্ত উক্ত খাতে ১৭'৮২ লক্ষ টাকা অনুদান হিসাবে খরচ হয়েছে।

**শ্রীপ্রবোধচন্দ্র সিন্হাঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই যে সমস্ত আই. আর. ডি. পি. এবং ডি. আর. ডি. পি.-এর মাধ্যমে ব্যাঙ্কের কাছে পঞ্চায়েত সমিতির পক্ষ থেকে স্কীমগুলি সাবমিট করা হয়েছে, ব্যাঙ্ক সেইসব স্কীমগুলি রিলিজ করে দিয়েছে। কিন্তু বিরাট সংখ্যার স্কীম ব্যাঙ্ক মঞ্জুর করছেন না। এই ব্যাপারে পঞ্চায়েত সমিতির পক্ষ থেকে ব্যাঙ্কের কাছে স্কীমগুলি মঞ্জুর করার জন্য কি ব্যবস্থা নেওয়া হচ্ছে ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরীঃ** এই টাকা খরচ করার সবচেয়ে বড় অসুবিধা হচ্ছে—এরজন্য প্রধানত ব্যাঙ্ক দায়ী। যেমন ধরুন মেদিনীপুর জেলার কথাই বলি—সেখানে মেদিনীপুরে ৩০-৬-৮২ তারিখ পর্যন্ত ৪ হাজার ৩৮৪টি স্কীম জমা পড়েছে এবং তারপরে ৩১-১০-৮২ তারিখ পর্যন্ত ১১ হাজার

১৯১টি স্কীম জমা পড়েছে। এরমধ্যে খুব অল্পই ব্যাঙ্ক মঞ্জুর করেছে। আমরা এর জন্য ব্যাঙ্কের সাথে বসে তাদের বলি আপনারা একটা প্রোফর্মা করে দিন। কিন্তু তারপরেও দেখি এটা হয়নি, সেটা হয়নি। তখন আমরা বলি আপনারা একটা মডেল প্রোফর্মা করে দিন তার উপর ভিত্তি করে আমরা পাঠাব কিন্তু সেক্ষেত্রে দেখি অনেক অসুবিধা হচ্ছে।

[1-20—1-30 P.M.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** আপনার কি এমন কোন খবর আছে যে পঞ্চায়েত সমিতির অপদার্থতার জন্য এইরকম ধরনের স্কীম চালু করা যাচ্ছে না ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** আমি বলেছি প্রধানতঃ। প্রধানতঃ আর শুধুমাত্র এর মধ্যে তফাৎ আছে। আমি বলিনি কেবলমাত্র ব্যাঙ্কের জন্য। আমার কাছে জেলাওয়ারী হিসেব আছে। যতগুলি স্কীম ব্যাঙ্কে পড়ে আছে তার একের দশ অংশ যদি ব্যাঙ্ক করে তাহলেও হয়। রবি লোন, খারিপ লোনের জন্য অসুবিধা হয়। অনেক চেষ্টা করে আমরা এখন একটা স্কীম লাইন করেছি। এটা নিয়ে আমরা তাদের সঙ্গে আলোচনা করছি।

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ** আই. আর. ডি. পি. প্রকল্পের কাজ সুরু হবার আগে কংগ্রেস আমলে বিভিন্ন অঞ্চলে যে লোন দেয়া হয়েছিল তার পরিমাণ বড় হবার জন্য এবং লোন শোধ না হবার জন্য লোন পেতে অসুবিধা হচ্ছে।

**মিঃ স্পীকার ঃ** এ প্রশ্ন হয় না।

## রাণাঘাট মহকুমার জনৈক পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে এফ আই আর

*৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৭।) **শ্রীসুব্রত মুখার্জী ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাণাঘাট মহকুমার ভারপ্রাপ্ত অফিসার (এস ডি ও) তাঁর মহকুমার অন্তর্ভুক্ত একটি গ্রাম পঞ্চায়েতের "প্রধানের" বিরুদ্ধে এফ আই আর দাখিল করেছেন ; এবং

(খ) সত্য হ'লে—

(১) উক্ত এফ আই আর-এর বিষয়বস্তু কি, ও

(২) অভিযুক্ত পঞ্চায়েত প্রধানের নাম কি ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** (ক) হ্যাঁ, উক্ত মহকুমা শাসক রানাঘাট ২নং পঞ্চায়েত সমিতির অধীন দত্তফুলিয়া গ্রাম পঞ্চায়েতের প্রধানের বিরুদ্ধে এফ. আই. আর. দাখিল করেছেন।

(খ) ১। উক্ত এফ. আই. আর.-এ গ্রাম পঞ্চায়েতের প্রধানের বিরুদ্ধে বিশ্বাসভঙ্গের অভিযোগ করা হয়েছে।

২। অভিযুক্ত প্রধানের নাম শ্রীখোকন মজুমদার।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** অভিযুক্ত পঞ্চায়েত প্রধান কি কোন রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** প্রশ্ন করলে জবাব দেবো।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** আপনি সাপ্রেসান অফ ফ্যাক্ট করছেন কেন ?

**মিঃ স্পীকার ঃ** আপনি যদি ক, খ, গ করে করতেন টু হুইচ পলিটিক্যাল পার্টি বিলং তাহলে হয়ত হোত।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** আপনি সব বলছেন এটা বলছেন না কেন ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** আগে সত্য বাপুলী মহাশয় দলের নাম জিজ্ঞাসা করে প্রশ্ন করায় তার উত্তর সেইভাবে দিয়েছিলাম। আমি সাপ্রেস করছি না। যে কোন দলের হোক অন্যায় করলে এফ. আই. আর. হবে এটাই নীতি।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** আপনি কি জানেন তিনি সি. পি. এম. দলের সঙ্গে যুক্ত ছিলেন ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীসতীশচন্দ্র বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই অভিযুক্ত প্রধান যে পার্টি করত সেই পার্টি থেকে বহিষ্কৃত হওয়ার পর নতুন প্রধান যিনি নির্বাচিত হয়েছেন সেই নির্বাচনে কংগ্রেস এই প্রধানকে সমর্থন করেছিল কিনা ?

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন হয় না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় পঞ্চায়েত মন্ত্রীমহোদয় নিশ্চয়ই অবগত আছেন বিগত পঞ্চায়েত নির্বাচনে রাজনৈতিক দলের প্রতিনিধিরা প্রতীক নিয়ে পঞ্চায়েতে প্রতিদ্বন্দ্বিতা

করেছিলেন আমাদের এ্যাসেম্লীতে যে রকম রেকর্ড আছে কে সি পি এম, কে কংগ্রেস, পঞ্চায়েত দপ্তরে কি এই রকম রেকর্ড নেই যে কে কোন্ রাজনৈতিক দলের ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী :** এখানে যা যা প্রশ্ন করেছেন তার উত্তর দিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় যেমন বললেন যদি আর একটা প্রশ্ন করতেন তাহলে তার উত্তর দিতাম। সত্যরঞ্জন বাপুলি মহাশয় নামখানার ব্যাপারে প্রশ্ন করেছিলেন আমি তখন কোন দল সেটা উত্তরে বলে দিয়েছিলাম।

*৭০ হেল্ড ওভার

## ডায়মণ্ডহারবার মহকুমায় ধানভানাই শিল্পে অনুদান

*৭১। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭।) **শ্রীকৃষ্ণধন হালদার :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার ডায়মণ্ডহারবার মহকুমার বিভিন্ন ব্লকে ধানভানাই শিল্পে নিযুক্ত ব্যক্তিগণের জন্য ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩ আর্থিক বৎসরে কোন অনুদান ও ঋণ মঞ্জুর করা হইয়াছে কিনা ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, কত টাকা (১) ঋণ ও (২) অনুদান বাবত মঞ্জুর করা হইয়াছে (ব্লকওয়ারী হিসাব) ?

**শ্রীপ্রলয় তালুকদার :** (ক) ১৯৮১-৮২ সালে ঋণ ও অনুদান দেওয়া হইয়াছে। ১৯৮২-৮৩ সালে এখন পর্যন্ত কিছুই দেওয়া হয় নাই।

(খ) ব্লকওয়ারী হিসাব নিম্নে দেওয়া হইল : (১৯৮১-৮২)

| ব্লকের নাম | অনুদান | ঋণ | মোট |
|---|---|---|---|
| মথুরাপুর-১ | ১,২৫০·০০ | ৩,৭৫০·০০ | ৫০০০·০০ |
| ঐ-২ | ৪,৭৫০·০০ | ১৪,২৫০·০০ | ১৯০০০·০০ |
| কুলপী | ১,২৫০·০০ | ৩,৭৫০·০০ | ৫০০০·০০ |
| কাকদ্বীপ | ৫,৭৫০·০০ | ১৭,৭৫০·০০ | ২৩০০০·০০ |
| নামখানা | ১,২৫০·০০ | ৩,৭৫০·০০ | ৫০০০·০০ |
| ফলতা | ৭৫০·০০ | ২,২৫০·০০ | ৩০০০·০০ |

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাইবেন কি এই ঋণগুলি আই আর ডি পি বা অন্য কোন্ প্রকল্প থেকে পাওয়া যাচ্ছে ?

**শ্রীপ্রলয় তালুকদার :** এটা খাদি ধান্য মাড়াই শিল্প থেকে দেওয়া হয়।

## পঞ্চায়েত নির্বাচন

*৭২। ( অনুমোদিত প্রশ্ন নং *১৬। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ রাজ্যে পঞ্চায়েত নির্বাচন কবে নাগাত অনুষ্ঠিত হইতে পারে বলিয়া আশা করা যায় ; এবং

(খ) কতজন ভোটার নিয়ে একজন গ্রাম পঞ্চায়েত সদস্য ও কতজন নির্বাচকমণ্ডলীতে একজন পঞ্চায়েত সমিতির প্রতিনিধি নির্বাচিত হবে ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** (ক) আগামী ২৯শে মে, ১৯৮৩ হবে না, কারণ, ২৯শে মে সবেবরাত আছে, সেজন্য ৩১শে মে, ১৯৮৩ পঞ্চায়েত নির্বাচনের দিন ধার্য করা হয়েছে।

(খ) গ্রাম পঞ্চায়েত সদস্য ঃ পার্বত্য এলাকায় যথাসম্ভব প্রতি একশ পঁচিশ জন ভোটার পিছু একজন সদস্য এবং অতিরিক্ত সংখ্যার ( একশ পঁচিশের পরবর্তী ভগ্নাংশের ) জন্য একজন সদস্য নির্বাচিত হবেন। পার্বত্য এলাকা বাদে অন্যান্য স্থানে যথাসম্ভব প্রতি পাঁচশ জন ভোটার পিছু একজন সদস্য এবং অতিরিক্ত সংখ্যার ( পাঁচশোর পরবর্তী ভগ্নাংশের ) জন্য একজন সদস্য নির্বাচিত হবেন।

:: পঞ্চায়েত সমিতির সদস্য ::

পঞ্চায়েত সমিতির সদস্য যথাসম্ভব নিম্নোক্ত হারে নির্বাচিত করা হবে—

**পার্বত্য এলাকা**

| ভোটার সংখ্যা | নির্বাচিত সদস্য সংখ্যা |
|---|---|
| অটশত পর্যন্ত | একজন |
| আটশত এক থেকে বারশত পর্যন্ত | দুইজন |
| বারশতের উর্ধ্বে | তিনজন |

পার্বত্য এলাকা বাদে অন্যান্য স্থানে—

| | |
|---|---|
| তিন হাজার পর্যন্ত | একজন |
| তিন হাজার এক থেকে ছয় হাজার পর্যন্ত | দুইজন |
| ছয় হাজারে উর্ধ্বে | তিনজন |

[1-30—1-40 P.M.]

**শ্রীগনেশ চন্দ্র মণ্ডল ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, পঞ্চায়েতের নির্বাচন যেটা অনুষ্ঠিত হচ্ছে তার ভোট গননা কোথায় হবে ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** এই আইন পাশ হলে ভোট হবার পর পোলিং বুথেই ভোট গননা করা হবে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, পঞ্চায়েতের নির্বাচনের পর তার কাউনটিং স্পট-এ হবে, না বি ডি ও অফিসে হবে ?

( নো রিপ্লাই )

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** ৩১শে মে পঞ্চায়েতের নির্বাচন হবে সে সম্বন্ধে সরকারীভাবে কোন নোটিফিকেসন হয়েছে কি ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** ফর্মাল কতগুলি জিনিস আছে সেগুলি হয়ে গেলেই নোটিফিকেসন হবে।

## অধিক আয়তনবিশিষ্ট গ্রাম পঞ্চায়েত বিভাজন

*৭৪। ( অনুমোদিত প্রশ্ন নং *৪৮৪। ) **শ্রীসুভাষ গোস্বামী ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আগামী পঞ্চায়েত নির্বাচনের পূর্বে অধিক আয়তন ও অধিক জনসংখ্যাবিশিষ্ট গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিগুলিকে বিভাজন করার কোন প্রস্তাব সরকারের আছে কিনা ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে ঐরূপ কয়টি গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিকে বিভাজন করা হইবে ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** (ক) ও (খ) এই ধরনের সাধারণ কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন নাই। তবে প্রশাসনিক কারণে অপরিহার্য্য হওয়ায় মালদহ জেলার দুটি গ্রাম পঞ্চায়েত এবং জলপাইগুড়ি জেলার একটি গ্রাম পঞ্চায়েত বিভক্ত করা হয়েছে এবং ২৪ পরগণা জেলার একটি গ্রাম পঞ্চায়েত বিভাজনের প্রস্তাব বিবেচনাধীন আছে। পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে আয়তন ও জন সংখ্যার ভিত্তিতে ছয়টি পঞ্চায়েত সমিতির বিভাজনের নির্দেশ দেওয়া হয়েছে।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** ৬টি পঞ্চায়েত বিভাজনের প্রস্তাব যা আছে সেগুলোর নাম বলতে পারবেন কি ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** হুগলী জেলায় গোঘাট, নদীয়া জেলায় করিমপুর, মেদিনীপুর জেলায় পটাশপুর, খেজুরী, ২৪ পরগণায় ব্যারাকপুর এবং কুচবিহার জেলায় তুফানগঞ্জ।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** এই ৬টি পঞ্চায়েত ছাড়া আর কোন পঞ্চায়েত বিভাজনের প্রস্তাব ছিল কি ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** প্রস্তাব থাকতে পারে। আমরা নিয়ম করেছি যে সমস্ত জায়গা থেকে পঞ্চায়েত সমিতি প্রস্তাব করেছে এবং সেই প্রস্তাব আমাদের কাছে পাঠিয়েছে যথাসময় সেগুলি বিভাজন করা হয়েছে।

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, গোঘাটে নূতন অফিস স্থাপন করা হবে কিনা ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** নির্বাচনের পর অফিস ঘর ইত্যাদি হবে।

**শ্রীহবিবুর রহমান ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, পঞ্চায়েতের নির্বাচনের পূর্বে ভোটার তালিকা এবং পোলিং বুথ সংশোধন করা হবে কিনা ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** পঞ্চায়েতের এ্যামেণ্ডমেণ্টের সময় আলোচনা হচ্ছিল তখন আমি পরিস্কারভাবে বলেছি এ্যাসেম্বলী নির্বাচনের আগে যেমন ভোটার তালিকা সংশোধন করা হয়, হিয়ারিং হয় সেই সমস্ত জিনিস পঞ্চায়েত নির্বাচনে নেই। পঞ্চায়েত নির্বাচন এ্যাসেম্বলী ভোটার লিস্টের উপরেই করতে হবে এবং ইলেকসন কমিশনারের নির্দেশে ইলেকট্যোরাল রেজিষ্ট্রেসন অফিসাররা এটা করেন। এতে পঞ্চায়েতের কোন অধিকার নেই। আপনারা ইতিপূর্বে ৬/৭টি এ্যাসেম্বলী নির্বাচন করেছেন তাই সেই নিয়ম কানুনগুলিই আপনাদের মাথায় আছে। পঞ্চায়েত নির্বাচনের ব্যাপারটা আপনাদের মাথায় আসছে না তাই গুলিয়ে ফেলছেন।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** ১৯৬৯ সালে করিমপুর বিভাজনের ব্যাপারে যে নীতি নেওয়া হয়েছিল যে এটা বর্ডার এরিয়া বিভাজন করা হবে না—আপনি এই করিমপুরকে বিভাজন করার যে পরিকল্পনা নিয়েছেন, সেটা পরিত্যাগ করে পুনর্বিবেচনা করবেন কি ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির রিকোয়েষ্টে এটা করা হয়েছে।

**Arrest of two "Pradhans"**

*75. (Admitted Question No. *468.) **Shri Subrata Mukherjee :** Will the Minister-in-charge of the Panchayats and Community Development Department be pleased to state—

(a) if it is a fact that two "Pradhans" of Chapra-II Gram Panchayat and Hatkhola Gram Panchayat of Nadia district were recently arrested ; and

(b) if so, what were the charges against them ?

**Shri Benoy Krishna Chowdhury :** (a) The Pradhan of Chapra-II Gram Panchayat has not been arrested. The Pradhan of Hatkhola Gram Panchayat surrendered in the Court on institution of a Police case against him.

(b) The Charge against the Pradhan of Hatkhola Gram Panchayat is the criminal misappropriation of the Gram Panchayat fund.

**Shri Subrata Mukherjee :** Will the Hon'ble Minister be pleased to state whether the Pradhan belongs to the CPM Party or not ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** এটা তো শিখে গেলেন, যখন আবার প্রশ্ন করবেন ওটাও দিয়ে দেবেন।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাপ্লিমেণ্টারী প্রশ্নে এই প্রশ্ন আসে।

**মিঃ স্পীকার ঃ** আপনি যেসব প্রশ্ন করছেন সেটা হয় না। আপনি বলছেন অমুক প্রধান এ্যারেষ্ট হয়েছে কিনা। উনি তার উত্তর দিয়েছেন। Which party he belongs ? That question does not arise. তিনি বিবাহিত কিনা, তার ছেলেমেয়ে আছে কিনা। I will not allow.

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি যে বাঁকুড়া জেলায় ৫ জন সি. পি. এম প্রধান এ্যারেষ্ট হয়েছেন কিনা ?

(গোলমাল)

**মিঃ স্পীকার ঃ** এই রকম প্রশ্ন হয় না।

**শ্রীলক্ষণ চন্দ্র শেঠ ঃ** বিভিন্ন খরা পরিস্থিতি মোকাবিলা করার জন্য যেসব পরিকল্পনা নেওয়া হয়েছে, তাকে বাস্তবে রূপ দেবার ব্যাপারে কংগ্রেস প্রধানরা বাধা দান করছে। যেমন বেলনদা ৮/১ প্রধান তপনেশ দে এইভাবে বাধা দান করছে। তাদের গ্রেপ্তার করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**মিঃ স্পীকার ঃ** এই রকম প্রশ্ন হয় না।

* 76 and * 77 held over

### পঞ্চায়েত কর্মচারীদের পেনশন ব্যবস্থা

*৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৫।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েতের কর্মচারীদের পেনশান ব্যবস্থা চালু করবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা করে নাগাত বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** (ক) দ্বিতীয় বেতন কমিশনের সুপারিশ অনুসারে জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েত (সচিব, সহ-সচিব এবং জব এ্যাসিষ্ট্যাণ্ট) কর্মচারীদের পেনশন চালু করার একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

খ) আগামী আর্থিক বৎসরের (১৯৮৩-৮৪) মধ্যেই এই প্রস্তাব বাস্তবায়িত হবে বলে আশা করা যায়।

[1-40—1-50 P.M.]

## STARRED QUESTIONS

**( To which oral answers were given )**

### রুগ্ন ও বন্ধ চা-বাগিচা

*১৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *২০১।) **শ্রীপ্রবোধচন্দ্র সিংহ ঃ** শিল্প পুনঃকরণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রুগ্ন ও বন্ধ চা-বাগিচার সংখ্যা কত ;

(খ) উক্ত চা-বাগিচাগুলি পুনরায় চালু করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন; এবং

(গ) রুগ্ন ও বন্ধ চা-বাগিচাগুলি অধিগ্রহণের কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** (ক) চা একটি কেন্দ্রীয় বিষয়, ফলে এ তথ্য রাজ্য সরকারের জানা নেই।

(খ) পশ্চিমবঙ্গ সরকার ১৯৭৬ সালে একটি চা উন্নয়ন কর্পোরেশন স্থাপন করিয়াছেন। ঐ কর্পোরেশন সম্পত্তি অধিগ্রহণ আইন অনুসারে (১) রাংমু সীডার (২) সিংগেল ও রাংনীত এবং ইজারা ভিত্তিতে (১) পান্দম ও (২) হিল্লা এই চা বাগানগুলি পরিচালনা করিতেছে। ইহা ছাড়াও, 'মহুয়া' নামে আর একটি চা বাগান পরিচালনা করিতেছে।

(গ) না এরূপ কোন প্রস্তাব সরকারের নাই।

**শ্রীপ্রবোধচন্দ্র সিংহ ঃ** এই রুগ্ন চা বাগানগুলির দুরবস্থা দূর করার জন্য, আর্থিক দিক থেকে স্বচ্ছল করার জন্য কেন্দ্রীয় সরকার আর্থিক সাহায্যের ব্যবস্থা করেছেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** কেন্দ্রীয় সরকার টি বোর্ডের মাধ্যমে একটি পরিকল্পনা গ্রহণ করেছেন যাতে করে দার্জিলিং-এর রুগ্ন চা বাগানগুলি আবার সুস্থ হয়ে ওঠে। কিন্তু যেগুলি বন্ধ হয়ে গেছে সেগুলি অধিগ্রহণ করার জন্য আমরা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করেছিলাম। কেন্দ্রীয় সরকার এখন পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করেন নি।

**শ্রীপ্রবোধ চন্দ্র সিংহ ঃ** দার্জিলিং-এর চা বাগানগুলির মালিকদের কেন্দ্রীয় সরকার কোন আর্থিক সাহায্যদানের প্রতিশ্রুতি দিয়েছেন কিনা এবং কত টাকা দেবার সিদ্ধান্ত নিয়েছেন, সেটা আপনার জানা আছে কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** ওরা একটা টাকা দেবার পরিকল্পনা গ্রহণ করেছেন। আমার যতদূর মনে হচ্ছে ৪২ কোটি টাকার মত হবে। ১০ বছরের মধ্যে তারা এটা দেবেন এবং সেটা ঋণ হিসাবে দেবেন। তবে ঋণের যা শর্ত আছে তাতে দেখা যাচ্ছে সুদটা তারা কম করে নেবেন। অর্থাৎ যেখানে ১৩% সুদ দিতে হয় সেখানে তারা ৯% এর মত সুদ নেবেন।

**শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** টি বোর্ড যাতে চা বাগানগুলি ভালভাবে দেখাশুনা করে সেই কথা আপনি উল্লেখ করলেন। টি বোর্ড নিজেরা দায়িত্ব পালন করেছেন না, চা বাগানগুলি যে

রুগ্ন হচ্ছে, তাদের কি সুবিধা অসুবিধা আছে, না আছে, সেই সম্পর্কে কোন খোঁজ খবর নিচ্ছে না। টি বোর্ড সম্পর্কে কোন অভিযোগ পশ্চিমবঙ্গ সরকারের কাছে আছে কি ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** না, আমার কাছে টি বোর্ড সম্পর্কে কোন অভিযোগ নেই।

**শ্রীবীরেন বোস ঃ** এই যে ৪২ কোটি টাকা কেন্দ্রীয় সাহায্যের কথা বললেন, মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, এই টাকাটা কেন্দ্রীয় সরকার কাদের মাধ্যমে দিচ্ছেন ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** এটা টি বোর্ড ডিসট্রিবিউট করবে, তবে আই. আর. ডি সি ওদের রিফাইনান্স করবে।

**শ্রীবীরেন বোস ঃ** টাকাটা ঠিকভাবে ডিসট্রিবিউট করা হচ্ছে কিনা দেখার জন্য এখানে রাজ্য সরকারের কি কোন হাত থাকবে না ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** টাকাটা কেন্দ্রীয় সরকারের এবং কেন্দ্রীয় সরকারেরই ডিষ্ট্রিবিউট করা ভালো

**ডাঃ মানস ভুঁইঞা ঃ** চা বাগানের মালিকরা ঐ বাগান থেকে ইনকাম করে পরবর্তীকালে আর তাদের সেই ইনকাম ঐ রুগ্ন চা বাগানগুলিতে বিনিয়োগ করছেন না, তারা সেই অর্থ অন্য রাজ্যে বা জায়গায় বিনিয়োগ করছেন মাননীয় মন্ত্রী মহোশয় কি জানাবেন, একথা সত্য কিনা ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** এটা আংশিক সত্য।

## এশিয়াডে নবান্ন অনুষ্ঠান

***২০২।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৯।) **শ্রীঅশোক ঘোষ ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) সম্প্রতি দিল্লীতে অনুষ্ঠিত এশিয়াডে পশ্চিমবঙ্গ সরকার আয়োজিত "নবান্ন" অনুষ্ঠানের জন্য মোট কত টাকা ব্যয় হয়েছে ; এবং

(খ) উক্ত অনুষ্ঠানটি পরিচালনা করার জন্য কোন্ কোন্ ব্যক্তি বা সংস্থার ওপর দায়িত্ব দেওয়া হয়েছিল ?

**শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকার ঃ** (ক) মঞ্জুরীকৃত ৮ লক্ষ টাকার মধ্যে আনুমানিক ৬ লক্ষ ৭০ হাজার টাকার মতো ব্যয় হয়েছে। চূড়ান্ত হিসাবের কাজ চলছে।

(খ) 'নবান্ন' নৃত্যানুষ্ঠান পরিচালনার জন্য একটি বোর্ড অব ডাইরেকটরস্ গঠন করা হয়েছিল।

এই বোর্ডে রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের লোকরঞ্জন শাখার নৃত্য উপদেষ্টা শ্রীশম্ভু ভট্টাচার্য, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের নৃত্য বিভাগের অধ্যাপক শ্রীঅসিত কুমার চট্টোপাধ্যায়, বাংলার ব্রতচারী সমিতির অবৈতনিক সম্পাদক শ্রীশিশির মিত্র এবং রাজ্য সরকারের লোকরঞ্জন শাখার প্রাক্তন প্রশাসনিক আধিকারিক, শ্রীনেপাল নাগ ছিলেন।

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, ৬ লক্ষ ৭০ হাজার টাকা আনুমানিক খরচ হয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, এই টাকাটা কোন কোন খাতে কিভাবে খরচ হয়েছে ?

**মিঃ স্পীকার ঃ** এটা জানতে হলে নোটিশ চাই।

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কিভাবে কমিটি হয়েছে সেকথা বলেছেন। আমার জিজ্ঞাস্য, রিহার্সালের সময় অনেকগুলি গ্রুপ ছিল, না, একটিই গ্রুপ ছিল যারা ফাইন্যালে ওখানে করেছে ?

**শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকার ঃ** 'নবান্ন' সম্পর্কে প্রশ্ন ইতিপূর্বে এসেছে। বিভিন্ন পর্যায়ে প্রাথমিক প্রস্তুতি হিসাবে কয়েকটা অনুষ্ঠান করা হয়েছিল। পরপর তিনটি অমনোনীত হবার পর ৪র্থটি মনোনয়নের শেষ বা চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছিলেন এশিয়াড কর্তৃপক্ষ। চূড়ান্ত মনোনয়নের পর সে খবর যখন আসে তখন সামগ্রিকভাবে শিল্পী মনোনীত করে একটি নির্দিষ্ট জায়গাতেই রিহার্সাল দেওয়া হয়েছিল।

**শ্রীসুমন্ত কুমার হীরা ঃ** এই নবান্ন নাটকটি কার্যতঃ এশিয়াডে ব্যর্থ হয়েছিল এবং যে আশা করা গিয়েছিল প্রশংসা কুড়াবে সেটা হয়নি। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে কি এই খবর আছে যে, কিছু ব্যক্তি যাদের উপর দায়িত্ব ছিল তারা দিল্লীতে জনৈক কংগ্রেসী নেতার বাড়ীতে গোপনে মিলিত হয়েছিলেন—তার কোন প্রভাব এই নবান্ন নাটকের উপর পড়েছিল কি ?

**মিঃ স্পীকার ঃ** এ প্রশ্ন ওঠে না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমি কোন বিতর্কে যেতে চাই না, আমি মাননীয় মন্ত্রী-মহাশয়ের কাছে একটি ব্যাপার জানতে চাই। এর আগে একদিন মাননীয় মন্ত্রীমহাশয় এ সম্পর্কে

উত্তর দিয়েছিলেন সেটা আমরা জানি। আমি বলতে চাই, বাংলার সংস্কৃতির মান একটা উঁচু জায়গায় ছিল, আজকে এই মান যা নষ্ট হয়েছে তাকে উন্নত করার জন্য ভবিষ্যতে আপনারা কি কি পরিকল্পনা নিয়েছেন বা এ সম্পর্কে কি ভাবছেন সেটা জানাবেন কি ?

**শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকার ঃ** আমি প্রথমেই জানিয়েছি যে এশিয়াড উদ্বোধনী অনুষ্ঠানটি একটা কম্পোজিট প্রোগ্রাম। বিভিন্ন রাজ্য সেই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছে। সামগ্রিক প্রচেষ্টার মধ্যে দিয়ে উদ্বোধনী অনুষ্ঠানটি সম্পন্ন হয়েছে। কোন রাজ্যের কোন অনুষ্ঠান কিভাবে দেখা গেল সেটার থেকে বিচার্য বিষয় মূল অনুষ্ঠানটি কি হয়েছে। পশ্চিমবঙ্গ নির্দিষ্ট যে সময় পেয়েছিল তার নির্দিষ্ট আইটেম সেখানে দেখানোর ক্ষেত্রে মনোনয়নটা আমাদের নয়, মনোনয়টা এশিয়াড অনুষ্ঠান কর্তৃপক্ষের। আমরা পরপর তিনটি দেখিয়েছি, আমাদের সবচেয়ে যেটা ভালো সেটা সেখানে দেখানো হ'ল না, ৪র্থ আইটেমটা সেখানে আমরা দেখিয়েছি, তা সত্ত্বেও সামগ্রিক বিচারে আমাদের যে অনুষ্ঠান তার সাফল্য, অসাফল্য নির্দিষ্ট রাজ্যের ক্ষেত্রে নির্ভর করে না, সামগ্রিক বিচারে আমাদের টোট্যাল যে পিকচারটা হয়েছে সে সম্পর্কে প্রশংসাসূচক পত্র আমরা পেয়েছি।

[1-50—2-00 P. M.]

পশ্চিমবাংলার যে অনুষ্ঠান, তার যে নির্দিষ্ট ক্ষেত্র, সেখান থেকে বিভিন্ন পত্র-পত্রিকার বিভিন্ন মতামত যা এসেছে তাতে আমরা নিশ্চয়ই দেখব যে আমাদের তরফ থেকে কোন গাফিলতি ছিল কি ছিল না।

( গোলমাল )

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে বাংলার সংস্কৃতি যেভাবে রিপ্রেজেন্ট করা হয়েছে নবান্নের মাধ্যমে তাতে বাংলার এবং বাঙ্গালী হিসাবে আমাদের চূড়ান্ত অবমাননা এবং অপমান করা হয়েছে ?

**শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকার ঃ** আমি আবার বলছি যে পশ্চিমবাংলা প্রতিযোগিতামূলক অনুষ্ঠানে অংশগ্রহণ করেনি। মনোনয়নের দায়িত্ব এশিয়া অনুষ্ঠানের কর্তৃপক্ষের। তা সত্ত্বেও মিঃ কে. পি. কৃষ্ণ রাউত, তিনি অনুষ্ঠানের সামগ্রিক সাফল্যের কথা জানিয়েছেন।

*২০৩ হেল্ড ওভার

## আহমদপুর চিনিকল সাময়িক বন্ধ করার ঘটনা

***২০৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৭।) **ডাঃ মোতাহার হোসেনঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার আহমদপুর চিনিকল ১৯৮২ সালের ২২এ ডিসেম্বর হইতে ২৪এ ডিসেম্বর পর্যন্ত চিনি মজুত রাখিবার বস্তার অভাবে এবং ১৯৮৩ সালের ২৬এ জানুয়ারি হইতে ৬ই ফেব্রুয়ারি পর্যন্ত মিল "টারবাইন" মেরামতির জন্য বন্ধ ছিল ;

(খ) সত্য হইলে, উক্ত বিষয়ে সংশ্লিষ্ট কর্মচারীদের কেহ দোষী কি ; এবং

(গ) দোষী হইলে, দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্যঃ** (ক) হ্যাঁ।

(খ) এবং (গ) চিনি মজুত রাখিবার বস্তা সময়মত সরবরাহ না হইবার বিষয়টি কর্পোরেশনের বোর্ড অফ ডিরেকটর্স বিস্তারিতভাবে আলোচনা করিয়া দেখিয়াছেন যে, প্রয়োজনীয় তত্ত্বাবধানের অভাব এবং ক্রয় পদ্ধতির উপর যথাযথ দৃষ্টি না রাখার ফলে মিলে বস্তা সরবরাহ বিঘ্নিত হইয়াছিল। ভবিষ্যতে যাহাতে প্রয়োজনীয় দ্রব্যাদির অভাবে মিলের উৎপাদন বিঘ্নিত না হয় সে বিষয়ে যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য বোর্ড ম্যানেজিং ডিরেক্টরকে বিশেষভাবে নির্দেশ দিয়াছেন। বোর্ড কোন কর্মচারীকে ব্যক্তিগতভাবে দোষী সাব্যস্ত করেননি। তবে ম্যানেজিং ডাইরেক্টর ও সেক্রেটারীর তত্ত্বাবধানের ত্রুটির জন্য অসন্তোষ প্রকাশ করেন। টারবোজেনারেটর-এর বিষয় বোর্ড অফ ডিরেক্টরস্ ম্যানেজিং ডিরেক্টর ও সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারদের বিস্তারিত রিপোর্ট চাহিয়াছেন এবং উক্ত রিপোর্টের পরিপ্রেক্ষিতে বিষয়টি যথাসময়ে আরও অনুসন্ধান করিয়া দেখা হইবে।

**শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়াঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, ঐ বন্ধের জন্য সেক্রেটারী এবং ম্যানেজিং ডাইরেক্টরের বিরুদ্ধে দোষারোপ করা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, এই ম্যানেজিং ডাইরেক্টরের এবং সেক্রেটারীর বিরুদ্ধে কর্তৃপক্ষ কি ব্যবস্থা নিয়েছেন ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্যঃ** বোর্ডের তরফ থেকে ঐ ম্যানেজিং ডাইরেক্টর এণ্ড সেক্রেটারীর বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়ার জন্য সুপারিশ যদি সরকারের কাছে করা হয় তাহলে সরকার বিবেচনা করে দেখবেন।

## সুন্দরবন অঞ্চলে মৎস্যচাষ ও বনসংরক্ষণ

*২০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯১।) **শ্রীসুমন্তকুমার হীরাঃ** উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সুন্দরবন অঞ্চলে মৎস্যচাষ ও বনসংরক্ষণের দ্বিমুখী কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়ঃ** (ক) হ্যাঁ। সুন্দরবন উন্নয়ন পর্ষদের আইক্যাড—সাহায্যপ্রাপ্ত প্রকল্পের অধীনে দুইটি নোনা জলের মৎস্য জলাশয় স্থাপন করা হচ্ছে—একটি ঝড়খালিতে, আর একটি মহিষানি দ্বীপে। ঝড়খালি সুন্দরবনের বাসন্তি ব্লকে ও মহিষানি নামখানা ব্লকে অবস্থিত।

(খ) বন সংরক্ষণের পরিকল্পনা এই প্রকল্পভুক্ত নয়। তবে এই প্রকল্পাধীনে সামাজিক বন সৃজনের পরিকল্পা আছে। এই পরিকল্পনা অনুসারে নদীতীরে ক্ষুদ্র বন (ম্যানগ্রোভ) লাগানো হচ্ছে। নদী বাঁধ, রাস্তা ও খালের ধারে গাছ লাগানো হচ্ছে।

**শ্রীভুপাল চন্দ্র পাণ্ডাঃ** সুন্দরবন উন্নয়নের জন্য মাননীয় মন্ত্রী মহাশয় একটা সামগ্রিক পরিকল্পনা করছেন বলে শোনা যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন সেই সামগ্রিক পরিকল্পনার জন্য যে বিশেষ বিশেষ দপ্তরের সাহায্যের প্রয়োজন সে বিশেষ বিশেষ দপ্তরের কাছ থেকে সাহায্য পাওয়ার দিকে তিনি নজর দেবেন কি ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়ঃ** কেন্দ্রীয় সরকারের অধীন আই. এফ. ই. ডি.-র অন্তর্ভুক্ত হচ্ছে সুন্দরবন উন্নয়ন পরিকল্পনা। সুতরাং তারা যেসব ক্ষেত্রগুলি নির্দিষ্ট করে দিচ্ছে সেসব ক্ষেত্রেই আমরা কাজ করছি। তার বাইরে কোন কাজ করতে হলে কেন্দ্রীয় সরকারের সঙ্গে পরামর্শ করে সেগুলি করতে হবে। প্রয়োজনে তা করার জন্য আমরা চেষ্টা করব।

**ডাঃ মানস ভুঁইঞাঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সুন্দরবন উন্নয়ন পরিকল্পনা খাতে ১৯৮২-৮৩ সালের আর্থিক বছরে যে পরিমান টাকা ধরা হয়েছিল সেই সমস্ত টাকা আগামী ৩১শে, মার্চের মধ্যে কি আপনি খরচ করতে পারবেন ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়ঃ** যদিও এই প্রশ্ন ওঠে না, তবুও আমি বলছি যে, আশাকরি পারব।

## হুগলী জেলায় ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট

*২০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯৮।) **শ্রীব্রজগোপাল নিয়োগীঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রত্যেক জেলায় ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট স্থাপনের পরিকল্পনা অনুযায়ী এ পর্যন্ত হুগলি জেলায় এই এস্টেট স্থাপিত হয়েছে কিনা ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "না" হইলে, উক্ত এস্টেট স্থাপনের কাজ কবে নাগাত শুরু হবে আশা করা যায় ?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** (ক) না।

(খ) চলতি ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় হুগলী জেলায় কোন ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট স্থাপনের কাজ নাই। আগামী পরিকল্পায় ঐ জেলায় এস্টেট স্থাপনের কাজ হাতে লওয়ার কথা আছে।

**শ্রীব্রজগোপাল নিয়োগী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, কি নীতিতে এই ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট গুলি স্থাপন করা হচ্ছে ?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রত্যেকটি জেলায় একটা করে ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট করার কথা আছে। হুগলী জেলায় ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট স্থাপনের জন্য শ্রীরামপুর এবং ডানকুনিতে জায়গা নেবার চেষ্টা করা হয়েছিল। কিন্তু আইন-গত নানা কারণে জায়গা পাওয়া যায়নি। তবে আগামী পরিকল্পনায় হুগলী জেলায় ইণ্ডষ্ট্রিয়াল এস্টেট করার জন্য এখনো কথাবার্তা চলছে।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ২৪ পরগণা জেলা দুটো-ভাগে বিভক্ত হচ্ছে সুতরাং দু-ভাগে আলাদা করে কি ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট স্থাপিত হবে ?

**অধ্যক্ষ মহোদয় ঃ** এ প্রশ্ন হয় না।

**শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া ঃ** ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট যেসব জেলায় আছে সেসব জেলার ইণ্ডাষ্ট্রিগুলির'র মেটিরিয়াল ইত্যাদির ব্যাপারে সরকারের কাছে কোন রিপোর্ট আছে কি ?

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** মাননীয় সদস্য এ সম্বন্ধে আলাদা নোটিশ দিলে আমি এই সমস্ত তথ্য তাঁকে জানিয়ে দেব।

## পুরাকীর্তি ও পুরাবস্তু সংরক্ষণ

*২১০। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬১।) **শ্রীনীরোদ রায়চৌধুরী ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বিগত ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৮২

সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত সময় পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানের পুরাকীর্তি ও পুরাবস্তু সংরক্ষণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকার ঃ** পুরাবস্তু ও পুরাকীর্তি সংরক্ষণ সংক্রান্ত আইনের অধীনে এই সময়ে ৮টি পুরাকীর্তি সংরক্ষিত বলে ঘোষণা করা হয়েছে। এবং ৪টি পুরাকীর্তির সংরক্ষণ কার্য সুসম্পন্ন হয়েছে।

**শ্রীনিরোদ রায়চৌধুরী ঃ** পুরাকীর্তি ও পুরাবস্তু কোথায় কোথায় সংরক্ষিত আছে ?

**শ্রীপ্রভাসচন্দ্র ফাদিকার ঃ** যে সমস্ত পুরাকীর্তিকে সংরক্ষিত বলে ঘোষণা করা হয়েছে, সেগুলি যে সমস্ত জায়গায় সংরক্ষিত আছে সে সমস্ত জায়গার সম্বন্ধে একটা বড় তালিকা আমার কাছে আছে।

**অধ্যক্ষ মহোদয় ঃ** তালিকাটি লাইব্রেরী টেবিলে 'লে করে দিন।

## STARRED QUESTIONS
### ( To which answers were laid on the table )

### বাঁকুড়া ২ নং ব্লকে সরকারের ন্যস্ত জমি

***২১২।** ( অনুমোদিত প্রশ্ন নং *৭৭৫। ) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বাঁকুড়া ২ নং ব্লকের অধীনস্থ বর্তমানে সরকারের হাতে ন্যস্ত জমির পরিমাণ কত ; এবং

(খ) এ পর্যন্ত উক্ত ন্যস্ত জমির কি পরিমাণ বিলি করা সম্ভব হইয়াছে ?

**Minister-in-charge of Land and Land Reforms Deptt.**

(ক) ৪৪৬.৫৬ একর।

(খ) ২৫৪.১৫ একর।

### দিল্লীতে অনুষ্ঠিত সাধারণতন্ত্র দিবসে পশ্চিমবঙ্গের সাংস্কৃতিক দল

***২১৫।** ( অনুমোদিত প্রশ্ন নং *১১০। ) **শ্রীসেখ ইমাজুদ্দিন ঃ** তথ্য ও সাংস্কৃতিক বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দিল্লীতে অনুষ্ঠিত গত সাধারণতন্ত্র দিবস উপলক্ষে অনুষ্ঠানে পশ্চিমবঙ্গ হইতে কোন সাংস্কৃতিক দল পাঠানো হয়েছিল কিনা ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "না" হলে, তার কারণ কি ?

**Minister-in-charge of Information and Cultural Affairs Deptt.**

(ক) না

(খ) কারণ প্রধানতঃ দু'টি।

এক, দিল্লীর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সাংস্কৃতিক দল মনোনয়নের পদ্ধতি। এই পদ্ধতিতে দল মনোনয়নের আগেই রাজ্য সরকারকে প্রারম্ভিক বেশ কিছু অর্থ মঞ্জুর করতে হয়।

দল মনোনয়নের জন্য ১৯৮২/৩ প্রারম্ভিক অর্থ ব্যয় করে প্রশিক্ষিত দুটি দল দিল্লীতে পাঠানো হয়েছিল। কিন্তু দুটির মধ্যে একটিকেও মনোনীত করা হয়নি।

দুই, একই আর্থিক বছরে অনুষ্ঠিত আন্তর্জাতিক শিল্প মেলায় অংশ নিতে এবং এশিয়াড '৮২ উদ্বোধন দিনে বর্ণাঢ্য লোকসংস্কৃতি উৎসবে নৃত্যের দল পাঠানো হয়েছিল। তাই সেই সময়ে আর্থিক পরিস্থিতির কথা মনে রাখতে হয়েছিল।

[2-00—2-10 P.M.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** I have received four notices of adjournment motions today. The first is from Shri Samar Mukherjee which deals with ineligibility of 18 students of Debipur Kahala Uccha Madhyamik Vidyalaya, Malda to sit for the Madhyamik Examination for non-receipt of admit cards.

The second is from Dr. Manas Bhunia which deals with apprehended closure of Artificial Limb Unifcation Centre in N. R. S. Medical College and Hospital.

The third is from Shri Suniti Chattaraj which deals with extension of support to non-alignment movement and the recent summit meeting being held in Delhi.

The fourth is from Shri Kashinath Misra which deals with the problem arising in rural and Urban areas due to non-supply of ration and non-recept of ration cards.

On the subject of the first, second and fourth notices, the members may

draw the attention of the ministers concerned by way of giving notice, of Calling Attention, Question and Mention. The subject involving the third motion concern the Centre.

I, therefore, withheld my consent to all the above motions. One member of the party, may however, read out the text of the motion as amended.

**শ্রীসমর মুখার্জী ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হ'ল—

মালদহ জেলার দেবীপুর ও কাহালা উচ্চমাধ্যমিক বিদ্যালয়দ্বয়ের ১৮ জন ছাত্র ১৯৮৩ সালের মাধ্যমিক পরীক্ষায় বসার জন্য এ্যালাউ হলেও তারা পরীক্ষায় বসার জন্য মধ্যশিক্ষা পর্ষদ থেকে অনুমতিপত্র না পাওয়ায় পরীক্ষা দিতে পারে নাই।

## CALLING ATTENTION

### To Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received 12 notices of Calling Attention out of which I will read 8 notices as follows :—

1. Smuggling of essential commodities through Karimpur Border from Chittaranjan Biswas.
2. Deplorable condition of the Bridge ovee Ichhamati from Shri Bhupendra Nath Seth.
3. Release of huge water from D.V.C. from Shri Habibur Rahman, Shri Shaik Inajuddin and Shri Quazi Hafizur Rahman.
4. 18 Regular Madhyamik students fail to sit in examination due to non-availablity of Admit Cards from Shri Samar Mukherjee.
5. Disapproval of Government in setting up a Head Injury Unit in N.R.S. Medical College, from Dr. Manas Bhunia.
6. Shifting of Milk Project from Birbhum to Midnapore from Shri Suniti Chattaraj.

7. Scarcity of drinking water in Howrah Municipal areas from Shri Asok Ghosh. and

8. Non-receiving of rationing commodities and want of ration cards in rural and urban areas from Shri Kashinath Misra.

I have selected the notice of Shri Bhupendra Nath Seth on the subject of Deplorable condition of the Bridge over Ichhamati.

The Minister-in-Charge may please make a statement today, if possible, or give a date.

**শ্রীপতিত পাবন পাঠক ঃ** ১৫ তারিখ।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। এটা অত্যন্ত সিরিয়াস ম্যাটার, হাউসের মর্যাদার প্রশ্ন, আপনার এবং সমস্ত সদস্যদের মর্যাদার প্রশ্ন জড়িত রয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যুগান্তরে একটি প্রকাশিত সংবাদের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় চিফ্ মিনিষ্টার ষ্টেটমেণ্ট হিসাবে তিনি গতকাল এখানে রেখেছেন। একথা ঠিক, পঞ্চায়েত নির্বাচন বুথে-বুথে করার যে প্রথা ছিল সেটা বামফ্রণ্ট সরকার তুলে নিতে চেয়েছিলেন। কিন্তু গত ৩ মার্চ যে বিল উত্থাপিত হয়েছিল তাতে আমরা একটি সংশোধনী মাননীয় মন্ত্রী মহাশয় গ্রহণ করার পর বুথে বুথে ভোট গ্রহণের ব্যবস্থা অব্যাহত থাকছে।

অথচ আজকে যুগান্তরে যে সংবাদের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি সেটা হল মুখ্যমন্ত্রী তাঁর বিধানসভা কক্ষে বসে যে বক্তব্য রেখেছেন সেটা আমি আপনাদের শোনাচ্ছি। মুখ্যমন্ত্রী বলেছেন "আমরা বলেছিলাম পঞ্চায়েতে ভোট গণনা নির্বাচন কেন্দ্রে সারা হোক, তাহলে ভোটের ফলাফল তাড়াতাড়ী জানা যাবে। কিন্তু নির্বাচন দপ্তরের অফিসাররা বলেছেন ওঁদের অসুবিধা হতে পারে। সুতরাং বিধানসভা নির্বাচনে যেভাবে ভোট গণনা করা হয় সেই ভাবেই পঞ্চায়েতের ভোট গণনা করা হবে। বিধানসভা ইগনোর করে আমরা যেটা পাশ করালাম হি বিয়িং দি লীডার অফ দি হাউস, চীফ মিনিষ্টার এই ধরণের ষ্টেটমেণ্ট করলেন। এ সম্পর্কে আমরা মুখ্যমন্ত্রী মহাশয়ের একটা বিবৃতি চাইছি। তিনি ভাল করে ব্যাপারটি ক্লারিফাই করে আমাদের বুঝিয়ে দিন।"

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি স্বাধীকারের প্রশ্নে আমরা আপনার দুটি রুলিং শিরোধার্য করে নিয়েছি, বা আমরা নিতে বাধ্য এবং আমরা বাধ্য এই জন্য যে

you have been pleased to cite references from Lok Sabha Proceedings. You have also cited references from the book-Practice and Procedure of Parliament by Kaul and Shakdher. স্যার, তা যদি হয় তাহলে কয়েকটি ক্ষেত্রে মাননীয় শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রী, পার্লামেণ্টারী এ্যাফেয়ার্সের মন্ত্রী মহাশয় আছেন। এঁদের কার্য্যকাল প্রায় ছয় বছর হতে চলল, আমরা দেখলাম এই ছয় বছরের মধ্যে আমরা কোন প্রসিডিংস পেলাম না। Members have the right to have the capies of delate immeditely. লোকসভাকে যদি নজির হিসাবে ধরেন I invite your attention to Lok Sabha Proceedings, page 865, last para—'Within 10 days these are printed, published and distributed, if the members desire to have copies of the proceedings'. The debates are necessary for the members for finding out references in connection with the assurances given by the honourable Ministers in the House. While accepting the precedents and conventions of Lok Sabha, here I will request you to allow the members to have the copies of the debates with ten days. Sir, the ruling regime has not been able to supply the copies of the debates earlier than 1975.

**Mr. Speaker :** Dr. Abedin, I shall take up the matter afterwards.

**Dr. Zainal Abedin :** Sir, we are very much affected. Nobody knows whether the present members will return or not. So when the copies of the present proceedings will be distributed, the present members may not be in the House. There is no system to supply the proceedings in time.

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** আপনারা ৫ বছর ধরে ছাপেন নি, সেগুলি আমাদের ছেপে বিলি করতে হচ্ছে। আপনি যখন মন্ত্রী ছিলেন এগুলি করেননি কেন ?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** Then should I take it that the hon'ble minister for Commerce and Industries will follow the practice of the Congress as the grammar administration.

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** আপনাদের ব্যাগলক আমাদের হাতে তুলে দিয়েছেন। সেইজন্য দেরী হচ্ছে।

[2-10—2-20 P.M.]

**Dr. Zainal Abedin :** You can set up a wing. It is within your competence. By mechanical means—cyclostyle or Xerox or some other means—you can have the copies, at least for the last Session. We are interested to have the copies of the proceedings of the current Session and the last Session also. For want of such proceedings না থাকলে we are affected in three ways. There is an assurance to the members. Again, while we cite reference the readymade copies are not available to us. এদিক থেকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই কাজটি ত্বরান্বিত করা হয়। While you are pleased to take the advantage of the Lok Sabha convention we appeal to your goodself that it should be little attended to in the pattern of Lok Sabha. Thank you.

**Mr. Speaker :** I will draw the attention of the members including honourable Dr. Zainal Abedin that after I was elected to this office I have been going into the matter. There are certain problems because there were huge backlocks. I have taken up this matter with the government. I have also spoken to the Commerce & Industries Minister and to the Chief Minister about the matter. They have assured me of all cooperation. I have told them if the Government Press cannot print it then some ways and means to be found out. Government is moving two or three more presses whether these can be printed in Saraswati Press or in some other press. I am trying my best to solve this problem as early as possible. But I can only inform one thing to Dr. Abedin that this backlog is not only from the period of 1977 but also for the period when you were also the Ministers.' This problem is due to the system of our society today, not of the government or private firms. Your government faced with this problem, and this government also is facing with the same poblem. I am taking up the matter.

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** এটা আপনাদের সময়কার জিনিষ। আপনারা এটা করেন নি। সেই থেকে ব্যাক লগ্ হয়ে রয়েছে, আমরা ক্লিয়ার করছি। তবে একটি কথা মেম্বারদের অবগতির জন্য বলে দিতে পারি যদি আইনে পারমিট করে তাহলে স্বরস্বতী প্রেসে ছেপে দেবার ব্যবস্থা করতে পারি। তবে এটা গভর্ণমেণ্ট প্রেসেই ছাপাতে হবে বলে আমি জানি।

**Mr. Speaker :** As regards government bill and gazette notification I think there is some limitation that these are to be printed in Government Press. But as regards the proceedings of the Assembly I do not think that the limitation is there. Anyway I shall go into it and let you know about this.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** তাহলে আমাদের কাছে যে ভাষণের কপি যায় তাতে নির্দেশ থাকে ৭ দিনের মধ্যে ফেরত দিতে হবে—সেটা রিভাজড্ করুন। এটা থাকতে পারে না। Why should we be whiped like that. Revision in the notice is also necessary.

**Mr. Speaker :** I agree with Dr. Abedin that the matter is urgent and these are necessary for the members for properly and actively contributing to the proceedings of the House and the debates and discussions. The past records and other things are necessary for the members. I agree with you. I have in my own initiative taken up this matter and we are discussing it and we are trying to supply you the copies.

## LAYING OF RULES

Amendments to the West Bengal Industrial Infrastructure Development Corporation Rules, 1978.

**Dr. Kanai Lal Bhattacharyya :** Sir, I beg to lay the Amendments to the West Bengal Industrial Infrastructure Development Corporation Rules, 1978.

## LAYING OF REPORTS

Twentieth Annual Report on the working and affairs of the Durgapur Projects Limited for the year 1980-81.

**Dr. Kanai Lal Bhattacharyya :** Sir, I beg to lay the Twentieth Annual Report on the working and affairs of the Durgapur Projects Limited for the year 1980-81.

Ninth Annual Report of the West Bengal Mineral Development and Trading Corporation Limited for the year 1981-82.

**Dr. Kanai Lal Bhattacharyya :** Sir, I beg to lay the Ninth Annual Report of the West Bengal Mineral Development and Trading Corporation Limited for the year 1981-82.

Annual Accounts of the North Bengal State Transport Corporation for the year 1974-75.

**Shri Patit Paban Pathak :** Sir, I beg to lay the Annual Accounts of the North Bengal State Transport Corporation for the year 1974-75.

## MENTION CASES

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং বিশেষ করে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমি এখানে একটি গুরুত্বপূর্ণ ঘটনার কথা উল্লেখ করছি। আজ মেদিনীপুর জেলার নন্দীগ্রাম থানা একটি অবহেলিত থানা। সেই গ্রামের হাজার হাজার মানুষ সরকারের দৃষ্টি আকর্ষণ করবে বলে আজকে এই ৯ই মার্চ বিধানসভা অভিযান করার জন্য এসেছে। সেচ, রাস্তা-ঘাট, বিদ্যুত হাসপাতাল এই সমস্ত গুরুত্বপূর্ণ সমস্যা নিয়ে তারা দীর্ঘ দিন ধরে আন্দোলন করছে। গত বছর ২৫শে মার্চ নির্বিচারে মিছিলের উপর পুলিশ গুলি চালায়। যার ফলে হাজার হাজার মানুষ আহত হয় এবং সুদীপ তেওয়ারী নিহত হয়। এই ব্যাপারে বিচার বিভাগীয় তদন্তের দাবি করা হয়েছিল কিন্তু তার কোন ব্যবস্থা হয় নি। শুধু তাই নয় ২১ জনকে মিথ্যা মামলায় গ্রেপ্তার করা হয়। সেই জন্য নন্দী গ্রামের উন্নয়নের জন্য, গুলির বিচার বিভাগীয় তদন্তের জন্য এবং মিথ্যা মামলায় যাদের গ্রেপ্তার করা হয়েছে তাদের ছেড়ে দেবার দাবীতে তারা সরকারের দৃষ্টি আকর্ষণ করার জন্য বিধানসভা অভিযান করছে। এই ব্যাপারে তাদের দাবী যাতে সহানুভূতির সংগে বিবেচনা করা হয় সেই জন্য আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মিঃ স্পীকার স্যার, আপনি জানেন যে ১৯৮২ সালের ২৫শে মার্চ নন্দী গ্রামে গুলি চলেছিল। এখানে মাত্র ৬ মাইল পাকা রাস্তা আছে। স্যার, এই সব কথা কাকে বলবো, অন্ততঃ ৪-৫ জন মন্ত্রী তো এখানে থাকা উচিত। It is the parliamentary etequette that Council of Minister should be present in the House.

**মিঃ স্পীকার ঃ** ঠিক কথা, ৪-৫ জন মন্ত্রীর এখানে থাকা উচিত ছিল।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে জানাতে চাই যারা ডেপুটেসনে এসেছে তাদের ডাকা হোক, তাদের প্রতিনিধিদের সঙ্গে কথা বলা হোক। let this be settled mutually and amicably. Sense of Confidence is to be created in the minds of the people affected by last year's agitation.

**ডাঃ হরমোহন সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা সকলেই জানি যে কলিকাতার বুকে নীলরতন সরকার হসপিটল আছে আশ্চর্য্য হবার কথা এই রকম বড় হাসপাতালে দীর্ঘ দিন ধরে এক্স-রে মেসিনগুলি খারাপ হয়ে পড়ে রয়েছে। সেই মেসিনগুলির রিপ্লেসমেণ্টের কোন ব্যবস্থা করা হচ্ছে না। এর জন্য এখানে অনেক লোক চিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে। এখানে ইনভেসটিগেসান হয়ে গেছে, কিন্তু কোন ব্যবস্থা করা হচ্ছে না। এই মেসিনগুলি জরুরী ভিত্তিতে রিপ্লেসমেণ্ট করা দরকার। এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা অবলম্বন করার জন্য আমি দাবী জানাচ্ছি।

**শ্রীশান্তিমোহন রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের আরামবাগ মহকুমায় যখন আমন ধান হয়েছিল তখন কংসাবতী এবং দামোদর নদ থেকে জল দেওয়া হলো না। যার ফলে সমস্ত আমন ধান শুকিয়ে মারা গেল। এই রকম খরার সময় এই ভাবে সমস্ত ধান গাছকে মেরে ফেলা হলো। বামফ্রণ্ট সরকারের ষড়যন্ত্রেই এই সব জিনিষ হচ্ছে। এখন দেখতে পাচ্ছি পুরসুড়া থানায় গম পাতা হয়েছে। কিন্তু সেখানে ডিপ টিউবওয়েল থেকে জল দেওয়া হচ্ছে না। স্যার, আপনি জানেন যে জল কর বেড়ে গেছে, খাজনা প্রায় দ্বিগুন হয়ে গেছে। এই সমস্ত জমিতে জল না দিয়ে ফসল মেরে দিয়ে কৃষকদের সর্বনাশ ডেকে আনা হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যেন এই ব্যাপারে ব্যবস্থা নেওয়া হয় এবং ঠিক মত জল পাওয়া যায়।

[2-20—2-30 P.M.]

**শ্রীলক্ষীকান্ত দে ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি শিক্ষা দপ্তরের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন যে, মদন মিত্র লেনে রঘুমল আর্য বিদ্যালয় নামে একটি হিন্দী স্কুল আছে। এটি ফ্রি প্রাইমারী স্কীমের অন্তর্ভূক্ত একটি স্কুল। এখানে হিন্দী পড়াশুনা হয়ে থাকে। প্রাথমিক বিভাগ এবং সমস্ত বিভাগ উক্ত স্কীমের অন্তর্ভূক্ত। আমি খবর পেলাম যে আমহার্ষ্ট ষ্ট্রীটে একই নামে, একই হেডমাষ্টার দ্বারা আর একটি স্কুল পরিচালিত হয়। উক্ত বিদ্যালয়ে নিয়মিত ভাবে ডেভলাপমেণ্টের নাম করে ছাত্রছাত্রীদের কাছ

থেকে টাকা আদায় করা হয়। উক্ত স্কুলের সভাপতি হচ্ছেন—আমি যতদূর খবর রাখি এই হাউসের মাননীয় সদস্য দেওকী নন্দন পোদ্দার। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ সেজন্য বিষয়টি দেখার জন্য আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলাম।

**শ্রীভুপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বনগাঁ শহর সীমান্ত এলাকায়। ঐ সীমান্ত এলাকা থেকে মানুষের কলকাতা শহরে আসতে হলে অন্যতম উপায় হচ্ছে বাসে যাতায়াত করা। একমাত্র যে বাসরুটের উপর ওখানকার মানুষ নির্ভরশীল তার নম্বর হচ্ছে ৯২এ এবং ৯২। স্কুল-কলেজের ছেলে-মেয়েরা এই বাসরুটের উপরে নির্ভরশীল। উক্ত বাসরুটে বাসের সংখ্যা অপর্যাপ্ত, সংখ্যায় মাত্র ১৬। বাসের সংখ্যা বৃদ্ধির উদ্দেশ্যে ওখানকার সাধারণ মানুষ প্রতিবাদ শুরু করে দিয়েছেন। স্থানীয় বনগাঁ শহরের মহকুমা শাসক ও অন্যান্য যাঁরা প্রশাসনিক স্তরে আছেন, তাঁরা এ পর্যন্ত কোন ব্যবস্থা নিতে পারেন নি। ছাত্র-ছাত্রী ও সাধারণ মানুষদের ভয়ংকর অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে, সেজন্য মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যেন যথাসত্বর ব্যবস্থা গ্রহণ করে গ্রামবাংলার মানুষের কষ্ট লাঘবের ব্যবস্থা করেন।

**শ্রীনীরদ রায় চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, বেড়াচাঁপাতে জগদীশ চন্দ্র পলিটেকনিক কলেজ একটা দারুন অসুবিধার মধ্যে আছে। গত ১৯৮২ সালের এপ্রিল মাসে ফোর্থ ইয়ারের পরীক্ষা ছিল। প্রশ্নপত্র কঠিন হওয়ার ফলে ছাত্ররা কিছু গণ্ডগোল করে। তারফলে কলেজ কর্তৃপক্ষ পরবর্তীকালে সকলকে ফেল করিয়ে দেন। তারফলে ছাত্রেরা বিক্ষোভ প্রদর্শন এবং কলেজের প্রিনসিপ্যালকে ঘেরাও করেছিল। ঐ ঘটনার ফলে প্রিনসিপ্যাল অনির্দ্দিষ্ট কালের জন্য ( ২।৩।৮৩ থেকে ) বন্ধ করে দেন। এরফলে স্থানীয় জনসাধারণ এবং অভিভাবকবৃন্দ খুবই উৎকণ্ঠার মধ্যে আছেন। অবিলম্বে যাতে ঐ কলেজটি খোলার ব্যবস্থা করা হয়, কলেজ আর বন্ধ না রাখা হয়, তারজন্য আপনার মাধ্যমে উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীআব্দুল ওহায়েদ ঃ** মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মালদহ জেলার বৈষ্ণবপুর থানার অন্তর্গত হরিশচন্দ্রপুর ১ নম্বর পঞ্চায়েত সমিতির সদস্যগণ ষ্টেট ব্যাঙ্ক থেকে ৪০ হাজার টাকা ঋণ নিয়েছিল গত ১৯৮১ সালের এপ্রিল। কিছু দিন পর থেকে সেখানে সমিতির দোকানটি তালাবন্ধ অবস্থায় পড়ে আছে। অথচ ৪০ হাজার টাকার যে ঋণ তাঁরা নিয়েছিলেন তারও কোন হিসেব নিকেশ হয় নি। পঞ্চায়েত সমিতির কাছে এটি একটি কলংকজনক ব্যাপার বলে আমি মনে করি।

সেখানে মানুষের ধারণা এই পঞ্চায়েত সমিতির লোকেদের জন্য এই ঘটনার বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে না। সেইজন্য বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অনতিবিলম্বে এর তদন্ত করে যারা এরসঙ্গে জড়িত তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রীনবনী বাউরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জনস্বার্থে জরুরী এবং গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, বর্তমান বছরে বাকুঁড়া জেলায় বিশেষ করে গঙ্গাজলঘাটি, বড়জোলা, ছাতনা, ইন্দাপুর ইত্যাদি জায়গায় গত ২ বছর যাবত খরা চলছে। ফলে ওই সমস্ত এলাকায় যে সমস্ত মানুষ কোনদিন মাটির কাজ করতে অভ্যস্ত নয় তাদের এখন সেই কাজ করতে হচ্ছে। তারা মাঠে কাজ করতে পারছে না। এইরকম অবস্থার মধ্যে দিয়ে চলেছে সেখানে। যাতে এখানে পর্যাপ্ত পরিমাণে খয়রাতি সাহায্য পৌছায় এবং খয়রাতির পরিমাণ যাতে একটু বাড়ান হয় তার ব্যবস্থা করবেন। এখানে খয়রাতির পরিমাণ প্রয়োজনের তুলনায় খুবই কম। অন্ততঃ শতকরা ১০ জন এই খয়রাতির সাহায্য পায় তার ব্যবস্থা করবেন।

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া স্টেশানের কাছে মুকরাম কানোরিয়া রোড একটি গুরুত্বপূর্ণ রাস্তা। হাওড়ায় যে সমস্ত মানুষ বিভিন্ন প্রদেশ থেকে আসে, এরা এসে এখানে বসবাস করেন কারণ এখানে অনেক বড় বড় হোটেল আছে। কিন্তু দীর্ঘদিন ধরে এই রাস্তাটি ভগ্ন অবস্থায় পড়ে আছে। বড় বড় গর্ত হয়ে আছে, ড্রেনগুলি ভেঙ্গে গেছে, নর্দমার জল উবছে পড়ছে। এই রাস্তাটির একটি টেণ্ডার হয়েছিল সেটা অমৃতবাজার পত্রিকায় ১৪।২।৮০ তারিখে বেরিয়েছিল। টেণ্ডারটির নং হচ্ছে ৫৫৭৯.৮০। রেজিসটার্ড কো-অপরেটিভ সোসাইটি বেকার যুবকদের দিয়ে এই রাস্তাটি সংস্করণের জন্য অর্ডার দিয়েছিলেন। তারপরে যখন কো-অপরেটিভ সোসাইটি মাধ্যমে ১৮ হাজার ৫৪৩ টাকা পাওয়া গেল তখন দেখা গেল যে রাস্তার কাজ এগোচ্ছে না। তার কারণ হচ্ছে হাওড়া পৌরসভা বলছেন যে ওটা আমাদের দায়িত্ব নয় আবার সি.এম.ডি.এ. বলছেন ওটা আমার দায়িত্ব নয়। তারপরে লাস্টে দেখা গেল ফাইলটি ডি.জি.ও. (টুর) যিনি অকল্যাণ্ড প্লেসে বসেন এম. এস. মৈত্রের ঘরে লাল ফিতায় মোড়া ফাইলটি পড়ে আছে। অবিলম্বে যাতে মুকরাম কানোরিয়া রোডের সংস্করণ সাধন হয় তার ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রীউপেন্দ্র কিস্কু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে প্রাথমিক, মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অপেনি জানেন স্যার, এই বছর প্রাথমিক বিদ্যালয়গুলিতে প্রাথমিক শিক্ষার সাঁওতালি ভাষার পুস্তক দেওয়ার কথা। কিন্তু মার্চ মাস হয়ে গেল এখনো পর্যন্ত বইগুলি পৌছাল না। সেখানকার শিক্ষকদের আরো ট্রেনিং হলে ভালো হোত।

সেইজন্য তাদের আরো ট্রেনিং দেওয়া প্রয়োজন। অবিলম্বে যাতে শিক্ষকদের ট্রেনিং দেওয়া হয় এবং বইগুলি ঠিকমত পাঠান হয় তার ব্যবস্থা করবেন।

[2-30—2-40 P.M.]

**ডাঃ মানস ভুঁইয়াঃ** স্যার আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৭ই মার্চ মেদিনীপুর জেলা শাষকের অফিসের সামনে রাজ্য সরকারী কর্মচারী ফেডারেশানের সভ্যরা বিভিন্ন অভিযোগ নিয়ে যখন বিক্ষোভ করছিলেন এবং দাবী নিয়ে তাঁর কাছে যাচ্ছিলেন তখন ঐ জেলার কালেকটার্রী অফিসের কোয়ার্ডিনেশান কমিটির সদস্যরা হঠাত গিয়ে ফেডারেশান কর্মীদের আঘাত করে। জেলা শাষক যখন তাঁর ঘর থেকে বেরিয়ে এসে তাদের থামাতে যাচ্ছেন তখন তাঁকে লাঞ্ছিত করা হয়। জেলা শাষক যদি এভাবে লাঞ্ছিত হন তাহলে সাধারন মানুষের অবস্থা কি হয়। এ বিষয়ে আশু প্রতিবিধানের জন্য অনুরোধ করছি।

**শ্রীলক্ষ্মণ চন্দ্র শেঠঃ** স্যার, আমি খাদ্য সরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হলদিয়া শিল্পোন্নয়ের জন্য ইতিমধ্যে প্রায় ৮০ টি গ্রামের চাষ যোগ্য জমি অধিগ্রহন করা হয়েছে। এখানে ২০।২৫ হাজার লোক বসবাস করছে। এই জায়গায় বিধিবদ্ধ রেশনিং ব্যবস্থা চালু হয় নি। অবিলম্বে এই এলাকা যাতে ষ্ট্যাটুটারী রেশন এলাকা বলে গণ্য হয় তার জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি।

**শ্রীশেখ ইমাজুদ্দিনঃ** স্যার, আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে সরকার থেকে প্রাথমিক ও মাধ্যমিক স্কুলে যে সব পাঠ্য পুস্তক দেবার কথা তা মুর্শিদাবাদ জেলার অনেক স্কুলে যায়নি। আবার যেখানে গেছে সেখানেও শতকরা ২৫।৩০ ভাগ ছাত্র ছাত্রী বই পাইনি। সরকার বলেছেন গ্রাম পঞ্চায়েত প্রধানদের দিয়ে বই বিলি করা হবে। কিন্তু এতে শিক্ষকরা রাজী নন। কারণ পঞ্চায়েতের প্রধানরা স্কুলে গিয়ে রাজনৈতিক প্রভাব বিস্তার করবেন। আমি একটি নির্দিষ্ট স্কুলের নাম করে বলছি যে হরিহর পাড়া থানার সোরাবপুর হাই স্কুলের ১৯৭ জন ছাত্রের মধ্যে ১১০ জন মাত্র পুস্তক পেয়েছে। পুস্তক না পেলে পড়াশুনার যে ক্ষতি হয় তা বুঝতে পারছেন। সুতরাং অবিলম্বে যাতে পাঠ্য পুস্তক ছাত্রেরা পায় তার ব্যবস্থা করার জন্য এবং গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে পাঠ্য পুস্তক না দিয়ে পূর্বে সরকারী কর্মচারীদের দ্বারা দেবার যে নিয়ম ছিল তা চালু করা হোক এই অনুরোধ করছি।

**শ্রীরবীন্দ্র ঘোষঃ** স্যার, আমার এলাকায় শ্যাংপুর, ব্লকে একটি ৮ মাইল রাস্তা করার জন্য ১৯৭৬ সালে মাটি পড়েছিল। ঘোষপুর, ধামধালি, নবগাম, কোলিয়া অঞ্চলের মানুষদের আসবার

কোন রাস্তা নেই। পূর্ত দপ্তরের অমনোনীয় মনোভাবের জন্য সেই রাস্তা আজ পর্যন্ত হল না। এ রাস্তাটি তাড়াতাড়ি হলে কয়েক হাজার মানুষের সুবিধা হবে। আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি রাস্তাটি তাড়াতাড়ি শেষ করার জন্য।

**কাজী হাফিজুর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভগবানগোলা থানার একটা গুরুত্ব-পূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় ইরিগেশান মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকার ২ নং ব্লকে যে খাল কাটা হচ্ছে সেই খালের নাম হচ্ছে চুলকাটি দাঁড়া খাল। সেটা একটা ড্রেনেজ স্কীম হিসাবে করা হয়েছে। এটা আগেই করার কথা ছিল। এই খাল যেখানে কাটা হচ্ছে সেখানে গভর্নমেন্টের কোন খাস জমি নেই। যে জমিতে খাল কাটা হচ্ছে সেগুলি প্রজাদের জমি, সেখানে ধান, গম, যব ইত্যাদি ফসল আছে। সেই ফসল কিছু দিনের মধ্যেই উঠবে, অথচ সেইসব জমিতে খাল কেটে ফসল নষ্ট করা হচ্ছে এই দারুন খরার সময়। এতে যে কি ক্ষতি হবে সেটা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন। সেজন্য আমার অনুরোধ ঐ খাল কাটা এখন বন্ধ থাক এবং ঐ জমিগুলি আগে অধিগ্রহণ করাব পর যেন ঐ খাল কাটা হয় এবং লোকগুলি যাতে তাদের ফসল পায় তার ব্যবস্থা যেন করা হয়।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কুচবিহার জেলয়ে কুষ্ঠ রোগ দারুণভাবে ছড়িয়ে পড়ছে একেবারে সংক্রামক ব্যাধির মত। এই ব্যাপারে বিগত মন্ত্রী সভাতে আমি উল্লেখ করেছিলাম যে এই রোগটা যেভাবে কুচবিহার জেলাতে ছড়িয়ে পড়ছে তাতে যত শীঘ্র সম্ভব এই রোগকে প্রতিরোধ করবার জন্য এই রোগ নির্ণয় এবং চিকিৎসার জন্য একটা হেল্‌থ সেণ্টার করা দরকার। কিন্তু অত্যন্ত দুঃখের কথা এই ব্যাপারে সরকার এখনও সেইভাবে গুরুত্ব দেননি। যেভাবে রোগটা ছড়িয়ে পড়েছে তাতে আমরা অত্যন্ত উদ্বিগ্ন। গতবার আমি বিধান সভায় ব্যাপারটা উত্থাপন করার পর তৎকালীন স্বাস্থ্যমন্ত্রী সেখানে কুষ্ঠ রোগ নির্ণয় এবং তার চিকিৎসার জন্য হাসপাতাল সম্পর্কে একটা সিদ্ধান্ত গ্রহণ করেন এবং একটা হাসপাতাল নির্মিতও হয়। কিন্তু দুঃখের কথা আজ পর্যন্ত সেই হাসপাতালটি চালু করা হয়নি। কেন হয়নি তাও আমি জানি না। যে হেল্‌থ সেণ্টার আছে এই রোগ নির্ণয়ের জন্য সেখানকার কুষ্ঠ রোগীরা আমার সাথে দেখা করে বললেন রোগ নির্ণয়ের হাসপাতালে চিকিৎসার কোন ব্যবস্থা নেই। যে ইন-জেকশান দিলে এই রোগ প্রতিরোধ হয় সেই ইনজেকশান দেওয়ার কোন ব্যবস্থা ওখানে হয়নি। শুধু তাই নয়, আমরা জানি যেসমস্ত রোগী ভাল হওয়ার পরবিভিন্ন জেলায় তাদের চাকুরির জন্য যে সংরক্ষিত ব্যবস্থা আছে কুচবিহার জেলাতে তাও নেই। যেসমস্ত রোগী সুস্থ হয়ে উঠে তাদের জন্য কোন রকম ব্যবস্থা না থাকার জন্য তারা সমাজে উপেক্ষিত হয়। সেজন্য কিছু রোগী আমার সঙ্গে এই ব্যাপারে দেখা করেন এবং তাড়াতাড়ি এই হাসপাতালটি যাতে চালু করা হয়

তারজন্য স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে বলেন। আর একটা কথা এই হাসপাতালটি টি.বি. হাসপাতালের পাশে নির্মিত হয়েছে বলে ওখানকার টি.বি. রোগীরা আপত্তি করেছেন। এটা যদি হয় তাহলে তিনি যেন তাড়াতাড়ি অনুসন্ধান করে এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করেন এই অনুরোধ আমি জানাচ্ছি।

**Shri Rajesh Khaitan :** Mr. Speaker, Sir, people of Salt Lake area, Lake Town area, Bangur area, Shyambazar area, Grey Street area and Kankurganchi area have been approaching the ruling party with the request that after the opening of Aurobindu Setu all incoming long-distance trains should stop at Ultadange Railway Station so that congestion at Sealdah Railway Station can be avoided and they can also reach their home by walking very early. The ruling party says that they should approach the Centre. But the point here is that they are living in West Bengal and hence the State Government can at least request the Uuion Railway Minister, Mr Ghani Khan Chowdhury to see that all long-distance incoming trains stop at Ultadanga Railway Station. As the ruling party does not do that I have taken upon myself the task of writing to the Railway Minister, and I am forwarding a copy to the Hon'ble Chief Minister to consider this matter and I request him to approach the Union Railway Minister to see that incoming trains stop at Ultadanga Railway Station.

Thank you.

[2-40—2-50 P.M.]

**শ্রীঅজিত বসু ঃ** মাননীয় স্পীকার মহাশয়, কেন্দ্রীয় সরকার পরিচালিত ফরাক্কায় যে বিদ্যুত প্রকল্প হচ্ছে তার একটা ফিডার ষ্টেসন আমডাঙ্গা ব্লকের অন্তর্গত এবং এটি আমাদের মাননীয় স্পীকার মহাশয়ের নির্বাচন কেন্দ্রও বটে। ওখানে ১ কোটি টাকা ব্যয়ে এই ফিডার স্টেসনটি তৈরী হচ্ছে। আমি ওখানে মাঝে মাঝে যাই এবং জনসাধারণের কাছে শুনলাম যে স্পেসিফিকেসন অনুযায়ী ওখানকার কাজকর্ম হওয়া প্রয়োজন তার থেকে অনেক নীচু পর্যায়ে ওখানকার কাজকর্ম হচ্ছে। আমি ওখানকার জনসাধারণের কাছে একথাও শুনলাম যে, প্রক্তন কংগ্রেসী মন্ত্রী আনন্দ গোপাল বিশ্বাস মাঝে মাঝে সেখানে যাতয়োত করেন। আমি সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে এই ব্যাপারে অনুরোধ জানাচ্ছি, ঠিক ঠিক স্পেসিফিকেসন অনুযায়ী যাতে সেখানকার কাজকর্ম হয় সেই ব্যবস্থা তিনি

যেন করেন এবং ঠিকাদাররা কারুর সঙ্গে যোগসাজস যেন নাকরে এবং যে টাকা বরাদ্দ করা আছে, যে স্পেসিফিকেসন দেওয়া আছে সেই অনুসারে কাজ হয়।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মুখ্যমন্ত্রীসহ অন্যান্য মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে এটা খুব দুঃখ এবং আপশোষের বিষয় যে স্বাধীনতা সংগ্রামীদের জন্য আমরা এইটুকু স্বাধীনতা উপভোগ করছি সেই স্বাধীনতা সংগ্রামীদের আজ পর্যন্ত বঞ্চিত করা হচ্ছে। প্রায় ৬০ হাজার স্বাধীনতা সংগ্রামী সরকারের নির্দেশ অনুসারে দরখাস্ত করেছেন, বিভিন্ন কাগজপত্র যথাসময়ে পাঠিয়েছেন কিন্তু তাঁদের দরখাস্তগুলি এখনও ফাইল বন্দী অবস্থায় পড়ে রয়েছে। আজকে আমরা বিভিন্ন বিষয় নিয়ে যেমন আলোচনাকরি ঠিক তেমনি তাঁদের কথাও আমাদের ভাবা উচিত। আমরা যাঁদের প্রতি শ্রদ্ধা জানাই, যাঁদের জন্য অশ্রুপাত করি তাঁরা আজ বিভিন্নভাবে বিপদগ্রস্ত। একবার বলা হচ্ছে কেন্দ্রীয় সরকার কিছু করছেনা, আবার বলছে রাজ্য সরকার কিছু করছেনা। তাই আমি অনুরোধ করছি ফ্রিডম ফাইটাররা যাতে পেনসন পান তার ব্যবস্থা অবিলম্বে করুন। তাঁরা এই যে পেনসন পাচ্ছেননা এটা আমাদের পক্ষে অত্যন্ত দুঃখ, লজ্জা এবং আপশোষের বিষয়। কাজেই তাঁদের প্রতি সুবিচার করুন, তাদের দরখাস্তগুলি বিবেচনা করুন এই অনুরোধ আবার করছি।

**শ্রীসমর মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে মালদা জেলার রতুয়া বিধান সভা কেন্দ্রের কাহাল হাই স্কুলের ৩৬২ জন ছাত্র ও দেবীপুর হাই স্কুলের ৪১ জন ছাত্রকে পরীক্ষার এ্যাডমিট কার্ড দেওয়া হয় নি। কারণ হোল নর্থবেঙ্গল রিজিওন্যাল একজামিনেশন কাউন্সিলের মেম্বার এবং এ.বি.টি.এ-এর সদস্য শ্রীনগেন্দ্রনাথ ঘোষ বোর্ডের একজন এমপ্লয়ী মানুভাইকে চিঠি লিখে জানিয়েছে যে এদের যেন ফর্ম দেওয়া না হয়। ৩ তারিখে গুলি চলেছে এবং সেখানে নোটিশ দেওয়া হয়েছে যে ১১ তারিখ পর্যন্ত স্কুল বন্ধ। কিন্তু দেখা গেল ৫ তারিখে আবার পরীক্ষা নেওয়া হোল এবং তাতে যেসব ছেলে এ্যাডমিট কার্ড পেয়েছে তারাও পরীক্ষা দিতে পারে নি। আমি এর জন্য উচ্চ শিক্ষা মন্ত্রীর পদত্যাগ দাবী করছি।

( গোলমাল )

**মিঃ স্পীকার ঃ** Mr. Mukherjee, please take your seat I have Called Shri Debi Basu.

**শ্রীদেবীপ্রসাদ বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি না যে আজকে কোন দপ্তরের কাছে আমার এই বক্তব্য পেশ করবো, কোন দপ্তরের কাছে এর প্রতিকার চাইতে পারি। কারণ

নবদ্বীপ একটা ভয়ঙ্কর সন্ত্রাসের জায়গায়। এবং দীর্ঘ দিন থেকে এই সন্ত্রাস বাহিনী দুস্কৃত কাজ করে আসছে। এর মূল অধিনায়ক সুবল কংসবনিক ও জয়দেব সেনের প্রাচীন মায়াপুর বাহিনীর কুখ্যাত সমাজ বিরোধী বলে পরিচিত। এইটা মেনসন করা উচিত কংগ্রেস বেঞ্চ থেকে। শঙ্কর সাহা, রণজিত সাহা, বিরাজ বিশ্বাস, লালু মণ্ডল প্রভৃতি সমাজ বিরোধীরা নবদ্বীপ প্রাচীন মায়াপুর ও প্রতাপ নগরে আজ দীর্ঘ দিন যাবত সমাজ বিরোধী দৌরাত্ম চালিয়ে যাচ্ছে। খুন জখম, নারীধর্ষণ, গুণ্ডামী তারা করে চলেছে বহু দিন থেকে। তাতে ঐ অঞ্চলের বহু ব্যবসায়ী, শ্রমিক সাধারণ মানুষ বাড়ীঘর ছাড়তে বাধ্য হয়েছে। দলমত নির্বিশেষে তারা এই সমস্ত কাজ করে চলেছে। গত ৮৷৩৷৮৩ তারিখে আনুমানিক সন্ধ্যা পৌনে সাতটার সময় সুবল জয়ার তাবু কলোনীর এক সমাজ বিরোধী বাহিনী ও প্রাচীন মায়াপুরের সমাজ বিরোধী বাহিনী একত্রে শঙ্কর ও রণজিতের নেতৃত্বে প্রতাপনগর এলাকায় মারাত্মক অস্ত্রশস্ত্র ও বোম সহ আক্রমণ করে। এরা কংগ্রেসের সমর্থক বলে পরিচিত। পুলিশ প্রশাসনকে আমি দোষ দিতে পারি না। তার সক্রিয়ভাবে কাজ করছে। তারা যখন ধরে নিয়ে গিয়ে চালান দেয়, দেখা যায় ১৫ মিনিটের মধ্যে কোর্ট থেকে জামিন নিয়ে চলে আসছে।

[2-50—3-00 P.M.]

**ডাঃ সুকুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রী ও গ্রামীন জল সরবরাহের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই খরা পরিস্থিতিতে পুরুলিয়া জেলায় এখন দারুন পানীয় জলের সংকট দেখা দিয়েছে। এর ফলে আমার মনে হয় ওখানে খুব তাড়াতাড়ি রোগের প্রাদুর্ভাব দেখা দেবে, এই রকম একটা অবস্থা চলছে। জলাভাবে মানুষ এবং গবাদি পশুর অত্যন্ত কষ্ট হচ্ছে। গবাদি পশু এবং মানুষ প্রায় একই স্তরে নেমে গেছে। খাতায় কলমে, কাগজে কলমে এই পানীয় জলের জন্য সরকার থেকে অনেক কিছু ব্যবস্থা নেওয়ার কথা বলা হচ্ছে এবং তারা অনেক কিছু ব্যবস্থা নেওয়ার চেষ্টা করছেন বলছেন। কিন্তু স্যার, আপনি সরেজমিন তদন্তে গেলে ওখানকার প্রকৃত অবস্থাটা উপলব্ধি করতে পারবেন যে পুরুলিয়া জেলায় পানীয় জলের অবস্থাটা আজ কোথায় গিয়ে দাঁড়িয়েছে। আমরা দেখতে পাচ্ছি প্রত্যেকটি পুকুর শুকিয়ে গেছে, কুঁয়োগুলিতে জল নেই, টিউবওয়েল অচল হয়ে গেছে। স্কুলের ছেলেরা পর্যন্ত জল খেতে পাচ্ছে না। তাড়াতাড়ি এই পানীয় জলের ব্যবস্থা করতে যদি না পারা যায় তাহলে আমি ডাক্তার হিসাবে এটুকু বলতে পারি পুরুলিয়া জেলায় মহামারী রোগের প্রাদুর্ভাব দেখা দেবে।

**শ্রীরাইচরণ মাঝিঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার কেতুগ্রাম থানায় যে ক'টি প্রাইমারী হেল্থ সেণ্টার আছে তার অধিকাংশ ক্ষেত্রেই কোন ডাক্তার

নেই। বিশেষ করে আনখোনা, পাণ্ডুগ্রাম, সীতাহাটি, শিরলুং প্রাইমারী হেল্থ সেণ্টারে কোন ডাক্তার নেই। এই সব হেল্থ সেণ্টারগুলিতে অবিলম্বে ডাক্তার পাঠানোর জন্য আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Abbur Rauf Ansari :** Sir, In Calcutta, to purchase kerosene oil, men, women and children come to stand in queue before sun rise. After standing for hours they are informed that the stock is exhausted. But the real matter is that the musclemen of the area manage to take the major share of the oil. The police on duty are taking share of the money from the musclemen who used to sell the kerosene oil illegally at Rs. 4/- per litre. The police is also helping the musclemen in this regard to get some benefit from them. In North Calcutta and in Central Calcutta the problem is acute. So I would request the concerned minister to look into the matter otherwise it will create a problem of law and order situation in the State.

**শ্রীসতীশচন্দ্র বিশ্বাস ঃ** মাননীয় স্পীকার, স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। প্রকৃতির স্বাভাবিক নিয়মে আমাদের দেশের গ্রামীন চাষী মজুরদের ৩ মাস কাজ থাকে না। কিন্তু এই বছর অত্যন্ত ভয়াবহ খরা হয়েছে। সেই কারণে জানুয়ারী, ফেব্রুয়ারী মার্চ এবং আগামী বর্ষা না আসা পর্যন্ত গ্রামের ভয়াবহ অবস্থা ক্রমশঃ আয়ত্বের বাইরে চলে যেতে পারে। বাম ফ্রণ্ট সরকারের নেতৃত্বে এ পর্যন্ত সাফল্যের সঙ্গে এই খরার মোকাবিলা করা সম্ভব হয়েছে। কিন্তু আগামী চার মাস যে অত্যন্ত খারাপ অবস্থার দিকে চলে যেতে পারে সেটা আমরা সকলেই বেশ বুঝতে পারছি। এই অবস্থায় আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী যথেষ্ট দৃষ্টি দিয়েছেন। কিন্তু তা সত্বেও হাউসের মাননীয় সকল সদস্যের কাছে আবেদন রাখছি যাতে করে হাউসে সকলে ঐক্য-বদ্ধভাবে খরা ত্রাণের ব্যাপারে আমাদের দাবী দাওয়া নিয়ে একটা রেজলিউসান নিতে পারি কেন্দ্রের কাছে রাখার জন্য এবং ৪ লক্ষ টন চাল, গম ও ২০৫ কোটি টাকা যাতে আমরা পাই সেই ব্যবস্থা করার জন্য কেন্দ্রকে অনুরোধ করতে পারি।

যাতে নিয়মিত মাসে আমরা ৪ লক্ষ টন চাল, গম পেতে পারি এবং আমাদের চাহিদা মতন ২০৫ কোটি টাকা পেতে পারি সেইজন্য এই হাউস থেকে একটা সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করা দরকার। আসামের বিচ্ছিন্নতাবাদ এবং আঞ্চলিকতাবাদের বিরুদ্ধে আমরা যেমন এই সভা থেকে সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করেছি তেমনি খরার মোকাবিলার জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে

সাহায্য যাতে আমরা পেতে পারি সেজন্য একটা ঐক্যবদ্ধ রেজলিউসান যাতে আমরা গ্রহণ করতে পারি সে ব্যবস্থা করুন এই অনুরোধ রাখছি।

**শ্রীসুমন্তকুমার হীরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি। স্যার, আমাদের কোলকাতা জেলার একজন সি.আই.টি.ইউ নেতা, তিনি আমাকে চিঠি লিখে জানিয়েছেন যে কোলকাতার অত্যন্ত পুরাতন এবং জাতীয় মর্যাদার সঙ্গে যুক্ত একটি ট্যানারির শ্রমিক কর্মচারীরা আজ প্রায় দু মাস ধরে তাদের বেতন পাচ্ছেন না। স্যার, এই কারখানাটি এতদিন ধরে আই. আর.সি. আই—তারা দেখছিলেন এবং তারাই ওখানে টাকা পয়সা দিচ্ছিলেন, হটাত তারা টাকা দেওয়া বন্ধ করে দিয়েছেন। স্যার, এর বিরুদ্ধে ওখানকার শ্রমিককর্মচারীরা কথা বলার জন্য সি.আই.টি.ইউ-এর নেতৃত্বে আই.আর.সি.আই-এর চেয়ারম্যানের সঙ্গে দেখা করতে যান। আ. আর. সি আই-এর চেয়ারম্যান তাদের সঙ্গে অত্যন্ত খারাপ ব্যবহার করেন এবং বলেন যে আমি কোন 'টিউ'-এর সঙ্গে দেখা করবো না। স্যার, সেখানকার শ্রমিক কর্মচারীরা কোন বেতন পান নি। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যাতে এ ব্যাপারে হস্তক্ষেপ করেন সেজন্য স্যার, আমি আপনার মাধ্যমে তাঁকে অনুরোধ করছি।

**শ্রীনবকুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পলাশীর বাস দুর্ঘটনার কথা আপনার নিশ্চয় মনে আছে। সেই দুর্ঘটনায় ৪০ জন মারা যান। স্যার, এই দুর্ঘটনার ব্যাপারে দুদিন আগে পরিবহণ দপ্তরের মাননীয় রাষ্ট্রমন্ত্রী শিবেনবাবুর সঙ্গে আলোচনা হয়েছে এবং সেখানে ভালোভাবে অনুসন্ধান করে যাঁরা দোষী তাদের যাতে শাস্তি হয় সে সম্পর্কে কথাবার্তা হয়েছে। স্যার, এ ব্যাপারে রায়গঞ্জবাসীরা কিছুদিন আগে খবর পেয়েছেন যে যারা এ ব্যাপারে দোষী তারা টাকা পয়সা দিয়ে সত্য ঘটনা চেপে দেবার চেষ্টা করছে। স্যার, যাদের দোষী মনে করা হচ্ছে তারা বিরাট বড়লোক, তারা নাকি এই সব কাজ করার চেষ্টা করছে। এ ব্যাপারে শিবেনবাবুর সঙ্গে আমাদের গতকালও আলোচনা হয়েছে এবং তিনিও বলেছেন, তিনিও এরকম খবর পেয়েছেন। স্যার, এইসব বড়লোকেরা যৌথভাবে সত্য ঘটনা চেপে দেবার চেষ্টা করছে। শিবেনবাবু আমাদের সাহায্য চেয়েছেন, আমরা তা করতে রাজি আছি। এখানে শিবেনবাবু আছেন, আরো মন্ত্রীরা আছেন, তাঁদের সকলের কাছে আমার অনুরোধ, সেই মর্মান্তিক দুর্ঘটনা, যাতে ৪০ জন লোক নিহত হলেন, সেখানে যারা দোষী তাদের যেন শাস্তি হয়। যত টাকাই তাদের থাক না কেন, টাকা দিয়ে যেন সত্যিকারের ঘটনা তারা চেপে দিতে না পারে। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় বা সরকার আমাদের সাহায্য চাইলে আমরা সর্বপ্রকারে সাহায্য করতে রাজি আছি। রায়গঞ্জবাসীরা আজকে অনেকেই এখানে এসেছেন, তাঁরা বলছেন, সেখানে নাকি

এইরকম একটা রিউমার উঠে গিয়েছে যে রির্পোট সাবমিট করা হয়ে গিয়েছে এবং তাতে নাকি সত্য ঘটনা উদ্ঘাটিত হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয়ের এ সম্পর্কে যদি কিছু বলার থাকে তিনি বলুন, তা বললে রায়গঞ্জবাসীরা শুনে যেতে পারেন। স্যার, রায়গঞ্জের প্রতিটি মানুষ এ সম্পর্কে একটা বিভ্রান্তিকর অবস্থায় রয়েছে।

**শ্রীধীরেন্দ্র নাথ লেট ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বীরভূম জেলার ময়ুরেশ্বর থানার এক নং ব্লকের তালোয়া গ্রামে একটি স্বাস্থ্য কেন্দ্র তৈরী হয়ে পড়ে আছে কিন্তু সেখানে আজ পর্য্যন্ত কোন ডাক্তারবাবু যান নি বা নিয়োগ করা হয়নি। এর ফলে সেখানকার সাধারণ মানুষ খুবই অসুবিধা ভোগ করছেন। সেখানে যাতে অবিলম্বে ডাক্তার নিয়োগ করা হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[3-00—3-30 P. M. including adjournment]

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রী মহাশয় এবং স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ২৪ পরগণা জেলার বসিরহাট মহকুমার ভবানীপুরে মেছো ভেড়ি করে হাজার হাজার বিঘা চাষের জমি নষ্ট করে দিচ্ছে, গরীব চাষীরা জমিতে চাষ করতে পারছে না। এই ব্যাপারে জেলার অতিরিক্ত সমাহর্তার কাছে ডেপুটেশান দেওয়া সত্ত্বেও কোন প্রকার প্রতিকার হচ্ছে না। আমি আপনার মাধ্যমে সরকারের হস্তক্ষেপ দাবী করছি এবং অবিলম্বে মেছো ভেড়ি বন্ধ করে যাতে চাষীরা সেখানে চাষ করতে পারে তার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। সমগ্র পশ্চিমবাংলায় দেখছি যে এক শ্রেণীর লোক বিশেষ আনন্দে উৎফুল্ল হয়ে উঠেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ইতিপূর্বে কেন্দ্রীয় বাজেট লোকসভায় উত্থাপিত হয়েছে এবং কিছু কিছু নিত্য প্রয়োজনীয় জিনিষের উপর কর ধার্য হয়েছে এবং সেটা ইমপ্লিমেন হবে আগামী ১লা এপ্রিল থেকে। আমাদের পশ্চিমবাংলায় ১৪ই মার্চ বাজেট উত্থাপিত হবে এবং যে কর ধার্য হবে জিনিসের উপর সেটাও ১লা এপ্রিল থেকে কার্যকর হবে। আমরা দেখেছি যে ব্যবসায়ী মহলে যাদের জোক করে উল্লেখ করে, যারা মানুষের রক্ত চোষে, তারা কিন্তু এই সংবাদ পাবার পরে বিভিন্ন জিনিসের দর বাড়িয়ে দিয়েছে। অতএব দেখা যাচ্ছে যে দর বেড়ে গেল, কিন্তু কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকার ১লা এপ্রিল থেকে এটা কার্যকরী করবেন। আজকে আপনার মাধ্যমে মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে

কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করুন। যে কর বসানো হয়েছে এবং যে কর আদায় হবে সেটা ১লা এপ্রিল থেকে হবে। কিন্তু দেখা যাচ্ছে আমাদের মার্চ থেকেই দিতে হচ্ছে। অতএব মার্চ থেকে এই কর আদায় করার ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ করছি।

**(At this stage the House was adjourned till 3-30 P.M.)**

**( After adjournment )**

## SEVENTEENTH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

[3-30—3-40 P. M.]

**Mr. Speaker :** I present the Seventeenth Report of the Business Advisory Committee which at its meeting held in my Chamber recommended the following items :

| | | |
|---|---|---|
| Wednesday, 9-3-1983 | The West Bengal Co-operative Societies Bill, 1982, as reported by the Select Committee (Consideration and Passing) | 3 hours |
| Thursday, 10-3-1983 | The West Bengal Co-operative Societies Bill, 1982, as reported by the Select Committee (Consideration and Passing) | 3 hours |
| Friday, 11-3-1983 | (i) Motion under rule 185 regarding proposal for improving the train services between Bankura and Raina-Notice given by Shri Kashinath Misra. | 1 hour |
| | (ii) Motion under rule 185 regarding central assistance to solve the Refugee problem—Notice given by Shri Nani Kar. | 1 hour |
| | (iii) Motion under rule 185 regarding proposal for Circular Rail-Notice given by Shri Niranjan Mukherjee and Shri Lakshmi Kanta De. | 1 hour |

এইরকম একটা রিউমার উঠে গিয়েছে যে রির্পোট সাবমিট করা হয়ে গিয়েছে এবং তাতে নাকি সত্য ঘটনা উদ্ঘাটিত হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয়ের এ সম্পর্কে যদি কিছু বলার থাকে তিনি বলুন, তা বললে রায়গঞ্জবাসীরা শুনে যেতে পারেন। স্যার, রায়গঞ্জের প্রতিটি মানুষ এ সম্পর্কে একটা বিভ্রান্তিকর অবস্থায় রয়েছে।

**শ্রীধীরেন্দ্র নাথ লেট ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বীরভূম জেলার ময়ুরেশ্বর থানার এক নং ব্লকের তালোয়া গ্রামে একটি স্বাস্থ্য কেন্দ্র তৈরী হয়ে পড়ে আছে কিন্তু সেখানে আজ পর্য্যন্ত কোন ডাক্তারবাবু যান নি বা নিয়োগ করা হয়নি। এর ফলে সেখানকার সাধারণ মানুষ খুবই অসুবিধা ভোগ করছেন। সেখানে যাতে অবিলম্বে ডাক্তার নিয়োগ করা হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[3-00—3-30 P. M. including adjournment]

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রী মহাশয় এবং স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ২৪ পরগণা জেলার বসিরহাট মহকুমার ভবানীপুরে মেছো ভেড়ি করে হাজার হাজার বিঘা চাষের জমি নষ্ট করে দিচ্ছে, গরীব চাষীরা জমিতে চাষ করতে পারছে না। এই ব্যাপারে জেলার অতিরিক্ত সমাহর্তার কাছে ডেপুটেশান দেওয়া সত্বেও কোন প্রকার প্রতিকার হচ্ছে না। আমি আপনার মাধ্যমে সরকারের হস্তক্ষেপ দাবী করছি এবং অবিলম্বে মেছো ভেড়ি বন্ধ করে যাতে চাষীরা সেখানে চাষ করতে পারে তার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। সমগ্র পশ্চিমবাংলায় দেখছি যে এক শ্রেণীর লোক বিশেষ আনন্দে উৎফুল্ল হয়ে উঠেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ইতিপূর্বে কেন্দ্রীয় বাজেট লোকসভায় উত্থাপিত হয়েছে এবং কিছু কিছু নিত্য প্রয়োজনীয় জিনিষের উপর কর ধার্য হয়েছে এবং সেটা ইমপ্লিমেন হবে আগামী ১লা এপ্রিল থেকে। আমাদের পশ্চিমবাংলায় ১৪ই মার্চ বাজেট উত্থাপিত হবে এবং যে কর ধার্য হবে জিনিসের উপর সেটাও ১লা এপ্রিল থেকে কার্যকর হবে। আমরা দেখেছি যে ব্যবসায়ী মহলে যাদের জোক করে উল্লেখ করে, যারা মানুষের রক্ত চোষে, তারা কিন্তু এই সংবাদ পাবার পরে বিভিন্ন জিনিসের দর বাড়িয়ে দিয়েছে। অতএব দেখা যাচ্ছে যে দর বেড়ে গেল, কিন্তু কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকার ১লা এপ্রিল থেকে এটা কার্যকরী করবেন। আজকে আপনার মাধ্যমে মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে

**Shri Patit Paban Pathak :** Sir, I beg to move that the Seventeenth Report of the Business Advisory Committee presented to day be agreed to by the House.

The motion was then put and agreed to.

**মিঃ স্পীকার ঃ** আশা করছি সভার সকলের এই প্রস্তাবটি গ্রহণে মত আছে। সুতরাং প্রস্তাবটি গৃহীত হলো।

( প্রস্তাবটি গৃহীত হলো )

## LEGISLATION

**The West Bengal Co-operative Societies Bill, 1982 as reported by the Select Committee.**

**Shri Nirmal Kumar Bose :** Sir, I beg to introduce the West Bengal Co-operative Societies Bill, 1982, as per reported by the Select Committee.

( Secretary then read the title of the Bill )

**Shri Nirmal Kumar Bose :** Sir, I beg to move that the West Bengal Co-operative Societies Bill, 1982, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে 'পশ্চিমবঙ্গ সমবায় সমিতি বিধেয়ক, ১৯৮২' যা সিলেক্ট কমিটি কর্তৃক সুপারিশ করা হয়েছে তা—সিলেক্ট কমিটির সুপারিশ সহ সভার বিবেচনার জন্য প্রস্তাব করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাবটি উত্থাপন করতে গিয়ে আমি খুব সংক্ষেপে দু' একটি কথা নিবেদন করতে চাই। আলোচনার মাধ্যমে এসম্বন্ধে যেসব কথা উঠবে সেসবের আমি আমার জবাবী ভাষণের সময়ে উত্তর দেব।

প্রথম কথা হচ্ছে, বর্তমানে যে সমবায় সমিতি আইন রয়েছে সেটা ১৯৭৩ সালের আইন। সে আইন পরিবর্তনের জন্য এই বিধেয়কটি বিধানসভায় বিধানসভার গত অধিবেশনে পেশ করা হয়। তারপরে খুব অল্প সময়ের মধ্যে সিলেক্ট কমিটির কাজ শেষ করে আবার বিধানসভায় এসেছে। এটা গত ৪ঠা অক্টোবর ১৯৮২ তারিখে গেজেটে প্রকাশ করা হয় এবং ৭ই অক্টোবর বিধানসভায়

আলোচনা করে সিলেক্ট কমিটিতে আলোচনার জন্য পাঠান হয়। ১৪ই ফেব্রুয়ারী ১৯৮৩ তারিখে সিলেক্ট কমিটির রিপোর্ট গ্রহণ করা হয় এবং আজকে ৯ই মার্চ, ১৯৮৩ এটি বিধানসভায় পেশ করা হচ্ছে।

এটা একটা বড় বিল, বড় বিধেয়ক। এটা ১৪৩ ধারায় ৬৪ পৃষ্ঠা তার সিডিউল নিয়ে একটা সামগ্রিক বিধেয়ক এবং এই বিধানসভায় এবারের নির্বাচনের পর এটাই বিধানসভার পূর্ণাঙ্গ বিল এবং সিলেক্ট কমিটিতে প্রথম বিবেচিত হবার পর বিধানসভায় আসছে। এই বিধেয়কটি অল্প সময়ের মধ্যে তৈরী করবার জন্য এবং সিলেক্ট কমিটি থেকে পাশ করবার জন্য আমি সবাইকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৩ সালের প্রণীত বর্তমান যে আইন এই আইন পরিবর্তনের জন্য প্রস্তাব অনেকদিন ধরেই হচ্ছিল। বিগত বামফ্রন্ট সরকারের আমলে তদানীন্তন সমবায় মন্ত্রী মাননীয় ভক্তি ভূষণ মণ্ডল মহাশয় একটা ল কমিটি গঠন করেন। কলিকাতা হাইকোর্টের অবসর প্রাপ্ত বিচারক মাননীয় শ্রী এ. কে. দেকে সভাপতি করে এবং সেই কমিটি সকলের পক্ষে অভিমত গ্রহণ করে একটি সুপারিশ করেন এবং সেই সুপারিশের ভিত্তিতে একটা বিধেয়ক তৈরী করা হয়। তারপর গত বিধানসভার পর কিছু পরিবর্তন করে এখানে আনা হয়। এই বিধেয়কে আমরা সমবায় সমিতি সমুহ পরিচালনার জন্য যেভাবে নিয়ম-কানুন করতে চাচ্ছি তার উদ্দেশ্য হচ্ছে সমবায়ের ব্যাপক সম্প্রসারণ। বামফ্রন্ট সরকারের ৩৬ দফা কর্মসূচীতে সমবায়ের উপর অত্যন্ত গুরুত্ব আরোপ করেছে এবং এ ব্যাপারে বিধানসভার সকল পক্ষের সদস্যরা একমত আমাদের দেশে বর্তমান যে অর্থনৈতিক ব্যবস্থা তাতে সমবায়ের মাধ্যমে অর্থনৈতিক উৎপাদন এবং নিম্নবিত্ত মানুষের কিছুটা সাশ্রয় সাধন করা সম্ভব। তাই সমবায়ের ব্যাপক সম্প্রসারণের উদ্দেশ্য নিয়ে এই নতুন বিধেয়ক এনেছি। সমবায় সমিতি পরিচালনার গণতন্ত্রী করন করা, সমবায়কে গণমুখী করা এবং সমবায়ের নিয়ম-কানুনকে এবং আইনকে সহজ করা এবং সমবায়ের মধ্যে যেখানে যতটুকু কায়েমী স্বার্থ এবং দুর্নীতি আছে তাকে দুর করা—এগুলি আমাদের অন্যতম উদ্দেশ্য। এই বিধেয়ক যেটা বিধানসভায় উত্থাপন করার পর সিলেক্ট কমিটিতে বিবেচনার পর এখানে পেশ করা হয়েছে তাতে উল্লেখযোগ্য কয়েকটি দিকের কথা আমি বলি। যে কোন সমিতি গঠনের সর্বনিম্ন সদস্য সংখ্যা বর্তমানে আইনে আছে ১৫, সেটা পাল্টে ১০ করা হয়েছে। সমিতির রেজিষ্ট্রেশানের ব্যাপারে যেটা বিলম্ব হতো সেখানে বলা হয়েছে যে সমিতি ৩ মাসের মধ্যে রেজিষ্ট্রেশান করতে হবে। কেবলমাত্র আবাসন সমবায় সমিতি এবং কয়েক ধরনের শিল্প সমবায় সমিতির ক্ষেত্রে ৪ মাস লাগতে পারে এবং তার মধ্যে যদি না হয় তাহলে একটি রেজিষ্ট্রেশান কাউনসিল করা হবে, সেখানকার সিদ্ধান্তই চুড়ান্ত হবে। পরিচালন সমিতির জন্য সময়কাল ছিল কম। অধিকাংশ সমিতির ক্ষেত্রে যেটা ১৫ মাস ছিল সেটা আমরা সকল সমিতির ক্ষেত্রে ৩ বছর করে দিয়েছি। পরিচালকদের ক্ষেত্রে যারা নির্বাচিত পরিচালক বা ডিরেকটর তাদের ক্ষেত্রে যে সময় সীমা ছিল সেটা তুলে দিয়ে বলে দিয়েছি নির্বাচনে নির্বাচিত হতে পারলে ওদের সময় সীমা থাকবে না

এবং কর্মকর্তা, চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান এবং সেক্রেটারীদের ক্ষেত্রে আগে ছিল ৩ বছরের সময়সীমা, সেটা আমরা বাড়িয়ে ৬ বছর করেছি। এ ছাড়া আর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দিক, সমিতির যারা বেতনভুক কর্মচারী তাদের আমরা পরিচালন সমিতিতে প্রতিনিধিত্ব দিচ্ছি এবং আর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার, সিলেক্ট কমিটি পরিবর্তন করে দিয়েছে যে গ্রামে যতরকমের সমবায় সমিতি আছে তাদের সঙ্গে আমরা পঞ্চায়েতকে যুক্ত করেছি। পঞ্চায়েতের একজন প্রতিনিধি গ্রামীন সমবায় সমিতিতে থাকবে। নির্বাচনের ক্ষেত্রে সমবায় সমিতিতে অনেক গোলমাল দেখা যায় তাই কয়েক ধরনের সমবায় সমিতির জন্য আমরা নির্বাচন কমিশনের ব্যবস্থা করেছি। চাকরী নিয়ে সমবায় সমিতিতে অনেক রকমের গোলমাল হয়েছে। তারজন্য আমরা স্বাধীনভাবে সার্ভিস কমিশনের ব্যবস্থা করেছি। প্রাথমিক কৃষি সমবায় সমিতির জন্য ক্যাডার অথরিটি ইতিমধ্যেই করা হয়েছে। এই বিধেয়কে ব্যবস্থা রাখা হয়েছে যে অন্য সমবায় সমিতিতে এইরকম ক্যাডার করা চলবে। তাছাড়া আমরা আবাসন সমবায়ের ক্ষেত্রে কতকগুলি গুরুত্বপূর্ণ পরিবর্তন এনেছি। যেমন, ষ্ট্যাম্প ডিউটি, বর্তমান আবাসন সমবায় সমিতিতে ষ্ট্যাম্প ডিউটি লাগে না বাড়ী করবার ক্ষেত্রে। আমরা নতুন বিধেয়কে সিলেক্ট কমিটির সুপারিশের পর এই কথা বলতে চেয়েছি যে, কোন ফ্ল্যাটের দাম যদি ১ লক্ষ ২৫ হাজার পর্যন্ত হয় তাহলে সে ষ্ট্যাম্প ডিউটির সুযোগ পাবে। আর তার উপরে হলে এই সুযোগ পাবে না। কারন এই নিয়ে অনেক অপব্যবহার হয়েছে। সমবায়ের মাধ্যমে যে ঋণ দেওয়া হয় সেটা দেবার ক্ষেত্রে যেমন কতকগুলি সুযোগ সুবিধা দিয়েছি এবং সহজ করেছি তেমনি আবার ঋণ আদায়ের ক্ষেত্রে আমরা কঠোরতর ব্যবস্থা গ্রহণ করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমরা লক্ষ্য করেছি, সিলেক্ট কমিটির সকল সদস্যরা সহযোগিতা করেছেন এবং এটা ছাপিয়ে যে সমস্ত রিপোর্ট দেওয়া হয়েছে তাতে মাননীয় কয়েকজন বিরোধি সদস্যর ভিন্নমত প্রকাশ করলেও একথা সম্মিলীত বিবৃতিতে বলেছেন যে তাঁরা স্বাধীনভাবে আলোচনা করতে পেরেছেন।

[3-40—3-50 P.M.]

অনেক বিষয়ে সমর্থন করতে পেরেছেন। নিশ্চয়ই, সব বিষয়ে সব সদস্য একমত হতে পারেন না। সমবায়ের মূল দৃষ্টিভঙ্গী এবং উদ্দেশ্য সম্বন্ধে বলা যায় যে সমবায়ের মাধ্যমে দেশের উন্নতি করা এই ব্যাপারে সকলের দৃষ্টিভঙ্গী এক হোক এটাই আমি আশা করব। সকলে গঠনমূলক দৃষ্টিভঙ্গী নিয়ে আলোচনা করবেন। এই বিধেয়ক সম্বন্ধে আলোচনা করতে গিয়ে মাননীয় সদস্যরা অনেক নূতন বিষয়ে আলোচনা করবেন। একটা গুরুত্বপূর্ণ বিষয় হল পশ্চিমবঙ্গে সমবায়ের মাধ্যমে ঋন দেওয়া হচ্ছে। এই ঋণ যাতে যথাযথভাবে আদায় হয়, বা ঋণের সার্থকতা সম্বন্ধে আমরা এ পক্ষ ও পক্ষ মিলে একই ঐক্যমত পোষণ করব। ঋণ যাতে অন্য কাজে ব্যবহৃত না হয় আমরা এই বক্তব্য রাখব। সেখানে সিলেক্ট কমিটির আলোচনার পরে যেভাবে বিধেয়কে এসেছে—তার উপর আমি খোলা মন নিয়ে আলোচনা করতে প্রস্তুত

আছি। গ্রাম পঞ্চায়েতের সদস্যদের মাধ্যমে ঋণ দিলে যদি আরও ভাল হয় তাহলে আমরা সেই প্রস্তাব নিশ্চয় গ্রহণ করব। এই কথা বলে আমি এটি বিবেচনা করার জন্য প্রস্তাব করছি এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে এ্যামেণ্ডমেণ্টগুলি আমি দিয়েছিলাম সেগুলি আপনাদের গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

**শ্রীঅতীশ চন্দ্র সিনহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে আইনটি আমাদের সামনে এসেছে সিলেক্ট কমিটিতে সেটা গিয়েছিল। আমার সেই সিলেক্ট কমিটিতে থাকার সুযোগ হয়েছিল। অনেক আলোচনা করে আমরা অনেকগুলি সংশোধনী দিয়েছিলাম এখন আমি জানতে চাইছি যে আর দে ইন অর্ডার? দুঃখের বিষয় সেইগুলি গৃহীত হয় নি বলে পুনরায় কিছু সংশোধনী দিয়েছি। আশা করি সেগুলি গ্রহণ করবেন এবং সময় কালে আমরা সেগুলি মুভ করব।

**Mr. Speaker :** When I will call upon you to move your amendments clause by clause; then it will be taken up. ডাঃ জয়নাল আবেদিন, আমার একটা জিনিষ জানবার আছে, আপনি অনেক দিনের পুরনো পার্লামেনটারিয়ান। Can a Member participating in the Select Committee suggest any amendments in the House after the Select Committee's report is filed ? What is the convention ?

**Dr. Zainal Abedin :** The convention is that—a Member participating in the Select Committee, usually do not table any amendment. But at the same time, if they recorded their note of dissents in that case, the opinion varies. But the healthy convention is that members participating in the Select Committee do not usualy give any amendments.

**Mr. Speaker :** They do not give any amendment—it is the convention.

**Dr. Zainal Abedin :** I agree with you and what is more, usually it is the healthy convention. I appreciate your intention. But small parties like us have no other alternative.

**শ্রীঅতীশ চন্দ্র সিনহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর প্রাথমিক ভাষণে বলেছেন যে তিনি খোলা মন নিয়ে এই বিল আলোচনা করবেন, যদি প্রয়োজন হয়। তাহলে

আমরা যে সংশোধনীগুলি দিয়েছি এখানে তিনি তা গ্রহণ করতে রাজী হবেন। সেই পরিপ্রেক্ষিতে বিবেচনা করার জন্য এ্যামেণ্ডমেণ্টগুলি দিচ্ছি। দুঃখের বিষয় বলতে হচ্ছে এই বিলের মধ্যে আমরা কোন মৌলিক চিন্তাধারা বা আগে ১৯৭৩ সালের আইনে যে ধারা গুলি ছিল তার কোন পরিবর্তন লক্ষ্য করতে পারছি না নূতন বিলের মধ্যে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি হয়ত জানেন ১৯৭৩ সালে যখন আমরা এনেছিলাম তার আগের আইনটিকে বাতিল করে তখন আমাদের অনেক সমালোচনার সম্মুখীন হতে হয়েছিল।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই সময় বিশেষ সমালোচনার সম্মুখীন হতে হয়েছিল যে বক্তাদের কাছ থেকে তাঁরা বলেছিলেন আমরা ৭৩ সালের আইনের মধ্যে গনতান্ত্রিক ব্যবস্থা, যে গনতান্ত্রিক ব্যবস্থা মূল ভূমিকা হওয়া উচিত এবং দরকার তা আমরা রক্ষা করিনি। আমি আপনাকে আরও অনুরোধ করবো তৎকালীন বিধানসভায় যাঁরা সি.পি.আই এবং আর এস.পি. বন্ধুরা ঐ আইনের সমালোচনা করে যে বক্তৃতা দিয়েছিলেন তাঁদের সেই বক্তৃতার অংশগুলি যদি আপনি দেখেন তাহলে দেখবেন তাঁরা কিভাবে বিলের সমালোচনা করেছিলেন। আমি নিশ্চয়ই খুব আগ্রহে অপেক্ষা করবো মাননীয় সমবায় মন্ত্রী বর্তমানে যে বিল এনেছেন তাতে সি.পি.আই এবং আর এস.পি. বন্ধুরা কি বলেন তা শুনবার জন্য। দুঃখের কথা ৭২-৭৭ সালে সি.পি.আই (এম) বন্ধুরা যাঁরা তখন নির্বাচিত সদস্য হয়েছিলেন তারা বিধানসভা বয়কট করেছিলেন বলে ঐ বিলের উপর তাঁদের কি মতামত তা জানবার সুযোগ হয়নি। এই বিলের উপর সি.পি,আই. এবং আর.এস.পি. বন্ধুদের বক্তব্য শুনতে আমরা আগ্রহী। আমরা ৭৩ সালের আইনের জন্য সমালোচনার সম্মুখীন হতে হয়েছিল কিন্তু বর্তমানে যে আইন এসেছে তাতে সেই গনতান্ত্রিক পদ্ধতিকে আরও সঙ্কুচিত করা হয়েছে দেখতে পাচ্ছি। আমি উদাহরণ দিয়ে তুলে ধরতে চাই। যেমন ধরুন সেকশন অর ক্লজ ৪৯ এতে আওয়ার অফ ষ্টেট গভর্ণমেণ্ট টু ইস্যু ডাইরেকটিভ বলা হয়েছে অর্থাৎ কোন এ্যানোয়াল জেনারেল মিটিং-এ কোন কো-অপারেটিভ সোসাইটি যদি কোন সিদ্ধান্ত গ্রহণ করে ষ্টেট গভর্ণমেণ্ট সেটা বাতিল করে দিতে পারে বা কোন ডাইরেকশন দিতে পারে যে তোমরা এই কর, তোমরা এই পলিসি কর—এই রকম ডাইরেকশন দিতে পারবে এই বিলের ক্ষমতা বলে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগেকার আইনে আপনি দেখলে দেখতে পাবেন কো-অপারেটিভ পলিসি সম্বন্ধে ডাইরেকশন দেবার দরকার ছিল কেবলমাত্র ঋণদানের ক্ষেত্রে। সেই সীমিত ঋণদানের ক্ষেত্রে নীতি কি হবে সে বিষয়েই সরকার কেবলমাত্র ডইরেকশন দিতে পারতো সমবায় সমিতিগুলোকে। তাহলে আপনিই বলুন স্যার,—গনতান্ত্রিক পদ্ধতি আগে যে রকম ছিল তার থেকে সঙ্কুচিত হচ্ছে কিনা? আপনারা এত গনতন্ত্র গনতন্ত্র বলে চিৎকার করেন! আমরা তাই আশা করেছিলাম এই বিলকে আপনারা আরও গনতান্ত্রিকরণ করবেন কিন্তু সেখানে দেখতে পাচ্ছি ব্ল্যাঙ্কেট প্রভিশন করে সেকশন ৪৯-য়ে নিজেদের ডিরেকশন অর্থাৎ ফ্রণ্টের নীতি চাপাবার পথ সুগম করছেন মাত্র—গনতন্ত্রিকরণের ধারে কাছেও যাচ্ছেন না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেকশন ৩০ এতে আমরা কি দেখতে পাচ্ছি ? এ সম্বন্ধে ক্লজওয়াইজ যখন আলোচনা করবো তখন বলবো। এখানে এই ক্লজ ৩০ এর সাব-ক্লজ ২ এতে ডেজিলিউশন অফ বোর্ড এ্যাণ্ড এ্যাপয়েণ্টমেণ্ট অফ এ্যাডমিনিষ্ট্রেটর সম্বন্ধে বলা হয়েছে। এই সাব-ক্লজ ২ এতে দেখছি রেজিষ্ট্রারের, আর অফ ইটস্ ওন মোশন যদি কোন রিপোর্ট আসে তাহলে এ্যাডমিনিষ্ট্রেটর বসানো যাবে বলা হচ্ছে। কিন্তু আগেকার আইনে কেবলমাত্র রেজিষ্ট্রারের রিপোর্টের ভিত্তিতে সোসাইটিতে এ্যাডমিনিষ্ট্রেটর বসান যেতো। কিন্তু আমরা দেখছি এই আইনে রেজিষ্ট্রারের রিপোর্টের উপর সম্পূর্ণ বিশ্বাস রাখছেন না সেই জন্য একটি অন্যায্য অংশ জুড়ে দিয়ে বলছেন If on receipt of a report from the Registrar or of its own motion মারাত্মক কথা। তার মানে, এই ক্লজে রেজিষ্ট্রারের সঙ্গে কোন সম্পর্কই নেই। রেজিষ্ট্রারের রিপোর্ট তাঁদের নিজেদের পক্ষে না গেলেও গভর্ণমেণ্ট 'সো মোটা' যে কোন সোসাইটি ডিজলভ্ করে দিয়ে এ্যাডমিনিষ্ট্রেটর বসাতে পারবেন।

[3-50—4-00 P.M.]

এই প্রবলেম আগে ছিল না, আগে যে আইন ছিল on receipt of a report from the Registrar only the Government can do it এখানে স্যার, রেজিষ্ট্রারের উপর বিশ্বাস রাখছেন না, নিজেদের আইন মতো এডমিনিষ্ট্রেটরকে সেখানে ক্ষমতা দেওয়া হচ্ছে। তাহলে দেখতে পাচ্ছি এই অইনের মাধ্যমে যে গনতান্ত্রিক পদ্ধতি থাকা দরকার, সেটাকে আরো সংকুচিত করা হচ্ছে। তারপর দেখুন স্যার, একটা নুতন পদ্ধতি এই আইনের মাধ্যমে চালু হতে চলেছে। সেটা হচ্ছে সারভিস কমিসনের ব্যাপার। এটা ঠিক যে সমবায় সমিতির এই রকম আর্থিক অবস্থা এবং তার উপর আছে কর্মচারী নিয়োগের ব্যাপার। কিন্তু কর্মচারী নিয়োগের ব্যাপারে এই সমবায় সমিতির কোন স্বাধীনতা থাকছে না, এই জিনিষ চলতে পারে না। এখানে সারভিস কমিসন করে কর্মচারী নিয়োগ করা হবে, এটা ঠিক নয়। আমরা দেখেছি এই ধরনের সারভিস কমিসান আপনারা অনেক জায়গায় করেছেন! কলেজ সারভিস কমিসান আপনারা করেছেন। সেখানে কি দেখেছি ? সেখানে দেখেছি শুধু দল বাজী হচ্ছে। সেই সারভিস কমিসনে আপনাদের লোক রাখবার জন্য—চেয়ার ম্যান করে রাখবার জন্য আপনারা আইন পর্যন্ত পালটেছেন। এই বিধান-সভায় দেখেছি দলীয় লোক বসানোর জন্য আপনারা ক্লজ ৩৮-এ সারভিস কমিসান করে চলেছেন। এতে সত্যিকারের নিরপেক্ষতা থাকতে পারে না। এই ভাবে একটার পর একটা সমবায় সমিতির হাত পা ভেঙ্গে দেওয়া হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে নিশ্চই এই সম্পর্কে বলবেন। এই ব্যাপারে আমাদের সন্দেহ হয়েছে। আর একটা ব্যাপার হলো এই সমবায় সমিতি যে সব ঝাড়ুদার বা পিয়ন এই ধরনের যে সমস্ত পদ আছে সেই গুলি এই সারভিস কমিসনের আওতায় আসবে কি আসবে না এই সম্পর্কে পরিস্কার ভাবে মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে বলবেন। আর যাদের মাইনে ৫শো ৬শো টাকা বা তার উর্দ্ধে তারা শুধু এই সারভিস কমিসানের আওতায়

থাকবে ? এই জিনিষটা মাননীয় মন্ত্রী তাঁর জবাবী ভাষণে নিশ্চই পরিষ্কার ভাবে বলবেন। এই যে রুল প্রেসক্রাইভ করা হবে—আমি জানতে চাই এই ব্যাপারে কি পদ্ধতি অবলম্বন করা হবে, এই ব্যাপারে যথেষ্ট সন্দেহ আছে আমাদের। এই যে সারভিস কমিসন করা হচ্ছে এতে আমাদের গনতান্ত্রিক পদ্ধতির হস্তক্ষেপ করা হচ্ছে, কোয়াপারেটিভের স্বাধীনতায় হস্তক্ষেপ করা হচ্ছে। তাই আমি বলতে চাই গত বারের আইনের থেকে অর্থাৎ ১৯৭৩ সালে যে আইনটা ছিল সেই আইনের থেকে এই আইনটা আরো কঠোর এবং কঠিন ভাবে নিয়ন্ত্রন করা হয়েছে। এখানে অনেক গনতান্ত্রিক অধিকার খুন্ন করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ধারনা ছিল বামফ্রণ্টের শরিক দল আন্দোলন করতে অভ্যস্ত। তাঁরা স্বাধীনতার পর থেকে অনেক আন্দোলন করেছে, বাস, টাম নিয়ে আন্দোলন করেছে। এই আন্দোলন করতে গিয়ে ওঁরা কি করেছেন সেটা ভাল করেই জানেন। তাঁরা এই সমবায় আন্দোলনে একেবারে বিফল হয়েছেন। ব্যর্থ হয়েছেন বলে সমবায়ের আজ এই অবস্থা। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর প্রাথমিক পর্যায়ে বক্তব্য রাখতে গিয়ে বলেছেন এটা এমন একটা ব্যাপার এই সীমিত ক্ষমতার মধ্যে, ভারতবর্ষের এই অর্থনৈতিক কাঠামোর মধ্যে এই সমবায় আন্দোলনকে জোরদার করলে দারিদ্র সীমার নিচে যারা বাস করে, সত্যই তাদের উপকার হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা লক্ষ্য করেছি এই সরকার এই আন্দোলন করতে গিয়ে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্টেট ম্যান পত্রিকা থেকে ৯.৯.৮২ তারিখের একটা খবর আপনাকে শোনাতে চাই। "Poor recovery of loans which has fallen to 45% from 65% for short-term credit and to 30% from 80% for long-term credit over the past five years has made it difficult to expand co-operative credit in West Bengal. Short term credit disbursement by the co-operatives in West Bengal had fluctuated between Rs. 40 and Rs. 50 crores annually for the past fiive years though a target was set for achieving a disbursement of Rs. 100 crores by 1981-82. এই অবস্থা স্যার।, তারপর আরো বলছে কি ? short term credit. স্যার, আমাদের সট টার্মে টারগেট ছিল ৬০০ কোটি টাকার উপর। আপনারা টারগেট করেছেন ১১০ কোটি টাকার মতো। ৪০ কোটি টাকা আপনারা দিয়েছেন বলছেন। এই ৪০ কোটি টাকা ১৯৭৬-৭৭ সালে দেওয়া হয়েছিল। অর্থাৎ আমরাই তো সেই সময় ৪০ কোটি টাকা দিয়েছিলাম। তাহলে আপনারা বাড়ালেন কোথায় ? আমরা শুনেছি আপনারা আদায় করার চেষ্টা করছেন অনেক দিন থেকে।

তার ফল কতদূর হয়েছে তা আমি বলতে পারব না। সাম্প্রতিক কালে কয়েকদিন আগে, ১।৩।১৯৮৩ তারিখে আনন্দ বাজার পত্রিকায় খবর বেরিয়েছে, মেদিনীপুর জেলাতে বিদ্যাসাগর সমবায় কো-অপারেটিভ ব্যাঙ্কের অবস্থা কি রকম বলে। খবরে বলছে, একদিকে রাজ্যসরকারের কাছে সুদ, ভরতুকী বাবদ পাওনা কমপক্ষে ৭০ লক্ষ টাকা, অন্যদিকে বামফ্রণ্টের এক শরিক দল —সি.পি.আই.—সমিতির সভ্য গরীব মানুষদের উপরে অত্যাচার চালিয়ে যাচ্ছেন। এই দুই অবস্থা

মিলেয়ে বিদ্যাসাগর সমবায় ব্যাঙ্কের আর্থিক অবস্থা দিনের পর দিন ক্রমান্বয়ে সঙ্গীন হয়ে পড়ছে। বিগত এক বছরে সেখানে আদায়ের পরিমান হল শতকরা মাত্র ৫ ভাগ। স্যার, এরা কো-অপারেটিভ মুভমেন্ট করবে কি করে? খবরে আরও বলছে, ১৯৮১-৮২ সালে বিদ্যাসাগর সমবায় ব্যাঙ্ক ৪,৯০৫ জন বর্গাদার ও পাট্টাদারকে ৯ লক্ষ ৯১ হাজার টাকা ঋণ দিয়েছিল। তার একটা পয়সাও আদায় হয় নি। ন্যাশানালাইজড্ ব্যাঙ্ক—যাকে আপনারা ইন্দিরা গান্ধীর ব্যাঙ্ক বলেন—থেকে ঋণ নিয়ে না দিলে ক্ষতি বিশেষ কিছু হয় না, কারণ তাদের অনেক টাকা আছে। কিন্তু এই ধরণের সমবায় ব্যাঙ্ক, যাদের পুঁজি খুবই অল্প, তাদের টাকা যদি আদায় না হয় তাহলে খুবই ক্ষতি হবে। গ্রামীণ ব্যাঙ্কগুলির টাকা যদি বর্গাদার ও পাট্টাদারদের কাছ থেকে আদায় না হয় তাহলে সমবায় ব্যাঙ্কগুলি কি টিঁকে থাকতে পারবে? বিদ্যাসাগর গ্রামীন ব্যাঙ্কের আজ যে অবস্থা এসেছে তাতে বলা যায়, সমবায় আন্দোলন শীঘ্রই মুখ থুবড়ে পড়বে বলে আমার মনে হয়। শুধুমাত্র আইন পাশ করলেই হবে না। আইন করার জন্য আপনারা যখন এই বিলটিকে এখানে এনেছেন, তাকে আইনে রূপ নিশ্চয়ই দেওয়া হবে বা সম্মতি আদায় করতে সমর্থ হবেন বলে এনেছেন। বিধানসভায় এটা পাশ হয়ে যাবে। কিন্তু আমার প্রশ্ন হল, সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবার জন্য সরকারের পক্ষে সত্যিই কি কিছু করার নেই? তা যদি থাকতো তাহলে, দলমত নির্বিশেষে এই আন্দোলনকে রাজনীতির উর্দ্ধে রেখে করার চেষ্টা আপনারা করতেন। দুঃখের কথা, কিছু দিন আগে রাজ্যের শীর্ষ সমবায় সমিতিগুলির নির্বাচন যখন করা হল, তখন সেখানে নিরপেক্ষতার আবহাওয়া কিছু মাত্র ছিল না বলে আমরা দেখতে পেলাম। আমরা দেখলাম, স্টেট কনজুমার্স ফেডারেশানের নির্বাচনে যাঁরা ইলেকটেড হয়েছেন, তাঁরা প্রকৃত গনতান্ত্রিক আবহাওয়া বজায় থাকলে কখনই ইলেকটেড্ হতে পারতেন না। সেখানে নিয়ম হচ্ছে, প্রাইমারী সোসাইটিগুলি থেকে যাঁরা রিপ্রেজেন্ট করেন তাঁদের অন্ততঃ ৪৮ ঘন্টার নোটিশ দিয়ে লিখিত অথরাইজেশান জমা দিতে হয়। কিন্তু তা না করে কাজটি সম্পন্ন করা হয়েছে।

**শ্রীনির্মল কুমার বসু:** এটা সাব-জুডিস আছে। এ নিয়ে কি আপনি বলতে পারেন?

**শ্রীঅতীশ চন্দ্র সিনহা:** যাইহোক, আমি আর ঐ বিষয়ে বলতে চাই না। আমি আগে যে কথা বলছিলাম, সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে হলে নিরপেক্ষতা নিশ্চিত ভাবে বজায় রাখার দরকার আছে। সেই আন্দোলনের মধ্যে সবচেয়ে বড় প্রয়োজন হচ্ছে তাকে রাজনীতির উর্দ্ধে রাখা। তা যদি না পারা যায় তাহলে, এগিয়ে নেওয়ার কাজ কখনই সম্ভব হবে না। বামফ্রন্টের শরিকদলের অনেকেই অনেক উৎসাহ নিয়ে ট্রেড ইউনিয়ান করে থাকেন। সেই রকম উৎসাহ নিয়ে তাঁরা সমবায় আন্দোলনে যোগ দেন কিনা সন্দেহ আছে। এখানে রোজই পঞ্চায়েত নিয়ে হৈচৈ হতে দেখছি। সরকার বলছেন, তাঁরা সবকিছু পঞ্চায়েতের মাধ্যমে করার চেষ্টা করছেন। কিন্তু প্রাথমিক পঞ্চায়েতে যে সমস্ত সমিতিগুলি আছে, তাদের

ডেকে কোন ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার প্রচেষ্টা আমরা দেখতে পাই না। শুধুমাত্র কে কে ডাইরেক্টর হবেন তা ঠিক করে দিচ্ছেন পঞ্চায়েতের একজনকে যুক্ত করে দিয়ে। পঞ্চায়েতের লোক সেখানে যাবে যাক, কিন্তু দেখছি, সমবায় সমিতিগুলি যাতে আরও বেশী এগিয়ে যেতে পারে তার কোন প্রচেষ্টা এঁদের মধ্যে নেই। স্টেটস্‌ম্যান পরিস্কার বলেছে—**It was regretted that during the past five years of its rule the Left Front Govemment had not taken any initiative in developing co-operatives. They feel that integrated economic development of the rural communities could have been achieved had the Panchayats adopted the co-operatives as a part of their functioning apparatus. But there had never been a fusion of Panchayats with co-operatives in West Bengal. Rather they were running on a parallel line**

[4-00—4-10 P.M.]

স্যার, আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো তিনি যে ভাবছেন কেবল আইন এনে আন্দোলন এড়াবেন, তা কিন্তু হবে না। তিনি বলেছেন গ্রামে গঞ্জে পঞ্চায়েতের উপর জোড় দেবেন সেটা ভালো কথা কিন্তু তার সঙ্গে সঙ্গে সমবায় সমিতিগুলিকে প্যারালাল লাইনে কাজ করতে হবে। এইকথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে ক্লজ সম্বন্ধে বলবো মন্ত্রীমহাশয়কে। ক্লজ ১৩ তে রেজিষ্ট্রেশানের ক্ষেত্রে মিনিমাম ১৫ জনের জায়গায় আপনি কমিয়ে সেটা ১০ জন করেছেন। তাতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু সাধারণতঃ গ্রামে গঞ্জে বা শহরে যারা সমবায় সমিতিতে উদযোগী হন সেক্ষেত্রে দেখা গেছে আগে ২টি ফ্যামিলি থেকে বা ১টি ফ্যামিলি থেকে কো-অপরেটিভ থাকতেন। কিন্তু আপনারা মনে করেন যে একটি ফ্যামিলি বা দুটি ফ্যামিলি থাকলে তারা কো-অপরেটিভ সোসাইটিটাকে গ্রাস করবে বা কব্‌জা করার চেষ্টা করে থাকে। আমি রেজিষ্ট্রেশানের ব্যাপারে সিলেক্ট কমিটিতে বলেছিলাম এই ১০ জন সদস্যকে ডিফারেন্ট ফ্যামিলি বিলং থেকে আসতে হবে এই নীতিটি যদি একটু পরিবর্তন করে ১০ জনের মধ্যে ৮ জনকে অন্য ফ্যামিলি থেকে এনে বাকী ২ জনকে এক ফ্যামিলি থেকে আসতে দেন তাহলে সমবায় সমিতির কোন ক্ষতি হবে না। সেটার একই প্রতিফলন এখানে হবে। আমার দ্বিতীয় কথা হচ্ছে আমাদের একটা আশংকা দেখা দিয়েছে রেজিষ্ট্রেশান সম্বন্ধে। সমবায় সমিতিগুলিতে না বসিয়ে সেটা তাড়াতাড়ি হোক আমরা চাই। কিন্তু রেজিষ্ট্রেশান কাউন্সিল মন্ত্রী মহাশয় করেছেন তাতে রেজিষ্টারের কাছে দরখাস্ত করে নির্দিষ্ট দিন পরে রেজিষ্ট্রেশান এ্যাক্ট অনুযায়ী সেটা রেজিষ্ট্রেশান কর্মীরা রেজিষ্টার বা তার নিম্নস্তরের কর্মচারীরা নিজেদের দায়িত্ব এড়ানোর জন্য দরখাস্তটি উপরের মহলে অর্থাৎ রেজিষ্ট্রেশান কাউন্সিলের কাছে পাঠিয়ে দিতে পারেন। এবং সেরকম অবস্থার হয়তো

কোনদিন সৃষ্টি হতে পারে বলে আমার মনে হয়। আরেকটি কথা হচ্ছে এই ক্লজে যেটা প্রথম কথা আছে এই রেজিষ্ট্রেশান কাউন্সিলে কে কে থাকবে বা থাকছেন। সেখানে থাকছেন প্রিন্সিপাল কো-অপরেটিভ ট্রাইব্যুন্যালের চেয়ারম্যান আর থাকছেন একজন পারসেন নমিনেটেড বাই দি ষ্টেট গভর্ণমেণ্ট। আমি স্যার, আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো এখানে একটি সংশোধনীও আমার আছে। এখানে রেজিষ্টারের ক্ষেত্রে নমিনেটেড বাই দি ষ্টেট গভর্ণমেণ্ট কথাটি বলা আছে। সেখানে একজন অফিসারের কথা বলা আছে—আমি মনে করি সেই অফিসারের জায়গায় আমি এমন একজনের প্রস্তাব করছি **he should not be below the rank of Registrar.**

আপনারা আমার এই সংশোধনীটি গ্রহণ করুন। আপনার কাছে আমার একটা অনুরোধ রেজিষ্টার যিনি হবেন তিনি যেন রেজিষ্ট্রেশান কাউন্সিলের কাছ থেকে নিম্ন পদের অফিসার হন। এবং রেজিষ্টার যেটা ঠিক করবেন তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার ক্ষেত্রে রেজিষ্ট্রেশান অফিসারকে অবশ্য উচ্চপদের হতে হবে। এবং **not below the rank of registrar preferably higher than rank of registrar.**

সেটা আমি আপনাদের কাছে আশা করবো। আমরা জানি ষ্টেট কো-অপরেটিভ ইউনিয়ন সাধারণতঃ সমবায়ের শিক্ষা, সমবায়ের প্রচার, সমবায় করুন সমাজের উন্নতি হবে ইত্যাদি ক্ষেত্রে ব্যবহার হয়ে থাকে। এই হচ্ছে তার ফ্যাংশান—প্রচারের ব্যবস্থা করা। ষ্টেট কো-অপরেটিভ ইউনিয়ন একজন নমিনেটেড লোক আনবার ব্যবস্থা করেছেন। ষ্টেট কো-অপারেটিভ ইউনিয়নে একজন রাজনৈতিক দলের লোক আনলে অসুবিধা হবে। সেখানে রেজিষ্ট্রেশান কাউন্সিলে স্বাভাবিক ভাবে রাজনৈতিক মতের দ্বারা রেজিষ্ট্রেশান প্রভাবিত হতে পারে বলে আমি মনে করি।

কাজেই এই পদ্ধতিতে রেজিষ্ট্রেশান কাউন্সিল যে যে মানুষ নিয়ে করেছেন তাতে আপত্তি আছে। দ্বিতীয়তঃ ক্লজ ২৫-এ যেখানে এ্যানুয়াল জেনারেল মিটিং এর প্রভিশন আছে সেখানে আমরা জানি আগের মিটিং এর পরে যে মিটিং হয় সেখানে আগের মিটিং এর মিনিটসগুলি কনফার্ম করা হয়। সেখানে আপনি বলেছেন প্রত্যেক কোয়াপারেটিভ সোসাইটিকে বছরে একটা করে জেনারেল মিটিং ডাকতে হবে এবং তারা কি কি করবে সেটা বি-তে বলেছেন **consideration and record of the proceedings of the last annual general meeting.** রেকর্ড যেগুলি হচ্ছে সেগুলি কনফার্ম করা উচিত। আগের এ্যানুয়াল মিটিং-এ যেগুলি আলোচনা হয়েছে সেগুলি রেকর্ড করে কনফার্ম করতে হবে* সেজন্য আমি এমেণ্ডমেণ্ট দিয়েছি যে রেকর্ড করার পরিবর্তে কনফারমেশান কথাটা ব্যবহার করা উচিত। আর একটা ক্লজে বলা হয়েছে এ্যানুয়াল জেনারেল মিটিং ১৫ মাসের মধ্যে করতে হবে। আর যদি না করে তাহলে আপনি সেখানে কতকগুলি ভীতি প্রদর্শন করেছেন। আপনি বলেছেন ১৫ মাসের মধ্যে যদি না হয় তাহলে

without prejudice to the penal measures that may be taken under this Act against the directors of the board for not holding the general meeting within such period as required under sub-section (1) and sub-section (2). তিনি পেনাল মেজার বলতে কি মিন করেছেন তা বুঝতে পারছি না। ধরে নিচ্ছি পেনাল মেজার মানে হচ্ছে বোর্ড অফ ডাইরেকটারকে সুপারসিড করে দিয়ে এ্যাডমিনিষ্ট্রেটার বসাতে পারেন। এ্যানুয়াল জেনারেল মিটিং একটা কোয়াপারেটিভকে একবার করতে হবে। এটা ১৫ মাসের জায়গায় ১২ মাস করা হোক। ১২ মাসের মধ্যে একবার এ্যানুয়াল জেনারেল মিটিং করার বাধ্য বাধকতা থাকা দরকার। ক্লজ ২৬ যেখানে স্পেশাল জেনারেল মিটিং এর কথা আছে সেখানে বলেছেন যে মেজরিটি অফ দি ডাইরেকটারস একটা স্পেশাল জেনারেল মিটিং ডাকতে পারেন কি কি অবস্থায় না on the requisition in writing of one-third of the members of the co-operative society or the delegates, where there are delegates or at the direction of the Registrar. আপনি জানেন বহু সময়ে ডাইরেকটারদের প্রয়োজন হতে পারে কোন স্পেশাল জেনারেল মিটিং ডেকে কোন ব্যাপারে সভ্যদের কিছু বলার। সেজন্য আমার বক্তব্য এই দুটি কণ্ডিশান ছাড়া ডাইরেকটারদের একটা স্বাধীনতা দেওয়া হোক তাঁরা যদি মনে করেন তাহলে সুযোগ মতো আর একটা জেনারেল মিটিং করতে পারবেন। অনেক সময়ে আমরা দেখেছি অনেক সদস্যের ডাইরেকটার বা বোর্ডের বিরুদ্ধে তাদের বহু অভিযোগ থাকে। সেজন্য আমার বক্তব্য কোন সমবায় সমিতির ৫০% সদস্য বা তার বেশী সদস্য যদি মনে করেন কোন রিক্যুইজিশান মিটিং এর প্রয়োজন তাহলে নিজেরাই তা ডাকতে পারবেন। কিন্তু এ অধিকার এখানে নেই। তাঁদের যেতে হবে রেজিষ্ট্রারের কাছে অথবা ডাইরেকটারের কাছে, না বলে স্পেশাল জেনারেল মিটিং ডাকা যাবে না। কাজেই কোন ব্যাপারে প্রয়োজন হলে ৫০ ভাগ সদস্য যদি মনে করেন তাহলে তাঁরা রিক্যুইজিশান মিটিং ডাকতে পারবেন। এই রকম একটা প্রভিশান থাকা উচিত বলে আমি মনে করি।

[4-10—4-20 P.M.]

তারপর ক্লজ ২৭-এ বলেছেন ম্যানেজমেণ্ট অব কো-অপারেটিভ সোসাইটি কি হবে—এখানে কতকগুলি মারাত্মক মারাত্মক জিনিস আছে সেটা আমি তুলে ধরছি। প্রথম দিকে ক্লজ ওয়ানের প্রোভাইসোতে বলছেন কতজন মেম্বার হতে পারবে একটা সমিতিতে শ্যাল নট বি লেস দ্যান সিক্স অর মোর দ্যান ফিফ্‌টিন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বিভিন্ন এ্যাপেক্স সোসাইটিতে, স্টেট লেভেল সোসাইটিতে, যেমন ধরুন স্টেট কো-অপারেটিভ ব্যাংকে ৩০ জন ডাইরেক্টর আছেন। সেজন্য এখানে আমি একটা সংশোধনী দিতে চাই সেটা হচ্ছে শ্যাল নট বি লেস দ্যান সিক্স অর মোর দ্যান ফিফটিন এরপরে এই শব্দগুলি যোগ করা হোক এক্সসেপ্টট ইন স্টেট লেভেল সোসাইটি। তারপর দেখুন সাব-ক্লজ ৬-এ কে কে মেম্বার হতে পারবে বলছেন এমপ্লয়ীজ হতে পারবে, চীফ এগজিকিউটিভ, এক্স-অফিসিও ডাইরেক্টর হবেন, তারপর গ্রাম পঞ্চায়েত থেকে একজন আসবে।

কিন্তু দুঃখের বিষয় এই যে ক্যাটিগোরিগুলি বললেন এমপ্লয়ীজ, চীফ এগজিকিউটিভ, পঞ্চায়েত থেকে যারা আসছে এদের ভোটাধিকার দেওয়া হচ্ছে না। এমপ্লয়ীজ, শ্রমিক, কর্মচারীদের জন্য আপনারা এত কান্না কাঁদেন, গতকালও রাধিকা প্রামাণিক মহাশয় এদের জন্য কত কান্না কাঁদলেন, কিন্তু এদের আপনারা ভোটাধিকার দিচ্ছেন না। এটা অত্যন্ত অন্যায় হচ্ছে। অথচ সাব-সেকসান ২-তে যারা গভর্ণমেণ্ট নমিনী হচ্ছে তারা ভোটাধিকার পাচ্ছে, কিন্তু যারা এমপ্লয়ীজ থেকে ইলেকটেড হচ্ছে, চীফ এগজিকিউটিভ যিনি এক্স-অফিসিও ডাইরেক্টর হচ্ছেন তিনিও ভোটাধিকার পাচ্ছেন না। সেজন্য আমার সাজেসান হচ্ছে যারা বাইরের লোক গভর্ণমেণ্ট নোমিনেটেড হয়ে যাবে তারা সমিতির ডাইরেক্টলি সভ্য নন, তাঁরা বাইরের লোক এবং পঞ্চায়েত থেকে যাঁরা আসবেন তাঁরাও বাইরের লোক, এই বাইরের লোককে ভোটাধিকার না দেওয়া ভাল। কিন্তু এমপ্লয়ীজ, চীফ এগজিকিউটিভ, এক্স-অফিসিও ডাইরেক্টর যিনি হবেন তাঁদের সেই সমবায় সমিতিতে ভোটাধিকার দেওয়া অত্যন্ত জরুরী বলে আমি মনে করি। সাব-ক্লজ ৮-এ আবার বলছেন যেখানে সময় সীমা বেঁধে দিচ্ছেন একজন ডাইরেক্টর কতদিন থাকবে, শুধু ডাইরেক্টরের সময় সীমা নয় চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, সেক্রেটারী হলেও তাঁরা ৬ বছর থাকতে পারবেন সেটা কিন্তু স্টেট গভর্ণমেণ্ট নমিনীদের ক্ষেত্রে প্রয়োগ করছেন না। এতে আমার তীব্র আপত্তি আছে। কাউকে গভর্ণমেণ্ট নোমিনী করে বছরের পর বছর আপনারা ডাইরেক্টর, চেয়ারম্যান রাখতে পারেন এই প্রভিসান কিছু কিছু ক্ষেত্রে আমরা দেখেছি, যখন কো-অপারেটিভের উপর বাজেট হবে তখন সেই সম্বন্ধে বলব। আমরা দেখেছি আপনাদের দলের একজন ব্যক্তি ৫/৬ বছর এ্যাডমিনিষ্ট্রেটর হয়ে বসে আছে। গভর্ণমেণ্ট নোমিনী যাঁরা হবেন তাঁরা কেন ৬ বছরের বেশী চেয়ারম্যান কিংবা ভাইস-চেয়ারম্যান, সেক্রেটারী হয়ে বসে থাকবেন? কাজেই সাব-ক্লজ ৮-এ যে প্রোভাইসো আছে সেটা তুলে দেওয়া উচিত বলে মনে করি। তারপর সাব-ক্লজ ১১-এ আসুন সেখানে বলছেন একজন লোক ৪টি প্রাইমারী সোসাইটি, ওয়ান সেণ্ট্রাল সোসাইটির, ওয়ান এ্যাপেক্স সোসাইটির বেশী মেম্বার হতে পারবে না। আজকে সমবায়ের বিভিন্ন দিক আছে হাউসিং থেকে আরম্ভ করে ক্রেতা বিপনন ইত্যাদি বিভিন্ন দিক আছে। সুতরাং মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো ওয়ান সেণ্ট্রাল সোসাইটিকে ২টা সেণ্ট্রাল সোসাইটি করা হোক এবং ওয়ান এ্যাপেক্স সোসাইটিকে ২টা এ্যাপেক্স সোসাইটি করা হোক।

তারপর, সাব-ক্লজ ইলেভেন-এ প্রোভাইসোতে একটা সময় সীমা বেঁধে দিয়ে বলেছেন একজন লোক কতদিন সোসাইটির মেম্বার থাকতে পারবেন। এখানে ১/২/৩/৪/৫ করে সব দেওয়া আছে। এখানে গভর্ণমেণ্ট নমিনির কথা আছে, এমপ্লয়ীজদের তরফ থেকে যাঁরা আসছেন তাঁদের কথা আছে এবং আরও যাঁরা আসছেন তাঁদের কথা আছে। কিন্তু এই যে বলেছেন পঞ্চায়েত থেকে যিনি আসছেন তাঁর ক্ষেত্রে কোন সময় সীমা থাকছেনা আমি মনে করি, এটা তুলে দেওয়া উচিত। আমি মনে করি সমস্ত লোকের ক্ষেত্রেই একটা সময় সীমা থাকা উচিত। তারপর ক্লজ থার্টি খুবই প্রয়োজনীয় ক্লজ। এ্যাডমিনিষ্ট্রেটের

নিয়োগের ক্ষেত্রে এই যে ব্যবস্থা করেছেন এখানে আমি দারুণ আপত্তি করছি। আমি এই জিনিসটি বিবেচনা করবার জন্য আমি আগেই মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানিয়েছি। আপনি এ্যাডমিনিসট্রেটর নিয়োগ করতে পারেন তাতে আমার বলার কিছু নেই। কিন্তু তিনি কতদিন থাকবেন সেই সময় সীমার ক্ষেত্রে আমার বক্তব্য আছে। এটা কমনই বাঞ্ছনীয় নয় যে, একজন এ্যাডমিনিষ্ট্রেটর দীর্ঘকাল ধরে থাকবেন। সময় সীমার ক্ষেত্রে আপনি গণতান্ত্রিক পথ অনুসরণ করবেন বলেছেন। আপনি একজন এ্যাডমিনিষ্ট্রেটরকে ৩ বছর রাখার যে ব্যবস্থা করেছেন আমি এর প্রতিবাদ করছি। আমার বক্তব্য হচ্ছে তাঁর কার্যকাল ১ বছরের বেশী হওয়া উচিত নয়। আমি আশা করি মন্ত্রী মহাশয় আমার এই কথাটি গ্রহণ করবেন। আপনি বলেছেন এ্যাডমিনিষ্ট্রেটর ৩ বছর থাকবেন এবং তারপর নির্বাচনের ব্যবস্থা করে তাঁদের হাতে ফিরিয়ে দেবেন। কিন্তু আমি দেখেছি অনেক সময় নির্বাচনের পর নুতন নির্বাচিত কমিটির হাতে কার্যভার অর্পণ করা যাচ্ছে না এবং আগেকার এ্যাডমিনিষ্ট্রেটরই কাজ চালিয়ে যাচ্ছেন। কাজেই আমার বক্তব্য হচ্ছে একজন এ্যাডমিনিষ্ট্রেটের হয়ত ৩ বছর কাজ চালালেন কিন্তু তারপর নির্বাচন করিয়ে একটা নিউট্রাল অথরিটির হাতে কাজ চালাবার ভার দেওয়া উচিত। যে এ্যাডমিনিসট্রেটর ৩ বছর রয়েছেন তার হাতে আর ক্ষমতা থাকা উচিত নয় এই ব্যবস্থা আপনি আশা করি করবেন। এই ব্যাপারে আমার আরও বক্তব্য আছে সেগুলো এ্যামেণ্ডমেন্ট মুভ করার সময় বলব। আপাততঃ আমার শেষ বক্তব্য হচ্ছে, সমবায় আন্দোলনকে আপনি রাজনীতির উর্দ্ধে রাখবেন।

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, you have been pleased to make certain observation with regard to amendment.

**Mr. Speaker :** Dr. Abedin I want your opinion. I think there is no bar.

**Dr. Zainal Abedin :** Yes Sir, there is no bar in the Rule. But even in keeping with the healthy tradition of the parliamentary practice, I would crave for your indulgence to extend the time for tabling amendments which would come under Rule 80. I had been a member of the Select Committee and I know what it is. Two days' time are required to be given under the Rules. Amendments are to be given two days before the day on which the bill is to be taken into consideration. Hence, if you kindly allow us to table the amendment, I can withdraw my amendment so that a healthy practice can be encouraged here. Sir, I propose to withdraw my amendment with a little proviso, if you allow us that the Bill be taken up tomorrow or

possibly the day after tomorrow. In that case this amendment may be tabled by some other colleagues who are now available.

[4-20—4-30 P.M.]

**Mr. Speaker :** Under what rule can I relax it ?

**Dr. Zainal Abedin :** Under Rule 80, Sir, Rule 80 says : "Objcction shall prevail, unless the Speaker allows the amendment to be moved" Sir, you have got the absolute authority to waive the objection. Only the Treasury Bench and the Minister-in-charge can object to the tabling of amendment. Sir, I beg to withdraw my amendments with your permission and some of my colleague will table the amendments.

**Mr. Speaker :** Any way, I will relax it for any member for tabling such amendment.

**Dr. Zainal Abedin :** I will be deeply obliged. In that case I feel it my duty to withdraw all amendments tabled in my name. Thank you, Sir.

**শ্রীপান্নালাল মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের সমবায় মন্ত্রী সমবায় পরিচালনার যে নূতন আইন এনেছেন সেই আইনকে আমি সমর্থন করছি। এই সমবায় ব্যবস্থা যা আমাদের রাজ্যের গরীব জনসাধারণের বিশেষ প্রয়োজন ও গুরুত্বপূর্ণ তা পরিচালনার সুষ্ঠু কোন চিন্তাধারা এতদিন ছিলনা খুব এলোমেলো হ্যাফাজার্ড অবস্থায় ছিল এবং সেটা বিনা কারণেই করা হয়েছে তা নয়, অভিজ্ঞতার ভিত্তিতে দেখা গিয়েছে একটা উদ্দেশ্য প্রণোদিতভাবে এইগুলি করা হয়েছে। কারণ সমবায় সমিতি বা সমবায় ব্যবস্থায় অর্থনৈতিক অবস্থাজড়িত আছে। তারজন্য আইনগত সমস্ত ফাঁক রেখে সেই সমস্তগুলি নিজেদের কাজে লাগানো হয়েছে, ব্যক্তিগত কাজে, আত্মসাৎ করার কাজে এতদিন তাকে ব্যবহার করা হয়েছে। এই জন্য আইনের মধ্যে এত গলদ, এতো ফাঁক, এতো অসম্পূর্ণতা ছিল। তারজন্য বামফ্রন্ট সরকার বিগত পাঁচ বছর ধরে কাজ করে সমবায় ব্যবস্থার পরিবর্তনের আপ্রাণ চেষ্টা করেছেন, তার পরিপূর্ণতা লাভ করার চেষ্টা করেছেন। অন্যতম কারণ হচ্ছে আইনের মধ্যে যে সমস্ত গলদ আছে সেই ফাঁকগুলি ঐ চক্রান্তকারী বিশেষ করে ঐ দলের যে সমস্ত সদস্যরা আজকে অনেক

নিয়োগের ক্ষেত্রে এই যে ব্যবস্থা করেছেন এখানে আমি দারুণ আপত্তি করছি। আমি এই জিনিসটি বিবেচনা করবার জন্য আমি আগেই মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানিয়েছি। আপনি এ্যাডমিনিসট্রেটর নিয়োগ করতে পারেন তাতে আমার বলার কিছু নেই। কিন্তু তিনি কতদিন থাকবেন সেই সময় সীমার ক্ষেত্রে আমার বক্তব্য আছে। এটা কমনই বাঞ্ছনীয় নয় যে, একজন এ্যাডমিনিষ্ট্রেটর দীর্ঘকাল ধরে থাকবেন। সময় সীমার ক্ষেত্রে আপনি গণতান্ত্রিক পথ অনুসরণ করবেন বলেছেন। আপনি একজন এ্যাডমিনিষ্ট্রেটরকে ৩ বছর রাখার যে ব্যবস্থা করেছেন আমি এর প্রতিবাদ করছি। আমার বক্তব্য হচ্ছে তাঁর কার্যকাল ১ বছরের বেশী হওয়া উচিত নয়। আমি আশা করি মন্ত্রী মহাশয় আমার এই কথাটি গ্রহণ করবেন। আপনি বলেছেন এ্যাডমিনিষ্ট্রেটর ৩ বছর থাকবেন এবং তারপর নির্বাচনের ব্যবস্থা করে তাঁদের হাতে ফিরিয়ে দেবেন। কিন্তু আমি দেখেছি অনেক সময় নির্বাচনের পর নূতন নির্বাচিত কমিটির হাতে কার্যভার অর্পণ করা যাচ্ছে না এবং আগেকার এ্যাডমিনিষ্ট্রেটরই কাজ চালিয়ে যাচ্ছেন। কাজেই আমার বক্তব্য হচ্ছে একজন এ্যাডমিনিষ্ট্রেটের হয়ত ৩ বছর কাজ চালালেন কিন্তু তারপর নির্বাচন করিয়ে একটা নিউট্রাল অথরিটির হাতে কাজ চালাবার ভার দেওয়া উচিত। যে এ্যাডমিনিসট্রেটর ৩ বছর রয়েছেন তার হাতে আর ক্ষমতা থাকা উচিত নয় এই ব্যবস্থা আপনি আশা করি করবেন। এই ব্যাপারে আমার আরও বক্তব্য আছে সেগুলো এ্যামেণ্ডমেন্ট মুভ করার সময় বলব। আপাততঃ আমার শেষ বক্তব্য হচ্ছে, সমবায় আন্দোলনকে আপনি রাজনীতির ঊর্দ্ধে রাখবেন।

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, you have been pleased to make certain observation with regard to amendment.

**Mr. Speaker :** Dr. Abedin I want your opinion. I think there is no bar.

**Dr. Zainal Abedin :** Yes Sir, there is no bar in the Rule. But even in keeping with the healthy tradition of the parliamentary practice, I would crave for your indulgence to extend the time for tabling amendments which would come under Rule 80. I had been a member of the Select Committee and I know what it is. Two days' time are required to be given under the Rules. Amendments are to be given two days before the day on which the bill is to be taken into consideration. Hence, if you kindly allow us to table the amendment, I can withdraw my amendment so that a healthy practice can be encouraged here. Sir, I propose to withdraw my amendment with a little proviso, if you allow us that the Bill be taken up tomorrow or

হয়। কাজেই পরিচালনার ক্ষেত্রে নানারকম অসুবিধা হয়। সেইজন্য একই ডাইরেক্টর একবার নির্বাচনের পরে ৩ বছর যদি থাকতে পারে তাহলে সে খানিকটা অন্ততঃ কাজ করে মোটামুটি তার যোগ্যতা প্রমাণ করতে পারে। এতে সেই সুযোগ সে পাবে। পরবর্তী কালে তিনি নির্বাচনে অবতীর্ণ হবার সময় সদস্যরা তার যোগ্যতা বিচার করার সুযোগ পাবেন। সদস্যরা ভাল করেছেন কি খারাপ করেছেন তার দ্বারা সেটা নির্ধারিত হবে। সেই ক্ষেত্রে যারা অফিস বেয়ারার হবেন, সেখানে কিছুটা রেসট্রিকসান রেখেছেন। এখানে সিলেক্ট কমিটির একজন মাননীয় সদস্য নোট অব ডিসেণ্ট দিয়েছেন দেখলাম। এম. এল. এ, এম. পি. চিরকাল থাকতে পারে, ৩ বছর করে আজকে টার্ম কেন করা হয়েছে এই কথা সুব্রতবাবু বলতে চেয়েছেন। তিনি বলেছেন এটা অগণতান্ত্রিক এবং এর ফলে গণতন্ত্র নাকি ব্যাহত হয়েছে। গণতন্ত্রের প্রতি তো ওঁদের খুব দরদ দেখছি। আপনারা তো এতদিন আইন করেছিলেন এবং অনেকবার আইন চেঞ্জও করেছেন। আপনারা তো গনতন্ত্রের গর্ব করেন, এতদিন এটা করেন নি কেন? আপনাদের সময়ে তো ছিল না যে এম. এল. এ., এম. পি. রা বরাবর থাকবেন, আর কো-অপারেটিভ চেয়ারম্যান, সেক্রেটারি তারা ৩ বছর থাকবেন কেন, তাদেরও বরাবর থাকতে দিতে হবে এটা অগণতান্ত্রিক মনে করেই বন্ধ করে দেওয়া হয়েছে। এ পর্যন্ত আপনারা যা দেখাতে পারতেন তা দেখাতে পারেন নি। এই সব ব্যবস্থা আপনারা করে রেখেছিলেন। এখানে আপত্তি কেন করেছেন? ৩ বছর বাই রোটেশন করতে হবে এইখানেই তাদের আপত্তি হচ্ছে।

( ভয়েস : তন্তুজের চুরির কথা বলুন। )

চোরের দলের মুখে এই কথা সাজে না। চোরের মায়ের বড় গলা, দেখতে পাচ্ছি। বাংলাদেশের মানুষ আপনাদের চিনে নিয়েছে।

[4-30—4-40 P.M.]

ওরা এমন ব্যবস্থা করে রেখেছিলেন যে যেন কোনদিন যেতে না হয়। বাই রোটেশান তিন জন বা ৪ জন করে থাকবেন। আমরা সেটার অবসান করেছি এবং সেইজন্যই ওরা আপত্তি করছেন। গণতন্ত্র; টনতন্ত্র এসব মুখোস; আসল ব্যাপার হচ্ছে চিরকাল থাকা যাবে না সেই জন্যই তাদের আপত্তি। ওরা তো চান বিধানসভায় একবার নির্বাচিত হয়ে ১০ বছর থাকতে; পঞ্চায়েতে একবার নির্বাচিত হয়ে ১৫ বছর থাকতে। ওরা নির্বাচন করতে চান না।

(ভয়েজ)

কো-অপারেটিভ সম্বন্ধে আজকে যে নতুন বিল আমাদের বামফ্রন্ট সরকার এনেছেন এর সবচেয়ে বড় বৈশিষ্ট হ'ল, কায়েমী স্বার্থ বলে কো-অপারেটিভে যেটা ঘাঁটি গেড়ে আছে তার মূলচ্ছেদ করার চেষ্টা

করা। আর গণতন্ত্র বলে ওরা যেটা বলতে চাইছেন সেটা হচ্ছে জনসাধারণকে ধাপ্পা দেওয়া। স্যার, ওরা যদি সত্যিকারের গণতন্ত্র চাইতেন বা গণতান্ত্রিক ব্যবস্থা হিসাবে এটাকে মনে করতেন তাহলে ওদের আইনেই সেটা করে যেতেন। এ ছাড়া স্যার, আরো কতকগুলি ব্যবস্থা আমরা করেছি। আমরা কর্মচারীদের রিপ্রেজেণ্টসান কমিটির মধ্যে রেখেছি। ওরা বলছেন, তাদের ভোটাধিকার দেন নি। আমি ওদের জিজ্ঞাসা করি, আপনারা তো সেটা দিতে পারতেন। কাজেই আমি বলব, আপনারা যে সব বড় বড় কথা বলছেন এসব কথা আপনাদের মুখে সাজে না, লোকে এসব বিশ্বাস করবে না। এখানে স্যার, ভোটাধিকার না দেবার কারণ হচ্ছে একজন কর্মচারীর যদি ডিরেক্টার বোর্ডে ভোটাধিকার থাকে তাহলে সেখানে দলাদলি হবে। চেয়ারম্যান তিনি যদি হন বা সেক্রেটারী হ'ন তাহলে সেই সোসাইটির পরিচালনার ব্যাপারে অসুবিধা দেখা দিতে পারে। ভোটে যদি দুটো দল হয়ে যায় এবং সেখানে যদি নির্বাচন হয় তাহলে স্যাবোটেজিং হতে পারে এবং নানান গোলমাল হতে পারে। তবে যেখানে ব্যবসা কিভাবে চলবে, লোকসান হবে কিনা, পরি-কল্পনা কি নেওয়া হবে এইসব ব্যাপারের আলোচনায় তারা অংশ গ্রহণ করবে। সেখানে সে চেয়ারম্যান হতে পারলো কিনা সেটা বড় কথা নয়, বড় কথা হচ্ছে সেই কো-অপারেটিভকে সুষ্ঠু ভাবে চালানো। এখানে একটা অগণতান্ত্রিক ব্যাপার ছিল আমরা সেটা সংশোধন করেছি। তারপর এই বিলের আর একটা বৈশিষ্ট হচ্ছে পঞ্চায়েতের প্রতিনিধি নেওয়া। অতীশবাবু খুব বললেন যে কো-অপারেটিভ এবং পঞ্চায়েতে যেন ভাই ভাই হিসাবে কাজ করতে পারে। আমি তাঁকে জিজ্ঞাসা করি, মনে প্রাণে কি তিনি তাই চান? আমরা জানি তা কখনও চান না। আমরা কিন্তু সেটা চাই এবং সেজন্যই সেখানে ব্যবস্থা করেছি। আমরা জানি গ্রামাঞ্চলের মানুষের নির্বাচিত প্রতিনিধি হচ্ছে পঞ্চায়েত। ঋণ কালেকসানের ব্যাপারে, ঋণ ডিসট্রিবিউসানের ব্যাপারে এবং সমবায়ের যে সমস্ত কার্যকলাপ আছে সেগুলি সুষ্ঠুভাবে পরিচালনার ব্যাপারে পঞ্চায়েতের সহযোগিতা দরকার। সেটা দরকার বলেই আমরা পঞ্চায়েতের প্রতিনিধি নিয়েছি। সেখানেও আমরা ভোটাধিকার দিইনি। আপনারা কি বলবেন এটাও পার্টিবাজী? কো-অপারেটিভের একটা মূল বৈশিষ্ট্য হচ্ছে, এটা হচ্ছে শেয়ার হোল্ডারদের প্রতিষ্ঠান। যারা অংশীদার তাদের ভোটাধিকার থাকবে। পঞ্চায়েতের প্রতিনিধি, তিনি তো অংশীদার হিসাবে সেখানে যাচ্ছেন না। কর্মচারী যারা তারা সেখানে অংশীদার হিসাবে তো যাচ্ছেন না, ম্যানেজিং ডিরেক্টার, তিনিও অংশীদার নন, সেইজন্য সেখান তাদের ভোটাধিকার না দিয়ে তারা যাতে সুষ্ঠুভাবে পরিচালনার ব্যাপারে সাহায্য করতে পারেন সেইজন্য তাদের রাখা হয়েছে। ওরা গণতন্ত্রের কথা বলছেন। এখানে নাকি এ্যানুয়াল জেনারেল মিটিং-এ কি সিদ্ধান্ত নিতে হবে তা রেজিষ্টারকে ডাইরেকসান দিতে পারবে গভর্ণমেণ্ট। এটা খুবই আশ্চর্য্যের কথা ১৯৭৩ সালের আইনে কি ছিল। আগের আইনে এটা ছিল না। ১৯৭৩ সালে জয়নাল সাহেব, অতীশবাবুরা যে আইন করেছিলেন তাতে আইন আনলেন যে বিনা নোটিশে জেনারেল মিটিং-এর রেজিলিউসান বাতিল করে দিতে পারবেন।

কোন রকম না জানিয়ে সাসপেণ্ড করে দিতে বা বাতীল করে দিতে পারবেন। আর এখন আমরা কি বলছি ? আমরা বলেছি যে তাকে উপদেশ দিতে পারবেন যে এই এই ভাবে কাজগুলি বিবেচনা কর বা আলোচনা কর। কোনটা বেশী অগণতান্ত্রিক ? এটা খুবই গণতান্ত্রিক এবং এটার প্রয়োজনীয়তা আছে। সমবায়কে সুষ্টভাবে পরিচালনার ক্ষেত্রে এটা খুবই প্রয়োজনীয়, সে জন্য এটা আমরা করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বোর্ড বাতিলের ব্যাপারে আমরা কি বলেছি ? কোন সোসাইটির কর্মকর্তা যদি এমন কোন সিদ্ধান্ত নেন, যা সোসাইটির সদস্যগণের স্বার্থ বিরোধী বা সোসাইটির সাধারণ যে নিয়ম আছে তার বিরোধী তাহলে সেগুলি নিশ্চয়ই বন্ধ করতে হবে। আজকে বিভিন্ন এ্যাপেক্স সেণ্টারের বেশীর ভাগ ক্ষেত্রে যা চলছে তা নিশ্চয়ই বন্ধ করতে হবে। অবশ্য বন্ধ করলে মামলার দিকে চলে যাবে এবং মামলার দিকে যদি চলে যায় তাহলে কিছু করার নেই। কিন্তু মামলার দিকে না গেলে সেখানে আমরা যেটা করছি সেটা হচ্ছে, আপাততঃ সেগুলিকে বন্ধ করা না গেলেও একটা টাইম লিমিট করে দিয়েছে সমস্ত ক্ষেত্রে—নির্বাচনের ক্ষেত্রে, রেজিষ্ট্রেশানের ক্ষেত্রে ইত্যাদি যা রেজলিউশানে আছে, সেই সমস্ত বাতিল করা বা যা কিছু করার ব্যাপারে, আপত্তি করার ব্যাপারে একটা টাইম লিমিট করে দিয়েছি যে এর মধ্যে তার কাছ থেকে বক্তব্য শুনতে হবে, তাকে অপোরচুনিটি দিতে হবে। তাব বক্তব্য যদি স্যাটিসফ্যাক্টরী না হয় তাহলে সাসপেনশান উঠে যাবে এবং সেই জিনিসটা কার্য্যকরী হবে। কিন্তু কোন অপোরচুনিটি না দিয়ে কিছু করা হবেনা। আজকে আমাদের আইনে সেই প্রভিশান আমরা রেখেছি। বর্গাদার, পাট্টা হোল্ডারদের কর্জের ব্যাপারে বিদ্যাসাগর ব্যাংকের দৃষ্টান্ত তুলে ধরেছেন। বিদ্যাসাগর ব্যাংকের ব্যাপারে আমি জানিনা, ওনার কাছে হয়ত রিপোর্ট এসেছে, উনি বলেছেন। কিন্তু আমাদের সাধারণ অভিজ্ঞতায় আমরা দেখেছি যে বর্গাদার, পাট্টা হোল্ডার বা এই সমস্ত গরীব মানুষ, মার্জিন্যাল ফারমার, স্মল ফারমার যারা আছেন তাদের যা কিছু ঋণ দেওয়া হয় সেটা সাধারণতঃ আদায় হয়। আজকে কোটি কোটি টাকা ওভারডিউ যা পড়ে রয়েছে, আমাদের অভিজ্ঞতায় দেখেছি যে এর বেশীর ভাগ পড়ে আছে রাঘব বোয়ালদের কাছে, যারা জোতদার তাদের কাছে এবং আমাদের সাত্তার সাহেবের দলের প্রধান চাই যারা তাদের কাছে এবং তারা আদায় দেন না। তারা চেঁচামেচি করেন, আর এখানে এসে বলছেন যে বর্গাদাররা পাট্টাদাররা দিচ্ছে না এবং তার জন্য ব্যাঙ্ক অচল হয়ে গেছে। আগে জিনিসটা ভাল করে দেখুন তারপরে বলুন। ৪ হাজার বর্গাদারকে, পাট্টাদারকে ৯ লক্ষ টাকা দিয়েছেন বলে বলেছেন কিন্তু কত লক্ষ টাকা তার অনাদায়ী সেটা দেখুন। সেখানে দেখবেন যে কোটি কোটি টাকা অনাদায়ী রয়েছে। এটা কাদের কাছে আছে সেটা বলবেন না। অতএব যেটা বলছেন, সেটা ঠিক নয়। গরীব লোকেরা দেয় কারণ তারা জানে যে এটা ছাড়া তাদের আর কোন উপায় নেই, এটা থেকেই তাদের খেতে হবে। কাজেই তারা এটাকে বজায় রাখতে চায়। আর রেজেষ্ট্রির ব্যাপারে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অভিজ্ঞতায় দেখেছি যে কো-অপারেটিভ সোসাইটি বিশেষ করে প্রাইমারী লেভেলে পারিবারিক সম্পদ—আমি বিশেষ করে দেখেছি যে সার্ভিস কো-অপারেটিভ, উইভার্স কো-অপারেটিভ, ফিসারম্যান কো-অপারেটিভ এই সমস্ত কতকগুলি জায়গায়—পারিবারিক সম্পত্তি।

কিন্তু উইভার্স সোসাইটিতে দেখেছি যে অনবরত কতকগুলি অভিযোগ আসছে, যেগুলি অবশ্য ডিফাংক্ট। অনেকগুলিকে লিকুইডেশানে দিয়ে দেওয়া হয়েছে। কিন্তু এখনও সব ধরা যাচ্ছে না, এগুলি ধরতে হবে। পারিবারিক অর্থাৎ তার ফ্যামিলির মধ্যে ভাইপো, খুড়ো, কাকা ইত্যাদি সব নিয়ে মেম্বার করে বসিয়ে রেখে দিয়েছে, সেখানে জনসাধারণের কোন প্রবেশাধিকার নেই, সেখানে তাদের কোন অধিকার নেই। এ জন্য বলেছি যে বিভিন্ন পরিবার থেকে হতে হবে, প্রফেসন্যাল হতে হবে। এতে আপত্তি করার কি আছে আমি বুঝতে পারছি না। অতীশবাবু এত করে বলছেন, বা ওদের পার্টি এত করে চেপে ধরছেন যে অন্ততঃ ২/৩ জন করে একটা পরিবার থেকে থাকতে দিন। আমি বুঝতে পারছিনা যে এদের উদ্দেশ্য কি ? ২/৩ জনকে থাকতে দিন অর্থাৎ ২/৩ জন এমন ব্যক্তিকে নেবেন যাতে তারা যা কিছু করতে পারবে, আর বাকী ৭ জন সাজান থাকবে। এই ব্যবস্থা করতে পারি ? কাজেই এই ব্যবস্থা হবে না।

[4-40—4-50 P.M.]

সব যেন সাজানো থাকত, ২/৩ জনে যা ইচ্ছে তাই করতে পারত। এ জিনিস চলতে পারেনা, সুতরাং এ ব্যবস্থা আর থাকবে না। এটা সম্পূর্ণ সমবায় নীতি বিরোধী, সেই জন্য এটা হবে না। সুতরাং এখানে বিলে যা আছে তাই থাকা উচিত বলে আমি মনে করি।

রেজিষ্ট্রির ব্যাপারে বলতে গিয়ে অতীশবাবু আশঙ্কা প্রকাশ করলেন যে, রেজিষ্ট্রেসন কাউনসিল করলে তাদের হাতে সব চলে যাবে, সুতরাং এটা ঠিক নয়। মুশকিল হচ্ছে ওঁরা প্রকৃত ঘটনার বিপরীত কথা বলেন, ফলে আমাদের কিছুই বলার থাকে না। মাননীয় মন্ত্রী মহাশয় এবিষয়ে জবাব দেবেন। আমি শুধু আমার অভিজ্ঞতার কথা এখানে বলছি। আমি দেখছি রেজিষ্ট্রির ব্যাপার মাসের পর মাস পড়ে আছে, গ্রামের মানুষেরা কোথাও হয়ত একটা সার্ভিস কো-অপারেটিভ করবে বা উইভারস্' কো-অপারেটিভ করবে কিম্বা ফিসারমেন'স কো-অপারেটিভ করবে কিম্বা কনজিউমাস 'কো-অপারেটিভ করবে কিম্বা রিক্সপুরারস' কো-অপারেটিভ করবে বা যেটা আজকে গ্রামের দিকে খুব চালু হয়েছে—লেবার কো-অপারেটিভ—তাই হয়ত করবে, তার প্রোপোজাল পড়ে থাকে। মাসের পর মাস ইনসপেক্টরদের কাছে প্রোপোজাল পড়ে থাকে, এ্যাসিসটেন্ট রেজিষ্ট্রারের কাছে কোয়ারি করে করে ৬ মাস, ১ বছর কেটে যায়, রেজিষ্ট্রেসন হয় না। তাই আমরা বলেছি, এটা আর হবে না, এটা একটা সময়ের মধ্যে করতে হবে, টাইম বেঁধে দিয়ে করতে হবে। ওঁরা চেয়েছিলেন সময়ের মধ্যে যেগুলি হবে না সেগুলি অটোমেটিক্যালি রেজিষ্ট্রি হয়ে যাবে। কিন্তু তা তো হতে পারে না। অফিসারদের গাফিলতির জন্য যদি পড়ে থাকে তাহলে সেগুলি অটোমেটিক্যালি হয়ে যাবে, এটা হতে পারে না। টাইম লিমিট বেঁধে দেওয়া হচ্ছে। অথচ এখানে ওঁরা গুরুতর আপত্তি করছেন। মাননীয় সদস্য অতীশবাবু সমবায় মন্ত্রী ছিলেন, তাঁর ঐরকম পরস্পর বিরোধী বক্তব্য শুনলাম। পূর্বের অসুবিধাগুলি দূর করবার জন্যই রেজিষ্ট্রেসন

কাউনসিল-এর কথা বলা হচ্ছে। তারপরে ষ্টেট কো-অপারেটিভ ইউনিয়ন-এর ভূমিকা হচ্ছে কো-অপারেটিভকে এডুকেটেড করবে, সমবায় আন্দোলনের প্রসার ঘটাবে। কো-অপারেটিভ আন্দোলনের প্রসার ঘটানো কো-অপারেটিভ বোর্ডের কাজ নয়, কো-অপারেটিভকে সুষ্ঠুভাবে পরিচালনা করাও কাজ নয়। কো-অপারেটিভকে রেজিষ্ট্রি করার ক্ষেত্রে অফিসার বা বুরোক্রেটদের নেকলিজেন্সি থাকে, অনেক রকম মোটিভ থাকে, সেই জন্য এটাকে সংশোধন করে যুক্তি সঙ্গতভাবেই রেজিষ্ট্রেসন কাউনসিল করা হচ্ছে। সমবায়ের যদি কেউ প্রতিনিধিত্ব করে থাকে তাহলে সে রেজিষ্ট্রার নয় বা অন্য কেউ নয়, প্রতিনিধিত্ব করছে ইউনিয়ন। তাদের অন্য কোন ব্যবসা নেই, লোন নেয় না, কোন কমার্শিয়াল ব্যাপার নেই, তাদের এক মাত্র কাজ হচ্ছে সমবায় যাতে ভালভাবে চলে, ভালভাবে গড়ে ওঠে তাই দেখা। সুতরাং রেজিষ্ট্রি দেওয়ার মত গুরুতর ব্যাপারের বেস্ লেভেল্ কি? একটা ফ্যামিলিকে বা কতগুলি দুর্নীতিপরায়ন মতলববাজকে এসব গুলি না দিয়ে রেজিষ্ট্রেসন কাউনসিলটা যুক্তি সঙ্গতভাবেই রাখা হয়েছে। সুতরাং এটা আমি খুবই সঙ্গত বলে মনে করি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা জিনিষ খুবই ভাল হয়েছে। সেটার সম্বন্ধে আমি একটু বলতে চাই। এ্যান্যুয়াল রেগুলেসন কনফার্ম করার কথা এখানে বলা হয়েছে। অতীশবাবু ঐকথা বললেন, অথচ উনি তো সমবায় মন্ত্রী ছিলেন, ওঁকে আমি বিনীতভাবে জিজ্ঞাসা করছি, 'আপনারা তো আইন করেছিলেন, তখন এটা করলেন না কেন? এটা একটা বিরাট ব্যাপার কিছু নয়। জেনারেল মিটিং-এর রিপোর্ট পরের বছর জেনারেল মিটিং-এ কনফার্ম করতে হবে। এই নিয়ম ১৯৪০ সাল থেকে চলে আসছে। ওঁরা তখন থেকে এর কোন পরিবর্ত্তন করেননি। কিন্তু এটা রাখা যায়না, বাস্তব অসুবিধা আছে। তার কারণ কার্যকরী কমিটির ডাইরেক্টর বোর্ডের মিটিং-এ কার্যবিবরণী কনফার্ম করতে হয় এবং তা করে তাকে কার্যকরী করতে হয়। জেনারেল মিটিং-এ পলিসি তৈরী হয়, সেখানে কার্যক্রম ওয়ার্কআউট করে একজিকিউট করা বা একজিকিউসনের কোন ফ্যাংসন নেই। সেখানে শুধু পলিসি তৈরী হবে এবং সেই পলিসির ভিত্তিতে ডাইরেক্টর বোর্ড বা ম্যানেজিং কমিটি পরিচালিত হয় কাজকর্ম করার জন্য। সুতরাং এক বছর পরে সমস্ত রিজলিউসন যদি কনফার্ম হয় তাহলে সারা বছর কাজ-কর্ম চলবে কি করে? এটা হয় না।

আমরা যেটা করছি এটা কোনদিনও ছিল না, তাসত্বেও আমরা করছি। আগেকার বছরে একটা সিদ্ধান্ত নিয়েছিলাম যে এটা মিটিং করে দিতে হবে, রেকর্ড করে দিতে হবে, যাতে মেম্বাররা জানতে পারেন যে এই এই কাজের সিদ্ধান্ত ছিল এবং তার দ্বারা তারা আলোচনার সুযোগ পাবেন এবং তারই পরিপ্রেক্ষিতে নতুন কর্মপদ্ধতি স্থির করতে পারবেন। এটাই হচ্ছে আমাদের উদ্দেশ্য। তারপর আর একটি কথা বলতে চাই সেটা হচ্ছে এ্যাডমিনিষ্ট্রেটরের ব্যাপারে। অতীশবাবু কি করে বললেন যে আমরা এ্যাডমিনিষ্ট্রেটর বসিয়েছিলাম এবং সময় বাড়িয়ে দিয়েছেন? এ্যাড-

মিনিষ্ট্রেটর কত বছর আছে? আমরা তো ৫ বছর আছি। এখনও তো আইন চেঞ্জ হয়নি। আপনারা তো নির্বাচন হতে দেবেন না? আপনারা মামলা করে বন্ধ করে দেবেন। সাবজুডিস কেস অনেক জায়গায় আছে। সেখানে আমরা কমাচ্ছি, আমরা বলছি, ৩ বছর হচ্ছে মাস্ট। তাই আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানতে চাই, সমবায় সমবায় করে চেঁচালেই শুধু হবে না এর জন্য সুষ্ঠুভাবে পরিকল্পনা করতে হবে। তাই বামফ্রন্ট সরকারের প্রধান দায়িত্ব হচ্ছে একে সুষ্ঠুভাবে পরিচালিত করা এবং সেই দায়িত্ববোধের দ্বারা পরিচালিত হয়ে গোটা আইনটিকে ঢেলে সাজিয়ে নতুন দৃষ্টিভঙ্গী দিয়ে যে আইন এনেছেন সেই আইনের মাধ্যমে আগামী দিনে আশাকরি সমবায় ব্যবস্থার মাধ্যমে জনসাধারণ কিছু সুযোগ সুবিধা পাবে এবং একে কার্যকরী করা যাবে। মাননীয় বিরোধীদলের সদস্যরা সে বিষয়ে সহযোগিতা করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পান্নাবাবু এখনও বসে আছেন, আমি সবিনয়ে নিবেদন করছি, "তুমি মহারাজ সাধু হলে আজ"। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কো-অপারেটিভ বিল সম্বন্ধে ইতিবৃত্ত বলে গেছেন নির্মলবাবু যিনি এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী। কিন্তু তার আগে আমার করুণা প্রকাশ করতে ইচ্ছা হয়, আমি সমবেদনা জ্ঞাপন করছি শ্রীভক্তিভূষণ মণ্ডলের প্রতি। তিনি পান্নাবাবুর কেচ্ছা ধরেছিলেন বলে মন্ত্রী সভায় তাঁকে নেওয়া হলো না। তিনি বিতাড়িত। May I put a question to the Hon'ble Minister if it is a fact that the proposed legislation which has been brought to the House is a carbon copy of the comprehensive legislation, I mean the previous Bill of 1973? About 80% of its contents are copied were as only 20% are different. Let me reiterate my point. These people claim to be the representatives of the people of West Bengal, but actually they are the representatives of the anti-socials, criminals, decoits robber and gangstars. They do not represent the common man of the State.

[4-50—5-00 P.M.]

They do not represent the common people, hence they cannot be the representative. প্রমাণ চাই? I accept the challenge with all humility. At page 48 of the report of enquiry with regard to the West Bengal Handloom Co-operative Weavers Society what is the finding? In page 48 it is written, "one of the allegations made in the anonymous complaint was regarding use of one vehicle by Shri P. L. Maji, M. L. A., acting Chairman of the

Society. It is a fact that one vehicle is exclusively attached to Shri Maji for his movement and from 300 to 350 litres of petrol is consumed per month. As his position as Chairman rather his functioning as such is not proper in the eye of law in view of injunction of Hon'ble Court, Executive Officer should not place one vehicle at the disposal of Shri P. L. Maji for carrying him to different places as required by Shri Maji. Besides, as cost of petrol has gone up some economy should be observed in the use of petrol. The charge against Shri Maji that he was in the habit of using the vehicle for unofficial purposes is found to be true. It is also true that he used the vehicle for coming from his village town which is situated about 40 miles from Calcutta. The vehicle has therefore been misused."

(Noise and interruption)

What further do you want ? Are you afraid ? Possibly you are the shameless creatures. That is why you are not even careful to your conduct. I charge you here again, by citing other examples. But I now leave it to the decency and courtesy of Shri Subrata Mukherjee to place it on Friday. Let me put again—

(Noise)

Do not put questions. I will unfold the whole history. You corrupt people you have vitiated the system of cooperation. Sir, if you allow me I may reiterate what I have observed in my note of dissent—(1) The proposed legislation appears to be almost similar to the existing cooperative socities Act in most of its clauses with minor modifications except in certain areas with an overt intention to policise the movement in favour of the present ruling front. (2) Instead of restricting the growth of vested interest in the cooperative societies the clauses relating to the term of office of the office-bearers may prove to help the reverse. (3) The provisions of co-operative Registration Council may prove first unnecessary and next the composition of the Council may help the parties of the Front in power for partisan gains only.

Sir, you know—you are an expert criminal lawyer—the jury system has been abandoned by all the civilised countries of the globe.

**Mr. Speaker :** All the civilised countries of the globe ?

**Dr. Zainal Abedin :** Yes, Sir.

**Mr. Speaker :** It is not even in America or Great Britain ?

**Dr. Zainal Abedin :** No, Sir. It has been abandoned where it originated. In India it has been abandoned, in British Empire it has been abandoned altogether. I will be happy if you could defend the Left Front in your capacity. Here they have proposed Registration Council. For what purpose ? All the applications from the Opposition not serving their interest will be rejected by a Council composed of heterogenious elements, and not by competent lawyers or retired judges. So, it is contrary to the concept of appeal, and it is contrary to the concept of judiciary. Where executives have failed they should not be renominated in a body where they will be sitting as judges. So, the cooperative Registration Council, out of 22 States, is in vogue possibly in one State only. It is an ingenious invention of this Left Front to accommodate people like Shri P. L. Maji and his disciples. (4) No specific provision is found prominent to promote the interests of the weaker section of the people. Sir, in a country where, the Left Front is the ruling front here they have the poverty line—the people living happens to be round about 70%, and in the whole of India because the Congress is the ruling party there, the percentage of people living below the poverty line has been brought down from 51 to 48.

But here in this State the mighty ruling front representatives of the 'have nots' have managed the economy in such a way that in 1981 census it was observed that the pauperization of the peasantry is increasing under the Left Front regime. Hence, Sir, some provision is necessary to promote the interest of the weaker section. Where are these ?

If anybody is bold enough to cite the example that it is your credit you have not been able to nurse it to the extent the percentage of Scheduled Tribes and Scheduled Castes population required. You have miserably failed there.

(5) The role and responsibilities of the Government towards universalisation of the co-operative movement have not been clearly defined.

Sir, during our regime we proposed that it is the duty of the Government in a State of affairs like here in West Bengal to allow at least one member from each family in West Bengal to be a member in the co-operative society in either of its institutions. In either of its spheres of activities, be it credit, be it consumers, be it of marketing, be it housing or whatsoever it is. But my friend, Prof. Bose will he be able to do ? What is the numerical increase in membership of co-operative societies in West Bengal during the regime of Left Front from 24th June, 1977 till up-to-date ? Possibly negligible.

Next, (6) amongst state enterprises and private enterprises the co-operatives as a third-force could have played a significant and vital role but for the wrong policies and persuits of the present ruling Front, the prospect is not bright rather it appears to be dark here in the State.

Sir, one example only. You know the consumers federation, the Apex Body of the consumers of the co-operative society. It was in-charge of distribution of iodising the salt—the common salt—used by the common men in West Bengal. During their regime it has been passed over to one Jugal Jajoria who is in-charge of iodizing and supplying of salt. Unfortunately, Sir, I am afraid if a forensic examination is made on a sample of salt supplied by this Jugal Jajoria you will find that the salt supplied by them is not being iodized. Hence what is the prospect of co-operative movement here as third-force in between the State enterprises and the private enterprises. Sir, this Left Front regime under pressure of the capitalists, the profiteers and the blackmarketeers have truncated the

function of the Apex consumers co-operative societies. An important commodities like salt used by the common men has been trusted to be refined and iodized compulsorily by a man who used sub-standard method, and there is no check in it. Hence Sir, the accumulated capital, the capital of the consumers Apex Societies has eroded away even to such an extent that it has become a losing concern by now because of their great activities.

(7) Education, organisation and publicity and well conceived programmes could have helped the movement to grow further here in this State, but there is little or negligible attempts by the ruling Front for furtherence of the movement.

Sir, in an advanced country like Sweeden there is a system of ambushment of consumers goods and there is a system of market course. Even a criminal expert have possibly some knowledge about market course. My friend Prof. Bose an energetic youngman attached with the University education now in-charge of co-operation movement, has not proposed such an advancement in the movement. Where is this ? Even in a Socialist country like Poland I have seen OPINIA—a role of OPINIA. They pick up samples from the market and they analyse it in their laboratory, and give their opinion. If it is found sub-standard and manufacturers are being punished. Where is that system ? Here if you allow co-operative movement to act as third-force you must have some control over the production.

[5-00—5-10 P.M.]

Where is the proposal for production during your regime while the rest of India has taken up productivity as large as fertiliser production scheme ? West Bengal is lagging behind the scheme. Then the fertilizer factory at the Sunderban possibly has collapsed by now under the pressure of the Left Front regime. This is the fate, Sir. So the State Government policy is such that the Co-operative gets an advantage. You will find some

project monopoly of the capitalists. There is no prospect but there is pollution, there is communication and possibly there is share with the capitalist and the monopolist. As such there is no scope of manufacturing industry in the co-operative sectors here. The Serampore Spinnihg Mill and the Co-operative Spinning Mill are in a moribund condition. The proposal to set up some other spinning mills in certain other backward areas in the country has not been materialised as yet. As such unless we have control over the production we cannot have control over the public distribution system such as rationing Co-operative movement should have played a significant role but the wrong policy is there to encourage the monopoly of the traders. The consumers Co-operatives have not been called upon to play due role in the effective and systematic working for the public distribution system—I mean ration. There is crisis of kerosene now. Has it been stocked in Consumer Co-operative Societies at least to stop the black marketing to the extent which is going on now ? It could not come up there had a man like Mr. Maji not been there in the Organisation.

I crave for your indulgence, Sir, to point out here that. Too much legislation, litigation and law-suits may deter the growth of the co-operative movement because of wrong policies of ruling Front. There is so much noise and news of litigations that have come up here in the sphere of the co-operative movement in the State without progress.

Sir, Co-operative, as you know, movement was started in the 18th century by the weavers' of Manchester. It has been copied, it has been adopted by the civilized country, and here it is a voluntary movement. I have the opportunity to serve a large part of co-operative movement and the legislation there. I have the opportunity to see that in certain advanced country there is no co-operation as to legislation. Government does not interfere in the co-operative movement. There is no legislation and there is no Co-operative Department in civilized advanced countries. But here I feel it necessary because we are a developing nation. But here it should not be left to the court of law. Many cases are pending in the different

level. Cases are delayed and the people are denied justice. Nothing can be remedied unless there is earnestness in the matter as to the growth of co-operative movement. Here we find that some suits are pending in the Supreme Court and in some other High Court. There is a constitution as to the Supreme authority and with regard to the rights and liberties of the subjects here in India. Cannot there be an indemnity ? Have you been able to get the people ? Is your P. L. Maji is immune from the jurisdiction of Court, even with proposed legislation here ? No. So litigation and lossees are not the answer to the growth of the movement.

Now the provision is found specific to inspire the common men and women to come under the Co-operative umbrella against exploitation by the monopolists or capitalists in the field of manufacturing or productive ventures. Here there are load-sheding. Here we have found theree units in Bandel have gone out of order. It is a common phenomena. There is bad management in all spheres. Everybody knows that there is no load-shedding in Birla Factory. There is no load-shedding in Goenka's Factory and there is no load-shedding in Dandania's Factory but there is load-shedding in all co-operative stores here. So unless Co-operative Movement picks up some ventre here with regard to the manufacture, productive centre, productive firm, agriculture, co-operative firming no progress can be made. Here we have failed miserably. But why are you not fighting again and again to bring the havenots, the marginal farmers under the co-operative firming rules ? Why are you so much dependent upon the Centre for supply of foodgrains ?

Why so much dependance upon the Centre for supply of foodgrains, for supply of certain other essential commodities ? Sir, it is because the produc- here is very iow.

I now come to point No. 10 of my Note of Dissent which runs as follows : "No lesson has been taken by the ruling front from its utter failure in the matter of co-operative loans and debts and as such the peoples

demand for short term credit has not been met even in small proportion." Sir, the other day, the Minister-in-charge announced in the House the amount of co-operative debts is Rs. 157 crores, it is alarming. Sir, to me the Left-Front Goveṛment is a complex government. I do not know how can everyone go to the government who run after selfish motives, always hankering for loaves and fishes. It is highly alarming that this amount of Rs. 157 crores is still overdue. Some of our friends will oppose the preventive measures that have been taken to repay the loans. A statement in this regard has already been issued along with the Chief Minister for collection of the debts. I may emphasise here that these are not the usual trends that can be noticed all over India. Sir. unless there is a coordination among all the parties Marxists and Forward Block, RSP and Forward Block this system will go wrong. Sir, I am explaining to you the minimum necessity that will have to be under taken. An expert committee was set up by the Reserve Bank of India as early as 1970-71 with regard to the needs of the small people here. It was estimated at the price level prevailed in 1970-71 that the minimum small credit necessity is round about Rs. 300 crores. It was at the price level of 1970-71 and now at the current price level it must be around Rs. 800 crores out of which, if the trends prevail, the Cooperative Department and the Cooperative Institutions will not be able to meet even 5% of the total needs.

Sir, with regard to my next point No. 11 which runs as follows : "No provision is found in the proposed legislation to harmonise the activities of the co-operative societies at different levels." here is Shri Pannalal Maji who is to pay greater attention to this. There should be a right of inspection of the smaller, the lower department of the central society because of the calumny on the report of the Handloom Weavers' Co-operative Society. As such, we feel it necessary to harmonise the activities from primary to the apex level, to harmonise the activities amongst the different levels of the co-operative society in order to have a healthy growth of the co-operative movement.

[5-10—5-20 P.M. ]

But we disagree vehemently with the political and partisan views of the Left-Front Govt. as expressed in the proposed legislation. We cannot agree. We can agree in part but we cannot agree with the provision where the partisan deal is prominent, where partisan gains are being encouraged and these are in spate. As such I am at pains to oppose certain major clauses and major proposal here, although I agree to 80% of the contents of the Bill, because it is our carbon copy.

With these words, I thank the Chairman of the Select Committee who allowed us time, scope and opportunity to make a discussion on the Bill at the Select Committee level freely, and I appologise to you Sir, it is not the convention Member participating in the Select Committee should not have taken part in the discussion because by mockery or fortune, I am alone to take part in the discussion. You will please excuse my parliamentary extravagancy and I take your indulgence in making the statement.

**Mr. Speaker :** Dr. Zainal Abedin, I want only one clarification. You have said that in some countries there are unwritten laws on Co-operatives ; in some countries, there are unwritten Constitutions. So can we scrap our Constitution ?

**Dr. Zainal Abedin :** No, we cannot.

**শ্রীনীহার কুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় সমবায় মন্ত্রী যে বিল সভায় উপস্থাপিত করেছেন আমি সেই বিলটিকে সমর্থন করে দু একটি কথা বলতে চাই। আমি দীর্ঘ সময়ে ধরে বিরোধীদের বক্তৃতা শুনলাম। সমবায় যেখানে আমাদের দেশের অর্থনীতিতে এক অপরিসীম গুরুত্ব রাখে সেখানে আমি আশা করেছিলাম বিরোধীদলের পক্ষ থেকে এই ব্যাপারে মূল্যবান বক্তব্য রাখবেন। কিন্তু তাদের বক্তৃতা শুনে দারুণ হতাশ হয়েছি। তারা কিছু ব্যক্তিগত আক্রমণ করলেন। সমবায় আলোচনার মধ্যে যতটুকু আমরা উপলব্ধি করলাম তা হল এখানে আইন কানুন নেই এবং আরো বেশী গণতান্ত্রিক করণ করা দরকার। ইত্যাদি অনেক কথা বলেছেন। স্যার, আজকে যে পটভূমিকায় এটা উপস্থাপন করা হয়েছে তা কিছু উল্লেখ করা প্রয়োজন আছে বলে

আমি মনে করি। আমাদের দেশের সমবায় আন্দোলন ১৯০৪ সালে ইংরাজ আমলে শুরু হয়েছিল। সর্বপ্রথম গ্রামে কৃষিঋণ সমিতি অর্থাৎ কৃষি সমবায় সমিতি হচ্ছে সমবায় আন্দোলনের প্রথম পদক্ষেপ। এটা ভারতবর্ষের ইংরাজ আমলে শুরু হয়েছিল। কিন্তু আজকে দেশ স্বাধীন হওয়ার ৩৫ বছর পরেও দেখি কৃষিক্ষেত্রে গ্রামাঞ্চলে বিত্তবান লোকেরা যা কিছু সুযোগ সুবিধা সমবায়ের ক্ষেত্রে প্রযুক্তি বিদ্যা এবং বিজ্ঞানের ফলে গ্রহণ করেছেন। এই গরীব মানুষ, ভূমিহীন যারা তাদের জন্য আজকে বেশী বিবেচনা করা দরকার হয়ে পড়েছে। দেশ স্বাধীন হওয়ার ৩৫ বছর পরেও দেখছি যে গ্রামে ধনতান্ত্রিক অর্থনীতি সৃষ্টি হয়েছে এবং ধনতান্ত্রিক অর্থনীতি দেখা দিয়েছে। গ্রামের সম্পদ আজকে মুষ্টিমেয় লোকের হাতে কুক্ষিগত হয়ে রয়েছে। এর হিসাব আমরা যদি দেখি তাহলে দেখবো যে ৪ শতাংশ মানুষের হাতে ৪'৬ শতাংশ সম্পত্তি কুক্ষিগত হয়ে রয়েছে। গ্রামের মানুষের সম্পত্তির বাধা এমন একটি সীমায় এসে দাঁড়িয়েছে যে গ্রামের অর্থনীতি ভেঙে পড়েছে। স্যার, আমরা বামপন্থীরা চেয়েছিলাম যে সমবায়কে যথাযথভাবে গরীবের স্বার্থে, দুর্বল শ্রেণীর স্বার্থে অর্থাৎ দুর্বল যে অংশ গ্রামে আছে তাদের স্বার্থে এবং সমাজের এক অংশের স্বার্থে ব্যবহার করতে হবে। এবং এই ৫ বছরের মধ্যে বামফ্রন্টের নেতৃত্বে সমবায় আন্দোলনকে একটা উল্লেখযোগ্য ভূমিকা পালন করবার জন্য আমরা চেষ্টা করেছি এবং করছি।

এই আন্দোলন যত শক্তিশালী হচ্ছে ততই তার সংগে সমতা রেখে আইনের পরিবর্তন করতে হচ্ছে। সেজন্য আজ একটা পূর্ণাঙ্গআইন মন্ত্রী মহাশয় পেশ করেছেন। এই ৫ বছরের মধ্যে গ্রামাঞ্চলে গ্রাস রুটে ৭ হাজার ৯২টি কৃষক সমিতি পশ্চিমবাংলায় হয়েছে। ১৯৭৬-৭৭ সালে এই সমিতির সদস্য সংখ্যা ছিল ১৮ লক্ষ ৬৫ হাজার। কিন্তু ৫ বছরের মধ্যে সেটা হয়েছে ২২ লক্ষ ৯১ হাজার। এর মধ্যে গরিব, ভূমিহীন সাধারণ কৃষক আছে। ১৯৭৬-৭৭ সালে তারা ছিল ১৩'৬৮ ভাগ, এখন সেটা হয়েছে ১৭'৭৩ ভাগ। এর মধ্যে দিয়ে প্রমাণিত হয়েছে যে আমরা গত ৫ বছরে গ্রামীন অর্থনীতিতে গরিব মানুষের স্বার্থে সমবায়কে গড়ে তুলতে পেরেছি। এই সব কৃষি সমিতির যা ম্যানেজার ছিল তাদের বেতন ওদের আমলে ছিল ৫০।৬০ টাকা। কিন্তু এই সরকার ন্যুনতম বেতন করেছেন ২৭০ টাকা যাতে তারা সুষ্ঠুভাবে পরিচালিত করতে পারেন। ওদের আমলে এগুলি অবহেলিত ছিল এবং গ্রামের যারা বিত্তশালী ব্যক্তি তারা একে কব্জা করে ছিল। এবং সেখানে একটা কায়েমী স্বার্থ তৈরী হয়েছিল। একে ভাঙতে গিয়ে একটা সার্বজনীন সদস্য নীতি গ্রহণ করতে হয়েছে। অর্থাত গ্রামের গরিব, ভূমিহীনকৃষক, বর্গাদার, প্রান্তিক কৃষকরা যাতে এর সদস্য হতে পারে তার ব্যবস্থা করা হয়েছে। এদের সদস্য হবার জন্য প্রয়োজনীয় টাকা পয়সা সরকার দিচ্ছেন। এর ফলে গ্রামে গ্রামে এই সমস্ত সমিতিগুলি গরিব কৃষকদের স্বার্থে পরিচালিত হচ্ছে। এরা মুখে গনতন্ত্রীকরণের কথা বলেন, আসলে কাজের মধ্যে দিয়ে আমরা এই কাজ করেছি। আপনারা জানেন যে কৃষক চাঁষবাস করে তার বিপনন একটা ন্যায্য প্রশ্ন। কৃষক যদি ন্যায্য মূল্য না পায় তাহলে গ্রামের অর্থনীতি সুষ্ঠু গতিপথ ধরে যেতে পারেনা এবং এর ফলে গ্রামের অর্থনীতি ভেঙে পড়েছে। আগে ফসলের বিপননের ক্ষেত্রে কোন সুযোগ সুবিধা ছিল না,

বরং সীমাবদ্ধ ছিল। আমাদের দেশে পাটচাষ একটা অর্থকরী ফসল। দেশের কৃষকরা পাটচাষ করে বৈদেশিক মুদ্রা অর্জন করে। চট শিল্পে আড়াই লক্ষ শ্রমিক কাজ করে এবং পাট চাষের সঙ্গে যুক্ত ৪০ লক্ষ কৃষক। কিন্তু আমাদের অভিজ্ঞতা হচ্ছে পাট চাষীরা ন্যায্য মূল্য পায়না।

[5-20—5-30 P.M.]

পাট চাষ করতে গিয়ে এক কুইন্টল পাট ফলাতে কৃষককে যে পরিমান টাকা খরচ করতে হয় আর কেন্দ্র থেকে যে মূল্য নিয়ন্ত্রন করে দেওয়া হয় তাতে তার খরচের টাকা উঠে না। ফলে গরীব কৃষক তার উতপন্ন ফসল বিপনন করতে পারে না, সে ন্যায্য দাম পায় না, কেন্দ্র নির্ধারিত মূল্য তার কাছে পৌছায় না। তাই বিপনন সমিতিগুলি যদি সঠিকভাবে পরিচালিত হয় তাহলে কৃষক তার উৎপন্ন ফসল বিপনন করতে পারবে এবং তার ফসলের ন্যায্য মূল্য পাবে এবং তাতে গ্রামীন অর্থ নীতি আরো সচল হবে। এই বিপননের ক্ষেত্রে আমরা দেখেছি সেখানে কায়েমী স্বার্থ ছিল। সে ক্ষেত্রে সরকার একটা সুষ্ঠু ব্যবস্থা নিয়েছেন, নতুনভাবে বিপনন সমিতিগুলিকে সম্প্রসারিত করা হচ্ছে, তাদের কাজ বাড়ান হচ্ছে। এইসব কারণে আইন-কানুনের পরিবর্তন প্রয়োজন আছে। চলতি আইন থেকে যেসমস্ত পরিবর্তনগুলি আনা হয়েছে সেক্ষেত্রে বলা হচ্ছে যে এই সমস্ত সমিতি গুলির পরিচালনার ক্ষেত্রে শ্রমিক কর্মচারীদের প্রতিনিধিত্ব দেওয়া হোক, আরো গণতন্ত্রী করণ করা হোক। যারা এই সমিতিগুলির সাথে যুক্ত তারা এই সমিতিগুলির পরিচালনার ক্ষেত্রে অংশ গ্রহণ করুক এই গণতান্ত্রিক চিন্তা-ভাবনা যাঁরা কোনদিন আমাদের দেশে করতে পারেননি তাঁরাই আজকে বলছেন এটা নাকি যথেষ্ট গণতন্ত্রী করণ নয়, এদের ভেটোধিকার দিতে হবে। যেখানে এদের প্রতিনিধিত্বের প্রশ্ন ছিল না সেখানে এই সরকরে তাদের প্রতিনিধিত্ব দিয়েছেন, দিয়েছেন এই কারণে যাতে সমিতিগুলি সঠিকভাবে পরিচালিত হয়, সমিতিগুলিকে দখল করার জন্য নয় বা সেখানে রাজনীতি ঢোকাবার জন্য নয়। সমিতির দৈনন্দিন কর্ম কাণ্ডের সাথে যে সমস্ত কর্মচারী যুক্ত আছেন সমিতিগুলির পরিচালনার ক্ষেত্রে তাঁদের মতামত যাতে রাখতে পারেন তারজন্য তাঁদের প্রতিনিধিত্ব দিয়ে গণতন্ত্রীকরণের ব্যবস্থা করা দরকার এবং সেই ব্যবস্থা করা হয়েছে। এঁরা ঋণ-দান সম্পর্কে বলে গেলেন, অতীষ সিংহ মহাশয় বললেন আপনারা বর্গাদারকে সমবায় ঋণ দিচ্ছেন, গরীব কৃষককে সমবায় ঋণ দিচ্ছেন, লক্ষ লক্ষ টাকা ঋণ বাকি পড়ছে, এতে এই সমস্ত সমবায়গুলি, ব্যাংকগুলি উঠে যাবে। আমরা জানি গরীব কৃষক বর্গাদারকে ঋণ দেওয়ার কথা এঁরা ভাবেন না, এটা এঁদের শ্রেণী চরিত্রের একটা দিক। এঁরা চায় না গরীব কৃষক বর্গাদার ঋণ পেয়ে চাষ-বাসে স্বনির্ভর হোক। আমাদের দেশের চাষ-বাসের আসল স্তম্ভ হচ্ছে বর্গাদার, গরীব কৃষক, তাদের যদি আর্থিক স্বচ্ছলতা না আনতে পারি তাহলে কি করে দেশের গ্রামীন অর্থনীতির উন্নতি হবে? এঁরা বলছেন তাদের ঋণ দিলে সেই টাকা অনাদায়ী থাকবে। কিন্তু ঋণের টাকা যারা বাকি রাখছে তারা অবস্থাপন্ন বিত্তবান কৃষক। আমরা কৃষি ঋণ মকুব করেছি কিন্তু কোন সময় এই সরকার বলেননি যে সমবায় ঋণ মকুব হয়ে গেল।

আমরা বামফ্রন্টের বিভিন্ন দল বিভিন্নভাবে এলাকায় এলাকায় গিয়ে সাধারণ মানুষের কাছে বলেছি গরীব কৃষকের স্বার্থে এবং ঋণ যদি চালু রখেতে হয় তাহলে সমবায় ঋণ ফেরত দিতে হবে, এই ঋণ পরিষোধ করতে হবে। এতে আমাদের দেশের বাষবাস সম্প্রসারিত হবে, গ্রামের অর্থনীতি আরও বেশী সবল হবে এবং সেইভাবেই আমরা আমাদের কর্মকাণ্ড পরিচালিত করছি। এঁরা সার্ভিস কমিশনের কথা বলেছেন যে এটা গণতান্ত্রিক পদ্ধতি নয়। সমিতিগুলি তাদের খুশীমত কর্মচারী নিয়োগ করবেন সেটা কিকরে হয়? আমাদের অতীতের অভিজ্ঞতা হচ্ছে, ৭/৮/৯ জন লোক নিয়ে সমিতিগুলি তৈরী হোত এবং সেখানে নিজেদের আত্মীয়স্বজন, বন্ধু বান্ধবদের কর্মচারী হিসেবে ঢুকিয়ে দিত এবং এইভাবে তাদের পালন পোষণ করত। একে সমবায় আন্দোলন বলা চলেনা। কর্মচারী নিয়োগ একটা সুষ্ঠু পদ্ধতির মাধ্যমে হওয়া উচিত এবং সেইজন্যই সার্ভিস কমিশন করা হয়েছে। এঁদের মত হচ্ছে পুরাণ বাস্তুঘুঘুরা যেভাবে চষে খাচ্ছিল সেইভাবেই চলুক। এঁরা করছেন বর্গাদারকে ঋণ দেওয়া হয়নি এবং আরও বলেছেন এক পরিবারের সকলকে সভ্য করতে হবে। স্যার, এই সমবায় সম্বন্ধে আজকে মানুষের যে বিরূপ ধারণা হয়েছে সেটা ওঁদের জন্যই হয়েছে। কাজেই আজকে একটা সঠিক পথে আমাদের চলতে হবে। যে সমস্ত আইন এই বিলের মধ্যে আনা হয়েছে সেগুলি অতীতে ছিলনা। পশ্চিমবাংলায় সমবায় আন্দোলনকে যদি সুষ্ঠুভাবে পরিচালিত করতে হয় তাহলে আগেকার আইনের পরিবর্তন করা দরকার। এখানে থেকে কায়েমী-স্বার্থ সরাতে হবে, পশ্চিমবাংলায় সমবায় আন্দোলন গড়ে তুলতে হবে এবং মানুষ যাতে সমবায়ে অংশ গ্রহণ করে তার ব্যবস্থা করতে হবে। এই সমস্ত কাজ করবার জন্যই এই আইনের প্রয়োজন হয়েছে। এঁরা বলছেন এই আইন ১৯৭৩ সালের আইনের কার্বন কপি। কিন্তু আমি বলছি এটা একটা পূর্ণাঙ্গ আইন। মন্ত্রীমহাশয়ের কাছে আমার একটা আবেদন হচ্ছে কমন ক্যাডার করে যে সমস্ত ব্যবস্থা করেছেন তার পাশাপাশি বিপনন সমিতিগুলিকে যদি সুষ্ঠুভাবে পরিচালিত করতে না পারা যায় তাহলে কৃষিক্ষেত্রে আমরা যে ফল আশাকরছি সেটা কিন্তু পাবনা। কৃষিক্ষেত্রে বেশী বেশী ফসল তৈরী করে কৃষকরা যদি ন্যায্য দাম না পায় এবং বিপননের ব্যবস্থা না থাকে তাহলে আমাদের উদ্দেশ্য সফল হবেনা। কাজেই বিপনন সমিতিগুলির প্রতি আমাদের দৃষ্টি দেওয়া দরকার। এই প্রসঙ্গে আর একটা বক্তব্য হচ্ছে, এর সঙ্গে হাজার হাজার কর্মচারী যঁরা যুক্ত রয়েছেন তাঁদের বেতন কাঠামোর দিকে দৃষ্টি দেওয়া দরকার এবং যাঁরা অবসর গ্রহণ করবেন তাঁদের পেনসনের ব্যবস্থা করা উচিত। সরকার একটা পে কমিশন গঠন করেছিলেন। আমি অনুরোধ করছি সেই পে কমিশনের রিপোর্ট প্রকাশ করুন তাঁদের সুপারিশগুলি কর্মচারীদের স্বার্থে প্রয়োগ করুন। একথা বলে এই বিল সমর্থন করে আমি বক্তব্য শেষ করছি।

[5-30—5-40 P.M.]

**শ্রীদেবপ্রসাদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সমবায় মন্ত্রী যে West Bengal Co-operative Society Bill, 1983. পেশ করেছেন, এই বিলের সিলেক্ট

কমিটিতে আমি একজন সদস্য ছিলাম। সিলেক্ট কমিটিতে আমরা আমাদের প্রতিবেদন, আমাদের বক্তব্য আমরা রেখেছিলাম এবং যে সমস্ত বিষয়ের উপর একমত হতে পারিনি, সেগুলিই আমরা ইতিমধ্যে নোট অফ ডিসেন্ট আকারে এখানে রেখেছি। আমরা রেখেছি **within the frame work of my note of dissent.** আমার বক্তব্য এর মধ্যে সীমাবদ্ধ রাখবো। একথা ঠিক যে ১৯৭৩ সালে কো-অপারেটিভ এ্যাক্ট যেটা ছিল, সেটা নানা দিক থেকে ত্রুটিপূর্ণ ছিল। এবং একথা ঠিক যে প্রেজেন্ট সেট-আপ এ বর্তমান ব্যবস্থাতেই সমবায় আন্দোলনের মধ্য দিয়ে জনগণের যে মৌলিক সমস্যা সমাধান করা যাবে একথা আমরা মনে করি না। কিন্তু কো-অপারেটিভ সোসাইটি এ্যাক্টকে যথাযথভাবে সংশোধন করতে পারলে এবং সঠিক ভাবে আইন তৈরী করতে পারলে, সীমাবদ্ধ পুঁজিবাদী অর্থনৈতিক কাঠামোর মধ্যে জনগণের কিছুটা রিলিফ, দুঃস্থ দেশের দরিদ্র মানুষদের, দরিদ্রতম মানুষদের কিছুটা অর্থনৈতিক স্বস্তি দেওয়া যেতে পারে। সেদিক থেকে আমি বলবো এই বিলের প্রিয়েমবল উদ্দেশ্য এবং হেতুতে যা ঘোষিত হয়েছে তাতে সেইটা ব্যর্থ করা হয়েছে। যেভাবে আইনটি তৈরী করা হয়েছে বিশেষ করে যেখানে মাননীয় মন্ত্রী মহাশয় বলছেন, ক্লিয়ার গোল আরও গণমুখী তিনি করতে চাইছেন। মাননীয় চেয়ারম্যান মহাশয়, মন্ত্রী তো নেই আমাদের এই সবের জবাব দেবে কে? যা হোক আমি এটা আপনার দৃষ্টি আকর্ষণ করলাম। যে কথা বলছিলাম যে আজকে যে বাস্তুঘুঘুদের বাসা ভাঙ্গবার কথা বলেছেন কো-অপারেটিভকে সরকারী নিয়ন্ত্রণ থেকে লাঘব করবার কথা বলছেন, কিন্তু এতে আমরা দেখছি সেগুলি আরও বুটলি ট্যাম্পেলিং, আরও মারাত্মকভাবে পদদলিত করা হয়েছে। আমি ১।২।৩।৪।৫ করে দেখাতে পারি যে সরকারী নিয়ন্ত্রণ মুক্ত করা দূরের কথা, আরও নূতনভাবে প্রবর্তন করার চেষ্টা করা হয়েছে। এই এ্যাক্টের মধ্যে ক্লজ ৩৭-এ রেজিষ্ট্রেসন কাউন্সিল গঠন করা হয়েছে। সেখানে দেখুন রেজিষ্ট্রেসন কাউন্সিল যদি কোন কো-অপারেটিভকে তালিকাভুক্ত না করে সেটা আনডিসপোজড থাকে। সেখানে ট্রাইবুন্যালের ব্যবস্থা করা হয়েছে। রেজিষ্ট্রেসন কাউন্সিল চূড়ান্ত ব্যবস্থা নেবে। আবার এই রেজিষ্ট্রেসন কাউন্সিল, তাতে কয়েকটি সরকারের মনোনীত মেম্বার থাকবেন। ট্রাইবুন্যালের চেয়ারম্যান থাকবে, এবং ষ্টেট কো-অপারেটিভ ইউনিয়নের প্রতিনিধি থাকবে।

ফলে এই রেজিষ্ট্রেসন কাউন্সিলের নিরপেক্ষতা সম্পর্কে প্রশ্ন এসে যায়, ট্রাইবুন্যালের ক্ষেত্রে সেই আশঙ্কাটা তুলনামূলকভাবে অনেক কম ছিল। তারা রেজিষ্ট্রসন কাউন্সিল এমনভাবে গঠন করেছেন তাতে কিন্তু সরকারী প্রভাব, সরকারী নিয়ন্ত্রণ, শাসক দলের স্বার্থে সিদ্ধান্ত নেওয়ার আশঙ্কা থেকে যাচ্ছে। ফলে তারা যে ডেমোক্রেটিক করার কথা বলছেন, এর দ্বারা কিন্তু সেই ডেমোক্রেটিক হল না, সেখানে সরকারী নিয়ন্ত্রণ বাড়ানো হল। এছাড়া বিভিন্ন ক্ষেত্রে কো-অপারেটিভ সোসাইটির পরিচালক সমিতি ভেঙ্গে দেবার কথা বলা আছে। কাজেই সেখানে নমিনেটেড বডি চাপিয়ে দেওয়া যায় অথবা এ্যাডমিনিস্ট্রেটর, প্রশাসক নিয়োগ করা যায়। এই প্রশাসক নিয়োগ করার ক্ষেত্রে বা পরিচালক সমিতি ভেঙ্গে দেবার ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি রেজিষ্ট্রারের উপর অথবা সরকারের উপর একেবারে আনক্লিপ্পড, এ্যাবসলিউট ক্ষমতা

দিয়ে দেওয়া হয়েছে। তারা যদৃচ্ছভাবে পরিচালক সমিতি ভেঙ্গে দিতে পারেন, শুধু মনে করলেই হল। এমন কি ক্লজ ৩০-তে বলা হয়েছে অব হিজ ওন মোসান রেজিষ্ট্রাররা পর্যন্ত পারমিসন রিপোর্ট না পেলেও সরকার যদি মনে করেন তাহলে মোসান ডিজলভ করে দিতে পারেন, এটা মারাত্মক ব্যাপার। শুধু তাই নয়, ক্লজ ৩০ (৮) বলা হয়েছে রেজিষ্ট্রারার বা তাদের যদি এইভাবে অসৎ উদ্দেশ্য প্রণোদিত হয়ে অন্যায়ভাবে বোর্ড পরিচালক সমিতি ভেঙ্গে দেয় তাহলে সেই অন্যায়, অবিচারের বিরুদ্ধে কোর্টে পর্যন্ত নালিশ জানানো যাবে না। এই ব্যাপারে কোর্টে পর্যন্ত যাওয়া যাবে না। কি স্বেচ্ছাচারী ক্ষমতা গভর্ণমেণ্টের হাতে তুলে দেওয়া হয়েছে। আপনারা গণতন্ত্রীকরণের কথা বলছেন, সরকারী নিয়ন্ত্রণ মুক্ত করার কথা বলছেন। এইগুলি কি নিয়ন্ত্রণ মুক্ত করার কথা বলছেন। এইগুলি কি নিয়ন্ত্রণ মুক্ত করার ইঙ্গিত বহন করে? তারপর ইলেকসান অথরিটির ব্যাপারটা একটু দেখুন। ইলেকসান অথরিটির নামে তারা নির্বাচন পরিচালনার ক্ষেত্রে সরকারী ইণ্টারফিয়ারেন্স থেকে যাচ্ছে যেভাবে ইলেকসান অথরিটির ক্লজটা আপনারা নিয়ে আসছেন ক্লজ ৩৫টা একটু আপনারা লক্ষ্য করে দেখুন। কো-অপারেটিভ নির্বাচনের ক্ষেত্রে শাসক দলের প্রভাব বিস্তার করবার আশঙ্কা মারাত্মক ভাবে দেখা দিচ্ছে। ক্লজ ৩৮-এ কো-অপারেটিভ এর কর্মচারী নিয়োগের কথা বলা হয়েছে। কো-অপারেটিভ সার্ভিস কমিশন গঠন করে সরকারী শাসক দলের লোকজনদের নিয়োগ করার ব্যাপারে প্রভাব বিস্তার করবার যথেষ্ট আশঙ্কা রয়েছে। রিক্রুটমেণ্টের ক্ষেত্রে কো-অপারেটিভ সোসাইটিগুলির যে সমস্ত ইণ্ডিপেনডেণ্ট অধিকার ছিল সেগুলির উপর হস্তক্ষেপ হচ্ছে এবং শাসকদলের স্বার্থে সরকারী প্রভাব বিস্তার করে দলীয় কর্মচারী নিয়োগ করবার আশঙ্কা, দলবাজী করবার আশঙ্কা, সরকারী নিয়ন্ত্রণের আশঙ্কা রয়েছে। এই ক্লজগুলি কি প্রমাণ করে? এই এ্যাক্টের মধ্য দিয়ে গণমুখী করার যে সরকারী নীতি ঘোষিত হয়েছে, সেটাই কি প্রতিফলিত হচ্ছে? আপনারা সরকারী নিয়ন্ত্রণমুখী করতে যাচ্ছেন কো-অপারেটিভ আন্দোলনকে। এটাকে কি নিয়ন্ত্রণ মুক্ত সমবায় আন্দোলন বলে? এই ভাবে আপনারা সমবায় আন্দোলনকে বিকশিত করতে চাইছেন? আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন ক্লজের মধ্য দিয়ে সরকার ব্যাপকভাবে আরো নিয়ন্ত্রণ আরোপ করবার চেষ্টা করেছেন। এই কো-অপারেটিভের মধ্যে আরো মারাত্মক মারাত্মক জিনিস রয়েছে আমরা দেখতে পাচ্ছি। আমরা দেখতে পাচ্ছি কর্মচারী ছাঁটাই-এর আশঙ্কা রয়েছে। ক্লজ ২১(২)(ই) তে এ্যামালগ্যামেসানের ব্যাপার রয়েছে। কো-অপারেটিভ ব্যাংক আর একটি কো-অপারেটিভ ব্যাংকের সংগে সংযুক্তি-করণের ক্ষেত্রে দেখা যাচ্ছে। ট্রান্সফারার ব্যাংক সব মার্জ হয়ে যাচ্ছে, যুক্ত হয়ে যচ্ছে। সেই ব্যাংকের কর্মচারীদের রিট্রেন্চমেণ্ট হবার আশঙ্কা রয়েছে, যেভাবে ক্লজ ২১টা প্রোভাইড করা হয়েছে, তাতে এটা আরো ইজি হবে। এটা একটা মারাত্মক ব্যাপার। ট্রান্সফারার ব্যাংকের এমপ্লয়িজদের কনটিনিউটি অব সার্ভিস সম্পর্কে কোন গ্যারাণ্টি নেই।

[5-40—5-50 P.M.]

সেখানে রিট্রেনচমেন্টের প্রশ্ন রয়ে গেল, তার কোন প্রটেকসান নেই, চাকরির কোন নিরাপত্তা নেই। এরকম মারাত্মক ব্যবস্থা সব এরমধ্যে রয়েছে। সরকারী নিয়ন্ত্রণের আর একটা কথা আমি বলি, সেটা বলতে স্লিপ করে গিয়েছি। এখানে এ্যাডমিনিষ্ট্রেটার নিয়োগের ব্যাপারে বা প্রশাসক নিয়োগের ব্যাপারে বলা হচ্ছে, এক বছরের পর প্রয়োজন হলে এ্যাডমিনিষ্ট্রেটারের আয়ুস্কাল তিন বছর পর্য্যন্ত বাড়ানো যেতে পারবে। স্যার, কো-অপারেটিভে নিজেদের পছন্দমত প্রশাসক তিন বছর রেখে দিয়ে সেটাকে সরকারী প্রভাবাধীনে রাখবার চেষ্টা করা হচ্ছে। সরকারী প্রভাবাধীনে রাখার প্রচেষ্টা ছাড়া তিন বছরের আয়ুস্কাল করার মধ্যে আর কোন যৌক্তিকতা নেই বলেই আমরা মনে করি। তারপর স্যার, মাননীয় সমবায়মন্ত্রী খুব গর্বের সঙ্গে দাবী করেছেন যে আমরা এই কো-অপারেটিভ আইনে বোর্ড অব ডিরেকটার্স বা পরিচালক সমিতির ক্ষেত্রে কো-অপারেটিভের কর্মচারীদের প্রতিনিধিত্ব করবার সুযোগ দিয়েছি। স্যার, আমরা মনে করি কর্মচারীদের সঙ্গে এই ধরনের প্রতারণা না করাই ভালো ছিল। সেখানে তাদের প্রতিনিধিত্ব করায় সুযোগ দেওয়া হয়েছে ঠিকই কিন্তু তাদের ভোটাধিকার দেওয়া হয়নি। এই যেখানে অবস্থা সেখানে এই রকম প্রতিনিধিত্ব দেবার অর্থ কি? কাজেই আমরা মনে করি এই ধরণের ব্যবস্থার দ্বারা কর্মচারীদের প্রতি যথাযথ মর্যাদা দেওয়া দূরে থাক তাদের অবমাননাই করা হয়েছে, তাদের সঙ্গে প্রতারণা করা হয়েছে। তা ছাড়া স্যার, আমি আরো বলব, এই সমবায় আন্দোলন আরো সম্প্রসারিত করার যে সুযোগ ছিল এবং সেখানে সরকারের তরফ থেকে যে তৎপরতা এবং উদ্যোগ নেবার দরকার ছিল তা নিতে রাজ্য সরকার ব্যর্থ হয়েছেন। সেখানে ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী, তাদের শর্ট টার্ম এগ্রি-কালচারাল লোন কৃষিঋণ-এর পরিমান বৃদ্ধি করার দিক থেকে সরকারী প্রচেষ্টা মারাত্মকভাবে ব্যর্থ হয়েছে। স্যার, আমরা জানি, পশ্চিমবাংলার ভূমিহীন চাষী, ক্ষুদ্র চাষী তারা আজও মহাজনের কবলে এবং তারা ঋণভারে জর্জরিত। তাদের প্রয়োজনীয় ঋণের চাহিদার পরিমাণ হচ্ছে ৬শো থেকে ৭শো কোটি টাকার মতন। স্যার, সেখানে আমরা দেখতে পাচ্ছি এই পরিমাণ টাকার ১৫ পারসেন্টও আজ পর্য্যন্ত তারা ব্যবস্থা করতে পারেন নি। ফলে আমরা মনে করি এই দিক থেকে তারা চরম ব্যর্থতার পরিচয় দিয়েছেন। তারপর স্যার ওদের ঘোষিত নীতি হচ্ছে সমবায়সমিতি থেকে দূর্নীতি দূর করা এবং সেখান থেকে বাস্তুঘুঘুর বাসা ভাঙ্গা। কিন্তু বাস্তব অবস্থা কি প্রমাণ করছে? আইন কি প্রমাণ করছে? বিগত দিনের কার্যকলাপ কি প্রমাণ করছে? সেখানে আমরা দেখতে পাচ্ছি বাস্তুঘুঘুর বাসা ভাঙ্গা তো দূরের কথা ওদের আমলে তাকে আরো পাকাপোক্ত করার ব্যবস্থা করা হচ্ছে এর জলন্ত নিদর্শন হচ্ছে হ্যাণ্ডলুম কো-অপারেটিভ সোসাইটির চেয়ারম্যানের সম্বন্ধে নানান অভিযোগ। স্যার, এটা নিয়ে গত কয়েকদিন ধরেই সারা পশ্চিমবাংলায় তোলপাড় হচ্ছে, এই বিধানসভার অভ্যন্তরেও তোলপাড় হচ্ছে। এরা একদিকে বলছেন বাস্তুঘুঘুর বাসা ভাঙছেন আর অপর দিকে দেখছি সরকারের তরফ থেকে এইসবে মদত দেওয়া হচ্ছে। সেখানে সব সিরিয়াস এ্যালিগেসান, ডিপার্টমেন্টের এ্যালিগেসান ৫৬ পাতার রিপোর্ট, সেখানে দেখা যাচ্ছে চিফ মিনিষ্টার

থেকে সুরু করে একেবারে তলা পর্যন্ত সকলে এটাকে সাপ্রেসড করার চেষ্টা করছেন। মারাত্মক মারাত্মক অভিযোগ সব সেখানে আছে। কাগজের রিপোর্টে দেখেছি কি ভাবে টাকা নয়ছয় হয়েছে। এ সম্পর্কে আমরা প্রপার এনকোয়ারী ডিমাণ্ড করেছি কিন্তু আজ পর্য্যন্ত তারা সে সম্পর্কে কর্ণপাত করছেন না।

তারা এটাকে চেপে দেবার চেষ্টা করেছেন। আজকে কি ধরণের দুর্নীতি চলছে সেটা এ থেকে বোঝা যায়। মাননীয় চেয়ারম্যান, স্যার, আপনি জানেন যে গত ১৪।২।৮৩ তারিখে ষ্টেটসম্যান কাগজে বেরিয়েছে এবং তাতে দেখছি যে বিভিন্ন যে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক গুলি আছে তাদের এগেনেষ্টে জালিয়াতির মারাত্মক সব অভিযোগ। যেমন কুচবিহার ইউনিট, ষ্টেটে কো-অপারেটিভ ব্যাঙ্ক-এর একটা ইউনিট, কুচ বিহার ইউনিট, তার বিরুদ্ধে ১ কোটি ৪২ লক্ষ টাকার জালিয়াতি লেনদেনের অভিযোগ এবং অভিযোগগুলি কি সেটা দেখুন। রিজার্ভ ব্যাঙ্কের টীম সরেজমিনে তদন্ত করে, স্পট ইনকোয়ারী করে তারা বলেছেন যে এটা ফ্রড ট্রানজাকশান। কি ব্যাপার? না, ১৯৮১ সালের ডিসেম্বর আদায়ীকৃত ঋণের টাকা, ১ কোটি ৪২ লক্ষ টাকা আদায় করে সেই টাকা তার ঠিক পরের দিন ফ্রেসলোন হিসাবে ডিষ্ট্রিবিউট করেছে। এই রকম মারাত্মক একটা ফ্রড এবং স্পষ্ট ইনকোয়ারী করে রিজার্ভ ব্যাঙ্কের টীম বলছে যে দিস ট্রানজাকশান ইজ ফ্রডিং এবং শেষ পর্যন্ত রাজ্য সরকার বাধ্য হয়ে ৬১ লক্ষ টাকা যেটা সাবসিডাইরী ইণ্টারেষ্ট সেটা বন্ধ করে দিতে বাধ্য হয়েছেন, এই ৬১ লক্ষ টাকা নিয়ে যাচ্ছিল সাবসিডাইরী ইণ্টারেষ্ট হিসাবে। এই জিনস সেখানে হয়েছে। শুধু কুচবিহার কো-অপারেটিভের বিরুদ্ধে নয়, বিভিন্ন কেন্দ্রীয় কো-অপারেটিভ ব্যাঙ্ক সম্পর্কে এই রকম সব মারাত্মক মারাত্মক অভিযোগ আছে। সেখানে তারা বলছে যে টাকা আদায় করছে, সরকারী নিয়ম অনুযায়ী সেই আদায় করা টাকা উর্ধতন ব্যাঙ্কে জমা দিতে হবে এবং তার পরে সেই টাকা ফ্রেস লোন হিসাবে ডিষ্ট্রিবিউট হবে, কিন্তু তারা তা করছেন না। এই রকম অভিযোগ তমলুক, ঘাটাল কেন্দ্রীয় ব্যাঙ্ক সম্পর্কেও আছে। তারাও এই রকম ৩০ লক্ষ টাকা তার উর্ধতন ব্যাঙ্কে জমা দেন নি, এটা হচ্ছে শর্টটার্ম এগ্রিকালচারাল লোন। শুধু শর্ট টার্ম এগ্রিকালচারাল লোনের ক্ষেত্রেই নয়, কনভারশান লোনের ক্ষেত্রেও এই রকম অভিযোগ আছে। ১৯৮১ সালের শেষ দিন বিভিন্ন সোসাইটিগুলি আদায়ীকৃত ঋণের পরিমাণ যেখানে ৯॥ কোটি টাকা সেখানে তারা কেন্দ্রীয় ব্যাঙ্কে জমা দিয়েছেন ৭ কোটি ৩৮ লক্ষ টাকা, বাকী টাকা জমা দেয়নি। এই রকম সমস্ত মারাত্মক অভিযোগের জন্য রাজ্যসরকারকে ৬ কোটি টাকা, এই ধরণের টাকা জমা না দেবার ফলে যে সুদ ছাড় অর্থাৎ সাবসিডাইরী ইণ্টারেস্ট দেওয়া বন্ধ করে দিতে হচ্ছে। আমার কথা হচ্ছে, আপনি ৬ কোটি টাকা সাবসিডাইরী ইণ্টারেস্ট দেওয়া বন্ধ করছেন, ভালকথা। কিন্তু যারা এই সুদ ছাড় দেবার জন্য অনুমোদন করলেন, দোজ হু আর রেসপনসিবল, তাদের বিরুদ্ধে কি এ্যাকশান নেওয়া হয়েছে? আজ পর্যন্ত তাদের বিরুদ্ধে কোন এ্যাকশান নেওয়া হয়েছে কিনা আমি জানিনা। এই সমস্ত মারাত্মক যে অভিযোগগুলি কো-অপারেটিভ সম্পর্কে আছে। একজন কো অপারেটিভের জয়েন্ট রেজিষ্ট্রারার, যিনি এই সমস্ত অভিযোগগুলি ধরার ব্যাপারে, তদন্ত

করার ব্যাপারে অত্যন্ত তৎপর এবং উদ্যোগ নিয়েছেন, সেই জয়েণ্ট রেজিষ্ট্রারারকে কোথায় উৎসাহিত করা দরকার, কিন্তু আমরা সেখানে দেখছি তার উপর নানা দিক থেকে আঘাত আসছে।

[5-50—6-00 P.M.]

আমরা দেখতে পাচ্ছি তাদের ওপর নানা দিক থেকে আঘাত অসেছে। জয়েণ্ট রেজিষ্ট্রারের রিপোর্টে সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের বিষয়ে এবং এ সমস্ত বিষয়ে অভিযোগ পাওয়া গেছে। স্থতরাং এসব বিষয়ে তদন্ত হওয়া দরকার ছিল, কিন্তু কিছুই করা হয়নি। শুধুমাত্র পাঁচটি ব্যাঙ্কের বিরুদ্ধে তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। শুধু তাই নয়, মাত্র একদিনের নোটিশে জয়েণ্ট রেজিষ্ট্রারকে অন্য দপ্তরে ট্রান্সফার করা হয়েছে এ্যাজ্ বিকজ্ ঐ জয়েণ্ট রেজিষ্ট্রার এগুলি ধরবার উদ্যোগ নিয়েছিলেন। আপনারা কো-অপারেটিভ এ্যাক্টের এই বিল পাশ করাতে গিয়ে বলছেন যে, একটা গণমুখী আইন পাশ করতে যাচ্ছেন, বাস্তুঘুঘুদের বাসা ভাঙতে যাচ্ছেন, সমবায়কে দুর্নীতি মুক্ত করতে যাচ্ছেন, সরকারী নিয়ন্ত্রণ খর্ব করতে যাচ্ছেন এবং কো-অপারেটিভ মুভমেণ্ট যাতে স্বষ্ঠু, অবাধ ও নিয়ন্ত্রণ মুক্ত হয় তারজন্য সেই লক্ষ্য নিয়ে এই বিল করেছেন। কিন্তু এই অবস্থায় আমরা অতীতে যেকথা বলেছি এখনো সে কথাই বলছি যে, আপনাদের যে প্রোক্লেম, গোল, এম্ সেটা ক্রটলি ট্রাম্পলিং ডাউন। এই কো-অপারেটিভ বিলের মধ্যে দিয়ে মারাত্মকভাবে তাকে পদদলিত করা হচ্ছে। এখানে একে গণমুখী করার পরিবর্তে স্বৈরাচারী হস্তক্ষেপের ব্যবস্থা করা হচ্ছে, সরকারী নিয়ন্ত্রন বাড়ান হচ্ছে। বাস্তু-ঘুঘুর বাসা ভাঙা এবং দুর্নীতি প্রতিরোধের বদলে বাস্তু-ঘুঘুর বাসা এবং দুর্নীতিকে আরো পাকাপোক্ত করা হচ্ছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহোদয় 'দি ওয়েষ্ট বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটিস বিল, ১৯৮২' উত্থাপন করেছেন। আমি এই বিলকে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে যে কথা বলা দরকার সেটা হচ্ছে, আমাদের দেশের সমবায় আন্দোলন স্বাধীনতার পরেও দীর্ঘদিন যাবৎ কখনো স্বাবলম্বী চরিত্র অর্জন করতে পারেনি। এর পেছনে নানান কারণ আছে। অন্যতম কারণ হচ্ছে বামফ্রণ্টের আগে এখানে যে শাসক-কূল ছিলেন তাঁরা সমবায় আন্দোলনকে তাঁদের শ্রেণী স্বার্থের স্বপক্ষে ব্যবহার করেছিলেন। তাঁরা কো-অপারেটিভ আইন এমনভাবে করেছিলেন যাতে কায়েমী স্বার্থের লোকেরা এর স্থযোগ গ্রহণ করতে পারে। অর্থাৎ গ্রামের বড়-জোতদার, ভূস্বামী, তারা যাতে স্থান পায় তারজন্য বন্দোবস্ত ছিল। এর ফলে সমগ্র পশ্চিম বাংলায় বিভিন্ন ধরণের সমবায় সমিতির ক্ষেত্রে, সমবায় আন্দোলনের ক্ষেত্রে আমরা দেখতে পাই যে প্রতিটি ক্ষেত্রে বাস্তু-ঘুঘুরা বাসা করে রেখেছিল। আজকে ইতিপূর্বে সরকার পক্ষের অনেক মাননীয় সদস্যই এ অভিযোগ উত্থাপন করেছেন। অবশ্য আমাদের বিরোধী পক্ষের সদস্যরা মনে করেন না যে, সমবায় আন্দোলনের ক্ষেত্রে বাস্তু-ঘুঘুরা বাসা বেঁধে থাকত।

আজকে এই বিলের মধ্যে দিয়ে সেই বাস্তু-ঘুঘুদের আঘাত করার একটা পরিকল্পনা আছে। যেভাবে আজকে এই আইন-কানুনকে সংশোধন করা হচ্ছে তাতে এর গণতান্ত্রিক চরিত্রকে রক্ষা করার জন্য সমস্ত রকমের ব্যবস্থা করা হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি এই বিলের মধ্যে দিয়ে সমবায় আন্দোলন কিছুটা গতিশীল হবে। তথাপি স্বাভাবিক ভাবেই আমরা এই বিলকে সামগ্রিক বিল বলে চিহ্নিত করতে পারিনা। আমরা মনে করি সমবায় একটা আন্দোলন, সেই আন্দোলনের গতি-পথে নিত্য নতুন আইন পরিবর্তনের প্রয়োজন হবে। আন্দোলনের প্রয়োজনে, শ্রমিক, কৃষক, সাধারণ মানুষের স্বার্থে আবার নতুন করে আইন সংশোধন করতে হবে। পরিবর্তিত পরিস্থিতিতে সাধারণ মানুষের স্বার্থ রক্ষার জন্য নতুন করে আইন সংশোধন করতে হবে।

আজকে আমরা এই বিলের সিলেক্ট কমিটির রিপোর্টে দেখেছি যে, বিরোধী পক্ষের তিনজন সদস্য নোট অফ ডিসেন্ট দিয়েছেন। তাঁদের মধ্যে আমাদের শ্রদ্ধেয় প্রবীন সদস্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব তাঁর নোট অফ ডিসেন্টের মধ্যে কোথাও নির্দিষ্ট করে কোন কথা বলেননি। তিনি ব্যাপক অর্থে অনেক কথা বলবার চেষ্টা করেছেন।

একটা সার্থক সমবায় হলে এই ধরণের হওয়া উচিৎ সেটা বলার চেষ্টা করছেন না। দেব প্রসাদবাবু তাঁর নোট অফ ডিসেন্টে যে কথা বলছেন এটা আমি ধরেই নিয়েছিলাম যে সংশোধনীর মধ্যে আনা হবে সেটা তিনি এনেছেন। কিন্তু তিনি অতীশবাবু যে কথা বলে গেছেন সেগুলি বারবার উচ্চারণ করছিলেন এবং তার সাথে সাথে তিনি তস্তুজ প্রসঙ্গ নিয়ে এলেন যেটা এই বিলের আলোচনার মধ্যে অন্তভূক্ত হওয়া উচিৎ ছিল না। কিন্তু তবুও উনি ঐ প্রসঙ্গ টেনে আনলেন। আমি এই প্রসঙ্গে শুধু একটি কথাই বলবো, ওটা সুব্রতবাবুর বিচরণ ক্ষেত্র, তিনি ঐ ব্যাপারে দাপা-দাপি করে চষে ফেলছেন। নতুন করে যদি দেবপ্রসাদবাবু এবং জয়নাল সাহেব বিচরণ করতে যান তাহলে কিন্তু কোন লাভ হবে না। এক্ষেত্রে একজনের দাপা-দাপি ভাল লাগবে। আমার মতে প্রবীন বয়ঃজেষ্ঠ্য সদস্যদের এটা বে-মানান হবে। সুব্রতবাবুর নোট অফ ডিসেন্টে যেসব কথা বলার চেষ্টা করেছেন আমার মনে হয় সবক্ষেত্রেই উদ্দেশ্য প্রণোদিতভাবে বক্তব্য রাখার তিনি চেষ্টা করেন। বিলের মধ্যে ভাল কথাগুলি অস্বীকার করার জন্য কু-তর্কের সৃষ্টি করেন। আমরা লক্ষ্য করছি, যেমন দেখুন, ক্লজ ২৭ (৮)। সেখানে সুব্রতবাবু বলছেন ক্লজ ২৭ (৮) ইজ হাইলি আন-ডেমোক্রেটিক। ২৭ (৮) একি কথা আছে সেটা যদি আমরা দেখি তাহলে দেখবো সেখানে বলা হচ্ছে, **No designated officer who has been or but for his voluntary resignation couid have been such designated officer for two consequtive terms or seventy two months, whichever is less, shall be eligible for re-election, appointment, cooption or nomination.** এই কথা বলা আছে। উনি বলছেন এটা কেন হবে? দুটো টার্মের মধ্যে শেষ হয়ে যাবে কেন? এম. এল. এরা বারবার নির্বাচিত হতে পারেন, সুতরাং এক্ষেত্রে কেন হবে না মিঃ চেয়ারম্যান স্যার, আপনি জানেন এবং কো-অপারেটিভ

আন্দোলনের ব্যাপারে যাদের অভিজ্ঞতা আছে তাঁরাও জানেন, সেখানে এমন একটি ব্যবস্থা যে একই লোক বারবার যদি থাকে কিছু ব্যতিক্রম থাকলেও থাকতে পারে তাহলে কায়েমী স্বার্থ সৃষ্টি হতে বাধ্য। সমবায় আন্দোলনের পরিপন্থী হতে বাধ্য। সেইজন্য সীমা রাখা দরকার। সেক্ষেত্রে দুটো টার্মের বেশী সেখানে নির্বাচিত হতে পারবেন না এটা বলা হয়েছে এবং এটা ঠিক হয়েছে বলে আমি মনে করি। কো-অপারেটিভ যাদের নিয়ে গড়ে উঠে সেখানে গোষ্ঠীতন্ত্র মাথা চাড়া দিয়ে উঠতে বাধ্য হয় এবং তার ফলে সমবায় আন্দোলনের মূল স্পিরিট সেটা নষ্ট হয়ে যায়। এক্ষেত্রে এম. এল. এ কিংবা এম. পির মতন যাতে বারবার নির্বাচিত না হতে পারে তারজন্য সীমাবদ্ধ করা হয়েছে। সুতরাং এখানে আন-ডেমোক্রেটিকের অভিযোগ টেকে না। সমবায় আন্দোলন যেভাবে গড়ে উঠছে, তার যে প্রকৃতি তাতে এই প্রশ্ন আসে না কাজেই এতে অগণতান্ত্রিক কিছু নেই। সমবায় আন্দোলন যেভাবে গড়ে উঠছে, তার যে প্রকৃতি তাতে এই প্রশ্ন আসে না কাজেই এতে অগণতান্ত্রিক কিছু নেই। সমবায় আন্দোলনকে একটা শক্ত ভিতের উপর গড়ে তোলার জন্য এই বিল আনা হয়েছে। তারপর আর একটি কথা বলছি, সুব্রতবাবু এবং অতীশবাবু একটি কথা জোরের সঙ্গে রাখতে চেষ্টা করছেন সেটা হচ্ছে ক্লজ ২৯ ইজ ইরেলিভ্যান্ট। কারণটি কি? কারণটি ওনারা বলছেন, মিস ম্যানেজিং ইটস এ্যাফেয়াস। এইসব বলে clouse 30 also provides for dissolution of the Board on four specific grounds. এই ফোর স্পেসিফিক গ্রাউণ্ডস-এ ডি-সলভ করার অধিকারটা সরকারের আছে।

[6-00—6-10 P. M.]

এটা থাকার মধ্যে অন্যায়টা কি হয়েছে? এটার গ্রাউণ্ডে কি বলা হয়েছে। সেকথা তো ওঁরা বললেন না। এই গ্রাউণ্ডে সেসব দেওয়া হয়েছে। তাদের মধ্যে বলছেন যে One of such grounds is wilful disobedience or failure to Comply with any lawful order or directive of the State Government or Registrar. সে ক্ষেত্রে যদি দেখা যায় যে সমিতিগুলি রাজ্যসরকারের গৃহীত যে নীতি সেই নীতিকে অমান্য করেছেন এবং অমান্য করে চলার চেষ্টা করছেন অথবা তাঁদের কর্তব্য সম্পাদনে ব্যর্থ হচ্ছেন এবং সরকার কে তঁরো অস্বীকার করার চেষ্টা করছেন, সে ক্ষেত্রে তো বাতিল করে দেবার ক্ষমতা থাকবেই। এটা অত্যন্ত যুক্তি সঙ্গত কারণ সমবায় আন্দোলন আমরা বিভিন্ন জায়গায় দেখেছি। আমরা মৎস্যজীবি সম্প্রদায় থেকে বিভিন্ন ধরণের সমিতির মধ্যে এই ঘটনাগুলি দেখেছি। আজ যদি এইভাবে বাতিল করার ক্ষমতা রাজ্য সরকারের না থাকে তাহলে যে গরীব মানুসেরা সমবায় সমিতি তৈরী করেছেন যেমন ধরুণ মৎস্যজীবিরা সমবায় সমিতি তৈরী করলেন, তাঁরা একত্রিত হলেন সবাই মিলে কিন্তু সেখানে একটা গোষ্ঠী তৈরী হয়ে গেল এবং তাঁরা সবাইকে বঞ্চিত করে ঐ এক গোষ্ঠীতন্ত্র চলতে সুরু করল এবং তাঁরা সবাইকে অমান্য করে অন্যান্য যাঁরা, সাধারণ মানুষ এই সমিতির সদস্য ভুক্ত সমিতির যাঁরা সদস্য তাঁদের কে সবদিক থেকে বঞ্চিত করে তাঁরা সব কিছুকে কব্জা করে নিলেন। সে ক্ষেত্রে যদি অভিযোগ আসে, নির্দিষ্ট অভিযোগ যদি আসে তাহলে

সে ক্ষেত্রে বাতিল করার অধিকরে অবশ্যই থাকবে এবং সেই প্রভিসন বিলের মধ্যে রাখার ফলে আমি তো মনে করি সমবায় আন্দোলনের ক্ষেত্রকে সার্থক করে তোলার ক্ষেত্রে এটা একটা বড় পদক্ষেপ হবে। ওনারা এটাকে দেখেছেন, বলছেন না এটা ঠিক হচ্ছে না। তার ওঁরা মনে কি বলতে চাইছেন ? এখনও অনেক আছে, বামফ্রণ্ট সরকারের ৫ বছর চলে গিয়েছে নতুন করে ভিত্তি সুরু হয়েছে, কিন্তু এখনও পশ্চিমবঙ্গে এমনও অনেক সমবায় সমিতি যে ক্ষেত্রে ঐ কংগ্রেস আমলের বাস্তু ঘুঘুরা ওঁদের সেইসব লোকেরা সমবায় কে কব্জা করে রেখেছেন। এমন অনেক জায়গা আছে সেসব জায়গাতে দেখা যাবে যে সেখানে সরকারের মনোনীত প্রতিনিধি থাকা সত্বেও ঐ পুরণো লোকেরা রয়েছে। আমি এটাই আশা করব যে তাদের দুর করার জন্য তিনি যেমন এখানে বিল উত্থাপন করেছেন এবং বিল যে গৃহীত হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই, এর সঙ্গে সঙ্গে এই পুরণো-পাপী দাগী আসামী যারা সমবায় আন্দোলনের বিভিন্ন সমিতির মধ্যে থেকে গিয়েছে এবং তাঁরা সবাই এঁদের লোক—সেই লোক গুলিকে দূর করার জন্য শুধু এই বিল উত্থাপন নয় কার্য্যকরী নির্দেশ আপনাকে দিতে হবে। এ ছাড়াও এ বিলের মধ্যে আরও অনেক ভাল দিক আছে। আচ্ছা এখানে ঐ ডিসলিউসনের ক্ষেত্রে যে ৪টে পয়েণ্টস দেওয়া হয়েছে আমি সেগুলি এখানে পড়তে চাইনা, আপনারা পড়েছেন এগুলিতে দেখবেন খুবই সংগত কথা, এই বাতিলের জন্য নির্দিষ্ট কতকগুলি অভিযোগ আনা হয়েছে এবং এতে বলা হচ্ছে যে তাদের কথাশুনে শুধু মাত্র রেজিষ্টাররা রাজী হলে ঐ গ্রাউনডগুলি তৈরী করেছেন—বাতিল করে দিলেন এমন নয় এটাতে বলা হয়েছে যে তাদের কথা শুনে বা যা বলেছেন The Registrar may ofter service of a notice upon the Board and giving it on opportunity of being heard. এবং এই শোনার যে সুযোগ তাদের বলার কিছু থাকলে সেটুকু বলার যে সুযোগ এই বিলের মধ্যে থেকে গিয়েছে। যদি মনে করেন যে তাঁদের বিরুদ্ধে যে অভিযোগ সেই অভিযোগ গুলি ঠিক নয় তাহলে সেগুলি বিচার হবে এবং তাঁরা যদি নির্দোষ হন তাহলে বলার সুযোগ পাবেন এবং সেখানে বাতিল হবে না। এমন অবস্থা হচ্ছে না যে অভিযুক্তরা বলার কোন সুযোগ পাচ্ছেন না। এই বিলের মধ্যে সে সুযোগ রাখা হয়েছে। কাজেই সেই সব দিক থেকে এই বিলের মধ্যে অতীতের যে ক্রটি পূর্ণ দিক সেগুলি সংশোধন করার জন্য যথেষ্ট দৃষ্টি দেওয়া হয়েছে। কাজেই সেদিক থেকে এই বিলকে আমরা সর্বান্ত করণে সমর্থন করছি। মাননীয় চেয়ারম্যান স্যার, এ ছাড়া ও এই বিলের মধ্যে তাঁরা গণতান্ত্রিক-তার অভাব দেখেছেন, এই ধরণের বিলে—তাঁরা তো ছিলেন আগে দেব প্রসাদ সরকার মহাশয় ছিলেন না, কিন্তু জয়নাল সাহেব তো ছিলেন এই অতীতের ক্রটিগুলো উচ্ছেদ করেন নি। আজকে এখানে বলা হচ্ছে যে সমবায় আন্দোলন বিশেষ করে গরীব মানুষের মধ্যে সমবায় আন্দোলন গড়ে তোলা হবে এবং সমবায় আন্দোলনের যে ধারণা সেই ধারণা সম্বন্ধে অনেক বড় বড় মনীষি বলেছেন, রবীন্দ্র নাথ বলেছেন অনেকে লিখেছেন সমবায় প্রসংগে, সমাজে সমবায়ের প্রসঙ্গে যেসব কথা বলেছেন এবং দেখা যাচ্ছে যে সমাজের অত্যন্ত দুর্বল মানুষ সেই মানুষদের সমবায়ের মাধ্যমে উপকার হতে পারে, কল্যাণ হতে পারে। এই বিলের মধ্যে কি বলা হচ্ছে ? এই বিলের মধ্যে দুর্বলতর

শ্রেণীর প্রতিনিধিত্বের কথা, প্রয়োজন হলে রিজারভেশনের কথা বলা হচ্ছে। এবং এই ক্লজ ৩৪-শে বলা আছে The State Government may, by notification stating reasons therefor provide for reservation of not more than one-fifth of the seats on the board of a co-operative society for such community, class or group of persons which, in the opinion of the State Government, are socially, economically or educationally backward এদের জন্য সমবায়ে প্রতিনিধিত্ব সংযোজিত করবার জন্য socially economically and educationally backward community.-র জন্য প্রতিনিধিত্ব ব্যাপারটা থেকে গেছে। সেই ব্যাপারে এঁদের আপত্তি কেন? আপত্তি এই জন্য যে এঁদের যারা লোক তাঁরা সমাজে প্রতিষ্ঠিত; সামাজিকভাবে, অর্থনৈতিকভাবে প্রতিষ্ঠিত। এরাই আজ সামাজকে কুক্ষিগত করে রেখেছে। কিন্তু এই বিলের মাধ্যমে সামাজিকভাবে, শিক্ষাগতভাবে যাঁরা পশ্চাৎপদ সেই মানুষের প্রতিনিধিত্বর সুবিধা করে দেওয়া হচ্ছে বলেই এঁদের আজ এত আপত্তি সেই জন্য তাঁরা চিৎকার করছেন যে এই বিলের মধ্যে গনতান্ত্রিকতা থাকছেনা, রাজনৈতিকভাবে কুক্ষিগত করবার চেষ্টা করা হচ্ছে এই সব কথা বলা হচ্ছে। পলেটিক্যালি মোটিভেটেড বলা হচ্ছে রাজনীতি তো থাকবেই। জয়নাল আবেদিন সাহেবও জানেন গ্রামের মানুষের রাজনীতি আছে। বড়লোকের কুক্ষিগত এবং গরীবের স্বার্থবিরোধী যে সমাজব্যবস্থা সেই সমাজব্যবস্থা থেকে মুক্ত হবার জন্য রাজনীতি আছে, এবং সেই রাজনীতি আছে বলেই সমাজের নীচের তলায় মানুষের রাজনীতি আছে। কিন্তু রাজ্যসরকারের এই আইনগুলির জন্য গরীব মানুষকে রাজনৈতিক দিক থেকে মোটিভেটেড কাজ করতে হবে না। গরীব মানুষ জানেন যে কি তাঁদের করতে হবে। ৩০-৩৫ বছরের অভিজ্ঞতা, প্রতিদিনের লড়ায়ের অভিজ্ঞতার মধ্যে দিয়ে গরীব মানুষ বুঝে তা। এবিষয়ে রাজনৈতিকভাবে মটিভেটেড বলার কারণ হচ্ছে মানুষ আজ সুযোগটা বুঝে নিয়েছে এবং বুঝে নেবার ফলেই ওঁরা এর মধ্যে রাজনীতি দেখতে পাচ্ছেন। তাছাড়া এই বিলে আর একটি ভাল কথা বলা আছে, সেটা হচ্ছে সমবায় আন্দোলনের সাথে যেসব কর্মচারী যুক্ত আছেন তাঁদের সম্বন্ধে বলা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে সমবায় আন্দোলনের সঙ্গে যুক্ত যে সব কর্মচারী তাঁদের বেতন, ভাতা, চাকরী ইত্যাদি ক্ষেত্রে অন্যান্য সরকারী কর্মচারীদের মত ব্যবস্থা গড়ে ওঠেনি। এ ক্ষেত্রে তিনি বলেছেন কো-অপারেটিভ সার্ভিস কমিশন গঠন করবেন। তাঁর এই সিদ্ধান্ত অত্যন্ত যুক্তিযুক্ত। এটা করতেই হবে কারণ সমবায়ে বিভিন্ন ধরণের কর্মচারী আছেন—সরকারী, আধা সরকারী বহু লোক আছেন। সেইসব লোকের চাকরীর নিশ্চয়তা জন্য সার্ভিস কমিশন করে তাঁদের জীবনে নিরাপত্তা বিধান করতে হবে, তাঁদের মর্যাদা দিতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি এছাড়া সমবায় আন্দোলনের কর্মচারীদের প্রফিডেন্ট ফাণ্ড, গ্র্যাচুইটির কথা বলেছেন। এই ক্ষেত্রে তিনি যে কথা ব্যবহার করেছেন Co-operative Society may এই জায়গায় আনতে হবে। তিনি প্রফিডেন্ট ফাণ্ড, গ্র্যাচুইটির কথা বলেছেন যে এঁদের জন্য ব্যবস্থা করা উচিত কিন্তু এটা বাধ্যতামূলক করবার জন্য আইন আনতে হবে। অন্যান্য

সে ক্ষেত্রে বাতিল করার অধিকরে অবশ্যই থাকবে এবং সেই প্রভিসন বিলের মধ্যে রাখার ফলে আমি তো মনে করি সমবায় আন্দোলনের ক্ষেত্রকে সার্থক করে তোলার ক্ষেত্রে এটা একটা বড় পদক্ষেপ হবে। ওনারা এটাকে দেখেছেন, বলছেন না এটা ঠিক হচ্ছে না। তার ওঁরা মনে কি বলতে চাইছেন ? এখনও অনেক আছে, বামফ্রণ্ট সরকারের ৫ বছর চলে গিয়েছে নতুন করে ভিত্তি সুরু হয়েছে, কিন্তু এখনও পশ্চিমবঙ্গে এমনও অনেক সমবায় সমিতি যে ক্ষেত্রে ঐ কংগ্রেস আমলের বাস্তু ঘুঘুরা ওঁদের সেইসব লোকেরা সমবায় কে কব্জা করে রেখেছেন। এমন অনেক জায়গা আছে সেসব জায়গাতে দেখা যাবে যে সেখানে সরকারের মনোনীত প্রতিনিধি থাকা সত্ত্বেও ঐ পুরণো লোকেরা রয়েছে। আমি এটাই আশা করব যে তাদের দুর করার জন্য তিনি যেমন এখানে বিল উত্থাপন করেছেন এবং বিল যে গৃহীত হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই, এর সঙ্গে সঙ্গে এই পুরণো-পাপী দাগী আসামী যারা সমবায় আন্দোলনের বিভিন্ন সমিতির মধ্যে থেকে গিয়েছে এবং তাঁরা সবাই এঁদের লোক—সেই লোক গুলিকে দূর করার জন্য শুধু এই বিল উত্থাপন নয় কার্য্যকরী নির্দেশ আপনাকে দিতে হবে। এ ছাড়াও এ বিলের মধ্যে আরও অনেক ভাল দিক আছে। আচ্ছা এখানে ঐ ডিসলিউসনের ক্ষেত্রে যে ৪টে পয়েন্টস দেওয়া হয়েছে আমি সেগুলি এখানে পড়তে চাইনা, আপনারা পড়েছেন এগুলিতে দেখবেন খুবই সংগত কথা, এই বাতিলের জন্য নির্দিষ্ট কতকগুলি অভিযোগ আনা হয়েছে এবং এতে বলা হচ্ছে যে তাদের কথাশুনে শুধু মাত্র রেজিষ্টাররা রাজী হলে ঐ গ্রাউনডগুলি তৈরী করেছেন—বাতিল করে দিলেন এমন নয় এটাতে বলা হয়েছে যে তাদের কথা শুনে বা যা বলেছেন **The Registrar may ofter service of a notice upon the Board and giving it on opportunity of being heard.** এবং এই শোনার যে সুযোগ তাদের বলার কিছু থাকলে সেটুকু বলার যে সুযোগ এই বিলের মধ্যে থেকে গিয়েছে। যদি মনে করেন যে তাঁদের বিরুদ্ধে যে অভিযোগ সেই অভিযোগ গুলি ঠিক নয় তাহলে সেগুলি বিচার হবে এবং তাঁরা যদি নির্দোষ হন তাহলে বলার সুযোগ পাবেন এবং সেখানে বাতিল হবে না। এমন অবস্থা হচ্ছে না যে অভিযুক্তরা বলার কোন সুযোগ পাচ্ছেন না। এই বিলের মধ্যে সে সুযোগ রাখা হয়েছে। কাজেই সেই সব দিক থেকে এই বিলের মধ্যে অতীতের যে ত্রুটি পূর্ণ দিক সেগুলি সংশোধন করার জন্য যথেষ্ট দৃষ্টি দেওয়া হয়েছে। কাজেই সেদিক থেকে এই বিলকে আমরা সর্বান্ত করণে সমর্থন করছি। মাননীয় চেয়ারম্যান স্যার, এ ছাড়া ও এই বিলের মধ্যে তাঁরা গণতান্ত্রিক-তার অভাব দেখেছেন, এই ধরণের বিলে—তাঁরা তো ছিলেন আগে দেব প্রসাদ সরকার মহাশয় ছিলেন না, কিন্তু জয়নাল সাহেব তো ছিলেন এই অতীতের ত্রুটিগুলো উচ্ছেদ করেন নি। আজকে এখানে বলা হচ্ছে যে সমবায় আন্দোলন বিশেষ করে গরীব মানুষের মধ্যে সমবায় আন্দোলন গড়ে তোলা হবে এবং সমবায় আন্দোলনের যে ধারণা সেই ধারণা সম্বন্ধে অনেক বড় বড় মনীষি বলেছেন, রবীন্দ্র নাথ বলেছেন অনেকে লিখেছেন সমবায় প্রসংগে, সমাজে সমবায়ের প্রসঙ্গে যেসব কথা বলেছেন এবং দেখা যাচ্ছে যে সমাজের অত্যন্ত দুর্বল মানুষ সেই মানুষদের সমবায়ের মাধ্যমে উপকার হতে পারে, কল্যাণ হতে পারে। এই বিলের মধ্যে কি বলা হচ্ছে ? এই বিলের মধ্যে দুর্বলতর

এই বিলের মধ্যে তিনি বলতে চেয়েছেন এই কো-অপারেটিভ-এর মাধ্যমে সমস্ত জনসাধারণকে সংঘবদ্ধ করতে হবে। এই বিলে· তিনি বলতে চেয়েছেন এই কো-অপারেটিভ আইনে যা আছে সেই আইনের তরফ থেকে কোন উল্লেখযোগ্য পরিবর্তন তিনি এই বিলে আনতে পারেননি। তিনি একমাত্র সার্ভিস কমিশনের কথা এখানে এনেছেন এবং কয়েকটি প্রতিনিধির কথা ছাড়া আর কিছু আনতে পারেন নি। যার মাধ্যমে একটা সামগ্রিক পরিবর্তনের দাবী করতে পারেন। সামগ্রিক পরিবর্তনের কোন ইঙ্গিত এই বিলের মধ্যে নেই। এখানে কতকগুলি আইন হেরফের করেছেন মাত্র। যেটাকে বলা যায় পুরানো বোতলে নূতন মদ রাখার মতো। মাননীয় অধ্যক্ষ মহাশয় ওনারা দাবী করছেন যে সমবায় আন্দোলনকে জোরদার করতে পেরেছেন এবং সমবায় আন্দোলনের মাধ্যমে লোককে আগ্রহী করতে পেরেছেন। কিন্তু অত্যন্ত দুঃখের সংগে বলতে বাধ্য হচ্ছি আজকে সমবায়ের বাস্তব অবস্থাটা কি? এই বিলে যা উত্থাপন করা হয়েছে সেটা দেখলে এই জিনিষ পরিলক্ষিত হয় না। এই বিলের যে টেনডেন্সি সেই টেনডেন্সি থেকে এই জিনিষ বোঝা যায়। এই বিলের সেকসান ২৯, ৩০ এবং ৩৩ পড়লে বোঝা যায় যে এই বিলের মাধ্যমে আমলা এবং কর্মচারীদের দৌরাত্ম্য পরিলক্ষিত হচ্ছে।

বিশেষ করে ২৯, ৩০ এবং ৩৩ নম্বর সেকসানগুলির কথা যা আমি আপনার সামনে বললাম তারমধ্যে পরিষ্কার করে বলা হয়েছে যে, রেজিষ্ট্রারের অধিক পরিমাণে ক্ষমতা থাকবে। একথা ভাবাই যায় না। এটা সত্যই অনভিপ্রেত কাজ। সমবায়ের ক্ষেত্রে গণতান্ত্রিক আন্দোলনকে রূপ দিতে একজন রেজিষ্ট্রার সর্বময় ক্ষমতার অধিকারী হবেন তা কখনই ভাবা যায় না। এরফলে সমবায়ের সমস্ত কার্যকরী ক্ষমতা আমলাদের হাতে গিয়ে পড়বে। আমলাদের হাতে এভাবে ক্ষমতাকে হস্তান্তরিত করার কোন অর্থই হয় না। ওঁরা দাবী করেন, ওঁরা নাকি আন্দোলনের ব্যাপারে সর্বময় প্রবক্তা। ওঁরা যে সমস্ত কার্যসূচী নিয়েছেন তা করতে সক্ষম হয়েছেন। কার্যক্ষেত্রে আসলে তা দেখা যায় না। সেজন্য আমি জোর দিয়ে বলতে চাই, এই বিলের যে উদ্দেশ্য তা কখনই আন্দোলনকে সাফল্যমণ্ডিত করতে পারবে না অন্ততঃ আমার তো তাই মনে হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় সেকসান ৭, সাব-সেকসান ৫ এর এক জায়গায় বলেছেন, গ্রাম পঞ্চায়েতের প্রতিনিধিকে রাখবার তিনি ব্যবস্তা করছেন। অর্থাৎ বোর্ড অফ এগ্রিকালচারাল সোসাইটিকে রাখবার চেষ্টা করছেন। কিন্তু এক্ষেত্রেও পরিস্কার করে কোন উল্লেখ তিনি করেন নি। এক একটা গ্রাম পঞ্চায়েতের মধ্যে মাত্র একটা সমবায় সমিতি থাকে না অনেকগুলি থাকে। সেক্ষেত্রে রেস্পেকটিভ গ্রাম পঞ্চায়েতে কি একজন প্রতিনিধি সব সমিতিগুলিতে প্রতিনিধিত্ব করবেন? একটা গ্রাম পঞ্চায়েতের মধ্যে ৪।৫ টি সমিতি কো-অপারেটিভ সোসাইটি এবং বিভিন্ন সোসাইটি থাকে। সেখানে একজন বা একাধিক ব্যক্তি প্রতিনিধিত্ব করবেন কিনা তা পরিস্কার করে বলেন নি। পঞ্চায়েত সমিতিগুলি সম্পর্কে তিনি বলেছেন যদি দেখা যায় কতকগুলি ২।১টা গ্রাম কভার করছে, সেক্ষেত্রে একজন বা অধিক সংখ্যক প্রতিনিধিত্ব করবেন। আমার বক্তব্য হল, একটা পঞ্চায়েত সমিতিকে এই ধরণের প্রতিনিধি অনেক থাকে, যে লোকগুলিকে সরকার মনোনীত

করে থাকেন। তাঁরাই যদি প্রতিনিত্ব করেন, তাহলে সেক্ষেত্রে রুলিং পার্টির ক্যাডারদের ইনফিল-ট্রেশান হয়ে যাবে বলে আশংকা করছি। যদি একজন লোক সমস্ত সমবায় সমিতি গুলিতে প্রতিনিধিত্ব করেন তাহলে তা সেই ব্যাক্তির স্বার্থ সিদ্ধির পক্ষে সহায়ক হবে। যেহেতু এখানে পরিষ্কার করে কিছু বলেন নি সেইজন্য আমি সাব-সেকশন ৫ কে সমর্থন করতে পারছি না। লক্ষ্য করুন সমবায় আন্দোলন আজ কোথায় গিয়ে পৌচেছে চারিদিকে দুর্নীতি ও সুবিধা আদায়ের চেষ্টা চলছে। বিড়ি শ্রমিকরা যে সমবায়ের ভিত্তিতে কাজ করবে তাও হতে পারছে না। তারা যে কো-অপারেটিভ গঠন করেছে তাতে তাদের স্বার্থ রক্ষিত হচ্ছে না। শ্রী মাঝি তন্তুজের মাথায় বসে আছেন, সাধারণ মানুষের কল্যাণে কিছু করতে চেষ্টা করছেন—সেখানে কি অবস্থা। আপনি যদি সেখানে ইনস্পেকশানে যান ও ইনভেষ্টিগেট করেন তাহলে দেখতে পাবেন সেখানে ইনভেষ্টমেণ্ট আশাব্যঞ্জক ভাবে কিছুই নেই। তন্তুজের দুর্নীতি দূর করবার কোন ব্যবস্থা নেই। দুর্নীতি দূর করতে, অপরাধী সাব্যস্ত হলে পেনালটির যে ব্যবস্থা করছেন তা অপর্যাপ্ত। একটা আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে গেলে অপরাধী দমনের ব্যবস্থা কঠোরভাবে হওরা উচিত ছিল। এই অত্যল্প পেনালটি চার্জ করে প্রকৃত অপরাধীকে শায়েস্তা করা কখনই সম্ভব নয়। সেজন্য আমি এই বিলকে সমর্থন করতে পারছি না।

[6-20—6-34 P. M.]

**শ্রীভুপাল পাণ্ডে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সমবায়মন্ত্রী কর্তৃক উৎথাপিত যে বিল তাকে পরিপূর্ণ সমর্থন করে সংক্ষেপে ২।১ টি কথা আপনার কাছে রাখতে চাই। ওঁরা প্রশ্ন তুলেছেন যে এই বিলের মধ্যে মৌলিক কোন পরিবর্তন হয় নি। এতে সমবায় আন্দোলন অগ্রসর হবে না। দ্বিতীয় কথা হচ্ছে গণতান্ত্রিক অধিকারকে অপসারিত করে এর পরিবর্তন তাতে তাকে সঙ্কুচিত করা হচ্ছে। দেশের দুর্বল যে অংশ তারা কোন রাস্তা পাবেনা এর থেকে বেরুবার। দেশের দারিদ্রতা যখন বেড়ে চলেছে এদের কিছু পরিবর্তন হবেনা, এবং এঁরা কিছুই করতে পারবে না। বামফ্রণ্ট সরকার সমবায় আন্দোলনে বিশ্বাস করেন না, তারা পঞ্চায়েতের মাধ্যমে কাজ করতে উৎসাহী। সুতরাং বিরোধীপক্ষের মতে এই বিল এনে কোন লাভ হবে না এবং কোন অগ্রগতি হবে না। স্পীকার মহাশয় আমি আপনার মাধ্যমে ওঁদের জিজ্ঞাসা করি—তাঁরা যদি পরিবর্তন না ঘটিয়ে, কোন রকম সংশোধন না করে বিলটি যে রকম আছে সেইরকম রাখতে চান অর্থাৎ সমবায় আন্দোলনের উপরে যে বিল তাকে অপরিবর্তিত রাখতে ইচ্ছুক হন তাহলে আগেকার বিলটিকে সমর্থন করুন। ওরা চায় না যে সমবায় আন্দোলনের উপরে যে নতুন আইন আসছে তাকে ঠেলে সাজাতে। তাই দেখা যাচ্ছে ১৪৩টি ধারার মধ্যে ৮৬টি ধারাই সংশোধন এনেছেন। এই বিরোধী পক্ষেরা এর বিরোধিতাও চাইছে না আবার এর পরিবর্তনও চাইছে না। সুতরাং এইসব দেখে বোঝা যাচ্ছে যে তারা খুব আতঙ্কিত হয়ে পড়েছে এই নতুন বিল আসার জন্য। ওঁরা বলছেন যে সব ব্যাপারে আসলে কিছু দলীয় কর্তৃত্ব রাখাই হচ্ছে বামফ্রণ্ট

দলের মূল লক্ষ্য। ওঁরা যা কিছু বিধানসভায় আলোচিত হচ্ছে তারমধ্যে দেখতে পাচ্ছেন দলীয় ভুত সব ব্যাপারের মধ্যে জড়িয়ে রয়েছেন। সুতরাং ওরা ধরেই নিয়েছেন আমাদের দ্বারা কিছু হবে না। এই সমবায় আন্দোলনের উপর যে বিল এনেছেন তার সংশোধন হবে না এটাই তারা ধরে নিয়েছেন। সেইজন্য ত্রুটি দূর করে তার পরিবর্তন করা দরকার, এবং অতীতের যে সমস্ত ত্রুটি ছিল তার বিস্তারিত পরিবর্তন দরকার এবং তারজন্য এখানে আলোচনা করা হয়। কিন্তু আমরা দেখতে পাচ্ছি ওঁরা মুল বিলের উপর আলোচনা না করে তাকে ডাইভার্ট করার চেষ্টা করছেন। এখানে একটা জিনিষ দেখতে পাচ্ছি আমরা রেজিষ্ট্রেসান কাউন্সিল যা তৈরী হয়েছে তা ঘোর অন্যায় বলে তাঁরা মনে করেন। রেজিষ্ট্রেশান কাউন্সিল তুলে দিয়ে টেরিটোরিয়ালের কাছে সমস্ত বিষয় বস্তু নিয়ে হাজির করতে হবে। যদি কোন অফিসার কোন ক্ষেত্রে ভুল করে থাকেন তাকে সংশোধন করে ব্যবস্থা নেওয়া হবে। কিন্তু তারা এইসব দেখাবেন না। তাদের মূল কথা হচ্ছে দলীয় ক্ষেত্রে আমরা নাকি একটি কমিটি করেছি। এটা তাঁদের দীর্ঘসুত্রতা ছাড়া আর কিছুই নয়। এর মধ্যে শুধু নাকি স্বার্থ সিদ্ধির জিনিষগুলিই দেখা যাচ্ছে। ওঁদের মতে গণতান্ত্রিক পদ্ধতিতে এটা করা ঠিক নয়। কাউন্সিল করার পক্ষে তাদের ঘোর আপত্তি। কিন্তু ট্রাইবুন্যাল হচ্ছে একটি বিচার-বিভাগ। সেখানে রেজিষ্ট্রেশানের ব্যাপারে কিছু করা যাবে না। আপনারা প্রশ্ন তুলেছেন পারিবারিক লোক দিয়ে সমবায়গুলি চালাবার জন্য। আপনারা জানেন যে আগে এই পরিবার হিসাবে সমবায় চালানোর ফলে সমবায় সমিতিগুলি দুর্নীতির আখরা হয়ে উঠেছিল। সেখানে দুর্নীতি বন্ধ করার জন্য আইনের মাধ্যমে আনা হয়েছে। এখানে ১০টি লোককে প্রত্যেককে পৃথক পরিবার থেকে নিতে হবে।

এ কথায় আপত্তি কেন? তাহলে কি ওরা চান পূর্বের মত পারিবারিক সমবায়? তাহলে বেশিরভাগ মানুষকে নিয়ে আসা যাবে কি ভাবে? সেজন্য আমি বলতে চাই দুর্বলতম মানুষকে সাহায্য করার জন্য বর্গাদার, ক্ষুদ্র প্রান্তিক চাষী যারা তাদের দিয়ে কোয়াপারেটিভ মাধ্যমে গণ আন্দোলন করার জন্য এই যে নুতন বিধান এসেছে তার বিরোধীতা করার উদ্দেশ্য আমাদের দেশের মেহনতী মানুষ নিজেদের অর্থনীতিকে গড়ে তুলুক এটা তাঁরা চান না। সুতরাং মন্ত্রী মহাশয়কে আবেদন করবো ওদের ঐ সমস্ত এমেণ্ডমেণ্ট গ্রহণ করবেন না। ওরা এখানে শিবের বাদ্যি বাজাতে চাইচেন। শেষে বলছি বড় বড় যারা ঋণ বাকী রেখেছে তাদের উপর থেকে ঋণ আদায় করবার ব্যবস্থা করা হোক। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রীনীরোদ রায় চৌধুরী :** স্যার, মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেই বিলকে সমর্থন করে ২।১টি কথা বলতে চাই। কৃষি সমিতি পরিচালনা করার ক্ষেত্রে যে অসুবিধা মনে হচ্ছিল তার ২।১টি বিষয় বলতি চাই। সমবায় আন্দোলন স্বাধীনতার পূর্বে থেকে আরম্ভ হয়েছে। কৃষি

করে থাকেন। তাঁরাই যদি প্রতিনিত্ব করেন, তাহলে সেক্ষেত্রে রুলিং পার্টির ক্যাডারদের ইনফিল-ট্রেশান হয়ে যাবে বলে আশংকা করছি। যদি একজন লোক সমস্ত সমবায় সমিতি গুলিতে প্রতিনিধিত্ব করেন তাহলে তা সেই ব্যাক্তির স্বার্থ সিদ্ধির পক্ষে সহায়ক হবে। যেহেতু এখানে পরিষ্কার করে কিছু বলেন নি সেইজন্য আমি সাব-সেকশন ৫ কে সমর্থন করতে পারছি না। লক্ষ্য করুন সমবায় আন্দোলন আজ কোথায় গিয়ে পৌচেছে চারিদিকে দুর্নীতি ও সুবিধা আদায়ের চেষ্টা চলছে। বিড়ি শ্রমিকরা যে সমবায়ের ভিত্তিতে কাজ করবে তাও হতে পারছে না। তারা যে কো-অপারেটিভ গঠন করেছে তাতে তাদের স্বার্থ রক্ষিত হচ্ছে না। শ্রী মাঝি তন্তুজের মাথায় বসে আছেন, সাধারণ মানুষের কল্যাণে কিছু করতে চেষ্টা করছেন—সেখানে কি অবস্থা। আপনি যদি সেখানে ইনস্পেকশানে যান ও ইনভেষ্টিগেট করেন তাহলে দেখতে পাবেন সেখানে ইনভেষ্টমেণ্ট আশাব্যঞ্জক ভাবে কিছুই নেই। তন্তুজের দুর্নীতি দূর করবার কোন ব্যবস্থা নেই। দুর্নীতি দূর করতে, অপরাধী সাব্যস্ত হলে পেনালটির যে ব্যবস্থা করছেন তা অপর্যাপ্ত। একটা আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে গেলে অপরাধী দমনের ব্যবস্থা কঠোরভাবে হওরা উচিত ছিল। এই অত্যল্প পেনালটি চার্জ করে প্রকৃত অপরাধীকে শায়েস্তা করা কখনই সম্ভব নয়। সেজন্য আমি এই বিলকে সমর্থন করতে পারছি না।

[6-20—6-34 P. M.]

**শ্রীভূপাল পাণ্ডে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সমবায়মন্ত্রী কর্তৃক উৎথাপিত যে বিল তাকে পরিপূর্ণ সমর্থন করে সংক্ষেপে ২।১ টি কথা আপনার কাছে রাখতে চাই। ওঁরা প্রশ্ন তুলেছেন যে এই বিলের মধ্যে মৌলিক কোন পরিবর্তন হয় নি। এতে সমবায় আন্দোলন অগ্রসর হবে না। দ্বিতীয় কথা হচ্ছে গণতান্ত্রিক অধিকারকে অপসারিত করে এর পরিবর্তন তাতে তাকে সঙ্কুচিত করা হচ্ছে। দেশের দুর্বল যে অংশ তারা কোন রাস্তা পাবেনা এর থেকে বেরুবার। দেশের দারিদ্রতা যখন বেড়ে চলেছে এদের কিছু পরিবর্তন হবেনা, এবং এঁরা কিছুই করতে পারবে না। বামফ্রণ্ট সরকার সমবায় আন্দোলনে বিশ্বাস করেন না, তারা পঞ্চায়েতের মাধ্যমে কাজ করতে উৎসাহী। সুতরাং বিরোধীপক্ষের মতে এই বিল এনে কোন লাভ হবে না এবং কোন অগ্রগতি হবে না। স্পীকার মহাশয় আমি আপনার মাধ্যমে ওঁদের জিজ্ঞাসা করি—তাঁরা যদি পরিবর্তন না ঘটিয়ে, কোন রকম সংশোধন না করে বিলটি যে রকম আছে সেইরকম রাখতে চান অর্থাৎ সমবায় আন্দোলনের উপরে যে বিল তাকে অপরিবর্তিত রাখতে ইচ্ছুক হন তাহলে আগেকার বিলটিকে সমর্থন করুন। ওরা চায় না যে সমবায় আন্দোলনের উপরে যে নতুন আইন আসছে তাকে ঠেলে সাজাতে। তাই দেখা যাচ্ছে ১৪৩টি ধারার মধ্যে ৮৬টি ধারাই সংশোধন এনেছেন। এই বিরোধী পক্ষেরা এর বিরোধিতাও চাইছে না আবার এর পরিবর্তনও চাইছে না। সুতরাং এইসব দেখে বোঝা যাচ্ছে যে তারা খুব আতঙ্কিত হয়ে পড়েছে এই নতুন বিল আসার জন্য। ওঁরা বলছেন যে সব ব্যাপারে আসলে কিছু দলীয় কর্তৃত্ব রাখাই হচ্ছে বামফ্রণ্ট

একসঙ্গে নিতে হয় তাহলে মুস্কিল, কারণ, কীটনাশক ওষুধ বলুন, সার বলুন এই কাইনডস আগে নিয়ে চাষীরা ফেলে রাখে, ফলে সেগুলি নষ্ট হয়ে যায়, সেজন্য যখন এগুলির দরকার হয় তখন তাদের দিলে ভাল হয়। সেজন্য আমার অনুরোধ ক্যাশটা আগে নিয়ে কাইনডসটা যাতে তারা পরে নিতে পারে তার ব্যবস্থা করলে ভাল হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Under rual 310(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I beg to lay the First Report of the Committee on Rules. If any member desires to give notice of any amendment to the recommendation in the Report, he may talble the notice of such amendment to this Secretariat by the 15th March, 1983 at the latest.

## Adjournment

The House was then adjourned at 6-34 p.m. till 1 p.m. on Thursday, the 10th March, 1983, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly under the provisions of the constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 10th March, 1983 at 1 p. m.

**Present**

Mr. Speaker ( SHRI HASHIM ABDUL HALIM ) in the Chair, 10 Ministers, 11 Ministers of State and 157 Members.

# HELD OVER STARRED QUESTIONS

**(To which oral answers were given)**

[ 1-00—1-10 P. M. ]

**সরকারী কলেজে অধ্যাপকের শূন্য পদ**

*৬। ( অনুমোদিত প্রশ্ন নং *৬১। ) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বর্তমানে রাজ্যের সরকারী কলেজসমূহে কতজন অধ্যাপকের পদ শূন্য আছে ?

**শ্রীনির্মল বোস ঃ** ৩২৮টি।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই পদগুলি পূরণের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

**শ্রীনির্মল বোস ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি এই যে পদগুলি খালি আছে, তার অনেকগুলিতে পাবলিক সার্ভিস কমিশনের ব্যাপার আছে। আর কতগুলিতে অধ্যক্ষ এবং প্রফেসরের যোগ্যতা ইত্যাদি ব্যাপার আছে, তাদের সম্পর্কে কতকগুলি পরিবর্তন করা হচ্ছে। আমরা আশা করছি যে এগুলি শিঘ্র করা যাবে এবং কতকগুলি ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

**শ্রী[illegible] বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে গভর্ণমেণ্ট স্পনসর্ড কলেজগুলিতে অধ্যাপকের শূন্য পদের সংখ্যা কত ?

**শ্রীনির্মল বোস ঃ** এই ব্যাপারে নোটিশ দিতে হবে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কতদিন ধরে এই পদগুলি শূন্য আছে, এতদিন পর্যন্ত পূরণ হয়নি কেন এবং এর কারণ কি ?

**শ্রীনির্মল বোস ঃ** আমি আগেও বলেছি যে কিছু পদ শূন্য আছে কারণ পাবলিক সার্ভিস কমিশনে নাম চাওয়া সত্বেও তারা নাম দিচ্ছেন না। আর দ্বিতীয় কারণ হচ্ছে, অধ্যক্ষ এবং প্রফেসরের পদে যারা আছেন, তাদের যোগ্যতা ইত্যাদি ব্যাপারে বিবেচনা করা হচ্ছে। এর মধ্যে অনেকগুলি পদ আছে, ইঞ্জিনিয়ারিং কলেজে আছে, গভর্ণমেণ্ট আর্ট কলেজে আছে, আরো অনেক কলেজে আছে। কিন্তু কোন তারিখ থেকে কোন কলেজে কত আছে, এটা নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বারবার বলছেন যে পাবলিক সার্ভিস কমিশনের কাছে নাম চাওয়া সত্বেও তারা নাম পাঠাচ্ছেন না। আমার প্রশ্ন হচ্ছে, এক্ষেত্রে সরকারী ভাবে কোন ব্যবস্থা গ্রহণ করা যায় কিনা তারা যদি তাড়াতাড়ি নাম না পাঠায় ?

**শ্রীনির্মল বোস ঃ** এই বিষয়ে পাবলিক সার্ভিস কমিশনের সঙ্গে কথাবার্তা বলা হচ্ছে।

**শ্রীভুপাল পাণ্ডা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে অনেক ক্ষেত্রে সার্ভিস কমিশন থেকে যাদের নাম সুপারিশ করা হয়েছে, সেই সমস্ত লোকেরা চিঠি পাওয়া সত্বেও এ্যাপীয়ার হননি বা রেসপন্স করেন নি এবং এর ফলে অনেক ডিলে হচ্ছে ?

**শ্রীনির্মল বোস ঃ** এই রকম ঘটনা খুব বেশী নেই, ২/১টি

## STARRED QUESTIONS

### (To which oral answers were given)

### ল' কলেজ

***২১৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৬১।) **শ্রীতারকবন্ধু রায় ঃ** শিক্ষা (উচ্চ শিক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ রাজ্যে বর্তমানে ল' কলেজের সংখ্যা কত ;

(খ) ঐ সকল ল' কলেজে কত সংখ্যক শিক্ষার্থী শিক্ষা গ্রহণ করছেন ; এবং

(গ) মহিলা শিক্ষার্থীদের জন্যে পৃথক ল' কলেজ খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীনির্মল বোস :** (ক) ৯টি

(খ) আনুমানিক শিক্ষার্থীর সংখ্যা ৬৯০০ জন।

(গ) বর্তমানে সরকারের এরূপ কোন পরিকল্পনা নাই।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, উচ্চ শিক্ষামন্ত্রী এই বিধানসভায় ঘোষণা করেছিলেন যে কুচবিহার, কৃষ্ণনগর এবং বহরমপুরে নুতন ল কলেজ খোলা হবে। সেই সম্পর্কে কোন সিদ্ধান্ত ইতিমধ্যে গ্রহণ করা হয়েছে কি না ?

**শ্রীনির্মল বোস :** এই বিষয়ে আপনি নির্দ্দিষ্ট ভাবে আলাদা প্রশ্ন যদি করেন তাহলে কাগজপত্র দেখে আমি বলতে পারব।

## প্রেসিডেন্সি কলেজ ছাত্রের রহস্যজনক মৃত্যু

*২২০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬০।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ খ্রীস্টাব্দের অক্টোবর মাসে প্রেসিডেন্সি কলেজের ছাত্র সোহম সেনের রহস্যজনক মৃত্যু সম্পর্কে সরকার কোন তদন্তের নির্দেশ দিয়েছেন কিনা ; এবং

(খ) নির্দেশ দিয়ে থাকলে,—

(১) তদন্তের কোন রিপোর্ট পাওয়া গেছে কিনা, ও

(২) উহার ভিত্তিতে কোন ব্যবস্থা অবলম্বন করা হয়েছে কি ?

**শ্রীজ্যোতি বসু :** (ক) হ্যাঁ।

(খ) (১+২) কলিকাতা পুলিশের গোয়েন্দা শাখার প্রাথমিক রিপোর্ট পাবার পর আরো বিস্তৃত অনুসন্ধান এবং তদন্তের জন্য সি. আই. ডি. বিভাগকে দায়িত্ব দেওয়া হয়েছে। এবং ভারতীয় দণ্ডবিধির ৩০২।৩৬৪ ও ১২০ বি ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে। তদন্ত এখনো চলছে।

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলবেন কি, এর হত্যা হয়েছে হিন্দু হস্টেলে, ডেড বডি কোথায় পাওয়া গেছে ?

**শ্রীজ্যোতি বসুঃ** রেল লাইনের ধারে পাওয়া গেছে।

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** কোন্ রেল লাইনের ধারে, কত দূরে পাওয়া গেছে এবং এই রহস্যজনক মৃত্যুর পিছনে কোন রাজনৈতিক কারণ ছিল কিনা—আপনি এটা বলতে পারবেন কি ?

**শ্রীজ্যোতি বসুঃ** রেল লাইন থেকে কত দূরে—এই সব ডিটেলস আমার কাছে নেই। তবে আমার কাছে যে রিপোর্ট আছে তাতে দেখতে পাচ্ছি বেলানগর ষ্টেশন-এর কাছে পাওয়া গেছে। আর সে কোন রাজনৈতিক বিষয়ের সঙ্গে সংশ্লিষ্ট আছে কিনা, এই প্রশ্ন করা হয়েছে। এর উত্তরে জানাচ্ছি আমার কাছে এখন যে রিপোর্ট আছে তাতে দেখছি সেই রকম কিছু নেই।

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** যে মারা গেছে সে নিজে কোন রাজনৈতিক দলের সাথে যুক্ত ছিল কি ?

**শ্রীজ্যোতি বসুঃ** না, এই রকম কিছু খবর নেই।

**House-rent allowance for the teachers of Non-Government College**

***221.** ( Admitted question No. *477. ) **Dr. HOIMI BASU :** Will the Minister-in-charge of the Education ( Higher ) Department be pleased to state—

(a) Whether there has been any correspondenc between the Chief Minister of West Bengal and the General Secretary, West Bengal College and University Teachers' Association recently regarding payment of house-rent allowance to the teachers of Non-Government Colleges; and

(b) If so, what are the contents thereof ?

**শ্রীনির্মল বোসঃ** (ক) হ্যাঁ।

(খ) এলাকা ও জনসংখ্যার ভিত্তিতে বিভিন্ন হারে বাড়ী ভাতার বদলে পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সকল বেসরকারী কলেজ শিক্ষকদের মূল বেতনের ১৫% হারে বাড়ী ভাতা দিবার দাবী জানাইয়াছেন।

মুখ্যমন্ত্রী তাঁহার জবাবে সমিতির সাধারণ সম্পাদককে জানাইয়াছেন যে রাজ্য সরকারের বর্তমান আর্থিক সংকটের জন্য এমন কি কিছু জরুরী উন্নয়ন প্রকল্প পর্যন্ত স্থগিত রাখিতে হইয়াছে। এই পরিপ্রেক্ষিতে এখন অতিরিক্ত ব্যয়ভার গ্রহণ করা সম্ভব হইতেছে না॥

## লিগ্যাল এড কমিটি

***২২২।** (অনুমোদিত প্রশ্ন নং *৪০৫।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জানুয়ারি, ১৯৮৩ পর্যন্ত কয়টি—

(১) জেলা,

(২) মহকুমা,

(৩) পৌর এলাকা ও

(৪) ব্লকে আইনগত সহায়তা প্রদান কমিটি গঠিত হয়েছে ; এবং

(খ) উক্ত কমিটির কর্মসূচী কি ?

**শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাঃ** (ক) (১) ১৫টি জেলা, (২) ১২টি মহকুমা, (৩) ১টি পৌর এলাকা ও (৪) ৫৬টি ব্লকে আইনসংক্রান্ত সহাতা প্রদান কমিটি গঠিত হয়েছে।

(খ) (১) আইনসংক্রান্ত সাহায্য অথবা উপদেশ দানের নিমিত্ত দরখাস্ত সমূহ গ্রহণ এবং পরীক্ষাকরণ,

(২) আইনসংক্রান্ত উপদেশ দানের জন্য অনুদানের ব্যবস্থা করা,

(৩) দুস্থ ব্যক্তিদের মামলা পরিচালনার নিমিত্ত আইনজ্ঞদের নামের তালিকা প্রস্তুত করা,

(৪) আইনসংক্রান্ত সাহায্যপ্রদান অথবা প্রত্যাহারের সমস্ত প্রশ্নাবলীর বিবেচনাকরণ এবং

(৫) আইনসংক্রান্ত সাহায্যদান বিষয়ক পরামর্শদাতা এবং অইনজ্ঞগণের থেকে পারিশ্রমিক প্রদানের ব্যবস্থা করা এবং সাধারণতঃ আইনসংক্রান্ত সাহায্যদানের অন্যান্য খরচাদি কমিটিকে প্রদত্ত অনুদান হইতে প্রদান করা।

এতদ্ব্যতীত, জেলা আইন সংক্রান্ত সাহায্য কমিটির রাজ্য বোর্ডের সাধারণ তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ সাপেক্ষে, জেলায় অবস্থিত অন্যান্য আইন সংক্রান্ত সাহায্য কমিটিকে তত্ত্বাবধান করা, পরামর্শ দেওয়া এবং তাদের কার্যধারা নির্দেশ করিয়া দেওয়ার ক্ষমতা আছে।

এর সাথে একটি কথা জানিয়ে রাখা দরকার যে, আমাদের এই নতুন স্কীম আরো সব এলাকায়, ব্লকে ছড়ানোর কথা ছিল, সেগুলি স্থগিত আছে। কারণ হাইকোর্টে কতকগুলি মামলা হয়ে আমাদের নতুন স্কীম সাময়িকভাবে বন্ধ হয়ে আছে, কার্যতঃ আমরা পুরানো স্কীমেই কাজ করছি। কিছু কিছু জায়গায় ইনজাংসান আছে, তার বাইরের জায়গায় আমরা নতুন স্কীমে কাজ করছি।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** একটি ১৯৮০ সালের স্কীম, আর একটি ১৯৭৪ সালের স্কীম। যেসমস্ত জেলায় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেগুলি কি সব পুরানো স্কীমের ব্যাপার, না, নতুন স্কীমের ব্যাপার ?

[1-10—1-20 P.M.]

**শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাঃ** পশ্চিমবঙ্গের ১৫টি জেলার মধ্যে ৭টি জেলায় এই নতুন স্কীম চালু করা হয়েছিল। পরে ইহাদের মধ্যে কোলকাতা, ২৪ পরগণা, হাওড়া, হুগলী, জলপাইগুড়ি, বীরভূম, মালদা ও পশ্চিমদিনাজপুর এই ৮টি জেলায় ১৯৮০ সালে পশ্চিমবঙ্গ রাজ্য আইনগত সাহায্য এবং পরামর্শ দান স্কীম ১৯৮০ অনুযায়ী আইনগত সাহায্য দান কমিটি জেলা স্তরে গঠিত হইয়াছে। এই সকল জেলার নিম্নলিখিত মহকুমা, পৌর এলাকা ও ব্লকেও এই স্কিম অনুযায়ী কমিটি গঠিত হইয়াছে। ২৪ পরগণা জেলা-মহকুমা—বনগাঁ, ডায়মণ্ডহারবার, বসিরহাট, ব্যারাকপুর ও বারাসাত। হাওড়া জেলা—মহকুমা—উলুবেড়িয়া, বালিপো'র এলাকা। হুগলী জেলা—মহকুমা—শ্রীরামপুর, চন্দননগর ও আরামবাগ ব্লক—জাঙ্গীপাড়া, বলাগড়, হরিপাল, তারকেশ্বর, পোলবা—দাদপুর, পাণ্ডুয়া, খানাকুল-এক, খানাকুল-২, আরামবাগ, পুরশুড়া, গোঘাট। জলপাইগুড়ি—মহকুমা—আলিপুর-দুয়ার। বীরভূম—মহকুমা—রামপুরহাট, ব্লক—সিউড়ি ১ ও ২, মহম্মদবাজার, রাজনগর, খয়রাশোল, দুবরাজপুর, ইলামবাজার, বোলপুর, নানুর, লাভপুর, সাঁইথিয়া, ময়ুরেশ্বর এক ও দুই, মুরারই এক ও দুই, রামপুরহাট এক ও দুই, নলহাটি এক ও দুই। মালদা জেলা—ব্লক—পুরানো মালদা, চাঁচোল

এক ও দুই, বামনগোলা, রতুয়া এক ও দুই, গাজোল, হাবিবপুর, ইংলিশবাজার, হরিশ্চচন্দ্রপুর এক ও দুই, কালিয়াচক এক ও দুই, তিন, মানিকচক। পশ্চিমদিনাজপুর—মহকুমা—রায়গঞ্জ, ব্লক—করণদিঘী, হিলী, ইসলামপুর, চোপরা, গোয়ালপুকুর এক ও দুই, কুমারগঞ্জ, গঙ্গারামপুর, কালিয়াগঞ্জ, রায়গঞ্জ ও হেমতাবাদ। এই ৮টি জেলাতে রয়েছে। কার্যতঃ ইনজাংসানের জন্য নতুন স্কীম আংশিকভাবে চালু করা গিয়েছে, সম্পূর্ণভাবে হয়নি।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** এই সমস্ত জনকল্যাণমূলক কাজ যা সরকার করতে চাইছেন এবং যেগুলি হাইকোর্ট থেকে ইনজাংসান হবার জন্য বন্ধ হয়ে যাচ্ছে সেই ইনজাংসান যাতে তাড়াতাড়ি ভেকেটেড হয় তারজন্য সরকার কি ব্যবস্থা নিচ্ছেন মাননীয় মন্ত্রীমহাশয় তা জানাবেন কি? তা ছাড়া কারা এই ইনজাংসান চাইছেন সেটা জানাবেন কি?

**শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাঃ** যারা পূর্বে এই লিগ্যাল এডের কর্মচারী ছিলেন বা আইনের সাহায্যকারী ছিলেন তাদের পক্ষ থেকেই এই মামলা গুলি করা হয়েছে। আমরা এখন চেষ্টা করছি তাদের সঙ্গে একটা আপোষে এসে এই নতুন ব্যবস্থায় তাদের কিছু ব্যবস্থা দিয়ে মামলাগুলি তুলিয়ে নেবার। তা না হলে মামলার শুনানী হতে অনেক দেরি লাগবে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ** এই যে সহায়তা দান কমিটি হয়েছে এ ক্ষেত্রে আইনজীবীরা কত করে টাকা পাবেন এবং এর সঙ্গে ব্লক স্তরে যে কমিটি নিয়োগ করা হচ্ছে সেখানে তারা কি ব্লকে যাবেন বা তাদের সঙ্গে যোগাযোগ কি করে করা যাবে জানাবেন কি?

**শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাঃ** ব্লক লেভেল পর্য্যন্ত এখনও আমরা আমাদের কর্মকাণ্ডকে বিস্তৃত করতে পরি নি। যেগুলির কমিটি হয়েছে সে পর্য্যন্ত নিতে পারি নি। আর গভর্নমেন্ট প্লিডাররা যে ভাবে টাকা পান তারাও সেইভাবে পাবেন।

**শ্রীগোপাল কৃষ্ণ ভট্টাচার্য্যঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই স্কীমে এখনও পর্য্যন্ত কটা কেস সরকার গ্রহণ করেছেন?

**শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাঃ** নোটিশ চাই।

**শ্রীসরল দেবঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই প্যানেল 'ল' ইয়ার্স যারা নিযুক্ত হচ্ছেন তাদের ন্যূনতম যোগ্যতা কি বা কত বছর প্রাকটিস করলে তাদের নিয়োগ করা যেতে পারে?

**শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লা ঃ** ব্লক লেভেল পর্য্যন্ত এখনও হয়নি, আমরা মহকুমা পর্য্যন্ত এই স্কীম চালু করার ব্যবস্থা করছি। ব্লক লেভেলের যখন প্রশ্ন আসবে তখন সেখানে কিছু সংশোধনও হতে পারে—আগে যে ভাবে ভাবা হয়েছিল তার থেকে অন্যভাবে কাজ করার ব্যবস্থা হতে পারে। ব্লক লেভেলে কমিটি করা হয়েছে বটে তবে আবেদন গ্রহণ করা এবং মহকুমা কোর্টে পাঠিয়ে দেওয়া ছাড়া ব্লক লেভেলে এখনও অন্য কোন দায়িত্ব দেওয়া হয়নি।

## মফঃস্বলের থানার জন্য জীপ গাড়ি

*২২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭০।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অপরাধের তদন্ত, অভিযুক্ত ব্যক্তির গ্রেপ্তার ইত্যাদি কার্যের জন্য মফঃস্বলের প্রত্যেকটি থানার অন্ততঃ একটি জীপ গাড়ির প্রয়োজনীয়তা সম্পর্কে সরকার অবহিত আছেন কি ;

(খ) থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ; এবং

(গ) ১লা জানুয়ারি, ১৯৮৩ তারিখে মফঃস্বলের কতগুলি থানার একটিও জীপ গাড়ির ব্যবস্থা নাই ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) হ্যাঁ।

(খ) গত ১৯৮১-৮২ আর্থিক বছরে মোট ৬৫ খানি গাড়ী কিনে বিভিন্ন জেলাপুলিশকে দেওয়া হয়েছে।

(গ) মোট ১৪টি থানায়।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কতগুলি থানার নাম বললেন।

**শ্রীজ্যোতি বসু ঃ** ৩৩৬টি পুলিশ ষ্টেশান আছে। তার মধ্যে আপনি যেটা জিজ্ঞাসা করেছেন যে জীপ গাড়ী প্রত্যেক জায়গায় আছে কি না ? আমি বলেছি যে নেই এবং ১৯৮১-৮২ সালে ৬৫টা কেনা হয়েছে, তাদের দেওয়া হয়েছে। এখনও বাকী আছে ১৪টি থানা যেখানে জীপ গাড়ী নেই।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, যে থানাগুলিতে জীপ গাড়ী নেই, সেখানে কতদিনের মধ্যে গাড়ী দিতে পারবেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** পুলিশ খাতে যে টাকা আমরা খরচ করি তাতে এটা এতদিন করা যায়নি। যেখানে গাড়ী কেনা যাচ্ছে না, সেখানে আমরা বলেছি যে তারা গাড়ী ভাড়া করে নিতে পারবে। আমরা চেষ্টা করছি যাতে এই অভাবটা তাড়াতাড়ি মেটাতে পারি এবং ভাড়া গাড়ীর উপর যাতে নির্ভর করতে না হয়।

## নেতাজীর জীবন ও দর্শন সম্বলিত রচনাবলী

*২২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬২৯।) **শ্রীসরল দেব ঃ** উচ্চ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, নেতাজীর জীবন ও দর্শন নিয়ে সুলভে রচনাবলী প্রকাশ করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি ?

**শ্রীনির্মল কুমার বোস ঃ** এ ব্যাপারে রাজ্য সরকার চিন্তা করেছিলেন এবং কিছু কিছু আলোচনাও হয়েছে। তবে এখনও কোনো স্থির সিদ্ধান্ত নেয়া হয়নি।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে সাধারণভাবে নেতাজীর জীবনী এবং তাঁর দর্শন সম্পর্কে পরিচ্ছন্ন ধ্যানধারণা না থাকার জন্য অনেকে তাঁর সম্পর্কে ভুল ব্যাখ্যা করছেন। সেজন্য রাজ্য সরকারের পক্ষ থেকে এই ভুল ধারণা দূর করার জন্য অবিলম্বে রাজ্য সরকার কর্তৃক সুলভে পুস্তক প্রকাশ করা উচিত। কাজেই এই সম্পর্কে কিছু চিন্তা করছেন কি না ?

**শ্রীনির্মল বোস ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে নেতাজীর রচনাবলী প্রকাশ করার প্রয়োজনীয়তা নিশ্চয়ই আছে এবং এই বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করতে চান। কিন্তু এই ব্যাপারে অগ্রসর হতে গিয়ে দেখা গেল যে কপি রাইটের কিছু সমস্যা আছে এবং এই ব্যাপারে একটা মামলা হয়েছে। যদিও মামলা সরকারের সংগে হয়নি, অন্য ক্ষেত্রে নেতাজীর রচনাবলী নিয়ে একটা মামলা হয়েছে। সরকার অপেক্ষা করছেন যে এই মামলার রায় কি হয়, কপি রাইটের ব্যাপারটা কি হয় সেটা দেখার জন্য। ইতিমধ্যে কিছু বিশিষ্ট পণ্ডিত ব্যক্তিদের নিয়ে আলোচনা করা জিনিসটা কিভাবে করা যায় সেই সম্পর্কে আলোচনা করা হচ্ছে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, উচ্চশিক্ষা মন্ত্রী এবং অস্থায়ী উচ্চ শিক্ষা মন্ত্রীর বক্তব্যের মধ্যে তফাৎ হয়ে যাচ্ছে। উনি বিধানসভায় দাঁড়িয়ে ঘোষণা করেছিলেন যে নেতাজীর রচনাবলী প্রকাশ করা হবে। কিন্তু আজকে এটা বিবেচনাধীন কেন ? যদি বাধা থাকে তা সত্ত্বেও আমি জিজ্ঞাসা করেছি যে রাজ্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন—এটা ঠিক আছে তো ?

**শ্রীনির্মল বোস :** এর মধ্যে কোন স্ববিরোধী বক্তব্য নেই। সরকার করতে চান কিন্তু করতে গিয়ে দেখা গেল যে আইনের অসুবিধা হচ্ছে এবং এই ব্যাপারে একটা মামলা চলছে। আমি এই কথা বলেছি যে সরকার সেই মামলার কি নিষ্পত্তি হয় সেটার জন্য অপেক্ষা করছেন। কারণ কেউ দাবী করছেন যে নেতাজীর রচনাবলী তাদের ব্যক্তিগত পারিবারিক সম্পত্তি। কাজেই এটা সত্য কি সত্য নয়, এটার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অপেক্ষা করছেন। তা না হলে সরকার করতে গেলে মামলা বেধে যাবে, আটকে যাবে, এটা ঠিক নয়। এই কারণে সিদ্ধান্ত ঠিক আছে, সরকার একটু দেখে শুনে করতে চান।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য :** মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে বলবেন কি যে এই মামলার বাদী কে?

**শ্রীনির্মল বোস :** আপনি নোটিশ দেবেন, আমি বলে দেব।

## নিষ্ক্রিয় সমবায় সমিতি

*২২৫। (অনুমোদিত প্রশ্ন নং *২০৭।) **শ্রীব্রজগোপাল নিয়োগী :** সমবায় বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সর্বশেষ তথ্য অনুযায়ী পশ্চিমবঙ্গে মোট কতগুলি নিষ্ক্রিয় সমবায় সমিতি আছে ; এবং

(খ) উক্ত সমবায় সমিতিগুলিকে বাতিল অথবা পুনর্গঠনের জন্য রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**শ্রীনির্মলকুমার বোস :** (ক) ৬০১৮

(খ) বিভাগীয় পরিদর্শনের পর যে সব ক্ষেত্রে দেখা যায় যে কোন নিষ্ক্রিয় সমিতিকে সক্রিয় করিয়া তুলিবার সম্ভাবনা আছে, তাহলে সরকার যথাসম্ভব আর্থিক, ব্যবসায়িক ও অন্যান্য সুবিধা দানের মাধ্যমে সেই রূপ চেষ্টা করিতেছেন। অন্যথায় পশ্চিমবঙ্গ সমবায় সমিতি সমূহ আইন, ১৯৭৩ এর ৮৯ ধারা বলে একজন 'লিকুইডেটর' নিয়োগ করিয়া তাহার প্রতিবেদন অনুসারে সমিতির রেজিষ্ট্রেশন বাতিল করার ব্যবস্থা গ্রহণ করিতেছেন।

**শ্রীব্রজগোপাল নিয়োগী :** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে আগামী কতদিনের মধ্যে এগুলিতে পুনর্গঠন করা যাবে?

**শ্রীনির্মলকুমার বোস ঃ** এই বিষয়ে সুস্পষ্ট উত্তর দেওয়া মুস্কিল। ঘটনা হচ্ছে, আমাদের প্রায় ২২ হাজার সমবায় সমিতি আছে। তার মধ্যে ৬ হাজারের কিছু বেশী এখনও ঠিকমত কাজ করছে না। আমরা চাই এই সমিতিগুলি কাজ করুক। যে সব কারণে কাজ করতে পারছে না সেগুলি দেখে আমরা চালু করতে চাই। আর যদি চালু করা না যায় তাহলে বাতিল করা— আমরা চাই যে সমিতি থাক, যেগুলির সম্ভাবনা আছে সেগুলি চালু থাক। তবে বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন রকম ব্যাপার আছে, সেজন্য একটু সময় লাগবে।

[1-20—1-30 P.M.]

**শ্রীসরল দেব ঃ** যেসব সমবায় সমিতির বিরুদ্ধে তহবিল তছরুপ বা দুর্নীতির অভিযোগ আছে তাদের বিরুদ্ধে সমবায় দপ্তর কি ব্যবস্থা গ্রহণ করেছে ?

**শ্রীনির্মলকুমার বোস ঃ** এ প্রশ্ন এখানে ওঠে না। মূল প্রশ্নটি হচ্ছে নিষ্ক্রিয় সমবায় সমিতি সম্পর্কে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** সরকারের টাকা যারা নিয়েছে তাদের রেজিষ্ট্রেশন ক্যানসেল হয়ে যাবার পরে ঐ টাকার কি অবস্থা হবে ?

**শ্রীনির্মলকুমার বোস ঃ** এটাও ভিন্ন ব্যাপার। সমিতি চলবার মত আর কোন উপায় না থাকলেই লিকুইডেসনে দেওয়া হবে। তারপরে টাকা পয়সা—এ্যাসেটস, লাইবেলিটিস—সমস্ত কিছুর আলাদা ব্যবস্থা আছে, লিকুইডেসন প্রোসেসের মধ্যেই সেটা চলে।

## সাব-রেজিস্টারী অফিস ও সাব-রেজিষ্ট্রার

*২২৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬০।) **শ্রীকমলাক্ষী বিশ্বাস ঃ** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ১৯৮৩ তারিখে পশ্চিমবাংলার সাব-রেজিস্টারী অফিসের সংখ্যা কত ছিল ;

(খ) উহাদের মধ্যে কতগুলি অফিসে পূর্ণ সময়ের জন্য সাব-রেজিস্ট্রার আছে ;

(গ) অবশিষ্ট অফিসগুলিতে কবে নাগাত সাব-রেজিস্ট্রার নিয়োগ করা সম্ভব হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(ঘ) ২৪-পরগণা জেলার বাগদা ও হেলেঞ্চা সাব-রেজিষ্ট্রি অফিসে পূর্ণ সময়ের জন্য সাব-রেজিস্ট্রার নিয়োগের বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে ?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ:** (ক) ১৯১টি।

(খ) ১৪০টি।

(গ) ২৩ জন নূতন সাব-রেজিস্ট্রারের নিয়োগপত্র পাঠানো হইয়াছে আরও ২৫ জনের নাম পাবলিক সার্ভিস কমিশন পাঠাইয়াছে—এবং তাহাদের নিয়োগ করিবার ব্যবস্থা অনতিবিলম্বে করা হইতেছে। পাবলিক সার্ভিস কমিশন হইতে আরও নাম আসিলে বাকী শূন্য পদগুলিকে সাব-রেজিস্ট্রার নিয়োগ করিবার ব্যবস্থা করা হইবে।

(ঘ) যত শীঘ্র সম্ভব হেলেঞ্চায় সাব-রেজিস্ট্রার নিয়োগ করা হইবে। বর্তমানে বাগদায় কোন সাব-রেজিষ্ট্রি অফিস নাই।

এবিষয়ে একটু জানা দরকার যে, সরাসরি আমরা কাউকে নিয়োগ করতে পারছি না। আমাদের পাবলিক সার্ভিস কমিশন থেকে লোক নিতে হয়। বাকি ৫১টি পদ পূরণ করা হবে বলেই আশা করা হচ্ছে, কিন্তু এর মধ্যে কিছু অন্তরায় আছে। সাব-রেজিস্ট্রার পোষ্টে যারা দরখাস্ত করে তারা একই সময়ে অন্য জায়গায় অন্য পদের জন্যও দরখাস্ত করে। এর ফলে দেখা যায় আমরা একজনকে নিয়োগপত্র দিয়েছি, কিন্তু সে অন্য জায়গায় কাজে যোগ দিয়েছে, আমাদের কাজে যোগ দিচ্ছে না বা আমাদের কোন কিছু জানাচ্ছে না। সুতরাং এই অবস্থায় ঘাটতি কত দিনের মধ্যে পূরণ হবে, তা আমি হাউসকে জানাতে পারছি না।

**শ্রীকমলাক্ষী বিশ্বাস:** এখন কতগুলি সাব-রেজিষ্ট্রি অফিস সপ্তাহে ২/৩ দিন চলে ?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ:** যেখানে হোল টাইম সাব-রেজিস্ট্রার নেই সেখানেই এই অবস্থা চলছে। একজন হয়ত দুটো অফিস চালাচ্ছেন, ফলে একটায় দু'দিন অফিস করছেন। এই রকম ৮০/৮৫টি সাব-রেজিষ্ট্রি অফিস চলছে।

**শ্রীকমলাক্ষী বিশ্বাস:** মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি, হেলেঞ্চা সাব-রেজিষ্ট্রি অফিসে কতদিনের মধ্যে সাব-রেজিস্ট্রার নিয়োগ করা হবে বলে তিনি আশা করছেন ?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ:** আমি আগেই বলেছি যে আমরা যখনই পাচ্ছি তখনই পাঠাচ্ছি। অসুবিধা হচ্ছে সবাই কাজে যোগ দিচ্ছে না। ফলে সব পদ পূরণ করা যাচ্ছে না। সাব-রেজিস্ট্রারদের মফঃস্বলে যেতে হয়, যেমন ডাক্তাররা মফঃস্বলে যেতে চান না, তেমনি

সাব-রেজিস্ট্রারের চাকরী করবার মত যাদের শিক্ষাগত যোগ্যতা আছে তাঁরাও সহজেই গ্রামে যেতে চাইবেন, এটা আশা করা যাচ্ছে না।

## মহিলা পুলিস

*২২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪১।) **শ্রীসুভাষ গোস্বামী**ঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ১৯৮৩ তারিখে পশ্চিমবঙ্গের পুলিস বিভাগে মহিলা পুলিসের মোট সংখ্যা কত ; এবং

(খ) ট্রাফিক নিয়ন্ত্রণে মহিলা পুলিস নিযুক্ত করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**শ্রীজ্যোতি বসু**ঃ (ক) ঐ তারিখে পশ্চিমবঙ্গের পুলিশ বিভাগে মহিলা পুলিসের মোট সংখ্যা ১৯৫।

(খ) এরূপ কোন পরিকল্পনা আপাততঃ নাই।

তবে হোমগার্ডে ৩২ জন মহিলা আছেন, তাঁরা আমাদের ট্রাফিক্ নিয়ন্ত্রণের ব্যাপারে কিছু সাহায্য করেন।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস**ঃ আমরা মফঃস্বলে দেখেছি মহিলা হোমগার্ডরা ট্রাফিক্ নিয়ন্ত্রণে সফল হয়েছেন। আমরা দিল্লীতে দেখেছি কিরণ বেদী সাফল্য অর্জন করেছেন সুতরাং সেই নজীর সামনে রেখে কলকাতার ট্রাফিক্ নিয়ন্ত্রণের জন্য মহিলা অফিসার নিয়োগ করার কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীজ্যোতি বসু**ঃ আপাতত নেই। যাঁরা আছেন, তাঁদের অনেক রকম কাজ দেওয়া হয়েছে সে কাজ তাঁরা সাফল্যের সংগে করছেন।

## কোচবিহার স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক

*২২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫০।) **শ্রীদেবপ্রসাদ সরকার**ঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, (১) পশ্চিমবঙ্গ স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের অন্তর্গত কোচবিহার ইউনিটের পক্ষ থেকে ১৯৮১ সালের ডিসেম্বর মাসের শেষ পক্ষকালে উহার সদস্যদের

কাছ থেকে ১'৪২ কোটি টাকা সমবায় ঋণ উদ্ধার ক'রে উক্ত ঋণের টাকা উদ্ধার করার ঠিক পরবর্তী দিনেই নতুনভাবে ঋণ হিসাবে বিলি করা হয়েছে—এই মর্মে কলকাতার কেন্দ্রীয় অফিসে দাবি জানানো হয়েছিল এবং (২) রিজার্ভ ব্যাংক অফ ইণ্ডিয়ার এক প্রতিনিধি দল সরজমিনে তদন্ত ক'রে মাত্র একদিনের ব্যবধান দেখিয়ে কোচবিহার ইউনিটের উল্লিখিত ঋণ আদায় ও পুনর্বণ্টনের লেনদেন সংক্রান্ত দাবিটিকে জাল লেনদেন ব'লে আখ্যা দিয়েছেন ;

(খ) সত্য হ'লে, এই অভিযোগের বিরুদ্ধে রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং

(গ) অন্যান্য কেন্দ্রীয় কো-অপারেটিভ ব্যাংক সম্পর্কে রাজ্য সরকারের কাছে এই ধরনের অভিযোগ বা ঋণ পরিশোধ বাবত প্রাপ্ত জমার অর্থ কম ক'রে দেখাবার কোন অভিযোগ আছে কিনা ?

**শ্রীনির্মলকুমার বোস ঃ** (ক) (১) হ্যাঁ। ১৯৮১ সনের ডিসেম্বর মাসের শেষ পক্ষ কালে মোট ঋণ আদায়ের পরিমাণ ১৩০'৪২ লাখ টাকা এবং উক্ত পক্ষকালে ঋণ বিলির পরিমাণ ১০৬'৩০ লাখ টাকা।

(২) হ্যাঁ। রিজার্ভ ব্যাংক মন্তব্য করেছেন যে এই আদায় কেবলমাত্র বুক এডজাস্টমেণ্ট বলে সন্দেহ করার যথেষ্ট অবকাশ আছে।

(খ) এ ব্যাপারে তদন্ত করা হচ্ছে এবং জড়িত দোষী ব্যক্তিদের চিহ্নিত করার কথা বলা হয়েছে।

(গ) না।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** সাপ্লিমেণ্টারী করার আগে আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি তিনি এই অভিযোগ মাথা পেতে নিয়েছেন বলে এবং বলেছেন দোষী ব্যক্তিদের চিহ্নিত করার জন্য চেষ্টা করা হচ্ছে এবং তদন্ত করার নির্দেশ দিয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে, কুচবিহার কো-অপারেটিভ ইউনিটের ম্যানেজার যিনি এরজন্য দায়ী, তাঁকে শাস্তি দেওয়ার পরিবর্তে গোলপার্ক কো-অপারেটিভ সোসাইটির ব্যাপারে এনকোয়ারী করার জন্য বিশেষ দায়িত্ব দিয়ে তদন্ত করার ভার দিয়েছেন—এটা কি সত্য ?

**শ্রীনির্মলকুমার বোস ঃ** আমার জানা নেই।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** আপনার কি জানা আছে, আরোও কিছু সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক যেমন, আমি স্পেসিফিক বলছি, তমলুক, ঘাটাল প্রভৃতি সেন্ট্রাল কো-অপারেটিভ

ব্যাংক তাদের আদায়ীকৃত প্রায় ৩০ লক্ষের মতন ঋণের টাকা পুরোপুরি জমা দিচ্ছেন না—এই রকম কোন অভিযোগ আপনার জানা আছে কি এবং একথা কি সত্য, তমলুক, ঘাটাল ইউনিটের যারা ম্যানেজার তাদের শাস্তি দেওয়ার পরিবর্তে এক বিশেষ জায়গায় তদন্তের ভার আপনার দপ্তর থেকে দেওয়া হয়েছে।

**শ্রীনির্মলকুমার বোস ঃ** একথা ঠিক নয়।

**শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, কুচবিহারে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংকের যে সমস্ত ডায়েরেকটররা ছিলেন তার মধ্যে একজন হুগলীর সুধীর কুণ্ডু এবং সুধীর নিয়োগী এবং পশ্চিমবঙ্গ বাস সিনডিকেটের সভাপতি অজিত সাহা—এরা সদস্য ছিলেন কিনা ?

**শ্রীনির্মলকুমার বোস ঃ** কুচবিহারে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক নেই। এটা পশ্চিমবঙ্গ স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের ইউনিট। আপনি যে নামগুলি বললেন ওনারা অতীতেও ছিলেন এবং বর্তমানেও স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের ডিরেক্টর আছেন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আপনি রুলিং দিয়েছিলেন যে হাউসে যারা মেম্বার নয় তাদের নাম বলতে নিষেধ করেছিলেন কিন্তু উনি নাম বললেন……

**মিঃ স্পীকার ঃ** যদি প্রয়োজন থাকে এবং কোশ্চেনের সঙ্গে যদি সঙ্গতি থাকে তাহলে নাম বলতে পারেন। এটা কোন ডিবেটের ব্যাপার নয়, উনি খালি নাম বলেছেন।

## স্বাধীনতা সংগ্রামীদের পেনসন

*২২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৮১।) **শ্রীকৃষ্ণধন হালদার ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা জানুয়ারী, ১৯৮৩ তারিখে ২৪-পরগনা জেলায় মোট কতজন স্বাধীনতা সংগ্রামী পেনসন পাচ্ছেন ; এবং

(খ) উক্ত পেনসনের হার মাসিক কত টাকা ?

**শ্রীজ্যোতি বসু ঃ** (ক) পেনসন প্রাপকদের এই ধরণের কোন জেলাওয়ারী হিসাব রাখা হয় নাই।

(খ) রাজ্য সরকার প্রদত্ত পেনসনের হার মাসিক ৫ টাকা হইতে ১০০ টাকা পর্য্যন্ত। কেন্দ্রীয় সরকার প্রদত্ত পেনসনের হার বর্তমানে মাসিক ৩০০ টাকা। আগে ২০০ টাকা ছিল।

**শ্রীলক্ষণ চন্দ্র শেঠ ঃ** মাননীয় অর্থমন্ত্রী মহাশয় জানাবেন কি, কোন ব্যক্তি স্বাধীনতা সংগ্রামী নয় অথচ পেনসন পাচ্ছেন—এইরকম কোন খবর আপনার দপ্তরে আছে কি ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এইরকম কিছু আমার কাছে খবর ছিল। এইরকম যখন খবর আসে তখন ব্যবস্থা করা হয় প্রতিটি ক্ষেত্রে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** দেখা যাচ্ছে, স্বাধীনতা সংগ্রামীদের মধ্যে অনেকেই বিভিন্ন জেলে জেল খাটার পুরানো ডকুমেন্ট পাচ্ছেন না। তারা কো-প্রিজনার্স সার্টিফিকেট দাখিল করে পেনসন পাচ্ছেন। কিন্তু সম্প্রতি দেখা যাচ্ছে, এগুলি তদন্তের জন্য দেওয়া হয়েছে যারফলে বহু স্বাধীনতা সংগ্রামী অস্বস্তির মধ্যে পড়েছেন। বিষয়টি বিবেচনার জন্য আপনি কেন্দ্রের সঙ্গে কি কথা বলতে পারেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এই রকম কিছু অভিযোগ আছে, দলিল-পত্র পাওয়া যাচ্ছে না। আমরা সব সময়ে দলিল-পত্রের উপর নির্ভর করতে পারি না, অনেক দলিল-পত্র হারিয়ে গেছে। তবে আমাদের দেখতে হবে সেগুলো সঠিক কিনা। অনেকেই ধরা পড়েছেন যারা স্বাধীনতা সংগ্রামী নয় কিন্তু পেনসন নিচ্ছেন। সেইজন্য কড়াকড়ি করা হয়েছে। এই রকম কোন কেস থাকলে পাঠিয়ে দেবেন, আমরা দেখবো।

[1-30—1-40 P.M.]

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এই খবরটি জানেন কি যে নদীয়া জেলার শক্তিনগরে পেনসনের দরখাস্তের একটি ইনডাষ্ট্রি হয়েছে, সেখানকার একজন প্রাক্তন কংগ্রেস এম. এল. এ. অনবরত সই করে চলেছেন ?

**শ্রীজ্যোতি বসু ঃ** না এরকম কোন খবর আমি এর আগে শুনিনি, আপনার কাছেই প্রথম শুনলাম।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, যে শাসক দলের সঙ্গে যুক্ত নয় বলে একজন সত্যিকার পেনসন প্রাপ্ত ব্যক্তি দরখাস্ত বহুদিন পেণ্ডিং রাখা হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু ঃ** আপনি এ রকম একটাঘটনা আমার কাছে পাঠিয়ে দেবেন।

**বরানগর গান অ্যাণ্ড শেল ফ্যাক্টরিতে খুন**

*২৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬১।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৮২ সালের ৮ই ফেব্রুয়ারি বরানগরের সৎচাষীপাড়া রোডে কমল বসু নামে গান অ্যাণ্ড শেল ফ্যাক্টরির চতুর্থ শ্রেণীর একজন কর্মী খুন হয়েছেন ;

(খ) সত্য হ'লে, উক্ত খুনের সঙ্গে জড়িত কতজন ব্যক্তিকে এ পর্যন্ত গ্রেপ্তার করা সম্ভব হয়েছে ; এবং

(গ) উক্ত খুনের কারণ সম্বন্ধে কোন তথ্য পাওয়া গিয়াছে কিনা ?

**শ্রীজ্যোতি বসুঃ** (ক) হ্যাঁ।

(খ) এ পর্যন্ত কোন গ্রেপ্তার হয় নি।

(গ) প্রসঙ্গত বিষয়টি এখনো তদন্তাধীন।

**শ্রীসুব্রত মুখার্জীঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই ঘটনা হয়েছে ১৯৮২ সালের ফেব্রুয়ারী মাসে। এখন পর্যন্ত একজনও গ্রেপ্তার হয় নি। এর মধ্যে কোন রাজনৈতিক দলের হাত আছে কিনা বলতে পারবেন ?

**শ্রীজ্যোতি বসুঃ** কোন রকম রাজনৈতিক দলের সঙ্গে এটা সম্পর্কিত নয়। আপনি যখন মন্ত্রী ছিলেন তখন কি সবাই গ্রেপ্তার হয়েছিল ? আপনাকে মনে করিয়ে দিচ্ছি সে সময় ১১০০ জন খুন হওয়ার পরেও কেউ গ্রেপ্তার হয় নি।

**শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য্যঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—ঐ কমল বোসের নামে থানায় কোন ডায়েরী বা অভিযোগ ছিল কিনা ?

**শ্রীজ্যোতি বসুঃ** তা আমার জানা নেই। তবে সুদের ব্যবসা করত বলে খবর আছে। আর কিছু অসামাজিক কার্য্যকলাপের সঙ্গে জড়িত ছিল বলেও খবর আছে। আমরা যথা সম্ভব চেষ্টা করছি এই সব সমাজ বিরোধীদের ধরবার জন্য।

**শ্রীঅশোক ঘোষঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—এই ব্যাপারে সি. পি. এম. এর কেউ জড়িত আছে কিনা ?

**শ্রীজ্যোতি বসুঃ** না, এ ব্যাপারে কোন রাজনৈতিক দলের সঙ্গে সম্পর্ক নেই।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী:** মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে বললেন আমাদের আমলে ১১০০ খুন হয়েও কেউ গ্রেপ্তার হয়নি, আর আপনাদের আমলে আমাদের ১২৫৬ জন খুন হয়েছে, তাতে কেউ গ্রেপ্তার হয়েছে কি ?

**শ্রীজ্যোতি বসু:** আমি এটা বার বার বলছি যে তখনকার কংগ্রেস আমলে যা হোতো, তা এখন হচ্ছে না। আমাদের লোক কি যে লোক অপরাধ করে তাকেই গ্রেপ্তার করা হয়। একথা আমি পুলিশ বাজেটেও বলেছি। এখন কি আমাদের পক্ষের ৫ জনের ফাঁসির হুকুম হয়েছিল। সৌভাগ্যবশতঃ হাইকোর্টের কল্যাণে তারা খালাস পেয়েছে।

## সরকারী প্রকাশনায় রবীন্দ্র রচনাবলী

*২৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫২।) **শ্রীকৃষ্ণধন হালদার:** শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে জানাবেন কি, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রকাশিত রবীন্দ্র রচনাবলীর বর্তমান সংস্করণের কয়টি খণ্ড এ পর্যন্ত প্রকাশ করা হয়েছে ?

**শ্রীনির্মল বোস:** দুইটি খণ্ড এ পর্য্যন্ত প্রকাশ করা হয়েছে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য:** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে বাকী খণ্ড কয়টি কবে প্রকাশ হবে ?

**শ্রীনির্মল বোস:** কতকগুলি অসুবিধার জন্য দেরী হচ্ছে। এতে রয়্যালটির ব্যাপার আছে, ঐসব ব্যাপার মিটে গেলে সব কটি খণ্ড বেরোবে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য:** অমরা টাকা জমা দিয়েছি, জীবিতকালের মধ্যে সব খণ্ড কয়টি পাব তো ?

**শ্রীনির্মল বোস:** নিশ্চয়ই পাবেন।

# UNSTARRED QUESTIONS

**(To which written answers were laid on the table)**

## কৃষি মজুরের সংখ্যা

১। (অনুমোদিত প্রশ্ন নং ৭২।) **শ্রীতারকবন্ধু রায়:** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে কৃষিমজুরের সংখ্যা কত ;

(খ) কৃষিমজুরদের জন্য সরকার-নির্ধারিত দৈনিক মজুরির হার কত ; এবং

(গ) উক্ত নির্ধারিত মজুরি না-দেওয়ার কোন অভিযোগ গত এক বৎসরের মধ্যে শ্রম দপ্তর পাইয়াছেন কি ?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৮১ সালের আদমশুমারি অনুযায়ী এই রাজ্যে কৃষি-মজুরের সংখ্যা প্রায় ৩৮,৪৮,৮৫২ জন।

(খ) প্রাপ্তবয়স্কদের—১০ টাকা ১৫ পঃ ( মহার্ঘ ভাতা বাদে ), অপ্রাপ্তবয়স্কদের—৭ টাকা ২৯ পঃ ( মহার্ঘ ভাতা বাদে )।

(গ) কোন অভিযোগ শ্রম দপ্তরে পাওয়া যায় নি। কিন্তু পরিদর্শকরা এ ধরনের অভিযোগ পান এবং পরিদর্শনের সময়ও দেখতে পান এবং সে সকল ক্ষেত্রে, আইনমাফিক ব্যবস্থা গ্রহণ করেন।

### মৎস্যচাষ প্রকল্প

২। ( অনুমোদিত প্রশ্ন নং ৭৫।) **শ্রীতারকবন্ধু রায় ঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ সালে মৎস্যচাষের জন্য কতগুলি প্রকল্প কার্যকর করা সম্ভব হয়েছে ; এবং

(খ) ঐ বাবতে মোট কত টাকা ব্যয় হয়েছে ?

**মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) ১৯৮২-৮৩ সালে মৎস্যচাষের জন্য ৪৪টি প্রকল্প মঞ্জুর করা হয়েছে।

(খ) ঐ বাবতে মোট ২,৪৩,৫৪,০০০ টাকা ফেব্রুয়ারি, ১৯৮৩ পর্যন্ত মঞ্জুর করা হয়েছে।

### চা উৎপাদন

৩। ( অনুমোদিত প্রশ্ন নং ৯৫।) **শ্রীমনোহর তিরকী ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ সালে এ রাজ্যে চা উৎপাদনের পরিমাণ কত ;

(খ) উক্ত সময়ে কি পরিমাণ চা বিদেশে রপ্তানি হয়েছে ; এবং

(গ) উক্ত বাবত সরকারের কত টাকা আয় হয়েছে ?

**বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) চা—একটি কেন্দ্রীয় বিষয়। রাজ্য সরকার এই ব্যাপারে কোন তথ্যই অবগত নন।

(খ) রাজ্য সরকারের নিকট এই ব্যাপারে কোন তথ্যই নাই।

(গ) প্রশ্ন উঠে না।

### বসুমতী পত্রিকা

৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬।) **শ্রীমনোহর তিরকীঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮১-৮২ সালে বসুমতী পত্রিকা বাবত সরকারের কত টাকা লাভ বা ক্ষতি হয়েছে ; এবং

(খ) উক্ত পত্রিকার মান উন্নয়নের জন্য কোন উদ্যোগ গ্রহণ করা হবে কি ?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ১৯৮১-৮২ সালে বসুমতী প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতির পরিমাণ ২.৭৫ লক্ষ টাকা।

(খ) হ্যাঁ।

### কৃষিমজুরের জন্য সরকার-নির্ধারিত দৈনিক মজুরির হার

৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৭।) **শ্রীমনোহর তিরকীঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গ ও অন্যান্য রাজ্যের কৃষিমজুরের সরকার-নির্ধারিত দৈনিক মজুরির তুলনামূলক হার কিরূপ ?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** প্রয়োজনীয় তথ্য আমাদের কাছে নেই, তবে অন্যান্য রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সংগ্রহ ক'রে পেশ করা হবে।

### সংশোধিত রেশন এলাকায় রেশনের পরিমাণ বৃদ্ধি

৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮।) **শ্রীমনোহর তিরকীঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সংশোধিত রেশন এলাকায় রেশনের পরিমাণ বাড়ানোর কোন পরিকল্পনা আছে কি ? এবং

(খ) উক্ত খাদ্যসামগ্রীর দাম কমানোর কোন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি ?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) কেন্দ্রীয় সরকারের কাছে মাসিক ৪ লক্ষ টন খাদ্যশস্য চাওয়া হয় কিন্তু মাসিক মাত্র ২॥ লক্ষ টন বরাদ্দ হয়েছে। কাজেই রেশনের পরিমাণ বাড়ানোর পরিকল্পনা বর্তমানে নাই।

(খ) রেশনে দেয় খাদ্যসামগ্রী কেন্দ্রীয় সরকার সরবরাহ করেন। কেন্দ্রীয় সরকারের সরবরাহ মূল্য না কমলে বর্তমানে রাজ্য সরকারের পক্ষে ভরতুকি দিয়ে কমানো সম্ভব নয়।

## মন্ত্রিদের চিকিৎসার জন্য ব্যয়

৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত পাঁচ বছরে মন্ত্রীদের চিকিৎসার জন্য রাজ্য সরকার কত টাকা ব্যয় করিয়াছেন?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** গত পাঁচ বছরে মন্ত্রীদের চিকিৎসার জন্য রাজ্য সরকার ৯৪,২৪৮ টাকা ৯৫ পয়সা (চুরানব্বই হাজার দুই শত আটচল্লিশ টাকা পঁচানব্বই পয়সা) ব্যয় করিয়াছেন।

বাৎসরিক হিসাব নিম্নে প্রদত্ত হইল:

| বৎসর | টাকার পরিমাণ |
|---|---|
| ১৯৭৮-৭৯ | ৮,৮৬৮·৯৫ |
| ১৯৭৯-৮০ | ১১,৭৬৮·৩০ |
| ১৯৮০-৮১ | ২২,৪৩৫·৯০ |
| ১৯৮১-৮২ | ১৪,০২০·৩০ |
| ১৯৮২-৮৩* | ৩৭,১৫৫·৫০ |
| | মোট ৯৪,২৪৮·৯৫ |

*২৮-২-১৯৮৩ পর্যন্ত।

## চলচ্চিত্র নির্মাণের জন্য উৎপল দত্তকে সরকারী অর্থদান

৮। (অনুমোদিত প্রশ্ন নং ১০৫।) **শ্রীসুব্রত মুখার্জী:** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৮২ পর্যন্ত চলচ্চিত্র নির্মাণের জন্য রাজ্য সরকার উৎপল দত্ত মহাশয়কে কত টাকা দিয়াছেন; এবং

(খ) আর কত টাকা তাঁহাকে দিবার সরকার সিদ্ধান্ত নিয়েছেন?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ১৯৭৭ সালের জুলাই মাস হইতে ১৯৮২ সাল পর্যন্ত তাঁর নিজস্ব প্রয়োজনীয় চলচ্চিত্র নির্মাণ করার জন্য উৎপল দত্ত মহাশয়কে কোন টাকা দেওয়া হয়নি।

(খ) রাজ্য সরকার তাঁকে কোন টাকা দিবার সিদ্ধান্ত নেন নি।

## ২৪-পরগণা দেউলা রেল স্টেশন- ঘটকপুর মোড় পর্যন্ত বেসরকারী বাস রুট

৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৩।) **শ্রীকৃষ্ণধন হালদারঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার দেউলা রেল স্টেশন হইতে ঘটকপুর মোড় পর্যন্ত কোন বেসরকারী বাস রুট চালু করিবার কোন প্রস্তাব সরকারের নিকট আসিয়াছে কিনা; এবং

(খ) আসিয়া থাকিলে, কবে উক্ত রুটে বেসরকারী বাস চলাচল করিবে বলিয়া আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ২৪-পরগণা জেলার দেউলা রেল স্টেশন হইতে ঘটকপুর মোড় পর্যন্ত কোন বেসরকারী বাস রুট চালু করার কোনও প্রস্তাব সরকারের নিকট আসে নাই বা এই রুটে বাস চলাচল করার কোনও পরিকল্পনা সরকারের নাই। তবে, ৭৪নং (নুরপুর হইতে ডায়মণ্ডহারবার) বাসকে ঘটকপুর মোড় দিয়া দেউলা রেল স্টেশন পর্যন্ত সম্প্রসারিত করার একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(খ) ৭৪ নং বাস সম্পর্কিত উপরোক্ত প্রস্তাবটি কার্যকরী করার ব্যাপায়ে সংশ্লিষ্ট জেলা-শাসকের কাছ মতামত চাওয়া হইয়াছে।

## ডায়মণ্ডহারবার মহকুমায় মৎস্যজীবীদের অনুদান প্রদান

১০। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩।) **শ্রীকৃষ্ণধন হালদারঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ সালে ২৪-পরগণা জেলার ডায়মণ্ডহারবার মহকুমায় কোন্ ব্লকে কত টাকা মৎস্যজীবীদের ঋণ ও অনুদান বাবত মঞ্জুর করা হয়েছে; এবং

(খ) ইহা কি সত্য যে, উক্ত সময়ে মন্দিরবাজার ব্লকে মৎস্যজীবীদের কোন অনুদান দেওয়া হয় নাই?

**মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) বর্তমানে মৎস্য দপ্তর কর্তৃক মৎস্যজীবীদের কোন ঋণ দেওয়া হয় না। অনুদান বিষয়ে বিবরণী সম্বলিত একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

(খ) ইহা সত্য নহে।

Statement referred to Clause "Ka" of question No. 10.
( Admitted question No. 173 ).

**১৯৮২ সালে ডায়মণ্ডহারবার মহকুমায় বিভিন্ন ব্লকে মৎস্যচাষের জন্য মৎস্যজীবী ও মৎস্যচাষীদের প্রদত্ত অনুদান।**

| ক্রমিক সংখ্যা | ব্লকের নাম | | মোট অনুদানের পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ১। | ডায়মণ্ডহারবার-১ | ... | ৬৪,৫০০ |
| ২। | ডায়মণ্ডহারবার-২ | ... | ৫৭,৫০০ |
| ৩। | ফলতা | ... | ৩৬,৫০০ |
| ৪। | কাকদ্বীপ | ... | ১৬,১৬,১২৫ |
| ৫। | কুলপী | ... | ১,০৮,৯৪২ |
| ৬। | মথুরাপুর-১ | ... | ৫৫,৭৬৬ |
| ৭। | মথুরাপুর-২ | ... | ১,৩০,৬৫০ |
| ৮। | মগরাহাট-১ | ... | ১০,১২৫ |
| ৯। | নামখানা | ... | ২,০৯,৫৩৮ |
| ১০। | সোনারপুর | .. | ২,২৫০ |
| ১১। | সাগর | ... | ২৯,৭৯৬ |
| ১২। | পাথরপ্রতিমা | ... | ৩,৮৩,২৫৫ |
| ১৩। | মগরাহাট-২ | ... | ৪,৮৫০ |
| ১৪। | মন্দিরবাজার | ... | ৬,০০০ |
| | | মোট | ২৭,১৫,৭৯৭ |

## কুলপী থানায় খুন ডাকাতি ও চুরির ঘটনা

১১। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৯।) **শ্রীকৃষ্ণধন হালদার :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ জানুয়ারি হইতে ৩১এ জানুয়ারী, ১৯৮৩ পর্যন্ত সময়ে ২৪-পরগণার কুলপী থানায় (১) খুন (২) ডাকাতি, ও (৩) চুরির সংখ্যা কত ; এবং

(খ) উক্ত ঘটনাগুলিতে জড়িত—

(১) কতজন ব্যক্তিকে এ পর্যন্ত গ্রেপ্তার করা হইয়াছে, ও

(২) কতজনের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে ?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) (১) চার জন, (২) নয়টি ও (৩) ১০৭টি।

(খ) (১) ৬৪ জনকে গ্রেপ্তার করা হইয়াছে।

(২) ১৫২ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে।

### ডায়মণ্ডহারবার মহকুমায় লাইসেন্সপ্রাপ্ত গাঁজা ও আফিমের দোকান

**১২।** (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩।) **শ্রীকৃষ্ণধন হালদারঃ** আবগারী বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে ২৪-পরগনার ডায়মণ্ডহারবার মহকুমায় কয়টি লাইসেন্সপ্রাপ্ত আবগারী (গাঁজা ও আফিম, তাড়ি-মদ) দোকান আছে ; এবং

(খ) ১৯৮২ সালে উক্ত মহকুমায় কতজনকে আবগারী দোকান খুলবার লাইসেন্স মঞ্জুর করা হইয়াছে ?

**আবগারী বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ৬১।

(খ) এক।

### শিক্ষক-শিক্ষিকাদের নূতন মহার্ঘ ভাতা

**১৩।** (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৫।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডলঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী কর্মচারীদের যে তিনি কিস্তি মহার্ঘ ভাতা দিবার সরকারী আদেশ (জি ও) প্রদত্ত হইয়াছে সেই কিস্তিসমূহের মহার্ঘ ভাতা মাধ্যমিক শিক্ষক-শিক্ষাকর্মীদের জন্য বরাদ্দ করিয়া সরকারী আদেশ (জি ও) অদ্যাবধি প্রদত্ত হইয়াছে কি ;

(খ) হইয়া থাকিলে, উক্ত আদেশনামার স্মারক সংখ্যা ও তারিখ কত ; এবং

(গ) কবে নাগাত ঐ মহার্ঘ ভাতা শিক্ষক ও শিক্ষাকর্মীরা পাইবেন বলিয়া আশা করা যায় ?

**মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) বর্তমানে মৎস্য দপ্তর কর্তৃক মৎস্যজীবীদের কোন ঋণ দেওয়া হয় না। অনুদান বিষয়ে বিবরণী সম্বলিত একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

(খ) ইহা সত্য নহে।

Statement referred to Clause "Ka" of question No. 10.
( Admitted question No. 173 ).

**১৯৮২ সালে ডায়মণ্ডহারবার মহকুমায় বিভিন্ন ব্লকে মৎস্যচাষের জন্য মৎস্যজীবী ও মৎস্যচাষীদের প্রদত্ত অনুদান।**

| ক্রমিক সংখ্যা | ব্লকের নাম | | মোট অনুদানের পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ১। | ডায়মণ্ডহারবার-১ | ... | ৬৪,৫০০ |
| ২। | ডায়মণ্ডহারবার-২ | ... | ৫৭,৫০০ |
| ৩। | ফলতা | ... | ৩৬,৫০০ |
| ৪। | কাকদ্বীপ | ... | ১৬,১৬,১২৫ |
| ৫। | কুলপী | ... | ১,০৮,৯৪২ |
| ৬। | মথুরাপুর-১ | ... | ৫৫,৭৬৬ |
| ৭। | মথুরাপুর-২ | ... | ১,৩০,৬৫০ |
| ৮। | মগরাহাট-১ | ... | ১০,১২৫ |
| ৯। | নামখানা | ... | ২,০৯,৫৩৮ |
| ১০। | সোনারপুর | .. | ২,২৫০ |
| ১১। | সাগর | ... | ২৯,৭৯৬ |
| ১২। | পাথরপ্রতিমা | ... | ৩,৮৩,২৫৫ |
| ১৩। | মগরাহাট-২ | ... | ৪,৮৫০ |
| ১৪। | মন্দিরবাজার | ... | ৬,০০০ |
| | | মোট | ২৭,১৫,৭৯৭ |

## কুলপী থানায় খুন ডাকাতি ও চুরির ঘটনা

১১। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৯।) **শ্রীকৃষ্ণধন হালদারঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২ জানুয়ারি হইতে ৩১এ জানুয়ারী, ১৯৮৩ পর্যন্ত সময়ে ২৪-পরগণার কুলপী থানায় (১) খুন (২) ডাকাতি, ও (৩) চুরির সংখ্যা কত ; এবং

(খ) সত্য হলে, কবে নাগাত ঐ বিষয়গুলি বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**শিক্ষা ( উচ্চতর ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) বিষয়গুলি ১৯৮৩-৮৪ আর্থিক বৎসরে বিবেচনা করা হবে।

## জলপাইগুড়ি জেলায় মহকুমার সংখ্যাবৃদ্ধি

১৭। ( অনুমোদিত প্রশ্ন নং ৫১৯।) **শ্রীমনোহর তিরকী ঃ** স্বরাষ্ট্র ( কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহকপূর্বক জানাইবেন কি—

(ক) প্রশাসনিক সুবিধার্থে জলপাইগুড়ি জেলার মহকুমার সংখ্যাবৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে কোন্ এলাকায় এবং কবে নাগাত উক্ত পরিকল্পনা কার্যকরী করা হবে ?

**স্বরাষ্ট্র ( কর্মীবৃন্দ ও প্রশাসনিক সংস্কার ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) এরূপ কোন পরিকল্পনা বর্তমানে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## ভবঘুরেদের জন্য হোম

১৮। ( অনুমোদিত প্রশ্ন নং ৫৯৯।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** ত্রাণ ও কল্যাণ ( কল্যাণ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ভবঘুরেদের জন্য বর্তমানে ( ৩১-১-১৯৮৩ ) কয়টি হোম আছে ;

(খ) ঐ সকল হোমে আবাসিকদের সংখ্যা কত ; এবং

(গ) ঐ সকল হোমে আবাসিকদের খোরাকি বাবত দৈনিক মাথাপিছু কত টাকা বরাদ্দ আছে ?

**ত্রাণ ও কল্যাণ ( কল্যাণ ) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) নয়টি।

(খ) ১,৬৪২ জন।

(গ) মাসিক বরাদ্দ টাকা ৭৬'৫০ ( খাদ্য, বস্ত্র এবং ঔষধ বাবত )।

## মেদিনীপুর জেলায় এন আর ই পি পরিকল্পনা

১৯। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৭৯।) **শ্রীশিশিরকুমার অধিকারী ঃ** উন্নয়ন ও পরিকল্পনা ( জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮২-৮৩ আর্থিক বছরে মেদিনীপুর জেলার এন আর ই পি পরিকল্পনায় কত অর্থ ও খাদ্য মঞ্জুর হইয়াছে ( ব্লকওয়ারী হিসাবে ) ; এবং

(খ) ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত সময়ে উক্ত অর্থ ও খাদ্য কি পরিমাণ ব্যয় হইয়াছে ?

**উন্নয়ন ও পরিকল্পনা ( গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) এন আর ই পি-র টাকা ব্লকওয়ারী বণ্টন করা হয় না। টাকা ও খাদ্যশস্য সাধারণতঃ গ্রাম পঞ্চায়েতগুলিকে মঞ্জুর করা হয়। ১৯৮২-৮৩ সালে বড় বড় স্কীম নেওয়ার জন্যে জেলা পরিষদকেও আলাদাভাবে টাকা ও খাদ্যশস্য দেওয়া হয়েছে। ১৯৮৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত মঞ্জুরীকৃত টাকা ও খাদ্য-শস্যের পরিমাণ এইরূপ :

| | টাকা | লক্ষ টাকা |
|---|---|---|
| (১) | প্রতি গ্রাম পঞ্চায়েতকে ৩৫,০০০ টাকা হিসাবে ৫১৫টি গ্রাম পঞ্চায়েতকে প্রদত্ত | ১৮০·২৫ |
| (২) | খরার মোকাবিলার জন্য সদর উত্তর, সদর দক্ষিণ ও ঝাড়গ্রাম মহকুমার ২৪৪টি গ্রাম পঞ্চায়েতকে বিশেষ মঞ্জুরী | ৬১·০০ |
| (৩) | জিলা পরিষদকে প্রদত্ত | ১০৫·১৪ |
| | | ৩৪৬·৩৯ |

| | খাদ্য শস্য | মেট্রিক টন |
|---|---|---|
| (১) | ২·৫ মেট্রিক টন হিসাবে ৫১৫টি গ্রাম পঞ্চায়েতকে প্রদত্ত | ১,২৯৫·৫৪৭ |
| (২) | খরার মোকাবিলার জন্য ২৪৪টি গ্রাম পঞ্চায়েতকে ৩·৪৫ মেট্রিক টন হিসাবে বিশেষ মঞ্জুরী | ৮৪৭-০৬১ |
| (৩) | জিলা পরিষদকে প্রদত্ত | ৮১৯·০০০ |
| | | ২,৯৬১·৬০৮ |

(খ)—জেলা থেকে ১৯৮২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত খরচের হিসাব এ পর্যন্ত পাওয়া গিয়াছে। প্রাপ্ত হিসাব অনুযায়ী ডিসেম্বর মাস পর্যন্ত খরচের পরিমাণ :

অর্থ—৩৩৯·৪৮ লক্ষ টাকা

খাদ্যশস্য—৩,৬৭৩ মেট্রিক টন

এর মধ্যে আগের বছরের খরচ না হওয়া অর্থ এবং খাদ্যশস্যও আছে।

## বেলডাঙ্গা পৌরসভার নির্বাচন

২০। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা পৌরসভার নির্বাচন কবে নাগাত অনুষ্ঠিত হইবে ; এবং

(খ) উক্ত পৌরসভা পরিচালনার জন্য কোন্ কোন্ দলের প্রতিনিধি লইয়া সরকার কর্তৃক পরিচালন সমিতি গঠিত হইয়াছে ?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) পৌরসভাকে ওয়ার্ডে বিভক্ত করার কাজ চলিতেছে। এই কাজ সম্পুর্ণ হইবার পর ভোটার তালিকা প্রস্তুত হইলে পৌর-সভার নির্বাচনের দিন ঘোষণা করা হইবে। নির্বাচনের নির্দিষ্ট তারিখ এখনই বলা সম্ভব নহে।

(খ) ১৯৩২ সনের বঙ্গীয় পৌর আইনের ১৬ নং ধারা অনুযায়ী উক্ত পৌরসভার পরিচালন সমিতি গঠিত হইয়াছে। পরিচালন সমিতির সভ্যগণ কোন রাজনৈতিক দলের অন্তর্ভুক্ত কিনা তাহা সরকারের জানা নাই।

**শ্রীজ্যোতি বসু ঃ** মিঃ স্পীকার স্যার, ২৩০ নং প্রশ্নের সময় যেটা আলোচনা হয়েছে তাতে একজনের খুনের ব্যাপারে সুব্রতবাবু যা বলেছিলেন সেটা ১৯৮২ সালের ৮ই ফেব্রুয়ারীর ঘটনা।

পারতাম। আমরা দেখছি, তা হয় নি। পান্নাবাবু ২০।২৫টা জায়গায় চেয়ারম্যান হয়ে বসে আছেন এ্যাপেকস বডিতে বসে আছেন। সমস্ত জায়গায় পান্নাবাবু গলা টিপে ধরেছেন বুরোক্রাসি কায়দায়। নির্মলবাবু একজন ভদ্রলোক, তাঁকেও গলা টিপে ধরেছেন। স্যার, আমাদের যদি সমবায়ের মূল লক্ষ্যে পৌছাতে হয়, তাহলে সরকারের উচিত সমবায় আন্দোলন যাতে বন্ধ হয়ে না যায় তারজন্য গাইড দেওয়া। তা না করে সরকার যদি সমবায় আন্দোলনকে একচেটিয়া নিয়ন্ত্রণে রাখবার চেষ্টা করেন, তাহলে তার কুফল হবে মারাত্মক। ১নং কুফল হবে, সোসাইটিগুলির গণ-তান্ত্রিক অধিকার খুন্ন। কায়মী স্বার্থ অনুপ্রবেশ করবে, শাসকদলের রাজনৈতিক নিয়ন্ত্রণ সেখানে প্রবেশ করবে। তারসঙ্গে ধনতান্ত্রিক এবং স্বৈরাচারী ক্ষমতার প্রত্যক্ষ কুফলও গিয়ে পড়বে। এই খসড়ার এই চারটি কুফলের প্রভাব বিদ্যমান। এই বিল রাজনৈতিক উদ্দেশ্যপূর্ণ। বিধানসভা সমালোচনা করার জায়গা, আলোচনা আমাদের করার অধিকার আছে। সমবায় সমিতিতে নির্বাচনের ব্যবস্থা হল। ডিরেকটর যিনি ছিলেন, তিনি শাসকদলের সঙ্গে একমত নন। সুতরাং সেখানে নির্বাচনে পরাজিত হবার পর তলা থেকে স্টেট লেবেল থেকে সম্পূর্ণভাবে পরাজিত, পর্যুদস্ত হওয়ায় আধা ফ্যাসিস্ট কায়দায় নতুন করে রেজিষ্ট্রেশান কাউন্সিল থেকে শুরু করে একেবারে সারভিস কমিশন করে আগামী কয়েক বছরের মধ্যে টোটাল কো-অপারেটিভ সিষ্টেমের উপর কনট্রোল আনতে চান। এরজন্য জবরদস্তি কায়দায় লড়ে যাচ্ছেন। কো-অপারেটিভের মূল স্পিরিটকে মেনটেন করে, তার স্কোপাক কাজে ব্যবহার করে যদি তাকে রক্ষা করা না যায়, তাহলে যে ৪টি কুফল সম্বন্ধে আমি আগে উল্লেখ করেছি, তার ফল হবে অতি ভয়ঙ্কর। এই সাংঘাতিক জিনিসটাকে আটকাবার কোন ব্যবস্থা না রেখেই এই বিলকে এখানে আনা হয়েছে। এই খসড়ার মধ্যে দিয়ে সমবায় আন্দোলনকে গলা টিপে ধরার ব্যবস্থা করা হয়েছে। ১নং হচ্ছে, রেজিষ্ট্রেশান কাউন্সিল করা হয়েছে ক্লজ ১৩তে যা বলা হয়েছে। যদি কয়েক মাসের মধ্যে রেজিষ্ট্রশান কাউন্সিল রিফিউসড, রিজেকট হয়ে যায়, তাহলে আগে যেটা ট্রাইবুন্যালে আনা যেত, এর পর থেকে তা আর আনা যাবে না। অর্থাৎ ট্রাইবুন্যালকে উড়িয়ে দেওয়া হল।

নতুন একটা ফরমেশানের দরকার ছিল খরাত্রাণ করতে হবে বলে, এমনি করে যুদ্ধকালীন অবস্থার মধ্যে লড়াই করছেন তারা। আপনারা বলেছেন অত্যন্ত অর্থনৈতিক সংকট চলছে। আমরা মাইনে দিতে পারছি না, ওভার ড্রাফটের টাকা নেই ইত্যাদি অনেক কথা বলেছেন। অথচ নতুন করে একটা ফরমেশান তৈরী করার আপনাদের কি দরকার ছিল? এই অবাঞ্ছিত রেজিষ্ট্রেশান কাউন্সিল—এটা একটা কালো তক্ষক আমাদের সামনে এসে হাজির হয়েছে। এটা করা হল সম্পূর্ণ রাজনৈতিক কারণে। স্যার, একটা ট্রাইবুন্যাল ছিল সেই ট্রাইবুন্যালে যা কিছু জাসটিসের সম্ভাবনা ছিল, একটা দেওয়াদনি আদালতের ক্ষমতা ছিল শুধু একজিকিউটিভ নয় জুডিশিয়াল টাচ যেটা ছিল আজকে সেটাকে গলা কেটে দেওয়া হোল। তার গলা কেটে দিয়ে একজন নমিনেটেড লোককে সঙ্গে করে নিয়ে ট্রাইবুন্যালের লোকের সাথে রেজিষ্ট্রেশান কাউন্সিল করে দিলেন। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করেছিলাম যে কতজন রিজেক্ট হবে এবং কাউন্সিলের

কাছে যাবে কতদিনে? তাঁর উত্তরে তিনি বলেছিলেন তথ্য দিয়ে ৬০০ থেকে ৭০০টি রিজেক্ট হবে এবং কিছুমাত্র কাউন্সিলের কাছে যায়। আমার প্রশ্ন এইক্ষেত্রে এই ৬০০-৭০০ লোকের কনসিডার করবার জন্য ট্রাইবুন্যালকে উড়িয়ে দিয়ে তার জুডিশিয়াল টাচকে উড়িয়ে দিয়ে ন্যূনতম ডেমোক্রেটিক রাইটকে উড়িয়ে দিয়ে আজকে শুধু রাজনৈতিক কারণে আফটার নমিনেটেড এবং সরকারী নমিনেটেড লোকেদের ট্রাইবুন্যালের সাথে যুক্ত করা হয়? তাহলে মধ্যবর্তী একটা সংস্থা করা হোল কেন? এই কোশ্চেনের উত্তর আপনারা খুঁজে পাবেন না। তার কারণ শুধুমাত্র এটা ম্যানিপুলেশান করবার জন্য করা হয়েছে। এরপর তাদের মনোমত লোকগুলি সেখানে সোসাইটি রেজিষ্ট্রেশানে এ্যাপলিকেশান করে। তারপর নির্মলবাবু এবং তাদের লোকজন ট্রাইবুন্যালের নাম করে ভটাভট কেটে দেবেন। এবং এটা জেনে রাখুন আগামীদিনে তাদের সমর্থিত লোক ছাড়া কোন রেজিষ্ট্রেশান পর্যন্ত হবে না। শুধু তাই নয় এইবার যাতে শুরু হয়ে যায় তার চূড়ান্ত ব্যবস্থা পান্নাবাবু বকলমে করেছেন নির্মলবাবুর মত ভদ্রলোককে সামনে রেখে, তাঁকে শিখণ্ডী খাড়া করে। আজকে নির্মলবাবুর সততাকে উড়িয়ে দেওয়া হয়েছে। আমাদের মাঝে মাঝে দুঃখ লাগে নির্মলবাবু করতে গেছেন এক আর ওইদিকে রয়েছেন যমদূতের মত দাঁড়িয়ে তাঁর পিছনে তিনি যখন তখন বলে দিচ্ছেন এটা হবে না ইত্যাদি। স্যার, এই রেজিষ্ট্রেশান কাউন্সিলে কে থাকবে? গভর্ণমেন্টের একজন নমিনি থাকবে তিনি রেজিষ্ট্রেশান কাউন্সিল করে দেবেন। তার সাবডিনেট একজন অফিসার থাকবেন। তিনি কি কোন তাঁর বিরুদ্ধে কোন কথা বলতে পারবেন? পারবে না। স্টেট গভর্ণমেন্টের নমিনি স্বভাবতই শাসকদলেরই যাবে। I am representing the government as if. সুতরাং ট্রাইবুন্যালে যে ভদ্রলোক থাকবে তার উপর স্বভাবতই একটা চাপ সৃষ্টি হবে। সুতরাং জাসটিস্ বলতে যে বোঝায় বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদবে। বিচার পাবে না। রেজিষ্ট্রেশান পাবে না, আরো ঢিলে হয়ে যাবে, আরো গতিহীন হয়ে যাবে। এবং সত্যিকারের যে স্পিরিট এবং জাসটিস যেটা সত্যিকারের আজকে প্রয়োজন দুটোই আজকে সম্পূর্ণভাবে পর্যুদস্ত হয়ে যাবে। সুতরাং আমি মনে করি ফর নার্থিং এই অবাঞ্ছিত রেজিষ্ট্রেশান কাউন্সিল করে বছরে ৬০০/৭০০-টির জন্য একটি নতুন করে ফরমেশান তৈরী করে একটা বটল নেক্স তৈরী করার কোন প্রয়োজনীয়তা নেই। সুতরাং এই রেজিষ্ট্রেশান কাউন্সিল তৈরী করার কোন প্রয়োজনীয়তা নেই। অতএব এই অবাঞ্ছিত জিনিষটি ওইথড্র করে নিন। তাহলে আপনাদের দৃষ্টিভঙ্গির সততার পরিচয় দেবেন। আমি আশাকরবো স্যার, ক্লজ ২৭ সাব সেকশানটা দেখুন—সেখানে কো-অপারেটিভ বোর্ডের কর্মচরী নেওয়ার ব্যাপারে একটা ব্যবস্থা করা হয়েছে। এটা একটু বোঝার ব্যাপার আছে। কেন্দ্রীয় সরকারের বহু জায়গায় আমরা করেছি এই রকম তবে এখানকার কো-অপারেটিভের ক্ষেত্রে অন্তরকম হবে কেন? কো-অপারেটিভের লোক নেওয়া হয়, কর্মচারী নেওয়া হয় তাতে আমাদের কোন আপত্তি ছিল না কিন্তু এইসব কর্মচারীদের কোন অধিকার দেওয়া হবে না, তাদের ভোটের অধিকার দেওয়া হবে না। এই ক্লজের মধ্যে একটা নির্দিষ্ট যে এটা রাজনৈতিক নীতির রিরোধী। বামফ্রন্ট সরকার সর্বক্ষেত্রে কি ট্রেড ইউনিয়নে

কি স্কুল-কলেজে সর্বত্র বলে বেড়িয়েছেন যে কর্মরারীরা প্রতিনিধিত্ব করবেন। স্কুল কমিটির একজন মালি সে হেড মাস্টারের সাথে একসঙ্গে বসবে এবং ডিবেটে অংশগ্রহণ করবে, তার ভোটের অধিকার থাকবে কিন্তু একজন কো-অপারেটিভের এমপ্লয়ি বোর্ডের মেম্বার পর্যন্ত হতে পারবে না এবং তাদের কোন ভোটের অধিকার দেওয়া হবে না। কি দৃষ্টিভঙ্গি নিয়ে এটা করা হয়েছে ? এরমধ্যে একটা অসৎ উদ্দেশ্য আছে। সেইজন্য আমি নোট অফ ডিসেন্ট ফোর্থ প্যারাগ্রাফটি এখানে রাখলাম।

[3-35—3-45 P. M.]

The Left Front Government loudly and elequently expresses its active support and sympathy for the workers, employees and underprivileged section of the community. The Left Front is, as it were, the self proclaimed champion of the labour movement. Its leaders in their speeches as well as in the published literature openly plead for the representation of the workers employees in the Board of Directors of the concern, private/public. In fact the demand for workers' participation in management is an important demand of all national trade unions to-day. This is undoubtedly a very reasonable demand and has to a large extent been accepted by our progressive Government at Centre. The Ministry of Labour, Government of India, has taken every possible precaution to ensure that the scheme of workers' participation in the management is strictly implemented.

Under such circumstances the Left Front Government of West Bengal has brought a legislative measure which is contrary to its own policy. Unless the elected representative of the employees have the right to vote, their membership of the Board will be of on use because they can hardly play an effective role in the meeting. It seems that in reality the partners of the Left Front shed crocodile tears for the workers.

যেখানে যেখানে লেফ্‌ট ফ্রন্ট সরকার এসেছেন সেখানে তাঁরা এই মূল নীতি ইমপ্লিমেন্ট করেছেন। তাঁরা কোন জায়গায় এই নীতি করেন নি। ভোটাধিকার যদি না থাকে তাহলে তার ভূমিকা সেখানে কি থাকলো ? এই ভোটাধিকারের দাবী আমরা করছি, কোন রকম বেগ করছি না। আপনাদের ঘোষিত নীতি রূপায়িত যদি করতে হয় তাহলে আধখানা করে না রেখে যে কর্মচারীকে আপনারা বোর্ডে রাখবেন তাকে সমস্ত মর্যাদা, অধিকার দিন। আপনারা বিড়লাদের মত করবেন না। সেখানে কোন ক্লাস ফোরের ষ্টাফ ইউনিয়নের ব্যাপারে গেলে তাকে

বসতে বলা হয় এবং যদি সে বসে তখন তারপর দিন দেখে সে ছাটাই হয়ে গেছে। তিনি এখানে সাগিনা মাহাতোর মত করছেন। আশাকরি আপনি এ বিবেচনা করবেন। ক্লজ ২১ (৮) বলা হয়েছে অফিস বেয়ারার ম্যাক্সিমাম ১২ মাস কাজ করবে, তারপর আর কাজ করতে পারবে না। অর্থাৎ রিইলেকটেড হতে পারবে না। জ্যোতিবাবু, নির্মলবাবু, তস্কজের ১০০টি কেস যার আছে সেই পান্নাবাবু রিইলেকটেড হতে পারবেন আর এখানে কেন হবে না। এটা একটা ফাণ্ডামেণ্টাল রাইট। দেশের মানুষ যদি আমাকে পছন্দ করে তাহলে আমাকে সে অধিকার দিতে হবে। ১৯৭৩ সালে যখন এই আসে তখন আর. এস. পি-র তিমির ভাদুড়ী বলেছিলেন—কেন? জয়নাল আবেদিন সাহেব কি ৫ বছর পরে বিধানসভায় আসতে পারবেন না? আপনার বেলায় তো কোন বাধা নেই? আমি যদি ভালো কাজ করি আমি যদি গ্রামের কথা বিধানসভায় ঠিকমত তুলে ধরতে পারি, জনসাধারণ যে দায়িত্ব আমার উপর অর্পন করেছে সেই দায়িত্ব আমি যদি ঠিকমত পালন করতে পারি তাহলে আমার কি অপরাধ হবে যে আমি ৫ বছর পরে আর আসতে পারবো না। কিন্তু আপনি বিলের ভেতরে বলেছেন যে ৩ বছর পরে আসতে পারবে না। ধরুন হরিপদ বোর্ডের এক্সিকিউটিভ মেম্বার হয়ে আছে, ৩ বছর পরে হরিপদর বদলে শ্যামাপদ আসবে। হরিপদ যদি খারাপ লোক হয় তাহলে তো সেই হরিপদকে নমিনেশান দিয়ে নিয়ে আসছেন। আর হরিপদর জায়গায় যদি শ্যামাপদ আসে তাহলে সে হরিপদর পেছন থেকে সুতো টানবে।

সুতরাং মানুষ এইভাবে তার অধিকার চ্যুত হচ্ছে। ইফ ইট ইজ এ কোয়শচেন অব নোমিনেশান তাহলে আমার কোন প্রশ্ন থাকত না। কিন্তু ইলেকট করার অধিকার থেকে কোন সরকার মানুষকে বঞ্চিত করতে পারে না। আমি নির্মলবাবুকে বলি আপনি আপনার বিবেককে প্রশ্ন করুন, আপনার যদি জলপাইগুড়ি থেকে ইলেকটেড হবার অধিকার থাকে তাহলে আমার ইলেকটেড হবার অধিকার কেন থাকবে না? ইলেকট করার অধিকার কেউ কেড়ে নেয় না। আপনি মাঝে মাঝে বলেন আমি তিল তিল করে তিলোত্তমা করে তুলব। আমি নির্মলবাবুকে বলব সব জিনিস তিল তিল করে এক করলে তিলোত্তমা তৈরী হয় না, ছোট ছোট কাপড়ের টুকরো নিয়ে এক করলে ফকিরের জামা হয়, তিলোত্তমা হয় না। সুতরাং মানুষের যে গণতান্ত্রিক অধিকার ইলেকট করার লেট দেম এ্যালাও টু ডিসাইড হু উড বি দেয়ার লিডার এণ্ড হু উইল লিড দেম ফর ফারদার পিরিয়ড সেই অধিকার তাদের দিন স্যার, ক্লজ বাই ক্লজ বলতে গেলে আপনি সময় দিতে পারবেন না তবুও কয়েকটি গুরুত্বপূর্ণ ক্লজ উল্লেখ করব। ক্লজ ২৯-তে রেজিষ্টারকে ক্ষমতা দেওয়া হয়েছে। ২০ পাতায় আছে দেখুন ইচ্ছা করলে বোর্ড অব ডাইরেকটর্সকে ভেঙ্গে দিতে পারবেন এবং সেটাকে ৬ মাস থেকে ৩ বছর চালিয়ে যেতে পারবেন এ্যাডমিনিষ্ট্রেটর দিয়ে। এ্যাডমিনিষ্ট্রেটর যে হবে সে শাসক দলের লোক হবে। এইভাবে একটা সোসাইটিকে ভেংগে দিয়ে বেনামে আবার সেটাকে চালিয়ে যাওয়ার যে বুদ্ধি এটা আপনাদের পান্নাবাবুর বুদ্ধি। এই ব্যাপারে আপনার সাথে দেখাও হয়েছিল এবং বলেছিলাম আপনারা যে প্রোগ্রেসিভ গভর্ণমেণ্ট বলেন কোথায় প্রোগ্রেসিভনেস হয়েছে? যারা সংকীর্ণতার দোষে দুষ্ট, যাদের ন্যুনতম উদারতা নেই, যারা গ্রামীন সমস্যার কথা

বলে গতিহীনতার পথে চলে তারা কি করে প্রাগ্রেসিভ হতে পারে? কি রকম প্রোগ্রেসিভ গভর্ণমেণ্ট দেখুন তাঁরা আমলাতন্ত্রকে ভেঙ্গে দিয়ে বলছেন ৩ বছর চালিয়ে যাও, তার চেয়েও মারাত্মক কথা ৩ বছর কোর্টে পর্যন্ত যেতে পারবে না। স্যার ওঁরা এমারজেন্সির সময় একটা শ্লোগানের মত করেছিলেন যে আমাদের কোর্টে যাওয়ার যে ডেমোক্রেটিক রাইট সেটাকে সাসপেণ্ড করা হয়েছে। ওঁরা এমারজেন্সির সময় শ্লোগান দিয়েছেন যে কেন্দ্রীয় সরকার শ্রীমতী ইন্দিরা গান্ধী আমাদের কোর্টে যাবার পথ রুদ্ধ করে দিয়েছেন। আজ ওঁরা ৩ বছর সাসপেণ্ড করে রাখলেন, এমন কি কোর্টে পর্যন্ত যাতে যেতে না পারে তারজন্য আইন করে দিয়েছেন। তার সংগে যুক্ত হয়েছে যেটা ক্লজ ৩০এ সেটা আরো মারাত্মক। ২১ পাতায় সাব-ক্লজ ২টা দেখুন, সেখানে বলছেন অন রিসিপট অফ এ রিপোর্ট ফ্রম দি রেজিষ্ট্রার অর অফ ইটস ওন মোশান মারাত্মক স্যার, ওঁরা চিরকাল ক্ষমতায় থাকবেন না, যে ভুল আমরা করে এসেছি যখন আমরা সরকারে ছিলাম আমাদের কাছ থেকে সেই অভিজ্ঞতা নিন, আপনারা সেই ভয়ংকর জিনিস করবেন না, ইট ইজ ওয়ারসট প্রিসিডেন্ট, এটা থেকে দূরে থাকার দরকার আছে। সোসাইটি ডিজলভ হয়ে গেছে, আপনার যদি কোন পাওনা থাকে তাহলে কোর্টে যেতে পারবেন না এটা কি করে হতে পারে? আমি জানি নির্মলবাবুর কিছু করার নেই, তবুও বলব কোর্টে যাওয়ার ব্যাপারে যদি কিছু করার থাকে তাহলে সেটা করবেন। কারণ, ৬/৭ হাজার কো-অপারেটিভ এই রকম নিষ্ক্রিয় হয়ে পড়ে আছে।

[3-45—3-55 P.M.]

আজকে কোন কারণে যদি একটা কো-অপারেটিভকে টেকওভার করা হয় তখন রেজিষ্ট্রারকে দিয়ে সেখানে একটি লোক আপনি বসিয়ে দিলেন। আপনি হয়ত সেখানে একজন ফুটবলারকে বসিয়ে দিয়ে বললেন, তোমাকে এটা কনট্রোল করবার দায়িত্ব দিলাম। আপনি এসব কেন করছেন? আপনি কি দেওয়ালের লিখন দেখতে পাচ্ছেন না, পঞ্চায়েতে কি হবে সেটা বুঝতে পারছেন না? আপনাকে বলছি, আপনি ভবিষ্যতের দিকে তাকিয়ে এগুলি নিয়ে চিন্তা করুন। কোর্টের ব্যাপারে আমাদের বাংলাদেশের যে ঐতিহ্য আছে সেটাকে আপনি নস্যাত করছেন। আপনি কোর্টে যাবার অধিকার দিন এটা আমার অনুরোধ। আজকে আপনি হয়ত আমাদের সংখ্যালঘু মনে করছেন, কিন্তু এইসব ব্যবস্থা যদি না করেন তাহলে আগামী দিনে আপনি হয়ত থাকবেন না কিন্তু এই বই থাকবে এবং সেখানে আপনার এই সমস্ত কথা লেখা থাকবে এবং মানুষ যখন এই বই পড়বে অর্থাৎ এই এ্যাসেম্বলী প্রসিডিংস পড়বে তখন তাঁদের দৃষ্টিতে নির্মলবাবুর নির্মলত্ব ফুটে উঠবে না, ফুটে উঠবে আপনার মলিনত্ব, আপনার দুর্নাম হবে। ক্লজ ২৯ এবং ৩০ সম্বন্ধেও আমি বক্তব্য রেখেছিলাম সিলেকট কমিটিতে। এবারে আসুন "অব ইটস্ ওন মোসন"। এই ব্যাপারে সিলেকট কমিটিতে বলার পর আপনি এটা নিয়ে চিন্তা করেছিলেন এবং আপনিও দ্বিধাগ্রস্ত ছিলেন। তারপর আর একটা চূড়ান্ত বে-আইনী কাজ হচ্ছে এই সার্ভিস কমিশনি। ২৪ পাতায় ক্লজ থার্টি এইট দেখুন সার্ভিস কমিশন। আমি আপনাকে নজীর দেখাতে পারি কলেজে

এই সার্ভিস কমিশনের নাম করে নিজেদের গুণ্ডা, মস্তানদের কলেজের প্রফেসর করে দেওয়া হয়েছে। স্যার, এই রমেন পোদ্দার যিনি মদের দোকানের ট্রেড ইউনিয়ন করতেন তাঁকে ক্যালকাটা ইউনিভারসিটির ভাইস চ্যানসেলর করা হয়েছে। আশুতোষ কলেজের প্রিনসিপ্যাল যিনি সারা জীবন থার্ড ডিভিসনে পাশ করেছেন এবং এম. এ পাশ করবার পর হাস্য কৌতুকে ডকটরেট ডিগ্রি পেয়েছেন। তিনি একদিন বি, এ. বাংলা অনার্স ক্লাশে বিল্বমঙ্গল পড়াতে গিয়ে লেনিনের কথা বললেন। তখন একটি ছাত্র প্রশ্ন করল, আপনি এখানে লেনিনের কথা আনছেন কেন? তখন তিনি বললেন, বিল্বমঙ্গল যেমন সমাজ কল্যাণের কথা বলেছেন, লেনিনও তেমনি সমাজ কল্যাণের কথা বলছেন। আপনি যে আইন পাশ করেছেন তাতে পাবলিক সার্ভিস কমিশনের কথা আছে এবং এটা সকলকে কভার করছে। কিন্তু আপনি দেখুন কনষ্টিটিউসনের আর্টিকেল ৩২০-তে ক্যাটিগরিক্যালি বলা হয়েছে, "It shall be the duty of the Union and the State Public Service Commissions to condut examination for appointments to the services of the Union and the services of the State respectively".

আপনি এটা করতে পারতেন, ৪০০ টাকা যাদের বেসিক পে তাদের নিয়োগের ব্যাপারে সোসাইটিকে ক্ষমতা দিন এবং ৪০০ টাকার বেশী যাদের বেসিক পে তাদের ক্ষেত্রে পাবলিক সার্ভিস কমিশনের কাছে পাঠান। আপনি আগে এ্যাপয়েন্টমেন্ট দিয়ে তাদের পি এস সির কাছে পাঠাতে পারেন এবং পি এস সি যদি ফেরত পাঠায় তাহলে আপনি ক্যাবিনেটে যেতে পারেন। ক্যাবিনেটের তো অবাধ ক্ষমতা আছে।

স্যার, এর সংগে ফরমেসান রুলস যেটা হবে সেটা কিন্তু পরিষ্কার করে দেন নি। ফরমেসানটা উনি উহ্য করে রেখে দিয়েছেন। এটা বুরোক্রাটিক চাল পিছনে ওরা বসে আছেন। এটা ওরা করেছেন। রুলসে ঢোকাবেন বলছেন, কিন্তু পুরোটা ঢোকাননি। শুধু চেয়ারম্যানটা বলে দিয়ে চলে গেছেন, বাকি লক্ষ্মণ বাগদি অথবা পান্নাবাবুর কাউকে ঢুকিয়ে দেবেন। ভক্তিবাবু তো আউট হয়ে গেছেন, ওনার কোন চান্স নেই। সুনের কেলেঙ্কারীতে একজন ইনভলভড হয়ে গিয়েছিলেন, ভবানী সেনকে আউট করে দিয়েছেন পান্নাবাবু। এর একটা যে কোন 'সে' তে নমিনেটেড একজনকে ঢুকিয়ে দিয়েছেন দেখা যাবে। আমার কাছে সেই সব তথ্য আছে, আগামীকাল সেটা হবে। স্যার, পাবলিক সার্ভিস কমিশন সম্পর্কে আমাদেরও তিক্ত অভিজ্ঞতা আছে। আপনারা বহু জায়গায় বলেছেন চাকরি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে দেওয়া হবে, নীতিগত ভাবে আমরা এই বিষয়ে একমত। আমরা যদি কোন জায়গায় ভুল করে থাকি তাহলে সেই সমালোচনা মাথা পেতে নিতে রাজি আছি। কিন্তু আপনারা কি জানেন গত ৬ বছর ধরে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কমিটির একটি মিটিংও ডাকা হয়নি? ওখানে ৪ রকম খাতা হয় (ভয়েস: সুমন্ত কুমার হীরা: অসত্য কথা।) স্যার, আমার কাছে মেটিরিয়াল ডকুমেন্ট আছে, আমি সেই ডকুমেন্ট থেকেই এই কথা বলছি। আমি ট্রেড ইউনিয়ন করি, এটা আমার জানা আছে। স্যার, এ হীরা আসল হীরা

নয়, এ হল কাঁচকাটা হীরা স্যার, ফরমেসানের ব্যাপারে আমরা এ্যাবসলিউট এ্যাসিওরেনস চাই। সারভিস কমিশন যদি করতে হয় তাহলে একটা দিন আপনি ডিলে করুন, এতে মহাভারত অশুদ্ধ হবে না। দেশ আগে, দেশের মানুষ বাঁচুক, তারপর কমুনিষ্ট কংগ্রেস হবে। একটা দিন আপনি ওয়েট করন। আর একবার আমরা সকলে মিলে বসে আলোচনা করে দেখি যে কি করে এটাকে স্পীডি করা যায়। এটা করা যায় না? আপনার পিছনে যারা মূষল নিয়ে বসে আছে এটা তাদের ভাববার কোন কারণ নেই। আমরা সহযোগিতা করব, একটা দিন দেরি করলে ক্ষতি কিছু হবে না পাশ করতেই হবে, সেইজন্য প্রেস করেছেন। সার্ভিস কমিশনের একটা স্ল্যাব করে দিন। ৪৪০ টাকার ক্ষমতা সোসাইটির হাতে দিন, সোসাইটিতে ইলেকটড হয়ে যারা আসবেন তারা একটা অর্ডিনারি চাকরি পর্যন্ত দিতে পারবেন না? আপনারা নিজেরা ডেমোক্রাসির কথা বলে থাকেন, অথচ এখানে কি করছেন একটু ভেবে দেখুন। স্ল্যাব করে দিন, পাবলিক সার্ভিস কমিশনের ব্যবস্থা করে দিন। আপনাদের টাকা নেই, কর্মচারীদের মাইনে দিতে পারছেন না, এটা আমরা জানি। কাজেই সেই অবস্থায় এই সব ফরমেসানের ব্যবস্থা নতুন করে করতে যাবেন না। ফাইন্যানস কি করে পারমিসন দিচ্ছে এটা আমি জানি না। কারণ অতীতের কিছু তিক্ত অভিজ্ঞতা কতকগুলি সার্ভিস কমিশনের ব্যাপারে আমরা লাভ করেছি বাংলাদেশের মানুষ এটা জেনে রাখুক যে আরো একটা সার্ভিস কমিশনের নাম করে ভাল ভাল ছেলের যোগ্যতার কোন বিচার হবে না। যারা কম নম্বর পাবে তাদের নেওয়া হবে, আর যারা বেশী নম্বর পাবে তাদের বাতিল করে দেওয়া হবে। আমরা সেই জিনিস রোধ করার জন্য সার্ভিস কমিশন প্রত্যাহার করবার দাবী জানিয়েছি। ক্লজ ১৪ (১) (সি) তে বলা হচ্ছে সোসাইটিতে যদি কোন ডিস্পিউট হয় তাহলে রেজিষ্ট্রারার নিস্পত্তি করতে পারবেন। তার মানে রেজিষ্ট্রারার নিজের লোককে পাঠিয়ে দিয়ে নিস্পত্তি করতে পারেন। আমি আগেই বলেছি কলকাতায় হলে রাম, শ্যাম, যদু, মধু ইত্যাদি যাকে ইচ্ছা করে দিয়ে মন্ত্রী নিস্পত্তি করতে পারেন। কলকাতায় হাউসিং কো-অপারেটিভ হচ্ছে এবং এ সম্বন্ধে আমরা বহু অভিযোগ করেছি। প্রত্যেকটি হাউসিং কো-অপারেটিভে ৬ বছর ধরে দুর্নীতি চলছে এবং বিভিন্ন জায়গায় সাংঘাতিক ভাবে দুর্নীতি চলেছে এবং অনেকে এর সংগে ইনভলভড রয়েছে। আমরা অনেকেই মেনসান করেছি, বহু মানুষ বলেছেন। এমন কি এই বইটা যদি দেখেন তাহলে দেখতে আবেন অপোজিসনের লোকেরাও বলেছেন এই হাউসিং কো-অপারেটিভ সোসাইটির মধ্যে করাপসান রয়েছে। তাকে ৫ বছর ধরে পেট্রোনাইজ করে এখন বলছেন যে কোন গুণ্ডা, মস্তানই হোক তাকে নমিনেট করে এই নিস্পত্তি ঘটাবার জন্য দায়িত্ব দিয়ে দেব। মেট্রোপলিটান এরিয়ার মধ্যে রাম, শ্যাম, যদু, মধু যাকে ইচ্ছা চাকরি বাকরি দিয়ে দেবেন। এটা কি হবে? কেন তবে বাদ যাচ্ছে? আপনারা মুখে বলেন সমবায় হল গান্ধী দর্শন এবং আপনারা চীৎকার করে বলেন এটাকে স্পীডি রূপায়ণ করতে হবে। ওরা বলেন ধনতান্ত্রিক কাঠামোর মধ্যে চ্যালেঞ্জ আসবে, এ্যাকসেপ্ট করতে হবে। ওরা বলেন মহরোষ্ট্র, হরিয়ানা থেকে অনেক পিছিয়ে আছেন। এটা যদি সত্য হয় তাহলে এই করাপসান, এই নেপোটিজম এর সাংঘাতিক আমলাতান্ত্রিক ক্ষমতা কেন দিচ্ছেন? আপনারা এত বেশী ক্ষমতা কেন নিচ্ছেন? এই ক্ষমতা তো পারমানেন্ট নয়। এই এক্সট্রা

টেম্পোরারি ক্ষমতা বুমেরাং হয়ে আসবে। আপনারা যে ফ্রাঙ্কেনষ্টাইন তৈরী করছেন আগামী দিনে সেটা আপনারাই স্মরণ করবেন। স্যার, ক্লজ ১৩০, সাব ক্লজ (৩) এ্যাট পেজ ৬৫ সেখানে লিকুইডেটর বসানোর ব্যবস্থা হচ্ছে এবং লিকুইডেটর ওখানে করে দিয়েছেন যে কোর্টে যেতে পারবে না।

[3-55—4-05 P.M.]

সেটা তো ফাণ্ডামেণ্টাল রাইট। স্যার, আমি কনস্টিটিউশানের একটি লাইন আপনাকে পড়ে শোনাচ্ছি। আপনাকে পড়ে শোনানা মানে সেটা লজ্জার ব্যাপার কিন্তু তা সত্ত্বেও বাধ্য হচ্ছি বলতে কারণ আপনি তো শুধু শ্রোতা, আপনি তো শুধু প্রটেকসান দিচ্ছেন এবং দেবেন। কিন্তু ঐ আয়াতুল্লা খোমেইনির মতন কতবার আর প্রটেকসান দেবেন এবং কতজনকে দেবেন, রোজই তো ভুরি ভুরি ব্যাপার আসছে। স্যার, আমি শুধু একটা লাইন আপনাকে পড়ে শোনাচ্ছি। জাষ্টিস—Preamble Justice Social, Economical and Political. কি জাষ্টিস আছে? সেখানে তো কোর্টে যাওয়াই বন্ধ করে দিচ্ছেন। লিক্যুইডেটার বসিয়ে দিয়ে বলছেন, কোর্টে যেতে পারবে না। প্রত্যেক পদক্ষেপেই এইভাবে কোর্টকে টিপে দেওয়া হচ্ছে। আমি বলছি এটা ভালোভাবে বিচার বিবেচনা করে দেখুন।

**মিঃ স্পীকার:** Subrata Babu, I want to know whether justice between a zemindar and bargadar.

**শ্রীসুব্রত মুখার্জী:** Social and political too.

**শ্রীসত্যরঞ্জন বাপুলী:** স্যার, এইভাবে বললে কনসটিটিউসানকে অপমান করা হয়। Please don't say that from that Chair. I take on exception to that.

**মিঃ স্পীকার:** It is a fact which is epual justice between a zemindar and a bargadar.

**শ্রীসত্যরঞ্জন বাপুলী:** That is the Constitution which is binding on all.

**শ্রীসুব্রত মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সব ক্লজগুলি ব্যাখ্যা করা সম্ভব নয়, আমি তাই শেষ করার আগে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব, আসুন, ছোটখাট যে সমস্ত ব্যাপার আছে যাতে কিছু সংশোধন করলে ভালো ফল হতে পারে সেগুলি করি। সেখানে ন্যূনতম উদারতা

থাকলেই এটা করা সম্ভব। সেখানে যে বৈষম্য আছে, ব্যবধান আছে সেটা ঘোচাবার জন্য আস্থন আমরা রাজনৈতিক উদ্দেশ্যকে বহুদূরে সরিয়ে রেখে কাজ করার চেষ্টা করি এবং তা করার মধ্যে দিয়ে সমাজ ও দেশের মঙ্গল সাধন করার চেষ্টা করি। স্যার, এই প্রসঙ্গে আরো একটা কথা বলি। আমি অনেকগুলি প্রসিডিংস পড়ছিলাম, সেখানে আপনি শুনলে অবাক হয়ে যাবেন এই মানুষরা এই কো-অপারেটিভকে নিয়ে ডাঃ রায়ের আমল থেকে, প্রফুল্ল সেনের আমল থেকে সিদ্ধার্থ রায়ের আমল পর্য্যন্ত, ডাঃ জয়নাল আবেদিনের সময় পর্য্যন্ত যে কথাগুলি বলেছিলেন সেই রেকর্ড যদি বাজিয়ে শোনান তাহলে নির্মলবাবুরা যদি মাথা নীচু করে বসে না থাকেন তাহলে যে কোন শাস্তি আপনি আমাকে দেবেন আমি তা মাথা পেতে নেব। তাই আমি আবার বলছি, আমরা অনেক পিছিয়ে আছি, আস্থন এই সমবায় আন্দোলনকে তরান্বিত করার জন্য চেষ্টা করি। আমি জানি এই কাঠামোর মধ্যে দিয়ে to revolutionise একথা বলতে চাই না তবে এই সমাজ বাবস্থার মধ্যে থেকে কত দ্রুত পরিবর্তন করা যায়, কত দ্রুত শোষণ থেকে আমরা মুক্ত হতে পারি, কত দ্রুত ধনীদের হাত থেকে ক্ষমতা কেড়ে নিয়ে মানুষের হাতে ক্ষমতা দিতে পারি সে চেষ্টা আমাদের করতে হবে। মাননীয় মুখ্যমন্ত্রি মহাশয় শুধু মুখে যদি বলেন এবং স্বপ্ন দেখেন যে একটা সমাজ-তান্ত্রিক দর্শন দ্রুত স্থাপন করে ফেলবেন তাহলে আমি বলব, তিনি মূর্খের স্বর্গে বাস করছেন। আমি তাই আবার বলব, একদিন স্থগিত রেখে আস্থন ছোটখাট বিষয়গুলি নিয়ে আলোচনা করি এবং আরো আলোচনার মাধ্যমে এই বিলকে একটা সর্বাঙ্গসুন্দর বিলে পরিণত করি এবং তারপর পাশ করি। যেখানে আমলাতান্ত্রিক ক্ষমতা, কায়েমী স্বার্থের ক্ষমতা, গণতান্ত্রিক নর্মসকে না মানার যে চেষ্টা আছে সেগুলি আস্থন দূর করি এবং এর স্পিডকে এবং স্কোপকে আরো বাড়িয়ে তোলার চেষ্টা করি। এই কথা বলে মাননীয় মন্ত্রিমহাশয়কে আবার অনুরোধ জানিয়ে এবং এই বিলের খসড়ার তীব্রপ্রতিবাদ ও বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ হরমোহন সিন্‌হা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সুব্রতবাবুর বক্তৃতা শুনলাম। শেষের দিকে তিনি ভাল ভাল কথা যা বলেছেন সেগুলি যদি তাঁর মনের কথা হোত তাহলে ভালই হোত। কিন্তু এটা তাঁর একটা কপটতা একটা ভাল জিনিষ হতে চলেছে তাই তিনি বেকায়দায় পড়েছেন এবং সেইজন্যই এইভাবে সমালোচনা করলেন। ওঁদের এই যে জ্বালা এবং চীৎকার তার কারণ হল, এই কো-অপারেটিভের নাম করে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা তছরূপের যে সুযোগ ছিল তা থেকে তাঁরা বঞ্চিত হতে চলেছেন। সুব্রতবাবু বললেন, আস্থন, আর একবার আমরা আলোচনা করি। ১৩টি বৈঠক করে যদি আলোচনা শেষ না করতে পারেন তাহলে আর একবার বসেও কিছু করতে পারবেন না। যখন দেখেছেন দুর্নীতির সুযোগ কমে গেছে, সব কিছু বন্ধ হয়ে গেছে তখন বলছেন, আস্থন আর একবার বৈঠক করি। স্যার, আমরা জানি একদিনে সব দুর্নীতি দূর হবে না। দীর্ঘ ৩০ বছর ধরে আপনারা সমবায়কে ব্যক্তিগতভাবে, গোষ্ঠীগতভাবে যেভাবে ব্যবহার করেছেন, যেভাবে সমবায়কে টুকরো টুকরো করে খেয়েছেন, সমবায়ের ক্ষেত্রে

ভেস্টেড ইনটারেস্ট যেভাবে প্লে করিয়েছেন তারই ফলশ্রুতি অর্থাৎ লেগ্যাসি অব দি পাস্ট সেটা আমাদের আজকে ভোগ করতে হচ্ছে। আমরা জানি হাওয়া দূষিত হলে অক্সিজেন দিতে হয়। এই কো-অপারেটিভ বিল নিয়ে অনেক আলোচনা সিলেক্ট কমিটিতে হয়েছে এবং সুব্রতবাবু, জয়নাল আবেদিন সাহেব এবং এস ইউ সি-র দেবপ্রসাদবাবু নোট অব ডিসেন্ট দিয়েছেন। সুব্রতবাবু বললেন, আসুন সমবায় নিয়ে আমরা এক সঙ্গে লড়ে যাই, এগিয়ে যাই। আমরা জানি একদিকে জমিদার থাকবে এবং আর একদিকে বর্গাদার থাকবে এই দুটির সমন্বয়ে কখনও করা যায়না। হ্যাভ এবং হ্যাভনটস্‌দের মধ্যে যে লড়াই চলছে তাকে সমবায়ের মাধ্যমে কিভাবে সাহায্য করতে পারি সেটা আমাদের দেখতে হবে। কংগ্রেস দীর্ঘদিন ধরে দেশের মানুষের কাছে এই সমবায়কে একটা ঘৃনার বস্তু হিসেবে সৃষ্টি করেছেন। সমবায় জিনিসটি খারাপ এটা বলা যায়না। কিন্তু যেভাবে এঁরা কো-অপারেটিভকে ব্যবহার করেছেন তাতে ওই অবস্থার সৃষ্টি হয়েছে। স্যার, ডাঃ জয়নাল আবেদিন সাহেবের দলের লোক অতাই মিয়া কেতুগ্রাম থানার লোক এবং তিনি একজন কংগ্রেসের নেতৃস্থানীয় ব্যক্তি। কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি তিনি একটা কো-অপারেটিভ থেকে ৭৮ হাজার টাকা তছরূপ করে এখন ফেরার হয়ে আছেন। আজকে আপনারা কথায় কথায় তন্তুজ, তন্তুজ বলে চীৎকার করছেন। তন্তুজ কি করেছে সেটা কিন্তু তাঁরা বলছেন না। কোন দুর্নীতির কথা আপনাদের আমলে আপনারা বলতে পেরেছেন? এখন বলছেন আর একবার আলোচনা করা যাক। কি নিয়ে আর আলোচনা করবেন? জয়নাল আবেদিন যখন মন্ত্রি ছিলেন তখন এই দপ্তর তাঁর হাতেই ছিল এবং আমরা জানি তিনি কি করেছেন, না করেছেন।

[4-05—4-15 P.M.]

তিনি ক্ষুদ্র শিল্প এবং কুটির শিল্প দপ্তরেরও মন্ত্রি ছিলেন, সেখানে কি করেছিলেন তা ভাল করেই জানেন। সুতরাং আজকে এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে সমবায় দপ্তরের মাধ্যমে আমরা মানুষের সামান্য উপকার করবার জন্য, সমবায়ের প্রতি মানুষের মনকে আকৃষ্ট করবার চেষ্টা করছি। সিলেক্ট কমিটিতে সর্বমোট ২৫ জন সদস্য ছিলেন, তাঁরা ১৩টি মিটিং-এ আলোচনা করেছিলেন, তিন জন সদস্য নোট অফ ডিসেন্ট দিয়েছিলেন। আমরা জানি এর আগে জয়নাল আবেদিন সাহেব মন্ত্রিসভায় ছিলেন, অতীশবাবু মন্ত্রীসভায় ছিলেন, সুব্রতবাবু মন্ত্রিসভায় ছিলেন, তা আমি তাঁদের জিজ্ঞাসা করি তাঁরা কি তখন সমস্ত পয়েন্টগুলি দেখতে পাননি? তাঁরা সে সময়ে এগুলি করেননি কেন? তাঁরা কি জানেন না সমবায় কোন জায়গায় দাঁড়িয়ে আছে এবং যার ফলে আজকে এই অবস্থার সৃষ্টি হয়েছে? বামফ্রন্ট সরকার সমবায় ব্যবস্থার মধ্যে কোথায় কোথায় ত্রুটি আছে তা লক্ষ্য করে এই বিল তৈরী করেছে। মাননীয় মন্ত্রি নির্মলবাবু সমবায় আইনকে ত্রুটিমুক্ত করার জন্যই সিলেক্ট কমিটির রিপোর্ট সহ আজকে এই বিল পেশ করেছেন। সিলেক্ট কমিটিতে বিলকে ত্রুটিমুক্ত করার জন্যই আলোচনা করা হয়েছে। আজকে ওঁরা ত্রুটিমুক্ত বিল দেখে ভয় পাচ্ছেন যে, আর ওঁরা সমাজ ব্যবস্থাকে অন্য দিকে নিয়ে যেতে পারবেন না, এর দ্বারা ওঁদের স্বার্থ

সিদ্ধ হবে না, তাই ওঁরা চটে যাচ্ছেন। অতীতের ধ্যান ধারণা অনুযায়ী নিজেদের গোষ্ঠী বা ব্যক্তি স্বার্থে আর সমবায় সমিতিকে কাজে লাগাতে পারবেন না বলে ওদের কষ্ট হচ্ছে। যেমন এখানে সুব্রতবাবু বললেন, তিনি কতগুলি ক্লজকে স্ট্রংলি অপোজ করেছেন। (বিরোধী পক্ষ থেকে একটি শব্দ—পান্নাবাবুর কথা বলুন।) পান্নাবাবুর কথা অমৃত সমান, কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান। সেকথা ওঁরা বুঝতে পারবেন না। সুব্রতবাবু বললেন, এই সমস্ত ক্লজকে স্ট্রংলি অপোজ করেছেন। ওঁর অপোজ হচ্ছে, অপোজ ফর অপোজিসন'স সেক্। ওঁর বিরোধিতার লক্ষ কি? এর পজিটিভ সাইড কি? তা কি তিনি বলতে পেরেছেন? কেন বলতে পারলেন না? এর চেয়ে ভাল জিনিষ কি হতে পারত, তা তো তিনি বলতে পারলেন না। কেন বলতে পারলেন না? যদি বলতে পারতেন যে, এই এই জিনিষ করলে এটা ভাল হোত, তাহলে না হয় ওঁর কথা বোঝা যেত। শেষকালে উনি সকলে মিলে করার কথা বলেছেন। সকলে মিলে করার বাসনা থাকা ভাল। কিন্তু আমরা জানি ওঁদের তা থাকতে পারে না, থাকা অসম্ভব। কারণ একটা মিথ্যা কথাকে, একটা অসত্য কথাকে এখানে জাগলারি অফ অয়ার্ড'স দিয়ে বলে চলে যাবেন, মানুষকে ধোঁকা দেবার চেষ্টা করবেন, আবার সকলে মিলে কাজ করার মত মনোভাব থাকবে, তা হয় না। বাইরে মানুষকে ভুল বোঝাবার চেষ্টা করছেন, আবার বিধানসভায় জাগলারি অফ ওয়ার্ড'স দিয়ে অসত্য কথা বলে যাবার চেষ্টা করছেন। আমি ওঁদের বলব যে, ওসব কথা বলে কোন লাভ নেই। কোন লাভ হবে না, তা আপনারাও জানেন, আমরাও জানি। আজকে মানুষ জানে আপনারা কোন্ শ্রেণীর প্রতিনিধিত্ব করছেন, আমরা কোন্ শ্রেণীর প্রতিনিধিত্ব করছি। গরীব মানুষ দীর্ঘ দিন ধরে সমবায় ব্যবস্থার মধ্যে বঞ্চিত ছিল। আজকে আমরা এই আইনের মাধ্যমে তাদের সামনে সামান্য কিছু সুযোগ নিয়ে যাবার চেষ্টা করছি। আর ঐ অতীশবাবুর মত জমিদার শ্রেণীর মত যাঁরা রয়েছেন তাঁদের এত দিন যে সমস্ত সুযোগ ছিল তা থেকে তাঁরা আজকে এই বিলের মধ্যে দিয়ে বঞ্চিত হতে চলেছেন। তাই আজকে ওঁরা এই বিলের ওপরে আপত্তি দিচ্ছেন। আজকে জয়নাল সাহেবের গায়ে কেন এত লাগছে তা আমরা জানি। আজকে যদি খুঁজে দেখি তাহলে দেখতে পাব যে, জয়নাল সাহেবের এলাকায় কতগুলি কো-অপারেটিভ লিকুইডেট্ হয়েছে। আমরা তো দেখেছি ওঁর এলাকায় মাসরুমের মত বিভিন্ন কো-অপারেটিভ গজিয়ে উঠেছিল। উনি ব্যাঙের ছাতার মত স্মল কো-অপারেটিভ, ইউনিয়ন কো-অপারেটিভ ইত্যাদি নানা ধরণের কো-অপারেটিভ-এর এক্সপেরিমেণ্ট করেছিলেন। নিশ্চয়ই এক্সপেরিমেণ্ট করতে পারেন, এক্সপেরিমেণ্ট করা খারাপ নয়, কিন্তু এক্সপেরিমেণ্টের নামে স্কোয়াণ্ডারিং এ্যাওয়ে অফ মানি ফ্রম ন্যাসন্যল এক্সচেকার তা তো হতে পারে না। অথচ তিনি তাই করেছেন। সুতরাং তাঁরা যদি জাতীয় ধন-সম্পদ লুঠ করে থাকেন, সমবায় ব্যবস্থাকে দুর্বল করে দিয়ে থাকেন তাহলে আজকে আমাদের সমবায়কে সেই দুর্বলতা থেকে মুক্ত করতে হবে। সেই উদ্দেশ্য নিয়েই আজকে নির্মলবাবু এই বিল এনেছেন। আজকে আইনের মাধ্যমে সমবায়ের কিছু কিছু দুর্বলতাকে প্লাগিং করার ব্যবস্থা করা হচ্ছে।

আমি আর একটি কথা এখানে রাখতে চাই সেটা হচ্ছে, এই সমাজ ব্যবস্থায় আপনি কি করে সমবায় চালিয়ে যাবেন। একদিকে যেখানে প্রাইভেট সেক্টর তারা ব্যবসা করে যাবেন আর একদিকে সমবায় ব্যবস্থার মধ্য দিয়ে ব্যবসা চলবে—এই দুটো একই সঙ্গে এই ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থায় চলতে পারে কিনা সেটাই ভাববার বিষয়। তা সত্ত্বেও এমন একটি সমাজ ব্যবস্থার মধ্য দিয়ে এবং সীমিত ক্ষমতার মধ্যে সমবায়কে ব্যবহার করে যদি কাজ করতে পারি তাহলে পরে সামান্য কিছু মানুষের উপকার করতে পারবো। সমবায়ের মাধ্যমে ঋণ নেওয়ার কথাটাই সাধারণ মানুষে জানতো। কিন্তু সমবায়ের মাধ্যমে বিভিন্ন সংস্থা যেমন, লেবার কো-অপারেটিভ, হেল্‌থ কো-অপারেটিভ এবং মিল্ক কো-অপারেটিভ প্রভৃতির সঙ্গে স্তরে স্তরে যে সমবায়ের প্রয়োজন এটাকে উপলব্ধি করানো এবং যদি বোঝানো যায় এবং এই নতুন ব্যবস্থার মধ্যে যদি আনা যায়—অবশ্য এটা আনতে গেলে একটু সময় নেবে,—একটা ব্যবস্থার মধ্য থেকে আর একটা ব্যবস্থার মধ্যে আনতে গেলে শিক্ষিত করে তুলতে হবে। কো-অপারেটিভের নাম করে গোষ্ঠীগতভাবে একটা দল করে করলে চলবে না। সমবায়ের মাধ্যমে গরীব মানুষের যাতে উপকার করা যায়, যাতে উন্নতি করা যায় তার জন্য আসুন এই যে বিল সেই বিলেতে যতটুকু করা হয়েছে তাকে সমর্থন করুন। তারপর আর একটি জিনিষ বারবার করে ওনারা বলছেন, রুলিং ফ্রন্ট, রুলিং ফ্রন্ট—এটাকে বার বার করে ব্যবহার করছেন। আমি আপনাদের কাছে পরিষ্কার করে বলছি, আপনারা আর কোনদিনও ক্ষমতায় আসতে পারবেন না, সেইজন্য গায়ের জ্বালায় এইসব কথা বলছেন। এইরকম ধরনের প্রগ্রেসিভ বিল আনার ফলে যে ফলশ্রুতি ঘটবে এবং তার ফল যে সুদূর প্রসারী হবে তারই জন্য ওদের গায়ের জ্বালা ধরছে। এছাড়া আর গায়ের জ্বালা হয় কাটা ঘায়ে নুনের ছিটে পড়লে। সত্য কথাই প্রকাশিত হচ্ছে। তাই বলছি আপনারা যদি কাজ করতে চান, এই বিলে যে সমস্ত ধারাগুলি আছে সেই ধারাগুলি সম্পর্কে যদি আপনাদের কিছু বলার থাকে নিশ্চয়ই আপনারা বলতে পারেন কিন্তু সেই কথা বলতে গিয়ে ব্যক্তিগতভাবে আক্রমণ করতে সুরু করেছেন এই বিধানসভার ভিতরে—কমরেড তন্তুজ পান্নালাল মাজি বলে। কোন প্রমাণ নেই, চারদিন ধরে এই জিনিষ করছেন কিন্তু কিছুই করতে পারছেন না। হাতে বুর্জোয়া পেপার আছে। খবরের কাগজের মাধ্যমে এইসব চিৎকার করছেন। এতে করে দেশের কি করছেন ? পশ্চিমবাংলার সর্বনাশ করার চেষ্টা করছেন। যখনই দেখলেন দেশে তাঁত শিল্পের অগ্রগতি হচ্ছে, মানুষের কাছে হস্তচালিত তাঁতশিল্প ছড়িয়ে পড়ছে তখনই আপনারা চিৎকার করতে সুরু করলেন। ঐ পশ্চিমবাংলার বাইরে থেকে আগত কিছু পুঁজিপতি যারা এখানে ব্যবসা করে তাদের স্বার্থে। এই সমস্ত পুঁজিপতিদের ব্যবস্থা যাতে এখানে চলে তারজন্য আপনারা বেনামে এই কারবারে লিপ্ত হয়েছেন। তাই দৈনন্দিন পশ্চিমবঙ্গের ঐতিহ্যকে কলঙ্কিত করবার জন্য চেষ্টা করছেন। আমরা জানি, বোম্বেতে যে ন্যাশনাল এক্সপো হয়েছে সেখানে পশ্চিমবঙ্গের মাল ১২ লক্ষ টাকার মতন বিক্রি হয়েছে। এই পশ্চিমবাংলার মাল পশ্চিমবাংলার বাইরে অন্যান্য রাজ্যে যাতে বিক্রি হয়, বিভিন্ন মানুষের কাছে যাতে কদর বাড়ে তারজন্য আমরা চেষ্টা করছি। আর আপনারা যা সত্য নয় তাই বলছেন। রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে এইসব কথা

বলছেন। আপনারা তো কোন কিছুই করতে পারেন নি। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার যখন বলিষ্ঠভাবে এগিয়ে এসেছেন তখন আপনারা বিভিন্নভাবে কলঙ্কিত করবার চেষ্টা করছেন। তাঁত শিল্পের মানুষ যারা দীর্ঘদিন ধরে উপেক্ষিত ছিল তারা আজ আশার মুখ দেখছে। শান্তিপুরে ইনটেনসিভ হ্যাণ্ডলুম প্রজেক্ট আছে, সমবায়ের মাধ্যমে সংগঠিত করার চেষ্টা হচ্ছে।

[4-15—4-25 P.M.]

সমবায়কে যখন সংগঠিত করার চেষ্টা করা হচ্ছে তখন আপনারা কি করছেন? আপনারা কি চাইছেন? আপনারা চাইছেন যাতে করে সমবায়ের কোন রকম উন্নতি না হয়। মাষ্টার মহাশয়, আপনি শুনুন, এখন আপনাকে অনেক শিখতে হবে। ছাত্রদের শেখানোর আগে এখান থেকে শিখে যান। আপনার বন্ধুরা কি করে একে কলঙ্কিত করবেন, কি করে পশ্চিমবঙ্গের অর্থনীতিকে পরিকল্পিতভাবে ধ্বংস করবেন তারই চেষ্টা করছেন। এইভাবে পশ্চিমবংঙ্গের শিল্প-গুলিকে নষ্ট করার চেষ্টা করবেন না। এই আবেদন রেখে আপনাদের কাছে কয়েকটি কথা বলছি। গায়ের জ্বালা খুবই ধরেছে, জ্বালা না ধরলে আপনারা উঠে দাঁড়াতেন না। সেজন্য বলছি আপনারা আসুন, এই বিলকে সমর্থন করুন। ত্রুটি বিচ্যুতি থাকতে পারে, তা থাকলে আমরা আমাদের অভিজ্ঞতার ভিত্তিতে আবার সেগুলি সংশোধন করে দেব। এমন কোন কথা নেই যে এর উপর এ্যামেণ্ডমেণ্ট হতে পারবে না। কোন জিনিষটাই শেষ নয়। এই বিলের শেষে আলোচনা করার কিছু থাকলে বিল তৈরী হওয়ার পরও পরবর্তীকালে যোজনা করে দেওয়া যায়। তাই আপনাদের আবার আহ্বান জানাব যদি আপনাদের কিছু শুভবুদ্ধি থাকে,—কিছু শুভবুদ্ধি সম্পন্ন মানুষ এখন আছেন, আপনাদের পক্ষে—তাঁদের কাছে আবেদন করব যে, আসুন আপনারা এই সমবায় ব্যবস্থা যাতে করে কলংকিত না হয় এই লক্ষ্য রেখে এই বিলকে সমর্থন করুন। এইকথা বলে আপনাদের অভিনন্দন জানিয়ে এবং অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপান্নালাল মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে ঘণ্টা খানেক আগে গোলপার্কে একটি তন্তুজের দোকানের উপর কংগ্রেসের লোকেরা হামলা করছে। আলমারী ভেঙ্গে ভেতরে ঢুকে সমস্ত জিনিষ একেবারে লণ্ডভণ্ড করে দিয়েছে। পুলিশ আসায় একটা কংগ্রেসের পতাকা সেখানে রেখে দিয়ে পালিয়ে গেছে। গোলপার্কের দোকানটি খুব বড় দোকান, লিণ্ডসে ষ্ট্রিটের দোকানটিও বড় দোকান, ওরা তন্তুজের বড় বড় দোকানগুলির উপরেই হামলা এবং সেখানে ভাঙচুর করছে। তারা শ্লোগান দিচ্ছে যে, তন্তুজের দোকান বয়কট্ কর, ইন্দিরা গান্ধী জিন্দাবাদ, সুব্রত মুখার্জী জিন্দাবাদ। তাই আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে এর প্রতি বিধানের ব্যবস্থা যদি না হয় তাহলে পশ্চিমবঙ্গের তাঁত শিল্প একেবারে সর্বনাশের পথে চলে

যাবে। পশ্চিমবঙ্গের স্বার্থে তিনি এই দোকানগুলি বাঁচাবার এবং দোকানের কর্মচারীদের নিরাপত্তা রক্ষার এবং তাঁত সম্পদ কে রক্ষার ব্যবস্থা করুন।

**শ্রীসত্য রঞ্জন বাপুলী ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, মাননীয় সদস্য ডাঃ হরমোহন সিংহ মহাশয় বক্তৃতা দিলেন। আমার যে পয়েন্ট তাতে বলতে চাই যে তন্তুজের উপর আমাদের কোন আক্রোশ নাই। কো-অপারেটিভ নিশ্চয় হবে, তন্তুজ হবে, সবই হবে। আমার যেটা মূলকথা সেটা হল তন্তুজের মধ্যে কোন চুরি যেন না হয়। আমরা সমবায়ও চাই তন্তুজ ও চাই।

**শ্রীশশাঙ্ক শেখর মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা কথা বলতে চাই যে যুবক এবং আমার অত্যন্ত প্রিয় অনুজ ভাইকে একটু যৌবনচিত উত্তেজনাটা কমাতে বলুন। আমরা বৃদ্ধ মানুষ আমরা অত উত্তেজিত হতে পারব না। ১৯০৪ সালে প্রথম কো-অপারেটিভ মুভমেণ্ট যাকে সমবায় আন্দোলন বলে সেটা হয়েছিল। সমবায় প্রচেষ্টা ইংরেজ শাসন-কালে প্রতিষ্ঠিত হয়। তখন কেবলমাত্র গ্রামাঞ্চলে কৃষকদের ঋণ দেবার জন্য এই সমবায় সমিতি গঠিত হয়েছিল। কিন্তু আজকে আমার ভাইয়েরা যাঁরা ডান দিকে আছেন তাঁরা যেভাবে বক্তৃতা করছিলেন অত্যন্ত লজ্জার কথা, পশ্চিমবঙ্গের এই কো-অপারেটিভের এই রকম অধঃপতন যে হল তারজন্য দায়ী কারা? এটা এতদিন ধরে তো তাঁদের হাতেই ছিল। কিন্তু এটা তাঁরা দেখতে পারেন নি। আজ নানা কথা বলে, মুষ্টি দেখিয়ে, নানা রকম ভঙ্গি করে বক্তৃতা করছেন আমি লজ্জায় অধোবদন হয়ে যাচ্ছি। এতকাল পর্যন্ত উপর থেকে নীচ পর্যন্ত কিন্তু কংগ্রেস ছিল, আমরা মাত্র ৫ বছর এসেছি। এসেই কি কো-অপারেটিভে ধ্বংস করে দিয়েছি? আমি একথা বলতে চাই যে কো-অপারেটিফই বলুন অরে ট্রেড ইউনিয়ন আন্দোলনই বলুন যে কোন আন্দোলনকে ফলপ্রসূ করতে হলে আন্দোলনকে বিভিন্ন স্তরে নিয়ে যেতে হয় এবং আন্দোলন করবার সাথে সাথে সেখানে ভুলত্রুটি হতেই পারে, পরে সেগুলো সংশোধন হয়। কো-অপারেটিভও যদি সত্যিকার মুভমেণ্ট হয় তাহলে এর মধ্যেও ভুলত্রুটি থাকবেই এবং তারজন্যই আজকে এই বিলটা সমবায় মন্ত্রী মহাশয় এনেছেন। এই বিল আজকে যা এসেছে, তাকে এমনভাবে তাঁরা চুলচেঁরা বিচার করে এমনভাবে তাকে অপারেশন করা হচ্ছে ডাঃ আবেদিন যে তার ইনট্রোডাকশনে কথা বলেছেন তা বলবার কথা নয়। উনি একদিন এই দপ্তরে ছিলেন। আজকে আমাদের মাননীয় নির্মলবাবু বিলটা এনেছেন। এই বিল আজ আনতে হচ্ছে কেন? লজ্জা লাগেনা বলতে? এগুলো তো উনি নিজেই আনতে পারতেন, বা মডলেশন করতে আজকে সংশোধন করতে পারতেন। এই ডাক্তার ভদ্রলোককে আর ডাক্তার বলা হবে না, তাঁকে মাষ্টার অফ্ সার্জারী উপাধী দিতে হবে।

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজ যে বিল এখানে এসেছে তার সমর্থনে আমি বলতে উঠে এই কথা বলছি ৭৩ সালে এঁরা এই আইন কিছুটা পরিবর্তন করেছিলেন এই আইন পরিবর্তন করে

সংশোধনী এনেছিলেন সমবায়কে দলীয় ভাবেতে আনবার জন্য, সে কেবল কংগ্রেসী বৈঠকখানায় টাঙ্গিয়ে রাখার জন্য। সমাজের নীচের তলার মানুষ, না খেতে পাওয়া মানুষ তাঁদের কি রকম ভাবে বাঁচান যায় এই যদি কো-অপারেটিভের মূল উদ্দেশ্য হয়ে থাকে, সেক্ষেত্রে ওঁরা কি করেছে ? গরীব, দুর্দশাগ্রস্ত মানুষ ক্ষেতমজুর, ভাগচাষী এঁদের ঋণ না দিয়ে বিত্তবানদের টাকা দিয়েছে, দিয়ে এই সমবায় ঋণের সর্বনাশ করেছে। এখানেই আমাদের সঙ্গে ওদের দৃষ্টিভঙ্গীর তফাৎ হবে। কাজেই সুব্রতবাবু যতই রাগারাগি করুন আমাদের বলার কিছু নেই। যারা বড় বড় জোতদার, পুঁজিপতি ওরা তাদের স্বার্থে কুক্ষিগত করে রাখতে চাইবেন এই সমবায়কে কিন্তু আমরা দেখবো সমাজের নীচের তলার মানুষ, সমাজের উইকার সেকশন অফ দি সোসাইটি এবং সত্যিকারের দুর্বল শ্রেণীর মানুষ যাঁরা তাঁদের কি করে সমবায়ের মধ্যে নিয়ে আসতে পারি। সেই নিয়ে আসবার সময় ওরা এতদিন ধরে মানুষের সুবিধা হবার মত কোন একটি নাকি এই বিলের মধ্যে দেখতে পেলেন না! আমি অবাক হয়ে গেছি ওঁরা এর মধ্যে সেইরকম একটিও লাইন দেখতে পেলেন না বলে।

[4-25—4-35 P.M.]

আর একজন মন্ত্রী যিনি ১৯৭২ সালের নির্বাচনী ব্যাণ্ড মার্কা মহারথী ভরদ্বাজ কুল চূড়ামনি ভাই সুব্রত বিলটাকে এমনভাবে অপারেসান করেছেন এই বিষয়ে ওনাকে সারজেন্ট জেনারেল না বলে পারা যায় না। তিনি এই বিধানসভায় এসে এই বিলটার একেবারে নস্যাৎ করেছেন। এই বিলের নোট অফ ডিসেন্ট কিছু জায়গায় দিয়েছেন। কিন্তু তিনি বিলটার আগাগোড়া বিরোধীতা করে গেলেন। তাঁর বিরোধীতা করা দেখে মনে হচ্ছে তিনি বিলের সমস্ত জায়গায় নোট অফ ডিসেন্ট দিয়েছেন। তিনি তো প্রায় এই সিলেকট ২৮ বার না ৩০ বার বসেছেন। কিন্তু তিনি এই বিলের সমস্ত জায়গায় নস্যাৎ করে দিয়েছেন। আমাদের এটা মনে রাখতে হবে দরিদ্র মানুষকে উন্নতির পথে নিয়ে যাবার জন্যই এই বিল। রবীন্দ্রনাথ বলেছিলেন যে ভারতবর্ষের মানুষের উন্নতি করতে হলে, ভারতবর্ষের মানুষকে যদি এগিয়ে নিয়ে যেতে হয় তাহলে সমস্ত মানুষকে সমবায়ের মধ্যে নিয়ে আসতে হবে। মানুষকে সমবায়ের মধ্যে আনবার জন্য যে পদক্ষেপ এই বিলের মধ্যে নেওয়া হয়েছে সেটাকে প্রশংসা না করে থাকা যায় না। এই সমস্ত ব্যাপার এতো দিন ধরে পড়েছিল, কিন্তু এই সুব্রত ভাইরা তার কিছু করেন নি। ওরা কেবল বিরোধীতা করে গেলেন। বিধানসভায় বিরোধী ভূমিকায় সত্যই বিরোধীর মর্যাদা রেখেছেন। কারণ বিরোধীতা ফাষ্ট, বিরোধীতা মাষ্ট এবং বিরোধীতা লাষ্ট এটা ওঁরা মনে রেখেছেন। ওঁনাদের এইভাবে ভূষিত করা যায়। এই বামফ্রন্ট সরকার গ্রামে অর্থনৈতিক চাপ কমানোর জন্য বৃত্তশালীরা একটু ক্ষুব্ধ হয়েছে, মহাজনরা কিছুটা নিস্তেজ হয়ে গেছে এটা আমরা লক্ষ্য করেছি। আমাদের সমবায় মন্ত্রী মহাশয় নানারকম আইনের মাধ্যমে তার বিধি-বিধানগুলি সঠিক কাঠামো মধ্যে এনেছেন। এটাই হচ্ছে আমাদের লক্ষ্য। তারপর তিনি সারভিস কমিশনে রিভারসন অফ সিটস এই সমস্ত জিনিষগুলি তিনি করেছেন। তারমধ্যে সেই গুলির ব্যাখ্যা ভালভাবে দেওয়া আছে। সেই ব্যাখ্যা তাঁরা ভাল করেই জানেন।

কিন্তু সেই ব্যাপারটা তাঁরা ঠিক মতো বললেন না। আর একটা ব্যাপার হলো যে উইকার অফ সেকসান তাদের সমবায়ের মধ্যে আনতে হবে। ওঁরা বলেছেন তাদের ডিরেকটরের পদ দেওয়া যেতে পারে না ওঁরা। যেন এতে ভূত দেখছেন। ওরা বলছেন ক্যাডার ছাড়া আর কেউ হতে পারবে না। নিশ্চয়ই বেশীর ভাগ গরীব মানুষেরা তো আমাদের ক্যাডার, তারা আমাদের ভাই। তাদের জন্যই তো এই বামফ্রন্ট সরকার কাজ করবে, তাদের নিয়েই তো আমরা আন্দোলন করি। বর্তমানে সেই জিনিষই এসে দাঁড়িয়েছে। তারা আমাদের জন্য প্রাণ দিতে পারে। আমরা যে তাদের নোমিনেসান দেব এটা তাঁদের জানা উচিত। ওঁনারা এখানে এই সমস্ত জিনিষ বাদ দিয়ে নানা রকম ভাবে নানা কথা বলেছেন। আমরা ছোট চাষী, বর্গাদার এদের লোন দেবার ব্যবস্থা করেছি। ওঁনারা এটা বামফ্রন্ট সরকারের আনপ্রোডাকটিভ লোন বলেছেন। ওরা বলেছেন এই লোন নিয়ে নাকি গরীবরা কিছু করতে পারবে না, সমস্ত টাকা ওরা নষ্ট করে ফেলবে, ওরা শোধে দিতে পারবে না। তাই ওরা বলছেন বড়লোক চাষী এদের লোন দিতে। কিন্তু এই জিনিষ হতে পারে না, এই জিনিষ আমরা করতে পারি না। সেইজন্য আমরা তো এই বিল এনেছি। সেইজন্য আমি এই বিলকে সর্বতভাবে সমর্থন করছি। আর একটা কথা আমি অতীশ বাবুকে বলতে চাই।

এক সময়ের মন্ত্রী, শ্রীঅতীশ চন্দ্র সিংহ মহাশয় একেবারে চাঁচাছোলা গালভরা ভদ্রলোক। তিনি বর্তমান বিলের মধ্যে গরীব মানুষের কোন উপকার এবং গণতান্ত্রিক পদক্ষেপ দেখতে পাননি। তাঁর সম্বন্ধে বেশী কিছু বলার নেই। তবে তিনি হচ্ছেন, বিবেকহীন বিবেকানন্দ—তাঁর বিবেক বলে কোন জিনিস্ নেই। চেয়ারম্যান স্যার, আমাকে দয়া করে আরও ২ মিনিট সময় দিন। আমাদের ওপাশে মাননীয় দেবব্রতবাবু একদিন আমাদের সঙ্গে ছিলেন, এখন, তিনি কূলত্যাগ করেছেন। একদিন তিনি বামপন্থী ছিলেন। দেবপ্রসাদ ভাই বলেছেন, এই বিলের মধ্যে নাকি স্বৈরাচারকে প্রশ্রয় দেওয়া হয়েছে। তাঁকে বলতে হচ্ছে, একটু সমঝে বলবেন, এখন সবকিছু ভেবেচিন্তে বলা দরকার। উনি এর মধ্যে স্বৈরাচারের কি দেখলেন? তিনি আমার ছোট ভাই, অনেকদিন আমাদের সঙ্গে ছিলেন, কাজকর্মও একসঙ্গে করেছেন। ভুলত্রুটি হয়ত তাঁর হতে পারে, কিন্তু একজন প্রবীণ সদস্য হয়ে এই কথা বলার জন্য আমাকে এতবড় কথা বলতে হল, এতে আমার লজ্জায় মাথা হেঁট হয়ে যাচ্ছে। আমাদের মাননীয় সমবায় মন্ত্রীমহাশয়কে বলতে চাই, এখানে বিল আপনি এনেছেন ভালকথা। কিন্তু দেখবেন, সমবায় দপ্তরটা যেন মায়ে খেদানো হয়ে না থাকে। কর্মীরা না পায় মাইনে ঠিকমত, না আছে তাদের ভবিষ্যৎ, না আছে চাকুরীর কোন স্থিরতা। তাদের পেটে দুটো খাবার ব্যবস্থারও ঠিক নেই। সরকারী কর্মচারীদের অনেক কিছু বেড়েছে, কিন্তু কাজের কাজ তাদের দিয়ে কিছু হয় না। আমি মনে করি সমবায়কে যদি সত্যিকারের লক্ষ্যে এগিয়ে নিয়ে যেতে হয়, গরীব মানুষকে যদি এর মধ্যে নিয়োজিত করতে হয়, তাহলে মন্ত্রি-মহাশয়ের উচিত হবে সমবায় কর্মচারীদের জন্য কিছু করা। তাঁর উচিত হবে, তারা যেন পেটে দুমুঠো খেতে পায়, তারা যেন না খেতে পেয়ে কষ্টের মধ্যে থাকে, তারদিকে লক্ষ্য দেওয়া। রাম-

পুরহাট থানার নারানপুর এস. টি. এস.-এর একজন সদস্য পঞ্চানন পাল সমিতি থেকে ১ হাজার টাকা ঋণ নিয়ে যথারীতি শোধ দিয়েছে, তার কাছে রসিদও আছে। কিন্তু সেখানকার কো-অপারেটিভের কর্তৃপক্ষ ঐসব রসিদপত্র মানেন না। তাঁরা বলছেন, তোমার গরু-বাছুর নিয়ে যাব। মন্ত্রিমহাশয়কে অনুরোধ, তিনি যেন বিষয়টির প্রতি বিবেচনা করেন। সমবায়ের মধ্যে মৎস্যজীবীদের একটা সেকসান আছে, তারা কোথাও ঋণ নিতে পারে না। ঐ সম্প্রদায়ের মধ্যে ঋণ দেওয়ার ব্যবস্থা করে গ্রামের হাজার হাজার মৎস্যজীবীকে মৎস্য চাষের জন্য তিনি উৎসাহিত করেন, এই অনুরোধ তাঁর কাছে রাখলাম। কারণ সমবায় হচ্ছে গরীবের হাতিয়ার। এটাই সত্যিকারের মুক্ত আন্দোলনের রেড রোড বলে আমি ঘোষণা করছি। এই কথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনার মাধ্যমে সমবায় মন্ত্রী যে বিল এখানে এনেছেন, তাকে বিরোধীতা করে আমি আমার বক্তব্য রাখছি। কারণ, বামফ্রন্ট সরকার যখনই একটার পর একটা দাবী আনছেন তারমধ্যে একটা ভাব দেখা যাচ্ছে, সেটা হচ্ছে, সবই উবে যাচ্ছে, উড়ে যাচ্ছে। শিক্ষাব্যবস্থার ব্যাপারে দেখুন।

[4-35—4-45 P. M.]

শিক্ষাব্যবস্থাকে আপনারা টেকওভার করেছেন। সেখানে নির্বাচিত প্রতিনিধি যারা এসেছেন তাদের বাদ দিয়ে নমিনেটেড সিস্টেম করেছেন। গারজেন ক্যাটাগরির কয়েকজনকে নির্বাচিত প্রতিনিধি রেখে গণতন্ত্রকে হত্যা করা হয়েছে। ক্যাণ্ডিডেট নমিনেটেড পারসেন্স হয়ে কমিটি করে। এরফলে আজকে শিক্ষা ব্যবস্থাকে আপনারা কোনদিকে নিয়ে যাচ্ছেন। সেটা মাননীয় সদস্যরা সকলেই জানেন। সমবায় আন্দোলনের উপর যে বিল এনেছেন তাকে আমরা সমর্থন করতাম যদি নির্মলবাবু গ্রামে যেতেন এবং গিয়ে দেখতেন কি অবস্থা—তারপরে বিলটি আনলে তাকে সমর্থন করা যেত। গ্রামে-গঞ্জে সাধারণ মানুষের মধ্যে অর্থনৈতিক কাঠামোর পরিবর্তন করাই যদি মূল উদ্দেশ্য হয় তবে তা সম্পূর্ণরূপে বর্জিত হয়েছে। এবং আগামীদিনে গ্রামে-গঞ্জে এক ভয়ংকর অবস্থা আপনারা দেখতে পাবেন। এগ্রিকালচারাল লোনের ক্ষেত্রে গত ৫।৬ বছর ধরে কো-অপারেটিভের যে আইন ছিল তাতে যতটুকু সুরাহা হোত এই বিলে সেই সুবিধা দেখতে পাচ্ছি না। তার কারণ এই বিলটি একটি রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে তৈরী করা হয়েছে। সেইজন্য যারা এই রাজনীতির সমর্থনে আছেন তারাই কেবল এই সুযোগের অধিকারী হবেন। যারা এই বিলকে সমর্থন করবেন না তারা এর সুযোগ থেকে বঞ্চিত হবেন। এই বিলটি রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে তৈরী হয়েছে, যে সমস্ত আইন-কানুন এবং বিল সংশোধন হচ্ছে তাতে সাধারণ মানুষ বঞ্চিত হবে। আপনারা জানেন যে শিক্ষা ব্যবস্থার মধ্যে পঞ্চায়েত ঢুকিয়ে দেওয়া হয়েছে। আগামীদিনে পঞ্চায়েত থেকে একজন করে গ্রাম-পঞ্চায়েতের মেম্বার করা হবে। এই

গ্রামপঞ্চায়েতের সদস্য সমবায়ের একজন সদস্য থাকেন। সুতরাং সাধারণ স্তরের মানুষের এই সমবায়ের মধ্যে কোন অস্তিত্ব থাকবে না। গ্রামপঞ্চায়েত সেখানে মানুষদের ঠকিয়েছে। গ্রাম-পঞ্চায়তে যেহেতু দলের লোক রয়েছে—যেমন ১৯৭৭-৭৮ সালে দেখা গেছে যেসব গ্রামের মানুষ গ্রামপঞ্চায়েতের মধ্যে ছিল সেই সদস্যদের ঠকানো হয়েছে। সমবায় কার্যকলাপের মূল উদ্দেশ্য থেকে সাধারণ মানুষকে বঞ্চিত করার ব্যবস্থা করেছেন। সেখানে গ্রামপঞ্চায়েতের ইনক্লুশান যা হয়েছিল আর গ্রামপঞ্চায়েতের যে নির্বাচন হচ্ছে তাতে এমপ্লয়িজদের একজন করে ইলেকটেড করা হবে। বোর্ড অফ ডাইরেক্টরস্ একজন আর যারা এই স্টেট গভর্ণমেন্টের নমিনি একজন এইরকম নমিনেটেড সিসটেমের ভোটে নির্বাচিত হয়ে আসছেন। সাধারণ মানুষের কোনকথা এইখানে খাটে না। মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি জানেন যে বিভিন্ন কো-অপরেটিভগুলি আজকে বামফ্রন্টের আমলে সম্পূর্ণ মৃতপ্রায় অবস্থায় পড়ে আছে। আগে মাননীয় সদস্য বললেন গ্রামবাংলায় যে সমস্ত মৎস সোসাইটি আছে তারা আগে মহাজনদের কাছ থেকে ঋণ নিত। এখন তারা রেজিসটার্ড সোসাইটির কাছ থেকে ঋণ পায়। কিন্তু উত্তর ২৪ পরগণায় ঘুরে সোসাইটিগুলির কাছে খোঁজ নিয়ে দেখেছি কোন কো-অপরেটিভ সোসাইটি থেকে গ্রামের লোকেরা সাহায্য পায় না। কারণ এই সোসাইটিগুলি রাজ্য সরকারের কাছ থেকে কোন সুযোগসুবিধা পায় না। এইভাবে গ্রামের সুদখোরের কাছ থেকে চড়া সুদে টাকা নিয়ে সোসাইটিগুলি চলছে। যাতে সোসাইটিগুলি সুষ্ঠভাবে পরিচালিত হয় তার চেষ্টা করবেন। উত্তর ২৪ পরগণায় সোসাইটি-গুলিতে ইলেকটেড বডি যেগুলি আছে সেগুলি নস্যাৎ করে দিয়ে সেখানে পার্টির দলবাজি চলছে।

এই সমস্ত দিকে লক্ষ্য রেখে যদি বিল সমর্থন করতেন তাহলে ভালো হোত। যে সব ছোট সোসাইটি ন্যায্য অধিকার থেকে বঞ্চিত হচ্ছে তারাও সমর্থন করত। সিলেক্ট কমিটির যাঁরা সদস্য তাঁদের সঙ্গে আলোচনা করে যদি সংশোধন করেন তাহলে নিশ্চয়ই আমরা সমর্থন করবো, না হলে বিরোধীতা করে শেষ করছি।

**শ্রীগণেশ মণ্ডল ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে সমর্থন করে ২/১টি কথা বললো। পশ্চিমবঙ্গে সমবায় আন্দোলন কংগ্রেস আমল থেকে পিছিয়ে আছে। কংগ্রেস আমলে সমবায় আন্দোলন যেভাবে চলতো তাতে মুষ্টিমেয় কিছু বিত্তশালী লোক এর দ্বারা উপকৃত হোত। অর্থাৎ আপামর জনসাধারণ কিছুই পেতো না। সুতরাং আজকে সমবায়কে যদি জনসাধারণের উপযোগী করে তুলতে হয় তাহলে আইনের সংশোধন করার দরকার আছে। অবশ্য শুধু আইন দিয়ে সমস্যার সমাধান হবেনা, যদি না সমবায় আন্দোলন সম্পর্কে সাধারণ লোকের একটা ধারণা বা তাদের এতে অংশ গ্রহণের সুযোগ না থাকে। সেজন্য এখানে নূতন কতকগুলি দিক তুলে ধরা হয়েছে যার মধ্যে দিয়ে সমবায় আন্দোলন পরিচালিত হবে। ওরা বললেন এই বিল পাশ হলে গণতন্ত্র ধ্বংস হবে, সমবায় আন্দোলন মার খাবে। একটা সরকারী আইন দিয়ে

সমস্যার সমাধান করা যায় না। সেজন্য রাষ্ট্রীয়, অর্থনৈতিক ও সামাজিক কাঠামোর মধ্যে দিয়ে আইনকে যতখানি জনসাধারণের কাজে লাগান যায় সে ব্যবস্থা করতে হবে। সমবায়ের দুর্নীতি সম্পর্কে নানা কথা শুনছি, কিন্তু একটি কথা হল—তুমি মহারাজ, সাধু হলে আজ। ১৯৬৭ সালে যে কমিশন তৈরী হয়েছিল তার একটা রিপোর্ট আমার কাছে আছে। সেই রিপোর্টে এন. সি. রায় বলেছেন সমবায়ের প্রকৃতি কি রকম ছিল না—In regard to this the Commission suggest that to maintain the real character of a cooperative society, certain restrictions should be imposed on the transfer of shares. At the time of allotment politicians, traders, Government officials, industrialists and even Sannyasis came up with prayers for allotment of looms so that they would get an opportunity to serve the interests of the down-trodden people though in reality they want to serve themselves. When the Government did not indicate the types of persons or societies who should be given looms, the Selection Committee made liberal use of their power and allotted looms to relations of Minister, M.L.A.S, M.L.C.S, High Officials, big traders, etc. In disregard of the better claim of persons for whom perhaps the Government of India had allotted the looms.

[4-45—4-55 P.M.]

সুতরাং আমরা দেখতে পাচ্ছি সেই সময়ে এই কো-অপারেটিভ নিয়ে কি ধরণের দুর্নীতি হত এবং সেখানে যে শ্রেণীর স্বার্থ রক্ষা করার কথা বলেছেন সেই শ্রেণীর স্বার্থ রক্ষা করা হত না। অপরদিকে বিভিন্ন সমবায় সমিতির সঙ্গে যারা জড়িত ছিলেন সেই সমবায় সমিতিগুলিতে কি ধরণের দুর্নীতি ছিল এখানে কিছু কিছু নাম দেওয়া আছে, নিশ্চয়ই আপনারা এঁদের জানাবেন—শ্রীমতী মায়া ব্যানার্জী, কাকদ্বীপ, শ্রীবিশ্বনাথ গাঙ্গুলী, ডোমজুড়, শ্রীদুর্গা সিং, জিয়াগঞ্জ, ইত্যাদি। এখানে আমরা দেখতে পাচ্ছি এই সমবায়কে কাদের স্বার্থে পরিচালনা করা হত। আজকে তারাই আবার এই সমবায় সমিতির দুর্নীতি সম্পর্কে অভিযোগ তুলেছেন, এটা ভাগ্যের নির্মম পরিহাস ছাড়া আর কিছু নয়। যে আইনটা এসেছে এই আইন সম্পর্কে কিছু বক্তব্য আছে। এই আইনে ডিরেক্টর বোর্ডে বিভিন্ন শ্রেণী বিশেষ করে অর্থনৈতিক, সামাজিক এবং শিক্ষাগত দিক দিয়ে যারা অনগ্রসর তাদের রাখার প্রভিসান আছে ঠিকই কিন্তু সাধারণ সদস্যদের ক্ষেত্রে একথা বলা হয়নি যে লেবার সোসাইটি হোক, এগ্রিকালচার সোসাইটি হোক, মৎস্যজীবীদের সোসাইটি হোক, যে কোন সোসাইটি হোক সেই শ্রেণীর ন্যূনতম কতজন লোককে থাকতে হবে। সুতরাং এই যে ফাঁক চলছে এই ফাঁককে বন্ধ করা দরকার। অন্ততঃ বিভিন্ন ক্যাটিগোরির শতকরা ৫০ ভাগ সাধারণ সদস্য যাতে রাখা যায় তার আমি প্রস্তাব করছি। কারণ, আমরা দেখেছি গ্রামাঞ্চলে যে প্রাইমারী

কো-অপারেটিভ সোসাইটি আছে সেখানে কৃষি ঋণ দেওয়া হয় ঠিকই কিন্তু সেই কৃষি ঋণের সিংহ ভাগ প্রায় গ্রামের বড়লোক এবং তারা সেই টাকা পরিশোধও করে না। তারা ব্যাঙ্কের কাছ থেকে কম সুদে টাকা নিয়ে বেশী সুদে সেই টাকা খাটায়। আবার কৃষির নাম করে গ্রামে যেসব বড় বড় ব্যবসায়ী আছে, শিক্ষক আছে, অন্যান্য কর্মচারী আছে তারা এই ঋণ নিয়ে বেশী সুদে গরীব মানুষের কাছে খাটায় যার ফলে গ্রামের গরীব মানুষের কাছে এই টাকার সুযোগ-সুবিধা কম পৌছায়। সেজন্য সাধারণ সদস্যদের ক্ষেত্রে এই রকম একটা বাইনডিংস থাকলে নিশ্চয়ই এতে সুফল পাওয়া যাবে। লেবার কণ্ট্রাকটর্স সোসাইটিতে দেখেছি এমন কয়েকজন ডাইরেক্টর বা সেক্রেটারী হল যাদের সঙ্গে লেবারদের কোন সম্পর্ক নেই বা জেলেদের যে সমিতি আছে সেই সমিতির ডাইরেক্টরের সঙ্গে জাল বা মাছের কেন সম্পর্ক নেই। আমি ব্যক্তিগতভাবে জানি আমার নির্বাচনী এলাকা গোসাবায় একটা মৎস্যজীবী সোসাইটি আছে, সেখানে কোন মৎস্যজীবী তার সদস্য নয়, অথচ সেখানে একটা মৎস্যজীবী সমিতি আছে। এই রকম তন্তুবায় যে সমিতি আছে তার সঙ্গে তাঁতিদের কোন সম্পর্ক নেই। এতদিন যাঁরা সমাজের প্রভাবশালী লোক তাঁরাই সমবায়ের উপর কর্তৃত্ব করে এসেছেন। সুখের বিষয় এই বামফ্রন্ট সরকার আসার পর আমরা গ্রামে দেখছি গরীব মানুষরা সমবায়ের সঙ্গে যুক্ত হচ্ছে, এই সমবায় আন্দোলনের মাধ্যমে তাদের অর্থ-নৈতিক কাঠামো যাতে জিইয়ে রাখা যায় তার চেষ্টা করা হচ্ছে। আজকে পশ্চিমবঙ্গের গ্রাম বাংলায় একদিকে খরা আর একদিকে বণ্যায় সেখানকার অর্থনীতি ধ্বংসের পথে। অন্যদিকে আমরা দেখতে পাচ্ছি সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্য যখন খরায় জ্বলছে সেই সময়ে দিল্লীতে এশিয়াডের নাম করে, সামিট কন্‌ফারেন্সের নাম করে ৮০০ কোটি টাকা খরচ করে একটা বিরাট ব্যয়-বহুল ব্যবস্থা করেছেন। অথচ ভারতবর্ষের কোটি কোটি মানুষ যে অভুক্ত থাকছেন সেদিকে তাঁরা লক্ষ্য করছেন না। আজকে গ্রামে মহাজনী শোষণের হাত থেকে এদের রক্ষা করার একমাত্র হাতিয়ার হচ্ছে সমবায় আন্দোলন।

গ্রামের গরীব মানুষরা মহাজনদের শোষণের হাত থেকে রক্ষা পাবার জন্য এই সমিতিতে আশ্রয় নেবে এটা হল মূল কথা, কিন্তু কার্যতঃ দেখছি মহাজনরা সেখানে খুঁটি গেড়ে বসে আছে, গরীব মানুষ কোন সুযোগ পাচ্ছেনা। টাকা বিলির ব্যাপারে আমরা গ্রামে দেখছি দুর্নীতি চলছে। যে সমস্ত গ্রামে স্পেশ্যাল কমপোনেণ্ট প্ল্যান, এগ্রিকালচারাল কো-অপারেটিভ সোসাইটি আছে সেখানে বামফ্রণ্টের লোক ব্যাপক হারে নেই, সেখানে রয়েছে কংগ্রেস (ই)-র লোক। পাঠানখালি, পুঁইজলিতে যে ঘটনা ঘটেছে তাতে দেখছি স্পেশ্যাল কম্পোনেণ্ট প্ল্যানের টাকা নিয়ে ন্যায্য প্রাপককে দেয়নি এবং সেই টাকা নিয়ে দুর্নীতি করেছে। এবারে আমি ভোটাধিকার সম্বন্ধে কিছু বলব। কর্মচারীদের তরফ থেকে যিনি আসবেন তাঁকে ভোটিং পাওয়ার দেননি, পঞ্চায়েত সমিতির যে প্রতিনিধি আসবেন তাঁকেও ভোটাধিকার দেননি। এটা কেন করা হয়েছে আমি বুঝতে পারছি না। আমি অনুরোধ করছি এই ব্যাপারটা আপনি আর একবার বিচার বিবেচনা করে দেখুন। একথা বলে বিল সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রীঅবনী ভূষণ সতপথী ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে যে সমবায় বিল উপস্থাপিত করা হয়েছে তাকে সমর্থন করে কয়েকটি কথা বলব। এই বিল নিয়ে গতকাল এবং আজকে যে আলোচনা হচ্ছে আমি তা মন দিয়ে শুনেছি। বিরোধীপক্ষের বন্ধুরা কয়েকটি প্রশ্ন তুলেছেন এবং তার মধ্যে একটা হল বামফ্রন্ট সরকার সমবায় আন্দোলনকে গতিহীন করবার চেষ্টা করছেন। আমরা পশ্চিমবাংলার মানুষ যাঁরা এই সমবায় আন্দোলনের সংগে যুক্ত আছি এবং গ্রাম বাংলার কৃষক, ক্ষেতমজুর, বর্গাদারদের আন্দোলনের সঙ্গে যুক্ত আছি আমরা সকলেই এর পূর্ব ইতিহাস জানি যে সমবায়কে কিভাবে ব্যবহার করা হোত এবং কার স্বার্থ এরা সিদ্ধ করত। গ্রামাঞ্চলে যে সমস্ত সমবায় সমিতি আছে সেগুলোকে প্রধানতঃ গ্রামাঞ্চলের কায়েমস্বার্থের লোকেরাই কব্জা করে রেখেছে। ১৯৭৩ সালের আইনের মধ্যে মধ্যে যদি গতিশীলতা থাকত তাহলে বামফ্রন্ট সরকারকে আজ এই বিল উপস্থিত করতে হোতনা। বামফ্রন্ট সরকার উপলব্ধি করেছেন সমবায় আন্দোলনে গ্রামাঞ্চলে সংখ্যাগরিষ্ঠ মানুষের প্রতিনিধিত্ব নেই। আমাদের বক্তব্য হচ্ছে সাধারণ মানুষের মধ্যে সমবায়ের চেতনা জাগিয়ে তুলতে হবে, সমবায়ে জমিদার জোতদারদের স্বার্থের দরজা খোলা না রেখে সেটা মানুষদের জন্য খোলা রাখতে হবে। বিরোধী দলের পক্ষ থেকে বলা হয়েছে সমবায়ে গতিশীলতা নাকি বন্ধ করে দেওয়া হচ্ছে। আমার বক্তব্য হচ্ছে, এই বিল এনে বামফ্রন্ট সরকার তাকে আরও গতিশীল করছেন।

[4-55—5-05 P. M. ]

দ্বিতীয় কথা হল, ওরা রাজনৈতিক প্রশ্ন, স্বজন-পোষণ ইত্যাদি প্রশ্ন তুলেছেন। দীর্ঘদিনের অভ্যাস হয়ে দাঁড়িয়েছে ওদের। সমবায় সমিতিগুলিতে কি ঘটনা ঘটেছে বা অতীতে যে সমস্ত ঘটনা ঘটেছে তার একটা ধারা বাহিক ইতিহাস মাননীয় সমবায় মন্ত্রী যদি এখানে উপস্থিত করতে পারতেন বা ভবিষ্যতে যদি উপস্থিত করেন তাহলে সভার সমস্ত সদস্যদের পক্ষে জানা সুবিধা হবে যে সমবায় আন্দোলনকে কারা কুক্ষীগত করে রেখেছিলেন। সমবায় আন্দোলনকে তারা কুক্ষীগত করে দীর্ঘদিন ধরে গ্রামাঞ্চলে শোষণ ব্যবস্থা কায়েম করে রেখেছিলেন এবং নিজেদের পক্ষে ভোট ঘোরানোর একটা যন্ত্র হিসাবে একে ব্যবহার করতেন। এইভাবে তারা মহাজনী শোষন অব্যাহত রাখার জন্য ব্যবস্থা গ্রহন করতেন এতে কিছুটা তারা সক্ষমও হয়েছিলেন। আজকে পশ্চিমবাংলার মানুষ নিজেদের অভিজ্ঞতার ভিত্তিতে তাদের ক্ষমতা থেকে অপসারিত করেছেন। গ্রামের গরীব মানুষ, বর্গাদার, কৃষক, ক্ষেত মজুর এরা সব সমবায় আন্দোলনে এগিয়ে আসার চেষ্টা করছেন। এতে যে বাধাগুলি এতদিন ছিল সেগুলি অপসারিত করার চেষ্টা যখন হচ্ছে, ঠিক সেই সময়ই তখন ওরা বলতে শুরু করেছেন এটাকে গতিহীন করে দেওয়া হচ্ছে। এর মধ্যে নাকি রাজনৈতিক অনুপ্রবেশ ঘটনো হচ্ছে। এই শ্রেণীবিভক্ত সমাজব্যবস্থার মধ্যে দাঁড়িয়ে যদি কেউ বলেন, আমরা রাজনীতি করছি না, তাহলে তিনি অসত্য কথা কলছেন, এটা বুঝতে হবে। রাজনীতির প্রশ্ন নিশ্চয় আছে। সেই রাজনীতির কথা বাদ দেওয়া যায় না। এখানে ওরা বুর্জোয়া জমিদার, জোত-

দারদের পক্ষে ওকালতি করার জন্যই রাজনীতির প্রশ্ন তুলছেন। বুর্জোয়া জমিদার জোতদারদের স্বার্থে ওরা সারা দেশের অগ্রগতিকে স্তব্ধ করে দিতে চান, লক্ষ লক্ষ মানুষের অগ্রগতিকে স্তব্ধ করে দিতে চান। তারা সমবায় আন্দোলনের অগ্রগতি চান না। তারা অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করতে পারেন। কিন্তু পশ্চিমবাংলায় সমবায় আন্দোলনের অগ্রগতিকে তারা স্তব্ধ করে দিয়েছেন। কোর্টে যাবার প্রশ্ন তুলেছেন। এখানে ওদের অনেক উকিল সদস্য আছেন। আদালতের প্রশ্নটা কেন তুলেছেন সেটা আমরা বুঝতে পারছি না। বামফ্রণ্ট সরকার পরিষ্কার বুঝতে পেরেছেন গ্রামাঞ্চলে যারা কৃষক, ক্ষেতমজুর, বর্গা আন্দোলন করেন তারা তাদের অভিজ্ঞতায় বুঝতে পেরেছেন যে কোন একটি সামান্য বিষয়ে যখনই আন্দোলন করতে গেছেন তখনই এসব জমিদারদের পক্ষে কলকাতায় এসে কোর্টে দরখাস্ত পেশ করেছেন। সংগে সংগে হাইকোর্ট থেকে ইনজাংসান দেওয়া হয়েছে, স্থগিতাদেশ দেওয়া হয়েছে। হাইকোর্টের স্থগিতাদেশ যাবার ফলে নিজেদের মধ্যে কুক্ষিগত করে রেখেছেন হাজার হাজার টাকা আত্মসাতের নজীরও আমাদের কাছে আছে। আমরা অভিজ্ঞতায় দেখেছি টাকা শোধ করতে পারছে না, অমনি হাইকোর্ট করেছে। এখানে সেটা বন্ধ করা হয়েছে। এই সমবায় আন্দোলন গ্রামাঞ্চলে একটা নতুন প্রানস্পন্দন সৃষ্টি করেছে। ঠিক সেই সময় ওরা বলছেন আদালতে যাবার অধিকার দেওয়া হচ্ছে না, মৌলিক অধিকার খর্ব করা হচ্ছে। এখানে ওরা হাততালি, বাহবা পেতে পারেন, কিন্তু গ্রামাঞ্চলের মেহনতী মানুষ, সাধারণ মানুষের কাছে এই কথা বললে তারা পরিহাস করবে। কারণ জীবনের অভিজ্ঞতায় তারা জানেন যে এই কো-অপারেটিভের সেক্রেটারী কারা এবং কারা এর মাতব্বর ছিলেন। গ্রামাঞ্চলে মহাজনী ব্যবস্থার যারা নায়ক ছিলেন সেই সব জেতেদার, জমিদাররা সুপরিকল্পিত ভাবে এই কো-অপারেটিভ আন্দোলনকে নিজেদের শ্রেণীগত স্বার্থে দীর্ঘদিন ব্যবহার করে এসেছেন। গ্রামাঞ্চলের গরীব কৃষক, ক্ষেতমজুর, বর্গাদার, এরা কোনদিন সমবায় আন্দোলনের স্বাদ পাননি। আজকে বামফ্রণ্ট সরকার নতুনভাবে বর্গাদারদের স্বার্থে আইন করছেন, বর্গাদারদের অধিকার দিচ্ছেন, ব্যাংক থেকে ঋণ নেবার সুযোগ দিচ্ছেন। ক্ষেতমজুর, গরীব কৃষকদের জন্য সরকার যখন এইসব ব্যবস্থা গ্রহণ করছেন তখন ওরা এতে আতঙ্কিত হয়ে পড়ছেন। গ্রামাঞ্চলের এইসব অবহেলিত, নিপীড়িত, শোষিত, বঞ্চিত মানুষ উৎপাদনের সঙ্গে সরাসরি যুক্ত আছেন। এতদিন দাদনের জন্য জমিদার, জোতদারদের কাছে হাত পেতে বেড়াতেন তাদের কাছে অর্থের জন্য হাত পাতলেই তারা কো-অপারেটিভ থেকে বেশী টাকা নিয়ে দাদনে খাটাতেন। গ্রামাঞ্চলে এইসব জিনিস এখন বন্ধ হয়ে যাচ্ছে আমরা দেখতে পাচ্ছি। তাদের এইসব মাতব্বরি আজকে বন্ধ হয়ে যাচ্ছে। স্বাভাবিক কারণেই তাদের প্রতিনিধিরা আজ উচ্চ রবে পাগলা মেহের আলির মত চীৎকার করে বলছেন 'সব ঝুটা হ্যায়, সব ঝুটা হ্যায়'। যখনই কোন প্রগতিশীল পদক্ষেপ গ্রহণ করা হয় তখনই তারা বলতে থাকেন ভুল করা হচ্ছে।

মাননীয় চেয়ারম্যান স্যার, ওঁরা আরও কয়েকটি বিষয়ে আপত্তি তুলেছেন। ১৪০টা ক্লজের মধ্যে কংগ্রেস, এস. ইউ. সি. মিলিয়ে ২৬টিতে সংশোধনী দিয়েছেন। এখানে দেখছি সুব্রতবাবুরা

আপত্তি জানিয়েছেন রেজিষ্ট্রেশান কাউন্সিলের ব্যাপারে। স্যার, আমরা যারা গ্রামাঞ্চলের প্রতিনিধিত্ব করি আমরা জানি, সমবায় সমিতিগুলি রেজিষ্ট্রিভুক্ত হচ্ছে না। সেটা কেন হচ্ছে না বা কোন জায়গায় আটকে যাচ্ছে তা উপলব্ধি করেই রেজিষ্ট্রেশান কাউন্সিল করা হয়েছে। রেজিষ্ট্রেশান কাউন্সিলের মাধ্যমে আমলাতন্ত্রকে প্রশ্রয় দেওয়া হয়নি, সেখানে একটা পদ্ধতির মধ্যে থাকার জন্য এই ব্যবস্থা করা হয়েছে। কো-অপারেটিভ সোসাইটিগুলি রেজিষ্ট্রেশান যে কারণে পায় না সেই কারণগুলি দূর করার জন্যই এই রেজিষ্ট্রেশান কাউন্সিল করা হয়েছে। এতদিন ধরে ওরা অনেক প্রতিষ্ঠানে কাউন্সিল করেছেন অথচ এখানে তারা আপত্তি করেছেন। কো-অপারেটিভের ক্ষেত্রে এটা নতুন। কো-অপারেটিভ আন্দোলনকে আরো সহজ ও সাবলীল করার একটা পদক্ষেপ হিসাবে আমরা এটাকে গ্রহণ করেছি এবং সেইজন্য এটা করেছি। এরপর স্যার, আরো একটা কথা বলব। তন্তুজ নিয়ে এখানে কয়েকদিন ধরে দেখলাম খুব হৈ চৈ করা হ'ল। স্যার, আমরা যারা গ্রামাঞ্চলের প্রতিনিধিত্ব করি আমরা জানি, জয়নাল সাহেবদের আমলে ওঁরা কি সব কাজ করে গিয়েছিলেন। স্যার, মেদিনীপুর জেলাতে অনেক কো-অপারেটিভ আছে, আমি সবগুলির কথা না বলে তার দু-একটির কথা বলব। ঝাড়গ্রামে ওরা একটা পাওয়ারলুম করেছিলেন, সেখানে সমস্ত তন্তুবায়কে ওঁরা ডেকে বললেন, তোমরা তোমাদের তাঁত বন্ধ করো, তোমাদের জন্য সমবায় সমিতি গঠন করা হচ্ছে, তোমরা পাওয়ারলুমে কাপড় তৈরী করো, সেই কাপড় বাজারে বিক্রি হবে এবং তাতে তোমাদের জীবন জীবিকার মান উন্নত হবে। কিছুদিন বাদে দেখলাম কোন এক ঝনঝনিয়ার সঙ্গে গোপন চুক্তি করে সেই পাওয়ারলুম বন্ধ করে দেওয়া হ'ল। সেখানে সমবায় সমিতিতে যে সমস্ত তন্তুবায়দের অন্তর্ভুক্ত করা হয়েছিল তারা তাদের উৎপন্ন কাপড়ের দাম পেল না। আজও সেই পাওয়ারলুম নিষ্ক্রিয় অবস্থায় পড়ে আছে এবং অনেক টাকা সেখানে তছরুপ করা হয়েছে। স্যার, কংগ্রেসীরা মানুষকে বিভ্রান্ত করার জন্য এবং মানুষ যাতে এই সমবায়ের মধ্যে না আসেন তারজন্যই এইসব ব্যবস্থা করেছেন। বামফ্রন্ট সরকার তাদের বিগত ৫ বছরের অভিজ্ঞতা দিয়ে বুঝেছেন সমবায় আন্দোলনের মাধ্যমে সমাজের নীচুতলার লোক—সে কৃষিজীবী, মৎস্যজীবী বা তন্তুজীবী যাই হোক না কেন তাদের যদি সেই জায়গায় সংগঠিত করা না যায় এবং এইভাবে যদি তাদের অর্থনৈতিক অবস্থার পরিবর্তন করা না যায় তাহলে তাদের বদ্ধজলা থেকে মুক্ত করা যাবে না। সেই সমস্ত শোষিত, নিপীড়িত মানুষ, যারা স্বাধীনতার ৩৩ বছর পরে সমবায় আন্দোলনের স্বাদ পায়নি তারা যখন সেটা পেতে যাচ্ছেন তখন দেখছি ঐ কংগ্রেসীরা চিৎকার করছেন। স্যার, পরিশেষে আমি বলতে চাই, এই বিল সম্পর্কে বিরোধীপক্ষ যেসব অভিযোগ এনেছেন সেগুলি রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। স্যার, আমরা জানি সমবায় আন্দোলন সম্পর্কে ওঁদের দৃষ্টিভঙ্গীর কথা। এরা জোতদার, জমিদার, একচেটিয়া পুঁজিপতিদের স্বার্থ রক্ষা করে চলেন। এরা যতই বলুন টাটা বিড়লার বিরুদ্ধে কো-অপারেটিভ আন্দোলনকে চালু রাখতে হবে কিন্তু তবুও আমি বলব ভারতবর্ষের কোথাও দেখা যায় নি একচেটিয়া পুঁজিপতি তাদের শক্তি বৃদ্ধি করছে আবার কো-অপারেটিভ আন্দোলনও

শক্তিশালী হচ্ছে। এইকথা বলে ওদের সংশোধনীর বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-05—5-15 P. M.]

**শ্রীপ্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, সমবায় দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী অধ্যাপক নির্মল বসু মহাশয় সমবায় আন্দোলনকে এগিয়ে নেবার জন্য এবং পশ্চিমবাংলায় সমবায়ের মাধ্যমে অর্থ নৈতিক বিবর্তনের ক্ষেত্রে একটা উল্লেখযোগ্য পরিবর্তন যাতে আসে সেই দৃষ্টিভঙ্গী নিয়ে যে বিল এই সভায় উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। বিরোধীপক্ষের প্রধান বক্তা সুব্রতবাবু আজকে যে সমস্ত কথা এখানে উত্থাপিত করেছেন সেই সমস্ত কথাই তিনি সিলেক্ট কমিটির স্তরে এনেছিলেন। সিলেক্ট কমিটির একজন সদস্য হিসেবে আমি বলতে চাই যে, সিলেক্ট কমিটিতে অত্যন্ত ভালভাবে আলোচনা করে সমবায় আন্দোলনে যাতে একটা জোয়ার আনা যায় সেটা নিয়ে আলোচনা করা হয়েছে এবং বিরোধীপক্ষের এ্যামেণ্ডমেণ্ট যতটা গ্রহণ করা সম্ভব সেটা গ্রহণ করা হয়েছে। আজকে এই সমবায় বিলে রেজিস্ট্রেশন কাউন্সিল নিয়ে আপত্তি করা হয়েছে। এবিষয় নিয়ে পুংখানুপুংখরূপে আলোচনা করা হয়েছে। আমরা জানি একটা কো-অপারেটিভ সোসাইটি রেজিজিস্ট্রেশন করতে গেলে কি অসুবিধার সম্মুখীন হতে হয়। এর সংখ্যা কম হতে পারে, কিন্তু রেজিষ্ট্রেসন পাওয়ার ক্ষেত্রে যে সমস্ত অসুবিধা দেখা দেয়, আমলাতান্ত্রিক অসুবিধা দেখা দেয় সেটা দূর করার জন্য একটা নূতন কথা এই বিলে সংযোজিত হয়েছে যেটা ভারতবর্ষের অন্যান্য রাজ্যে যে কো-অপারেটিভ আইন রয়েছে সেখানে এটা নেই। আমরা খুবই আনন্দিত যে এটা আমরা করতে পেরেছি। একটা সোসাইটি রেজিষ্ট্রেসন করবার জন্য যদি একটা নির্দিষ্ট সময় সীমা বেঁধে দেওয়া না যায় তাহলে সেই আন্দোলনে ভাটা পড়বে। আজকে যে আশঙ্কা প্রকাশ করা হচ্ছে সেটা যদি হয় তাহলে পরবর্তীকালে এ্যামেণ্ডমেণ্ট এনে সেই অসুবিধা দূর করা যেতে পারে। আজকে প্রথম দরকার জিনিসটা চালু করা। যিনি ট্রাইব্যুনালের চেয়ারম্যান থাকবেন তিনিই কাউন্সিলের চেয়ারম্যান থাকবেন এতে আপত্তির কি আছে? আপনারা জানেন সমবায়ে মূলতঃ নন অফিসিয়াল মুভমেণ্টের ক্ষেত্রে স্টেট কো-অপারেটিভ ইউনিয়ন এবং ন্যাশনাল কো-অপারেটিভ ইউনিয়ন এই আন্দোলনে দিকদর্শন করে। কাজেই কোন রকম অসুবিধা দেখা দিলে স্টেট কো-অপারেটিভ ইউনিয়ন বা ন্যাশনাল কো-অপারেটিভের কোন ভূমিকা থাকবে না, তাঁরা কোন সাজেসনস দিতে পারবেন না এটা হতে পারে না। সুতরাং আজকে যে রেজিষ্ট্রেসন কাউনসিলের কথা এই বিলে সন্নিবেশিত হয়েছে সেটা ন্যায্যভাবেই করা হয়েছে। মাননীয় চেয়ারম্যান স্যার, সুব্রতবাবু নিজেই স্বীকার করেছেন সমবায়ের ক্ষেত্রে আমরা নাকি পিছিয়ে রয়েছি। কেন আমরা পিছিয়ে রয়েছি? আজ ৩৫ বছর হল দেশ স্বাধীন হয়েছে এবং এতদিন তাঁদের হাতেই শাসন ক্ষমতা ছিল। তারা নিজেরাই বলেছেন দেশের মানুষকে যদি সুস্থ পরিবেশে আনতে হয় তাহলে দেশের গরীব মানুষদের সুসংহত করে এগিয়ে নিয়ে যেতে হবে। কিন্তু তাঁরা সেই জিনিস তো

করলেন না। এই যে পিছিয়ে থাকা, এই পিছিয়ে থাকার জন্য যে দায়দায়িত্ব সে দায়দায়িত্ব মূলতঃ তাদেরই কাছে গিয়ে পৌছয়। আজকে একদম প্রাথমিক স্তরের একটা সমবায় সমিতি থেকে শুরু করে এ্যাপেক্স স্তর পর্যন্ত যদি পর্যালোচনা করা যায় তাহলে দেখা যাবে, পরিচালক সমিতির সদস্য বা ডিরেক্টর বোর্ডের সদস্য যারা রয়েছে তাদের অধিকাংশ কোন্ মতাদর্শে বিশ্বাস করে। তাহলে আজকে সেকথা আমাদের ভাবতে হবে। দীর্ঘদিন ধরে সমবায় একটা কায়েমী স্বার্থের হাতে পড়ে রয়েছে। ফলে সমবায়ের মাধ্যমে সাধারণ মানুষের যে আর্থিক পুনর্বাসনের কথা ভাবা হয়েছিল, সাধারণ মানুষের যে আর্থিক উন্নতির কথা ভাবা হয়েছিল তা সম্ভব হয়নি।

মাননীয় চেয়ারম্যান মহোদয়, আপনি যদি সারা পশ্চিমবাংলার কো-অপারেটিভ সোসাইটি গুলির হিসাব নিকাশ নিয়ে দেখেন তাহলে দেখবেন যে, সেগুলিতে কি পরিমান দুর্নীতি রয়েছে। অথচ একথা আমরা সকলেই জানি যে, আমাদের দেশের সাধারণ মানুষ কিভাবে দারিদ্রের মধ্যে দিন কাটাচ্ছেন। আজকে যদি তাদের আর্থিক উন্নতি করতে হয়, মহাজনী ঋণের শোষণ থেকে তাদের মুক্ত করতে হয় তাহলে সমবায় ছাড়া বিকল্প পথ নেই। সুতরাং সমবায়কে ত্রুটি মুক্ত করতে হলে, সমবায়ে গতিবেগ আনতে হলে সমবায় আইনের মধ্যে যে ত্রুটিবিচ্যুতি রয়েছে সেগুলি দূরীভূত করতে হবে। সে কারণে ত্রুটি মুক্ত সমবায় আইন যাতে ঠিক মত চলতে পারে তার ব্যবস্থা করাও দরকার। আজকের এই বিলের মধ্যে কোথাও কোথাও হয়ত মনে হচ্ছে প্রশাসনিক হস্তক্ষেপের সম্ভাবনা রয়েছে, কিন্তু আমি বলব তা থাকবেই এবং উচিত। যেখানে সরকার লক্ষ লক্ষ টাকা সমবায় সমিতির মাধ্যমে ইনভেষ্ট করবে সেখানে পরিচালক-মণ্ডলীর কাজ-কর্মের সুপারভিসন, ইনসপেকসন, অডিটিং ইত্যাদি নিশ্চয়ই সরকারের একটা নির্দিষ্ট কঠোর নীতি অনুসারে করতে হবে। সে বিষয়ে কোন সন্দেহ নেই এবং এ সম্পর্কে আশংকা প্রকাশেরও কোন অবকাশ নেই। টাকা যখন দেবে সরকার তখন প্রকল্প রূপায়নের ক্ষেত্রে ঠিক মত টাকা খরচ হচ্ছে কিনা সেটা দেখাও সরকারেরই দায়িত্ব। সুতরাং আজকে আমরা কেউ সেই দায়িত্বের কথা অস্বীকার করতে পারি না।

মাননীয় চেয়ারম্যান মহোদয়, আমি আর বেশী কিছু বলতে চাই না। আমি শুধু এই কথা বলতে চাই যে, আজকে যে সমবায় বিল উত্থাপন করা হয়েছে এই বিলের মাধ্যমে এত দিন সমবায় আন্দোলনের মধ্যে যে সমস্ত ত্রুটি-বিচ্যুতি ছিল, দুর্বলতা ছিল, কায়েমী স্বার্থ সমবায়কে কুক্ষিগত করে রেখেছি, সে সমস্ত দূর হবে। এই বিল পাশ হবার পরে এই বিল কার্যকরী হলে সমবায় আন্দোলনের অসুবিধাগুলি দূর হবে, সমবায় আন্দোলনে গতি আসবে। সমবায়ের মাধ্যমে গ্রামীন অর্থনীতির সুষ্ঠুভাবে বিকাশ ঘটবে।

এই প্রসঙ্গে আমি পরিশেষে বলব যে, এখানে পঞ্চায়েতকে সমবায়ের সঙ্গে যুক্ত করা নিয়েও সমালোচনা করা হয়েছে। প্রশ্ন করা হয়েছে, এটা কেন করা হয়েছে? আমি মনে করি সম বায়ের সঙ্গে পঞ্চায়েতকে সুষ্ঠুভাবে জড়িত করার ফলে আজকে আমরা দেখছি গ্রামের মানুষ সাহস

ফিরে পেয়েছে। গ্রামীন জীবনের বিভিন্ন কাজের মধ্যে একটা সমন্বয় সৃষ্টি হয়েছে। পঞ্চায়েত এবং সমবয়ে যদি এক সাথে কাজ করতে পারে তাহলেই গ্রামের মানুষের দারিদ্র মোচন সম্ভব। পঞ্চায়েত এবং সমবায় একে অপরের প্রতিদ্বন্দ্বী সংগঠন নয়, একে অপরের সহযোগী সংগঠন। সুতরাং তারা যদি সহযোগিতার মনোভাব নিয়ে গ্রামীন অর্থনীতি পুনর্গঠনের কাজ করে তাহলে গ্রামীণ অর্থনীতিতে একটা উল্লেখযোগ্য পরিবর্তন আসবে, সে বিষয়ে কোন সন্দেহ নেই। এই কয়টি কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীত্রিলোচন মাল:** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে এই সমবায় বিলকে সমর্থন করে আমি ২/৪টি বলতে চাই। বেশ কয়েক দিন ধরে এই বিল সিলেক্ট কমিটিতে আলোচিত হবার পর এই সভায় উত্থাপন করা হয়েছে। সিলেক্ট কমিটিতে অতীশবাবু এবং জয়নাল আবেদিন সাহেব যে সমস্ত প্রস্তাব রেখেছিলেন সে সমস্তগুলি আমাদের মন্ত্রী মহোদয় এই বিলের মধ্যে গ্রহণ করে নিয়েছিলেন। তা সত্ত্বেও দেখছি আজকে তাঁরা এই বিলের বিরোধিতা করে চলেছেন! এর কারণ ওঁদের স্বভাবই হলো বিরোধিতা করা। সুতরাং তা ওঁদের করতেই হবে।

[5-15—5-25 P.M.]

স্ব-বিরোধীতা করাই ওনাদের উদ্দেশ্য। এই বিল পাশ হলেই যে সব সমস্যার সমাধান হয়ে যাবে তা নয় ভবিষ্যতে হয়তো আরোও কিছু সংশোধন হতে পারে। এই সমবায় আন্দোলন আজকে থেকে হচ্ছে না সেই বৃটিশ আমল থেকে চলে আসছে। কিন্তু আজ পর্যন্ত সমবায় প্রতিষ্ঠানগুলি দুর্নীতি মুক্ত হতে পারেনি। অধিকাংশই সঠিকভাবে চলছে না এর কারণ কি? এর কারণ খুঁটিয়ে যদি দেখি তাহলে দেখবো সমবায় আন্দোলন হচ্ছে সমষ্টিগতভাবে বাঁচবার ব্যবস্থা। যৌথভাবে চিন্তা করবার, যৌথভাবে ব্যবসা-বাণিজ্য করবার, যৌথভাবে কুটির শিল্প করা প্রভৃতির মাধ্যমে সমষ্টিগতভাবে বাঁচবার ব্যবস্থা। কিন্তু সামাজিক অবস্থাই হচ্ছে ব্যক্তি-কেন্দ্রিক। অর্থাৎ আমরা ভাবি, নিজ নিজ কথা, নিজ নিজ উপার্জনের কথা চিন্তা করি কিন্তু সমষ্টিগতভাবে চিন্তা করি না। এখানেই হচ্ছে সমবায়ের সঙ্গে সামাজিক ব্যবহার সংঘাত। এই সংঘাতে নমবায় আন্দোলন পরাজিত। তাই সমস্ত সমবায় প্রতিষ্ঠানগুলিতে দুর্নীতি প্রায় আচ্ছন্ন করে রেখেছে। বেশীরভাগ প্রতিষ্ঠান ভালভাবে চলছে না। আগে আমরা দেখতাম, গ্রামের সমবায় সেক্রেটারী এবং সুপারভাইজার তারাই ছিলেন/কর্তা। তারা সুদ তস্য সুদ আদায় করতেন এবং আদায় করে রসিদ দিতেন না, জমাও দিতেন না। তারা একই সঙ্গে চাষীদের কাছ থেকে সমস্ত টাকা আদায় করবার চেষ্টা করতেন, কিন্তু চাষীরা তা দিতে পারতো না ফলে তাদের সমস্ত জমি-জমা কেড়ে নেওয়া হতো। এই সময়ে ফজলুল হক সাহেব ঋণ সালিসী বোর্ড করে অনেক চাষীকে বাঁচাতে পেরেছিলেন। আমার কেন্দ্রে বীরভূম জেলার নলহাটি ১ নম্বর ব্লকের কানিয়র গ্রামের এস. কে. ইউ. এস. এবং ২ নম্বর ব্লকের (নলহাটি) কামালপুর গ্রামের এস. কে. ইউ. এস. লক্ষ লক্ষ টাকা

তছরূপ করেছে। এই দুই প্রতিষ্ঠানের প্রত্যেকটিতে ৪০০ থেকে ৫০০ সদস্য আছেন। ওখানকার সুপারভাইজার এবং ম্যানেজার সমস্ত সদস্যদের নাম জাল করে বহু টাকা করায়ত্ব করেছে এবং টাকা নিয়ে জমা পর্যন্ত দেয়নি। ভুয়া রসিদ দিয়ে টাকা নিয়েছে। এই সমস্ত কথাগুলি বীরভূম কো-অপারেটিভে আলোচিত হয়েছে। আশা করি মন্ত্রী মহাশয় এই ব্যাপারে নজর দেবেন। মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেই বিল ত্রুটি মুক্ত এবং সামগ্রিকভাবে জনসাধারণের উপকারে লাগবে এবং এই সমস্ত কো-অপারেটিভগুলি আরোও ভালভাবে এগিয়ে চলবে এই কামনা করি। কিন্তু এই যে সংঘাত, এই সংঘাতের মধ্য দিয়ে এগিয়ে নিয়ে যাওয়া অতটা সহজ নয়। এই সমাজ ব্যবস্থার বিভিন্ন স্তরের মানুষ বাস করে। কেউ ভূমিহীন কৃষক, কেউ মধ্যবিত্ত, কেউ উচ্চ মধ্যবিত্ত প্রভৃতি রয়েছে। সুতরাং গেটো স্তরকে যদি এই কো-অপারেটিভের মাধ্যমে আনা যায় তাহলে যাদের অবস্থা অপেক্ষাকৃত ভাল তাদের স্বার্থ রক্ষা হবে। সাধারণ মানুষ বিচ্ছিন্ন হয়ে পড়ে। তাই আমার মনে হয় হয়তো ভবিষ্যতে এই বিলের সংশোধনী আসতে পারে। আমি আর বিশেষ কিছু বলবো না। এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনির্মল বোস**: মাননীয় সভাপতি মহাশয়, পশ্চিমবঙ্গ সমবায় সমিতি বিধেয়ক ১৯৮৩, তার উপর সিলেক্ট কমিটি গঠিত হয়েছিল। সিলেক্ট কমিটির রিপোর্ট এবং তার সুপারিশ সহ এই বিধেয়কটির উপর দুদিন ধরে যে আলোচনা হল সেই আলোচনায় যাঁরা অংশ গ্রহণ করলেন তাঁদের আমি প্রথমে কৃতজ্ঞতা জানাচ্ছি। তার কারণ, তাঁরা আলোচনা প্রসঙ্গে অনেকগুলি গুরুত্বপূর্ণ কথা বলেছেন। বিরোধীদলের মাননীয় সদস্যরা নিশ্চয়ই আমাদের অনেক বক্তব্যের সংগে একমত হতে পারেন না। তাঁরা মন্তব্য সমালোচনা করবেন, এবং তা তাঁরা করেছেন। কিন্তু তা সত্বেও তাঁরা এটিকে অত্যন্ত গুরুত্ব সহকারে নিয়েছেন এবং এটাও লক্ষ্য করেছি যে তাঁরা অনেক ক্ষেত্রে গঠনমূলক দৃষ্টিভঙ্গী নিয়ে বক্তব্য রেখেছেন। সবচেয়ে বড় কথা সবাই বর্তমান পরিস্থিতিতে সমবায়ের গুরুত্ব এবং সমবায় আন্দোলনে দেশের অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে যেভাবে এগিয়ে নিয়ে যাবার দরকার এ সম্বন্ধে তাদের মতামত রেখেছেন, তারজন্য তাঁদের সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় সভাপতি মহাশয়, এই যে বিধেয়ক, এটা প্রস্তুত করার ক্ষেত্রে গতকাল বলেছি, এখন আর পুনরাবৃত্তি করতে চাই না এটা হঠাৎ অগণতান্ত্রিক ভাবে হয়নি। দীর্ঘ সময় ধরে সমস্ত রকম আলাপ আলোচনা করে সকলের সংগে পরামর্শ করে করা হয়েছে। আমাদের বিধানসভায় এই ব্যাপারে আইনের ক্ষেত্রে পরামর্শ গ্রহণ করার চেষ্টা হয়েছে। ১৯৭৩ সালের আইনটি পাশ হবার পর নানারকম সমালোচনা হয়েছে, প্রস্তাব হয়েছে, তার উপর বর্তমান বামফ্রন্ট সরকারের আমলেও সমস্ত জিনিষ খতিয়ে দেখা যাবে যে তাঁরা একটা ল কমিটি গঠন করেন এবং সেই ল কমিটিতে যাঁরা ছিলেন তাঁরা মতামত দেন। তাঁরা বহু জায়গায় গিয়েছিলেন, এবং সব কিছু দেখে সুপারিশ করেছিলেন, তার ভিত্তিতেই একটি বিধেয়ক তৈরী হয়। এর আগের বিধানসভায় এটি উত্থাপন করা হয়, আলোচনা শেষ হতে না হতে বিধানসভা ভেঙ্গে যায়। নির্বাচনের পর নতুন করে বিধানসভা

আরম্ভ হলে নতুন করে বিধেয়ক তৈরী করার কথা বিধানসভায় আলোচনা করা হয়, সিলেক্ট কমিটি হবার আলোচনা হয়, এতখানি আলোচনা হয়েছে। বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা একটা কথা বলেছেন যে, সিলেক্ট কমিটির সব আলোচনা মানা হয়নি, তা নয়,' সিলেক্ট কমিটিতে সবই আলোচনা হয়েছে। তাঁরা বলেছেন আপত্তি নেই, কিন্তু এর সংগে এই কথাটা যদি বলতেন যে সেখানে তাঁদের অনেক প্রস্তাব গ্রহণ করা হয়েছে তাহলে আমি আরও খুশী হতাম। সেখানে আমি খোলা মন নিয়ে আলোচনায় অনেক প্রস্তাব গ্রহণ করেছি, সবটা গ্রহণ করা হয়নি সেটা স্বাভাবিক ব্যাপার। বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা সিলেক্ট কমিটির সুপারিশ অনুযায়ী বিধেয়কের সমালোচনা করেছেন। তাঁরা এই কথাগুলি বলেছেন, এই বিধেয়কে না কি কোন মৌলিক পরিবর্তন করা হয় নি। ১৯৭৩ সালে যা ছিল তা এখন আছে।

দ্বিতীয়তঃ সমবায়ের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, তৃতীয়তঃ এই বিধেয়কের মধ্যে দিয়ে দলবাজী করার চেষ্টা হয়েছে, দুর্নীতিকে প্রশ্রয় দেবার চেষ্টা হচ্ছে। তারপর দুর্বলতর শ্রেণীর কথা বলা হয়েছে। এই বিধেয়কে তাদের উন্নতির জন্য তাদের ক্ষেত্রে সমবায় সম্প্রসারণের জন্য কোন ব্যবস্থা রক্ষিত হয়নি। অনেকে অভিযোগ করেছেন সমবায় উন্নয়ন ব্যর্থ হয়েছে। বিশেষ করে ঋণ দানের ব্যাপক ব্যবস্থা হয় নি। ঋণ আদায়ে ব্যর্থ হয়েছে। আলোচনা প্রসঙ্গে তাঁরা কয়েকটি নির্দিষ্ট অভিযোগ এনেছেন এবং বিধেয়কে সাধারণভাবে আলোচনা সম্পর্কে এ পক্ষ এবং ও পক্ষের মাননীয় সদস্যরা কয়েকটি নির্দ্দিষ্ট প্রস্তাব এনেছেন। আমি যথাসম্ভব এই কথাগুলির জবাব দেবার চেষ্টা করব। মাননীয় সভাপতি মহাশয়, আমি এই দাবী করি না যে বর্তমান সমাজব্যবস্থায় সমবায়ের মাধ্যমে মৌলিক পরিবর্তন সম্ভব। সুতরাং সমবায় আইনের মাধ্যমে এই মৌলিক পরিবর্তনের চেষ্টা করছি। পুঁজিপতি ধনতান্ত্রিক ব্যবস্থায় মানুষে মানুষে তারতম্য থাকবে। সমবায় সবাইকে এক করে দেবে এ অসম্ভব। এই ব্যবস্থার মধ্যে দিয়ে সমবায়ের মাধ্যমে যতটুকু করা সম্ভব আমি সেই চেষ্টা করছি। এবং আমি মনে করি কিছু করা যায়। কিছু অর্থনৈতিক উন্নতি, মধ্যবিত্তদের উন্নতি করা যায়। আমি আবার বলছি ৩৬ দফা কর্মসূচীর মধ্যে এই কথা নির্দিষ্টভাবে বলেছে সেটা রাখার চেষ্টা করা হচ্ছে। ১৯৭৩ সালের আইন পাল্টে নতুন আইন এনে অনেকগুলি বড় রকমের পরিবর্তনের চেহারা পরিমাণ গত নয় গুণগত।

[5-25—5-35 P.M.]

যেমন আমি বলি, প্রথম কথা সমবায়ের সঙ্গে পঞ্চায়েতকে যুক্ত করা, এটা কি আমূল পরিবর্তন নয়? মহাত্মা গান্ধীও একথা বলেছেন যে গ্রামীন জীবনে তিনটি গুরুত্বপূর্ণ সংস্থা হচ্ছে পঞ্চায়েত, সমবায় এবং প্রাথমিক বিদ্যালয়। এই তিনের মধ্যে সংযোগ থাকা দরকার। এখন অবশ্য ওঁদের কাছে মহাত্মা গান্ধী কিছু নন, ওঁদের কাছে একমাত্র গান্ধী শ্রীমতী ইন্দিরা গান্ধী মহাত্মা গান্ধীর কথা ভুলে গেছেন। এতকাল ভারতবর্ষে কেন্দ্রে রাজ্যে শাসন করেছে এরা, কোথাও পঞ্চায়েতকে সমবায়ের সঙ্গে যুক্ত করেননি। আমরা এই কাজটা এবার করলাম। আমরা বলছি গ্রামের সমস্ত

সমবায়ে সংশ্লিষ্ট পঞ্চায়েতের একজন প্রতিনিধি থাকবেন। এটা কি মৌলিক পরিবর্তন নয়? ভারতবর্ষের কোন রাজ্যে কোথাও এটা হয়নি, আমরাই প্রথম করলাম এবং মনে করি এর ফলে গ্রামাঞ্চলে সমবায়ের সম্প্রসারণ শুরু হবে।

দ্বিতীয় কথা, পরিচালন সমিতিকে ডাইরেকটর বোর্ডে কর্মচারী প্রতিনিধিত্ব ১৯০০ সাল থেকে ১৯৭৩ পর্যন্ত কখনও কোনদিন কোথাও দেওয়া হয়নি, ভারতবর্ষের কোথাও কোন রাজ্যে দেওয়া হয়নি এ পর্যন্ত। আমরাই প্রথম এটা দিচ্ছি। আমরা মনে করি সমবায়ের নেতৃত্বে কেবলমাত্র শেয়ার হোলডার বা সরকারী অফিসারাই অংশ নন, বেতনভোগী কর্মচারীরাও এর অংশ। সুতরাং কর্মচারীদের পরিচালন সমিতিতে প্রতিনিধিত্ব দিতে হবে এবং আমরা তা দিয়েছি। এটা কি পরিবর্তন নয়? এখানে রেজিষ্ট্রেশনের ব্যাপারে একটি রেজিষ্ট্রেশন কাউনসিল, যার সঙ্গে আন্দোলনে যুক্ত হচ্ছে রাজ্যের সমবায় ইউনিয়ন রাজ্যে সমবায়ের শীর্ষ সংস্থা। সুতরাং আন্দোলনকে যুক্ত করা হচ্ছে রেজিষ্ট্রেশন পদ্ধতিতে। এটা ভারতবর্ষের কোথাও নেই। ভারতবর্ষের সমবায় আন্দোলনের জাতির স্তরে শীর্ষ সংস্থা ন্যাশনাল কো-অপারেটিভ ইউনিয়নের চিফ একজিকিউটিভ মিঃ আর. কে. ত্রিবেদী গতকাল কলকাতায় এসেছিলেন। তিনি দেখে বললেন অদ্ভুত, বৈপ্লবিক ব্যাপার, সারা ভারতবর্ষকে পশ্চিমবঙ্গের এই বিধেয় পথ দেখাবে। এটা কি মৌলিক পরিবর্তন নয়?

মিঃ স্পীকার স্যার, কো-অপারেটিভ সার্ভিস কমিশন সম্বন্ধে বলতে গিয়ে বলছি যে আমরা এত কাল কি দেখেছি সমবায়ে? চাকরী দেবার ক্ষেত্রে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, সেক্রেটারী এরা তাঁদের আত্মীয় স্বজনকে বসিয়ে দিয়ে গেছেন এবং তারপরই তারা সরকারকে বলছে আমাদের মাইনে দাও। কাজেই আজকে এটা নিয়ন্ত্রনের কিছুটা দরকার আছে এবং এই কারণেই এটা করা হচ্ছে। ১৯০৪ থেকে ৭৩ সাল পর্যন্ত সমবায়ে যে সমস্ত আইন হয়েছে তার থেকে একটু মৌলিক পরিবর্তন নয় এটা? ইলেকশন অথরিটি তার নির্বাচন নিয়েই যত গোলমাল। সেই নির্বাচন যাতে সুষ্ঠভাবে, নিরপেক্ষভাবে হয় তারজন্য ইলেকশন অথরিটির কাছে সার্ভিস কমিশন সেই সুবিধা দেবে। এই মৌলিক জিনিষটা পশ্চিমবঙ্গে কখনও হয়নি। এটা কি একটা মৌলিক পরিবর্তন নয়? **Cadre of service of managers, assistant managers and other employees clause 37.** এটা করা হয়েছে। প্রত্যেক কৃষি সমবায় সমিতির ম্যানেজারদের নিয়ে কমন ক্যাডার করা হয়েছে। কিন্তু আমরা মনে করি শুধু কৃষি সমবায় সমিতির কর্মচারীরা নয়, অন্য কর্মচারীদের জন্যও ক্যাডার-ব্যবস্থা করা দরকার যাতে তাঁদের চাকরীর নিরাপত্তা, বেতনের নিরাপত্তা পায়। এটা কখনও কোথাও করা হয়নি। এটা কি একটা বড় রকম পরিবর্তন নয়?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, নির্বাচন ব্যবস্থা এতদিন কি ছিল? দুই একটা সমিতি বাদ দিয়ে অধিকাংশ সমিতিতে প্রতি বছর নির্বাচন হোত। নির্বাচন হবার সঙ্গে সঙ্গেই পরের নির্বাচনের

বাজনা বাজত। এখানে বলে দেওয়া হয়েছে যে সর্বস্তরের নির্বাচন হবে ৩ বছর পর পর। এটা কি একটা পরিবর্তন নয়? এতদিন ছিল এবং ৭৩ সালের আইনে আছে যে একজন নির্বাচিত হলে ৩ বছর পর তাকে একবার অবসর গ্রহণ করতে হবে। আমরা বলেছি, সাধারণ পরিচালনের ক্ষেত্রে কোন সময়সীমা থাকবে না, যতবার খুশী তিনি নির্বাচনে দাঁড়াতে পারতেন এবং নির্বাচিত হবেন! এটা কি পরিবর্তন নয়? কর্মকর্তাদের ক্ষেত্রে অর্থাৎ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, সেক্রেটারীদের ক্ষেত্রে এতদিন ছিল তিন বছর পর অবসর নিতে হবে বলা হয়েছে ৩ বছরে একবার, আবার যদি দাঁড়ান তাহলে আবার একবার এবং ৬ বছর পর তাঁকে অবসর নিতে হবে। এটা কি পরিবর্তন নয়?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা আবাসন সমিতির ক্ষেত্রে খুব জোর দিয়েছি। আমরা আবাসন সমিতি সম্প্রসারণ করতে চাই কিন্তু সেক্ষেত্রে যাতে দুর্নীতি, কায়েমী স্বার্থ তৈরী না হয় তারজন্য কঠোর ব্যবস্থা করা হয়েছে, তার জন্য আলাদা অধ্যায় করে অনেক কিছু বলা হয়েছে। সবচেয়ে বড় কথা, এতদিন কি হয়েছে? সাধারণ নিম্ন মধ্যবিত্ত মানুষে আইনের ফাঁক দিয়ে নানা-ভাবে উচ্চবিত্তের লোকেরা লক্ষ লক্ষ টাকার ফ্ল্যাট চুরি করেছে। আলাদা করলে ষ্ট্যাম্প ডিউটি দিতে হয়, সমবায় আবাসন করলে ষ্ট্যাম্প ডিউটি দিতে হয় না। আমরা এই বিধেয়তে বলেছি যে ১·২৫ লক্ষ টাকার ফ্ল্যাট একজনকে দেওয়া হলে ষ্ট্যাম্প ডিউটি একজামশন পাবেন, তার উপরে হলে পাবেন না। এটা কি পরিবর্তন নয়? সুতরাং এসব পরিবর্তন আমরা করেছি। এতকাল কি ছিল? এক পরিবারের ২।৩।৪ জন লোক সমিতি করে, অবশ্য সেটা নামেই সমিতি আসলে ফ্যামিলি প্রাইভেট প্রোপার্টি, এই সুবিধা নিয়ে আসছিল। কিন্তু আমরা ওটা বন্ধ করে এক পরিবার থেকে একজনের বেশী থাকতে পারবে না এটা এই বিধেয়তে বলে দিয়েছি। এটা কি বড় পরিবর্তন নয়?

আর যে কথা গতকাল মাননীয় সদস্য ভূপাল পাণ্ডা মহাশয় বলেছেন—যে সামগ্রিক কোন পরিবর্তন হয় নি। সামগ্রিক পরিবর্তন যদি নাই হবে তাহলে এতো চিৎকার কেন, এতো সংশোধনী কেন, এতো আপত্তি কেন, এতো জ্বালাময়ী ভাষণ কেন? মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন এই বিধানসভার অত্যন্ত প্রবীন সদস্য। আমি অত্যন্ত সম্মান করি তাঁকে কারণ তিনি দীর্ঘকাল এখানে আছেন এবং সমবায় মন্ত্রী ছিলেন। গতকাল তিনি বলেছেন যে এই আইন ১৯৭৩ সালের আইনের শতকরা ৮০ ভাগ কার্বণ কপি। ১৯৭৩ সালের আইনটা তিনি নিজে করেছিলেন তাই তাঁর এই রকম মনে হচ্ছে। আমার একটা কাহিনী এখানে মনে পড়ে যাচ্ছে। এক সন্তান হারা বৃদ্ধা জননীর কাহিনী। বৃদ্ধার একমাত্র সন্তান মারা গিয়েছিল। তার জন্য সে পাগলের মতো হয়েগিয়েছিল। সে বাজারেই যাক, ষ্টেশনেই যাক যাকে দেখতে পাক তাকেই বলে "আহারে আমার ছেলে…"। এখানে জয়নাল সাহেবের তাই হয়েছে। মন্ত্রিত্ব চলে গেছে, মন্ত্রি হারা জয়নাল সাহেব যাকেই দেখতে পায় তাকেই বলে "আহারে আমার ছেলে"। উনি বলছেন ১৯৭৩ সালের আইনটা পাল্টে ১৯৮২ সালে যে আইন করা হয়েছে সেটা ১৯৭৩ সালের আইনের ৮০

ভাগ কার্বণ কপি। জয়নাল সাহেব আনন্দে থাকুন, সুখে নিদ্রা যান আমি আপত্তি করবে না—এতো তাঁর সন্তান, তাহলে এতো আপত্তি কেন ? এতো বিরোধীতা কেন, নোট অফ ডিসেণ্ট কেন ? তার কারণ যখন তিনি ঘোরে থাকেন তখন ভাবেন এটা ওনার সন্তান। আর যখন ঘোর ভেঙ্গে যায় তখন কঠর বাস্তব—একি একি পঞ্চায়েতে ক্যাডার ঢুকে গেল, ইলেকসান হয়ে গেল, প্রতিবাদ, প্রতিবাদ, প্রতিবাদ। মাননীয় স্পীকার স্যার, কঠোর সমালোচনা করা হয়েছে যে সরকারী হস্তক্ষেপ নাকি অনেক বেড়েছে। যখন তিনি সজ্ঞানে থাকেন তখন তিনি এটা বলে গেছেন। সজ্ঞানে এবং অজ্ঞানে দুই মিলিয়ে জয়নাল সাহেব। আমি এখানে পরিষ্কার করে বলতে চাই যে সমবায় এমন ভাবে গড়ে উঠুক যাতে সরকারী হস্তক্ষেপ থাকবে না ; পশ্চিমের উন্নয়নশীল দেশে, শিল্প সমৃদ্ধ দেশে এবং সমাজতান্ত্রিক দেশে সমবায় তারা নিয়ন্ত্রন করে না, কোন পয়সা দেয় না, অনেক জায়গায় রেজিসট্রেসানের ব্যবস্থা নেই। সেই জায়গাতে পৌছাতে আমাদের দেরী হবে। এখন সরকার সমবায়কে সাহায্য করবে, প্রয়োজন হলে হস্তক্ষেপ করবে। এই দুই রাখতে হবে, উপায় নেই। এই আইন এবং ১৯৭৩ সালের আইনের সঙ্গে তুলনা করলে দেখা যাবে—সময় থাকলে অনেক জায়গায় দেখাতে পারতাম, তবে ২-৩টি দৃষ্টান্তই যথেষ্ট যে কি ভাবে সরকারী হস্তক্ষেপ কমেছে। প্রথম কথা বলছি রেজিসট্রেসান সম্পর্কে। সমিতিতে রেজিষ্ট্রেসান একটা বড় কথা। এতকাল কি ছিল ? রেজিষ্ট্রার হবেন তাদের প্রতিনিধি, তারা রেজিসট্রেসানটা দেবেন। কিন্তু রেজিসট্রেসান নির্দ্দিষ্ট সময়ে না হলে পরে হবে না। তারপর যদি দরখাস্ত করেন তিনি ট্রাইবুনালে যাবেন কি যাবেন না, কুচবিহার থেকে কোলকাতায় আসবেন কি আসবেন না সেটা পরের কথা। কিন্তু আমরা বিধেয়কে কি করেছি ? আমরা করেছি অধিকাংশ সমিতি শর্ত্তে তিন মাস—আবাসন বা কয়েক ধরণের সমিতির ক্ষেত্রে, শিল্প সমবায় সমিতির ক্ষেত্রে চার মাস। তারপর না হলে যিনি দরখাস্ত করেছেন তিনি যেতে পারবেনই, রেজিসট্রারকে কাগজপত্র রেজিসট্রেসান কাউনসিলে বাধ্যতামূলক ভাবে পাঠিয়ে দিতে হবে। সেখানে যে সিদ্ধন্তটা নেওয়া হবে সেটাই চূড়ান্ত। এটাতে কি রেজিসট্রারের ক্ষমতাটাকে কিছুটা খর্ব করা হলো না ? তারপর আমরা কি দেখেছি ? সমিতির সাধারণ সভায় বা পরিচালন সমিতির সভায় প্রস্তাব বাতিল করার ব্যাপারে সাসপেণ্ড করা হবে রিজাইন করার ব্যাপারে। ১৯৭৩ সালের আইনে কি ছিল ? সেখানে রেজিসট্রার কারণ দেখিয়ে সাধারণ সভা, অর্থাৎ জেনারেল মিটিং-এ গৃহীত প্রস্তাব, ম্যানেজিং কমিটিতে গৃহীত প্রস্তাব বাতিল করে দিতে পারে। কিন্তু নূতন বিধেয়কে কি বলা আছে ? ক্লজ ৩২(৩)-তে আফটার গিভিং কো-অপারেটিভ সোসাইটি এন অপারচুনেটি অফ বিইং হাড, চট করে বাতিল করে দিতে পারবে না। তাকে অপারচুনেটি অফ বিইং হাড দিতে হবে। এটা কি রেজিসট্রারের ক্ষমতা খর্ব করা হলো না ? আমরা দেখিনি এতো কাল কি ভাবে কো-অপারেটিভের প্রস্তাব বাতিল করা হয়েছে ? ইলেকসানের ব্যাপারে আমরা ইলেকসান অথরিটি করেছি। বর্ত্তমান অবস্থাটা কি ? অধিকাংশ সমিতিতে সরকার থেকে ইলেকসান অফিসার নিয়োগ করা হয়, সরকারের কিছুটা নিয়ন্ত্রন থাকে। আমরা সেই নিয়ন্ত্রন তুলে দিয়েছি, সরকারী অফিসার

নির্বাচন চালাবেন না। একটা স্বাধীন নিরপেক্ষ নির্বাচন হবে, নির্বাচন কমিশন নির্বাচন পরিচালনা করবে। এর ফলে একটা সুষ্ঠ ঐতিহ্য গড়ে উঠেছে। সেই ঐতিহ্য অনুস্মরন করে আমরা ইলেকসান অথরিটি করে দিতে চাই যার উপর সরকারের বিন্দুমাত্র হস্তক্ষেপ থাকবে না। সমস্ত কিছুই তাঁরা করবেন। সুতরাং সরকারের ক্ষমতা এর ফলে কমেছে, এটা কি আপনারা অস্বীকার করতে পারেন?

[5-35—5-45 P.M.]

পরিচালনা সমিতি বাতিল করে সেখানে প্রশাসক নিয়োগের দরুন ঝড় বইয়ে দিয়েছেন আপনারা। আমরা বলেছি, দরকার হলে কোন সমিতি বাতিল করে সেখানে প্রশাসক নিয়োগ করা চলবে। কিন্তু তা মাত্র ১ বছরের জন্য। দরকার হলে মেয়াদকাল পরে বাড়ান যেতে পারে। কিন্তু ৩ বছরের বেশী কিছুতেই নয়। ১৯৭৩ সালের যে আইন ছিল—আবেদিন সাহেব তখন সমবায় মন্ত্রি এবং অতীশবাবু রাষ্ট্রমন্ত্রি—তাতে বলা ছিল দরকার হলে সমিতি বাতিল করে ৫ বছর পর্যন্ত প্রশাসক রাখা যেতে পরেবে। আমরা সেই মেয়াদ কমিয়ে ৩ বছর করেছি। অথচ সরকারী হস্তক্ষেপ করা হচ্ছে বলে অভিযোগ আনা হল। রেজিষ্ট্রারের ক্ষমতা ৫ বছর থেকে কমিয়ে আমরা বছরে এনেছি। ১৯৭৩ সালের আইন অনুসারে যা ঘটত, আর আমাদের সময়ে যা ঘটছে, তাতে টি ফলটা কি দাঁড়াল তাহলে? অঙ্কটা কি? ১৪৩ বিধায়ক অনুসারে আমরা অনেক বাড়াতে রতাম। কিন্তু মূল লক্ষ্যটা কি? মূল লক্ষ্য হচ্ছে, সরকারী হস্তক্ষেপ কমাতে চাওয়ার ব্যাপার। তীয়তঃ বামফ্রন্ট সরকার দ্বিতীয়বার গঠিত হবার পর ৮॥ মাস উত্তীর্ণ হয়ে গেছে। ওঁরা বক্তৃতা রার সময়ে বলে থাকেন, আমরা নাকি নির্বাচিত কমিটি বাতিল করে দিয়ে প্রশাসক নিয়োগ রছি। পশ্চিমবাংলার বুকে যেখানে মোট সমিতির সংখ্যা ২২,০০০ হাজার, সেখানে বিগত ৮॥ সের মধ্যে মাত্র ১টি সমিতিকে (আবাসন সমবায় সমিতি) বাতিল করেছি মাত্র। সেখানকার স্তরা ৮॥ লক্ষ টাকা নয়-ছয় করেছেন। সেজন্যই বলতে হয়, কোন দৃষ্টিভঙ্গী থেকে আপনারা া বলেন বা বক্তৃতা করেন তা সাধারণ মানুষ সহজেই বুঝতে পারেন। আপনারা নোট করে খেছেন কিনা জানিনা, টেলিফোন করে খবর নিয়ে বলুন তো দ্বিতীয় কোন সমিতির নাম খুঁজে ন কিনা যেখানে নির্বাচিত সমিতিকে আমরা বাতিল করে দিয়েছি। এখানে অনেকে গণতন্ত্রের া বলেন, সরকারী হস্তক্ষেপের কথাও বলেন। কিন্তু আপনাদের কাছে অনুরোধ, অন্য রাজ্যের ক একবার তাকিয়ে দেখুন তো। উত্তর প্রদেশের কি অবস্থা? সেখানে ১৯৮০ সালের নুয়ারী মাসে লোকসভার নির্বাচন হয়ে যাবার পর সমস্ত প্রাথমিক সমিতিগুলির নির্বাচিত মটিগুলিকে বাতিল করে সরকাররী হস্তক্ষেপ ঘটানো হয়েছে। তাকিয়ে দেখুন, অন্ধ্র এবং স্থানের দিকে। উত্তর প্রদেশে নির্বাচন করার ক্ষমতা কি আছে? ওঁদের কেউ কেউ জাতীয় াতে যোগ দিয়ে থাকেন, ওঁদের কাছে আমার জিজ্ঞাসো—গণতন্ত্র কি শুধুমাত্র পশ্চিমবঙ্গের জন্য? রপ্রদেশ, মধ্যপ্রদেশ, অন্ধ্র এবং রাজস্থানের কি দরকার নেই? শুনে রাখুন, গণতন্ত্র যদি কোথাও

থেকে থাকে তো, তা আছে একমাত্র পশ্চিমবাংলাতে এবং গুজরাটে। ঐ রাজ্যকে আমার ৩ বার সেলাম জানাই। সেখানে আন্দোলনের একটা ঐতিহ্য আছে, আন্দোলন সেখানে শক্তিশালী হয়েছে। কৈ, সেখানে তো কিছু করতে পারছেন না? এখানে দুর্বলতর শ্রেণীর জন্য কিছু করা হয় নি বলে অভিযোগ করা হয়েছে। অভিযোগ করা হয়েছে দলবাজী করা হচ্ছে বলে। রেজিষ্ট্রেশান অফ কাউনসিলকে আমরা বলেছি, নির্দ্দিষ্ট সময়ের মধ্যে যদি রেজিষ্ট্রেশান না দেন, তাহলে সেখানে ৩ জনের একটি কমিটি থাকবে, তারমধ্যে একজন থাকবেন বিচার বিভাগের। তিনিই ট্রাইবুন্যালের চেয়ারম্যান হিসাবে থাকবেন। আর একজন থাকবেন সরকারী প্রতিনিধি। সরকার ঠিক করে দেবেন রেজিষ্ট্রারের অধস্তন কে হবেন। পশ্চিমবঙ্গে সমবায়ে ইউনিয়ান আছে। মাননীয় অতীশবাবু সমবায় ইউনিয়নের চেয়ারম্যান ছিলেন। আমিও চেয়ারম্যান ছিলাম, মন্ত্রিত্বে যাওয়ার পর চেয়ারম্যান-এর পদ ছেড়ে দিয়েছি। এটি শিক্ষা এবং প্রশিক্ষণের কার্যসূচী পালন করে। কিন্তু এর আসল পরিচয় হচ্ছে সমবায় আন্দোলনের একটি শীর্ষ সংস্থা হিসাবে। রেজিষ্ট্রেশানের ব্যাপারে ওঁকে বলি, এতে ভয় কেন? আন্দোলনে ভয় কিসের? একথা সত্য, পশ্চিমবাংলার সমবায়ের অধিকাংশ ইউনিয়ন বামপন্থীদের হাতে নেই। কৈ, তারজন্য তো আমরা বিচলিত বোধ করি না। সবগুলি তো ওঁদের হাতে আছে। সমবায় সমিতিগুলির নির্বাচন হলে প্রাথমিক স্তরে, রাজ্য স্তরে সদস্যরা নিজস্ব ভাবে গঠিত হবেন, সেখানে তাঁদের বক্তব্য থাকবে। এর পেছনে দলবাজী কোথা থেকে আসবে? দলবাজীর কিছুই নেই এর মধ্যে। আজকে সারভিস কমিশনের কথা বলছেন। আমরা বলেছি, পিওন, আরদালীর ব্যাপারে করবে সোসাইটি, কিন্তু উপর দিকে আলাদা হবে। একটা নির্দ্দিষ্ট বেতনের যাঁরা কর্মচারী, তাঁদের নিয়েই কিছু গোলমাল দেখা দিয়েছে। সেখানেই তো নিরপেক্ষতার প্রয়োজন। সেইজন্য তো সারভিস কমিশনের ব্যবস্থা।

সুব্রতবাবু সার্ভিস কমিশনের কথা বললেন। আগে কিভাবে চাকুরী হোত আমি জানি। ২৮ বছর ধরে অধ্যাপনা করেছি। সুতরাং আগে কিভাবে চাকুরী হোত সেটা আমার খুব ভালো-ভাবেই জানা আছে। তবে ২/১টি ক্ষেত্রে ভুল হতে পারে। আজকে ভাইপো-ভাগ্নেরা গভর্ণিং বডির চেয়ারম্যান, গভর্ণিং বডির প্রেসিডেন্ট অথচ লেখাপড়া কিছুই জানে না। তার বাবার টাকায় কলেজ হয়েছে সুতরাং ভাইপো-ভাগ্নেদের অধ্যাপক হয়ে গেল। তাদের হাতে যে কি পড়ান হবে সেটা তো জানাই আছে। সুতরাং এটাই বামফ্রণ্টের নীতি যে কলেজের চাকুরীর ক্ষেত্রেই হোক বা সমবায়ের উপরের দিকে চকুরীর ক্ষেত্রে হোক সেখানে সরকারের কোন ক্ষমতা নেই। এইসব চাকুরী সমবায় সমিতি দেবে। মাননীয় সদস্য সুব্রতবাবু বলেছেন যে পাবলিক সার্ভিস কমিশন, ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন বা স্টেট পাবলিক সার্ভিস কমিশন থেকে লোক নেওয়া হচ্ছে না কেন এখানে? এই ব্যাপারে তাঁকে বলছি যে এটা আমাদের সংবিধানে নির্দ্দিষ্ট যে সরকারী চাকুরী ছাড়া কোন ব্যাপারে তারা সুপারিশ করতে পারবে না। সমবায় সমিতি সরকারী প্রতিষ্ঠান নয়। সুতরাং সমবায় সমিতির কর্মচারী নিয়োগের ব্যাপারে পাবলিক সার্ভিসের কোন

এক্তিয়ার নেই। তার আগে সুব্রতবাবু চেষ্টা করে শ্রীমতী ইন্দিরা গান্ধীকে দিয়ে একটু সংবিধানটা সংশোধন করতে বলুন তাহলে আমরা এই ব্যাপারে বিবেচনা করতে প্রস্তুত। ইলেকশান অথরিটি একই আছে। আমরা কি বলেছি তা এখানে পরিষ্কার করে বলে দেওয়া আছে। এখানে আলাদা নির্বাচন করতে হবে। তাতে দলবাজির কোন সুযোগ নেই। আমরা যদি দলবাজি করতে চাই তাহলে সমবায়ের প্রতিনিধিকে গ্রামপঞ্চায়েতে আনবো কেন? আমরা ভোটের অধিকার দেব না কেন? যেহেতু পশ্চিমবাংলায় অধিকাংশ গ্রাম পঞ্চায়েত বামফ্রণ্টের দলের অন্তর্ভুক্ত সেইজন্য সমবায় সমিতি থেকে ভোটের একজন চেয়ারম্যান নির্বাচিত হয়। গ্রাম-পঞ্চায়েতের এই প্রতিনিধিত্বের দারুণ মূল্য। তবুও আমরা তা দিই না। আরো অনেকে বলেছেন আপনারা কেন ভোটের অধিকার দিচ্ছেন না? তার কারণ খুবই পরিষ্কার আমরা যে সমবায়ের কাজে যুক্ত করতে চাই তাতে সমবায় সমিতিতে যে শেয়ার সোসাইটি আছে গ্রামপঞ্চায়েতে কোন শেয়ার হোল্ডার নেই। গভর্ণমেণ্ট যে স্টেট নমিনি থাকে তাদের গভর্ণমেণ্ট শেয়ার থাকে বলে শেয়ার হোল্ডারর্সের চরিত্র আমরা নষ্ট করতে চাই না। তাদের কাজ-কর্ম, নেতৃত্ব, উদ্বেগ গ্রহণ ইত্যাদি পঞ্চায়েতের সঙ্গে যুক্ত করতে চাই না। আমরা যদি দলবাজিই করবো তাহলে গ্রামপঞ্চায়েতের লোকেদের ভোটের অধিকার দেব না কেন? আমরা এই ব্যাপারে বহু সোসাইটির হাতে ক্ষমতা দেওয়া আছে। সুতরাং সেই দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা করি না। এটা দুর্বলতর শ্রেণীর কথা বলছি। আমরা ক্লজ ৩৪ টির কথা বলছি—সেখানে আমাদের আদেশ জারি আছে যে সমবায় পরিচালন সমিতিতে সরকারের ২০ ভাগ আসন দুর্বলতর শ্রেণীর জন্য আমরা রাখতে পারি। সরকারী ভূমি উন্নয়ন ব্যাঙ্কের ব্যাপারে স্থির করা আছে ক্লজ ২(১২)-তে জমি বণ্টন ছাড়া দুর্বলতর শ্রেণীর জন্য ঋণ দেওয়া যাবে—যথা ছাগল, ভেড়া, শুয়োর, মৎস্য চাষ প্রভৃতি। এইটা কি দুর্বলতর শ্রেণীর ব্যাপার নয়? ক্লজ ৬৮-তে প্রত্যেক কৃষি সমবায় সমিতিতে সর্বজনীন সদস্যের ব্যবস্থা আছে। এ ছাড়া ল্যাম্প মহিলা সমবায় সমিতির উপর জোড় দেওয়া হয়েছে। এ ছাড়া ক্লজ ২৭-তে যেটা বাতিল করতে বলেছেন অতীশবাবু সেখানে কি বলা আছে? সেখানে লেবার কো-অপারেটিভ, ইঞ্জিনীয়ারস্ কো-অপারেটিভ এবং ট্রাইবুন্যাল কো-অপারেটিভের যারা সদস্য বা কর্মচারী তারা নির্বাচনে দাঁড়াতে পারবেন। সুতরাং এইদিক থেকে আমরা দুর্বলতর শ্রেণীর সুযোগ আমরা বাড়িয়েছি। মাননীয় সভাপতি মহাশয় ওঁরা সমবায় আন্দোলনকে ব্যর্থ হবার কথা বলেছেন। অবশ্য গুজরাট, মহারাষ্ট্র, পাঞ্জাব এবং কর্ণাটক যেভাবে এগিয়েছে পশ্চিমবঙ্গ সেইভাবে এগোয় নি। কেন এগোয়নি এই প্রশ্নের উত্তর তো ওঁদের দেবার কথা।

[5-45—5-55 P.M.]

এ প্রশ্নের উত্তর তাঁরা কি দেবেন? গুজরাটে, কর্ণাটকে কংগ্রেস যে জিনিষ করতে পারে, সেখানে আপনারা পারেন নি কেন? এতে নিজেদের মাথা হেঁট হবার কথা। অনাদায়ী ঋনের কথা বলা হয়েছে। এটা কি ৫/৬ বছরে হয়েছে? ১৫০ কোটি কবে থেকে হয়েছে? বিভিন্ন জায়গায় ওরা ঋণ দিয়েছিলেন লোক খুঁজে পাওয়া যায় না। এর জন্য আজকে ওভারডিউ

হয়েছে। এখন আমরা চেষ্টা করছি আদায় করার। বর্গাদারদের কথা বলেছেন। এখন বর্গাদারদের ঋণ পরিশোধের পরিমাণ শতকরা ৮০ ভাগ। ছোটরা দেয়, বড়রা দেয় না। এটাই আমাদের অভিজ্ঞতা। গতকার আমি আমার প্রাথমিক ভাষণে বলেছিলাম ঋণ পরিশোধের কথা আপনারা বলুন। এ বিষয়ে সমালোচনা করলেন, কিন্তু একবার বললেন না ঋণ আদায় করা দরকার। ৫ই নভেম্বর শ্রীমতী গান্ধী ন্যাশনাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচার এ্যাণ্ড রুরাল ডেভালাপমেণ্ট এর সভা উদ্বোধন করতে গিয়ে বলেছেন ঋণ শোধ দিতে হবে। কেন্দ্রীয় মন্ত্রী মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়ে বলেছেন ঋণ শোধ করতে হবে। কিন্তু আপনারা কেউ একথা বললেন না। কাদের ব্রিফ নিয়ে বসে আছেন? জয়নাল সাহেব সংশোধন এনেছেন এবং তাতে বলেছেন ঋণ আদায়ের জন্য কঠোর ব্যবস্থা নিয়েছেন যে যাদের টাকা বাকী পড়েছে তাদের জমি নিয়ে নেওয়াটা বাতিল করা হোক। বড়দের হাজার হাজার টাকা বাকী থাকবে তাদের জমি অধিকার করা যাবে না। অর্থাৎ জোর করে বললেন না যে যারা ঋণ নিয়েছে তাদের ঋণ শোধ করতে হবে। সদস্য সংখ্যা সম্বন্ধে তথ্য চেয়েছেন এবং জনতে চেয়েছেন সদস্য কি বৃদ্ধি পেয়েছে? ১৯৭৭ সালে জুন মাসে সমস্ত রকম সমবায় সমিতি মিলিয়ে সদস্য সংখ্যা ছিল ৪৪'২১ লক্ষ, সেটা ১৯৮২ সালের জুন মাসে বেড়ে হয়েছে ৫৪'৫৪ লক্ষ। অর্থাৎ প্রায় ১০ লক্ষ বেড়েছে। শতকরা ২৫ ভাগ বেড়েছে—এটা কি কম? আজকে আমরা দেখছি কায়েমী স্বার্থের গায়ে সামান্য হাত পড়তেই হৈ চৈ, এক পরিবার থেকে একজনের বেশি হবে ভীষণ আপত্তি, সার্ভিস কমিশনে দারুন আপত্তি, ঋণ আদায়ের কড়াকড়ি করতে হবে দারুন আপত্তি। অর্থাৎ কায়েমী স্বার্থের গায়ে হাত পড়াতে তাঁরা চিৎকার করছেন। একদিকে চোখের জল ফেলছেন, আর একদিকে ক্যাডার করায় ভীষণ আপত্তি। সুব্রতবাবু সংশোধনী এনেছেন এম. এল. এ., এম. পি. কেন থাকবেন না? ১৯৭৩ সালের আইনে কঠোর ব্যবস্থা ছিল আমরা ডাইরেক্টারদের কোন সময় সীমা রাখিনি। এ ব্যাপারে জয়নাল সাহেব বলছেন এক রকম, আর সুব্রতবাবু বলছেন অন্য রকম। জয়নাল সাহেব যে নোট অফ ডিসেণ্ট দিয়েছেন সেটা পড়ে দিচ্ছি: Instead of restricting the growth of vested interests in the co-operative societies the clauses relating to the term of office of the office bearers may prove to help the reverse. যাইহোক, এখানে আরো যে বক্তব্য রাখা হয়েছে আমি সংক্ষেপে তার জবাব দিচ্ছি। মাননীয় সদস্য অতীশবাবু বলেছেন এ্যাপেক্সের ক্ষেত্রে ৬ থেকে ১৫ জন ডাইরেক্টর না রেখে বেশী করা উচিৎ। আমি মনে করি এ্যাপেক্সে অন্যান্যের মত হওয়া উচিৎ। আমরা কর্মচারী থেকে শুরু করেছি, কোথাও এটা নেই, আমরাই আরম্ভ করলাম। আমরা শান্তিপুর কলেজের পুনরাবৃত্তি চাই না, অসমঞ্জ দে, অধ্যাপক, তিনি হয়ে গেলেন প্রেসিডেণ্ট গভর্নিং বডির, আর প্রিন্সিপ্যাল হয়ে গেলেন কর্মচারী। এই জিনিস আমরা চাই না। এখানে ব্যবসায়ী প্রতিষ্ঠানের কর্মচারীকে যুক্ত করতে চাই, দেখি অভিজ্ঞতার ভিত্তিতে দরকার হলে করব। আমরা কর্মচারীদের প্রতিনিধিত্ব দিচ্ছি, দরকার হলে আমরা ভোটাধিকার দেব। কো-অপারেটিভ সোসাইটিতে কোথাও এই জিনিস নেই। এখানে

ফার্টিলাইজারের ব্যবহারের কথা মাননীয় সদস্য জয়নাল আবেদিন জানতে চেয়েছেন। আমাদের অগ্রগতি ওখানে হচ্ছে। ১৯৭৭-৭৮ সালে পশ্চিমবঙ্গে সমবায়ের মাধ্যমে সারের ব্যবহার ছিল ৭৬ হাজার ৪৪১ টন, ১৯৮১-৮২ সালে সেটা বেড়ে হয়েছে ৮৯ হাজার টন। প্রোডাকসানের কথা বলেছেন—হিমুল, মাটিগাড়া ফ্রুট প্রসেসিং, গ্যাঞ্জেস প্রিন্টিং এগুলি আমরা দেখতে পারি, কিন্তু সময় নেই বলে আমি শুধু অভিযোগের কথা বলে আমার বক্তব্য শেষ করব। অভিযোগের কথা তুলেছেন তস্কজ নিয়ে, এই নিয়ে ক্রমাগত গলাবাজী হচ্ছে, হোক, কালকেই নির্দিষ্ট প্রস্তাব আছে, আবার হবে। অস্তজের ব্যবসা বেড়েছে, তাই তো গায়ের জ্বালা, তাই তো দোকানে গিয়ে হামলা হচ্ছে, ভাংচুর হচ্ছে। ( শ্রীসুব্রত মুখার্জী : ব্যবসা বেড়েছে চুরিও বেড়েছে। ) এর জবাব কালকে দেব।

( তুমুল হট্টগোল )

আজকে পান্না লাল মাজী শুধু পশ্চিমবঙ্গে নয় ভারতীয় সমবায় আন্দোলনের একজন বিশিষ্ট নেতা।

( তুমুল হৈ চৈ )

মাননীয় সভাপতি মহাশয়, এদের গায়ে লাগলে আমি নিরুপায়, আমাকে বলতে দিতে হবে। এখানে মাননীয় সদস্য গণেশবাবু এবং আরো ২/৩ জন মাননীয় সদস্য বলেছেন অতীতে কংগ্রেস আমলে কিভাবে দুর্নীতি হয়েছে সমবায়ে। আমি পুরান কথা ছেড়ে দিই, অল্প কয়েকদিন আগে মহারাষ্ট্রে আবদুর রহমান আনতুলে মুখ্যমন্ত্রী থেকে কিভাবে সমবায়ের কাছ থেকে ৫ কোটি টাকা সংসদীয় শিষ্টাচারে না বাধলে আমি বলতাম চুরি করেছে।

( তুমুল গোলমাল )

ইন্দিরা প্রতিভা প্রতিষ্ঠান সমবায়ের উপর এত বড় আঘাত ভারতবর্ষে খুব কম হয়েছে, সুগার কো-অপারেটিভের সদস্যরা জানলেন না, তাঁরা সভা করতে পারলেন না, তাঁদের মত নেওয়া হল না, ইন্দিরা প্রতিভা প্রতিষ্ঠানের আনতুলের স্বার্থের জন্য ৫ কোটি টাকা নেওয়া হল আর বসন্ত দাদা পাতিল এসে বলছেন এই কো-অপারেটিভের টাকা ফেরৎ চাই। এতদিন চেঁচাতে পারেননি। অতএব ওসব কথা বলবেন না। মাননীয় সদস্য অতীশবাবু কনফেডের নির্বাচনের কথা বলেছেন। না বললেই পারতেন, নির্বাচনে হেরে গিয়ে আদালতে গিয়েছেন, আদালত একমাত্র জায়গা। কিন্তু ভুলে গেছেন ওঁদেরই দলের লোক আসানসোল থেকে ভোট দিতে এসেছিল, ধরা পড়ে ল্যাজ গুটিয়ে পালিয়ে গেছে। স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের কথা দেবপ্রসাদবাবু তুলেছেন, আজকে প্রশ্নোত্তরের সময় সেকথা বলা হয়েছে, নতুন করে বলার কিছু নেই।

মাননীয় সভাপতি মহাশয়, আমার বক্তব্য শেষ করতে গিয়ে একথা বলি যে বিরোধী পক্ষ সমালোচনা করছেন করুন, দৃষ্টিভঙ্গীর কিছু তফাৎ আছে, তাই আমরা যখন কায়েমী স্বার্থের গায়ে

হয়েছে। এখন আমরা চেষ্টা করছি আদায় করার। বর্গাদারদের কথা বলেছেন। এখন বর্গাদারদের ঋণ পরিশোধের পরিমাণ শতকরা ৮০ ভাগ। ছোটরা দেয়, বড়রা দেয় না। এটাই আমাদের অভিজ্ঞতা। গতকাল আমি আমার প্রাথমিক ভাষণে বলেছিলাম ঋণ পরিশোধের কথা আপনারা বলুন। এ বিষয়ে সমালোচনা করলেন, কিন্তু একবার বললেন না ঋণ আদায় করা দরকার। ৫ই নভেম্বর শ্রীমতী গান্ধী ন্যাশনাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচার এ্যাণ্ড রুরাল ডেভোলাপমেণ্ট এর সভা উদ্বোধন করতে গিয়ে বলেছন ঋণ শোধ দিতে হবে। কেন্দ্রীয় মন্ত্রী মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়ে বলেছেন ঋণ শোধ করতে হবে। কিন্তু আপনারা কেউ একথা বললেন না। কাদের ব্রিফ নিয়ে বসে আছেন? জয়নাল সাহেব সংশোধন এনেছেন এবং তাতে বলেছেন ঋণ আদায়ের জন্য কঠোর ব্যবস্থা নিয়েছেন যে যাদের টাকা বাকী পড়েছে তাদের জমি নিয়ে নেওয়াটা বাতিল করা হোক। বড়দের হাজার হাজার টাকা বাকী থাকবে তাদের জমি অধিকার করা যাবে না। অর্থাৎ জোর করে বললেন না যে যারা ঋন নিয়েছে তাদের ঋণ শোধ করতে হবে। সদস্য সংখ্যা সম্বন্ধে তথ্য চেয়েছেন এবং জনতে চেয়েছেন সদস্য কি বৃদ্ধি পেয়েছে? ১৯৭৭ সালে জুন মাসে সমস্ত রকম সমবায় সমিতি মিলিয়ে সদস্য সংখ্যা ছিল ৪৪'২১ লক্ষ, সেটা ১৯৮২ সালের জুন মাসে বেড়ে হয়েছে ৫৪'৫৪ লক্ষ। অর্থাৎ প্রায় ১০ লক্ষ বেড়েছে। শতকরা ২৫ ভাগ বেড়েছে—এটা কি কম? আজকে আমরা দেখছি কায়েমী স্বার্থের গায়ে সামান্য হাত পড়তেই হৈ চৈ, এক পরিবার থেকে একজনের বেশি হবে ভীষণ আপত্তি, সার্ভিস কমিশনে দারুন আপত্তি, ঋণ আদায়ের কড়াকড়ি করতে হবে দারুন আপত্তি। অর্থাৎ কায়েমী স্বার্থের গায়ে হাত পড়াতে তাঁরা চিৎকার করছেন। একদিকে চোখের জল ফেলছেন, আর একদিকে ক্যাডার করায় ভীষণ আপত্তি। সুব্রতবাবু সংশোধনী এনেছেন এম. এল. এ., এম. পি. কেন থাকবেন না? ১৯৭৩ সালের আইনে কঠোর ব্যবস্থা ছিল আমরা ডাইরেক্টারদের কোন সময় সীমা রাখিনি। এ ব্যাপারে জয়নাল সাহেব বলছেন এক রকম, আর সুব্রতবাবু বলছেন অন্য রকম। জয়নাল সাহেব যে নোট অফ ডিসেণ্ট দিয়েছেন সেটা পড়ে দিচ্ছি: **Instead of restricting the growth of vested interests in the co-operative societies the clauses relating to the term of office of the office bearers may prove to help the reverse.** যাইহোক, এখানে আরো যে বক্তব্য রাখা হয়েছে আমি সংক্ষেপে তার জবাব দিচ্ছি। মাননীয় সদস্য অতীশবাবু বলেছেন এ্যাপেক্সের ক্ষেত্রে ৬ থেকে ১৫ জন ডাইরেক্টর না রেখে বেশী করা উচিৎ। আমি মনে করি এ্যাপেক্সে অন্যান্যের মত হওয়া উচিৎ। আমরা কর্মচারী থেকে শুরু করেছি, কোথাও এটা নেই, আমরাই আরম্ভ করলাম। আমরা শান্তিপুর কলেজের পুনরাবৃত্তি চাই না, অসমঞ্জ দে, অধ্যাপক, তিনি হয়ে গেলেন প্রেসিডেণ্ট গভর্নিং বডির, আর প্রিন্সিপ্যাল হয়ে গেলেন কর্মচারী। এই জিনিস আমরা চাই না। এখানে ব্যবসায়ী প্রতিষ্ঠানের কর্মচারীকে যুক্ত করতে চাই, দেখি অভিজ্ঞতার ভিত্তিতে দরকার হলে করব। আমরা কর্মচারীদের প্রতিনিধিত্ব দিচ্ছি, দরকার হলে আমরা ভোটাধিকার দেব। কো-অপারেটিভ সোসাইটিতে কোথাও এই জিনিস নেই। এখানে

## CLAUSE 3 to 12

The question Clauses 3 to 12 do stand part of the Bill was then put and agreed to.

## CLAUSE 13

**Shri Atish Chandra Sinha :** Sir, I beg to move that in Clause 13(2) for the word "each" the words "at least eight" be substituted.

I also move that in Sub-Clause (7) of Clause 13, line 1, after the words "State Government" the words "who should not be below the rank of Registrar" be inserted. কো-অপারেটিভ সোসাইটি করতে গেলে সদস্য সংখ্যা কম পক্ষে ১০ জন করেছেন এবং বলেছেন এই ১০ জন ডিফারেন্ট ফ্যামিলি থেকে হতে হবে। আমি আমার এ্যামেণ্ডমেন্টের উপর আলোচনার সময় বলেছিলাম ডিফারেন্ট ফ্যামিলি ১০ জন না করে ৮ জন করুন। এর আগের আইনেও ১৫ জন মেম্বার ছিল এবং তার মধ্যে কম পক্ষে ডিফারেন্ট ফ্যামিলি থেকে ১২ জন আসবে বলা হয়েছিল। আমি আমার বক্তব্যের মধ্যে বলেছি যে, সাধারণতঃ দেখা যায় দু একটি ফ্যামিলি প্রথম উদ্যোগ নিয়ে কো-অপারেটিভ সোসাইটি করতে এগিয়ে আসে। আমরা এটা চাই না যে কো-অপারেটিভ সোসাইটিগুলি বিশেষ ফ্যামিলির কুক্ষীগত হোক। কিন্তু তাসত্ত্বেও বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে আমি বলেছিলাম কম পক্ষে ডিফারেন্ট ফ্যামিলি থেকে ৮ জন আসুক এবং ২ জন একই ফ্যামিলি থেকে হলে এতে আমার মনে হয় অসুবিধা হওয়ার কোন কারণ নেই। এটা আমি মাননীয় মন্ত্রি মহাশয়কে কনসিডার করতে বলেছিলাম।

**Shri Subrata Mukherjee :** Sir, I beg to move that in clause 13(2) in lines 3 and 4 for the words beginning with "each of whom" and ending with "family", the words "at least seven of whom shall belong to seven different families" be substituted.

I also move that in clause 13(5) in lines 5 to 9, for the words beginning with "the Registrar" and ending with the words "aforesaid period" the word "the said Co-operative Society and its bye-laws shall be deemed to have been registered. If the registration is refused within the said period the application shall be referred to the Tribunal within 15 days for the date of such refusal", be substituted.

I also move that in clause 13(5) in lines 9 and 10, for the words "Registration Council" the words "Tribunal" be substituted.

I also move that in clause 13(6) in line 5 for the words "Regitration Council" the word "Tribunal" be substituted.

I also move that clause 13(7)(a) be omitted.

I also move that clause 13(7)(b) be omitted.

মাননীয় চেয়ারম্যান মহাশয়, এটার আর ব্যাখ্যা করে বলার কোন দরকার নাই। এটা নিয়ে আমি বার বার বলেছি, মন্ত্রী মহাশয় সবটাই উড়িয়ে দিয়ে গেছেন। তিনি কি বলেছেন তার কোন মাথা মুণ্ডু নেই। উনি নিজেও বুঝেছেন কিনা জানি না। আমি যা বলতে চেয়েছিলাম উনি সেটা বুঝেছেন কিনা জানি না। আমি বলেছিলাম রেজিষ্ট্রেশন কাউনসিলের মত আলাদা সংগঠন করার প্রয়োজন নেই। ট্রাইবুন্যালের ব্যাপারটা আমি বলেছি। উনি নিজেও জানেন যে ৬/৭টি কেস আসে। তার জন্য একটা নতুন সংগঠন এই ইকনমিক ক্রাইসিসের মধ্যে করার কোন জাষ্টিফিকেসন নেই। উনি একজন পণ্ডিত মানুষ, এটা কেন বুঝতে পারছেন না আমি জানি না। ট্রাইবুন্যালের জুডিসিয়্যাল পাওয়ার আছে। যেখানে বিচার বিভাগের একটা টাচ আছে সেটাকে এ্যাবসোলিউটলি উড়িয়ে দিয়ে নমিনেটেড দুজন লোককে ট্রাইবুন্যাল জাতের মধ্যে ঢুকিয়ে দেওয়া হয়েছে। এইভাবে এটা গতিহীন হয়ে যাচ্ছে। টাকা পয়সা খরচের প্রশ্ন থাকছে। সেই জন্য আমরা মনে করছি নেপোটিজম এবং আমলাতন্ত্রের হাতকে শক্ত করা হচ্ছে। আমি তাই ষ্ট্রংগলি বলছি এই রেজিষ্ট্রেসন কাউনসিল নজিরবিহীন ব্যাপার, এটাকে বন্ধ করে দিন এবং আমার এই এ্যামেণ্ডমেন্টলি গ্রহণ করুন।

**Dr. Sukumar Roy :** Sir, I beg to move that Clause 13 (5) be omitted.

স্যার, আমার যা বক্তব্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব বলবেন।

**Dr. Zainal Abedin :** Sir, I beg to move that Clouse 13 (5) be omitted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, নির্মলবাবু ফরোয়ার্ড ব্লকের মানুষ, নেতাজীর আদর্শে অনুপ্রাণিত। সমাজতন্ত্র-এর কথা বলেন। স্যার, মন্ত্রী মহোদয় যে প্রভিসনটা এখানে এনেছেন সেটা কিন্তু কোন সমাজতান্ত্রিক দেশের নজীর হিসাবে আনেন নি। আই হ্যাড অকেসান টু ভিজিট সাম অব দি সোসালিষ্ট কান্ট্রিজ। কো-অপারেটিভ আইনে যে রেজিষ্ট্রেসন কাউনসিলের প্রভিসন রেখেছেন—দি কনসেপ্ট অব রেজিষ্ট্রেসন কাউনসিল হ্যাজ বিন বরোড ফ্রম সিঙগাপুর। বাংলার আইনে কিন্তু সমাজতান্ত্রিক দেশের অনুকরণে প্রভিসন আনলেন না, অথচ আপনারা নিজেরা সমাজবাদের কথা

বলেন, নেতাজীর আদর্শের কথা বলেন। কোথাকার আইন আপনারা ফলো করতে গেলেন? সিঙ্গাপুরের আইন আপনারা ফলো করলেন, সেইজন্যই ওদের আমরা ধিক্কার দিই। সিঙ্গাপুরে সমাজতন্ত্র আছে বলে আমাদের জানা নেই। আজকে যে সংশোধনী এনেছেন জাষ্ট টু হারমনাইজ দি পার্টিজান এ্যাকটিভিটিজ—পান্নালাল মাজীর মত মানুষদের যাতে স্থায়ী করতে পারে তারই জন্য এই প্রভিসন আনা হয়েছে। আর যারা সৎ নিরপেক্ষ নাগরিক তারা এ্যাপলাই করবে **From tribunal to system of Jury which has been abandonned by the larger mankind in the whole civilised world.**

**[6-05—6-15 P.M.]**

ভারতবর্ষে জুরি সিসটেম নেই, বাংলাদেশে তো নেই, আজকে যে সিসটেমটা ওঁরা নিয়ে আসছেন হাইকোর্টের ডিভিসান বেঞ্চের সঙ্গেও তার তুলনা হয়না, সুপ্রীম কোর্টের ডিভিসান বেঞ্চের সঙ্গে তার তুলনা হয় না। তার পেটোয়া লোককে যাতে এখানে নমিনেট করতে পারেন তার জন্য এই প্রভিসান রেখেছেন। রেজিষ্টার যেটা নাকচ করে দিল, ট্রাইব্যুনাল যেটা নাকচ করে দিল সেটা পাঠিয়ে দেওয়া হচ্ছে তার পেটোয়া লোকের কাছে। সুতরাং এখানে একটা অভিসন্ধির গন্ধ রয়েছে। এটা আমি অপোজ করছি।

**মিঃ চেয়ারম্যান ঃ** মাননীয় সদস্যগণ, আমাদের আলোচনার জন্য সময় নির্দিষ্ট ছিল ৬টা বেজে ১৭ মিনিট পর্য্যন্ত কিন্তু আলোচনার যা গতি দেখা যাচ্ছে তাতে মনে হচ্ছে আরো কিছু সময় লাগবে, আমি সেই জন্য আরো এক ঘণ্টা সময় বাড়ানোর প্রস্তাব করছি, আশা করি মাননীয় সদস্যগণ এতে সম্মত হবেন।

(মাননীয় সদস্যগণ সম্মতি দেবার পর)

সময় আরো এক ঘণ্টা বাড়লো।

**শ্রীনির্মল বসু ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি এই সংশোধনীগুলির কোনটাই গ্রহণ করতে পারছি না। বিরোধীপক্ষের মাননীয় সদস্যগণ এখন যে কথাগুলি বলেন তার সব কথাই তাঁরা ইতিপূর্বে তাঁদের বক্তৃতায় বলেছেন এবং সেখানে প্রতিটি পয়েন্টের উপর আমি জবাব দিয়েছি। সেই জবাব যদি তাঁদের খুশি করতে না পারে তাহলে আমি নাচার। আমি পষ্কারভাবে একথা বলেছি যে একটি পরিবার সমবায়কে নিয়ন্ত্রণ করবে এটা আমরা হতে দেব না। একটা পরিবারের একজনের বেশী থাকবেন না এটা পরিষ্কারভাবে বলতে চাই। রেজিষ্ট্রেশান কাউনসিলের ব্যাপারে জয়নাল সাহেব কি করে বললেন রেজিষ্ট্রারের পর ট্রাইব্যুনাল, ট্রাইব্যুনালের পর রেজিষ্ট্রেশান কাউনসিল আমি বুঝতে পারলাম না। রেজিষ্ট্রারের পরই রেজিষ্ট্রেশান কাউনসিল। এখানে

একজন বিচারবিভাগীয় ব্যক্তি এবং আন্দোলনের একজনকে যুক্ত করেছি। সেখানে কংগ্রেসের লোকও থাকতে পারেন। বহু জায়গায় আছেন, রাজ্য সমবায় ইউনিয়ানের নির্বাচনের মাধ্যমে আসতে পারেন, সুতরাং কে আসবে সেটা বড় কথা নয়, আমাদের কাছে বড় কথা হচ্ছে আন্দোলনের শীর্ষ সংস্থা যুক্ত থাকবে রেজিষ্ট্রেশান পদ্ধতির সঙ্গে। এটা অত্যন্ত গণতান্ত্রিক, এতে দলবাজীর কোন সুযোগ নেই। আর টাকা পয়সার কথা যেটা বলেছেন সেখানে ট্রাইব্যুনাল তো এমনিই আছে। আর রাজ্য সমবায় ইউনিয়ানের যেদিন সভা হবে সেইদিন আসবে, সেখানে মাহিনার কোন ব্যাপার নেই। সরকারী প্রতিনিধির কোন ব্যাপার নেই কাজেই সেখানে খরচ হবে না বললেই চলে। এতে আপত্তি করার কিছু নেই, এতে ভালোই হবে।

The motion of **Shri Atish Chandra Sinha** that in Clause 13(2) for the word "each" the words "at least eight" be substituted.

The motion of **Shri Zainal Abedin** that Clause 13(5) be omitted.

The motion of **Shri Atish Chandra Sinha** that in Sub-Clause (7) of Clause 13, line 1, after the words "State Government" the words "who should not be below the rank of Registrar" be inserted.

The motions of **Shri Subrata Mukherjee** that in Clause 13(2) in lines 3 and 4 for the word begining with "each of whom" and ending with "family" the words "at least seven of whom shall belong to seven different families" be substituted, that in clause 13(5) in lines 5 to 9, for the words begining with "the Registrar" and ending with the words "aforesaid period" the words "the said Co-operative Society and its bye-laws shall be deemed to have been registered. If the registration is refused within the said period the application shall be referred to the Truibunal within 15 days from the date of such refusal", be sustituted, that in clause 13(5) in lines 9 and 10, for the words "Registration Council" the word "Tribunal" be substituted, that in clause 13(6) in line 5 for the words "Registration Council" he word "Tribunal" be substituted, that clause 13(7)(a) be omitted, that clause 13(7)(b) be omitted.

The Motion of **Dr. Sukumar Roy** that clause 13(5) be omitted, were the put and a division taken with the following result :

**AYES**

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Bapuli, Shri Satya Ranjan
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Habibur Rahaman, Shri
Mahata, Shri Subhas Chandra
Mahato, Shri Shantiram
Mishra, Shri Abanti
Misra, Shri Kashinath
Moslehuiddin Ahmed, Shri
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Ray, Shri Naba Kumar
Ray, Shri Phani Bhusan
Roy, Shri Santi Mohan
Roy, Shri Sukumar
Seth, Shri Bhupendra Nath
Shaikh Imajuddin, Shri
Sinha, Shri Atish Chandra

**NOES**

Abdul Quiyom Molla, Shri
Anisur Rahman Biswas, Shri
Bagdi, Shri Lakhan
Banerji, Shri Radhika Ranjan
Barma, Shri Manindra Nath
Basu, Shri Ajit
Basu, Shri Debi Prosad
Basu, Shri Nihar Kumar
Bera, Shri Prabir
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Bose, Shri Nirmal Kumar
Chakrabarty, Shri Ajit
Chakraborty, Shri Subhas
Chatterjee, Shrimati Nirupama
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury Shri Bikash
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Jagadish Chandra
Daud Khan, Shri
De, Shri Sunil
Dey, Shri Lakshmi Kanta
Ghatak, Shri Santi
Ghosh, Shri Robindra
Goppi, Shrimati Aparajita
Gupta, Shri Sitaram
Halder, Shri Krishnadhan
Hazra, Shri Haran

Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Haripada
Kar, Shri Nani
Koley, Shri Barindra Nath
Let, Shri Dhirendra
Mahata, Shri Kamala Kanta
Maity, Bankim Behari
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Majhi, Shri Surendra Nath
Maji, Shri Pannalal
Mal, Shri Trilochan
Malik, Shri Purna Chandra
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Sukumar
Mandi, Shri Sambhunath
Mir Abdus Sayeed, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Munsi, Shri Mohammad Bacha
Murmu, Shri Maheswar
Naskar, Shri Sundar
Oraon, Shri Mohan Lal
Paik, Shri Sunirmal
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
সুতরাং আজকে যে প্রস্তাব এখানে আনা হয়েছে সেটা দেখে মনে হয় ওঁদের শুভ বুদ্ধির সূচনা হয়েছে। এটা দেখে মনে হয় ওনারা এই রাজ্যে আমাদের সঙ্গে থেকে শুভ বুদ্ধির উদ্ভব হয়েছে। এই রেজলিউসনকে কার্য্যকরী করার জন্য ওনাদের দলের তরফ থেকে এবং আমাদের দলের তরফ থেকে প্রতিনিধি গিয়ে এই অবহেলিত বাঁকুড়া, বীরভূম, এবং পুরুলিয়া জেলার কথা জানানো হোক। মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র এবং গুনধর চৌধুরী মহাশয় যে প্রস্তাব এনেছেন সেটা সকলেরই গ্রহণ করা উচিত। এই বলে যে প্রস্তাব এখানে আনা হয়েছে তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশান্তিরাম মাহাতো :** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে বাঁকুড়া হইতে রায়না ব্রডগেজ লাইন করার ব্যাপারে আমাদের কাশীনাথ মিশ্র মহাশয় যে রেজলিউসন এনেছেন তাকে আমি পূর্ণভাবে সমর্থন জানাচ্ছি। এই রেজলিউসন সম্বন্ধে আমার কিছু বলার আছে। এখানে বাঁকুড়া হইতে রায়না ব্রডগেজ লাইনের ব্যাপারে যেভাবে রেজলিউসান আনা হয়েছে সেই ভাবে আমি পুরুলিয়া হইতে কটসিয়া পর্যন্ত ব্রডগেজ লাইন তৈরীর কথা বলতে চাই। আমাদের পুরুলিয়া জেলায় পুরুলিয়া থেকে কটসিয়া পর্যন্ত একটি ন্যারো গেজ আইন আছে। আমার বক্তব্য হচ্ছে এই সভা থেকে এই লাইনের ব্যাপারে একটা রেজলিউসান পাস করে দিল্লীতে পাঠানো হোক। এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ লাইন। এখানে সরকার পক্ষের সদস্য মাননীয় অনিলবাবু যেভাবে বক্তব্য রেখেছেন সেটা অত্যন্ত দুঃখজনক। তিনি বললেন যে, আমাদের করার ইচ্ছা আছে কিন্তু কেন্দ্র আমাদের কিছু করতে দিচ্ছে না। কেন্দ্র সব সময় আমাদের সঙ্গে সংঘাত বাধাবার চেষ্টা করছেন, এই কথা অনিলবাবুর বক্তব্যের মধ্যে ফুটে উঠেছে। তিনি বক্তব্যের মধ্যে সব সময় বিদ্বেষের মনোভাব ব্যক্ত করেছেন এবং সব সময় কেন্দ্রের সঙ্গে একটা ঝগড়ার মনোভাব অনিলবাবুর বক্তব্যের মধ্যে পরিলক্ষিত হয়েছে। এই রেজলিউসান যে আনা হয়েছে সেটা সম্পূর্ণ কংগ্রেস ( আই ) দলের তরফ থেকে আনা হয়েছে। কেন্দ্র যে দল পরিচালনা করছে সেটা আমাদেরই দল। তবুও আমরা আজকে এই প্রস্তাব এখানে এনেছি। কেন এনেছি ? তার কারণ হলো এই বাঁকুড়া, পুরুলিয়া যে অনগ্রসর এলাকা, সেখানে যাতে উন্নতি করা যায় তার জন্য। এই সব এলাকার যাতে অর্থনৈতিক উন্নতি করা যায় সেটা আমাদের দেখতে হবে। কিন্তু এই সরকারের তরফ থেকে এই প্রস্তাব আনা হয় নি। এটা অত্যন্ত সহানুভূতির সঙ্গে দেখতে হবে যাতে বাঁকুড়া এবং পুরুলিয়ার অনগ্রসর এলাকার লোকেদের অর্থনৈতিক উন্নতি ঘটানো যায়। কেন্দ্রের সঙ্গে ঝগড়া করে কি হবে ? এখানে রেজিলিউসান এনে শুধু পাশ করলেই হবে না, এটা যাতে কার্যকরী করা যায় সেই দিকে দৃষ্টি দিতে হবে। এখানকার অনেক মন্ত্রিই তো কেন্দ্রে যান—পঞ্চায়েতের টাকা বরাদ্দ করার জন্য বা খরার ব্যাপারে এবং অন্যান্য ব্যাপার নিয়ে যান। এখানে বাঁকুড়া পুরুলিয়া জেলার মন্ত্রী তো আছেন। তাঁদের এই সব ব্যাপার নিয়ে তো কেন্দ্রকে বলা উচিত। লিখিত রেজলিউসান কেবল পাঠিয়ে দিলেই হবে না, তার জন্য কেন্দ্রের কাছে দরবার করতে হবে। আপনারা যদি এই

সব করতেন তাহলে আমাদের এখানে এই ভাবে রেজলিউসান পেশ করতে হতো না। আমাদের এই বিধানসভাই এই নিয়ে অনেক রেজলিউসান পাস করা হয়েছে। এই সভায় রেজলিউসান পাস করে বসে থাকলেই কাজ হবে না।

[1-20—1-30-P.M. ]

এখানে ন্যারোগেজ লাইনকে ব্রডগেজ লাইনে রূপান্তরিত করার ব্যাপারে যে রেজোলিউশান আনা হয়েছে তার মধ্যে দিয়ে আমি মনে করি পুরুলিয়া এবং বাঁকুড়ার অর্থনৈতিক অবস্থাকে চাঙ্গা করে তোলা সম্ভব হবে। অবশ্য ওখানকার অর্থনৈতিক ব্যবস্থাকে চাঙ্গা করে তুলতে হলে ঘাটশিলা থেকে বাঁকুড়া এবং রায়নার মধ্যে যে ন্যারোগেজ রেল লাইন আছে তাকেও ব্রডগেজ লাইনে পরিবর্তন করার দরকার আছে। কারণ আমাদের পুরুলিয়ার সামনে আছে জামসেদপুর রোড, বোকারো, ধানবাদ, বার্ণপুর, আসানসোল এবং দূর্গাপুর। ঐ সমস্ত অঞ্চলগুলির সঙ্গে যদি পুরুলিয়ার সংযোগ ঘটে, অর্থাৎ ব্রডগেজ লাইন চালু করা যায়, তাহলে অর্থনীতির সমস্ত দিক দিয়ে কিছুটা ভাল হতে পারে। পুরুলিয়া এবং বাঁকুড়ার এগ্রিকালচার আরও ব্যাপক ভাবে হতে পারবে এবং অনেক রকম সুযোগ-সুবিধা আমরা অর্জন করতে পারব। অর্থনৈতিক এবং ব্যবসার দিক দিয়ে ঐ সমস্ত উন্নত জায়গাগুলির সাথে যদি মানুষের যোগাযোগ সম্প্রসারিত হয় তাহলে পুরুলিয়া ও বাঁকুড়ার ব্যবসাদি ও বেকারী অবস্থার কিছুটা উন্নতি সাধন আমরা করতে সক্ষম হব। আমি মনে করি, কাশীনাথ মিশ্র পুরুলিয়া ও ঘাটশিলার ব্যাপারে যে রেজোলিউশান এখানে এনেছেন তা সমর্থন করে কেন্দ্রের কাছে পাঠানো হোক। আমরা চাই, এখানে সিনিয়র মন্ত্রী যাঁরা আছেন—জ্যোতিবাবু থেকে আরম্ভ করে আরও অনেকে—যাঁরা বিভিন্ন জেলা থেকে নির্বাচিত হয়েছেন এবং মন্ত্রী আছেন, তাঁদের এই প্রস্তাবের ব্যাপারে রেজোলিউশান নিয়ে আরও বেশী করে ইনিশিয়েটিভ্ নিতে হবে। তাঁদের কাছে আবেদন, তাঁরা যেন কেন্দ্রের কাছে এ সম্বন্ধে বুঝিয়ে বলেন। শুধু মাত্র কেন্দ্রের সঙ্গে ঝগড়া করলে হবে না, তাদের বুঝিয়ে বলতে হবে। আমরা যদি এই প্রস্তাবের ব্যাপারে একমত হতে পারি তাহলে তা আরও সুন্দর ভাবে সম্ভব হতে পারে ও কার্য্যকরী ব্যবস্থা নেওয়া যেতে পারে। আশাকরি, সিনিয়ার মন্ত্রিরা এদিকে তাঁদের দৃষ্টি দেবেন। খড়্গপুরে যাতে ইলেকট্রি-ফিকেশান হতে পারে, সেখানে যাতে এক্সপ্রেস ট্রেন বা দ্রুতগামী ট্রেন চলতে পারে তারজন্যও কেন্দ্রকে বুঝিয়ে বলার দরকার আছে। আমরা সবাই যদি একমত হয়ে এই কাজে অগ্রসর হতে পারি তাহলে, পুরুলিয়া ও বাঁকুড়ার অনুন্নত অবস্থাকে কিছুটা উন্নতির দিকে নিয়ে যেতে পারব। এই কথা বলে, মাননীয় কাশীনাথ মিশ্র যে প্রস্তাব এখানে এনেছেন, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুভাষ গোস্বামী ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, বিরোধীদলের মাননীয় সদস্য, কাশীনাথ মিশ্র মহাশয় বাঁকুড়া-রায়নায় রেল লাইন সম্প্রসারণের জন্য যে প্রস্তাব এনেছেন এবং

গুণধর চৌধুরী মহাশয় যে সংশোধনী এনেছেন তাকে সমর্থন জানাচ্ছি। এই বিধানসভায় যে সমস্ত প্রস্তাব গ্রহণ করি বা ইতিপূর্বে গ্রহণ করেছি কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণের জন্য, তাঁদের বিবেচনার জন্য, তাতে আমরা লক্ষ করেছি, তাঁরা ঐ সমস্ত প্রস্তাবের উপরে ততখানি গুরুত্ব বা মর্যাদা দেন না।

আপনারা জানেন ইতিপূর্বে রেল লাইন সংক্রান্ত কয়েকটি প্রস্তাব এই সভায় গ্রহণ করা হয়েছে। ঐ এলাকায় আদ্রা খড়্গপুর সেকসানকে বৈদ্যুতিকরণ করার প্রস্তাব আমরা নিয়েছিলাম। পুরুলিয়া থেকে বাঁকুড়ার মধ্যে দিয়ে এক্সপ্রেস ট্রেন চালু করার প্রস্তাব আমরা নিয়েছিলাম। কিন্তু সেসব প্রস্তাবের কি হল তা জানিনা। আজ যে প্রস্তাব কাশীবাবু এনেছেন এর প্রয়োজনীয়তা অনস্বীকার্য। ঐসব এলাকার মানুষকে তাদের রুটি রোজগারের জন্য এদিক ওদিক যেতে হয়। যারা দুধ, ছানা, শব্জী ইত্যাদি উৎপাদন করে তারা তা সব ট্রেনে করে নিয়ে যায়। বর্তমানে এই ট্রেন চলাচল ভীষণ অনিমিয়ত এবং ট্রেনের সংখ্যাও খুব কমে গেছে। অনেকের আশংকা হয়ত কোনদিন এই লাইন তুলে না দেওয়া হয়। সুতরাং এই প্রস্তাব খুব সময়োপযোগী। তাই প্রস্তাব পাশ করে যদি আমরা, যা শান্তিবাবু বললেন, কেন্দ্রীয় রেল মন্ত্রীর সঙ্গে যোগাযোগ না করি তাহলে এই প্রস্তাব পাশ করে কিছু হবে না। শুধু এ বিষয় নয় আরও অনেক বিষয় নিয়ে তাঁর সঙ্গে কথা বলতে চাই। এই কথা বলে যে প্রস্তাব এসেছে তাকে সংশোধনী সহ সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, আমি যে প্রস্তাব এনেছি তার উপরে শ্রীগুণধর চৌধুরী যে এমেণ্ডমেন্ট দিয়েছে সেই এমেণ্ডমেন্ট দুটি গ্রহণ করছি। কেননা, তিনি চেয়েছেন "পশ্চিমবাংলার উন্নয়নের অগ্রগতি" এবং তার সঙ্গে "ব্রডগেজে রূপান্তরিত করিয়া" যোগ করা হোক। নিশ্চয় এ দুটি গ্রহণযোগ্য। ১৯৬৭ সালে মেসার্স ম্যাকলাউড এণ্ড কোম্পানীর অধীনে এই রেল কোম্পানী ছিল। তখন ৩ জোড়া প্যাসেনজার ট্রেন এবং এক জোড়া গুডস ট্রেন চলতো। যে জেলার অগ্রগতি ক্রমবর্ধমান সেটা হচ্ছে বর্ধমান জেলা গ্র্যানারী অফ বাঁকুড়া হল পাঁসাই, সইসপুর, বেলিয়াতোড়, সোনামুখী, ইন্দাস ইত্যাদি। এইসব জায়গার সঙ্গে এই লাইন যুক্ত।

[1-30—1-40 P.M.]

এই যে ৯৭ কিলোমিটার রেল লাইন, এটা ন্যারো গেজ লাইন। আর যে জেলার সঙ্গে যুক্ত সেই জেলাটা হচ্ছে পশ্চিমবঙ্গে অন্যতম কৃষিপ্রধান এবং সবচেয়ে অনগ্রসর জেলার মধ্যে অন্যতম। এই ট্রেনের মাধ্যমে দেখা গেছে এই জেলার উৎপন্ন চাল, ধান, আলু, তরীতরকারী সোনারপুর, বাগনান, কালীঘাট, খিদীরপুর ইত্যাদি বাজারে পৌছোত। তাতে কি হোত? এর ফলে ঐ জেলার কৃষিজীবীরা তাঁদের দুর্দশাগ্রস্থ অর্থনৈতিক কাঠামো, ঐ অনগ্রসর জেলার অর্থনৈতিক

কাঠামোকে বাঁচানোর জন্য ধার দেনা করে ফসল উৎপন্ন করতেন এবং যেহেতু একটিই গাড়ী সেই কারণে এর মাধ্যমে তাঁরা আর একটি শিল্পাঞ্চলের সঙ্গে যুক্ত হতেন, এতে ঐসব মানুষের জীবনে কিছুটা আশার আলো দেখা দিত, ফলে দুরবস্থার মধ্যে থেকেও চাষ করবার মানসিকতায় ফিরে আসতেন।

মাননীয় চেয়ারম্যান স্যার, এই গাড়ী যখন সাউথ-ইষ্টার্ণ রেলওয়ে অধিকগ্রহণ করেছিলেন, (এই অধিকগ্রহণ তদানিন্তন সময়ে করেনি, তার ম্যানেজমেন্ট অধিকগ্রহণ করেছিল) তখন দেখা গেছে এই বি. ডি. আর. ৬৭ সালে যে তিন জোড়া ট্রেন চালাতো সেই ট্রেনের সংখ্যা ক্রমশঃ কমতে কমতে দুই জোড়া ট্রেন মাত্র চলছে। এখন সেখানে দুইটি ডাউন দুইটি আপ ট্রেন বন্ধ হয়ে গেছে। এখন একজোড়া ট্রেনও প্রায় বন্ধ আছে। এর ফলে সেখানকার মানুষের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে, যে কথা মাননীয় সদস্য শ্রীঅনিল মুখার্জী মহাশয় বলেছেন। আমরা বিভিন্ন সময় বিভিন্নভাবে এমন কি বিধানসভার মাধমে প্রস্তাব পাঠিয়েছি এবং মাননীয় রেলমন্ত্রি মহাশয় গত এপ্রিল মাসে যখন বাঁকুড়া গিয়েছিলেন তখন যেমন বামফ্রন্টের প্রতিনিধিবৃন্দ দেখা করেছিলেন তেমনি আমাদের দলীয় প্রতিনিধিরাও দেখা করে প্রায় যৌথভাবে এই সব দাবীগুলি জানান। দাবীগুলি হচ্ছে আদ্রা ডিভিশনকে ইকেকট্রিফিকেশন করা, বন্যার পর থেকে হাওড়া গোমা গাড়ীটি আর হাওড়া পর্যন্ত আসছেনা—সেটা যাতে হাওড়া পর্যন্ত আসে তার ব্যবস্থা করা, এই লাইনে দ্রুতগামী ট্রেন অবিলম্বে প্রবর্তন করা। এইসব দাবী রেল মন্ত্রি মহাশয়ের কাছে জানানো হয়েছে এবং তিনি আসার পর এই বি. ডি. আর লাইনে যে তিন জোড়া গাড়ী বন্ধ ছিল সেগুলো চালু করতে হবে। অবশ্য এখানে বলছি তাঁর নির্দেশে একজোড়া ট্রেন ইতিমধ্যে চালু হয়েছে।

মাননীয় চেয়ারম্যান স্যার, সবচেয়ে বড় কথা, এই লাইনের কোন উন্নতি হয়নি। বিভিন্নভাবে রেল মন্ত্রকের কাছে যে রিপোর্ট আছে তাতে বলা আছে বাঁকুড়া জেলার যোগাযোগের মাধ্যমই হচ্ছে বাস। আপনি জানেন স্যার, ৬৭ সালে একটি প্রাইভেট কোম্পানীর কাছ থেকে সরকার একে অধিগ্রহণ করেন। এই বি. ডি. আর-এর বর্তমানে যে ষ্টাফ প্যাটার্ণ সেই প্যাটার্ণ অনুযায়ী বর্তমানে যে কয়েকটি ট্রেন চলে, যে কয়টি গুডস্ ট্রেন চলে তার মাধ্যমে রেল কর্তৃপক্ষের লোকসান কখনই হতে পারে না।

আমি মাননীয় মন্ত্রি মহাশয়কে বললাম যে এই যে লোকসান হবে, সেই লোকসান কাটাবার জন্য ব্যবস্থা করতে হবে। কারণ আজকে এই রেল লাইন ন্যারোগেজ লাইন। তারকেশ্বরের সাথে এবং কলকাতার সাথে যদি এই ন্যারোগেজ লাইনের যোগাযোগ করা হয় তাহলে বাঁকুড়া, বর্ধমান এবং পুরুলিয়ার মানুষের খুব উপকার হবে। ৯৭ কিলোমিটারের রেল লাইনে অধিগ্রহণ করতে হবে। সেখানে ন্যারোগেজ লাইনকে যদি ব্রডগেজ লাইনে রূপান্তরিত করা যায় তাহলে খুব উপকার হবে। ২৭ কিলোমিটারের তারকেশ্বর টু রায়নার দুরত্ব। এই ২৭ কিলোমিটারের মধ্যে

আমরা দেখি যে একটি ৬০০ ফুট দামোদরের জায়গা আছে। সেখানে একটি সেতু করা যাবে। বর্ধমানের কৃষিক্ষেত্রের পাশ দিয়ে নিয়ে যাওয়া অনেক বেশী ব্যয় সাধ্য। কিন্তু রায়না টু তারকেশ্বর যদি করে তাহলে ব্যয় অনেক কম হবে। এই ৬০০ ফুটের মধ্যে ২টি ছোট নালা আছে। সেই নালা দুটিকে ঠিক করতে হবে। আমার মনে হয় তাতে ব্যয় বেশী হবে না। আমাদের রেল মন্ত্রকের দপ্তরটি অতি গুরুত্বপূর্ণ দপ্তর। ভারতবর্ষের মধ্যে তো বটেই এশিয়ার মধ্যেও বড় মন্ত্রক। একটি সবচেয়ে বড় দপ্তর। সেই দপ্তরের কাজ বিভিন্ন ভাবে এগিয়ে চলেছে। আমরা আশাকরি এই দপ্তরের আরো উন্নতি হোক। সেখানে এই বড় দপ্তরের মন্ত্রী হচ্ছেন পশ্চিমবাংলার একজন ব্যক্তি। রেলমন্ত্রি হিসাবে তিনি পশ্চিমবাংলার দিকে যথেষ্ট নজর দিচ্ছেন তার চিত্র আপনারা পেয়েছেন। কোন কোন জায়গায় রেল লাইন এখানে বসানো সম্ভব তিনি তারজন্য চেষ্টা করছেন। হয়তো সব জায়গায় চেষ্টা করা সত্ত্বেও কার্য্যকরী হয়ে ওঠেনি। সেই সব প্রশ্ন আপনারা করেছেন কেন কার্য্যকরী হয়নি ইত্যাদি। সেই প্রস্তাবগুলির ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য মাননীয় সদস্যরা যেসব কথা বলেছেন তাতে আমি একমত। যৌথভাবে যদি কেন্দ্রীয় সরকারের কাছে এই ব্যাপার নিয়ে ডেপুটেশানে যাওয়া হয় তাতে আমাদের কোন আপত্তি নেই। আমাদের যে সরকারই হোক না কেন আজকে আমাদের পশ্চিমবঙ্গের ন্যায্য দাবী পূরণের জন্য আমরা কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করবো। সেখানে কেন্দ্রীয় সরকারের যদি দৃষ্টি বর্হিভূত হয়ে থাকে আমরা তা আকর্ষণ করার চেষ্টা করবো। মাননীয় চেয়ারম্যান স্যার, রায়না টু তারকেশ্বরের দুরত্ব ২৭ কিলোমিটার অর্থাৎ ১৭ মাইল। এবং এই দুরত্ব যাতে কার্য্যকরী করা যায়। সেটা কার্য্যকরী করতে তারকেশ্বরের লাইনের এক্সটেনশান দরকার এবং ব্রডগেজ যাতে করা যায় তাহলে অনেক উপকার হবে। আমাদের এই লাইন হলে বাঁকুড়া, বর্ধমানের মানুষের উপকার হবে। বহু শিল্পাঞ্চল এখানে আছে। এই লাইনটি তৈরী হলে বহু শিল্পাঞ্চলের মধ্যে যোগাযোগ বাড়বে এবং সেখানে ট্রান্সসিপমেণ্ট বেশী বাড়াতে হবে। এই ট্রান্সসিপমেণ্ট বাড়লে এইসব জায়গায় যে অনগ্রসরতা দেখা যায় তা কিছুটা দূর হবে এবং সেখানে অগ্রগতির কিছুটা সুচনা হবে।

[1-40—1-50 P.M.]

বাঁকুড়া জেলায় কোন শিল্প নেই, শিল্প স্থাপনের জন্য ইনফ্রাসট্রাকচারের মধ্যে সেখানে ল্যাণ্ড, লেবার এবং ক্যাপিট্যাল যেমন আছে তার সাথে যদি যোগাযোগ ব্যবস্থা হয় তাহলে মানুষের যাতায়াতের যেমন সুবিধা হবে তার সাথে শিল্পাঞ্চল এলাকা বলে আরো বেশী সুযোগ পাবে। শুধু বাঁকুড়া জেলা কেন পুরুলিয়া জেলা সহ বর্ধমান জেলার ইনডাষ্ট্রিয়াল বেল্ট বাদ দিয়ে যেসব জায়গাগুলি কৃষি প্রধান এলাকা কিন্তু যোগাযোগ বিচ্ছিন্ন, যেমন রায়নার পরে যেসব স্টপেজগুলি আছে যেসব গ্রামগুলি আছে সেইসব গ্রামের মানুষের যোগাযোগ ব্যবস্থা আরো সুন্দর হয়ে উঠবে। আমি মনে করি দক্ষিণ দামোদর সহ দক্ষিণ হুগলীর বিভিন্ন অঞ্চলে যে উৎপাদিত জিনিষ আছে সেগুলির পরিবহনে এতে সুবিধা হবে এবং ঐ অঞ্চলের চাষীদের সেখানে ব্যবসা করবার সুযোগ-

সুবিধা আরো বৃদ্ধি পাবে। বর্তমানে যে অর্থনৈতিক দুরবস্থার কথা বলা হয় সেই অর্থনৈতিক দুরবস্থা থাকা সত্ত্বেও সরকারের এমন কতকগুলি কাজ আছে যে কাজের দিকে বিভিন্ন চাপ থাকা সত্ত্বেও সে রাজ্য সরকার হোক কিংবা কেন্দ্রীয় সরকার হোক তাঁদের দৃষ্টি আকর্ষণ করতে হবে এবং প্রয়োজন হলে চাপ সৃষ্টি করতে হবে এবং আমাদের সর্ব দলীয় দাবি পরিষ্কারভাবে জানতে হবে। তাই মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে যে প্রস্তাব আমি বিধানসভায় উত্থাপন করেছি মাননীয় সদস্য মহাশয়রা যেভাবে সেই প্রস্তাবকে সমর্থন জানিয়েছেন তাতে আমি তাঁদের ধন্যবাদ জানাচ্ছি এবং মাননীয় সদস্য গুনধর চৌধুরী মহাশয় যে এ্যমেণ্ডমেণ্ট দুটি এনেছেন আমি তা গ্রহণ করছি।

The motion of **Shri Gunadhar Chaudhury** that—

(i) In para 4, line 1, for the words উক্ত জেলা দুটির অনগ্রসর অর্থনৈতিক কাঠামোর উজ্জীবিত করার "পশ্চিমবাংলার উন্নয়নের অগ্রগতি" be substituted and

(ii) In para 4, in line 4, after the word "রেলপথটিকে" the words "ব্রডগেজে রূপান্তরিত করিয়া" be substituted, was then put and agreed to.

The motion of **Shri Kashinath Mishra** as amended that—যেহেতু বাঁকুড়া হইতে রায়না পর্যন্ত ৯৭ কিলোমিটার বি ডি আর লাইনটি দক্ষিণ-পূর্ব রেলওয়ে অধিগ্রহণ করার পর উক্ত রেলপথে ট্রেন চলাচলের অবনতি হইয়াছে;

যেহেতু ঐ রেলপথটি অধিগ্রহণ করায় পূর্বের তুলনায় বর্তমানে ট্রেনের সংখ্যা কমিয়া গিয়াছে;

যেহেতু ঐ রেলপথের উপর বাঁকুড়া ও বর্ধমান জেলার লক্ষ লক্ষ যাত্রী সাধারণকে কলিকাতা ও শিল্পাঞ্চলের সহিত যোগাযোগ রক্ষার জন্য নির্ভর করিতে হয়;

সেইহেতু পশ্চিমবাংলার উন্নয়নের অগ্রগতি ও জনজীবনের অপরিহার্য প্রয়োজনীয়তার কথা বিবেচনা করিয়া এই বিধানসভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাইতেছে যে বাঁকুড়া হইতে রায়না পর্যন্ত ব্রডগেজে রূপান্তরিত করিয়া রেল চলাচলের সামগ্রিক উন্নতি করার এবং ঐ রেলপথটিকে হাওড়ার সঙ্গে সংযুক্ত করার জন্য সর্বপ্রকার ব্যবস্থা গ্রহণ করা হোক, I was then put and agreed to.

**শ্রীমতী কর :—** স্যার, আই বেগ টু মুভ দ্যাট—

যেহেতু বিগত ৩৫ বৎসরের মধ্যে পশ্চিমবংগের উদ্বাস্তু সমস্যার কোন সুষ্ঠু সমাধান হয় নাই;

যেহেতু উদ্বাস্তুদের অর্থ-নৈতিক পুনর্বাসন হইলে পশ্চিমবংগের সাধারণ উন্নতির সহায়ক হইবে;

যেহেতু ১৯৫০ সালের পর গঠিত জবর দখল কলোনীর দ্রুত স্বীকৃতি দান ও সরকারী কলোনীর প্লট ও গৃহসমূহের মালিকানা উদ্বাস্তুদের মধ্যে বিতরণের মাধ্যমে এই সমস্যার দ্রুত সমাধান সম্ভব ; এবং

যেহেতু উদ্বাস্তু পুনর্বাসন একটি জাতীয় সমস্যা এবং এই সমস্যা সমাধানের সমস্ত আর্থিক দায়দায়িত্ব কেন্দ্রীয় সরকারের ;

সেইহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাইতেছে যে তাঁরা যেন "রাজ্য পুনর্বাসন কমিটির" সুপারিশ অবিলম্বে মানিয়া নেন। এই সভা কেন্দ্রীয় সরকারকে আরও অনুরোধ জানাইতেছে যে তাঁরা যেন উদ্বাস্তুদের পুনর্বাসনের পূর্ণ দায়দায়িত্ব গ্রহণ করেন, রাজ্য সরকারকে এই ব্যাপারে ৭৫০ কোটি টাকা মঞ্জুর করেন এবং রাজ্যসরকারের সংগে সর্বপ্রকার সহযোগিতা করেন।

মাননীয় চেয়ারম্যান, স্যার, আমার প্রস্তাবের মূল কথা হচ্ছে, কেন্দ্রীর সরকার রাজ্য সরকার নিয়োজিত পুনর্বাসন কমিটির যে সুপারিশ তা অবিলম্বে মেনে নিন এবং নীচু তলার উদ্বাস্তুদের যাদের আয় খুব কম অন্ততঃ সেই মানুষদের কিছুটা বাঁচাবার ব্যবস্থা করার জন্য রাজ্যের হাতে ৭৫০ কোটি টাকা দেন। আপনি জানেন যে ৩৫ বছর পূর্বে যে সমস্যার সৃষ্টি হয়েছিল, যে সমস্যার বিষয়ে আলোচনা করার জন্য আজকে বিধানভায় প্রস্তাব উত্থাপন করা, এটা নিশ্চয়ই আমাদের পক্ষে খুব সুখকর হচ্ছে না। আপনি জানেন যে ১৯৪৭ সালে আমাদের দেশের ততকালের জাতীয় নেতারা দ্রুত মসনদে বসানোর জন্য দেশ ভাগের ফলে এই উদ্বাস্তু সমস্যার সৃষ্টি হয়েছিল। সেই সমস্যা সমাধান আজও পশ্চিমবাংলার ক্ষেত্রে হয়নি। আপনি জানেন যে উদ্বাস্তু পশ্চিম পাকিস্তান থেকেও এসেছে এবং পূর্ব বাংলা থেকেও এসেছে। কিন্তু পশ্চিম পাকিস্তান থেকে যারা এসেছিলেন তাদের পুনর্বাসনের সমস্যার সমাধান করার জন্য কেন্দ্রীয় সরকার একটা নির্দিষ্ট নীতি নিয়েছিলেন এবং তা কার্যকরী করেছিলেন এবং তার ফলে সব না হলেও খানিকটা পশ্চিম পাকিস্থানের উদ্বাস্তুদের সমস্তার সমাধান হয়েছে। এতে আমরা সকলেই খুসী। কিন্তু পূর্ব বাংলা থেকে যে উদ্বাস্তু এসেছেন, যাদের সংখ্যা প্রায় ৮০ লক্ষ, সেই উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য কোন পরিকল্পনা দেন্দ্রীয় সরকার কখনও গ্রহণ করেন ন। আজকে এটা ভাবতে লজ্জা হয় যে ৩৫ বছর পরেও আজও রেল লাইনের পাশে, বড় রাস্তার পাশে ঝুপড়িতে হাজার হাজার উদ্বাস্তু পরিবার বসবাস করছে। আজকে উদ্বাস্তুদের জন্য কেন্দ্রীয় সরকারের যে পরিকল্পনা ছিলনা, আমি তার জন্য কয়েকটি কথা আপনাকে বলতে চাই। প্রথমে যে কথা বলতে চাই সেটা হচ্ছে, শ্রীহিরন্ময় ব্যানার্জী, পুনর্বাসন কমিশনার ছিলেন ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে। তিনি উদ্বাস্তু সম্বন্ধে বই লিখেছিলেন। তার বই এর ৫৯ পৃষ্ঠায় বলেছেন, নুতন উদ্বাস্তুদের পুনর্বাসনের সুযোগ দেওয়া হবেনা, কেবলমাত্র সাময়িক আশ্রয় দেওয়া হবে। তারপর ১৯৫০ সালের ২রা মার্চ মোহনলাল সাকসেনা রাইটার্স বিল্ডিংসে

সভা করেছিলেন ত্রিপুরা, আসাম, উড়িষ্যা এবং পশ্চিম বাংলার প্রতিনিধিদের নিয়ে এবং সেখানে দাঁড়িয়ে তিনি বলেছিলেন—অবশ্য এর আগে ১৯৫০ সালের ফেব্রুয়ারী মাসে নেহেরু লিকায়ত চুক্তি হয়ে গেছে এই চুক্তির ফলে উদ্বাস্তুদের আর কোন দায়িত্ব নেওয়া হবে না। তারপর ওয়ার্কিং গ্রুপের যে রিপোর্ট কেন্দ্রীয় সরকার প্রকাশ করেছেন, সেই রিপোর্টের ৫ পৃষ্ঠায় আছে, These who migrated between April, 1958 and **December, 63, they** are not eligible for any rehabilitation assistance. **No relief and rehabilitation** benifit would be given to the persons coming over to **India after 31st** March, 1958 শুধু সেখানেই শেষ করেন নি। এই রিপোর্টের ৬ পাতায় কি আছে সেটা দেখুন। সেখানে বলেছেন, A policy decision was taken in 1964 in consulation with the State Government that relief and rehabilitation assistance would be admissble only to those of the new migrants who sought admission to relief camps outside West Bengal and were willing to be resettled outside that State. The 6 lakh new migrants who remained in West Bengal were therefore not eligible for any relief and rehabilitation benefit.

[1-50—2-00 P.M.]

শুধু সেখানেই তারা শেষ করেননি, এখানে ১৯৭১ সালের পর যারা এসেছে, তাদের এখন নাগরিক অধিকারের কোন প্রশ্ন নেই। তাহলে স্যার, অবস্থাটা কি দাঁড়ালো? ১৯৫০ সালের পর যারা এলেন, তাদের শুধু রিলিফ দেওয়া হবে, তাদের জন্য অন্য কোন ব্যবস্থা নেই। ১৯৫৪ সাল থেকে যারা এলেন, আজকে তাদের জন্য কোন রিহ্যাবিলিটেশনের ব্যবস্থা নেই, পশ্চিমবাংলায় যদি তারা বাস করতে চায় এবং ১৯৭১ সালের পর যারা এলেন, তাদের জন্য তো নাগরিক অধিকারের কোন ব্যবস্থা নেই। অর্থাৎ উদ্বাস্তুদের পুনর্বাসন পশ্চিমবাংলায় দিতে হবে, এই বিষয়টা নিয়ে কেন্দ্রীয় সরকার কখনও পরিকল্পনা করেননি। সমস্ত সময় কোন না কোন রিলিফ দিয়ে এই কাজই শেষ করতে চেয়েছেন। উদ্বাস্তুদের উপায় ছিল না, যখন উদ্বাস্তুদের জন্য কোন ব্যবস্থা করা হচ্ছে না, তার জন্য উদ্বাস্তুরা জলা জংগল দখল করেছে, তারা নিজেদের পুনর্বাসন নিজেরা করার জন্য তারা সেখানে জবর দখল কলোনী করেছে। ১৯৫০ সালের আগে এই রকম ১৪৯টি কলোনী তৈরী হয়েছিল। ১৯৫০ সালের পর ৮৬০টি কলোনী তৈরী হয়েছে এবং সেখানে মোট বর্তমানে জবর দখল কলোনীর সংখ্যা হচ্ছে ১০০৯টি এবং এই জবর দখল কলোনীতে বাস করে প্রায় ১ লক্ষ ২০ হাজার পরিবার। যেখানে জবর দখল কলোনী করে বাস করতে হয়েছে, সংখ্যাটা যেখানে বললাম ১০০৯টি, তার মধ্যে কেন্দ্রীয় সরকার বাধ্য হয়ে এখন পর্যন্ত মেনে নিয়েছেন ১৯৫০ সালের আগের ১৪৯টি কলোনী আর ১৯৫০ সালের পরের ১৪৫টি কলোনী। এখনও পর্যন্ত বাকী

কলোনীগুলোকে তারা স্বীকার করেন না। এই সময়ের মধ্যে সরকারী কলোনী কটা করেছেন ওরা? ৫২০টি, অর্থাৎ উদ্বাস্তুদের ব্যাপারে কেন্দ্রীয় সরকার—এর সাহায্যে যে কলোনী প্রতিষ্ঠা করার কাজ, সেই কাজটা তারা করেন নি। তাদের জন্য শিল্প স্থাপনা করে চাকরি দেবার ব্যাপারে আর. আই. সি.'র মত একটা পংগু শিল্প প্রতিষ্ঠান করা ছাড়া অন্য কোন কাজ করেন নি। বরং কিছু কিছু মালিককে তারা যে টাকা দিয়েছিলেন আর. আই. সি.'র পক্ষ থেকে, সেই টাকা তারা শোধ দেয়নি এবং উদ্বাস্তুদের কাজ দেয়নি। সেই মালিকদেরও তারা কিছু করতে পারেন নি। এই অবস্থার মধ্যে উদ্বাস্তুদের সংগঠণ ইউ. সি. আর. সি., আজকে তারা আন্দোলন শুরু করেছে এবং ১৯৫২ সালে প্রথম মার্কিন কমিটির কাছে তারা প্রথম সুপারিশ করলেন যে উদ্বাস্তু পুনর্বাসনের জন্য কিছু করার প্রয়োজন আছে। মার্কিন কমিটি, তারা শেষ পর্যন্ত স্বীকার করলেন, কেন্দ্রীয় সরকার সমস্ত ব্যাপারটা ঠিক মত করছেন না। এই জিনিষটা স্বীকার করলেন। কিন্তু তাতে কিছু এলো গেল না। কেন্দ্রীয় সরকার তাদের পলিসি পরিবর্তন করলেন। ১৯৫৬ সালে ডাঃ বিধান চন্দ্র রায় যখন মুখ্যমন্ত্রী, তাঁর কাছে উদ্বাস্তুদের বিকল্প পুনর্বাসনের পরিকল্পনা ইউ. সি. আর. সি.'র পক্ষ থেকে হাজির করা হয়েছিল। সেই পরিকল্পনা সেখানে গ্রহণ করা হয়নি। তারপর এম. পি. দের নিয়ে একটা কমিটি হয়েছিল, কেন্দ্রীয় সরকারের মন্ত্রীদের মধ্যে এ. পি. জৈন যার বড় কর্তা ছিলেন, তাঁদের কাছেও আবার এই দাবী উত্থাপন করা হয়েছিল। শুধু মাত্র কিছু জবর দখল কলোনীকে স্বীকৃতি দেওয়া ছাড়া ততকালীন কি রাজ্য সরকার, কি কেন্দ্রীয় সরকার, কখনও পুবর্বাসনের কোন পরিকল্পনা গ্রহণ করেন নি। কেবল মাত্র ১৯৬৭ সালে ইউনাইটেড ফ্রন্ট গভর্ণমেণ্ট যখন হয়, সেই গভর্ণমেণ্টের মন্ত্রী হিসাবে শ্রদ্ধেয় নেতা নিরঞ্জন সেন মহাশয়, তিনি ২৫০ কোটি টাকার একটা মাস্টার প্ল্যান উত্থাপন করেছিলেন কেন্দ্রীয় সরকারের কাছে, তারা সেটা গ্রহণ করেন নি। পরবর্তীকালে সিদ্ধার্থ শংকর রায়ের ১৯৭২ সালের সরকার, তারাও একটা পরিকল্পনা ঠিক করেছিলেন, সেই পরিকল্পনা ১৫০ কোটি টাকার পরিকল্পনা, সেই পরিকল্পনাকেও ততকালীন ইন্দিরা সরকার অনুমোদন করলেন না। তারপর তা নিয়ে ততকালীন সরকার আর অগ্রসর হননি। ১৯৭৭ সালে এলো উদ্বাস্তুদের নুতন আশার আলো হিসাবে বামফ্রন্ট সরকার। তারা প্রথমেই ৫০০ কোটি টাকা চেয়েছিলেন সপ্তম অর্থ কমিশনের কাছে। সেই টাকাও কেন্দ্রীয় সরকার মঞ্জুর করেন নি। ১৯৭৮ সালে পশ্চিমবঙ্গের রাজ্য সরকার রিহ্যাবিলিটেশন কমিটি করে সমর মুখার্জী, এম. পি.'র নেতৃত্বে একটি কমিটি নিয়োগ করেন। সেই কমিটি কলোনীগুলো ঘুরে ঘুরে, বিভিন্ন মহল্লা ঘুরে, পশ্চিমবাংলার সমস্ত জেলায় ঘুরে তথ্য সংগ্রহ করেছেন এবং তথ্য সংগ্রহ করে একটা রিপোর্টে শুধুমাত্র নিচের তলার মানুষ, যাদের আয় খুব কম, দারিদ্র সীমার নীচে বাস করে, সেই সমস্ত মানুষদের সাধারণ ভাবে পুনর্বাসন দেবার জন্য, তাদের জন্য কিছু শিল্প স্থাপনা করার জন্য আজকে অন্তত পক্ষে ৭৫০ কোটি টাকার দরকার।

সভা করেছিলেন ত্রিপুরা, আসাম, উড়িষ্যা এবং পশ্চিম বাংলার প্রতিনিধিদের নিয়ে এবং সেখানে দাঁড়িয়ে তিনি বলেছিলেন—অবশ্য এর আগে ১৯৫০ সালের ফেব্রুয়ারী মাসে নেহেরু লিকায়ত চুক্তি হয়ে গেছে এই চুক্তির ফলে উদ্বাস্তুদের আর কোন দায়িত্ব নেওয়া হবে না। তারপর ওয়ার্কি গ্রুপের যে রিপোর্ট কেন্দ্রীয় সরকার প্রকাশ করেছেন, সেই রিপোর্টের ৫ পৃষ্ঠায় আছে, These who migrated between April, 1958 and December, 63, they are not eligible for any rehabilitation assistance. No relief and rehabilitation benifit would be given to the persons coming over to India after 31st March, 1958 শুধু সেখানেই শেষ করেন নি। এই রিপোর্টের ৬ পাতায় কি আছে সেটা দেখুন। সেখানে বলেছেন, A policy decision was taken in 1964 in consulation with the State Government that relief and rehabilitation assistance would be admissble only to those of the new migrants who sought admission to relief camps outside West Bengal and were willing to be resettled outside that State. The 6 lakh new migrants who remained in West Bengal were therefore not eligible for any relief and rehabilitation benefit.

[1-50—2-00 P.M.]

শুধু সেখানেই তারা শেষ করেননি, এখানে ১৯৭১ সালের পর যারা এসেছে, তাদের এখন নাগরিক অধিকারের কোন প্রশ্ন নেই। তাহলে স্যার, অবস্থাটা কি দাঁড়ালো? ১৯৫০ সালের পর যারা এলেন, তাদের শুধু রিলিফ দেওয়া হবে, তাদের জন্য অন্য কোন ব্যবস্থা নেই। ১৯৫৪ সাল থেকে যারা এলেন, আজকে তাদের জন্য কোন রিহ্যাবিলিটেশনের ব্যবস্থা নেই, পশ্চিমবাংলায় যদি তারা বাস করতে চায় এবং ১৯৭১ সালের পর যারা এলেন, তাদের জন্য তো নাগরিক অধিকারের কোন ব্যবস্থা নেই। অর্থাৎ উদ্বাস্তুদের পুনর্বাসন পশ্চিমবাংলায় দিতে হবে, এই বিষয়টা নিয়ে কেন্দ্রীয় সরকার কখনও পরিকল্পনা করেননি। সমস্ত সময় কোন না কোন রিলিফ দিয়ে এই কাজই শেষ করতে চেয়েছেন। উদ্বাস্তুদের উপায় ছিল না, যখন উদ্বাস্তুদের জন্য কোন ব্যবস্থা করা হচ্ছে না, তার জন্য উদ্বাস্তুরা জলা জংগল দখল করেছে, তারা নিজেদের পুনর্বাসন নিজেরা করার জন্য তারা সেখানে জবর দখল কলোনী করেছে। ১৯৫০ সালের আগে এই রকম ১৪৯টি কলোনী তৈরী হয়েছিল। ১৯৫০ সালের পর ৮৬০টি কলোনী তৈরী হয়েছে এবং সেখানে মোট বর্তমানে জবর দখল কলোনীর সংখ্যা হচ্ছে ১০০৯টি এবং এই জবর দখল কলোনীতে বাস করে প্রায় ১ লক্ষ ২০ হাজার পরিবার। যেখানে জবর দখল কলোনী করে বাস করতে হয়েছে, সংখ্যাটা যেখানে বললাম ১০০৯টি, তার মধ্যে কেন্দ্রীয় সরকার বাধ্য হয়ে এখন পর্যন্ত মেনে নিয়েছেন ১৯৫০ সালের আগের ১৪৯টি কলোনী আর ১৯৫০ সালের পরের ১৪৫টি কলোনী। এখনও পর্যন্ত বাকী

মুভ করছি। "যেহেতু যে সকল উদ্বাস্তু রাজ্যের বিভিন্ন এলাকায় জমি দখল করেছেন, "লীজ"-এর পরিবর্তে মালিকানা স্বত্বের মাধ্যমে তাদের আইনগত স্বীকৃতি দিতে বামফ্রন্ট প্রতিশ্রুতিবদ্ধ থাকায় রাজ্য সরকার তার সাম্প্রতিক লীজ দলিল বণ্টনের সিদ্ধান্ত প্রত্যাহার করে নিচ্ছে;"

**Shri Kashinath Misra :** Sir, I beg to move that—"In para 1, line 1, for the words begining with "৩৫ বৎসরের মধ্যে" and ending with "সমাধান হয় নাই" the words "৩৫ বৎসর ধরিয়া পশ্চিমবঙ্গের উদ্বাস্তু সমস্যা সমাধানের জন্য কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে সর্বপ্রকার সাহায্য করিতেছেন ; be substituted.

In para 4, line 2 after the word "দায় দায়িত্ব" the word "যৌথভাবে,, be inserted.

In para 5, line 1, for the words beginning with the "রাজ্য সরকারের মাধ্যমে" and ending with the words সহযোগিতা করেন" the following be substituted.

"এই সমস্যার সমাধানের জন্য রাজ্য সরকারের সহিত সম্পূর্ণভাবে সহযোগিতা করার অনুরোধ জানাইতেছি।"

[2-00—2-10 P.M.]

**শ্রীসত্য রঞ্জন বাপুলি :** মাননীয় চেয়ারম্যান মহাশয়, উদ্বাস্তুদের ব্যাপারে যে প্রস্তাব এসেছে তাতে আমি বক্তৃতা করবো না, আমাদের দলের ডেপুটি লিডার শ্রীশান্তি মোহন রায় বলবেন, আমি শুধু একটি কথা বলব। স্যার, উদ্বাস্তু অধ্যুষিত যে সমস্ত এলাকা আছে যেমন বেহালার সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটি এলাকা, যাদবপুর মিউনিসিপ্যাল এলাকা এই সমস্ত এলাকাগুলি কোলকাতা কর্পোরেশনের এলাকার মধ্যে নিয়ে বামফ্রন্ট সরকার নির্বাচন করার জন্য তৈরী হচ্ছে। স্যার, আমরা বারবার দাবী করা সত্ত্বেও পৌরসভার নির্বাচন হচ্ছে না, না হয়ে সেখানে গ্রামপঞ্চায়েতের নির্বাচন হচ্ছে। স্যার, কোলকাতা কর্পোরেশনের জঞ্জালে প্রশান্ত শূর মহাশয় চাপা পড়ে আছেন, তাকে উদ্ধার করতে পারছেন না তার উপর আবার তার আশেপাশের ৪/৫টি মিউনিপ্যাসিটি এর মধ্যে ঢুকিয়ে দেওয়া হচ্ছে। অবশ্য এটা না করলে ওরা মেজরিটি পাবেন না। উদ্বাস্তুরা এর প্রতিবাদে বেহালায় মিছিল করেছেন, যাদবপুরেও মিছিল করেছেন। ঐ সমস্ত মিউনিসিপ্যাল এলকার উদ্বাস্তু অধ্যুষিত অঞ্চলের উদ্বাস্তুদের আবার যেন উদ্বাস্তু হতে না হয় সেটা দেখা দরকার। সেখানে সেই সমস্ত এলাকাগুলি প্রশান্ত শূর মহাশয় কোলকাতা কর্পোরেশনের এলাকার মধ্যে যাতে আনেন সেটা দেখা দরকার। আপনি

স্যার, আমার বক্তব্যের নোট মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে পাঠান এবং প্রশান্ত শূর মহাশয়কে যাতে এই কাজ থেকে নিবৃত্ত করা যায় সে ব্যবস্থা করুন এই অনুরোধ রাখছি।

**শ্রীশান্তিমোহন রায়ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, সরকারপক্ষের তরফ থেকে আজ উদ্বাস্তুদের পুনর্বাসনকল্পে কেন্দ্রীয় সরকারের কাছে অর্থ সাহায্য মঞ্জুরের জন্য যে প্রস্তাব এসেছে সে সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। স্যার, এই প্রস্তাব একটি সাধু প্রস্তাব, এর বিরুদ্ধে আমার বলার কিছু নেই। আমি এই প্রসঙ্গে যে কথাটি বলতে চাই সেটা হচ্ছে, সরকারপক্ষ থেকে যখন হাত, পা নেড়ে গলা ফুলিয়ে উদ্বাস্তু সমস্যার কথা বলেন এবং চোখের জল ফেলেন তখন আমার হাসি পায়। স্বাধীনতার পর থেকে আমরা দেখে আসছি, উদ্বাস্তু সমস্যার সমাধানের জন্য কেন্দ্রীয় সরকারের তরফ থেকে পণ্ডিত নেহেরুর নেতৃত্ব থেকে শুরু করে আজ পর্যন্ত দায়দায়িত্ব তারা নিয়েছেন আর সেখানে এই উদ্বাস্তু সমস্যার যাতে সুষ্ঠুভাবে সমাধান না হয় সেজন্য বামফ্রন্টের শরিকদলগুলি প্রানপন চেষ্টা করে গেছেন। স্যার, উদ্বাস্তু সমস্যার সমাধানের জন্য আন্দামান, দণ্ডকারণ্য প্রভৃতি জায়গায় নতুন বাংলাদেশ সৃষ্টির জন্য যখন দিল্লীর সরকারের উদ্যোগে ডাঃ বিধানচন্দ্র রায় প্রস্তাব নিয়েছিলেন, তখন এই কমিউনিস্টরা, এই বামপন্থীরা হাত, পা ছড়িয়ে গলা তুলে একথা বলেছিলেন যে উদ্বাস্তুদের সমস্যা বাংলাদেশের বাইরে গেলে সমাধান হবে না। এই কথা তারা বারবার বোঝাবার চেষ্টা করেছিলেন এবং যাতে সত্যিকারের কোন পুনর্বাসন না হয় তার ব্যবস্থা ডেকে এনেছিলেন। এই উদ্বাস্তুদের নিয়ে এরা রাজনীতির খেলা খেলে চলেছেন। সুতরাং তারা যখন উদ্বাস্তুদের সমস্যা সমাধানের কথা বলেন তখন আমাদের হাসি পায়। কিছুদিন আগেও এর নজির আপনারা দেখেছেন মরীচ ঝাপিতে। দণ্ডকারণ্য থেকে যে উদ্বাস্তুদের মরীচ ঝাপিতে পুনর্বাসন দেবার জন্য নিয়ে এলেন, তাদেরই সরকার আবার সেই উদ্বাস্তুদের মরীচ ঝাপি থেকে বিতাড়নের জন্য তাদের উপর অত্যাচার, নিপীড়ণ চালিয়েছিলেন। তাদের ঘর-বাড়ী পুড়িয়ে দেওয়া হয়েছে, তাদের উপর হামলা করা হয়েছে, তাদের বাড়ীর স্ত্রী-পুরুষ নির্বিশেষে সকলের উপর আক্রমণ করা হয়েছে, নিষ্ঠুরভাবে ব্যবহার করা হয়েছে। পশুর মত ব্যবহার করে সেই সব উদ্বাস্তু ভাই-বোনদের মরীচ ঝাপি থেকে ফিরে যেতে বাধ্য করেছে। কত নারী-পুরুষ যে মারা গেছে তার হিসাব নেই। সাংবাদিকদের পর্যন্ত সেখানে যেতে দেওয়া হয়নি। দিল্লীর তদন্তকারী যে দল এসেছিলেন তাদের সেই অঞ্চলে যাবার সুযোগ না দিয়ে সত্যি ঘটনা যাতে প্রকাশিত না হয় তার ব্যবস্থা করেছেন। সেই কমিউনিস্টরা, সেই বামপন্থীরা যখন উদ্বাস্তুদের সমস্যা সমাধানের কথা বলেন তখন আমাদের হাসি পায়। আমরা জানি যে পণ্ডিত জওহরলাল নেহেরুর আমলে দিল্লীর সরকার সমস্ত দায়িত্ব নিয়ে কোটি কোটী টাকা খরচ করে উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা করেছেন এবং সেই উদ্বাস্তুদের, শুধু আমাদের ষ্টেটের নয়, বাইরের বিভিন্ন ষ্টেটের উদ্বাস্তুদের আন্দামান, দণ্ডকারণ্য প্রভৃতি অঞ্চলে তাদের সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছিল। একথা বার বার

এ্যাম্ফ্যাসাইজ দিয়ে বলতে চাই যে সেই উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য বামপন্থীরা আজকে এই সভায় চিৎকার করে তাদের বক্তব্য রাখছেন। সেদিনও বোঝানো হয়েছিল যে বাংলাদেশ থেকে চলে গেলে বাংলার সর্বনাশ হবে, বাংলার ঐতিহ্য নষ্ট হবে। সুতরাং তারা এই সব কথা বলে তাদের দণ্ডকারণ্য যেতে দেন নি। কিন্তু অন্য ষ্টেটের মানুষ, তারা বাঙ্গালী নয়, তারা আন্দামানে গিয়ে তাদের প্রাধান্য বিস্তার করেছে, তাদের বসতি বাড়িয়েছে। সুতরাং তারা যখন উদ্বাস্তুদের কথা বলেন তখন আমাদের হাসি পায়। অর্থাৎ মিথ্যা, অসত্য কথা বলার কোন সীমা পরিসীমা নেই। আমরা জানি যে জওহরলাল নেহেরুর আমল থেকে ইন্দিরা গান্ধীর সরকার পর্যন্ত বারে বারে তাদের জন্য চেষ্টা করা হয়েছে এবং তাদের জমি পাইয়ে দেওয়া হয়েছে, তাদের পাট্টা দেওয়া হয়েছে। আর এই বামপন্থীরা তাদের পাট্টা দেওয়ার ব্যাপারে বাধা দিয়েছে। জমি বিলি করে সেই জমিতে বসবাস করার সুযোগ দেওয়া হয়নি। তাদের পুনর্বাসনের ব্যবস্থা প্রকৃতপক্ষে যে সব জায়গায় হতে পারতো সেই সব জায়গায় সুযোগ করে দিতে তখন এই সব বামপন্থীরা সহায়তা করেন নি।

[2-10—2-20 P.M.]

মাননীয় চেয়ারম্যান মহাশয়, খরাত্রাণের উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোটি কোটি টাকার সাহায্য নিয়ে আসার চেষ্টা করা হয়েছে এবং ইতিমধ্যে প্রায় ৭৮ কোটি টাকা কেন্দ্রীয় সরকার মঞ্জুর করেছেন। কিন্তু সেই টাকা দিয়ে কি হচ্ছে? আমরা দেখছি সেই টাকা নয়-ছয় হচ্ছে, পঞ্চায়েতেরা নয়-ছয় করছে। যারা সি. পি. এম.-কে সমর্থন করে না সে সব দুঃখী মানুষ, দুঃস্থ মানুষদের এক পয়সাও সাহায্যও দেওয়া হচ্ছে না, ঋণ দেওয়া হচ্ছে না। এমন কি যে সমস্ত মাটি কাটার কাজ হচ্ছে সমস্ত কাজেও—সি. পি. এম. মানুষদের অংশগ্রহণ করতে দেওয়া হচ্ছে না, তাদের সহায়তা করা হচ্ছে না। এক্ষেত্রেও আমাদের আশঙ্কা দিল্লীর সরকার হয়ত এ বিষয়ে কোটি কোটি টাকা দেবেন—দেবেন না, একথা আমরা বলব না, যাতে দেন তার জন্য আমরা সহায়তা করব—সেই টাকার সাহায্যও—সি. পি. এম. উদ্বাস্তু ভাইরা পাবেন না। আমরা চাই প্রকৃত উদ্বাস্তু যারা তারা সি. পি. এম. সমর্থকই হোক, আর সি. পি. এম. বিরোধীই হোক তাদের পরিকল্পনার মাধ্যমে সাহায্য করা হোক। রাজনৈতিক দল-মত নির্বিশেষে যদি সাহায্য করা হয় তাহলে আমরা বুঝব যে, আমরা যে টাকা চেয়েছি সেই টাকা দিল্লীর সরকার মঞ্জুর করার পরে তা সদ্ব্যবহার হলে, ঠিক ঠিক ব্যবহার হবে। তবেই মানুষের কল্যাণের জন্য যে টাকা আসবে সে টাকা মানুষের কল্যাণের জন্যই ব্যয়িত হবে। এই প্রসঙ্গে আমি আবার বলছি উদ্বাস্তুদের নিয়ে বাম-পন্থী রাজনৈতিক দলগুলির যে রাজনীতির খেলা আমরা দেখেছি সেই খেলার যেন পুনরাবৃত্তি না ঘটে। এই আবেদন আমি আমাদের বামফ্রন্ট সরকারের কাছে রাখছি। এই কথা বলে সি. পি. এম. এবং সরকার পক্ষ থেকে যেসব অসত্য কথা বলা হলো তার প্রতিবাদ করে, আমার ভাই কাশীনাথ মিশ্র যে সংশোধনী এনেছে তা গ্রহণ করবার আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনিহার কুমার বসু ঃ** মাননীয় চেয়ারম্যান মহোদয়, মাননীয় সদস্য শ্রীননী কর যে প্রস্তাব এনেছেন তা আমি সমর্থন করছি। স্যার, এই প্রস্তাবের উপর আলোচনায় অংশগ্রহণ করে বিরোধী দলের উপ-নেতা শান্তি বাবু যে বক্তব্য রাখলেন তা আমি শুনলাম। তিনি যে সমস্ত প্রশ্নগুলির অবতারনা তাঁর বক্তব্যের মধ্যে দিয়ে করে গেলেন স্বাভাবিকভাবেই সেগুলি সম্পর্কে কিছু বলার প্রয়োজন আছে। মাউন্টব্যাটেন রোয়েদাদ স্বষ্ট সমস্যা আজকে ৩৫ বছর পরেও আমাদের পশ্চিমবাংলায় চলছে এবং এই ৩৫বছরে এই সমস্যা আরো ঘনীভূত হয়েছে। এর জন্য মূলতঃ দায়ী হচ্ছে কেন্দ্রীয় সরকার। পশ্চিমবঙ্গের মোট অধিবাসীর ১৬ ভাগ হচ্ছে উদ্বাস্তু। সুতরাং পশ্চিমবঙ্গের সামগ্রিক উন্নয়নের প্রশ্নটা সম্পূর্ণ নির্ভর করছে উদ্বাস্তু পুনর্বাসনের উপর। উদ্বাস্তু পুনর্বাসনের প্রশ্নকে এড়িয়ে গিয়ে পশ্চিমবঙ্গের সামগ্রিক উন্নয়ণ কখনই সম্ভব নয়।

এই সমস্যা সমাধান করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের যে ভূমিকা তা অত্যন্ত কলঙ্ক-জনক এবং পশ্চিমবঙ্গের জনসাধারণ দেশ স্বাধীন হবার ৩৫ বছর পরেও তারা যে সমস্ত সাধারণ সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে তারজন্য মূলতঃ দায়ী কেন্দ্রীয় সরকারই। কারণ উদ্বাস্তু সমস্যার আমাদের রাজ্যের মধ্যে জিড়িয়ে রেখে সমস্যাটাকে আরোও ক্রমশঃ বাড়িয়ে দেওয়া হয়েছে। এই উদ্বাস্তু সমস্যাটা হচ্ছে জাতীয় সমস্যা। মাউন্টব্যাটেন গোয়েদাদ দিয়ে প্রথমেই আমি যে আলোচনার অবতারনা করেছি সেটা হচ্ছে উনি যখন দেশ বিভাগ করে দিলেন সেই সময় পর্যন্ত জাতীয় নেতারা কথা দিয়েছিলেন যে উদ্বাস্তুদের পুনর্বাসন দেওয়া এবং তাদের সমস্ত দায়-দায়িত্ব কেন্দ্রের। আমরা দেখলাম, পশ্চিম পাকিস্তান থেকে যে সমস্ত উদ্বাস্তু এলো তাদের পুনর্বাসনের দায়িত্ব সরাসরি কেন্দ্র নিজেই বহন করলেন আর পশ্চিমবাংলার ক্ষেত্রে সেই দায়িত্ব রাজ্য সরকারের উপর দেওয়া হলো। আমি একটি ছোট হিসাব এখানে পেশ করছি যদিও সময় খুবই কম। পশ্চিম পাকিস্তান থেকে যে ৪৭ লক্ষ উদ্বাস্তু এলো তাদের জন্য কেন্দ্রীয় সরকারের ব্যয় করলেন ৪৫৬ কোটি টাকা আর পূর্ববঙ্গ থেকে যে ৫৮ লক্ষ উদ্বাস্তু এলো তাদের জন্য ব্যয় করা হলো ১৬৬ কোটি টাকা। আর মাথা-পিছু হিসাব যদি ধরা যায় তাহলে দেখা যাবে, পশ্চিম পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের ক্ষেত্রে মাথা-পিছু খরচ করা হলো ১ হাজার ৫০০ টাকা করে আর পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের ক্ষেত্রে মাথা-পিছু খরচ করা হলো ১৩০ টাকা মোটে। এ ছাড়া আরোও আছে, পশ্চিম পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের ফেলে আসা সম্পত্তির জন্য ভরতুকি দেওয়া হলো। শুধু তাই নয়, চাকুরী করতে করতে যারা চলে এসেছে তাদের বকেয়া মাহিনা দিয়ে দেওয়া হলো, পোষ্ট অফিসে যাঁদের সেভিংস-এর টাকা পশ্চিম পাকিস্তানে ছিল তাও তাদের দেওয়া হয়েছে। কিন্তু পূর্ববাংলা থেকে আগত উদ্বাস্তুদের ভাগ্যে তাও জোটেনি। এনিমি পপারটিজ য়্যাকট-তার যে অফিস বোম্বে করে রেখেছে, ঐ ফেলে আসা সম্পত্তির টাকা ভরতুকি হিসাবে পাবার জন্য - তার যে প্রচার সেটা যথাযথভাবে পশ্চিমবাংলায় হয়নি। শতকরা ৫ শতাংশ মানুষও দরখাস্ত দেবার সুযোগ পায়নি। এই যে কেন্দ্রীয় সরকারের ভূমিকা

সেই ভূমিকার কথা শান্তিমোহনবাবু বলে গেলেন। সুতরাং উদ্বাস্তদের সমস্যার সমাধান করার যে দায়-দায়িত্ব কেন্দ্রের ছিল তা কেন্দ্র পালন করেনি পূর্ববাংলার ক্ষেত্রে। সুতরাং একথা নতুন করে বলার কিছু নেই। আমরা দৈনন্দিন দেখছি হাজার হাজার উদ্বাস্ত রেল-ষ্টেশনে জীবন-যাপন করনে বাধ্য হচ্ছে। লক্ষ লক্ষ উদ্বাস্তদের রুজি-রোজগারের কোন ব্যবস্থা নেই। দীর্ঘদিন ধরে এই সমস্ত উদ্বাস্তদের পুনর্বাসনের জন্য বহু পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের কাছে রাখা হয়েছে। ৭০ দশকে পশ্চিমবাংলায় কংগ্রেসীরাও তো ক্ষমতার ছিলেন। তারাও ১৫০ কোটি টাকার মতন একটা মাস্টার প্ল্যান কেন্দ্রীয় সরকারের কাছে দিয়েছিলেন। কিন্তু সেই ১৫০ কোটি টাকার মাস্টার প্ল্যান দিল্লীতে গিয়ে পৌচেছে না অন্য কোন জায়গায় গিয়ে পৌচেছে তার খোঁজ ওনারা নেননি। তখন কিন্তু কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গে আগত উদ্বাস্তদের ক্ষেত্রে যে দৃষ্টি-ভঙ্গী গ্রহণ করেছিলেন সেটা আরোও চমৎকার। তারা বলেছিলেন পুনর্বাসনের সমস্ত ব্যবস্থা হয়ে গেছে তবে কিছু কিছু বকেয়া কাজকর্ম আছে। তারা একটা ষ্টাডি টিম পাঠালেন, সেই ষ্টাডি টিম দেখে-শুনে ঘোষণা করে দিলেন, পশ্চিমবঙ্গে পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তদের পুনর্বাসন হয়ে গেছে, কিছু বকেয়া কাজ আছে। ১৯৫০ সালের আগে যে সমস্ত উদ্বাস্ত পশ্চিমবঙ্গে এসেছিল তাদের জন্য কিছু পৃথক টাকা ধরে দিলেন আর ১৯৫০ সালের পর যে সমস্ত উদ্বাস্ত এসেছে তাদের জন্য পৃথক টাকা ধরে দিলেন। ১৯৫০ সাল পর্যন্ত যারা এসেছে তাদের দিলেন ৬ কোটি টাকা আর পরবর্তী সময়ে যারা এসেছেন তার জন্য দিলেন ৬৬ কোটি টাকা। এটা ধরে দিয়ে কেন্দ্রীয় সরকার হাত-পা গুটিয়ে বসে রহিলেন। অথচ আজকে শান্তিমোহনবাবু বললেন হাজার হাজার কোটি টাকা খরচ করেছে উদ্বাস্তদের পুনবাসনের ক্ষেত্রে।

[2-20—2-30 P.M.]

কেন্দ্রীয় সরকার যদি শত শত কোটি টাকা দিয়ে থাকেন সে টাকা কারা নিয়েছে সেটা দেখতে হবে। সুতরাং শান্তিবাবু এই সভায়, কেন্দ্রীয় সরকারের যে কলংকজনক ভূমিকা সেই ভূমিকা ঢাকবার জন্য কতকগুলি বস্তাপচা কথা সভার সামনে রেখে গেলেন এবং প্রস্তাবের বিরোধিতা করে গেলেন। পশ্চিমবঙ্গের একজন নাগরিক হিসাবে পশ্চিমবংগের মানুষের স্বার্থে তাঁর এই প্রস্তাবকে সমর্থন করা উচিত ছিল। পশ্চিমবঙ্গকে বাঁচাতে, পশ্চিমবঙ্গের অর্থনীতিকে সুনিয়ন্ত্রিত ভাবে ঠিক পথে যদি পরিচালিত করতে হয় তাহলে উদ্বাস্ত পুনর্বাসন ব্যবস্থাকে সফল করতে হবে। উদ্বাস্ত পুনর্বাসনের সমস্ত দায় দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে বহন করতে হবে। ইউ. সি. আর. সি. যে দাবী আজকে করছে সেই দাবী মোতাবেক আমাদের রাজ্য সরকার যে পুনর্বাসন কমিটি নিয়োগ করেছেন, সেই পুনর্বাসন কমিটির যে রিপোর্ট সেই রিপোর্ট অনুযায়ী ৭৫০ কোটি টাকা প্রয়োজন আছে এবং সেই ৭৫০ কোটি টাকা কেন্দ্রীয় সরকারকে মঞ্জুর করতে হবে। পশ্চিমবঙ্গের স্বার্থে—বামপন্থী, দক্ষিণপন্থী, কংগ্রেস নয়—পশ্চিমবঙ্গের মানুষকে বাঁচাতে, পশ্চিমবঙ্গের অগ্রগতি সুনিশ্চিত করতে হবে। এই কারণে এই টাকার প্রয়োজন, এই দাবী যথাযথভাবেই পশ্চিমবঙ্গ সরকার করেছেন। এই কারণেই এই প্রস্তাবকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনিহার কুমার বসু ঃ** মাননীয় চেয়ারম্যান মহোদয়, মাননীয় সদস্য শ্রীননী কর যে প্রস্তাব এনেছেন তা আমি সমর্থন করছি। স্যার, এই প্রস্তাবের উপর আলোচনায় অংশগ্রহণ করে বিরোধী দলের উপ-নেতা শাস্তি বাবু যে বক্তব্য রাখলেন তা আমি শুনলাম। তিনি যে সমস্ত প্রশ্নগুলির অবতারনা তাঁর বক্তব্যের মধ্যে দিয়ে করে গেলেন স্বাভাবিকভাবেই সেগুলি সম্পর্কে কিছু বলার প্রয়োজন আছে। মাউন্টব্যাটেন রোয়েদাদ স্পষ্ট সমস্যা আজকে ৩৫ বছর পরেও আমাদের পশ্চিমবাংলায় চলছে এবং এই ৩৫বছরে এই সমস্যা আরো ঘনীভূত হয়েছে। এর জন্য মূলতঃ দায়ী হচ্ছে কেন্দ্রীয় সরকার। পশ্চিমবঙ্গের মোট অধিবাসীর ১৬ ভাগ হচ্ছে উদ্বাস্তু। সুতরাং পশ্চিমবঙ্গের সামগ্রিক উন্নয়নের প্রশ্নটা সম্পূর্ণ নির্ভর করছে উদ্বাস্তু পুনর্বাসনের উপর। উদ্বাস্তু পুনর্বাসনের প্রশ্নকে এড়িয়ে গিয়ে পশ্চিমবঙ্গের সামগ্রিক উন্নয়ণ কখনই সম্ভব নয়।

এই সমস্যা সমাধান করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের যে ভূমিকা তা অত্যন্ত কলঙ্ক-জনক এবং পশ্চিমবঙ্গের জনসাধারণ দেশ স্বাধীন হবার ৩৫ বছর পরেও তারা যে সমস্ত সাধারণ সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে তারজন্য মূলতঃ দায়ী কেন্দ্রীয় সরকারই। কারণ উদ্বাস্তু সমস্যার আমাদের রাজ্যের মধ্যে জিড়িয়ে রেখে সমস্যাটাকে আরোও ক্রমশঃ বাড়িয়ে দেওয়া হয়েছে। এই উদ্বাস্তু সমস্যাটা হচ্ছে জাতীয় সমস্যা। মাউন্টব্যাটেন গোয়েদাদ দিয়ে প্রথমেই আমি যে আলোচনার অবতারনা করেছি সেটা হচ্ছে উনি যখন দেশ বিভাগ করে দিলেন সেই সময় পর্যন্ত জাতীয় নেতারা কথা দিয়েছিলেন যে উদ্বাস্তুদের পুনর্বাসন দেওয়া এবং তাদের সমস্ত দায়-দায়িত্ব কেন্দ্রের। আমরা দেখলাম, পশ্চিম পাকিস্তান থেকে যে সমস্ত উদ্বাস্তু এলো তাদের পুনর্বাসনের দায়িত্ব সরাসরি কেন্দ্র নিজেই বহন করলেন আর পশ্চিমবাংলার ক্ষেত্রে সেই দায়িত্ব রাজ্য সরকারের উপর দেওয়া হলো। আমি একটি ছোট হিসাব এখানে পেশ করছি যদিও সময় খুবই কম। পশ্চিম পাকিস্তান থেকে যে ৪৭ লক্ষ উদ্বাস্তু এলো তাদের জন্য কেন্দ্রীয় সরকারের ব্যয় করলেন ৪৫৬ কোটি টাকা আর পূর্ববঙ্গ থেকে যে ৫৮ লক্ষ উদ্বাস্তু এলো তাদের জন্য ব্যয় করা হলো ১৬৬ কোটি টাকা। আর মাথা-পিছু হিসাব যদি ধরা যায় তাহলে দেখা যাবে, পশ্চিম পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের ক্ষেত্রে মাথা-পিছু খরচ করা হলো ১ হাজার ৫০০ টাকা করে আর পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের ক্ষেত্রে মাথা-পিছু খরচ করা হলো ১৩০ টাকা মোটে। এ ছাড়া আরোও আছে, পশ্চিম পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের ফেলে আসা সম্পত্তির জন্য ভরতুকি দেওয়া হলো। শুধু তাই নয়, চাকুরী করতে করতে যারা চলে এসেছে তাদের বকেয়া মাহিনা দিয়ে দেওয়া হলো, পোষ্ট অফিসে যাদের সেভিংস-এর টাকা পশ্চিম পাকিস্তানে ছিল তাও তাদের দেওয়া হয়েছে। কিন্তু পূর্ববাংলা থেকে আগত উদ্বাস্তুদের ভাগ্যে তাও জোটেনি। এনিমি পপারটিজ য়্যাকট-তার যে অফিস বোম্বে করে রেখেছে, ঐ ফেলে আসা সম্পত্তির টাকা ভরতুকি হিসাবে পাবার জন্য - তার যে প্রচার সেটা যথাযথভাবে পশ্চিমবাংলায় হয়নি। শতকরা ৫ শতাংশ মানুষও দরখাস্ত দেবার সুযোগ পায়নি। এই যে কেন্দ্রীয় সরকারের ভূমিকা

নয়, শর্ত-কণ্টকিত লিজ সত্ব নয়, সেখানে পুরো মালিকানা দিতে হবে। ইলেকশন প্লিজ এবং ৩৬ প্রগ্রাম অফ দি লেফ্‌ট ফ্রন্ট গভর্ণমেণ্ট, আমি যার ভিত্তিতে এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি, তার ৩৫ দফাতে বলেছিলেন উদ্বাস্তুরা রাজ্যের বিভিন্ন এলাকায় যেসব জমি দখল করেছেন সেসব জমিতে তাঁদের লিজের পরিবর্তে মালিকানা সত্বর মাধ্যমে তাঁদের আইনের স্বীকৃতি দান—এই ছিল উদ্বাস্তুদের জন্য তাঁদের প্রতিশ্রুতি। কিন্তু এই প্লিজ তারা ভায়লেট করে, আজকে অত্যন্ত দুর্ভাগ্য, সেই তাঁরাই শর্ত কণ্টকিত লিজ দলিল আজকে শহরাঞ্চলের উদ্বাস্তুদের হাতে অর্পণ করছেন। কি শর্ত আছে সেই দলিলে? স্থায়ী মালিকানা সত্ব নয়, ৯৯ বছরের লিজ—এই হচ্ছে এক নম্বর শর্ত। ২নং শর্তে আছে ৫২ সালের মধ্যে যাঁরা উদ্বাস্তু হিসাবে এসেছেন তাঁদের এই দলিল দেওয়া হবে, অন্যদের নয় এবং ৩নং শর্তে, সরকারের অনুমতি ছাড়া এঁরা জমি বিক্রী করতে পারবেন না এবং জমি বিক্রী করলেও তার ৫০ শতাংশ সরকারের ঘরে জমা দিতে হবে। ৪নং শর্তে কি আছে যদি সে প্রতিবেশীর বিরক্তির কারণ হন তাহলে সরকার তাকে জমি থেকে উচ্ছেদ করতে পারবে। এঁরা বলছেন আমরা সিদ্ধার্থ রায়ের আমলের যে ড্রাফ্‌ট ছিল তার থেকে অনেক বেটার করেছি। সিদ্ধার্থবাবু অনেক কাঁচা লোক ছিলেন ফলে ড্রাফটিং কাঁচা হয়ে গেছে। সেই সময়কার ড্রাফটে ছিল যে সরকার ও রাষ্ট্রবিরোধী অন্তর্ঘাতমূলক কাজ করতে পারবেন না এই শর্ত। এঁরা এটা তুলে দিয়েছেন, তুলে দিয়ে 'প্রতিবেশীর বিরক্তির কারণ' এটা সংযোজন করেছেন। এই 'প্রতিবেশীর বিরক্তি' এর কোন আইনসঙ্গত ব্যাখ্যা নেই। এটা হচ্ছে একটা বিরাট স্কোপ, ফলে এটা যে রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করবার কাজে লাগান হবে না তার কোন গ্যারাণ্টি আছে? একইভাবে ৫নং শর্তে বলা হয়েছে যে কলোনীতে কোন ব্যবসা কেউ করতে পারবেন না। অথচ কলোনীগুলিতে ছোট ছোট দোকান করে অনেকেই জীবিকা নির্বাহ করছেন—এঁদের ক্ষেত্রে কি ব্যবস্থা হবে? ফলে বহু নিয়ন্ত্রিত, কণ্টকিত দলিল উদ্বাস্তুদের দেওয়া হচ্ছে। ৭৪ সালেও এই ধরনের শতকণ্টকিত দলিল সিদ্ধার্থবাবু দিতে চেয়েছিলেন কংগ্রেসী আমলে, কিন্তু অত্যন্ত ন্যায়সঙ্গতভাবে উদ্বাস্তুদের পক্ষ থেকে, বামপন্থীদের পক্ষ থেকে, সি. পি. আই. (এম)-এর পক্ষ থেকে, ইউ. সি. আর. সির পক্ষ থেকে, গণতান্ত্রিক মানুষের পক্ষ থেকে প্রতিবাদ করা হয়েছিল। আমাদের এস. ইউ. সি-র পক্ষ থেকেও প্রতিবাদ করেছি। আজকে আপনারা ক্ষমতায় এসে শতকণ্টকিত দলিল দিয়ে দিচ্ছেন উদ্বাস্তুদের।

[2-30—2-40 P. M.]

আজকে আপনারা ক্ষমতায় এসে সেই শর্তকণ্টকিত দলিল উদ্বাস্তুদের হাতে তুলে দিলেন। আজকে তাদের ২টি প্রশ্নে নাগরিক হিসাবে রাখা হচ্ছে এটা অত্যন্ত দুর্ভাগ্যের কথা। নির্বাচনে তাদের যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি আপনারা রাখতে পারেন নি। আপনারা বিরোধী দলে থেকে যে সব জিনিষের প্রতিবাদ করেছিলেন, ক্ষমতায় এসে তার মূল্যায়ণ করতে পারেন নি। ইতিহাসে অত্যন্ত নির্মম দৃষ্টান্ত আপনারা স্থাপন করেছেন। আজকে এই হাউসে আমি যে এ্যামেণ্ডমেণ্ট এনেছি ইফ ইউ হ্যাভ অনেষ্টি এ্যাণ্ড

সিনসিয়ারীটি ইন ইয়োর পারপাস, যদি আপনারা জনগণের কথা চিন্তা করেন, যদি আপনারা এবং আপনাদের পূর্বসূরীদের সম্পর্কে দায়িত্ব থাকে, যদি আপনারা নিষ্ঠাবান হন তাহলে আমার এ্যামেণ্ডমেন্ট গ্রহণ করবেন। এই কথা বলে আমি যে এ্যামেণ্ডমেন্ট এনেছি সেটাকে বিবেচনা করে গ্রহণ করার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতীশ রায়ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে সদস্য ননী কর মহাশয় যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের মধ্যে দিয়ে তিনি পূর্ববাংলা থেকে আগত উদ্বাস্তুদের যে সমস্যা সেই সমস্যার কথা তুলে ধরেছেন। আজকে আমি স্পষ্টভাবে বলতে চাই, যাঁরা কংগ্রেস সারিতে বসে আছেন এবং তাঁদের পূর্বসূরির নেতারা উদ্বাস্তুদের প্রশ্নে বলেছিলেন এবং তাদের প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ওপার বাংলার জীবনে যদি কোন সংকট আসে তাহলে তারা এপার বাংলায় এসে গোটা ভারতবর্ষে স্বাধীন নাগরিক হিসাবে বসবাস করার সুযোগ পাবে। কিন্তু আমরা ১৯৪৯ সাল থেকে ১৯৮৩ সাল পর্যন্ত দেখে আসছি এবং আমাদের যা অভিজ্ঞতা হয়েছে, সেটা হচ্ছে উদ্বাস্তুদের নিয়ে কেন্দ্রীয় সরকার জুয়া খেলার মতো খেলা করেছে। বার বার উদ্বাস্তুদের কাছে প্রতিশ্রুতি দিয়েছেন তাদের সমস্যা সমাধান করবেন বলে। কিন্তু তাদের কোন সমস্যার সমাধান তাঁরা করেন নি। তাঁরা উদ্বাস্তুদের মানুষের মর্যাদা দেয় নি। ১৯৫০ সালে ওপার বাংলায় যখন দাংগা লাগে তখন হাজার হাজার, লাখে লাখে উদ্বাস্তু এপার বাংলায় চলে আসতে থাকে। সেই সময় এখানে ক্ষমতায় ছিল এই কংগ্রেস সরকার। তখন এখানকার মুখ্যমন্ত্রী ছিলেন বিধানচন্দ্র রায় এবং কেন্দ্রে প্রধানমন্ত্রী ছিলেন জওহরলাল নেহেরু। তখন তাঁরা তাঁদের প্রতিশ্রুতি দিয়েছিলেন যে মাথা গোজবার জায়গা দেবেন। কিন্তু আমরা বাস্তবে কি দেখলাম? আমরা দেখলাম উদ্বাস্তুদের জায়গা দেওয়া হয়নি। তাই উদ্বাস্তুরা ইষ্টবেঙ্গল রিলিফ কমিটির নেতৃত্ব দিয়েছিলেন ডাঃ মেঘনাথ সাহা, চারু রায়। তাদের নেতৃত্বে সংগঠিত হয়ে কলিকাতায় এসে বসে। এখানে তারা জমিদারদের জমি দখল করে, তাদের বাগানবাড়ি দখল করে, সরকার যে পতিত জমি ছিল সেই জমি দখল করে এবং বড় বড় রাঘোববোয়ালদের জমি দখল করে। সেই জমিতে তারা মেহনত দিয়ে বসবাসের উপযোগী করেছে। এখন তাদের ক্ষমতার মধ্যে দিয়ে মাটির বাড়ি করেছে এবং কোটা বাড়ি নির্মান করেছে। কিন্তু আমাদের অভিজ্ঞতা আছে, সেই দিন ক্ষমতায় ছিলেন বিধান চন্দ্র রায়। তিনি এই উদ্বাস্তুদের উচ্ছেদ করার জন্য একটা আইন এনেছিলেন এই বিধানসভায়।

সেদিন আমরা যাঁরা বিরোধীদলভুক্ত ছিলাম, আমাদের যাঁরা নেতা ছিলেন, তাঁরা এই বিধান সভার ভেতরে সেই বিলের বিরুদ্ধে প্রতিরোধ করেছিলেন। সেদিন এই কলকাতার বুকে হাজারে হাজারে, লক্ষ লক্ষ উদ্বাস্তু মিছিল করে ডাঃ বিধানচন্দ্র রায়কে ধিক্কার জানিয়েছিলেন। তাঁরা দাবী করেছিলেন, উদ্বাস্তুদের বিরুদ্ধে স্পষ্ট আইন পরিবর্তন করতে হবে। সেই সঙ্গে সঙ্গে ঐ আইনকে পুনর্বাসনের আইনে পরিবর্তিত করতে হবে বলে দাবী তাঁরা তুলেছিলেন। মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি জানেন, উদ্বাস্তুরা তাঁদের লড়াইয়ের মধ্যে দিয়ে এগিয়ে গিয়েছিল। যার

ফলে কে. কে. হাজরা কর্তৃক উদ্বাস্তুর প্রকৃত সংজ্ঞা কি তা নির্ধারণ হয়েছিল এবং জমির উপর বসতির অধিকার তাদের দেওয়া হয়েছিল। তাদের পদক্ষেপের ফলেই সেই সমস্ত বস্তিগুলির কলোনী তৈরী হয়েছিল। দুঃখের কথা, সেই সমস্ত কলোনীগুলির স্বীকৃতি সম্পূর্ণভাবে আজও দেওয়া হয়নি। পশ্চিমবাংলার বুকে তিন শ্রেণীর কলোনী আছে। এই কলোনীগুলি জবরদখলী কলোনী। তা সরকারের দ্বারা তৈরী। সেগুলি আজও স্বীকৃতি পায় নি। কেন্দ্রীয় সরকারের বৈমাতৃসুলভ আচরণের জন্য পশ্চিমবাংলার উদ্বাস্তু সমস্যার সমাধান আজও পর্যন্ত হয় নি। কংগ্রেস পক্ষের বন্ধুদের মধ্যে যদি ন্যূনতম সততা ও মর্যাদা থাকতো বাঙালীর জন্য—বাঙালীর প্রতি বিন্দুমাত্র দরদ থাকতো, তাহলে দিল্লীতে যে ইন্দিরা সরকার বসে আছেন—তাঁরা আমাদের সাথে সোচ্চার হয়ে উদ্বাস্তুদের সমস্যার সমাধানের জন্য দাবী জানাতে পারতেন। উদ্বাস্তুরা যে জমিতে বসবাস করছে, যে জমি তারা নিজে হাতে একসময়ে বসবাস করার জন্য উপযোগী করেছেন, সেই জমির আজ বাজার দর যা দাঁড়িয়েছে, সেই জমিতে স্থায়ী বসবাসের জন্য চূড়ান্ত সিদ্ধান্ত কংগ্রেসী বন্ধুরা নিতে পারতেন। ঐ জমির পরিবর্তন উদ্বাস্তুদের মেহনতের ফলেই বর্তমান অবস্থায় পরিবর্তিত হতে পেরেছে। সেজন্য আমাদের সামনে উদ্বাস্তুদের ব্যাপারে যে প্রশ্ন এসে দাঁড়িয়েছে—তাঁদের যদি পুনর্বাসন দিতে হয়—তাহল, তাদের অর্থ নৈতিক পুনর্বাসনের ব্যবস্থা করা।

মাননীয় ননী কর মহাশয় উদ্বাস্তুদের জন্য যে প্রস্তাব এনেছেন, তাতে এ সমস্যা সমাধানের জন্য কেন্দ্রের কাছে ৭॥ শত কোটি টাকা চেয়েছেন। আমাদের ভুলে গেলে চলবে না বিধান চন্দ্র রায়ের আমলের উদ্বাস্তুদের জন্য দেয় দলিলের কথা। উদ্বাস্তুরা সেই দলিল প্রত্যাখ্যান করেছিলেন। পশ্চিমবাংলার বুকে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর কেন্দ্রের বিরুদ্ধে লড়াই করে উক্ত দলিলে লিখিত শর্ত পরিবর্তনের জন্য চেষ্টা হয়েছে। পরিবর্তন অনেকখানি হয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার সেখানে যে শর্ত আরোপ করে বসে আছেন, তাকে সম্পূর্ণভাবে পরিবর্তন করতে হবে। আমরা আর. সি. আর. সি.-র পক্ষ থেকে বারবার করে বলেছি, উদ্বাস্তুদের স্বার্থ রক্ষা করতে গেলে তারা যে জমিতে বসতি স্থাপন করে বসে আছে, তাতে তাদের দখলী স্বীকৃতি দিতে হবে। আমি পুনর্বাসন মন্ত্রী এবং রাজ্য সরকারের কাছে আবেদন জানাই, কেন্দ্রের কাছে আমাদের তরফ থেকে দাবী তোলার ব্যবস্থা করুন যাতে উদ্বাস্তুরা তাদের বসতি জমির উপরে চূড়ান্ত স্বীকৃতি পায়। কংগ্রেসী বন্ধুদের যদি ন্যূনতম সততা থাকে তো তাঁরা যেন দিল্লীর সরকারের কাছে উদ্বাস্তুদের স্বার্থ রক্ষার জন্য আবেদন জানান। তাঁরা যেন আবেদন জানান, উদ্বাস্তুদের স্বার্থের বিরুদ্ধে কেন্দ্রীয় সরকার যে শর্ত আরোপ করে রেখেছেন, তা যেন তাঁরা প্রত্যাহার করে নেন ও বসবাসকারী উদ্বাস্তুরা জমির উপরে মালিকানা স্বীকৃতি পায়। উদ্বাস্তুরা নিজেদের টাকা ও মেহনত দিয়ে সেখানে বাড়ী-ঘর তৈরী করেছে। সেখানে তারা যাতে বংশানুক্রমিক স্বীকৃতি পায় ও সুষ্ঠুভাবে ভোগ-দখল করতে পারেন, সে ব্যাপারে কেন্দ্রীয় সরকার যেন স্বীকৃতি দান করে। উদ্বাস্তুদের এই ন্যায়সঙ্গত অধিকারকে আমরা যদি সুরক্ষিত করতে না পারি, তাহলে উদ্বাস্তু সমস্যার সমাধান

প্রকৃত অর্থে কখনই করা যাবে না। কেন্দ্রীয় সরকারের অনমনীয় মনোভাবের জন্য আমাদের আন্দোলন করতে হবে।

[2-40—2-50 P.M.]

আজকে কেন্দ্রের বিরুদ্ধে সংগঠিত আন্দোলন গড়ে তুলতে হবে। আমরা বামফ্রন্ট সরকার সংগ্রামের হাতিয়ার। সেই হাতিয়ার প্রয়োগ করে আজকে কেন্দ্রের বিরুদ্ধে উদ্বাস্তুদের স্বার্থরক্ষা করার জন্য আমাদের সংগঠিত হয়ে আন্দোলন গড়ে তুলতে হবে। আজকে উদ্বাস্তুদের স্বার্থে কেন্দ্রের কাছে যে প্রস্তাব করা হয়েছে কেন্দ্র তা নাকচ করে দিয়েছেন। সুতরাং আজকে সার্বিক-ভাবে পুনর্বাসনের জন্য যে সাড়ে সাতশো কোটি টাকার প্রস্তাব মাননীয় সদস্য ননী কর মহাশয় দিয়েছেন তাকে সর্বান্তকরণে সমর্থন করছি। কারণ আজকে জমি দিলেই হল না পুনর্বাসনের হয়নি। অর্থ নৈতিক পুনর্বাসনের দরকার। যেখানে অর্থনীতিকে বাড়াতে হবে এবং শিল্পকে আরো এগিয়ে নিয়ে যেতে হবে তার জন্য টাকার দরকার। টাকা যেমন করে হোক কেন্দ্রীয় সরকারকে দিতে হবে। কেন্দ্রীয় সরকার আমাদের দেশকে ভঙ্গ করেছেন। কংগ্রেস দেশকে ভঙ্গ করেছেন। ওঁদের কথা বলার কোন অধিকার নেই। কেন্দ্রের কাছ থেকে ঐক্যবদ্ধভাবে আমাদের টাকা আদায় করতে হবে এবং তার জন্য চেষ্টা করতে হবে। সেইজন্য মাননীয় সদস্য ননী কর মহাশয় যে প্রস্তাব এনেছেন যে সাড়ে সাতশো কোটি টাকার উদ্বাস্তু পুনর্বাসনের সেই প্রস্তাবকে সমর্থন করছি।

**মিঃ চেয়ারম্যান ঃ** এই মোশানটি আলোচনা করার জন্য যে সময় ধার্য হয়েছে তা হচ্ছে ২'৪৪ মিনিট। আমার মনে হয় আরো কিছুটা সময় বেশী লাগবে। সেইজন্য আমি আপনাদের কাছে আরো ৪৫ মিঃ সময় চাইছি। আশা করি আপনাদের এতে কোন আপত্তি নেই।

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় সদস্য ননী কর পশ্চিমবাংলার আগত উদ্বাস্তুদের পূর্ণাঙ্গ পুনর্বাসনের জন্য যে ৭৫০ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছে দাবী করেছেন এবং পশ্চিমবঙ্গের জনসাধারণের পক্ষ থেকে এবং বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে যে প্রস্তাব উপস্থাপিত করা হয়েছে আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি। মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার বোধ হয় মনে আছে গত ২রা তারিখে পশ্চিমবঙ্গে লক্ষ লক্ষ উদ্বাস্তু ৪৫০ কোটি টাকার দাবীতে এখানে জমায়েত হয়েছিল। তারা কেন্দ্রীয় সরকারের কাছে তাদের দাবী জানিয়েছিল। কিন্তু কেন্দ্রীয় সরকারের যে পুনর্বাসন নীতি সেই হল উদ্বাস্তু বিরোধী নীতি। এবং কেন্দ্রীয় সরকার ইতিমধ্যেই বলে দিয়েছিলেন যে উদ্বাস্তুদের পুনর্বাসন হয়ে গেছে। তারা পুনর্বাসন তুলে দিতে চেয়েছিলেন। কিন্তু ইউ. সি. আর. সির নেতৃত্বে এবং পশ্চিমবঙ্গের জনসাধারণের নেতৃত্বে যে আন্দোলন হয়েছিল তাতে কেন্দ্রীয় সরকার বাধ্য হয়েছিলেন। সেই

দাবী হল ৭৫০ কোটি টাকার দাবী। তাদের নীতি পরিবর্তন করতে বাধ্য হয়েছিলেন। এই ২রা তারিখে যে লক্ষ লক্ষ উদ্বাস্তু জমায়েত হয়েছিল তাদের যারা প্রতিনিধি এসেছিলেন তাদের দাবী মাননীয় মুখ্যমন্ত্রী সেদিন বিধানসভায় বলেছিলেন এবং সেই দাবী আপনাদের সকলকেই জানানো হয়েছিল। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে এটা আমাদের একটা বড় দাবী ছিল সেটা আমাদের সকল সদস্যেরই মনে আছে। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি যে কথা বলতে চাই তা হচ্ছে ননী কর যে প্রস্তাব এনেছেন এই হাউসে আমার মনে হয় এই বিধানভায় সকল সদস্য দলমত নির্বিশেষে সেই প্রস্তাবকে সমর্থন করবেন এবং দলমত নির্বিশেষে এটাই সকলের দাবী হওয়া উচিত বলে আমি মনে করি।

এবং কেন্দ্রীয় সরকারের কাছে উদ্বাস্তুদের পূর্ণাঙ্গ পুনর্বাসনের জন্য ৭৫০ কোটি টাকার যে দাবী তা সমর্থন করবেন। সপ্তম ফাইনান্স কমিশন যখন এখানে আসেন তখন পশ্চিমবাংলার দাবী উত্থাপন করা হয়। দেশ বিভাগের সময় গান্ধীজী থেকে শুরু করে জাতীয় নেতারা সকলেই প্রতিশ্রুতি দেন তা তাঁরা পালন করেন নি। বরং অত্যন্ত নির্লজ্জভাবে একটা বৈষম্য-মূলক আচরণ পশ্চিমবাংলার উদ্বাস্তুদের সম্পর্ক নিয়েছিলেন। পশ্চিম পাকিস্থান থেকে আগত উদ্বাস্তুদের জন্য ১৪০০ কোটি টাকা খরচ করেন। আমি এটা কোন হিংসার থেকে বলছি না। সাধারণ দরদী মন নিয়ে কেন্দ্রীয় সরকার নিজেরা তাদের জন্য পরিকল্পনা করেন, লক্ষ লক্ষ জমি দখল করেন, হাজার হাজার বাড়ী তৈরী করেন, স্কুল, কলেজ, হাসপাতাল করেন। আমি এবং আমাদের পৌরমন্ত্রী গিয়ে সেসব দেখে এসেছি। যত সংখ্যক উদ্বাস্তু পশ্চিম পাকিস্থান থেকে এসেছিল তার চেয়ে দ্বিগুণ কি তার বেশী পূর্ব বাংলা থেকে আসে। সে সময় নেহেরু—লিয়াকত চুক্তি হয়েছিল আমরা তাকে দলমত নির্বিশেষে সমর্থন করেছিলাম। আমরা আশা করেছিলাম তাঁরা যে প্রতিশ্রুতি দিয়েছিলের সেই অনুযায়ী আগত উদ্বাস্তুরা এখানে ভারতবর্ষের নাগরিকরা যেভাবে বসবাস করেছেন সেইভাবে বসবাস করতে পারবেন। সেই চুক্তিতে একটা কথা ছিল যে দরকারবোধে পশ্চিম বাংলায় আগত উদ্বাস্তুরা পূর্ব বাংলায় ফিরে যেতে পারবেন, সেখানে তাঁরা তাঁদের ফেলে আসা সম্পত্তি ফিরে পাবেন, নাগরিত্ব পাবেন। কিন্তু বর্তমান বাংলা দেশের আইন ঠিক তার উল্টো। সেখানকার কোন সংখ্যালঘু যদি ভারতে ফিরে আসে তাহলে তার সম্পত্তি এনিমি প্রপার্টি বলে গণ্য হবে এবং বাংলা দেশের সরকার সেটা গ্রহণ করবেন। তারপর কেন্দ্রীয় সরকার তাঁদের উদ্বাস্তু বিভাগ, মন্ত্রী দপ্তর তুলে দিতে চাইলেন অর্থাত পশ্চিমবাংলার উদ্বাস্তু পুনর্বাসন সম্পর্কে তাঁরা কোন নেতৃত্ব গ্রহণ করলেন না।

[2-50—3-00]

তাঁরা বললেন যে সাধারণ প্রশাসনের মারফত যতটুকু হয় তাই হবে। তাই আমরা বামফ্রন্ট সরকার এসে উদ্বাস্তুদের পুনর্বাসন সম্পর্কে কেন্দ্রীয় সরকারের যে বিশ্বাসঘাতকতার নীতি তার

বিরোধীতা করলাম। আমরা নিজেরা একথা মনে করেছিলাম কেন্দ্রীয় সরকার যদি না করেন তা হলে আমাদের সরকারের পক্ষে যতটুকু সম্ভব তা আমরা করব, দেশ বিভাগের সময় যে প্রতিশ্রুতি জাতীয় নেতারা দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি সবার ক্ষেত্রে প্রযোজ্য, সেই প্রতিশ্রুতি যতটুকু করা সম্ভব তা আমরা করব। তাই তাঁদের নীতির পরিবর্তনের জন্য কেন্দ্রীয় সরকারের সপ্তম ফাইনান্স কমিশনের কাছে আমরা ৫০০ কোটি টাকা চাইলাম। আমরা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে একটা পুনর্বাসন করে দিলাম এবং করে দিয়ে উদ্বাস্তরা যে সব অঞ্চলে বসবাস করতেন শহরে জবরদখল কলোনী বলুন, ক্যাম্প বলুন, এগজিট ক্যাম্প বলুন, গ্রামাঞ্চলে কৃষিজীবি পরিবার বলুন, যে কোন অংশের যে কোন উদ্বাস্ত পশ্চিমবঙ্গের যে সমস্ত জায়গায় ছিল আমাদের পুনর্বাসন দপ্তরের পক্ষ থেকে যে সমস্ত গণতান্ত্রিক সংগঠন আছে, বামপন্থী সংগঠনের সহযোগিতায় সমস্ত জায়গায় গিয়ে গিয়ে তথ্য সংগ্রহ করলাম সেই অংশের উদ্বাস্তদের কতটুকু সাহায্য দেওয়া হয়েছে। শুনলে অবাক হয়ে যাবেন যেখানে পশ্চিম পাকিস্থান থেকে আগত উদ্বাস্তদের শতকরা ২৩ জনের আংশিক পুনর্বাসন হয়েছে। বাকী যে সমস্ত উদ্বাস্ত তাঁরা সরকারী সাহায্য তো পেলেন না, বরংচ তারা নিজেরা নিজেদের উদ্যোগে বাড়ী-ঘর করার জন্য যে সমস্ত ব্যবস্থা করছিল সেই সমস্ত জায়গা থেকে তাদের উৎখাত করবার জন্য অতীতের কংগ্রেস সরকার তাদের প্রতি কি অত্যাচার করেছেন তা আপনারা সকলেই জানেন। সেই তথ্য সংগ্রহ করে আমাদের পশ্চিমবঙ্গের পুনর্বাসন কমিটি জিনিসপত্রের যা দাম বেড়েছে তা খতিয়ে দেখে হিসাব করে বললেন প্রথমে কেন্দ্রীয় সরকারের কাছে যে ৫০০ কোটি টাকা চাওয়া হয়েছিল এখন তা করতে গেলে ৭৫০ কোটি টাকার প্রয়োজন। এদের জন্য জমি অধিগ্রহণ দরকার। গৃহ নির্মানের জন্য যার প্রয়োজন ৫ হাজার টাকা তাকে দিয়েছেন ২ হাজার, ফলে তার গৃহ নির্মাণ হয়নি। লক্ষ লক্ষ উদ্বাস্ত পরিবারকে গৃহ নির্মানের জন্য টাকা দেওয়া হয়নি, জমির জন্য টাকা দেওয়া হয়নি। যে সামান্য উন্নয়নের কাজ হয়েছে তার জন্য আরও টাকার প্রয়োজন এবং পশ্চিমবঙ্গে যে বেকারী উদ্বাস্তদের মধ্যে ছড়িয়ে পড়েছে তারজন্য শিল্প সম্প্রসারণ করার জন্য এবং আমাদের পশ্চিমবঙ্গে সংখ্যা লঘু মুসলমান ভাই যারা তাদের বাড়ী থেকে উৎখাত হয়ে গেছেন তাদের পুনর্বাসনের জন্য সমস্ত জিনিষগুলি বিবেচনা করে পুনর্বাসন কমিটি সিদ্ধান্ত করেছিলেন যে ৭৫০ কোটি টাকা প্রয়োজন বর্তমান অবস্থায়।

পূর্ণাঙ্গ পুনর্বাসন যদি করতে হয় যে প্রতিশ্রুতি কেন্দ্রীয় সরকার দিয়েছিলেন। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে পুনর্বাসন কমিটির রিপোর্ট মাননীয় সদস্যদের দিতে পারলাম না বলে আমি দুঃখিত, সেই রিপোর্ট ছাপতে দিয়েছি, অল্পদিনের মধ্যে সেই কমিটির রিপোর্ট সকল সদস্যকে দিতে পারব। সেটা ক্যাবিনেটে উপস্থিত হয়েছিল, ক্যাবিনেটের সমস্ত সদস্য তা পড়ে দেখেছেন, ক্যাবিনেটে গ্রহণ করার পর পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে সেই দলিল সেই ৭৫০ কোটি টাকার দাবি পাঠিয়ে দিয়েছি। এই যে ৫০০ কোটি টাকা পরে যেটা ৭৫০ কোটি টাকা হয়েছে এই দাবি দেশ বিভাগের পর থেকে বামপন্থী পার্টিগুলি

সমর্থন করেছে এবং এই ৭৫০ কোটি টাকার দাবি পশ্চিমবঙ্গের উদ্বাস্তু ছাড়া সাধারণ যে গণতান্ত্রিক মানুষ তাঁরাও সমর্থন করেছেন। আপনারা যাঁরা বিধানসভার মাননীয় সদস্য আছেন তাঁরা যদি খোঁজ করেন তাহলে জানতে পারবেন ২রা তারিখে এই দাবির ভিত্তিতে ময়দানে যে জমায়েত হয়েছিল সেই জমায়েত থেকে বুঝতে পারবেন এই দাবিটা কত সোচ্চার হয়েছে।

দু—একজন মাননীয় সদস্য যে সমস্ত কথা বলেছেন সেগুলো এর সংগে আসেনা। এঁরা লিজ দলিলের কথা বলেছেন। স্যার, এঁরা জেনেশুনে এসব কথা বলছেন বলে আমি দুঃখিত। দেবপ্রসাদবাবু বললেন লিজ দলিল যা দেওয়া হয়েছে তাতে দোকানঘর করতে পারবে। কোথাও একথা নেই, অত্যন্ত অসত্য কথা তিনি বললেন। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে ফ্রি হোল্ড রাইট, ফ্রি হোল্ড টাইটেলের দাবী করেছিলাম। ভারত সরকারের কাছে এবং ইন্দিরা গান্ধীর কাছে জ্যোতিবাবু সরাসরি চিঠির মাধ্যমে জানিয়েছিলেন গ্রামাঞ্চলের উদ্বাস্তুদের জন্য বামফ্রন্ট সরকার যেমন ফ্রি হোল্ড টাইটেল দিচ্ছেন আর্বান এরিয়ায় যে সমস্ত কলোনী আছে সেখানেও সেই রকম ফ্রি হোল্ড টাইটেল দেওয়া হোক। কিন্তু অত্যন্ত দুঃখ, ক্ষোভ এবং লজ্জার কথা ভারতবর্ষের প্রধানমন্ত্রী বললেন এই নীতি আমরা পরিবর্তন করতে পারব না। সাধারণভাবে যখন পরিবর্তন করা হবে তখন এটা নিয়ে চিন্তা করা হবে একথা তিনি বললেন। আগের বিধানসভায় যাঁরা ছিলেন তাঁরা সকলেই একথা জানেন। তাঁরা এই যে অবস্থার সৃষ্টি করলেন তাতে আমরা দেখলাম বামফ্রন্ট সরকার যে সমস্ত জনকল্যাণমূলক কাজ করেছে তাতে জমির মালিকানা না দিলে উদ্বাস্তুরা সুযোগ সুবিধা পাচ্ছিল না। ১৯৭৮ সালে পশ্চিমবাংলায় যে বন্যা হোল তাতে ৪২ লক্ষ বাড়ী ঘর ভেঙ্গে গিয়েছিল। আমরা যখন এই বাড়ীর ব্যাপারে অনুদান দিতে গেলাম তখন দেখলাম গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে যাদের বাড়ীঘর ভেঙ্গে গিয়েছিল তারা কোন রকম অনুদান পাচ্ছে না। তখন আমরা সিদ্ধান্ত করলাম উদ্বাস্তুদের ক্ষেত্রে যদি কারুর ঐ মালিকানা না থাকে তাহলে সেও ওই অনুদান পাবে। সিডিউল কাস্ট সিডিউল ট্রাইবস্ এবং সাধারণ মানুষ যে সমস্ত সুযোগ সুবিধা পাচ্ছেনা উদ্বাস্তু পরিবারও মালিকানা না পেলে সেই সমস্ত সুযোগ সুবিধা পাচ্ছেনা। কেন্দ্রীয় সরকার ওই অনমনীয় মনোভাবের পর আমরা কেন্দ্রীয় সরকারের কাছে বললাম ৯৯৯ বছরের লিজ আমরা দিতে চাই। আমি মাননীয় সদস্যদের জানাচ্ছি, পশ্চিমবঙ্গ সরকারের হাতে যে সমস্ত খাস জমি আছে এবং বিভাগীয় জমি আছে এবং সেখানে যে সমস্ত উদ্বাস্তুরা রয়েছে তাদের আমরা ৯৯৯ বছরের লিজ দিয়েছি। কিন্তু কেন্দ্রীয় সরকার এতে আপত্তি করেছেন এবং তাঁরা বলেছেন শহরাঞ্চলে যে সমস্ত কলোনী আছে সেখানে ৯৯ বছরের বেশী সময় দেওয়া যাবেনা। আর একটা কথা বলছি, যাদের লিজ দেওয়া হয়েছে ইচ্ছা করলে তার নবীকরণ করাও যাবে। কাজেই এখানে সমস্ত কথা বলা হয়েছে সেগুলি উদ্দেশ্যমূলক বলে মনে করি। যে সমস্ত লিজ দলিল দেওয়া হয়েছে সেটা উদ্বাস্তুদের স্বার্থ রক্ষা করার জন্যই দেওয়া হয়েছে। তারা যাতে আরও সুযোগ সুবিধা পায় তার

জন্য উদ্বাস্তুদের যে সংগঠন আছে তারা নিশ্চয়ই আন্দোলন করবে। একথা বলে মাননীয় সদস্য ননীবাবু যে প্রস্তাব এনেছেন তাকে আমি সমর্থন করছি।

[3-00—3-10 P. M.]

**শ্রীআবদুস সাত্তার ঃ** মিঃ চেয়ারম্যান, আপনি এখানে বসে আছেন কিন্তু আপনার দলের সকলেই তো বেরিয়ে গেছেন, পরোক্ষভাবে ওয়াক আউট করেছেন।

**শ্রীননী কর ঃ** মিঃ চেয়ারম্যান, যে প্রস্তাব আমি এখানে উত্থাপন করেছি, সেই প্রস্তাবের পক্ষে আমাদের দিকের সদস্যরা যে কথা বলেছেন—উদ্বাস্তুদের স্বার্থ বিরোধী কাজ ওঁরা সব সময় করেছেন, সেইজন্য আজকে যে উদ্বাস্তুদের নিয়ে একটা প্রস্তাব আলোচনা হচ্ছে, সেই প্রস্তাবটা গ্রহণের ক্ষেত্রেও ওঁরা বিরোধিতা করছেন, এইভাবে উদ্বাস্তু পুনর্বাসনের বিষয়টা ওঁরা হেলা করছেন, চিরকাল করেছেন এবং এখনও করছেন। সেই কারণে এই ৩৫ বছর পরেও আমাকে আবার এই প্রস্তাব উত্থাপন করতে হচ্ছে। আমি সাত্তার সাহেবকে বলবো, বিরোধী দলের নেতা হিসাবে তাঁর উচিৎ তাঁর একটা দায়িত্ব আছে, এই প্রস্তাব সমর্থন করা, একে ডিসটার্ব করা নয়। উনি কোন কথা শোনেননি, আমি বলছি আর. এস. পি. বামফ্রন্টের শরিক, তারা এখানে তাঁদের বক্তব্য রেখেছেন, মাননীয় মতীশ রায় বক্তব্য রেখেছেন, ওঁর সময় হয়নি শোনার—সাত্তার সাহেব উদ্বাস্তুদের ঘৃণা করেন, ওঁদের দলও ঘৃণা করেন—শোনেননি মতীশবাবু বলে গেছেন—

( গোলমাল )

স্যার, ওদের খুব লেগেছে, উদ্বাস্তুদের কাছে ভোটের সময় গিয়ে ভাল ভাল কথা বলেন, আর এখানে এসে বিরোধিতা করছেন। উদ্বাস্তুদের সম্বন্ধে যখন এখানে একটা প্রস্তাব আনা হয়েছে, তখন ওনাদের গায়ে খুব লেগেছে। কিন্তু আমাদের কোন উপায় নেই। উদ্বাস্তুদের পক্ষে বামপন্থী দলেরা দাবী আদায়ের জন্য এত বছর ধরে আন্দোলন করে আসছে, আর ওরা চিরকাল বিরোধিতা করেছেন বলে ওদের সংখ্যা আজকে এই কটিতে দাঁড়িয়েছে, এটা সকলেই জানেন। সেই কারণে উদ্বাস্তু এলাকায় গিয়ে যদি এই সব বক্তৃতা করতেন তাহলে উদ্বাস্তুরা তার জবাব দিত। এই বিধানসভায় আমার আর বিশেষ কিছু বলার নেই। আমি শুধু বলবো, দেবপ্রসাদবাবু বলেছেন যে আজকে উদ্বাস্তুদের দলিল দেওয়া হচ্ছে, সেই দলিল উদ্বাস্তুদের স্বার্থ বিরোধী—উদ্বাস্তু দরদী এসেছেন—আমি এই কথা বলি, সিদ্ধার্থশংকর রায় যে দলিল দিচ্ছিলেন, সেই দলিলের নাম ছিল লিজ দলিল। আজকে বামফ্রন্ট সরকার যে দলিল দিচ্ছেন কেন্দ্রীয় সরকারের অনুমোদন নিয়ে, সেই দলিলের নামও লিজ দলিল, এই বিষয়ে কোন সন্দেহ নেই, কিন্তু আমি এই কথা বলি, চেয়ারম্যান মহাশয়, আপনি জানেন সেই কথা—ঠাকুর্দার হুঁকো ছিল, বাবা তার খোল পাল্টেছেন,

আমি তার নলচে পাল্টেছি, লোকে কিন্তু তাকে ঠাকুর্দার হুঁকোই বলে। খোল নোলচে আছে কি না, না দেখে দেবপ্রসাদবাবু বলে দিলেন, ব্যবসা করার অধিকার নেই। রাধিকাবাবু বলেছেন এবং আমি আবার বলি যে কোন্ দলিল দেখে উনি এখানে হাজির করলেন, সেই দলিল অফিসে উপস্থিত করুন, সেই দলিল দেখা যাবে। এই কথা কোথাও নেই, বরং যে কথা ছিল না—অতীতের দলিলে ছিল যদি লিজ শেষ হয়ে যায় তাহলে সেই জমি কি হবে, কমপেনসেশন পাবে কিনা, এই কথা দলিলে লেখা ছিল না। আজকের দলিলে লেখা আছে কমপেনসেশন সে পাবে। শুধু পাবেই নয়, আজকে এই দলিল আবার নতুন করে রিনিউ করার জন্য আবেদন করবেন সেই উদ্বাস্তু, রিনিউড হবে, এই কথা আজকে দলিলে লেখা হবে। আগের দলিলে মর্টগেজ করার কোন অধিকার ছিল না, আজকের দলিলে মর্টগেজের অধিকার আছে। আগের দলিলে জমি বিক্রি হলে পরে, নিজের করা যে বাড়ি, সেই বাড়ির দামের অর্ধেক সরকারকে দিতে হতো, এবারে লেখা আছে ল্যাণ্ড মিন্স ল্যাণ্ড, জমি মানে জমি। যদি জমি কখনও বিক্রি হয়, তার জন্য বাড়ির টাকা তাকে দিতে হবে না।

আজকে দলিলে এই পরিবর্তন হয়েছে। আজকে জয়নাল সাহেব, সাত্তার সাহেব 'মা' খুঁজে পাবার চেষ্টা করছেন। আমি আপনাদের অনুরোধ জানাচ্ছি আপনারা কেন্দ্রকে পরিপূর্ণ মালিকানা দিতে বলুন। আমি নিজে ব্যক্তিগতভাবে মনে করি, আমাদের দল এটা মনে করে এবং আমাদের মন্ত্রীরা সকলেই এটা চান যে উদ্বাস্তুদের পরিপূর্ণ জমির মালিকানা দেওয়া হোক। কিন্তু ওঁদের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী, তিনি সেটা করতে দিতে চাইছেন না। তিনি চাইছেন না বলেই আমরা দেখতে পাচ্ছি এত লক্ষ উদ্বাস্তু এরা সকল দিক থেকেই বঞ্চিত হচ্ছে। আজকে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার উদ্বাস্তুদের, অল্প আয়ের জমির মালিকদের নানারকম সুযোগ সুবিধা দিচ্ছেন। সেইসব কারণে উদ্বাস্তুদের স্বার্থবাহী দলিল তারা গ্রহণ করেছেন। আপনারা এখানে এত চেঁচাচ্ছেন, আপনাদের দলেরই সদস্য উদ্বাস্তুদের মধ্যে যারা আছেন তারা কিন্তু এই দলিল নিয়ে চলে যাচ্ছেন, লক্ষ লক্ষ উদ্বাস্তু আজকে দলিল নিয়ে চলে যাচ্ছেন। বিরোধী পক্ষের কংগ্রেস(ই)-র নেতা আবদুস সাত্তার সাহেব যখন মনে করছেন উদ্বাস্তুদের পরিপূর্ণ মালিকানার দলিল হওয়া উচিত তখন তিনি শ্রীমতী ইন্দিরা গান্ধীকে গিয়ে বলুন, এই পরিবর্তনটা করে দিন। কিন্তু ওরা কিছুই করতে দেবেন না। কাজেই উদ্বাস্তুদের যে অবস্থা হয়েছে সেই অবস্থা থেকে রক্ষা পাওয়ার জন্য উদ্বাস্তুদের স্বার্থবাহী যে দলিল দেওয়া হচ্ছে সেই দলিল কিন্তু তারা নিয়ে যাচ্ছে। এটা মনে রাখতে হবে যে, এই দলিল কিন্তু শেষ নয়, আমাদের দাবী হচ্ছে পরিপূর্ণ মালিকানা দিতে হবে। তারজন্য আমাদের আন্দোলন করতে হবে, লড়াই করতে হবে। সেই লড়াই-এর পিছনে বামফ্রন্ট সরকার আছে। সেই লড়াই-এ আপনারা থাকবেন কিনা বলুন। যদি থাকতেন তাহলে আমরা যেভাবে প্রস্তাব এনেছি তাকে সেইভাবেই সমর্থন করতেন, এ্যামেণ্ডমেণ্ট আনতেন না। তাই নীরোদবাবু যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন আমি সেই এ্যামেণ্ডমেণ্টটা গ্রহণ করছি। পশ্চিমবাংলার কলোনী উন্নয়নের কথা উঠেছে। কলোনীগুলি উন্নয়ন করার দরকার নেই, এই সিদ্ধান্ত করে কেন্দ্রীয় সরকার কোন টাকা দিচ্ছেন না।

গ্রামের কো-অপারেটিভ কলোনী হোক বা সরকারী কলোনী হোক অথবা জবর দখল কলোনীই হোক, এই সমস্ত কলোনীগুলি উন্নয়ন করার প্রয়োজন আছে। সেই দাবী আজকে এই প্রস্তাবের সঙ্গে যুক্ত করার জন্য নীরোদবাবু এ্যামেণ্ডমেণ্ট এনেছেন। এই কারণেই আমি তাঁর এ্যামেণ্ডমেণ্টটি গ্রহণ করছি। আমি এটা সমর্থন করি। কেন্দ্রীয় সরকার শহরাঞ্চলের সমস্ত কলোনীগুলির উন্নয়ন করতে চাইছেন না। যেসব কলোনী উন্নয়ন করার জন্য গ্রহণ করা হয়েছে, তারজন্য প্লট প্রতি যে টাকা দেওয়া হয় সেই টাকায় আজকে আর উন্নয়ন করা যায় না। সেই টাকা বাড়ানো প্রয়োজন আছে। আর দেবপ্রসাদবাবু এ্যামেণ্ডমেণ্ট এনে এই প্রস্তাবের সমস্ত ব্যাপারটা উল্টে দেবার চেষ্টা করছেন। তার এই এ্যামেণ্ডমেণ্টটি উদ্বাস্তু স্বার্থ বিরোধী বলে আমি এর বিরোধীতা করছি। কাশীনাথ মিশ্র মহাশয় অনেকগুলি ছোট ছোট এ্যামেণ্ডমেণ্ট এনেছেন। আমি সবগুলির বিরোধীতা করছি। উদ্বাস্তুদের স্বার্থরক্ষার জন্য আমি প্রস্তাব উত্থাপন করেছি। কেন্দ্রের কাছ থেকে যাতে টাকা পাওয়া যায় সেইজন্য আমি আপনাদের সকলকে আমার প্রস্তাবের মধ্যে এটা বোঝাবার চেষ্টা করছি। আসুন, আমরা সকলে মিলে একসঙ্গে এই প্রস্তাব গ্রহণ করে কেন্দ্রের কাছে উদ্বাস্তু সমস্যা সমাধানের দাবী জানাই। কেন্দ্রীয় সরকার পূর্ববঙ্গের উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য পরিকল্পনা গ্রহণ করেন নি। উদ্বাস্তুদের নানাভাবে বঞ্চিত করেছেন। অতীতে রাজ্য সরকার উদ্বাস্তুদের জন্য কিছু করেন নি। বর্তমান সরকার উদ্বাস্তুদের পক্ষে যে প্রস্তাব দিচ্ছেন সেই প্রস্তাবে তারা রাজী হচ্ছেন না। সুতরাং প্রশ্ন এটা নয় যে, রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে কোন সহযোগিতা করছেন না। রাজ্য সরকার বার বার বলছেন উদ্বাস্তুদের জন্য আমরা তোমাদের সঙ্গে সহযোগিতা করতে চাই। রাজ্য সরকার যে টাকার প্ল্যান করে দিচ্ছেন সেটা কেন্দ্রীয় সরকার করতে চাইছেন না। তারই জন্য আমরা বলেছি কেন্দ্রীয় সরকারের সহযোগিতা প্রয়োজন এবং কেন্দ্রীয় সরকারকে সহযোগিতা করতে হবে রাজ্য সরকারের সঙ্গে এই উদ্বাস্তু পুনর্বাসনের ক্ষেত্রে। সেটাকে উল্টো করে আনবার জন্য কাশী নাথ মিশ্র মহাশয় এই এ্যামেণ্ডমেণ্টগুলি এনেছেন কাজেই আমি সেই এ্যামেণ্ডমেণ্টগুলির বিরোধীতা করছি। আমার সময় কম, সেই জন্য আমি আপনাদের আবার নতুন করে এটা ভাবতে বলব। দেবপ্রসাদবাবুকে বলছি, আপনি দলিলটা একটু পড়ে দেখুন। আপনাদের যদি ২/৪ জন উদ্বাস্তু থাকেন তাহলে তাদের সংগে একটু পরামর্শ করে দেখুন, তারা কি বলেন। তখন দেখবেন আপনাদের মতের পরিবর্তন হবে, তখন এই কথা আর বললেন না। তাই আমি কংগ্রেস(ই) এবং বিরোধী পক্ষের সদস্যদের কাছে অনুরোধ করব যে আপনারা উদ্বাস্তুদের স্বার্থটাকে বড় করে দেখুন। উদ্বাস্তুদের জন্য ৭৫০ কোটি টাকা যে চাওয়া হয়েছে তাতে সমস্ত উদ্বাস্তুর পুনর্বাসন হবে না। কিন্তু অল্প আয়ের মানুষ, যারা একেবারে মরে যাচ্ছে, টিকতে পারছে না, রাস্তার ধারে পড়ে আছে, তাদের কিছু বাসস্থান এবং কিছু রুজিরোজগারের ব্যবস্থা করার জন্য আমি যে প্রস্তাব এনেছি তাকে আপানারা সকলে মিলে সমর্থন করুন। আমার এই প্রস্তাব সকলে সমর্থন করবেন এই আশা নিয়ে আমি এখানেই বক্তব্য শেষ করছি।

[3-10—3-20 P. M.]

**Sri Nirodh Roy Chowdhury : Sir I beg to move that—**

i) In para 3, line 3, the word 'এবং' be omitted ; and

ii) After para 3, the following new paras be inserted, namely :
যেতেতু কলোনী বহিভূ্র্ত হাজার হাজার পরিবার আজও পুনর্বাসনের অপেক্ষায় আছে ; যেহেতু গ্রামাঞ্চলে সরকার ও বেসরকারী কলোনীর উন্নয়নের ব্যবস্থা হইতেছে না ও শহরাঞ্চলের সকল কলোনী উন্নয়নের আওতায় আনা হইতেছে না এবং যাহাও আনা হইতেছে সেক্ষেত্রেও বরাদ্দকৃত অর্থের পরিমান অপ্রতুল ; এবং"

The motion of **Shri Nirode Roy Chowdhury** that—

i) In para 3, line 3, the word 'এবং' be **omitted** ; and

ii) After para 3, the following **new paras** be inserted, **namely :**
যেহেতু কলোনী বহিভূ্র্ত হাজার হাজার পরিবার আজও পুনর্বাসনের অপেক্ষায় আছে ; যেহেতু গ্রামাঞ্চলে সরকারী ও বেসরকারী কলোনীর উন্নয়নের ব্যবস্থা হইতেছে না ও শহরাঞ্চলের সকল কলোনী উন্নয়নের আওতায় আনা হইতেছে না এবং যাহাও আনা হইতেছে সেক্ষেত্রেও বরাদ্দকৃত অর্থের পরিমান অপ্রতুল ; এবং" **was them put and agreed to.**

The motion of **Shri Deba Prasad Sarkar** to move after para 2, the following new para be inserted.

"যেহেতু যেসকল উদ্বাস্তু রাজ্যের বিভিন্ন এলাকায় জমি দখল করেছেন, "লীজ"-এর পরিবর্তে মালিকানা স্বত্বের মাধ্যমে তাদের আইনগত স্বীকৃতি দিতে বামফ্রন্ট প্রতিশ্রুতিবদ্ধ থাকায় রাজ্য সরকার তার সাম্প্রতিক লীজ দলিল বণ্টনের সিদ্ধান্ত প্রত্যাহার করে নিচ্ছে ;"
was then put and a division **taken** with the following **results :—**

**AYES**

Sarkar, Shri Debaprasad

**NOES**

Anisur Rahman Biswas, Shri
Bandyopadhyay, Shri Balai
Banerji, Shri Radhika Ranjan
Barma, Shri Manindra Nath
Basu, Shri Ajit
Basu, Shri Nihar Kumar

Bera, Shri Pulin
Bhattacharyya, Dr. Kanailal
Bhattacharya, Shri Gopal Krishna
Biswas, Shri Kumud Ranjan
Bose, Shri Nirmal Kumar
Chakrabarty, Shri Ajit
Chattopadhyay, Shri Sailendra Nath
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhuri, Shri Sibendranarayan
Das, Shri Banamali
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Dey, Shri Lakshmi Kanta
Ghosh, Shri Kamakhya
Goppi, Shrimati Aparajita
Gupta, Shri Sitaram
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Konar, Shrimati Maharani
Let, Shri Dhirendra
Mahata, Shri Kamala Kanta
Majhi, Shri Raicharan
Majhi, Shri Surendra Nath
Maji, Shri Pannalal
Maji, Shri Swadeshranjan
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Malik, Shri Purna Chandra
Mondal, Shri Bhakti Bhusan
Mondal, Shri Prabhanjan Kumar
Mondal, Shri Rabindra Nath
Mandi, Shri Rampada
Mandi, Shri Sambhunath
Mir Abdus Sayeed, Shri
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayan Das
Mukherjee, Shri Niranjan
Munshi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswar
Naskar, Shri Gangadhar
Nezamuddin Md., Shri
Oraon, Shri Mohan Lal
Paik, Shri Sunirmal
Panda, Shri Bhupal Chandra
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Abinash
Ray, Shri Achintya Krishna
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Santra, Shri Sunil
Saren, Shri Ananta

Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sinha, Shri Suresh
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri
Talukdar, Shri Pralay

**ABSTENTIONS**

Abdul Wahed, Shri
Abdur Rauf Answari, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Barman, Shri Dipendra
Chaudhuri, Dr. Kiran
Chowdhary, Shri Abdul Karim
Ghosh, Shri Asok
Gyan Singh Sohanpal, Shri
Kazi Hafizur Rahman, Shri
Khaitan, Shri Rajesh
Mahata, Shri Subhas Chandra
Mahato, Shri Shantiram
Misra, Shri Kashinath
Moslehuiddin Ahmed, Shri
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Panja, Shri Ajit Kumar

The Ayes being 1, the Noes 76 and the abstention 18, the motion was lost.

The motion of **Shri Kashinath Misra** that—"In para 1, line 1, for the words begining with "৩৫ বৎসরের মধ্যে" and ending with "সমাধান হয় নাই" the words "৩৫ বৎসর ধরিয়া পশ্চিমবঙ্গের উদ্বস্তু সমস্যা সমাধানের জন্য কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে সর্ব্বপ্রকার সাহায্য করিতেছেন" **be substituted.**

4. In para 4, line 2 **after** the word "দায় দায়িত্ব" the word "যৌথভাবে" be inserted.

5. In para 5, line 1, for the words beginning with the "রাজ্য সরকারের মাধ্যমে" and ending with the words "সহযোগিতা করেন" the following be **substituted.**

"এই সমস্যার সমাধানের জন্য রাজ্য সরকারকে কেন্দ্রীয় সরকারের সহিত সম্পূর্ণ ভাবে সহযোগিতা করার অনুরোধ জানাইতেছি।"

The motion of Shri Kashinath Misra was then put and division taken with the following results :

**AYES**

Abdul Wahed, Shri
Abdur Rauf Answari
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Barman, Shri Dipendra
Chaudhuri, Dr. Kiran
Chowdhary, Shri Abdul Karim
Ghosh, Shri Asok
Gyan Singh Sohanpal, Shri
Kazi Hafizur Rahman, Shri
Khaitan, Shri Rajesh
Mahata, Shri Subhas Chandra
Mahato, Shri Shantiram
Misra, Shri Kashinath
Mosleuiddin Ahmed, Shri
Mukherjee, Shri Samar
Mukherjee, Shri Subrata
Sadhukhan, Shri Tarapada

**NOES**

Anisur Rahman Biswas, Shri
Bandyopadhyay, Shri Balai
Barma, Shri Manindra Nath
Basu, Shri Ajit
Basu, Shri Jyoti
Basu, Shri Nihar Kumar
Bera, Shri Pulin
Bhattacharyya, Dr. Kanailal
Bhattacharyya, Shri Gopal Krishna
Biswas, Shri Kumud Ranjan
Bose, Shri Nirmal Kumar
Chakrabarty, Shri Ajit
Chattopadhyay, Shri Sailendra Nath
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Banamali
Das, Shri Nimai Chandra
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Dey, Shri Lakshmi Kanta
Ghosh, Shri Kamakhya
Goppi, Shrimati Aparajita
Gupta, Shri Sitaram
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Konar, Shrimati Maharani
Kumar, Shri Himansu
Let, Shri Dhirendra
Mahata, Shri Kamala Kanta
Majhi Shri Raicharan
Majhi, Shri Surendra Nath
Maji, Shri Pannalal
Maji, Shri Swadeshranjan
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Malik, Shri Purna Chandra

Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Prabhanjan Kumar
Mondal, Shri Rabındra Nath
Mandi, Shri Rampada
Mandi, Shri Sambu Nath
Mir Abdus Sayeed, Shri
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Munsi, Shri Mohammad Bacha
Murmu, Shri Maheswar
Nanda, Shri Kiranmoy
Naskar, Shri Gangadhar
Nezamuddin Md., Shri
Oraon, Shri Mohan Lal
Paik, Shri Sunirmal
Panda, Shri Bhupal Chandra
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Abinash
Ray, Shri Achintya Krishna
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Santra, Shri Sunil
Saren, Shri Ananta
Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sinha, Shri Suresh
Sinha, Shri Prabodh Chandra
Sk Siraj Ali, Shri
Talukdar, Shri Pralay

**ABSTENTION**

Sarkar, Shri Debaprasad

The Ayes being 18, the Noes 78, and the abstetation 1, the motion was lost.

The motion of **Shri Nani Kar** that,

"যেহেতু বিগত ৩৫ বৎসরের মধ্যে পশ্চিমবঙ্গের উদ্বাস্তু সমস্যার কোন সুষ্ঠু সমাধান হয় নাই,

যেহেতু উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসন হইলে পশ্চিমবঙ্গের সাধারণ উন্নতির সহায়ক হইবে।

যেহেতু ১৯৫০ সালের পর গঠিত জবর দখল কলোনী দ্রুত স্বীকৃতি দান ও সরকারী কলোনীর প্লট ও গৃহসমূহের মালিকানা উদ্বাস্তুদের মধ্যে বিতরণের মাধ্যমে এই সমস্যার দ্রুত সমাধান সম্ভব;

যেহেতু কলোনী বহির্ভূত হাজার হাজার পরিবার আজও পুনর্বাসনের অপেক্ষায় আছে ;

যেহেতু গ্রামাঞ্চলে সরকারী ও বেসরকারী কলোনীর উন্নয়নের ব্যবস্থা হইতেছে না ও শহরাঞ্চলের সকল কলোনী উন্নয়নের আওতায় আনা হইতেছে না এবং যাহাও আনা হইতেছে সেক্ষেত্রে বরাদ্দকৃত অর্থের পরিমাণ অপ্রতুল ; এবং

যেহেতু উদ্বাস্তু পুনর্বাসন একটি জাতীয় সমস্যা এবং এই সমস্যা সমাধনের সমস্ত আর্থিক দায়দায়িত্ব কেন্দ্রীয় সরকারের ;

সেইহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাইতেছে যে তাঁরা যেন "রাজ্য পুনর্বাসন কমিটি"র সুপারিশ অবিলম্বে মানিয়া নেন। এই সভা কেন্দ্রীয় সরকারকে আরও অনুরোধ জানাইতেছে যে তাঁরা যেন উদ্বাস্তু পুনর্বাসনের পূর্ণ দায়দায়িত্ব গ্রহণ করেন, রাজ্য সরকারকে এই ব্যাপারে ৭৫০ কোটি টাকা মঞ্জুর করেন এবং রাজ্য সরকারের সঙ্গে সর্বপ্রকার সহযোগিতা করেন।"

**Was put and carried.**

**[3-20—4-00 P. M. including adjournment]**

**শ্রীনিরঞ্জন মুখার্জী ঃ—** চেয়ারম্যান স্যার, ১৮৫ ধারা মতে আমি বিধানসভায় এই প্রস্তাব উত্থাপন করছি—

"যেহেতু এই সভা মনে করে—

(১) কলিকাতা ও শহরতলীর পথ পরিবহণ ব্যবস্থা শ্বাসরোধকারী অবস্থায় পৌঁচেছে ,

(২) দৈনন্দিন কাজের জন্য বিভিন্ন অঞ্চল হইতে লক্ষ লক্ষ যাত্রী সাধারনের কলিকাতায় আসার ফলে পরিবহণ ব্যবস্থায় ভয়ংকর চাপ পড়ছে ;

(৩) দিল্লী, বোম্বাই, মাদ্রাজের তুলনায় কলিকাতায় বহিরাগত নিত্যযাত্রীর সংখ্যা অনেক বেশী ;

(৪) আগামী দিনে কলিকাতায় বহিরাগতের সংখ্যা ৮৫ লক্ষ হইতে ৯০ লক্ষে পৌছবে ;

(৫) কলিকাতা শহরে যানবাহন চলাচলক্ষম পথের গড় অন্যান্য রাজ্যের তুলনায় অনেক কম ;

(৬) কেবলমাত্র ট্রাম ও বাসের সংখ্যা বৃদ্ধির দ্বারা এই সমস্যার সমাধান সম্ভব নয় ;

(৭) নির্মীয়মাণ পাতালরেল চালু হলে এই সমস্যার কিছুটা সমাধান হলেও তীব্রতা হ্রাস পাবে না ;

যেহেতু চক্ররেলের সম্ভাবতা স্বীকার ক'রে নিয়ে কেন্দ্রীয় সরকার কর্তৃক গঠিত ১৯৪৭ সালে গিন্‌ওয়ালা কমিটি ও পরবর্তীকালে রায় কমিটি, সারঙ্গপানী কমিটি কলিকাতা ও উপকণ্ঠে পৌর এলাকায় বিদ্যুত চালিত চক্ররেল প্রকল্পের সুপারিশ করেন ;

যেহেতু ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার কেন্দ্রীয় সরকারের নিকট ঐ সকল কমিটির সুপারিশ সহ চক্ররেল বাস্তবে রূপায়িত করার সুনির্দিষ্ট প্রস্তাব পেশ করেন ;

যেহেতু রাজ্য সরকারের এই প্রস্তাব সমীক্ষা করার জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক নিযুক্ত আর আই টি ই এস নামক সংস্থা দমদম থেকে প্রিন্সেপঘাট পর্যন্ত চক্ররেল স্থাপন করা কারিগরী দিক থেকে সম্ভব বলে সুপারিশ করছেন ;

অতএব এই সভা রাজ্য সরকারের মাধ্যমে জনস্বার্থে পরিবহণ ব্যবস্থার সুষ্ঠু সমাধানের জন্য কলিকাতা ও উপকণ্ঠে চক্ররেল চালু করার প্রস্তাব বাস্তবে রূপায়িত করার জন্য কেন্দ্রীয় সরকারের নিকট দাবী জানাচ্ছে।

**মিঃ চেয়ারম্যান ঃ** এখন বিরতি। আমরা আবার চারটের সময়ে মিলিত হব।

( At this stage the House was adjourned till 4 P.M. )

( After adjournment )

[4-00—4-10 P.M.]

**শ্রীনিরঞ্জন মুখার্জী ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, কলিকাতায় চক্ররেল প্রকল্পের ব্যাপারে আমি যে প্রস্তাব উৎথাপন করেছি সেই সম্পর্কে দু-একটি কথা বলছি। আজকে পূব ভারতের মধ্যে কলিকাতা শহর হচ্ছে প্রাণকেন্দ্র। শুধু রাজনৈতিক দিক থেকে নয়, অর্থ-নৈতিক, সামাজিক, সাংস্কৃতিক প্রভৃতি সমস্ত দিক দিয়েই। এই কলিকাতা শহরে যানবাহন ব্যবস্থা সম্পর্কে কাউকে আর বলে বোঝাতে হবে না, পরিবহন ব্যবস্থা শ্বাসরোধকারী অবস্থায় পৌচেছে। বিশেষ করে দেশ বিভাগের ফলে কলিকাতা শহরে উপর প্রচণ্ড চাপ সৃষ্টি হয়। ১৯৪৭ সাল থেকে এই সম্পর্কে কেন্দ্রীয় সরকার এবং সমস্ত রকমের যারা প্রযুক্তিবিদ তারা প্রত্যেকই স্বীকার করেন। রেলওয়ে অথরিটিও এই ব্যাপারে চিন্তা-ভাবনা করেন। ১৯৪৭ সালের পর বিভিন্ন সময়ে এক একটি কমিটি এই ব্যাপারে পর্যালোচনা করেন। ১৯৪৭ সালে প্রযুক্তিবিদ নিয়ে একটি কমিটি পুঙ্খানুপুঙ্খ রূপে পর্যালোচনা করেন এবং তারা বলেছেন অদূর-ভবিষ্যতে ৮০ থেকে ৯০ লক্ষ লোক আসবেন এবং যাবেন। সেই হিসাবে তারা এই যানবাহনের ব্যাপারে কতকগুলি রেকোমেনডেসান (সুপারিশ) করেন। তারা প্রথমেই চক্ররেল সম্পর্কে প্রাধান্য দেন। এই কমিটি হচ্ছে গিন্‌ওয়ালা কমিটি। তারপর

পরবর্তীকালে অর্থাৎ ১৯৫৩ সালে সেই গিনওয়ালা কমিটির সুপারিশকে আরোও পর্যালোচনা করার জন্য আর একটি কমিটি নিয়োগ করা হয় যাকে বলা হয় রায় কমিটি। ১৯৫৩-৫৪ সালে আরোও একটি কমিটি সেই সুপারিশকে আরোও কার্যকরী করার জন্য, আরোও কিভাবে ভালভাবে কলিকাতা শহরের উপর যানবাহন নিয়ন্ত্রণ করা যায়, চক্ররেল করা যায় কিনা তারজন্য সারঙ্গপানী কমিটি নিযুক্ত করেন। প্রত্যেকটি কমিটি মোটামুটি একই জায়গায় সুপারিশ করেন। কলিকাতায় চক্ররেলের যে প্রয়োজন সেটা প্রত্যেকটিই কমিটি এক বাক্যে স্বীকার করেন। কেন্দ্রীয় সরকার বিভিন্ন সময়ে বাজেটে বিশেষ করে ১৯৬৮-৬৯ সালে এই চক্ররেল সম্পর্কে কিছু টাকা বরাদ্দ করেন। কিন্তু দুঃখের কথা এত কিছু সুপারিশ থাকা সত্বেও এই ব্যাপারে প্রাধান্য দেওয়া হয়নি, গুরুত্ব দেওয়া হয়নি। বিভিন্ন প্রযুক্তিবিদরা স্বীকার করলেন যে, কলিকাতায় জনসংখ্যার চাপ বৃদ্ধি পাবে, যানবাহনের অবস্থা সাংঘাতিক রূপ নেবে কিন্তু এই সম্পর্কে কেন্দ্র গুরুত্ব দিলেন না। শতকরা ৬ ভাগ কলিকাতা শহরের রাস্তা। যেখানে বোম্বে, দিল্লী, মাদ্রাজে গড়ে ২১ ভাগ রাস্তা আছে। সেই সমস্ত রাস্তা দিয়ে যে সমস্ত বাস, মিনিবাস, ট্যাক্সি বা অন্যান্য যানবাহন যাতায়াত করে তাকে নিয়ন্ত্রণ করা যায় এবং মানুষের যাতায়াতও নিয়ন্ত্রণ করা যায় কিন্তু কলকাতা শহরে সেটা সম্ভব নয়। এই কথা সকলেই স্বীকার করেন।

এ কথাটা সকলেই স্বীকার করেন এবং তার জন্য চক্র রেলকে প্রাধান্য দেন। চক্র রেল করা বাস্তবে সম্ভব নয়, অনেক ক্ষেত্রে বিভিন্ন রকম অজুহাত তুলে বিরোধিতা করার চেষ্টা করা হয়েছে কিন্তু প্রযুক্তিবিদরা বলেছেন যে ক্যালকাটা কর্পোরেশনের পোর্সণ থেকে দমদম, দমদম থেকে কাঁকুড়গাছী এইরকম বিভিন্ন যে কর্ড লাইন পাতা আছে তার উপর দিয়ে এই রেলের একটা কানেকসন করে যাত্রী বহনের ব্যবস্থা করতে পারলে খুবই সুবিধা হবে। সামান্য খরচের মধ্যে যে ব্যবস্থা হোতো, দমদম থেকে কাঁকুড়গাছি, দমদম থেকে প্রিন্সেপঘাট পর্যন্ত বর্তমানে লাইন আছে, তার উপর দিয়ে চক্ররেল করতে পারলে অনেক কম খরচে এই কাজ করা সম্ভব হোতো। এ ছাড়া এখন পর্যন্ত প্রিনসেপ ঘাট থেকে মাঝেরহাট পোল পর্যন্ত পরিকল্পনায় অনেকের সুপারিশ আছে।

আমরা শুনেছি, ১৯৭৭ সাল পর্যন্ত একবার, দুবার কেন্দ্রীয় সরকারের বাজেটে চক্ররেলের কথা উল্লেখ থাকলেও এ সম্বন্ধে তাঁরা আর কিছুই চিন্তা করেন নি। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে এই চক্ররেলের ব্যাপারে হস্তক্ষেপ করেন, বামফ্রন্ট সরকারের পরিবহণ মন্ত্রী মহাশয় এমনকি মুখ্যমন্ত্রী মহাশয় পর্যন্ত এ ব্যাপারে প্রধান মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন, এ ব্যাপারটি তাঁদের কাছে উত্থাপন করেন। কিন্তু বলা হয় যে পাতাল রেল দেওয়া হচ্ছে। পাতাল রেল এই যানবাহন সমস্যার কতটা সুরাহা করবে? তাঁরা বলছেন, পাতাল রেল অন্ততঃ পক্ষে ১০ লক্ষ মানুষের যাতায়াতের সুযোগ করে দেবে। কিন্তু যে ক্ষেত্রে অদূর ভবিষ্যতে ৮০/৯০ লক্ষ অথবা এক কোটি লোক এই শহরে আসবে সেখানে মাত্র ১০ লক্ষ লোকের

ব্যবস্থা করলে এই যান বাহন সমস্যার সমাধান হতে পারে না এবং তার জন্য এই পাতাল রেলের বিকল্প পাতাল রেলের পরিপূরক হিসাবে এই চক্র রেল একটা গুরুত্বপূর্ণ বিষয়। কলকাতা শহরকে বাঁচাতে তার সমস্ত ব্যাপার রক্ষা করতে পশ্চিমবঙ্গের প্রাণকেন্দ্র এই শহরটিকে এবং তার অর্থনীতিকে বাঁচাতে বিশেষভাবে সাহায্য করবে। তাই আমি এই প্রস্তাবটি উত্থাপন করেছি, আশা করব এই সভার সমস্ত সদস্য এই গুরুত্বপূর্ণ প্রস্তাবটি গ্রহণ করবেন, বিশেষ করে কংগ্রেস(আই) বন্ধুদের কাছে বলব আজকে যানবাহনের এই অবস্থার মধ্যে পশ্চিমবংগের প্রাণকেন্দ্র এই কলকাতা শহরকে বাঁচানো সম্ভব নয়। আসুন সকলে মিলে—তাঁরা কেন্দ্রের শাসনে আছেন, কেন্দ্রের রেল মন্ত্রীর কাছে তাঁরা প্রভাব বিস্তার করুন—দাবী জানাই। যানবাহনের পরিপূক হিসাবে চক্ররেলের ব্যবস্থা করা হোক। চক্ররেল চালু করার ব্যবস্থা করতে বাধ্য করা হোক পশ্চিমবঙ্গের প্রাণকেন্দ্র এই কলকাতা শহরকে রক্ষা করবার জন্য এবং আমি আশা করব সমস্ত, মাননীয় সদস্য আমার এই প্রস্তাবকে সমর্থন করবেন।

**শ্রীসুমন্ত কুমার হীরা** :— Sir I beg to move that in para 10, in line 1, for the words.

"কেন্দ্রীয় সরকার কর্তৃক নিযুক্ত" দি ওয়ার্ডস "কেন্দ্রীয় সরকারের" be substituted

মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি জানেন আজকের এই রেজলিউসন অন্তত গুরুত্বপূর্ণ। বিশেষ করে কলকাতার নাগরিকদের পক্ষে এবং এটাকে কোনভাবেই ছোট করে দেখা যায় না। যদিও কলকাতার বহু সমস্যার কথা আমরা এই বিধানসভায় চিৎকার করে বলি এবং যে সব সমস্যা আমাদের আছে এই যানবাহন সমস্যা তার মধ্যে সবচেয়ে বেশী প্রাধান্য পায়।

[4-10—4-20 P.M.]

আমাদের যান-বাহন সমস্যার জন্য ইতিপূর্বে আমরা দেখেছি যে আমাদের রাজ্য সরকার এবং কখনও-কখনও কেন্দ্রীয় সরকার এই সমস্যার গুরুত্ব স্বীকার করেছেন এবং সমস্যার গুরুত্ব স্বীকার করে কিছু কিছু কাজও হাতে নিয়েছেন সেজন্য কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানাই, সেজন্য রাজ্য সরকারকে ধন্যবাদ জানাই। যেমন আজকে মেট্রো রেল হচ্ছে—এই মেট্রো রেল আমাদের সমস্যা লাঘব করবার জন্য একটি পদক্ষেপ। কিন্তু আজকে আমরা বিভিন্ন কমিটি, বিভিন্ন অভিজ্ঞ ব্যক্তির সুপারিশ এবং মতামত নিয়ে একথা বলতে পারি এই মেট্রো রেল হবার পরও কলকাতার যান-বাহন সমস্যার সমাধান হবেনা। এই অবস্থার পরিপ্রেক্ষিতে আজকে মাননীয় সদস্য শ্রীনিরঞ্জন মুখার্জী এবং শ্রীলক্ষ্মী দে মহাশয়দ্বয় যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন এই প্রস্তাব অত্যন্ত গুরুত্বপূর্ণ আমাদের পক্ষে, এমন কি সারা ভারতের নাগরিকদের পক্ষে কারণ কলকাতা সস্তার শহর বলে এখানে সারা ভারত থেকে মানুষ আসেন জীবন ও জীবিকার সন্ধানে। তাই এই রেজোলিউশন অত্যন্ত গুরুত্ব দিয়ে বিবেচনা করা উচিত।

মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই প্রসঙ্গে একটি কথা বলতে চাই। দ্বিতীয় হুগলী সেতু করা হচ্ছে। এই হুগলী সেতু পরিকল্পনার কথা জানেন। এই সেতুর জন্য কেন্দ্রীয় সরকার এবারকার বাজেটে এক পয়সাও বরাদ্দ দিতে রাজি হয়নি উপরন্তু দায়দায়িত্ব অস্বীকার করতে চেয়েছেন। অথচ শহরের যান-বাহনের যে জটিলতা এবং হুগলী ব্রীজের যে জ্যাম তার খানিকটা দূর হোত এই দ্বিতীয় সেতু হলে। তা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার বলছে যে কোন টাকা দেওয়া হবে না, সেতুর দায়িত্ব রাজ্য সরকারের সুতরাং তা তাকেই করতে হবে। কেন্দ্রীয় সরকার এইভাবে যদি আমাদের উন্নয়নের দায়িত্ব এড়িয়ে যায় তাহলে কোন সমস্যা সমাধান সম্ভব নয়। এবিষয়ে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকৃষ্ট করবার জন্য, মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি রাজ্য সরকারকে অনুরোধ করছি।

মাননীয় চেয়ারম্যান স্যার, আর একটি কথা বলবো। আমার বক্তব্য আমি সংক্ষেপে রাখছি স্যার কারণ আপনি লালবাতি জালিয়েছেন। সেটা হচ্ছে ভারতের অন্যান্য শহর যেমন—দিল্লী, বোম্বাই, মাদ্রাজ—এই সমস্ত শহরের রাস্তার পরিসর এবং খোলা জায়গার পরিসর অনেক বেশি। উদাহরণ হিসাবে বলি, বোম্বাই শহরে প্রায় ৪০ ভাগ রাস্তা আছে, সেখানে কলকাতায় মাত্র ৬ ভাগ, মাদ্রাজে আছে ২৫ থেকে ৩০ ভাগ, দিল্লীতে ৬০ ভাগ। ঐ সমস্ত শহরে বড় রাস্তা আছে, রাস্তা বাড়াবার সুযোগ আছে কিন্তু আমাদের এখানে তারজন্য ঘরবাড়ী ভাঙ্গতে হবে, এইসব সমস্যা আমাদের এই শহরে আছে। আমাদের এখানে রাস্তার নানারকম টেকনোলজিক্যাল মেথড ব্যবহার করে যানবাহনের চলাচলের সুযোগ বাড়াতে হবে। জাপানে এখন ২।৩ তলা রাস্তা করেছে —উপরে একটি, গ্রাউণ্ডে একটি এবং আণ্ডারগ্রাউণ্ডে একটি—এই তিন ভাগে রাস্তা করেছে। আমাদের এখানেও সেই টেকনোলজি ব্যবহার করে এই সমস্যার সমাধান করা যায়।

মাননীয় চেয়ারম্যান স্যার, শেষ কথা বলছি যে এই কলকাতা সমস্যার শহর, সস্তার শহরও বটে, সে কারণে সারা ভারতবর্ষের মানুষ এখানে চলে আসছে। সুতরাং কেন্দ্রীয় সরকারকেও এই শহরের দায়িত্ব কিছুটা নিতে হবে, এড়িয়ে গেলে চলবে না। রাজ্য সরকারকে বলবো এই গুরুত্বটা কেন্দ্রীয় সরকারকে বুঝিয়ে দেবার জন্য। এই কথা বলে মাননীয় সদস্য শ্রীনিরঞ্জন মুখার্জী যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করছি।

**Dr. Kiran Choudhury :** Mr. Chairman, Sir, while supporting the motion I have got certain observations to make. Calcutta is a much maligned city. It has been called a city of processions ; it has also been called a dead city—city of dirt and filth—but all the same we love it. After all it is the nerve centre of Bengalee culture. It is a historical city which is also the centre of politics, administrative centre, the economic

centre of Eastern India and also a place of pilgrimage of the Hindus all over India. The Hindus of different parts of India, in distant villages, cherish to come over to Calcutta to have a dip in the Holy Ganges.

Now, Sir, the pressure on the transport is bound to be very heavy indeed. Whether it is going to be 85 lakhs or 90 lakhs I am not sure about the figure because it is for the statisticians to find out the figure. I do not know whether the mover had consulted these statisticians but in any case the number is going to be on the increase with the increase in population, increase of the influx of people from other side of the border. Sir, it is a common sight now that 10 to 15% of the people do not get inside the buses or trams. They travel by hanging by holding the handles keeping their toes on the foodboard—a dangerous physical feat, and unless they come back to their own homes their family members are very much worried as to whether they will return or not. When they do not return in time, the ladies are very much anxious. It is our experience and I need not have to dialate on that. Sir, I understand that we have got 1100 buses in our fleet but, unfortunately, we cannot put in more than 50% of the number in the streets—it may be a little over 50%. Such is also the case with trams. With the help of the World Bank we are going to have 530 buses—I may be wrong in my figure but the number will be more or less of a sort of a replacement that will not add to the total number of buses on the streets. So, Sir, what we will bring in will serve the substitute of the number that we have—not even the full number because the number is 1100 and 600 buses are on the streets. That is the situation, Sir.

Sir, the condition of the roads has been very justifiably referred to by the honourable member Shri Sumunta Kumar Hira that the roads are very narrow. The only solution is to construct fly-overs but that will take time. Sir, all these will naturally lead to one and one conclusion that we must have additional modes of transport. But how could we do it ? We can have a plan but, unfortunately, we have no plan for a city like this where the population is increasing—more people are coming in, more people

are coming to see the city almost everyday. The number is increasing daily. There must be a thorough plan and every year there must be addition of buses and trams so that we can cope with the number. If that is not done, trams and buses will never be in a position to keep rather cope with the number of the travelling public. The result will be where we are today—after ten years we will be exactly at the same point where we were ten years before.

[4-20—4-30 P.M.]

Now as regards metro rail, I do not know why we are wanted the metro rail first and not circular rail first. This is as old as 1947, there had been a number of committees and commissions whether we should have gone for the circular rail. If we wanted circular rail it could have been completed by this time. Now there is a point whether we should go by the system of—I mean the Japanese boring system—whether we should dig in or bore in. That will take some much longer time before we can possibly complete the system of metro rail. It is only the God who knows when we can complete it so that we can move from one end of the city to the other end. The mover can enlighten us, if he has any knowledge about it. There is also another risk present in the metro rail and I have persuaded myself not to avail of metro rail—I will leave it for others to do so. The reason is that here during heavy downpour in the rainy season, the Calcutta streets will remain submerged under 3 to 4 feet of water. Sir, if a road accident could claim lives of 78 persons when a bus went into a roadside ditch likewise if a metro rail meets with an accident the entire train load of 500 persons will intantly die after being entirely submerged into walls full of water. So, Sir, I shall not take the risk to travelling by metro rail—I will rather leave it to the mover to travel first. Now it is very much necessary that we should have circular rail, as it is known to most of us that circular rail will not take a long time and it will not also entail too much cost as it can be linked up with the exisiting lines, and if that is done, then it would be possible to travel from Dum Dum right upto Ballygunj.

If that can be done I think we just can have it completed even long before the metro rail starts functioning, and in doing so I would request all of us to try to pursue the matter to Mr Gani Khan Chowdhury, who not very many days ago assured the people of West Bengal that Calcutta is going to have metro rail by all means. If that is the case then there is no fear and we can all combine and see him to get it done for our own city, so that Calcutta people might be saved from the great ordeals they are having day to day.

Sir, another small point I need here to refer. Sir, you know that on the 15th March we are going to have a fare increase for buses and trams but that will not solve matters because you unless plug the pilferage in the government buses it is not possible to get anything from out of the payment of tickets. Sir, it is because of the fact that either the employees are dishonest or because of their lathargies the Government is losing thousands and thousands of rupees everyday. But in private buses it is never the practice.

Here in the case of Government buses either these people are dishonest or they are not doing their work seriously. So, unless these loopholes are plugged it will not be possible to make the buses self-sufficient whatever may be the rise of prices of tickets.

Thank you, Sir.

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে এখানে মাননীয় সদস্য নিরঞ্জন মুখার্জী এবং লক্ষ্মীকান্ত দে মহাশয় যে প্রস্তাব এখানে এনেছেন আমি সেই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি। মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি জানেন যে কলকাতা শুধু পশ্চিমবঙ্গের রাজধানী নয় সারা পূর্ব ভারতের রাজধানী। এবং শুধু তাই নয় কলকাতা শিল্প এবং সংস্কৃতিতে এবং ভারতবর্ষের বিপ্লবের ক্ষেত্রে এই কলকাতা হচ্ছে পীঠস্থান। আজকে এই কলকাতার সম্পর্কে আমরা যখন চিন্তা করি বা পথ দিয়ে চলি এবং সারা ভারতবর্ষের বড় বড় রাস্তাগুলির কথা ভাবি তখন আমাদের মনে খুবই দুঃখ হয়। এবং একথা আজকে ভাবলে দুঃখ হয় যে ভারতবর্ষের স্বাধীনোত্তর কালে এই কলকাতা মহানগরী কিভাবে আজকে উপেক্ষিত হচ্ছে। আজকে পূর্ববাংলা থেকে লক্ষ লক্ষ উদ্বাস্তু পশ্চিমবাংলায় আশ্রয় গ্রহণ করেছে। কলকাতায় জীবন-জীবিকার ক্ষেত্রে

তারা প্রতিদিনের পরিশ্রম করেই চলেছে। এই জীবিকার জন্য আজকে মানুষরা কলকাতায় ছড়িয়ে আছে। অথচ দিল্লী, মাদ্রাজ এবং বোম্বাই এই শহরগুলিতে যখন আমরা যাই তখন আমাদের মনে বারে বারে প্রশ্ন জাগে কেন্দ্রের এই অসম বণ্টন এবং উন্নয়ন সম্পর্কে তাদের মনোভাবের। এটা অত্যন্ত দুঃখজনক ব্যাপার। এটা ঠিকই জব চার্ণকের যুগ চলে গেছে। সেই কলকাতা আজকে নেই সেই কলকাতা আজকে লড়াই করে চলেছে। ভারতবর্ষের অন্যতম পীঠস্থান হিসাবে কেন্দ্রের কাছ থেকে যে সাহায্য আমাদের দরকার কেন্দ্রের সেই সহযোগিতা থেকে আমরা বঞ্চিত। আমরা দেখেছি ১৯৪৭ সালে জিনওয়ালা কমিটি হয়েছিল, রায় কমিটি হয়েছিল, সারেঙ্গা পানি কমিটি তারা যানবাহন সম্পর্কে চিন্তা করেছিলেন এবং তারা সারকুলার রেলের প্রস্তাব গ্রহণ করেছিলেন। তারপরে দেখতে পাচ্ছি দমদম থেকে চাঁদপাল ঘাট পর্যন্ত চক্ররেল পরিক্রমা শুরু করেছে এই প্রস্তাবগুলি নেওয়া হয়েছে। আজজে কলকাতা মহানগরী নানা সমস্যায় জর্জরিত। কিছুক্ষণ আগে উদ্বাস্তু সমস্যা নিয়ে আলোচনা হল। আজকে পশ্চিমবঙ্গ বিভিন্ন সমস্যায় জর্জরিত হয়ে এখানকার জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। এবং আজকে কলকাতা শহরকে নরকে পরিণত করা হচ্ছে। এখানে ১ কোটি লোকের বাস। কিছুক্ষণ আগেই মাননীয় সদস্য সুমন্ত হীরা মহাশয় বললেন যে সারা ভারতবর্ষের মানুষ কলকাতায় আছে। এখানকার জীবিকার মান অত্যন্ত নিম্ন স্তরের। এখানে এত স্বল্প আয়ের মানুষ বাস করে যা অন্য কোথাও নেই। বিভিন্ন অঞ্চল থেকে এখানে জীবিকার অনুসন্ধানে এখানে চলে আসছে। কলকাতা মহানগরী এদের চাপে আজকে ভারাক্রান্ত। ফলে পথে চলা যাচ্ছে না। পরিবহন এখানে যতই বাড়ানো হোক না কেন এখানে পরিবহন সমস্যার কোন দিন সমাধান হবে না।

[4-30—4-40 P.M.]

সেই অনুযায়ী আমরা মনে করি চক্র রেল বিশেষভাবে প্রয়োজন। আজকে কোলকাতার চারিদিকে তাকালে দেখতে পাওয়া যায় মহেনজোদারো। অর্থাৎ এখানে গর্ত, ওখানে গর্ত হয়ে আছে। এখানকার যা অবস্থা তাতে রাস্তাগুলি আর প্রসারিত করার উপায় নেই। পূর্ব বাংলা থেকে লক্ষ লক্ষ মানুষ এখানে এসে আশ্রয় গ্রহণ করেছে এবং শহরতলী থেকে প্রতিদিন লক্ষ লক্ষ মানুষ চাকরীর জন্য ট্রেনে করে কোলকাতায় আসছে। সেজন্য মনে হয় কোলকাতা শহর কার দায়িত্বে আছে? কোলকাতাকে সুন্দর করে সাজাবার দায়িত্ব কার? কোলকাতা শহর শিল্প, সংস্কৃতির পাঠস্থান হিসেবে একদিন সমস্ত পৃথিবীর মানুষকে আকৃষ্ট করেছিল। কিন্তু আজ সেই কোলকাতা দেখে মনে হয় মহেঞ্জোদারো। সেদিক থেকে মনে করি কোলকাতা শহরকে উন্নয়নের দিক থেকে কেন্দ্রের দৃষ্টি দেয়া দরকার। সেজন্য আমি মনে করি এই প্রস্তাবকে সকলের সমর্থন করা প্রয়োজন। আমার নিজের ভাষায় একটি কথা বলে আমি শেষ করবো—"জনাকীর্ণ মহানগরী, বিধ্বস্ত জনজীবন। যন্ত্রদানবের যন্ত্রণায়, নীলকণ্ঠের আকণ্ঠ নীলে মুখ থুবড়ে পড়ে থাকে কোলকাতা, আধুনিক সভ্যতার রণাঙ্গনে মহেঞ্জোদারো হয়ে।" একটি কথা বলে আমি প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীতারাপদ সাধুখাঁ :** মিঃ চেয়ারম্যান স্যার, আজ যে প্রস্তাব এসেছে বিরোধী পক্ষ থেকে তাকে সমর্থন করি। জনসাধারণের সুবিধার্থে এই প্রস্তাব উপযুক্ত বলে মনে করি। এই প্রসঙ্গে আমি ২।১টা কথা বলতে চাই। রেলের সঙ্গে আমি ব্যক্তিগতভাবে যুক্ত আছি। রেলমন্ত্রীর কাছে আমি ৩বার গেছি। রেলের জেনারেল ম্যানেজারের সঙ্গে দেখা করে রেলের বহু সমস্যা নিয়ে আলোচনা করেছি। তাঁদের প্রতি মুহূর্তে বলেছি এখানে লাইন করা হোক, ওখানে ট্রেন করা হোক, প্ল্যাটফর্ম করা হোক। তাঁরা বলেন আমরা ব্যাণ্ডেলে ৬০ লক্ষ টাকা খরচ করে কারশেড করবো এবং তার জন্য জমি অধিগ্রহণ করতে বলা হয়েছে। কিন্তু ৬ মাস হল কিছুই হল না। জেনারেল ম্যানেজার আমায় বলেন আপনি দয়া করে বিধানসভায় এটা বলুন এবং আমাদের জায়গা যোগাড় করে দিতে বলুন। সুমন্তবাবু বললেন রাস্তা সব সরু। আমরা জানি কারুর ব্লাড প্রেসার হলে আমরা বলি রক্ত বার করে দিয়ে শিরা বাঁচান যায়। কোলকাতা শহরের প্রায় সব রাস্তাই হকারে ভর্তি হয়ে আছে। মানুষ রাস্তা দিয়ে চলতে পারে না। দেখে মনে হয় পুলিশ নেই, শাসন নেই। যানবাহন সমস্যার সমাধান যদি করতে চান তাহলে এসব জিনিষ দেখতে হবে। আমরা যখন কেন্দ্রীয় সরকারের কাছে যাই তারকেশ্বরের মেলার জন্য ট্রেন বাড়াবার কথা বলতে তখন তাঁরা বলেন আপনারা স্পেশাল বাস বাড়াবার কথা সরকারকে বলুন। এই সমস্যার সমাধানে কেন্দ্রের সঙ্গে রাজ্য সরকারের একটা দায়িত্ব থাকে।

সরকার পক্ষকে আমরা সমর্থন করছি, এই প্রস্তাবকে আমরা চাই, আমরা দল বেঁধে দিল্লীতে যাব এবং বলব যে কলকাতার সমস্যা সমাধান করতে হবে। কিন্তু সেই সঙ্গে যেন তাঁদের দেখাতে পারি বড়বাজারের মুখে ফ্লাই ওভার হওয়ার পর হাওড়া ব্রীজে আর জ্যাম হচ্ছে না। কিন্তু আমরা বাস্তবে দেখছি প্রত্যেক দিন বড় বাজারের মুখে জ্যাম হচ্ছে, একটার পর একটা বাস খারাপ হয়ে যাচ্ছে। তবুও আমরা নিশ্চয়ই বলব কেন্দ্রীয় সরকারকে এগিয়ে আসতে হবে সেকেণ্ড ব্রীজের জন্য টাকা দিতে হবে। আপনারা মুখে বলছেন কেন্দ্রীয় সরকারের সঙ্গে সহযোগিতা করব কিন্তু বাস্তবে তা দেখতে পাচ্ছি না। গ্রামের টিউবওয়েলের ব্যাপারে গত বাজেট সেসানের পরে আমি জ্যোতি বাবুকে বলেছিলাম যে ১০০ কোটি টাকা পানীয় জলের জন্য আলাদা রাখা দরকার। তিনি বলেছিলেন টাকা এত আছে যে খরচ করতে পারছি না, আরো টাকা দিয়ে কি করব। আজকে যখন পানীয় জল নেই তখন টাকা চাইতে যাচ্ছি, বলছে এন. আর. পি.'র টাকা দিয়ে টিউবওয়েল কর। স্কুল, রাস্তা বন্ধ করে সেই টাকা দিয়ে কি টিউবওয়েল করতে হবে? সেই জায়গায় কেন্দ্রীয় সরকার যদি বলেন যে ব্রীজটা কি রাস্তাটা কতদূর তৈরী করলেন তাহলে কি তাঁরা অন্যায় বলেন? আপনাদের প্রচেষ্টা কোথায় সেই প্রচেষ্টায় যদি ক্রটি থাকে, সেখানে যদি ঘুন ধরে যায়, সেখানে যদি ফাঁকি থাকে তাহলে কিছুতেই সফল হতে পারবেন না। সেজন্য আপনাদের কাছে বলব আপনারা প্রত্যেকটি জায়গায় ট্রান্সপোর্ট প্রবলেম সল্‌ভ করার জন্য কায়মনোবাক্যে চিন্তা করুন, আমরা নিশ্চয়ই সাহায্যের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দল বেঁধে যাব এবং বলব আমাদের পশ্চিমবঙ্গ সরকারের প্রস্তাবকে সাহায্য করুন, আমরা রাস্তা পরিষ্কার

করছি, রেল যখন জায়গা চাচ্ছে আমরা জায়গা দিচ্ছি ষ্টেশন তৈরী করার জন্য কার সেড বাড়াবার জন্য। কিন্তু বাস্তবে দেখছি কি—১০ বছর লেগে যাচ্ছে জায়গা সংগ্রহ করে দিতে। তবুও দেশের স্বার্থের কথা চিন্তা করে এই প্রস্তাবকে সমর্থন করে আমরা সরকারী দলের সংগে কো-অপারেশান করছি, কিন্তু আমরা যেন দেখিয়ে দিতে পারি যে বাসের সংখ্যা বেড়েছে, রাস্তা-ঘাট পরিস্কার করে দিয়েছি, জন-জীবনকে কলুষমুক্ত, করার চেষ্টা করছি। এই সমস্ত কাজগুলি করুন, আমরা নিশ্চয়ই আপনাদের সঙ্গে দল বেঁধে মিছিল করে সার্কুলার রেলের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে যাব। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য:** মাননীয় সভাপতি মহাশয়, আজকে চক্ররেল সম্পর্কে যে প্রস্তাব এনেছেন নিরঞ্জন মুখার্জী এবং লক্ষ্মীকান্ত দে এবং তার সঙ্গে সুমন্ত কুমার হীরা যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। কলকাতার যে ম্যাপ তৈরী করা হয়েছিল তখন জব চার্ণক জানতেন না যে কোটি কোটি লোক এর উপর দিয়ে দাপাদাপি করবে। আজকে কোটি কোটি লোক এর উপর দাপাদাপি করছে। সেণ্ট্রাল এ্যাভিন্যু যখন তৈরী হয় তখন পত্রিকাতে বেরিয়েছিল এমন রাস্তা তৈরী করছে যার উপর ফুটবল খেলা হবে। আজকে সেই রাস্তা শেষ হয়ে গেছে। আজকে বোম্বের তুলনায়, উড়িষ্যার ভুবনেশ্বরের তুলনায় কলকাতার রাস্তা সরু প্রমাণিত হচ্ছে। আজকে বলা হচ্ছে জঞ্জালের শহর কলকাতা, মিছিলের শহর কলকাতা। তবুও বলব কলকাতা কলকাতাই, কলকাতা বলতে আমাদের বুক ফুলে উঠে। এই সরকার কলকাতা শহরের পরিবহন ব্যবস্থায় যে সমস্যা আছে সেই সমস্যা সমাধানের জন্য ব্যবস্থা করেছেন সেটা যতই ক্ষুদ্র হোক না কেন। আপনারা দেখুন বাস, ট্রাম বেড়েছে, হাওড়া থেকে লঞ্চ আসছে চাঁদপাল ঘাটে যেখান থেকে লোক ডালহৌসি স্কোয়ার এবং অন্যান্য জায়গায় যাচ্ছে। সুতরাং অবস্থার অনেক পরিবর্তন হয়েছে। আজকে দৈনন্দিন প্রয়োজনে হাজার হাজার মানুষ হাওড়া স্টেশনে, শিয়ালদহ স্টেশনে আসচে, সেজন্য সমস্যা আরো কঠিন হয়ে দাঁড়িয়েছে।

[4-40—4-50 P.M.]

কোলকাতার পরিবহনের মত এত সস্তা ভাড়া ভারতবর্ষের আর কোথাও নেই। ওঁরা বলছেন, ট্রাম, বাস-এর ভাড়া বেড়েছে ট্রাম, বাস পুড়িয়ে দেব। কিন্তু মনে রাখবেন দিল্লী, বোম্বে এবং মাদ্রাজের ভাড়া কত। এত সস্তা পরিবহন ভারতবর্ষের মধ্যে আর কোথাও নেই। তবে একথা ঠিক এই যে বিরাট সমস্যা সেটা গত ৩৫ বছর ধরে সৃষ্টি হয়ে রয়েছে তার সমাধান করা যাচ্ছেনা। আজকে যদি বাস-এর সংখ্যা আরও বাড়াই তাহলে বাস-এ বাস-এ ঠোক্কর লাগবে, রাস্তাঘাট জ্যাম হয়ে যাবে। আজকে লক্ষ্য করছি শিয়ালদহ স্টেশন থেকে এসপ্ল্যানেডে আসতে ১ ঘণ্টা লেগে যাচ্ছে। কাজেই এর একমাত্র সমাধানের পথ হচ্ছে মেট্রো রেল। আমরা ছোট-বেলায় দেখেছি শ্যামবাজারে গঙ্গার ধারে রেল লাইন পাতা ছিল এবং সেখানে কাঠ আসত।

বর্তমানে নীলরতন সরকার হাসপাতাল যেটা হয়েছে তার সামনে রেল লাইন পাতা ছিল এবং ট্যাংকশালের ওখানেও রেল লাইন চাঁদপাল ঘাট পর্যন্ত যেটা এখনও আছে। লর্ড ক্লাইভের আমলে ভারতবর্ষের যে উন্নতি হয়েছিল সুব্রতবাবুদের আমলে সেটা হয়নি। লর্ড ক্লাইভের আমলে এই রাইটার্স বিল্ডিংস্ হয়েছিল যেখানে আমরা রাজত্ব করছি। এই বামফ্রন্ট অনেক কাজ করবার চেষ্টা করেছেন, রাস্তা অনেক চওড়া করার চেষ্টা করেছেন। তবে মনে রাখবেন কোলকাতা কোনদিন বোম্বে হয়ে উঠবে না যদি বাড়ীঘর না ভাঙ্গে। এই মেট্রো রেল সম্বন্ধে ডঃ চৌধুরী বলেছেন মানুষ মরে যাচ্ছে। আপনি আমি মরব না কারণ রেলওয়েতে চড়ার সৌভাগ্য আপনার আমার হবেনা। যে গতিতে কাজ চলছে তাতে আপনার আমার কাজ সারা হয়ে যাবে, মেট্রো রেলওয়েতে চড়ার সম্ভাবনা আমাদের নেই। মেট্রোরেলওয়ের কাজ যেভাবে চলছে তাতে সব সময় চলতে ভয় হয় কে কোথায় গর্তে পড়ে গিয়ে প্রাণ হারায়। আমাদের বক্তব্য হচ্ছে, মেট্রো রেল হচ্ছে হোক, কিন্তু চক্র রেল হতে তো কোন বাধা নেই। চক্র রেল করলে কোন অসুবিধা হবেনা, লাইনও কিছু পাতা আছে। আমরা যদি সকলে মিলে কাজ করি তাহলে এই যে দুর্নাম রয়েছে "মিছিলের নগরী কোলকাতা", "পার্টির নগরী কোলকাতা", "অপরিষ্কার নগরী কোলকাতা" সেটা দূর হয়ে যাবে। কোলকাতার মত সুন্দর জায়গা ভারতবর্ষের কোথাও নেই। আরামের কোলকাতা, গর্বের কোলকাতা, সৌন্দর্যের কোলকাতা এটা আমাদের সকলেই জানা আছে। যত কথাই বলুন না কেন কোলকাতা কোলকাতাই থাকবে এবং সেদিন থেকে বলছি কোলকাতাকে রক্ষা করার জন্য পশ্চিমবঙ্গবাসী সকলেরই চেষ্টা করা উচিত। লক্ষ লক্ষ মানুষ প্রতিদিন এই কোলকাতায় চলাফেরা করছে। এখানে এখনও অল্প পয়সায় ঘর পাওয়া যায়, সস্তায় খাদ্যদ্রব্য পাওয়া যায়। বোম্বের একটা হোটেলে ৯/১০ টাকার কমে নিরামিষ খাওয়া যায়না, অথচ কোলকাতায় ৩ টাকায় খাবার হয়। কোলকাতার মত সস্তা জায়গা আর কোথাও নেই, এখানে খাবার, জিনিষপত্র, পরিবহন সব কিছু সস্তা। কাজেই এই কোলকাতাকে বাঁচাবার জন্য, ভারতবর্ষের পুরাণ রাজধানী কোলকাতাকে বাঁচাবার জন্য চক্র রেলওয়ের ব্যবস্থা করতে হবে এবং সেই দাবী নিয়ে আমাদের এগিয়ে যেতে হবে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅশোক ঘোষ ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় সদস্য নিরঞ্জন মুখার্জী এবং লক্ষ্মী দে মহাশয় এখানে যে প্রস্তাব উত্থাপন করেছেন চক্র রেলের ব্যাপারে, আমরা বিরোধী দলের সদস্য হলেও সরকারের তরফের কোন সদস্য যখন কোন গঠনমূলক প্রস্তাব সভায় আনেন, আমরা তা সমর্থন করি। ডাঃ বিধানচন্দ্র রায়ের আমল থেকে শুরু করে সিদ্ধার্থ শংকর রায়ের আমল পর্য্যন্ত যখন কোন গঠনমূলক প্রস্তাব এখানে সরকারের তরফ থেকে আনা হয়েছে তখন জ্যোতিবাবুর দল সেই ভাল কাজের বিরোধিতা করেছেন, আমরা কিন্তু সেই রকম জিনিস করতে চাই না। আমরা বলতে চাই যে চক্র রেল কলকাতায় প্রয়োজন, এই বিষয়টা অনস্বীকার্য্য। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর বামফ্রন্ট সরকারের পরিবহন মন্ত্রি মহঃ আমিন সাহেব পশ্চিমবঙ্গের

মানুষের যানবাহন সমস্যার সমাধানের জন্য এত বেশী চেষ্টা করেছিলেন, যার জন্য পশ্চিমবঙ্গের মানুষ তাঁকে টিটাগড়ের গ্যারাজে পাঠিয়ে দিয়েছেন। বর্ত্তমানে রবীনবাবু পশ্চিমবাংলার যানবাহনের সমস্যা সমাধানের জন্য এত বেশী চেষ্টা করছেন, যার ফলে দেখা যাচ্ছে, কংগ্রেস আমলে যেকটা বাস চলছিল, সেই সংখ্যা আস্তে আস্তে কমে আসছে। আজকে এই অবস্থায় যানবাহন ব্যবস্থা এসে দাঁড়িয়েছে। ভাঙ্গা অবস্থায় বাসগুলো গ্যারেজে পড়ে থাকছে এবং সেই সমস্ত ভাঙ্গা বাসগুলোর মধ্যে কিছু বাস দেখা যাচ্ছে চন্দনের বিস্কুট কারখানার বিস্কুট বহন করছে। চক্র রেলের প্রস্তাব এসেছে ঠিক, কিন্তু ভারতবর্ষের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী, কলকাতায় ভারতবর্ষের মধ্যে প্রথম মেট্রো রেল চালু করার ব্যবস্থা করেছেন। মেট্রো রেলে টাকা দিচ্ছেন। ভারতবর্ষের আর কোন রাজ্যে এই মেট্রো রেল হচ্ছে না। আমি সঙ্গে সঙ্গে বলতে চাই, ভারতবর্ষের যিনি বর্ত্তমানে রেলমন্ত্রী, তিনি পশ্চিমবঙ্গের মানুষ, তিনি নীতিগতভাবে স্বীকার করেছেন যে চক্র রেলের প্রয়োজন আছে। আমি সঙ্গে সঙ্গে বলতে চাই, এর পরিপ্রেক্ষিতে বর্ত্তমান রাজ্য সরকারের উচিত কেন্দ্রের সঙ্গে সর্বতো ভাবে এই ব্যাপারে সহযোগিতা করা। দিনের পর দিন দাবী তুলবেন, পশ্চিমবঙ্গের মানুষের দাবী আদায়ের জন্য চিৎকার করবেন, কেন্দ্র টাকা দেবে, হাউসের মধ্যে এবং হাউসের বাইরে চিৎকার করবেন, আর সেই টাকা নিয়ে পার্টির তহবিল বাড়ানো ছাড়া কিছুই কাজ করছেন না। পশ্চিমবঙ্গের মানুষের জন্য আপনারা কিছুই করেননি এবং করবেনও না। মেট্রো রেলের যে কাজ হচ্ছে—সত্যবাবু একজন বর্ষিয়ান নেতা, তিনি বললেন মেট্রো রেলের জন্য শুধু এখানে ওখানে গর্ত্ত হয়েছে, কাজ কিছুই হচ্ছে না। কেন কাজ হচ্ছে না, যদি আমি জিজ্ঞাসা করি, তাহলে আপনারা বলবেন যে সিমেন্টের অভাব লোহার অভাব, অথচ আমরা দেখছি পশ্চিমবঙ্গে চোরাবাজারে বহু জায়গায় লোহা এবং সিমেন্ট পাওয়া যাচ্ছে। আর একটা জিনিষ আমি বলতে চাই, সিটু ইউনিয়নের শ্রমিক নেতারা আজকে এই মেট্রো রেলের কাজে বাধা দিচ্ছে। মেট্রো রেলের মত চক্র রেলও কেন্দ্রের অনুমোদন পাবে এবং সেই সময় চক্র রেলের কাজেও সিটুর শ্রমিক নেতারা মেট্রো রেলের মত অবস্থা যেন না করেন। চক্র রেল নিশ্চয়ই হওয়া বাঞ্ছনীয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ চেয়ারম্যান:** মাননীয় সদস্যগণ, এই মোশনের উপর বিতর্ক ৪.৫৭ মিনিটে শেষ হয়ে যাচ্ছে। কিন্তু এখনও মনে হচ্ছে এটা শেষ করতে আধ ঘণ্টা সময় লাগবে। এই আধ ঘণ্টা সময় আপনাদের কাছ থেকে চেয়ে নিচ্ছি। আশাকরি মাননীয় সদস্যগণ অনুমোদন করবেন।

**শ্রীসুব্রত মুখার্জী:** অন এ পয়েন্ট অব অর্ডার, এই সময় বাড়ানোটা আপনারা একটা মোটিভ নিয়ে করছেন। একটা সিরিয়াস ব্যাপার নিয়ে আলোচনার জন্য সময় ধার্য্য হয়েছে, সেই জায়গায় এই এখনও পর্য্যন্ত ৪৫ মিনিট সময় বাড়ানো হয়েছে। এই রকম করে হাউসের ডিগনিটিকে হয়তো গলা টিপে মারার চেষ্টা করা হচ্ছে। সেই জন্য আমার অনুরোধ বিজনেস

এ্যাডভাইসারী কমিটিতে যা স্থির হয়েছিল, সেই অনুসারে এটা এখানেই শেষ করে দিন। শুধু মোশনটা মুভ করে দিন।

[4-50 5-00 P.M.]

**মিঃ চেয়ারম্যান:** বিজনেস এ্যাডভাইসারি কমিটি যেভাবে টাইম দিয়েছেন তাতে তাদের যে লিষ্ট আছে সেই অনুযায়ী আমাকে চালাতে হচ্ছে এবং একেবারে নেহাত সময় না নিলে য়, সেইটুকুই সময় নিচ্ছি। সময় শেষ হয়ে যাবে, সেই জন্যই নিতে হচ্ছে। সেটা নেবার সম্পূর্ণ াক্তিয়ার আমার কাছে। আমাকে তো কাজ শেষ করতে হবে। কাজেই আপনারা এই যে সময় নচ্ছেন, দয়া করে একটু সহযোগিতা করুন তাহলে আর অসুবিধা হবে না। হয়ত ৫/১০ মিনিট াকটু এদিক ওদিক হতে পারে। এই বিজনেস শেষ করার জন্য হাউসের সময় আরো আধ ঘণ্টা াড়ানো হচ্ছে। আশাকরি এতে আপনাদের সকলের মত আছে। অতএব আরো আধ ঘণ্টা ময় বাড়ানো হল।

**শ্রীলক্ষ্মীকান্ত দে:** মাননীয় চেয়ারম্যান, স্যার, হাউসে যে প্রস্তাব উথাপন করা হয়েছে াই সম্পর্কে আমি আপনার মাধ্যমে দু একটি কথা বলতে চাই। স্যার, আপনি জানেন ১৯৭৭ ালের পর থেকে বিভিন্ন সময়ে আমীন সাহেব বামফ্রণ্টের পরিবহন মন্ত্রী হবার পর থেকে বার বার িনি কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন নিবেদন করেছিলেন, চিঠি লিখেছিলেন যে, কলকাতা হরের পরিবহন সমস্যার সমাধান করতে গেলে চক্র রেলের প্রয়োজন রয়েছে। কিন্তু সেই সমস্ত কচ হয়ে গেছে। কলকাতা শহরে চক্র রেল হবে এই রকম কোন সম্ভাবনা এখন পর্যন্ত আমাদের মনে উল্লেখ নেই। তাই স্বাভাবিক কারণে এই প্রস্তাব আমরা এখানে উথাপন করার চেষ্টা রছি। আমরা কাগজে দেখেছি গনিখান চৌধুরী বক্তব্য উপস্থিত করেছেন চক্র রেল হওয়া চত। কিন্তু এখন পর্যন্ত বাস্তবে এটা আমরা দেখতে পাচ্ছি না। এর আগে বিভিন্ন সময়ে ় রেলের প্রস্তাব নেওয়া হয়েছিল। এমন কি টাকা পর্যন্ত এ্যালটমেণ্ট হয়েছিল। কিন্তু সেই কা চক্র রেলে খরচ করা হয়নি। তাই স্বাভাবিক কারণে এই প্রস্তাব অত্যন্ত গুরুত্ব দিয়ে আমরা ানে উপস্থিত করার চিন্তা করেছি। স্যার, আপনি জানেন কলকাতা শহরের রাস্তার পরিসর ত্যন্ত কম। কলকাতা শহরের লোকসংখ্যা খুব বেশী। সেই অনুপাতে ট্রাম বাসের হিসাবটা ়টু দেখুন। প্রথম যখন ট্রাম বাস চলতে শুরু করেছিল তখন ১৩ কিলোমিটার পার আওয়ার ল। এখন সেটা ৮ কিলোমিটার পার আওয়ারে এসে দাঁড়িয়েছে। এর পরে যদি আরো ট্রাম া বাড়ে তাহলে ৫/৬ কিলোমিটারে এসে দাঁড়াবে। কাজেই সমস্যার সমাধান কোন ক্ষেত্রেই না। এই সমস্যার সমাধান করতে গেলে চক্র রেল দরকার। এই চক্র রেলের ব্যাপারে ৪৭ সালে গিন্‌ওয়ালা কমিটি হয়েছিল। সেই কমিটি বিভিন্ন ক্ষেত্রে কতকগুলি নির্দিষ্ট সুপারিশ রছিলেন। দমদম জংশন টু প্রিনসেপ ঘাট একটা সারফেস লাইনের সুপারিশ করেছিলেন।

দ্বিতীয় সুপারিশ করেছিলেন উঁচু দিয়ে লাইন নিয়ে যাওয়া হোক। চীৎপুর ইয়ার্ড সিফ্‌ট দিয়ে একটা লাইন নিয়ে যাওয়া হোক প্রিনসেপ ঘাট পর্যন্ত। তারপর এক্জিসটিং লাইন যেটা আছে, যাকে কাঁকুড়গাছি কর্ড লাইন বলা হয়, যাত্রী সাধারণের জন্য সেটা যদি খুলে দেওয়া হয় তাহলে তারা অনায়াসে এই সারকুলার রেল দিয়ে গন্তব্যস্থলে চলে আসবে। কলকাতা শহরে বিভিন্ন দিক থেকে লোকজন আসেন, এই ক্ষেত্রে তাদের খুব সুবিধা হবে। আরো কমিটির কথা এখানে উল্লেখ করা হয়েছে। এর মধ্যে একটি কমিটির কথা উল্লেখ করা হয় নি। ১৯৬৩ সাল থেকে ১৯৬৭ সালের মধ্যে ইনভেষ্টিগেসন করার জন্য একটি কমিটি হয়। সেই কমিটি হল মেট্রপলিটান ট্রান্সপোর্ট অথরিটি, সংক্ষেপে এম. টি. পি. বলা হয়, তারাও অনুসন্ধান করেন। তারা বলেন কাঁকুড়গাছি কর্ড লাইন তো পাতাই আছে, এই ট্রেন লাইনটা ওপেন করে দিলে ভাল হয়। ১৯৭৭ সালের পরের কমিটিও সুপারিশ করেন দমদম জংশন থেকে প্রিনসেপঘাট পর্যন্ত এই লাইনটা খুলে দিলে কর্ড লাইন ব্যবহার করে যাত্রীরা অনায়াসে গন্তব্যস্থলে পৌছতে পারবেন। কাঁকুড়াছি কর্ড লাইন খুলে দিলে টাকা পয়সাও বেশী লাগছে না, অনায়াসেই এটা চালু করে দেওয়া যেতে পারে। আর সেই সঙ্গে সঙ্গে দক্ষিণেশ্বর-এর মধ্যে বালি টু বালিঘাট স্টেশন যোগ করে দিলে লুপ লাইন দিয়ে হাওড়া মেন লাইনের প্যাসেঞ্জাররা সরাসরি ঘুরে এসে নির্দ্দিষ্ট গন্তব্যস্থলে পৌছে যেতে পারবেন। সেই কারণেই সারকুলার রেলের কথা উত্থাপন করা হয়েছে।

বিভিন্ন সময়ে যখন প্রশ্ন ওঠেছিল। সারকুলার রেল কোলকাতায় হোক রেল পরিবহণের সমস্যার সমাধানের জন্য তখন সেটা নাকচ হয়ে যায় দুটি কারণে—আমি বিভিন্ন চিঠিতে দেখেছি—তার একটি কারণ হচ্ছে, বারবার বলা হচ্ছে মেট্রো রেল দেওয়া হচ্ছে সেখানে আবার সারকুলার রেল কেন ? স্যার, মেট্রোরেল কোলকাতার ভেতরের যাত্রীদের বহনের জন্য নিয়োজিত হবে কিন্তু কোলকাতা শহরের বাইরের অর্থাৎ শহরতলীর যাত্রীদের জন্য চক্র রেলই একমাত্র পথ কারণ সরাসরি এসে যাত্রীরা নেমে যেতে পারবেন। কাজেই চক্র রেলকে মেট্রো রেলের পরিপূরক হিসাবে ভাবা দরকার। মেট্রো রেলের তিনটি ফেজের একটির কাজও শেষ হয়নি, কাজেই আমরা প্রস্তাব করছি এই চক্র রেলের ব্যাপারে দ্রুত এই প্রস্তাব যাতে কার্যকরী হয় তার ব্যবস্থা করা দরকার। স্যার, পরিশেষে আমি বলব, আমরা আশা করেছিলাম কোলকাতা থেকে নির্বাচিত যেসব কংগ্রেস (ই) এম. এল. এ. তাঁরা অন্ততঃ কোলকাতা শহরের সামগ্রিক স্বার্থের কথা চিন্তা করে তাঁদের বক্তব্য উপস্থিত করবেন। আগেকার পরিবহণমন্ত্রি, যিনি উপস্থিত আছেন আমরা আশা করেছিলাম তিনি এর গুরুত্ব উপলব্ধি করে এই প্রস্তাব সমর্থন করবেন এবং উঠে বলবেন কোলকাতার পরিবহণ সমস্যার সমাধানের জন্য এটা অবশ্য করা দরকার। যদিও তাঁরা মুখে সমর্থন করেছেন তবুও তাঁদের বলব, ট্রাম, বাস না পুড়িয়ে এই প্রস্তাবকে সক্রিয়ভাবে সমর্থন করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**Dr. Zainal Abedin :** Sir, under Rule 336(1) I beg to move that the question be now put.

**Shri Subrata Mukherjee :** I am supporting the motion of Dr. Zainal Abedin.

**Mr. Chairman :** I know the rule.

**Dr. Zainal Abedin :** Sir, it has been supported by both the sides. Let there be a proposal fowarded to the Centre by the State Government. We want circular railway but they are preventing the subsequent motions relating to Summit and relating to Tantuja. We think they are killing time and as such, under Rule 336(1) I beg to move that the question be now put. I think it has been supported by Shri Subrata Mukherjee.

**Shri Subrata Mukherjee :** Yes.

[5-00—5-10 P.M.]

**মিঃ চেয়ারম্যান :** মাননীয় সদস্য যে রুল কোট করলেন সেই রুল তিনি পুরোপুরি পড়েছেন কি ?

**ডাঃ জয়নাল আবেদিন :** হ্যা, পড়েছি। আই মে মুভ এ্যাট এনি টাইম। আই হ্যাভ দি রাইট টু মুভ এ্যাট এনি টাইম।

**মিঃ চেয়ারম্যান :** আপনি রুল ৩৩৬(১)-টা দেখুন। এইভাবে আলোচনা করে শুধু টাইম কিল করছেন। আপনি কোশ্চেন পুট করার কথা বলেছেন। কোশ্চেন পুট করে কি হবে ? কিছু হবেনা। আপনি যেটা বলেছেন সেটা আমি এ্যাফোর্ড করতে পারছি না। আপনি যে পুট করতে চাচ্ছেন সেটা যে রিজনেবল, অ্যাবিউস নয় সেটাতো আমাকে বুঝতে হবে। কাজেই আপনি যে পয়েন্ট অব অর্ডার তুলেছেন সেটাকে আমি আউট অব অর্ডার বলে ঘোষণা করছি। লেট আস্ কন্টিনিউ দি ডিবেট। নাউ মিঃ রবীন মুখার্জী।

**Dr. Zainal Abedin :** I am sorry, Sir, we are bound by your ruling but you are encouraging the Ruling Front in there nefarious attitude to prevent other important Resolutions to come before this House.....

**শ্রীরবীন মুখার্জী :** মাননীয় স্পীকার মহাশয়, যে প্রস্তাব হাউসে এসেছে তার প্রতি হাউসের সকল সদস্যের সমর্থন আছে কাজেই একটা সঙ্গত এবং সুষ্ঠু আবহাওয়ার মধ্যে এর সমাপ্তি

হওয়া উচিত। এই ব্যাপারে কোন দ্বিমত নেই যে পশ্চিমবাংলার সমস্ত দলের সদস্যরাই চাচ্ছেন সার্কুলার রেল হোক। কাজেই এখানে যদি কোন যুক্তির অবতারণা হয় তাতে এমন কোন অসুবিধা নেই। মাননীয় সদস্য কিরণবাবু যা বলেছেন তাতে আমি মনে করি মূলতঃ তাঁর একটা পজেটিভ এ্যাপ্রোচ আছে এবং এটা প্রয়োজনের তাগিদেই করা উচিত। আমার বক্তব্য হচ্ছে সার্কুলার রেল ভাল কথা, কিন্তু ইতিমধ্যে মেট্রো রেল যেটা হচ্ছে তাতে কিছু কিছু উপকার নিশ্চয়ই পাওয়া যাবে। একটা কথা এখানে বলা হয়েছে যে, এত দেরী কেন হচ্ছে? আমি আশাকরি মাননীয় সদস্যরা সকলেই এই ব্যাপারে একমত হবেন যে, সমস্যাটা দিন দিন বাড়ছে। আজকে হাওড়া স্টেশন থেকে অনেক বাস দেওয়া যায়, কিন্তু যে পরিমান লোক সেখানে রয়েছে তাতে টেকনোলজিক্যালি আর পসেবল নয়। আপনারা একটা কথা চিন্তা করুন, কোলকাতাকে ভেদ করে সকলকে যেতে হবে কেন, যেখানে বালিখালের সঙ্গে যুক্ত করলে বজবজ পর্যন্ত যেতে পারে উইদাউট টাচিং শিয়ালদহ স্টেশন এ্যাণ্ড হাওড়া স্টেশন। টাকার অঙ্ক দেখবেন ১৫০ থেকে ২০০ কোটি টাকার মধ্যে এটা সমাপ্ত হবে। আপনারা যেভাবে বলছেন সেইভাবে চিন্তা করলে হবেনা কারণ বড় বেশী লোক আসছে এবং টাকার দিক থেকে এটা নিশ্চয়ই মনে রাখতে হবে যে কত টাকা লাগবে। তবে এটা ঠিক যে এর প্রয়োজন আছে। মেট্রো রেল হবার পরও সার্কুলার রেলের এ্যাপ্রোচ মানুষের কাছে কমছেনা, বরং বাড়ছে এবং টাকার দিক থেকেও অনেক কম লাগবে এটা রিয়ালিজ করা দরকার। এটা অনেক কম খরচে কমপ্লিট করা যায় এবং এটার প্রয়োজন ক্রমাগত বাড়ছে। এটা এনটায়ার মেল লাইন দিয়ে হাওড়া, হুগলী এবং ২৪-পরগণার মধ্যে সম্পূর্ণভাবে যোগাযোগের ব্যবস্থা করা যেতে পারে। সুতরাং সেই দৃষ্টিভঙ্গীতে এটার গুরুত্ব কমে যাচ্ছে না, বাড়ছে। মেট্রো রেল করতে যে টাকা আজকে খরচ হচ্ছে তার চেয়ে অনেক কম টাকা খরচ করে এটা করা করা সম্ভব। আজকে খরচের দিকটা রিয়েলাইজ করা দরকার। সব চেয়ে বড় কথা হচ্ছে, আজকে কলকাতা শহরে নতুন রাস্তা চালু করা টেকনোলজিক্যালি ইমপোসিবল্ হয়েগেছে। এটা পাচটি প্রজেক্টের মধ্যে দিয়ে করতে হবে। পাচটি প্রজেক্টকে আলাদা আলাদা করেও যদি করা হয়, পার্ট বাই পার্ট-ও যদি করা হয় তাহলেও আমরা উপকৃত হব। এখানে আমাদের বিরোধী পক্ষের ভূমিকা হচ্ছে, যেহেতু সরকার পক্ষ থেকে প্রস্তাব উত্থাপন করা হয়েছে সেহেতু বাধা দিতে হবে। এ ছাড়া বাধা দেওয়ার আর কোন কারণ নেই। যাই হোক এবিষয়ে আমি আরো আলোচনা করতে পারতাম, কিন্তু সময় কম থাকার জন্য আমি আর অলোচনা করছি না। যে প্রস্তাব এসেছে তাকে হাউস সমর্থন করবেন, এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনিরঞ্জন মুখার্জী:** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে আমি সকলকে ধন্যবাদ জানাচ্ছি। এই প্রস্তাবটির ওপর নির্দ্ধারিত বক্তারা সকলেই এটিকে সমর্থন করেছেন। তবুও আমি বিস্মিত যে, কলকাতা থেকে নির্বাচিত এবং যিনি বিধানসভায় সব সময়ে মুখরিত থাকেন সেই সুব্রত মুখার্জী এব্যাপারে কোন বক্তব্য রাখলেন না। আমি আশা করেছিলাম তিনি কলকাতার একজন নির্বাচিত প্রতিনিধি হিসাবে এখানে বক্তব্য রাখবেন এবং আমরা কিছু উপকৃত হব।

আমি প্রস্তাব উত্থাপত করবার সময়ে সকলের কাছে সমর্থনের আবেদন রেখেছিলাম। আমি অত্যন্ত খুশী হয়েছি যে, ডঃ কিরণ চৌধুরী এই প্রস্তাবটিকে সমর্থন করেছেন। তথাপি তাঁর একটা কথায় আমার মনে খুব আঘাত লেগেছে। তিনি বলেছেন, কলকাতা ডেড্ সিটি, প্রোসেসন সিটি, ডারটি সিটি ইত্যাদি। কিন্তু আমার বক্তব্য হচ্ছে, কলকাতার সব কিছু মৃত হলেও মানুষগুলো জীবিত, কলকাতার সংস্কৃতি জীবিত এবং কলকাতার অর্থনীতি জীবিত। সুতরাং কলকাতাকে বাঁচাতে হবে। পূর্ব ভারতের মানদণ্ড হিসাবে কলকাতা মহানগরীকে রক্ষা করার জন্য এবং তার যানবাহনের গুরুতর সমস্যার সমাধানের জন্য চক্র রেলের প্রয়োজন। চক্র রেলের মধ্যে দিয়েই কলকাতার যানবাহন সমস্যার সমাধান সম্ভব। আজকে কলকাতায় যে টিউব রেল বা মেট্রো রেল তৈরী হচ্ছে এ সম্পর্কে আনন্দবাজার পত্রিকায় এবং অন্যান্য পত্রিকায় আমরা দেখেছি যে, মেট্রো রেলের জন্য বাড়তি বরাদ্দের প্রস্তাব নাকচ হয়ে গেছে। মেট্রো রেল কবে হবে তা আমরা জানি না। তিনটে ফেজ্-এ হবার কথা, কিন্তু প্রথম ফেজ্ই এখনো শেষ হলো না। কবে হবে জানি না। তথাপি মেট্রো রেলকে সাহায্য করার জন্য এবং মেট্রো রেলকে পরিপূরক হিসাবে চক্র রেলের প্রয়োজন। আজকে ভারতবর্ষে রেলমন্ত্রি হচ্ছেন পশ্চিমবাংলার মানুষ, তিনি কেন্দ্রে রয়েছেন, সুতরাং আমি কংগ্রেস (ই) বন্ধুদের বলব যে, তাঁরা তাঁর ওপর প্রভাব বিস্তার করুন। সেই সঙ্গে এখান থেকেও আমরা সকলে এক সঙ্গে বলি যে, 'চক্র রেল আমাদের চাই, সার্কুলার রেল করতে হবে, কলকাতা শহরকে, পশ্চিমবাংলাকে, পূর্ব ভারতের প্রাণ কেন্দ্রকে রক্ষা করতে হবে।'

এই প্রস্তাবকে সভার সকল পক্ষ সমর্থন করেছেন বলে আমি সকলকে আর একবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ চেয়ারম্যান ঃ** আপনি কি এ্যমেণ্ডমেণ্টটা গ্রহণ করছেন ?

**শ্রীনিরঞ্জন মুখার্জী ঃ** হ্যাঁ, আমি সুমন্ত হীরা কতৃক আনিত এ্যমেণ্ডমেণ্টটি গ্রহণ করছি।

The motion of **Shri Sumanta Kumar Hira** that—In para, 10, in line 1, for the words "কেন্দ্রীয় সরকার কর্তৃক নিযুক্ত" the words "কেন্দ্রীয় সরকারের" be substituted, was then put and agreed to.

The motion of **Shri Niranjan Mukherjee,** as amended that "যেহেতু এই সভা মনে করে—

(১) কলিকাতা ও শহরতলীর পথ পরিবহণ ব্যবস্থা শ্বাসরোধকারী অবস্থায় পৌচেছে ,

(২) দৈনন্দিন কাজের জন্য বিভিন্ন অঞ্চল হইতে লক্ষ লক্ষ যাত্রীসাধারণের কলিকাতায় আসার ফলে পরিবহণ ব্যব্যস্থায় ভয়ঙ্কর চাপ পড়ছে ;

(৩) দিল্লী, বোম্বাই, মাদ্রাজের তুলনায় কলিকাতায় বহিরাগত নিত্যযাত্রীর সংখ্যা অনেক বেশী ,

(৪) আগামী দিনে কলিকাতায় বহিরাগতের সংখ্যা ৮৫ লক্ষ হইতে ৯০ লক্ষে পৌছবে ;

(৫) কলিকাতা শহরে যানবাহন চলাচলক্ষম পথের গড় অন্যান্য রাজ্যের তুলনায় অনেক কম ;

(৬) কেবলমাত্র ট্রাম ও বাসের সংখ্যা বৃদ্ধির দ্বারা এই সমস্যার সমাধান সম্ভব নয় ;

(৭) নির্মীয়মাণ পাতালরেল চালু হলে এই সমস্যার কিছুটা সমাধান হলেও তীব্রতা হ্রাস পাবে না ;

যেহেতু চক্ররেলের সম্ভাব্যতা স্বীকার ক'রে নিয়ে কেন্দ্রীয় সরকার কর্তৃক গঠিত ১৯৪৭ সালে গিন্‌ওয়ালা কমিটি ও পরবর্তী কালে রায় কমিটি, সারঙ্গপানী কমিটি কলিকাতা ও উপকণ্ঠে পৌর এলাকায় বিদ্যুৎ চালিত চক্ররেল প্রকল্পের সুপারিশ করেন ;

যেহেতু ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার কেন্দ্রীয় সরকারের নিকট ঐসকল কমিটির সুপারিশ সহ চক্ররেল বাস্তবে রূপায়িত করার সুনির্দিষ্ট প্রস্তাব পেশ করেন ;

যেহেতু রাজ্যসরকারের এই প্রস্তাব সমীক্ষা করার জন্য কেন্দ্রীয় সরকারের আর আই টি ই এস নামক সংস্থা দমদম থেকে প্রিন্সেপঘাট পর্যন্ত চক্ররেল স্থাপন করা কারিগরী দিক থেকে সম্ভব বলে সুপারিশ করেছেন ,

অতএব এই সভা রাজ্য সরকারের মাধ্যমে জনস্বার্থে পরিবহণ ব্যবস্থার সুষ্ঠু সমাধানের জন্য কলিকাতা ও উপকণ্ঠে চক্ররেল চালু করার প্রস্তাব বাস্তবে রূপায়িত করার জন্য কেন্দ্রীয় সরকারের নিকট দাবী জানাচ্ছে।"

**Was then put and agreed to.**

**Mr. Chairman :** Shri Subrata **Mukherjee** will now move his motion under 185.

**শ্রীসুব্রত মুখার্জী :** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনি জানেন দিল্লীতে সপ্তম জোট নিরপেক্ষ শীর্ষ সম্মেলন চলছে এবং যেখানে ভারতবর্ষের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী আগামী ৩ বছরের জন্য নেত্রী হিসাবে নির্বাচিত হয়েছেন। ভারতবর্ষের সমস্ত মানুষ তারজন্য গৌরবান্বিত বলে মনে করছে। স্যার, জওহরলাল নেহেরু, মার্শাল টিটো এবং নাসের থেকে যে দশক সুরু হয়েছিল, কাস্ত্রো, শ্রীমতী ইন্দিরা গান্ধী তাঁকে আরোও মর্যাদা দিতে চলেছেন। আমি আশা

করছি এর সুফল এখনই হবে না, আগামীদিনে নতুন সূর্যের উদয় নিশ্চয়ই হবে। কামপুচিয়া থেকে সুরু করে আফগানিস্তান, পাকিস্তান থেকে সুরু করে, বিভিন্ন অ্যাফ্রো-এশিয়া দেশে এবং সাউথ ইষ্ট আফ্রিকার বিভিন্ন দেশে যে সমস্ত গণ্ডগোল রয়েছে তা জোট নিরপেক্ষ সম্মেলনে এক নতুন পথের সন্ধান দিতে পারবে। আপনি যদি Non Alignment in International Law of Politics বইটি দেখেন তাহলে দেখবেন সেখানে মেনসান করা আছে, ১৯২১ সাল থেকে সুরু করে ১৯২৮ সাল এবং ১৯৩৯ সাল থেকে সুরু করে স্বাধীনতার পর থেকে আরম্ভ করে উত্তরযুগ পর্যন্ত এই জোট নিরপেক্ষ নীতিকে কংগ্রেস দল বারবার সমর্থন করে গেছে। কিন্তু তাতেও কোন ফল হয়নি। ১৯৫৫ সালে পৃথিবীর কাছে একটা নতুন দশকের উন্মোচন করলেন আমাদের নেতা জওহরলাল নেহেরু মহাশয়। কিন্তু দুঃখের কথা, ঐ বর্ণচোরার দল, ঐ কমিউনিষ্ট পার্টি ১৯৫৫ সালের আগে পর্যন্ত জোট নিরপেক্ষকে সমর্থন করেননি। শুধু তাই নয়, অত্যন্ত দুর্ভাগ্যজনক, আমি আপনাকে পড়ে শোনাচ্ছি, ১৯৫৫ সালে কি ছিলেন। The Centtral Committee of the C. P. I. declared in March, 1948 that Nehru's neutrality was only a mask to cover collaboration with Anglo-American imperialists. This view was made mainly because of Moscow's attitude until 1954 upto Stalin's death was hostile to non-aligned principles.

**মিঃ চেয়ারম্যান ঃ** আপনি কি আপনার মোশানটা মুভ করেছেন ?

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** আমি পরে মোশানটা মুভ করবো। আগে আমাকে বলতে দিন। লেট মি ফিনিস মাই সেনটেন্স।

( গোলমাল )

**মিঃ চেয়ারম্যান ঃ** Unless you move your motion you cannot go on speaking. Please move your motion or take your seat.

( গোলমাল )

আমি আপনাকে ডেকেছি মোশন মুভ করার জন্য। আপনি প্রথমে মোশন মুভ করবেন। পরে মোশনের সাপোর্টে আপনার বক্তব্য রাখবেন। আপনি যদি মুভ করতে চান মুভ করতে পারেন।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মিঃ চেয়ারম্যান, আমার বক্তব্য আমি রাখতে পারব না ? আপনি দেখুন।

**Mr. Chairman :** Mr. Mukherjee, you will have to move the motion first. If you do not move the motion, you have no right to speak on it. At this stage there can be no debate on this point unless you move the motion.

**Dr. Zainal Abedin :** Under rule 321 I rise on a point of order. The motion has been tabled by Shri Subrata Mukherjee and you have been pleased to admit the motion. Subsequently, an amendment has been circulated. On the heading of the amendment it has deen mentioned 'the amendment is being examined and has not yet been admitted by Mr. Speaker'.

**Mr. Chairman :** Now I ask Mr. Mukherjee to move his motion. There is no question of point of order.

**শ্রীসুব্রত মুখার্জী :** স্যার, আমি যে মোশনটা এনেছি, সেটা করতে চাই না। সেটা ভারচুয়ালী এ্যামেণ্ডমেণ্টের নাম করে একটা সাবস্টিটিউট মোশন আনা হয়েছে। যেটা মিননেস এবং ন্যারোনেস বলে সরকার পক্ষ থেকে দেখান হয়েছে। সেজন্য আই ডু নট উইস টু মুভ মাই মোশন।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী :** Sir, on a point of order.

**মিঃ চেয়ারম্যান :** Mr. Bapuli, please take your seat. There is no point of order now. আমি সুব্রত মুখার্জী মহাশয়কে তাঁর মোশন মুভ করার জন্য ডেকেছিলাম। এই মোশন তিনি মুভ করছেন না, এই মোশন যদি মুভ না হয় তাহলে তার পরিণতি কি হয় সেটা আপনারা নিশ্চয় জানেন।

( গোলমাল )

**ডাঃ জয়নাল আবেদিন :** Sir, on a point of privilege under rule 229.

**Mr. Chairman :** If the motion is not moved there is no question of having any discussion on it. Now, I pass on to the next item of business. I now call upto Shri Subrata Mukherjee to move his new motion under rule 185.

**শ্রীসুব্রত মুখার্জী :** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমাদের যে মোশন আমি মুভ করেছি, তার স্বপক্ষে আমি ২/৪টি কথা বলতে চাই। স্যার, আমি আমার মোশন মুভ করছি।

[5-20 5-30 P. M.]

Sir, I beg to move that this Assembly resolves that a Commission be appointed under the Commission of Inquiry Act, 1952 to enquire into and report on the affairs of the West Bengal State Handloom Weavers' Co-operative Society Limited relating to the period from December, 1977 till date.

স্যার, কেন আমি এই মোশনটা এনেছি সেটা আপনার কাছে সবিস্তারে রাখতে চাই। স্যার, আপনার মাধ্যমে সভাকে জানাতে চাই যে কোন মাননীয় সদস্যকে, মুখ্যমন্ত্রীকে অথবা সাধারণভাবে ঐ দলকে হেনস্থা করবার জন্য, অপদস্ত করবার জন্য আমি এই মোশনটা আনিনি। আমরা বিরোধী দলের লোক, আমাদের কাছে যদি কোন প্রাইমাফেসি ডকুমেণ্ট থাকে ( কোন ভারপ্রাপ্ত অফিসারের ) করাপশনের নেপটিজম-এর এবং নানাবিধ বেআইনী কাজের তাহলে বিরোধীতার মাধ্যমে জনমত সৃষ্টি করে এবং বিভিন্ন সময়ে বিভিন্ন এনকয়ারীর দাবী করবার অধিকার আমাদের থাকে এবং এখানে সেটাই আমার মূল উদ্দেশ্য। এনকয়ারী করেছেন, তার প্রাইমাফেসি ডকুমেণ্টগুলো কোথায়? তার একটি অক্ষরও আমরা ম্যানুফ্যাকচার করিনি। আমরা সম্পূর্ণভাবে সরকারের একেবারে কাষ্টডির এনকয়ারী কমিশন যে রিপোর্ট দিয়েছিলেন এই সরকারের ভূতপূর্ব মন্ত্রীর নির্দেশে, আমরা তারই ভিত্তিতে এনকয়ারী কমিশন করবার জন্য ডিমাণ্ড করেছি। তাঁদের এই ৮।১০ কোটি টাকা চুরির যে অভিযোগ তা এই কাগজের মধ্যে রয়েছে। কাজেই যদি এটা প্রমাণিত হয় তাহলে শাস্তি পেতেই হবে। কিন্তু দুঃখের কথা, আমরা জানি যে আজ সংখ্যার ভিত্তিতে বা জুডিসিয়াল এনকয়ারীর নাম করে নস্যাৎ করে দেওয়া যায়। আমরা গত বিধানসভায় মাটিকাটার ব্যাপারে যে দাবী করেছিলাম তার পরিপ্রেক্ষিতে জ্যোতিবাবু একটি এনকয়ারী কমিশন করেছিলেন। কিন্তু কি করা হয়েছে? বিচারপতিকে এমনভাবে বসিয়ে দিয়েছেন যেটা বেআইনী। তবুও ফলাও করে, বার বার করে বলা হচ্ছে যে এটা জুডিশিয়াল এনকয়ারী। You give a judicial enquiry. If one man is appointed by the executive nobody can claim and say that it is not a Judicial Enquiry. একজন অবসরপ্রাপ্ত বিচারপতিকে নিয়ে এলেন জ্যোতি বাবু। কিন্তু নিয়ে আসেননি চিফ জাষ্টিস্ মনোনীত কোন বিচারপতিকে মনোনীত করেন নি রাইটার্স বিল্ডিং, মনোনীত করেন নি হাইকোর্ট। এর ফলে একটা নাটক সুরু হয়েছে। হিন্দী সিনেমার স্ক্রিপ্ট লেখককে যেমন বলে দেওয়া হয়—দেখো বাপু তুমি যে গল্প লিখবে তাতে চারটি ডিস্কো ড্যান্স, তিনটি অমিতাভ বচ্চনের গান, পাঁচটি ফাইট থাকতে হবে—তেমনিভাবে এই জুডিশিয়াল এনকয়ারী কমিশন করে দিয়েছেন। এইভাবে আমাদের হয়তো এড়িয়ে যেতে পারবেন কিন্তু মানুষকে কি করে বুঝাবেন? তাই আপনার কাছে আমার প্রশ্ন রাখছি। আমার প্রথম অভিযোগ ছিল মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে। আমি আবার বলছি, মুখ্যমন্ত্রী সাহসী বলে প্রচার আছে, তিনি এই ডকুমেণ্ট অস্বীকার করুন। আমি বলছি মুখ্যমন্ত্রী এই দলিলকে সাপ্রেসড করেছেন, এনকয়ারী রিপোর্টকে জ্যোতিবাবু সাপ্রেসড

করেছেন। তার নজীর কোথায় বলবেন? ওয়েষ্ট বেঙ্গল স্টেট কো-অপরেটিভ ব্যাংক—এটা আমার ফোটোষ্টেট কপি করা। ২৯-১-৮১-তে মিঃ পি. ভট্টাচার্য, জেনারেল ম্যানেজার অফ Registration, যিনি চিঠি দিয়েছিলেন রেজিষ্ট্রার, কো-অপারেটিভ, নিউ সেক্রেটারিয়েট বিল্ডিং-কে কারণ এই অ্যাপেকস্ বডির অর্থ নৈতিক পাওনা-দাওনা, ধার-টার সমস্ত কিছুই এই কো-অপারেটিভ ব্যাঙ্কের সাথে যুক্ত। বললেন কি-না, যে কমিটি রিপোর্ট হচ্ছে সেই এনকয়ারী কমিশনই রিপোর্ট দিচ্ছে। বললেন—

This may be pointed out here U/S/82/3/West Bengal Co-operative Society Act. We are entitled to have a copy of such inspection report from the date of submission and such inspection report. This privilege has been denied to us in violation of the provisions of the Act.

দিলেন না। রিমাইণ্ডার করলেন আবার ৩-২-৮২-তে মিঃ পি. কে. ভট্টাচার্য যে আমাদের কপি দাও—দিলেন না। এনকয়ারী হয়েছে ৫-১-৮১, শেষ হয়েছে ১৯-১০-৮২ এনকয়ারী রিপোর্ট চাইলেন, দিলেন না। আবার রিমাইণ্ডার দিলেন ৩-২-৮২-তে দিলেন না। শুধু দিলেন না তাই নয়, এই যে আমি আগে বলেছিলাম gang of three—শ্রীপান্নালাল মাজি, শ্রীকে. কাপাশ, শ্রীজি. ভট্টাচার্য, এদের মধ্যে কাপাশ লিখলেন—

As because of the last para of above noted letter. We would like to let him know that the society has not yet received any copy of the report of inspection by co-operative Directorate under Section 82 of West Bengal Co-operative Society Act, 1972.

স্যার বলুন, মাননীয় মুখ্যমন্ত্রী মিথ্যাবাদী না, এরা মিথ্যাবাদী? জ্যোতিবাবু হাউজের সামনে অনেকবার স্বীকার করেছেন, এনকোয়ারী হয়েছে এবং সেই রিপোর্ট তিনি পেয়েছেন। অথচ মিঃ কাপাস বলেছেন যে ২৬শে মার্চ, ১৯৮২ পর্যন্ত কোন রিপোর্ট তিনি পাননি। এই ঔদ্ধত্য তার কোথা থেকে আসে? তাহলে কে মিথ্যাবাদী? স্বীকার করে নিন এবং বলুন, কোনটা সত্যি। আমার বিরুদ্ধে যদি প্রিভিলেজ আনতে চান তো আনবেন, কিন্তু সত্যকথা এখানে স্বীকার করে নিন। ভক্তিবাবু, জ্যোতিবাবু এবং পান্নাবাবু এখানে আছেন, এখানে মিঃ কাপাসকে ডেকে আনুন। নিজেদের মধ্যে ঠিক করে নিন কে মিথ্যা কথা বলেছেন। এই ডকুমেণ্ট কিন্তু মিথ্যা বলে না—দি ডকুমেন্ট ক্যাননট সে এনি লাই। আজকে এটা প্রমাণিত সত্য। সেজন্য দেখছি, আমার অভিযোগকে অস্বীকার করা হচ্ছে। আমার প্রথম অভিযোগ, টু সাপ্রেস অফ দি ডকুমেণ্ট এটা করা হয়েছে। এটা একটা সাংঘাতিক ধরনের অপরাধ। এর বিচার দাবী করছি। এবারে আমার বিরুদ্ধে যে অভিযোগগুলি আনা হয়েছে, সেগুলি আমি আপনার সামনে নিয়ে আসতে চাই। জ্যোতিবাবু প্রথমে বলেছিলেন—তিনি এখানে বিবৃতি দিয়েছিলেন—যে, এটা নিয়ে

বিচারের আবার দরকার কি আছে? এটা একটা এ্যাননিমাস পিটিসান। সুতরাং এই এনকোয়ারী রিপোর্ট ইজ নট এ রিপোর্ট। অতীতের সমস্ত রিপোর্ট দেখলে দেখা যাবে, পিটিসান ইজ নট রেসপনসিবল্ ফর দি ফারদার এনকোয়ারী। কিন্তু একজন মন্ত্রী বলছেন, জয়েন্ট রেসপন-সিবিলিটি অফ দি গভর্ণমেন্টের জন্য এনকোয়ারী করা দরকার। সেখানে এনকোয়ারী কে করবে তা হচ্ছে ইমমেটিরিয়াল। তারজন্য আমরা দেখতে পাই, রেজিষ্ট্রারকে তিনি অর্ডার দিয়েছিলেন এনকোয়ারী করার জন্য। রেজিষ্ট্রার হচ্ছেন একজন গণ্যমান্য অফিসার, সেজন্য তাঁর মাধ্যমে এনকোয়ারী করা হয়েছে। অথচ জ্যোতিবাবু সেটাকে উড়িয়ে দেবার চেষ্টা করছেন। তিনি অফিসারকে দায়ী করলেন না, বরং লঘু করে দেখাবার চেষ্টা করলেন। অফিসারের এখানে মোটিভ কোথায়? মোটিভ যদি কিছু থেকে থাকে তা ছিল পান্নাবাবুর। একটা ভৌতিক পিটিসানকে কেন্দ্র করে যদি আপনারা এনকোয়ারী করেন এবং সেটা যদি অফিস থেকে এ্যাপ্রুভ করে মন্ত্রী জমা দেন, তাহলে তারজন্য দায়ী কে? হোল রেসপনসিবিলিটি হচ্ছে ভক্তিবাবুর। নট অফ দি অফিসার। উনি অফিসারকে দায়ী করে জিনিষটাকে লঘু করে দেখাবার চেষ্টা করলেন। সেই সঙ্গে তিনি বলেছেন, এটা নাকি উদ্দেশ্য প্রণোদিত ব্যাপার। একজন মুখ্যমন্ত্রী যদি এই ধরনের কথা বলেন তাহলে তাকে জাতির কাছে একটা দুর্ভাগ্যজনক ঘটনা ছাড়া আর কি বলা যেতে পারে? তিনি উদ্দেশ্য প্রণোদিত যদি বলতে চান তো তা বলা উচিত শ্রী ভক্তি ভূষণ মণ্ডলকে। কারণ তিনি করিয়েছিলেন ঐ এনকোয়ারী কমিটি এবং তারপরে রিপোর্ট সাবমিট করেছিলেন। সাহস থাকে তো জ্যোতিবাবু সত্য কথা এখানে বলুন। যদি সাহস থাকে তো একজন স্মল অফিসারকে দায়ী না করে দায়ী করুন ভক্তিবাবুকে। এর চাইতে গুরুত্বপূর্ণ বিষয়ের ব্যাপারে আমি এবারে বলব। আশা করব, জ্যোতিবাবু এখানে এ ব্যাপারে বিবৃতি দেবেন। তিনি বলেছেন, This report is subjective prejudice and not based on facts, the report goes beyond the scope enquiry. কিন্তু কে করেছেন? এন. আর. ভট্টাচার্য করেছেন। এন. আর. ভট্টাচার্য কনজুমার্স ফেডারেশানে (যেটা কনফেড বলে আমরা জানি) এনকোয়ারী করেছেন যার মধ্যে ১ কোটি টাকার তুনের ব্যাপার ইনভল্ভ ছিল। এন. আর. ভট্টাচার্য এবারেও তদন্ত করেছেন। অথচ জ্যোতিবাবু বলছেন, এটা মটিভেটেড। অথচ তুনের ব্যাপারে তদন্ত হওয়ার পর পুলিশ দিয়ে এ্যারেষ্ট করেছেন রিপোর্ট সাবমিট হওয়ার পর। যেজন্য ভবানীবাবু নমিনেশান পর্যন্ত পাননি। ভবানীবাবু তুনের ব্যাপারে ইনভল্ভ ছিলেন ছিলেন বলে তাঁকে নির্বাচনে পর্যন্ত প্রতিদ্বন্দ্বিতা করতে দেওয়ার অনুমতি দেওয়া হয়নি। একই অফিসার, তিনি যখন সি. পি. এম-এর পান্নালাল মাঝির বিরুদ্ধে এনকোয়ারী রিপোর্টে অভিযুক্ত বলে উল্লেখ করলেন, তখন তা হয়ে গেল মটিভেটেড। সেটা হয়ে গেল প্রিজুডিস্। এ অভিযোগ যদি ফরোয়ার্ড ব্লকের কোন সদস্যের বিরুদ্ধে দাঁড়াত তাহলে হয়ে যেত মটিভেটেড এ্যাণ্ড প্রিজুডাইসড। ভক্তিবাবুর চাকুরী গেছে, ভবানীবাবুর গিলোটিনে কাটা গেলেন। ভবানী-বাবুর জায়গায় তাঁর সি. এ.-কে নমিনেশান দেওয়া হয়েছিল নতুন করে। এর উদ্দেশ্য কি? উত্তর দিতে পারবেন না। উত্তর দিতে পারবেন না জেনেই এ ধরনের কথা বলেছেন। বলছেন,

দক্ষিণ ভারতের বাণিজ্য আমাদের দাবিয়ে রাখার চেষ্টা করছিল। আমাদের তন্তুজে বিক্রি বেড়েছে, এটা লাভজনক একটা ব্যবসায়ে পরিণত হয়েছে। এর অগ্রগতিকে ব্যাহত করার জন্য, বাণিজ্যিক দিক থেকে একে টেনে ধরবার জন্য নাকি রিপোর্টাররা তাঁদের বিরুদ্ধে লিখেছেন। সেই সঙ্গে সঙ্গে উষ্মা প্রকাশ করেছেন, কংগ্রেস পক্ষের লোকেদের এতে গাত্রদাহ হচ্ছে বলে। গাত্রদাহ হচ্ছে বলেই নাকি আমরা এখানে চীৎকার করছি।

[5-30--5-40 P. M.]

স্যার, আমরা এখানে বিরোধী দলে বসে আছি, কিন্তু বাংলাদেশের মানুষ হিসাবে গর্ববোধ করব যদি দেখি আমাদের এই রাজ্য অর্থনৈতিক বা অন্যান্য দিক থেকে এগিয়ে যায়। জ্যোতি-বাবু যদি এ রাজ্যকে অর্থনৈতিক দিক থেকে এগিয়ে নিয়ে যেতে পারেন তবে তাঁকে আমরা নিশ্চয়ই স্বাগত জানাব। পশ্চিমবাংলা এগিয়ে গেলে আমাদের কখনই গাত্রদাহ হতে পারে না। কিন্তু দুর্ভাগ্যের সঙ্গে বলতে হয় যে, 'তন্তুজে'র মত একটা প্রতিষ্ঠানকে নিয়ে এখানে অভিযোগ আনতে হচ্ছে। এই ধরনের প্রতিষ্ঠানের সাথে বাণিজ্যিক লড়াই থাকতেই পারে। আমি খুশী হব যদি এটি একটি লাভজনক প্রতিষ্ঠান হয়ে ওঠে। কিন্তু এটা কি সত্যি যে লাভজনক বলেই সেখানে কোন কোরাপশান থাকতে পারে না? তাকে আমাদের সমর্থন করতে হবে? টাটা বিড়লার মত বড় বড় ব্যবসায়িক প্রতিষ্ঠান আছে যেখানে লাভ হয়। তাই বলে কি সেখানে কোন নেপোটিজম বা কোরাপশান নেই? সেখানে কি শোষণ নেই? আমরা লক্ষ্য করছি, 'তন্তুজ'কে একটি লাভজনক প্রতিষ্ঠান বলে বিভিন্ন জায়গায় প্রচার চালান হচ্ছে। আমি এখানে ঝগড়া করতে আসিনি, সেরকম মুডও নেই। কিন্তু জ্যোতিবাবু এখানে স্টেটমেন্ট করেছিলেন, তন্তুজ একটি লাভজনক প্রতিষ্ঠান। তিনি বলেছিলেন ১৯৭৬ সালে এখানে টার্ণওভার ছিল ২ কোটি ৩৫ লক্ষ টাকা, লাভ হয়েছিল ১ লক্ষ ১৬ হাজার টাকা, ১৯৮০-৮১-তে টার্ণওভার ছিল ১৮ কোটি টাকা, লাভ হয়েছিল ৪৬ লক্ষ টাকা, ৮১-৮২-তে টার্ণওভার ছিল ২১ কোটি টাকা, লাভ হবে নাকি ৭৬ লক্ষ টাকা। টার্ণওভার বেড়েছে ঠিকই, কিন্তু লাভের রেশিয়ো খুব একটা বেড়েছে কি? ১৯৭৬-৭৭ সালে টার্ণওভার ছিল মাত্র ২॥ কোটি টাকা, লাভ হয়েছিল ১ লক্ষ ১৬ হাজার টাকা। সে তুলনায় এই ৭৬ লক্ষ টাকা লাভের রেশিও কি লাভজনক? জনতা শাড়ী হচ্ছে কেন্দ্রীয় সরকারের সাবসিডিতে ইনট্রোডিউসড্ একটি নতুন স্কীম। গরীব চাষীদের মধ্যে তা কম মূল্যে বিক্রয় করার জন্য ব্যাঙ্ক থেকে হুড়োহুড়ি করে ধার নেওয়া হল। বিক্রি এতে বেড়েছে ঠিকই, কিন্তু এটি তো ভারত সরকারের দেওয়া কাপড়। তাহলে লাভ কোথায় বাড়ল? এটা যে কি ধরণের মিথ্যা ও অসত্য কথা, সে ব্যাপারে রিজার্ভ ব্যাঙ্কের দেওয়া একটা ভয়ঙ্কর রিপোর্ট পড়ে শোনাচ্ছি। "The aforesaid Apex Society has drawn Rs. 3,20,00,000/- out of the limit sanctioned by the Reserve Bank of India for the like amount under RBI Scheme of Handloom Finance during 1981-82. Out of the said amount Rs. 1,38,00,000/- has fallen due for repayment on 10-3-83." ১ কোটি ৩৮ লক্ষ

টাকা গতকাল দেবার কথা ছিল, দিতে পারেন নি। তারপরে ফারদার বলছে, "The Society has defaulted in timely repayment of the same. Again the residual amount of Rs. 1,82,00,000/- falls due for repayment on 25-3-83." আবার ২৫ তারিখে পেমেন্ট করতে হবে প্রায় ২ কোটি টাকা। এ্যাপেক্স সোসাইটি আসলে ব্যাঙ্কক্রাফ্‌ট হয়ে গেছে কি করে হয়ে গেছে তা আমি বলছি, "Furthermore, the Society has also fully withdraw the sanctioned overdraft limit to the tune of Rs. 1,00,00,000/- by the State Co-operative Bank from their own fund." লাষ্ট তাদের যে মানি ছিল কো-অপারেটিভ ব্যাঙ্কে—যার পরিমাণ ছিল ১ কোটি টাকা—তাও তোলা হয়ে গেছে। এই কি লাভের ব্যবসা? আসলে এতে লাভের গুড় পিপড়েতে খেয়ে ফেলেছে। লাষ্ট স্ট্যানজায় রিজার্ভ ব্যাঙ্ক বলছে—"It is very much apprehended that if timely repayment to the Reserve Bank of India is not made due to default by the Apex Society, the limit for 1982-83 might not be utilised as also State Government guarantee might be invoked by the Reserve Bank of India to the detriment of the entire State." Can you tell me?

বলুন স্যার,—আমাকে বলে দিন, এবারে বলে দিন—কোথায় দেখা যাচ্ছে এ ব্যবস্থা লাভজনক হয়ে দাঁড়িয়েছে? অথচ জ্যোতিবাবু বলছেন লাভজনক প্রতিষ্ঠান। তিনি যা বলেছেন—আমি আবার বলছি—তা সম্পূর্ণ অসত্য। আমি আপনার কাছে একটা কাগজ সাবমিট করছি আপনি এতে দেখতে পাবেন যে overdraft প্রায় সেনচুরি—কোটিতে নিয়ে ফেলেছে, কি ভাবে কোরাপশান, নেপোটিজিম্‌ ও বে-আইনী এর মধ্যে হয়েছে। আমি আবার তা চার্জ করছি ও আমার কাগজ আপনার কাছে সাবমিট করছি। এখানে আমি সবটা পড়ে দিতে পারি, কিন্তু সময় আপনি দিতে পারবেন না। কয়েকটা এখানে মেনশান করছি।

১ নং চার্জ ছিল সেটা জ্যোতিবাবু মেনশন করেছেন। এক্ষেত্রে কোর্ট অর্ডার মাইট বি সীন বা অর্ডার দেখান যেতে পারে। কোর্ট অর্ডারে কি ছিল? আমি সেটা সাবমিট করছি আপনার কাছে। তার ৩ পাতায় দেখুন সেখানে কোর্ট অর্ডার ছিল মিঃ মাঝির বিরুদ্ধে। সেখানে কোর্ট অর্ডারে বলেছে upon the petition of Dulal Dhar challenging the notification appointing a special officer and injunction restraining the authorities concerned from giving effect to the purported order of the dissolution has been granted by the High Court—C. R. No. 4195/(w) of 1979. তারপরে তিনি কি করলেন? তিনি তাসত্ত্বেও তার উপর পিটিশান করলেন। On hearing of the petitions dt. 7-8-79 and 28-5-79 Hon. Mr. Justice A. K. Mukherjee ordered further that the executive officer should exercise all the

**powers of the managing committee of the society—not Mr. Maji.** তারপরে করলেন কি তিনি যখন আর পারছেন না তখন তিনি কোর্টকে এ্যাভোয়েড করবার জন্য চলে গেলেন। এবং চলে গিয়ে একটি থ্রি ম্যান কমিটি করলেন। তার চেয়ারম্যান হলেন তিনি। তারপরে কোর্টের রিমার্ক বলছে যে **position remains the same as the injunction has not been vacated.** ৭-৫-৮০ তারিখে কোর্ট বলে দিয়েছে যে ৩ জনকে স্টেট নমিনি করা হয়েছে এবং ম্যানেজিং কমিটি হয়েছে এবং তার চেয়ারম্যান এ্যাপোয়েন্ট করা হয়েছে। **Mr. Maji has not appointed the chairman of the society state nominee.** তার-মানে ইনজাংশান ভ্যাকেটেড করে এ্যাবসুলিউটলি কোর্ট অর্ডারকে অমান্য করে জ্যোতিবাবু বললেন। আমি এখানে কোর্ট অর্ডার দেখাতে পারি **still avoiding all norms of rules and legal affairs.** জ্যোতিবাবুর মদতে এই কাজ তারা চালিয়ে যাচ্ছেন। এই হল কোর্টের ব্যাপার। তারা একটা বেআইনী কাজ কিভাবে করলেন শুনুন—তারা লোক নিয়োগ শুরু করে দিলেন। লোক নিয়োগ কার নেতৃত্বে করলেন? এই ব্যাপারে যুক্ত ছিল মিঃ এ. কে. কাপাস, ডি. ভট্টাচার্য এবং মিঃ মাঝি। তারা লোক নিয়োগ করতে লাগলেন—নিজেদের আত্মীয়দের নিয়োগ করতে লাগলেন। এই ব্যাপারে মুখ্যমন্ত্রী প্রোটেকশান দেবার জন্য বলে দিলেন হ্যাঁ লোক নিয়োগ হয়েছে। তাদের ভাইপো, ভাগ্নী না ভাইঝিকে এ্যাপোয়েন্ট করার পরে বয়স কি করে কম করে দেওয়া হল—এটা একটা ভৌতিক ব্যাপার। শুধু তাই নয় এই চক্রান্তের মধ্যে যেকজন ছিলেন তার মধ্যে মিঃ এ. কে. কাপাস হলেন একজন একজিকিউটিভ ইঞ্জিনীয়ার। তিনি মিঃ মাঝির আত্মীয়কে নিয়োগ করলেন বেআইনীভাবে। তারজন্য তাঁর শালী কুমারী নন্দিতা মজুমদারকে ইউ. ডি. এ্যাসিসটেন্ট করে দিলেন। আমি পেজ ১৫ আপনার কাছে পড়ে দিচ্ছি। স্যার, পেজ ১৫ the charge is that the executive officer A. K. Kapas's sister-in-law was recruited, got substantiated in as much as Miss Nandita Mujumdar was selected and appointed U. D. Assistant. একজন তার শালীকাকে নিয়োগ করলেন আরেকজন তার ভাইপো না ভাগ্নেকে নিয়োগ করলেন। এইভাবে বেআইনীভাবে লোক নিয়োগ করলেন। সেখানে সবিস্তারে বর্ণনা করা হয়েছে এবং এর বিরুদ্ধে অন্ততঃ ৫০টি চার্জ আনা যায়। কিন্তু তা এখন আনা সম্ভব নয়। আমি ১০-এর পাতাটি শুধু মেনশান করতে চাই—সেখানে রিপোর্টে কি বলেছে লোক নিয়োগ করার ব্যাপারে? সেখানে জ্যোতিবাবু বললেন হ্যাঁ লোক নিয়োগ হয়েছে, যারা মার্কস্ বেশী পেয়েছে এমন লোক থেকেও নেওয়া হয়েছে এবং যারা কম মার্কস পেয়েছে তাদের মধ্যে থেকেও নেওয়া হয়েছে তার কারণ মৌখিক পরীক্ষা নেওয়া হয়েছে। এটা সম্পূর্ণ মিথ্যা কথা কারণ রিপোর্টে কি বলছে। রিপোর্টে বলেছে টোটাল পরীক্ষার নং যা হয়েছে আমি তার ফটোস্টার্ট কপি আপনার কাছে প্লেস করেছি। আমি এই ব্যাপারে দেখিয়ে দিতে পারি মিঃ চন্দন কুমার বসু ৬১ পেয়েছে এবং শীতল প্রসাদ দীঘাই পেয়েছে ৭৩। মিঃ চন্দন কুমার বসু, **Sital Prosad Digai : heading—marks in written examination.** টোটাল মার্কসের মধ্যে ভাইবা-ভোসি সমেত যারা বেশী মার্কস্ অবটেণ্ড করলেন তারা ডিপ্রাইভড্ হয়ে

গেল। মার্কস্ ইন রিটিন একজামিনেশানের ব্যবস্থা ছিল সেখানে শুধুমাত্র মৌখিক পরীক্ষার মার্কসের ভিত্তিতে চাকুরী দেওয়া হোল। কি করে এটা হোল? লোক নিয়োগের ক্ষেত্রে সবচেয়ে বড় কথা হচ্ছে ক্যবিনেটের ডিসিসান নিয়ে জ্যোতিবাবুর এতে সই আছে। আপনি ১১ পাতা এবং ১২ পাতা দেখুন সেখানে জ্যোতিবাবুর সই রয়েছে। তিনি ক্যবিনেটে যেটা বলেছেন আমি তা পড়ে শোনাচ্ছি—cabinet in its meeting dt. 22-7-79 decided upon the folling : Co-operative Deptt. No. 21 : Subject : Policy recruitment of employees of the co-operative society. শুধু তাই নয় পোস্ট ক্রিয়েট করা নেই আর আপ টু ৯০ পর্যন্ত প্যানেল করেছেন।

[5-40—5-50 P.M.]

নূতন পোষ্ট ক্রিয়েট করা নয়, এরা করেছেন আপ টু ৯০ পর্যন্ত। Holding of test etc have already ben completed. For filling up other vacancies the rules should suitably amended within 31st December. সই করেছেন জ্যোতি বসু, চীফ মিনিষ্টার, After a month of this decision by the Cabinet the Executive Officer went out of his way in defiance of the ban and submitted the following notes dated 24-10-79. যেখানে Assistant Manager (Technical), Junior Procurement Officer, Internal Auditor, Procurement Assistant, Senior Salesman, Junior Salesman ইত্যাদি। যেগুলি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের আওতায় পড়েনা, অন্যভাবে নিতে পারতেন, সেগুলিকে ভাওলেট করে ১৯৯০ পর্যন্ত প্যানেল করে দিয়ে গেছেন।

**মিঃ চেয়ারম্যান:** আপনার টোটাল টাইম ২৫ মিঃ, আর কতক্ষণ চান?

**শ্রীসুব্রত মুখার্জী:** আর আধ ঘণ্টা।

**মিঃ চেয়ারম্যান:** তাহলে রাইট অফ রিপ্লাইতে সময় পাবেন না।

**শ্রীসুব্রত মুখার্জী:** একজন শাসক দলের এম. এল. এ., সি. এমের অর্ডার ভাওলেট করে কিভাবে লোক নিয়োগ করেছেন সে সম্পর্কে এনকোয়ারী কমিশন সাংঘাতিক মন্তব্য করেছেন। ১৬ পাতায় এটা আছে। চার্জ করতে হয় করুন ভক্তিবাবুকে, সেটা না করে একজন অফিসারকে ধরা হয়েছে। সেই ১৬ পাতায় বলেছেন, We failed to understand how two Officers of the State Government and an M. L. A. of the party in power could ignore or defy the directives of the Hon'ble Chief Minister. এটা আমার কথা

নয়, চীফ মিনিষ্টারের অর্ডার ভাওলেট করেছেন। এটা চীফ মিনিষ্টার স্বীকার করছেন না। তাঁর ক্যাবিনেট এর মেমো ডেট দিয়ে বলেছিলাম। আশাকরি বিতর্ক না করে জ্যোতিবাবু এর জবাব দেবেন। এমনিভাবে ৯৭টা চার্জ আমি করেছি—সমস্ত বলা সম্ভব নয়। তারপরে করাপসানে আসুন। রিটেল, নতুন দোকান খোলা, কনট্রাক্ট, রিনোভেশান এবং মেরামত ইত্যাদি সব বেআইনী হয়েছে ব্যাপকভাবে। ১ থেকে ৭টা চার্জ এশ্‌টাব্‌লিশ করেছেন এনকোয়ারী অফিসার। এগুলি কতবড় সাংঘাতিক চার্জ বুঝতে পারছেন। মন্তব্যে বলেছেন, The shops open are of two types—owned as well as agency-based. Huge interest free advances were paid to the owners of these shopping centres An agreement made with the owners is found to be unfavourable to the Society, for examples are cited below. ৭টা এক্সজাম্পেল আছে তার আমি সব পড়ছি না। নতুন দোকান খোলার নাম করে জ্যোতিবাবু কিভাবে এসব বলেন I cannot understand how the Chief Minister has uttered those things. বললেন কি হয়েছে না ১ লক্ষ টাকা দিয়ে দিয়েছেন। ১ লক্ষ টাকা দিয়ে ব্যবসা করেছে। একটা সরকারী প্রতিষ্ঠান সেলামী দিতে পারে না, ইণ্টারেষ্ট ফ্রি দিতে পারে না। ইণ্টারেষ্ট দিয়ে, ১ লক্ষ টাকা দিয়ে যদি এই বাড়ী নিতেন তাহলে সমর্থন করতাম। কিন্তু জ্যোতিবাবু বললেন ১ লক্ষ টাকা দিয়েছি কি হয়েছে। ইণ্টারেষ্ট ফ্রি কি ভাবে দিলেন যার জন্য এই সব মন্তব্য হচ্ছে। হাওড়া থেকে আরম্ভ করে আমি দেখছি যেখানে তিনি থাকেন সেখান পর্যন্ত যা হয়েছে সে বিষয়ে জ্যোতিবাবু ফল্‌স রিপোর্ট করেছেন, না হয় তাঁকে দিয়ে ক্যামোফ্লেজ করান হয়েছে। এ যেন ছুঁচো গেলার মত অবস্থা। তাকে ছাপিয়ে গেছে, ইট ইজ মাচ মোর ডেঞ্জারাস দ্যান ইভেন আনতুলে কেস এবং সেকথা আমি আগেই বলেছি। মাঞ্জী মহাশয়ের থাকার ব্যবস্থা সোসাইটি করে দিয়েছে, বাড়ীওয়ালাকে ১ লক্ষ টাকা সেলামী দিয়েছে ইণ্টারেষ্ট ফ্রি করে, তার বিনিময়ে উনি একটু বেশী ভাড়া পাইয়ে দিয়েছেন, তার পরিবর্তে একটা পোরসানে ওঁকে স্পেশালি থাকতে দেওয়া হয়েছে। সমস্ত জিনিষটা তদন্ত করে এই এনকোয়ারী অফিসার মন্তব্য করেছেন যে এটা শুধু আমাদের দিয়ে তদন্ত করলে চলবে না, এনফোর্সমেণ্ট ব্রাঞ্চকে দিয়ে তদন্ত করান হোক। এই সম্পর্কে ১৯ পাতায় বলা আছে, আমি সবটা পড়তে পারব না, সেখানে বলেছেন হেন্স উই সাজেস্ট দ্যাট দিজ ম্যাটার মে বি রেফার্ড টু দি এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ ফর এনকোয়ারী এ্যাজ দিজ ওয়াজ বিয়ণ্ড দি স্কোপ অব আওয়ার এনকোয়ারী। সেখানে স্কয়ার ফিটে কত টাকা করে পাইয়ে দিয়েছেন, সেই হিসাবে ১ লক্ষ্য টাকা পাইয়ে দিয়েছেন এবং বলেছেন মিঃ ডি. ভট্টাচার্য্য এবং তাদের সহযোগিতায় যেখানে ২৫০ টাকা ভাড়া হতে পারে সেখানে ৮৫০ টাকা ভাড়া করিয়ে দিয়েছেন এবং সেলামী পার স্কয়ার ফিটে বাজার রেট থেকে বাড়িয়ে দিয়েছেন। এই রকম বহু এ্যালিগেশান করার পর এনকোয়ারী অফিসার রিমার্ক করেছেন ইট ইজ বিয়ণ্ড আওয়ার ক্যাপাসিটি। এই সব ঘটনার পর আপনিই বলুন স্যার, আমাদের এনকোয়রী কমিশনের দাবি যুক্তি সঙ্গত কিনা।

এরপরে আসুন রেনোভেশান এণ্ড ডেকোরেশানের টেণ্ডারের ব্যাপারে। আপনি জানেন বাণিজ্যিক সংস্থায় রেনোভেশান এণ্ড ডেকোরেশানের ব্যাপারটা একটা বিরাট ব্যাপার। যেমন ধরুন আজকে একটা সেল দিচ্ছি, সেখানে ডেকোরেশান করতে হবে। আমার বাড়ীর পাশে একটা সেল দিচ্ছে, সেখানে দেড় মাসে কয়েক লক্ষ টাকা ভাড়া হয়ে যাবে। ডেকোরেশান মিন্স নট অর্ডিনারি ডেকোরেশান, এটা আদারওয়াইজ চিন্তা করতে হবে, সেই ডেকোরেশান করতে গিয়ে ২০ পাতায় দেখলাম ১৮টি টেণ্ডারের উল্লেখ করেছেন ম্যালপ্র্যাক্টিসের এবং সেখানে ফ্যাবুলাস এ্যামাউণ্ট হ্যাভ বিন স্পেণ্ট, কয়েক লক্ষ টাকা তদন্ত করে বের করেছেন। আমি শুধু একটা লাইন পড়ে দিচ্ছি, সেখানে এই টেণ্ডার সম্পর্কে কি বলছে শুনুন—**Almost all tenders were invited in the form leaving enough scope for manipulation at the time of acceptance of tenders.** এমন করে টেণ্ডার ডাকা হয়েছে যেখানে অল টাইপস অব ম্যানিপুলেশান করার ব্যবস্থা করা হয়েছে। এরপরে তদন্ত করা হবে কিনা? কারণ, দিস ম্যাটার কনসার্নস ভাইট্যাল পাবলিক ইণ্টারেস্ট, এতে আমাদের কিছু এসে যাবে না, জনসাধারণের টাকা, পাবলিক এ্যাজ সাচ ইজ ইনভল্ভড। যেখানে আমরা একটা সাংঘাতিক ইকনমিক্যাল ক্রাইসিসে ভুগছি, আমি জ্যোতিবাবুর সঙ্গে একমত, সেখানে আমরা ফাইনান্সিয়াল ক্রাইসিসের মধ্যে দিয়ে চলছি, যেখানে একটা যুদ্ধ কালীন অবস্থার মত অর্থনৈতিক ক্ষেত্রে আমরা লড়াই করবার কথা ঘোষণা করি সেখানে যদি দেখা যায় প্রতি ছত্রে ছত্রে দুর্নীতি তাহলে কি সেই দুর্নীতিকে সাপোর্ট করতে হবে? জ্যোতিবাবু সেই দুর্নীতিকে সাপোর্ট করেছেন, তিনি সাপ্রেস করেছেন অল দিজ থিংগস।

তারপর সমস্ত নিয়ম বাতিল করে দিয়ে পার্চেজ পলিসি নতুন করে তৈরী করল। ১২ টা পজিটিভ অভিযোগ এই সম্পর্কে সাবমিট করা আছে। স্যার, আপনি জানেন একটা সংস্থায় কোটি কোটি টাকা পার্চেজ করা হয়। একটা সংস্থায় যত টাকা ব্যয় হয় সেই টোটাল টাকার প্রায় ৯০ পার্সেণ্ট টাকা পার্চেজে চলে যায়। সেই পার্চেজ সম্পর্কে ১২ টা পজিটিভ এ্যালিগেশান আছে, আমি একটা লাইন পড়ে দিচ্ছি। ২৮ পাতা দেখুন, আমি শুধু লাস্ট লাইনটা পড়ছি, ১২ টা অভিযোগের সমস্তটা পড়ছি না—দি ম্যানেজিং কমিটি **should have taken proper care before finalising the deal involving about two lakhs of rupees.** যে জিনিসটায় মাচ মোর কেয়ারফুল হওয়া উচিত ম্যানেজিং কমিটির তা তাঁরা হননি। সেই ম্যানেজিং কমিটিতে যে লোকগুলি আছে চিনি না, কিন্তু মিঃ ডি. ভট্টাচার্য্য এণ্ড দিস ম্যান ওখানে বসে আছেন। উনি তো আগে ঘরে ঢুকতেন না, বাইরে বাইরে ঘুরে বেড়াতেন, এখন দেখছি ঢুকছেন। স্যার, আমার একটা গল্প মনে পড়ে গেল—একজন ভৃত্য একটা লোকের বাড়ীতে চুরি করেছে, চুরি করে সে চলে গেছে। অনেকদিন পরে সেই ভৃত্যের সাথে সেই বাড়ীওয়ালার একটা শহরে দেখা হল। তখন দু'জনে থমকে দাঁড়িয়েছে, তারপর বাড়ীওয়ালা বলছে আমি বাড়ীর মালিক, ভৃত্য বলছে আমি বাড়ীর মালিক, এইভাবে দু'জনের মধ্যে তখন ঝগড়া হচ্ছে। তারপর ঘটনাটা রাজার কাছে চলে গেল। তখন বীরবল ডায়লামার মধ্যে পড়ে গেলেন, বীরবল তখন জল্লাদকে ডেকে বললেন

ওদের দু'জনের গলা দুটো গরাদের মধ্যে বাড়িয়ে দাও এবং যে চোর তার গলাটা ঘ্যাঁচ করে কেটে দাও। তখন সত্যিকারের যে চোর সে তার গলাটা গরাদের মধ্যে নিয়ে এল না, ঠিক সেই সময় এই লোকটা এই ঘরের মধ্যে আগে ঢুকতেন না কচ্ছপের মত বাইরে বাইরে ঘুরতেন, আজ গলাটা বাড়িয়ে দিয়েছেন, এবারে ঘ্যাঁচ করে কাটা যাবে, কেউ আটকাতে পারবে না।

[5-50—6-00 P. M. ]

এবারে আমি সেই ৮ কোটি টাকার কথা বলব যে কথাটা আমি প্রথম থেকে বলার চেষ্টা করছি। ৮ কোটি টাকার কথা বললে আপনারা চমকে উঠতেন। কিন্তু মনে রাখবেন আমি ভৌতিক কথা কিছু বলছি না। অপারেসন অব দি জনতা ক্লথ স্কীম এটা আপনারা সকলেই জানেন। এখানে চুরি সমেত প্রায় ৩৭টি অভিযোগ আছে। আমি শুধু আপনাদের কাছে মন্তব্যগুলো পড়ে শোনাব। এখানে লাস্ট মন্তব্য করা হয়েছে যে, এনফোর্সমেন্ট ব্রাঞ্চকে দিয়ে এনকোয়ারী করা হোক এবং আরও সাংঘাতিক মন্তব্য করা হয়েছে যে, সি বি আই-কে দিয়ে এই 'জনতা' ক্লথ সম্বন্ধে এনকোয়ারী করান হোক। এনকোয়ারী রিপোর্ট যেটা সাবমিটেড টু দি চিফ মিনিষ্টার সেখানে বলা হয়েছে সি বি-আই-কে দিয়ে এনকোয়ারী করান হোক। স্যার, আপনি একবার পেইজ থার্টিটু-টা দেখুন যেখানে অপারেসন অব দি জনতা ক্লথ স্কীম সম্বন্ধে বলা হয়েছে। এখানে বলা হয়েছে, **Operation of the Janata Cloth Scheme—The State Handloom is now working undra a scheme introduced by the Government of India for production and sale of Janata Cloths.** আমি আপনাদের কাছে বলব কেন এই টার্নওভার-টা বেড়েছে রাতারাতি। এতে পান্নাবাবুর কোন কৃতিত্ব নেই। টার্নওভার বাড়ার কারণ হচ্ছে এই জনতা স্কীম ইন্ট্রোডিউস্ করেছে কেন্দ্রীয় সরকার। কিন্তু সেখানে উনি কি করলেন? ৩৪ পাতায় মন্তব্য করা হয়েছে, **Even where there is production by the members the rate of wages as has been taken into account in working out the cost of Janata Cloth is not actually beeing paid to any weavers.** এই জনতা স্কীম গরীব মানুষদের জন্য, এটা রাঘবোয়ালদের জন্য নয়। কিন্তু সেই রাঘবোয়ালদের সেভ করার জন্য টাকা পর্যন্ত পেমেন্ট করা হয়নি, অথচ কেন্দ্রীয় সরকার প্রতি বছর দিয়েছেন মিনিমাম প্রায় ২ কোটি টাকা। তারপর রেখেছেন, **"It was really shocking to us to notice that the centre has not been maintaining ( centre means the society ) accounts of Janata Cloth in the proper manner. On the date of our visit they could not even place the position of stock. The Daily Sale Register and other relevant registers showing purchase and sale of Janata Cloth are not being maintained."** তারপর ৩৯ পৃষ্ঠায় জনতা ক্লথ সম্বন্ধে বলছেন, **"The Janata Cloth Scheme as has been in operation requires to be thoroughly investigated by an agency**

like C.B.I. to bust the racket and to find out the sources of corruption and involvement of various functionaries and beneficiaries and also the role and involvement of master weavers in the entire operation." এরপর আর কিছু বলার আছে ? তারপর, টোট্যাল ফাইনানসিয়াল পজিসন সম্বন্ধে বলেছেন, 'হ্যাফাজার্ড' যেটা আমি আর পড়ছিনা। এরপর ৪৩ পৃষ্ঠায় দেখুন বলা হয়েছে, ২৪ লক্ষ টাকা চুরি করেছে। ৪৬/৪৭ পাতায় রয়েছে গজ এ্যাণ্ড ব্যাণ্ডেজ ১২.৫ লক্ষ টাকা চুরি করেছে। এরপর রয়েছে ইউজ অব ভেহিকেল বাই শ্রী পি. এল. মাঝি। তিনি ৩০০ থেকে ৩৫০ লিটার পেট্রোল পোড়াতেন। এসম্বন্ধে ৪৭ পাতায় বলা হয়েছে, It is a fact that one vehicle is exclusively attached to Shri Maji for his movement and from 300 to 350 litres of petrol is consumed per moth. As his position as Chairman rather his functioning as such is not proper in the eye of law in view of injunction of Hon'ble High Court, Executive Officer should not place one vehicle at the disposal of Shri P. L. Maji. The vehicle has therefore been misused. এখানে হাইকোর্টের একটা ইনজাংশান আছে, সেই জন্য ইট ইজ নট proper to say in view of the injunction of the Hon'ble High Court. এই ভিক্‌লস সম্বন্ধে। এখন আমার লাস্ট কনক্লুশন হচ্ছে, Action should also be initiated for a thorough enquiry into the operation of the Janata cloth scheme through the C. B. I. and the persons responsible for misuse of public fund or abuse of there positions should be severely dealt with. With these words, Sir, I move my motion.

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি এতক্ষণ মাননীয় সদস্য সুব্রত মুখার্জী মহাশয়ের বক্তব্য খুব মন দিয়ে শুনছিলাম। বক্তব্য শুনে আমার মনে হলো, তিনি এখানে একটা নাটক করে গেলেন এবং এই এ্যাসেম্বলি ফ্লোরের মধ্যে তিনি গত কয়েকদিন যাবৎ নাটক করে যাচ্ছেন, আর বাইরে তার চ্যালা চামুণ্ডারা তন্তুজের দোকানের সামনে গিয়ে বোমা মারছে, কাঁচ ভাংগছে। আমি মাননীয় সদস্যদের কাছে আমার লিখিত বক্তৃতা বিতরণ করে দিচ্ছি। আমার লিখিত বক্তব্য ছাড়াও সুব্রতবাবুর বক্তব্যের পরিপ্রেক্ষিতে কয়েকটি কথা বলা প্রয়োজন বলে মনে করি। সুব্রতবাবুর বক্তব্য শুনে মনে হচ্ছে, তিনি তাঁর বক্তব্যের অনুকূলে কতকগুলি পয়েণ্ট বলেছেন, মূল বক্তব্য পেশ করেছেন একটা বিষয়ে—একটা বিষয়ে তিনি পিন পয়েণ্ট করেছেন, সেটা হচ্ছে, দোকান খোলা নিয়ে। তন্তুজের দোকানের মাধ্যমে যে কাপড় বিক্রি হয়—ভালভাবে বিক্রি হচ্ছে, এতে তিনি দুর্নীতির গন্ধ পেয়েছেন, এতেই তিনি আপত্তি দিয়েছেন। তন্তুজের যে ব্যবসা বেড়েছে, তাতেই তাঁর গাত্রদাহ হচ্ছে, এবং ওঁর মত কিছু শ্রেণীর মানুষের গাত্রদাহ হচ্ছে, তার প্রতিফলনই এখানে ঘটছে, সেটাই তিনি এখানে প্রকাশ করেছেন। তন্তুজের কিছু দোকান খোলা হয়েছে এবং আরও দোকান খোলা হবে, সুব্রতবাবুর আপত্তি সত্ত্বেও বলতে

চাই, আরও দোকান খোলা হবে, কারণ তন্তুজের যে মূল কাজ, সেই কাজ ভাল ভাবেই হচ্ছে। আমাদের পশ্চিমবঙ্গের তাঁতীরা, তারা যে কাপড় উৎপাদন করে, সেই কাপড়গুলোর বিক্রির ব্যবস্থা করা, তারা যাতে ন্যায়সঙ্গত মজুরী পায়, তাদের আয় বাড়তে পারে তার জন্যই এইসব ব্যবস্থা করা হয়েছে। তন্তুজের দোকানগুলোকে চালানো হচ্ছে। এই এ্যাপেক্স কো-অপারেটিভ তো দীর্ঘদিন কংগ্রেসের হাতে ছিল। কংগ্রেসের হাতে ছিল এই জন্য বলছি, ১৯৭২ সাল পর্যন্ত এই এ্যাপেক্স সোসাইটির চেয়ারম্যান ছিলেন তৎকালীন খাদ্যমন্ত্রী প্রফুল্ল চন্দ্র সেন। পরবর্তীকালে সেই কমিটি ডিজল্‌ভ হয়ে যায় এবং বর্তমান বিধানসভার সদস্য মাননীয় অতীশচন্দ্র সিন্‌হাকে চেয়ারম্যান করে ১৯৭৩ সালে একটি কমিটি হয়। তারপর ১৯৭৭ সালের ডিসেম্বর মাসে এই কমিটি নির্বাচিত হয় এবং পান্নালাল মাঝি এই কমিটির চেয়ারম্যান হন। কাজেই ১৯৫৪ সালে তন্তুজ প্রতিষ্ঠিত হয়েছে আর ১৯৭৭ সালের আগে পর্যন্ত কংগ্রেসের হাতেই তন্তুজ ছিল।

[6-00—6-10 P. M.]

সেই সময় আমরা কি দেখেছি? সেই সময় তন্তুজের ব্যবসায়ী দোকান ইত্যাদি কোন জায়গায় ছিল সেটা আমরা দেখেছি। ১৯৫৪ সাল থেকে ১৯৭৬/৭৭ সাল পর্যন্ত কংগ্রেস যখন এই তন্তুজ পরিচালনা করেছিলেন সেই সময়ে তন্তুজের মোট বিক্রী ছিল ২ কোটি ৪২ লক্ষ টাকা। আর ১৯৮১/৮২ সালে তন্তুজের বিক্রী বেড়ে ২০ কোটি ৩৫ লক্ষ টাকা হয়েছে। বিক্রয় কেন্দ্রের সংখ্যা বেড়েছে বলেই বিক্রয় বেড়েছে। দোকান বাড়ানো হয়েছে। কংগ্রেস আমলে দোকানের সংখ্যা ছিল ২৭টি, আর এখন সেটা বেড়ে ১১০টি হয়েছে। দোকান বাড়ানো হয়েছে। দোকান না বাড়ালে বিক্রী বাড়বে না। তন্তুজ প্রাইমারী কো-অপারেটিভ-এর কাছ থেকে মাল কেনে। টেণ্ডার দিয়ে মাল কেনা হয়না। প্রাইমারী কো-অপারেটিভের কাছে সুতো দেওয়া হয়, তারা যে মাল প্রোডাকসান করে তাদের কাছ থেকে সেই মাল কিনে নেওয়া হয়। এই প্রাইমারী কো-অপারেটিভ সোসাইটি কংগ্রেসের সময় ছিল ৩৫১টি, ১৯৮১/৮২ সালে সেটা বেড়ে ৭৪৭টি হয়েছে। ১৯৭৬/৭৭ সালে মোট লাভ হয়েছিল ৬৭ লক্ষ ৫২ হাজার টাকা এবং ১৯৮১/৮২ সালে মোট লাভ হয়েছে ২ কোটি ২০ লক্ষ ৩৫ হাজার টাকা। নীট লাভ হয়েছিল ১৯৭৬/৭৭ সালে ১ লক্ষ ১৬ হাজার টাকা, আর ১৯৮১/৮২ সালে ৭৩ লক্ষ ১৯ হাজার টাকা লাভ হয়েছে। এই দোকান খোলার ভিতর দিয়ে নিশ্চয় লাভটা হয়েছে। কারণ মার্কেটিং করার দায়িত্ব তন্তুজের এবং সেই দায়িত্ব তন্তুজ পালন করেছে। তারই জন্য আমরা তন্তুজকে নিশ্চয় অভিনন্দন জানাই। এই দোকান খোলার ব্যাপারে নানা রকম দুর্নীতি হয়েছে এবং অলাভজনকভাবে এই দোকান খোলা হয়েছে, এই রকম অনেক অভিযোগ সুব্রতবাবু করেছেন। দোকানের অবস্থাটা কি, সেটা আমি একটু বলে দিই। ১৯৭৬/৭৭ সালে এই দোকানের সংখ্যা ছিল ৩৭টি। এই ৩৭টি দোকানের মধ্যে খুব অল্প ক'টি দোকান ব্যবসা কেন্দ্রের মধ্যে ছিল, বেশীর ভাগ দোকানই ছিল যেখানে ব্যবসা হতে পারে না। অর্থাৎ মানুষ কিনতে যায় না, এমন

সব জায়গায় দোকান ছিল, এটা নিশ্চয় মাননীয় সুব্রতবাবুর জানা উচিত। ব্যবসার একটা দিক আছে, সেটা হচ্ছে লোকালাইজেসন থিওরি। অর্থাৎ যে জায়গায় আমি ব্যবসাটা করব সেই জায়গায় এই ব্যবসার ট্রেড সেণ্টার আছে কিনা দেখতে হবে। আজকে যদি হার্ডওয়ার-এর জায়গায় তন্তুজের দোকান খোলা হয় তাহলে কেউ কিনতে যাবে না। নিশ্চয় কাপড়ের বাজারে তন্তুজের দোকান খুলতে হবে। ওদের সময় ৩৭টি দোকানের মধ্যে মাত্র গোটা কয়েক দোকান ভাল জায়গায় ছিল। কিন্তু অধিকাংশ দোকানই ট্রেড সেণ্টার নেই, এমন জায়গায় ছিল। আমাদের সময় ১১০টি দোকান খোলা হয়েছে। এই ট্রেড সেণ্টার লক্ষ্য রেখে আমরা দোকানগুলি খুলেছি। আসলে তন্তুজ হল একটি কমার্শিয়াল অর্গানাইজেসন। আমরা নিশ্চয় চাই না যে সরকারী প্রতিষ্ঠান অলাভজনকভাবে চলুক। তন্তুজের মার্কেটিং-এর ভিতর দিয়ে পশ্চিমবাংলার হাজার হাজার তাঁতি কাজ পাবে। ১৯৭৬/৭৭ সালে ওদের মার্কেটিং-এর সময় ওরা ২/৩ জন মহাজন কবলিত কো-অপারেটিভের কাছ থেকে মাল কিনেছেন। তাতে ২ হাজার তাঁতির এমপ্লয়মেণ্ট হয়েছে। আর আমাদের আমলে এই ৬ বছরের মধ্যে আমরা ৫৩০টি কো-অপারেটিভের কাছ থেকে মার্কেটিং করেছি এবং তার ফলে ৫০ হাজরে তাঁতির এমপ্লয়মেণ্ট হয়েছে। এটা তন্তুজের একটা বড় সাফল্য। এই সাফল্য তুলে ধরার মত সাহস, মানসিকতা সুব্রতবাবুর নেই, এটা দেখে আমি অবাক হয়ে গেলাম।

এখন একথা ঠিক কংগ্রেস আমলে যে সমস্ত কো-অপারেটিভ দুর্নীতিগ্রস্ত ছিল তারমধ্যে বেশ কিছু কো-অপারেটিভকে এনকোয়ারী করে ডিসলভ করে দেওয়া হয়েছে। আজকে সুব্রতবাবু টেণ্ডারের কথা বললেন। তন্তুজ টেণ্ডার দিয়ে কাপড় কেনে না এবং ১৯৫৪ সাল থেকে এই পলিসি চলে আসছে। তন্তুজ প্রাইমারী কো-অপারেটিভ সোসাইটিতে আলোচনা করে এবং তাদের প্রডাকসান ইত্যাদি দেখে তাদের সুতো দেয় এবং তাদের কাছ থেকে কাপড় নিয়ে মার্কেটিং-এর ব্যবস্থা করে। কি ব্যবস্থা করতেন সুব্রতবাবুরা? তারা করতেন কি কয়েকটি মহাজন কবলিত কো-অপারেটিভের কাছ থেকে তারা মাল নিতেন। সেসব বন্ধ হয়ে গিয়েছে। ওরা যে কাপড বিক্রি করতেন দোকানের মাধ্যমে তার পরিমাণ হচ্ছে ৫৭ লক্ষ টাকা। ২/৩টি মহাজনের কাছ থেকে মাল কিনে ৫৭ লক্ষ টাকারই মাল বিক্রি হবে, তার চেয়ে বেশী হতে পারে না। আমরা পশ্চিমবাংলায় এবং পশ্চিমবাংলার বাইরে বিভিন্ন জায়গায় ১১০টি দোকান করেছি। তারপর আমরা এ্যাডভান্স কেন দিয়েছি সেটাও বলছি, কারণ সেটা কোন লুকোবার ব্যাপার নয়। তন্তুজকে যদি ভালোভালো ট্রেড সেণ্টারে দোকান খুলতে হয় তাহলে আপনারা জানেন আজকের দিনে সেলামী ছাড়া দোকান পাওয়া যায়না। গড়িয়াহাট মার্কেটে, শ্যামবাজারে, হাতিবাগানের মতন জায়গায় সুব্রতবাবুরা দিননা আমাদের জায়গা যেখানে কোন সেলামী লাগবে না, এ্যাডভান্স লাগবে না, এল. এ. কালেকটার যা রেট ঠিক করে দেবেন সেই রেটে আমরা ভাড়া দেব—পারবেন কি দিতে? পারবেন না আমরা জানি। নিউ মার্কেটে দোকান নিতে গেলে সেলামী দিতে হবে, বম্বেতে বা দিল্লীর কনট সার্কাসে দোকান খুলতে গেলে সেলামী লাগবে সেটা সকলেই জানেন।

আমরা সেলামী দিতে পারি না। যেহেতু সেলামী দিতে পারি না সেইহেতু দোকানও পাব না। দোকান না পেলে কি হবে? বাংলার তাঁতবস্ত্র বিক্রি হবে না, তাঁতীরা আনএমপ্লয়েড হবে এবং তার শূণ্যস্থান পূরণ করবে অন্য রাজ্যের তাঁতের কাপড়। তাদের শূণ্যস্থান পূরণ করবে তাঁতবস্ত্রের মহাজন যারা আছেন তারা। আমরা এইভাবে সুব্রতবাবুদের বাধিত করতে পারবো না। মহাজনের লাভ যাতে বাড়ে আমরা সেই জায়গায় যেতে পারবো না। আমরা কি করছি? আমরা এ্যাডভান্স দিয়ে ঘর নিয়েছি। এ্যাডভান্স দিয়ে ঘর সকলেই নেয়। অন্যান্য ষ্টেট কিভাবে দোকান নেয় সেটা সুব্রতবাবুরা একটু খোঁজ করে দেখুন। মাদ্রাজ, কেরল, অন্ধ্র, উড়িষ্যা ইত্যাদি ষ্টেট কিভাবে দোকান নেয় সেটা খোঁজ করার সাহস বা ক্ষমতা তাদের আছে কি? সত্যতা যাচাই করতে হ'লে তাঁরা তাঁদের কাছে যেতেন এখানে উপস্থিত থেকে জবাবগুলি শুনতেন। তা না করে এখানে নাটক করে চলে গেলেন, সত্য শোনার সাহস তাঁদের নেই। তারপর ডেকোরেশানের ব্যাপারে আসি। দোকানে লোকে কিনতে আসবে আর সেই দোকান সাজানো হবে না তাহলে কি সেই দোকানে বিক্রি হবে? কো-অপারেটিভে বিক্রি কমলে সুব্রতবাবুদের কি হবে জানি না কিন্তু বাংলার তাঁতের সর্বনাশ ঘটবে। ১৯৭৬/৭৭ সাল পর্যন্ত বাংলার তাতের নাভিশ্বাস উঠেছিল, তাঁতীদের মধ্যে হাহাকার উঠেছিল, তার অন্য কাজের সন্ধান করেছিল আর বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে বাংলার তাঁতির মুখে হাসি ফুটিয়েছে, তাদের কাজের ব্যবস্থা করতে পেয়েছে।

[6-10—6-20 P.M.]

একথা ঠিক যে এখনও অনেক আণ্ডার এমপ্লয়মেণ্ট আছে এবং অনেক তাঁতী এখনও কাজ পাননি। আমরা তাদের জন্য চিন্তিত। আমরা কি দেখছি? ষষ্ঠ পরিকল্পনাতে ৬০ ভাগ তাঁতীকে কো-অপারেটিভের মধ্যে আনতে হবে—একথা বলা হয়েছে। আমরা আশা করছি যে এই বছরের শেষ নাগাদ কো-অপারেটিভের সংখ্যা বাড়িয়ে শতকরা ৪৩ ভাগ করতে পারি। এখন ৩৫ ভাগের কাছাকাছি চলছে। ওদের সময়ে কি হয়েছিল? কো-অপারেটিভ একটার পর একটা উঠে গিয়েছিল। তাঁতীরা একের পর এক কাজ পায়নি। আমরা মার্কেটিংয়ের ব্যবস্থা করেছি তারজন্য এ্যাডভান্স দিতে হয়েছে। এ্যাডভান্স না দিলে এটা কি সম্ভব? হাতীবাগানে তন্তুজের দোকানের জন্য আমরা এক লক্ষ টাকা এ্যাডভান্স দিয়েছি, অন্য জায়গায় ২ লক্ষ টাকা এ্যাডভান্স দিয়েছি। আমরা ৫ লক্ষ টাকাও এ্যাডভান্স দিতে চাই যদি ভাল জায়গায় দোকান পাওয়া যায়। যদি দিল্লীতে ভাল জায়গায় দোকান পাই, বোম্বেতে ভাল জায়গায় দোকান পাই তাহলে আমরা নিশ্চয়ই এ্যাডভান্স দেব। আমাদের মার্কেটিং করতে হবে, পশ্চিমবাংলায় তাঁতের বাজার সৃষ্টি করতে হবে। আমাদের আরো বেশী তাঁতীকে কাজ দিতে হবে, তাদের সুযোগ করে দিতে হবে। আমরা ১ লক্ষ টাকা এ্যাডভান্স দিয়েছি, ইণ্টারেষ্ট ফ্রি দিয়েছি। এটা না দিলে দোকান পাওয়া যায় না। দোকান পাওয়া না গেলে সুব্রতবাবু খুশী হতেন কিন্তু বাংলার তাঁতী, সে চোখে অন্ধকার দেখতো। তারপরে এটা দেখতে হবে যে টাকা এ্যাডভান্স দিয়েছি সেটা কি জলে চলে গেল?

মোটেও না নয়। ব্যবসা ঠিক হয় তার আউট টার্নের উপরে। আমরা যে টাকা ইন্টারেষ্ট ফ্রি এ্যাডভান্স দিয়েছি তার ফলে টার্ন ওভার হয়েছে কত ? ২০ কোটি টাকার উপর টার্ন ওভার হয়েছে। কাজেই এগুলি যদি একটু ব্যবসায়ী ভিত্তিতে চিন্তা করা যায় তাহলে সব জিনিষটা পরিষ্কার হয়ে যাবে। হাতীবাগানের দোকান, অভয় গুহ রোডে আমরা ২ টাকা স্কয়ার ফুট রেটে দোকান নিয়েছি। তিনতলায় হাগুলুম কর্পোরেশনের দোকান, তার নীচে একটা অফিস আছে, সেখানে কালেক্টর হিসাব করে ২ টাকা স্কয়ার ফুট ঠিক করে দিয়েছেন। তিনতলায় যদি ২ টাকা স্কয়ার ফুট হয় তাহলে গ্রাউণ্ড ফ্লোরে অর্থাৎ রাস্তার উপরে শো রুম হবে, সেটা নিশ্চয়ই ২ টাকা স্কয়ার ফুট এর বেশী হওয়া উচিত, কিন্তু সেখানে ২ টাকা স্কয়ার ফুট দেওয়া হয়েছে। এটা বেশী দেওয়া হচ্ছে না। এইসব বিবেচনা করার ইচ্ছা সুব্রতবাবুদের নেই, কংগ্রেস (আই)-এর নেই। এবারে আমি তন্তুজের কথায় আসি যেখানে তাদের গাত্রোদাহ। এই যে তন্তুজের বিরাট বিজনেস বাড়লো এর ফলে মহাজনী ব্যবসায়ীদের ক্ষতি হচ্ছে। মহাজনী ব্যবসায়ীরা যেভাবে তাঁতীদের শোষণ করছিল সেই শোষণ বন্ধ হয়েছে। তাতীরা তন্তুজের কাপড় উৎপাদনের মধ্যে দিয়ে তাদের ফেয়ার ওয়েজ পাবার চেষ্টা করছে এবং তাদের ওয়েজ বেড়েছে। তাতের ওয়েজ বাড়ার মধ্যে দিয়ে মহাজনের কাছে যে তাঁতীরা কাজ করে তারাও তাদের ওয়েজ বাড়াবার জন্য লড়াই করছে এবং তার ফলে মহাজনের অসুবিধা হচ্ছে। কারণ তাদের বেশী পয়সা ওয়েজেস দিতে হচ্ছে। কাজেই মহাজনের গাত্রোদাহ হচ্ছে, এটা আমরা বুঝতে পারি। কিন্তু তাদের মুখপাত্র হয়ে সুব্রতবাবু এখানে মোশান তুলবেন এবং এইভাবে নাটক করবেন, সেটা ভাবতে পারিনি। এটা গেল মহাজনের দিক। অন্যদিকে অন্য রাজ্যের যে সব এ্যাপেক্স আছে তাদের অবস্থা কি ? অন্য রাজ্যের এ্যাপেক্স-গুলি আমাদের থেকে ভাল কাজ করতো। কংগ্রেস আমলে তাঁত বস্ত্র বলতে লোকে বুঝতো দক্ষিণী কাপোড়। কিন্তু বামফ্রণ্ট সরকারের সময়ে অবস্থা কি হয়েছে ? বামফ্রণ্ট সরকারের আমলে অবস্থার পরিবর্তন ঘটেছে। এখন তাঁতবস্ত্র বলতে লোকে বোঝে বাংলার তাঁতের কাপড়, দক্ষিণী কাপড় নয়। অন্ধ্র প্রদেশে যে এ্যাপেক্স আছে তার টোটাল সেল হচ্ছে ১৯৮১-৮২ সালে ৩২ কোটি ৯১ লক্ষ টাকা। তার গ্রস প্রফিট হচ্ছে ৩ কোটি ৮৮ লক্ষ টাকা এবং নেট প্রফিট হচ্ছে ৯ লক্ষ টাকা। আর সেলের উপর নেট প্রফিটের পারসেণ্টেজ হচ্ছে ০·২৭। তামিলনাড়ুর কাপড়ের সেল ১০০ কোটি ১৯ লক্ষ টাকা। তার গ্রস প্রফিট হচ্ছে ৯ কোটি ৬১ লক্ষ এবং নেট প্রফিট হচ্ছে ৭৯ লক্ষ টাকা এবং সেলের উপর নেট প্রফিটের যে রেশিও সেটা হচ্ছে ০·৭৯।

এবারে আসুন তন্তুজে, তন্তুজ ব্যবসা করেছে ২০ কোটি ৩৫ লক্ষ টাকার গ্রস প্রফিট হয়েছে ২ কোটি ২০ লক্ষ টাকা। নীট প্রফিট ৭৩ লক্ষ টাকা। সেল পারসেণ্টেজ হচ্ছে ৩·৬%। আর অন্ধ্রের প্রফিট পারসেণ্টেজ হচ্ছে ০·২৭% এবং কো-অপটেক্স ( তামিলনাড়ু )-র নীট প্রফিট হচ্ছে ০·৭৯%। তাহলেই বুঝুন, অন্ধ্র, তামিলনাড়ু এবং পশ্চিমবাংলার এই হচ্ছে অবস্থা।

জনতা কাপড় 'তন্তুজ' বিক্রী করে, আবার অন্ধ্র প্রদেশ এবং তামিলনাড়ুও বিক্রি করে। ওরা 'তন্তুজে'র চেয়ে বেশী বিক্রি করে। কিন্তু তন্তুজের পারসেণ্টেজ হচ্ছে ৩·৬%। তাহলে কে

লাভজনক ? ওরা তন্তুজের চেয়ে জনতা শাড়ি বেশী বিক্রি করছে, ওরা বেশী পায়, ওদের কোটা বেশী, তাহলে লাভজনক কে ?

১৯৭৬-৭৭ সাল পর্যন্ত তন্তুজের যে মুমূর্ষু দশা ছিল সেখান থেকে উজ্জীবিত হয়ে আজকে ভারতবর্ষের অন্যতম প্রধান সংগঠনে পরিণত হয়েছে। প্রফিট রেসিওতে সে অন্য রাজ্যের এ্যাপেক্সের চেয়ে এগিয়ে যাচ্ছে। এতে অন্য রাজ্যগুলি ক্ষতিগ্রস্ত হচ্ছে। দক্ষিণ ভারতের এ্যাপেক্সে যে সমস্ত তাঁতিরা আছে আমরা তাদের ক্ষতি করতে চাই না, কিন্তু সঙ্গে সঙ্গে এটা নিশ্চয়ই আমাদের দেখতে হবে, বাংলার তাঁতিরা যাতে বাঁচে।

**মিঃ চেয়ারম্যান ঃ** প্রলয়বাবু, আপনি একটু বসুন। আমাদের একটু সময় বাড়িয়ে নিতে হবে। এই মোশানের ওপর আলোচনা ৬টা ১৯ মিনিটে শেষ হয়ে যাবার কথা, কিন্তু আলোচনা এখন যে পর্যায় আছে তাতে আরো কিছু বেশী সময় লাগবে। সেইজন্য আমি আরো ১ ঘণ্টা সময় বাড়াবার জন্য আপনাদের অনুমতি চাইছি। আশা করছি এতে সকলের সম্মতি আছে। ধন্যবাদ।

(এই সময়ে এই মোশানের ওপর আলোচনার জন্য নির্দিষ্টসময়ের ওপরে আরো এক ঘণ্টা সময় বাড়ানো হয়।)

**শ্রীপ্রলয় তালুকদার ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, তন্তুজের লাভ বেড়েছে, বিক্রি বেড়েছে, তথাপি আমাদের মনে রাখতে হবে যে, তন্তুজকে সাউথের রাজ্যগুলির এ্যাপেক্সের চেয়ে বেশী দামে সুতো কিনতে হয়। তন্তুজ বেশী দামে সুতো কিনেও লাভ করেছে। এটাই হচ্ছে ঘটনা, কিন্তু সুব্রতবাবু এটা বুঝবেন না।

তারপরে এখানে উনি অনেগুলো কথা বলছেন। আমি খুবই দুঃখিত যে, সুব্রতবাবু ফ্যাক্ট সাপ্রেস করেছেন। তবে তাঁর ফ্যাক্ট সাপ্রেস করার কোন দরকার ছিল না। তিনি বলতে পারতেন। ঘটনা না বলেও বক্তব্য বলা যায়। তিনি বললেন তন্তুজ রিজার্ভ ব্যাংকের কাছ থেকে ১ কোটি টাকা নিয়েছে এবং একথা বলতে গিয়ে রিজার্ভ ব্যাংকের একটা বুলেটিন থেকে অনেকগুলো লাইন পড়ে গেলেন। তবে তিনি এখানে অংশ বিশেষ পড়লেন। নিশ্চয়ই অংশ বিশেষ পড়লে সেটা সম্পূর্ণ হয় না। অংশ নিশ্চয়ই সমগ্র নয়। এখন ঘটনাটা কি ? রিজার্ভ ব্যাংক তন্তুজকে টাকা দিয়েছে। কিসের এগেনস্টে টাকা দিয়েছে ? তারা মুখ দেখে কখনই টাকা দেয় না। তন্তুজের স্টক এবং গভর্ণমেণ্টের কাছে তার টাকা পাওনা আছে তারই এগেনস্টে রিজার্ভ ব্যাংক তাকে টাকা দিয়েছে। স্টক কত ? ৮ কোটি টাকার স্টক। সেন্ট্রাল গভর্ণমেণ্টের কাছে পাওনা কত ? তন্তুজের পাওনা ৩ কোটি ৪০ লক্ষ টাকা। তার মধ্যে ১ কোটি ২০ লক্ষ টাকা তন্তুজ

পেয়েছে। কিন্তু এখনো কেন্দ্রীয় সরকারের কাছে তন্তুজের ২ কোটি ২০ লক্ষ টাকা পাওনা আছে। ৮ কোটি টাকার তন্তুজের এ্যাসেট আছে তার এগেনস্টে রিজার্ভ ব্যাংক ১ কোটি টাকা তাকে দিয়েছে। ২ কোটি ২০ লক্ষ টাকা তার কেন্দ্রীয় সরকারের কাছে পাওনা, সেটা পেলে ১ কোটি টাকা সে রিজার্ভ ব্যাংকে দিয়ে দেবে। সুতরাং এটা পরিষ্কার বোঝা যাচ্ছে যে, মুখ দেখে নিশ্চয়ই তারা টাকা দেয়নি। সমগ্র ব্যাপারটাই রিজার্ভ ব্যাকের বুলেটিনে লেখা আছে। অথচ সুব্রত বাবুর তা পড়ার সাহস নেই। অথবা তিনি হয়ত পড়েও ওটা বুঝতে পারেন নি। আমি তার জন্য দুঃখিত।

এরপরে উনি নিয়োগ নিয়ে অনেকগুলি কথা বলেছেন। নিয়োগ নিয়ে বলার অধিকার সুব্রতবাবুর নেই। ওঁরা ওঁদের সময় কিভাবে সব নিয়োগ করেছিলেন, তা সকলেই জানেন। তন্তুজেও কিভাবে সব চাকরী দিয়েছিলেন, তাও আমরা জানি। তন্তুজে ওঁদের সময়েও অনেক নিয়োগ হয়েছে। এখন কথা হচ্ছে পান্নাবাবুর কোন এক আত্মীয় চাকরী পেয়েছেন। সুব্রতবাবু কি বলতে পারেন যে, পান্নাবাবু বা কোন অফিসারের কোন আত্মীয় যোগ্য হলেও চাকরী করতে পারবেন না?

[6-20 -6-30 P.M.]

তার যদি যোগ্যতা না থাকে তার জন্য কি সুব্রতবাবু এখানে ইন্সপেকশান রিপোর্ট রেখেছেন? দায়িত্ব নিয়ে রাখতে হবে। দায়িত্বজ্ঞানহীন সেইজন্য রাখতে পারেন নি। আমি চ্যালেঞ্জ করে বলছি। স্কুল ফাইন্যাল সার্টিফিকেট অনুযায়ী তার বয়স ৩০ বছরেরও কম।

**শ্রীআবদুস সাত্তারঃ** বয়সটা কমলো কি এফিডেভিট করে?

**শ্রীপ্রলয় তালুকদারঃ** আপনার ক্ষমতা থাকে কোর্টে যান। যাওয়ার তো সাহস নেই। তার বয়স ২৯ বছর কয়েক মাস অর্থাৎ ৩০ বছরও নয়। দ্বিতীয় কথা হচ্ছে, এজ বার্ড—এটা সম্পূর্ণ মিথ্যা কথা। সুব্রতবাবু ডেলিবারেটলি মিথ্যা কথা বলেছেন। এখানেও কিন্তু ইন্সপেকসান রিপোর্ট প্লেস করা হচ্ছে না। তার দায়িত্ব কিন্তু রিপোর্ট পেশ করার কিন্তু সেই দায়িত্ব তিনি পালন করলেন না। তিনি বললেন, শীতল প্রসাদের চাকরী হয়নি বেশী নাম্বার পাওয়া সত্বেও কিন্তু অন্য একজনের চাকরী হয়েছে। তিনি সম্পূর্ণ ফ্যাক্টস সাপ্রেস করেছেন। শীতল প্রসাদ ভাইভা-ভোসিতে এ্যাপিয়ার হ'ননি। সুতরাং তিনি কি করে চাকরী পাবেন? তারপর মিষ্টার কাপাসের শ্যালিকার কথা বলেছেন। যোগ্যতা থাকলে তার চাকরী হবে না? যাইহোক, এই সম্বন্ধে চীফ মিনিষ্টার উত্তর দিয়ে গেছেন সুতরাং আমি আর বেশী কিছু বলতে চাই না। আপনারা বলছেন নেপোটিজিম করা হচ্ছে। এ ব্যাপারে এ্যডর্ভাটাইজমেন্ট করা হয়েছে কাগজে, ইনটারভিউ হয়েছে, সিলেকসান হয়েছে, সব

হয়েছে। রিটিন হয়েছে, ওয়াল হয়েছে। এ্যাজ বারড দেখেই করা হয়েছে। কিন্তু ওদের সময়ে কি হয়েছে? অতীশবাবু তখন চেয়ারম্যান এবং মন্ত্রীও ছিলেন। তাঁর আমলে বর্তমান বিধান-সভার সদস্য শ্রীসত্যরঞ্জন বাপুলী মহাশয়ের ভাইকে যার নাম হচ্ছে শম্ভুরঞ্জন বাপুলী তাকে এ্যাপয়নমেণ্ট দেওয়া হলো। কি পোষ্টে দেওয়া হলো, সুপারভাইজার, ষ্টোর্স এ্যাণ্ড ট্রান্সপোর্ট। কিভাবে তাকে দেওয়া হলো তার ইতিহাসটা শুনুন। কোন এ্যাডভারটাইজমেণ্ট হলো না। তিনি এ্যাপলিকেসানে লিখলেন আনডারষ্টানডিং **from a reliable source that you are going to recrait some persons in your Deptt, I beg to apply for the same.** কোন পোষ্টের নাম মেনসান করলেন না। সুতরাং কি করে তিনি এ্যাপলাই করলেন? কোন কাগজে এ্যাডভারটাইজ নেই। কো-অপারেটিভ এক্জিকিউটিভ অফিসার বললেন ও. এস., **Pl, open a file reorganisation and recruitment.**

তার উপর ইনটারভিউ হল এবং সে ইনটারভিউর কোন লেটার নেই। কোন ক্যানডিডেট নেই, কার সঙ্গে ইনটারভিউ হবে। একজন ক্যানডিডেট, একজনই এ্যাপলিকেণ্ট। কোন পোষ্ট মেনসেন নেই। তাঁর এ্যাপলিকেসনে কোন পোষ্ট মেনসেন নেই। প্লিজ ওপন এ ফাইল। সেখানে কি পোষ্ট তৈরী করা হল, সুপারভাইজার, ষ্টোরস এ্যাণ্ড ট্রান্সপোর্ট। এবারে সেই পোষ্টে তাকে নেওয়া হল। তিনি আই. এ. পাশ। তাঁর কোয়ালিফিকেসন হচ্ছে, বাপুলী বাজারে তাঁর কাপড়ের দোকান আছে। তাঁকে করা হল সুপারভাইজার, ষ্টোরস এ্যাণ্ড ট্রান্সপোর্ট। চিঠিটা শুনুন, **with reference to application dated 6-5-76 for the post of supervisor, stores and Transport under the West Bengal Handloom weavers' co-operative society and subsequent interview he had with the selection Board of the society on 19-6-76.** তাকে জুনিয়ার অফিসার করে দেওয়া হল। ৬-৫-৭৬ তারিখে তাঁর বয়স কত ছিল জানেন, ৩০ বছর ৩ মাস। পোষ্ট ক্রিয়েট করে তাঁকে নেওয়া হল। কোন ইনটারভিউ হল না। এই রকম হচ্ছে ওঁদের নেপোটিজ্ম। সুব্রতবাবু এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে করা হোক, সমস্ত এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হোক। কংগ্রেস এম এল. এ.-রা যা করেছেন সিগারেটের প্যাকেটে লিখে দিয়েছিলেন। সেটা হয়নি। কোন কো-অপারেটিভে এমপ্লয়মেণ্ট দিতে হলে তাকে কো-অপারেটিভ রুলসের মাধ্যমে দিতে হয় সেটা সুব্রতবাবু জানেন। এঁদের অনেক লোক কো-অপারেটিভ ডিপার্টমেণ্টে বাস্তু ঘুঘু হয়ে রয়েছে। কো-অপারেটিভ রুলসে পরিষ্কার বলা আছে যে দুটি কাগজে এ্যাডভারটাইজমেণ্ট দিতে হবে। যতক্ষন রুলস পরিবর্তন না হচ্ছে ততক্ষন পর্য্যন্ত রুলসের মাধ্যমে নিতে হবে। ১৯৭৯ সালে ক্যাবিনেট হলেও কো-অপারেটিভ ডিপার্টমেণ্ট থেকে রুলসের পরিবর্তন দরকারী। ১৯৮১-তে হল এ্যাজ পার রুলস তাঁরা এ্যাডভার-টাইজমেণ্ট করে লোক নিচ্ছেন। কি অপরাধ করেছন তাঁরা? দেশলাইয়ের খোলে নয়, এইভাবে পোষ্ট ক্রিয়েট করে নয়। ইণ্টারভিউ নিয়ে সিলেক্ট করা হয়েছে, তাঁরা খুবই অপরাধ করেছেন।

জনতা টা নেই বলছে। তন্তুজের লাভ জনতায় নয়। টোটাল তন্তুজ যে লাভ সে কথা বলা হয়েছে। জনতা কাপড়ের এই কথা ঠিক আমরা কি করেছি। ওঁদের সময়ে জনতা কাপড় কত হোতো। আমাদের সময়ে জনতা কাপড় কত হচ্ছে? আমার কাছে হিসেব আছে? কংগ্রেসের সময়ে জনতা কাপড় তৈরী হয়েছিল ৫.৭৫ মিলিয়ন স্কোয়ার মিটার। আর আমাদের সময়ে হয়েছে ১৯৭৮-৭৯ তে ১০.৮৫ মিলিয়ন স্কোয়ার মিটার, ১৯৭৯-৮০ তে ১৩.০০ মিলিয়ন স্কোয়ার মিটার, ১৯৮০-৮১ তে ২৩.০২ মিলিয়ন স্কোয়ার মিটার, ১৯৮১-৮২ তে ২৯.০৯ মিলিয়ন স্কোয়ার মিটার, ১৯৮২-৮৩ -তে ৩০.০০ মিলিয়ন স্কোয়ার মিটার এবং গত বছর প্রায় ৬০ লক্ষ তৈরী হয়েছে। আমরা জনতা কাপড়টিকে ব্যাপক প্রোডাক্সান করার ব্যবস্থা করছি। তার মার্কেটিংয়ের ব্যবস্থা করছি। কারণ, কলকাতা প্রেডাকসান মার্কেটের মধ্যে দিয়ে আজকে তাঁতীরা বাঁচবে, বিভিন্ন সমবায়ে কাজ হবে, অন্যদিকে গ্রামের গরীব মানুষ তাঁরা কম দামে কাপড় পাবেন। আমরা তন্তুজের প্রোডাক্সান অনুযায়ী তার মার্কেটিং যাতে বাড়ে তার জন্য শো-রুম ইত্যাদি করার চেষ্টা করছি। কিছুদিনের মধ্যে কাগজে তার বিজ্ঞাপন বেরুবে। ডিলারশিপ যাঁরা নিতে চান, তাঁদের আমরা তা ২/৩ মাসের মধ্যে দিয়ে দেব।

[6-30—6-40 P. M.]

গ্রামের মার্কেটে আমরা এই জনতা কাপড় ব্যাপকভাবে বিক্রী করবো এবং গরীব মানুষ তা সস্তায় কিনতে পাবে। আজকে অবশ্য সুব্রতবাবু বলেননি, আগে একবার এজেন্সী সম্বন্ধে বলেছেন। এই জিনিষটা নতুন নয়, ওঁরাও দিতেন। অতীশবাবু যখন ৭৩ সালে চেয়ারম্যান ছিলেন তখন আসানসোলের একজন ডিলারকে এজেন্সী দিয়েছিলেন ৮ শতাংশ কমিশনে। আমরা এসে এজেন্সী দিয়েছি তবে ১ থেকে ২ শতাংশ সেল্‌স কমিশনে। আসানসোলের ঐ ডিলার বলছেন উনি রাজী নন ২ শতাংশ সেল্‌স কমিশনে, মামলা চলছে। কমিশনের কারণে ঐ এজেন্ট বিক্ষুব্ধ হতেই পারেন, কিন্তু এর জন্য সুব্রতবাবুর বিক্ষুব্ধ হবার কোন কারণ থাকতে পারেনা। আমরা জনতা কাপড় প্রডাকশান এবং বিক্রীর জন্য সমস্তরকম প্রিকশান যথা ইন্‌স্পেকশন, ষ্ট্যাম্পিং ইত্যাদির ব্যবস্থা নিয়েছি এবং জনতা কাপড়ের কোয়ালিটি সম্বন্ধে সকলেই প্রশংসা করেছেন। যদি কোন সমবায় সম্বন্ধে স্পেসিফিক অভিযোগ থাকে তাহলে দেবেন, আমি নিশ্চয়ই সে সম্বন্ধে সমস্ত রকম ব্যবস্থা নেবো এবং স্পেসিফিক পয়েন্ট থেকে থাকলে সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেবো। কিন্তু এই রকমভাবে ফ্যাক্ট সাপ্রেস করে কুৎসা করবার জন্য এবং এই রকম বলার অর্থ হোল পশ্চিমবাংলার সমস্ত তাঁত শিল্প তথা তাঁত শিল্পীর সুনাম নষ্ট করা। এ্যাসেম্বলীতে এই রকম বলার নীট ফল কি? বাংলার তাঁত শিল্পের সঙ্গে যুক্ত তাঁতীদের মুখে যখন কিছুটা হাসি ফুটেছে ঠিক তখনই এক শ্রেণীর মহাজনদের স্বার্থে বাংলার তাঁত শিল্পকে ধ্বংস করবার জন্য একটা চক্রান্ত সুরু হয়েছে এবং সুব্রতবাবু তার সঙ্গে হাত মিলিয়েছেন—লজ্জা পাওয়া উচিত। উনি আমাদের বিরুদ্ধে অভিযোগ করেছেন যে আমরা অনেক ফ্যাক্ট সাপ্রেস করছি কিন্তু ফ্যাক্ট সাপ্রেস করেছেন তো উনি নিজেই।

আজকে একথা ঠিক যে মহাজনরা অখুশী হয়েছে এবং তারা দিনের পর দিন কুৎসা চালাচ্ছে। আজকে এ কথাও ঠিক যাঁরা ব্যবসায়ী তাঁরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন, তার জন্যই তাঁরা একটা চক্রান্ত সুরু করেছেন এবং প্রচার চালাচ্ছেন দিনের পর দিন। কিন্তু বাংলার মানুষ, ভারতবর্ষের মানুষ তাঁদের সেই প্রচারে কান দেন নি। বাংলার তাঁতিরা যাতে দিনের পর দিন কাজ পায় তার জন্য কিছুটা চেষ্টা করতে হচ্ছে আমাদের। কিন্তু আমি অবাক হয়ে যাচ্ছি যে সুব্রতবাবুরা তাদের সঙ্গে হাত মিলিয়ে দিনের পর দিন কুৎসা করেছেন। আমি একথা বলতে চাই মাননীয় চেয়ারম্যান মহাশয়, সুব্রতবাবু যেভাবে বাংলার তাঁতের সর্বনাশ করবার জন্য চেষ্টা চালাচ্ছেন তার জন্য বাংলার তাঁতিরা ক্ষমা করবেন না সুব্রতবাবুকে।

মাননীয় চেয়ারম্যান মহাশয়, এঁরা ব্লিচিং প্ল্যান্টের কথা বলছেন, বড় অদ্ভুত কথা। এই ব্লিচিং প্ল্যান্ট কংগ্রেস আমলেই করবার কথা হয়েছিল। কিন্তু ওঁরা করতে পারেন নি। প্ল্যান্টের জায়গার ব্যবস্থা করতে পারলেন না ওঁরা। পরে কর্পোরেশনকে বলেছেলেন কিন্তু তারাও করতে পারেন নি। আমাদের ডাইং করতে, ব্লিচিং করতে অন্য রাজ্যে যেতে হয়, তারফলে এই ব্যবস্থার যথেষ্ট ক্ষতি হচ্ছে। আমরা ব্লিচিং প্ল্যান্ট এখানে তৈরী করলাম যাতে আমাদের অন্য রাজ্যে যেতে না হয়। কোন অপরাধ করিনি তো আমরা। আমরা টোটাল বিজনেস্ বাড়াতে চেয়েছি। আমরা গর্বিত এই কাজের জন্য।

মাননীয় চেয়ারম্যান মহাশয়, গজ ব্যাণ্ডেজ ব্যবসা এতদিন পর্যন্ত মহারাষ্ট্রের একচেটিয়া ছিল। এই রাজ্যে গজ ব্যাণ্ডেজ ব্যবসা মুষ্টিমেয় কয়েকজন ব্যবসায়ীর কুক্ষিগত ছিল এবং এই জিনিষ নিয়ে ফাটকাবাজী হোত। সেই মহাজন ব্যবসায়ীদের ঘুঘুর বাসায় আমরা হাত দিয়েছি বলে ওঁরা চিড়বিড় করে উঠেছেন কারণ গজ ব্যাণ্ডেজ তৈরীর ব্যাপারটা হাতে নিয়েছে তন্তুজ। এ কারণে ঐ মহাজনরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন বলে তাঁরা ক্ষুব্ধ হবেনই। সুব্রতবাবুর সঙ্গে কি তাদের কোন সম্পর্ক আছে? পশ্চিমবাংলার স্বার্থে এটা সুব্রতবাবু ক্ষমা করবেন না?

আমি আর বিশেষ কিছু বলতে চাই না। আমি এখানে শুধু এইকথা বলতে চাই যে মোসান সুব্রতবাবু এখানে এনেছেন সেটা তাঁতশিল্পকে ধ্বংস করার জন্য ইচ্ছাকৃতভাবে এনেছেন। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি জোরের সংগে বলতে পারি বাংলার তাঁত শিল্পকে কেউ ধ্বংস করতে পারবে না। ইংরেজ সাম্রাজ্যবাদ বাংলার তাঁতিদের বুড়ো আঙুল কেটে দিয়েও তাঁত শিল্পকে ধ্বংস করতে পারেনি এবং তাঁতিদের মেরে ফেলতে পারেনি। এখন পর্যন্ত বাংলার তাঁতিরা বাংলার তাঁতের ঐতিহ্য বজায় রেখেছে, সুব্রতবাবু সেটা ধ্বংস করতে পারবে না। এইকথা বলে মাননীয় সুব্রতবাবু যে মোসান এখানে এনেছেন তার বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস:** মাননীয় চেয়ারম্যান স্যার, এতক্ষণ ধরে প্রলয়বাবু, সুব্রতবাবুর প্রতিটি অভিযোগের উত্তর দিলেন তা শুনলাম। তিনি তাঁর বক্তব্যের মধ্যে তাদের সময় যখন

অতীশবাবু এই দায়িত্বে ছিলেন তখনকার দুর্নীতির কথাও তিনি উত্থাপন করেছেন। ওদের আমলে যে দুর্নীতি ছিল এই বিষয়ে কোন সন্দেহ নেই। চাকুরীর প্রসংগ সুরু করে এই জাতীয় অনেক ঘটনা এই সময় ঘটেছে এবং সেখানে দুর্নীতিতে ভরে গিয়েছিল। কংগ্রেস আমলে প্রশাসনের ব্যাপারে দুর্নীতিতে ভরে গিয়েছিল এবং যার ফলশ্রুতি হিসাবে মানুষ তাদের বিসর্জন দিয়েছে। মাননীয় চেয়ারম্যান স্যার, তন্তুজের ব্যাপারে বামফ্রন্ট সরকার যে লাভ করেছে, তার হিসাব এখানে দেখানো হয়েছে। কংগ্রেস আমলে এই তন্তুজে লোকসান ছাড়া আর কিছু হতো না। শুধু তন্তুজের ক্ষেত্রেই নয় কংগ্রেস আমলে রেশম শিল্পে তারা সর্বনাশ ডেকে এনেছে। কংগ্রেস আমলে তাঁত শিল্পে একটা বিপর্যয়ের সৃষ্টি হয়েছিল, খাদি গ্রামোদ্যগে বিপর্যয়ের সৃষ্টি করেছিল। সেই সময় সবক্ষেত্রে লোকসান চলছিল। রেশম শিল্পে সেই সময় লোকসান হয়েছিল ২৯ লক্ষ টাকা। কিন্তু এই বামফ্রন্ট সরকারের আমলে যখন পান্নালালবাবু প্রশাসনে ছিলেন এবং আমি তার সঙ্গে যুক্ত ছিলাম, যে কাজ অতীশবাবুরা করতে পারেন নি, আমরা সে কাজ করেছি। আমরা মোটামুটি লোকসান পূরণের জায়গায় এসে পৌছেছি। তাঁত শিল্পের ক্ষেত্রে ওরা এই অবস্থা গড়ে তুলেছিল। কিন্তু এই ব্যাপারে আমরা কিছুটা ইমপ্রুভ করেছি। ওরা কুটির শিল্পকে ধ্বংস করার জন্য চক্রান্ত চালিয়ে গেছে। আমরা বিগত ৫-৬ বছরে অর্থনৈতিক ব্যাপারে কিছু উন্নতি ঘটাতে পেরেছি। তাঁত শিল্পকে আমরা যে বাঁচাবার চেষ্টা করেছি সেই ব্যাপারে তথ্য দেখলেই তার চেহারা ফুটে উঠবে। মাননীয় সুব্রতবাবু যে মোসান এখানে এনেছেন সেই মোসানের মধ্য দিয়ে তিনি যে তাঁত শিল্পের বিরুদ্ধে চক্রান্ত এবং ষড়যন্ত্র করেছেন তা প্রতিফলিত হয়েছে। এই কথা প্রলয়বাবু তাঁর ভাষণের মধ্যে পরিষ্কার বুঝিয়ে দিয়েছে। সুব্রতবাবু এখানে এনকয়ারীর কমিশানের কথা তুলেছেন। সেটা যে কতদূর সত্য সেটা দেখার প্রয়োজন আছে। হিসাবের মধ্যে দেখা যাচ্ছে পশ্চিমবাংলায় এই তাঁত শিল্পে লাভ হয়েছে এবং এই শিল্পকে বাঁচাবার চেষ্টা করা হয়েছে। একজন লোক তদন্ত করলেন--তাঁর অভিযোগটা যে অভিসন্ধিমূলক নয় সেটা কে বলতে পারে? আমরা এটা সকলেই জানি বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর আমলাতান্ত্রের একটা বড় অংশ এই সরকারের বিরুদ্ধে চক্রান্ত করে যাচ্ছে, ষড়যন্ত্র করে যাচ্ছে প্রশাসনের ভিতরে। তারা সব সময় বামফ্রন্ট সরকারকে পর্যদস্ত করতে চাই। এই প্রচেষ্টা অফিসারদের মধ্যে রয়েছে। সেইজন্য আমি বলতে চাই সেই ভদ্রলোকের ব্যাপারে খোঁজখবর নেওয়া দরকার। ওদের সংগে কোনরকম যোগাযোগ আছে কিনা সেটা দেখা দরকার। মুখ্যমন্ত্রী তাঁর বিবৃতির সময় এক এক করে বলেছেন—একটা অভিসন্ধিমূলক প্রচেষ্টা সেই রিপোর্টে থেকে গিয়েছে। এমন একটা যুক্তি তারা সংগঠিত করতে পারে নি যার ফলে একটা ভিত্তি গড়ে উঠতে পারে। তাই মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে সেই অফিসারের উদ্দেশ্য জানা দরকার। এবং এই ব্যাপারে সুব্রতবাবুদের উদ্দেশ্য স্পষ্ট হয়ে গিয়েছে। কোন অভিযোগ তারা গড়ে তুলতে পারেনি, সাবটেন-সিয়েট করতে পারেনি এই হচ্ছে ঘটনা।

[6-40—6-50 P.M.]

সুব্রতবাবুরা আজ কি করে চলেছেন—আমাদের দাবী হচ্ছে, রাজ্য সরকার তাঁদের বিরুে যেন অত্যন্ত কঠোরভাবে ব্যবস্থা গ্রহণ করার কথা চিন্তা করেন। তাঁরা বিভিন্ন জায়গায় শো-র ভাঙছেন, চেষ্টা করছেন বাংলার তাঁতশিল্পকে ধ্বংস করে দিতে। তারজন্য বিভিন্ন ধরণের চক্রা ও ষড়যন্ত্র করে চলেছেন। বিভিন্ন জায়গায় শো-রুম ভেঙে বেড়াচ্ছেন। বিভিন্ন জায়গায় শো-র ভাঙবার কাজে পেছন থেকে মদত দিয়ে চলেছেন। তাই আমাদের দাবী, এই চক্রান্ত ও ষড় যাঁরা করে চলেছেন, তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হোক। ওদের আমলে আমরা জানি আমাদের যাঁরা গণতান্ত্রিক আন্দোলনে লিপ্ত ছিলেন, যাঁরা গ্রামবাংলার মানুষ, তাঁদের নানারক কারণ দেখিয়ে—মিসা ইত্যাদি আইনের মধ্যে দিয়ে—জেলে আটক করেছিলেন। বিগত ৫ বছরে মধ্যে এই সরকারের গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গীর পূর্ণ সুযোগ নিয়ে ওঁরা নানারকম অন্যায় করেছেন বিভিন্ন জায়গায় রাস্তা অবরোধ, ভাঙচুর, খুন-জখম করে চলেছেন। বিভিন্ন ধরণের সমাজ বিরোধীরা ওঁদের সঙ্গে যুক্ত হয়েছে। আপনাদের মনে আছে, সুব্রতবাবু এখানে কয়েক দিন আগে বলেছিলেন, যতদিন বিধানসভা চলবে ততদিন আমরা তন্তুজ নিয়ে একের পর এক অভিযো উত্থাপন করে যাব। বিশেষ এক উদ্দেশ্য নিয়েই তিনি তা বলেছিলেন, এখন তা আমাদের কা স্পষ্ট হয়ে উঠেছে। সেজন্য আরও স্পষ্ট করেই বোঝা যায় যে, এই অভিযোগের কোন ভিত্তি নেই সম্পূর্ণ উদ্দেশ্যপূর্ণ এই অভিযোগ। ওঁদের উদ্দেশ্য ছিল, একের পর এক অভিযোগ পেশ করে পারলে হয়ত একে সত্যে পরিণতঃ করা তাদের পক্ষে সম্ভব হবে। কিন্তু ওঁদের পরিচয় কি ত আমরা জানি, বাংলার মানুষের কাছেও তা অজানা নয়। ওঁদের পরিচয়, দুর্নীতিগ্রস্ত। রামকৃ মিশন থেকে আরম্ভ করে ওঁদের নেতা এবং উপনেতা সবাই দুর্নীতিগ্রস্ত। বাংলার মানুষ তা ভা করেই জানেন। জানেন বলেই তাঁরা ওঁদেরকে উৎখাত করেছেন পশ্চিমবাংলার বুক থেকে সুব্রতবাবুর হিম্মত ছিল না নির্বাচিত হবার, সেজন্য তাঁকে সাহায্য নিতে হয়েছিল মফৎলাল জৈনদের। তিনি ভাল ভাবেই জানতেন, পশ্চিমবাংলার মানুষ সচেতন, তাঁকে কখনই নির্বাচি হওয়ার সুযোগ দেবেন না। সেজন্যই আমরা সুব্রতবাবুকে ওকালতি করতে দেখছি বড়বাজার জোড়াসাঁকোর বড় বড় মিল মালিকদের। আমরা জানি, বাংলার তাঁতবস্ত্র আজকে মিল বস্ত্রে প্রতিযোগী। মানুষ ভালভাবেই জানেন তাঁত বস্ত্রের গুণগত বৈশিষ্ট ও ঐতিহ্যগত দিক বি আছে। সেজন্য আমরা দেখছি, সব মানুষই তাঁতবস্ত্র কিনছেন ও পরছেন। সুব্রতবাবুকে তা আমরা দেখছি, রাজেশ খৈতান প্রমুখ মানুষের স্বার্থে কাজ করতে। তিনি চাইছেন বাংলা তাঁতশিল্প ধ্বংস হয়ে যাক। সেজন্যই এখানে একের পর এক ভিত্তিহীন অভিযোগ আনছেন এনকোয়ারী কমিশনের উল্লেখ করছেন। সেজন্যই সুব্রতবাবু যে প্রস্তাব আমাদের সামনে এনেছেন তাকে কখনই সমর্থন করা যায় না। ওঁদের আমলে চাকুরী দেবার নামে কি ধরণের দুর্নীতি ঘটেছিল তা ভালভাবেই জানি। ওঁরা বলেছেন, বর্তমানে চাকুরীর ক্ষেত্রে দুর্নীতিকে প্রশ্রয় দেওয় হচ্ছে। আমি ওঁদেরকে বলি, বর্তমানে আমরা যে ভাবে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে গুরুত্ব দিে

সেখানে থেকে পাঠানো তালিকার ভিত্তিতে চাকুরী দেওয়ার ব্যবস্থা করেছি, ওঁদের আমলে সেই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে বরং দূরে সরিয়ে রেখে দিয়েছিলেন। প্রায় সব জায়গাতেই সমাজবিরোধীদের এবং বহু অযোগ্য ব্যক্তিদের ধরে এনে চাকুরীতে বসিয়ে দিয়েছিলেন। প্রশাসনের থেকে আরম্ভ করে বিভিন্ন দপ্তরে যে সমস্ত সমাজবিরোধী এবং অযোগ্য ব্যক্তি ঐ সময়ে নিযুক্ত হয়েছিল। এই ব্যপোরে বিশেষ ভাবে তদন্ত হওয়ার দরকার আছে। সুব্রতবাবুদের প্রতিটি কাজকর্মের তদন্ত হওয়ার দরকার আছে—একথা মানুষ ভাল ভাবেই জানেন। ওঁদের পাপকে প্রকাশ করার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে ব্যবস্থা গ্রহণের দরকার আছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, এই কথাটা ঠিক যে আজকে যাদের পক্ষ থেকে এই প্রস্তাব এসেছে বা উত্থাপন করা হয়েছে সেই কংগ্রেসীদের তরফ থেকে, তারা যখন শাসনে ছিলেন তাদের বিভিন্ন প্রশাসনিক দূর্নীতি ছিল। এই কথাটি অস্বীকার করবার উপায় নেই। এবং সেইদিক থেকে আপনারাও বলতে পারেন না আপনারা সকলে এই সব দূর্নীতি থেকে ভালো এটাও ঠিক নয়। আমরা জানি আপনি আচরি ধর্ম অপরে শিখায়। আজকে এই ব্যাপারে আপনাদের রেখাপাত করা উচিত। যেহেতু কংগ্রেসী পক্ষ থেকে এটা উত্থাপিত হয়েছে সেহেতু এরমধ্যে সারবার্তা কিছু থাকতে পারে না তা হতে পারে না। এবং এটাও হতে পারে না তারা ডাকাতি করেছে বলে আমাকেও চুরি করতে হবে। সরকার পক্ষেরই সম্পূর্ণ অধিকার জন্মাবে এ হতে পারে না। সুতরাং এই যে অভিযোগগুলি এসেছে তখন তার একটা নিশ্চয়ই সারবার্তা আছে। আপনাদের আগেকার মন্ত্রী ভক্তিবাবু যখন মন্ত্রী ছিলেন তার কাছে কতকগুলি অভিযোগ এসেছিল। তিনি একজন দায়িত্বশীল মন্ত্রী ছিলেন তিনি এই অভিযোগগুলির মধ্যে সারবার্তা পেয়েছিলেন বলেই ডিপার্টমেণ্টাল ইনকোয়ারী করতে বলেছিলেন। এটাই তো প্রবাবেল লজিক। এরফলে যে ডিপার্টমেণ্টাল ইনকোয়ারী হল সেই ডিপার্টমেণ্টাল ইনকোয়ারীর উপর ৫৬ পাতার রিপোর্ট বেরুল। সেটাকে আপনারা বাতিল করে দিলেন। কার অধিকারে কিভাবে বাতিল হল? কেন সেটা সাপ্রেসড্ হল? সেটা সত্য কি অসত্য তার ভেরিফাই করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করলেন? এই ব্যাপারে একটি পাওয়ার ফুল এনকোয়ারী কমিটি বসানো উচিত ছিল আপনাদের এবং সেটাই সরকারের পরিষ্কার নীতি হওয়া উচিত। আমার তৃতীয় নং কথা হচ্ছে মাননীয় মন্ত্রী প্রলয় তালুকদার মহাশয় ১১ পৃষ্ঠার বক্তৃতা করে গেলেন। অনেক কথা বলবার চেষ্টা করলেন এবং লিখিত স্টেটমেণ্ট এখানে পড়লেন। তাঁর কি এটা ডিসায়েরেবেল হয়েছিল এই যে ৫৬ পাতার ইনকোয়ারী রিপোর্ট সেই ইনকোয়ারী রিপোর্টকে সম্পূর্ণ রিফিউজ করে দিলেন। স্টেটমেণ্টটাকে গার্ট্স্ দেবার জন্য আপনারা সেটাকে সাপ্রেস করার চেষ্টা করেছেন। এটা ওপেনলি করার চেষ্টা করেন নি। সুতরাং টোটাল বক্তব্যের মধ্যে এই ব্যাপারে কোন রেখাপাত আপনারা করেন নি। আমার মনে হয় এটা করা আপনাদের উচিত ছিল। জ্যোতিবাবু তাঁর

পারসোন্যাল এক্সপ্ল্যানেশানে অভিযোগের বিরুদ্ধে যে কথাগুলি বললেন সেটা হচ্ছে এখানে তন্তুজের অনেক উন্নতি হয়েছে, লাভ অনেক বেশী হয়েছে, কৃষিক্ষেত্রে রেশম তন্তুজ চাষের অনেক উন্নতি হয়েছে। এইসব কথাগুলি বলে গেলেন। কিন্তু আমার মনে হয় এই ইস্যুটি নিয়ে বিধানসভায় আলোচিত হতে পারে। আমি বিশ্বাস করছি যে তন্তুজ অনেক বেশী বেড়েছে, অনেক লাভ হয়েছে কিন্তু আমার জিজ্ঞাস্য গ্যারান্টি দিয়ে আপনারা বলতে পারেন—লাভ হলেই কি তাতে দূর্নীতির হাত থাকতে পারেনা চুরিও হতে পারেনা, পারে। সুতরাং আমার বক্তব্য চুরিও থাকতে পারে, দূর্নীতিও থাকতে পারে। এটা কারেক্টলি আপনাদের বলা উচিত ছিল। প্রলয় তালুকদার মহাশয় কংগ্রেস আমলে ইরেগুলার এপোয়েন্টমেন্ট সম্বন্ধে বললেন। আমি জানতে চাই কার আমলে এই ইরেগুলার এপোয়েন্টমেন্ট আপনাদের না কংগ্রেসীদের? সুতরাং এই ব্যাপারে পাবলিকের মনে একটা প্রশ্ন থেকে যাচ্ছে। এটা চেঞ্জ করা উচিত। এই যে ৫৬ পাতার উপরে ১৯৭৭ সালে যে কমিশন করা হয়েছিল সেই ইনকোয়ারী কমিশনে ১৯৭৭ সাল থেকে বর্তমানে ৫/৭ বছর পর্যন্ত একটা ইনকোয়ারী করা হোক। তাহলে আমরা জানতে পারবো কার আমলে দূর্নীতি বেশী হয়েছিল। কংগ্রেস আমলে বেশী দূর্নীতি হলে সেটাও জনগণ জানবেন আর আপনাদের আমলে দূর্নীতি হলে সেটাও পাবলিক জানবেন। সুতরাং আপনাদের মটিভটাও আমরা জানতে পারবো। আপনাদের যদি সাপ্রেস করার ইচ্ছা না থাকতো তাহলে বর্তমান দৃষ্টিভঙ্গি থেকে এর বিচার করতেন কিন্তু আপনারা তা করেন নি। আপনারা টোটাল জিনিসটিই সাপ্রেস করার চেষ্টা করেছেন। ফলে মানুষের সন্দেহের অবকাশ থেকে যায়। এই কথা বলে এই প্রস্তাবটিকে সমর্থন করে আমার বক্তব্য শেস করছি।

[6-50—7-00 P.M.]

**শ্রীপান্নালাল মাঝি ঃ** মিঃ চেয়ারম্যান, স্যার এই মোশান কেন ওরা এনেছেন তা বুঝতে পারছি না। কেননা একটা মিথ্যা এবং অসত্য শুধু নয় একটা চক্রান্তমূলক। একটা মোটিভেটেড রিপোর্ট যেটা অলরেডি মন্ত্রীসভা বাতিল করে দিয়েছেন সেই রিপোর্ট আজকে আলোচনা হচ্ছে। আমি ভেবেছিলাম মোশান এনে নতুন একটা অভিযোগ রাখবেন। কিন্তু তা নয়। আমি যেটা বুঝলাম সেটা হচ্ছে সুব্রতবাবু এবং তাঁর দলের লোকেরা কয়েক লক্ষ টাকা মহাজনদের কাছ থেকে খেয়ে এই ব্যবস্থা অবলম্বন করছেন। তাঁরা বুঝেছেন যে বিধানসভায় আলোচনা করে কিছু হবেনা। কিন্তু টাকা খেয়ে তো দেখাতে হবে যে আমরা কিছু করলাম। ওরা জানেন যে এতে কিছু হবেনা। এর থেকে ভাঙতে আরম্ভ করেছেন। বড় বড় তন্তুজের দোকান ভাঙছেন যেখানে বছরে ১৬।১৮ লক্ষ টাকা বিক্রি হয়। এ বিষয়ে মুখ্যমন্ত্রী, প্রলয়বাবু বলেছেন এবং সমবায় মন্ত্রীও বলবেন। আমি হাউসের মাধ্যমে সুব্রতবাবুদের কাছে একটা অনুরোধ রাখছি যে আপনারা যত খুশী টাকা খান, কিন্তু বাংলার তাঁত শিল্পের ক্ষতি করবেন না। আপনারা আমার মাথা ভাঙুন, কিন্তু তন্তুজের দোকান ভাঙবেন না। আপনারা বলেছেন একাজ ভুল হয়েছে, কিন্তু প্রকাশ্যে সেটা বিধানসভায় ঘোষণা করুন। একথা বলে আমি শেষ করছি এবং এই মোশানের বিরোধিতা করছি।

**শ্রীনির্মল বসু :** মাননীয় সভাপতি মহাশয়, সুব্রতবাবু যে প্রস্তাব এনেছেন আমি তার বিরোধিতা করতে দাঁড়িয়েছি। এখন বিরোধীপক্ষের নেতা সাত্তার সাহেব নেই। তিনি মাননীয় মন্ত্রী প্রলয়বাবু যখন বক্তৃতা করতে উঠেছিলেন তখন তিনি বলেছিলেন এ কে, এই মন্ত্রী বলছেন কেন, নির্মলবাবু হতবাক কেন ? তাঁর কথায় আমি বিস্মিত হলাম। তিনি দীর্ঘকাল মন্ত্রী ছিলেন কংগ্রেসী আমলে। এসব তাঁর জানার কথা, কিন্তু ক্ষমতাচ্যুত হয়ে তাঁর স্মৃতিশক্তি হয়ত লোপ পেয়েছে। তিনি আমার সংগে বিধান পরিষদের সদস্যও ছিলেন। তিনি জানেন পশ্চিমবঙ্গ রাজ্য হস্তচালিত তন্তু সমবায় সমিতি হিসেবে সমবায় দপ্তরের সঙ্গে যুক্ত। হস্তচালিত তাঁতশিল্প একটা ক্ষুদ্র কুটিরশিল্প। সেই হিসেবে ক্ষুদ্র ও কুটিরশিল্প প্রশাসনের দায়িত্ব এর এক্তিয়ারের মধ্যে আছে। যেমন মৎসজীবী সমবায় সমিতি মৎস বিভাগের প্রশাসনের এক্তিয়ারের মধ্যে দুগ্ধ সমবায় সমিতি, পরিবহন সমিতিও তাই। এইরকমভাবে বিভিন্ন দপ্তর এক সঙ্গে কাজ করে। সুতরাং হস্তচালিত তাঁতশিল্প সমবায় সমিতি ক্ষুদ্র কুটিরশিল্প দপ্তরের দায়িত্বে আছে। সেই হিসেবে প্রলয়বাবু বক্তৃতা রেখেছেন। আমি সুব্রতবাবুকে ধন্যবাদ জানাই। তিনি বক্তৃতা করতে গিয়ে একটা কথা অস্বীকার করেছেন যে কথাটা তাঁরা আগে করেননি। তিনি এই অভিযোগ এনেছেন মোর সিরিয়াস দ্যান আস্তুলে। আস্তুলে কেলেঙ্কারী যে বি সিরিয়াস সে কথা তিনি এখানে দাঁড়িয়ে বলেছেন।

সিরিয়াস শব্দটা ব্যবহার করেছেন বলে আমি ইংরাজী বলছি। তাঁরা যে অভিযোগ করেছেন সেটা সিরিয়াস। আজকে সিরিয়াসনেসের প্রমাণ কি—প্রস্তাব উত্থাপন করতে গিয়ে আধ ঘণ্টা জ্বালাময়ী বক্তৃতা দিয়ে ঘর থেকে বেরিয়ে গেলেন, প্রলয়বাবুর বক্তব্য তাঁর শোনার প্রয়োজন নেই। নানা কথা বললেন, তার উত্তর শোনার তাঁর প্রয়োজন নেই। তারপর ঢুকলেন এ্যামেচারী ফ্যাশানে, কখনও বসছেন, কখনও দাঁড়াচ্ছেন, শোনবার তাঁর দরকার নেই। গাল দিতে হবে, কাদা ছুঁড়তে হবে, পশ্চিমবঙ্গের বাইরের কাগজে বিরাট করে ছাপা হবে তার দরকার তিনি করে গেলেন কিন্তু শোনার দরকার নেই। বিরোধী দলের তিনি মুখ্য সচেতক, কংগ্রেস দল থেকে অভিযোগ এনেছেন, ক'জন উপস্থিত—৪৯ জন সদস্যের মধ্যে মাত্র ৬জন। তাহলে কি আমি বুঝব আর ৪৩ জন সদস্যের সমর্থন নেই ওঁর পিছনে, নাকি আমি বুঝব সত্য বাপুলী মহাশয় আগে থেকে টের পেয়েছিলেন, আগে থেকে গন্ধ শুঁকতে পেরেছিলেন তন্তুজীবীদের নিয়ে আলোচনায় তাঁর ভাই শম্ভুবাবুর কথা যদি বেরিয়ে যায় তাই মুখ ঢেকে পালিয়ে গেছেন ? অতীশ চন্দ্র সিংহ মহাশয় তন্তুজীবীদের চেয়ারম্যান ছিলেন, কালকেও ভাষণ দিয়েছেন, পালিয়ে গেছেন যদি সেই সময়কার কথা কিছু বেরিয়ে পড়ে। এইরকম আরো অনেকে এখানে আছেন যাঁরা আগে সমবায় করেছেন, তাঁরা এখন নেই কেন ? হয় তাঁরা সুব্রতবাবুদের সমর্থন করেন না, নয়ত তাঁদের ভয় আছে সত্য বাপুলীর মত অতীশবাবুর মত। আমি শুনেছি অতীশ বাবু যখন চেয়ারম্যান ছিলেন তখন ৩০ জনের চাকরি হল তারমধ্যে ২৪ জন কাজিন লোক, এইসব কথা উঠবে তাই ভয়ে পালিয়ে গেছেন। আরো যাঁরা সদস্য আগে সমবায় করেছেন এখনও

করছেন তাঁদের সমবায়ের দুর্নীতির কথা যদি কথার পৃষ্ঠে কথা উঠে যায় তাই সবাই ভয়ে পালিয়ে গেছেন। তাই ৪৯এ মাত্র ৬ জন উপস্থিত, কোরামই হয়না। মাননীয় সভাপতি মহাশয়, এটা নতুন কথা কিছু নয়, এই বিষয় নিয়ে তদন্ত হয়েছে ৫-১২-৮০ তারিখে, সমবায় বিভাগে তদন্ত রিপোর্ট পেশ করা হয়েছে, এর উপর মাননীয় মুখ্যমন্ত্রীর রিপোর্ট ২৩-৮-৮১ তারিখে হয়েছে, প্রায় ২ বছর উপরকার ঘটনা, এখানকার দু-একটা কাগজে ২।৪ লাইন বেরিয়েছে, এটা নিয়ে এত চেঁচামেচি সোরগোল হৈ হৈ তো কখনও হয়নি। হঠাৎ হল কেন? শুরুটা কোনখান থেকে হয়েছে সেটা খুব গুরুত্বপূর্ণ। মাস দেড়েক আগে পশ্চিমবঙ্গের কোন কাগজে নয় সুদূর কেরালার কোট্টায়েম থেকে প্রকাশিত ইংরাজী কাগজ দি উইকলি, তার প্রচ্ছদপটে তন্তুজের দোকানের ছবি দিয়ে পান্নাবাবুর ছবি দিয়ে সঙ্গে আরো অনেকের ছবি দিয়ে বেরিয়েছে যে দারুন দুর্নীতি। কোট্টায়েমের এত আগ্রহ কেন, এত চীৎকার কেন, ইংরাজী কাগজ কেন? সেখানে মালোয়ালী কাগজ আছে তাতে বেরুল না ইংরাজী কাগজে বেরুল, তার কারণ কলকাতায় কয়েক বছর আগেও আমরা দেখেছি সমস্ত দক্ষিণ ভারতের দোকানে ভর্তি ছিল কলকাতা শহর, আজ একটাও দোকান নেই, সব চলে গেছে। প্রলয়বাবু যেকথা বলেছেন আমি পুনরাবৃত্তি করে বলি আমরা চাই ভারতবর্ষের সব জায়গায় তন্তুশিল্পের উন্নতি হোক। আমরা জাতীয় স্তরে সমবায় আন্দোলন করি, সুতরাং কেরালা হোক, তামিলনাড়ু হোক, অন্ধ্র হোক তাদের উপর আঘাত হোক এটা আমরা চাই না। কিন্তু পশ্চিমবঙ্গের তাঁতশিল্পের উন্নতি হলে ব্যবসা বাড়লে তারা যদি হঠে যায় তাহলে তাঁরা সেখান থেকে চীৎকার করছেন যে পশ্চিমবঙ্গের অগ্রগতিতে তাদের বড্ড লাগছে এই চক্রান্তের শিকার হয়ে সুব্রতবাবু তাঁদের পক্ষ নিয়ে আজকে এখানে এই কাজ শুরু করেছেন। বিধানসভায় বিরোধী দল দায়িত্ব পালন করেছেন রোজ সোরগোল তুলে এবং মজা হচ্ছে এখানকার কাগজে বেরুচ্ছে, নিশ্চয়ই বিধানসভায় যা হবে বেরুবে সংবাদপত্রে, তাঁরা তাঁদের দায়িত্ব পালন করছেন, আমরা তাঁদের ধন্যবাদ দিই, কিন্তু খোঁজ নিয়ে দেখুন এখানকার তন্তুজ নিয়ে আলোচনা হলে এখানকার কাগজে ১০ লাইন বেরুল কিন্তু পশ্চিমবঙ্গের বাইরে ইংরাজী কাগজে বড় বড় করে বেরিয়ে যাবে। পশ্চিমবঙ্গের তাঁতিদের ক্ষতি হোক, পশ্চিমবঙ্গের তাঁতশিল্পের ক্ষতি হোক এই যে একটা চক্রান্ত চলছে এই চক্রান্ত থেকে আজকের এই মোশান।

[7-00—7-10 P.M.]

মাননীয় সভাপতি মহাশয়, ঘটনাটা কি? ১৯৮০ সালে অভিযোগ এসেছে। তখনকার মাননীয় সমবায় মন্ত্রী, ভক্তিভূষণ মণ্ডল মহাশয়-এর কাছে অভিযোগ এসেছে। তিনি সেখানে তদন্ত করতে গিয়েছেন। সেখানে আমাদের বামপন্থীরা রয়েছেন বলে তিনি বসে থাকেননি, তদন্ত হয়েছে এবং রিপোর্ট এসেছে। রিপোর্ট গুরুতর। মন্ত্রী হিসাবে ভক্তিবাবু তার ভিত্তিতে যথাযথভাবে তার দায়িত্ব পালন করেছেন। তিনি মন্ত্রীসভার যিনি প্রধান, মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টিতে এটা এনেছেন। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে পাঠানো হয়েছিল। মুখ্যমন্ত্রী তাতে কি

বলেছিলেন ? কয়েকদিন আগে বিধানসভায় এই সম্পর্কে তার যে নোট তাতে তিনি পরিষ্কারভাবে বলেছেন, তিনি পুংখানুপুংখভাবে বিষয়টি বিবেচনা করে দেখেছেন এবং বিবেচনা করে তিনি তার সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং সেই সিদ্ধান্তের কথা তিনি পরিষ্কারভাবে বলেছেন। তিনি বলেছেন যে রিপোর্টের যে সিদ্ধান্ত তার সঙ্গে বাস্তব সত্যের কোন মিল নেই। তিনি বলেছেন যে সমবায় বিভাগে যাদের মনোনয়ন করা হয়েছে তাদের মর্যাদা এবং কাজ অর্থাৎ ষ্ট্যাটাস এ্যাণ্ড ফাংসান সম্পর্কে যে প্রশ্ন উঠেছে এতে আদালতের মতামত নেওয়া যেতে পারে। তিনি বলেছেন যে লোক নিয়োগের ব্যাপারে কোন ত্রুটি হয়নি এবং বাড়ী ভাড়া, ব্যবসা বৃদ্ধির ব্যাপারে কোন ত্রুটি হয়নি এবং জনতা ধুতি এবং শাড়ী সম্পর্কে যেসব অভিযোগ এসেছে সে সম্পর্কে ভুলত্রুটি থাকতে পারে, তবে তা সংশোধনের চেষ্টা করতে হবে। তিনি সমস্ত জিনিষটা খুঁটিনাটি দেখে যাকে বলে অবজেক্টিভ রিপোর্ট দিয়েছেন। তিনি তো সাফাই গাননি। তিনি সমস্ত জিনিসটা পরিষ্কারভাবে বলেছেন এবং ২৩শে আগষ্ট ১৯৮১ তারিখে মাননীয় সমবায় মন্ত্রী ভক্তিভূষণ মণ্ডলের কাছে জানিয়ে দিয়েছেন এবং সেখানে তিনি তার সিদ্ধান্তের কথা বলেছেন যে **No action therefore need be taken on the report.** কাজেই ভক্তিবাবু কোন এ্যাকশান নেওয়ার প্রয়োজনীয়তা বোধ করেন নি। এইভাবে জিনিসটা দাড়িয়েছে—**The matter stood close at the point.** মাননীয় সভাপতি মহাশয়, এখানে অনেক চিৎকার এবং চেঁচামেচি করা হয়েছে এবং আমি বিস্মিত হলাম যে এখান থেকে সুব্রতবাবু একটা মোশান পড়লেন। তাতে কি আছে ? তাতে বলেছেন,

**This Assembly resolves that a Commission be appointed under the Commission of Inquiry Act, 1952 to enquire into and report on the affairs of the West Bengal State Handloom Weavers' Cooperative Society Limited relating to the period from December, 1977 till date.**

এখানে রিপোর্টের কোন কথাই নেই। অথচ এই সময়কার ব্যাপার নিয়ে বললেন। আলোচনা করলে বেরুবো এই সময়ের মধ্যে কি পরিমাণ ব্যবসা বেড়েছে, লক্ষ লক্ষ তাঁতী কিভাবে উপকৃত হয়েছে এবং কিভাবে তারা লাভবান হয়েছে, তাদের লাভ বেড়েছে। সেদিকে তাদের নজর নেই। তারা কাদা ছিটাচ্ছেন। আমি পরিষ্কারভাবে বলতে চাই যে এই কাজে তারা সফল হবেন না। এটা শুধু তাঁতশিল্পের গায়ে আঘাত নয়, তাঁত শিল্পীদের আঘাত নয়, তাঁতশিল্পের সমবায় সমিতির যে চেয়ারম্যান, পান্নালাল মাঝি, তিনি শুধু সেই কমিটির চেয়ারম্যানই নন, তিনি পশ্চিমবাংলার তথা ভারতের সমবায় আন্দোলনের একজন বিশিষ্ট নেতা, তার কোন ক্ষতি করতে পারবেন না। সমবায়ের যে ভাবমূর্তি তাকে নষ্ট করার যে চক্রান্ত করেছেন, তাতে আপনারা সফল হতে পারবেন না। দীর্ঘকাল ধরে সমবায় নষ্ট হয়ে গিয়েছিল, সেজন্য আমরা অন্য রাজ্যের পাশে দাঁড়াতে পারছিলাম না। আমরা একটু একটু করে ধীরে ধীরে অগ্রসর হওয়ার চেষ্টা করছি। যেখানে একটু অগ্রগতি হচ্ছে সেখানে কাদা নিক্ষেপ করার চেষ্টা করছেন, এই জিনিস চলতে পারে

না। আমি শেষ কথা বলি, আজকে তারা কি চান? সত্যি একটা অন্যায় হয়েছে বলে তদন্ত— কিন্তু তা তো নয়। তাদের প্রকৃত উদ্দেশ্য প্রমাণিত হয়ে গেছে, প্রকাশিত হয়ে গেছে। শুধু পান্নাবাবুর বিরুদ্ধে অভিযোগ নয়। তারা প্রকাশ্য দিবালোকে তন্তুজের দোকান ভাঙ্গছেন, তন্তুজের ব্যবসা নষ্ট করার জন্য চেষ্টা করছেন। ভুলে যাবেন না যে এখানে শুধু হাজার হাজার পশ্চিমবাংলার দরিদ্র তাঁতীর ভাত আটকাচ্ছেন না, ওদের আমলে যারা চাকুরী পেয়েছেন, তাদের ভাতেও টান দিচ্ছেন। কাজেই এই সব জিনিস তারা করছেন, এই জিনিস চলতে পারে না।

এইরকম তাঁরা নির্দয় মানুষ হয়েছেন। এই জিনিস চলবে না। আজকে এইকথা বলা হয়েছে, জবাবী ভাষণে সুব্রতবাবু প্রতিশ্রুতি দিন যে তারা তন্তুজের গায়ে হাত দেবেন না, এইকথা যদি তারা না দিতে পারেন, তাহলে তাদের যে অসৎ উদ্দেশ্য আছে সেটা প্রকাশ হয়ে যাবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুব্রত মুখার্জী:** চেয়ারম্যান মহাশয়, I have already mentioned thc charges in detail and all in vain—no answer at all. ভক্তিবাবুর নীরবতা আপনিও লক্ষ্য করেছেন এবং যে সমস্ত প্রশ্ন আমি এখানে রাখলাম রিপোর্টের উপর ভিত্তি করে, তার যদি সত্যিকারের লিখিত এবং মৌখিক জবাব কোন পক্ষ থেকে পেতাম তাহলে আমি খানিকটা খুশী হতাম। পরন্তু কখনও জয়ন্তবাবু জাতপাতের প্রশ্ন তুলে দিলেন, কখনও বা একজন রেসপন্সিবল মিনিষ্টার বললেন যে আমরা একটা ব্যবসা বন্ধ করবার জন্য দক্ষিণের লোকেদের কাছ থেকে টাকা পয়সা নিয়ে, এইরকমভাবে কলকাতার ব্যবসাকে বন্ধ করতে চাই। আমি বলি, এইসব কথা অমূলক, অবান্তর। আমি যে স্পেসিফিক চার্জগুলো দিয়েছি, যে চার্জগুলোর লিখিত কপি আপনার কাছেও দিয়েছি এবং পান্নাবাবুকেও দিয়েছি, যে চার্জগুলো আমার নিজস্ব নয়, কংগ্রেসের নয়, কোন দলের নয়, সম্পূর্ণ সরকারী সেইসব চার্জগুলোর একটা জবাবও আমরা পাইনি। প্রলয়বাবু এখানে অনেক কথা বললেন, আমি শুধু তাঁকে একটা লাইন বলছি, 'প্রলয়বাবু অন্ধ হলেও প্রলয় বন্ধ থাকে না। আপনারা অন্ধ হয়েছেন, দেওয়ালের লেখা পড়তে চাইছেন না। এতে কিন্তু প্রলয় বন্ধ থাকবে না। উট পাখীর গল্প তো জানেন? যখন মরুভূমিতে ঝড় ওঠে উট পাখী তখন ভয়ে মুখটা বালিতে গুঁজে দেয় এবং ভাববার চেষ্টা করে যে ঝড় হচ্ছে না। কিন্তু ঝড় হয় এবং উট পাখীর মৃত্যু হয়। তাই আমি বলছি, অন্ধ হলেও প্রলয় বন্ধ থাকে না। তেমনি আজকের চুরি, দুর্নীতি, স্বজনপোষণ, ইররেগুলারিটিজ, যতই বক্তৃতা দিয়ে চাপবার চেষ্টা করুন, কবে কোথায় কংগ্রেস করেছিল তারজন্য সেটাই হবে বড় যুক্তি, আপনারা সেই যুক্তি বড় করে দেখাচ্ছেন। একটা কথা বলি, আমাদের তো হিম্মত আছে, ওঁরা জানেন, আমরা যখন সরকারে ছিলাম, আমাদের বিরুদ্ধে ওয়াংচু কমিশন হয়েছিল। স্যার, শুধু তাই নয়, এই সরকার এখন পর্যন্ত প্রায় সাতটা কমিশন চালু করেছেন। গত ৬ বছর ধরে সেই কমিশন চালু করা আছে। সত্য বাপুলি থেকে আরম্ভ করে আমাদের সেই জুডিশিয়াল কমিশনে দাঁড় করিয়ে দিন, বিচার হোক, যদি

দোষী হই, মানুষের সামনে শাস্তি পেতে বাধ্য। এই ন্যূনতম উদারতা নিয়ে ৬টি কমিশন যে চালু আছে, তা ৭টা হয়ে যাক। যদি সত্য প্রমাণিত হয়ে যায়, আমরা মেনে নেব। আমরা মিথ্যা প্রমাণিত হলে আমাদের বক্তব্য রাখার দরকার থাকবে না। কিন্তু সত্যকে চাপা দেবার অপচেষ্টাকে শুধু নিন্দা নয়, ঘৃণা করছি। সেইজন্য আমি বলছি—

Under section 82, sub-clause 1 of the West Bengal Cooperative Socities Act, 1973, an inspection was taken up by Mr. N. R. Bhattacharya, Jt. Registrar of Co-operative Societies, West Bengal and was completed within 25-8-80 pursuant to an order issued by the Registrar of the Co-operative Societies with prior approval of the Minister-in-charge. No copy of this inspection has been forwarded to the West Bengal State Co-operative Bank as financing bank in spite of the requests made to the Registrar of the Co-operative Societies and the societies concerned in violation of statutory provision under section 82, sub-clause 3 of the said Act which can be considered as a gross irregularity for which the Registrar of Co-operative Societies and the then and present Co-operation Minister cannot shirk the responsibility. Nowhere in the Societies Act and rules there is any provision of sending of any inspection report to the Chief Minister of the State. A copy of the said report should have been sent to the societies concerned for the compliance and rectification as also for the consideration of the Board of Directors and the general body of the society. Instead in violation of the provisions of the Act and the rules the report had been sent to the Chief Minister who took an unusual interest in dealing with the report exonerating the Chairman of the Society and officers of the State Govt. who have been blamed for irregularities in financial and other vital matters in total disregard of the financial rules and moral values of life.

[7-10—7-14 P.M.]

Inspite of the bold assertion of the Hob'ble Chief Minister on the floor of the House that the Society is in a sound financfal position it is a fact that the Society has failed so far to repay the dues under R. B. I. limit to the tune of Rs. 1.39 crores on 10-3-1983. It is apprehended that due to this default by the 'Tantuja' State Govt. guarantee might be invoked by the

Reserve Bank of India. Besides this there is a heavy stock of cloths purchased in a reckless manner which have to be sold at a much reduced price than its purchasing price. There is a serious allegation in the report about the transaction of "Janata Cloths" on which a considerable amount of subsidy is given to help the weavers at the base level. This is a serious allegation which demands a thorough enquiry by the Government of India, preferably by C. B. I. On the face of such a situation I demand that as there is enough materials an enquiry commission under commission of Inquiry Act be ordered against Pannalal Majhi and other concerned officers without further delay. Shri Majhi and the officers named in report shall be removed from their respective positions to facilitate an impartial enquiry. With these words, I beg to move the motions for consideration of the House. Other points on appointment, purchase policy etc. may be taken up as deemed proper but legal points and serious defects cannot be excused by law. The Chief Minister dealt with only a few points raised by the inspecting Officers but not all the serious points raised. They have only avoided and bypassed the charges of corruption made in their own report they have no reply. Charges stand admitted. I have made my point, I need not add anything further. So my motion stands.

**Shri Patit Paban Pathak .** স্যার, ২৯০ ধারা অনুযায়ী আমি আর একটু সময় চেয়ে নিচ্ছি।

The motion of **Shri Subrata Mukherjee** that—

"This Assembly resolves that a Commission be appointed under the Commission of Inquiry Act, 1952 to enquire into and report on the affairs of the West Bengal State Handloom Weavers' Co-operative Society Limited, relating the period from December, 1977 till date, was then put and lost.

## Adjournment

The House was then adjourned at 7.14 p.m. till 3 p.m. on Monday, the 14th March, 1983, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 14th March, 1983 at 3 p. m.

**Present**

Mr. Speaker ( SHRI HASHIM ABDUL HALIM ) in the Chair, 17 Ministers, 18 Ministers of State and 180 Members.

GOVERNMENT BUSINESS

FINANCIAL

[3-00 -3-10 P.M.]

**Presentation of Annual Financial Statement of the Government of West Bengal for the year 1983-84.**

**Mr. Speaker :** The Chief Minister and the Finance Minister will now present the Annual Financial Statement of the Government of West Bengal for the year 1983-84.

**শ্রীজ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়,
আমি ১৯৮৩-৮৪ সালের বাজেট পেশ করছি।

**এক**

২। আজকে যে 'অর্থনৈতিক পর্যালোচনা' প্রচার করা হল, তাতে এ রাজ্যের অর্থনীতির বিভিন্ন ক্ষেত্রে কাজকর্মের বিশদ বিবরণ দেওয়া হয়েছে। আমি আমার আজকের বিবৃতিতে তার কয়েকটির উল্লেখ করব।

৩। ভারত সরকারে 'অর্থনৈতিক সমীক্ষা' অনুযায়ী, ১৯৮২-৮৩ সালটি ভারতীয় অর্থনীতির পক্ষে অতি কঠিন সময়। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এবছর অনাবৃষ্টি, শিল্পে মন্দা এবং তার ফলে রাজস্ব আদায়ে সম্পদ বৃদ্ধি না হওয়ার দরুন খুবই দুর্ভাগ্যজনক বছর।

৪। এ বছর আমাদের সম্পদ বিশেষ রূপে সীমিত। তৎসত্ত্বেও আমরা ব্যাপক ত্রাণকার্য শুরু করেছি। একাজে আমরা এ রাজ্যের লক্ষ লক্ষ কৃষক ও অন্যান্য শ্রেণীর মানুষের আন্তরিক সাহায্য পেয়েছি। দারুন দুর্বিপাকের মধ্যেও তাঁরা সহযোগিতার মনোভাব এবং প্রশংসনীয় কষ্ট-সহিষ্ণুতার পরিচয় দিয়াছেন। এজন্য তাঁরা অবশ্যই বিশেষ ধন্যবাদের পাত্র। মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে মুক্ত হস্তে দান করার জন্যও এরাজ্যের জনগণকে আমি ধন্যবাদ জানাচ্ছি। খরাত্রাণে তাঁদের এ অর্থ-সাহায্যের পরিমাণ ইতিমধ্যে এক কোটি ছাড়িয়ে গেছে এবং খরাক্রান্ত এলাকাতে এ টাকা ব্যয় করা হবে।

## দুই

৫। বৃষ্টিপাতের পরিমাণ ইত্যাদি পরিসংখ্যান আলোচনা করে আমি আর আপনার সময় নষ্ট করতে চাই না। 'অর্থ নৈতিক পর্যালোচনা'য় এসব দেওয়া হয়েছে। এই নজিরবিহীন খরা আমরা কিভাবে মোকাবিলা করার চেষ্টা করেছি সেটাই শুধু আমি বলব।

৬। এরাজ্যে মোট একচল্লিশ লক্ষ হেক্টেয়ার জমিতে আমন চাষ হয় এবং তা থেকে পঞ্চাশ লক্ষাধিক মেট্রিক টন চাল উৎপন্ন হয়। প্রারম্ভিক হিসাবে বলা হয়েছিল যে, এ বছর পঞ্চাশ শতাংশেরও বেশি আমন ধানের ক্ষতি হয়েছে। উপরোক্ত এলাকায় এক-পঞ্চমাংশে ধান আদৌ বপনই করা যায়নি আর এক-তৃতীয়াংশ জমিতে নতুন করে বীজ বপন করতে হয়েছে, ফলে উৎপাদন কমে গেছে। সর্বোপরি, পর পর কয়েক বছর ফসল খারাপ হওয়ায় এ রাজ্যের গ্রামীণ অর্থনীতির উপর ইতিমধ্যেই দারুন আঘাত পড়েছিল।

৭। আমরা খুব সুসংহত দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছিলাম। উপরোক্ত এলাকায় পাঁচ শতাংশে বিভিন্ন ধরনের শস্য চাষ আবার শুরু করার উদ্দেশ্যে চারা, বীজ এবং বীজ কেনার জন্য ঋণ দেওয়া হয়েছে। কার্যত, আট লক্ষ প্রান্তিক চাষীকে মিনি-কিট দেওয়া হয়েছে—এটা নজিরবিহীন। কম অশ্বশক্তির পাম্প-সেট কিনে জেলা পরিষদগুলিকে দেওয়া হয়েছে। ক্ষুদ্র সেচ অধিকার বিভিন্ন নদীর ধারে অনেকগুলি উচ্চ অশ্বশক্তির পাম্প-সেট বসিয়েছেন। কৃষকরা যাতে যতদূর সম্ভব বেশি সার ব্যবহার করেন, সেজন্য কৃষিজীবী, সমবায় ব্যাঙ্ক, বিপণন ও অন্যান্য সংস্থাকে পনের কোটি টাকা ঋণ দেওয়া হয়েছে। সুষ্ঠু জল-বণ্টন নীতি যথাযথ মেনে চলা সম্পর্কে প্রচারকার্য জোরদার করা হয়েছে। এসব ক্ষেত্রে সাফল্য যে কতদূর হয়েছে একটিমাত্র দৃষ্টান্ত দিলেই তা বোঝা যাবে। ১৯৮২-৮৩ সালের খারিফ মরশুমে সার ব্যবহারের পরিমাণ আগের বছরের তুলনায় বেড়ে গিয়েছিল —১৯৮১-৮২ সালের খারিফ মরশুমে যেখানে এক লক্ষ সাত হাজার মেট্রিক টন সার ব্যবহৃত হয়েছিল, ১৯৯২-৮৩ সালে সেখানে ঐ সময়ে ব্যবহৃত সারের পরিমাণ এক লক্ষ বিশ হাজার মেট্রিক টন। সর্বশেষ যে আভাস পাওয়া গেছে তা থেকে দেখা যাচ্ছে যে, আমন ধানের উৎপাদন পঁয়ত্রিশ লক্ষ মেট্রিক টন হবে। সুতরাং সকলের সমবেত প্রচেষ্টায় এই দারুণ দুর্বিপাক কিছুটা

লাঘব করা গেছে। অনুরূপভাবেই, ত্রাণ ও অন্যান্য পূর্ত বিষয়ক কর্মসূচি এমনভাবে তৈরি করা হল যে কৃষি-মজুরি হার নেমে যেতে পারল না, বরং কতকগুলি জেলায় কার্যত বেড়ে গেল।

৮। একই সঙ্গে রবি শস্যের ব্যাপারে আমরা আগে থেকেই ব্যবস্থা নিয়েছি। নদী থেকে জল উত্তোলনের জন্য ছ'শ পাম্প বসান হয়েছে। দশ একরের কম জমির মালিক কৃষকরা যাতে অগভীর নলকূপ বসাতে পারেন সেজন্য, তাঁদের সাহায্য করার উদ্দেশ্যে, একটি পঁচিশ শতাংশ মূলধন ভরতুকি পরিকল্প পরীক্ষামূলকভাবে প্রবর্তন করা হয়েছে। কুয়ো খোঁড়ার জন্য এবং পুকুর কাটা ও সংস্কারের জন্য খরাত্রাণ পরিকল্প বলে এগার কোটিরও বেশি টাকা মঞ্জুর করা হয়েছে। এর ফলে ষোল লক্ষ পঞ্চাশ হাজার হেক্টেয়ার জমিতে রবি চাষ শুরু করা হয়েছে। সাধারণতঃ বিশ লক্ষ হেক্টেয়ার জমিতে রবি চাষ করা হত। আগামী বছরে যাতে বীজ ধানের কোন ঘাটতি না পড়ে সেজন্য, বিলি করার উদ্দেশ্যে, আমরা চার কোটি টাকার বীজও কিনেছি।

৯। নিরবচ্ছিন্ন খরায় খাদ্য পরিস্থিতি স্বভাবতই খারাপ হয়েছে। এ বছর সরকারী বণ্টন ব্যবস্থার জন্য প্রতি মাসে চার লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য প্রয়োজন হবে। দুর্ভাগ্যবশত, ভারত সরকারের কাছ থেকে এ বাবদ মাসিক বরাদ্দ মাত্র দু'লক্ষ পঞ্চাশ হাজার মেট্রিক টন। তদুপরি, এই সীমিত সরবরাহটুকুও ভারতের খাদ্য কর্পোরেশনে এবং রেল কর্তৃপক্ষ তৎপরতার সঙ্গে পাঠানোর ব্যবস্থা করতে পারছেন না। ভারত সরকারের বরাদ্দজনিত ঘাটতি পূরণের চাহিদা অনুযায়ী আমরা তিন লক্ষ মেট্রিক টন চাল কিনতে চেয়েছিলাম। কিন্তু সেক্ষেত্রে কেন্দ্রীয় সরকার আমাদের পাঞ্জাব থেকে কেবল পনের হাজার মেট্রিক টন কেনার অনুমতি দিয়েছেন। এইসব মারাত্মক অসুবিধা সত্ত্বেও আমাদের খাদ্যশস্যের সরকারি বণ্টন বাড়িয়েছি—১৯৮১ সালে বিশ লক্ষ মেট্রিক টন থেকে ১৯৮২ সালে আটশ লক্ষ মেট্রিক টন। ব্যক্তিগত রেশন কার্ড দেওয়ার মধ্য দিয়ে ভুয়ো রেশন কার্ড বাতিল করার কর্মসূচিও চালু করা হয়েছে। আমার যথাসাধ্য চেষ্টা করছি। কিন্তু এ রাজ্যের কেন্দ্রীয় খাদ্যশস্যের বরাদ্দ যথেষ্ট পরিমাণে না বাড়লে আগামী শুখা মাসগুলি কাটিয়ে ওঠা কঠিন হবে।

১০। খরাত্রাণে ব্যয় বাবদ কিছু পরিসংখ্যান এবার দেওয়া যাক। আমাদের প্রথম স্মারক-লিপিতে আমরা চুয়াত্তর কোটি আঠার লক্ষ টাকা কেন্দ্রীয় সাহায্যের জন্য অনুরোধ জানিয়েছিলাম। পরবর্তী এক স্মারকলিপিতে আমরা দু'শ পাঁচ কোটি উনচল্লিশ লক্ষ টাকা চেয়েছিলাম। খরাত্রাণে ব্যয় বাবদ কেন্দ্রীয় সরকার দুই কিস্তিতে সাতাত্তর কোটি সাতাশ লক্ষ টাকা অনুমোদন করেছিলেন ; এই অর্থের মধ্যে যোজনার বিভিন্ন খাতে বরাদ্দের পরিমাণ ছেষট্টি কোটি উনিশ লক্ষ টাকা। প্রধান প্রধান খাতে বরাদ্দ নিম্নরূপ : কর্মসংস্থান সৃষ্টি—ছেচল্লিশ কোটি বাহান্ন লক্ষ টাকা, পানীয় জল সরবরাহ—আট কোটি টাকা, খয়রাতি সাহায্য—আট কোটি তেষট্টি লক্ষ টাকা, পুষ্টি—চার কোটি পঁয়ত্রিশ লক্ষ টাকা এবং কৃষিজীবীদের উপকরণ সহায়তা—পাঁচ কোটি সাতাশ লক্ষ টাকা। কতকগুলি ক্ষেত্রে, বিশেষ করে খয়রাতি সাহায্যের ক্ষেত্রে, আমরা ভারত সরকার নির্ধারিত

উর্ধ্বসীমার চেয়ে অনেক বেশি টাকা খরচ করতে বাধ্য হয়েছি। কেবল কর্মসংস্থান পরিকল্পগুলির মাধ্যমে সৃষ্ট মোট শ্রমদিন ছ' কোটি ছাড়িয়ে যাবে। কর্মসংস্থান সৃষ্টি বিষয়ক কাজগুলির জন্য প্রদত্ত টাকা থেকে প্রায় আঠার কোটি টাকা পঞ্চায়েতগুলিতে দেওয়া হয়েছে ত্রাণকার্য পরিকল্প চালু করার জন্য। বৃহৎ এবং ক্ষুদ্র সেচ পরিকল্পগুলির জন্য বরাদ্দ করা হয়েছে বিশ কোটিরও বেশি টাকা, মৃত্তিকা সংরক্ষণ, বন ও মৎস্য বাবদ বরাদ্দের পরিমাণ প্রায় তিন কোটি টাকা। কৃষি পণ্যের বাজার সংযোগ সড়ক সহ বিভিন্ন রাস্তার জন্য দেওয়া হয়েছে চার কোটি টাকা। এভাবে আমরা গ্রামাঞ্চলে সম্পদ সৃষ্টির চেষ্টা করছি—পশ্চিমবঙ্গের কৃষি এর দ্বারা ভবিষ্যতে লাভবান হবে।

১১। খরা পরিস্থিতির পর্যালোচনা শেষ করার আগে আরও কয়েকটি কথা বলতে চাই; এ ব্যাপারে ত্রাণকার্য চালানোর জন্য বিভিন্ন স্তরে গঠিত কমিটিগুলির কাজকর্ম উল্লেখযোগ্য। স্থানীয় জনসাধারণের সঙ্গে বিশদ আলাপ-আলোচনার ভিত্তিতে পঞ্চায়েতগুলি যেমন সুন্দরভাবে সেচের জল এবং খাদ্যশস্য বণ্টনের ব্যবস্থা করেছে সেকথাও উল্লেখ করতে হবে। আগামী মে মাসে পঞ্চায়েত নির্বাচন হবে এবং বর্তমান পঞ্চায়েত সদস্যদের কার্যকাল শেষ হবে। গত পাঁচ বছরে তাঁদের কাজকর্মের সাফল্য বাস্তবিকই সন্তোষজনক। মাননীয় সদস্যদের আমি অনুরোধ জানাচ্ছি—আসুন, আমরা সকলেই তাঁদের এজন্য অভিনন্দন জানাই।

১২। আমরা এখন আসন্ন বর্ষার দিকে তাকিয়ে আছি। আমরা আশা করি, বিগত দু'বছরের অসুবিধা কেটে যাবে এবং পশ্চিমবঙ্গের কৃষক সাধারণ ও জনগণ আগামী বছরটি ভালভাবেই কাটবে বলে আশা করতে পারেন।

## তিন

১৩। ১৯৮৩-৮৪ সালের পশ্চিমবঙ্গের বার্ষিক যোজনা পাঁচশ তেতাল্লিশ কোটি টাকা নির্ধারিত হয়েছে। এটি চলতি বছরের স্বাভাবিক যোজনা ব্যয়বরাদ্দের চেয়ে দশ শতাংশ বেশি। এ দিয়ে আমাদের ন্যূনতম প্রয়োজনও মিটবে না। অবশ্য, এছাড়া, আটত্রিশ কোটি চৌষট্টি লক্ষ টাকার একটি সম্পূরক যোজনা আমরা হাতে নেব। কৃষি, ক্ষুদ্র সেচ, সমবায়, মৎস্য, বন, শিক্ষা, কুটির ও ক্ষুদ্র শিল্প, বাণিজ্য ও শিল্প, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, পৌর উন্নয়ন, আবাসন, এবং তফসিলী ও আদিবাসী কল্যাণ বিভাগগুলির যোজনা বরাদ্দ বাড়ানো হয়েছে।

১৪। ত্রাণ কাজ চালু রাখার জন্য আমরা আরো পঁচানব্বই কোটি আটান্ন লক্ষ টাকার ত্রাণ সাহায্য চেয়েছি। ভারত সরকারের অনুমোদন পেলেই, বিশেষ করে সেচ ও কৃষির ক্ষেত্রে, যোজনা বরাদ্দ আমরা আরো বাড়াতে পারব আশা করি।

১৫। শিল্প, বিদ্যুৎ ও শহরাঞ্চলের পরিবহণের জন্য আমরা প্রতিষ্ঠানিক অর্থ-সাহায্য সংগ্রহ করতে ইচ্ছুক এবং ১৯৮৩-৮৪ সালের জন্য মোট যোজনা ব্যয়বরাদ্দ বাড়াতে পারব বলেও আমরা নিশ্চিত।

১৬। মাননীয় সদস্যগণ শুনে খুশি হবেন যে, ১৯৮২-৮৩ সালে রাজ্য যোজনার মোট ব্যয়বরাদ্দ পাঁচশ ষাট কোটি টাকারও বেশী হবার আশা আছে—এর মধ্যে খরাত্রাণের কাজের জন্য যোজনা পরিকল্প বাবদ অতিরিক্ত ব্যয়ও ধরা হয়েছে। সম্পূরক যোজনা খাতে ব্যয়বরাদ্দ হবে প্রায় সাতচল্লিশ কোটি টাকা।

## চার

১৭। কয়েকটি ক্ষেত্রে আমাদের অর্জিত সাফল্যের সংক্ষিপ্ত বিবরণ এবার আমি দিতে চাই।

১৮। ১৯৮৩-৮৪ সালের শিক্ষা বাজেট হবে চারশ আঠার কোটি টাকা, ১৯৮২-৮৩ সালের সংশোধিত হিসাব মত এটা ছিল তিনশ পঁচাশি কোটি টাকা। ১৯৮২-৮৩ সালের শেষে প্রায় বাহাত্তর লক্ষ শিশু অর্থাৎ ছয় থেকে দশ বছর বয়সী শিশুদের তিরানব্বই শতাংশ, প্রাথমিক বিদ্যালয়ে পড়াশোনা করবে। ১৯৭৯-৮০ সালে ঐ সংখ্যা ছিল যথাক্রমে চৌষট্টি লক্ষ ও পঁচাশি শতাংশ। এছাড়া যেসব শিশুকে এখনও পর্যন্ত প্রথানুগ শিক্ষা-ব্যবস্থার আওতায় আনা যায়নি, তাদের আংশিক সময়ের জন্য প্রথামুক্ত শিক্ষাপরিকল্পের আওতাভুক্ত করা হয়েছে। এই ধরনের শিশুর সংখ্যা যথেষ্ট বেড়েছে। ১৯৮২-৮৩ সালে এক লক্ষ ষাট হাজার শিশুকে এই ব্যবস্থার আওতায় আনা হয়েছে। ১৯৭৯-৮০ সালে ঐ সংখ্যা ছিল ছেচল্লিশ হাজার। পুষ্টি কর্মসূচি আরো সম্প্রসারিত হয়েছে এবং তার ফলে প্রাথমিক বিদ্যালয়ের ছাব্বিশ লক্ষাধিক শিশুকে এর আওতায় আনা হয়েছে। বয়স্ক শিক্ষার ক্ষেত্রেও আমাদের উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে—১৯৭৯-৮০ সালের পঁচাশি হাজারের জায়গায় চার লক্ষ লোক এর আওতায় এসেছেন।

১৯। তফসিলী ও আদিবাসী শিশুদের ক্ষেত্রে যে বিশেষ নজর দেওয়া হয়েছে সেকথা আমি উল্লেখ করছি। বছরটিতে আদিবাসী শিশুদের জন্য একশ ছেচল্লিশ প্রাথমিক বিদ্যালয় খোলা হয়েছে—এর ফলে গত চার বছরে এ ধরনের বিদ্যালয় প্রতিষ্ঠার মোট সংখ্যা দাঁড়িয়েছে চারশ পঁচাশি। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের তিন লক্ষ আশি হাজার ছাত্র-ছাত্রী বিভিন্ন বৃত্তিদান পরিকল্পের সুবিধাদি পাবে।

২০। এ বছরে দু'শটি জুনিয়র হাইস্কুল ও উনিশটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে। এছাড়া, নয় থেকে চৌদ্দ বছর বয়সী "বিদ্যালয় পরিত্যাগকারী" ছাত্র-ছাত্রীদের জন্য দু' হাজারটি প্রথামুক্ত শিক্ষাকেন্দ্র স্থাপনের পরিকল্প হাতে নেওয়া হচ্ছে। শিবপুর বেঙ্গল এঞ্জিনিয়ারিং কলেজে কম্পিউটার বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যার একটি নতুন চার বছরের ডিগ্রী কোর্স চালু করা হয়েছে। হলদিয়ায় প্রায় এক কোটি টাকা ব্যয়ে একটি সরকারি কলেজ স্থাপনের অনুমোদনও এই বছরে দেওয়া হয়েছে। নারীশিক্ষা এবং তফসিলী ও আদিবাসী অধ্যুষিত এলাকায় শিক্ষা বিস্তারের উপরই কলেজীয় শিক্ষার মূল ঝোঁক অব্যাহত রয়েছে। যেসব তফসিলী ও আদিবাসী

ছাত্র ডাক্তারি ও এঞ্জিনিয়ারিং পড়তে চায়, সরকার তাঁদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করার সিদ্ধান্ত নিয়েছেন।

২১। বিশ্ব ব্যাঙ্ক জানিয়েছেন যে শহরাঞ্চলের ক্ষেত্রে দ্বিতীয় কলকাতা নগরোন্নয়ন প্রকল্পের সন্তোষজনক সমাপ্তির পর কলকাতা মহানগর উন্নয়ন জেলার জন্য তাঁরা তিনশ বত্রিশ কোটি টাকার একটি নগরোন্নয়ন প্রকল্পের ব্যাপারে সাহায্য দেবেন। এই তৃতীয় প্রকল্পের দ্বারা যে ষাট লক্ষ লোকের উপকৃত হবার আশা আছে তার মধ্যে ষাট শতাংশেরও বেশি থাকবেন সমাজের আর্থিক দিক দিয়ে দুর্বলতর শ্রেণীর মানুষ। এই প্রকল্পের আওতায় থাকবে কলকাতা ও হাওড়া ছাড়াও কলকতা মহানগর জেলার সাঁইত্রিশটি পৌরসভা এবং একশ পঁয়ষট্টিটি অ-পৌর শহর এলাকা। স্বনিয়োগে উৎসাহ দানের জন্য ক্ষুদ্রায়তন শিল্পোদ্যোগ কর্মসূচীও গৃহীত হয়েছে। প্রকল্পটির জন্য ঋণ চুক্তি ১৯৮৩ সালের জুন মাসের আগেই সম্পন্ন হবার সম্ভাবনা রয়েছে।

২২। মাননীয় সদস্যগণ শুনে খুশি হবেন যে, আগামী বছরে পৌর উন্নয়নের জন্য অর্থ-সংস্থান পাঁচ কোটি টাকা থেকে বাড়িয়ে এগার কোটি পঞ্চাশ লক্ষ টাকা করা হয়েছে। প্রকৃতপক্ষে, ১৯৮১-৮২ সালে স্থানীয় সংস্থাগুলির জন্য মোট বরাদ্দ যেক্ষেত্রে ছিল সাতচল্লিশ কোটি টাকা, এবছর তা আরো সতের কোটি টাকা বেড়েছে এবং আগামী বছরে সেটাই আরো চৌদ্দ কোটি টাকা বেড়ে যাবে।

২৩। কলকাতা নগর পরিবহণ প্রকল্পটির রূপায়ণও সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে। দু'শ তেরটি একতলা এবং একশ একুশটি দোতলা নতুন বাস এ পর্যন্ত রাস্তায় নামানো হয়েছে। আরো ছাব্বিশটি একতলা এবং একশ সত্তরটি দোতলা বাস শীঘ্রই পাওয়ার সম্ভাবনা আছে। কলকাতা ট্রাম কোম্পানী আরো পঁচাত্তরটি নতুন ট্রাম সংগ্রহ করেছেন। ১৯৮৩-৮৪ সালে ষাটটি পুরনো ট্রাম পুনর্নিমাণ করা হবে। চলতি অর্থ বছরের শেষে এই প্রকল্প বাবদ একচল্লিশ কোটি টাকা খরচ হবার কথা। ১৯৮৩-৮৪ সালে প্রকল্প বাবদ সংস্থান হল পঁয়ত্রিশ কোটি টাকা। আমার বিশ্বাস, এই সমস্ত বিনিয়োগের এবং বেসরকারি ক্ষেত্রকে সরকারের সাহায্যের দরুন, সুফল অচিরেই ফলবে এবং লক্ষ লক্ষ যাত্রীর দুর্ভোগ কিছুটা কমবে। চালু কর্মসূচীটি শেষ হবার পর নগর পরিবহণের ক্ষেত্রে আমরা আরেকটি বিনিয়োগ কর্মসূচী হাতে নিতে চাই।

২৪। রাজ্যের শিল্প সম্পর্ক বেশ ভাল রয়েছে। বছরটিতে শ্রম ক্ষেত্রে যে প্রধান সাফল্য অর্জিত হয়েছে তা হল চটশিল্পে বিরোধের নিষ্পত্তি—বহু চটকল মালিক লক আউট করেছিলেন। তেরটি চটকল পুনরায় চালু হয়েছে এবং এর ফলে পঞ্চান্ন হাজার শ্রমিক আবার কাজ ফিরে পেয়েছেন। আটটি চটকলের বিরোধ নিষ্পত্তির আলোচনা চলছে—এখানে পঁচিশ হাজার শ্রমিক কাজ করেন। শিল্প শ্রমিকদের জন্য এবছর ছয়টি অতিরিক্ত সার্ভিস ডিসপেন্সারি খোলা হয়েছে

এবং ব্যাণ্ডেলে ও মানিকতলার ই এস আই হাসপাতালে একশটি অতিরিক্ত শয্যা চালু করা হয়েছে। এছাড়াও চব্বিশ-পরগনা জেলার ঠাকুরপুকুর তিনশ শয্যার একটি ই এস আই হাসপাতাল নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে। বর্তমান বছর এবং আগামী বছরের প্রতিটি বছরই বাগিচা শ্রমিকদের জন্য দু হাজারেরও বেশি বাড়ি তৈরি করা হচ্ছে।

২৫। এ রাজ্যে শিল্পের কতকগুলি ক্ষেত্রে আমরা পুনরুজ্জীবনের সুস্পষ্ট লক্ষণ দেখতে পাচ্ছি। আমরা লবণহ্রদ এলাকায় একটি ইলেকট্রনিক শিল্প সমাবেশ গড়ে তুলতে চাই। ফিলিপস কোম্পানী সেখানে একটি নতুন ইউনিট স্থাপন করছেন। রাজ্যের মধ্যে কল্যাণী একটি প্রধান শিল্পকেন্দ্র হিসাবে গড়ে উঠছে। সম্প্রতি টাংগ্‌স্টেন ফিলামেন্ট ( Tungsten Filament ) কারখানা চালু হয়েছে এবং ম্যালিক অ্যানহাইড্রাইড ( Maleic Anhydride ) তৈরীর প্রকল্প আশা করা যায় আগামী বছর নাগাদ শেষ হয়ে যাবে। ফাইজার এবং ইণ্ডিয়ান অয়েল কর্পোরেশনও কল্যাণীতে তাঁদের ইউনিট স্থাপন করছেন। ঐ অঞ্চলের উন্নয়নে আরও প্রেরণা-দানের উদ্দেশ্যে রাজ্য সরকার কল্যাণীকে সদর দপ্তর করে নদীয়া জেলায় একটি নতুন মহকুমা স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

[3-10—3-20 P.M. ]

২৬। আমরা আশা করছি, বিদ্যুতের ক্ষেত্রে ১৯৮৩-৮৪ সালে আমরা সংকটাবস্থা কাটিয়ে উঠতে পারব। রাজ্য বিদ্যুৎ পর্ষদের অধীনে ব্যাণ্ডেলে সম্প্রতি ২১০ মেগাওয়াট শক্তিসম্পন্ন প্রথম ইউনিটটি চালু হয়েছে। ১৯৮৩-৮৪ সাল নাগাদ কোলাঘাট স্টেশনের ২১০ মেগাওয়াট শক্তিসম্পন্ন ইউনিটও চালু হয়ে যাবে বলে আশা করা যাচ্ছে। দুর্গাপুর প্রজেক্ট লিমিটেডের ১১০ মেগাওয়াট ইউনিটও ১৯৮৪ সালে চালু হবে। ১৯৮৪ সালের মার্চ মাসের শেষ নাগাদ কলাকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের ষাট মেগাওয়াট শক্তিসম্পন্ন তিনটি ইউনিটও চালু হয়ে যাবে। আরও জানাচ্ছি যে, জলঢাকা জলবিদ্যুৎ কেন্দ্রের দ্বিতীয় পর্যায়ের আট মেগাওয়াট ইউনিটের কাজও শেষ হয়ে আসছে। কোলাঘাট প্রকল্পের দ্বিতীয় ও তৃতীয় ইউনিট ও রাম্মাম জলবিদ্যুৎ কেন্দ্রের দ্বিতীয় পর্যায়ের কাজও চলছে।

২৭। সরকার শিল্পসমূহের জন্য একটি নতুন উৎসাহব্যঞ্জক পরিকল্প শীঘ্রই ঘোষণা করবেন। রাজ্যের অনুকূল বিনিয়োগ পরিবেশকে সদ্ব্যবহার করবার জন্য ও রাজ্যের অগ্রগতিতে অংশীদার হবার জন্য আমি শিল্পপতিদের আমন্ত্রণ জানাচ্ছি।

২৮। তিস্তা ব্যারেজ প্রজেক্টের প্রথম পর্যায়ের কাজে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে। এই বাবদে এ বছরে তেইশ কোটি টাকা ব্যয় হবে। ১৯৮৪ সালের শেষে এ প্রকল্প থেকে সেচের জল পাওয়া যাবে বলে আশা করা যাচ্ছে। তিনটি প্রধান সেচ পরিকল্প ময়ূরাক্ষী, কংসাবতী ও

দামোদর ভ্যালি এবং কুড়িটি মাঝারি সেচ প্রকল্পের সম্প্রসারণ ও উন্নয়নের কাজ এগিয়ে চলেছে। এ বছরে বাড়তি পঁচিশ হাজার হেক্টেয়ার জমি সেচ প্রকল্পের আওতায় আনা আছে। তাছাড়া, এ বছরে যেসব বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পের কাজ শেষ হয়েছে সেগুলির দ্বারা ষাট হাজার হেক্টেয়ার জমি উপকৃত হবে।

২৯। এ বছরে রাজ্য যোজনায় ব্যয় বরাদ্দের অতিরিক্ত পাঁচ কোটি পঞ্চাশ লক্ষ টাকা গত বছরের ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত বাঁধগুলির জন্য ব্যয় করা হচ্ছে এবং প্রধান সেচব্যবস্থা ও বন্যা নিয়ন্ত্রণ পরিকল্প বাবদ দশ কোটি টাকা ব্যয় করা হচ্ছে। এ টাকা ত্রাণসাহায্য খাত থেকে দেওয়া হচ্ছে। আসলে, এ বছরের মধ্যে এ খাতে ব্যয়বরাদ্দ পনেরো কোটি টাকারও বেশী করা হয়েছে। যদি অর্থে কুলোয়, তবে ১৯৮৩-৮৪ সালের জন্যও আমরা বরাদ্দ বাড়িয়ে দেব।

৩০। তিনটি প্রধান সেতু যেমন কলকাতার সঙ্গে দীঘার সংযোগকারী নরঘাটের মাতঙ্গিনী সেতু, বিহার ও ওড়িশার সঙ্গে পশ্চিমবঙ্গের আদিবাসী এলাকার সংযোগকারী সিধু-কান্হু-বিরশা সেতু এবং ভাগীরথী নদীর ওপর নবদ্বীপের শ্রীগৌরাঙ্গ সেতুর কাজ শেষ হয়েছে এবং এ বছরে তা উদ্বোধন করা হয়েছে।

৩১। দ্বিতীয় কলকাতা নগর উন্নয়ন প্রকল্পের অধীনে সম্পাদিত জল সরবরাহ পরিকল্প ছাড়াও, রাজ্যের গ্রামীণ এবং নগর এলাকায় কতকগুলি পরিকল্প গ্রহণ করা হয়েছে। ষষ্ঠ যোজনার প্রথম তিন বছরে গ্রামীণ এলাকার জন্য ন্যূনতম প্রয়োজনভিত্তিক কর্মসূচি বাবাদ ঊনচল্লিশ কোটি টাকা খরচ করা হয়েছে। গ্রামাঞ্চলে দু'শ আটটি কলের জল সরবরাহ পরিকল্প শেষ হয়েছে এবং দুই শতাধিক পরিকল্প সম্পাদনের বিভিন্ন পর্যায়ে রয়েছে। নয় হাজারের বেশী নলকূপ পাথুরে এলাকায় বসানো হয়েছে। চব্বিশটি পৌর জল সরবরাহ পরিকল্পের কাজও চলছে। এই সঙ্গে, খরাত্রাণের জন্য মঞ্জুর-করা আট কোটি টাকা ব্যয়ে অনেকগুলি প্রকল্পও গ্রহণ করা হয়েছে।

৩২। স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ শাখায় ১৯৮২-৮৩ সালে গ্রামীণ এলাকায় পাঁচশটি সহ এক হাজারটি নতুন শয্যা বাড়ানো হবে। ১৯৮৩-৮৪ সালের লক্ষ্যমাত্রা হল তেরশ শয্যা, যার মধ্যে চারশ শয্যা হবে গ্রামীণ এলাকায়। এ বছরে চারটি বেসরকারি মেডিক্যাল প্রতিষ্ঠান এবং দুটি হোমিওপ্যাথি কলেজ সরকারি পরিচালনায় নিয়ে আসা হয়েছে। মেডিক্যাল শিক্ষার উন্নয়নে বিশেষ দৃষ্টি দেওয়া হয়েছে। আর জি কর মেডিক্যাল কলেজের চক্ষু বিভাগকে এই বছরে উন্নীত করা হয়েছে। পরের বছরে বর্ধমান মেডিক্যাল কলেজকেও উন্নীত করার প্রস্তাব রয়েছে। পঞ্চায়েত ও পৌর সংস্থাগুলি অংশগ্রহণ করার ফলে এ বছরের প্রথম নয় মাসে পরিবার কল্যাণ কর্মসূচীয়ত উপকৃতদের সংখ্যা দাঁড়িয়েছে এক লক্ষ আশি হাজারের ওপর। এ বছরে

এবং ব্যাণ্ডেলে ও মানিকতলার ই এস আই হাসপাতালে একশটি অতিরিক্ত শয্যা চালু করা হয়েছে। এছাড়াও চব্বিশ-পরগনা জেলার ঠাকুরপুকুর তিনশ শয্যার একটি ই এস আই হাসপাতাল নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে। বর্তমান বছর এবং আগামী বছরের প্রতিটি বছরই বাগিচা শ্রমিকদের জন্য দু হাজারেরও বেশি বাড়ি তৈরি করা হচ্ছে।

২৫। এ রাজ্যে শিল্পের কতকগুলি ক্ষেত্রে আমরা পুনরুজ্জীবনের সুস্পষ্ট লক্ষণ দেখতে পাচ্ছি। আমরা লবণহ্রদ এলাকায় একটি ইলেকট্রনিক শিল্প সমাবেশ গড়ে তুলতে চাই। ফিলিপস কোম্পানী সেখানে একটি নতুন ইউনিট স্থাপন করছেন। রাজ্যের মধ্যে কল্যাণী একটি প্রধান শিল্পকেন্দ্র হিসাবে গড়ে উঠছে। সম্প্রতি টাংগ্স্টেন ফিলামেন্ট (**Tungsten Filament**) কারখানা চালু হয়েছে এবং ম্যালিক অ্যানহাইড্রাইড (**Maleic Anhydride**) তৈরীর প্রকল্প আশা করা যায় আগামী বছর নাগাদ শেষ হয়ে যাবে। ফাইজার এবং ইণ্ডিয়ান অয়েল কর্পোরেশনও কল্যাণীতে তাঁদের ইউনিট স্থাপন করছেন। ঐ অঞ্চলের উন্নয়নে আরও প্রেরণা-দানের উদ্দেশ্যে রাজ্য সরকার কল্যাণীকে সদর দপ্তর করে নদীয়া জেলায় একটি নতুন মহকুমা স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

[3-10—3-20 P.M.]

২৬। আমরা আশা করছি, বিদ্যুতের ক্ষেত্রে ১৯৮৩-৮৪ সালে আমরা সংকটাবস্থা কাটিয়ে উঠতে পারব। রাজ্য বিদ্যুৎ পর্ষদের অধীনে ব্যাণ্ডেলে সম্প্রতি ২১০ মেগাওয়াট শক্তিসম্পন্ন প্রথম ইউনিটটি চালু হয়েছে। ১৯৮৩-৮৪ সাল নাগাদ কোলাঘাট স্টেশনের ২১০ মেগাওয়াট শক্তিসম্পন্ন ইউনিটও চালু হয়ে যাবে বলে আশা করা যাচ্ছে। দুর্গাপুর প্রজেক্ট লিমিটেডের ১১০ মেগাওয়াট ইউনিটও ১৯৮৪ সালে চালু হবে। ১৯৮৪ সালের মার্চ মাসের শেষ নাগাদ কলকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের ষাট মেগাওয়াট শক্তিসম্পন্ন তিনটি ইউনিটও চালু হয়ে যাবে। আরও জানাচ্ছি যে, জলঢাকা জলবিদ্যুৎ কেন্দ্রের দ্বিতীয় পর্যায়ের আট মেগাওয়াট ইউনিটের কাজও শেষ হয়ে আসছে। কোলাঘাট প্রকল্পের দ্বিতীয় ও তৃতীয় ইউনিট ও রাম্মাম জলবিদ্যুৎ কেন্দ্রের দ্বিতীয় পর্যায়ের কাজও চলছে।

২৭। সরকার শিল্পসমূহের জন্য একটি নতুন উৎসাহব্যঞ্জক পরিকল্প শীঘ্রই ঘোষণা করবেন। রাজ্যের অনুকূল বিনিয়োগ পরিবেশকে সদ্ব্যবহার করবার জন্য ও রাজ্যের অগ্রগতিতে অংশীদার হবার জন্য আমি শিল্পপতিদের আমন্ত্রণ জানাচ্ছি।

২৮। তিস্তা ব্যারেজ প্রজেক্টের প্রথম পর্যায়ের কাজে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে। এই বাবদে এ বছরে তেইশ কোটি টাকা ব্যয় হবে। ১৯৮৪ সালের শেষে এ প্রকল্প থেকে সেচের জল পাওয়া যাবে বলে আশা করা যাচ্ছে। তিনটি প্রধান সেচ পরিকল্প ময়ূরাক্ষী, কংসাবতী ও

খাতে আরও দশ শতাংশ অর্থ আলাদা করে রাখার জন্য পঞ্চায়েতী রাজ সংস্থাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে। এ বছর থেকে গ্রাম পঞ্চায়েতগুলি ছাড়াও জিলা পরিষদ ও পঞ্চায়েত সমিতিগুলিও এই কর্মসূচী রূপায়ণের কাজে হাত দিয়েছে।

রাজ্য সরকার দার্জিলিং জেলার পাহাড় এলাকা, উত্তরবঙ্গের জেলাগুলি এবং মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম এলাকা ও দীঘার এবং সুন্দরবন এলাকার দ্রুত উন্নয়নের জন্য রাজ্য বাজেটে আরো বেশি অর্থ সংস্থান করেছেন। বত্রিশ কোটি টাকার সুন্দরবন উন্নয়ন প্রকল্পের কাজ কৃষি উন্নয়ন বিষয়ক আন্তর্জাতিক তহবিলের সহায়তায় জোর কদমে এগিয়ে চলেছে। এই সমস্ত অনগ্রসর এলাকাগুলির জন্য গৃহীত পরিকল্পসমূহে সাধারণভাবে স্থানীয় জনসাধারণ এবং বিশেষ-ভাবে তফসিলী সম্প্রদায়, আদিবাসী ও আর্থিক দিক দিয়ে অনগ্রসর অন্যান্য শ্রেণীর মানুষ উপকৃত হবেন।

## পাঁচ

৩৭। এবার কয়েকটি সংখ্যার উল্লেখ করা যাক। ১৯৮২-৮৩ সালের জন্য সংশোধিত হিসাবে দেখা যাচ্ছে রাজস্ব ব্যয় হল এক হাজার ছ'শ ছিয়াশি কোটি টাকা, আর রাজস্ব আদায় হল এক হাজার চারশ একুশ কোটি টাকা, ফলে দু'শ পঁয়ষট্টি কোটি টাকা ঘাটতি। রাজস্ব খাতগুলির বাইরে অন্যান্য খাতের নীট উদ্বৃত্ত হল দু'শ পাঁচ কোটি টাকা। এইভাবে বছরটি শেষ হবে ষাট কোটি টাকার ঘাটতি নিয়ে।

৩৮। ঘাটতিতে উনষাট কোটি টাকা বৃদ্ধির কারণ আমি সংক্ষেপে ব্যাখ্যা করতে চাই। কেন্দ্রীয় রাজস্ব হ্রাস পাওয়ার ফলে কেন্দ্রীয় কর দশ কোটি টাকা কম পাওয়া যাবে। রাজ্য কর এবং স্বল্প সঞ্চয় থেকে মোট যত টাকা পাওয়ার কথা ছিল তার চেয়ে সাত কোটি টাকা কম সংগ্রহ হবে। এই দুটি মিলে আয় বাবদ সতের কোটি টাকা হবে। ব্যয় বাবদ আমরা জাতীয় গ্রামীণ কর্মসংস্থান কর্মসূচীর জন্য এগার কোটি টাকা, খরা বাবদ পাঁচ কোটি টাকা, তফসিলী ও আদিবাসী কল্যাণ খাতে এক কোটি টাকা এবং মহার্ঘ ভাতা বাবদ বারো কোটি টাকা বাড়িয়েছি। পেনসন বাবদ বাড়ানো হয়েছে চৌদ্দ কোটি টাকা। তার মধ্যে দশ কোটি টাকা বৃদ্ধির ফলে উপায়-উপকরণ পরিস্থিতির কোন ক্ষতি হবে না। পঞ্চায়েত নির্বাচনের জন্যও তিন কোটি পঞ্চাশ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। অন্যান্য নানা খাতে আরও পাঁচ কোটি পঞ্চাশ লক্ষ টাকা বৃদ্ধি করা হয়েছে। সুতরাং ব্যয় বাবদ মোট বৃদ্ধির পরিমাণ বিয়াল্লিশ কোটি টাকা। আমরা অবশ্য বিভাগগুলিকে নির্দেশ দিয়েছি ব্যয়ে যতদূর সম্ভব মিতব্যয়ী হতে এবং আমরা আশা করি চূড়ান্ত বিশ্লেষণে ঘাটতি কম হবে এবং অনুমোদনযোগ্য উপায়-উপকরণ সীমার মধ্যেই থাকবে।

৩৯। ১৯৮৩-৮৪ সালের জন্য নির্ধারিত রাজস্ব ব্যয় হবে এক হাজার সাতশ ষোল কোটি টাকা এবং নির্ধারিত রাজস্ব আদায় হবে এক হাজার পাঁচশ কুড়ি কোটি টাকা। রাজস্ব খাতে ঘাটতি হবে একশ ছিয়ানব্বই কোটি টাকা। রাজস্বের বাইরে অন্যান্য খাতে নীট অবশিষ্ট থেকে দেখা যাচ্ছে প্রায় একশ কোটি টাকা উদ্বৃত্ত হবে। কর আরোপের বর্তমান স্তরে ছিয়ানব্বই কোটি টাকা ঘাটতি হবে। তাই, এই ব্যবধান ঘোচাবার জন্য অতিরিক্ত সম্পদ সংগ্রহ করা প্রয়োজন হয়ে পড়েছে।

[3-20—3-30 P.M.]

## ছয়

৪০। মাননীয় সদস্যগণ জানেন রাজ্যগুলির পক্ষে সম্পদ সংগ্রহ করা কি দুঃসাধ্য ব্যাপার। সংবিধান প্রণেতারা যেটুকু ক্ষমতা দিয়েছিলেন কেন্দ্রীয় সরকার তাও ক্রমে ক্রমে কেড়ে নিচ্ছেন। এবছর আবার কেন্দ্রীয় সরকার আয়করের ক্ষেত্রে সুবিধা দিয়ে বণ্টনযোগ্য তহবিলের পরিমাণ কমিয়ে দিয়েছেন এবং সেই সঙ্গে সারচার্জের পরিমাণ বাড়িয়ে নিজেরাই সেটা আত্মসাৎ করছেন। সংখ্যাগুলির দিকে তাকালে বাস্তবিকই চমকে যেতে হয়। বিগত তিন বছরে গৃহীত ব্যবস্থাদির ফলে এ বছরে যে এক হাজার চারশ একত্রিশ কোটি টাকা সংগৃহীত হবে তার মধ্যে বছরে মাত্র আশি কোটি দশ লক্ষ টাকা রাজ্যসমূহের ভাগে পড়ছে। এর পর আর মন্তব্য নিষ্প্রয়োজন।

৪১। গত তিন বছর ধরে কেন্দ্রীয় সরকার বিভিন্ন পণ্যের দর ঘন ঘন বাড়িয়ে সাধারণ মানুষকে বিপন্ন করে চলেছেন। এই দরবৃদ্ধির দরুন কেন্দ্রীয় সরকারের আয় বছরে তিন হাজার কোটিরও বেশি টাকা বাড়ছে। অন্যদিকে এই দর বৃদ্ধিতে আবার রাজ্যগুলির ব্যয়ের পরিমাণ এত বেড়ে যাচ্ছে যে, বছরের পর বছর তাদের অতিরিক্ত সম্পদ সংগ্রহে সচেষ্ট হতে হচ্ছে।

৪২। অধিকন্তু, রেলে মালবহনের মাশুল সমহারে আদায়ের ফলে পূর্বাঞ্চলকে স্বাভাবিক সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করে তার শিল্পোন্নয়নে বিঘ্ন ঘটান হয়েছে। তার ফলে করের ভিত্তি দুর্বল হয়েছে এবং ঘোষিত পণ্য ও রপ্তানি পণ্যের উপর বিক্রয়কর আরোপের ক্ষেত্রে বিধিনিষেধের ফলে বিশেষ করে পূর্বাঞ্চলীয় রাজ্যগুলি ক্ষতিগ্রস্ত হয়েছে।

৪৩। এইসব বিধিনিষেধ রাজস্ব বৃদ্ধির সুযোগ সীমিত করেছে। তা সত্ত্বেও যেসব নতুন কর ব্যবস্থার প্রস্তাব এখন উপস্থাপন করছি তার ফলে জীবনযাত্রার ব্যয়ের উপর যাতে যতদূর সম্ভব কম চাপ পড়ে আমি তার জন্য চেষ্টা করেছি।

৪৪। যে সকল ক্ষেত্রে এই রাজ্যে পণ্য প্রস্তুত হওয়ার পর অন্য রাজ্যে তার মজুত হস্তান্তর হয় সেই সকল ক্ষেত্রে পণ্য-উৎপাদনের কাঁচামালের উপর ক্রয়-করের হার শতকরা দুই থেকে বাড়িয়ে

তিন টাকা করার জন্য আমি প্রস্তাব করছি। এই ব্যবস্থা নেওয়ার ফলে সারা বছরে দুই কোটি টাকা বাড়তি রাজস্ব আদায় হবে।

৪৫। চালকলগুলি যে ধান ক্রয় করে তার উপরে গত বারো বছরেরও বেশি সময় ধরে শতকরা দুই টাকা হারে কর ধার্য করা হয়ে আসছে। কার্যত ধানের উপরে যে কর বসে তা চালের উপরেই বর্তায়। কর ফাঁকি ও কর এড়ানো প্রভৃতি নানা কারণে ধান থেকে কর আদায়ের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পায় নি। সুতরাং চালের উপরে যৎসামান্য শতকরা এক টাকা হারে বিক্রয়কর ধার্যের প্রস্তাব করছি। আমি এখানে বিশেষভাবে বলতে চাই যে, চালের উপর বিক্রয়কর ধার্যের সঙ্গে সঙ্গে ধানের উপর যে ক্রয়-কর রয়েছে তা তুলে দেওয়া হবে। যদি চালের উপরেই কর বসে তাহলে গমের উপর বিক্রয়কর মকুবের বর্তমান ব্যবস্থা আর চালু রাখার কোনো যুক্তি থাকে না। সুতরাং গমের উপরেও শতকরা এক টাকা হারে বিক্রয়কর ধার্যের প্রস্তাব আমি রাখছি। এ থেকে বার্ষিক আনুমানিক আয় হবে সাত কোটি টাকার মতো। এই কর বসানোর ফলে জীবন-নিবাহের ব্যয় যৎসামান্যই বৃদ্ধি পাবে, কারণ পাঁচজনের পরিবার পিছু মাসিক ব্যয় বৃদ্ধি হবে মাত্র এক টাকার মতো।

৪৬। বর্তমান সরিষার তেল, রেপসীড তেল এবং সরিষার তেল ও রেপসীড তেলের মিশ্রণ বিক্রয়করমুক্ত। রন্ধন উপযোগী অন্যান্য কিছু তেল অর্থাৎ বনস্পতি ও আর বি ডি পাম তেল যথাক্রমে শতকরা দশ টাকা ও শতকরা নয় টাকা হারে করযোগ্য; অবশ্য কিছু নির্দিষ্ট ক্ষেত্রে পাম তেলও বিক্রয়করমুক্ত। সরিষার তেল, রেপসীড তেল এবং সরিষার তেল ও রেপসীড তেলের মিশ্রণের বিক্রয়ের উপর ১৯৪১ সালের বঙ্গীয় রাজস্ব (বিক্রয়কর) আইনের [**The Bengal Finance ( Sales Tax ) Act, 1941**] আওতায় শতকরা দুই টাকা কর ধার্যের প্রস্তাব আমি এখন রাখছি। রেশন দোকান মারফৎ যে রেপসীড তেল বিক্রয় করা হয় তার উপর অবশ্য বিক্রয়কর রেহাই চলতে থাকবে। গমের ময়দা সহ আটা ও সুজির উপর শতকরা এক টাকা হারে বিক্রয়কর ধার্য করার প্রস্তাবও আমি রাখছি। এই ব্যবস্থাগুলি নেওয়ার ফলে সারা বছরে সম্ভাব্য অতিরিক্ত রাজস্বের পরিমাণ হবে এক কোটি পঁচাত্তর লক্ষ টাকা।

৪৭। কার্যকর করার জন্য এই প্রস্তাবগুলি বিল-এ এনে বিধানসভার বর্তমান অধিবেশনেই সদস্যদের সামনে রাখা হবে।

৪৮। বর্তমানে নতুন ক্ষুদ্রায়ত শিল্পসংস্থাগুলি কলিকাতা মেট্রোপলিটান ডিষ্ট্রিক্ট এলাকাভুক্ত হলে প্রথম পাঁচ বছরের জন্য এবং কলিকাতা মেট্রোপলিটান ডিষ্ট্রিক্ট এলাকার বহির্ভূত হলে প্রথম সাত বছরের জন্য বিক্রয়কর রেহাই পেয়ে আসছেন। এই সকল সংস্থা তাঁদের উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল শতকরা দুই টাকা হারে বিক্রয়কর দিয়ে কিনতে পারেন যদিও তাঁদের বিক্রয় সম্পূর্ণভাবে

করমুক্ত। নতুন ক্ষুদ্রায়ত শিল্পগুলিকে তাঁদের প্রাথমিক অবস্থায় এবং সত্যিকারের উৎপাদকগণকে উৎসাহিত করার জন্যই এই সুবিধা দেওয়া আমাদের অভিপ্রায় ছিল। কিন্তু আমাদের কাছে যে খবর আছে তা থেকে জানতে পারছি যে এক শ্রেণীর ব্যবসায়ী নিজেদের উৎপাদক বলে জাহির করে নতুন ক্ষুদ্রায়ত শিল্পগুলির ক্ষেত্রে প্রযোজ্য সুবিধাগুলির চূড়ান্ত অপব্যবহার করেছেন। সুতরাং আমরা ক্ষুদ্রায়ত শিল্পকে দেওয়া এই সুবিধাগুলি পুনরায় খতিয়ে দেখছি। সেইজন্য অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে কেবলমাত্র কিছু নির্বাচিত পণ্যসামগ্রী উৎপাদনে রত ক্ষুদ্রায়ত শিল্পগুলি এই সুবিধা পাবেন না এবং কলকাতা মেট্রোপলিটান ডিষ্ট্রিক্ট এলাকাভুক্ত হলে কর রেহাই-এর মেয়াদ কমিয়ে তিন বছর আর কলকাতা মেট্রোপলিটান ডিষ্ট্রিক্ট এলাকার বাইরে হলে সেই মেয়াদ পাঁচ বছর করার প্রস্তাব আমি রাখছি। বর্তমানে অবশ্য যাঁরা এই সুবিধা ভোগ করছেন তাঁদের অবস্থার কোন হেরফের হবে না। আমরা কিছু পদ্ধতিগত পরিবর্তনও করব যাতে কেবলমাত্র প্রকৃত ক্ষুদ্রায়ত শিল্পগুলিই এই সুবিধা পান। এইসব পরিবর্তন সাপেক্ষে ক্ষুদ্রায়ত শিল্পে নিযুক্ত উৎপাদকগণ যাঁদের বিক্রয় সম্পূর্ণভাবে করমুক্ত তাঁরাও তাঁদের উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামালের উপর শতকরা দুই টাকা হারে বিক্রয়কর দিয়ে কিনতে পারেন।

৪৯। কোন উৎপাদককে ফার্নেস অয়েল বিক্রী করা হলে তার উপর বিক্রয়করের হার বাড়িয়ে শতকরা দুই টাকা এবং অন্যান্য ক্ষেত্রে বিক্রী করা হলে শতকরা আট টাকা ১৯৭৪ সালের পশ্চিমবঙ্গ মোটর স্পিরিট বিক্রয়কর আইন [ The West Bengal Motor Spirit Sales Tax Act, 1974 ] সংশোধন করে করার প্রস্তাব রাখছি। ফার্নেস অয়েলের ক্ষেত্রে এই কর বৃদ্ধির ব্যবস্থা নেওয়ার ফলে সারা বছরে অতিরিক্ত রাজস্ব আসবে প্রায় এক কোটি টাকা।

৫০। ড্রাই-সেল ও ড্রাই-সেল ব্যাটারী, লিনোলিয়াম ও পি ভি সি টালি, দেশলাই, মোটরযান ইত্যাদির টায়ার ও টিউব, টায়ার ও টিউবের ফ্ল্যাপ ও যন্ত্রাংশ এবং আনুষঙ্গিক সরঞ্জাম ও স্টোরেজ ব্যাটারী সহ উপাদানের বিক্রয়ের উপর, উৎপাদকের কাছে বিক্রয় না হলে, বিক্রয়করের হার শতকরা এক টাকা করে বৃদ্ধি করার প্রস্তাব রাখছি। লুব্রিকেটিং অয়েল ও গ্রীজ বিক্রয়ের উপর বিক্রয়করের হার শতকরা দুই টাকা করে বাড়ানোর প্রস্তাবও আমি করছি। রাজ্যের বিক্রয়কর আইনে রেজিষ্ট্রিভুক্ত উৎপাদক এবং বিদ্যুৎসরবরাহকারী সংস্থাগুলি সুবিধাজনক হারে কর দিয়ে ঐসকল পণ্য ক্রয় করার সুযোগ অবশ্য আগের মতনই পাবেন। এইসব প্রস্তাবিত ব্যবস্থা কার্যকর করার উদ্দেশ্যে ১৯৫৪ সালের পশ্চিমবঙ্গ বিক্রয়কর আইন [ The West Bengal Seles Tax Act, 1954 ] অনুসারে প্রয়োজনীয় বিজ্ঞপ্তি জারি করা হবে।

৫১। মাননীয় সদস্যগণ জানেন যে, গত বাজেট অধিবেশনে বর্তমানে যেসব পণ্যের উপর ১৯৫৪ সালের বিক্রয়কর আইনে [ The West Bengal Sales Tax Act, 1954 ] বিক্রয়কর

ধার্য হয়ে থাকে সেই সকল পণ্যকে বিজ্ঞপ্তি জারী করে ১৯৪১ সালের বঙ্গীয় রাজস্ব ( বিক্রয়কর ) আইনে [ **The Bengal Finance ( Sales Tax ) Act, 1941** ] এনে তার উপর কর ধার্যের ক্ষমতা সরকারকে দেওয়া হয়েছিল। তদনুসারে সকল প্রকারের পাদুকা ও ক্যাসেটকে বিজ্ঞপ্তি জারী করে ১৯৪১ সালের বঙ্গীয় রাজস্ব ( বিক্রয়কর ) আইনের [ The Bengal Finance ( Sales Tax ) Act, 1941 ] আওতায় এনে তার উপর করধার্যের প্রস্তাব আমি করছি। ক্যাসেট এবং প্রতি জোড়া পঞ্চাশ টাকার বেশি দামের পাদুকা বিক্রয়ের উপর শতকরা পনের টাকা হারে কর ধার্যের প্রস্তাব আমি করছি। আর যেক্ষেত্রে প্রতিজোড়া পাদুকার মূল্য পঞ্চাশ টাকা বা তার কম হবে, সেক্ষেত্রে কর বসবে শতকরা আট টাকা হারে। বেশি দামের পাদুকাকে দুই নম্বর তফসিলের অন্তর্ভুক্ত করার জন্য ১৯৪১ সালের বঙ্গীয় রাজস্ব ( বিক্রয়কর ) আইনের [ The Bengal Finance ( Sales Tax ) Act, 1941 ] প্রয়োজনীয় সংশোধন বিল-এ স্থান পাবে এবং তা বিধানসভার বর্তমান অধিবেশনে উপস্থাপিত করা হবে। ১৯৫৪ সালের পশ্চিমবঙ্গ বিক্রয়কর আইনের [ The West Bengal Sales Tax Act, 1954 ] অধীনে যথোপযুক্ত বিজ্ঞপ্তি যথাসময়ে জারি করা হবে।

৫২। গুজরাট ও উত্তরপ্রদেশ সরকার তন্তুজ বস্ত্রাদির উপর বিক্রয়কর ধার্য করে আসছেন। মাননীয় সদস্যগণ জানেন, মিল-এ প্রস্তুত বস্ত্রাদির তুলনায় উচ্চমানের তাঁতবস্ত্র সাধারণতঃ বেশি দামী। আমি প্রস্তাব করছি মিটার পিছু দশ টাকার বেশী মূল্যের তাঁতবস্ত্রের উপর মূল্যানুপাতিক-ভাবে শতকরা দুই টাকা হারে বিক্রয়কর ধার্য হউক।

৫৩। এইসব পরিবর্তনের ফলে এক বছরে অতিরিক্ত আনুমানিক রাজস্ব গিয়ে দাঁড়াবে তিন কোটি পঞ্চাশ লক্ষ টাকায়।

৫৪। পৌরসভাগুলির জন্য অতিরিক্ত সম্পদ সংগ্রহের উদ্দেশ্যে ১৯৭২ সালের পণ্য প্রবেশ কর আইনের [ The Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Act, 1972 ] আওতায় নিম্নলিখিতভাবে পণ্য প্রবেশ করের হার বৃদ্ধি করার প্রস্তাব রাখছি। মেথানল ছাড়া তফসিলের ১৬ ক্রমিক সংখ্যার (ঘ) ও (ঙ) উপক্রমিক সংখ্যার উল্লেখিত যে ডিনোচার্ড ও মেথিলেটেড স্পিরিট এবং অ্যালকোহল শিল্পে ব্যবহৃত হয় তার উপর প্রতি বাল্‌ক্‌-লিটারে পাঁচ পয়সা হারে পণ্য প্রবেশ কর বসবে। যেহেতু এ বছরটি অ্যালকোহল-প্রাচুর্যের বছর সেই হেতু বাণিজ্য ও শিল্প মহল থেকে এ নিয়ে আপত্তি তোলার কারণ নেই। কলিকাতা মেট্রো-পলিটান এলাকায় আনীত বিদ্যুৎ উৎপাদনে প্রকৃত ব্যবহারের জন্য তালিকার ২০(খ) ক্রমিক সংখ্যায় বর্ণিত কয়লার উপর থেকে পণ্য প্রবেশ করের কর-রেহাইয়ের সুবিধা তুলে নেওয়ার প্রস্তাব আমি রাখছি এবং তার পরিবর্তে তালিকার ২০(গ) ক্রমিক সংখ্যায় এনে ঐ ধরনের

কয়লার উপর প্রতি মেট্রিক টনে এক টাকা হারে পণ্য প্রবেশ কর ধার্যের প্রস্তাব করছি। বর্তমানে সিনেমা ফিল্ম ( প্রোসেস্‌ড ও রীল )-এর উপর মিটার প্রতি দুই পয়সা হারে পণ্য প্রবেশ কর ধার্য হয়। তালিকার ৫০(ঘ) (২) ক্রমিক সংখ্যায় বর্ণিত সিনেমা ফিল্ম ( প্রোসেস্‌ড ও রীল )-এর উপর পণ্য প্রবেশ কর বাড়িয়ে মিটার পিছু দশ পয়সা করার প্রস্তাব রাখছি। 'র' আনএক্স-পোজড সিনেমা ফিল্মের উপর পণ্য প্রবেশ কর অবশ্য মিটার পিছু বর্তমানে প্রদেয় এক পয়সা হারেই থাকবে।

৫৫। স্থানীয় রসায়ন শিল্পকে উৎসাহ দেওয়ার উদ্দেশ্যে মূল্যানুপাতিক হারে প্রদেয় বিভিন্ন রাসায়নিক দ্রব্যের উপর পণ্য প্রবেশ করের হার ১৯৮১ সালে কমিয়ে আনা হয়েছিল। যেহেতু এই ধরনের রাসায়নিক দ্রব্যগুলি আইনের তফসিলে অন্ততপক্ষে দশটি ক্রমিক সংখ্যায় ছড়িয়ে আছে তাই এই ধরনের করহার হ্রাসের ফলে প্রযোজ্য করহার নির্ধারণের ক্ষেত্রে বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। সুতরাং বর্তমান বিভ্রান্তির অবসানকল্পে এই সকল রাসায়নিক দ্রব্যের উপর প্রদেয় করের হার পুনর্বিন্যাস করা দরকার। অতএব রাসায়নিক দ্রব্যের উপর প্রদেয় পণ্য প্রবেশ করের হার পুনর্নির্ধারণ করার প্রস্তাব করছি এবং তদনুযায়ী শতকরা মূল্যানুপাতিক দুই টাকা হারে কর ধার্যের প্রস্তাব করছি। আর যেসকল ক্ষেত্রে এই ভিত্তিতে উচ্চহারে বা নিম্নহারে কর ধার্য হয়ে থাকে সেক্ষেত্রেও করের হার কমিয়ে বা বাড়িয়ে শতকরা দুই টাকা করা হবে। পণ্য প্রবেশ কর-সংক্রান্ত ব্যবস্থাসমূহের ফলে সারা বছরে অতিরিক্ত অনুমতি রাজস্ব আদায় হবে এক কোটি টাকার মতো।

৫৬। কয়েক শ্রেণীর বেতনভোগী কর্মচারী এবং পেশায় নিযুক্ত ব্যক্তিদের জন্য ১৯৭৯ সালের পশ্চিমবঙ্গ বৃত্তিকর আইনের [**The West Bengal State Tax on Professions, Trades, Callings and Employments Act, 1979**] আওতাভুক্ত করহারের পুনর্বিন্যাস করার প্রস্তাবও আমি করছি। উচ্চ বেতনভোগী কর্মচারীদের ক্ষেত্রে যাঁদের মাসিক আয় এক হাজার এক টাকা থেকে বারোশো পঞ্চাশ টাকা পর্যন্ত, বারোশো একান্ন টাকা থেকে পনেরো-শো টাকা পর্যন্ত এবং পনেরোশো এক টাকা থেকে দু হাজার টাকা পর্যন্ত তাঁদের মাসিক প্রদেয় করের হার যথাক্রমে এক টাকা, দুই টাকা এবং তিন টাকা করে বাড়ানোর প্রস্তাব করছি। আইনবিদ ও চিকিৎসক প্রভৃতির মতো যাঁরা পেশায় নিযুক্ত এবং আয়কর প্রদান করে থাকেন তাঁদের প্রদেয় বৃত্তি করের হার বার্ষিক দুইশ টাকা থেকে বাড়িয়ে আড়াইশ টাকা করার প্রস্তাবও আমি রাখছি। এই সকল ব্যবস্থা নেওয়ার ফলে সারা বছরে সম্ভাব্য অতিরিক্ত রাজস্ব এক কোটি টাকার মতো আসবে।

৫৭। আমরা মূল্যানুপাতিক ভিত্তিতে রাজ্যসরকারগুলিকে কয়লার উপর রয়্যালটি প্রদান করার জন্য ভারত সরকারকে বলে আসছি। এ পর্যন্ত আমাদের প্রস্তাবে কোন সাড়া পাওয়া যায়

নি যদিও কয়লার দাম তাঁরা ঘন ঘন বাড়াচ্ছেন। হালে তাঁদের বাজেট অধিবেশনের প্রাক্কালে তাঁরা 'কয়লাখনি সংরক্ষণ ও উন্নয়ন আইন, ১৯৭৪' [The Coal Mines Conservation and Development Act, 1974] এর আওতায় শুল্ক বৃদ্ধি করেছেন। আমরা এই বর্ধিত শুল্ক থেকে কোন অংশ পাব না। সুতরাং ১৯৭৬ সালের পশ্চিমবঙ্গ গ্রামীণ কর্মসংস্থান ও উৎপাদন আইন [The West Bengal Rural Employment and Production Act, 1976] অনুসারে কয়লার উপর প্রতি টনে 'সেস্'-এর হার বাড়িয়ে পনের টাকা করা ছাড়া আমার সামনে আর কোন উপায় নেই। অনুমান করা যাচ্ছে যে, এর ফলে বার্ষিক বাড়তি রাজস্ব দাঁড়াবে পনেরো কোটি টাকা।

৫৮। ১৯৭৯ সালের পয়লা এপ্রিল থেকে বড় বড় ব্যবসায়ী কর্তৃক টার্নওভার ট্যাক্স দেওয়ার ব্যবস্থা চালু হয়েছিল। তাতে বিধিনিষেধ ছিল যে, এই করের বোঝা ক্রেতাদের উপর বর্তাবে না। এই বিধিনিষেধের পক্ষে সুপ্রীম কোর্টের রায় থাকা সত্ত্বেও, অন্যান্য কারণের সঙ্গে এই বিধিনিষেধের বিরুদ্ধে বড় ব্যবসায়ীদের একটি বৃহৎ অংশ আদালতে গেছেন। আমরা জানতে পেরেছি যে এই বিধিনিষেধ সত্ত্বেও ব্যবসায়ীরা দাম বাড়িয়ে পরোক্ষভাবে এই কর আদায় করে নিচ্ছেন। এই ব্যাপারে পরিস্থিতির উপরে আমাদের সজাগ দৃষ্টি আছে। এই সভাকে আমি আশ্বাস দিতে পারি যে, প্রয়োজন হলে আমার সরকার রাজস্বের স্বার্থে প্রয়োজনীয় আইন সংশোধনের ব্যবস্থা করবেন।

৫৯। আমি এখন কিছু কর ছাড় দেওয়ার কথা ঘোষণা করছি। মহারাষ্ট্র সরকার ঊনত্রিশটি জীবনদায়ী ওষুধের উপর থেকে বিক্রয়কর মকুব করেছেন। ঐ ধরনের সাতটি ওষুধ এ রাজ্যে প্রস্তুত হয়। যাতে করে এই রাজ্যে ঐসব ওষুধ প্রস্তুতকারীরা প্রতিযোগিতার সম্মুখীন হতে পারেন এবং সাধারণভাবে এই রাজ্যের জনগণের স্বার্থ সুনিশ্চিত করার জন্য এই সাতটি জীবনদায়ী ওষুধের উপর বিক্রয়কর মকুব করার প্রস্তাব করছি।

৬০। বেশ কিছুদিন ধরে এই রাজ্যের চা-বাগিচাগুলির আর্থিক দুরবস্থা সম্পর্কে তথ্য আমাদের নজরে আসছে। যখন চায়ের পরিমাণ এবং রপ্তানির দর দু-ই বেড়েছিল সেই সকল অনুকূল বছরগুলিতেও চা-গাছের নতুন চারা লাগানোর মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রে এই শিল্প কোন উল্লেখযোগ্য লগ্নী করে নি। সুদূরপ্রসারী উন্নয়ন পরিকল্পনায় এই শিল্পের ব্যর্থতার জন্যই এই শিল্পে আজ এই সঙ্কট। পরিণামে সরকার এবং কর্মীরা উভয়েই গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। সরকার পাচ্ছেন না তাঁদের পাওনা কর আর কর্মীরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন লে-অফ্, ক্লোজার ইত্যাদির দরুন। কর্মীদের কথা মনে রেখে আমি চায়ের সেস্-সংক্রান্ত নিম্নলিখিত সুবিধা দেওয়ার প্রস্তাব করছি। প্রতি বছর প্রত্যেক বাগানে উৎপাদিত চায়ের প্রথম এক লক্ষ কিলোগ্রামের অথবা

চা-পাতার প্রথম চার লক্ষ পঞ্চাশ হাজার কিলোগ্রামের উপর থেকে নিঃশর্তভাবে সেস্ প্রত্যাহার করে নেওয়া হবে। তার ফলে সারা বছরে এক কোটি টাকার মতো রাজস্বের ক্ষতি হবে। এই শিল্পের কার্যকলাপ এবং তার পুনরুজ্জীবনের জন্য কর্তৃপক্ষ কি কি পদক্ষেপ নিয়েছেন তা আমরা গভীরভাবে লক্ষ্য করব। আমরা এটাও আশা করছি যে, এই সব সুবিধার একটা অংশ তাঁরা তাদের কর্মীদের দেবেন।

৬১। স্টেনলেস ষ্টিলের বাসনপত্রের উপর প্রদেয় করের হার পুনর্বিন্যাসের উদ্দেশ্যে গেলাস, থালা ও রেকাবি বাদে স্টেনলেস ষ্টিলের অন্যান্য বাসনপত্রাদির উপর করের হার পরিবর্তন করার প্রস্তাব করছি। সে হার কমিয়ে শতকরা আট টাকা হারে কর ধার্য করা হবে। এই পরিবর্তনকে কার্যকর করার জন্য ১৯৪১ সালের বঙ্গীয় রাজস্ব ( বিক্রয়কর ) আইনের [ **The Bengal Finance ( Sales Tax ) Act, 1941** ] প্রয়োজনীয় সংশোধন করাধান বিল-এর অন্তর্ভুক্ত করা হয়েছে। বাইসাইকেল ও তার উপাদানের উপর প্রদেয় করহারের সঙ্গে সমতা আনার জন্য সাইকেল-রিক্সা এবং তার উপাদানের উপর আন্তঃরাজ্য বিক্রয়করের হার কমিয়ে শতকরা এক টাকা করার প্রস্তাব রাখছি।

৬২। এই রাজ্যের কারিগরী যোগ্যতাসম্পন্নদের কর্মসংস্থানের উদ্দেশ্যে সল্ট লেকে একটি ইলেকট্রনিক্স্ কমপ্লেক্স স্থাপনের জন্য আমাদের প্রস্তাবে ভারত সরকারের কোন সাড়া পাওয়া যায় নি। যাই হোক, ইলেকট্রনিক্স্ শিল্পের উন্নয়নকল্পে রাজ্য সরকারের সংস্থাগুলির এবং স্থানীয় উদ্যোক্তাদের মাধ্যমে আমরা সর্বতোভাবে প্রয়াস চালাচ্ছি। দূরদর্শন অনুষ্ঠানসূচী এই রাজ্যে ১৯৭৫ সালে শুরু হয়েছে। স্থানীয় ইলেকট্রনিক্স্ শিল্পের স্বার্থে এই রাজ্যে প্রস্তুত টেলিভিশন সেটগুলিকে প্রস্তুতকারক বিক্রয় করলেই বিক্রয়কর থেকে ৮ই আগস্ট ১৯৭৮ সাল পর্যন্ত তিন বছরের জন্য অব্যহতি দেওয়া হয়েছিল। রঙীন টেলিভিশন অনুষ্ঠানসূচী এদেশে চালু হয়েছে ১৯৮২ সালে। অনুরূপভাবে এই রাজ্যে প্রস্তুত রঙীন টেলিভিশন সেট এবং সংশ্লিষ্ট অন্যান্য সামগ্রীর উপর থেকে ১৯৮৩ সালের পয়লা এপ্রিল থেকে তিন বছরের জন্য বিক্রয়কর মকুব করার প্রস্তাব আমি করছি। সুবিধাসমূহের বিস্তারিত বিবরণ বিজ্ঞপ্তি মারফত প্রকাশ করা হবে।

৬৩। নতুন সিনেমা হল নির্মাণকে উৎসাহিত করার জন্য আমি প্রস্তাব করছি যে, হল চালু হওয়ার দিন থেকে প্রথম এক বছরের মধ্যে প্রতিটি নতুন সিনেমা হল যে প্রমোদ কর এবং কালার সারচার্জ আদায় করবে তা অনুদান অথবা ভরতুকি হিসাবে মঞ্জুর করা হবে এর দ্বারা হল-এর মালিক এই তহবিল থেকে তাঁর মূলধনী ব্যয় আংশিকভাবে মেটাতে পারবেন। এই প্রকল্প তিন বছরের জন্য চালু থাকবে। বাংলা ও নেপালী ভাষার ছায়াছবি নির্মাণকে উৎসাহ দানের উদ্দেশ্যে প্রস্তাব করছি যে, প্রমোদ কর ও কালার সারচার্জের যে সাধারণ হার প্রচলিত আছে তার তিন-চতুর্থাংশ মাত্র এই সব ছবি প্রদর্শনের ক্ষেত্রে ধার্য হবে। ১৯২২ সালের বঙ্গীয় প্রমোদকর

আইনের [ The Bengal Amusements Tax Act, 1922 ] প্রয়োজনীয় সংশোধনীও বিল-এ সন্নিবিষ্ট করা হবে এবং তা এই সভার সামনে উত্থাপন করা হবে।

৬৪। যে অতি-কেন্দ্রীকরণের কথা আমরা বারবার বলে আসছি তা স্থানীয় উদ্যোগ ও মেধাকে ক্ষতিগ্রস্ত করেছে। এই ক্ষতিগ্রস্তদের তালিকায় সর্বশেষ সংযোজন হচ্ছেন শিল্পীরা। টেলিভিশনে সদ্যসম্প্রসারিত জাতীয় অনুষ্ঠানের ফলে তাঁরা একটি গুরুত্বপূর্ণ গণমাধ্যমে অংশ গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছেন। আমি সেইজন্য তাঁদের কিছু সাহায্য করার সিদ্ধান্ত নিয়েছি। বর্তমানে সঙ্গীতানুষ্ঠান, নাটক, ক্রীড়া প্রভৃতি প্রতিটি অনুষ্ঠানে মাথাপিছু প্রবেশমূল্য যখন পনেরো টাকার বেশি হয় তখন প্রমোদকর ধার্য করা হয়। শিল্পী, ক্রীড়াবিদ্‌ ও সঙ্গীত-নাটক-ক্রীড়াপ্রেমিদের স্বার্থে এই ধরনের অনুষ্ঠানকে, প্রবেশমূল্য যাই হোক না কেন, প্রমোদকর থেকে অব্যাহতি দেবার প্রস্তাব রাখছি।

৬৫। বিক্রয়কর ও প্রমোদকরের ক্ষেত্রে বিভিন্ন সুবিধাদানের ফলে রাজস্বকে যে ক্ষতি স্বীকার করতে হবে তার বার্ষিক পরিমাণ দুই কোটি টাকার মতো।

৬৬। পণ্য প্রবেশ কর সংক্রান্ত প্রস্তাব অচিরেই বলবৎ হবে। ধান, চাল, গম এবং আটা ও সুজি সহ গমজাত ময়দা সংক্রান্ত কর-প্রস্তাব পয়লা জুন, ১৯৮৩ থেকে বলবৎ হবে। আর অন্যান্য প্রস্তাবগুলি পয়লা এপ্রিল, ১৯৮৩ থেকে বলবৎ হবে।

৬৭। বর্তমানের কিছু ত্রুটি-বিচ্যুতি দূর করার জন্য ১৯৪১ সালের বঙ্গীয় র' জুট ট্যাক্সেশন আইনে [ The Bengal Raw Jute Taxation Act, 1941 ] এবং ১৯৭৯ সালের পশ্চিমবঙ্গ বহুতল বিল্ডিং কর আইনে [ The West Bengal Multi-storeyed Building Tax Act, 1979 ] বিশেষ পদ্ধতিতে কয় আদায় সংক্রান্ত বিধি, ১৯৩৫ সালের বঙ্গীয় ইলেকট্রিসিটি ডিউটি আইনে [ The Bengal Electricity Duty Act, 1935 ] কর নিরূপণ ও আপীল সংক্রান্ত বিধি এবং ১৯৪১ সালের বঙ্গীয় রাজস্ব ( বিক্রয়কর ) আইনের [ The Bengal Finance ( Sales Tax ) Act, 1941 ] কিছু পরিবর্তনের জন্য বিধি এনে কিছু পদ্ধতিগত পরিবর্তনের প্রস্তাব আমি রাখছি। ১৯৮১-৮২ সাল থেকে দু হাজার টাকা পর্যন্ত খরিদের জন্য সুবিধাজনক হারে করের সুযোগের জন্য বিক্রয়কর আইনসমূহের আওতায় ব্যবসায়িগণ নিজেদের কাগজে 'ডিক্লারেশন ফর্ম' দেওয়ার অনুমোদন পেয়েছিলেন। আমাদের কাছে খবর আছে যে এই সুবিধা যে-উদ্দেশ্যে দেওয়া হয়েছিল তা সিদ্ধ হয় নি। বরং এক শ্রেণীর ব্যবসায়ী এই সুযোগের অপব্যবহার করছেন। তদনুযায়ী আমি প্রস্তাব করছি যে, অবিলম্বে ব্যবসায়িগণকে আবশ্যিকভাবে বিধিবদ্ধ ফর্মে ডিক্লারেশন দিতে হবে। ১৯৪১ সালের বঙ্গীয় রাজস্ব ( বিক্রয়কর ) বিধির [ The Bengal Finance ( Sales Tax ) Act, 1941 ] সংশোধন ক'রে এর জন্য প্রয়োজনীয় বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে। এই প্রস্তাবগুলির বিস্তারিত বিবরণ প্রয়োজনীয় ক্ষেত্রে বিল-এর অন্তর্ভুক্ত করা হবে এবং সেই বিল বিধানসভার বর্তমান অধিবেশনেই আনা হবে।

[3-30—3-40 P.M.]

**Dr. Zainal Abedin :** In view of the inhuman imposition of taxes, we stage a walk-out.

( At this stage, members belonging to Congress (S) walked out of the Chamber )

(noise and interruptions)

( At thise stage, members belonging to Congress (I) walked out of the Chamber. )

**শ্রীজ্যোতি বসু :** ৬৮। আমি যেসব প্রস্তাব করেছি তার দরুন রাজ্য সরকারের বার্ষিক নীট অতিরিক্ত রাজস্ব দাঁড়াবে উনত্রিশ কোটি পঁচিশ লক্ষ টাকার মতো। আর চলতি বছরে তা হবে আটশ কোটি ষোল লক্ষ টাকার মতো। এই সকল ব্যবস্থার ফলে ঘাটতি কমে গিয়ে দাঁড়াবে সাতষট্টি কোটি সাতানব্বই লক্ষ টাকায়। আমরা পরিস্থিতির উপরে ক্রমাগত নজর রাখব এবং যখন যেমন প্রয়োজন তখন তেমন ব্যবস্থা নেব। প্রশাসনিক তৎপরতার দ্বারা রাজস্ব বৃদ্ধি করে বার্ষিক ঘাটতিকে যথাসম্ভব কমানোই আমাদের অভিপ্রায়।

## সাত

৬৯। শেষ করার আগে কেন্দ্র-রাজ্য আর্থিক সম্পর্ক বিষয়ক কয়েকটি সমস্যার কথা উল্লেখ করতেই হবে। গোড়াতেই আমি উল্লেখ করেছি যে, ভারত সরকারের অর্থনৈতিক সমীক্ষায় বলা হয়েছে, ১৯৮২-৮৩ সালটি ভারতীয় অর্থনীতির পক্ষে কঠিন পরীক্ষার সময়। আমরা মনে করি, খরা ও শিল্পে মন্দা ছাড়াও আন্তর্জাতিক অর্থ ভাণ্ডারের সঙ্গে সম্পাদিত চুক্তি অনুযায়ী ভারত সরকার অনুসৃত কতকগুলি নীতির ফলে পরিস্থিতি আরও জটিল হয়ে দাঁড়িয়েছে। এটা ঠিকই যে বৈদেশিক সূত্র থেকে ঋণ গ্রহণের বিশেষ অধিকার কেবল ভারত সরকারেরই আছে। কিন্তু তার ফলে দেশের জনসাধারণ যদি ক্ষতিগ্রস্ত হয়, তবে তা শুধু দেখিয়ে দেওয়াই নয়, এসব ক্ষেত্রে রাজ্যগুলির সঙ্গে পরামর্শ করার দাবি করাও আমাদের কর্তব্য।

৭০। আমরা জানতে পেরেছি কমলাপতি ত্রিপাঠী কমিটি বিক্রয় করের পরিবর্তে অতিরিক্ত অন্তঃশুল্ক প্রবর্তনের প্রস্তাব করেছেন, যদিও প্রায় সব রাজ্যই এই প্রস্তাবের বিরোধিতা করেছে। বিক্রয় করের পরিবর্তে অতিরিক্ত অন্তঃশুল্ক প্রবর্তন করার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের অধিকার নিয়ে আমরা প্রশ্ন তুলেছি এবং বিষয়টি এখন সুপ্রীম কোর্টের বিচারাধীন। কেন্দ্রীয় সরকারের

বর্তমান প্রচেষ্টা আমাদের ঠেকাতে হবে। আমরা নিশ্চিত যে এ ব্যাপারে আমরা সভার সকল সদস্যের সমর্থনই পাব।

৭১। আভ্যন্তরীণ বাজার থেকে সংগৃহীত ঋণে রাজ্য সরকারগুলির অংশের ব্যাপারটা পর্যালোচনা করতে কেন্দ্রীয় সরকারের ক্রমাগত অসম্মতি আমাদের হতাশ করেছে। ঋণের আসল টাকাটা শোধ করে দেওয়ার কৌশল বাজার ঋণের মধ্যেই নিহিত, আর সেজন্যই এ ঋণ আকর্ষণীয়। আমাদের মতে রাজ্যগুলি আভ্যন্তরীণ বাজার থেকে সংগৃহীত ঋণে নিজেদের ন্যায্য অংশ না পেলে, তাদের মূলধনী ফারাক পূরণ করা যাবে না।

৭২। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, ওভারড্রাফ্‌ট্‌ প্রশ্নে কেন্দ্রীয় সরকারের নীতি রাজ্যগুলিকে তাদের উন্নয়ন ব্যাহত না করে আর্থিক দায়দায়িত্ব পালন করার সহায়করূপে পরিচালিত হয় নি। পক্ষান্তরে, নিজেদের ঘাটতি কমানোর ব্যাপারে কেন্দ্রীয় সরকার কোন চেষ্টাই চালাচ্ছেন না। তাঁদের ঘাটতি থাকলেও ব্যয় সঙ্কোচ করার কোন বাধ্যবাধকতা নেই। রাজস্ব বৃদ্ধিতে সর্বপ্রকার অসুবিধার দরুন রাজ্যগুলির কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আরও বেশি সুবিবেচনা ও সুযোগ-সুবিধা প্রয়োজন। ভারত সরকার অনুসৃত নীতি সুষম আঞ্চলিক বিকাশ সম্পর্কিত চিন্তাধারার পরিপন্থী এবং এর ফলে জাতীয় সংহতি বিপন্ন হতে পারে। কেন্দ্র-রাজ্য আর্থিক সম্পর্ক বিষয়ক এইসব নীতির দ্রুত পুনর্বিচারের এবং নতুন দৃষ্টিভঙ্গি গ্রহণের জন্য আমি আবেদন জানাচ্ছি। এ প্রসঙ্গে আমরা অষ্টম অর্থ কমিশনের সুপারিশগুলির উপর অপরিসীম গুরুত্ব আরোপ করি। এ বছরের শেষ দিকে এই কমিশন তাঁদের ঐসব সুপারিশ পেশ করবেন।

৭৩। বিশেষ করে আমাদের রাজ্যের সম্পর্কেই কয়েকটি বিষয় আছে। গত বছরই অমি জানিয়েছিলাম যে কয়েকটি বড় বড় শিল্প প্রকল্প স্থাপনের ব্যাপারে আমরা যেসব প্রস্তাব করেছিলাম, কেন্দ্রীয় সরকার আজও সেগুলির উত্তর দেননি। এগুলির মধ্যে আছে হলদিয়ায় জাহাজ মেরামত কারখানা এবং কয়েকটি প্রতিরক্ষা উৎপাদন কারখানা। হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রকল্প স্থাপনের সর্বপ্রকার অনুমোদন আমরা এখনও পাইনি। জে কে নগরের অ্যালুমিনিয়াম কর্পোরেশন অব ইণ্ডিয়া, ইনচেক টায়ার, ন্যাশন্যাল রাবার এবং অন্যান্য গুরুত্বপূর্ণ শিল্প সংস্থা জাতীয়করণ করার জন্য আমরা যে প্রস্তাব দিয়েছিলাম, তারও কোন জবাব পাওয়া যায়নি। তেমনি দ্বিতীয় হুগলি সেতু নির্মাণ কেন্দ্রীয় ক্ষেত্রের অন্তর্ভুক্ত করা হোক বলে আমরা যে প্রস্তাব করেছিলাম, সে প্রস্তাবও কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত গ্রহণ করেননি। কেন্দ্রীয় সরকার যদি এ প্রস্তাব গ্রহণ না করেন তবে সমগ্র জাতির পক্ষে গুরুত্বপূর্ণ এ প্রকল্পের কাজ শীঘ্রই বন্ধ হয়ে যাবে। আমরা আশা করি ও বিশ্বাস করি যে এসব গুরুত্বপূর্ণ বিষয়ে এ বছরেই সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

৭৪। রেলওয়েকে রোলিং স্টক এবং অন্যান্য সরঞ্জাম সরবরাহের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান একদা ছিল সর্বাগ্রে। ভারত সরকারের বর্তমান বিনিয়োগ নীতির সুযোগ নিয়ে অন্যান্য রাজ্যে নতুন নতুন উৎপাদন কেন্দ্র গড়ে উঠেছে। অন্যদিকে পশ্চিমবঙ্গের যুব সম্প্রদায় যেক্ষেত্রে বহুকাল ধরে কাজ করে আসছে এমন এক ক্ষেত্র থেকে চাকুরির সুযোগ হারাচ্ছে। এই রাজ্যে উৎপাদনমুখী শিল্পে নতুন করে বিনিয়োগ করতে আমরা ভারত সরকারের কাছে আহ্বান জানাই। এ রাজ্যে চক্র রেল ও অন্যান্য রেলপথ প্রকল্প সম্পর্কে কেন্দ্রীয় সরকারের বর্তমান নেতিবাচক মনোভাবের পরিবর্তন হওয়া বাঞ্ছনীয়।

৭৫। আমি আর একটি সমস্যার কথাও উল্লেখ করতে চাই। স্বাধীনতার লগ্ন থেকেই এ সমস্যা আমাদের সাথী হয়ে রয়েছে। এ সমস্যা লক্ষ লক্ষ উদ্বাস্তুর সমস্যা। তাঁদের অর্থনৈতিক পুনর্বাসনের জন্য কেন্দ্রীয় সরকার পর্যাপ্ত আর্থিক সাহায্য করছেন না। ফলে, আমাদের আর্থিক অনটন বাড়িয়ে তোলা হচ্ছে। ইতিপূর্বে লোকসভার সদস্য শ্রীসমর মুখোপাধ্যায়ের

[3-40—4-10 P.M. including adjournment ]

( At this stage due to power failure the House was adjourned for half an hour )

[4-10—4-20 P. M.]

সভাপতিত্বে আমরা যে কমিটি নিয়োগ করেছিলাম, সেই কমিটি এই সমস্যার মোকাবিলার জন্য ও আমাদের অর্থনীতিকে সহায়তার জন্য ৭৫০ কোটি টাকা বিনিয়োগের সুপারিশ করেছিলেন। ভারত সরকারের সঙ্গে আমরা বিষয়টি আলোচনা করছি। এই বিরাট কাজে হাত দেওয়ার জন্য প্রয়োজনীয় টাকা পাওয়ার উদ্দেশ্যে আমাদের প্রচেষ্টাকে সভার সকল সদস্যই যে সমর্থন করেবেন সে সম্পর্কে আমি নিঃসন্দেহ।

## আট

৭৬। আমার বিগত বাজেট বিবৃতিতে আমি উল্লেখ করেছিলাম যে আগামী দু' বছর বিশেষ কঠিন হবে বলে আমরা আশঙ্কা করি। তার মধ্যে অপরিসীম দুঃখকষ্টপূর্ণ একটি বছর আমরা যথেষ্ট সাফল্যের সঙ্গেই উত্তীর্ণ হয়েছি। ফলে আমরা আগামী দিনের সম্মুখীন হওয়ার মত মানসিক ধৈর্য ও সাহস অর্জন করতে পেরেছি। আমরা জানি, এ রাজ্যের জনসাধারণের সমর্থন আমাদের প্রতি আছে। আমাদের দায়িত্ব যতই কঠিন হোক না কেন তা থেকে আমরা কখনই বিচ্যুত হব না।

৭৭। মহাশয়, আমি এখন সভাকে এই বাজেট গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

## পশ্চিমবঙ্গ বাজেট, ১৯৮৩-৮৪

( হাজার টাকার হিসেবে )

| | প্রকৃত, ১৯৮১-৮২ | বাজেট, ১৯৮২-৮৩ | সংশোধিত, ১৯৮২-৮৩ | বাজেট, ১৯৮৩-৮৪ |
|---|---|---|---|---|
| আদায় | | | | |
| ১। প্রারম্ভিক তহবিল | —৭২,৭২,০৯ | * | * | —৬০,৩৯,০১ |
| ২। রাজস্ব আদায় | ১২,২৩,৭৫,২৮ | ১৩,৯৭,৫৭,০৮ | ১৪,২০,৯৭,৮১ | ১৫,২০,২০,১৮ |
| ৩। ঋণখাতে আদায়— | | | | |
| (১) সরকারি ঋণ | ১২,৮৭,৮৭,৬৫ | ১৩,১৪,৭৮,৪৪ | ১৭,৪১,৭০,০২ | ৯,৭৮,২৬,৪২ |
| (২) ঋণ ... | ১৯,৬৩,৯৩ | ২৩,৩৬,৩৬ | ২৮,৭১,৩২ | ৪২,৬০,২৬ |
| ৪। আপন্ন তহবিল ও গণ হিসেব থেকে আদায় | ৩২,৮৫,৯৪,৩০ | ৩৫,০৬,৩২,৮৬ | ৩৫,৩৩,৭১,৭২ | ৩৬,৯১,০১,০৩ |
| মোট ... | ৫৭,৪৪,৪৯,০৭ | ৬২,৪২,০৪,৭৪ | ৫৭,২৫,১০,৮৭ | ৬১,৭১,৬৮,৮৮ |
| ব্যয় | | | | |
| ৫। রাজস্বখাতে ব্যয় | ১৩,১১,৫৬,১২ | ১৫,৪০,১৩,৫৬ | ১৬,৮৫,৯৫,৮৯ | ১৭,১৬,১১,৯৬ |
| ৬। মূলধনখাতে ব্যয় | ১,২৩,৫০,১৬ | ১,৪০,১০,৬২ | ১,৩৪,০১,০৬ | ১,২৬,৩১,৩৮ |
| ৭। ঋণখাতে ব্যয়— | | | | |
| (১) সরকারি ঋণ | ৮,৪৩,৩৩,৭৪ | ৯,৪৫,৪২,৩৪ | ১৩,১৩,০৭,১৮ | ৬,২৬,২৫,০৬ |
| (২) ঋণ ... | ১,৮৮,৪২,৯৭ | ১,৮৭,৪২,০০ | ১,৮৩,৫২,৯৩ | ২,২৬,৭২,৯৬ |
| ৮। আপন্ন তহবিলে স্থানান্তর | ১৫,০০,০০ | ... | ... | ... |
| ৯। আপন্ন তহবিল ও গণ হিসেব থেকে ব্যয় | ৩২,৭৭,৫৯,২৪ | ৩৪,৫৫,০০,৫৬ | ৩৪,৬৮,৯২,৮২ | ৩৬,৩২,৭৯,৬৬ |
| ১০। সমাপ্তি তহবিল | —১৪,৯৩,১৬ | —২৬,০৪,৩৪ | —৬০,৩৯,০১ | —১,৫৬,৫২,১৪ |
| মোট ... | ৫৭,৪৪,৪৯,০৭ | ৬২,৪২,০৪,৭৪ | ৬৭,২৫,১০,৮৭ | ৬১,৭১,৬৮,৮৮ |

( At this stage the members of S. U. C. benches walked out of the Chamber )

( হাজার টাকার হিসেবে )

| | প্রকৃত, ১৯৮১-৮২ | বাজেট, ১৯৮২-৮৩ | সংশোধিত, ১৯৮২-৮৩ | বাজেট, ১৯৮৩-৮৪ |
|---|---|---|---|---|
| নীট ফল— উদ্বৃত্ত (+) ঘাটতি (−) | | | | |
| (ক) রাজস্বখাতে | −৮৭,৮০,৮৪ | −১,৪২,৫৬,৪৮ | −২,৬৪,৯৮,০৮ | −১,৯৫,৯১,৭৮ |
| (খ) রাজস্বখাতের বাইরে | +১,৪৫,৫৯,৭৭ | +১,১৬,৫২,১৪ | +২,০৪,৫৯,০৭ | +৯৯,৭৮,৬৫ |
| (গ) প্রারম্ভিক তহবিল বাদে নীট | +৫৭,৭৮,৯২ | −২৬,০৪,৩৪ | −৬০,৩৯,০১ | −৯৬,১৩,১৩ |
| (ঘ) প্রারম্ভিক তহবিল সহ নীট | −১৪,৯৩,১৬ | −২৬,০৪,৩৪ | −৬০,৩৯,০১ | −১,৫৬,৫২,১৪ |
| (ঙ) অতিরিক্ত সম্পদ সংগ্রহ | ... | −২৫,০০,০০ | ... | +২৮,১৬,০০ |
| (চ) প্রতিশ্রুত অতিরিক্ত ব্যয় | ... | ... | ... | ... |
| (ছ) প্রারম্ভিক তহবিল এবং (ঙ) ও (চ) নং দফা সহ | −১৪,৯৩,১৬ | −১,০৪,৩৪ | −৬০,৩৯,০১ | −১,২৮,৩৬,১৪ |

* রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট অনুযায়ী ৩৪০.৭১ কোটি টাকার ঘাটতি প্রারম্ভিক তহবিল ভারত সরকার হইতে সমপরিমাণ বিশেষ মধ্যমেয়াদী পরিকল্পনা বহির্ভূত ঋণ সহায়তা লইয়া পূরণ করা হইয়াছে। এই টাকা রাজস্বখাত বহির্ভূত অন্যান্য খাতে আদায় ও ব্যয়ের হিসাবে ধরা হইয়াছে [ ৩ (১) নং ও ৭ (১) নং দফা ]।

## Adjournment

The House was then adjourned at 4-20 p.m. till 1 P.M. on Tuesday the 15th March, 1983 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 15th March 1983 at 1 p.m.

**Present**

Mr. Speaker ( SHRI HASHIM ABDUL HALIM ) in the Chair, 16 Ministers, 10 Ministers of State and 162 Members.

[1-00—1-10 P.M.]

## OBITUARY

**Mr. Speaker :** Before I take up the business of the day I rise to refer to the sad demise of (1) Shri Maziruddin Ahmed an Ex-MLA and (2) Shri Satyendra Nath Sen, Ex-Vice Chancellor of Calcutta University.

Shri Ahmed died recently in Cooch Behar at the age of 85.

Shri Ahmed was born at Balarampore, Cooch Behar in December, 1898. He was educated at Jenkins School, Victoria College, Cooch Behar and he obtained his B.L. Degree from the University of Calcutta. He was elected from the Cooch Behar Constituency to the West Bengal Legislative Assembly in 1952 and continued till 1962.

Shri Ahmed was a noted social worker and was associated with many social organisations. He was the Vice-Chairman of Cooch Behar Municipality, Member of the District Minority Board as well as the North Bengal Flood Control Advisory Committee.

In the death of Shri Ahmed we have lost an earnest political worker and a pleasing personality.

Shri Satyendra Nath Sen a well known educationist and the former Vice-Chancellor of the Calcutta University died in Calcutta on the 14th March, 1983. He was 74.

Shri Sen was born on March 4, 1909 at Rangpur now in Bangladesh. He secured the highest marks in English and Sanskrit in his Matriculation Examination in 1925. He stood first in B.A. Examination from Presidency College in 1929 and was also a first class first in M.A. Economics, from Calcutta University. Later he obtained Ph. D. from London School of Economics.

Shri Sen started his career as a Lecturer at Asutosh College in 1942. He then joined Calcutta University as a Lecturerer and later became the Head of the Department of Economics before his assuming the office of Vice-Chancellor of the University in 1968. He held the office of the Vice-Chancellor for eight and a half years.

Shri Sen was the Chairman of the Governing Body of Indian Institute of Technology, Kharagpur, Board of Directors of the State Bank of India, Calcutta circle. He had also served as Chairman of the U.G.C. appointed Committee on governance of the Universities and Colleges. He was also the Chairman of the Pay Committee appointed by the first United Front Government.

Shri Sen was the author of many valuable books namely—"Central Banking in Underdeveloped Money Markets", "The City of Calcutta—Socio-Economic Survey", "Industrial Relations in West Bengal" and "Co-operative Movement in the State".

The death of Shri Sen has created a void in the Educational field in the State which is hard to fill.

Now I request the Honourable Members to rise in their seats for two minutes as a mark of respects to the departed personalities.

(At this stage the members rose in ther seats and observed silence for two minutes)

Thank you, ladies and gentlemen. Secretary will send the message of condolence to the family members of the deceaseds.

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্নোত্তর হওয়ার আগে আমি একটা কথা আপনার অনুমতি নিয়ে বলছি। প্রশ্নোত্তর উত্তরগুলি আধ ঘন্টা আগে লাইব্রেরী টেবিলে থাকার কথা। কিন্তু ১০ মিনিট আগে গিয়েও দেখছি সেগুলি সেখানে নেই, আমরা সেগুলি পাই নি।

**মিঃ স্পীকার ঃ** আমি দেখছি।

## HELD OVER STARRED QUESTIONS

**( To which oral answers were given )**

### বিচারাধীন বন্দীর মৃত্যু

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪১।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৮২ সালের ১লা জানুয়ারি থেকে ৩১শে জানুয়ারী ১৯৮৩ পর্যন্ত পশ্চিমবঙ্গে কতজন বিচারাধীন বন্দীর মৃত্যু হয়েছে ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** ১৯৮২ সালের ১লা জানুয়ারী হইতে ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত পশ্চিমবঙ্গের জেলগুলিতে মোট ৪৫ জন বিচারাধীন বন্দী মারা গিয়াছে। তন্মধ্যে ১ জন পুরুষ বন্দী জেল হাসপাতালে আত্মহত্যা করিয়াছে এবং ৪৪ জনের স্বাভাবিক মৃত্যু হইয়াছে।

উক্ত ৪৪ জনের মধ্যে ২৬ জন পুরুষ বন্দী ও ১ জন মহিলা বন্দী জেল হাসপাতালে এবং ১৫ জন পুরুষ ও ২ জন মহিলা বন্দী জেলের বাহিরে সরকারী হাসপাতালে মারা গিয়াছে।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** আমি জানতে চাইছি জেলে বর্তমানে চিকিৎসার কি কি ব্যবস্থা আছে ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** জেলে সাধারণভাবে একটু আধটু অসুস্থ হয়ে পড়লে সেখানে চিকিৎসার ব্যবস্থা আছে। তা না হলে জেল হাসপাতালে পাঠানো হয়। তা ছাড়া সেন্ট্রাল জেলে ৪ জন করে মেডিক্যাল অফিসার আছেন, এবং সাব জেলগুলিতে এবং ডিষ্ট্রিক্ট জেলে একটি করে মেডিক্যাল অফিসার আছেন। তারা সেখানে চিকিৎসিত হয়ে থাকে। তা ছাড়া প্রত্যেকটি ডিষ্ট্রিক্টে ডিষ্ট্রিক্ট মেডিক্যাল অফিসার প্রতিদিন জেল হাসপাতালে গিয়ে থাকেন।

**শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** সেন্ট্রাল জেল ডিষ্ট্রিক্ট জেল এবং সাব জেলে এই বামফ্রন্ট সরকারের আমলে গত পাঁচ বছর থেকে বর্তমান বছর পর্যন্ত কোন নূতন জেল হাসপাতাল তৈরী হয়েছে কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় :** ১৯৭৭-৭৮ থেকে ১৯৮৩ সাল পর্যন্ত একটা নূতন ৬০ বেডের হাসপাতাল জলপাইগুড়িতে তৈরী হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রীমহাশয় স্বাভাবিক মৃত্যু হয়েছে বলেছেন কিন্তু করসপণ্ডিং পিরিয়ড ইন আদার ইয়ারস এই স্বাভাবিক মৃত্যুর হার চাইলে আপনি নোটিশ চাইবেন। আমি জানতে চাইছি হাইকোর্ট যা বলেছে যে বিশেষকরে দমদম সেন্ট্রাল জেলে সাব-হিউম্যান কনডিসনে থাকার জন্য মৃত্যুর সংখ্যা বেড়েছে, এটা কি ঠিক ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় :** এটা ঠিক নয়। পৃথকভাবে নোটিশ দিলে ডিটেলস বলে দেবো। তবে খুব কম হারেই মারা গিয়েছে।

**শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ? যেসব মারা গিয়েছে তাদের জন্য কোন তদন্ত করার কোন বিধান আছে কিনা এবং যদি থাকে তাহলে তা করা হয় কিনা ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় :** অস্বাভাবিক মৃত্যুর অভিযোগ এলে সঙ্গে সঙ্গে তদন্ত করা হয়ে থাকে।

**Shri Rajesh Khaitan :** Will the Hon'ble Minister be pleased to state that whether at the time of death of Santosh Bag at Dum Dum Central Jail his ticket was missing, and whether all the tickets of other prisoners are being properly maintained ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় :** এই রকম কিছু হয় নি, এবং স্বাভাবিক মৃত্যু হয়েছে বলে রায়ে জানিয়েছে।

## রায়দিঘী হইতে কলিকাতা রুটে সরকারী বাস চালু করার পরিকল্পনা

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২।) **শ্রীকৃষ্ণধন হালদার :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার রায়দিঘী হইতে কলিকাতা (ভায়া মন্দিরবাজার) রুটে সরকারী বাস চালাইবার কোন পকিল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত রুট চালু হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীরবীন মুখার্জী :** (ক) হ্যাঁ।

(খ) বর্তমানে গড়ীর স্বল্পতার জন্য কবে নাগাদ উক্ত রুট চালু হইবে, তাহা এখনই বলা সম্ভব নয়।

[1-10—1-20 P.M.]

## STARRED QUESTIONS

**(To which oral answers were given)**

### শৈত্যপ্রবাহে মৃত্যুর সংখ্যা

*২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিগত শৈত্যপ্রবাহের ফলে মৃত্যুর কোন ঘটনা ঘটিয়াছে কি ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, ইহার সংখ্যা কত ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয়া মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমরা ঐ সময় প্রতিদিন সংবাদপত্রের মাধ্যমে শৈত্য প্রবাহে মৃত্যুরর ঘটনার কথা শুনেছি, কিন্তু তিনি এই বিষয়ে কিছু বললেন না, আমি জানতে চাইছি, শীতের সময় গ্রামাঞ্চলে দুস্থ মানুষদের কোন সাহায্য করা হয়েছিল কি ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী :** গ্রামাঞ্চলে শীতের প্রকোপ থেকে রক্ষা পাওয়ার জন্য অক্ষম গ্রামবাসীদের মধ্যে বিতরণের জন্য জেলা শাসকগণকে সুতী এবং পশমের কম্বল মঞ্জুর করা হয়। বিগত শীতের মরশুমে জেলা শাসকগণকে যে পরিমান কম্বল বিতরণের জন্য মঞ্জুর করা হয় তার পরিমান হচ্ছে—২৪ পরগনায় ৫ হাজার, হাওড়ায় ১ হাজার, হুগলিতে ২ হাজার, মুর্শিদাবাদে ২ হাজার, বর্ধমানে ৩ হাজার, বীরভূমে দু হাজার পাঁচ শত, বাঁকুড়ায় ১৫০০, মেদিনীপুরে ৫ হাজার নদীয়ায় ২ হাজার, কুচবিহারে ১ হাজার, জলপাইগুড়িতে ১ হাজার, পশ্চিম দিনাজপুরে ১ হাজার, মালদহে ১ হাজার, পুরুলিয়ায় দু হাজার, দার্জিলিং-এ দু হাজার, পশমী কম্বল দেওয়া হয়েছে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** কার মাধ্যমে এই কম্বলগুলো বিতরণ করা হয়েছিল, কারণ আমার জেলাতে এই কম্বল বিতরণ করা হয়েছে বলে আমার জানা নেই।

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ** আমরা সব জেলার জেলা ম্যাজিস্ট্রেটদের কাছে পাঠিয়ে দিয়েছিলাম এবং জেলা ভিত্তিক কমিটির মাধ্যমে এইগুলো বিতরণ করা হয়েছে।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়া জানাবেন কি, সেই কমিটি কাদের নিয়ে তৈরী করা হয়েছিল ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ** জেলা পরিষদের একটা ত্রান কমিটি আছে, তার মাধ্যমেই এইগুলো বিতরণ করা হয়েছে।

**শ্রীআবদুর রউফ আনসারী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়া জানাবেন কি, এই সাহায্য থেকে কলকাতাকে কেন বাদ দিলেন ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ** কলকাতাকে দেওয়া হয়েছে, তবে এখানে সেটা লেখা নেই।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়া জানাবেন কি, বিধানসভা ভিত্তিক কোন ডিষ্ট্রি-বিউশন কমিটি করবেন কি ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ** আমাদের যেটা আছে জেলাগত ভাবেও আছে ব্লক লেভেলেও আছে, দুই স্তরেই ত্রান কমিটি আছে।

## কারাবন্দী

*২৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৩।) **শ্রীঅনিল মুখার্জী ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৭ সালে পশ্চিমবঙ্গের সমস্ত জেলে মোট কতজন বন্দী ছিল ও ১৯৮২-৮৩ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত মোট কতজন কারাবন্দী আছেন ;

(খ) সমস্ত জেলবন্দীদের জন্য গড়ে প্রতিদিন কত খরচ হয় ;

(গ) সমস্ত জেলবন্দীদের চিকিৎসার জন্য প্রতিদিন গড়ে কত খরচ হয় ; এবং

(ঘ) ১৯৮৩ সালের ১৫ই ফেব্রুয়ারি পর্যন্ত সমস্ত জেলবন্দীদের মধ্যে কতজন স্ত্রীলোক আছেন ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** (ক)

| | | দৈনিক গড় সংখ্যা |
|---|---|---|
| ১৯৭২-৭৩ | — | ২৪,২৩০ |
| ১৯৭৩-৭৪ | — | ২৩,৭৬৪ |
| ১৯৭৪-৭৫ | — | ২৪,৬৫৮ |
| ১৯৭৫-৭৬ | — | ২৫,৯৩০ |
| ১৯৭৬-৭৭ | — | ২২,৯৩৩ |
| এবং ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত | — | ১১,০২২ |

(খ) ১৯৮১-৮২ সালে সমস্ত জেলবন্দীদের জন্য গড়ে প্রতিদিন খরচ হয়—১০১,৫৫৬.২০ পঃ।

(গ) বিগত ১৯৮১-৮২ সালের গড়—৬,৭৩৪ টাকা ৭২ পঃ।

(ঘ) ৯৪৩ জন।

**শ্রীসরল দেবঃ** বন্দীদের চিকিৎসা বাবদ যে টাকা খরচ হয়েছে এই টাকায় বর্তমানে সমস্ত ওষুধের দাম বেড়ে যাওয়ায় আর কুলাচ্ছে না। মাথা পিছু খরচের বরাদ্দ বাড়াবার কথা ভাবছেন কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** আমরা মাথা পিছু কিছু খরচের বরাদ্দ বাড়াবার কথা চিন্তা করছি।

**শ্রীরবীন্দ্রনাথ মণ্ডলঃ** ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত আপনি কয়েক হাজার বন্দীদের লিষ্ট দিলেন। এই লিষ্টের মধ্যে পার্টিগত কোন হিসাব আপনার কাছে আছে কিনা এবং যদি না থাকে তাহলে এই সময়ের মধ্যে কতজন বন্দী অস্বভাবিকভাবে মারা গেছে, সেটা বলতে পারবেন কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** আপনি পৃথকভাবে প্রশ্ন দেবেন, আমি উত্তর দিয়ে দেব।

**ডাঃ মানস ভুঁইয়াঃ** বন্দীদের চিকিৎসার ব্যাপারে টাইম টু টাইম পিরিয়ডিক্যাল চেক আপের কোন সিসেটেম চালু আছে কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** ওখানে কিভাবে চিকিৎসার ব্যবস্থা হয়ে থাকে সেটা আমি মাননীয় জয়ন্ত বিশ্বাসের প্রশ্নের উত্তরে বলে দিয়েছি।

**শ্রীসুমন্ত কুমার হীরাঃ** শিশু অপরাধীদের মধ্যে কি ধরণের অপরাধ প্রবণতা সব চেয়ে বেশী দেখা যায়, মন্ত্রী মহাশয় বলতে পারবেন কি ?

**শ্রীদেবব্রত বন্দোপাধ্যায়ঃ** শিশু বন্দীদের সম্পর্কে এর পরে প্রশ্ন আছে। আপনি সেই সময় সাপ্লিমেণ্টারি কোশ্চেন করবেন, আমি উত্তর দিয়ে দেব।

**স্যানিটারি পায়খানা নির্মাণ প্রকল্প**

*২৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৮।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খাটা পায়খানার জায়গায় স্যানিটারি পায়খানা নির্মাণের প্রকল্প পশ্চিমবঙ্গের কোন্ পৌর সংস্থায় কতদূর অগ্রসর হয়েছে, এবং

(খ) সমগ্র কাজটি সম্পূর্ণ করতে কতদিন লাগবে ?

**শ্রীপ্রশান্ত কুমার শূরঃ** (ক) এযাবৎ খাটা পায়খানার জায়গায় স্যানিটারী পায়খানা নির্মাণের পরিসংখ্যান নিম্নরূপ—

| | | |
|---|---|---|
| কলিকাতা কর্পোরেশন | — | ২৯,১৫৩ |
| হাওড়া ও বালি পৌরসভা | — | ১৫,৫১১ |
| কলিকাতা মেট্রোপলিটান ডিষ্ট্রিক্ট অন্তর্ভুক্ত— | | |
| (ক) গঙ্গার পূর্বতীরস্থ অন্যান্য পৌরসভা | — | ১৮,৩২৩ |
| (খ) গঙ্গার পশ্চিমতীরস্থ অন্যান্য পৌরসভা | — | ১১,১৬৩ |
| কলিকাতা মেট্রোপলিটান ডিষ্ট্রিক্ট বহির্ভূত পৌরসভা | — | ২৪,০০০ |
| মোট | — | ৯৮,১৫০ |

(খ) এখনও পর্য্যন্ত সমগ্র কাজটি সম্পূর্ণ করার জন্য কোনো সুনির্দিষ্ট প্রকল্প নেওয়া সম্ভব হয় নাই।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মিউনিসিপ্যাল এলাকার খাটা পায়খানাগুলি কিছু কিছু করে স্যানিটারি ল্যাট্রিনে রুপান্তরিত করার ব্যবস্থা করেছেন। কিন্তু যদি কোন টাইম বাউণ্ড প্রোগ্রাম না থাকে তাহলে সুষ্টুভাবে এগোন যাবে না। কিভাবে আপনি এগোচ্ছেন, বলবেন কি ?

**শ্রীপ্রশান্ত কুমার শূরঃ** আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই নিয়ে আলোচনা করেছি। তারা আমাদের সাহায্য করেছেন। বর্তমানে মুর্শিদাবাদ এবং সোনামুখী এই দুটি পৌরসভা থেকে খাটা পায়খানা সম্পূর্ণ ভাবে দূর কারার জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ১৮ লক্ষ ৩৫ হাজার

টাকা পেয়েছি। আমাদের মোট পরিকল্পনা ৩৬ লক্ষ ৭০ হাজার টাকার মধ্যে কেন্দ্রীয় সরকার এই টাকা দিয়েছেন। তাছাড়া আমরা ঘাটাল, মেদিনীপুর, বোলপুর, শান্তিপুর ইত্যাদি পৌরসভার খাটা পায়খানা সম্পূর্ণ মুক্ত করার জন্য কেন্দ্রীয় সরকারকে লিখেছি। আমরা আশা করছি তাদের অনুমোদন পাব। তাছাড়া আমাদের সরকারী সিদ্ধান্ত হচ্ছে আগামী ১০ বছরের মধ্যে সারা পশ্চিমবঙ্গে যাতে কোন খাটা পায়খানা না থাকে সেই ব্যবস্থা আমরা করছি।

[1-20—1-30 P.M.]

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন মুর্শিদাবাদ এবং সোনামুখী এই দুটি শহরের সমস্ত খাটা পায়খানা তুলে দেবার জন্য কেন্দ্রীয় সরকার টাকা দিয়েছেন। আমি জানতে চাই এই দুটি জায়গায় কোন সময় নাগাদ এই কাজ সম্পূর্ণ হতে পারে সেটা ঠিক করা হয়েছে কি?

**শ্রীপ্রশান্ত কুমার শূরঃ** আমরা মাত্র টাকাটা পেয়েছি। রাজ্যসরকারের সম পরিমান অর্থ পেলেই আমরা কাজটাতে হাত দেব। আমার মনে হয় দু/এক বছরের মধ্যে কাজটা কমপ্লিট করতে পারবো।

**শ্রীআবদুর রউফ আনসারিঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, ১৯৭৭ সালের জুন মাস থেকে ১৯৮২ সালের ডিসেম্বর মাস পর্য্যন্ত এই সরকার কত কনভারসানের কেস করেছেন—খাটা থেকে স্যানিটারি—মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি?

**শ্রীপ্রশান্ত কুমার শূরঃ** আমরা ইতিমধ্যে কোলকাতা পৌরসভায় কত করেছি, বিভিন্ন পৌরসভায় কত করেছি বলেছি। টোট্যাল করেছি ৯৮ হাজার ১৫০। এখন নির্দিষ্ট কোন সময়ের কথা যদি জানতে চান নোটিশ দিতে হবে।

**শ্রীমতী ছায়া ঘোষঃ** আমরা পৌরপিতাদের কাছ থেকে শুনেছি দু দফায় নাকি টাকাটা এ্যালটমেণ্ট হয়েছে এবং প্রথম দফায় এ্যালটমেণ্টের টাকাটা মার্চ মাসের মধ্যে খরচ না করলে সেটা নাকি ফেরৎ চলে যাবে। মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, এটা কি সত্য?

**শ্রীপ্রশান্ত কুমার শূরঃ** টাকাটা আমরা একটা প্রকল্প বাবদ পেয়েছি এবং সেই কাজে আমরা হাত দিচ্ছি। টাকাটা ফেরত যাবে কেন, যাবার তো কোন কারণ নেই।

**শ্রীসুনীতি চট্টরাজঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, মাননীয় মুখ্যমন্ত্রীর জন্য রাজভবনে যে নতুন কোয়ার্টার হয়েছে তার স্যানিটারি পায়খানার কাজটা কি শেষ হয়েছে?

**মিঃ স্পীকারঃ** এটা কোন প্রশ্ন নয়।

## বার্ধক্য ও বিধবা পেনশন

*২৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩১।) **শ্রীশীশ মহম্মদ ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমগ্র পশ্চিমবঙ্গে মোট কতজনকে বার্ধক্য পেনশন ও কতজন মহিলাকে বিধবা পেনশন দেওয়া হইয়া থাকে ও ঐ বাবদ প্রতি আর্থিক বৎসরে গড়ে কত টাকা খরচ হয়; এবং

(খ) বর্তমানে জনপ্রতি মাসিক বার্ধক্য পেনশন ও বিধবা পেনশনের পরিমাণ কত?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** (ক) বার্ধক্য পেনশন— ২৬৩১৭ জন

এবং

বিধবা পেনশন— ৬০৬২ জন

বিগত তিনটি আর্থিক বৎসরের গড় হিসাবে ১,৫৪,৭৭,৮৫০ টাকা।

(খ) প্রতিক্ষেত্রেই ৩০ টাকা।

## বিধবা ভাতা প্রাপকের সংখ্যা

*২৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯৭।) **শ্রীমাধবেন্দু মোহান্ত ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে (৩১-১-১৯৮৩) মোট কতজন বিধবা ভাতা পাচ্ছেন ও তন্মধ্যে নদিয়া জেলায় কতজন; এবং

(খ) ১৯৭৭-৭৮ হ'তে ১৯৮১-৮২ পর্যন্ত সালওয়ারী উক্ত ভাতা বাবদ কত টাকা ব্যয় হয়েছে?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** (ক) মোট ৬০৬২ জন ও তন্মধ্যে নদীয়া জেলায় ২৪২ জন।

(খ)

| | |
|---|---|
| ১৯৭৭-৭৮— | শূন্য |
| ১৯৭৮-৭৯— | শূন্য |
| ১৯৭৯-৮০— | ১,০০,০০০ |
| ১৯৮০-৮১— | ৮,২৩,৭৫৬ |
| ১৯৮১-৮২— | ১৪,৯৭,৪৭৫ |
| মোট— | ২৪,২১,২৩১ |

টাকা পেয়েছি। আমাদের মোট পরিকল্পনা ৩৬ লক্ষ ৭০ হাজার টাকার মধ্যে কেন্দ্রীয় সরকার এই টাকা দিয়েছেন। তাছাড়া আমরা ঘাটাল, মেদিনীপুর, বোলপুর, শান্তিপুর ইত্যাদি পৌরসভার খাটা পায়খানা সম্পূর্ণ মুক্ত করার জন্য কেন্দ্রীয় সরকারকে লিখেছি। আমরা আশা করছি তাদের অনুমোদন পাব। তাছাড়া আমাদের সরকারী সিদ্ধান্ত হচ্ছে আগামী ১০ বছরের মধ্যে সারা পশ্চিমবঙ্গে যাতে কোন খাটা পায়খানা না থাকে সেই ব্যবস্থা আমরা করছি।

[1-20—1-30 P.M.]

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন মুর্শিদাবাদ এবং সোনামুখী এই দুটি শহরের সমস্ত খাটা পায়খানা তুলে দেবার জন্য কেন্দ্রীয় সরকার টাকা দিয়েছেন। আমি জানতে চাই এই দুটি জায়গায় কোন সময় নাগাদ এই কাজ সম্পূর্ণ হতে পারে সেটা ঠিক করা হয়েছে কি?

**শ্রীপ্রশান্ত কুমার শূরঃ** আমরা মাত্র টাকাটা পেয়েছি। রাজ্যসরকারের সম পরিমান অর্থ পেলেই আমরা কাজটাতে হাত দেব। আমার মনে হয় দু/এক বছরের মধ্যে কাজটা কমপ্লিট করতে পারবো।

**শ্রীআবদুর রউফ আনসারি ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, ১৯৭৭ সালের জুন মাস থেকে ১৯৮২ সালের ডিসেম্বর মাস পর্য্যন্ত এই সরকার কত কনভারসানের কেস করেছেন—খাটা থেকে স্যানিটারি—মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি?

**শ্রীপ্রশান্ত কুমার শূরঃ** আমরা ইতিমধ্যে কোলকাতা পৌরসভায় কত করেছি, বিভিন্ন পৌরসভায় কত করেছি বলেছি। টোট্যাল করেছি ৯৮ হাজার ১৫০। এখন নির্দিষ্ট কোন সময়ের কথা যদি জানতে চান নোটিশ দিতে হবে।

**শ্রীমতী ছায়া ঘোষঃ** আমরা পৌরপিতাদের কাছ থেকে শুনেছি দু দফায় নাকি টাকাটা এ্যালটমেণ্ট হয়েছে এবং প্রথম দফায় এ্যালটমেণ্টের টাকাটা মার্চ মাসের মধ্যে খরচ না করলে সেটা নাকি ফেরৎ চলে যাবে। মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, এটা কি সত্য?

**শ্রীপ্রশান্ত কুমার শূরঃ** টাকাটা আমরা একটা প্রকল্প বাবদ পেয়েছি এবং সেই কাজে আমরা হাত দিচ্ছি। টাকাটা ফেরত যাবে কেন, যাবার তো কোন কারণ নেই।

**শ্রীসুনীতি চট্টরাজঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, মাননীয় মুখ্যমন্ত্রীর জন্য রাজ-ভবনে যে নতুন কোয়ার্টার হয়েছে তার স্যানিটারি পায়খানার কাজটা কি শেষ হয়েছে?

**মিঃ স্পীকারঃ** এটা কোন প্রশ্ন নয়।

**শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে বার্ধক্য ভাতা এবং বিধবা ভাতা প্রাপক কিভাবে ঠিক করা হয় অর্থাৎ এটা সিলেকশনের প্রসিডিওর কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** সেটার জন্য কমিটি রয়েছে। সেই কমিটি বিচার করেন এবং বিশেষ করে মিউনিসিপ্যালিটিতে সেটা পৌর প্রধান এবং গ্রামাঞ্চলে সেটা প্রধানরা আইডেনটিফাই করে থাকেন। তারপর সেই রেকমেনডেশান আসে জেলা ম্যাজিস্ট্রেটের কাছে এবং জেলা ম্যাজিস্ট্রেটের কাছ থেকে এতদিন পর্যন্ত মহাকরণে আসতো। এখন জেলা ম্যাজিস্ট্রেট থেকেই এর ফয়সালা হচ্ছে।

**Shri Sheikh Ramjan Ali :** Will the Hon'ble Minister be pleased to state the eligibility factor of getting such pension ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** সাধারণ ভাবে আর্থিক অবস্থা বিবেচনা করা হয়ে থাকে এবং বিশেষ ভাবে যদি ভরণ-পোষণের আর কেউ না থাকে সেটাও বিবেচনার মধ্যে থাকে।

**শ্রীঅনুপ কুমার চন্দ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে পৌর এলাকায় কোন কমিটি আছে, যারা এটা সিলেক্ট করে থাকেন ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** সাধারণ ভাবে মিউনিসিপ্যালিটিতে কমিটি রয়েছে। কিন্তু দেখা যায় সেই কমিটি কোন ফাংশান করেনা, চেয়ারম্যানই এটা করে থাকেন।

**শ্রীসুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমি আপনাকে জিজ্ঞাসা করবো না, কারণ এটা সম্ভব নয়। পশ্চিমবাংলায় বিধবাদের সংখ্যা কত—এটা আমি জিজ্ঞাসা করবো না। আমার প্রশ্ন হচ্ছে, মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন যে বামফ্রন্ট সরকারের আমলে কতজন বিধবা পশ্চিমবাংলায় তৈরী করা হয়েছে ?

**মিঃ স্পীকার ঃ** এই প্রশ্ন আসে না।

## ডিপ টিউবওয়েল

*২৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১১১১।) **শ্রীঅনুপকুমার চন্দ্র ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সালের ১লা জুন হইতে ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত পশ্চিমবঙ্গে কতগুলি ডিপ টিউবওয়েল বসানো হয়েছে ; এবং

(খ) উহাদের মধ্যে বর্তমানে কতগুলি সক্রিয় আছে ?

**শ্রীকানাই ভৌমিক :** (ক) ৩৪৪টি ।

(খ) ৩৪৪টি।

**শ্রীঅনুপ কুমার চন্দ্র :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে সক্রিয় আছে। আমরা বিভিন্ন জায়গায় দেখেছি যে অনেক ডিপ টিউবয়েল খারাপ হয়ে আছে, অনেকগুলি সারানোর কোন ব্যবস্থা করা হয়নি। এই ব্যাপারে আপনার কাছে কোন ইনফরমেশান আছে কিনা জানাবেন কি ?

**শ্রীকানাই ভৌমিক :** মাননীয় সদস্য প্রশ্ন যেটা জানতে চেয়েছেন সেটা হচ্ছে, ১৯৭৭ সালের ১লা জুন হইতে ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত সময়ের হিসাব। আপনি নিশ্চয়ই জানেন যে পশ্চিমবঙ্গের ১৯৭৬ সালের পর থেকে সরাসরি গভর্ণমেন্টের আণ্ডারে কোন ডিপ টিউবয়েল হয়নি।

[1-30—1-40 P. M.]

দ্বিতীয়তঃ যেকটি ডিপ টিউবওয়েল হচ্ছে তা মাইনর ইরিগেসন কর্পোরেশনের মাধ্যমে হচ্ছে। এই পিরিয়ড-এর মধ্যেই হয়েছে ৩৪৪টি। গভর্ণমেন্টের তরফ থেকে ১৯৭৬ সাল থেকে এখন পর্যন্ত একটিও হয়নি। এই যে ৩৪৪টি ফাংসনিং আছে বলছি, এর অর্থ হচ্ছে আমাদের জল দেবার মত সব কিছু ব্যবস্থা রেডি, কিন্তু যেহেতু বৈদ্যুতিকরণের কাজ সম্পূর্ণ হয়নি সেহেতু এখন ৯৮টি ঠিকমত চালু আছে।

**শ্রীভুপেন্দ্রনাথ শেঠ :** মাননীয় মন্ত্রীমহাশয় অবগত আছেন কি, বনগাঁ মহকুমায় ১৯৭৭ সাল থেকে ১৯৮৩ সালের মধ্যে যে সমস্ত টিউবওয়েলগুলি হয়েছে তার মধ্যে তিনটি খারাপ অবস্থায় পড়ে আছে ? সেখানে মাটির নীচে সাফিসিয়েন্ট জল না থাকায় সেখান থেকে সেগুলিকে তুলে নিয়ে যাওয়া হচ্ছে কি ?

**শ্রীকানাই ভৌমিক :** মাননীয় সদস্য এব্যাপারে একটা নোটিশ দেবেন, আমি খোঁজ নিয়ে তাঁকে জানিয়ে দেব।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রী মহোদয়কে আমি অনুরোধ করব—আপনাদের রেজীম, কিম্বা আমাদের রেজীম্-এর কথা নয়—যে, বর্তমানে যে গুলা চলছে তাতে আন্তরিকতার সঙ্গে ডিপ টিউবওয়েলগুলি চালু রাখার ব্যবস্থা করুন। এখানে উত্তর দেওয়া এককথা, আর চালু রাখা অন্য কথা। রিকোয়েষ্ট ফর এ্যাকসনে কোন কাজ হয় না। আমাদের সময় থেকেই দেখছি এনার্জাইসেসন হচ্ছে না। দপ্তরে এব্যাপারে চিঠি দিয়েও কোন উত্তর পাওয়া যাচ্ছে না।

আপনাদের ব্রুট মেজোরিটি আছে, আপনারা যা ইচ্ছে তাই করছেন। তবু আমি অনুরোধ করছি যে, ইনহিউম্যান ভ্রুট কণ্ডিসনের দিকে একটু নজর দিন।

**শ্রীকানাই ভৌমিক ঃ** মাননীয় সদস্যকে আমি বলতে পারি যে, আমাদের অনেকগুলি ডিপ টিউবওয়েল চালু হচ্ছে না, কারণ হচ্ছে সেগুলির সমস্ত যন্ত্রপাতি চুরি হয়ে যাচ্ছে। এই হলো এক নম্বর কথা। দু' নম্বর হচ্ছে যেসমস্ত বৈদ্যুতিক সংযোগ ব্যবস্থা হচ্ছে তাও নষ্ট করে দিচ্ছে। তথাপি মাননীয় সদস্যরা শুনে নিশ্চয়ই খুশি হবেন যে, বর্তমান আর্থিক বছরে নতুন করে ১৪৫টি ডিপ টিউবওয়েলে বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা করা হচ্ছে।

**শ্রীপ্রবোধ পুরকাইত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, ডিপ টিউবওয়েলগুলির সমস্ত কিছু তৈরী হয়ে আছে, বিদ্যুতের অভাবে চালু হচ্ছে না। এখন এই বিদ্যুৎ সংযোগের কাজ কত দিনের মধ্যে সম্পূর্ণ করে জল সরবরাহের ব্যবস্থা করবেন, তা মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** কত দিনের মধ্যে পারব জানি না, তবে যাতে তাড়াতাড়ি হয় তারজন্য আমরা বিদ্যুৎ বিভাগকে বলছি, তারা চেষ্টা করছে।

**শ্রীগোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, ৯৮টি ডিপ টিউবওয়েল বিদ্যুতের অসুবিধার জন্য বন্ধ আছে। এখন আমার প্রশ্ন হচ্ছে প্রথম থেকেই কি এগুলি বিদ্যুতের অভাবে বন্ধ ছিল, না পরবর্তীকালে বন্ধ হয়ে গেছে ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** এগুলি পরবর্তীকালে বন্ধ হয়েছে।

**শ্রীআবদুস সাত্তার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় 'খ' প্রশ্নের উত্তরে বললেন বর্তমানে সবগুলিই সক্রিয় আছে, কিন্তু পরে বললেন, চালানো যাচ্ছে না বিদ্যুতের অভাবে। তাহলে তিনি সক্রিয় আছে বললেন কেন ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** আমাদের দপ্তরের দিক থেকে যা কিছু এ্যারেঞ্জমেণ্ট করার ছিল আমরা তা করেছি, আমাদের কোন দোষ বা নিষ্ক্রিয়তা নেই, সেই জন্য সক্রিয় বলেছি।

## বার্ধক্য ভাতা প্রাপকের সংখ্যা বৃদ্ধির পরিকল্পনা

*২৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৬।) **শ্রী[illegible] মণ্ডল ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত ভয়াবহ খরার পরিপ্রেক্ষিতে গ্রামাঞ্চলে বার্ধক্য ভাতা প্রাপকের সংখ্যা বৃদ্ধির বিষয়ে সরকার বিবেচনা করিতেছেন কি ;

(খ) করিয়া থাকিলে, ১৯৮৩-৮৪ আর্থিক বৎসরে রামপুরহাট ১ নং ব্লক এলাকার কোন্ গ্রাম পঞ্চায়েত এলাকার জন্য কত সংখ্যক ব্যক্তির জন্য বার্ধক্য ভাতা বরাদ্দ করা হওয়াছে ; এবং

(গ) রামপুরহাট পৌর এলাকায় এ বৎসরে কতজনকে বার্ধক্য ভাতা বরাদ্দ করা হইয়াছে ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) ২৬ জন।

## ময়লা ফেলা লরি বিক্রয়

*২৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৪।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৮২ সালে কলিকাতা কর্পোরেশনের কিছু ময়লা ফেলা লরি বিক্রয় করিয়া দেওয়া হইয়াছে ;

(খ) সত্য হইলে, মোট বিক্রীত লরির সংখ্যা এবং প্রাপ্ত টাকার পরিমাণ কত ; এবং

(গ) বর্তমানে কলিকাতা কর্পোরেশনের নিজস্ব এবং ভাড়া করা (পৃথক পৃথকভাবে) ময়লা ফেলা লরির সংখ্যা কত ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** (ক) না। ইহা সত্য নহে। ১৯৮২ সালে কলিকাতা কর্পোরেশনের কোন ময়লা ফেলা লরী বিক্রয় করা হয় নাই।

(খ) উপরোক্ত উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রসঙ্গ ওঠে না।

(গ) বর্তমানে কর্পোরেশনের নিজস্ব ময়লা ফেলা লরীর সংখ্যা ৩০২। বর্তমানে ময়লা ফেলার কাজে নিয়োজিত কোন ভাড়া লরী নাই।

## পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলে বিচারাধীন শিশুবন্দীর সংখ্যা

*২৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৫।) **শ্রীকৃষ্ণধন হালদার ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারি পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলে কতজন বিচারাধীন শিশুবন্দী ছিল ; এবং

(খ) শিশুবন্দীদের অ্যাকাডেমিক শিক্ষাদানের জন্য কোন্ কোন্ জেলে কিরূপ ব্যবস্থা আছে ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** (ক) পশ্চিমবঙ্গের জেলাগুলিতে ২৮-১-৮৩ তারিখ পর্যন্ত বিচারাধীন শিশুবন্দীদের সংখ্যা ছিল ৩৬৪ জন।

(খ) সব কেন্দ্রীয় জেলা এবং বিশেষ কারাগারেই বেতনভূক শিক্ষকদের দ্বারা নিয়োমিত শিক্ষাদানের ব্যবস্থা আছে। ইহা ছাড়া বারাসাত সংশোধনী বিদ্যালয় (ইনষ্টিটিউশান অফ ক্যারেকশন্যাল সার্ভিস) এবং প্রেসিডেন্সী কারাগারে যেখানে ছোট ছোট ছেলেমেয়েদের রাখা হয়, ওয়েলফেয়ার অফিসারদের তত্ত্বাবধানে অভিজ্ঞ শিক্ষকদের দ্বারা সে সকল স্থানে সঙ্গীত শিক্ষারও ব্যবস্থা আছে। এইসব শিশুদের মাটির কাজ, চারুশিল্প এবং বই বাঁধানাও শিক্ষা দেওয়া হয়।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ** বারাসাতে যেসব শিশুবন্দীরা বড় হচ্ছে তাদের মধ্যে স্কুল ফাইন্যালে চারটে লেটার নিয়েও পাশ করেছে। এখন শোনা যাচ্ছে তাদেরকে জেলের নিয়ম-কানুন অনুযায়ী রাখা যাচ্ছে না। আমার প্রশ্ন হচ্ছে, তাদের পড়াশুনার বন্দোবস্তের জন্য রাজ্য-সরকার কি কোন ব্যবস্থা গ্রহন করছেন ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** সাধারণভাবে এইসব ছেলেদের রাখতে পারি না কোর্ট থেকে যে সমস্ত নির্দেশ আছে। তাসত্ত্বেও আমরা চেষ্টা করছি অন্যত্র কোন জায়গায় মানুষ করা যায় কিনা কিম্বা তাদের চাকরীর বন্দোবস্ত করা যায় কিনা। এ ছাড়া আরোও কিছু ছেলে ওখানে তৈরী হচ্ছে যারা সামনের বছর আশা করছি অনুরূপ রেজাল্ট করবে।

**শ্রীসরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কিছুদিন আগে বলেছিলেন যে বারাসাত সংশোধনী বিদ্যালয়টি সম্প্রসারণ করবেন। আমার প্রশ্ন হচ্ছে, এটা সম্প্রসারণের কোন পরিকল্পনা নিয়েছেন কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** ইনষ্টিটিউশান অফ কারেকসান সার্ভিস সম্প্রসারণ করার পরিকল্পনা পশ্চিমবঙ্গ সরকারের আছে।

## কলিকাতা কর্পোরেশনের নির্বাচন

*২৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫২।) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলিকাতা কর্পোরেশনের নির্বাচন কবে হবে ব'লে আশা করা যায় ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** কলিকাতা কর্পোরেশনের বর্তমান এলাকার সঙ্গে যাদবপুর, সাউথ সুবার্বন এবং গার্ডেনরীচ পৌর এলাকা এবং সল্টলেক টাউনশিপ এলাকা যুক্ত করণের আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এই ব্যবস্থা সম্পূর্ণ করতে বর্তমান বছরের জুন মাস পর্যন্ত সময় অত্যাবশ্যক। অতঃপর এই সংযুক্তি সম্পন্ন হলে কলিকাতা কর্পোরেশনের সমগ্র এলাকার নির্বাচন তালিকা প্রস্তুতির কাজ গৃহীত হবে। এটি একটি সময়সাপেক্ষ কাজ। এই কাজ আগামী বছরের ফেব্রুয়ারী মাসের পূর্বে সম্পূর্ণ করা সম্ভব নয়।

নির্বাচন তালিকা চূড়ান্তভাবে প্রস্তুত হলে নির্বাচনের দিন ধার্য করা হবে।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** বামফ্রন্ট সরকারের ৩৬ দফা কর্মসূচীর ৩০ দফায় ছিল ক্ষমতায় আসার পর বকেয়া পৌরসভার নির্বাচনগুলি অনুষ্ঠিত করবেন। আমার প্রশ্ন হচ্ছে, ৬ বছর তো অতিক্রান্ত হয়ে গেল, এত দীর্ঘ সময় লাগার কারণ কি ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** আপনি জানেন, ১০০টি পৌরসভার মধ্যে ৮৭টি পৌরসভার নির্বাচন আমরা করেছি। কলিকাতা এবং হাওড়ার ব্যাপারে নতুন আইন এই বিধানসভায় আমরা গ্রহণ করেছি—এটা নিশ্চয়ই জানেন। তারপর অনুমতির জন্য রাষ্ট্রপতির কাছে পাঠাই। কিন্তু অনুমোদন পেতে ১ বছর সময় লেগেছে। বর্তমানে আমরা কলিকাতা সহ আরো ৩টি মিউনিসিপ্যালিটিকে এবং সল্টলেক টাউনশিপ এলাকা যুক্ত করে আমরা নির্বাচন করবো। এই সংযুক্ত কারণের জন্য বঙ্গীয় পৌর-আইনের যে আইনানুগ বিধি আছে সেই বিধি প্রয়োগ করে ৩ মাসের সময় দেওয়া হয়েছে। যদি কোন অবজেকসান বা আপত্তি থাকে সেটা দেখে তারপর সমাধান হবে। এরপর ভোটার লিষ্ট হবে এবং ভোটার লিষ্টের পর তারপর নির্বাচন করবো।

[ 1-40—1-50 P. M. ]

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—আপনি যে সমস্ত এলাকাগুলি-এর সঙ্গে যুক্ত করার জন্য নির্বাচন পিছিয়ে যাচ্ছে বলছেন, যখন ক্যালকাটা কর্পোরেশনের আইন পরিবর্তন করা হয়েছিল তখনই তো এইগুলি যুক্ত করতে পারতেন, তাহলে তো আর দেরী হতো না ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** কলকাতা কর্পোরেশনের আইন পরিবর্তন করার কথা এই হাউসেই আলোচনা হয়েছিল। আমার মনে হয় আইন পরিবর্তন না করলে, কলকাতার আশে পাশের এই নোংরা অবস্থা এবং বর্তমানে কলকাতার এই ঘিঞ্জি পরিবেশ দূর করা যেত না, সেইজন্যই আইনটি সংশোধন করেছি।

**শ্রীরাজেশ খৈতান :** Will the Hon'ble minister enlighten as to why other areas are not included previously ? What is the reason for this ?

**মিঃ স্পীকার :** The Minister has already replied.

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই অবগত আছেন কলকাতা কর্পোরেশনের আইন সংস্কার করার জন্য যখন নির্বাচন স্থগিত রাখা হয়েছিল এর আগে, সেটা তখন সমালোচিত হয়েছিল। এখন কি বিগত বিধানসভার নির্বাচনের কোন প্রতিক্রিয়ার কিছু প্রভাবের জন্য নির্বাচন স্থগিত রাখা হয়েছে ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর :** মাননীয় সদস্যের অবগতির জন্য বলতে পারি বিগত বিধানসভা কেন, লোকসভা নির্বাচনের পরেও আমরা কংগ্রেসের যে ভোট সংখ্যা তার থেকে এক লক্ষের উপর ভোট বেশী পেয়েছি এই কলকাতা শহরে।

**শ্রীআবদুর রউফ আনসারী :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—উনি বলছেন গার্ডেনরীচ মিউনিসিপ্যালিটিকে কলকাতার সঙ্গে যোগ করা হবে, কলকাতার সব জায়গায় তো ওঁরা ফেল করেছেন, জল ইত্যাদি সব কিছুতেই। তাই গার্ডেনরীচ যোগ করলে কি এইসব সিভিক এ্যামিনিটিস সমস্যার সমাধান হবে ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর :** জলের কথা যদি বলেন তা হলে আমি বলতে পারি ভারতবর্ষের সমস্ত বড় বড় শহরের চেয়ে কলকাতা কর্পোরেশন বেশী জল সরবরাহ করে।

## পশ্চিমবঙ্গে সুসংহত শিশু বিকাশ প্রকল্প

*২৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩৭।) **শ্রীরামপদ মাণ্ডি :** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সুসংহত শিশু বিকাশ প্রকল্প কবে নাগাত চালু হইয়াছে।

(খ) অদ্যাবধি (২৮-২-১৯৮৩) কয়টি ব্লকে এই প্রকল্পের কাজ চলিতেছে ; এবং

(গ) ১৯৮২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত কয়টি শিশুর মায়েদের পুষ্টি প্রকল্পের আওতায় আনা হয়েছে ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় :** (ক) ১৯৭৫ সালে।

(খ) ২৭টি।

(গ) ৫৫,৪০০।

**শ্রীরামপদ মাণ্ডি :** মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি—আগামী আর্থিক বছরে একটি নূতন পরিকল্পনার চেষ্টা করছেন কি ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় :** বর্তমান আর্থিক বছরে ২৪টি। আগামী আর্থিক বছরেও সংশ্লিষ্ট অনেকগুলি শিশু বিকাশ প্রকল্প সুসংহত করার চেষ্টা করা হবে।

**শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি বর্তমান প্রকল্পর জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে এবং বর্তমান প্রকল্পে শিশু কল্যণের বিষয়টি অন্তর্ভুক্ত হচ্ছে কিনা ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় :** বর্তমান প্রকল্পে ১০ থেকে ১৫ হাজার শিশু এবং শিশুর মায়েদের আনা হবে। বর্তমান প্রকল্পে খরচ করা হচ্ছে ১৫ লক্ষ টাকা।

**শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া :** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে এই শিশু প্রকল্পগুলিতে অন্ততঃ পক্ষে কিছুদিন পর পর শিশুদের ডেভেলাপমেণ্ট সম্বন্ধে হিসাব করবার কোন ব্যবস্থা আছে কিনা ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় :** পিরিওডিক্যাল চেকআপ কিছুদিন ধরে সুরু হয়েছে। সেটা আরো ভালোভাবে করবার চেষ্টা করা হচ্ছে।

**শ্রীসুমন্ত কুমার হীরা :** আই. সি. ডি. সি.-র যে প্রকল্পের কথা বলছিলেন এটা এই বছর এবং প্রতি বছর নতুন কতগুলো হবে বলে জানা আছে ?

**শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় :** বর্তমান আর্থিক বছরে ২৪টি চলছে। আগামী বছর আরও ২৮টি প্রকল্প চালু হচ্ছে।

## পুরুলিয়া জেলার ঝালদা ব্লকে নদী সেচ প্রকল্প

*২৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮৫।) **শ্রীসুভাষচন্দ্র মাহাত :** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার ঝালদা-১ ব্লক ও ঝালদা-২ ব্লকের অধীনে বর্তমানে কতগুলি নদী সেচ প্রকল্প আছে ও তন্মধ্যে ডি পি এ পি-র অধীনে কয়টি আছে,

(খ) উক্ত প্রকল্পের মধ্যে কতগুলি চালু অবস্থায় আছে ; এবং

(গ) সরকার পক্ষ থেকে উক্ত ব্লকে আর নতুন নদী জলোত্তোলন প্রকল্প স্থাপনের কোন ব্যবস্থা অবলম্বন করা হয়েছে কি ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** (ক) ঝালদা ১ নং ব্লকে ৯টি ও ঝালদা ২ নং ব্লকে ১টি, অর্থাৎ মোট ১০টি নদী সেচ প্রকল্প আছে। উহার মধ্যে ঝালদা ১ নং ব্লকের ৩টি প্রকল্প ডি. পি. এ. পি.-র অধীনে ;

(খ) ৮টি প্রকল্প চালু অবস্থায় আছে ;

(গ) খরা মোকাবিলার জন্য এ বছর পুরুলিয়া জেলার জন্য ১০টি প্রকল্প মঞ্জুর করা হয়েছে, উহার মধ্যে উক্ত ব্লক দুটিতে কোন প্রকল্প স্থাপিত হইবে কিনা জিলা পরিষদ স্থান নির্বাচন কার্য্য শেষ হওয়ার আগে তাহা বলা যাইবে না।

## নদীয়া জেলার কল্যাণী "এ" ব্লকের বুস্টার পাম্প

*২৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭১।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য নদীয়া জেলার কল্যাণী মহকুমার কল্যাণী "এ" ব্লকের নাগরিকরা পরিশুদ্ধ পানীয় জল সরবরাহ ও পয়ঃপ্রণালীর স্বাভাবিকীকরণে অবিলম্বে বুস্টার পাম্প চালু করার জন্য স্থানীয় নোটিফায়েড এরিয়া অথরিটির পরিচালন কর্তৃপক্ষকে জানানো সত্ত্বেও এ পর্যন্ত কোন ব্যবস্থা নেওয়া হয় নাই যার ফলে এ/৮, এ/৯ সাব ব্লকের সিউয়ার সিস্টেম বন্ধ হয়ে গেছে ; এবং

(খ) সত্য হইলে উক্ত এলাকায় কবে নাগাদ স্বাভাবিকভাবে বুস্টার পাম্প চালু হবে ও পরিশুদ্ধ পানীয় জল ও পয়ঃপ্রণালীগুলির স্বাভাবিকীকরণ হবে ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** (ক) হ্যাঁ।

(খ) কল্যাণী নোটিফায়েড এরিয়া অথরিটির কর্তৃপক্ষের অনুরোধে জনস্বাস্থ্য কারিগরী অধিকারের বারাসতভুক্ত কাজটি হাতে নিয়েছে। অর্থাভাবে কাজটি পূর্ণ উদ্যোমে আগাইয়া লইয়া যাওয়া সম্ভব হয়নি। প্রয়োজনীয় অর্থ পাওয়া গেলে কাজটি তাড়াতাড়ি শেষ হবে।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, কবে নাগাদ প্রয়োজনীয় অর্থ পাওয়া যাবে ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** ১০ লক্ষ ৫০ হাজার টাকার মধ্যে নোটিফায়েড এরিয়া অথরিটি মাত্র ২ লক্ষ টাকা দিয়েছে। বাকী টাকা যদি তারা দিতে পারেন তাহলে সেই কাজ এখনই সুরু হতে পারে।

**শ্রীকাশীনাথ মিশ্র :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি তারা কিভাবে সেই বাকী টাকা দেবেন ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর :** আমি বলেছি যে কল্যাণী নোটিফায়েড এরিয়া অথরিটি এই টাকা দেবে। ঐ পৌরসভাকে যে টাকা আমরা বরাদ্দ করি সেটা আমরা বর্তমান বছরেও বরাদ্দ করেছি। কাজেই দেওয়ার ব্যাপারটা তাদের উপর নির্ভর করে।

## বন্যাত্রাণের জন্য কেন্দ্রীয় অর্থ প্রদান

*২৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮২২।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী :** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিগত বন্যাত্রাণের জন্য কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে কত টাকা দিয়েছেন ;

(খ) ঐ টাকা সম্পূর্ণ খরচ হয়েছে কিনা ; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর "না" হলে এর কারণ কি ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী :** (ক) কোন টাকা দেন নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

## হাওড়া পৌরসভার কর্মচারীদের বেতন, ভাতা ইত্যাদি

*২৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯৫।) **শ্রীঅশোক ঘোষ :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া পৌরসভার তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীরা বর্তমানে কি হারে বেতন, ভাতা ও অন্যান্য সুযোগ সুবিধা পেয়ে থাকেন ; এবং

(খ) পশ্চিমবঙ্গ সরকারের ঘোষিত বর্ধিত মহার্ঘ ভাতা (১.৭.৮২ এবং ১.১১.৮২) হাওড়া পৌরসভার কর্মচারীরা পেয়েছেন কি ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর :** (ক) হাওড়া পৌরসভার তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীরা সরকারের ২১-১-৮২ তারিখে ঘোষিত আদেশানুযায়ী সংশোধিত নূতন বেতন হার, ভাতা ও অন্যান্য সুযোগ সুবিধা পেয়ে থাকেন।

(খ) পৌর কর্তৃপক্ষ জানিয়েছে যে ১-৭-৮২ হইতে দেয় মহার্ঘভাতা ১৯৮৩ সালের মার্চ মাসের বেতনের সঙ্গে দেওয়া হবে এবং এ বাবদ বকেয়াও অনতিবিলম্বে দেওয়া হবে।

১-১১-৮২ হইতে দেয় মহার্ঘ ভাতা পৌর কর্মচারীদের দেওয়ার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে।

[1-50—2-00 P.M.]

**শ্রীঅশোক বোস ঃ** মাননীয় পৌরমন্ত্রী জানেন যে সংশোধিত বেতন হার চালু হয়ে গেছে। হাওড়া জেলার পৌরকর্মীরা তাদের বকেয়া টাকা কবে নাগাদ পাবে জানাবেন কি ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** আপনি তো প্রশ্ন করেছেন মহার্ঘভাতার উপরে। বেতনের বকেয়া টাকার উপর প্রশ্ন করেন নি। বেতনের ব্যাপারে জানতে হলে নোটিশ দেবেন।

## খরাপীড়িত এলাকায় জনসাধারণকে সুযোগ-সুবিধা দান

*২৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭৩।) **শ্রীশান্তিমোহন রায় ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে জানাবেন কি, কোন এলাকা খরাপীড়িত ব'লে ঘোষিত হ'লে সেই এলাকার জনসাধারণকে কি কি সাহায্য ও সুযোগ-সুবিধা দেওয়া হয় ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী ঃ** প্রচলিত রিলিফ ম্যানুয়ালের বিধি অনুযায়ী কোন এলাকাকে খরাপীড়িত বলিয়া ঘোষনা করা হয় না। ঘোষণা না করেই জনকল্যাণ-মূলককার্য হিসাবে রাজ্য সরকার খরাপীড়িত জনসাধারণের সর্বপ্রকার ব্যবস্থার পূর্ণ দায়িত্ব গ্রহণ করে থাকেন।

## হাবড়া মিউনিসিপ্যালিটিতে পানীয় জল সরবরাহের পরিকল্পনা

*২৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪৭।) **শ্রীনীরোদ রায়চৌধুরী ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চব্বিশ-পরগনা জেলার হাবড়া মিউনিসিপ্যালিটিতে পানীয় জল সরবরাহের কোন পরিকল্পনা সরকারের আছে কি ;

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(গ) উক্ত প্রকল্পের জন্য আনুমানিক কত টাকা খরচ হইবে ?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** (ক) হ্যাঁ।

(খ) ১৯৮২ সালে আগষ্ট মাসে উক্ত প্রকল্পটি ভারত সরকারের কারিগরী অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। ঐ অনুমোদন পেলেই রাজ্য সরকার প্রকল্পটি অনুমোদন দিতে পারবে।

(গ) আনুমানিক ১৫,৫৬,০০০ টাকা।

**শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ** মাননীয় পৌরমন্ত্রী জানেন যে হাওড়ায় পদ্মপুকুর ওয়াটার ওয়ার্কস প্রজেক্ট বহু দিন হয়ে পড়ে রয়েছে। এই প্রজেক্টটি সি. এম. ডি.-এ দ্বারা তৈরী হয়েছিল। আপনি অবগত আছেন যে এই প্রজেক্ট করতে বহু কোটি টাকা খরচ হয়েছিল। এই প্রোজেক্ট হয়ে যাওয়া সত্বেও কেন চালু করা হচ্ছে না?

**শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ** এই প্রোজেক্টের জন্য রেলওয়ে ট্রাক লাইনের নিচে দিয়ে আমাদের একটা পাইপ লাইন বসাতে হবে। এই পাইপ লাইন বসানোর জন্য রেলওয়ে বোর্ডের সঙ্গে আলোচনা করা হচ্ছে। ওরা এই ব্যাপারে রাজি হচ্ছেন না। তারা অনুমতি দিলে আমরা কাজটা সম্পন্ন করবো। এটা সম্পন্ন না হলেও আগামী ২-৩ মাসের মধ্যে এক অংশ জল সরবরাহ করতে পারবো।

**Mr. Speaker:** I have received a notice under rule 199 of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly of a motion expressing want of confidence in the Council of Ministers given by Shri Abdus Sattar and Dr. Zainal Abedin. The motion is in order. Now under rule 199(2) ibid I request those members who are in favour of the motion for which the leave is to be granted will please rise in their places.

(At this stage members belonging to Congress (I) and Congress (S) stood up)

I find that the number of the members rising is 49. The leave of the House is granted.

আমি ডেট ঠিক করব।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** স্পীকার স্যার, আজকে গোটা কলকাতা শহরে বানক্রুপ্ট সরকারের অন্যায় ও অযৌক্তিক ভাবে বাস ও ট্রামের ভাড়া বৃদ্ধির প্রতিবাদে সাধারণ মানুষ

কলকাতা ব্যাপী যে শান্তিপূর্ণ মিছিল করেছেন তাকে সম্পূর্ণ ফ্যাসিবাদী কায়দায় বামফ্রন্ট সরকারের ঠেঙাড়ে ছুলিশ বাহিনী দিয়ে ঠেকাবার চেষ্টা করছেন। প্রতিবাদ কারী শান্তিপূর্ণ মিছিলের উপর পুলিশ দিয়ে আক্রমণ চালানো হচ্ছে। ইতিমধ্যে ১,০০০ হাজারের মতো সাধারণ নিরীহ মানুষ এবং আমাদের দলের কর্মী ও সমর্থকদের উপর আক্রমণ চালানো হয়েছে ও গ্রেপ্তার করা হয়েছে। এঁদের মধ্যে আমাদের দলের ১০০ শতের মতো মহিলা কর্মীও রয়েছেন। বিভিন্ন স্থানে যাত্রী-সাধারণের উপরে হামলা চালানো হচ্ছে। ইউনির্ভাসিটির সামনে বামফ্রন্ট তথা জ্যোতিবাবুর পুলিশ বাহিনী বে-পরোয়া ভাবে লাঠি চার্জ করেছেন। এসপ্লানেড ইষ্টের সামনেও বামফ্রন্ট সরকারের পুলিশ বাহিনী লাঠি চার্জ করেছে ও হাজার হাজার মানুষকে তারা গ্রেপ্তার করেছে।

( গোলমাল )

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** I have received three notices of adjournment motions today.

The first is from Shri Kashinath Misra, which deals with delay in publication of results of examinations of the Calcutta University.

The Second is from Dr. Manas Bhunia, which deals with alleged negligence of State Government to instal shallow tubewell to help Scheduled Caste and Scheduled Tribes Section.

The third is from, Shri Sk. Imajuddin, which deals with non-availability of Primary and Secondary text books published by the Government.

The members will get ample opportunity to discuss the matters during general discussion on Budget.

I, therefore, withhold my consent to all the motions.

One Member of the party may, however, read out the text of the motion as amended.

( গোলমাল )

**শ্রীসেখ ইমাজুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মূলতবী রাখছেন।

বিষয়টি হল, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক দেয় প্রাথমিক ও মাধ্যমিক বিত্থালয়ের ছাত্র-ছাত্রীগণ এখনও শতকরা ৪০-৫০ ভাগ পাঠ্যপুস্তক পায় নাই। বিনামূল্যের পাঠ্যপুস্তক কলেজ স্ট্রীটে দাম দিয়ে গোপনে ক্রয় বিক্রয় চলছে। পঞ্চায়েতের মাধ্যমে সরকারী পাঠ্য পুস্তক বিলি করার ব্যবস্থাপনায় শিক্ষক মহলে ও জনসাধারণের মধ্যে দারুণ অসন্তোষের সৃষ্টি হয়েছে।

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker :** I have received 17 Notices of Calling Attentions. namely :—

1. Crisis of Kerosene at Uluberia—Shri Rabindra Ghosh, M.L.A.
2. Heavy loss in Small Scale Industries—Shri Gour Chandra Kundu, M.L.A.
3. Murder of one Horadip Kaur at Dunlop—Shri Gour Chandra Kundu, M.L.A.
4. Reported comment by the Union Minister for Energy and Petrolium on distribution system of Kerosene by State Government—Shri Santasri Chattopadhyay.
5. Alleged murder of one Sanat Maity on 14.8.82—Shri Subrata Mukhopadhyay and Shri Suresh Singha
6. Recognition of under primary schools in Islampur—Shri Md. Ramzan Ali.
7. Closure of Mills and Factories at Howrah due to load-sheding—Shri Ashok Ghosh.
8. Irregularities in supply of milk in Calcutta and muffosil areas—Shri Kasinath Misra.
9. Grave situation at Nawab Bahadur Institution, Lalbagh—Shri satya Pada Bhattacharya and Shri Shish Mohammad.
10. Outbreak of diseases in Calcutta and Howrah Municipal areas due to irregularity in cleaning drains—Dr. Manas Bhunia, Shri Asoke Ghosh,

Shri Kashinath Misra, Shantiram Mahato and Shri Subhas Chandra Mahata, M.L.A.s

11. Non-availability of Jute seeds—Shri Jayanta Kumar Biswas, M.L.A.

12. Deplorable condition of the daily laboureres of Kushmandi, West Dinajpur—Shri Dhirendra Nath Sarkar, M.L.A.

13. Load-sheding in the Assembly during Budget speech—Shri Samar Mukherjee.

14. Non-availability of proper treatment of the Cardiac patients in the Midnapur District Hospital—Dr. Manas Bhunia, M.L.A.

15. Assault on Chief Engineer of the Irrigation Department at Writers' Buildings on 14.3.83.—Shri Shantiram Mahato, Shri Subhas Chandra Mahata, Shri Sk. Imajuddin and Dr. Haramohan Sinha.

16. Acute Scarcity of drinking water in Kharagpur—Shri Gyan Singh Sohanpal, M.L.A.

17. Death of a worker of Ranigang Fire-brigade from an attack on 14.3.83. —Shri Abdul Mannan, M.L.A.

[2-00—2-35 P.M. including adjournment]

I have selected the notice on the subject of Assault on Chief Engineer of the Irrigation Department at Writers' Buildings on 14.3.83. from Shri Shantiram Mahato, Shri Subhas Chandra Mahata, Shri Sk. Imajuddin and Dr. Haramohan Sinha. The Minister-in-Charge may please make a statement on the subject today, if possible, or give a date.

**Shri Kanai Bhowmik :** ১৭ তারিখে।

**Mr. Speaker :** Now, I request the Minister-in-Charge of Home (Police) Department to make a statement on the subject of alleged attack on the residence of late Swarnakamal Mitra, a local Congress Leader of Gangarampur, West Dinajpur, by a group of armed people on the 3rd March, 1983, attention called by Dr. Zainal Abedin on the 7th March, 1983.

**Shri Jyoti Basu :** Mr Speaker, Sir,

With reference to the calling attention notice of the Hon'ble Member Dr. Zainal Abedin alleging attack on the house of the father of a local Congress leader, Shri Biplab Mitra on 3.3.83, at Gangarampur, Dist. West Dinajpur, by some people under the leadership of the local CPI(M) Unit, I rise to make the following statement :—

On 2.3.83 noon, one Jugantar Mitra, brother of Biplab Mitra of Congress(I), went to the Dum Dum Gram Panchayat Office, P.S. Gangarampur and slapped Bhupati Basak of the CPI(M), Pradhan of the said Gram Panchayat for allegedly refusing to furnish a certificate to Jugantar Mitra on demand. Following this, CPI(M) followers attacked the house of Biplab Mitra and also damaged one restaurant of a Congress(I) follower at Gangarampur Bazar. Congress(I) followers in turn attacked the house of one Gobinda Ghosh, an erstwhile supporter of CPI(M).

Over the incident of assault on Bhupati Basak, Anchal Pradhan and over the incident of attack on the house of Gobinda Ghosh, Gangarampur P.S. started two cases. Five accused persons named in the F.I.R. surrendered in Balurghat Court on 7.3.83 and were released on bail.

Over the incident of attack on the house of Biplab Mitra and damaging the restaurant, Gangarampur P.S. started two other cases. Nine accused persons named in the F.I.R. were arrested by the Police and forwarded to Court. They are in jail custody now.

During attack on Biplab Mitra's house, one person, a supporter of Congress(I), received arrow-hit injury on his thigh and was hospitalised. Two women members of Gobinda Ghosh's house also received injuries when the house was attacked by supporters of Congress(I).

Police immediately rushed to the spot and took necessary action to bring the situation under control. D.M., and S.P. visited the spot. Prohibitory order u/s. 144 Cr. P.C. were promulgated.

Over the issue, Gangarampur Merchants' Association gave a call of strike for 12 hours from 6-00 hrs. on 4.3.83. Most of the shops at Gangarampur Bazar remained closed. Educational institutions and Government Offices functioned normally though shops at Gangarampur Bazar remained closed. Vehicular traffic including rickshaws moved normally. The situation in the area is peaceful now.

**Shri Deba Prasad Sarkar :** মিঃ স্পীকার স্যার, এই ব্যাপারে একটা তদন্ত করা হোক, একটা ইনকোয়ারী কমিশন করা হোক। এই প্রস্তাব আমি আপনার কাছে রাখছি।

(Noise and interruption)

**Mr. Speaker :** Mr. Deba Prasad Sarkar, please sit down. I request you to sit down.

(Noise)

(At this stage Shri Deba Prasad Sarkar was seen rising in his seat)

If you do not sit down I will be constrained to take action against you under Rule 347.

**Dr. Zainal Abedin :** Sir, we could not hear the statement. This should be circulated.

**Mr. Speaker :** The copy will be circulated.

(Noise)

Now, I request the Minister-in-charge of Relief and Welfare Department to make a statement on the subject of alleged failure of the State Government to utilise money allotted for integrated child development scheme due to lack of plan, attention called by Dr. Sisir Kumar Bose on the 8th March, 1083.

**Shri Debabrata Bandyopadhyaya :** Sir, The notice of calling attention is absolutely baseless. No special fund of Rs. 5'00 crores has been allotted

by the Govt. of India during the current financial year for the Integrated Child Development Scheme in the Villages of West Bengal. So the question of failure of the Govt. of West Bengal to utilise the aforesaid amount due to the lack of any plan in this regard does not arise.

Govt. of India allocated 24 I. C. D. S. Projects rurial current financed year, 1982-'83. These Projects have already been sanctioned in 24 Blocks of West Bengal. 21 Centrally sponsored I. C. D. S. Projects have already been implemented prior to 1982-83. For the maintenance of 45 Projects a sum of Rs. 1·40 crores have been provided for in the current year's budget. So far an amount of Rs. 111·66 lakhs have been released by the Govt. of India.

(At this stage Shri Deba Prasad Sarkar rose to speak)

**Mr. Speaker:** I request Shri Deba Prasad Sarkar to withdraw. If you don't withdraw, you will be under suspension under rule 347.

(At this stage Shri Deba Prasad Sarkar was seen rising in his seat)

**Mr. Speaker:** I order you to withdraw. Otherwise you will be under suspension.

( Noise...interruptions......)

**Mr. Speaker:** I adjourn the House till 2-35 p. m.

( At this stage the House was adjourned till 2-35 p. m.

( After Adjournment )

[2-35—3-00 P.M. including adjournment]

( Shri Deba Prosad Sarkar was seen in his seat )

## WITHDRAWAL OF MEMBERS

**Mr. Speaker:** I find Shri Deba Prosad Sarkar in the House. I request Shri Deba Prosad Sarkar to withdraw under my direction under rule 347 failing which I will be constraind to invoke rule 348.

( Noise and interruptions )

( At this stage Shri Deba Prosad Sarkar rose to speak)

Shri Deba Prosad Sarkar, I name you and I request you to withdraw failing which I will be constrained to invoke rule 348 because the proceedings of the House cannot be stalled in this way. As I said, I think it necessary to name Shri Sarkar who is disregarding the authority of tne Chair and I request him to withdraw from the precincts of the House. If Shri Deba Prosad Sarkar fails to do so I shall put the question before the House.

( Noise and interruptions )

( Pause )

The question before the House is that Shri Deba Prosad Sarkar be suspended from the service of the House for the remainder of the Session.

As many as of you are in favour of the motion, please say 'Ayes'.

( Voices : Ayes )

As many as of you are in contrary opinion, please say 'Noes'.

( Voices : Noes )

The 'Ayes' have it, the 'Ayes' have it.

Shri Deba Prosad Sarkar is suspended for the remainder of the Session.

The House is adjourned till 3 P. M.

( At this stage the House was adjourned till 3 P. M. )

( After adjournment )

[3-00—3-10 P.M.]

**Mr. Speaker :** The Minister-in-charge of Public Department will now make a statement on the subject of deplorable condition of the bridge over the river Ichhamati in Bongaon town, attention called by Shri Bhupendra Nath Seth on the 9th March, 1983.

( Noise )

**শ্রীআবদুস্ সাত্তার ঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ। মাননীয় স্পীকার মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন জানেন বাস্ এবং ট্রামের ভাড়া বৃদ্ধির প্রতিবাদে আন্দোলন হচ্ছে। দেশের

জনগণের আন্দোলন করার রাইট আছে এবং সেইজন্য তারা এটা করছে। কিন্তু সেই আন্দোলনকারীদের উপর পুলিশ অত্যাচার করছে, টিয়ার গ্যাস চালিয়েছে এবং কেউ কেউ এমনভাবে জখম হয়েছে যে তাদের হসপিট্যালাইজড হতে হয়েছে। আমরা মনে করি এইভাবে আন্দোলনকারীদের গলা টিপে মারার অধিকার এই সরকারের নেই। পুলিশ যাতে এইভাবে তাদের উপর অত্যাচার না করে তারজন্য সরকার ব্যবস্থা গ্রহণ করুন।

**ডাঃ জয়নাল আবেদিন :** স্যার, এই সরকারের নির্বাচনী প্রতিশ্রুতিতে তাঁরা একাধিকবার বলেছেন পিপল হ্যাভ দি রাইট অব ডেমোক্রেটিক ডিমোনেস্ট্রেশন এ্যাণ্ড প্রোটেস্ট। কিন্তু আজকে দেখছি সেই প্রতিশ্রুতি ভুলে গিয়ে তাঁরা মানুষের উপর অত্যাচার করছেন। এঁরা ১৯৫৩ সালে ১ পয়সা ভাড়া বৃদ্ধির জন্য ২০টি ট্রাম পুড়িয়েছিল। আজকে অত্যন্ত অবিবেচনাপ্রসূতভাবে বাস, ট্রামের ভাড়া বাড়িয়েছেন যারজন্য জনসাধারণ প্রতিবাদ করছে, তারা উত্তাল হয়েছে। আর এঁরা এঁদের পার্টির গুণ্ডাদের নিয়ে পুলিশের সংগে হাত মিলিয়ে সাধারণ মানুষের উপর অত্যাচার করছে। লেট দি চিফ মিনিস্টার কাম টু দি হাউস এ্যাণ্ড মেক এ স্টেটমেন্ট। এই অবস্থায় হাউসের বিজনেস চলতে পারে না। লেট দি লিডার অব দি হাউস কাম এ্যাণ্ড সে হোয়াট ইজ দি কণ্ডিসন অব দি সিটি। বর্তমান পরিস্থিতিতে আমাদের আশ্বস্ত করতে না পারলে ইট ইজ নট পসেবল ফর আস্ টু টেক পার্ট ইন দি বিজনেস্। আপনি লিডার অব দি হাউস—কে এখানে আনান দেন উই উইল টেক পার্ট ইন দি ডিসকাসন। আমি আবার বলছি, লেট দি লিডার অব দি হাউস কাম হিয়ার এ্যাণ্ড মেক এ স্টেটমেন্ট।

**শ্রীসুব্রত মুখার্জী :** স্যার, গণতান্ত্রিক রীতিনীতি বর্হিভূত কোন কাজ সরকার পক্ষ থেকে যদি করা হয় এবং সেটা যদি এইভাবে চলতে থাকে তাহলে আমরা বুঝবো যে আমরা একটা সম্পূর্ণ জঙ্গলের রাজত্বে বাস করছি। গণতান্ত্রিক রীতি নীতি মেনে মানুষ যদি আন্দোলন করে এবং সেখানে যদি যেভাবেই হোক না কেন তারা যদি সরকারের আইন বিরুদ্ধ কাজ করে তাহলে পুলিশী ব্যবস্থা আছে এবং প্রশাসনের মধ্য দিয়ে তার উপযুক্ত ব্যবস্থা নিশ্চয় করতে পারেন। কিন্তু সরকার ঘোষণা করে গুণ্ডা এবং মস্তানদের পাঠিয়ে বাংলার গণতান্ত্রিক মানুষের অধিকারকে যদি গলা টিপে মারেন তাহলে এ জিনিস কখনও বরদাস্ত করা যাবে না। আজকে ডেমোক্রাটিক অধিকার যদি মানুষকে ফিরিয়ে দেওয়া না হয় তাহলে যে লড়াই আজকে মানুষ করছে, তাকে যদি এইভাবে চাপা দেবার ব্যবস্থা করা হয় তাহলে আমরা এর বাইরে এবং এর ভিতরে বাধা সৃষ্টি করতে বাধ্য হবো। আইন শৃঙ্খলা রক্ষা করার শপথ সরকার নিয়েছেন এবং এই শপথ নিয়ে তারা আজকে যেভাবে গুণ্ডাবাজী করছেন একটা একটা করে বিপুলভাবে অত্যাচার করেছেন এবং এখানে বলবার পর্যন্ত কোন স্কোপ দিচ্ছেন না—এ জিনিস কখনও চলতে দেওয়া যেতে পারে না। এখানে স্বরাষ্ট্রমন্ত্রী আছেন, It is a worst precedent as also a worst taste on the

part of the government. এখানে স্বরাষ্ট্র মন্ত্রী আছেন। Let the Chief Minister come to the House and assure us.

( গোলমাল )

আপনি ব্যবস্থা করুন। আশ্বাস না পাওয়া পর্যন্ত হাউস চলতে পারে না। হাউসের মধ্যে যে সমস্ত মিনিষ্টার আছেন আপনি তাদের বলুন। কারণ এই আন্দোলন হচ্ছে দেশের মানুষের বাঁচবার আন্দোলন। দেশের শান্তিশৃঙ্খলা রক্ষা করার দায়িত্ব নিয়ে যেভাবে মানুষের প্রতি আপনারা দুর্ব্যবহার করছেন তা নজীরবিহীন। আপনি স্বরাষ্ট্র মন্ত্রীকে বলুন তিনি যেন সক্রিয়-ভাবে এর ব্যবস্থা করেন, মানুষের নিরাপত্তার দায়িত্ব তিনি নিন। এ যদি না করেন তাহলে আমাদের কোন উপায় নেই আন্দোলন করা ছাড়া। আপনি তো বাইবেলের কথা বলবেন। কিন্তু বাইবেলের চেয়ে বড় কথা হোল মানবতা—সেটা আজকে ধূলায় লুণ্ঠিত হচ্ছে, বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদছে। আমি বলছি যে এমন একদিন আসবে মানুষ বিচার নিজের হাতে তুলে নেবে। তাই মানুষ যাতে বিচার নিজের হাতে তুলে না নেয়, তারজন্য আমি স্বরাষ্ট্র মন্ত্রীকে বলছি, তিনি এখানে আছেন, তিনি এখানে এসে আশ্বাস দিন। লজ্জার কথা যে একজন এই কথা বলেছে বলে তাঁকে বার করে দিলেন। এইভাবে আপনারা চক্রান্ত করছেন, আর স্বরাষ্ট্রমন্ত্রী চুপ করে বসে আছেন। তিনি এখানে এসে এ্যাসিওরেন্স দিন, এটুকু তাঁর গার্ডস নেই? মন্ত্রী উপস্থিত থাকলে তিনি উত্তর দেন এইটাই তো নিয়ম।

## MENTION CASES

**শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর আগে অনুমতি নিয়েছিলাম কিছু বলবো বলে। যা হোক আমি এই কথা বলতে চেয়েছিলাম যে আমি যখন আসি তখন পথে যে সংবাদ পেয়ে জানতে পারলাম যে চারিদিকে শুধু পুলিশ নয়, সি. পি. এম-এর গুণ্ডারা রাস্তায় দাঁড়িয়ে দাঁড়িয়ে নির্বিচারে সমস্ত পথচারীদের মারধোর করছে। এখন হাউস চলছে, হাউস বন্ধ রেখে চলুন আমরা দেখে আসি কি অবস্থা। বিধানসভা চলা অবস্থায় হাউসের বাইরে এই রকম একটা ঘটনা ঘটবে পশ্চিমবাংলার বুকে, কলকাতার বুকে? কলকাতার সভ্যতার উপর, এবং মানুষের মুখে ছাই দিচ্ছে। আপনি গিয়ে দেখে আসুন, আপনি স্পীকার, যে কিভাবে মানুষের গণতান্ত্রিক অধিকার নষ্ট হচ্ছে। আমি জানতে চাই যে মানুষের গণতান্ত্রিক অধিকার আছে কিনা, মানুষ আন্দোলন করতে পারে কিনা। আজকে আমরা বিরোধী দলে আছি, আন্দোলন করছি, আর ওঁরা ওঁদের ক্যাডারদের দিয়ে আমাদের মারছে এবং পুলিশ দিয়ে মার খাওয়াচ্ছে। আপনি গণতন্ত্রের মন্দিরের দেবী, আপনি বলুন মুখ্য মন্ত্রীকে যে দু ঘণ্টার মধ্যে কলকাতায় মারধোর-অত্যাচার বন্ধ করতে হবে। এ যদি আপনি না পারেন তাহলে আপনি ঐ চেয়ারে বসবার যোগ্য নন। আপনি এই গুণ্ডামী যদি বন্ধ করতে না পারেন তাহলে এই হাউসের কোন মূল্য নাই। গণতান্ত্রিক আন্দোলন হচ্ছে, আর আপনি গণতন্ত্রের মন্দিরে দাঁড়িয়ে বিধানসভার সদস্যকে হাউস থেকে বের করে দেবেন? আমাদের এইভাবে কণ্ঠরোধ করবেন।

সি. পি এম.-এর গুণ্ডারা গুণ্ডাবাজী করবে ? জ্যোতিবাবু হাউসে শুধু নয় সেখানে গুণ্ডা পাঠিয়ে দিচ্ছেন—তাদের পার্টির লোক এখানে বসে আছে, আমি মুখ্যমন্ত্রীর এবং ওদের কাছে এর প্রতিকার দাবী করছি। আপনাকেও এর বিচার করতে হবে এই দাবীও করছি।

[3-10—3-20 P.M.]

**শ্রীশচীন সেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধী দলের বন্ধুরা এখানে অভিযোগ তুলেছেন, আমি বলি, আজকে সারাদিন কলকাতা শহরের লক্ষ লক্ষ মানুষ বামফ্রন্ট সরকারকে আর্শীবাদ জানিয়েছেন। কংগ্রেস আই এর লোকেরা যখন বর্ধিত ভাড়া দিতে যাত্রী সাধারণকে বাধা দিতে গেছে, তখন কলকাতার জনসাধারণ, যাত্রীসাধারণ, তারা বলে দিয়েছেন, রেলের ভাড়া কমানোর ব্যবস্থা আগে করুন, তারপর এই ট্রাম ভাড়া, বাস ভাড়া বৃদ্ধির প্রতিবাদ করতে আসবেন। আজকে সরকার বিরোধী নানা রকম অপপ্রচার এঁরা চালাচ্ছেন। আমি একটা ঘটনার কথা বলি, দক্ষিণ কলকাতার বালিগঞ্জ ষ্টেশনের কাছে একদল লোক কংগ্রেসের পতাকা নিয়ে যাত্রীদের কাছে গিয়ে বলেন যে বাড়তি ভাড়া দেবেন না, সুব্রতবাবু খবর নিয়ে দেখবেন, তারপর তারা নিজেদের মধ্যে ঝগড়া করে চলে গেছে, জনসাধারণও হেসে যে যার কাজে চলে গেছে। সুতরাং কলকাতা শহরের সাধারণ মানুষ যাঁরা পশ্চিমবঙ্গ সরকারের বাড়তি ভাড়া নেওয়ার বিষয়টা বুঝেছেন, গ্রহণ করেছেন, তাঁদের আমরা আন্তরিক ভাবে অভিনন্দন জানাচ্ছি এবং ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রীসুমন্ত কুমার হীরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ১৫ই মার্চ থেকে সরকারী সিদ্ধান্ত অনুসারে বাস এবং ট্রামের ভাড়া বৃদ্ধির দিন স্থির হয়। আমাদের বন্ধুরা বিশেষ করে কংগ্রেস আই এর বন্ধুরা বিভিন্ন জায়গায় বাস এবং ট্রাম পোড়াবার জন্য পরিকল্পনা করেছিলেন এবং তা কার্য্যকরী করার জন্য তারা সক্রিয় ছিলেন। এই বাস এবং ট্রাম যাতে তারা না পোড়াতে পারেন, হাজার হাজার বাস এবং ট্রাম যাত্রী যাতে নিরাপদে যাতায়াত করতে পারেন, যাত্রী সাধারণ যাতে নিরাপদে যাতায়াত করতে পারেন, সেই জন্য মোড়ে মোড়ে পুলিশ রাখা হয়েছে। শুধু পুলিশ নয়, বুকের পাটা উঁচু করে বলছি, আমাদের পার্টির কর্মীরা, পার্টির লোকেরা, বামফ্রন্ট সরকারের বিভিন্ন শরিক দলের লোকেদের রাস্তায় দাঁড় করিয়ে রাখা হয়েছে যাতে গুণ্ডা মস্তানরা বাস পোড়াতে না পারে, যাত্রী সাধারণ নিরাপত্তার অভাব বোধ না করেন। কারণ আপনারা জানেন এর আগের বারে কি ভাবে ঐ গুণ্ডা মাস্তানরা টালিগঞ্জে বাসের উপর পেট্রল বম্ব ছুঁড়ে কত নারী শিশুকে হত্যা করেছে।

**শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ওঁদের মত চিৎকার করে বলছি না, আমি বলতে চাই, আজকে যখন আমি এয়ারপোর্ট থেকে মিনি বাসে করে এখানে আসছিলাম, মিনি বাসের নং হচ্ছে ডবলিউ. বি. ওয়াই. ২৩১৫, তখন মানিকতলার মুখে এস. ইউ. সি' এবং

কংগ্রেস আই এর লোকেরা মিছিল করে বোমাবাজী করে। তখন মিনি বাসটা সুখিয়া ষ্ট্রীট দিয়ে আবার আমহার্স্ট ষ্ট্রীট দিয়ে বিবেকানন্দ রোডের মধ্যে দিয়ে বেরিয়ে আসে—

( এ্যাট দিস ষ্টেজ মেম্বার্স অব দি অপোজিশন ওয়াক্‌ড আউট )

এই ঘটনা আমার চোখের সামনেই ঘটেছে। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে তাঁর কাছে আবেদন জানাচ্ছি, তিনি এই সব গুণ্ডাবাজদের অবিলম্বে গুণ্ডাবাজী বন্ধ করুন।

**শ্রীমহঃ নিজামুদ্দিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বলা হলো যে গনতান্ত্রিক আন্দোলনের উপর বামফ্রন্ট সরকার অত্যাচার করছে। আমি জোর গলায় বলতে চাই যে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর আমরা গনতান্ত্রিক অধিকার ফিরিয়ে দিয়েছি। গনতান্ত্রিক অধিকার অর্জনের জন্য আন্দোলন করার অধিকার সমস্ত মানুষের আছে। কিন্তু গনতান্ত্রিক অধিকারের যদি অপব্যবহার করা হয়, তাহলে সরকারের দায়িত্ব সেই রাস্তা থেকে তাকে সরিয়ে দেওয়া। তাকে সমস্ত অগনতান্ত্রিক কাজ থেকে বিরত রাখা। মাননীয় স্পীকার মহাশয়, ওঁরা বলছেন, শান্তিপূর্ণ ভাবে আজকে তাঁরা আন্দোলন করছিল, প্রতিবাদ করছিলেন—আমি রাপনার কাছে একটি গুরুত্বপূর্ণ কথা বলতে চাই, আজ সকালবেলায় ভবানীপুরের পদ্মপুকুর এলাকায় কংগ্রেস (ই) এবং এস. ইউ. সি. আই. পার্টির পক্ষ থেকে তাদের গুণ্ডা বাহিনী নিয়ে একটি বাস পোড়াবার ষড়যন্ত্র করছিল সেই সময় ওখানকার মানুষ বাধা দেয়। তারা তখন মিলিত ভাবে আক্রমন করে এবং দিলীপ বলে একজন যুবককে তারা আহত করেছে। তার মাথা ফাটিয়ে দিয়েছে। তাকে ৫টা ষ্টীচ দিতে হয়েছে। স্যার, ওরা বলছেন তারা শান্তিপূর্ণভাবে আন্দোলন করছেন। কিন্তু আমি বলছি এটা শান্তিপূর্ণ আন্দোলন নয়। এটা গুণ্ডামী ছাড়া আর কিছুই নয়। স্যার, বামফ্রন্ট সরকারের পার্টির কর্মীরা এটা জানেন জনগণের স্বার্থে সরকার থেকে যে ব্যবস্থা নেওয়া হয়েছে তাকে কোনমতেই বানচাল হতে দেওয়া উচিত নয়। ট্রাম বাস যাতে পোড়াতে না পারে, জনগণের উপর হামলা করতে যাতে না পারে সেই জন্যই তারা এই ব্যবস্থা নিয়েছে। এই ব্যবস্থা চলছে, চলতে থাকবে।

**শ্রীননী কর:** মাননীয় স্পীকার, স্যার, আপনি জানেন আজ থেকে ট্রাম বাসের ভাড়া বাড়ল। এই বিষয় নিয়ে এই বিধানসভায় আলোচনা হয়েছে। এই বিষয় নিয়ে আমাদের বামফ্রন্টের পক্ষ থেকে বিভিন্ন গন সংগঠনের পক্ষ থেকে সমস্ত জনগণকে বোঝানো হয়েছে। স্যার, আমি নিজে বাসে ট্রামে চড়ে যাতায়াত করি। এ্যাসেম্বলী আসার পথে আমি দেখেছি গ্রাম এবং শহরের যাত্রী সাধারণ এই ভাড়া বৃদ্ধির আপত্তি না করে তারা এই কথা বলছেন যে ভাড়া বৃদ্ধি না করে কোন উপায় ছিল না। বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে যে বিবৃতি দেওয়া হয়েছে সেটাকে

তারা গ্রহণ করেছে। যাত্রী সাধারণ যারা ট্রাম বাসে যাতায়াত করেন তারা সকলেই এটা মেনে নিয়েছেন। সেই কারণে ওরা শহর এবং গ্রামের বিভিন্ন জায়গায় গোলমাল পাকাবার চেষ্টা করছেন। আজকে যাত্রীসাধারণ যখন বাসে চাপার জন্য প্রস্তুত হতে যাচ্ছেন সেই সময় কংগ্রেস (ই) ও এস. ইউ. সি. আই. যৌথভাবে লড়াই-এ নামল। এই ভাবে তারা একটা বিশৃঙ্খলা সৃষ্টি করবার চেষ্টা করছেন। ওরা বলেছেন এরা নাকি সব আমাদের ভাড়াটে লোক। আমি বলছি ওরা সব ভাড়াটে লোক নয়, বামফ্রন্ট পার্টির কর্মী। বামফ্রন্ট সরকারকে যারা প্রতিষ্ঠিত করেছে সেই সব সাধারণ মানুষ, কৃষক, শ্রমিক, এরা সকলেই আজ মাঠে ময়দানে আছে। দাম যাতে না বাড়ে সেই জন্য বামফ্রন্ট সরকার চেষ্টা করেছিলেন। কিন্তু যখন দেখা গেল দাম না বাড়িয়ে আর কোন উপায় নেই, বাড়াতেই হবে, সেই সময় ওরা এটাকে কেন্দ্র করে একটা গোলমাল পাকাবার চেষ্টা করছেন। দাম না বাড়িয়ে আর কোন উপায় নেই, সেটা জনগণ ভালোভাবেই বুঝে নিয়েছে। কাজেই ওদের আক্রমণ প্রতিরোধ করার জন্য জনগণ যখন রুখে দাঁড়িয়েছে তখন ওখানে কিছু করতে না পেরে এ্যাসেম্বলিতে এসে গোলমাল পাকাবার চেষ্টা করছেন। স্যার, ওরা ওয়াক আউট করে চলে গেলেন। এখান থেকে বাইরে গিয়ে আবার গোলমাল পাকাবার চেষ্টা যাতে না করতে পারেন সেদিকে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকার যে ভাড়া বৃদ্ধি করতে বাধ্য হয়েছেন সেটা জনগণ বুঝেছেন। তাদের কষ্ট হবে সেটা তারা বুঝেছেন এবং সেই কষ্ট তারা স্বীকার করছেন। তাতেই ওরা আতঙ্কিত হচ্ছেন বলে গোলমাল করতে যাচ্ছেন। জনগণ দৃঢ় হাতে ওদের মোকাবিলা করছেন, তারজন্য তাদের অভিনন্দন জানাই। ওরা যাতে উল্টো করে গোলমাল পাকাতে না পারে সেইজন্য পুলিশ প্রশাসনকে নিশ্চয় সক্রিয় হতে হবে। কলকাতার কয়েকটি জায়গায় বোমা ফেলেছে, আক্রমণ করার চেষ্টা করেছে, বাস পোড়াবার চেষ্টা করেছে। জনগণের মধ্যে ওরা আতঙ্ক সৃষ্টি করবার চেষ্টা করে যাচ্ছে। তাই আমি বলতে চাই জনগণ ওদের ভয়ে আতঙ্কিত হবে না। ওরা ১৯৭২/৭৪/৭৫ সালে ভাড়া বাড়িয়েছিল, তখন জনগণ প্রতিরোধ করেছিল। এবারে আবার আক্রমণ করতে এলে নিশ্চয় সেই আক্রমণের প্রতিরোধ করা হবে, সেই কথা আমি আপনার মাধ্যমে সকলকে জানিয়ে দিতে চাই।

